Barcode - 4990010123275
Title - Bengal Legislative Assembly Proceedings (1981) vol.74, no. 2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1005
Publication Year - 1981
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123275

74 No—II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventy fourth Session

(February to April, 1981)

(The 2nd, 3rd, 4th, 5th, 6th, 7th, 9th 10th, 11th & 12th March 1981)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 225/-

Vol. 74 No—II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventy fourth Session

(February to April, 1981)

Acc. No.
Date
Call No.
Price

(The 2nd, 3rd, 4th, 5th, 6th, 7th, 9th 10th, 11th & 12th March 1981)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor
## SHRI TRIBHUBAN NARAYAN SINGH

## Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Department of Power and Hill Affairs Branch of Department of Development and Planning.

2. Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Department of Labour.

3. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Hill Affairs and Jhargram Affairs Branches) and Department of Excise.

4. Shri Pravas Chandra Roy, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundardan Areas Branch of Department of Development and Planning.

5. Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.

6. Shri Buddhadev Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs.

7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development and Metropolitan Development Branch of Public works Department.

8. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.

9. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

.0. Shri Chittabrata Mazumder, Minister-in-charge of Deparment of Cottage and Small-Scale Industries.

11. Shri Mohammed Amin, Minister-in-charge of Transport Branch of Home Deparment.

12. Shri Partha De, Minister-in-charge of Primary Education, Secondary Education, and Library Service Branches of Department of Education.

13. Shri Hashim Abdul Halim, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

14. Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forest and Department of Tourism.

15. Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

16. Shri Sambhu Charan Ghosh, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

17. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Fisheries and Department of Co-operation.

18. Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture.

19. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department (excluding Metropolitan Development Branch) and Department of Housing.

20. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Deparment of Health and family Welfare.

21. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Panchayats and Community Development and Jails Branch of Home Department.

22. Shri Sudhin Kumar, Minister-in-charge of Department of Food and Supplies.

23. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

24. Srimati Nirupama Chatterjee, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department.

25. Shri Sambhunath Mandi, Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department, and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

26. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State-in-charge of Transport Branch of Home Department.

27. Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

28. Shri Kanti Chandra Biswas, Minister of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

29. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Syed Abul Mansur Habibullah**

**Deputy Speaker : Shri Kalimuddin Shams**

## SECRETARIAT

**Secretary : Shri P.K. Ghosh**

## Alphabetical List of Namès of Members of the West Bengal Legislative Assembly

1. A.K.M. Hassan Uzaman, Shri (92 - Deganga - 24 Parganas)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Mushridabad)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - 24 Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
5. Abdus Satter, Shri (55 - Lalgola - Murshidabad)
6. Abedin Dr. Zainal (34 - Itahar - West Dinajpur)
7. Abul Hassan, Shri (145 - Bowbazar - Calcutta)
8. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
10. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
11. Anisur Rahaman, Shri (93 - Swarupnagar - 24-Parganas)
12. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
13. Bag, Dr. Saswati Prasad (204 - Mahishadal - Midnapore)
14. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
15. Bandyopadhyay, Shri Gopal (183 - Singur - Hooghly)
16. Bandyopadhyay, Shri Balai (184 - Haripal - Hoogly)
17. Bandyopadhyay, Shri Debabrata (63 - Berhampore - Murshidabad)
18. Banerjee, Shri Amiya (96 - Hasnabad - 24-Parganas)
19. Banerjee, Shri Binoy (156 - Sealdah - Calcutta)
20. Banerjee, Shri Madhu (257 - Kulti - Burdwan)
21. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - 24-Parganas)
22. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
23. Barma, Shri Manindra Nath [9 - Tufanganj (S.C.) - Cooch Behar]
24. Barman, Shri Kalipada [101 - Basanti (S.C.) - 24-Parganas]
25. Basu, Shri Bimal Kanti (5 - Cooch Behar West - Cooch Behar)
26. Basu, Shri Debi Prosad (77 - Nabadwip - Nadia)
27. Basu, Shri Gopal (129 - Naihati - 24-Parganas)
28. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
29. Basu, Shr Nihar Kumar (131 - Jagatdal - 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Basu Ray, Shri Sunil (258 - Barabani - Burdwan)
31. Bauri, Shri Bijoy [204 - Raghunathpur (S.C.) - Purulia]
32. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
33. Baxla, Shri John Arther [10 - Kumargram (S.T.) - Jalpaiguri]
34. Bera, Shri Pulak (203 - Moyna - Midnapore)
35. Bera, Shri Sasabindu (172 - Shyampur - Howrah)
36. Bhaduri, Shri Timir Baran (64 - Beldanga - Murshidabad)
37. Bharati, Shri Haripdad (142 - Jorabagan - Calcutta)
38. Bhattacharjee, Shri Buddhadev (140 - Cossipur - Calcutta)
39. Bhattacharya, Shri Kamal Krishna (180 - Serampore-Hooghly)
40. Bhattacharya, Dr. Kanailal (165 - Shibpur - Howrah)
41. Bhattacharya, Shri Nani (12 - Alipurduar - Jalpaiguri)
42. Bhattacharyya, Shri Gopal Krishna (135 - Panihati - 24 Parganas)
43. Bhattacharyya, Shri Satya Pada ( 68 - Bharatpur - Murshidabad)
44. Bisui, Shri Santosh [221 - Garhbeta West (S.C.) - Midnapore]
45. Biswas, Shri Binoy Kumar (82 - Chakdah - Nadia)
46. Biswas, Shri Hazari [53 - Sagardighi (S.C.) - Murshidabad]
47. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
48. Biswas, Shri Jnanendranath [74 - Krishnaganj (S.C.) - Nadia]
49. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
50. Biswas, Shri Kanti Chandra (86 - Gaighata - 24 Parganas)
51. Biswas, Shri Kumud Ranjan [98 - Sandeshkhali (S.C.) - 24 Parganas]
52. Biswas, Shri Satish Chandra [80 - Ranaghat East (S.C.) - Nadia]
53. Bora, Shri Badan [ 255 - Indas (S.C.) - Bankura]
54. Bose, Shri Ashoke Kumar ( 148 - Alipore - Calcutta)
55. Bose, Shri Biren (25 - Siliguri - Darjeeling)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaiguri)
57. Bouri, Shri Nabani [249 - Gangajalghati (S.C.) - Bankura]
58. Chakraborty, Shri Jatin (151 - Dhakuria - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

59. Chakraborty, Shri Subhas (139 - Belgachia - Calcutta)
60. Chakraborty, Shri Umapati (196 - Chandrakona - Midnapore)
61. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
62. Chattapadhya, Shri Sailendra Nath (181 - Champdani - Hooghly)
63. Chattaraj, Shri Suniti (288 - Suri - Birbhum)
64. Chatterjee, Shri Bhabani Prosad (293 - Nalhati - Birbhum)
65. Chaterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
66. Chatterjee, Shri Ram (185 - Tarakeswar - Hooghly)
67. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan)
68. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
69. Chawdhuri, Shri Subodh (47 - Manikchak - Malda)
70. Chhobhan Gazi, Shri (120 - Magrahat West- 24 Parganas)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
72. Chowdhuri, Shri Gunadhar (254 - Kotulpur - Bankura)
73. Chowdhury, Shri Abdul Karim (28 - Islampur - West Dinajpur)
74. Chowdhury, Shri Benoy Krishna (271 - Burdwan Sourth - Burdwan)
75. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
77. Chowdhury, Shri Subhendu Kumar [145 - Malda (S.C.) - Malda]
78. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (S.C.) - Cooch Behar]
79. Das, Shri Banamali [283 - Nanur (S.C.) - Birbhum]
80. Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - 24 Parganas)
81. Das, Shri Nikhil (158 - Burtola - Calcutta)
82. Das, Shri Nimai Chandra (118 - Falta - 24 Parganas)
83. Das, Shri Sandip (146 - Chowringhee - Calcutta)
84. Das, Shri Santosh Kumar (168 - Panchla - Howrah)
85. Das, Shri Shib Nath [205 - Sutahata (S.C.) - Midnapore]
86. Das Mahapatra,. Shri Balai Lal (212 - Ramnagar - Midnapore)
87. Das Sharma, Shri Sudhir Chandra (224 - Kharagpur Town - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

88. Daud Khan, Shri (107 - Bhangore - 24 Parganas)
89. De, Shri Partha (251 - Bankura - Bankura)
90. Deb, Shri Saral (90 - Barasat - 24 Parganas)
91. Dey,. Shri Ajoy Kumar (194 - Arambagh - Hooghly)
92. Digpati, Shri Panchanan [193 - Khanakul (S.C.) - Hooghly]
93. Doloi, Shri Rajani Kanta [219 - Keshpur (S.C.) - Midnapore]
94. Ghosal, Shri Aurobindo (171 - Uluberia Sourth - Howrah)
95. Ghosh, Shrimati Chhaya (58 - Murshidabad - Murshidabad)
96. Ghosh, Shri, Debsaran (72 - Kaliganj - Nadia)
97. Ghosh, Shri Krishna Pada (155 - Beliaghata - Calcutta)
98. Ghosh, Shri Malin (178 - Chanditala - Hooghly)
99. Ghosh, Shri Sambhu Charan (186 - Chinsurah - Hooghly)
100. Goppi, Shrimati Aprajita (4 - Cooch Behar North - Cooch Behar)
101. Goswami, Shri Ramnarayan (273 - Raina - Burdwan)
102. Goswami, Shri Subhas (248 - Chhatna - Bankura)
103. Guha, Shri Kamal Kanti (7 - Dinhata - Cooch Behar)
104. Guha, Shri Nalini Kanta (141 - Shympukur - Calcutta)
105. Gupta, Shri Jyotsna Kumar (284 - Bolpur - Birbhum)
106. Gupta, Shri Sitaram (130 - Bhatpara - 24 Parganas)
107. Habib Mustafa, Shri (44 - Araidanga - Malda)
108. Habibur Rahaman, Shri (54 - Jangipur - Murshidabad)
109. Haldar, Shri Krishnadhan [124 - Kulpi (S.C.) - 24 Parganas]
110. Haldar, Shri Renupada [122 - Mandirbazar (S.C.) - 24 Parganas]
111. Hashim Abdul Halim, Shri (89 - Amdanga - 24 Parganas)
112. Hazra, Shri Haran [169 - Sankrail (S.C.) - Howrah]
113. Hazra, Shri Monoranjan (192 - Purshurah - Hooghly)
114. Hazra, Shri Sundar (222 - Salbani - Midnapore)
115. Hira, Shri Sumanta Kuamr [154 - Taltola (S.C.) - Calcutta]
116. Jana, Shri Haripada (Bhagabanpur) (208 - Bhagabanpur - Midnapore)
117. Jana, Shri Hari Pada (Pingla) (217 - Pingla - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

118. Jana, Shri Manindra Nath (177 - Jangipara - Hooghly)
119. Jana, Shri Prabir (206 - Nandigram - Midnapore)
120. Kalimuddin Shams, Shri (147 - Kabitirtha - Calcutta)
121. Kar, Shri Nani (88 - Ashokenagar - 24 Parganas)
122. Kazi Hafizur Rahaman, Shri (56 - Bhagabangola - Murshidabad)
123. Khan, Shri Sukhendu [256 - Sonamukhi (S.C.) - Bankura]
124. Kisku, Shri Upendra [245 - Raipur (S.T.) - Bankura]
125. Koley, Shri Barindra Nath (175 - Amta - Howrah)
126. Konar, Shri Benoy (275 - Memari - Burdwan)
127. Kuiry, Shri Daman, (236 - Arsha - Purulia)
128. Kujur, Shri Sushil [14 - Madarihat (S.T.) - Jalpaiguri]
129. Kumar, Shri Sudhin (163 - Howrah Central - Howrah)
130. Kundu, Shri Gour Chandra (81 - Ranaghat West - Nadia)
131. Let (Bara), Shri Panchanan [290 - Mayureswar (S..C.) Birbhum]
132. Lutful Haque, Shri (51 - Aurangadab - Murshidabad)
133. M. Ansar-uddin, Shri (167 - Jagatballavpur - Howrah)
134. Mahanti, Shri Pradyot Kumar (228 - Dantan - Midnapore)
135. Mahata, Shri Satya Ranjan (2327 - Jhalda - Purulia)
136. Mahato, Shri Nukul Chandra (234 - Manbazar - Purulia)
137. Mahato, Shri Shanti Ram (238 - Jaipur - Purulia)
138. Maitra, Shri Birendra Kumar (42 - Harischandrapur - Malda)
139. Maitra, Shri Kashi Kanta (75 - Krishnanagar East - Nadia)
140. Maity, Shri Bankim Behari (207 - Narghat - Midnapore)
141. Maity, Shri Gunadhar (125 - Patharpratima - 24 Parganas)
142. Maity, Shri Hrishikesh (126 - Kakdwip - 24 Parganas)
143. Maity, Shri Satya Brata (211 - Contai South - Midnapore)
144. Majee, Shri Surendra Nath [232 - Kashipur (S.T.) - Purulia]
145. Majhi, Shri Dinabandhu [66 - Khargram (S.C.) - Murshidabad]
146. Majhi, Shri Raicharan [282 - Ketugram (S.C.) - Burdwan]
147. Majhi, Shri Sudhangshu Sekhar [233 - Bunduan (S.T.) - Purulia]

## *Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly*

148. Majhi, Dr. Binode Behari [247 - Indpur (S.C.) - Bankura]
149. Maji, Shri Pannalal (176 - Udaynarayanpur - Howrah)
150. Maji, Shri Swadesranjan (201 - Panskura East - Midnapore)
151. Majumdar, Shri Chittabrata (162 - Howrah North - Howrah)
152. Majumdar, Shri Sunil Kumar (285 - Labhpur - Birbhum)
153. Mal, Shri Trilochan [292 - Hansan (S.C.) - Birbhum]
154. Malakar, Shri Nani Gopal (83 - Haringhata - Nadia)
155. Malik, Shri Purna Chandra [272 - Khandoghosh (S.C.) - Burdwan]
156. Mallik, Shri Sreedhar [267 - Ausgram (S.C) - Burdwan]
157. Mandal, Shri Bhakti Bhusan (286 - Dubrajpur - Birbhum)
158. Mandal, Shri Gopal [197 - Ghatal (S.C.) - Midnapore]
159. Mandal, Shri Prbhanjan (127 - Sagore - 24 Parganas)
160. Mandal, Shri Rabindranath [91 - Rajarhat (S.C.) - 24 Parganas]
161. Mandal, Shri Siddheswar [287 - Rajnagar (S.C.) - Birbhum]
162. Mandal,. Shri Sudhangshu [99 - Hingalganj (S.C.) - 24 Parganas]
163. Mandal, Shri Sukumar [79 - Hanskhali (S.C.) - Nadia]
164. Mandal, Shri Suvendu (220 - Garhbeta East - Midnapore)
165. Mandi, Shri Sambhunath [232 - Binpur (S.T.) - Midnapore]
166. Mazumdar, Shri Dilip Kumar [264 - Durgapur-I - Burdwan]
167. Mazumdar, Shri Dinesh (108 - Jadavpur - 24 Parganas)
168. Md. Sohorab, Shri (52 - Suti - Murshidabad)
169. Ming, Shri Patras [26 - Phansidewa (S.T.) - Darjeeling]
170. Mir Abdus Sayeed, Shri (115 - Maheshtala - 24 Parganas)
171. Mir Fakir Mohammad, Shri (71 - Nakashipara - Nadia)
172. Mitra, Dr. Ashok (149 - Rashbehari Avenue - Calcutta)
173. Mitra, Shri Parimal (19 - Kranti - Jalpaiguri)
174. Mitra, Shri Ranjit (85 - Bongaon - 24 Parganas)
175. Mohammad Ali, Shri (43 - Ratua - Malda)
176. Mohammed Amin, Shri (133 - Titagarh - 24 Parganas)
177. Mohanta, Shri Madhabendu (70 - Palashipara - Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

178. Mojumder, Shri Hemen (104 - Baruipur - 24 Parganas)
179. Mondal, Shri Ganesh Chandra [100 - Gosaba (S.C.) - 24 Parganas]
180. Mondal, Shri Kshiti Ranjan [97 - Haroa (S.C.) - 24 Parganas]
181. Mondal, Shri Raj Kumar [170 - Uluberia North (S.C.) - Howrah]
182. Mondal, Shri Sahabuddin (73 - Chapra - Nadia)
183. Mondal, Shri Sasanka Sekher (291 - Rampurhat - Birbhum)
184. Morazzam Hossain, Shri Syed (218 - Debra - Midnapore)
185. Mostafa Bin Quasem, Shri (94 - Daduria - 24 Parganas)
186. Motahar Hossain, Dr. (294 -Murarai - Birbhum)
187. Mridha, Shri Chitta Ranjan [105 - Canning West (S.C.) - 24 Parganas]
188. Mukherjee, Shri Amritendu (76 - Krishnanagar West - Nadia)
189. Mukherjee, Shri Anil (252 - Onda - Bankura)
190. Mukherjee, Shri Bama Pada (259 - Hirapur - Burdwan)
191. Mukherjee, Shri Bhabani (182 - Chandernagore - Hooghly)
192. Mukherjee, Shri Bimalananda (78 - Santipur - Nadia)
193. Mukherjee, Shri Biswanath (202 - Tamluk - Midnapore)
194. Mukherjee, Shri Joykesh (166 - Domjur - Howrah)
195. Mukherjee, Shri Mahadeb (239 - Purulia - Purulia)
196. Mukherjee, Shri Narayan (95 - Basirhat - 24 Parganas)
197. Mukherjee, Shri Niranjan (112 - Behala East - 24 Parganas)
198. Mukherjee, Shri Rabin (113 - Behala West - 24 Parganas)
199. Mukhopadhyay, Dr. Ambarish (243 - Hura - Purulia)
200. Mullick Chowdhury, Shri Suhrid (159 - Maniktola - Calcutta)
201. Munsi, Shri Maha Bacha (27 - Chopra - West Dinajpur)
202. Murmu, Shri Nathaniel [36 - Tapan (S.T.) - West Dinajpur]
203. Murmu, Shri Sarkar [39 - Habibpur (S.T.) - Malda]
204. Murmu, Shri Sufal [40 - Gajol (S.T.) - Malda]
205. Nanda, Shri Kiranmoy (214 - Mugberia - Midnapore)
206. Nurbu La, Shri Dawa (24 - Kurseong - Darjeeling)
207. Naskar, Shri Gangadhar [109 - Sonarpur (S.C.) - 24 Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

208. Naskar, Shri Sundar [110 - Bishnupur East (S.C.) - 24 Parganas]
209. Nath, Shri Monoranjan (279 - Purbasthali - Burdwan)
210. Neogy, Shri Brajo Gopal (190 - Polba - Hooghly)
211. Nezamuddin, Shri Md. (153 - Entally - Calcutta)
212. O'Brien, Shri Neil Aloysus (Nominated)
213. Ojha, Shri Janmejay (215 - Pataspur - Midnapore)
214. Omar Ali, Dr. (200 - Panskura West - Mindapore)
215. Oraon, Shri Moha Lal [18 - Mal (S.T.) - Jalpaiguri]
216. Paik, Shri Sunirmal [209 - Khajuri (S.C.) - Midnapore]
217. Pal, Shri Bijoy (260 - Asansol - Burdwan)
218. Pal, Shri Rashbehari (210 - Contai North - Midnapore)
219. Panda, Shri Mohini Mohan (244 - Taldanga - Bankura)
220. Pandey, Shri Rabi Shankar (114 - Barabazar - Calcutta)
221. Pathak, Shri Patit Paban (161 - Bally - Howrah)
222. Phodikar, Shri Prabhas Chandra (198 - Daspur - Midnapore)
223. Pramanik, Shri Abinash [188 - Balagarh (S.C.) - Hooghly]
224. Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat (S.C.)-24 Parganas]
225. Pramanik, Shri Sudhir [2 - Sitalkuchi (S.C.) - Cooch Behar]
226. Purkait, Shri Probodh [102 - Kultali (S.C.) - 24 Parganas]
227. Rai, Shri Deo Prakash (23 - Darjeeling - Darjeeling)
228. Raj, Shri Aswini Kumar (250 - Barjora - Bankura)
229. Ramzan Ali (29 - Goalpokhar - West Dinajpur)
230. Rana, Shri Santosh (230 - Gopiballavpur - Midnapore)
231. Ray, Shri Achintya Krishna (253 - Vishnupur - Bankura)
232. Ray, Shri Birendra Naryan (57 - Nabagram - Murshidabad)
233. Ray, Shri Matish (137 - Baranagar - 24 Parganas)
234. Ray, Shri Naba Kumar [32 - Kaliaganj (S.C.) - West Dinajpur]
235. Roy, Shri Amalendra (67 - Barwan - Murshidabad)
236. Roy, Shri Banamali [15 - Dhupguri (S.C.) - Jalpaiguri]
237. Roy, Shri Dhirendra Nath [21 - Rajganj (S.C.) - Jalpaiguri]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

238. Roy, Shri Haradhan (261 - Raniganj - Burdwan)
239. Roy, Shri Hemanta Kumar (278 - Manteswar - Burdwan)
240. Roy, Shri Krishnadas (227 - Nrayangarh - Midnapore)
241. Roy, Shri Monoranjan (199 - Nandanpore - Midnapore)
242. Roy, Shri Nanu Ram [195 - Goghat (S.C.) - Hooghly]
243. Roy, Shri Pravas Chandra (111- Bishnupur West - 24 Parganas)
244. Roy, Shri Sada Kanta [1 - Mekliganj (S.C.) - Cooch Behar]
245. Roy, Shri Tarak Bandhu [17 - Mainaguri (S.C.) - Jalpaiguri]
246. Roy Barman, Shri Khitibhusan (116 - Budge Budge - 24 Parganas)
247. Roy, Chowdhury, Shri Nirode (87 - Habra - 24 Parganas)
248. Rudra, Shri Samar Kumar (157 - Vidyasagar - Calcutta)
249. Saha, Shri Jamini Bhusan (132 - Noapara - 24 Parganas)
250. Saha, Shri Kripa Sindhu [191 - Dhaniakhali (S.C.) - Hooghly]
251. Saha, Shri Lakshi Nrayan [266 - Kanksa (S.C.) - Burdwan]
252. Sajjad Hussain, Shri Haji (30 - Karandighi - West Dinajpur)
253. Samanta, Shri Gouranga (216 - Sabong - Midnapore)
254. Santra, Shri Sunil [274 - Jamalpur (S.C.) - Burdwan]
255. Sanyal, Shri Samarendra Nath (69 - Karimpur - Nadia)
256. Sar, Shri Nikhilananda (281 - Mongalkot - Burdwan)
257. Sarkar, Shri Deba Prasad (103 - Joynagar - 24 Parganas)
258. Sarkar, Shri Kamal (134 - Khardah - 24 Parganas)
259. Sarkar, Shri Sailen (46 - Enlglishbazar - Malda)
260. Sarkar, Shri Ahindra (35 - Gangarampur - West Dinajpur)
261. Sarker, Shri Dhirendranath [33- Kushmandi (S.C.) - West Dinajpur]
262. Satpathy, Shri Ramchandra (231 - Jhargram - Midnapore)
263. Sen, Shri Bholanath (268 - Bhatar - Burdwan)
264. Sen, Shri Deb Ranjan (269 - Galsi - Burdwan)
265. Sen, Shri Dhirendranath (289 - Mahammad Bazar - Birbhum)
266. Sen, Shri Lakshmi Charan (160 - Belgachia West - Calcutta)
267. Sen, Shri Sachin (152 - Ballygunge - Calcutta)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

268. Sen Gupta, Shri Dipak (6 - Sitai - Cooch Behar)
269. Sen Gupta, Shri Prabir (187 - Bansberia - Hooghly)
270. Shaikh Imajuddin, Shri (62 - Hariharpara - Murshidabad)
271. Shamsuddin Ahamed, Shri (49 - Kaliachak - Malda)
272. Shastri, Shri Vishnu Kant (143 - Jorasanko - Calcutta)
273. Sing, Shri Buddhabed [229 - Nayagram (S.T.) - Midnapore]
274. Singh, Shri Chhedila (114 - Garden Reach - 24 Parganas)
275. Singh, Shri Khudi Ram [226 - Keshiary (S.T.) - Midnapore]
276. Singha Roy, Shri Jogendra Nath [13 - Falakata (S.T.) - Jalpaigui
277. Sinha, Shri Atish Chandra (65 - Kandi - Murshidabad)
278. Sinha, Dr. Haramohan (280 - Katwa - Burdwan)
279. Sinha, Khagendra Nath [31 - Raiganj (S.C.) - West Dinajpur]
280. Sinha, Shri Probodh Chandra (213 - Egra - Midnapore)
281. Sinha Ray, Shri Guru Prasad (276 - Kalna - Burdwan)
282. Sk. Siraj Ali, Shri (225 - Kharagpur Rural - Midnapore)
283. Soren, Shri Suchand [246 - Ranibandh (S.T.) - Bankura]
284. Subba, Shrimati Renu Leena (22 - Kalimpong - Darjeeling)
285. Sur, Shri Prasant Kumar (150 - Tollygunge - Calcutta)
286. Tah, Shri Dwarka Nath (270 - Burdwan North - Burdwan)
287. Talukdar, Shri Pralay (164 - Howrah South - Howrah)
288. Tirkey, Shri Monohar [11 - Kalchini (S.C.) - Jalpaiguri]
289. Tudu, Shri Bikram [253 -Balarampur (S.T.) - Purulia]
290. Uraon, Shri Punai [16 - Nagrakata (S.T.) - Jalpaiguri]
291. Vacant (37 - Kumarganj - West Dinajpur)
292. Vacant (41 - Kharba - Malda)
293. Vacant (48 - Sujapur - Malda)
294. Vacant (138 - Dum Dum - 24 Parganas)
295. Vacant (223 - Midnapore - Midnapore)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 2nd March, 1981 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 17 Ministers, 4 Ministers of State and 150 Members.

[1-00 — 1-10 p.m.]

## Starred Questions
## (to which oral answers were given)

### কেন্দ্রের নিকট রাজ্য সরকারের পাওনা

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০ সনের ডিসেম্বর মাস পর্যন্ত (১) রাজ্য সরকারের কেন্দ্রের কাছে এবং (২) কেন্দ্র সরকারের রাজ্যের কাছে কি কি বাবদ কত পাওনা আছে?

**ডঃ অশোক মিত্র ঃ**

(১) ১৯৮০-৮১ আর্থিক বৎসরে কেন্দ্রের নিকট রাজ্য সরকারের মোট পাওনা ৭৩৭.০৭ কোটি টাকা। তন্মধ্যে ১৯৮০ সনের ডিসেম্বর মাস পর্যন্ত বিভিন্ন খাতে মোট ৪৩১.৭৬ কোটি টাকা কেন্দ্রের কাছ থেকে পাওয়া গেছে এবং ডিসেম্বরের শেষে মোট ৩০৫.৩১ কোটি টাকা বিভিন্ন খাতে প্রাপ্য আছে। বিশদ বিবরন সম্বলিত তালিকায় তৃতীয় স্তম্ভে দেওয়া আছে।

(২) ১৯৮০-৮১ আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকারের নিকট কেন্দ্রীয় সরকারের ঋণ পরিশোধ এবং সুদ বাবদ মোট পাওনা ১৬১.৯৮ কোটি টাকা (ঋণ পরিশোধ বাবদ ৮৮.৫১ কোটি টাকা এবং সুদ বাবদ ৭৩.৪৮ কোটি টাকা)। তন্মধ্যে, ১৯৮০ সালের ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সরকারকে দেয় মোট ৭৯.০০ কোটি টাকা (ঋণ পরিশোধ বাবদ ৪২.৮৩ কোটি টাকা এবং সুদ বাবদ ৩৬.১৭ কোটি টাকা) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক দেওয়া হয়েছে। সুতরাং ডিসেম্বরের শেষে কেন্দ্রীয় সরকারের রাজ্য সরকারের কাছ থেকে ঋণ পরিশোধ ও সুদ বাবদ আরও পাওনা আছে ৮২.৯৮ কোটি টাকা (ঋণ পরিশোধ বাবদ ৪৫.৬৮ কোটি টাকা এবং সুদ বাবদ ৩৭.৩০ কোটি টাকা)।

[2nd March, 1981]

**Statement referred to in reply to clause (I) 05 Starred Question 175**

Statement showing the amount or estimated Central assistance in 1980-81, the amount of assistance released by the Govt. of India upto December, 1980 and amount due at the end of December, 1980.

**(In lakhs of Rupees)**

| | Estimate **1980-81** 1 | Amount released upto Dec. **1980** 2 | Amount outstanding at the end of **Dec. '80** 3 |
|---|---|---|---|
| 1. State's share of Income Tax. .. | 7474.38 | 4360.02 | 3114.36 |
| 2. State's share of Estate Duty .. | 154.97 | 77.48 | 77.49 |
| 3. State's share of Union Excise duties— | | | |
| a) Basic .. | 18304.41 | 12253.40 | 6051.01 |
| b) Additional .. | 3228.93 | 2163.44 | 1065.49 |
| 4. Grants under Article 275 of the Constitution-Grants for up-gradetion of standards of Administration | 583.78 | 141.41 | 442.37 |
| 5. Grant in lieu of tax on Railway Passenger fares .. | 140.56 | 93.68 | 46.88 |
| 6. a) Assistance for State Annual Plan Schemes including IATP.. | 11929.00 | 8262.75 | 3666.25 |
| b) Assistance for externally aided projects .. | 2316.00 | 563.59 | 1752.41 |
| 7. Special assistance for integrated tribal development projects .. | 354.00 | 269.25 | 84.75 |
| 8. Special plan assistance for accelerated development of Hill areas .. | 440.00 | .. | 440.00 |
| 9. Assistance for Centrally sponsored Schemes .. | 2296.81 | 886.20 | 1410.61 |
| 10. Assistance for Central Sector Schemes .. | 1445.25 | 673.58 | 771.67 |
| 11. Share of small-saving Collections | 13500.00 | 8013.00 | 5487.00 |
| 12. Short term loan for the purchase and distribution of agricultural inputs .. | 1400.00 | 1400.00 | .. |
| 13. Loans for 2nd Hooghly Bridge .. | 1200.00 | 400.00 | 800.00 |
| 14. Ways and Means Advance .. | 2500.00 | 2500.00 | .. |
| 15. Non-Plan assistance for Flood, 1980 | 987.35 | 500.00 | 487.35 |
| 16. Other Non-Plan Assistance .. | 987.35 | 500.00 | 487.35 |
| 17. Dues from BCCL and ECCL on account of royalty and Cess .. | 4700.00* | 324.00 | 4376.00 |
| **TOTAL** | **73706.58** | **43176.27** | **30530.31** |

* [Includes Rs. 15.00 crores on account of adjustments in coal royalty proposed to the Union Government in 1979-80.]

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** এই যে ৩০৫.৩১ কোটি টাকা রাজ্য সরকারের পাওনা রয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এরজন্য রাজ্যের উন্নয়ন পরিকল্পনা ব্যাহত হচ্ছে কিনা?

**ডঃ অশোক মিত্র :** একটা ব্যাপার হয়—ধরুন আমাদের যা প্রাপ্য সেটা ওরা মেনে নেন। এখন আমাদের প্রাপ্যটা যদি ঠিক সময় দিল্লি থেকে এসে না পৌঁছায় তাহলে আমাদের কাজকর্ম ব্যাহত হয়। এখন, আমরা যদি এটা ব্যাহত করতে না চাই তাহলে আমাদের ওভারড্রাফটের দ্বারস্থ হতে হয়, কেন্দ্রীয় সরকার যেটা পছন্দ করেন না। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে প্রায়শই আমরা কথাবার্তা বলে থাকি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** যে টাকাটা কেন্দ্র থেকে ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পাওয়া গিয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সেই টাকা সবটা খরচ হয়েছে কিনা?

**ডঃ অশোক মিত্র :** নিশ্চয় হয়েছে, তার বেশিই হয়েছে।

## ভেটেরিনারি সার্জেনের শূন্য পদ

***১৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬।) **শ্রী জন্মেজয় ওঝা :** পশুপালন-পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮১ সালের ১লা ফেব্রুয়ারি পর্যন্ত ভেটেরিনারি সার্জেনের কতগুলি পদ খালি আছে ; এবং

(খ) (১) এইসব পদ পূরণের কোনও ব্যবস্থা হয়েছে কিনা ও (২) হ'য়ে থাকলে, কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি :**

(ক) ১২০টি।

(খ) ১। হ্যাঁ।

২। এই শূন্য পদগুলি পূরণের জন্য পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনকে যোগ্য প্রার্থী নির্বাচনের জন্য সুপারিশ করতে অনুরোধ করা হয়েছে। উক্ত কমিশন বর্তমানে ৮০ জন নির্বাচিত প্রার্থীর নিয়োগের জন্য সুপারিশ করেছেন এবং তন্মধ্যে ৪২ জনের নিয়োগের বন্দোবস্ত ইতিমধ্যেই করা হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা :** এই ১২০টি পদ কত দিন যাবত খালি আছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি :** দীর্ঘ দিন যাবত কোথাও কোনও পদ খালি নেই। যখনই কোনও নতুন ভেটের্নারি ডিস্পেন্সারি খোলা হচ্ছে তখনই পদ খালি থাকার প্রশ্ন দেখা দিচ্ছে।

**শ্রী জন্মজেয় ওঝা :** যে সমস্ত সার্জেনদের নিয়োগ করা হচ্ছে তারা ডিস্পেন্সারি ছাড়াও গ্রামের ভিতরে গিয়ে চিকিৎসা করতে বাধ্য, না তার জন্য আলাদা ফিস দিতে হবে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় সদস্যরা জানেন যে, এদের ক্ষেত্রে প্রাইভেট প্র্যাকটিস অ্যালাউড। তবে হাসপাতালের কাজের সময়ে তারা প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না। কিন্তু তার পরে যখন বাইরে গিয়ে চিকিৎসা করবেন তারা ফি নিতে পারবেন এবং সেই ফি-টা বহু দিন আগেকার ধার্য ফি। এটাই হচ্ছে সরকারী নিয়ম।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** বিভিন্ন জায়গায় যে সমস্ত পশু-চিকিৎসালয়গুলি আছে সেগুলি গ্রাম থেকে অনেক দূরে অবস্থিত। ফলে গ্রামের গরিব মানুষদের সেখানে গরু ইত্যাদি নিয়ে যেতে অসুবিধা হয়। সুতরাং এদিকটা চিন্তা করে সার্জেনদের বিনা ফি-তে গ্রামে গিয়ে চিকিৎসা করে আসবার ব্যবস্থা করবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** এ বিষয়ে আমি বলতে পারি যে, পাবলিক হেলথ বিভাগের মতো এক্ষেত্রেও চিকিৎসকদের নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স দেওয়া যায় কিনা, সেটা বিবেচনা করা যেতে পারে। তবে আপাতত এটা আমাদের বিবেচনায় নেই। আমরা চারিদিকে হাসপাতাল ছড়িয়ে দিতে চাই। মাননীয় সদস্য যে কথা বললেন সেসম্পর্কে আমি গত বার প্রস্তাব করেছিলাম যে, ২১০-টি এড সেন্টারকে ডিস্পেন্সারি করা হোক, আপনারা সে প্রস্তাব অনুমোদন করেছিলেন। সে বিষয়ে আমরা কাজ শুরু করেছি। তবে এর জন্য সময় লাগবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** যে সমস্ত ভেটিনারি সার্জেন দীর্ঘ দিন ধরে একই জায়গায় কাজ করছেন, তাদের বদলির অর্ডার হয়েছিল, কিন্তু তারা নাকি তা অগ্রাহ্য করছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** আমি এ বিষয়ে গতবারে আপনাদের কাছে একটি বিবৃতি দিয়েছিলাম। বোধ হয় আগস্ট মাসে আমি বলেছিলাম যে, কিছু ভেটিনারি সার্জেনকে জন-স্বার্থে বদলি করা হয়েছিল, কিন্তু তারা বদলির আদেশের বিরুদ্ধে আদালতে গিয়েছিলেন এবং আদালত থেকে এ বিষয়ে একটা স্থগিত আদেশ দেওয়া হয়েছিল। সরকার সেই মামলা পরিচালনা করছিলেন এবং হাই কোর্টের ডিভিসন বেঞ্চে সরকার সেই মামলায় জিতেছেন। হাই কোর্ট থেকে নির্দেশ দেওয়া হয় যে, হ্যাঁ, যেখানে যুক্তি-সঙ্গতভাবে বদলি করা দরকার সেখানে সরকার বদলি করতে পারবেন। হাই কোর্টের নির্দেশের পর আবার নতুন করে বদলি করার ব্যবস্থা করা হয়েছিল, কিন্তু দুর্ভাগ্যের বিষয় তিন মাস আগে কিছু ভেটিরিনারি সার্জেন সুপ্রিম কোর্টে গিয়েছেন। বর্তমানে সরকার সুপ্রিম কোর্টে সেই মামলা পরিচালনা করছেন। আমরা আশা করছি এই অধিবেশনের মধ্যেই সে সম্বন্ধে আপনাদের জানাতে পারব। কোর্ট ইঞ্জাংশন থাকার জন্য বর্তমানে কিছু অসুবিধা রয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বললেন ১২০টি পোস্ট খালি রয়েছে, পি. এস. সি.-র মাধ্যমে ৮০—জনকে সিলেক্ট করে ৪২—জনকে অ্যাপয়েন্টমেন্ট লেটার দিয়েছেন। বাকি যে পোস্টগুলি রয়েছে সেগুলিতে পি. এস. সি. থেকে না পেলে, কি আপনি অ্যাড-হক বেসিসে অ্যাপয়েন্টমেন্ট দেবেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** বর্তমানে আমরা অ্যাড-হক বেসিসে কোনও অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছি না। কারণ সেভাবে দিলে পি. এস. সি. অসন্তুষ্ট হয়। পি. এস. সি.-র কাছ থেকে বর্তমানে

আমরা লোক পাচ্ছি। সরকারী নিয়ম অনুসারে তারা মেডিক্যাল সার্টিফিকেট ইত্যাদি দেখে বিবেচনা করে পাঠাচ্ছেন। আমরা তাদের তাড়াতাড়ি পাঠাতে বলেছি। অনেকেই সেখানে ফর্ম ফিল আপ করে গেছে। আমরা আশা করছি অতি শীঘ্র এই ৮০—জনকে পাওয়া যাবে। তবে এ সম্পর্কে বলে রাখতে চাই যে, যে ৫৭ জনকে নিয়োগপত্র দেব ঠিক করেছিলাম। তাদের মধ্যে ৫—জনকে ইন্টারভিউ নিয়ে ক্লাশ ওয়ান অফিসার হিসাবে মনোনীত করা হয়েছে।

[1-00 — 1-20 p.m.]

আমরা আশা করছি এই ৮০ জনকে আমরা তাড়াতাড়ি করে দিতে পারব কিন্তু পি. এস. সি.-র বাকি যে সংখ্যক সেটা এখনও পাইনি কেননা পি. এস. সি. বিজ্ঞাপন দেবেন তারপর প্রসেস করবেন। সুতরাং একটু দেরি হতে পারে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** কোন কোন ব্লকে জয়েন্ট ভেটেরিনারি সার্জেন নিযুক্ত আছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** নোটিশ দিলে বলে দেব।

### কাঁথি উন্নয়ন পর্ষদ গঠন

***১৭৮**। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১।) **শ্রী কিরণময় নন্দ ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম ও সুন্দরবনের মতো কাঁথি উন্নয়ন পর্ষদ গঠনের কোনও পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি ; এবং

(খ) এ প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কতদিনে পরিকল্পনাটি কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী কিরণময় নন্দ ঃ** এই পরিকল্পনাটি গ্রহণ না করার কারণটি জানাবেন কি?

**ডঃ অশোক মিত্র ঃ** পশ্চিমবাংলার অন্যান্য সমস্ত মহকুমার সঙ্গে কাঁথির উন্নতি হোক এটা আমাদের সকলের কাম্য এবং সেই অনুযায়ী চেষ্টা চালিয়ে যাচ্ছি তবে আপাতত একটা উন্নয়ন বোর্ড করলেই কাঁথির উন্নতি আরও বেশি হবে সেই ধারণা নেই। তবে মাননীয় সদস্য যদি কোনও বিশেষ কারণ দেখাতে পারেন তাহলে নিশ্চয়ই বিবেচনা করব।

**শ্রী কিরণময় নন্দ ঃ** কাঁথির ডেভেলপমেন্ট-এর জন্য পূর্বতন কেন্দ্রীয় জনতা সরকার

কোনও স্কীম গ্রহণ করেছিলেন কি?

**ডঃ অশোক মিত্র ঃ** আমার জানা নেই।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন উন্নয়ন পর্ষদ গঠন করলেই যে উন্নয়ন হবে তাতে তাঁর আস্থা নেই। আমার প্রশ্ন হচ্ছে তাহলে, অন্যান্য উন্নয়ন পর্ষদ আছে কেন?

**ডঃ অশোক মিত্র ঃ** আমার ধারণার জবাব আমি আগেই দিয়েছি। কাঁথির উন্নয়ন পর্ষদ গঠনের ব্যাপারে যদি আপনারা চিন্তিত মন্তব্য পেশ করেন এবং এই রকম একটা উন্নয়ন পর্ষদ গঠন করা যে দরকার সেই সম্বন্ধে যদি তথ্যাদি পেশ করেন তাহলে নিশ্চয়ই বিবেচনা করে দেখা হবে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, উন্নয়ন পর্ষদ গঠন করতে গেলে কোন কোন কারণগুলি কন্সিডার করেন?

**ডঃ অশোক মিত্র ঃ** কতকগুলি বিশেষ সমস্যা থাকলে যেমন, সুন্দরবনের ক্ষেত্রে হয়েছে, ঝাড়গ্রামের ক্ষেত্রে হয়েছে সেগুলো যদি দেখানো যায় তাহলে পর্ষদ গঠনের কথা চিন্তা করা হয়। ঝাড়গ্রাম হচ্ছে আদিবাসী অধ্যুষিত অঞ্চল, ওখানকার মানুষ বহুদিন ধরে এই উন্নয়ন পর্ষদ না থাকার জন্য নিষ্পেষিত অবস্থায় বাস করছিলেন। এই ধরনের ক্ষেত্রে বিশেষ দৃষ্টি দিয়ে একটা উন্নয়ন পর্ষদ গঠন করে কাজ করা হয়। সাধারণ অবস্থায় যে গতিতে কাজ এগোত এই উন্নয়ন পর্ষদের মাধ্যমে আরও বাড়তি হারে কাজ হয়। এক্ষেত্রে আপনাদের কোনও মন্তব্য যদি থাকে নিশ্চয়ই আমরা বিবেচনা করব।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** সুন্দরবনের মতোন এখানেও স্যালাইনিটির সমস্যা আছে এবং ঝাড়গ্রামের মতোন অবহেলিত এই অঞ্চল। এটা কি মন্ত্রী মহাশয়ের জানা আছে?

**ডঃ অশোক মিত্র ঃ** আপনারা ভাল করে জানাবেন, আমরা বিবেচনা করতে সব সময়ে প্রস্তুত।

### "ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম" প্রকল্পে অর্থ বরাদ্দ

*১৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম" (এন. আর. ই. পি.) প্রকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কত টাকা বরাদ্দ করেছেন ;

(খ) এই প্রকল্পের লক্ষ্য কি ; এবং

(গ) যে টাকা বরাদ্দ হয়েছে তা থেকে গ্রাম বাংলায় কি পরিমাণ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হতে পারে?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (এন. আর. ই. পি.) প্রকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ১৯৮০-৮১ সালের জন্য নিম্নরূপ অর্থ বরাদ্দ করেছেন ঃ—

(১) প্রকল্পের দ্রব্যাদি কেনার জন্য—৫.২৫ কেটি টাকা।

(২) মজুরি বাবদ—১.৬৮১ কোটি টাকা এবং ৩০,০০০ মেট্রিক টন চাল। রাজ্য সরকার আলাদা করে ১২ কোটি টাকা এই কর্মসূচির জন্য রেখেছেন।

(খ) গ্রামীণ বেকার ও অর্ধ বেকারদের কর্মসংস্থা এবং গ্রামে স্থায়ী সম্পদ সৃষ্টি।

(গ) আনুমানিক ১৫০ লক্ষ শ্রমদিবস কর্মসংস্থান সম্ভব হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে গ্রাম পঞ্চায়েত যে টাকাটা পাচ্ছে তা এত সীমিত, যার ফলে বাকি ক্ষেত মজুররা কাজ পাচ্ছে না। সেদিকে লক্ষ্য রেখে গ্রামের ক্ষেত মজুরদের সুযোগ দেওয়ার কোনও পরিকল্পনা আপনারা নিয়েছেন কি?

**ডঃ অশোক মিত্র ঃ** আমাদের নিজেদের সামর্থ সীমিত। তবুও আমরা বাজেট থেকে ১২ কোটি টাকা বরাদ্দ করেছি এবং তার সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে গম পাচ্ছি—এ বছর থেকে ওরা কিছু টাকা বাড়তি দিচ্ছেন—এখন আমাদের পরিকল্পনা বাবদ পয়সা কড়ি বাড়াতে পারতাম, তাহলে এই পরিকল্পনাও বাড়িয়ে যেতে পারতাম। আপাতত সামর্থ সংক্ষিপ্ত, সেইজন্য আমরা যতদূর কাজ করতে চাইছি তা পারছি না।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে ন্যাশনাল রুর‍্যাল প্রোগ্রামের কাজ কবে থেকে চালু হয়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** অনেক দিন থেকেই আছে, এটার আগের নাম ছিল ফুড ফর ওয়ার্ক। গত বছর ডিসেম্বর মাস থেকে নাম পালটে করা হয়েছে ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম।

**শ্রী সন্দীপ দাস ঃ** এই ফুড ফর ওয়ার্কের ব্যাপারে পূর্বের জনতা সরকারের কাছ থেকে রাজ্য সরকার কি কিছু সাহায্য পেয়েছেন?

**মিঃ স্পিকার ঃ** এখানে এ প্রশ্ন আসে না।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে ফুড ফর ওয়ার্কের সঙ্গে এই ন্যাশনাল রুর‍্যাল প্রোগ্রামের কাজের কোনও পার্থক্য আছে কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** এতদিন পর্যন্ত কেন্দ্রীয় সরকার কোনও টাকা দিতেন না, এখন কিছু টাকা দিচ্ছেন এই টুকুই তফাৎ। একটা স্টিয়ারিং কমিটি করা হয়েছে কিছু মাস ধরে

জেলা পরিষদের সভাপতিত্বে এর কার্যাবলী পর্যবেক্ষণের জন্য।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামের গমটা ঠিকমতো না পৌছানোর ফলে অধিকাংশ গ্রাম পঞ্চায়েত কিছুই কার্যকর করতে পারছেন না।

**মিঃ স্পিকার ঃ** এ প্রশ্ন এখানে হয় না।

[1-20 — 1-30 p.m.]

**ডঃ অশোক মিত্র ঃ** এ সম্বন্ধে প্রশ্ন হবে তা জানতাম তবে আলাদা প্রশ্ন করলে আমি জবাব দেব। এই কমিটির চেয়ারম্যান হচ্ছে সভাধিপতি এবং ডি. এম. কনভেনার।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** কেন্দ্রীয় সরকার জেলা শাসককে সভাধিপতি করার নির্দেশ দিয়ে ছিলেন কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** তারা প্রথমে বলেছিলেন জেলা ম্যাজিস্ট্রেটকে সভাধিপতি করতে কিন্তু আমরা বলেছিলাম এটা অসম্ভব প্রস্তাব—এই বিষয় নিয়ে অনেক পত্র বিনিময় হয় এবং শেষ পর্যন্ত আমাদের কথা মেনে নিয়ে জেলা সভাধিপতিকে এই কমিটির সদস্য হিসাবে রাখতে রাজি হয়েছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এখন কেন্দ্র থেকে কি ঠিকমতো সাহায্য আসছে?

**ডঃ অশোক মিত্র ঃ** জনতা সরকার যখন কেন্দ্রীয় সরকারে ছিলেন তখন যে পরিমাণ গম পেতাম এখন তার অর্ধেক এরও অর্ধেক করে দেওয়া হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** এইটা কি সত্যি যে আপনারা হিসাব ঠিকমতো দিতে পারছেন না বলেই কমিয়ে দেওয়া হয়েছে?

**মিঃ স্পিকার ঃ** আমি এটা অ্যালাউ করছি না।

**নবম ও দশম শ্রেণীর জন্য কেন্দ্রীয় সাহায্য**

***১৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪২৪।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট নবম ও দশম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বেতন বাবদ অনুদান দেবার জন্য আবেদন করিয়াছেন ;

(খ) সত্য হইলে, উক্ত অনুদান কেন্দ্রীয় সরকার অনুমোদন করিয়াছেন কি না ; এবং

(গ) 'খ'-এর উত্তর "না" হইলে, উক্ত দুই শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বেতন বাবদ কি পরিমাণ অর্থ বর্তমানে রাজ্য সরকারকে বহন করিতে হয়?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) বছরে প্রায় ৩,৬২,০০,০০০ টাকা. (তিন কোটি বাষট্টি লক্ষ টাকা)।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** ১১ ও ১২ শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়ার যে সুযোগ রাজ্য সরকার দিচ্ছেন তারজন্য যে অর্থের প্রয়োজন সেই অর্থের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কি আবদেন করেছেন?

**শ্রী পার্থ দে ঃ** এই প্রশ্নের জন্য কোনও আবেদন করা হয়নি। প্রশ্ন হচ্ছে রাজ্য সরকার শিক্ষা বিভিন্ন স্তরে অবৈতনিক করতে চান সেটা পরিকল্পনা ব্যয় হিসাবে তারমধ্যে ধরা আছে কিনা দেখতে হবে এবং তারজন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও সাহায্য পাওয়া যাবে কিনা সেটা দেখতে হবে। এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের বর্তমানে মত হল যে এই রকম কোনও দায়িত্ব তারা নিতে পারবে না এবং এই রকম কোনও প্রকল্প রাজ্য সরকারের থাকলে এই ব্যয় পরিকল্পনা বর্হিভূত ব্যয় হিসাবে করতে হবে। এই প্রশ্ন নিয়ে একটা বিতর্ক চলছে এটা কেন্দ্রীয় সরকার যেহেতু অনুমোদন করেননি সেজন্য আলাদা ভাবে কোনও আবেদন করা হয়নি। তবে এ প্রশ্ন প্রতিবার তোলা হয় এবং প্রতিবারেই নাকচ হয়। কিন্তু আমরা ঠিক করেছি যে এই স্তর পর্যন্ত শিক্ষা অবৈতনিক করার জন্য রাজ্য সরকার তার সামর্থ অনুযায়ী ব্যয় করবে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** ৮ম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়ার জন্য কেন্দ্রীয় সরকার কোনও টাকা দেন কিনা?

**শ্রী পার্থ দে ঃ** আলাদাভাবে কোনও টাকা দেন না। ৮ম শ্রেণী পর্যন্ত অন্তর্ভূক্ত করতে কেন্দ্রীয় সরকার বা পরিকল্পনা কমিশনের কোনও আপত্তি নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বলছেন কেন্দ্রীয় সরকার রাজি হচ্ছেন না। কিন্তু এই ব্যাপারে পরিকল্পনা কমিশনের মতামত জানাবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** তারা এতে রাজি নয়।

## রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক

***১৮২**। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৩।) **শ্রী প্রবোধচন্দ্র সিংহ, শ্রী অমলেন্দ্র রায় ও ডাঃ মোতাহার হোসেন ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক (রাজ্য ব্যাঙ্ক) প্রতিষ্ঠার কোনও পরিকল্পনা আছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে কতটা অগ্রগতি হয়েছে ;

(গ) কবে নাগাদ রাজ্য ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(ঘ) উক্ত ব্যাঙ্ক প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য কি?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) ও (খ)

রাজ্য সরকার একটি নিজস্ব ব্যাঙ্কিং কোম্পানি স্থাপনের উদ্দেশ্যে ১৯৪৯ সালের ব্যাঙ্কিং নিয়ন্ত্রণ আইন অনুযায়ী ভারতের রিজার্ভ ব্যাঙ্কের কাছে লাইসেন্সের জন্য আবদেন পেশ করেছেন। এখনও পর্যন্ত রিজার্ভ ব্যাঙ্কের অনুমোদন পাওয়া যায়নি।

(গ) ও (ঘ)

রিজার্ভ ব্যাঙ্কের অনুমোদন পাওয়া গেলে আগামী আর্থিক বৎসরের শুরু থেকে রাজ্য সরকারের প্রস্তাবিত ব্যাঙ্কের কাজকর্ম আরম্ভ করার প্রস্তাব আছে। পশ্চিমবঙ্গে বাণিজ্যিক ব্যাঙ্কগুলির ক্রিয়াকর্ম সন্তোষজনক নয়। বিশেষ ক'রে বিনিয়োগ আমানতের হার অত্যন্ত কম, এই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার নিজের ব্যাঙ্ক স্থাপনের কথা চিন্তা করছেন।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** রিজার্ভ ব্যাঙ্কের কাছে কত দিন আগে লাইসেন্স প্রাপ্তির জন্য দেন করা হয়েছিল?

**ডঃ অশোক মিত্র ঃ** গত জানুয়ারির মাঝামাঝি সময়ে।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** গত বছর বাজেটের সময় রাজ্য ব্যাঙ্ক প্রতিষ্ঠা করার জন্য বলেছিলেন, কিন্তু সেই ব্যাপারে এত দেরি হচ্ছে কেন?

**ডঃ অশোক মিত্র ঃ** কারণ এই ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্ক ও কেন্দ্রীয় সরকারের অনুমতির জন আছে। রিজার্ভ ব্যাঙ্ককে রাজি করানোর জন্য আমরা ধৈর্য ধরে ৮/৯/১০ মাস ধরে ক্ষা করে আসছি এবং রিজার্ভ ব্যাঙ্ক এবং কেন্দ্রীয় সরকারের একত্রে অনুমোদন না য়া পর্যন্ত আমাদের অপেক্ষা করতে হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ব্যাঙ্ক প্রতিষ্ঠার ব্যাপারে যেখানে রিজার্ভ ব্যাঙ্কের অনুমতিই ষ্ট সেখানে কেন্দ্রীয় সরকারের অনুমতির কি দরকার আছে?

**ডঃ অশোক মিত্র ঃ** রিজার্ভ ব্যাঙ্ক হচ্ছে কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা ও ক্রিড়ানকও সেই জন্য কেন্দ্রীয় সরকার যদি রাজি হন তাহলে রিজার্ভ ব্যাঙ্ক থেকে অনুমতি পাওয়া

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** রিজার্ভ ব্যাঙ্ককে মাননীয় মন্ত্রী মহাশয়, কেন্দ্রীয় সরকারের ক্রিড়ানক বলছেন কিন্তু আমরা জানি রিজার্ভ ব্যাঙ্ক এর কাজকর্ম পরিচালনার জন্য স্পেসিফিক আইনি কানুন আছে। এবং সেই মতো রিজার্ভ ব্যাঙ্ক চলে, তাহলে উনি কি করে একে কেন্দ্রীয় সরকারের ক্রিড়ানক বলছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** এই ব্যাপারে আমি বলতে পারি রিজার্ভ ব্যাঙ্ক দেশের মুদ্রা নীতি নিয়ন্ত্রণ করে কিন্তু সেই মুদ্রা নীতি স্থির করেন ভারত সরকার। রিজার্ভ ব্যাঙ্কে গভর্নর কেন্দ্রীয় সরকারের সেই নীতি অনুসারে কাজ করে। অর্থাৎ রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর কেন্দ্রীয় সরকারের প্রচলিত আইন অনুসারে কাজ করতে বাধ্য থাকেন।

### উচ্চ মাধ্যমিক শিক্ষকদের নূতন বেতন হার

***১৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৪।) **শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, একাদশ-দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের শিক্ষকদের নূতন বেতন হার চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী পার্থ দে ঃ**

বিষয়টি বেতন কমিশনের terms of reference-এর অন্তর্ভূক্ত ছিল। বেতন কমিশনের সমগ্র সুপারিশ বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ১১/১২ শ্রেণীর শিক্ষকদের জন্য কোনও নূতন বেতন চালু করেছেন কি?

**শ্রী পার্থ দে ঃ** আগে যে বেতন ক্রম ছিল সেটাই অনুসরণ করা হচ্ছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** কনফারমেশন ও ইনক্রিমেন্ট বি এড পাশ যারা সেকেন্ডারি স্কুলগুলিতে আছেন তাদের পক্ষে কি বি, টি পাশ কম্পালসারি?

**শ্রী পার্থ দে ঃ** না কম্পালসারি নয়।

### বিভিন্ন প্রকার ভাতা বাবদ কেন্দ্রীয় সাহায্য

***১৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৪।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বেকার ভাতা, দ্বাদশ শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা, কৃষক পেনশন, মেডিক্যাল স্কুল ইত্যাদি বাবদ কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কত টাকা দিয়াছেন বা দিবার প্রতিশ্রুতি দিয়াছেন?

**ডঃ অশোক মিত্র ঃ**

বেকার ভাতা, দ্বাদশ শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা, কৃষক পেনশন, মেডিক্যাল স্কুল ইত্যাদি বাবদ কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কোনও টাকা দেননি, দেওয়ার প্রতিশ্রুতিও দেননি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলে ঐ প্রশ্ন উঠে ছিল কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** জাতীয় উন্নয়ন পরিষদে সাধারণ ভাবে আমরা এই কথা বলেছিলাম যে আমাদের রাজ্যের জন্য যে পরিকল্পনা বা তার যে প্রাপ্য সে অনুসারে কেন্দ্রীয় সরকার সাহায্য দেননি যা আপনারা সকলেই জানেন। আমাদের মাথাপিছু সাহায্যের যে হার পশ্চিমবাংলায় তা নিম্নতম। গতকালের কাগজে আপনারা তা দেখে থাকবেন—যা বের হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কি কারণ তারা দেখিয়েছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** না, কারণ দেখাননি?

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমাদের এ কথা বা দাবি প্ল্যানিং কমিশনের কাছে এই সব প্রশ্ন পাঠিয়েছিলেন কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** প্ল্যানিং কমিশনের খবর আমরা জানি না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনারা অ্যাপ্লিকেশন করেছিলেন কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** না করিনি। তারা যে ছক করে দেন তাতে বলা হয় আমাদের এই পরিমাণ সাহায্য দেওয়া হবে।

### কলেজের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতন দানের পদ্ধতি

*১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৪।) **শ্রী নীহারকুমার বসু ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলেজ শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতন কি পদ্ধতিতে দেওয়া হয় ; এবং

(খ) উক্ত কলেজ শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা কি প্রতি মাসে নির্দিষ্ট সময়ে বেতনের টাকা পান?

**শ্রী শম্ভুচন্দ্র ঘোষ ঃ**

(ক) ও (খ) সরকারী কলেজের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীরা মাসান্তে তাহাদের বেতন সরকারী কোষাগার হইতে নির্দিষ্ট দিনেই পাইয়া থাকেন। পে-প্যাকেট

প্রকল্পের আওতাভুক্ত বেসরকারী কলেজ ও স্পন্সর্ড কলেজের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা নিজ নিজ কলেজ হইতেই বেতন পান এবং এই বাবদ.... প্রয়োজনীয় অর্থ অগ্রিম অনুদান হিসাবে কলেজকে সরকার কর্তৃক দেওয়া হয়।

সরকারী অনুদান অগ্রিম ভিত্তিতে দেওয়ায় নির্দিষ্ট দিনেই বেতন প্রদান দেওয়া হইয়া থাকে তবে কোনও কারণে অনুদান মঞ্জুর হইতে দেরি হইলে ইহা সম্ভব নাও হইতে পারে।

উপরোক্ত দুই শ্রেণীর কলেজ ছাড়া অন্যান্য কলেজে কর্মচারীদের বেতন প্রদানের দায়িত্ব সরকার গ্রহণ করেন নাই। তবে এই সমস্ত কলেজেও বেতন প্রদানের জন্য প্রয়োজনীয় অর্থের মোটা অংশই সরকার অনুদান হিসাবে দিয়া থাকেন।

**শ্রী নীহারকুমার বসু ঃ** পে প্যাকেট কলেজে যা পাঠানো হয় কোয়াটার্লি হিসাব মঞ্জুরি বাবদ। কিন্তু একটা মঞ্জুরি শেষ হয়ে গেলে আর একটা পাঁঠাতে সাধারণভাবে অনেক সময় নেওয়া হয় যার জন্য শিক্ষকরা সময় বেতন পান না। সুতরাং তিন মাসের পরিবর্তে ৬ মাস করার কথা সরকার বিবেচনা করবেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** প্রশ্নটি বিবেচনা করা যাবে।

**শ্রী সন্দীপ দাস ঃ** মন্ত্রী মহাশয় বলবেন কি, কতগুলো কলেজে দুমাস নিয়মিত বেতন হয়নি বা যে পদ্ধতির কথা বললেন সেই পদ্ধতিতে বেতন দেওয়া হয়নি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ চাই।

**শ্রী অনিল মুখার্জি ঃ** যে পদ্ধতিতে বর্তমানে কলেজে টাকা দেওয়া হয় সেই পদ্ধতি পরিবর্তন করে মাধ্যমিকের মতো কোনও পদ্ধতি করবার কথা ভাবছেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এরকম কোনও পরিকল্পনা নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসে পশ্চিমবাংলার কতগুলি কলেজে পে প্যাকেট পৌছায়নি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ চাই।

**শ্রী ননী কর ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই পে প্যাকেট স্কীম স্পন্সর্ড কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এখনও পর্যন্ত এরকম কোনও পরিকল্পনা নেই। তবে এই বিষয়টি আমরা খতিয়ে দেখছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট হবার ফলে গভর্নমেন্ট এবং নন-গভর্নমেন্ট এই দুই রকম কলেজ থাকছে অর্থাৎ স্পন্সর্ড কলেজ থাকছে না। আমার প্রশ্ন হচ্ছে

এক্ষেত্রে কি এই নিয়ম প্রযোজ্য হতে পারে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এটা আমরা খতিয়ে দেখছি।

**মহিষাদল গার্লস কলেজ**

***১৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৭।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মহিষাদল গার্লস কলেজের নিজস্ব গৃহ নাই ;

(খ) সত্য হইলে, (১) উক্ত কলেজের গৃহ নির্মাণের জন্য কলেজের উন্নয়নকল্পে আর্থিক বরাদ্দের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(২) উক্ত কলেজের অধ্যক্ষ বা অধ্যক্ষা নিয়োগের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) এই কলেজ বর্তমানে যে গৃহে অবস্থিত তাহা ক্রয় করিবার একটি প্রস্তাব সরকারের নিকট আসিয়াছিল। কিন্তু এই গৃহটি কলেজের জন্য ক্রয় করিলে তাহাতে স্থান সংকুলান হইবে না। ভবিষ্যতে প্রয়োজন হইলে এই গৃহের সম্প্রসারণও করা যাইবে না। কাজেই কলেজ গৃহের জন্য বিকল্প কোনও স্থান অনুসন্ধান করিতে কলেজ কর্তৃপক্ষকে অনুরোধ করা হইয়াছে।

(২) ডি. পি. আই-এর প্যানেল হইতে যে অধ্যক্ষের নাম কলেজে পাঠানো হইয়াছিল। তিনি ঐ পদে যোগদান করেন নাই। বর্তমানে কলেজ সার্ভিস কমিশন শূন্য অধ্যক্ষ পদগুলি পূরণের জন্য বিভিন্ন কলেজে নাম পাঠাইতেছেন। বর্তমান আইনানুযায়ী কলেজ কর্তৃপক্ষ এই ব্যাপারে কলেজ সার্ভিস কমিশনের কাছে সরাসরি যোগাযোগ করিবেন।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মুখ্যমন্ত্রী এই কলেজের ক্ষেত্রে যে পরামর্শ দিয়েছিলেন সেই পরামর্শ অনুযায়ী আপনার কাছে এই পরিকল্পনা এসেছে। আমার প্রশ্ন হচ্ছে সেই পরিকল্পনা কি পরিত্যক্ত হয়েছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এর উত্তর আমি আগেই দিয়েছি।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** নূতন করে জমি ঠিক করবার জন্য এই যে নোটিশ গিয়েছে, সেটা কবে গেছে বলবেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমি বলেছি কলেজ কর্তৃপক্ষ নূতন করে বিকল্প স্থান দেখিয়ে

দিয়ে সরকারের কাছে প্রস্তাব পাঠাবে।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** আমি জানি সে রকম কোনও চিঠি তাদের কাছে যায়নি। কাজেই দয়া করে বলুন জায়গা ঠিক করবার জন্য চিঠি কবে পাঠিয়েছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ চাই।

**শ্রী সন্দীপ দাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ওই কলেজের অধ্যক্ষ বা অধ্যক্ষর পদ কতদিন ধরে খালি রয়েছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** ডি. পি. আই. প্যানেল থেকে যাঁকে পাঠানো হয়েছিল তিনি যাননি। বর্তমানে কলেজ সার্ভিস শূন্য অধ্যক্ষের পদগুলি পূরণ করবার জন্য বিভিন্ন কলেজে নাম পাঠাচ্ছেন। কাজেই কলেজ কর্তৃপক্ষ এ ব্যাপারে কলেজ সার্ভিস কমিশনের সঙ্গে যোগাযোগ করবেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** সার্ভিস কমিশন হবার আগে থেকে পাঁচ বছর ধরে এই অধ্যক্ষের পদ খালি পড়ে আছে—সরকার কি এটা গুরুতর বিষয় বলে মনে করছেন না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** ডি. পি. আই. প্যানেল থেকে যাকে পাঠানো হয়েছিল তিনি জয়েন না করার জন্য এই অবস্থার সৃষ্টি হয়েছে। এখন কলেজ কর্তৃপক্ষকে কলেজ সার্ভিস কমিশনের সঙ্গে যোগাযোগ করতে হবে।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** অধ্যক্ষ কেন জয়েন করেননি? এটা হচ্ছে গার্লস কলেজ এখানে অধ্যক্ষ যাবেন, না, অধ্যক্ষা যাবেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** কারণ সম্পর্কে নোটিশ দিলে বলতে পারব। আর এখানে অধ্যক্ষ যেতে পারে আবার অধ্যক্ষাও যেতে পারেন।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** এখানে অধ্যক্ষ নিয়োগ করা হয়েছিল, বলে তিনি যাননি এই খবর আমাদের কাছে আছে। এটা তিনি খতিয়ে দেখবেন কিনা?

**(উত্তর নাই)**

## Supersession of Governing Bodies of Colleges

*190. (Admitted question No. *989.) **Shri Sandip Das :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) how many Governing Bodies of the Colleges in the State have been superseded so far since the present Government has come to power ; and

(b) how many Governing Bodies of the superseded Colleges have been elected ?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) বর্তমানে সরকারের আমলে ৪টি কলেজ সাময়িকভাবে অধিগ্রহণ করা হইয়াছে এবং উহাদের পরিচালক সমিতি বাতিল করিয়া প্রশাসক নিয়োগ করা হইয়াছে।

(খ) এই কলেজগুলি এখনও সরকারের অধিগ্রহণে আছে। সুতরাং কোনও কলেজেই পরিচালক সমিতির নির্বাচন হয় নাই।

**শ্রী সন্দীপ দাস ঃ** এই পরিচালন সমিতি নির্বাচনের জন্য সরকার কি কোনও কার্যকর ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** সরকার যে কলেজগুলি সাময়িকভাবে অধিগ্রহণ করেছিলেন সেগুলিকে পাকাপোক্তভাবে সরকারী অধীনে আনার কথা চিন্তা করছেন।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** যে কলেজগুলি আপনি অধিগ্রহণ করেছেন তাদের অ্যাডমিনিস্ট্রেটার কাদের কাদের নিয়োগ করেছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** শ্রী রামকৃষ্ণ সারদা বিদ্যামহাপীঠ কামারপুকুর হুগলি ১৯৭৩ সালে অধিগ্রহণ করা হয় এবং সেখানে অ্যাডমিনিস্ট্রেটার হচ্ছে এস. ডি. ও. আরামবাগ। এটি পূর্বতন সরকারের আমলে অধিগ্রহণ করা হইয়াছে। নেতাজীনগর কলেজ কলকাতা শ্রী অনিল বসাক অধ্যাপক, চারুচন্দ্র কলেজ কলকাতা, শ্রী অমিতেশ ব্যানার্জি এক্স-ইন্সপেক্টার অব কলেজেস কলকাতা বিশ্ববিদ্যালয়, ইতি বঙ্গবাসী গ্রুপ অব কলেজেস কলকাতার অ্যাডমিনিস্ট্রেটার। বিড়লা কলেজ অব সায়েন্স অ্যান্ড এডুকেশন-এ আছেন ডাঃ সুব্রত গুপ্ত অধ্যক্ষ যোগমায়া দেবী কলেজ, ইন্ডিয়ান কলেজ অব আর্টস অ্যান্ড ড্রাফটসম্যানশিপ কলেজে আছেন শ্রী নির্মল বসু এম. এল. এ. অধ্যাপক উলুবেড়িয়া কলেজ।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** প্রথম যে কলেজটির নাম করলেন সেই কলেজ সম্বন্ধে সিদ্ধান্ত নিয়েছিলেন পূর্বতন সরকার। আমার প্রশ্ন হচ্ছে সিদ্ধান্ত নেবার সময় ওদের দলের তরফ থেকে কোনও প্রতিবাদ হয়েছিল কিনা যে শিক্ষাকে সংকুচিত করা হচ্ছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমি বলছি এই ৫টি কলেজ যে অধিগ্রহণ করা হয়েছে তার মধ্যে এই সরকার ৪টি অধিগ্রহণ করেছে আর একটি পূর্বতন সরকার অধিগ্রহণ করেছে। সামগ্রিকভাবে সমস্ত কলেজ অধ্যাপকদের যে দাবি ছিল সেটাই মাত্র রূপ দেওয়া হয়েছে। কলেজ অধ্যাপকদের একমাত্র সংস্থা—ডব্লু. বি. সি. ইউ. টি. এ. তারা এই রামকৃষ্ণ সারদা বিদ্যামহাপীঠ, নেতাজীনগর কলেজ, বঙ্গবাসী গ্রুপ অব কলেজেস, বিড়লা কলেজ অফ সায়েন্স অ্যান্ড এডুকেশন সম্পর্কে প্রস্তাব নিয়েছিলেন এবং সেই প্রস্তাবকে মেনে নিয়েই এই সাময়িক অধিগ্রহণ করা হয়েছে। বর্তমানে পুরোপুরি এগুলিকে সরকারী কলেজ করার জন্য সরকার সচেষ্ট হয়েছেন।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কংগ্রেসি আমলে যে কলেজটি অধিগ্রহণ করা হয়েছিল সেই সময় ওদের দলের তরফ থেকে "শিক্ষা ক্ষেত্রে হস্তক্ষেপ করা হচ্ছে" এই বলে কোনও প্রতিবাদ উঠেছিল কিনা?

**(নো রিপ্লাই)**

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই সমস্ত কলেজের প্রশাসকদের বিরুদ্ধে কোনওরকম দুর্নীতির অভিযোগ আছে কিনা?

**মিঃ স্পিকার :** এই প্রশ্ন থেকে এই অতিরিক্ত প্রশ্ন আসে না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** কলেজ অব আর্টস যেখানে মাননীয় সদস্য শ্রী নির্মল বসু মহাশয় অ্যাডমিনিস্ট্রেটার সেখানে একজন—তার নামটা আমি বলছি না—ফুল টাইম ওয়ার্কার হিসাবে দু জায়গা থেকে মাহিনা ড্র করছেন পাবলিক এক্সচেকার, থেকে একথা সত্য কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এই প্রশ্ন থেকে এই সাপ্লিমেন্টারি প্রশ্ন আসে না।

**জেলা বিদ্যালয় পরিদর্শকের শূন্য পদ**

***১৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৯।) **শ্রী মনোরঞ্জন রায় :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১লা ফেব্রুয়ারি ১৯৮১ পর্যন্ত কোন কোন জেলায় জেলা বিদ্যালয় পরিদর্শকের পদ খালি আছে ; এবং

(খ) উক্ত পদগুলির পূরণের জন্য সরকারী নীতি ও পদ্ধতি কি?

**শ্রী পার্থ দে :**

(ক) ১লা ফেব্রুয়ারি ১৯৮১ পর্যন্ত নিম্নলিখিত জেলায় বিভিন্ন বিদ্যালয় পরিদর্শকদের পদগুলি খালি ছিল :—

জেলা পরিদর্শক

১। মালদা (মাধ্যমিক), ২। জলপাইগুড়ি (প্রাথমিক) ৩। দার্জিলিং (প্রাথমিক)।

অতিরিক্ত জেলা পরিদর্শক

১। কলকাতা, ২। ২৪-পরগনা, ৩। নদীয়া, ৪। হাওড়া, ৫। বর্ধমান, ৬। হুগলি, ৭। মেদিনীপুর।

সহকারী পরিদর্শকের পদ কোথায়ও খালি নাই। অপর পরিদর্শকের বেশ কিছু পদ সম্প্রতি বিভিন্ন জেলায় খালি হয়েছে।

(খ) পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে জেলা পরিদর্শকদের পদগুলিতে লোক মনোনয়ন করা হয় এবং সরকার ঐ পদগুলি পূরণ করেন।

দুই তৃতীয়াংশ পদ সহকারী পরিদর্শক হইতে পদোন্নতির দ্বারা এবং এক তৃতীয়াংশ পদ সরাসরি পূরণ করা হয়।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** এ. আই.-দের থেকে যে সমস্ত পদ পূরণ হয় ভি. আই. পদের সেই পদ পূরণ করার জন্য ডিপার্টমেন্টাল পরীক্ষার মাধ্যমে কোনও প্যানেল হয়েছিল কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** এক্ষেত্রে যে পদ পূরণ করা হয় সেগুলি হচ্ছে জেলা পরিদর্শক অথবা অতিরিক্ত জেলা পরিদর্শক। এই নির্বাচন পি.এস.সি দপ্তর করেন না।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** ইতিপূর্বের কোনও প্যানেল আছে কি?

**শ্রী পার্থ দে ঃ** পি. এস. সি. নির্বাচন করে শিক্ষা দপ্তরের কাছে পাঠিয়ে দেয় এবং তার পরে নিয়োগ করা হয়।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** এই পোস্টের জন্য কোনও প্যানেল আছে কি?

**শ্রী পার্থ দে ঃ** যখনই পদ খালি হয় তখনই আমরা পি. এস. সি.-কে জানাই এবং তারা সেইভাবে পাঠিয়ে দেয়। কি কি পদ খালি আছে তা আমি আগেই বলেছি। আপনি যেটা বলছেন, ওরকম কোনও ব্যাপার এখানে নেই।

**হলদিয়া শিল্প শহরে দুগ্ধ সরবরাহ ব্যবস্থা**

*১৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫২।) **শ্রী শিবনাথ দাস ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া শিল্প শহর এলাকায় দুগ্ধ চাহিদা মিটাইবার জন্য সরকারী কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** (ক) এই মুহূর্তে এইরূপ কোনও সরকারী পরিকল্পনা নেই, তবে বর্তমানে ওয়েস্ট বেঙ্গল পোলট্রি ডেভোলপমেন্টস কর্পোরেশন লিমিটেড সরকারী দোহশালা হইতে দুগ্ধ ক্রয় করিয়া হলদিয়া শিল্প-নগরীতে দুগ্ধ সরবরাহ করে। ঐরূপে ঐ নগরীর দুগ্ধ চাহিদা আংশিকভাবে মেটানো সম্ভব হইতেছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ওখানে একটি ডেয়ারি কর পরিকল্পনা গ্রহণ করা হবে কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মেদিনীপুর জেলায় মিল্ক প্রোডিউসারস কো-অপারেটিভ ইউনিয়ন লিমিটেড হয়েছে। ডেয়ারি পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশনের অধীনে-ও একটি ডেয়ারি হবে মেদিনীপুর জেলায়। সেখান থেকে ভবিষ্যতে হলদিয়াতে বা হলদিয়া শিল্পনগরীতে দুধ সরবরাহ

করা হবে। তবে ওখানে অসুবিধা হচ্ছে, ক্রমশ ওখানে জনসংখ্যা বেড়ে চলেছে। তথাপি ঐ ডেয়ারি থেকে এজেন্সির মাধ্যমে যতখানি সম্ভব হলদিয়া শিল্পনগরীতে দুধ সরবরাহ হবে। ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড-এর ডানকুনিতে যে ডেয়ারি আছে সেখান থেকেও হলদিয়া শিল্পনগরীতে আংশিকভাবে দুধ সরবরাহ করা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** হলদিয়ার চাহিদা কত?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** চাহিদা পরিমাপ করা সম্ভভ নয়। কারণ ওখানে প্রতি দিনই জন-বসতি বেড়ে চলেছে এবং সেই অনুপাতে চাহিদাও বেড়ে চলেছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মিল্ক প্রোডিউসারস কো-অপারেটিভ ইউনিয়ন থেকে যেরকম মেদিনীপুর জেলাতে ডেয়ারি করা হচ্ছে, সেরকম শুধু হলদিয়ার চাহিদার দিকে লক্ষ্য রেখে একটা ডেয়ারি করবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য আমি জানাতে চাইছি শুকনো ডাঙ্গায় ডেয়ারি করে কোনও লাভ নেই। এর দ্বারা জনসাধারণের দুধের চাহিদা মেটানো যায় না।

## বিভিন্ন বিদ্যালয়ে সরকার কর্তৃক ধার্য পরীক্ষার ফি

***১৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৮।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকার বিভিন্ন বিদ্যালয়ে পরীক্ষার ফি বাবদ বৎসরে কত টাকা ধার্য করিবার সুপারিশ করিয়াছেন?

**শ্রী পার্থ দে ঃ** বৎসরে পাঁচ টাকা।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** অর্দ্ধ বাৎসরিক এবং বাৎসরিক পরীক্ষার জন্য আপনি যে ৫ টাকা ধার্য করেছেন তাতে কি ছাপা খরচ উঠবে?

**শ্রী পার্থ দে ঃ** বিদ্যালয়গুলির অভ্যন্তরীণ যে পরীক্ষা হয় তাতে তারা যাতে সুবিধাজনক হারে কাগজ পেতে পারেন তারজন্য ব্যবস্থা করেছি এবং প্রত্যেক বিদ্যালয়কে সুলভ মূল্যে কাগজ অভ্যন্তরীণ পরীক্ষার জন্য দেওয়া হচ্ছে। কাজেই ৫ টাকায় দুটি পরীক্ষা নেওয়া যায় এই হিসাব আমার কাছে আছে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গুজব শোনা যাচ্ছে যে পরীক্ষা বন্ধ হয়ে যাচ্ছে—এই ঘটনা কি সত্যি?

**শ্রী পার্থ দে ঃ** কোন পরীক্ষা বন্ধ হয়ে যাচ্ছে তাতো বুঝলাম না।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** অনেক পল্লীগ্রামের বিদ্যালয়ে কোনও ক্লাসে ১৫ জন, কোথাও ২০ জন আবার কোথাও ৩০ জন ছাত্র থাকে। আমার প্রশ্ন হচ্ছে এই অল্প সংখ্যক ছাত্রদের জন্য ছাপা খরচ পূরণ হবে কি?

**শ্রী পার্থ দে ঃ** এই সম্পর্কে আমাদের পশ্চিমবাংলায় যতগুলি শিক্ষক সংগঠন আছে

তাদের সঙ্গে আমি আলোচনা করেছি। এই রকম মাঝে মাঝে প্রশ্ন তোলা হয় সেইজন্য আমি ঠিক করেছি সুনির্দিষ্ট হিসাব যদি কেউ দাখিল করেন যে সত্যি সত্যি পরীক্ষা করার জন্য কত খরচা হচ্ছে তাহলে আমি একটা সিদ্ধান্তে আসতে পারি কিন্তু আজ পর্যন্ত কোনও বিদ্যালয় থেকে আলাদাভাবে অথবা কোনও শিক্ষক সমিতি থেকে আলাদাভাবে কোনও হিসাব পাওয়া যায়নি যাতে করে বোঝা যাবে। তাই আমরা যা হিসাব করেছি, সরকারের তরফ থেকে সেটা ঠিক আছে—এটা ধরে নিতে হবে।

**শ্রী কৃষ্ণধন হালদার :** কেউ যদি ৫ টাকার বেশি নেয় তাহলে সেক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যায় কি? পরীক্ষার ফিটা অডিটে দেখানো যায় কিনা?

**শ্রী পার্থ দে :** এই সম্পর্কে আমরা যে নিয়ম করেছি—সমস্ত মাহিনা ছাড়া, বেতন ছাড়া, অন্যান্য ফি আদায় করার ক্ষেত্রে কতকগুলি নিয়ম বেঁধে দিয়েছি যে, এর বেশি গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে কেউ নিতে পারবে না। কেউ যদি নিয়ে থাকে তারজন্য ব্যবস্থা অবলম্বন করার রীতি এবং পদ্ধতি আছে। সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া যেতে পারে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিভিন্ন বিদ্যালয়গুলিকে এবং শিক্ষক সংগঠনগুলিকে তাদের পরীক্ষার ফি বাবদ কত খরচ হতে পারে তারজন্য আপনার তরফ থেকে বা আপনার দপ্তর থেকে তাদের কাছে কোনও মতামত আদায় করবার জন্য কোনও নির্দেশাবলী গেছে কি?

**শ্রী পার্থ দে :** এই সম্পর্কে প্রত্যেকটি শিক্ষক সংগঠনের কাছে হিসাব চাওয়া হয়েছে এবং বলা হয়েছে আপনাদের বেশি স্কুলের হিসাব দিতে হবে না মাত্র ২০টি স্কুলের হিসাব দিন যে সত্যি সত্যি কত খরচা হচ্ছে। কিন্তু ঐ বছরের মধ্যে কেউ হিসাব দেননি।

## Unstarred Questions

### (to which written answers were laid on the Table)

### Circular Rail

**21.** (Admitted question No. 74.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) Whether the State Government has conducted a cost benefit analysis of the proposal for construction of a Circular Railway to meet increasing commuter traffic in Calcutta ;

(b) If so—

(i) what are the findings and

(ii) what is the present position in the matter?

**Minister-in-charge of the Home (Transport) Department :** (a) Rail India Technical and Economic Services Ltd. (RITES) has been entrusted with techno-economic feasibility studies in respect of the Circular Railway project as well as four other Railway projects.

(b) (i) and (ii) Techno-economic feasibility studies by RITES with regard to the aforesaid projects are going on in full swing. Final report is yet to receive from RITES.

**Performance of Calcutta State Transport Corporation**

22. (Admitted question No. 75.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) The performance of Calcutta State Transport Corporation in the matter of—

(i) Fleet Utilisation (Percentage),

(ii) Vehicle Utilisation (KM per bus per day),

(iii) Bus Staff Ration and

(iv) Operating Cost (paise per KM) ;

(b) Whether the State Government has any information about the performance of the City Bus Undertakings in other States like BEST, Bombay, DTC, Delhi and PTC, Madras ; and

(c) If so, what is the performance of CSTC in the above matters as compared to the performances of other City Bus Undertakings in other States ?

**Minister-in-charge of the Home (Transport) Department :** (a) (i) 68.7%

(ii) City—145 KM. Long distance—245 KM.

(iii) 15 : 18 per bus.

(iv) Rs. 6,69.24p. pr KM. in the year 1978-79.

(b) The State Government has no information.

(c) The question does not arise.

**Participation of foreign and multinational units in Haldia Petro-chemical Complex**

23. (Admitted question No. 194.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) Whether there is any proposal to ask some multinational corporation and foreign firms to become equity partners in the proposed Petro-chemical complex at Haldia ;

(b) If so—

(i) what action has so far been taken by the State Government in the matter ; and

(ii) whether approval of the Government of India has been obtained the State Government in the matter ?

**Minister-in-charge of the Commerce and Industries Department :** (i) Notice inviting global tenders for Haldia Petro-chemicals asked the prospective bidders to indicate whether they will also be willing to contribute in equity. Some of the prospective bidders (Engineering Consulting firms) have agreed in principle for minority participation.

(b) (i) A negotiating team constituted by the Haldia Petro-chemicals advisory committee and approved by the State Government has been formed to finalise selection of bidders for the complex as well as all financial terms.

(ii) The approval of the Government of India to financial participation by the bidders will be taken in due course. The Government of India is however aware of the intention of such equity participation by foreign firms.

**List of Families of Martyrs**

24. (Admitted question No. 196.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Labour Department be pleased to refer to Govt. Circulars No. 129(60) L.W., dated 25th January, 1978 and No. 1033-EMP, dated 19th December, 1978 and to state—

(a) Whether the State Government has Compiled and communicated to the Employing Authorities the lists of the families which have lost any member as a result of participation in or

association with any political, democratic movement during the period from 1970 onwards i.e. after the fall of the second United Front Government ; and

(b) If so—

(i) the names and address of the persons included in such lists ;

(ii) whether, as stipulated in Government circular corrigendum) No. 1033-EMP. overriding priority and precedence over others has been provided to them in the matter of appointments in Government posts.

**Minister-in-charge of the Labour Department :** (a) and (b) (i) Compilation of the list is a continuous process. However, 635 persons have so far been identified accordingly. In terms of para, 3.2 of Labour Department G. O. No. 130 (60) – L.W., dated 25th January 1978, the Employing Authorities will get in touch with the Director, National Employment Service, West Bengal, for getting the names of such persons. As such it is not possible to furnish the names and other details.

(ii) Yes.

**প্রাথমিক শিক্ষাস্তরে নূতন পাঠক্রম চালু**

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪।) **শ্রী মনোহর তিরকি :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান শিক্ষাবর্ষে প্রাথমিক শিক্ষাস্তরে নূতন পাঠক্রম চালু করা হয়েছে কি ;

(খ) এই পাঠক্রম অনুসারে প্রাথমিক স্তরে (৬—১১ বৎসর বয়স্ক) কয়টি ভাষা শিক্ষার ব্যবস্থা আছে ; এবং

(গ) সেই ভাষাগুলি কি কি?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক শিক্ষাস্তরে মাতৃভাষা ভিন্ন দ্বিতীয় কোন ভাষা পাঠক্রম অন্তর্ভুক্ত হয় নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

**যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত বন্দির সংখ্যা**

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩।) **শ্রী মনোহর তিরকি :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কারাগুলিতে বর্তমানে 'যাবজ্জবীন দণ্ডপ্রাপ্ত' বন্দীর মোট সংখ্যা কত ; এবং

(খ) উহাদের মধ্যে (১) পুরুষ ও (২) মহিলার সংখ্যা কত?

**স্বরাষ্ট্র (কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পশ্চিমবঙ্গে কারাগারগুলিতে বর্তমানে যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত বন্দির সংখ্যা ৬৮৯ জন।

(খ) পুরুষ-বন্দির সংখ্যা ৬৭২ এবং স্ত্রী-বন্দির সংখ্যা ১৭।

**জলপাইগুড়ি জেলার চা বাগানে কয়লা সরবরাহ**

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫।) **শ্রী মনোহর তিরকি :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার চা বাগানগুলিতে ১৯৮০ সালের ১লা জানুয়ারি থেকে ২১শে ডিসেম্বর পর্যন্ত মোট কত টন কয়লা সরবরাহ করা হয়েছে ; এবং

(খ) ঐ কয়লার টন প্রতি দাম কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) জলপাইগুড়ি জেলার চা বাগানগুলিতে স্টিম কয়লা দেওয়া হয়। স্টিম কয়লার সরবরাহ খাদ্য ও সরবরাহ দপ্তরের মাধ্যমে হয় না।

(খ) উক্ত কয়লার মূল্য কোল ইণ্ডিয়া ঠিক করেন।

**Number of students receiving industrial training**

**28.** (Admitted question No. 256.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of students receiving training in different trades in the Industrial Training Institutes and Industrial Training, Centres spread over West Bengal as on 31st January, 1981 ; and

(b) the number of the team belonging to—

(i) Scheduled Castes,

(ii) Schedules Tribes, and

(iii) Muslim Community ?

**Minister-in-charge of the Labour Department :** (a) There are 7,000 such students.

(b) the number of students belonging to —

(i) Scheduled Caste is 519 ; and

(ii) Scheduled Tribe is 122 ;

(iii) As regards Muslim Community students, no such separate record is maintained as per DGET norms. But there are many Muslim students in these Industrial Training Institutes and Centres.

### Inter-State permits for public vehicles

**29**. (Admitted question No. 260.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether during the tenure of the present Government the State Transport Authority, West Bengal, has offered issued for public carrier vehicles registered in West Bengal, National permits, Zonal permits and substantive permits under bilateral transport agreement with other States for movement of public carrier vehicles on inter-State routes ;

(b) If so—

(i) the number of such permits issued by the State Transport Authority, West Bengal, during the tenure of the present Government (up to January 1981) ; and

(ii) number of such permits issued to members of the Muslim Community ?

**Minister-in-charge of the Home (Transport) Department :** (a) Yes.

(b) (i) Number of National permits issued during the period — 59, number of Zonal permits issued during the period—292, and Substantive

permits offered during the period—302.

(ii) This information cannot specifically be furnished as there is no provision for specifying this Community in the prescribe application forms for this purpose.

### Loan to the Commissioner of Wakfs

**30.** (Admitted question No. 272.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that the Government has sanctioned some loan to the Commissioner of Wakfs ; and

(b) If so—

(i) the amount sanctioned as loan,

(ii) the purpose for which such loan was sought and sanctioned, and

(iii) repayment, if any, made to Government ?

**Minister-in-charge of the Judicial Department :** (a) Yes.

(b) (i) Rupees one lakh.

(ii) To help the Board of Wakfs to tide over immediate financial crisis.

(iii) Nine instalments of Rs. 2,000 each have been repaid up to December, 1980.

### Mirik as a tourist resort

**31.** (Admitted question No. 278.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Tourism Department be pleased to state the steps taken by the Government to develop Mirik as a Tourist Resort ?

**Minister-in-charge of the Tourism Department :** The scheme for the Mirik Tourism Project envisages development of a Tourist complex around the lake at an altitude of more than 5,700 ft. Total cost involved estimated roughly at 68.00 lakhs. Land measuring about 335 acres was requisitioned for the purpose. Different departments, viz., PWD (Roads) Irrigation and Waterways Department, Public Health Engineering, Parks

and Gardens of Forest Directorate, Public Works (Electrical) including Tourism Department are involved. Construction of weir and motorable bridge (5.98 lakhs), construction of 3 kilometers circular foot walk (6.47 lakhs), paving of the foot walk (2.11 lakhs), construction of foot bridge (3.16 lakhs) have been completed. A Day Centre (5.32 lakhs) has already been commissioned. Administrative approval for 8.88 lakhs accorded for construction of ten Tourist cottages. Besides this, approval, for Youth Hostel at Mirik at about 12.00 lakhs also issued and the work was taken up last year. Construction of water supply system is still in progress (5.77 lakhs). For slush clearance and improvement of the fringe area of the lake (8.31 lakhs) action had already been initiated. Parks and gardens have been laid in the area at a cost of Rs. 3.56 lakhs.

Arrangement for fisheries and administrative building are also being made.

A management for purchase of eight fibre-glass boats at a cost of about Rs. 80,000 for plying in the Mirik Lake are being made.

**Excursion Subsidies to students**

32. (Admitted question No. 279.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of Tourism be pleased to state—

(a) if it is a fact that the State Government has granted excursion subsidies to students of the Schools and Colleges of rural and urban areas ;

(b) If so—

(i) the names of the Schools and Colleges who have received the benefits of such scheme during the period from 1st July, 1977 to January, 1981 ; and

(ii) the amount of excursion subsidy granted to them ?

**Minister-in-charge of the Tourism Department :** (a) Yes.

(b) (i) A list showing the names of the educational institutions is detailed below.

(b) (ii) (a) 1977-78—Rs. 72,449.82, 9b) 1978-79—Rs. 66,388.10, (c) 1979-80—Rs. 76,689.00 and (d) 1980-81—Rs. 47,619.00. up to 31-1-81.

Total—Rs. 2,63,145.92.

*Statement referred to clause (b) (i) of Question No. 32 (Admitted Question No. 279)*

**Subsidy sanctioned during 1977-78 (from 1st. July 1977)**

| Serial No. | Name of the schools and colleges | Subsidy sanctioned Rs. |
|---|---|---|
| 1. | Amar Krishna Pathsala, Bhatpara, 24-Parganas .. .. | 800 |
| 2. | Sindrani Sabitri High School, Sindrani, 24-Parganas .. .. | 800 |
| 3. | Gouhari Harijan Vidyamandir, Hooghly .. .. | 800 |
| 4. | Baidyapara High School Barisa, Calcutta-8 .. .. | 800 |
| 5. | Chaighoria Thakur Haridas Balika Vidyalaya, Chaighoria, 24-Parganas. . | 800 |
| 6. | Helencha High School, Helencha, 24-Parganas .. . | 800 |
| 7. | Sri Vidya Niketan, 9A Jatindra Mohan Avenue, Calcutta .. | 800 |
| 8. | Rakhaldas High School, Chaighoria, 24-Parganas .. .. | 800 |
| 9. | Tirol High School, Hooghly .. .. | 800 |
| 10. | Narayangarh Nabadwip Balika Vidyapith, Nabadwip, Nadia | 800 |
| 11. | Anandanagar Ramanath High School, Anandanagar, Hooghly .. | 800 |
| 12. | Gramya Hitakari Girls' High School, Andul, Howrah .. .. | 699.42 |
| 13. | Gobindapur Ratneswar High School, 24-Parganas .. .. | 800 |
| 14. | Hatuganj M. N K. High School, 24-Parganas . | 800 |
| 15. | Natibpur Bhudev Vidyalaya, Hooghly .. . | 800 |
| 16. | Vivekananda Balika Vidyalaya, Calcutta-4 .. .. | 800 |
| 17. | Beara High School, 24-Parganas .. . | 800 |
| 18. | Bongaon Ghosh Institution, 24-Parganas .. .. | 800 |
| 19. | Helencha Girls' High School, 24-Parganas . .. | 800 |
| 20. | Nasigram High School, Burdwan .. . | 800 |
| 21. | Kalyanbrata Sangha Junior High School, Howrah .. .. | 800 |
| 22. | Tarakeswar Girls' High School, Tarakeswar, Hooghly .. .. | 400 |
| 23. | Kalitola Bani Mandir High School, 24-Parganas .. .. | 800 |
| 24. | Kamarhati Siksha Niketan, Burdwan .. .. | 800 |
| 25. | Jagacha High School, Howrah .. .. | 790.40 |
| 26. | Rabindra Bharati University (Political Science Department) Calcutta-7. .. | 800 |
| 27. | Makhla High School, Hooghly .. .. | 800 |
| 28. | Habra Model School, 24-Parganas .. .. | 800 |
| 29. | Belda Gangadhar Academy, Midnapore .. .. | 800 |
| 30. | Prafullanagar Balika Vidyalaya, Habra, 24-Parganas .. .. | 800 |
| 31. | Lohai Sammilani Vidyaniketan, Burdwan .. .. | 768 |

| Serial No. | Name of the schools and colleges | Subsidy sanctioned Rs. |
|---|---|---|
| 32. | Hanschora S. B. Girls' High School, Midnapore | 800 |
| 33. | Chaknan Pallishree Sikshaniketan, Midnapore | 800 |
| 34. | Gandhi Sevasangha Buniadi Madhyamik Vidyalaya, Calcutta-48 | 800 |
| 35. | Media Bastuhara High School, 24-Parganas | 1,000 |
| 36. | Sukchar Satadal Balika Vidyayatan, 24-Parganas | 700 |
| 37. | Ashoknagar Bharati Balika Vidyamandir, 24-Parganas | 1,000 |
| 38. | Panskura Bradly Birt High School, Midnapore | 1,000 |
| 39. | Bhudev Smriti Balika Vidyalaya, 24-Parganas, Maslendupur, 24-Parganas | 980 |
| 40. | Radhakantapur High School, Midnapore | 1,000 |
| 41. | Dum Dum Sri Arabinda Vidyamandir, Calcutta-7 | 1,000 |
| 42. | Purbanchal, Jr. High School, 24-Parganas | 1,000 |
| 43. | Yogoda Satsanga Palpara Balika Vidyalaya, Midnapore | 982 |
| 44. | Togoda Satsanga Palpara Mahavidyalaya, Midnapore | 1,000 |
| 45. | Deshbandhu Vidyalaya, Calcutta-7 | 1,000 |
| 46. | Nagari High School, Birbhum | 1,000 |
| 47 | Charghat Milanmandir Vidyapith, 24-Parganas | 1,000 |
| 48 | Ramkrishnapur Radhanagar High School, 24-Parganas | 1,000 |
| 49 | Naihati Adarsha Bidya Niketan, 24-Parganas | 850 |
| 50 | Paruldanga Nasarat High School, Burdwan | 450 |
| 51. | Namaldiha High School, Midnapore | 1,000 |
| 52. | Adharmani Dutta Bidyamandir, Hooghly | 1,000 |
| 53. | Aswininagar Desapriya Vidyamandir, 24-Parganas | 985 |
| 54. | Boinchi B.L. Mukherjee Free Institution, Hooghly | 805 |
| 55. | Uchalan High School, Burdwan | 1,000 |
| 56. | Sonamui Fatehnahar High School, Howrah | 700 |
| 57 | Hatkalna-Gajalakshmi High School, Burdwan | 1,000 |
| 58. | Amarshi Raghunath High School, Midnapore | 1,000 |
| 59 | Golta High School, Hooghly | 1,000 |
| 60. | Gobindapur R. K. High School, Hooghly | 1,000 |
| 61. | Prafullanagar Vidyamandir, 24-Parganas | 1,000 |
| 62. | Debinagar Sree Gouranga Vidyapith, 24-Parganas | 1,000 |
| 63. | Khalina High School, Midnapore | 800 |
| 64. | Jamgram Janarnan Institution, Hooghly | 1,000 |
| 65. | Jhanjia Gopal Chandra High School, Midnapore | 1,000 |
| 66. | Bajeshipur B. K. Paul's Institution, Howrah | 1,000 |
| 67. | Dighara Haridayal Vidyapith, Duttapukur, 24-Parganas | 1,000 |
| 68. | Taltola High School, Calcutta-14 | 888 |

| Serial No. | Name of the schools and colleges | Subsidy sanctioned Rs. |
|---|---|---|
| 69. | Bagnabarh High School, Midnapore .. .. | 1,000 |
| 70. | Akra-Krishnanagar Balika Vidyalaya, Batanagar, 24-Parganas .. | 270 |
| 71. | Chandanpur Ananda Institution, Midnapore .. .. | 1,000 |
| 72. | Kalyangarh Balika Vidyalaya, 24-Parganas .. .. | 1,000 |
| 73. | Baikunthapur High School via Kashinagar, 24-Parganas .. .. | 1,000 |
| 74. | Saptapalli Deshbandhu Balika Vidyalaya, P.O. Habra, 24-Parganas .. | 1,000 |
| 75. | Mozepur Bharati Bidyamandir, Hooghly .. .. | 1,000 |
| 76. | Kotalpur High School, Kumrul, Hooghly .. .. | 1,000 |
| 77. | Panchgechia Joyramchak Gosthabehari Vidyapith .. .. | 982 |
| 78. | Kalava High School, Midnapore .. .. | 1,000 |
| 79. | Bathuaus Adarsha Vidyapith, Midnapore .. .. | 1,000 |
| 80. | Nabinmanna Iswar Chandra Junior High School, Midnapore .. | 800 |
| 81. | Srikrishna College, Bagula, Nadia .. .. | 600 |
| 82. | Ranighar Jyotishpur High School, 24-Parganas .. . | 1,000 |
| 83. | Natagarh Junior High School, Hooghly .. .. | 1,000 |
| | Total .. | 72,449.82 |

*Subsidy sanctioned during 1978-79*

| Sl. No. | Name of the Schools and Colleges | Subsidy sanctioned |
|---|---|---|
| 1. | Ranaghat Anchal High School, 24-Parganas .. .. | 1,000 |
| 2. | Bajitpur High School, 24-Parganas .. .. | 1,000 |
| 3. | Mondalpara High School, 24-Parganas .. .. | 1,000 |
| 4. | Joteram Vidyapith High School, Burdwan .. .. | 806 |
| 5. | The Oriental Seminary, Calcutta-6 .. .. | 1,000 |
| 6. | Bhupatinagar Kanya Vidyalay, Midnapore .. .. | 1,000 |
| 7. | Kusumpur Adarsha Uchcla Vidyalay for Girls, 24-Parganas .. | 550 |
| 8. | Tollygunj Girls' High School, Calcutta-33 .. .. | 1,000 |
| 9. | Malidaha High School, 24-Parganas .. .. | 1,000 |
| 10. | Sree Chaitanya College of Commerce, 24-Parganas .. .. | 1,000 |
| 11. | Bagdah High School, 24-Parganas .. .. | 1,000 |
| 12. | Bongaon Kumudini Uchha Balika Bidyalaya, 24-Parganas .. | 1,000 |
| 13. | Balarampur Monmatha Vidyamandir, 24-Parganas .. .. | 1,000 |
| 14. | Gaighata High School, 24-Parganas .. .. | 984 |
| 15. | Ramchandrapur Pallymongal Vidyapith, 24-Parganas .. .. | 1,000 |
| 16. | Gopalnagar Haripada Instituion, 24-Parganas .. .. | 1,000 |
| 17. | Mohati Debichak Vivekananda Sikshaniketan, Midnapore.. .. | 1,000 |

| Serial No. | Name of the schools and colleges | Subsidy sanctioned Rs. |
|---|---|---|
| 18. | Kumarpur Hateswar High School, Midnapore | 1,000 |
| 19. | Morakhana High School, Hooghly | 1,000 |
| 20. | Ganipur Madhyamik Balika Vidyalay, 24-Parganas | 800 |
| 21. | Dakshin Nangla Balika Vidyalaya, 24-Parganas | 1,000 |
| 22. | Multipurpose Govt. Girls' High School, Calcutta-27 | 1,000 |
| 23. | Nawabganj Balika Vidyalaya, 24-Parganas | 850 |
| 24. | Prafulla Sen Girls High School, 24-Parganas | 1,000 |
| 25. | Badla High School, Burdwan | 1,000 |
| 26. | Pandua Radharani Girls High School, Hooghly | 997 |
| 27. | Khanduh Mohakali High School, Howrah | 1,000 |
| 28. | Uttarpara Union High School, Hooghly | 676.50 |
| 29 | Khadimpur Girls High School, West Dinajpur | 1,000 |
| 30. | Debipur Station High School, Burdwan | 1,000 |
| 31. | Harishnagar High School, Hooghly | 400 |
| 32. | Debipur Station Girls High School, Burdwan | 1,000 |
| 33. | Kamalpur High School, Hooghly | 1,000 |
| 34. | Gourhati Haradas Institution, Hooghly | 1,000 |
| 35. | Sri Bidyaniketan Jr. High School, Calcutta-6 | 1,000 |
| 36 | Sri Bidyaniketan Girls' High School, Calcutta-6 | 1,000 |
| 37. | Mathurapur Arya Vidyapith, 24-Parganas | 1,000 |
| 38. | Mukherjeechak B. D. High School, 24-Parganas | 1,000 |
| 39 | Bagati Shib Chandra Banerjee Girls, High School, Hooghly | 1,000 |
| 40. | Dannyasri K. C. High School, Midnapore | 1,000 |
| 41. | Bansdrani Chakdah Balika Vidyamandir, 24-Parganas | 487.20 |
| 42. | Hatiara High Madrasah, 24-Parganas | 1,000 |
| 43. | Narayanpur High School, 24-Parganas | 1,000 |
| 44. | Duliapur Pallisri Banimandir, Midnapur | 983 |
| 45. | Bhatpara Mondal Girls' High School, 24-Parganas | 860 |
| 46. | Ullakalsara Kadua High Madrasah, 24-Parganas | 1,000 |
| 47. | Maldanga Rajendra Memorial Institution, Burdwan | 1,000 |
| 48. | Majilpur J. M. Training School, 24-Parganas | 750 |
| 49. | Parulia Modern High School, Midnapur | 1,000 |
| 50. | Balarampur Manmothanath Vidyamandir, 24-Parganas | 1,000 |
| 51. | Subhasnagar Gouri Sundari Balika Vidyapith, 24-Parganas | 1,000 |
| 52. | Balia Nafar Chandra Balika Vidyalaya, 24-Parganas | 1,000 |
| 53. | Kulgeria High Madrasah, Burdwan | 1,000 |
| 54. | Ganrapota High School, 24-Parganas | 1,000 |
| 55. | Uluberia High School, Howrah | 869.30 |

| Sl. No. | Name of the Institutions and address | | Amount Rs. |
|---|---|---|---|
| 56. | Kulgeria Girls' Jr. High Madrash, Burdwan | .. .. | 600 |
| 57. | Chandrapur Central High School, Burdwan | .. .. | 979.50 |
| 58. | Sontoshpur Shyamaprosad Vidyalaya, Calcutta | .. .. | 1,000 |
| 59. | Rathtola Fingapara High School, 24-Parganas | .. .. | 979.60 |
| 60. | Danapur High Madrasah, 24-Parganas | .. .. | 1,000 |
| 61. | Barisa High School, Barisha, Calcutta-8. | .. .. | 1,000 |
| 62. | Marnai S. C High School, West Dinajpur | .. .. | 884.50 |
| 63. | Bejoy Krishna Girls' College, Howrah | .. .. | 431.50 |
| 64. | Sundarika Dr Haripada Maity Memorial School, 24-Parganas | .. | 1,000 |
| 65. | Habra High School, 24-Parganas | .. . | 1,000 |
| 66. | Shri Chaityna College of Commerce, Habra, 24-Parganas | .. | 1,000 |
| 67. | Kalyangarh Vidyamandir, 24-Parganas | .. .. | 1,000 |
| 68. | Sushil Kr. College, 24-Parganas | .. .. | 1,000 |
| 69. | Kalyangarh Sanskrit Sangha Balika Vidyalaya, 24-Parganas | .. | 1,000 |
| 70 | Jadavpur Girls' High School, Calcutta | .. .. | 500 |
| 71. | Nona Chandrapukur Manmathnath Girls' School, 24-Parganas | .. | 1,000 |
| | Total | .. | 66,388.10 |

*Subsidy sanctioned during the year 1979-80*

| Sl. No. | Name of the Institutions and address | | Amount Rs. |
|---|---|---|---|
| 1. | Patashpur Haracharan Vidyapth, Midnapore | .. .. | 920 |
| 2. | Sree Vidyaniketan, Calcutta-6 | .. .. | 1,000 |
| 3. | Vivekananda Balika Vidyalaya, Calcutta-4 | .. .. | 1,000 |
| 4. | Amarshi Brindaban Chandra Girls' School, Midnapore | .. .. | 1,000 |
| 5. | Jamgram Janardan Institution, Hooghly | .. .. | 1,000 |
| 6. | Amarshi aghunath High School, Midnapore | .. .. | 1,000 |
| 7. | Chetla Sri Aravinda Vidyapith, Calcutta-27 | .. .. | 1,000 |
| 8. | Kalyanbata Sangha, Jr. High School, Howrah | .. .. | 550 |
| 9. | Belda Gana Academy, Midnapur | .. .. | 1,000 |
| 10. | Boichi B. L. Mukherjee's Free Instituion, Burdwan | .. .. | 675 |
| 11. | Uttarpara Girls' High School, Hooghly | .. .. | 1,000 |
| 12. | Seva sanga Buniadi Madhyamic Gidyalaya, Calcutta-48 | .. .. | 1,000 |
| 13. | Satgachia Sreedhar Abinash Institution, Burdwan | .. .. | 1,000 |
| 14. | Menoka Smriti Vidyamandir, Howrah | .. .. | 1,000 |
| 15. | Annapurana Balika Vidyalaya, 24-Parganas | .. .. | 1,000 |
| 16. | Purbanchal Jr. High School, 24-Parganas | .. .. | 1,000 |

| Sl. No. | Name of the Institutions and address | Amount Rs. |
|---|---|---|
| 17. | Gandhabeduli Aghore Kamini Institutional 24-Parganas | 1,000 |
| 18. | Hathuba Kalibala Kanya Vidyapith, 24-Parganas | 1,000 |
| 19. | Satapally Deshbandhu Balika Vidyalaya, 24-Parganas | 1,000 |
| 20 | Tiljala Brajonath Vidyapith, Calcutta-39 | 980 |
| 21. | Tirol High School, Hooghly | 982.50 |
| 22. | Kumudia Jr. High School, 24-Parganas | 1,000 |
| 23. | Boangaon Ghosh Institution, 24-Parganas | 1,000 |
| 24. | Beera High School, 24-Parganas | 1,000 |
| 25. | Helenchal High School, 24-Parganas | 1,000 |
| 26. | Chaigoria Rakhaldas High School, 24-Parganas | 975 |
| 27. | Belta Jr. High School, 24-Parganas | 1,000 |
| 28. | Gopalnagar Giribala Balika Vidyalaya, 24-Parganas | 1,000 |
| 29. | Pingla Jogendra Nath Memorial Girls' Jr. High School, Midnapur | 1,000 |
| 30. | Charghat Milanmandir, 24-Parganas | 1,000 |
| 31. | Habra Model High School, 24-Parganas | 1,000 |
| 32. | Halishar Adarsha Vidyapith, 24-Parganas | 1,000 |
| 33. | Bansdroni Benoy Balika Vidyalaya, 24-Parganas | 1,000 |
| 34 | Badla Girls' High School, Burdwan | 979 |
| 35. | Janaphul High School, 24-Parganas | 1,000 |
| 36. | Vishnupur Sir Ramesh Institution, 24-Parganas | 1,000 |
| 37. | Pravabati Balika Vidyalaya, Hooghly | 1,000 |
| 38. | Bishnupur Sri Ramkrishna Vidyatan, Midnapore | 900 |
| 39. | Behala Sarada Vidyapith for Girls, Calcutta | 1,000 |
| 40-41. | Uttar Dum Dum vidyapith for Girls, Calcutta-51 | 800 |
| 42. | Narganpur High School, 24-Parganas | 1,000 |
| 43. | Debinagar Balika Vidyalaya, 24-Parganas | 1,000 |
| 44. | Dasghora High School, Hooghly | 923 |
| 45. | Chandpur Ananda Institution, Midnapur | 1,000 |
| 46. | Madhabpur Junior High School, 24-Parganas | 1,000 |
| 47. | Golta High School, Hooghly | 1,000 |
| 48. | Chetla Girls' High School, Calcutta-27 | 1,000 |
| 49. | Jaynagar Institution for Girls, 24-Parganas | 1,000 |
| 50. | Prafullayanagar Vidyamandir, 24-Parganas | 1,000 |
| 51. | Lakshipur Swamiji Seva Sangha High School, 24-Parganas | 1,000 |
| 52. | Ashokenagar Bharati Balika Vidyamandir, 24-Parganas | 1,000 |
| 53. | Kajla Rabindra Siksha Niketan, 24-Parganas | 1,000 |
| 54. | Kalyangar Balika Vidyalaya, 24-Parganas | 1,000 |

[2nd March, 1981]

| Sl. No. | Name of the Institutions and address | | | Amount Rs. |
|---|---|---|---|---|
| 55. | Bhimeswai Uccha Sikshaniketan, Midnapur | .. | .. | 1,000 |
| 56. | Sasthapally Sambhunath High School, Midnapur | .. | .. | 1,000 |
| 57. | Ma Saadamoni Vidyapith for Girls, 24-Parganas | .. | .. | 1,000 |
| 58. | Debinagar Sree Gouranga Vidyapith, 24-Parganas | .. | .. | 1,000 |
| 59. | Parulia High School, Midnapur | .. | .. | 1,000 |
| 60. | Sree Krishna Vidyalaya, Calcutta | .. | .. | 1,000 |
| 61. | Rajarhat Sikshaniketan, 24-Parganas | .. | .. | 1,000 |
| 62. | Namaldiha High School, 24-Parganas | .. | .. | 1,000 |
| 63. | Hutugunj Moharaja Narendra Krishna High School, 24-Parganas | | .. | 1,000 |
| 64. | Sinthee Sikshayatan for Boys High School, Calcutta | .. | .. | 750 |
| 65. | Naipur Santisuda High School, Midnapur | .. | .. | 1,000 |
| 66. | Baisnabdanga Shri Gouranga Vidyapith, Burdwan | .. | .. | 1,000 |
| 67. | Mohanpur High School, Midnapur | .. | .. | 1,000 |
| 68. | Chakpara Sarodadebi Girls' High School, Howrah | .. | .. | 1,000 |
| 69. | Batashpur High School, Burdwan | .. | .. | 1,000 |
| 70. | Kalyangarh Sanskrit Sanga Balika Vidyalaya, 24-Parganas | | .. | 982 |
| 71. | Dighara Haradyal Vidyapith, 24-Parganas | .. | .. | 1,000 |
| 72. | Nawpara High School, Nadia | .. | .. | 1,000 |
| 73. | Geokhali High School, Midnapur | . | .. | 950 |
| 74. | Girindra Balika Vidyalaya, Calcutta | .. | .. | 1,000 |
| 75. | Garifa Girls High School, 24-Parganas | .. | .. | 1,000 |
| 76. | Jaytara Kaliguru Vidyamandir, 24-Parganas | .. | .. | 897.50 |
| 77. | Tegharia Sikshayatan High School, Calcutta | .. | .. | 775 |
| 78. | Kashinagar High School, 24-Parganas | .. | .. | 1,000 |
| 79. | Khari Gurusindhu Balika Vidyapith, 24-Parganas | .. | .. | 1,000 |
| 80. | Gadavpur Girls' High School, Calcutta-32 | .. | .. | 1,000 |
| 81. | High School, | .. | .. | 750 |
| | Total | | .. | 76,689.60 |
| 1. | The Oriental Seminary Calcutta-6 | .. | .. | 1,000 |
| 2. | Bhadrakali Deshapriya Vidyamandir, P. O. Bhadrakali, district Hooghly | .. | .. | 312 |
| 3. | Malidaha High School, P. O. Malidaha, district 24-Parganas | | .. | 1,000 |
| 4. | Digra Mallichati Deshbandu Vidyapith, P. O. Bhadrakali, Hooghly | | .. | 1,000 |
| 5. | Dhakuria High School (Chandpara), P. O. Dhakuria, district 24-Pargnanas | | .. | 1,000 |
| 6. | Kasthasalim Nivanani High School, P. O. Kasthasali, district Burdwan | | .. | 972 |

| Sl. No. | Name of the Institutions and address | | | Amount Rs. |
|---|---|---|---|---|
| 7. | Chinsurah Bharati Bidya Bhavan Girls' School, Chinsurah, Hooghly | | .. | 800 |
| 8. | Bagdah High School, district 24-Parganas | .. | .. | 1,000 |
| 9. | Nashipur High Madasa, district Murshidabad | .. | .. | 1,000 |
| 10. | Katsihi High School, P. O. Katsihi, district Burdwan | .. | .. | 507 |
| 11. | Tilkhoja Baikuntha Vidyayatan, district Midnapore | .. | .. | 1,000 |
| 12. | Mohati Devichak Vevekananda Siksha Niketan, district Midnapore | .. | | 1,000 |
| 13. | Gour Hari Harijan Vdyamandir, district Hooghly | .. | .. | 1,000 |
| 14. | Audulia Shri Shri Ramkirshna Junior High School, district Midnapore | | .. | 900 |
| 15. | Hindu School, Calcutta | .. | .. | 360 |
| 16. | Narayanbarh High School, district Midnapore | .. | .. | 1,000 |
| 17. | Chandrahati Dilip Kumar High School, district Hooghly | | .. | 925 |
| 18. | Khanpur High School, Calcutta-47 | .. | .. | 982 |
| 19. | Nasigram High School, district Bankura | .. | .. | 982 |
| 20 | Kamalpur High School, district Hooghly | .. | .. | 1,000 |
| 21. | Rabindra Smriti Sarba Dhatri Vidaya Niketan, district Hooghly | | .. | 985 |
| 22. | Ashimigarh Deshapriya Vidyamandir, district 24-Parganas | | .. | 1,000 |
| 23 | Painta Jagat Mohan High School, district Burdwan | .. | .. | 911 |
| 24 | Kasundia Mahakali Balika Bidyalaya, Howrah | .. | .. | 750 |
| 25 | Chanda Lalitmohan Jr. High School, 24-Paganas | .. | .. | 1,000 |
| 26 | Narendranath Vidyapith, 24-Parganas | .. | .. | 1,000 |
| 27. | Kapashati Milan Bithi Junior High School, 24-Parganas | .. | .. | 1,000 |
| 28. | Fulbari Aminia High Madrash, 24-Parganas | .. | .. | 540 |
| 29. | Bazarpur Ramkrishna High School, district Midnapore | .. | .. | 1,000 |
| 30. | Narayanbarh Girls, Junior High School, district Midnapur | | .. | 1,000 |
| 31. | Suria Moulana Azad High School, district 24-Parganas | .. | .. | 1,000 |
| 32 | Jaigachi Shyamaprasad Bidyayatan, district 24-Parganas | .. | .. | 1,000 |
| 33. | Goinathpur Saroj Basini High School, Bankura | .. | .. | 1,000 |
| 34. | Kumarpur Hateswar High School, Midnapur | . | .. | 1,000 |
| 35. | Bajkul Balai Chandra Vidyapith, Midnapur | .. | .. | 830 |
| 36. | Hat Kalna Gajalakhmi Junior High School, district Burdwan | | .. | 1,000 |
| 37. | Gourandi R. K. S., district Burdwan | .. | .. | 1,000 |
| 38. | Tulia Sitala Model High School, district Midnapur | .. | .. | 1,000 |
| 39. | Khalia Gopimohan Siksha Sadan, district Howrah | .. | .. | 1,000 |
| 40. | Bazarpur Balika Vidyapith, district Midnapur | .. | .. | 1,000 |
| 41. | Simulpur Anandapara Nara Vidyapith, 24-Parganas | .. | .. | 1,000 |
| 42. | Mandalpara High School, 24-Parganas | .. | .. | 1,000 |
| 43. | Balarampur Manmatha Nath Vidyamandir, 24-Parganas | .. | .. | 876 |

| Sl. No. | Name of the Institutions and address | | | Amount Rs. |
|---|---|---|---|---|
| 44. | Danapur High Madrasah, district 24-Parganas | .. | .. | 987 |
| 45. | Kachua Deshabandhu High School, 24-Parganas | .. | .. | 1,000 |
| 46. | Chandpur High School, 24-Parganas | .. | .. | 1,000 |
| 47. | Kamarthuba Vivekananda idyapith, district 24-Parganas | .. | .. | 1,000 |
| 48. | Belar Bhurkunda Junior High School, district Burdwan | .. | . | 1,000 |
| 49. | Debipur Station Girls' High School, district Burdwan | .. | .. | 1,000 |
| 50. | Kaileswarpur Junior High School, district 24-Parganas | .. | . | 1,000 |
| 51. | Baruipur Girls' High School, 24-Parganas | .. | .. | 1,000 |
| | | Total | .. | 47,619 |

## Electrification in Bhagabanpur blocks

**33.** (Admitted question No. 361.) **Shri Haripada Jana (Bhagabanpur) :** Will the Minister-in-charge of Power Department be pleased to state—

Whether the Government has any proposal to provide electric connection in Bhagabanpur-I and II Blocks during the year 1981-82 ?

**Minister-in-charge of the Power Department :** There are two schemes sanctioned by Rural Electrification Corporation Ltd., to provide electric connections in Bhagabanpur-I and II Blocks under Midnapore district, which are already under implementation.

## জেলাগুলিতে পানীয় জল প্রকল্প

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৭।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ সালে কোন জেলায় পানীয় জল প্রকল্প নেওয়া হয়েছে ;

(খ) উক্ত প্রকল্পের অধীন পশ্চিম দিনাজপুর জেলার তপন থানাকে লওয়া হয়েছে কি না ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কতদিনের মধ্যে উক্ত প্রকল্প চালু হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক), (খ) ও (গ) প্রশ্নের উত্তর তালিকায় দেওয়া হইল।

*Statement referred to in Clause 'Ka' and 'Ga' of question No. 34 (Admitted question No. 377)*

(ক) পশ্চিমবাংলার গ্রাম্য এলাকার জন্য ১৯৭৯-৮০ সালে ১৮টি এবং ১৯৮০-৮১ সালে ৫২টি নলবাহিত পানীয় জল প্রকল্প নেওয়া হয়েছে। জেলাভিত্তিক অনুমোদনের সংখ্যা এইরূপ ঃ—

(১) ১৯৭৯-৮০ সালে

| | | | |
|---|---|---|---|
| বীরভূম | ... | ... | ১টি |
| ২৪-পরগনা | ... | ... | ৪টি |
| মুর্শিদাবাদ | ... | ... | ২টি |
| হুগলি | ... | ... | ১টি |
| নদীয়া | ... | ... | ১টি |
| জলপাইগুড়ি | ... | ... | ১টি |
| হাওড়া | ... | ... | ২টি |
| মালদা | ... | ... | ২টি |
| মেদিনীপুর | ... | ... | ৩টি |
| পশ্চিম দিনাজপুর | ... | ... | ১টি |
| | | | ১৮টি |

(২) ১৯৮০-৮১ সালে

| | | | |
|---|---|---|---|
| ২৪-পরগনা | ... | ... | ৩টি |
| মুর্শিদাবাদ | ... | ... | ৪টি |
| হাওড়া | ... | ... | ১টি |
| হুগলি | ... | ... | ১টি |
| মেদিনীপুর | ... | ... | ২টি |
| বাঁকুড়া | ... | ... | ১টি |
| বর্ধমান | ... | ... | ২টি |
| মালদা | ... | ... | ৫টি |
| জলপাইগুড়ি | ... | ... | ২টি |
| কুচবিহার | ... | ... | ৩টি |
| দার্জিলিং | ... | ... | ২৬টি |
| নদীয়া | ... | ... | ২টি |
| | | | ৫২টি |

(খ) না, তপন থানাতে এখনও কোনও নলবাহিত জলসরবরাহ প্রকল্প অনুমোদিত হয় নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

### নেতাজীর চেয়ার

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৯।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্রহ্মদেশ থেকে আনীত নেতাজীর চেয়ার বর্তমানে কোথায় রক্ষিত আছে ; এবং

(খ) "লালকেল্লায়" নেতাজীর চেয়ার স্থাপনের প্রস্তাব এখনও বাস্তবায়িত না হওয়ার কারণ কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) নেতাজীর চেয়ারটি ব্রহ্মদেশ সরকার ভারত সরকারকে উপহার দিয়েছিলেন। পশ্চিমবঙ্গ সরকার এটি কলকাতায় সর্বসাধারণকে প্রদর্শনের ব্যবস্থা করেছিলেন। তারপর আগস্ট (১৯৮০) মাসে এটি ভারত সরকারের নির্দেশমতো তাদের প্রতিনিধির হাতে তুলে দেওয়া হয়েছে এবং বর্তমানে কলকাতায় ভারতীয় যাদুঘরে আছে।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের অনুরোধে প্রধানমন্ত্রী এটি লালকেল্লায় সংরক্ষণের প্রস্তাব অনুমোদন করেছেন এবং সংশ্লিষ্ট বিভাগ সে ব্যবস্থা করছেন।

### ধূলাগড়ি মোড়ে বাস স্টপেজে প্যাসেঞ্জার শেড

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৪।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার ধূলাগড়ি মোড়ে বাস স্টপেজের জন্য প্রস্তাবিত প্যাসেঞ্জার শেড-এর নির্মাণকার্য কবে নাগাদ আরম্ভ হবে ;

(খ) উক্ত কাজের জন্য কত টাকা মঞ্জুর হয়েছে ; এবং

(গ) "রানীহাটা" এবং "আমতায়" এই ধরনের শেড নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) এরূপ কোনও প্রস্তাব এখন পর্যন্ত এই বিভাগে গৃহীত হয় নাই সুতরাং ঐ অঞ্চলে কবে নাগাদ প্যাসেঞ্জার শেড তৈরি হবে তাহা এখনই বলা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) এই অঞ্চলে প্যাসেঞ্জার শেড নির্মাণের পরিকল্পনা বর্তমানে এই বিভাগে নেই।

**জুজারসা (হাওড়া) পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম**

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৭।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জুজারসা (হাওড়া) পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমের জন্য সরকার কর্তৃক জমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হয়েছে কি না ;

(খ) উক্ত জমি গ্রহণের কাজ বিলম্বের জন্য মঞ্জুরীকৃত অর্থে স্কীমটি সম্পন্ন করা সম্ভব হবে কি না ; এবং

(গ) উক্ত স্কীমের কাজটি কতদিনে আরম্ভ হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) এখনই বলা সম্ভব নয়।

(গ) জমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হলেই কাজটি আরম্ভ করা যাবে।

**শস্যবিমা প্রকল্প**

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৪।) **শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত পশ্চিমবঙ্গের মোট কয়টি থানায় শস্যবিমা প্রকল্প চালু করা হয়েছে ;

(খ) আগামী আর্থিক বছরে অতিরিক্ত কতগুলি থানায় এই প্রকল্প চালু করার সম্ভাবনা আছে ; এবং

(গ) এই প্রকল্প চালু হওয়ার জন্য চলতি আর্থিক বছরে সরকারকে কি পরিমাণ আর্থিক দায়িত্ব বহন করতে হয়েছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** ৩১এ জানুয়ারি ১৯৮১ পর্যন্ত আমন ধানের জন্য মোট ১০০টি থানায়, বোরো ধানের জন্য ৪০টি থানায় এবং আলুর জন্য ২৩টি মহকুমায় শস্যবিমা প্রকল্প গ্রহণ করা হইয়াছে।

(খ) আগামী আর্থিক বছরে অতিরিক্ত একশটি থানায় এই প্রকল্প চালু করার সম্ভাবনা আছে।

(গ) এই প্রকল্প চালু হওয়ার জন্য চলতি আর্থিক বছরে রাজ্য সরকারকে আনুমানিক বাষট্টি হাজার টাকার মতো আর্থিক দায়িত্ব বহন করতে হয়েছে।

**বন্ধ কারখানা চালু**

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪০।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়

অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে কয়টি বন্ধ কলকারখানা পুনরায় চালু করা সম্ভব হয়েছে ; এবং

(খ) উহার ফলে কতজন শ্রমিক কাজে বহাল হওয়ার সুযোগ পেয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৪টি।

(খ) ২,৬২৮ জন।

**গঙ্গাধরপাড় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র**

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৭।) **শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা ২নং ব্লকের অধীন গঙ্গাধরপাড় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি স্থাপনের সিদ্ধান্ত কোন বছর গ্রহণ করা হয় ;

(খ) উক্ত স্বাস্থ্য কেন্দ্রটি নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(গ) উক্ত স্বাস্থ্য কেন্দ্রটি কোন সময় হইতে চালু হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৯৭৩ সালে।

(খ) নির্মাণের কাজ শেষ হয়েছে।

(গ) শীঘ্রই চালু করিবার আদেশ দেওয়া হইবে।

**আহমদপুর সুগার মিল**

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৮।) শ্রী সুনীল মজুমদার ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি,—১৯৭৭, ১৯৭৮, ১৯৭৯ ও ১৯৮০ সালে আহমদপুর সুগার মিলে—

(১) কত আখ মাড়াই হয়েছিল ; এবং

(২) তা থেকে কত চিনি উৎপাদন হয়েছিল?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (১) এবং (২) আখ মাড়াইয়ের এবং চিনি উৎপাদনের পরিমাণ নিম্নরূপ ঃ—

আখ মাড়াইয়ের পরিমাণ

১৯৭৬-৭৭ সালে—৩৬,৪১৪.০০ মেট্রিক টন,

১৯৭৭-৭৮ সালে—৫৪,৬৪৫.২০ মেট্রিক টন,

১৯৭৮-৭৯ সালে—৩৮,০৮৭.২৪ মেট্রিক টন,

১৯৭৯-৮০ সালে—৯,৪০০.০০ মেট্রিক টন,

চিনি উৎপাদনের পরিমাণ

১৯৭৬-৭৭ সালে—৩,৩৬৭.৮ মেট্রিক টন,

১৯৭৭-৭৮ সালে—৪,৭০৩.৮ মেট্রিক টন,

১৯৭৮-৭৯ সালে—৩,৩০০.৮ মেট্রিক টন,

১৯৭৯-৮০ সালে—৬৩২.৪ মেট্রিক টন,

### জেলাগুলিতে প্রাপ্তবয়স্ক শিক্ষাকেন্দ্র চালুকরণ

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৫।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় প্রাপ্তবয়স্ক শিক্ষাকেন্দ্র চালু করা হইয়াছে ;

(খ) ঐ সমস্ত জেলাতে পুরুষ ও মহিলাদের জন্য পৃথকভাবে শিক্ষাকেন্দ্র থাকিলে জেলাওয়ারি সংখ্যা কত ;

(গ) উক্ত কেন্দ্রগুলিতে শিক্ষার্থীর সংখ্যা কত (পৃথক পৃথক ভাবে) ; এবং

(ঘ) মোট কতজন শিক্ষক এবং শিক্ষিকা এই কার্যে রত আছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পশ্চিমবঙ্গের ১৬টি জেলাতেই প্রাপ্তবয়স্ক শিক্ষাকেন্দ্র চালু করা হইয়াছে।

(খ) প্রতিটি জেলাতেই পুরুষ ও মহিলাদের জন্য পৃথক পৃথক শিক্ষাকেন্দ্র আছে। জেলাওয়ারি ঐরূপ তালিকা (১নং) সঙ্গে দেওয়া হইল।

(গ) উক্ত কেন্দ্রগুলিতে পুরুষ শিক্ষার্থী ও মহিলা শিক্ষার্থীর সংখ্যার ওপর একটি তালিকা (২নং) সঙ্গে দেওয়া হইল।

(ঘ) ৭,০৭১ জন শিক্ষক এবং ৪,৫৩৩ জন শিক্ষিকা।

*Statement referred to in Clause "Kha" of question No. 42 (Admitted question No. 475)*

### বয়স্ক শিক্ষাকেন্দ্রের সংখ্যা

| | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| ১। কলকাতা .. .. .. | ২৩০ | ১৩০ | ৩৬০ |
| ২। হাওড়া .. .. .. | ৪৯৪ | ২৯২ | ৭৮৬ |
| ৩। হুগলি .. .. .. | ৫৫৪ | ৩৩৪ | ৮৮৮ |
| ৪। ২৪-পরগনা .. .. .. | ৫২৭ | ৩৪৭ | ৮৭৪ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫। নদীয়া | .. | .. | .. | ৪৩৭ | ৩১৮ | ৭৫৫ |
| ৬। মুর্শিদাবাদ | .. | .. | .. | ৫২২ | ৩৪২ | ৮৬৪ |
| ৭। বর্ধমান | .. | .. | .. | ৫২৩ | ৩৬৩ | ৮৮৬ |
| ৮। বাঁকুড়া | .. | .. | .. | ৩৯৬ | ২২৮ | ৬২৪ |
| ৯। বীরভূম | .. | .. | .. | ৫০৭ | ৩২৮ | ৮৩৫ |
| ১০। পুরুলিয়া | .. | .. | .. | ৪৯৮ | ২৯২ | ৭৯০ |
| ১১। মালদা | .. | .. | .. | ৪২৪ | ৩১০ | ৭৩৪ |
| ১২। পশ্চিম দিনাজপুর | .. | .. | .. | ৪৮৭ | ৩১৪ | ৮০১ |
| ১৩। জলপাইগুড়ি | .. | .. | .. | ১৫৩ | ১৩১ | ২৮৪ |
| ১৪। দার্জিলিং | .. | .. | .. | ৩১০ | ১৯০ | ৫০০ |
| ১৫। কুচবিহার | .. | .. | .. | ৩০২ | ১৮২ | ৪৮৪ |
| ১৬। মেদিনীপুর | .. | .. | .. | ৭০৭ | ৪৩২ | ১,১৩৯ |
| | | | | ৭,০৭১ | ৪,৫৩৩ | ১১,৬০৪ |

*Statement referred to in Clause "Ga" of question No. 42 (Admitted question No. 475)*

২নং তালিকা

| | | | | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১। কলকাতা | .. | .. | .. | ৫,৬০০ | ২,৬০০ | ৮,২০০ |
| ২। হাওড়া | .. | .. | .. | ১৩,৯৪০ | ৭,৮৮০ | ২১,৮২০ |
| ৩। হুগলি | .. | .. | .. | ১৫,৬৮০ | ৯,০৮০ | ২৪,৭৬০ |
| ৪। ২৪-পরগনা | .. | .. | .. | ১৩,৭৪০ | ৮,৩৪০ | ২২,০৮০ |
| ৫। নদীয়া | .. | .. | .. | ১২,২৯০ | ৮,৭২০ | ২১,০১০ |
| ৬। মুর্শিদাবাদ | .. | .. | .. | ১৪,৬৪০ | ৯,২৪০ | ২৩,৮৮০ |
| ৭। বর্ধমান | .. | .. | .. | ১৪,০৮০ | ৯,২৮০ | ২৩,৩৬০ |
| ৮। বাঁকুড়া | .. | .. | .. | ১১,৭৪০ | ৬,৭০০ | ১৮,৪৪০ |
| ৯। বীরভূম | .. | .. | .. | ১৪,৩৩০ | ৮,৯৬০ | ২৩,২৯০ |
| ১০। পুরুলিয়া | .. | .. | .. | ১৪,০৪০ | ৮,৮৬০ | ২২,৯০০ |
| ১১। মালদা | .. | .. | .. | ১১,৯২০ | ৮,৫০০ | ২০,৪২০ |
| ১২। পশ্চিম দিনাজপুর | .. | .. | .. | ১৩,৭৯০ | ৮,৬০০ | ২২,৩৯০ |
| ১৩। জলপাইগুড়ি | .. | .. | .. | ৩,৭৩০ | ৩,০৭০ | ৬৬,৮০০ |

| | | | |
|---|---|---|---|
| ১৪। দার্জিলিং .. .. .. | ৮,০০০ | ৫,০০০ | ১৩,০০০ |
| ১৫। কুচবিহার .. .. .. | ৮,৪৪০ | ৬,৬৪০ | ১৫,০৮০ |
| ১৬। মেদিনীপুর .. .. .. | ১৯,২২০ | ১০,৯৭০ | ৩০১৯০ |
| | ১,৯৫,১৮০ | ১,২২,৪৪০ | ৩,১৭,৬২০ |

**পশ্চিমবঙ্গের সিনেমা হলগুলিতে এই রাজ্যে নির্মিত ছবির প্রদর্শন**

**আবশ্যিক করার জন্য বিল**

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৭।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে গত আগস্ট-সেপ্টেম্বর এর অধিবেশনের তারকাচিহ্নিত প্রশ্ন নং ১৪ তাং ২৮শে আগস্ট ১৯৮০ (অনুমোদিত প্রশ্ন নং ১২৪)-এর উত্তরে উল্লেখ পূর্বক জানাবেন কি, পশ্চিমবঙ্গের সিনেমা হলগুলিতে এই রাজ্যে নির্মিত ছবির প্রদর্শন আবশ্যিক করার ব্যাপারে যে বিলটি কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠানো হইয়াছিল সেটি বর্তমানে কি অবস্থায় আছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** কেন্দ্রীয় সরকার আইনগত কিছু প্রশ্ন তুলে বিলটি অনুমোদন না করেই ফেরৎ দিয়েছেন। বর্তমানে উহা রাজ্য সরকারের আইন বিভাগ কর্তৃক পরীক্ষিত হচ্ছে।

**চিংড়ি মাছের উৎপাদন**

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪-পরগনার বিভিন্ন মাছের ভেড়ি থেকে বিদেশি ক্রেতারা সরাসরি চিংড়ি মাছ ক্রয় করছে ;

(খ) ইহা কি সত্য, জাপান, কুয়েত, আবুধাবি প্রভৃতি দেশে পশ্চিমবঙ্গের চিংড়ির চাহিদা খুব বেশি ; এবং

(গ) সত্য হলে, রাজ্য সরকার চিংড়ি মাছের উৎপাদন বৃদ্ধির জন্য কোনও প্রকল্প গ্রহণ করেছেন কি?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) এই দেশগুলির মধ্যে জাপানে এই রাজ্যে উৎপাদিত চিংড়ি সরাসরিভাবে রপ্তানি হয় এবং এই দেশে ইহার চাহিদা যথেষ্ট। অন্য দেশগুলিতে পশ্চিমবঙ্গের চিংড়ি রপ্তানি হয় কি না সেই তথ্য সরকারের জানা নাই।

*Statement referred to clause "kha" of question No. 46 (Admitted question No. 579)*

RANGE BANKURA

**Blockwise breakup of Universal Membership achieved**

| Name of the Block | Member achieved | | | Amount in Rupees | | | Total No. of member benefited (up to 31-12-80) | Total amount (in Rupees) (up to 31-12-80 |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 1978-79 | 1979-80 | 1980-81 (up to 31-12-80) | 1978- | 1979-80 | 1980-81 (up to 31-12-80) | | |
| Bankura-I .. | 1,031 | 240 | 135 | 10,310 | 2,400 | 1,350 | 1,406 | 14,060 |
| Bankura-II .. | 349 | 172 | 319 | 3,490 | 1,720 | 3,490 | 840 | 8,400 |
| Barjora .. | 509 | 449 | | 5,090 | 4,490 | .. | 958 | 9,580 |
| Gangajalghati . | 53 | 170 | | 530 | 1,700 | .. | 223 | 2,230 |
| Onda | 1,245 | 228 | 561 | 12,450 | 2,280 | 5,610 | 2,934 | 20,340 |
| Joypur | 590 | 807 | 315 | 5,900 | 8,070 | 3,150 | 1,712 | 17,120 |
| Bishunpur .. | 416 | 11 | 206 | 4,160 | 110 | 2,060 | 633 | 6,330 |
| Kotulpur | 772 | 483 | 108 | 7,720 | 4,830 | 1,080 | 1,363 | 13,630 |
| Sonamukhi .. | 429 | 120 | 122 | 4,290 | 1,200 | 1,220 | 671 | 6,710 |
| Patrasayer .. | 59 | 850 | 124 | 590 | 850 | 1,240 | 1,033 | 10,330 |
| Indus .. | | 2,355 | 293 | . | 23,550 | 2,930 | 2,648 | 26,480 |
| Mejhia .. | . | . | 207 | | | 2,070 | 207 | 2,070 |
| Saltora .. | | . | 264 | | .. | 2,640 | 264 | 2,640 |
| Indpur .. | 722 | 200 | | 7,220 | 2,000 | . | 922 | 9,220 |
| Khatra-I .. | . | . | 272 | .. | . | 272 | 272 | 2,720 |
| Khatra-II .. | . | 232 | | | 3,320 | . | 332 | 3,320 |
| Taldangra .. | 359 | 206 | . | 3,590 | 2,060 | . | 565 | 5,650 |
| Simlapal .. | 276 | 23 | .. | 2,760 | 230 | . | 297 | 2,970 |
| Raipur-I .. | 209 | 1,113 | 291 | 2,090 | 11,130 | 2,910 | 1,613 | 16,130 |
| Raipur-II .. | 459 | 203 | .. | 4,590 | 2,030 | | 662 | 6,620 |
| Chhatna .. | 137 | 207 | 226 | 1,370 | 2,070 | 2,260 | 570 | 5,700 |
| Ranibandh .. | .. | . | 100 | . | .. | 1,000 | 1,000 | 1,000 |
| Total .. | 6,501 | 8,928 | 4,204 | 65,010 | 89,280 | 42,040 | 19,633 | 1,96,330 |

(গ) হ্যাঁ, গ্রহণ করা হয়েছে।

**বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের ত্রাণকার্য পরিচালনা বাবদ ব্যয়িত অর্থ**

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৩।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশি রিফিউজিদের ত্রাণকার্য পরিচালনায় রাজ্য সরকারের যে ২০ কোটি টাকার মতোন খরচ হইয়াছিল কেন্দ্রীয় সরকার কি সেই পাওনা টাকা রাজ্য সরকারকে দিয়েছেন ; এবং

(খ) যদি উপরের "ক" প্রশ্নের উত্তর "না" হয়, তাহা হইলে উহার কারণ কি?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) এবং (খ) বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের ত্রাণকার্য পরিচালনা বাবদ যে টাকার কথা উল্লেখ করা হয়েছে তা পশ্চিমবঙ্গ সরকারের প্রাপ্য টাকা নয়। ১৯৭১-৭২ সালে শরণার্থীদের জন্য ত্রাণকার্য পরিচালনার জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে এককালীন ১০.৫৭ কোটি টাকা দিয়েছিলেন তার মধ্যে ২১.২৭ কোটি টাকা পরিমাণ ব্যয়িত অর্থের হিসাব পাওয়া যায়নি। কেন্দ্রীয় সরকারের মতে এই টাকা অব্যয়িত এবং প্রত্যার্পন যোগ্য। কিন্তু রাজ্য সরকার মনে করেন হিসাব না পাওয়া গেলেও এই টাকা অব্যয়িত নয়। এই বিষয়ে কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে এখনও পত্র বিনিময় চলছে।

**বাঁকুড়া জেলায় সমবায় সমিতিসমূহে ইউনিভার্সাল সদস্যভুক্তির সংখ্যা**

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৯।) **শ্রী গুণধর চৌধুরি ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় সরকার কর্তৃক পরিচালিত সমবায় সমিতিসমূহে ইউনিভার্সাল সদস্যভুক্তির সংখ্যা গত ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০ ও ১৯৮০-৮১-তে কত ;

(খ) উক্ত তিন বৎসরে ইউনিভার্সাল সদস্যভুক্তি কর্মসূচিতে বাঁকুড়া জেলার থানা বা ব্লক ভিত্তিতে কোনও সমবায় সমিতিতে সদস্য সংখ্যা কত ;

(গ) ইউনিভার্সাল সদস্যভুক্তির কোনও কোটা জেলা ভিত্তিতে বা থানা ভিত্তিতে উক্ত বৎসরগুলিতে সরকার কর্তৃক নির্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছিল কি ;

(ঘ) করিয়া দেওয়া হইয়া থাকিলে উক্ত সংখ্যা কত ;

(ঙ) কোটা নির্দিষ্ট থাকিলে সেই কোটা অনুযায়ী সদস্যভুক্ত হইয়াছে কি ; এবং

(চ) না হইয়া থাকিলে কারণ কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সদস্যভুক্তির সংখ্যা যথাক্রমে ৬৫০১, ৮৯২৮ এবং ৪২০৪, ১৯৮০-৮১ সালের হিসাব ৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত।

(খ) ব্লক ভিত্তিক বিবরণী সংযোজিত হইল।

(গ) জেলা ভিত্তিক সংখ্যা ২৫,০০০।

(ঙ) ১৯,৬৩৩ জন সদস্যভুক্ত হইয়াছে।

(চ) অবশিষ্ট ৫৩৬৭ জনকে ১৯৮১ সালের জুন মাসের মধ্যে সদস্যভুক্ত করা হইবে।

**বেকার ভাতার জন্য প্রদত্ত অর্থ**

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৩।) **শ্রী নানুরাম রায় :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেকারভাতা চালু হওয়ার পর বেকার-ভাতা বাবদ ১৯৮১ জানুয়ারি পর্যন্ত কত টাকা বেকার-ভাতা দেওয়া হইয়াছে ; এবং

(খ) ১৯৮০-৮১ সালে পুনরায় কতজনকে বেকার-ভাতা দেওয়া হইবে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ২৪,৩৬,৫৫,৬২০ টাকা (ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত)।

(খ) আনুমানিক ৬২,০০০ জনকে।

**ডঃ আম্বেদকরের প্রতিমূর্তি স্থাপন**

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৮।) **শ্রী নানুরাম রায় :** ৭ই মার্চ ১৯৮০ তারিখের প্রশ্ন নং (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮)-এর উত্তর উল্লেখে পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডঃ আম্বেদকরের প্রতিমূর্তি স্থাপনের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) কোথায় ঐ মূর্তিটি স্থাপিত হইবে ; এবং

(গ) কবে নাগাদ উহার উন্মোচন করা হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ব্রোঞ্জ ঢালাইয়ের কাজ শেষ হইয়াছে।

(খ) এখনও স্থান নির্বাচিত হয় নাই।

(গ) বর্তমানে বলা সম্ভবপর নহে।

**আরামবাগ ব্লকে গৌরহাটি গ্রাম প্রধানের পদচ্যুতি**

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৯।) **শ্রী নানুরাম রায় :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আরামবাগ ব্লকে গৌরহাটি গ্রাম প্রধানকে কি পদচ্যুত করা হয়েছে ; এবং

(খ) হয়ে থাকলে, কারণ কি?

**পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ও (খ) এই ব্লকে গৌরহাটি এবং গৌরহাটি-২ নামে দুইটি গ্রাম পঞ্চায়েত আছে। উক্ত দুই গ্রাম পঞ্চায়েতের কোনও প্রধানকে পদচ্যুত করা হয়নি। তবে গৌরহাটি-২ গ্রাম পঞ্চায়েতের প্রধান কয়েকমাস পূর্বে পদত্যাগ করেছেন। তার বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধির ৪০৯ ধারা অনুসারে একটি ফৌজদারি মামলা দায়ের করা হয়েছে।

## কলকাতা থেকে পুরুলিয়া পর্যন্ত রাষ্ট্রীয় বাস

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬০।) **শ্রী নানুরাম রায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা-পুরুলিয়া ভায়া আরামবাগ-বাঁকুড়া রোড মোড় পর্যন্ত কলকাতা রাজ্য পরিবহনের বাস চালানোর কোনও পরিকল্পনা সরকরের আছে কি ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকর হবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না, এইরূপ কোনও পরিকল্পনা আপাতত ঃ কলকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনের নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## কাটিং অ্যান্ড টেলারিং প্রকল্প

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৩।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটিং অ্যান্ড টেলারিং প্রকল্প অনুসারে পশ্চিমবঙ্গে বর্তমান সরকারের আমলে কতগুলি শিক্ষণ ও উৎপাদনকেন্দ্র স্থাপিত হইয়াছে ;

(খ) উক্ত প্রকল্পের শিক্ষাপ্রাপ্ত মহিলার সংখ্যা কোন জেলায় কত ;

(গ) তাহাদের মধ্যে কোন্ জেলায় কতজন ইতিমধ্যে এক বৎসর শিক্ষা সমাপ্ত করিয়াছে ও সার্টিফিকেট পাইয়াছে ;

(ঘ) পোষাক তৈরি ও বিক্রয়ের জন্য কেন্দ্র খুলিয়া উক্ত ট্রেনিংপ্রাপ্ত দুঃস্থ মহিলাদের কাজে লাগাইবার কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(ঙ) বয়ন বা অন্য কোনও উৎপাদনমূলক শিক্ষণ ও উৎপাদনকেন্দ্র চালু করার কোনও পরিকল্পনা আছে কি?

**ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৬৫টি শিক্ষণকেন্দ্র মঞ্জুর হইয়াছে এবং ৪৬টিতে কাজ হইতেছে, এর কোনওটাই বর্তমান উৎপাদনকেন্দ্র নয়।

(খ) (১) ২৪-পরগনা ২৫০, (২) হাওড়া ২০০, (৩) হুগলি ২০০, (৪) বর্ধমান

১৫০, (৫) মেদিনীপুর ২০০, (৬) বীরভূম ১৫০, (৭) বাঁকুড়া ১০০, (৮) পুরুলিয়া ১০০, (৯) নদীয়া ১৫০, (১০) মুর্শিদাবাদ ১৫০, (১১) পশ্চিম দিনাজপুর ১০০, (১২) দার্জিলিং ১০০, (১৩) জলপাইগুড়ি ১০০, ও (১৪) কোচবিহার ২০০।

(গ) (১) ২৪-পরগনা ১৫০, (২) হাওড়া ১৫০, (৩) হুগলি ১৫০, (৪) বর্ধমান ৫০, (৫) মেদিনীপুর ১৫০, (৬) বীরভূম ১০০, (৭) বাঁকুড়া ১০০, (৮) পুরুলিয়া ১০০, (৯) নদীয়া ১০০, (১০) মুর্শিদাবাদ ১০০, (১১) মালদা ৫০, (১২) পশ্চিম দিনাজপুর ৫০, (১৩) দার্জিলিং ১০০, (১৪) জলপাইগুড়ি ১০০, ও (১৫) পুরুলিয়া ৫০।

উপরিউক্ত শিক্ষা সমাপ্তকারিগণকে শীঘ্রই সার্টিফিকেট দেওয়া হইবে।

(ঘ) আপাতত কোনও পরিকল্পনা নাই।

(ঙ) আপাতত কোনও পরিকল্পনা নাই।

**পুরুলিয়া জেলায় নলকূপ**

**৫২।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৭১।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, জুলাই ১৯৭৭ সাল হইতে ১৯৮০ সাল পর্যন্ত পুরুলিয়া জেলায় বিভিন্ন ব্লকে গ্রামীণ জল সরবরাহের প্রকল্পের মাধ্যমে কয়টি নলকূপ বসানো হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** তালিকায় বিবরণ দেওয়া হ'ল

১৯৭৭-৭৮ সাল হইতে পুরুলিয়া জেলায় রিগ্ যন্ত্র দ্বারা নলকূপ খনন করা হইতেছে। এই প্রকল্পের ব্লকভিত্তিক সাফল্যের খতিয়ান নিম্নে প্রদত্ত হইল ঃ—

*Statement referred to in question No. 52 (Admitted question No. 671).*

**A.R.W.S.P.-সাফল্যের খতিয়ান (রিগ্ যন্ত্র দ্বারা নলকূপ খনন)**

| ব্লক | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (ডিসেম্বর) '৮০ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ১। আর্শা | ২০ | ৩১ | ১৯ | |
| ২। বান্দওয়ান | ২২ | ৩৫ | ৩০ | |
| ৩। বড়বাজার | ২০ | ৩৪ | ২৭ | |
| ৪। বলরামপুর | ১৫ | ৪৮ | ৩৬ | |
| ৫। বাগমুণ্ডী | ১৯ | ২৩ | ২৩ | |
| ৬। হুড়া | ২০ | ২৮ | ৩৬ | |

| ব্লক | | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ (ডিসেম্বর) ’৮০ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|
| ৭। জয়পুর .. | .. | ১৭ | ৪৪ | ১৮ | |
| ৮। ঝালদা-১ .. | .. | ১৯ | ৬৬ | ২১ | |
| ৯। ঝালদা-২ .. | .. | ১৭ | ২৯ | ২০ | |
| ১০। কাশীপুর .. | .. | ২৮ | ৩৩ | ২৮ | |
| ১১। মানবাজার | .. | ১৮ | ৩৪ | ২৬ | |
| ১২। মানবাজার-২ | .. | ১৮ | ৪২ | ২৮ | |
| ১৩। নেতুরিয়া .. | .. | ১৬ | ৩৬ | ৩৫ | |
| ১৪। পারা .. | .. | ৩০ | ৩৬ | ২৫ | |
| ১৫। পুঞ্চা .. | .. | ১৮ | ৫৪ | ২৭ | |
| ১৬। পুরুলিয়া-১ | .. | ২০ | ৪২ | ২৬ | |
| ১৭। পুরুলিয়া-২ | .. | ২১ | ২৫ | ৪১ | |
| ১৮। রঘুনাথপুর-১ | .. | ২৮ | ২৫ | ২৮ | |
| ১৯। রঘুনাথপুর-২ | .. | ১৯ | ৩০ | ২৮ | |
| ২০। সান্তুরি .. | .. | ১৫ | ২৭ | ২৯ | |
| | | ৪০০ | ৭৫২ | ৫৫১ | ৬২০ |

চলতি বৎসরের (১৯৮০-৮১ সালের) ব্লকভিত্তিক হিসাবের পূর্ণ বিবরণ বর্তমানে দেওয়া সম্ভব নয়।

### জেলাভিত্তিক দেশি ও বিদেশি মদের দোকান

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৫।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো** ঃ মাননীয় আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই হইতে ১৯৮০ সাল পর্যন্ত জেলা প্রতি মোট কতগুলি দেশি ও বিদেশি মদের দোকান খোলার অনুমতি দেওয়া হইয়াছে ;

(খ) উক্ত দোকানগুলি খোলার জন্য কে অনুমতি দিয়া থাকেন ; এবং

(গ) কিসের ভিত্তিতে নতুন জায়গায় নতুন দোকান খোলার অনুমতি দেওয়া হয়?

**আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সরকার আর্থিক বছর অনুযায়ী হিসাব রাখেন। ১৯৭৭-৭৮ থেকে ১৯৭৯-৮০ সাল পর্যন্ত নতুন দেশি ও বিদেশি মদের দোকান খোলার যে যে অনুমতি দেওয়া হয়েছে তার জেলাভিত্তিক হিসেব নিচে দেওয়া হল ঃ

| | | |
|---|---|---|
| বর্ধমান (পূর্ব) | ... | ৪ |
| বর্ধমান (পশ্চিম) | ... | ১৩ |
| বীরভূম | ... | ৬ |
| বাঁকুড়া | ... | ১ |
| মেদিনীপুর | ... | ২৪ |
| হুগলি | ... | ৩ |
| হাওড়া | ... | ১ |
| ২৪-পরগনা (দক্ষিণ) | ... | ৫ |
| ২৪-পরগনা (উত্তর) | ... | ২ |
| নদীয়া | ... | ২ |
| কলকাতা | ... | ৯ |
| মালদহ | ... | ২০ |
| দার্জিলিং | ... | ১০ |
| জলপাইগুড়ি | ... | ৫ |
| পুরুলিয়া | ... | ৪ |
| | | ১০৯ |

(খ) অন্তঃশুল্ক প্রশাসনিক বিভাগ নতুন দোকান খোলার অনুমতি দিয়ে থাকেন।

(গ) স্থানীয় প্রয়োজনের মাত্রা নির্ধারণ ক'রে এবং বেআইনি চোলাই মদের ব্যবসা-প্রতিরোধকল্পে বিভাগীয় প্রশাসনিক দপ্তর নতুন দোকান খোলার অনুমতি দিয়ে থাকেন।

## Guidelines of World Bank for Fish Farmers

**54.** (Admitted question No. 683.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Fisheries Department be pleased to state—

(a) If it is a fact that the World Bank authorities have given guidelines for setting up a Fish Farmer's Development Agency in the district of Midnapore ;

(b) If so—

(i) the salient features of the guidelines ; and

(ii) the action taken by the State Government in the matter.

**Minister-in-charge of the Fisheries Department :** (a) Yes.

(b) (i) To provide to fish farmers in accordance with World Bank guidelines extension services, practical training on improved fish culture techniques, help fish farmers in obtaining institutional finance for taking up pisciculture and in getting fish pond leases on improved terms as also to provide to them subsidy for fish pond improvements and first year cash inputs.

(ii) FFDA has been set up. Necessary spade work for implementation of the programmes, e.g., identification of Blocks/fish farmers/groups/co-operatives, imparting training, providing bank credit, etc., is in progress. Further, necessary fund has been released and officers are being posted.

**Report of the Expert Committee for Rice Mill**

**55**. (Admitted question No. 684.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Co-operation Department be pleased to state—

(a) Whether the State Government has received report of the Expert Committee appointed to go into the working of Co-operative Rice Mills ;

(b) If so ;

(i) the salient features of the report ; and

(ii) the action taken by the Government in the matter.

**Minister-in-charge of the Co-operation Department :** (a) Yes.

(b) (i) The Expert Committee suggested rehabilitation of ten Co-operative Rice Mills in the first phase, five in the second phase and liquidation of all other Co-operative Rice Mills in Existence.

(ii) The scheme of rehabilitation of ten Co-operative Rice Mills had been prepared and sent to the National Co-operative Development Corporation. The NCDC has since sanctioned Rs. 48.83 lakhs for implementation of the scheme.

**Intensive Forestry Development Programme**

**56**. (Admitted question No. 709.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Forests De-

partment be pleased to state—

(a) If it is a fact the State Government has been asked by the Government of India to take up Intensive Forestry Development Programme in all districts in which the ongoing forestry schemes will be functionally integrated ;

(b) If so, what action has so far been taken by the State Government in the matter ?

**Minister-in-charge of the Forests Department :** (a) The Forest Department have not received any project profile of National Intensive Forestry Development Programme. The Government of India has been requested to send the guidelines for taking necessary action for formulating the plan.

(b) Does not arise.

## Gadgil Formula

57. (Admitted question No. 716.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) Whether it is a fact that the State Government has requested the Centre to change the Gadgil Formula for disbursement of Central assistance to the States taking into consideration the population figures and resource mobilisation efforts of the State;

(b) If so—

(i) what are the disadvantage in the Gadgil Formula ; and

(ii) what alternative has been suggested by the State Government to the Centre ?

**Minister-in-charge of the Finance Department :** (a) During deliberations of the National Development Council, it was agreed that in addition to the so-called Gadgil Formula, or some portion of the Central assistance for State Plans a new formula called 'income adjusted total population' will be used. In the Gadgil Formula various factors such as population, per capita income, tax effort, continuing major power and irrigation projects and special problems are considered, whereas in the latter formula population and per capita income are taken into consideration. In the view of the State Government, even the revised formula under-emphasises the aspect of incidence of poverty.

(b) (i) and (ii) In its various submissions to the Centre the State Government has stressed the need for improving the formula in order to alleviate regional imbalances and improve the conditions of the proportion of population leaving below the poverty line.

**Bhaba Atomic Research Centre at Salt Lake**

**58**. (Admitted question No. 754.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Development and Planning Department be pleased to state—

(a) Whether the State Government has any information about the reported decision of the Atomic Energy Commission authorities to drop the proposal for expansion of the Bhaba Atomic Research Centre at Salt Lake City ;

(b) If so ;

(i) What are the reasons ; and

(ii) Whether the State Government has made any effort to persuade the Atomic Energy Commission authorities to reconsider the matter and/or to revise the decision ?

**Minister-in-charge of the Development and Planning Department :** (a) and (b) The State Government is not aware of any decision of the Atomic Energy Commission authorities in this regard ;

**Amount of loans taken by the State Government**

**59**. (Admitted question No. 778.) **Shri Shaikh Imajuddin** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the total amount received as loan by the State Government from the Government of India during the tenure of the present Government (up to January, 1981) ;

(b) the total amount of loans repaid by the State Government to the Union Government of India during the period mentioned above; and

(c) the total outstanding dues of Central loans due to be paid by the State Government as on 31st January, 1981 ?

**Minister-in-charge of the Finance Department :**

(a) The amount of loan received by the State Govenrment from

*Government of India during the tenure of the present Government (up to January, 1981) is shown below—*

| | (Rs. in crores) |
|---|---|
| 1977-78 ... ... | 168.59 |
| 1978-79 ... ... | 415.17 |
| 1979-80 ... ... | 285.50 |
| 1980-81 ... ... | 191.65 |
| Total ... | 10,60.91 |

As per Budget Estimate 1980-81 a total sum of Rs. 2,45.75 crores is receivable as loan by the State Government from the Union Government against which a sum of Rs. 191.65 crores has been received up to January, 1981.

(b) The total amount of loan repaid by the State Government to the Union Government during the tenure of the present Government is shown below—

(Rupees in crores)

| | Loan repayment | Interest payment | Total |
|---|---|---|---|
| 1977-78 | 94.58 | 50.43 | 145.01 |
| 1978-79 | 103.63 | 55.62 | 159.25 |
| 1979-80 | 148.12 | 67.56 | 215.68 |
| 1980-81 (up to January 1981) | 55.28 | 44.91 | 100.19 |
| Total | 401.61 | 218.52 | 620.13 |

(c) The total remaining dues of the State Government on account of Central loans as on 31st January, 1981 is Rs. 61.79 crores (principal—Rs. 33.23 crores plus Interest—Rs. 28.56 crores) payable within the remaining period of the current financial year 1980-81.

## Unutilised portion of provisions for different schemes

**60.** (Admitted question No. 779.) **Shri Sk. Imajuddin** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that during 1978-79 and 1979-80 substantial

portion of the provisions made for schemes of different Department had remained unutilised;

(b) if so,

(i) the total unutilised amount at the end of 1978-79 and 1979-80;

(ii) the particulars of the schemes where the provisions remained unutilised during the period mentioned above; and

(iii) the reasons why the provisions were not utilised during the period mentioned above?

**Minister-in-charge of the Finance Department :** (a) and (b)—

The Budget document, viz., White Book for 1979-80 (Statement showing the progress of Development Schemes under State Five-Year Plan for 1978-83, etc.) contains an Abstract statement showing the estimated provisions for the years 1978-79 and 1979-80 in respect of the State Five-Year Plan arranged according to Departmentwise allocations. The same White Book for the year 1980-81 will indicate such Abstract statement showing the corresponding actuals for the year 1978-79. The White Book for the year 1981-82, which will be presented to the West Bengal Legislative Assembly shortly will indicate such Abstract statement showing the corresponding actuals for 1979-80 as also for 1978-79.

Whenever there have been short falls in expenditure, the contributory factors have been various difficulties arising during the course of implementation of the programmes and projects.

**Appointment to group B and C posts in Home (Jails) Department**

**61.** (Admitted question No. 792.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Home (Jails) Department be pleased to state—

(a) the number of persons appointed to Group 'B' and Group 'C' posts under the Home (Jails) Department and the Prisons Directorate during the tenure of present Government in West Bengal (up to January, 1981); and

(b) the number of them belonging to—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes, and

(iii) Muslim Community ?

**Minister-in-charge of the Home (Jails) Department :**

(i) Group 'B'—56
(ii) Group 'C'—128

Total—184

| | Group 'B' | Group 'C' |
|---|---|---|
| (i) | 12 | 16 |
| (ii) | 2 | 3 |
| (iii) | 1 | 2 |

**Demonstration by the Commercial Tax Officers**

**62**. (Admitted question No. 826.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that Commercial Tax Officers of West Bengal had demonstrated at the Commercial Taxes Buildings at Beliaghata in Calcutta on November 11, 1980;

(b) if so—(i) what were their grievances and demands; and

(ii) what action has been taken by the State Government in the matter ?

**Minister-in-charge of the Finance Department :** (a) Yes.

(b) (i) Before unification of State Services with effect from April 1, 1970 there were two grades in the cadre of Commercial Tax Officers, namely Commercial Tax Officer, Grade-I and Commercial Tax Officer, Grade-II. On the promulgation of the Unification Rules and abolition of two grades and scales, only one Scale was introduced from April 1, 1970, without disturbing the seniority position of the officers in the erstwhile two cadres. The erstwhile Grade-II officers demanded benefit of their seniority in the cadre over the officers already in the erstwhile Grade-I cadre taking into account the past services in the Grade-II cadre. Their other demands were in the matter of vacating the injunction order against the selection grade in

the cadre, promotion to the next higher post and other allied service matters and in the matter of improving working conditions of the officers.

(ii) On the promulgation of the Unification Rules, a group of officers obtained a rule from the Calcutta High Court with order of injunction. As the matter is sub judice, no action on matters covered by the rule could be taken. Action on improvement of working conditions in different matters has been/ is being taken, where considered necessary.

**বিভিন্ন বছরে পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ**

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৪।) **শ্রী শচীন সেন ঃ** মাননীয় অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৭-৭৮ সালে পৃথকভাবে পরিকল্পনা খাতে ব্যয় বরাদ্দ কত ছিল ;

(খ) উক্ত দুই বৎসরে পৃথকভাবে কেন্দ্রীয় সরকারের দেয় টাকার পরিমাণ কত ছিল; এবং

(গ) পশ্চিমবঙ্গ থেকে কেন্দ্রীয় সরকারের গত তিন বৎসর রাজস্ব সংগ্রহের পরিমাণ কত? (পৃথকভাবে)

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৯৭২-৭৩ সালে পরিকল্পনা খাতে সংশোধিত ব্যয় বরাদ্দ ছিল ৭৯.৮৯ কোটি টাকা এবং ১৯৭৭-৭৮ সালে পরিকল্পনা খাতে সংশোধিত ব্যয় বরাদ্দ ছিল ৩২২.০৭ কোটি টাকা।

(খ) ১৯৭২-৭৩ সালে সংশোধিত রাজ্য পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সরকারের দেয় টাকার পরিমাণ ছিল ৪৬.৩৪ কোটি টাকা (ঋণ—৩৩.৪৮ কোটি টাকা + অনুদান—১২.৮৬ কোটি টাকা)।

১৯৭৭-৭৮ সালে সংশোধিত রাজ্য পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সরকারের দেয় টাকার পরিমাণ ছিল ৯৯.৮৮ কোটি টাকা (ঋণ—৭০.১৩ কোটি টাকা + অনুদান—২৯.৭৫ কোটি টাকা)।

(গ) সম্পূর্ণ তথ্য সংগ্রহ করতে সময় লাগবে, তবে অঙ্কটি দু' হাজার কোটি টাকার কাছাকাছি।

**স্টেট সিড কর্পোরেশন স্থাপন**

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৭।) **শ্রী নীহারকুমার বসু ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে রাজ্য বীজ নিগম (স্টেট সিড কর্পোরেশন) স্থাপন করা হয়েছে কি?

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে এর কারণ কি?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন ওঠে না।

**কয়লা থেকে জ্বালানি তেল ও রাসায়নিক পদার্থ উৎপাদন**

**৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৪০।) **শ্রী নীহারকুমার বসু ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার কয়লাজাত সার প্রকল্পের পরিবর্তে কয়লা থেকে জ্বালানী তেল এবং অন্যান্য রাসায়নিক পদার্থ উৎপাদনের প্রতিবেদন প্রস্তুতের সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) সত্য হলে এর কারণ কি ; এবং

(গ) এই পরিবর্তিত পরিকল্পনার রূপরেখা কিরূপ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) নাইট্রোজেনজাত সারের মূল উপকরণ (ফিড স্টক) সম্পর্কে ষষ্ঠ পরিকল্পনা কালে (১৯৮০-৮৫) কেন্দ্রীয় সরকারের সংশোধিত নীতির জন্যই এই পরিবর্তন।

(গ) রানীগঞ্জ-অন্ডাল-দুর্গাপুর এলাকার কয়লা হইতে কৃত্রিম তৈল, মেথানল এবং শিল্পগ্যাস উৎপাদনের কারিগরি ও অর্থনৈতিক সম্ভাবনা নির্ধারণের জন্য একটি প্রতিবেদন প্রস্তুত করা হইতেছে। ঐ প্রতিবেদন কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা হইবে।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, আজকে ২১টি রেগুলার প্রশ্ন আছে কিন্তু আপনি নিয়ম করেছেন ২০টির বেশি হবে না। কিন্তু এই ২১টির মধ্যে ৬টি হেলড ওভার হয়ে গেল। সুতরাং এর দ্বারা আমাদের কি প্রিভিলেজ কার্টেল হচ্ছে না? আমাদের প্রিভিলেজ কার্টেল হয়ে যাচ্ছে।

**মিঃ স্পিকার ঃ** আমি দেখেছি প্রিভিলেজ কার্টেল হচ্ছে না। আপনি বসুন।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে তার উত্তর পাওয়া যাবে না কেন?

**মিঃ স্পিকার ঃ** যেটা স্থগিত আছে সেটার সম্বন্ধে উনি রিজন দেখিয়েছেন, ইনফরমেশন কালেক্ট করে।

**শ্রী হবিবুর রহমান ঃ** আজকে ৭টা প্রশ্ন হেলড ওভার করলেন, আমাদের টাইম বিল

করলেন। মন্ত্রী মহাশয়—প্রপার টাইমে উত্তর কেন আসে না এ সম্বন্ধে ইনফরমেশন দিলে ভাল হত। ইনফরমেশন এর উপর কোনও কন্ট্রোল নেই?

**মিঃ স্পিকার ঃ** এ সম্বন্ধে এখন কিছু বলা যাবে না।

## ADJOURNMENT MOTION

আজ আমি সর্বশ্রী রজনীকান্ত দলুই, কিরণময় নন্দ, ও দেবপ্রসাদ সরকার মহাশয়দের কাছ থেকে তিনটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাব শ্রী দলুই সংখ্যালঘু সম্প্রদায়ের একটি ধর্মগ্রন্থের প্রতি অশ্রদ্ধা প্রদর্শনে হাওড়ার এবং কলকাতার জনমনে অসন্তোষ, দ্বিতীয় প্রস্তাবে শ্রী নন্দ ভগবানপুর থানা এলাকায় খুনের ঘটনায় স্থানীয় জনমনে সন্ত্রাস এবং তৃতীয় প্রস্তাবে শ্রী সরকার এফ. সি. আই. কর্মচারীদের উপর পুলিশের লাঠি চালনা সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। সবকটি প্রস্তাবের বিষয়ই আইন শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত।

প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। তাছাড়া বাজেটের উপর সাধারণ আলোচনায় এবং আগামী পুলিশের বাজেটে এ সম্পর্কে আলোচনার সুযোগ আছে। তাই আমি সবকটি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যগণ ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

মাননীয় রজনী দলুই মহাশয়ের ব্যাপারটি আমি পড়তে দিতে রাজি নই, কেননা এটা একটা স্পর্শকাতর ব্যাপার। চিফ মিনিস্টার রয়েছেন, ম্যাটারটা রেফার করা হয়েছে, উনি বললে আমি আপনাদের জানাব।

**শ্রী কিরণময় নন্দ ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এইসভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

কয়েকটি খুনের ঘটনাকে কেন্দ্র করে মেদিনীপুর জেলার ভগবানপুর ২নং ব্লকে ব্যাপক সন্ত্রাস এবং ঘটনার তদন্তে পুলিশ প্রশাসনের নিষ্ক্রিয়তা।

সাম্প্রতিক কালে ভগবানপুর থানায় কয়েকটি খুনের ঘটনায় ঐ এলাকার লোকেরা অত্যন্ত আতঙ্কিত, ধাঁইপুকুরিয়া গ্রামের মণি মাইতিকে খুন করা হল। ডিসিম্বলিয়া গ্রামের অনিল মান্নাকে তার বাড়ির সামনে নৃশংসভাবে হত্যা করা হল। অনিল ঐ এলাকার পঞ্চায়েতের দুর্নীতির বিরুদ্ধে তদন্তে ঐ দিন সাক্ষী ছিল। নাড়ুয়া গ্রামের একটি ছেলেকে খুন করে ফাঁসিতে ঝুলিয়ে দেওয়া হল। কোনও ক্ষেত্রেই পুলিশ কাউকে গ্রেপ্তার করেনি এবং সম্পূর্ণ নিষ্ক্রিয়। কিছুদিন পূর্বে বিবিবাড়ি গ্রামের চন্ডী দাসকে একই ভাবে খুন করা হল। যারা খুন হল তারা সকলেই সরকার বিরোধী দলের সমর্থক। পর পর এই সমস্ত খুনের ঘটনায় ঐ অঞ্চলের নাগরিকরা ভীত সন্ত্রস্ত ও নিরাপত্তার অভাববোধ করছে। আজকের বিধানসভার অন্যান্য কাজকর্ম সাময়িকভাবে স্থগিত রেখে উপরোক্ত বিষয়টি আলোচনা করা হোক।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছিলাম, যে শ্রী নন্দ কতকগুলি স্পেসিফিক কেসের কথা বলছেন, এটা একটু সময় নিয়ে আলোচনা হোক।

**মিঃ স্পিকার ঃ** না, এখন আলোচনা হতে পারে না।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঘটনাটি আমি জানি বলেই বলছি, যদি পর পর এই দুমাসের মধ্যে এইরকম চারটি খুনের ঘটনা ঘটে—

**মিঃ স্পিকার ঃ** আপনাকে পড়তে দিলাম, পড়ার পর আবার বক্তৃতা করছেন-এতো বড় মুশকিল, Mr. Nanda, Please take your seat. I cannot allow any discussion on this. You may not think it to be a discussion by certainly it is a discussion. Please look at the rules. প্রত্যেক দিন যদি এই ভাবে বলেন তাহলে কি ভাবে হবে? অ্যাডজর্নমেন্ট মোশনের উপর বক্তৃতা কোথাও হয় না তা সত্ত্বেও করছেন।

**শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** উনি কিছু স্পেসিফিক ঘটনা উল্লেখ করেছেন যে বিষয়ে মুখ্যমন্ত্রী স্টেটমেন্ট করলে ভাল হয়।

**মিঃ স্পিকার ঃ** এই রকম ভাবে হয় না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এফ. সি. আই কর্মচারীদের উপর পুলিশের লাঠি চার্জ।

১৫ বৎসর যাবৎ ডেপুটেশনে কর্মরত খাদ্য কর্পোরেশনের কর্মচারীরা তাদের 'আবজর্বশনের দাবিতে গত ২৮/২/৮১ শনিবার বিকালে ফ্রি স্কুল স্ট্রিটের খাদ্য দপ্তরের অফিসে যখন বিক্ষোভ প্রদর্শন করছিলেন সে সময় খাদ্য কর্পোরেশনের অন্তর্ভূক্ত একটি কর্মচারী সংস্থার কতিপয় কর্মচারী এই আন্দোলনের বিরোধিতা করার উদ্দেশ্যে পুলিশ নিয়ে খাদ্য দপ্তরের ভিতরে প্রবেশ করে। অতঃপর পুলিশ বিনা প্ররোচনায় ঐ খাদ্য দপ্তরের অভ্যন্তরে আন্দোলনকারী কর্মচারীদের উপর বেপরোয়া লাঠি চালায় এবং গ্রেপ্তার করে। পুলিশের লাঠির আঘাতে বেশ কিছু কর্মচারী গুরুতরভাবে আহত হন। পুলিশের লাঠির আঘাতে গুরুতরভাবে আহত ও রক্তপ্লুত জনৈক কর্মচারীকে সঙ্গে নিয়ে খাদ্য দপ্তরের মহিলা কর্মচারী যখন খাদ্য মন্ত্রীর ঘরে সাক্ষাৎ করতে যাচ্ছিলেন সে সময় উল্লিখিত সংস্থার লোকেরা উক্ত মহিলা কর্মচারীদের পর্যন্ত মারধোর করে। আন্দোলনরত ডেপুটেশনিস্ট কর্মচারীদের উপর পুলিশের লাঠি চার্জ এবং মহিলা কর্মচারীদের উপর উক্ত সংস্থার কর্মচারীদের হামলার উপর নিরপেক্ষ বেসরকারী তদন্তের জন্য এই সভায় আলোচনা প্রয়োজন। মুখ্যমন্ত্রীর কাছে থেকে আমি একটা এ বিষয়ে বিবৃতি চাইছি।

**মিঃ স্পিকার ঃ** আপনারা রুলস ৬২ পরিবর্তন করুন তাহলে হবে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** অন-এ পয়েন্ট অব ইনফরমেশন স্যার, মুখ্যমন্ত্রী কি নন্দের ব্যাপারে একটা স্টেটমেন্ট করবেন?

**মিঃ স্পিকার ঃ** উনি উত্তর দিতে চাইলেও আমি দেব না।

[2-10 — 2-20 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** এখন আমি শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে প্রাথমিক বিদ্যালয় সমূহে অনিয়মিত পাঠ্যপুস্তক সরবরাহ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী জয়ন্তকুমার বিশ্বাস মহোদয়ের দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমি নিম্নলিখিত বিবৃতি পেশ করছি ঃ

সরকারী পরিকল্পনা অনুযায়ী ১ম হতে ৫ম শ্রেণী পর্যন্ত সমস্ত ছাত্রছাত্রীদের পাঠ্যপুস্তক বিনামূল্যে দেওয়া হয়ে থাকে। এই রকম পুস্তকের সংখ্যা ১৮টি। এ ছাড়া, ছাত্রছাত্রীদের মাতৃভাষা অনুযায়ী বিভিন্ন পাঠ্যপুস্তকের বাংলা ছাড়াও হিন্দী, উর্দু এবং নেপালি সংস্করণও প্রকাশ করা হয়। আগের বৎসরের মতো এই পাঁচটি শ্রেণীতে পাঠরত ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণের উদ্দেশ্যে বিভিন্ন বিতরণ কেন্দ্র থেকে পুস্তক বিতরণের কাজ গত জানুয়ারি মাস থেকে চলছে। ইতিমধ্যেই কমবেশি ৫৭ লক্ষ পুস্তক সরবরাহের রিপোর্ট পাওয়া গিয়েছে। এখানে উল্লেখ্য যে প্রতি বৎসরেই পূর্ব বৎসরের ফেরৎ নেওয়া বই পুনরায় ছাত্রদের মধ্যে বিতরণ করা হয়। এসব সত্ত্বেও কোনও কোনও জায়গায় সব ছাত্রদের মধ্যে বই পৌঁছে না যাওয়া দুঃখজনক হলেও অসম্ভব নয়। তবে এর জন্যে পঠন ব্যাহত হওয়ার কথা নয়।

ষষ্ঠ শ্রেণীর গণিত এবং ১ম ও ২য় শ্রেণীর নুতন বই দুটি সিলেবাস কমিটি এবং এস. সি. ই. আর. টি. এবং বিভিন্ন স্তরে বিচার বিবেচনার পর চূড়াত সিদ্ধান্ত নেওয়ায় ছাপাতে কিছুটা দেরি হয়েছে। এর মধ্যে প্রথম শ্রেণীর গণিত বইটি ইতিমধ্যে প্রকাশিত হয়েছে। আশা করা যাচ্ছে যে, এই বইগুলিও ছাত্রছাত্রীদের মধ্যে শীঘ্রই বিতরণ করা যাবে।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** এখন আমি স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে সম্প্রতি নিউ আলিপুরে পুলিশের গুলি চালনা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণ কলকাতার নিউ আলিপুর এলাকায় পুলিশের ২২ রাউন্ড গুলি চালনা সম্পর্কে বিধানসভা সদস্য সর্ব্বশ্রী রজনীকান্ত দোলুই এবং বীরেন্দ্র কুমার মৈত্রের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তি প্রসঙ্গে আমি নিম্নলিখিত বক্তব্য রাখতে চাই।

গত ২৪/২/৮১ তারিখে নিউ আলিপুর থানা এলাকায় পুলিশের ২২ রাউন্ড গুলি ও দু'রাউন্ড কাঁদানে গ্যাস ছোঁড়ার মূল হচ্ছে স্থানীয় দুটি ক্লাবের মধ্যে রেষারেষি। গত ২০শে এবং ২১শে ফেব্রুয়ারি ওই বিবাদমান ক্লাবের সদস্যদের মধ্যে কিছু গোলমাল হয়। এলাকায় শান্তি রক্ষার জন্য পুলিশ মোতায়েন করা হয়।

গত ২৪/২/৮১ তারিখে বিকেল প্রায় ৪-৫৫ মিনিট নাগাদ ঐ পুলিশ দলের উপর হঠাৎ ইট ও বোমা বর্ষিত হতে থাকে। বিভিন্ন দিক থেকেই এই আক্রমণ চালিত হয়। প্রচন্ড বোমা বর্ষণের ফলে ৭ জন পুলিশ আহত হন। প্রথমে পুলিশ দল ঐ হিংসাশ্রয়ী দুষ্কৃতকারীদের তাড়া করে কিন্তু তাতে পুলিশের উপর বোমার আক্রমণ আরও বেড়ে যায়। পুলিশ তখন দু রাউন্ড কাঁদানে গ্যাস ছোঁড়ে, কিন্তু তাতে কোনও ফল হয় না। তখন আত্মরক্ষার্থে বাধ্য হয়ে পুলিশকে ২২ রাউন্ড গুলি চালাতে হয়। গুলি চালনার ফলে দুষ্কৃতকারিরা পালিয়ে যায়। পরে ঐ স্থান থেকে দুজন আহত ব্যাক্তিকে গ্রেপ্তার করা হয়। তাদের মধ্যে একজন শেঠ সুখলাল করনারী হাসপাতালে ও অপর জন ক্যালকাটা হসপিটালে চিকিৎসাধীন আছে। পরে তল্লাসি চালিয়ে পুলিশ ১৫টি তারা বোমা, প্রচুর পরিমাণে ইট-পাটকেল এবং ফাটানো বোমার টুকরা উদ্ধার করেছে এবং অপর একজনকে গ্রেপ্তার করে। এ সম্পর্কে নিউ আলিপুর থানায় একটি মামলা শুরু করা হয়েছে এবং তদন্ত চলছে। এই ঘটনায় স্থানীয় বিবাদমান ক্লাবের সদস্যরা জড়িত। এর সঙ্গে কোনও রাজনৈতিক দলের কোনও সম্পর্ক জানা যায় নাই। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে পুলিশ প্রহরা চলছে, অবস্থা বর্তমানে শান্ত।

## Mention Cases

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অতি গুরুত্বপুর্ণ ঘটনার প্রতি মাননীয় মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও এই ঘটনা দেশে নূতন নয় কিন্তু গতকাল বিভিন্ন সংবাদ পত্রে যে সংবাদ প্রকাশিত হয়েছে সে সংবাদের প্রতি দৃষ্টি দিয়ে পশ্চিমবাংলার নারী সমাজ অত্যন্ত ক্ষুব্ধ এবং তাদের পক্ষ থেকে আমিও এর প্রতিবাদ জানাই। গতকাল শশীকলার মৃত্য, নিয়ে হাওড়ায় অত্যন্ত বিক্ষোভ সৃষ্টি হয়। এই মৃত্যুকে কেউ বলেছেন হত্যা আবার কেউ বলেছেন আত্মহত্যা। আমরা আরও জানতে পারি যে ২৫ হাজার টাকা পণের জন্যই তাকে প্রাণ দিতে হয়েছে। ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় আমাদের মতো দেশে নারীকে পণ্যের মতো বিক্রি করার বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানাই। যে দেশে প্রধানমন্ত্রী হলেন একজন মহিলা সে দেশেও পণ প্রথার জন্য প্রাণ বলি হতে হয়। তাই আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাকে অনুরোধ জানাই যে এই ঘটনার তদন্ত করে যারা এই ঘটনার জন্য দায়ী তাদের কঠোর শাস্তি দেওয়া হোক।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী মনোরঞ্জন নাথ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বর্ধমান জেলার মেমারি থানার অন্তর্গত বড়ভোগ দুনম্বর গ্রাম পঞ্চায়েতের অধীন বারোয়ারি গ্রামে রক্ত আমাশয় রোগ মারাত্মক সংক্রামক হিসেবে দেখা দিয়েছে। ওখানে ৮ জন মারা গেছে, ১৫ জন হাসপাতালে ভর্তি হয়েছে এবং ১৫০ জন আক্রান্ত হয়ে গ্রামেই রয়েছে। কাজেই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে সেখানে ঔষধ পাঠাবার ব্যবস্থা করেন এবং প্রতিষেধক ব্যবস্থা নেন।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের হুগলি জেলাতে এবারে বোরো মরশুমে ৫০ হাজার একর জমিতে জল দেবার সিদ্ধান্ত হয়েছিল। কিন্তু গত সপ্তাহে ডি. ভি. সি. জল না ছাড়ায় ওই বোরো চাষ নষ্ট হতে চলেছে। আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি বোরো চাষের জন্য যাতে জল পাওয়া যায় তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রী গুরুপ্রসাদ সিংহ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এ বছর আশা করা গিয়েছিল যে প্রচুর আলুর উৎপাদন হবে, কারণ ভাল সার সরবরাহ হয়েছে, প্রথম দিকে অনুকুল আবহাওয়া, ভাল বীজ সরবরাহ হয়েছে এবং সর্বোপরি বিগত বছরে আলু চাষীরা লাভজনক দাম পেয়েছে। পশ্চিমবাংলায় যখন আলু চাষ হয়েছিল তখন প্রথমে ভয় হয়েছিল যে চাষীরা ভাল দর পাবে না। কিন্তু পরে দেখা গেল প্রায় ২৮ লক্ষ মেট্রিক টন আলু উৎপন্ন হয়েছে। তখন সরকার ৮০/৮৫ টাকা কুইন্টল হিসেবে আলু কেনার ব্যবস্থা করলেন। সরকার এই যে আলু কেনার ব্যবস্থা করলেন তার একটা উদ্দেশ্য ছিল চাষীরা লাভজনক দর পাবে এবং সরকারের কাছে যদি সংগৃহীত আলু থাকে তাহলে বছরের মাঝামাঝি থেকে শেষ পর্যন্ত ওই মজুতদাররা আলুর দাম বাড়িয়ে ক্রেতা সাধারণের ক্ষেত্রে যে বিপদের সৃষ্টি করে সেটাকে এড়ানো যাবে। কিন্তু বর্তমানে আলুর দাম যেভাবে বেড়ে যাচ্ছে তাতে মনে হয় ওই দরে আলু আর পাওয়া যাবে না। এই অবস্থায় আমার বক্তব্য হচ্ছে যে, কৃষকদের প্রাইস সাপোর্ট দেবার দরকার নেই, ক্রেতারা যাতে আলু পেতে পারে তার জন্য রাজ্য সরকার অবিলম্বে আলু কেনার ব্যবস্থা করুন। সরকার যদি আলু না কেনেন তাহলে মানুষকে ৩ টাকা দর দিয়ে আলু কিনে খেতে হবে। সরকার যদি আলু কিনে রাখেন তাহলে ব্যবসাদারদের উপর-কন্ট্রোল থাকবে। আমি আশা করি সরকার আলুর এই সমস্যার প্রতি দৃষ্টি দেবেন।

**শ্রী আবুল হাসান :** স্পিকার মহাশয় আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার এবং আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন এবং সবাই জানেন যে জনগণকে বাদ দিয়ে আমাদের দেশের জনগণনার কাজ আরম্ভ হয়েছে। আমার কাছে একটা দরখাস্ত আছে এটা আমি আপনাকে দেব। ১৯৫৭ বি লেনিন সরণী একটি বাড়িতে যেখানে প্রায় ১০০০ হিন্দু-মুসলমান বসবাস করে সেখানে কোন জনগণনার কর্মী যায়নি। গত ২৮ তারিখে খবরের কাগজে বেরিয়েছে এবং সেই কাগজটির নাম হচ্ছে আজাদ হিন্দ (ডেলি) যে ঐ কাগজের যিনি এডিটর শ্রী কে. এম. ইসুল তাঁর বাড়িতেও জনগণনা

কর্মী যায়নি এবং আমার নিজের বাড়িতেই কোন জনগণনা কর্মী যায়নি। ২৬ নম্বর তালতলা লেনে নিচের বাড়িতে জনগণনা কর্মীরা গেল কিন্তু উপরতলার বাড়িতে গেল না। এই ধরণের অনেক অভিযোগ শুধু মুসলিমের ব্যাপারে নয় হিন্দু-মুসলিম নির্বিশেষে এইভাবে জনগণনা হয়েছে। সেইজন্য আমার দাবি হচ্ছে আবার নতুন করে জনগণনার কাজ শুরু করা হোক। কারণ গত ২৮ তারিখে জনগণনার কাজ শেষ হয়েছে। কিন্তু অনেকেরই বাড়িতে জনগণনার কর্মীরা যায়নি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী উপস্থিত আছে আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তাদের দৃষ্টি আকর্ষণ করছি। স্টেটসম্যান ও যুগান্তর পত্রিকায় বেরিয়েছে যে সম্প্রতি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যে সমাবর্তন উৎসব হবে সেখানে প্রধানমন্ত্রী আমন্ত্রিত হয়েছেন। কিন্তু একজন কুচক্রী লোক বলছে যে প্রধানমন্ত্রীকে আনা চলবে না তাঁকে নিমন্ত্রণ উইথড্র করতে হবে। স্যার, আমরা মনে করি এতে ভারতের প্রধানমন্ত্রীকে অপমান করা হয়েছে। এখানে দলবাজি করার জন্য প্রধানমন্ত্রী আসলে দলের ক্ষতি হবে এইটাই তাঁরা অনুমান করছেন। আমি মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কাছে দাবি করছি যে তাঁরা এটা তদন্ত করে এখানে একটা বিবৃতি রাখুন।

**শ্রী জ্যোতি বসু ঃ** স্যার, উনি চাইছেন যে খবরের কাগজে এত বড় করে ওনার নাম ছাপুক তাই উনি এই সব কথা বলছেন। প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়েছিল এবং আমাকে ওখানকার ভাইস চ্যান্সেলার অনুরোধ করেছিলেন যে আপনি একটু চেষ্টা করুন। আমি এই ব্যাপারে প্রধানমন্ত্রীকে চিঠি লিখি। উনি আমাকে চিঠি দিয়েছেন। ঐ সমাবর্তন উৎসবের সময় ওনার কি একটা কাজ আছে। তাই উনি আসতে পারছেন না।

**শ্রী হবিবুর রহমান ঃ** স্যার, সংবাদপত্রে এই রকম একটা অপমানজনক তথ্য বেরিয়েছে। বিশেষ করে প্রধানমন্ত্রী সম্বন্ধে। তাহলে উনি এ সম্বন্ধে একটা ব্যবস্থা নিলেন না কেন?

[2-30 — 2-40 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গে বিদ্যুতের অবস্থা অত্যন্ত শোচনীয়। ডে. পি. এল. সাঁওতালদি ইত্যাদি যত জায়গায় এই সরকারের প্রশাসন যন্ত্র রয়েছে সেখানেই দেখা যাচ্ছে বিদ্যুতের অবস্থা অত্যন্ত দুর্ভাগ্যজনক। সাঁওতালদিতে দেখা যাচ্ছে কয়লার যে সমস্ত ওয়াগান আসছে সেগুলি খালাস হচ্ছে না। এই যে সেখানে ওয়াগন খালাস হচ্ছে না তার একটি কারণ, সেখানে দুটি ইউনিয়নের মধ্যে ঝগড়া। সেখানে আর কয়লা সাপ্লাই করা যাচ্ছে না ফলে এর পরে সেখানে জেনারেশন করা সম্ভব কিনা সন্দেহ। তারপর দুর্গাপুরে দেখা যাচ্ছে পার্টিবাজির ফলে সেখানে বিদ্যুতের ব্যবস্থা ব্যাহত হতে বসেছে। স্যার, পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ দপ্তরের যে কটি সংস্থা আছে সেগুলিতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। অপরদিকে আমরা দেখছি ডি. ভি. সি ঢের বেশি বিদ্যুৎ দিচ্ছে। এই অবস্থায় পশ্চিমবঙ্গ অন্ধকারে থাকছে—কালকে বেহালা থেকে ডায়মন্ডহারবার পর্যন্ত সমস্ত জায়গাটা অন্ধকারে ডুবে ছিল।

আজকে ওরা চিন্তা করছেন, কিন্তু এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক যে, ডি. পি. এস এবং

সাঁওতালডি থেকে যে বিদ্যুৎ পাওয়ার কথা তা আজকে পাওয়া যাচ্ছে না। এর জন্য বর্তমান সরকারের ব্যর্থতা দায়ি। আজকে এখানে মুখ্যমন্ত্রীই বিদ্যুতমন্ত্রী, অথচ তিনি আজকে ডি. পি. এল এবং সাঁওতালদিকে ঠিকমত চালাতে পারছেন না। সুতরাং আমি তাঁকে অনুরোধ করছি যে, তিনি এই দুটি সংস্থাকে মিঃ লুমারের হাতে তুলে দিন, তাহলে এই দুটি সংস্থার বিদ্যুৎ উৎপাদনের উন্নতি হবে। কারণ তিনি ডি. ভি. সি.-তে উন্নতি ঘটাতে পেরেছেন।

**Shri Gopal Bose :** Sir, on a point of privilege. This cannot continue for long.

**অধ্যক্ষ মহোদয় ঃ** আপনি বসুন, আমি ওকে অনেক আগেই বসতে বলেছি এবং শ্রী সরল দেবকে তাঁর বক্তব্য রাখার জন্য অনুরোধ জানিয়েছি। সুতরাং আপনি আবার কি বলছেন?

**Shri Gopal Bose :** This is not the method to mention. You here allowed him. Please allow me. I am on a point of privilege.

**অধ্যক্ষ মহোদয় ঃ** শ্রী সরল দেব।

**শ্রী সরল দেব ঃ** স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে প্রাথমিক ও মাধ্যমিক বিভাগের শিক্ষামন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। জানুয়ারি, ফেব্রুয়ারি মাস শেষ হয়ে গেল এখনো পর্যন্ত প্রাথমিক স্তরের শতকরা ৫০ ভাগ ছাত্র-ছাত্রীর কাছে সরকারী পুস্তক পৌঁছায়নি। এর ফলে ছাত্র-ছাত্রীদের পড়াশুনায় ক্ষতি হচ্ছে। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে, আমলাদের উপর নির্ভর না করে নিজ দায়িত্বে এক সপ্তাহের মধ্যে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পুস্তক সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এসপ্লানেড থেকে বিলাশপুর পর্যন্ত যে স্টেট বাসটি যায় সেই বাসটির সময়-সূচি সম্পর্কে আমি একটা কথা বলতে চাই। সাড়ে ৬-টার সময়ে প্রথম যাত্রাটি শুরু হয় এসপ্লানেড থেকে। অথচ সেই সময়ে এদিক থেকে খুব বেশি যাত্রী বিড়লাপুরের দিকে যাবার থাকে না। অথচ ঐ সময়ে কোনও গাড়ি বিড়লাপুরের দিক থেকে আসে না। ফলে ঐ দিক থেকে লোকে অফিসে আসতে পারে না। সেইজন্য আমি পরিবহন মন্ত্রী মহাশয়কে বলছি যে, সময়-সূচিটা একটু পাল্টে দিতে, অর্থাৎ সকালবেলা বিড়লাপুর থেকে বাস ছাড়ার ব্যবস্থা করলে প্যাসেঞ্জারদের সুবিধা হয় এবং সেই সঙ্গে এদিক থেকে খালি গাড়ি যাওয়ার ফলে যে লোসকান হচ্ছে সেটাও এড়ানো সম্ভব হয় বলে আমি মনে করি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি কয়েকটি সংবাদপত্র এবং রেডিও মারফত হাওড়ার পাঁচলা থানার তিনশত ফরোয়ার্ডব্লক কর্মী একজন কংগ্রেস(ই) নেতার নেতৃত্বে কংগ্রেস(ই)-তে যোগদান করেছেন বলে একটি সংবাদ প্রচারিত হয়েছে। এ সংবাদ অসত্য এবং বিভ্রান্তিকর। তিন জন কর্মীকে দু-বছর পূর্বে ফরোয়ার্ড ব্লক থেকে বহিস্কার করা হয়। তাদেরই নিয়ে তথাকথিত নেতা এই অসত্য সংবাদ পরিবেশন করেছেন। তাদের

সঙ্গে কোনও ফরোয়ার্ডব্লক কর্মী যাননি। আমি এই সভার জ্ঞাতার্থে আরও জানাচ্ছি যে ঐ নেতা গত দু-বছরে দুটি দল পরিবর্তন করে বর্তমানে কংগেস(ই)-তে ঠাঁই নিয়েছেন। যে সংবাদ প্রচারিত হয়েছে তার বিরুদ্ধে সংবাদপত্রগুলিতে এবং আকাশবাণীতে প্রতিবাদ ইতিমধ্যেই জানানো হয়েছে।

**অধ্যক্ষ মহোদয়ঃ** সংবাদপত্রের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে হলে, তা সংবাদ-পত্রকেই জানাবেন। সে বিষয়ে হাউসে বলবার কিছু নেই।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী কৃষ্ণধন হালদারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৪-পরগণা জেলার কুলপী থানা অঞ্চলের ক্ষেত-মজুরেরা আজকে অনশনের মুখে দিন যাপন করছে। গত ২৭-২-৮১ তারিখে ক্ষেত-মজুররা ব্লক অফিসের সামনে ১২ দফা দাবির ভিত্তিতে বিক্ষোভ জানায়। এই বিক্ষোভের পুরোভাগে ছিলেন ২৪-পরগণা জেলার ক্ষেত-মজুর, কৃষক সমিতির প্রধান। সরকার অবগত আছেন, কুলপী থানা হচ্ছে ১ ফসলী এলাকা এবং নোনা জলে চাষ বিপর্যস্ত হয়। সেখানকার ক্ষেত-মজুররা কোনও কাজ পাচ্ছে না। কাজের বদলে খাদ্য যে প্রকল্প আছে সেটা এখনও পর্যন্ত চালু হচ্ছে না ফলে ক্ষেত মজুরদের অনশন করে থাকতে হচ্ছে। এর ফলে অপরাধ প্রবণতা দেখা দিচ্ছে। যে কোনও মুহূর্তে বিভিন্ন অফিসে ডেপুটেশন নিয়ে আসতে পারে। তাই আমি খাদ্যমন্ত্রী এবং রিলিফ মন্ত্রীকে অনুরোধ করবো অবিলম্বে যেন সেখানে খাদ্য পাঠানো হয় এবং রিলিফের ব্যবস্থা করা হয়।

**শ্রী পতিতপাবন পাঠকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সৌভাগ্য আজকে উচ্চতর বিভাগের শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন। আমরা বহুদিন ধরে হাওড়ার দক্ষিণাংশে, সালকিয়া, বালি অথবা বেলুড় অঞ্চলে একটি গার্লস কলেজ নির্মাণের জন্য আবেদন-নিবেদন করে আসছি। বর্তমানে যানবাহনের যা অব্যবস্থা তাতে করে ঐ অঞ্চলের যোগ্য কলেজ যদি না হয় তাহলে ঐ এলাকায় বহু ছাত্রীর পড়াশুনা অসম্ভব হয়ে পড়বে। ঐ সমস্ত এলাকায় বহু ছাত্রী আছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, ঐ সালকিয়া অঞ্চলে একটা গার্লস কলেজ প্রতিষ্ঠা করা যায় কিনা তা দেখার জন্য আবেদন জানাচ্ছি। আমি মন্ত্রী মহাশয়কে দরখাস্ত দিয়েছি এবং এ ব্যাপারে যদি প্রয়োজন হয় তাহলে কলেজ নির্মাণের জন্য প্রয়োজনীয় বাড়িও জোগাড় করে দেবো এবং ভাল জায়গাও আছে সেটাও আপনাকে জানাচ্ছি।

**শ্রী সন্দীপ দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন ধরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আচার্য এবং উপাচার্যের মত বিরোধ নিয়ে নানারকম সংবাদ কাগজে বেরুচ্ছে। আমার কাছে সংবাদ আছে, বেশ কিছুদিন ধরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সরকারী মনোনীত যে কাউন্সিল আছে সেই কাউন্সিলের কাজকর্ম ঠিকমতো হচ্ছে না আবার অধিকাংশ সময়ে কাউন্সিলার কোরামও হয়না এবং বহিরাগতদের প্রাধান্য থাকে এবং এই বহিরাগতদের কথা অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। আমরা এর প্রকৃত অবস্থা জানতে চাই। সংবাদে বেরিয়েছে, আচার্য বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন বা রজত রজন্তী উৎসবে যাবেন না। সংবাদে যে খবর বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে কাউন্সিলের ইরেগুলার ফাংশনিং এবং অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে রাজ্যপাল

বা আচার্য আপত্তি জানান। মাননীয় উচ্চতর বিভাগের শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন। আমি অনুরোধ করছি তিনি প্রকৃত ঘটনা সম্পর্কে যেন একটি বিবৃতি দেন। আমি এই প্রসঙ্গে একটি কলিং অ্যাটেনশন দিয়েছিলাম কিন্তু সেটা গ্রহণ করা হয়নি। যাই হোক, আমি যেটা বলতে চাইছি সেটা হচ্ছে, বিশ্ববিদ্যালয়ের আচার্য সমাবর্তন উৎসবে যাবেন না বলে খবর বেরুচ্ছে। এ ছাড়া আমার কাছে সংবাদ আছে, সরকারী মনোনীত কাউন্সিলের মিটিং-এ কোরাম হয় না, বহিরাগতদের প্রাধান্য বেশি থাকে এবং তারা আলোচনায় যোগ দেন। এদের কথা অনুযায়ী ডিসিসন নেওয়া হয় বলে রাজ্যপাল মহাশয় আপত্তি জানিয়েছেন। এই জিনিসটা আমার কাছে ভাল দেখাচ্ছে না।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোল হিন্দুস্থান পিলকিংটন গ্লাস ওয়ার্কস লিমিটেড নামে কারখানাটি গত ২৫.৫.৮০ তারিখ থেকে লক আউট কবলভুক্ত হয়ে বন্ধ হয়ে আছে। ঘটনাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেবলমাত্র এদেশে নয়, এই জাতীয় কারখানাটি এশিয়ার বৃহত্তম একটি কারখানা। এই কারখানার উৎপাদিত পণ্য রপ্তানি করে ভারত সরকার প্রায় এক কোটি টাকার বিদেশি মুদ্রা অর্জন করেন। প্রায় ২ হাজার স্থায়ী এবং অস্থায়ী কর্মী সেখানে কাজ করেন। তাঁরাও গত ২৫.৫.৮০ তারিখ থেকে এই কারখানা বন্ধ হওয়ার সাথে সাথে অনাহারে দিন কাটাচ্ছেন, ইতিমধ্যে ৬ জনের মৃত্যুও হয়েছে। আমি আশা করব মাননীয় শিল্প মন্ত্রী, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় এদিকে একটু দৃষ্টি দেবেন এবং অবিলম্বে যাতে এই কারখানাটি খোলে তার ব্যবস্থা করবেন।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ দুই নম্বর ব্লকে দীর্ঘদিন ধরে পদ্মা নদীর ব্যাপক ভাঙনের ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এবারে সিনাইগাছা, কুতুবপুর, আন্দুয়া, মৈখলিপুর প্রভৃতি জায়গায় পদ্মা নদীর ভাঙন অব্যাহত আছে। হাজার হাজার পরিবার গৃহছাড়া হচ্ছেন। এবারে বিশেষ করে মেখলিপুরে বাদশাহী পুল আসন্ন বর্ষায় ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা আছে, তা হলে সমস্ত লালবাগ মহকুমা সম্পূর্ণ দুর্ভোগের মধ্যে পড়ে যাবে। ভাঙ্গন প্রতিরোধের কাজ সত্বর আরম্ভ করার জন্য আমি সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে এই সমস্ত ভাঙন এলাকার প্রতিরোধের কাজ আরম্ভ করেন। তা না হলে গোটা সাবডিভিসন ধ্বংস হয়ে যাবে। কাজেই এই সাবডিভিসনটি যাতে দুর্ভোগের কবলে না পড়ে তিনি সেদিকে একটু দৃষ্টি দেবেন।

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের অর্থমন্ত্রী ১৯৮১-৮২ সালের যে বাজেট এই সভায় উত্থাপিত করেছেন, সেই বাজেটের প্রথম পর্বে তিনি বলেছিলেন যে বর্তমান বামফ্রন্ট সরকারের রাজ্যে এটা হচ্ছে শেষ বাজেট। এই কথা বলে তিনি তাঁর বাজেট রচনার কাজ শুরু করেছেন। স্বভাবতই তাঁর মনে এই চিন্তা দেখা দিয়েছে যে আগামীদিনে যে নির্বাচন হবে সেই নির্বাচনে জয়লাভ করতে গেলে, সাফল্য অর্জন করতে গেলে যাতে জনগণের সমর্থন পাওয়া যায়, সেই দৃষ্টিভঙ্গি, স্বভাবতই এই বাজেটের মধ্যে প্রতিফলিত হওয়া স্বাভাবিক। তাই, সমাজের মোটামুটি সমস্ত শ্রেণীর মানুষের কাছে—ব্যবসায়ী, শিল্পপতি এবং সাধারণ মানুষকে তিনি কিছু কিছু বিভিন্ন ধরণের কনসেসন দিয়েছেন সে বিষয়ে কোনও

সন্দেহ নাই। তবুও একটা বিষয়ে আমরা মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। সেটা হচ্ছে এই যে কৃষি ঋণ মুকুবের ব্যাপারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দীর্ঘদিন ধরে এই সভায় আমরা দাবি জানিয়েছি পার্টির পক্ষ থেকে—গ্রামাঞ্চলে কৃষকেরা যেভাবে ঋণভারে জর্জরিত, তাদের যদি সেই ঋণভার লাঘব করা না যায় গ্রামীণ অর্থনীতিকে একটা সুস্থ, শক্তিশালী পর্যায়ে নিয়ে না যাওয়া যায় তাহলে অসুবিধা হবে। সুতরাং যদিও নির্বাচনের প্রাক্কালে ঘোষণা করা হয়েছে তা হলেও এটা গ্রামীণ কৃষকের অনেকখানি ভার লাঘব করবে, সেইজন্য আমরা অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। সাথে সাথে একটা দাবি করি, সরকার কৃষি ঋণ মুকুবের কথা বলেছেন, গ্রামাঞ্চলে তথ্য সংগ্রহ করলে দেখা যাবে যে বহু কৃষক সরকারী ঋণ মুক্ত হলেও—অর্থাৎ সেচ এলাকায় চার একর এবং অসেচ এলাকায় ছয় একর হলেও কৃষকেরা কো-অপারেটিভ ঋণ থেকে কিংবা আলাদা ব্যাংকের মাধ্যমে যে কৃষি ঋণ গ্রহণ করেছেন সেই ঋণ ভারের কোনও কথা এই বাজেটে নেই। ঘোষণা করা না হলে কৃষকেরা গ্রামাঞ্চলে অন্যরকম অসুবিধাজনক সিচুয়েশনে পড়বেন ব্যাংক বা কো-অপারেটিভ ঋণের জন্য। সেইজন্য আমি অর্থমন্ত্রীর কাছে আবেদন জানাব যে এই কো-অপারেটিভ এবং ব্যাংক ঋণ মুকুব করার বিষয়ে তিনি শীঘ্রই সিদ্ধান্ত ঘোষণা করুন।

[2-50 — 3-00 p.m.]

বাজেটের প্রথম দিকে একটা দৃষ্টি আকর্ষণ করছি। এবারের বাজেটের সঙ্গে অর্থনৈতিক সমীক্ষাগুলি দেওয়া হয়েছে সেইগুলির মাধ্যমে দাবি করা হয়েছে সারা ভারতবর্ষে ন্যাশনাল প্রডাক্ট ১৯৭৯-৮০ সালে যেভাবে যত পারসেন্টেজ কমেছে যে পশ্চিমবাংলায় সেটা আরো কম এবং পার ক্যাপিটা ন্যাশনাল ইনকাম সর্ব ভারতীয় পর্যায়ে যে হারে কমেছে পশ্চিমবঙ্গে সেটা আরোও কম। যে ভিত্তির উপর এই তথ্য রচনা করা হয়েছে তাতে আমাদের কাছে ইকনমিক রিভিউ আছে ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯ সেই তিনটি অর্থনৈতিক সমীক্ষা যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে যে ১৯৭৫-৭৬, ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯ এই ৪ বছরে স্টেট ডোমেস্টিক প্রোজেক্ট-এর যে মূল্য এবং তার ভিত্তিতে যে পার ক্যাপিটা ইনকাম করা হয়েছে তাতে একটা ফিগারের সঙ্গে আরেকটা ফিগারের কোনও মিল নেই। ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে স্টেট ডোমেস্টিক ফিগার কত তার কোন সুনির্দিষ্ট ফিগার রাজ্য সরকারের হাতে নেই—এই বছরে বলা হয়েছে প্রভিশনাল। ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮ সালেও বলা হয়েছিল প্রভিশনাল। এই ফিগারগুলির সঙ্গে ১৯৭৬-৭৭ এবং ১৯৭৭-৭৮ সালের কোনও মিল নেই। সুতরাং এই পরিস্থিতিতে রাজ্যের উন্নয়নের অগ্রগতির দিক থেকে বা অল ইণ্ডিয়া কাঠামোর তুলনায় পশ্চিমবঙ্গের অগ্রগতি হয় তাহলে নিশ্চয় আমরা আনন্দিত হই। কিন্তু যেভাবে তথ্যগুলি সংগ্রহ করা হয়েছে সেই তথ্যের উপর ভিত্তি করে এই সিদ্ধান্তে আসা কতটা সঠিক হবে তা আমরা বুঝতে পারছি না। স্ট্যাটিসটিক্স সম্পর্কে কথা আছে Politics is the master and statistics is the servant. অর্থাৎ রাজনৈতিক নেতাদের রাজনৈতিক বক্তব্য প্রতিপন্ন করার জন্য তারা যেভাবে পরিসংখ্যান রচনা করতে চান সেইভাবে করান হয়। এই পরিসংখ্যান সেইভাবে করা হয়েছে কিনা জানি না। তিনি বলেছেন এই বছরের বাজেটে অন্তিম ঘাটতি হবে ৬৫ কোটি টাকা। এই কথা বলতে গিয়ে তিনি বলেছেন ১৯৭৯-৮০ সালে ঘাটতি আশা করা গিয়েছিল ২৩ কোটি টাকা কিন্তু

প্রয়োজনীয় রাজস্ব আদায় না হওয়ার জন্য এবং অন্যান্য খরচের জন্য ঘাটতি বেড়ে গিয়ে ৬৫ কোটি টাকায়। সেখানে তিনি বলেছেন ২৩ কোটি হিসাব ধরলেও রাজ্যের এ. জি.র কাছে বছরের শেষে ঘাটতি হল ৪০ কোটি টাকা, এবং রিজার্ভ ব্যাংক বলছেন ৬৫ কোটি টাকা। সেইজন্য তিনি বলছেন ৬৫ কোটি টাকা ঘাটতি ধরে নিয়ে এই বাজেট। এটা কি সুস্থির রাজ্যের অর্থনৈতিক চেহারার চিত্র। আমি মনে করি রাজ্যের অর্থনৈতিক চেহারা সম্পর্কে কোনও স্থির চিত্র রাজ্যের অর্থ দপ্তরের হাতে নেই—যদি থাকতো তাহলে প্রকৃত ঘাটতির কথা বলতেন। এ. জি. বলছেন ৪০ কোটি টাকা, রিজার্ভ ব্যাংকে ৬৫ কোটি টাকা এবং রিজার্ভ ব্যাংকের সেই ৬৫ কোটি টাকা ঘাটতি যদি ধরা যায় তাহলে দেখবো ১৯৮১-৮২ সালের শেষে অন্তিম ঘাটতি আরো অনেক বেশি বেড়ে যাবে। আগের অভিজ্ঞতায় দেখছি রাজ্যের যে পরিমাণ বাজস্ব আশা করা গিয়েছিল সেই পরিমাণ হয় না বলে ঘাটতি বেশি হয়েছে। এবারের বাজেটে একটা বড় কথা নেই যে সম্পর্কে তিনি প্রতিশ্রুতি দিয়েছেন পরে ঘোষণা করবেন এবং সেই সম্পর্কে কোনও বরাদ্দ নেই। অর্থাৎ এটা হচ্ছে পে কমিশনের রেকমেন্ডেশন। রাজ্য সরকারী কর্মচারীদের বেতনহার পুনর্গঠন করবার জন্য যে পে কমিশন গঠন করা হয়েছিল তাদের সুপারিশ কার্যকর করতে গিয়ে যে বিরাট টাকা প্রয়োজন হবে সেই টাকার বরাদ্দ কি ভাবে হবে সে সম্পর্কে তিনি কিছু বলেননি। সুতরাং এই পে কমিশনের অনুযায়ী যদি ১০০ কোটি টাকার মতো কার্যকর করতে চান তাহলে শেষের দিকে দেখা যাবে এই রাজ্যের ঘাটতি পরিমাণ প্রায় ২০০ কোটি টাকার মতো হবে।

তাহলে এই ঘাটতির পরিমাণ প্রায় ২০০ কোটি টাকায় দাঁড়াবে। এই ঘাটতির পরিমাণ যদি এই ভাবে বেড়ে যায় তাহলে সেই ঘাটতিকে কি ভাবে সামাল দেবেন? একদিকে আপনারা বলছেন, কেন্দ্র আপনাদের সাহায্য দিচ্ছে না, কেন্দ্রের কাছ থেকে প্রয়োজন মতো টাকা পাচ্ছেন না, ওভার-ড্রাফটের টাকা তুলতে দিচ্ছে না, তাহলে তার একমাত্র ফল দাঁড়াচ্ছে রাজ্যের জন্য সমস্ত উন্নয়ন খাতে বা যোজনা খাতে, অ্যানুয়াল প্ল্যান খাতে যে সমস্ত বার্ষিক বরাদ্দ করেছেন সেগুলোকে ছাঁটাই করতে হবে। আবার সরকারী কর্মচারীদের জন্য পে-কমিশন যে রেকমেন্ডেশন করেছেন সেটাকে কার্যকরি করার ব্যবস্থা আপনাদের করতে হবে বলে বলছেন। এই যদি পরিস্থিতি হয়, তাহলে দেখা যাচ্ছে যে, ১৯৮১-৮২ সালে যে অর্থনৈতিক পরিবেশ সৃষ্টি হবে এই বাজেটের ফলে সেখানে পশ্চিমবঙ্গের উন্নয়ন মূলক কাজ বা অগ্রগতি একবারেই সম্ভব হবে না। সেদিক থেকে আমি বলতে পারি যে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন সেটি স্টাগনেন্ট বাজেট ছাড়া আর কিছু নয়। উনি বলেছেন যে, আমরা ১৯৮১-৮২ সালের জন্য ৫৮০ কোটি টাকার ব্যয় ধার্য করেছি বার্ষিক যোজনা খাতের ব্যাপারে, এবং কেন্দ্র ৯০ কোটি টাকা দিতে সম্মত হয়েছে, সুতরাং বার্ষিক যোজনা খাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়াবে ৬৭০ কোটি টাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, জিনিসপত্রের দাম যে ভাবে বাড়ছে তাতে উন্নয়নমূলক কাজকর্ম করতে গেলে সিমেন্ট, রড, লোহা ইত্যাদি যা প্রয়োজন তার দাম কেন্দ্রীয় বাজেটে সম্প্রতি বাড়িয়েছেন কেন্দ্রীয় সরকার। ফলে ঐ সমস্ত দ্রব্যের দাম আর এক দফা বাড়ল। সুতরাং যোজনার কাজকর্মগুলি মডারেট ওয়েতে করতে গেলে আমি মনে করি গত বছরে যে বাজেট পেশ করা হয়েছিল তার তুলনায় এই বছরের বাজেটে জিনিসপত্রের দামের দিকে লক্ষ্য রেখে করা উচিত ছিল। এই

*বছরে গত বছরের তুলনায় দাম অন্তত ২০ পারসেন্ট বৃদ্ধি পেয়েছে। আগের বছরে যে পরিমাণ উন্নয়নের কাজ করা হয়েছিল বা চেষ্টা করা হয়েছিল সেই পরিমাণ করতে গেলে* যোজনা খাতে কম করেও ৬৯৬ কোটি টাকার বরাদ্দ করা উচিত ছিল। সে জায়গায় বরাদ্দ করেছেন ৬৭০ কোটি টাকা। গত বছরের কাজ পেতে গেলে আরও অতিরিক্ত ২৬ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ করা উচিত ছিল। অর্থাৎ দেখা যাচ্ছে গত বছর যে পরিমাণ কাজ পাওয়া গিয়েছিল এই বছরে ৬৭০ কোটি টাকা বরাদ্দের ফলে সেই পরিমাণ কাজ পাওয়া যাবে না। আমি তো বুঝতে পারছি না যে অর্থমন্ত্রী এই বাজেটের সাহায্যে কিভাবে রাজ্যের উন্নতি ঘটাবেন, বেকার সমস্যার সমাধান করতে পারবেন বা তিনি তার সমস্ত লক্ষ্যকে কিভাবে পূরণ করবেন? পালন করা কখনই সম্ভব নয়। সেজন্য আমি মনে করি, এই কারণের জন্য পশ্চিমবঙ্গে কর্মসংস্থান, বেকারত্ব, দূরীকরণের ব্যাপারে তেমন কোনও সহায়ক ভূমিকা গ্রহণ করতে পারবেন না। গত বছর যে পরিমাণ উন্নয়নমূলক কাজ করা গিয়েছিল সেই পরিমাণ কাজ ১৯৮১-৮২ সালে এচিভ করা সম্ভব হবে না। অর্থমন্ত্রী গ্রামীণ উন্নতির কথা বলেছেন, এবং এই জন্য কৃষিক্ষেত্রে বরাদ্দ বাড়াবার সঙ্গে সঙ্গে অন্যান্য খাতেও বরাদ্দ বাড়িয়েছেন। কিন্তু লক্ষ্য

[3-00 — 3-10 p.m.]

করলে দেখা যাবে এই বাজেটে কার্যকর কিছু করবার চেষ্টা হয়নি। মেজর হেডস্ অব ডেভেলপমেন্টের ব্যাপারে আমরা দেখতে পাচ্ছি বরাদ্দ বা পারসেন্টেজ অনেক কমে গেছে। ১৯৮০-৮১ সালে এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড সার্ভিসের ব্যাপারে বার্ষিক যোজনা খাতে যে বরাদ্দ করা হয়েছিল তা ছিল মোট বরাদ্দের শতকরা ২০.২৪ ভাগ। আর এই বছরে এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড সার্ভিসের ব্যাপারে সেই বরাদ্দ ধরা হয়েছে ১৮.৩ ভাগ। অর্থাৎ দেখা যাচ্ছে যে ২ পারসেন্ট কম ধরা হয়েছে ঐ সমস্ত খাতের ব্যয় বাবদ। কো-অপারেশন, ওয়াটার অ্যান্ড পাওয়ার ডেভেলপমেন্ট, ট্রান্সপোর্ট অ্যান্ড কমিউনিকেশন এবং সোশাল অ্যান্ড কমিউনিটি সার্ভিসের ক্ষেত্রে বার্ষিক যোজনা খাতে আনুপাতিক হারে বা পারসেন্টেজের দিক দিয়ে অনেক কমে গেছে। ইরিগেশন হচ্ছে সেচের একটা মিডিয়াম বিশেষ করে মাইনর ইরিগেশনের ব্যাপারে সেক্ষেত্রে এবং বন্যা নিয়ন্ত্রণ খাতে যে পরিমাণ টাকা ধরা উচিত ছিল তা বাড়েনি। গত বছর বন্যা নিয়ন্ত্রণের জন্য যা ধরা হয়েছিল এ বছর তা ধরা হয়নি।

কৃষি খাতে সামান্য কিছু বেড়েছে, ক্ষুদ্র সেচ খাতে কয়েক লক্ষ টাকা বেড়েছে। স্মল স্কেল ইন্ডাস্ট্রি এবং কটেজ ইন্ডাস্ট্রি এই খাতে মাত্র কয়েক লক্ষ টাকা বেড়েছে। সুতরাং গত বছরের চেয়ে বা বর্তমান মূল্য স্তরের চেয়ে বরাদ্দের উপর ভিত্তি করে কি করে আমরা আশা করতে পারব যে পশ্চিমবাংলায় অথবা সারা গ্রামাঞ্চলে একটা উন্নয়ন পরিমন্ডল তৈরি হবে—এর ফলে কর্ম সংস্থানের ক্ষেত্র তৈরি হবে এবং এই বাজেটের দ্বারা গ্রামীণ অর্থনীতির দুরবস্থা দূরীভূত হবে। এই কথা আশা করা যায় না। তাই বলছিলাম এই বাজেট গ্রামাঞ্চলের উন্নতির ইঙ্গিত বহন করছে এটা কি করে বলব। আজকে বিরাট বেকার সমস্যা রয়েছে। আপনারা সারা পশ্চিমবাংলায় বেকার ভাতা চালু করেছেন। কিন্তু বেকার ভাতা যারা পাচ্ছেন, তারা তিন বছরের পরে আর পাচ্ছেন না। নূতন কিছু কিছু পাচ্ছেন কিন্তু আজও পশ্চিমবাংলায়

কর্মসংস্থান সৃষ্টি করবার জন্য গত ৪ বছর বামফ্রন্ট সরকার কোনও উল্লেখযোগ্য কোনও সুসংহত পরিকল্পনা গ্রহণ করতে পারেননি। ফুড ফর ওয়ার্কের কথা বলুন কি গ্রামীণ কর্ম সংস্থানের কাজে বলুন সে সাময়িক কাজের সময় গ্রামীণ কৃষক যারা আছে তাদের কর্ম সংস্থান হয় বা গ্রামীণ অর্থনীতিতে কিছুটা সুবিধা সৃষ্টি হয়ে থাকে। কিন্তু এডুকেটেড আন এমপ্লয়েড বা শিক্ষিত বেকার যুবক-যুবতি যারা রয়েছেন তাদের কর্ম সংস্থানের জন্য কোনও সুসংহত পরিকল্পনা রাষ্ট্রীয় উদ্যোগ আজ পর্যন্ত আপনারা করেননি। আমরা দীর্ঘ দিন ধরে শুনে আসছিলাম যে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করার জন্য চেষ্টা চলছে। আপনারা সে চেষ্টা করেছেন। কিন্তু এবারে মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে হতাশার সুরে বলেছেন যে কেন্দ্রীয় সরকার তার ৬ষ্ঠ পরিকল্পনার মধ্যে হলদিয়ার জন্য কোনও আর্থিক বরাদ্দ করেননি। এই যদি পরিস্থিতি হয় ৬ষ্ঠ পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে হলদিয়ার জন্য অর্থ না আসে তাহলে সেই পেট্রো-কেমিক্যাল কমপ্লেকস এর মাধ্যমে পশ্চিমবাংলার যে বেকার সমস্যা-এর যে চিত্র আমরা শুনে আসছিলাম বা যা নাকি তৈরি করা হয়েছিল তা কি ভাবে রূপায়িত হবে। সেখানে আরও তাদের দৃঢ়তার সাথে তাদের এগোনোর দরকার ছিল বলে আমি মনে করি। পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স এর জন্য যে কর্ম কান্ড গ্রহণ করা দরকার সে ব্যাপারে আরও দৃঢ়তার প্রয়োজন রয়েছে। আজকে হলদিয়া বন্দরে সম্পূর্ণ অনিশ্চিত অবস্থা দেখতে পাচ্ছি। একদিকে বেকারদের চাকরির সুযোগ হচ্ছে না অন্য দিকে যে চাকরির সুযোগ ছিল সে সুযোগ কিছু কিছু ক্ষেত্রে এমন কি অধিকাংশ ক্ষেত্রে বন্ধ হয়ে গেছে। আজকে ধর্মঘট, লক আউট স্ট্রাইকের ফলে সেখানে সব বন্ধের মুখে। এই তো কয়েকদিন আগে আমাদের মাননীয় শ্রমমন্ত্রী লিখিত একটি প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পশ্চিমবাংলায় প্রায় ২০০টি কল কারখানা বন্ধ হয়ে গেছে। তার মধ্যে স্থায়ী ভাবে বন্ধ হয়ে গেছে ৯৭টি কারখানা। ছোট বড় ইঞ্জিনিয়ারিং শিল্প এবং কারখানা বন্ধ হয়ে গেছে, ফলে বহু বেকার সৃষ্টি হয়েছে— প্রায় ৭/৮ হাজার, পশ্চিমবঙ্গে ধর্মঘটের সংখ্যা ১৯৮০ সালে ৬৫টি ঘটেছে এবং তার ফলে ১২ লক্ষ ৪০ হাজার শ্রম দিবস নষ্ট হয়েছে। লক আউটের ফলে ৪ কোটি কয়েক লক্ষ শ্রম দিবস নষ্ট হয়েছে। সুতরাং আজকে নূতন করে শিল্প উদ্যোগ তৈরি হচ্ছে না—নূতন কল কারখানা তৈরি হচ্ছে না, কর্ম সংস্থান হচ্ছে না বরং যা ছিল সে পরিমন্ডল সংকুচিত হচ্ছে। তার ফলে বেকার সমস্যা এক ভয়াবহ আকার ধারণ করেছে। আপনারা সকলেই জানেন যে কলকাতা বন্দর বা হলদিয়া বন্দরে আজ শ্রমিক অসন্তোষের ফলে সেখানে কি অবস্থা হয়েছে? আগে কলকাতা বন্দরের সঙ্গে বিদেশের রপ্তানির বিষয় ছিল ইঞ্জিনিয়ারিং গুডস চা, পাট ইত্যাদি। আসাম থেকে যে চা কলকাতায় নিলাম বাজারে আসত বা কলকাতা বন্দর দিয়ে বিদেশে যেত সেই আসামের চা অধিকাংশ কলকাতা বন্দর দিয়ে যাচ্ছে না গুজরাটের কান্দালা বন্দর দিয়ে যাচ্ছে। জুট ভাইজাক বন্দর দিয়ে যাচ্ছে ও চেষ্টা করছে ইঞ্জিনিয়ারিং তাও কলকাতা বন্দর পাচ্ছে না। আজকে বন্দরের কাজের অনেক অসুবিধা আছে। ফরাক্কার নাব্যতা ইত্যাদি নানা বাধার সৃষ্টি করছে। ১৯৭১ সালের একটা সমীক্ষায় দেখা গিয়েছে যে কলকাতা বন্দরে মাত্র ৮০ দিন কাজ হয়েছে শ্রমিক অসন্তোষ ধর্মঘট ইত্যাদির ফলে।

[3-10 — 3-20 p.m.]

শুধুমাত্র ৮০ দিন কাজ হবার ফলে যারা এক্সপোর্টার তারা দেখল কলকাতা বন্দরের মাধ্যমে জিনিসপত্র পাঠাতে গেলে অনেক অসুবিধা হয়, তাদের অনেক খরচ বহন করতে হয় সেইজন্য তারা এই কলকাতা বন্দরকে অ্যাভয়েড করেছে। পোর্টে যে আন্দোলন চলছে তাতে তাদের ন্যায় সঙ্গত দাবি পূরণ হোক এটা আমরা চাই। কিন্তু আপনারা যারা শাসকদল হিসেবে সংগঠিত শ্রমিক আন্দোলনে নেতৃত্ব দিচ্ছেন তাদের কাছে আমি এই প্রশ্ন রাখতে চাই, একটি বন্দরে যদি ৩৬৫ দিনের মধ্যে মাত্র ৮০ দিন কাজ হয় তাহলে সেটা কি একটা সুখবর? আপনারা যদি বলেন সুখবর, তাহলে সুখবর। যারা কলকাতা থেকে ইঞ্জিনিয়ারিং গুডস এক্সপোর্ট করে তারা আশা করেছিল ৪০০ কোটি টাকার গুডস এক্সপোর্ট করবে। কিন্তু আমরা দেখছি তারা মাত্র সেখানে ২০০ কোটি টাকার গুডস এক্সপোর্ট করতে পেরেছে। স্ট্রাইক ইত্যাদি নানা রকম অসুবিধার জন্যই এটা হয়েছে। আপনাদের বিভিন্ন শরিক দলের মধ্যে কোনও দলের জন্যই শ্রমিকদের ক্ষেত্রে এই অশান্তি, বন্দরে গোলমাল এবং কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে এই চিত্র আমাদের সামনে রয়েছে। তারপর, কর্ম সংস্থানের ক্ষেত্রে দেখছি নূতন কর্ম সংস্থান হচ্ছে না, বরং যেগুলি ছিল সেগুলিও বন্ধ হয়ে গেছে। তারপর, যে পরিমাণ ভ্যাকান্সি নোটিফাইড করা হচ্ছে সেগুলি পূরণ করা হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখছি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে যে ভ্যাকান্সি নোটিফাইড করা হয়েছিল ১৯৭৮/৭৯ এবং ১৯৮০ সালে তার একটা বিরাট অংশ পূর্ণ করা হয়নি। ১৯৭৮ সালে ৪৪ হাজার ভ্যাকান্সি নোটিফাইড হয়েছিল, কিন্তু পূর্ণ হয়েছে মাত্র ১৫ হাজার। পরের বছরও ওই একই সংখ্যা নোটিফাইড হয়েছিল কিন্তু পূর্ণ হয়েছে মাত্র ১৫ হাজার ৯০০। তাহলে দেখা যাচ্ছে প্রতি বছর যে মূল ভ্যাকান্সি নোটিফাইড করা হয়েছে সেগুলি পূরণ করা সম্ভব হয়নি। তাহলে বেকার ছেলেদের চাকুরি পাবার ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন? কোথায় তাদের সেই ব্যবস্থা? আশ্চর্যের ব্যাপার যে সমস্ত ভ্যাকান্সি নোটিফাইড করা হচ্ছে তার অর্ধেকও পূরণ করা হচ্ছে না এবং এমনকি সরকারী অফিসে যে পরিমাণ ভ্যাকান্সি হয় তার এক তৃতীয়াংশ পূরণ হয়, দুই তৃতীয়াংশ খালি পড়ে থাকে। যেখানে এত বেকার সমস্যা রয়েছে সেখানে যদি এরকম ভাবে ভ্যাকান্সি পড়ে থাকে তাহলে কি করে বেকারদের কর্মসংস্থান হবে? বিভিন্ন হেড—এ টাকা বরাদ্দ করলেই কর্মসংস্থানের সৃষ্টি হবে তা বলা যায় না বা তা হয় না। পশ্চিমবঙ্গ সরকারের প্রশাসনের মধ্যে যে গতিশীলতা থাকা উচিত ছিল প্রশাসন কিন্তু সেখানে রেসপন্সিভ ওয়েতে কাজ করতে পারল না। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এই ৪ বছর ধরে যে শাসন ক্ষমতা পরিচালনা করলেন তাতে দেখছি সরকারের অধীনে যে সমস্ত পাবলিক আন্ডার টেকিং রয়েছে সেখানে আগেও যেমন ক্ষতি হচ্ছিল, এখনও তেমনি ক্ষতি হচ্ছে। তবে যেটা আমাদের কাছে সবচেয়ে দুঃখের বিষয় সেটা হচ্ছে এই বামফ্রন্ট সরকার আসার পরও এই সমস্ত পাবলিক আন্ডারটেকিং-এ পরিচালনাগত ত্রুটি এবং ব্যবস্থাগত ত্রুটি দূর করে কি করে লোকসান থেকে লাভের দিকে যেতে পারে তার কোনও লক্ষ্মণ আমি দেখছি না। গত বছর যে ক্ষতি হয়েছিল এ বছর তার চেয়েও বেশি ক্ষতি হয়েছে। ইকনমিক রিভিউতে যে ৪৩টি পাবলিক আন্ডারটেকিং-এর রিপোর্ট দেওয়া হয়েছে তার সবগুলিতেই ক্ষতি হয়েছে এবং অধিকাংশ জায়গায় আগের চেয়ে বেশি ক্ষতি হয়েছে। অবশ্য ৪/৫টির

হিসেব আমরা এখনও পাইনি।

সেই কনসালটেন্সি ফার্ম আবার অন্যান্য বেসরকারী ফার্মের কাজের সঙ্গে যুক্ত রয়েছে। সুতরাং এর মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের যে কোটি কোটি টাকার টেন্ডার দিয়ে বিদ্যুত কেন্দ্রগুলির তৈরি করার জন্য জিনিসপত্র কেনা-বেচা করা হচ্ছে এতে বহু রকমের কারচুপি হচ্ছে এবং কোটি কোটি টাকা সেখানে নয় ছয় হচ্ছে, সে বিষয়ে কিন্তু কোনও চিন্তাভাবনা করা হচ্ছে না বা সেখানে সেই দুর্নীতি দূর করার জন্য কোনও চেষ্টা করা হচ্ছে না। তারপর সেখানে শ্রমিক সংগঠনগুলির মধ্যে যে কোনও দল রয়েছে—ট্রেড ইউনিয়নগত কোনও দল সেটা মেটাবারও চেষ্টা করা হচ্ছে না। আজকে বিদ্যুৎ দপ্তরের কর্মচারীদের দিয়ে সেখানকার প্রশাসক ও ইঞ্জিনিয়াররা কাজ করিয়ে নিতে পারছেন না, সেখানে ডিসিপ্লিন আনারও কোনও চেষ্টা করা হচ্ছে না। যদি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে শ্রমিক কর্মচারীদের মধ্যে শৃঙ্খলা ফিরিয়ে আনা সম্ভব হত তাহলে পশ্চিমবাংলায় এই লিমিটেড প্রোডাকশন ক্যাপাসিটির মধ্যে আরও বেশি বিদ্যুত উৎপাদন হতে পারত এবং কলকারখানা ও ক্ষেত খামারগুলি সেই বিদ্যুৎ পেলে উন্নয়নের চাকা আরও খানিকটা এগিয়ে যেতে পারত সে বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু সে দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে না। বিদ্যুত সম্পর্কে কোনও কথা উঠলেই আপনারা এত স্পর্শকাতর হয়ে যান এবং এমনভাবে সেটার বিরোধিতা করার চেষ্টা করেন যে আমার কাছে তা যুক্তিযুক্ত বলে মনে হয় না। সমালোচনা যদি অযৌক্তিক হয় নিশ্চয় সেটা ফেলে দেবেন কিন্তু যেটা সম্বন্ধে সমস্ত বিরোধী রাজনৈতিক দল বলছেন এবং বিভিন্ন পত্রপত্রিকায় যেটার সম্বন্ধে নানা সমীক্ষা বেরুচ্ছে সেটাকে লঘু করে দেখে তার প্রতিকারের চেষ্টা না করাটা যুক্তিযুক্ত বলে আমি মনে করি না। এর দ্বারা যে অগ্রগতি ব্যাহত হচ্ছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, আমাদের রাজ্যে ফুড কর্পোরেশনের মাধ্যমে তিনি কিছু অত্যাবশ্যক জিনিসপত্র প্রকিওরেমেন্ট করবেন এবং সেটা জনসাধারণের মধ্যে বিতরণ করার ব্যবস্থা করবেন—সেখানে এফ. সি. আই.-এর কিছু দায়িত্ব রাজ্য সরকার গ্রহণ করবেন। কয়েকদিন আগে আমি বিধানসভায় প্রশ্ন করেছিলাম, ১৯৮১/৮২ সালের খাদ্য দপ্তরের প্রকিওরমেন্টের টার্গেটটা কি? খাদ্য মন্ত্রী মহাশয় বললেন, আমরা এ বছর প্রকিওরমেন্টের কোনও টার্গেট ফিক্স আপ করিনি। একদিকে এটা করা হয়নি অপর দিকে আমরা দেখছি এফ. সি. আই.-এর কাছ থেকে দায়িত্ব নিয়ে নেওয়া হচ্ছে। এফ. সি. আই.-এর পশ্চিমবঙ্গে খাদ্য প্রকিওরমেন্ট ও ডিস্ট্রিবিউশনের যে সিস্টেম আছে তাতে এই সমস্ত কাজ করার জন্য এফ. সি.আই.-এর মিল্ড সাপ্লাই কর্পোরেশনে লক্ষ লক্ষ টাকা ক্ষতি হয়েছে। যে সমস্ত পাবলিক আন্ডার টেকিং সংস্থা রয়েছে সেখানে ক্ষতির পরিমাণ হচ্ছে ৪০ কোটি টাকারও বেশি টাকা। নিশ্চয় আগের সরকার এটা প্রতিরোধ করতে পারেননি। কিন্তু এই সরকারও এমন কোনও ব্যবস্থা গ্রহণ করতে পারেননি যাতে এই লোকসানের কিছুটা অ্যাভয়েড করতে পারেন এমন কোনও উন্নতির পথ সৃষ্টি করা সম্ভব হয়নি। এই যে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন-এ আগের বছর লোকসান হয়েছে ১৩ কোটি আর ১৯৮০ সালে সেটা বেড়ে ১৪ কোটি টাকাতে দাঁড়িয়েছে। দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্টে ক্ষতির পরিমাণ দিনের পর দিন বেড়ে চলেছে। এবং এই ক্ষতি করেও পশ্চিমবাংলার মানুষের যোগাযোগ ব্যবস্থা যাতায়াতের ব্যবস্থার কোনও উন্নতি করতে পারেননি। ১৯৮০ সালে ১,২৭৬টি বাসের

মধ্যে দৈনিক গড়ে ৭২১টি বাস রাস্তায় বেরিয়েছে। ৪২৮টি ট্রামের মধ্যে ৩০০টি ট্রাম মাত্র রাস্তায় বেরোয়। এই হচ্ছে আমদের অগ্রগতির নমুনা। আজকে এই জিনিস সম্বন্ধে চিন্তা করার দরকার আছে। আপনারা প্রতি বছর বাজেটের বিভিন্ন হেডে টাকা বরাদ্দ করছেন তা কোথায়ও খরচ হচ্ছে কোথায়ও খরচ করতে পারছেন না। আপনারা পঞ্চায়েতের মাধ্যমে বহু টাকা খরচ করছেন। কিন্তু তাতে পারমানেন্ট অ্যাসেট কতটা করতে পেরেছেন? কতগুলি নূতন রাস্তা করেছেন কতটা পরিমাণ বিভিন্ন জিনিস সংস্কার করতে পেরেছেন তার হিসাব কি রাজ্য সরকার দিতে পারবেন? হ্যাঁ কিছু কিছু কাজ হয়েছে আমি এটা অস্বীকার করছি না। কিন্তু যে পরিমাণ টাকা খরচ করেছেন তার তুলনায় কতটা পার্মানেন্ট অ্যাসেট করতে পেরেছেন? এই টাকায় যতটা অ্যাসেট তৈরি হবার কথা তা হয়েছে কি? এটা আজকে আপনাদের চিন্তা করে দেখতে হবে। আজকে বিদ্যুতের অবস্থা কি হয়েছে? চারিদিকে লোডশেডিং এবং যতটা উন্নতি হওয়ার কথা তা হয়নি। পশ্চিমবঙ্গের যে সমস্ত বিদ্যুৎ কেন্দ্র আছে এবং সেখানে টোটাল জেনারেটিং ক্যাপাসিটি রয়েছে সেখানে দেখা যাচ্ছে ৫০ থেকে ৫৫% উৎপন্ন হচ্ছে বাকিটা হতে পারছে না। কারণ এই সমস্ত পাওয়ার প্ল্যান্টে আপনাদের দলের বিভিন্ন শ্রমিক সংস্থার মধ্যে গন্ডগোল এবং তার ফলে এই অবস্থা দাঁড়িয়েছে। এটা খুবই দুর্ভাগ্যের কথা। আমরা দেখতে পাচ্ছি দীর্ঘ দিন ধরে যে কনসালটেন্সি ফার্ম বিদ্যুতের জিনিসপত্র কেনার জন্য পরামর্শ দিয়ে থাকে। কর্ম পরিধিকে নাকচ করে দিয়ে বা এফ. সি. আই.-কে কাজ করতে না দিয়ে রাজ্য ফুড কর্পোরেশন তার দায়িত্ব গ্রহণ করতে পারেন কিন্তু আমাদের অতীত অভিজ্ঞতা যা রয়েছে তাতে দেখেছি এসেন্সিয়াল কমোডিটিস কর্পোরেশন যেভাবে জিনিসপত্র কেনাবেচা করেছেন এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকারের প্রশাসনের যে কর্মদক্ষতা তাতে পুরোপুরিভাবে এই দায়িত্ব এফ. সি. আই.-এর কাছ থেকে রাজ্য ফুড কর্পোরেশনের নিয়ে নেওয়াটা কতখানি যুক্তিযুক্ত হবে সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। পশ্চিমবঙ্গ নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের ব্যাপারে সেলফ সাফিসিয়েন্ট নয়, কাজেই পশ্চিমবঙ্গকে অন্যান্য রাজ্য থেকে এই সমস্ত জিনিসপত্র কিনতে হবে এবং সেখানে কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়েই আমাদের এই কাজ করতে হবে। তা ছাড়া রেলের কাছ থেকে ওয়াগন পাবার ব্যাপারে আমরা দেখছি নানান অসুবিধার সৃষ্টি হয়। খাদ্যমন্ত্রী তো প্রায়ই বলেন ওয়াগন পাওয়া যাচ্ছে না ইত্যাদি ইত্যাদি। তা ছাড়া খাদ্যশস্য কেনার জন্য যে খরচ যেটা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাচ্ছিল এবং সেখানে সাবসিডি হিসাবে যেটা পাওয়া যাচ্ছিল সেটাও রাজ্য সরকারের ঘাড়ে বর্তাবে। এর ফলে নিত্য প্রয়োজনীয় জিনিসের অভাব অনটন ঘটতে পারে এবং সময়মতো স্ট্যাটুটারি রেশনিং-এর মাধ্যমে জনসাধারণের কাছে জিনিসপত্র পৌঁছে দেওয়ার ব্যাপারে বিঘ্নও ঘটতে পারে। গতকালই মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন, রেশন ব্যবস্থা প্রায় ভেঙ্গে পড়েছে। সুতরাং এই অবস্থায় বা এই পরিস্থিতির উপর ভিত্তি করে আজকে এফ. সি. আই.-এর কাছ থেকে পুরো দায়িত্ব রাজ্য সরকার যা গ্রহণ করতে চাইছেন সেই বোঝা গ্রহণ করা এবং বহন করা কতটা এই মুহূর্তে যুক্তিযুক্ত হবে সে সম্পর্কে চিন্তাভাবনার নিশ্চয় অবকাশ রয়েছে। আপনাদের শুধু একথা বললেই চলবে না। কারণ আজকে পশ্চিমবঙ্গে কোনও প্রোকিওরমেন্ট টার্গেট নেই, এখানে স্টোরেজের বিভিন্ন রকমের অসুবিধা রয়েছে। আজকে আমাদের বাইরের রাষ্ট্রের উপরে খাদ্য দ্রব্য সামগ্রীর জন্য নির্ভর করতে হয়। এই অবস্থায় একটা টোটাল ইনফ্রাস্ট্রাকচার বিল্ড আপ না করেই এফ. সি. আই.-কে সমস্ত

কাজকর্ম বন্ধ করতে বলাটাকে কতখানি যুক্তি-যুক্ত, নিশ্চয়ই সে বিষয়ে চিন্তা করার অবকাশ রয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য এবং চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে কিছু না বলাই ভাল। হাসপাতালগুলিতে প্রায় অরাজকতা অবস্থা চলছে। হাসপাতালগুলিতে আজকে ডাক্তার তো নেই, তথাপি যদি হাসপাতালগুলিতে নার্স এবং প্যারা-মেডিক্যাল স্টাফ তৈরি করার জন্য চেষ্টা করা হ'ত এবং সে জন্য ট্রেনিং-এর ব্যবস্থা করা হত তাহলেও রোগীদের কিছু সুযোগ সুবিধা দেওয়া সম্ভব হত। ওষুধ-পত্রের অভাব তো রয়েছেই, সেই সঙ্গে অন্যান্য বহু জিনিসেরই অভাব রয়েছে। এর ফলে আজকে গ্রামের মানুষ চিকিৎসার সুযোগ পাচ্ছে না। সরকারী চিকিৎসা ব্যবস্থা দেশের মোট জনসংখ্যার শতকরা ২০ ভাগ মানুষ পেয়ে থাকে। কিন্তু আজকে এই ২০ ভাগ-ও ঠিকমতো সরকারী চিকিৎসার সুযোগ পাচ্ছে না। কাঁথি হাসপাতালে বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে আমরা আজকে কি দেখছি? সেখানে জয়েন্ট কাউন্সিল এবং সরকারী-দল সমর্থিত আর একটি ইউনিয়নের মধ্যে গোলমালের ফলে ডাক্তাররা অসহায় বোধ করছেন, নার্স-রা অসহায় বোধ করছেন। সুতরাং আজকে এ বিষয়ে সরকারের শরিক দলগুলি একটা নির্দিষ্ট নিয়মের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে পারেন। তা না হলে গ্রামের সাধারণ মানুষের কাছে চিকিৎসা পৌছে দেওয়া সম্ভব হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলছেন যে, তিনি এই বাজেটের মাধ্যমে সমাজের বিভিন্ন স্তরের সাধারণ মানুষদের কিছু কিছু কনসেশন দিতে চেয়েছেন। সেটা আমরাও লক্ষ্য করছি এবং তার জন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সেটাই সব নয়। আজকে বাজেট হওয়া উচিত ছিল গ্রোথ ওরিয়েন্টেড এবং ডেভেলপমেন্ট ওরিয়েন্টেড। সেদিক থেকে চিন্তা করলে এ বছরের এই বাজেট, সে আশা পূর্ণ করতে পারছে না বলেই আমার মনে হচ্ছে। এর দ্বারা রাজ্যের উন্নয়ন অব্যাহত থাকবে বলে মনে হয় না।

[3-30 — 4-00 p.m.] (including adjournment)

আজকে পুলিশ খাতে কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে। এবারেও বাজেটে পুলিশ খাতে বরাদ্দ বেড়েছে। অথচ আমরা দেখছি গ্রামাঞ্চলে ব্যাপকভাবে শান্তি শৃঙ্খলা ব্যাহত হচ্ছে। পশ্চিম দিনাজপুরে ৪০-টি বন্দুক চুরি হয়ে গেল, লুঠ হয়ে গেল, তার পরে কলকাতা থেকে দু' জন ডি. আই. জি. ছুটলেন, বিরাট পুলিশ বাহিনী গেল এবং তার পরেও এক প্ল্যাটুন পুলিশ বাহিনী গেল, এত তৎপরতার পরেও সেখানে আবার বন্দুক লুঠ হয়ে গেল। যারা লুঠ করেছিল তাদের ধরবার জন্য এত ব্যবস্থা নেবার পরেও বন্দুক লুঠ হয়ে গেল। এই তো হচ্ছে আজকে প্রশাসনের দক্ষতা। সুতরাং আমি যেকথা বলতে চাইছি যে, আজকে পুলিশ প্রশাসনের মধ্যে কো-অর্ডিনেশনের অভাব রয়েছে। উপর তলার পুলিশ অফিসারের নির্দেশ নিচের তলার কর্মচারীরা পালন করছে না, তাদের কথাবার্তা শুনছে না। অপরদিকে সাধারণ প্রশাসনের কো-অর্ডিনেশন কমিটির লোকেদের চাপের ফলে কাজ-কর্ম ব্যাহত হচ্ছে। সুতরাং এই পরিস্থিতি যদি থাকে তাহলে কি করে উন্নয়ন সম্ভব।

আজকে অর্থনীতির মধ্যে একটা ইমব্যালান্স রয়ে গেছে। গ্রামাঞ্চলের মানুষ এবং

শহরাঞ্চলের মানুষের মধ্যে একটা বৈষম্য রয়েছে। এটা যেমন দূর করা দরকার ছিল তেমনি আবার শহরের মধ্যবিত্ত এবং উচ্চবিত্তের মধ্যে যে ইমব্যালান্স রয়েছে সেটাও দূর করা দরকার ছিল। অথচ সেই প্রচেষ্টা এই বাজেটের মধ্যে কোথাও নেওয়া হয়নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, এটা আন্তর্জাতিক প্রতিবন্ধী বৎসর। আজকে আমাদের প্রশাসনেরও সেই অবস্থা হয়েছে। সরকারী কর্মচারীরা সময়মতো অফিসে আসেন না। আমরা রাইটাস বিল্ডিংস-এ যাই, বিভিন্ন দপ্তরে যাই, সেখানে গিয়ে আমাদের বসে থাকতে হয়, সেখানে কোনও লোক থাকে না। কোনও কাজ কর্ম হয় না। অথচ আজকে সরকার পক্ষ এসব কথা বলতে পারছেন না, কারণ ওরা সব হলেন প্রশাসনের বন্ধু। আর এই সরকার হচ্ছে ওদের বন্ধু সরকার। কিন্তু সত্যিই যদি তাই হয় তাহলে তো সহযোগিতার মাধ্যমে কাজের উন্নতি হওয়া উচিত ছিল। আজকে কিন্তু সেভাবে কাজ হচ্ছে না। রাজ্যের অগ্রগতি ব্যাহত হচ্ছে, প্রশাসনে কর্মচাঞ্চল্য, কর্মহীনতা ব্যাপকভাবে দেখা দিচ্ছে। সুতরাং এই কয়েকটি কথা বলে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কৃষি ঋণ সম্পর্কে যে ভাল প্রস্তাব গ্রহণ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং এই বাজেট দ্বারা উন্নয়নমূলক কাজ যে সম্ভব হবে না তারজন্য এবং পশ্চিমবাংলার সাধারণ মানুষের, বেকার যুবক-যুবতীদের কর্ম সংস্থানের সুযোগ সম্পর্কে যে সুসংহত পরিকল্পনা নেই তারজন্য এই বাজেটকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আবার আমরা ঠিক ৪টার সময়ে মিলিত হব।

(At this Stage the House was adjourned till—4-00 p.m.)

(After recess)

[4-00 — 4-10 p.m.]

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী লক্ষ্মীচরণ সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৮১-৮২ সালের বাজেট বিধানসভায় পেশ করেছেন। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর এই হচ্ছে আমাদের পঞ্চম বাজেট। ১৯৭৭ সালের জুন মাসে বামফ্রন্ট সরকার যখন প্রতিষ্ঠিত হয় তখন ভাঙ্গা বছরে ছয় মাসের জন্য একটা বাজেট পেশ করা হয়েছিল। পূর্ণাঙ্গ বাজেট হিসেবে এটা চতুর্থ বাজেট। এই চতুর্থ বাজেটের বাস্তব রূপায়ণের মাধ্যমে পশ্চিমবাংলার জনসাধারণের অকুণ্ঠ সমর্থন আমরা পেয়েছি এবং যে প্রতিশ্রুতি দিয়ে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছিলেন সেই প্রতিশ্রুতির কার্যক্রম বাস্তবায়িত করার মাধ্যমে আমরা অগ্রসর হয়েছি এবং আমাদের চতুর্থ—এই বছরের যে বাজেট ঘোষণা করা হয়েছে তা নিঃসন্দেহে আমাদের যে ৩৬ দফা কর্মসূচি সেই কর্মসূচির বাস্তব রূপায়ণের ক্ষেত্রে কার্যকর ভূমিকা গ্রহণ করবে। এই কারণে এই বাজেটকে আমি সর্বসম্মতিক্রমে সমর্থন করছি। আমার আগে জনতা পার্টির মাননীয় সদস্য প্রবোধবাবু, তিনি বক্তব্য রেখেছেন, ফলে কতকগুলি কথা স্বাভাবিকভাবেই আমাকে বলতে হচ্ছে, এবং আমাদের সকলেরই সেকথাগুলি বিবেচনা করা দরকার। প্রথমত, এটা ধরে নিতে হবে—যা সত্য—যে পশ্চিমবাংলা স্বাধীন সার্বভৌম রাষ্ট্র নয়, ভারতবর্ষ

স্বাধীন সার্বভৌম, তারই একটা অঙ্গরাজ্য এই পশ্চিমবাংলা, যেমন আরও অনেকগুলি অঙ্গরাজ্য রয়েছে। দেশের অগ্রগতির পথে যে বাধা জনগণের যে সমস্যা সে সমস্যার সমাধান করার দরকার এবং তার জন্য যে ক্ষমতার দরকার সে ক্ষমতা রাজ্য সরকারের নেই, আছে কেন্দ্রীয় সরকারের। রাজ্য সরকারের ক্ষমতা অত্যন্ত সীমিত এবং সেই সীমিত ক্ষমতা যদি প্রয়োগ করতে হয় তাহলে যে আর্থিক সঙ্গতি রাজ্য সরকারগুলির থাকা উচিত সেই আর্থিক সঙ্গতি রাজ্য সরকারের নেই। প্রতিটি রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের মুখাপেক্ষী। আর্থিক সাহায্যের জন্য এবং অন্যান্য প্রশ্নে রাজ্য সরকার ব্যাপক জনসাধারণের স্বার্থে রাজ্যের যে ক্ষমতার দরকার আর্থিক এবং সাংবিধানিক তা যথাযথভাবে বামফ্রন্ট সরকার প্রয়োগ করতে পারছেন কিনা এবং তার ফলে সর্বত্র জনগণের যে সমস্যা তার সুরাহা হচ্ছে কিনা এবং যারা সমস্যা সৃষ্টি করছে—প্রতিক্রিয়াশীল কায়েমিস্বার্থ তাকে আমরা দুর্বল করতে পারছি না, কাজেই ব্যর্থ হচ্ছি, নিশ্চয়ই আমরা সকলে স্বীকার করব। আমাদের যে সোসিও ইকনমিক কন্ডিশন সেই কন্ডিশন নিঃসন্দেহে দেশের স্বাধীনতার লাভের পর বিগত কংগ্রেস দল এবং তারপর ১৯৮০ সালের জানুয়ারি কংগ্রেস (আই) দলের কেন্দ্রীয় সরকার রয়েছে। তাদের অনুসৃত যে নীতি এগুলি হচ্ছে সেই নীতিরই পরিণতি।

দেশের বর্তমান রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থার পটভূমিতে আমাদের বাজেট আলোচনা করতে হবে। এই সমস্ত ঘটনা বাদ দিয়ে কোনও একটা অঙ্গরাজ্যের বাজেট আলোচনা করা যায় না। কাজেই একটা দেশ স্বাধীন সার্বভৌম দেশ তার যে কেন্দ্রীয় সরকার তা যদি অর্থনৈতিক ক্ষমতার অনিবার্য পরিণতি হিসাবে জনজীবনের সংকট এবং অর্থনৈতিক বাধা দূরীভূত হচ্ছে না। এবং যে নীতি রাজ্যগুলির ক্ষেত্রে প্রযোজ্য সেক্ষেত্রে একটি রাজ্যের পক্ষে ততটুকু সম্ভব হচ্ছে কিনা এবং সেই বাধা অপসারিত করবার জন্য আমরা চেষ্টা করছি কিনা এবং বামফ্রন্ট সরকারের এই বাজেটের মাধ্যমে তা রয়েছে কিনা সেটাই প্রশ্ন। প্রথমে আমি বলতে চাই আমাদের দেশে কেন্দ্রীয় সরকার স্বাধীনতা লাভের পর থেকে আমাদের দেশে যে নীতি অনুসরণ করছেন সেই নীতি হচ্ছে বুর্জোয়া এবং জমিদারি স্বার্থ, একচেটিয়া পুঁজিপতিকে কি ভাবে বজায় রাখা যায় সেটা দেখা হচ্ছে। অর্থাৎ এই নীতি হচ্ছে জনস্বার্থ বিরোধী নীতি। কিন্তু ১৯৭৭ সালের জুন মাস থেকে এই সরকার হবার পর থেকে আমরা একটা বিকল্প নীতি অনুসরণ করছি যে নীতি হচ্ছে জনমুখী নীতি। কাজেই এখানে দুটো নীতি একটা কেন্দ্রীয় নীতি, আর একটা অন্যান্য রাজ্যের নীতি। কেরালা এবং পশ্চিমবঙ্গে ১৯৭৭ সাল এর আগে দুটো যুক্তফ্রন্ট বাদ দিয়ে সমস্ত রাজ্য এবং কেন্দ্র একই নীতি অনুসৃত হচ্ছিল। ১৯৭৭ সালে আমরা এখানে আসবার পর আমরা একটা নীতি অনুসরণ করবার চেষ্টা করছি। অর্থাৎ দুটো নীতি, দুইদিকে দুটো দৃষ্টিভঙ্গি—একটা যা কেন্দ্র থেকে পরিচালিত হচ্ছে তা জনস্বার্থ বিরোধী এবং আমাদের নীতি হচ্ছে জনমুখী। সুতরাং এই দৃষ্টিভঙ্গি আলোচনা করা দরকার। আমি যে কথা বলতে চাই যে আমাদের দেশের অগ্রগতির পথে সামগ্রিকভাবে এবং অগ্রগতির পথে বাধা দূরীভূত করলে জনসাধারণের যা সমস্যা যা দীর্ঘ ব্রিটিশ শাসন থেকে চলে আসছে তা থেকে কিভাবে পরিত্রাণ পেতে পারে সেটাই আমাদের লক্ষ্যণীয় বিষয়। আমি বলতে চাই সবচেয়ে বড় কথা হচ্ছে কৃষি এবং কৃষক সমস্যা—এটা আমাদের জাতীয় জীবনের একটা প্রধান সমস্যা। বিগত দিনে কংগ্রেস এবং আজকে কংগ্রেস (ই) তারা

যে নীতি অনুসরণ করছিলেন তাতে এটা স্পষ্ট ভাবে প্রমাণিত হয়েছে যে তা হল সামন্ততান্ত্রিক বা আধা সামন্ত্রতান্ত্রিক ভেঙ্গে দিয়ে কৃষক সমাজকে মুক্ত করার যে কাজ তা তারা করেননি। ধনতান্ত্রিক বিকাশের স্বার্থে এবং কৃষি উৎপাদনের ক্ষেত্রে তারা কায়েমি স্বার্থের উপর নির্ভর করেছেন এবং কৃষক সমাজের প্রতি কোনও দৃষ্টি দেননি। যারা আমাদের দেশের সম্পদ এবং যারা আমাদের দেশের শতকরা ৭০ ভাগ মানুষ তাদের জন্য ঐ কাজ তারা করেননি এবং এর পরিণতি কি দাঁড়িয়েছে?

[4-10 — 4-20 p.m.]

এর পরিণতি দাঁড়িয়েছে কি? এর পরিণতি দাঁড়িয়েছে যে মাত্র পাঁচ ভাগ লোকের হাতে প্রায় ৪০ ভাগ জমি আছে এবং ৭০ ভাগ কৃষকের হাতে মাত্র ২০ ভাগ রয়েছে। এই তো এখন অবস্থা। দিনের পর দিন এই নীতির ফলে যে নীতি অনুসৃত হয়েছিল তার ফলে কৃষক, ভূমিহীন কৃষক এবং ক্ষেতমজুরদের সংখ্যা বেড়ে যাচ্ছিল একটা হিসাবে দেখা যাবে, ১৯৭১ সালে সেনসাসে ক্ষেতমজুরদের সংখ্যা ছিল ১৭.৭২ পারসেন্ট যেটা ১৯৭১ এর সেনসাসে বেড়ে ৩২.৭৫ পারসেন্ট এবং আজকে কৃষক আরও বেড়ে গেছে। কৃষক ক্রমশ ভূমিহীন হচ্ছে। ১৯৬১ সালে কৃষকদের ছিল কৃষকদের যে জমি ছিল তার সংখ্যা ছিল ৪৪.৫৯ পারসেন্ট, সেটা এখন কমে দাঁড়িয়েছে ৩৯.৫৫ পারসেন্ট। কাজেই এটা স্বাভাবিক যে কৃষক যদি ভূমিহীন হয় ক্ষেতমজুর সংখ্যা যদি বাড়ে, যদি জমি কেন্দ্রীভূত হয়ে থাকে তাহলে যে বিপুল সংখ্যক মানুষ তাদের ক্রয় ক্ষমতা নিচে নেমে যায়। আজকে বোঝা যাচ্ছে দেশের ৭০ ভাগ মানুষ বিশেষ করে গ্রামের দরিদ্র সীমার নিচে যারা বসবাস করে তাদের ক্রয় ক্ষমতা নেই বললেই চলে। তাদের ২ বেলা পেট পুরে খাওয়ার ব্যবস্থা নেই, এই রকম অবস্থায় এসে আমরা দাঁড়িয়েছি। কেন্দ্রীয় সরকার জনস্বার্থ বিরোধী যে নীতি অনুসরণ করেছেন তারই অনিবার্য পরিণতি হিসাবে এবং জনজীবনের যে প্রাথমিক গুরুত্বপূর্ণ সমস্যা এবং জাতীয় জীবনে সর্বপ্রধান সমস্যা সেই সমস্যা সমাধান করা দূরের কথা ওরা চরম অবহেলার ফলে এই ঘটনা ঘটেছে। কাজেই আমরা দেখছি যে কৃষি ক্ষেত্রে যে উৎপাদনের প্রয়োজন ছিল সম্ভাবনা ছিল তা সমগ্র দেশের পক্ষে সেই কাজ করা সম্ভব হয়নি without progressive change in rural set up our state cannot advance এবং ইন্ডাস্ট্রি বেড়ে উঠতে পারেনি। যদি তাদের বাজার না থাকত এইভাবে বিগত ৩৩ বছরে দেশের বাজার সংকুচিত হয়েছে এবং এই নীতি কেন্দ্রীয় সরকার অনুসরণ করেছেন তাদের অনিবার্য পরিণতি হিসাবে। কাজেই আজকে শিল্প বিকাশের কথা বলি কর্ম সংস্থনের কথা বলি যা কিছুর কথা আমরা বলি না কেন এর মূল দৃষ্টিভঙ্গি যদি ছাড়িয়ে যায় তাহলে সামনের হিসাবে অন্যভাবে তাকালে, প্রকৃত কারণ না বুঝলে কি করে তার সমাধান করা যাবে। কাজেই সে দিক থেকে মূল কথা কৃষকদের কৃষি ক্ষেত্রে যা উপকরণ দরকার তা তাদের ক্রয় করার ক্ষমতার বাইরে। তারা সার কিনতে পারছে না এবং অন্যান্য জিনিস কিনতে পারছে না। আবার কৃষিজাত দ্রব্য, কাঁচা মাল পাওয়া না গেলে শিল্প ক্ষেত্রে যোগান দেওয়া যাচ্ছে না আর যদি শিল্পের বিকাশ না হয় তাহলে কর্মসংস্থান করা সম্ভবপর নয়। আমরা যদি সমাজতান্ত্রিক, ধনতান্ত্রিক যে শোষণ ব্যবস্থা আছে তার যদি অবসান ঘটানো যেত, দরিদ্র কৃষক, ক্ষেতমজুরদের হাতে যদি জমি দেওয়া যেত তাহলে তারা সেই জমিতে ফসল ফলাত মাথার ঘাম পায়ে ফেলে।

সেই সোনার ফসল বিক্রি করে তারা কিছু দাম পেত, ক্রয় ক্ষমতা বাড়ত এবং সেই ফসলে আমাদের খাদ্য সংস্থান হত কিছু কাঁচা মালের যোগান হ'ত, শিল্পের বাজারও উন্নতি হ'ত, শিল্প বেড়ে উঠত এবং নূতন নূতন শিল্প যেমন বেড়ে উঠত তেমনি বহু কর্মসংস্থান হ'ত এবং আমাদের দেশের ছেলে মেয়েরা সেখানে কাজ পেতে পারত। কাজেই মূল জায়গায় আটকে গেছে এবং আটকানোটা হচ্ছে ইচ্ছাকৃত ভাবে। যে শ্রেণী নীতি অনুসরণ করছে কেন্দ্রীয় সরকার তার অনিবার্য পরিণতি হিসাবে এই ঘটনা ঘটছে। কোনও অবহেলা নয়, কোনও ত্রুটি নয় একটা শ্রেণীর নীতির পরিণতি হিসাবে এটা হচ্ছে। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর জনজীবনের প্রাথমিক গুরুত্বপূর্ণ সমস্যা জাতীয় জীবনে সর্বপ্রধান সমস্যা এটাকে গুরুত্ব দেওয়া হয়েছে। ৩৬ দফা কর্মসূচিতে লিখেছেন এবং বাজেটে পর্যায়ক্রমে পরিচালিত হচ্ছে। এই সমস্যার সমাধানের পথে আমাদের এই চৌহদ্দির মধ্যে যতটা সম্ভব সেটা যাতে আমরা করতে পারি সেই কাজের দিকে আমরা অগ্রসর হচ্ছি। আমরা কি কাজ করেছি—যে সেচ এলাকার ৪ একর জমির মালিক কৃষক এবং বাকি এলাকা ড্রাই ল্যান্ড এবং ড্রাই বলে ৬ একর জমির যারা মালিক তাদের খাজনা মুকুব করে দেওয়া হয়েছে এর জন্য প্রায় ৫০টি পরিবারকে সাহায্য করা হয়েছে। যারা আমাদের দেশের সম্পদ, যারা দারিদ্র পীড়িত, যারা অত্যাচারিত হয়েছে, অবহেলিত হয়েছে—যুগ যুগ ধরে সেই মানুষের স্বার্থে এই কাজ হয়েছে। পশ্চিমবঙ্গে এই ঘটনা দাঁড়িয়েছে, এই ব্যবস্থা গ্রহণের পরে যে দরিদ্র কৃষক তো নয়ই মাঝারি কৃষক তাকেও আজ খাজনা দিতে হচ্ছে না। কোনও দিন হয়নি—৩০ বছরের মধ্যে এ কাজ হয়নি। বামফ্রন্ট সরকার দেশের স্বার্থে, কৃষক সমাজের স্বার্থে, দেশের ব্যাপক জনগণের স্বার্থে এই কাজ তারা করেছেন। ফলে লক্ষ লক্ষ পরিবার তারা উপকৃত হয়েছে, শুধু উপকৃত হয়েছে তা নয়, এর ফলে আর একটি কাজ হয়েছে তা হল ভূমিহীন হওয়ার যে গতি চলছিল সেখানে হস্তক্ষেপ করা গেছে। ফলে হিসাব করে দেখা গেছে যে ভূমিহারা হবার যে ব্যবস্থা ছিল তা বহুল পরিমাণে কমে গেছে। তারা আজকে আর জমি বিক্রি করতে চাইছে না কেউ—খানিকটা সুযোগ সুবিধা তারা পেয়েছেন। ভাগচাষী যাদের আমরা বর্গাদার বলি—সেই বর্গাদারদের উচ্ছেদ ছিল ব্যাপার—তারা—যারা জমির মালিক তাদের অনুগ্রহের উপর নির্ভরশীল ছিল। জমির মালিক সুযোগ নিতো আর মানুষ মাথার ঘাম পায়ে ফেলে পরিশ্রম করে রক্ত দিয়ে, অশ্রু দিয়ে যে ফসল তারা ফলাতো সেই অধিকার তার ছিল না এবং সেই মানুষ দারিদ্র্য পীড়িত ছিল বরাবর, এই ছিল অবস্থা। সেখানে বামফ্রন্ট সরকার যাতে এরা উচ্ছেদ না হয় যাতে এদের নাম রেকর্ড করা হয় তার ব্যবস্থা করেছেন—যার নাম হল অপারেশন বর্গা। অনেকে অনেক সমালোচনা করেছেন, কিন্তু আজকে বাস্তব ঘটনা হচ্ছে ১০ লক্ষাধিক যে ভাগচাষী বর্গাদার তাদের নাম রেকর্ড করা হয়েছে। আমি কমিউনিস্ট পার্টি মার্কসিস্টদের কথা বলতে চাই না—আমি বামফ্রন্টের কথাও বলতে চাই না। মাননীয় সদস্যরা নিশ্চয়ই দেখেছেন তবু বলছি—কি বলেছেন ভোলা পাশোয়ান শাস্ত্রী—তিনি বলেছেন—West Bengal Government deserved praise for its Barga policy. The Government had given the Bargadars the right to plough land and the threat of eviction from land had vanished in West Bengal. তিনি বলেছেন আরও I am a Gandhite. Despite that I cannot but praise Mr. Jyoti Basu, Chief Minister of West Bengal for the good policy so far adopted for

Bargadars.

[4-20 — 4-30 p.m.]

বাস্তব ঘটনা, এটা বামফ্রন্টের কথা নয়, বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে জনগণের প্রতি দৃষ্টি আছে—নজর আছে। এই চোখ নিয়ে যদি কেউ দেখেন তাহলে দেখবেন। মাননীয় সত্য বাপুলিকে অনুরোধ করি তিনি একটু ধৈর্য করুন। কাজেই এটা বিবেচনা করতে হবে। বাস্তব অবস্থা কি দাঁড়িয়েছে। সত্য বাপুলি মহাশয় মাননীয় সদস্য। কারণ বাইরে যা করুন তিনি বিধানসভার ভিতরে মাননীয় সদস্য। বিধানসভায় মাননীয় বলা ছাড়া গত্যন্তর নেই। কাজেই তাকে মাননীয় বলছি। নিজেদের আচার আচরণ, দৃষ্টিভঙ্গি কোন শ্রেণী স্বার্থে ব্যবহৃত হচ্ছে সেটা একটু দয়া করে নজর রাখবেন। এটা শুনলে মনে হয় আচার আচরণ কথাবার্তার দিক থেকে খানিকটা শোভন হবে। কি কাজ হয়েছে? বলা যায় যেখানে এই কাজ করা হয়েছে যে সীমিত ক্ষমতার মধ্যে যা আজকে সরকারী কর্মচারীদের বিষয়—ঈর্ষা করার ব্যাপার নয়—উদাহরণ হিসাবে বলতে চাই—সরকারী কর্মচারী বলুন অবসর যারা করেন তখন তারা অন্তত অবসরকালীন কিছু বেনিফিট নিয়ে তারা যেতে পারেন—যে বার্ধক্য বয়সে বাকি জীবন যাতে কোনওরকমে তিনি কাটাতে পারেন—যারা কলে কারখানায় কাজ করেন তারাও কিছু প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুয়িটি পান অবসরকালীন সেই সুযোগ সুবিধা নিয়ে যান তাদের জন্য করা হয়েছে। যারা স্কুল কলেজে কাজ করেন তারাও কিছু কিছু পাচ্ছেন। কিন্তু আমার গ্রামের কৃষক যারা—মাথার ঘাম পায়ে ফেলে ফসল ফলিয়েছেন, মানুষের খাদ্য যুগিয়েছেন, শিল্পকে বাঁচিয়ে রেখেছেন তাজা মালের যোগান দিয়ে—তারা নিজেদের দোষে নয়, বার্ধ্যকের জন্য কর্মক্ষমতা হারান, তদের কেউ দেখে? তাদের কেউ দেখে না। এই দেখা তো আমাদের দায়িত্ব—আমাদের কর্তব্য। সেই দায়িত্বের কথা মনে রেখে সীমিত ক্ষমতায় আমাদের বামফ্রন্ট সরকারকে বলেছেন একজন ক্ষেত মজুর, একজন দরিদ্র কৃষক তার বয়স যদি ৬০ বছর হয়ে যায়, তার কর্মক্ষমতা যদি না থাকে তার ভরণপোষণের ব্যবস্থা যদি না থাকে তাহলে বামফ্রন্ট সরকারের কাছ থেকে তারা মাসে মাসে ৬০ টাকা করে পেনশন পাবেন। ভারতবর্ষের বামফ্রন্ট সরকার প্রথম কৃষি পেনশন চালু করেছেন। মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয়ের এটা ভাল লাগছে না। লাগবে না এই কারণে যে এতে যাদের ক্ষতি তাদের সঙ্গে যুক্ত থাকলে নিশ্চয়ই তার অসুবিধা হতে পারে। এবারকার বাজেটে যে প্রস্তাব রাখা হয়েছে সেটি একটি ঐতিহাসিক ব্যবস্থা এই কথা আমি বলতে চাই।

এ পর্যন্ত ৪০ কোটি টাকার মতো তাকাবি ঋণের হাত থেকে কৃষকদের মুক্ত করা হয়েছে এবং এতে লক্ষ লক্ষ পরিবার উপকৃত হবে। জনগণের স্বার্থে, দেশের স্বার্থে বামফ্রন্ট সরকার এই কাজ করেছে। বামফ্রন্টের যে ৩৬ দফা কর্মসূচি আছে তার ১৬ থেকে ২৩ ধারায় আমরা বলেছি কৃষকদের ঋণ মকুব করতে হবে এবং সেই অনুসারে যতটুকু সম্ভব সেটা করা হয়েছে এবং তার বাইরে গিয়েও আমাদের এই ব্যবস্থা করতে হয়েছে। এই প্রসঙ্গে আমি আপনাদের কাছে কিছু হিসেব দেব। কৃষি ক্ষেত্রে ১৯৭৬/৭৭ সালে মাত্র ৪০ কোটি টাকা খরচ হয়েছিল এবং ১৯৮০/৮১ সালে সেখানে খরচ হয়েছে ১১৭ কোটি টাকা এবং এটা আমাদের করতে হয়েছে। জিনিসপত্রের দাম বাড়ার ফলে আমরা চরম অসুবিধা ভোগ

করছি এবং শুধু আমরাই নয়, ভারতবর্ষের ৬৫ কোটি মানুষের জীবনে এই দুর্দশা নেমে এসেছে। তারপর, শিক্ষাক্ষেত্রে যেখানে ১৯৭৬/৭৭ সালে ১৯২ কোটি টাকা খরচ হয়েছিল সেখানে আমরা ১৯৮০/৮১ সালে খরচ করেছি ২৫৯ কোটি টাকা। গ্রামে গ্রামে স্কুল করা হয়েছে, দ্বাদশ শ্রেণী পর্যন্ত বিনাবেতনে পড়ার ব্যবস্থা করা হয়েছে, পঞ্চম শ্রেণী পর্যন্ত বিনা পয়সায় বই, পুস্তক দেওয়া হচ্ছে এবং শিডিউল্ড কাস্ট ও শিডিউল্ড ট্রাইবদেরও পুস্তক দেবার ব্যবস্থা হয়েছে। আমাদের দেশে এই যে কৃষক, শ্রমিক কোটি কোটি মানুষ রয়েছে তাদের সন্তান সন্ততিদের যদি আমরা শিক্ষিত করে তুলতে না পারি তাহলে দেশ শিক্ষিত হবে না। তারপর দেখুন, পরিবহন, ত্রাণ এবং আরও বিভিন্ন ক্ষেত্রে বাজেট বরাদ্দ বাড়ানো হয়েছে। এবারে আমি বিকল্প কথাটা একটু বলি। আমরা দেখছি এই সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে একটা রাজ্য সরকার গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করছে, মানুষকে খানিকটা সুযোগ দেবার চেষ্টা করছে, আর অন্যদিকে দেখছি একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থে পরিচালিত নীতি শিল্প বিকাশের ক্ষেত্রে সংকট সৃষ্টি করেছে। আমি এই ব্যাপারে ২/১টা উদাহরণ দেব। সরকারী তথ্যের সূত্র ধরে বলা যায় ভারতবর্ষে পশ্চিমবাংলা ছাড়া অন্যত্র ২ লক্ষ ২৩ হাজার ৬৬১টি ছোট এবং মাঝারি শিল্প রুগ্ন হয়েছে। এই সংস্থাগুলির মধ্যে সরকার অধিকৃত এবং সরকার কর্তৃক স্থাপিত কিছু শিল্প সংস্থাও রয়েছে এবং তাদের মূলধন হচ্ছে ১ হাজার ৬২৩ কোটি টাকা। ১ কোটি টাকা ঋণ নিয়েছে এমন সিক কারখানার সংখ্যা হচ্ছে ৩৭৮টি এবং তাদের মূলধন হচ্ছে ১ হাজার ১৫৮ কোটি টাকা। ছোট কারখানা রুগ্ন হয়েছে ২০ হাজার ৯৭৫টি এবং তাদের মূলধন হচ্ছে ২৬১ কোটি ৭৫ লক্ষ টাকা। রুগ্ন মাঝারি যেগুলো রয়েছে তাদের মূলধন হচ্ছে ২০২ কোটি ৫৩ লক্ষ টাকা। স্যার, গোটা ভারতবর্ষে ছোট এবং মাঝারি কারখানা যেগুলো গড়ে উঠেছিল, যারা বেশি করে কর্মসংস্থান করবে আশা করা হয়েছিল সেখানে দেখছি একটা নীতি অনুসরণ করার ফলে তারা রুগ্ন হয়ে পড়েছে। কি করে এই শিল্পের বিকাশ হবে যদি তাদের অভ্যন্তরীণ বাজার না থাকে? আজকে বলা হচ্ছে এক্সপোর্ট অরিয়েন্টেড প্রোডাকশন। বলা হচ্ছে শ্রমিক, কর্মচারীরা উৎপাদন বাড়াচ্ছে না। আমি একটা প্রশ্ন করি, আমরা উৎপাদন বাড়ালাম কিন্তু সেই মাল যদি বিদেশে পাঠানো হয় দেশের প্রয়োজন না মিটিয়ে তাহলে অবস্থা কি দাঁড়ায়? সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে চটকলগুলি দুর্বল হয়েছিল, চা বাগান, ইঞ্জিনিয়ারিং শিল্প রুগ্ন হয়েছিল কিন্তু তখন দেখা গেছে ওই জুট ব্যারন্স, টি ম্যাগনেট যারা ছিল তারা বিপুল মুনাফা অর্জন করেছে। রুগ্ন কারখনা এবং পশ্চিমবাংলায় রয়েছে কিন্তু প্রবোধবাবু জানেন ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট যেটা রয়েছে তাতে আমরা কিছু করতে পারি না। আমরা শুধু কেন্দ্রীয় সরকারকে বলতে পারি। কেন্দ্রীয় সরকার ছাড়া আমরা এটা অধিগ্রহণ করতে পারি না। জনগণের যে চাহিদা সেই জিনিসের উৎপাদন বন্ধ করে দিয়ে, হাজার হাজার মানুষকে বেকার করে দিয়ে আজকে সমাজ জীবনের চাহিদাকে নষ্ট করা হচ্ছে। আমরা এই ব্যাপারে বেশি কিছু করতে পারিনি, শুধু ৩০টি কারখানা অধিগ্রহণ করা হয়েছে।

[4-30 — 4-40 p.m.]

যার ফলে প্রায় ৩০ হাজার লোকের চাকুরির ব্যবস্থা করা হয়েছে। গভর্নমেন্ট এগুলি অধিগ্রহণ করেছেন এবং ১১৩টি ক্লোজড ফ্যাক্টরি রিওপেন করানো সম্ভব হয়েছে। শ্রমিকদের

ন্যায়সঙ্গত দাবির যদি মর্যাদা দেয় এবং সেই মনোভাব নিয়ে যদি আসে তাহলে নিশ্চয় বামফ্রন্ট সরকার সমর্থন করবেন এবং সেসব শিল্পপতির যদি কোনও সমস্যা থাকে তাহলে সেই সমস্যা সহানুভূতির সাথে বিবেচনা করা হবে। আমরা শিল্প বিস্তার চাই এবং সকলেই এটা চাই যে এটা করা উচিত। কিন্তু শ্রমিকদের দাবি যদি কেউ উপেক্ষা করে অমর্যাদা করে তাদের ন্যায়সঙ্গত দাবি পালন না করে তাদের প্রতি জুলুম করতে চায় তাহলে বামফ্রন্ট সরকারের কাছে থেকে তারা সাহায্য পাবে না যে সাহায্য তারা পেতেন কংগ্রেস সরকারের কাছ থেকে। সেই কারণ ব্যতিক্রম হবার কোনও উপায় নেই। স্মল কটেজ ইন্ডাস্ট্রির ক্ষেত্রে ৫ হাজার জায়গায় ১৯৪৪ টাকা দেওয়া হয়েছে এবং সেখানে ৪০ হাজার লোক ১৯৭৮-৭৯ সালে কাজ পেয়েছে এবং আজকে সেখানে ৮০,১৪৩ জনের এমপ্লয়মেন্ট হয়েছে। চোখ খুলে দেখতে হবে যে এই সব ঘটনা ঘটছে। এই দিক থেকে আমাদের দুটি জিনিস দেখতে হবে। প্রবোধবাবুকে বলব আমিও আছি আরও বিধানসভার সদস্য অনেকে থাকতে পারেন এই যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে রিজিওন্যাল, সাব রিজিওন্যাল অফিস সেখানে কম্পালসারি নোটিফিকেশন অ্যাক্ট প্রযোজ্য। তাদের ওখানে কোনও পোস্ট খালি হলে পর এই নোটিফিকেশন অ্যাক্টের অধীনে সেই সব নোটিফিকেশন করবে। কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত প্রাইভেট সেক্টরে কোনও লোক নেবার দরকার নেই। কিন্তু আজ সেখানে যদি চাপ সৃষ্টি করা যায় তাহলে অনেক অসুবিধা এসে দাঁড়াবে। এইটাই হল বাস্তব ঘটনা। কাজেই দেশের জনগণের যে সমস্যা তার কারণগুলির প্রতি যদি দৃষ্টি না দিই এবং সমস্যাগুলি যদি সাধারণভাবে উপর উপর থেকে দেখি তাহলে কি করে হবে? এবং সেগুলি বাড়াবার চেষ্টা করা হচ্ছে—এখন কি করে করা যায়। ধরুন ১৯৭২-৭৩ সালে নন প্ল্যান বাজেট ছিল ১০ কোটি টাকা আর প্ল্যান বাজেটে ছিল ৮৯ কোটি টাকা, ১৯৭৬-৭৭ সালে ১৬৫ কোটি টাকা নন প্ল্যান বাজেটে এবং প্ল্যান বাজেটে ২২৮ কোটি টাকা। সেখানে ১৯৮০-৮১ সালে আমাদের নন প্ল্যান বাজেটে ১৪৮৬ কোটি টাকা এবং প্ল্যান বাজেটে ৫৮০ কোটি টাকা—দ্বিগুণ হয়েছে এবং ১৯৮১-৮২ সালে সেখানে প্রায় ১,৭০০ কোটি টাকা আর প্ল্যান বাজেটে ৬৭০ কোটি টাকা যেটা প্রায় তিন গুণ ১৯৭৬-৭৭ সালের তুলনায়। একটু খেয়াল রাখা দরকার যে অবস্থাটা কি দাঁড়িয়েছে। প্রবোধবাবু বলেছেন প্ল্যান কি করা যাবে। আমরা তো কেন্দ্রীয় সরকারের অধীনে, আমরা যা প্ল্যান করলাম, আমাদের অর্থ মন্ত্রী বলেছেন আমরা কি করব আমাদের কিছু করার নাই। আমাদের হাত পা যদি বেঁধে রাখে আপনাকে যদি কাজ করতে না দেওয়া হয় তাহলে কি করা যাবে। এর তো কোনও ব্যবস্থা নাই কিছু করার তাহলে কি করা যাবে। ধরুন ১৯৮০-৮১ সালে যে বর্ধিত রাজস্ব করতে হবে ৪৬ কোটি ৩২ লক্ষ টাকা প্রপোজাল এল গোটা ভারতবর্ষে সেখানে পশ্চিমবঙ্গ সরকার এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে একমাত্র পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ২৩ কোটি ১০ লক্ষ টাকা তুলে দিল অর্থাৎ ৫০%, তাতে দাঁড়ালো কি? ১৯৮০-৮১ সালে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে সাহায্য ছিল ১১৯ কোটি টাকা সেখানে ১৯৮১-৮২ সালে ১০ কোটি টাকা কমিয়ে ১০৯ কোটি টাকা করে দিল। যখন আমরা দেখলাম বর্ধিত রাজস্ব আদায় করেছিলাম ভাল কাজ করেছিলাম ডেফিসেটের টাকা বাড়ালাম এবং বাজেট বাড়ালাম সমস্ত দিক থেকে এবং আমাদের যে সোরস তাকে যখন নেওয়া হল তখন দেখছি কেন্দ্রীয় সরকার সেখানে টাকা কমিয়ে দিলেন ১০ কোটি টাকা। আমাদের হিসাবে বলতে পারি যেখানে ১৯৭৬-৭৭ সালে ১৭৪ কোটি টাকা সেখানে ১৯৮০-

৮১ সালে সেই সোরস থেকে করা হয়েছে ৪৩১ কোটি টাকা। এইভাবে বাড়ানো হয়েছে। কিন্তু যখন রাজস্ব বাড়ছে জনমুখী কাজ করছি সাধারণের কাজের দিকে যাচ্ছি, এটা তো স্বাভাবিক যে কেন্দ্রের কাছ থেকে সাহায্য পাব এই কাজের দিক থেকে। কিন্তু না পাওয়া যাচ্ছে না। এই অবস্থার সামনে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী নানা রকম ব্যবস্থা গ্রহণ করেছেন।

প্রবোধবাবু অন্যান্য বিষয়ে বিরোধিতা করলেও কতকগুলি ব্যবস্থাকে তিনি ধন্যবাদ জানিয়েছেন, আমি সেজন্য তাকে ধন্যবাদ দিচ্ছি। বাকি ব্যাপারগুলির ব্যাপারেও আমার কথা শোনার পর তিনি পুনর্বিবেচনা করবেন আমি এই আশা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কর সম্পর্কে এখানে প্রশ্ন উঠতে পারে—এক নতুন কর কিছু আমরা চাপিয়েছি সে সম্পর্কে প্রশ্ন উঠতে পারে। কয়লার উপর ২।। টাকা করে সেস ছিল সেটা এখন ৫ টাকা করা হয়েছে পার মেট্রিক টন। প্রাথমিক শিক্ষার ব্যাপারে যেটা ছিল ৫০ পয়সা সেস তাকে আরও ৬০ পয়সা বাড়িয়ে এক টাকা করা হয়েছে। কয়লা থেকে যেটা পাওয়া যাবে সেটা হচ্ছে ৭ কোটি টাকা। আমরা কাজ করতে চাই তাই আমাদের অর্থের সংস্থান করা দরকার। এখন কয়লার অবস্থাটা কি সেটা আমাদের একটু খতিয়ে দেখা দরকার। যখন কয়লাখনিগুলি জাতীয়করণ করা হয় ১৯৭৩ সালে তখন এক মেট্রিক টন কয়লার দাম ছিল ৩৭.৫০ পয়সা। তারপর ১৯৭৪/৭৭/৭৯ সালে পরপর দাম বাড়ানো হয়েছে এবং দাম বাড়িয়ে তার দাম হল ১০১ টাকা ১০ পয়সা। তারপর এই সেদিন মেট্রিক টন পিছু আরও ২৭ টাকা দাম বাড়ানোর ফলে এখন এক মেট্রিক টন কয়লার দাম হয়েছে ২২৮ টাকা কয়েক পয়সা। যে কয়লার দাম ছিল ৩৭.৫০ টাকা সেটা আজকে বেড়ে তার দাম হয়েছে ১২৮ টাকা কয়েক পয়সা। এই যে দাম বাড়ল এবং তারজন্য সাধারণ মানুষের অসুবিধা হল এরজন্য দায়ী কে? এরজন্য কাদের আমরা অভিযুক্ত করব, কার বিরুদ্ধে নালিশ জানাব? পশ্চিমবঙ্গে কয়লা উৎপাদন হয় ২ কোটি ২০ লক্ষ টন। হিসাব করে দেখবেন এই ২৭ টাকা দম বাড়ানোর ফলে প্রায় ৬০ কোটি টাকার মতোন কেন্দ্রীয় সরকারের আয় হবে। আমরা সেখানে বলেছি তার থেকে ৫ কোটি আর প্রাথমিক শিক্ষার জন্য দু কোটি এই টাকাটা কোল ইন্ডিয়া আমাদের দিন। তারা যেখানে ৬০ কোটি টাকা নিচ্ছেন সেখানে আমাদের মাত্র ৭ কোটি টাকা দিন কর্ম সংস্থানের জন্য, প্রডাকশনের জন্য এবং শিক্ষা বিস্তারের জন্য—পশ্চিমবঙ্গের জনগণের স্বার্থে এই টাকাটা আমাদের দিন। আপনারা যেখান থেকে এত টাকা নিচ্ছেন সেখানে আমাদের এই সামান্য টাকাটা কেন দেবেন না? পশ্চিমবাংলার গ্রামীণ উৎপাদন এবং কর্মসংস্থানের যে আইন এবং পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষার যে আইন তার ধারা অনুসারে এই কাজ আমরা করেছি। আমরা রয়েলটি দাবি করেছি ১৫ পারসেন্ট হিসাবে। শুধু আমরাই নই, বিহার, উত্তরপ্রদেশ, উড়িষ্যা সবাই একথা বলেছেন। এটা একটা ন্যায়সঙ্গত দাবি। কেন্দ্রীয় সরকার তার রাজস্ব বাড়াচ্ছেন আমাদের সম্পদ থেকে অথচ তার থেকে পশ্চিমবাংলার দরিদ্র মানুষদের কিছু দেবেন না এটা কেমন কথা?

[4-40 — 4-50 p.m.]

আমরা বলেছি, আমাদের রাজ্যের দরিদ্র মানুষদের জন্য আমাদের কাজ করতে হবে তাই এটা আমরা বাড়িয়েছি। তারপর চায়ের উপর বাড়ানো হয়েছে—এটা বাড়ানো হয়েছে

বলতে পারেন আর হয়নিও বলতে পারেন। আমরা বলেছি, কলকাতা এবং শিলিগুড়িতে যদি নিলাম হয় তাহলে কিছুই দিতে হবে না। কলকাতা বা পশ্চিমবঙ্গের বাইরে গেলে সেখানে প্রতি কে. জি.-তে ৬ টাকা করে দিতে হবে। পশ্চিমবঙ্গে ১২ কোটি কে. জি. চা হয় এবং তারমধ্যে আনুমানিক ৫ কোটি কে. জি. চা কলকাতা ও শিলিগুড়ি থেকে নিলাম হয় আর বাকি ৭ কোটি কে. জি.-র কোনও হিসাব নেই। তারা সেলস ট্যাক্স ফাঁকি দেয়, হিসাব দেয় না, অতিরিক্ত মুনাফা করে—সমস্ত কিছু করে। দেশের মানুষকে অভুক্ত রেখে, দেশের মানুষকে দারিদ্র্যের মধ্যে নিক্ষেপ করে তারা কোটি টাকা মুনাফা করবে আর আমরা তা বসে বসে তাকিয়ে দেখব এবং তাদের গলায় মালা দেব এটা কখনই হয় না। আমরা বলেছি, কলকাতা এবং শিলিগুড়িতে নিলাম হলে একটি পয়সাও দিতে হবে না। এখানে যদি ১২ কোটি কে. জি. চা-এর নিলামের ব্যবস্থা থাকে তাহলে এখানে কর্মসংস্থানের ব্যবস্থা হবে, আমরা চাই সেটা হোক। আর তা যদি না হয় তাহলে কে. জি. প্রতি ৬ টাকা করে দিতে হবে। আমরা জানি এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সম্মতি আছে, সেই হিসাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জনগণের স্বার্থেই এই কাজ আমাদের করতে হচ্ছে। সাধারণ মানুষের স্বার্থে অর্থ সংস্থানের উদ্দেশ্যে যারা দিতে পারেন, যারা মুনাফা করেন তাদের কাছ থেকে নিশ্চয় অর্থ আদায় করে নিয়ে আসতে হবে। তারপর আমাদের জানেন আমাদের এখানে গুরুত্বপূর্ণ যে শিল্পগুলি আছে তার থেকে বহু টাকা কেন্দ্রীয় সরকার নেন, আমরা কিন্তু এখানে পাই না।

কিন্তু তা সত্ত্বেও আমাদের এখানে ব্যাঙ্ক করার কথা আছে। তা ছাড়া গ্রুপ ইনসুরেন্স এবং সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির প্রশ্ন রয়েছে। বেতন বৃদ্ধির পরে ন্যূনতম বেতন যেটা করা হচ্ছে সেটা ভারতবর্ষের মধ্যে সর্বোচ্চ ন্যূনতম বেতন হবে। এখন কথা হচ্ছে ১৯৮১-৮২ সালে কেন্দ্রের প্রকৃতি ঘাটতি কত, ১৪১৭ এবং সেই ঘাটতি এখনই আছে ১৯৭৫ কোটি টাকা, শেষ পর্যন্ত এটা বেড়ে ২,০০০ কোটি ঘাটতি হবে। কিন্তু বেয়ারার বন্ড করে এত টাকা আসতে পারে না এবং আনার জন্য কোনও পরিকল্পনাও নেই। সুতরাং ঘাটতি বেশি হবে। এখানে যেটা বলা হচ্ছে ১৮.১০ কোটি টাকার ঘাটতি থাকবে, তার চেয়ে বেশি হবে। ট্যাক্স বসেছে ২৭৮ কোটি টাকার, আর নীট ঘাটতির কথা বলছেন ১,৫৩৯ কোটি টাকা। কিছু কিছু পেপারে বলা হচ্ছে যে, বেশি ট্যাক্স তো বসায়নি। ১৯৮০-৮১ সালের শেষ দিকে ১৯৮১-৮-২ সালের বাজেট পেশ করার মাত্র কয়েক দিন আগে এই জানুয়ারি মাসে বিভিন্ন দ্রব্যের উপর এক্সাইস ডিউটি বাড়িয়ে ২,১০০ কোটি টাকা আদায় করে নিয়েছে। আর রেল বাজেটের আগে ২৩০ কোটি টাকা নেওয়া হ'ল এবং তার পর বাজেট হ'ল এবং সেখানে ১৪.১৭ কোটি টাকার ঘাটতি রয়েছে। এবারেও সেই একই পন্থা অবলম্বন করেছে। মাত্র কয়েক দিন আগে ১২ই জানুয়ারি পেট্রোল এবং পেট্রোল জাতীয় জিনিস-এর উপর ট্যাক্স বসিয়ে, এক্সাইস ডিউটি বাড়িয়ে ১,২০০ কোটি টাকা আদায় করে নিয়েছে এবং রেল বাজেটের উপর থেকে মোট ৩৫৬ কোটি টাকা আদায় করে নিয়েছে। এই ৩৫৬ কোটি টাকার মধ্যে যাত্রী ভাড়া ৭০ কোটি টাকা বেড়েছে, আর মাল মাসুল বেড়েছে ২৪৬ কোটি টাকার এবং পারসেলের উপর মাসুল বেড়েছে ১০ কোটি টাকা, সব কিছু মিলিয়ে মোট ৩৫৬ কোটি টাকা। অর্থাৎ ১,২০০ আর ৩৫৬ কোটি টাকা বেড়েছে। তার পরে মেট্রিক টন পিছু ১৭ টাকা করে কয়লার দাম বাড়ানো হয়েছে, স্টিলের দাম ২৩% হিসাবে বাড়ানো হয়েছে, কাঁচা

লোহার উপরে ওয়ান পারসেন্ট দাম বাড়ানো হয়েছে, এসব থেকে-ও প্রায় ৪০০ কোটি টাকা আসবে। সুতরাং ২,০০০ কোটি টাকা এগিয়ে নিয়ে গিয়েও ঘাটতি হচ্ছে ১৫.০০ কোটি টাকা এবং আমরা বলতে পারি যে, শেষ পর্যন্ত ওটা ১,৫০০ কোটি টাকায় থাকবে না, ২,০০০ কোটি টাকার উপরে উঠে যাবে। এই ঘাটতি আছে, অথচ এই ঘাটতি পূরণের কোনও ব্যবস্থা নেই। এর ফলে মুদ্রাস্ফীতি রোধ হবে না, জিনিস-পত্রের দাম বাড়বে। আমি একটা কথা বলব যে, প্রবোধবাবু বলেছেন, কিছু তথ্য দিয়ে কি সমস্যার সমাধান হয়? না হয় না, সমস্যার সমাধান ঐভাবে হয় না, কিন্তু মূল জায়গাগুলি দেখতে হবে। ধরুন কেরোসিন-এর কথা, কোথায় যাচ্ছে? এখানে রাস্তায় বেরলেই দেখতে পাবেন বড় বড় লাইন দাঁড়িয়ে আছে। আমাদের যেখানে ৫২ হাজার মেট্রিক টন কেরোসিন দরকার—একটু বেশি ৫৩ হাজার মেট্রিক টন-ও বলতে পারেন—পার ক্যাপিটা যদি ১ লিটার করে দেন। সেখানে আমরা জুলাই মাসে পেয়েছি ২৪,৫০০ মেট্রিক টন, আগস্ট মাসে পেয়েছি ৩০,০০০ মেট্রিক টন, সেপ্টেম্বর মাসে পেয়েছি ২৭ হাজার মেট্রিক টন, অক্টোবর মাসে পেয়েছি ৩৩,০০০ মেঃ টঃ, আর ডিসেম্বর মাসে পেয়েছি ৩২,০০০ মেঃ টঃ। কিন্তু আমাদের ৫০,০০০ মেঃ টঃ দরকার। সুতরাং এখানে লাইন হলেও বামফ্রন্ট সরকার কি করবে? এই সমস্যার সমাধান কি করে করবে? পশ্চিমবাংলায় তেল উৎপাদন হয় না, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আনতে হয়। তাহলে মানুষ যখন লাইন দেয় এবং তার জন্য যখন বিক্ষোভ হয় তখন সেই বিক্ষোভ দিল্লি যায় না কেন এবং যারা দায়ী তাদের কথা বলা হয় না কেন? এটা কোনও সরকারের সমালোচনার ব্যাপার নয়। প্রশ্নটা হচ্ছে জনসাধারণের স্বার্থের প্রতি নজর আছে কিনা। কয়লার ক্ষেত্রেও অনুরূপ সংকট। আমাদের ১ লক্ষ ৫০ হাজার টন কয়লার দরকার প্রতি মাসে। অথচ আমরা পাচ্ছি কত? আগস্ট মাসে পেয়েছি ৩৪ হাজার টন, সেপ্টেম্বর মাসে ৭০ হাজার টন, অক্টোবর মাসে ৫৪ হাজার টন, নভেম্বর মাসে ৬৪ হাজার টন, ডিসেম্বর মাসে ৯১ হাজার টন। দেড় লক্ষ টন কোনও মাসেই আসেনি। কেন কয়লার দাম বাড়ল? কেন এই ঘটনা ঘটছে? কেন মানুষের কষ্ট হয়? কে কয়লা দেয় না? কয়লার মালিক তো বামফ্রন্ট সরকার নয়। কয়লা তো আমরা উৎপাদন করতে পারি না। আমাদের পশ্চিমবাংলার মাটির নিচে কয়লা খনি রয়েছে কিন্তু সেই খনি সম্পদ আমাদের উত্তোলন করবার কোনও অধিকার নেই। সমস্ত অধিকার কেন্দ্রীয় সরকারের। অনুরূপভাবে চাল-গমের বেলায় দেখুন, আমাদের প্রতি মাসে ২ লক্ষ মেঃ টনঃ করে দরকার হয়। সেখানে আমরা ১৯৮০ সালের জানুয়ারি মাসে পেয়েছি ১ লক্ষ ৮২ হাজার মেঃ টঃ, ফেব্রুয়ারি মাসে পেয়েছি ১ লক্ষ ৪৪ হাজার মেঃ টঃ, মার্চ মাসে পেয়েছি ১ লক্ষ ৭০ হাজার মেঃ টঃ, এপ্রিল মাসে পেয়েছি ১ লক্ষ ৬৮ হাজার মেঃ টঃ, মে মাসে পেয়েছি ১ লক্ষ ৬৮ হাজার মেঃ টঃ, এই ভাবে কোনও মাসেই আমরা ২ লক্ষ টন পাইনি, আমাদের দেওয়া হয়নি। সেই জন্যই তো আজকে রেশনে সংকট আছে। আর এখানে কেন উৎপাদন হয় না যদি বলেন, তাহলে বলতে হয় স্বাধীনতা লাভের পর পশ্চিমবাংলাকে বলা হয়েছিল পাট চাষের চেষ্টা করতে, যত বেশি জমিতে পাটের চাষ হয় ততই ভাল এবং তার জন্য খাদ্যের যে ঘাটতি হবে সেটা কেন্দ্রীয় সরকার পূরণ করে দেবে। কিন্তু সেই ঘাটতি কেন্দ্রীয় সরকার কোনও দিন পূরণ করেননি। ৩৩ বছর পর্যন্ত এই কাজ তারা করেনি।

[4-50 — 5-00 p.m.]

সুতরাং এই ঘটনা ঘটছে। রেপসিডের ক্ষেত্রেও তাই এবং অন্যান্য জিনিসের ক্ষেত্রেও তাই। ফুড ফর ওয়ার্কের ব্যাপারে নির্দেশ কি? সরকার এইগুলি করবে, কন্ট্রাক্টরদের দেবে না। কিন্তু বিহারে কি হচ্ছে? বিহারে তো কংগ্রেস-আইয়ের সরকার, উড়িষ্যার কি হচ্ছে? উত্তরপ্রদেশে তো ধরা পড়েছে কন্ট্রাক্টর ডেলিভারি না পেলেও হিসাব দিতে পারে, কোনও অসুবিধা হয় না। সেখানে কন্ট্রাক্টরদের মাধ্যমে করা হচ্ছে। কারণ নির্দেশটা তাই। পার্লামেন্টে নানা কথা বলা হয়েছে পশ্চিমবাংলা সম্বন্ধে। আমরা তো বলেছিলাম, সুপ্রিম কোর্টের জাজকে দিয়ে তদন্ত হোক—কেন্দ্রীয় সরকার লোকসভায় যা বলছে সেটা সত্যি না এখানকার বাস্তব ঘটনা সত্যি—সাহস নেই একথা বলার, আর এখানে বসে অনেক কথা বলা যায়। আমরা সুপ্রিম কোর্টের একজন জাজকে দিয়ে বিচার করার কথা বলেছি যে কে সত্য কথা বলছে। আজকে পশ্চিমবাংলায় আমরা ফুড ফর ওয়ার্কের যে কাজ সাফল্যের সঙ্গে করতে পেরেছি তা গোটা ভারতবর্ষের মধ্যে দৃষ্টান্ত স্থাপন করা যায় এবং এর দ্বারা কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। প্রচুর লোক এর দ্বারা বেনিফিটেড হয়েছে। এবারে কেন্দ্রীয় বাজেটে কি হয়েছে? কেন্দ্রীয় বাজেটে ইনকাম ট্যাক্স-এর ক্ষেত্রে কিছু রেহাই দেওয়া হয়েছে। ভাল জিনিস, মিডল ক্লাস কিছু রেহাই পেলেন। কিন্তু যাদের ৩০ হাজার টাকার বেশি আয় তাদের ক্ষেত্রে স্ল্যাব চেঞ্জ হল না কেন? রেটটা চেঞ্জ হল না কেন? এই টাকাটা কে দেয়? এই সপ্তম ফিনান্স স্টেটগুলির জন্য ৮০/৮৫ ভাগ করেছিল। আমি বলব, কেন্দ্রের অর্থমন্ত্রী এই ট্যাক্স রিলিফ দেননি, দিয়েছে ভারতবর্ষের রাজ্য সরকারগুলি কারণ তারাই তো ৮৫ ভাগ পায়। রাজ্য সরকারগুলিকে আর্থিক দিক থেকে ওখান থেকে কমিয়ে আনা হয়েছে। আর বলা হচ্ছে, দেশে যারা আইন অমান্য করছে, দেশে যারা স্মাগলিং এবং দুর্নীতি চালাচ্ছে এই সমস্ত চোরাকারবারি, কালোবাজারি এবং স্মাগলারদের বিচার হওয়া উচিত। পন্ডিত নেহেরু বলেছিলেন, কালোবাজারি, চোরাকারবারি যারা করে তাদেরকে নিয়ারেস্ট ল্যাম্পপোস্টে ফাঁসি দেব। কই কংগ্রেস আমলে তো একজনও নিয়ারেস্ট ল্যাম্পপোস্টে ফাঁসি পড়েনি? বরং দেখছি, তারা কালোবাজারি, চোরাকারবারির কোলে বসে শাসন কার্য পরিচালনা করছেন। তা না হলে কি করে হয় যারা কালোবাজারি করছে যাদের কালো টাকা আছে তাদের কালো টাকা সাদা করার জন্য ব্যবস্থা করা হচ্ছে এবং তারজন্য সুদের ব্যবস্থা করা হচ্ছে। আর সেই ৮০০ কোটি টাকা দিয়ে কেন্দ্রীয় সরকারের বাজেট তৈরি করার ব্যবস্থা করা হচ্ছে। ঘৃণায় গা-রি-রি করে ওঠে, কোনও সভ্য জগতে এই ঘটনা ঘটতে পারে? যদি এই নীতি কেন্দ্রে পরিচালিত হয় এবং তার চাপ যদি রাজ্যগুলির উপর থাকে তাহলে কি করে সেই চাপকে অতিক্রম করে আর একটা গণতান্ত্রিক কর্মসূচি নিয়ে পশ্চিমবাংলার মতো একটা রাজ্য এগোতে পারে? তৎসত্ত্বেও পশ্চিমবাংলার রাজ্য সরকার জনগণের সাহায্য নিয়ে অগ্রসর হবার চেষ্টা করছে। এই তো আমাদের সাফল্য। আমরা বিকল্প দৃষ্টান্ত স্থাপন করেছি। গোটা ভারতবর্ষের দৃষ্টি এখন পশ্চিমবাংলার দিকে নিবদ্ধ।

সমাজ জীবনের সমস্যা সেই সমস্যাকে কিভাবে তারা দেখছেন, কিভাবে তারা এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে চেষ্টা করছেন—সেটা তারা দেখছেন। বামফ্রন্ট সরকার কখনও একথা বলেনি যে, জনজীবনের যে সমস্যা, কি অর্থনৈতিক, কি সামাজিক তার মৌলিক

সমাধান করতে পারবে। এই অদ্ভুত কথা কেন আমরা বলব? এ সম্ভব নয়। একথা আমরা বলিনি। ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্যে সমাজতন্ত্র এসে যাবে আর বাকি ভারতবর্ষে ধনতন্ত্র থেকে যাবে—আর অঙ্গ রাজ্যগুলি কেন্দ্রীয় সরকারের নীতির দ্বারা পরিচালিত হবে অনুসৃত হবে—এটা কখনও হয় না। আমরা বলেছি, সমস্যার কতটা লাঘব করতে পারব তা আমরা দেখব। আর একটি বিকল্প নীতি আমরা রাখতে চাই। দেশের ৬৫ কোটি মানুষ নিজেদের দৈনন্দিন জীবনের অভিজ্ঞতার কষ্টিপাথরে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকারের জন-স্বার্থ নীতি এবং কেন্দ্রীয় সরকারের জন-বিরোধী—এই দুটি নীতির যাচাই আজকে তারা করতে পারছেন। ভারতবর্ষের জনগণ, ভারতবর্ষের প্রতিক্রিয়াশীল শক্তি নয়। তা না হলে বাঙ্গালোরে আজকে কি ঘটনা ঘটছে? ১ লক্ষ ২৫ হাজার লোক তাদের ন্যায়-সঙ্গত দাবি নিয়ে আন্দোলন করছে। কি করে এই ঘটনা ঘটে—লাইফ ইনসুরেন্স কর্পোরেশন-এর প্রকৃতপক্ষে মালিক হচ্ছে কেন্দ্রীয় সরকার, তাদের সেই ১৯৭৪ সালের একটি দ্বি-পাক্ষিক চুক্তি যেটাকে বাতিল করা হল জরুরি অবস্থার সময়ে এবং এটা নিয়ে মামলা হল হাইকোর্টে, সুপ্রিম কোর্টে। কেন্দ্রীয় সরকার হেরে গেল, তারা বোনাস পেলেন, তাদের গ্রেড, স্কেল পরিবর্তন করা হয়েছে, নানা রকম ব্যবস্থা তাদের ক্ষেত্রে করা হচ্ছে। লোকো রানিং স্টাফেদের ক্ষেত্রে কি করা হল? তাদের ন্যায়-সঙ্গত দাবি, তাদের আন্দোলনকে দমন করা হল কিন্তু মানুষের ন্যায়-সঙ্গত বিক্ষোভ—আজ না হোক কাল, টু-মরো যদি না করা হয়, ডে-আফটার টু-মরো এর ব্যবস্থা হবে। এ কখনও এইভাবে চলতে পারে না। এই অত্যাচার, এই অবিচার, এই অন্যায় কখনও দীর্ঘদিন চলতে পারে না। ওখান থেকে সেটা চলেছে। আমরা একটা পরিধির মধ্যে আছি। যে পরিস্থিতির মধ্যে আছি সেই চাপ আমাদের উপর আছে। সুতরাং এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা কি প্রত্যাশা করি পশ্চিমবাংলায় বেকার সমস্যার সমাধান হয়ে যাবে আর গোটা ভারতবর্ষে বেকার বাড়বে। পশ্চিমবাংলায় দারিদ্রতা থাকবে না আর গোটা ভারতবর্ষে দারিদ্রতা থাকবে?

পশ্চিমবঙ্গের দারিদ্র থাকবে না, গোটা ভারতবর্ষে থাকবে? পশ্চিমবঙ্গে শিল্প বিকাশ হবে, গোটা ভারতবর্ষে শিল্প বিকাশ হবে না, পশ্চিমবঙ্গে কৃষকের উন্নতি হবে আর গোটা ভারতবর্ষে শিল্প বিকাশ হবে না, পশ্চিমবঙ্গে কৃষকের উন্নতি হবে আর গোটা ভারতবর্ষের কৃষক না খেয়ে মরবে? অথচ আমরা এক দেশের একই সার্বভৌম ব্যবস্থার একই সংবিধানের মধ্যে আছি। আজকে আলোচনা করতে হবে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব কতখানি, আর রাজ্য সরকারের অধিকার কতটুকু? তাকেও স্মরণ করা হচ্ছে এবং রাজ্য সরকারগুলোকে ক্ষমতাহীন সংস্থায় পরিণত করা হচ্ছে। কাজেই আমি বলতে চাই যে বাজেট কি? বাজেট নিছক একটা রাজ্যের আয় এবং ব্যয়ের হিসাব। বাজেট হচ্ছে একটা দৃষ্টিভঙ্গি, একটা নীতির প্রতিফলন যার মাধ্যমে সেগুলো বাস্তবে রূপায়িত হয়, আমরা এইভাবে বাজেটকে দেখি। জোতদার, জমিদার একচেটিয়া পুঁজিপতি তাদের যে নীতি, যে দৃষ্টিভঙ্গি তাতে এই কেন্দ্রীয় সরকারের বাজেট তৈরি হচ্ছে, বুর্জোয়া তৈরি হচ্ছে। তাদের আজ আমরা জনমুখী করতে চাই। বামফ্রন্ট সরকারের সেই নীতি, যে দৃষ্টিভঙ্গি তার সঙ্গে সঙ্গতি রেখে বাজেট হচ্ছে, সেই দৃষ্টিভঙ্গি কর্মসূচিকে বাস্তবায়িত করার জন্য আমাদের বাজেট, বিগত ৪টি বাজেটের মতো ৫ম বাজেটেও সেই ভাবে বাস্তবায়িত করার চেষ্টা করা হয়েছে। সীমাবদ্ধতা থাকবে। প্রবোধবাবু বলেছেন পরিবহনের কথা হ্যাঁ, সংকট আছে, বেশি বলার দরকার নেই। তারপর ট্রামের কথা, আমরা

যখন ক্ষমতায় আসি তখন ২৭০টি ট্রাম চলত, তাও ভাঙ্গাচোরা কখনও রিপ্লেস করেনি, রিনোভেট করেনি, রিপেয়ার করেনি—চলে যাচ্ছে। এখনও যা চলে ৩০০টির কিছু বেশি। বাস ছিল সেখানে ৪৫০টি, ৪০ পারসেন্ট ব্রেক ডাউন হত। রেকর্ড রয়েছে। এখন সেখানে বাস চলছে ৭৫০ থেকে ৮০০টি। ব্রেক ডাউনের পারসেন্টেজ ২২ পারসেন্ট। আমি মনে করি আরও কমানো উচিত। যে বাসগুলি সিঙ্গল ডেকার কতদিন চলে, ডবল ডেকার কতদিন চলে? তাদের মেশিনগুলি ওভার হাউসিং করতে হবে কতদিন পরে রিনোভেট করা হবে কতদিন তাদের লাইফ, এবং তাকে রিপ্লেস করার ব্যবস্থা ঝরঝরে হয়ে রয়েছে পুরনো রিপ্লেসমেন্ট করা হচ্ছে না—সেগুলো রিপ্লেসমেন্ট করা দরকার। যেমন বিদ্যুতের বিশেষ প্রকল্পগুলিকে করে রেখেছিলেন। না মানুষের প্রতি দরদ, না দেশের প্রতি দরদ, না শিল্পের প্রতি দরদ, না কোনও জিনিসের প্রতি নজর তাই আজ এইরকম অবস্থার সৃষ্টি করেছেন। আজকে কি হচ্ছে যেখানে স্টেট ট্রান্সপোর্টে ৩ লাখ ৫০ হাজার টাকা কালেকশন হচ্ছে। বলবেন ভাড়া বৃদ্ধি, গড়ে ৫০/৬৫ হাজার টাকা করে না পড়লে ভাড়া বৃদ্ধি হত না। আমি প্রবোধবাবুকে বলতে চাই আর কাউকে বলে কোনও লাভ নেই, ইনকরিজিবল, ওরা অন্য জায়গায় চলে গেছেন। এখানে যেটা বলি, সিংগল ডেকার ১৯৮১ সালে ২৩৯ খানা বেড়েছে এবং ডবল ডেকার বেড়েছে ২৯১ খানা ১৯৮১ সালের মধ্যে। এটা বেড়েছে, তার মধ্যে ২৭৫টি নূতন আসছে এবং ৬০ খানা রিবিল্ট এবং ১০৫ খানা বিপেয়ার করা হচ্ছে। সময় লাগবে। তারপর ট্রাম, আজকে টাকা দিলে কালকে ট্রাম পাবেন, লে ল্যান্ড থেকে পাবেন, লে ল্যান্ড সারা ভারতবর্ষকে গাড়ি দেয় সময় দিতে হবে, ইট উইল টেক টাইম। কাজেই আমি সেটা বলছি যে আজকে অনেক ব্যবস্থা করতে হবে। পরিবহন সমস্যা অনেক আছে এবং সেটা বিশেষভাবে নজর করা দরকার। যাদের বললাম তারা সংশোধনের বাইরে। বাড়িয়ে কি করবেন? প্রাইভেট বাস এবং স্টেট বাস প্রায় সমান এবং ৫০ টু ৬০ পারসেন্ট প্রাইভেট বাস বের করে না পরিকল্পিত ভাবে। যারা সংশোধনের বাইরে তারাই বলছে বামফ্রন্টের বদনাম দিতে হবে তাতে যে লক্ষ লক্ষ মানুষের অসুবিধা হবে তাতে তাদের মাথাব্যাথা নাই তাই এই কাজ করছেন। এই জন্য আমি যেটা বলছি বামফ্রন্ট সরকারের জনমুখী নীতি, যে দৃষ্টিভঙ্গি তা বাস্তবায়িত হতে শুরু হয়েছে। ১৯৭৭-৭৮ সালের মাঝামাঝি সময় থেকে এবং তারপর থেকে সমস্ত কাজেই সাফল্য অর্জন করেছে। সাফল্য অর্জন করেছে বলেই আজকে গোটা ভারতবর্ষের দৃষ্টি পশ্চিমবঙ্গের প্রতি নিবদ্ধ। আনএমপ্লয়মেন্ট অ্যাসিস্টেন্স প্রায় সর্বত্র, ত্রিপুরায় হয়েছে, কেরল, মহারাষ্ট্র, তামিলনাড়ু সব জায়গাতে হয়েছে। একটা নীতি আমরা চালু করছি। হ্যাঁ, জনজীবনের যে সম্পদ, দেশের যে শ্রেষ্ঠ সম্পদ মানুষ, সেই মানুষকে শ্রেষ্ঠ সম্পদের সম্মান দিতে হবে এবং আমরা আমাদের সাধ্যানুযায়ী সেই চেষ্টা করেছি।

কাজেই আমাদের যে বাজেট তা আমাদের দৃষ্টিভঙ্গি প্রয়োগের একটা হাতিয়ার যা নিয়ে আমরা অগ্রসর হচ্ছি। ১৯৮১-৮২ সালের বাজেট হচ্ছে ভবিষ্যৎ জনজীবনের যে সমস্যা তাকে আরো লাঘব করা। ১৯৮১-৮২ সালের বাজেটে ছোট-মাঝারি শিল্পের বিকাশ যাতে হতে পারে সেই পদক্ষেপ গ্রহণ করেছে। ১৯৮১-৮২ সালে যে বাজেট উৎথাপন করা হয়েছে তা হল বুর্জোয়া, জমিদার, একচেটিয়া, পুঁজিপতিদের প্রতিক্রিয়াশীল নীতির বিরোধী এবং গণতান্ত্রিক নীতির সমর্থনের সৌজন্যে এই বাজেটকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীকে আমি অভিনন্দন জানাই যে এই সীমাবদ্ধতার মধ্য দিয়ে একটা গণমুখী বাজেট, একটা উন্নয়মুখী বাজেট তিনি পেশ করতে পেরেছেন বলে। আমার পূর্ববর্তী বক্তা কংগ্রেসী (আই) মাননীয় ভোলাবাবু বক্তৃতা করলেন, ভোলাবাবু ব্যারিস্টার, ভাল বক্তা। তিনি অসতর্ক মুহূর্তে একটা কথা বলে গেলেন আমরা জানি যে উনি মাঝে মাঝে অসতর্ক হয়ে যান। তিনি একটু উষ্মা প্রকাশ করেছেন যে বামফ্রন্ট সরকারের পিছনে জনগণ আছে, কেন সামনে নেই? ওরা চিরদিন কিছু মানুষকে সামনে রেখে চলেছেন, কেননা, যাতে ঠিক সময় মতো তাদের পশ্চাতদেশে পদাঘাত করতে পারেন, তাঁরা এই নীতি নিয়ে চলেন কিন্তু বামফ্রন্ট সরকার জনগণকে সঙ্গে নিয়ে তাদের সমর্থন নিয়ে চলেন, তাঁদের নীতিটা একটু অন্য রকম। তা কি আর হবে, ভোলাবাবুকে সাহায্য করা যাবে না। এই চার বছরের বামফ্রন্ট সরকার কি করতে পেরেছেন তার একটা চিত্র অর্থমন্ত্রী তার বাজেট ভাষণে এবং বাজেটের মধ্য দিয়ে এবং এই সঙ্গে আমাদের কাছে পেশ করে অর্থনীতির মধ্যে একটা সামঞ্জস্য রাখবার চেষ্টা করেছেন। পূর্বের বক্তা মাননীয় লক্ষ্মীবাবু বলেছেন, আমি এ সম্পর্কে বিস্তৃত কিছু বলতে চাই না। আমরা দেখতে পাচ্ছি জিনিসপত্রের দাম প্রায় দ্বিগুণ, তিনগুণ বেড়েছে। কিন্তু সেটা বড় কথা নয়, আজ প্রতি পদে পদে আমরা দেখছি এই বাম উন্নয়নের খাতে বেড়ে এ পরিকল্পনায় প্রায় তিন গুণ হয়েছে। কংগ্রেস আমলে টাকা ছিল প্রায় ৪০ কোটি, এখন বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১২৭ কোটি। শিক্ষাখাতে গত বছর দুই গুণের বেশি হয়েছে এবং সেটা মোট বাজেটের শতকরা ১৭ ভাগ শিক্ষাখাতে ব্যয় করা হচ্ছে—দ্বাদশ শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা সম্ভব হয়েছে।

[5-10 — 5-20 p.m.]

গ্রামের ক্ষেত্রে চাষী, বর্গাদার, ক্ষেত-মজুররা উপকৃত হচ্ছে। শিল্পের ক্ষেত্রে আমরা দেখছি বন্ধ রুগ্ন কারখানা খোলা সম্ভব হয়েছে, কুটির শিল্পের ব্যাপক সম্প্রসারণ সম্ভব হয়েছে। এই জিনিস কোন সময় সম্ভব হয়েছে, যে সময় সারা ভারতবর্ষে অর্থনৈতিক সংকট ঘনীভূত। পশ্চিমবঙ্গের অর্থনীতি সারা ভারতবর্ষের অর্থনীতির চেয়ে পৃথক। ভারতবর্ষের অর্থনীতির উন্নয়নের গতি রুদ্ধ হয়েছে। ভারত সরকারের প্রকাশিত যে ইকনামিক রিভিউ তাতে আমরা দেখতে পাচ্ছি ১৯৭৭ সালে যেখানে জাতীয় উন্নয়নের গতি শতকরা ৫.২ ভাগ বেড়েছে, ১৯৭৮ সালে সেটা শতকরা ৬.৯ ভাগ করেছে, ১৯৭৯ সালে সেটা শতকরা ১.৩ ভাগ নেমে এসেছে। এইভাবে উন্নয়নের গতি কমে আসছে। ঘাটতি বাজেট ব্যাপক মুদ্রাস্ফীতির আকার ধারণ করছে। দুই বছরের কেন্দ্রীয় সরকারের বাজেট দেখলে দেখবো ১৯৮০-৮১ সালে যেখানে মোট ঘাটতির পরিমাণ ছিল ১,৮১৩ কোটি টাকা, ১৯৮১-৮২ সালে কেন্দ্রীয় বাজেটে সেটা হল ১,৫৩৯ কোটি টাকা। এই সঙ্গে তাদের ভরসা হচ্ছে যে বেয়ারার বণ্ড, কালো টাকা থেকে ৮০০ কোটি টাকা জমা পড়বে। কিন্তু এটা জমা পড়বে না। সুতরাং এই ঘাটতি ২ হাজার কোটি টাকা হবে এবং এর ফলে মুদ্রাস্ফীতি হবে। অর্থাৎ সমস্ত কালো টাকার উপর এদের অর্থনীতি দাঁড়িয়ে আছে। নিত্য ব্যবহার্য জিনিসের দাম শতকরা ৫০ ভাগ বেড়েছে। শিল্পে লক আউট বেড়ে চলেছে। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার হিসাব আমাদের সামনে রয়েছে। এই বইটা সরকার থেকে প্রকাশিত কিন্তু এখানেও ছবি পরিস্কার নয়—হিসাবের অনেক গোলমাল আছে কিন্তু এই পরিকল্পনায় যেসব কথা বলা হয়েছে অ্যানেক্সার টু-তে তাতে

দেখছি ১৯৮০-৮৫ সালে মোট ঘাটতি হচ্ছে—আন কভারড গ্যাপ, ডেফিসিটি ফাইন্যান্সিং—৪ হাজার কোটি টাকা। আমরা দেখতে পাচ্ছি ২ বছরে ৪ হাজার কোটি টাকা ছাড়িয়ে গেছে। সুতরাং ৫ বছরে ১০ হাজার কোটি টাকার উপরে ঘাটতি হবে। জনতা পার্টি যখন ষষ্ঠ পরিকল্পনার রূপরেখা তৈরি করেছিল তারা তখন বেকার সমস্যার সমাধানকে প্রথম তালিকায় স্থান দিয়েছিল, কিন্তু এরা সেই জিনিসকে আজকে ৩ নম্বরে নিয়ে এসেছেন। অর্থাৎ বেকার সমস্যার সমাধান ওদের কাছে প্রধান ব্যাপার নয়। ষষ্ঠ পরিকল্পনায় সম্প্রসারণের বিষয়ে যে ইউটিলাইজেশন অব রিসোর্স এর দরকার তার কোন কথা নেই। সুতরাং আমাদের দেশের সামনে মূল্যবৃদ্ধির সমস্যা, বেকার সমস্যা, শিল্পের মন্দা ইত্যাদি দিকে দৃষ্টি দেবার চেষ্টা নেই। সুতরাং যে একটা ব্যাপক দৃষ্টি রয়েছে নির্ভর পরিকল্পনার উপরে। একটা বদ্ধ পরিকল্পনা আমাদের সামনে রাখা হয়েছে। এইরকম একটা অর্থনৈতিক সংকটের মধ্যে দিয়ে চলেছি। এই যে সংকট সারা ভারতবর্ষে চলছে পশ্চিমবাংলা তার বাইরে নয়। এই সংকট কেন হল? স্বাধীনতার ৩৩ বছরের পরে ৫টি পরিকল্পনায় কেন এই রকম অবস্থা হল যাতে সমস্ত অর্থনীতি ভেঙ্গে পড়তে বসেছে। তার মূল কারণ হচ্ছে ভারতের মত দেশের মূল অর্থনীতির জায়গা হচ্ছে না।

কিন্তু সেখানে আজকে কোনও উন্নয়ন হচ্ছে না, এ কথা আজকে ঠিক যে খাদ্য উৎপাদনের সংখ্যা দেখিয়ে বলা হচ্ছে অনেক খাদ্য মজুত করা হয়েছে, বাফারস্ স্টক করা হয়েছে। কিন্তু এই উৎপাদন বৃদ্ধির লক্ষণ সম্পর্কে গত ১৫ই আগস্ট ভারতের রাষ্ট্রপতি তার ভাষণে বলেছেন ভারতের এই বাফারস্ স্টক প্রমাণ করছে যে আমাদের দেশ এখন দরিদ্র এবং জনসাধারণের ক্রয় ক্ষমতা নেই বলে তারা কিনতে পারছে না। এইটা আমাদের অর্থনৈতিক উন্নতির লক্ষণ নয়। উন্নয়ন বহির্ভূত ব্যয় ভীষণভাবে বেড়ে চলেছে এবং আমরা লক্ষ্য করছি কিছু বৃহৎ শিল্পপতি গোষ্ঠী দেশের অর্থনীতিকে কেন্দ্রীয় করণের দিকে নিয়ে চলেছেন। অর্থাৎ সেন্ট্রালাইজেশন অব ক্যাপিটাল হচ্ছে বলে বিনিয়োগ হচ্ছে না। এর ফলে আমরা দেখছি এমন অবস্থা হয়েছে প্রাইভেট সেক্টরে নেট ক্যাপিটাল কমে আসছে সেজন্য বিরোধী দল থেকে বলা হচ্ছে পশ্চিমবাংলার নতুন শিল্পে বিনিয়োগ হচ্ছে না।

আমি পরিসংখ্যান দিয়ে বলতে পারি যে, সর্বভারতীয় ভিত্তিতে রাষ্ট্রীয় উদ্যোগে এবং ব্যক্তিগত উদ্যোগে বিনিয়োগ অনেক কমে গেছে। প্রাইভেট কর্পোরেট সেক্টরে নেট ক্যাপিটাল ফরমেশন কিভাবে কমে গেছে তার পরিসংখ্যান দিচ্ছি—১৯৬১-৬৬ এই পাঁচ বছরে বিনিয়োগ ছিল ২১৭.৮৯ মিলিয়ান টাকা, ১৯৬৬-৭১ এই পাঁচ বছরে বিনিয়োগ কমে হয়েছে ১৪০.৩৪ মিলিয়ান টাকা, আর ১৯৭১-৭৫ সালের পাঁচ বছরে সেই টাকা হয়েছিল ১৬১.১৩ মিলিয়ান টাকা। সুতরাং দেখা যাচ্ছে প্রাইভেট কর্পোরেট সেক্টরে নেট ক্যাপিটাল ফরমেশন বাড়ছে না। ভোলাবাবুতো শুধু বলেই চলে গেলেন, এটা তাঁর চিরকালের একটা অভ্যাস—কেন্দ্রীয় সরকার নাকি বেশি টাকা খরচ করে। কিন্তু তার হিসাব কোথাও পাওয়া যায় না। অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় পরিষ্কার হিসাব দিয়েছেন। লক্ষ্মীবাবু বলেছেন, তার সঙ্গে আমিও বলছি, এবারে করের বোঝা চাপিয়ে কেন্দ্রীয় সরকার সাধারণ মানুষের উপর কিভাবে চাপ সৃষ্টি করছেন—এই কর চাপিয়ে ২৭১ কোটি টাকা আদায়ের পরিমাণ ধরা হয়েছে। রেল ভাড়া ও মূল্য বৃদ্ধি ঘটিয়ে ৩৬৬ কোটি টাকা চাপান হয়েছে, পেট্রোল ও পেট্রোলজাত অন্যান্য দ্রব্যের

দাম বাড়িয়ে ১১০০ কোটি টাকা বাড়ানো হয়েছে, এবং কয়লা, ইস্পাত ইত্যাদির দাম বাড়িয়ে ৫৫০ কোটি টাকা বাড়ানো হয়েছে। এবং ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এই দুই বৎসরের ঘাটতি বাজেট পড়ে গিয়ে দাঁড়িয়েছে ৩.৩৪৯ কোটি টাকাতে। অতএব এইভাবে বহু হাজার কোটি টাকার নোট বাজারে ছাড়া হয়েছে—এটি মুদ্রাস্ফীতির চেয়েও ভয়ংকর বিস্ফোরণ অবস্থা। কেন্দ্রীয় অর্থনীতির যখন এই রকম একটা অবস্থা, সেখানে দাঁড়িয়েই পশ্চিমবঙ্গ সরকারকে অন্য নতুন বাজেট করতে হয়েছে এবং জনসাধারণের স্বার্থে কাজ করতে হচ্ছে। এটি একটা কনস্ট্রাকটিভ্ মিস্টেক। ভারতীয় অর্থনীতির এমন একটা অবস্থার সঙ্গে যুক্ত পশ্চিমবঙ্গকে একটা নতুন অর্থনীতির জন্য চেষ্টা করতে হচ্ছে। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি বৈষম্যমূলক আচরণ করে চলেছেন নানাভাবে। পশ্চিমবঙ্গকে নানাভাবে তারা বেকায়দায় ফেলার চেষ্টা করছেন। আমি বলব, শুধুমাত্র পশ্চিমবঙ্গ নয়, ১৯৪৭ সাল থেকে দীর্ঘকাল ধরে সামগ্রিকভাবে সমগ্র পূর্বভারতের রাজ্যগুলি উপেক্ষিত হয়েছে, বিভিন্ন বরাদ্দ ছাঁটাই হয়েছে। আমাদের গণ্ডগোলের মূল কারণ এই জায়গাতে। পশ্চিমবঙ্গও সর্বক্ষেত্রে উপেক্ষিত হচ্ছে। আমরা জানি ইদানিংকালে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প বন্ধ করে দেওয়া হয়েছে, প্রকল্পগুলির জন্য ব্যয় কম করে দেওয়া হয়েছে। ১৯৮০-৮১ সালে যেখানে ১৮০ কোটি টাকা বরাদ্দ ছিল, সেখানে মাত্র ৯০ কোটি টাকা দেওয়ার কথা হয়েছিল। ১৯৮১-৮২ সালে পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় বরাদ্দ ১১৯ কোটি টাকা থেকে ১০১ কোটি টাকাতে কমেছে। সবচেয়ে ভয়ের কথা এই যে, বিক্রয় কর যেটা নাকি রাজ্যের আয়ের একটা প্রধান উৎস, সেখানে বিক্রয় করের থেকে অনেকগুলি জিনিসকে জোর করে নিয়ে কেন্দ্রীয় সরকার ট্যাক্স ইত্যাদি আদায় করছেন—এই চেষ্টা চলছে বর্তমানে। বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে রাজ্যকে ঠিকমতো সাহায্য করা হচ্ছে না। ভোলাবাবু আবার বলেছেন, কেন টাকা দেওয়া হবে, কিসের জন্য আপনারা টাকা চাইছেন?

[5-20 — 5-30 p.m.]

কারণ আমরা এখানে শিক্ষাকে অবৈতনিক করেছি। সংবিধানের ডাইরেকটিভ্ প্রিন্সিপল-এ আছে যে ১৪ বছরের ছেলে-মেয়েরা বিনা বেতনে শিক্ষা পেতে পারে ও সেজন্য ব্যবস্থা করতে হবে। কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে একমত নন, তার কারণ হচ্ছে এখানে বামপন্থী সরকার ক্ষমতায় আছেন। তাহলে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার সংবিধানের কথাও মানতে রাজি নন, তাই তারা বলছেন টাকা দেওয়া হবে না। উন্নয়নমূলক কাজ করবার ব্যাপারে সংবিধানে নির্দেশ দেওয়া আছে, কিন্তু কেন্দ্র বলছেন যে, টাকা দেওয়া হবে না। শিল্পের ব্যাপারে দেখুন—কি দারুণ বৈষম্য, কি দারুণ উপেক্ষা, কিভাবে বিমাতৃসুলভ আচরণ তাঁরা করছেন এখানেও। ইলেকট্রনিক্স, পেট্রো-কেমিকেলস্—এটি হচ্ছে বর্তমান দিনে মাদার ইণ্ডাস্ট্রি, এ ব্যাপারে বারবার বলা সত্ত্বেও কোন টাকা আমাদের দেওয়া হচ্ছে না। পেট্রো-কেমিকেলস্ শিল্প মহারাষ্ট্রে, গুজরাটে হল, এবং আজও কেন্দ্র আমাদের সঙ্গে হলদিয়াতে ঐ শিল্প প্রতিষ্ঠার ব্যাপারে টালবাহানা করে চলেছেন। সল্ট লেকে জমি দিয়ে দেওয়া হয়েছে, তৎসত্ত্বেও তা হচ্ছে না। ফাইটো কেমিক্যালস্ এ্যণ্ড ড্রাগসের ব্যাপারে জমি দিয়ে দেওয়া হল, কিন্তু এসব সত্ত্বেও তা করতে অগ্রসর হলেন না কেন্দ্রীয় সরকার—হল না কলকাতাতেও। এই ব্যাপারে ভোলাবাবুর কথায় আমরা বিস্ময়ের সঙ্গে সব কিছু লক্ষ্য করলাম। তাকে বলি—আপনাদের

ছেলেমেয়ে বামপন্থী না হতে পারেন, কংগ্রেসি হতে পারেন, কিন্তু সে চিন্তা আছে ভবিষ্যতে, ভবিষ্যতের প্রজন্মের কথায়। এ ব্যাপারে কেউই তাদের বক্তৃতায় একবারও বললেন না যে, এই প্রকল্পগুলি কংগ্রেসী আমল থেকেই কং হয়েছিল। এই পেট্রো-কেমিক্যালস্ ও ইলেকট্রনিকস্ সবগুলি তাদের আমলের প্রকল্প, এগুলি কেউ একবারও তাদের বক্তৃতার মধ্যে উচ্চারণ করলেন না।

তারা বলেন না পেট্রো-কেমিক্যাল চাই—চাই ইলেকট্রনিক্স, হাইড্রো কেমিক্যাল চাই। তারা চান না দেশকে ভালবাসেন না, গাল দিতে হয় গাল দেন। গতকাল এই পশ্চিমবাংলার তিন জন মন্ত্রী পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে অনেক কথা বলে গেলেন এই কলকাতায়। বসে। বামফ্রন্ট সরকার কিছু করতে পারছেন না তাই তারা নানা প্রকার গালি দিয়েছেন। কিন্তু এই হলো তাদের বৈষম্যের চেহারা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আমাদের অর্থমন্ত্রী একটা বাজেট পেশ করেছেন তার মধ্যে তিনি সাধারণ মানুষের স্বার্থে অনেক ব্যবস্থার কথা বলেছেন। কি করে শিল্পের উন্নয়ন করা যায়, কৃষির উন্নতি কি করে করা যায় সে সম্বন্ধে বলেছেন। আমি সাধারণভাবে আলোচনা করতে চাই, এই অবস্থায় পশ্চিমবঙ্গের যে অর্থনীতি সেই অর্থনীতিকে আরো কি করে উন্নয়নে আনা যায়। আমি এই কথা বলতে চাই যে, কৃষিকে উন্নয়নের আজকে আমাদের সর্বাধিক প্রাধান্য দিতে হবে। অন্য দেশও—উন্নয়নশীল জগতে যে সব দেশে অর্থনৈতিক উন্নতি হয়েছে—প্রথমে তারা নজর দিয়েছেন কৃষিতে। ভারতেও এ আমলে যেখানে উন্নতি হয়েছে সেখানে তারা প্রথমে কৃষির দিকে নজর দিয়েছেন। হরিয়ানা ও পাঞ্জাবে প্রথম কৃষির উন্নতি করতে পেরেছে, কৃষির অবস্থাকে তারা শক্ত সামর্থ করতে পেরেছে বলে সেখানে পণ্য শিল্প গড়ে উঠেছে। দক্ষিণ ভারতে, প্রস্থ কর্ণাটকে কৃষির উন্নতি করতে পেরেছে বলে সেটা সম্ভব হয়েছে। আমাদের এখানেও সে জিনিস করতে হবে। কৃষির জন্য প্রধান যেটা দরকার—আমরা লক্ষ্য করছি কয়েক বছরে একবার হল বন্যা—ভয়ঙ্কর সবকিছু বিপর্যয় হয়ে গেল—আবার খরা। বন্যা আর খরায় আমরা মার খাচ্ছি, জল নিয়ে সমস্যা। সুতরাং জল সম্পদ আমাদের দেশে সদ্ ব্যবহার দরকার। পূর্ণ ব্যবহার দরকার—যে জল সম্পদ আছে তাকে দীর্ঘকাল ধরে তার সমীক্ষা পর্যন্ত হয়নি—সেই সমীক্ষার আয়োজন আমরা করেছি। তার ফল বেরোবে। জল সম্পদ খুঁজে বের করা—নিয়ন্ত্রণ করা এবং পরিচালনা করা হারনেসিং কন্ট্রোল ম্যানেজমেন্ট যদি করতে পারি তাহলে কৃষির উন্নতি করতে পারবো। ভূমি-সংস্কারে বামফ্রন্ট সরকার অনেকটা এগিয়েছে, একে সম্পূর্ণ করতে হবে। বর্গা অপারেশনের কাজ শেষ হয়নি। জমিতে যে অধিকার তা দিতে হবে এবং তাদের হাতে আরো অর্থ দিতে হবে এবং বিপণন—মার্কেটে ফসল যাতে ঠিকমতো বিক্রি হয়—দাম পায় সেদিকে নজর দিতে হবে। কৃষকদের হাতে পয়সা হলে তারা জিনিসপত্র কিনবে এবং নতুন নতুন শিল্প গড়ে উঠবে ও কর্মসংস্থান হবে। যদি আমরা অর্থনীতিকে চাঙ্গা করতে চাই কৃষির সঙ্গে সঙ্গে বামফ্রন্ট সরকারের শিল্পের উন্নতি করতে হবে। আমরা সেই ১৯৪৭ সাল থেকে দীর্ঘকাল দেখে আসছি যে একটা অলিখিত শ্রমবিরোধ ডিভিশনাল অফ লেবার—কেন্দ্রীয় সরকার করবে শিল্পের ব্যাপার এবং রাজ্য সরকার করবে কৃষির ব্যাপার। রাজ্য সরকার শিল্পের ব্যাপারে এগিয়ে আসেন নি। যে সমস্ত রাষ্ট্রীয় উদ্যোগ পাবলিক আণ্ডারটেকিংস রয়েছে তাতে লাভ হচ্ছে না, লোকসান হচ্ছে।

কেন হচ্ছে এই সমস্ত জিনিস যা দীর্ঘকাল ধরে আসছে সেই কংগ্রেস আমল থেকে চলে আসছে—গোড়ায় গলদ থাকায় সামলানো যাচ্ছে না। এটা থেকে মনে করলে ভুল হবে যে রাজ্য সরকার শিল্প করবে না। আজকে বেকার সমস্যার জন্য শিল্পপতিরা শিল্প করতে এগিয়ে আসবেন না। পশ্চিমবাংলার অর্থমন্ত্রী তাদের কিছু সুযোগও দিয়েছেন কিন্তু তাও তারা আসছেন না। তারা বলছেন যে পশ্চিমবাংলায় শিল্প বিনিয়োগ কম। জনতার অধ্যাপক প্রবোধ চন্দ্র সিংহ ও কংগ্রেসের ভোলানাথ সেন মহাশয়ও তাই বলেছেন। কিন্তু আমরা তথ্যে কি দেখছি? পশ্চিমবাংলায় আজকে শিল্প বিনিয়োগের সুযোগ সবচেয়ে বেশি।

[5-30 — 5-40 p.m.]

কারণ শিল্পপতিরা তাতে বিচলিত বোধ করেন। আমাদের এই অর্থনৈতিক সমীক্ষায় দেখছি এখানে ধর্মঘট কমে গেছে। এই সমীক্ষার ৪০ পাতায় দেখুন লেখা আছে ১৯৭৮ সালে ধর্মঘট হয়েছিল ৩২.৭.৭৯ সালে সেটা বেড়ে হল ৪০.৪ এবং ১৯৮০ সালে সেটা আবার কমে গিয়ে হল ১৮.৯। তাহলে আমরা দেখছি যে ধর্মঘট, লক-আউট কমেছে এবং তার দ্বারা এটাই প্রমাণিত হয় যে শিল্পে বিনিয়োগের সময় উপস্থিত হয়েছে। তা যদি হয়ে থাকে তাহলেই একে নির্ভর করে শিল্পপতিরা বিনিয়োগ করবে না কেন? আমি এখানে উদীয়মান অর্থনীতিবিদ অধ্যাপক রঞ্জিত সাহুর "ইণ্ডিয়ান ইকনমিক ডেভেলপমেন্ট" বই থেকে কিছু পড়ে শোনাচ্ছি। এই অর্থনীতিবিদ বলেছেন যে শুধু পশ্চিমবাংলার ক্ষেত্রেই নয় সর্বভারতীয় ক্ষেত্রে বেসরকারী শিল্পপতিরা আর উৎসাহ বোধ করছেন না। তিনি লিখেছেন over the last fifteen years, the licencing system has been relaxed, price controls have been lifted and greater scope has been given to the Private sector; an era of increasing economic liberalism has set in since the midsixties. Yet private corporate sector has simply failed to utilise the surplus. The bourgeoisie is evidently more inclined towards mercantile activities than towards industrial understands. এই হল আমাদের দেশের প্রাইভেট সেক্টরের অবস্থা, তারা নতুন বিনিয়োগ করবেনা। এক্ষেত্রে শিল্প বাড়াতে গেলে সরকারকে এগিয়ে আসতে হবে। পশ্চিমবঙ্গ সরকার বন্ধ কারখানা, রুগ্ন কারখানা শ্রমিকদের হাতে দিয়ে সমবায় ভিত্তিতে অর্থাৎ সমবায়ভিত্তিক শিল্প গড়ে তুলতে পারে। নতুন উৎপাদনের ক্ষেত্রে অর্থনীতির একটা কথা আছে ইমপোর্ট প্রডাকসান সাবসটিটিউ—অর্থমন্ত্রী একথাটা জানেন। এটা দেশের ক্ষেত্রে যেমন হয়, যে জিনিস আমরা আমদানি করি অন্য দেশ থেকে, এটা কোনও প্রাদেশিকতার কথা নয়, সেটা যদি আমাদের এখানে উৎপাদন করতে পারি তাহলে খুব ভাল হয়। ধরুন পশ্চিমবাংলার বাজারে যে জিনিস চলছে সেই জিনিস যদি আমরা বিদেশ থেকে বা অন্য রাজ্য থেকে না এনে আমাদের এখানেই উৎপাদন করতে পারি তাহলে খুব ভাল হয়। এই ধরুন, পাম্পসেট এটা আমরা করতে পারি, আমূল দুধের মতো জিনিস আমরা করতে পারি। আমাদের শিলিগুড়ির কাছে "হিমূল" হয়েছে কিন্তু ভালভাবে চলছে না। এটা কি করে ভালভাবে চালান যায়, কি করে এখান থেকে আরও দুগ্ধজাত দ্রব্য উৎপাদন করা যায় সেদিকে লক্ষ্য রাখা দরকার। তবে সবচেয়ে বেশি নজর দেওয়া দরকার ক্ষুদ্র এবং কুটির শিল্পের দিকে। এই অর্থনৈতিক সমীক্ষার টেবল ৪.২৬-এ দেখছি ক্ষুদ্র এবং কুটির শিল্প কিভাবে বেড়েছে। টেবল ৪.২৮-এ দেখছি ১৯৭৬-৭৭ সালে যেখানে স্মল স্কেল ইণ্ডাস্ট্রি ছিল

৫৬৪৯ সেটা ১৯৮০ সালে হয়েছে ১২১৬৯। কর্মসংস্থান ১৯৭৬-৭৭-এ হয়েছিল ৪০৩৭৫ এবং ৭৯-৮০-তে সেটা হয়েছে ৮৭৮৭৭। কাজেই, এই দিকে যদি আমরা নজর দিই তাহলে শিল্প সম্প্রসারণ হতে পারে। স্যার, শিল্পের জন্য নানারকম সুযোগ-সুবিধা অর্থমন্ত্রী দিয়েছেন সেজন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তারপর উন্নয়নের ব্যাপারেও আমাদের চেষ্টা করতে হবে এবং এদিক থেকে আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবাংলার গ্রাম এবং শহর এই দু-জায়গারই উন্নয়ন করতে হবে যেন দুটোর মধ্যে একটা সামঞ্জস্য থাকে। আমরা সকলেই জানি পশ্চিমবাংলায় কয়েকটি উন্নয়ন কর্তৃপক্ষ গড়ে তোলা হয়েছে—যেমন, আসানসোল, দুর্গাপুর উন্নয়ন কর্তৃপক্ষ, হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ, শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষ কল্যাণীতেও কিছু উন্নয়নমূলক কাজ হচ্ছে। এই উন্নয়ন কর্তৃপক্ষগুলিকে কেন্দ্র করে আমাদের উন্নয়নের দিকে বেশি করে নজর দিতে হবে। তবে এ প্রসঙ্গে আমি উত্তরবঙ্গের কথা বলব যে ওখানকার উন্নয়নের দিকেও আমাদের নিশ্চয় নজর দিতে হবে। কংগ্রেসী আমলে উত্তরবঙ্গ উপকৃত হয়েছে দক্ষিণবঙ্গের তুলনায়। এখানে নানারকম কাজ করা উচিত, নাহলে গোলমাল সৃষ্টি হবার সম্ভাবনা রয়েছে। কংগ্রেসি আমলে দীর্ঘকাল ধরে দক্ষিণবঙ্গের চেয়ে উত্তরবঙ্গ উপকৃত হয়েছে। উত্তরবঙ্গে প্রাকৃতিক সম্পদ অনেক আছে এবং সেখানে বাজারও রয়েছে। কাজেই ওখানে নতুন নতনু কল-কারখানা গড়ে তোলা উচিত এবং নানাদিকে অর্থনৈতিক উন্নয়ন করা উচিত। তবে এই কাজ না হওয়ার জন্য বিচ্ছিন্নতাবাদি নানাভাবে গোলমাল করবার চেষ্টা করছে। আমি মনে করি সর্বভারতীয় ক্ষেত্রেই উন্নয়ন সমভাবে হওয়া উচিত। কোনও এলাকা যদি অনুন্নত থাকে, উপেক্ষিত থাকে তাহলে গোলমাল বাড়বে। কাজেই উত্তরবাংলায় যে সম্ভাবনা রয়েছে সেই সম্ভাবনা আমাদের ব্যবহার করা উচিত। উত্তরবঙ্গ মানে কেবল দার্জিলিং পার্বত্য অঞ্চলের উন্নয়নই নয়, উত্তরবঙ্গ মানে পাঁচটি জেলা, যথা—কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, পশ্চিম দিনাজপুর এবং মালদা। এখানে কৃষিজ শিল্পের সম্ভাবনা রয়েছে, অ্যাগ্রোবেস্ট ইণ্ডাস্ট্রি উন্নয়নের দারুণ সম্ভাবনা রয়েছে সেদিকে আমাদের নজর দেওয়া উচিত।

আমি আর একটি বিষয়ে এখানে বলতে চাই যা আমি ইতিপূর্বেও বলেছি যে আমাদের পশ্চিমবাংলায় অর্থনৈতিক সমৃদ্ধির একটা বিশেষ সুযোগ রয়েছে পর্যটনের সম্প্রসারণের দ্বারা। পর্যটনের প্রধান প্রধান সুযোগ পশ্চিমবাংলায় রয়েছে। আমাদের এখানে দার্জিলিংয়ের পাহাড় রয়েছে, ডুয়ার্সের বন সম্পদ, জল রয়েছে, আমাদের সুন্দরবন রয়েছে, আমাদের সমুদ্র রয়েছে এবং বক্রেশ্বর রয়েছে পুরুলিয়া অঞ্চলে পাহাড় রয়েছে—কি সুন্দর জায়গা রয়েছে, মুর্শিদাবাদ রয়েছে। কিন্তু যতটা এগিয়ে যাওয়া দরকার তা এগোচ্ছে না। এবং ভারত সরকারের মনোভাব এ বিষয়ে ভাল নয়। পর্যটন ব্যাপারে পশ্চিমবাংলাকে তারা বাদ দিয়ে রাখার চেষ্টা করছে। কলকাতার উপর যতটা নজর দেওয়া দরকার তা দিচ্ছে না। কলকাতা বন্দরের উন্নতির জন্য তারা কিছু করছে না। তাই এই দিক থেকে যদি আমরা চেষ্টা করি, তাহলে পর্যটনে কেবলমাত্র বিদেশি মুদ্রা আসবে তাই নয়, সাধারণ মানুষের হাতে অনেক অর্থ আসবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেটকে সমর্থন করে আর একটি কথা বলব। এই যে দীর্ঘকাল ধরে যে কৃষি ঋণ যাতে কৃষকরা সাহায্য পেয়েছিল তারা শোধ দিতে পারেনি। তাই চার একর পর্যন্ত জমির মালিক এবং অসেচ এলাকায় ছয় একর পর্যন্ত জমির মালিকদের কৃষি ঋণ মুকুবের সিদ্ধান্ত ঘোষণা করে মাননীয় অর্থমন্ত্রী এবং বামফ্রন্ট সরকার সামগ্রিকভাবে

আমাদের ধন্যবাদভাজন হয়েছেন। পশ্চিমবাংলার লক্ষ লক্ষ কৃষক দুহাত তুলে আশীর্বাদ করেছে বামফ্রন্ট সরকারকে। এই প্রসঙ্গে বলি সমবায় সমিতি থেকে যে ঋণ দেওয়া হয়েছে সেই ঋণের কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী তার ভাষণে বলেছেন যে আমরা সমবায় সমিতি থেকে কৃষক এবং কারিগর এবং অন্যান্য রকম যে ঋণ দেওয়া হয়েছে সে সম্পর্কে তারা সিদ্ধান্ত ঘোষণা করবেন। আমি তাকে অনুরোধ করি যারা অবস্থাপন্ন বেশি জমির মালিক যারা বেশি ঋণ নিয়েছেন তাদের ছাড় দেবার কোনও দরকার নেই। আমরা জানি তারা চেষ্টা করছে যাতে টাকা কিভাবে শোধ না দিতে হয়। তাদের কাছ থেকে টাকা আদায় করতে হবে। কিন্তু নিচের দিকে চাষী ক্ষুদ্র চাষী ক্ষেতমজুর এবং দরিদ্র কারিগর তাদের যে ঋণ সেই ঋণ শুধু মুকুব করে দেবার কথা। মাননীয় অর্থমন্ত্রী শীঘ্র ঘোষণা করুন এই কথা কারণ তারা অপেক্ষা করছে এবং এই ঘোষণা না করার ফলে অবস্থাপন্ন লোকেরা প্রত্যেকে ঋণ শোধ দিচ্ছে না। সমবায়ে একটা সঙ্কট সৃষ্টি হয়েছে। এই সংকট পরিত্রাণের ব্যবস্থা করা উচিত। ফসলের কথা উঠেছে। আজকে সারা ভারতবর্ষে চাষিরা আন্দোলন করছে। পশ্চিমবঙ্গে আজকে আমাদের দাবি করতে হবে বিশেষ করে পাট চাষিদের ক্ষেত্রে আমরা দেখছি যে, পাট চাষিরা দারুণ মার খাচ্ছে এবং কেন্দ্র এখানকার চাষি বিরোধী একটা মনোভাবও আছে। পাট চাষিরা পাটের দাম এবারে একেবারে পায়নি এবং ক'বছর ধরে পাচ্ছে না।

[5-40 — 5-50 p.m.]

কারণ পাটের মালিকদের স্বার্থে কেন্দ্রীয় সরকার সুষ্ঠু দর ঘোষণা করছেন না। তাই এইভেবে আমাদের পাঠ চাষিরা যাতে ন্যায্য দাম পায় তার চেষ্টা করতে হবে এবং ফসলেও ন্যায্য দাম দিতে হবে এবং সে কথা অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, কৃষি মন্ত্রী ও বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে যে পাটের ন্যায্য দাম যদি না করা হয় তাহলে পশ্চিমবাংলায় পাট চাষ কমিয়ে দিতে হবে এবং সে জায়গায় তিল, বাদাম, আক, বোরো এইসব চাষের ব্যবস্থা করতে হবে। ভোলাবাবু আছেন তিনি চা সম্পর্কে অনেক কথা বললেন। আমি জানি তিনি ভাল উকিল, তার কাছে চায়ের মালিকরা এসে এই সব কথা বলেছে। আমি অভিনন্দন জানাই অর্থমন্ত্রী মহাশয়কে, তিনি যা করেছেন তার জন্য। আমি চা বাগান এলাকার মানুষ আরও অনেকে এখানে আছেন তারা বলবেন এই ব্যাপারে। ব্যাপারটা হচ্ছে চায়ের নিলামের বাজার আছে শিলিগুড়িতে এবং কলকাতায়। ভোলাবাবু সমানে বলে গেলেন যে ডুয়ার্সের চা মালদায় আসবে কলকাতা হয়ে, দার্জিলিংয়ের চা দিনাজপুর যাবে কলকাতা হয়ে। দার্জিলিং কি ডুয়ার্স থেকে আসতে শিলিগুড়ি তো পড়ে, ভূগোলে তো এটা আছে। তিনি কি ভূগোলের জ্ঞান ভুলে গেলেন, তাহলে কি করে চলবে। শিলিগুড়িতে বরাবর অকসন মার্কেট আছে এবং কলকাতাতেও আছে। কিন্তু হচ্ছেটা কি? পশ্চিমবাংলায় চা যারা তৈরি করে সেখানে ডেমোগ্রাফিক জ্ঞান নিশ্চয় আছে। তারা দু-নম্বর খাতায় কারবার করে। অকশন মার্কেটে আনা খাতার সোজাসুজি হিসাব দেন না। তারা দু-নম্বর কারবার করে বিক্রি করে চলে গেল। তাতে অবস্থা কি হয়েছে? তাই বলা হয়েছে শিলিগুড়ি বা কলকাতার অকশন মার্কেটে বিক্রি করুন কে. জি. প্রতি ৬ টাকা দিতে হবে না পরিষ্কারভাবে বিক্রি করুন। তার উপর কিছু ট্যাক্স পাওয়া যাবে কিছু লোকের কর্মসংস্থান হবে। তিনি বললেন এক পয়সাও আদায় হবে না। এর ফলে যদি চা বাগানের মালিকরা ২ নম্বরি কারবার না করে যদি সবটা অকশন মার্কেটে বিক্রি করে

আমরা স্বাগত জানাব। কিন্তু তা করবেন না—এই কারণে যে এটা বিক্রি করবার জন্য কর ৩০ কোটি টাকা আশা করা হয়েছে। যদি এই কাজ হয় ৩০ কোটি টাকা সরাসরি না আসে ক্ষতি নেই পরোক্ষে অনেক টাকা আসবে অনেক কর্মসংস্থান হবে এবং এটা ভাল কাজ হবে। কিন্তু এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আরও দু-একটি কথা বলব। যেমন ওরা এই জায়গায় না এলে অনেক গোলমাল করতে পারে এবং কিছু সমস্যা আছে—সমস্যাটি কি? যে এই গুদামে এনে রেখে দিতে গেলে গুদামের ব্যবস্থা করতে হবে এবং তার জন্য ব্যাঙ্কের কাছে টাকার দরকার। এইগুলির ব্যবস্থা সঙ্গে সঙ্গে করতে হবে।

আর একটি হচ্ছে গ্রীন টি। এই চাটি কলকাতা বা শিলিগুড়িতে অকশন হয় না, এটা অমৃতসরের অকশন মার্কেটে বিক্রি হয়। এই চায়ের প্রধান ক্রেতা হচ্ছে আফগানিস্তান, ইরান। সুতরাং এই চায়ের ব্যাপারটাও হিসাবের মধ্যে রাখা উচিত কিনা সে সম্বন্ধে ভাবা দরকার। সেই দিক থেকে আমি মনে করি মূল সিদ্ধান্তটা ঠিকই আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেটের মূল দৃষ্টিভঙ্গিটা হচ্ছে সাধারণ মানুষের উপকার কি করে করা যায় সেটা দেখা। শুধু এই বাজেটের মধ্যে দিয়েই নয়, গত ৪ বছর ধরে বামফ্রন্ট সরকার প্রতিটি ক্ষেত্রে এই মনোভাব নিয়েই অগ্রসর হয়েছেন। সেখানে কৃষিক্ষেত্রে সাধারণভাবে উৎপাদন কি করে বাড়ানো যায় সেজন্য চেষ্টা করা হয়েছে। তাই দেখি বন্যা, খরা সত্ত্বেও পশ্চিমবঙ্গের কৃষি উৎপাদন একটি জায়গায় দাঁড়িয়ে আছে, সঙ্কট সৃষ্টি হয়নি, সামলানো গিয়েছে। যারা নিচের তলার মানুষ—বর্গাদার, ক্ষেতমজুর, প্রান্তিক চাষি—তাদের সুযোগ-সুবিধা দেবার চেষ্টা করা হয়েছে। তারপর আমরা দেখছি, শিক্ষা আজকে আক্রমণের একটা কারণ হয়ে দাঁড়িয়েছে। ভাষানীতি বলুন, শিক্ষা সম্প্রসারণের ব্যাপারে বলুন, উচ্চ শিক্ষার ব্যাপারে বলুন—এইসব ক্ষেত্রে আক্রান্ত করার চেষ্টা করা হচ্ছে। এমন কি লোকসভায় প্রধানমন্ত্রীকেও পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা নীতির বিরুদ্ধে বলতে হয়েছে। গায়ে বড় জ্বালা হয়েছে কারণ গণমুখী নীতি তো। তারপর গ্রামের সাধারণ মানুষদের চিকিৎসার জন্য চিকিৎসা পাওয়া যায় না, সে ব্যাপারে ব্যবস্থা করার ক্ষেত্রেও আমরা দেখছি আক্রমণ করা হচ্ছে। এইভাবে আমরা দেখছি শিক্ষা, স্বাস্থ্য, শিল্প সম্প্রসারণ প্রভৃতি ক্ষেত্রে যখনই সাধারণ মানুষের স্বার্থে কাজ করতে যাওয়া হচ্ছে তখনই আঘাত করা হচ্ছে। অবশ্য এই আঘাত করাটাই স্বাভাবিক, কারণ কায়েমী স্বার্থের গায়ে আঘাত লাগছে তো। ঐ কেন্দ্রীয় সরকার যারা কায়েমী স্বার্থের প্রতিনিধিত্ব করছেন এতে আমরা দেখছি তাদের গায়ে আঘাত লাগছে। আর তাদের দলের লোকরা, পশ্চিমবঙ্গে যারা আছে, যারা কায়েমী স্বার্থের প্রতিনিধিত্ব করছে তাদের গায়েও আঘাত লাগছে তাই তারা বাধা সৃষ্টির করার চেষ্টা করছেন এবং করবেন। এখন কেন্দ্রের দৃষ্টিভঙ্গিটা কি? কেন্দ্রের দৃষ্টিভঙ্গীটা হচ্ছে, পশ্চিমবঙ্গকে প্রাণে মারা যাচ্ছে না অতএব তাদের ভাতে মারো। "কাজের বদলে খাদ্য" এই কর্মসূচির গম বন্ধ করে দাও, পরিকল্পনা খাতের এবং অন্যান্য খাতের টাকা দাও, সমস্ত দিক থেকে সুযোগ-সুবিধা কমিয়ে দাও এবং এইভাবে ভাতে মারার চেষ্টা করো। কিন্তু আমি ওদের বলছি, এর বিরুদ্ধে সাধারণ মানুষ রুখে দাঁড়াবে।

[5-50 — 6-00 p.m.]

ভোলাবাবুকে বলি, পশ্চিমবঙ্গের জনগণকে নিয়েই বামফ্রন্ট এগিয়ে যাবে। স্যার, আজ

পশ্চিমবাংলায় এই প্রতিকূল অবস্থার মধ্যে, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে অর্থনীতিতে একটা প্রাণ সঞ্চার করা গিয়েছে, একটা গতিবেগ আনা গিয়েছে তাই আশা করি পশ্চিমবঙ্গের অর্থনৈতিক সমস্যার সমাধান সম্ভব হবে, উন্নয়ন সম্ভব হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় এই বিধানসভায় পঞ্চম পূর্ণাঙ্গ বাজেট যা উত্থাপন করেছেন আমি তা যথাসম্ভব পুঙ্খানুপুঙ্খরূপে পড়বার চেষ্টা করেছি। রাজ্য সরকারের প্রতি কেন্দ্রীয় সরকারের যে স্টেপ মাদার্লি অ্যাটিচুড সেকথা বলতে গিয়ে অর্থমন্ত্রী তার ২৩ পৃষ্ঠা ব্যাপি বাজেটের দুই-তৃতীয়াংশ ব্যয় করেছেন এটা আমি লক্ষ্য করেছি। এই বাজেটের সবচেয়ে যেটা স্পেশ্যাল ফিচার সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে একটা পরিকল্পিত বিরোধের অবস্থা সৃষ্টি করা। তবে রাজ্য সরকার যে কেন্দ্রীয় সরকারের নীতি এইভাবে অনুসরণ করে চলেছেন তারই একটা কৌশল এই বাজেটে প্রতিফলিত হয়েছে। আমরা যদি বাজেটের বিভিন্ন আইটেম ধরে আলোচনা করি তাহলে এই কথার এবং এই মন্তব্যের সত্যতা আমরা বিচার করতে পারব। আমি প্রথমেই বলি মূল্যবৃদ্ধির কথা। মূল্যবৃদ্ধি প্রসঙ্গে অর্থমন্ত্রী বলেছেন কেন্দ্রীয় সরকারের প্রশাসনিক পদক্ষেপের ফলে পেট্রোল, কেরোসিন, ডিজেল, কয়লা ইত্যাদি অত্যাবশ্যক দ্রব্যের দাম যেভাবে বেড়েছে তার ফলে মুদ্রাস্ফীতি হয়েছে, ঘাটতি বাজেট হয়েছে। কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করে অর্থমন্ত্রী যা বলেছেন সেটা নিশ্চয়ই ঠিক কথা। আমরাও স্বীকার করি কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই এটা হয়েছে, এ সম্পর্কে কোনও দ্বিমত নেই। আমার বক্তব্য হচ্ছে কেন্দ্রীয় সরকার যে দোষে দুষ্ট, রাজ্য সরকার যে অভিযোগগুলি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আনছেন রাজ্য সরকারের বিরুদ্ধে কি এ সম্পর্কে অভিযোগ তোলা যায়না? কেন্দ্রীয় সরকার কেরোসিন তেল, ডিজেল এবং পেট্রোলের দামের উপর বিরাট পরিমাণ শুল্ক চাপিয়েছেন বলে জিনিসপত্রের দাম বেড়েছে একথা ঠিক। কিন্তু রাজ্য সরকার যে কেরোসিন তেলের দাম দু-পয়সা বাড়িয়েছেন, ডিজেল-এর উপর রাজ্য সরকারেরও শুল্ক রয়েছে এই প্রশ্নের জবাব অর্থমন্ত্রী কি দেবেন? ডঃ মিত্র বলুন তো, এই কয়েক বছরে যেভাবে বিক্রয়কর বেড়েছে ফ্রম সিক্স পারসেন্ট টু এইট পারসেন্ট তাতে জিনিসপত্রের দাম বাড়তে সাহায্য করেছে কিনা? প্রবেশকর যেভাবে বেড়েছে তাতে জিনিসপত্রের দাম বাড়তে সাহায্য করেছে কিনা? তাহলে তো দেখা যাচ্ছে আপনাদের মূল্যবৃদ্ধির প্রশ্ন রয়েছে। তারপর বলেছেন, আমাদের রাজ্যে যে সব পণ্যের দরকার হয় তার বেশিরভাগই বাইরে উৎপন্ন হয় এবং তার ফলে রাজ্য সরকারের ইচ্ছা থাকলেও কেন্দ্রীয় সরকারের সহযোগিতা ছাড়া পণ্য মূল্য একটা জায়গায় বাঁধা যায় না। এখানে আমার প্রশ্ন হচ্ছে, আমাদের রাজ্যের অভ্যন্তরে যে সমস্ত জিনিস উৎপন্ন হয়, যেমন, চাল, ডাল, তরকারি তার দাম বাড়ছে কেন? এগুলি যখন রাজ্যের অভ্যন্তরেই উৎপন্ন হয় তখন তো এর দাম বাড়া উচিত নয়। আমি জানতে চাই এখানে সরকারের ভূমিকা কি? আপনারা কেরোসিনের দাম করেছেন ১৬৯ পয়সা পার লিটার। এই দামে সকলে কেরোসিন কিনতে পারে কি? কিন্তু এর চেয়েও মারাত্মক কথা হচ্ছে এবং আমি জানি এই কেরোসিন তেল পার লিটার ৩ টাকা ৫০ পয়সা দিয়ে মানুষকে কিনতে হচ্ছে এক্ষেত্রে আপনাদের সরকারের কোনও ভূমিকা আছে কি? ৩০ থেকে ৩১ টাকার সিমেন্ট আজকে ৭০ টাকার দরে এই

রাজ্যের মানুষকে কিনতে হচ্ছে কেন? এই সম্পর্কে আপনাদের রাজ্য সরকারের কোনও সন্তোষজনক জবাব আছে কি? ফলে প্রশ্ন এসে যাচ্ছে, আসলে মূল্যবৃদ্ধির এই গতিবেগের রাস টেনে ধরার ক্ষেত্রে—অসাধু ব্যবসায়ি, কালোবাজারি, মজুতদার এদের বিরুদ্ধে কঠোর হস্তে দমন করার যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির অভাব দেখা দিচ্ছে। এসেনসিয়াল কমোডিটি অ্যাক্ট সৃষ্টি করে এবং আরোও অসংখ্য আইন থাকা সত্ত্বেও আপনারা এই সমস্ত কালোবাজারি, চোরাকারবারি এবং মজুতদারদের শায়েস্তা করতে পারছেন না। গত বছরে আলুর দর বেধে দিলেন কিন্তু আপনাদের নাকের ডগায়, আপনাদের চোখের সামনে আলুর আড়তদাররা আপনাদের দরকে অমান্য করে বাড়িয়ে দিল। সুতরাং আজকে এই সমস্ত কালোবাজারি, মজুতদারেরা আপনাদের কত দৌড় তা বুঝতে পেরেছে। তা না হলে এত বড় সাহস তারা পেত না। তৃতীয় জিনিস, আপনারা ক্লেম করেছেন বিশ্ব-ব্রহ্মাণ্ডের কোথাও দেওয়া হয়নি এই বেকারভাতা—যেটা নাকি আপনারা দিয়েছেন এবং আপনাদের দেখে নাকি অন্যান্য রাজ্য অনুসরণ করেছেন। কিন্তু আমি বলব, এই বেকার ভাতার ব্যবস্থাটা ৩০ বছর আগে থেকেই ছিল—আপনাদের হয়ত শুনে আশ্চর্য লাগবে কিন্তু আমি বলছি ছিল তবে আপনারা শুধু পদ্ধতির পরিবর্তন করেছেন। এই পুঁজিবাদি কাঠামোর মধ্যে একই পরিমাণ অর্থ উৎপাদনের বাইরেও সরকারকে খরচ করতে হচ্ছে। কংগ্রেস সরকার করতো—আমি ডাটা দিয়ে বলব—অতীতের কংগ্রেস সরকার এই জিনিস করতো। তাদের পদ্ধতিটা ছিল আলাদা আর আপনাদের পদ্ধতিটা হচ্ছে আলাদা। ১৯৫২ সাল থেকে ১৯৭৯ সাল পর্যন্ত তারা প্রতি বছরে ৭ হাজার লোকের কর্মসংস্থান করত। ১৯৫২ সালে ১ লক্ষ ৩৩ হাজার রাজ্য সরকারী কর্মীর সংখ্যা ছিল আর ১৯৭১ সালে সেটা এসে দাঁড়ালো ২ লক্ষ ৭১ হাজার অর্থাৎ ১ লক্ষ ৩৮ বাজার বাড়ল। অর্থাৎ এভারেজ ৭ হাজার করে চাকুরি হলো। তারপর সিদ্ধার্থ রায়ের মন্ত্রিসভা হল। তারা ৫ বছরে ৩০ হাজার অ্যাপয়েন্টমেন্ট দিলেন এবং এই অ্যাপয়েন্টমেন্ট দিয়ে দেখা গেল রাজ্য সরকারীর কর্মচারী সংখ্যা ৩ লক্ষ ১ হাজার। বর্তমানে এই বামফ্রন্ট সরকারের আমলে রাজ্য সরকারী কর্মচারীর সংখ্যা কত? ২ লক্ষ ৯৯ হাজার। অর্থাৎ রাজ্য সরকারী কর্মচাবীব সংখ্যা তো বাড়েনি বরং কমেছে। এমন কি যারা রিটায়ার হয়েছে সেইসব ক্ষেত্রেও আপনারা ভ্যাকেন্সি পূরণ করেননি। আপনারা কি করেছেন? টেকনিক্যাল লাইনটা চেঞ্জ করেছেন। ওরা যেভাবে টাকা আদায় করতো আপনারাও তাই করছেন। ওরা ৭ হাজার করে চাকুরি দিয়েছে আর আপনারা ৫০ টাকা বেকার-ভাতা দিয়ে বেকারদের স্যাটিসফাই করে যাচ্ছেন। ভোট পাওয়ার জন্য রাজনীতি করছেন।

[6-00 — 6-00 p.m.] .

সো ইট অ্যামাউন্টস টু সেম। সেইজন্য বলছিলাম শুধু বাক্যের জৌলুসে তার ভঙ্গিমার তফাত। তারপর দুর্নীতি এবং অপচয় রোধে এই সরকার চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। গত ১৩ বছর ধরে সরকারী প্রশাসন ব্যবস্থাটা কি? সরকারী সংস্থাগুলির চেহারাটা কি? ইকোনমিক রিভিউ থেকে দেখা যাচ্ছে ২০ সরকারী সংস্থা হাতে নিয়েছেন তার মধ্যে ১ সংস্থা বাদে বাদবাদি ১৯টি সংস্থা লসে চলছে।

এই যে সাড়ে নয় হাজার কোটি টাকা লস হয়েছে, এ ছাড়া সরকারী পরিবহনের

ব্যবস্থার জন্য স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, ক্যালকাটা ট্রাম কোম্পানি, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন এই চারটি মিলে দুই বছরে অনেক লস হয়েছে প্রায় ২৩ কোটি টাকা। তাহলে এই ৩৩/৩৪ কোটি টাকার মতো লস হচ্ছে, কিসের জন্য? ঐ দুর্নীতির জন্য প্রশাসনিক ব্যর্থতাই এর ফল। আপনাদের একটু দেখার দোষে এইগুলি হচ্ছে। কিন্তু এইগুলি থেকেই লাভজনক অবস্থা হতে পারত, সরকারী কোষাগারে প্রচুর অর্থ আয় হতে পারত, কিন্তু তা না হয়ে আপনারা বছর বছর ৩০-৪০ কোটি টাকা করে ভর্তুকি দিচ্ছেন। অথচ রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে গালাগালি করেন। রাজ্য সরকারী কর্মচারীদের ট্রেড ইউনিয়ন রাইট নেই। আপনারা তাদের ট্রেড ইউনিয়ন রাইট কি দিয়েছেন? আজ পর্যন্ত দীর্ঘদিন ধরে আমাদের যে দাবি সেই কনডাক্ট রুল কার্যত আজও বাতিল হয়নি। আজ পর্যন্ত পে-কমিশনের রিপোর্ট এই সাড়ে তিন বছর ধরে কোল্ড স্টোরেজ থাকার পর সবে বেরোল, তারপরও আপনারা কথা বলছেন ; তারপর মহার্ঘভাতা, আজ পর্যন্ত বিভিন্ন ধরণের যে সব মহার্ঘভাতা আপনারা নির্ধারণ করেছেন, সেখানে দেখা গেল যে নিচের তলা অনুসরণ করে আপনারা মহার্ঘ ভাতার নীতি ধার্য করেন নি। শুধু তাই নয় আপনারা রাজ্য সরকারী কর্মচারীদের ধর্মঘটে হস্তক্ষেপ করেছেন। রাইটার্স বিল্ডিং থেকে মুখ্যসচিব শ্রী অমিয় সেনের নির্দেশে প্রায় দেড় হাজার কর্মচারীর বেতন কাটা হয়েছে, অস্বীকার করতে পারবেন না, এর পরও তাদের নানা দিক থেকে অধিকার খর্ব করা হচ্ছে। মিথ্যা অজুহাতে সাসপেন্ড করা হয়েছে। বামফ্রন্ট সরকারের কো-অর্ডিনেশন কমিটির দৌরাত্মে সাধারণ কর্মচারীদের উপর অকথ্য অত্যাচার হচ্ছে। আজকে আমি মুলতুবি প্রস্তাবে এখানে পাঠ করেছি। গত ২৮ তারিখ শনিবার দিন এফ. সি. আই. কর্মীরা তাদের ১৫ বছর ধরে অর্জিত যে অধিকার, সেই অধিকারের দাবিতে আন্দোলন করলে খাদ্য দপ্তরের অভ্যন্তরে কো-অর্ডিনেশন কমিটির দুর্বৃত্তরা তাদের উপর দৌরাত্ম করে, সে রিপোর্ট আছে। এফ. সি. আই. কর্মীদের আন্দোলনের সময় পুলিশ ঐ সমস্ত কর্মচারীদের উপর বেপরোয়া লাঠি চার্জ করে এবং মহিলা কর্মচারীদেরও অপমান করে। একটা ন্যক্কারজনক ব্যাপার শুনলে আশ্চর্য হয়ে যাবেন—একজন পিওন, পুলিশের লাঠির আঘাতে তার শরীর থেকে যখন ঝর ঝর করে রক্ত পড়ছে, মহিলা কর্মচারীরা যখন তাকে খাদ্যমন্ত্রী সুধীন কুমারের কাছে নিয়ে যাচ্ছিলেন দুর্বৃত্তরা তাদের তখন ধাক্কা মেরে ফেলে দেয়। যারাই এই কো-অর্ডিনেশন কমিটির বিরোধিতা করবে তাদেরই ইচ্ছা মতো ট্রান্সফার করা হয় এবং নানারকম হুমকি দেওয়া হয়।

দ্বিতীয় কথা, আজকে ঘাটতি বাজেটের প্রশ্ন এসেছে। বলেছেন ৬৫ কোটি ঘাটতি বাজেটের কথা। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে একটা কথা জিজ্ঞাসা করছি—৩০ কোটি টাকা যে চা বাগান থেকে আয় করবেন বলছেন, এটা সম্ভব হবে কি? অকশন বাজারের চা বাগানের মালিকরা যখন নিজেরা নকল ক্রেতা-বিক্রেতা সেজে সেই সমস্ত মাল ক্রয়, বিক্রয় করতে থাকবে বিদেশি বাজারের সঙ্গে তখন আমাদের এই বর্তমান সমাজের যে ব্যবস্থা এই ব্যবস্থার দ্বারা আপনারা সেটা রুখবেন কি করে?

[6-10 — 6-20 p.m.]

ফলে আপনারা যেটা চিন্তা করছেন ৩০ কোটি টাকা আয় সেটা সম্ভব হবে। আপনারা

বলেছেন চায়ের উপর যে সেস বসানো হয়েছে তাতে সাধারণ মানুষের উপর কোনও আঘাত আসবে না। কিন্তু আলটিমেটলি কে এটা বিয়ার করবে? মালিক কোনও সময়ে বিয়ার করবে না। মালিককে যদি প্রতিযোগিতায় দাঁড়াতে হয় তাহলে তাকে দাম বাড়াতে হবে। সুতরাং সাধারণ মানুষের উপর আলটিমেটলি এর দায়-দায়িত্ব তারা চাপাবে। এ ছাড়াও অন্য নানা রকম ইমপ্লিকেশন রয়েছে। পে কমিশনের যতটুকু ইমপ্লিমেন্ট করবেন তার জন্য ফাইন্যান্স কোথা থেকে আসবে তা বলেননি। সুতরাং বাজেটের প্রকৃত অবস্থা কি তা বোঝা যাচ্ছে না প্রতি বছর পুলিশের জন্য বাজেট বাড়িয়ে চলেছেন। আমরাও গোড়া থেকে এ বিষয়ে অভিযোগ করে আসছি। আপনারা যখন বিরোধী দলে ছিলেন তখন বারবারই আপনারা এর বিরোধিতা করেছিলেন। কিন্তু আজ আপনারা এ বিষয়ে রেকর্ড সৃষ্টি করছেন। এবারের পুলিশ বাজেটের অ্যামাউন্টও কম নয়—অ্যাপারেন্টলি ৪ কোটি, কিন্তু আসলে ৭ কোটি ৪২ লক্ষ টাকা। এর ফলে অতীতের কংগ্রেস সরকার যেভাবে পুলিশকে কাজে লাগাত, আপনারাও সেইভাবে করছেন। আজকে কিছু প্যালিয়েটিভচাষির ক্ষেত্রে আপনারা দিয়েছেন। কৃষকের ঋণ মুকুব করা ছাড়া চাষির জীবনের মূল সমস্যার সমাধান আপনারা করেননি। তাদের মূল সমস্যা হচ্ছে সে মাথার ঘাম পায়ে ফেলে যে ফসল তৈরি করে সে তার ন্যায্য দাম পায় না। আজকে এই সরকার কি তার কোনও ব্যবস্থা করেছেন যাতে সে তার ফসলের ন্যায্য দাম পেতে পারে? তিনি তাঁর বাজেট ভাষণে বলেছেন চালের পরিপোষক মূল্য যাতে বাড়ানো হয় তার জন্য তিনি কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করবেন। কিছুদিন আগে যখন ফসলের মূল্যবৃদ্ধির প্রশ্ন এলো তখন প্রমোদবাবু বললেন ফসলের মূল্যবৃদ্ধি করলে মজুতদারদেরই লাভ হবে। অপারেশন বর্গার নামে যে বড় চাষির উপরে কতটা হাত দিতে পেরেছেন? অথচ সি. পি. এম বিরোধী মধ্যচাষী, গরিব চাষী, জেনুইন ভাগ চাষীর উপর তারা আঘাত করছেন। এ কি আপনারা অস্বীকার করতে পারেন? অতীতে যেমন দেখেছি চাষির উপর শোষণ, অত্যাচারের মূল চক্র ছিল গ্রামের জোতদার, মহাজন, ধনিক শ্রেণীর সঙ্গে প্রশাসন, পুলিশ জোট, আজকে আপনাদের আমলেও গ্রাম্য রাজনীতির জোট সেই একই দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছে। এখন ঝুলি থেকে বেড়াল বেরিয়ে এসেছে বলেই প্রমোদবাবুকে যখন প্রশ্ন করা হয় পঞ্চায়েতে কাদের প্রতিনিধিত্ব বেশি? তার উত্তরে তিনি বলেন জোতদার ধনী চাষীরা কায়েমি স্বার্থের ধারক বাহক নন তাই আপনারা জোতদারদের উপর লেভি করেননি, তাদের লেভি থেকে মুক্ত করে দিয়েছেন শিল্পের ক্ষেত্রে দেখছি বন্ধ কারখানা খোলার কোনও ব্যবস্থা নেই। ছাঁটাই শ্রমিকদের কাজে নেওয়া হচ্ছে না। এ ছাড়া ক্রমশ লোডশেডিং-এর জন্য এখানকার ক্ষুদ্রশিল্প, মাঝারি শিল্প আজ ডুবতে বসেছে এবং লক্ষ লক্ষ শ্রমিক আজ কর্মচ্যুত। বিদ্যুত সংকটের জন্য বেকার সমস্যাকে আজ প্রকট করে তুলেছে।

বেকার সমস্যাকে আরও তীব্রতর করছে। আজকে দেখছি আপনি ব্যাপক হারে কর ছাড় দিচ্ছেন শিল্পপতিদের এবং চেষ্টা করছেন কি করে আরও ছাড়ের ব্যবস্থা করা যায় তার জন্য। গত বছরেও এই ছাড়ের ব্যবস্থা করেছিলেন, কিন্তু এই বছরের বাজেটে তা মাত্রা ছাড়িয়ে গেছে। স্বভাবতই যেভাবে রিলিফ দিচ্ছেন তার একটা রি-অ্যাকশন আছে। আজকে কাগজে দেখছি যে শিল্পপতিরা দুহাত তুলে অর্থমন্ত্রীকে আশীর্বাদ জানাচ্ছেন। এই বাজেটের রি-অ্যাকশন দেখা দিয়েছে বিগ বিজনেস হাউসগুলিতে, দুহাত তুলে আশীর্বাদ জানাচ্ছেন সব

চেম্বার অব কমার্সের কর্মকর্তারা—মার্চেন্ট চেম্বার অফ কমার্স, ভারত চেম্বার অফ কমার্স, ক্যালকাটা চেম্বার অফ কমার্স প্রভৃতির প্রেসিডেন্টরা উচ্ছ্বসিত প্রশংসা করছেন অর্থমন্ত্রীকে। ইন দ্যাট সেনস্ যে তারা আরও বেশি করে লাভবান হতে পারবেন। এবং সেই অ্যাকর্ডেন্সে তারা আপনাদের কম্প্লিমেন্ট জানাচ্ছেন। জ্যোতিবাবু বলছেন, আমরা পুরোপুরোই তো আমাদের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে কাজ করছি। কিন্তু ইন হোয়াট সেনস্ আপনারা এই বিগ্ বিজনেস্ হাউসের লোকদের জন্য ছাড় দিলেন? সেটা হচ্ছে আগামী নির্বাচনে তাদের আশীর্বাদ পুষ্ট হয়ে আপনাদের নির্বাচনী তহবিলকে বাড়াবার জন্যই এটা করছেন। যাতে এই সমস্ত শিল্পপতিরা আপনাদের আরও বেশি করে সাহায্য করে সেইজন্যই তাদের স্বার্থের দিকে দৃষ্টি রেখে এই বাজেট তৈরি করেছেন। এটা অত্যন্ত স্পষ্ট হয়ে উঠেছে—এটা বিগত কংগ্রেস আমলে হত, আর আপনাদের চরিত্রের সেই বৈশিষ্ট্য। অর্থাৎ প্রাক্তন জনতা সরকার যে নীতি নিয়ে চলে এসেছে আপনারাও সেই নীতি অনুসরণ করে চলেছেন, আপনাদের কার্যকলাপ তার থেকে আলাদা কিছু হয়নি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[6-20 — 6-30 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে ভোলাবাবু তার বক্তৃতার মধ্যে কায়েমী স্বার্থের মানুষদের পক্ষে বললেন—এটা তার স্বভাবসিদ্ধ বক্তৃতা, তার সম্বন্ধে মানুষের ধারণা খুব স্পষ্ট, তিনি ঐররকম বলতে পারেন। এতে অবাক হওয়ার কিছু নেই। কিন্তু আপনারা যাঁরা নিজেদের মার্কসবাদী বলে দাবি করছেন তারা ঐ সমস্ত চেম্বার অব কমার্সের লোকদের কাছ থেকে বামফ্রন্টের প্রতি সমর্থন পেতে পারেন? অতএব আপনাদের চরিত্রটা বোঝা যাচ্ছে। এস. ইউ. সি. যে সার্টিফিকেট আপনাদের দিয়েছেন তা হল, এই বাজেট হল পশ্চিমবাংলার সরকারের নির্বাচনী বাজেট এবং গরিব জনসাধারণের কাছ থেকে ব্যাপক সার্টিফিকেট আদায়ের বাজেট। এস. ইউ. সি. এ হল তত্ত্বগত দিকের আলোচনা। কিন্তু এটা থেকে একটা জিনিস পরিষ্কার হয়ে গেছে যে, আপনারা বেসামাল হয়ে পড়ছেন। আজকে অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপন করছেন তাকে সমর্থন জানাতে গিয়ে তিনি বলেছেন, এই বাজেটের মাধ্যমে বামফ্রন্ট সরকার নিম্নবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষের জন্য কিছু কাজ করতে সমর্থন হবে। এবং এই শ্রেণীর জন্য সরকার কাজ করে যাচ্ছেন। কিন্তু কতদূর কাজ করা সম্ভব হবে সে সম্বন্ধে আশঙ্কা প্রকাশ করেছেন যখন বাজেটে প্রায় ২ হাজার কোটি টাকার মত ঘাটতি হবার সম্ভাবনা আছে বলে উল্লেখ করলেন।

সুতরাং এই ঘাটতি বাজেটের চাপ সাধারণ মানুষের উপর গিয়ে পড়বে। কেন্দ্রীয় সরকারের প্রসঙ্গ তো এই কারণেই আসবে। কারণ পশ্চিমবাংলার যে অর্থনীতি সারা ভারতের অর্থনীতি থেকে তা বিচ্ছিন্ন নয়। কাজেই কেন্দ্রের বাজেট—রাজ্যে প্রতিক্রিয়া আসবেই এবং সঙ্গত কারণে অর্থমন্ত্রী মহাশয় উল্লেখ করেছিলেন। বাজেট নিয়ে যে সমস্ত বিতর্ক হয়েছিল তাতে অনেকে অনেক কথা বলেছিলেন। বিশেষ করে অর্থনীতিবিদরা—কেউ কেউ বলেছেন যে এর ফল মারাত্মক হবে, দেশের জনগণের উপর এর প্রভাব পড়বে। এই প্রসঙ্গে বিভিন্ন মতামতও প্রকাশ করা হয়েছে। আমি অর্থনীতিবিদ বা রাজনীতিবিদদের প্রসঙ্গে যাচ্ছি না। কেন্দ্রীয় সরকার তো প্রথমেই জনগণের উপর যে আঘাত করে গেছেন—যখন রেলের ভাড়া

ও মাসুল বৃদ্ধি হল, পেট্রোল ইস্পাত ও লোহার দাম বৃদ্ধি হলো তখনই বোঝা গিয়েছিল ভারতবর্ষের জনগণের উপর প্রচণ্ডভাবে চাপ পড়বে। তেলের দাম বাড়াবার ক্ষেত্রে ভোলাবাবুদের দল বলেছিলেন আপনারা সকলেই জানেন যে আন্তর্জাতিক ক্ষেত্রে তেলের দাম বেড়েছে সেই কারণ এখানে দাম বেড়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার যে হিসাব করেছিলেন সেই হিসাব অনুসারে আন্তর্জাতিক ক্ষেত্রে যে দাম বেড়েছে তার সঙ্গে সমতা রেখে যদি বৃদ্ধি হত তাহলে ৬০০ কোটি টাকা বেশি খরচ হত। কিন্তু এই পেট্রোলিয়াম জাত সমস্ত জিনিসের দাম কেন্দ্রীয় সরকার যে ভাবে বাড়িয়ে সেটা উসুল করে ১,২০০ কোটি টাকা আদায় করে নিচ্ছেন জনগণের কাছ থেকে এবং তারই ফলে কৃষি এবং শিল্প—উভয় শিল্প পণ্যের দাম আজ বাড়ছে। এর সঙ্গে ফার্নেস অয়েল এবং ন্যাপথার দাম বাড়বে। ফলে সারের দামও বাড়বে, এবং সারের দামের জন্য প্রতিটি কৃষি পণ্যের দাম বাড়বে। স্বভাবতই কৃষি পণ্যের দাম বাড়া মানে—দেশের কৃষক এবং ক্রেতা সাধারণের উপর চাপ পড়বে এই কাজও তারা করে গেছেন। রেল বাজেট পেট্রোলিয়াম, লোহা ইস্পাত ইত্যাদির মূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে দেশের সাধারণ মানুষের উপর যে ধনবাদী শোষণ ও শাসন অব্যাহত রাখার যে ব্যবস্থা করে রেখে গেছেন এবং তার সঙ্গে সঙ্গে কেন্দ্রের ঘাটতি বাজেটের ফলে মুদ্রাস্ফীতি হবে ও দাম বাড়বে এবং দাম বাড়লে সাধারণ মানুষকে তার মূল্য দিতে হবে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সঙ্গত কারণেই ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের বৈঠকে বলেছিলেন যে, বিগত ২ বছর যে প্রাইস লেবেল বা মূল্যমান রক্ষা করা গেল না এবং এ বছর সম্ভাব্য ঘাটতি কেন্দ্রীয় বাজেট সে দিকে লক্ষ্য রেখে বলেছিলেন অতিরিক্ত ৫০০ কোটি টাকা মুদ্রাস্ফীতি ঘটবে। এর সঙ্গে ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলে বলেছিলেন ১,২০০ কোটি অতিরিক্তি ট্যাক্স বসবে তার সঙ্গে বৈদেশিক ঋণ আছে সব মিলিয়ে ভারতবর্ষের অর্থনৈতিক যে কাঠামো ভেঙ্গে পড়ার যে উপক্রম তার ফলে দেশের সাধারণ মানুষ, মধ্যবিত্ত-নিম্ন-মধ্যবিত্ত কোটি কোটি জনসাধারণকে নিতে হবে—ভারতবর্ষের মানুষকে নিতে হবে—পশ্চিমবাংলার মানুষকে নিতে হবে! খুব সঙ্গত কারণে পশ্চিমবাংলায় প্রতিবাদ জানানো হয়েছে এবং এ ব্যাপারেও কোনও সন্দেহ নেই—কেন্দ্র রাজ্য সম্পর্কে ক্ষেত্রে পুনর্বিন্যাসের প্রশ্ন বারবার আসবেই। আসবে এই জন্যই যে স্বনির্ভরতা আসতে পারে না—পশ্চিমবাংলা সরকার কল্যাণ মূলক কর্মসূচি গ্রহণ করতে পারেন না যদি না অর্থনৈতিক ক্ষমতা তার হাতে আসে অন্তত এখানে স্থানীয় ভিত্তিতে যে সমস্ত কাজ রাজ্য সরকারের হাতে আছে, কর্মসংস্থান সৃষ্টি করা—এগুলি সম্ভব হতে পারে না। সেই কারণেই মাননীয় অর্থমন্ত্রী মহোদয় তিনি কেন্দ্র রাজ্য অর্থনৈতিক সম্পর্কের পুনর্বিন্যাসের কথা বলেছেন। ওরা রাজ্যপালের ভাষণের সময় বিরোধী পক্ষের ওরা বলেছিলেন—কোথায় সে হুঙ্কার—সে বক্তব্য তো রাজ্যপালের ভাষণে দেখছি না। তা এবার মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট বিবৃতির মধ্যে যুক্তি দিয়ে—তথ্য দিতে—তর্ক দিয়ে বোঝাতে চেষ্টা করেছেন কেন কেন্দ্র রাজ্যে অর্থনৈতিক পুনর্বিন্যাসের প্রয়োজন এবং কেন্দ্র বাজেটে যে অবস্থা হয়েছে সংবাদপত্রের মাধ্যমে দেখেছেন যে ঐ বঞ্চনা—শুধু ঐ ক্ষেত্রে হয়নি, বঞ্চনা শুধু ঐ যে ১০ কোটি টাকা এবার আমরা কম পাচ্ছি—যোজনা পরিষদ থেকে—এটা বড় কথা নয়—তার সঙ্গে সঙ্গে এটা দেখেছেন যে রাজ্যের আয়ের সূত্রগুলিকে বন্ধ করা হয়েছে এবং কেন্দ্র বাজেটে আয় কর কমবে ও দিক থেকে—রাজ্যের টাকাও কমবে, বাণিজ্য শুল্কে কেন্দ্রের আয় বাড়বে—কোনও রাজ্যের কোনও পাওনা নেই এবং সঙ্গে সঙ্গে চা, পাট, কয়লা ইত্যাদি থেকে যে রয়ালটি—তা

আমরা ন্যায্য ভিত্তিতে পাই না। এই কথা অর্থমন্ত্রী মহাশয় বারবার বলেছেন।

কংগ্রেসের তরফ থেকে ১৯৭৩-৭৪ সালে যখন এখানে বাজেট উপস্থাপিত করা হয়েছিল তখন এইসব কথা একটু নরম সুরে তৎকালীন অর্থমন্ত্রী শঙ্কর ঘোষ বলবার চেষ্টা করেছিলেন। কিন্তু ওরা জোর দিয়ে কেন্দ্রকে কোনও কথা বলতে পারতেন না, কেন্দ্র বিরোধী কথা বলতে পারতেন না, দিল্লির কর্তাদের বিরুদ্ধে কথা বলতে পারতেন না। কারণ ওদের অবস্থা হচ্ছে, "প্রভুর পদে দদুল মাদে সোহাগ কলেবর"। ওরা যেটুকু অনুভব করেন, সেটুকুও বলতে পারেন না। এরই মধ্যে মাঝে মাঝে ডাঃ বিধানচন্দ্র রায় বলতেন এবং কিছুটা লড়াইও করতেন। কিন্তু পরবর্তীকালে ভোলাবাবুর মতো যে সমস্ত মেরুদন্ডহীন মানুষরা কংগ্রেসের নামে এখানে এসেছিলেন তারা কোনও কিছু মনে করলেও বলতে পারতেন না। তথাপি আমরা পুরনো প্রসিডিংস-এ দেখেছি যে, বিগত সরকারের অর্থমন্ত্রী শ্রী শঙ্কর ঘোষ ১৯৭৩-৭৪ সালে কিছুটা বলতে চেষ্টা করেছিলেন, একটু অনুচ্চ স্বরে বলতে চেষ্টা করেছিলেন যে, জনসংখ্যার ভিত্তিতে রাজ্যগুলিকে কেন্দ্রীয় সাহায্য দেওয়া উচিত, মাথা-পিছু আয়ের ভিত্তিতে নয়। মাথাপিছু আয়ের ভিত্তিতে হলে, নিশ্চয়ই পশ্চিমবাংলা অগ্রগণ্য রাজ্যগুলির মধ্যে পড়বে। কারণ সেক্ষেত্রে— মাথাপিছু আয়ের ক্ষেত্রে—কেরালা, মহারাষ্ট্র, পাঞ্জাব, পশ্চিমবাংলা, গুজরাট ইত্যাদি পর পর পড়ে যাচ্ছে। সুতরাং জনসংখ্যার ভিত্তিতে কেন্দ্রীয় সাহায্য দেওয়া উচিত, মাথাপিছু আয়ের ভিত্তিতে নয়। মাথা- পিছু আয় দেখে একটা দেশের রিয়েল ইনকাম বোঝা যায় না, প্রকৃত আয় কি সেটা বোঝা যায় না। পশ্চিমবাংলার মানুষের একটা বিরাট অংশ—একটা রিডান্ডেন্ট পপুলেশন—একটা ফালতু জনসংখ্যা হচ্ছে ক্ষেতমজুর। অথচ মাথাপিছু আয় যেভাবে গণনা করা হচ্ছে তা থেকে এদের অর্থনৈতিক অবস্থা কোন জায়গায় আছে তা বোঝা যাবে না। সেদিক থেকেই শঙ্কর ঘোষ মহাশয় একথা উল্লেখ করেছিলেন এবং তিনি পশ্চিমবাংলাকে বঞ্চনা করা হয়েছে, এই শব্দটা ব্যবহার না করেই বলেছিলেন যে, ১৯৫১ থেকে ১৯৬৯ পর্যন্ত মাথাপিছু পরিকল্পনা বিনিয়োগ-এর ক্ষেত্রে পশ্চিমবাংলা দ্বাদশ স্থানে রয়েছে এবং তিনি বলেছিলেন ফোর্থ প্ল্যানে মাথাপিছু বিনিয়োগ ওয়েস্ট বেঙ্গলে শূন্য। স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত কেন্দ্রের কাছে পশ্চিমবাংলা এই বঞ্চনা পেয়ে আসছে।

[6-30 — 6-40 p.m.]

ডাঃ বিধানচন্দ্র রায় এ বিষয়ে কিছু কিছু প্রতিবাদ করতেন। কিন্তু পরবর্তীকালে কখনও সেই প্রতিবাদ হয়নি। ওরা কাজ করতে গিয়ে এসব বুঝতেন, কিন্তু ওরা প্রতিবাদ করেননি, কারণ ওরা মানুষের কল্যাণ চাননি। তথাপি ভোট পাওয়ার জন্য যে-কাজটুকু করা দরকার সেটুকু করতে গিয়েও বুঝতেন যে কত বাধা রয়েছে। সেই জন্যই শঙ্কর ঘোষ মহাশয় ১৯৭৩-৭৪ সালে তার বাজেট বিবৃতির সময়ে এসব কথা বলেছিলেন বা কিছুটা বলবার চেষ্টা করেছিলেন। বড় করে বলবার সাহস তার ছিল না। যাই হোক আমি আর সেই প্রসঙ্গে যাচ্ছি না। আমি আমাদের বর্তমান অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি, তিনি তার বাজেট বিবৃতির মধ্যে দিয়ে খুব স্পষ্ট ভাবে কেন্দ্র রাজ্য অর্থনৈতিক সম্পর্কের পুনর্বিন্যাসের প্রয়োজনের কথা বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে আর একটা কথা আপনার সামনে রাখতে চাই—অন্য প্রসঙ্গ হলেও এটা বলা দরকার—স্বাধীনতার ৩০ বছর পরেও আমাদের

পশ্চিমবাংলার বিভিন্ন জেলাগুলির মধ্যে সমান-ভাবে উন্নয়ন পরিকল্পনা গড়ে উঠছে না। এর জন্য অবশ্য ৩০ বছরের কংগ্রেসি শাসন দায়ী। তারা কলকাতা, হাওড়া, হুগলি এবং ২৪-পরগনা শহরগুলিকে কেন্দ্র করে পরিকল্পনা গড়ে তুলেছিলেন। এর ফলে আমরা একটা জিনিস লক্ষ্য করেছি যে, ৩০ বছর ধরে দু' ধরনের জেলা গড়ে উঠেছে। কতগুলি হচ্ছে অগ্রগামী জেলা আর কতগুলি হচ্ছে পশ্চাদপদ জেলা। যেমন ধরুন মুর্শিদাবাদ, কুচবিহার, জলপাইগুড়ি, মালদহ, এই সব জেলাগুলি হচ্ছে পশ্চাতপদ জেলা। অন্য দিকে নদীয়া, মেদিনীপুর, বর্ধমান, হুগলি, ২৪-পরগনা, এগুলি হচ্ছে অগ্রগণ্য জেলা। আমরা দেখছি ৩০ বছর ধরে কতগুলি জেলাকে দরিদ্রতর করে রাখা হয়েছে। আমি এ বিষয়ে একটা পরিসংখ্যান আপনার সামনে উত্থাপন করতে চাই। ইকোনমিক রিভিউতে যে সমস্ত পরিসংখ্যান দেওয়া হয়েছে তার একটা জায়গায় একটা তথ্য দেওয়া হয়েছে, ডিস্ট্রিক্ট ওয়াইজ টোটাল কনজামশন অফ ইলেক্ট্রিসিটি—হিসাবে দেওয়া হচ্ছে মিলিয়ন কে. ডাবলু. হিসাবে ১৯৭৮-৭৯ সালে ইলেক্ট্রিসিটি কিভাবে বিভিন্ন জেলায় বন্টন করা হয়েছে সেটা বুঝতে পারবেন—মুর্শিদাবাদ ৪২.৯ এম. কে. ডাবলু, কুচবিহার ৬.৩ এম. কে. ডাবলু, জলপাইগুড়ি ৬.৩ এম. কে. ডাবলু, মালদহ ১৪.৩ এম. কে. ডাবলু, পশ্চিম দিনাজপুর ১১.৩ এম. কে. ডাবলু, অন্য দিকে দেখুন, নদীয়া ১১৮.৬ এম. কে. ডাবলু, মেদিনীপুর ১৬০.৩ এম. কে. ডাবলু, বর্ধমান, হাওড়া, হুগলি, ২৪-পরগনা এগুলি ১,০০০, ১,৫০০০ এম. কে. ডাবলু, বিদ্যুত পেয়েছে। এই তো গেল বিদ্যুতের ব্যাপার। অপরদিকে হাসপাতালের বেড-এর ব্যাপারে দেখুন—হাসপাতালের প্রশ্নে আমি বলতে চাই যে, পরবর্তি সময়ে আমাদের দৃষ্টিভঙ্গি বদলাতে হবে এবং হাসপাতালের উন্নতির জন্য আমাদের প্রচেষ্টা রাখতে হবে—জেলা ভিত্তিক বেডের যে হিসাব তাতে দেখছি, মুর্শিদাবাদে ২,৮২২টি বেড আছে, পশ্চিম দিনাজপুরে ১,০২৪টি বেড আছে, কুচবিহারে ৮৮৭টি বেড আছে, মালদহে ৯৩২টি বেড আছে, পুরুলিয়ায় ১,৪৭৫টি বেড আছে। অপরদিকে বর্ধমানে ৫,০২২টি বেড আছে, নদীয়ায় ৪,৮৫৭টি বেড আছে, হুগলিতে ৩,৬৩৭ট বেড আছে, হাওড়ায় ২,১৪৫টি বেড আছে।

এই রকমভাবে ক্ষুদ্র কুটির শিল্প, পূর্ত, উন্নয়ন বিভাগ সব জায়গায় একই অবস্থা। যে টাকা বরাদ্দ হয় যেগুলি অ্যাডভান্স যেগুলি এগিয়ে আছে সেই জেলাগুলিতে বেশি বরাদ্দ হয়, যেগুলি পশ্চাদপদ সেগুলিতে কম বরাদ্দ হয়। আমি একটি উদাহরণ দিচ্ছি যেমন পি. ডবলিউ ডি. ক্ষেত্রে আমরা দেখেছি—পূর্ত বিভাগ—হাওড়া ছোট জেলা এখানে পূর্ত খাতে বরাদ্দ ছিল ১ কোটি টাকা; আর মুর্শিদাবাদ ডবল আয়তনে সেখানে ৪৬ লক্ষ টাকা। এই হচ্ছে অবস্থা আজকে এগুলি বদলি ঘটানো দরকার। কলকাতা হাওড়া, হুগলি, বর্ধমান এই সব জায়গার উন্নয়ন হোক আমরা চাই কিন্তু পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, কুচবিহার, জলপাইগুড়ি, পুরুলিয়া, বাঁকুড়া যেগুলি ঐসব এলাকা থেকে পশ্চাদপদ আমার প্রশ্নটা সেই দিকে যে এদিকেও নজর দিতে হবে। ৩০ বছর কংগ্রেসি শাসন ব্যবস্থাতে ওদের একটা সঠিক দৃষ্টিভঙ্গির প্রতিফলন হতে দেখব। কিন্তু এই তিন বছরের মধ্যে সেই প্রতিফলন আমরা দেখলাম না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই ব্যাপার ছাড়া অন্যদিক থেকে এই যে চারটি পূর্ণাঙ্গ বাজেট যেটা উত্থাপন করেছেন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই চারটিই আলোচনা করলে দেখা যাবে সমস্ত দিক থেকে উন্নতি হয়েছে। ওরা যেটা বললেন যে শিল্পপতিদের

সুবিধার জন্য ছাড় দেওয়া হয়েছে। উনি বাজেট বিবৃতিটি ভাল করে পড়েননি। সেখানে স্পষ্ট করে বলা হয়েছে কুটির ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে কিছু ছাড় দিয়েছেন কিছু সুযোগ সুবিধা দিয়েছে। কুটির শিল্প ক্ষুদ্র শিল্পে শুধু কর্মসংস্থান করছে তাই নয় বাঙ্গালি ছেলেরা অল্প পয়সায় যারা আজকে ব্যবসা করবে কর্মসংস্থানের সুযোগ যাদের সীমাবদ্ধ সেই সব লোকেরা ক্ষুদ্র কুটির শিল্পের মধ্য দিয়ে ব্যবসা করতে পারবে। সেই দিক থেকে এই দৃষ্টিভঙ্গি অভিনন্দনযোগ্য এবং সঙ্গে সঙ্গে কৃষি ঋণ মকুব করেছেন কৃষি ঋণ মকুব করার মাধ্যমে একটা সামগ্রিক পরিবর্তন ঘটেছে মানুষের মধ্যে বিরাট প্রতিফলন পড়েছে, ছাপ পড়েছে মানুষ আজ কিভাবে উদ্বুদ্ধ হয়েছে ; আজকে সেটা ওরা বুঝেছেন এবং সেইজন্য ওদের আর্তনাদ সেইজন্য চিৎকার। অভিন্ন বাংলায় ফজলুল হক যখন প্রজাস্বত্ব আইন প্রবর্তন করেছিলেন তখন চাষীদের মধ্যে এক প্রচন্ড চাঞ্চল্যের সৃষ্টি হয়েছিল, তখন চাষীদের মধ্যে একটা অধিকার বোধ সৃষ্টি হয়েছিল। এই চার বছরের পূর্ণাঙ্গ বাজেটের মধ্যে দিয়ে গ্রামের গরিব মানুষের সেইভাবে অধিকার বোধের একটা জাগরণ সৃষ্টি হয়েছে। কৃষি ঋণ মকুব হয়ে গেল একথা ভাবা যায় না। যে চাষী ঋণে জর্জরিত হয়েছিল সে সেই ঋণ থেকে আজ মুক্ত হয়েছে, অসংখ্য আশীর্বাদ কামনা করেছে। আপনি কেন্দ্রীয় বাজেট দেখেছেন ঔষধপত্রের দাম বাড়ানো হয়েছে আর এখানে ঔষধ

[6-40 — 6-50 p.m.]

পত্রের দাম কমানো হয়েছে। আমাদের দেশে এমনিতেই চিকিৎসা ব্যবস্থাটা এমন একটা জায়গায় আছে যে গরিব মানুষ চিকিৎসা পায় না ঔষধপত্রের দাম বেশি তাই কিনতে পারে না। এই অবস্থা কিছু উপশম দেবার যে প্রচেষ্টা সেটা অভিনন্দনযোগ্য। কিন্তু ওরা সে অভিনন্দন জানালেন না। আমরা বুঝি এটা ওদের মুশকিল অভিনন্দন জানানো। কারণ ওরা চায় গরিব মানুষগুলো যাতে মরে যায়। ঐ সমস্ত গরিব মানুষগুলো মরে গেলে ভোলাবাবুদের ভোট বেশি হয়ে যাবে। আপনারা এই সব ভাবছেন নাকি? গরিব মানুষগুলো বেঁচে থাকলে ওরা আর কখনই এখানে আসতে পারবেন না। তিনি এখানে বললেন যে জুন মাসের পর আর নাই। জুনের পরে কি তাহলে ওরা আসবেন? জুনের পরে গ্রাম বাংলার মানুষদের ওরা ভোট পাবেন? তারা ওদের চরিত্র দেখেছেন। কংগ্রেসের বিধানসভার সদস্যারা যেভাবে লুট-তরাজ করেছে প্রকৃতপক্ষে যেভাবে টাকা আদায় করেছেন, একটা নৈরাজ্যের সৃষ্টি হয়েছিল, সেই শাসন ব্যবস্থা তারা ফিরিয়ে আনতে চায়? এটা কেউ দাবি করতে পারে? বামফ্রন্ট নেতাদের বা কর্মীদের দেখতে পারবেন না আমাদের বিরুদ্ধে এই সমস্ত অভিযোগ আনতে পারবেন না। আমাদের বিরুদ্ধে অর্থনৈতিক অভিযোগ আনা যাবে না। আমাদের বিরুদ্ধে সততার অভাব কি অন্যায়ের অভিযোগ আনতে পারবেন না। সেই চোর লোকগুলিকে কি আবার ফিরিয়ে আনবে। ওরা বাস্তব অবস্থা জানেন না এবং বাস্তব অবস্থা বুঝতেও চেষ্টা করেন না। আজ আমরা কৃষি বিমা শস্য বিমার মধ্য দিয়ে গ্রামাঞ্চলের মানুষের মধ্যে একটা নূতন স্পন্দন দেখা দিয়েছে। এর মধ্যে দিয়ে একটা নূতন দৃষ্টিভঙ্গির একটা নূতন গতিবেগ তৈরি হয়েছে। সমাজের নিচু তলার যে মানুষদের মধ্যে সেই গতিবেগ কিভাবে সঞ্চারিত হয়েছে সেটা অনুধাবন করার ক্ষমতা ওদের নাই। সেই কারণে ওরা তর্জন-গর্জন করে। তাই আমি বলছিলাম যে বামফ্রন্ট সরকারের শুধু এই বাজেট নয় বিগত ৪টি পূর্ণাঙ্গ বাজেটের মধ্যে দিয়ে গ্রামের গরিব মধ্যবিত্ত গরিব মানুষ একটা প্রত্যয়ের সন্ধান পেয়েছে। তারা আজকে

ভাবতে শুরু করেছে এদেশ আমাদের এ দেশের মাটি আমাদের। এবং এটাকেই বড় কথা করে আগামী দিনে যে সংগ্রাম যে লড়াই আসছে সেখানে এই জিনিস একটা বিরাট কার্যকর ভূমিকা গ্রহণ করবে।

আমরা জানি কেন্দ্রীয় বাজেটের ফলে সামগ্রিকভাবে দেশের অর্থনৈতিক সংকট ঘণীভূত হবে। ভারতবর্ষ ধনতান্ত্রিক দেশ। আমরা বুঝতে পারছি ধনতন্ত্রের সংকট এই দেশে একটা তীব্র পর্যায়ে পৌছে গিয়েছে। আমরা একথা জানি শাসক দল যখন প্রচলিত কায়দায় শাসনব্যবস্থা পরিচালনা করতে পারে না, শোষিত মানুষরা যখন প্রচলিত শাসন ব্যবস্থা মেনে নিতে পারে না তখনই বিপ্লবের ক্ষেত্র তৈরি হয়। আজকে আমরা দেখছি প্রচলিত কায়দায় শ্রীমতী গান্ধী দেশের শাসন ব্যবস্থা পরিচালিত করতে পারছেন না এবং তাই সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থার উপর তিনি আস্থা রাখতে পারছেন না এবং সেই জন্যই প্রেসিডেন্টসিয়াল ফর্ম অব গভর্নমেন্টের কথা বলা হচ্ছে এবং এমনি নানান চিন্তাভাবনা করা হচ্ছে। সংকট আজ তীব্র হয়েছে, এই তীব্র সংকটকে মধ্যবিত্ত মানুষ, গরীব মানুষ কাজে লাগাবে শ্রেণী বিভক্ত সমাজে শোষিত মানুষরা একে কাজে লাগাবে। আমরা নিশ্চয়ই মানুষের সব দুঃখ মোচন করতে পারিনি কিন্তু তা সত্ত্বেও বলব, আমরা মানুষের মধ্যে একটা জাগরণ তৈরি করতে পেরেছি, অধিকারবোধ তৈরি করতে পেরেছি এবং তারই প্রতিফলন এই বাজেটের মধ্যে রয়েছে। স্যার, ভোলাবাবু বললেন, পুলিশ খাতে বাজেট বেড়েছে। সেই ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকেই এই পুলিশ খাতের ব্যয় বরাদ্দ বাড়ছে তার কারণ জনসংখ্যা বাড়ছে। ডাঃ রায়ের আমলে ৩/৩।। কোটি লোক পশ্চিমবাংলায় ছিল আজকে সেখানে সেই লোকসংখ্যা বেড়ে হয়েছে ৫/৬ কোটি। মানুষের জীবনে সমস্যা আরও জটিল হয়েছে, জীবনের যন্ত্রণাও অনেক বেড়েছে। ধনতান্ত্রিক সমাজের যে উপজাত কুফল সেগুলি আমরা দেখতে পাচ্ছি—সমাজবিরোধীদের সংখ্যা বাড়ছে। ওরা যাদের হাতিয়ার করে চলেন সেই সমাজবিরোধী,, গুন্ডা, বদমাইস, তস্কর তারা আজকে গ্রামে শহরে একটা নৈরাজ্য সৃষ্টি করতে চেষ্টা করছে। জনসাধারণ তার বিরুদ্ধে মোকাবিলা করছে গণ আন্দোলনের মধ্যে দিয়ে কিন্তু তা সত্ত্বেও সেখানে প্রশাসন ব্যবস্থারও দরকার। কয়েকদিন আগে শ্রদ্ধেয় দেবীদা কৌতুক করে বলছিলেন, দিল্লিতে যে কিষাণ সমাবেশ হয়ে গেল—ঐ ছিন্নমস্তা দেবীর যে সভা—সেই সমাবেশে কলকাতা-সহ গ্রাম শহরের সমাজবিরোধীরা ট্রেনে চেপে গিয়েছিল। কিন্তু এটা ঘটনা সেই সময় কলকাতা এবং গ্রামে শহরে হত্যা, সন্ত্রাস কমে গিয়েছিল। তো পুলিশ খাতের ব্যয়বরাদ্দ কমাবার জন্য এরা যদি মাঝে মাঝে দিল্লির সমাবেশটা করেন তাহলে ভাল হয়। স্যার, এই সমাজবিরোধী, দুষ্কৃতকারীদের হাতিয়ার করেই এরা ক্ষমতায় ফিরে আসতে চান এবং এসে মানুষের কণ্ঠকে রুদ্ধ করতে চান। স্যার, আমরা গ্রাম শহরে দেখেছি, যারা হত্যাকারি, প্রকাশ্য দিনের বেলায় যারা খুন করেছে, যারা ডাকাতির আসামী, ৪/৫ মাস জেল খেটে এসেছে সেই সমস্ত লোকেদের সামনে রেখে ওরা মিছিল করেন। ওদের নির্লজ্জতার কোনও সীমা নেই, বিবেক বোধ ওদের একেবারে নষ্ট হয়ে গিয়েছে সেই কারণে স্যার, ওরা এইসব কথা বলছেন। পুলিশ খাতে যে ব্যয়বরাদ্দ বাড়ছে সেটা জনসংখ্যা বাড়ছে বলেই বাড়ছে এবং জীবনের জটিলতা বাড়ছে বলেই বাড়ছে। এরপর স্যার, ঐ শিল্প সম্প্রসারণের প্রশ্ন নিয়ে নির্মলবাবু যা বলছিলেন সেই প্রসঙ্গে আমিও কয়েকটি কথা বলতে চাই। বিগত সরকার—যে সরকার

কারচুপির মধ্যে দিয়ে এসেছিল সেই সরকার যে সব প্রস্তাব রেখেছিলেন, যেগুলি কার্যকর হয়নি সেগুলি নিয়েও আমাদের রাজ্য সরকার আবেদন নিবেদন করছেন সেটা সকলেই জানেন। এখন ওদের কাছে আমার জিজ্ঞাস্য, এইসব ক্ষেত্রে ওদের সহযোগী হতে বাধা কোথায়? সিমেন্টের একটি কারখানা পুরুলিয়াতে হবার কথা ছিল, রাজ্য সরকারের তরফ থেকে বারবার জানানো সত্ত্বেও দেখা যাচ্ছে সেটা হল না। ঐ কর্ণাটক, অন্ধ্র, উত্তরপ্রদেশে হচ্ছে কিন্তু পশ্চিমবঙ্গে ওরা করলেন না। পশ্চিমবাংলায় কলকারখানা হলে অনেক মানুষের কর্মসংস্থান হবে, শিল্প গড়ে উঠবে এবং এতে অর্থনীতি চাঙ্গা হবে। এটা হলে ওদের অসুবিধাটা কোথায় তা আমরা বুঝতে পারছি, সেটা হচ্ছে, এতে আমাদের প্রতি মানুষের সমর্থন বাড়বে, বেকার ছেলেদের কর্মসংস্থান হলে ওদের অসুবিধা হবে, সেইজন্য ওরা এইসব দাবি করতে পারেন না।

[6-50 — 7-00 p.m.]

পশ্চিমবাংলার সামগ্রিক উন্নয়নের স্বার্থে যে দাবি, সেই দাবির সঙ্গে সহমত হতে পারেননি। আজকে পশ্চিমবাংলার অর্থনীতি-তে যে সীমাবদ্ধতা আছে, সেই সীমাবদ্ধতার মধ্যে থেকেও এই অর্থনীতিকে চাঙ্গা করবার জন্য আমাদের এখানে যে সব শিল্প বন্ধ হয়ে পড়ে আছে সেগুলিকে খোলার জন্য উদ্যোগ নিতে হবে। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, এই বিধানসভায় দাঁড়িয়ে আমারই একটি প্রশ্নের উত্তরে মাননীয় শিল্প বাণিজ্য মন্ত্রী বলেছিলেন যে, বেলডাঙ্গা সুগার মিলটি খুলতে পারলে পশ্চিমবাংলার অর্থনীতিতে তার সুফল প্রতিফলিত হবে। এমন কি মাননীয় মুখ্যমন্ত্রী পর্যন্ত স্বীকার করেছেন যে, বেলডাঙ্গা চিনি-কলটির সঙ্গে আজকে পশ্চিমবাংলার সামগ্রিক অর্থনীতি জড়িত আছে। অথচ আজকে সেখানে দেখা যাচ্ছে আমলাদের ভ্রান্ত তথ্য সম্মিলিত রিপোর্টের উপর ভিত্তি করে কাজ বন্ধ করে রাখা হয়েছে। আমি এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়কে বলতে চাই যে, ওখানকার স্থানীয় লোকেদের মতামত আছে আমাদের একাংশের সঙ্গে কায়েমি স্বার্থের যোগ আছে। যার জনাই তারা বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করছে। আমলাদের হিসাব অনুযায়ী প্রায় ৮ কোটি টাকার প্রয়োজন, কিন্তু প্রকৃত পক্ষে অত টাকা লাগবার কোনও কারণ নেই, মাত্র এক কোটি ২৪ লক্ষ টাকার প্রয়োজন। চিনি-কল সম্পর্কে বিশেষজ্ঞদের মত হচ্ছে ১ কোটি ২৪ লক্ষ টাকা খরচ করলেই এটা আবার চালু করা যাবে। অথচ আমলারা, আই. এ. এস. অফিসাররা ভুল তথ্য পরিবেশন করে একটা বিভ্রান্তির সৃষ্টি করেছে। এর ফলে আমাদের মনে হচ্ছে যে, এত টাকা আমরা কোথায় পাব? আজকে এই জাতীয় ঘটনা ঘটা উচিত নয়। আজকে আমি তাই মুখ্যমন্ত্রীকে বলব যে, বেলডাঙ্গার চিনি-কলটি খুললে সামগ্রিকভাবে তার প্রভাব পশ্চিমবাংলার অর্থনীতিতে পড়বে। সুতরাং আজকে সেদিক থেকে এটাকে বিচার করে দেখতে হবে।

আজকে আমাদের অর্থমন্ত্রী ১৯৮১-৮২ সালের জন্য এই সীমাবদ্ধতার মধ্যে থেকেও যে বাজেট প্রণয়ন করেছেন তা নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। এই বাজেট গ্রামবাংলার মানুষের কল্যাণ করবে, গ্রাম-বাংলার মানুষের উপকার করবে। বামফ্রন্ট সরকারের এটি চতুর্থ বাজেট নানাদিক থেকে এই বাজেট অত্যন্ত উল্লেখ-যোগ্য এবং জন-জীবনের মধ্যে এর বিপুল ছাপ পড়বে গণ-আন্দোলন সৃষ্টি করার ক্ষেত্রে এই বাজেট সহায়ক হবে। এই কয়টি কথা বলে

১৯৮১-৮২ সালের এই বাজেট প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন বোস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৮১-৮২ সালের যে বাজেট পেশ করেছেন তাতে পূর্ণ সমর্থন করে আমি দু' একটি কথা বলতে চাই। আমি উত্তর-বাংলা থেকে এসেছি, চা-বাগান অঞ্চল আমার কর্ম ক্ষেত্র। সেই জন্য আমি বলব যে, এই বাজেটের উপর আলোচনা করতে গিয়ে কংগ্রেস (ই) নেতা শ্রী ভোলানাথ সেন মহাশয় চা-এর উপর সেস ধার্য-র ব্যাপার নিয়ে কতগুলি মিথ্যা, অসত্য বক্তব্য এখানে রেখে গেছেন। তিনি বলেছেন, এর ফলে চা-শিল্পের সর্বনাশ হয়ে যাবে এবং রিটেল মার্কেটে চা-এর দাম বেড়ে যাবে। কিন্তু এই কাজের জন্য আমি অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। চা-শিল্পে নিযুক্ত কয়েক লক্ষ শ্রমিকের বহু দিনের দাবি ছিল যে, নিলাম কেন্দ্রের মাধ্যমেই সমস্ত চা-বিক্রয় করতে হবে, লোকাল সেল বন্ধ করতে হবে। স্যার, আপনি জানেন ইতিপূর্বে নিলাম ক্ষেত্র থাকা সত্ত্বেও চা-বাগানের মালিকরা লোকাল সেল, অর্থাৎ স্থানীয়ভাবে চা বিক্রি করত এবং তার ফলে সেখানে মালিক বা লিমিটেড কনসার্ণ হল বোর্ডের চেয়ারম্যান, ম্যানেজিং ডাইরেক্টর ইত্যাদিরা লক্ষ লক্ষ টাকা রোজগার করত—একটা মার্জিন রেখেও লক্ষ লক্ষ টাকা রোজগার করত। যেমন ধরুন ১০ টাকা কে. জি. দরে চা-বিক্রি করার ব্যবস্থা হল বাগানে বসেই এবং সেখানে ম্যানেজিং ডাইরেক্টর বা ম্যানেজিং পার্টনার এক টাকা সেপারেট রেখে কোম্পানির হিসাবে ৯ টাকা কে. জি. দরে ১ লক্ষ কে. জি. বা ২ লক্ষ কে. জি. চা বিক্রি করে দিল এবং এইভাবে ঐ এক লক্ষ বা ২ লক্ষ টাকা রোজগার করে নিল। এই কারণে ওখানে ট্রেড ইউনিয়নগুলির বহু দিনের একটা দাবি ছিল, সমস্ত চা অকশনের মাধ্যমে বিক্রি করতে হবে। আজকে সেই দাবিকে কার্যকর করার জন্য এই বাজেটের মধ্যে দিয়ে যে পদক্ষেপ নেওয়া হয়েছে তাকে উত্তর-বাংলার চা শিল্পের লক্ষ লক্ষ শ্রমিক কর্মচারী অভিনন্দন জানাবে। আজকে ভোলাবাবু যাদের যেকথা বললেন তাদের অবশ্য এর ফলে অসুবিধা হবে, কারণ তারা আর ঐ ভাবে লক্ষ্য লক্ষ টাকা রোজগার করতে পারবে না। আমরা জানি যে সমস্ত বড় বড় এজেন্সি হাউসগুলি আছে, ডানকান ব্রাদার্স ইত্যাদি এরা চা শিল্পে এক একটি মনোপলি হাউস, অথচ এরা কোনও দিন অকশনে চা সেল করে না। ঐ ডানকান ব্রাদার্স আজকে ডানকান অ্যাগ্রো ইন্ডাস্ট্রি নাম দিয়ে একটা গ্রুপ অফ ইন্ডাস্ট্রি করেছে, ৩১টি বাগান নিয়ে। তারা সমস্ত চাকে এক জায়গায় নিয়ে গিয়ে প্রসেসিং করেন এবং প্রসেসিং করে প্যাকেজিং করেন। তারপর তারা ফরেনে সেল করেন এবং এর দ্বারা তারা প্রচুর মুনাফা করেন। উনি বললেন, সেল হলে খোলাবাজারে চায়ের দাম বেড়ে যাবে। একেই তো হোল সেল প্রাইস ১৩ টাকা আছে। কিন্তু খোলাবাজারে ২০ টাকার নিচে পাওয়া যায় না। অর্ডিনারি সি. টি. সি. চা ২০ টাকা ২৩ টাকা করে মানুষকে কিনতে হয়। শিলিগুড়িতে যেখানে ২০ টাকা কেজি সেটা কলকাতায় ২২ টাকা, ২৩ টাকা দর। সুতরাং এটার কোনও যুক্তি নেই যে, এই শেস কার্যকর হলে খোলাবাজারে চায়ের দাম বেড়ে যাবে। এবার আমি অন্য কয়েকটি বিষয় বলতে চাই সেটা হচ্ছে, আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা বাজেটের বিরুদ্ধে যে সমস্ত বক্তব্য রেখেছেন তা আমার পূর্ববর্তী বক্তারা জবাব দিয়েছেন, আমি শুধু একটি কথা বলব যেটা শুনে আমার খুব অবাক লাগলো সেটা হচ্ছে, কংগ্রেস (আই) এর ভোলাবাবু যেভাবে বক্তব্য রাখলেন, যেভাবে তিনি আক্রমণ করেছেন প্রায় ঠিক সেইভাবে আমাদের এস. ইউ. সি.

বন্ধু—যিনি নিজেকে এখনও মার্কসবাদী বলেন—তারও বক্তব্যের ধারা একই বলে মনে হচ্ছে। ভোলাবাবু যে যে পয়েন্টে আক্রমণ করেছেন, দেবপ্রসাদ বাবুও ঠিক সেই সেই পয়েন্টের উপর আক্রমণ করলেন। একটা জিনিস ভালই হয়েছে—গত সাড়ে তিন চার বছরের রাজত্বে আসল কারা আর মেকি কারা সেটা সাধারণ মানুষের কাছে পরিষ্কার হয়ে যাচ্ছে। অর্থাৎ আজকে দেবপ্রসাদবাবুর আসল চেহারাটা সকলের সামনে তিনি তুলে ধরেছেন, এরজন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। হয়ত গতকাল আনন্দবাজার পত্রিকাতে দেখব ভোলাবাবুর পরেই দেবপ্রসাদবাবু স্থান পাবে। ওনার বক্তৃতার ধরন দেখেই আমরা আঁচ করে নিতে পারি। এরপর লক্ষ্মীবাবু যেকথা বলেছেন সেটা স্মরণ করিয়ে দিচ্ছি, যে দৃষ্টিভঙ্গি নিয়ে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলা চালাচ্ছেন, আমরা যে নির্বাচন কর্মসূচি ঘোষণা করেছিলাম—আমি মনে করি সেই কর্মসূচিকে সামনে রেখে পঞ্চম পূর্ণাঙ্গ যে বাজেট পেশ করা হল এর মধ্যে সেই দৃষ্টিভঙ্গির প্রতিফলন হয়েছে। পশ্চিমবাংলার মানুষের কাছে আমরা যে প্রতিশ্রুতিবদ্ধ ছিলাম—আমরা চেষ্টা করছি সেই প্রতিশ্রুতি কার্যকর করার। আমরা যে বলিষ্ঠ পদক্ষেপগুলি নিয়েছি সেগুলি বিগত ৩০ বছরে কংগ্রেস সরকার কোনওদিন নেওয়া তো দূরের কথা কেউ নিতে সাহস পর্যন্ত করেনি। সবচেয়ে বড় প্রমাণ সারা ভারতবর্ষের ৩টি রাজ্য ব্যতীত সব রাজ্যেই কংগ্রেস আই সরকার দ্বারা পরিচালিত এবং আমাদের এই কর্মসূচির মধ্যে একটিও কোনও একটি রাজ্যে কার্যকর করার মতোন সৎ-সাহস তারা দেখাতে পারেনি। দিল্লির কেন্দ্রীয় বাজেটের উপর বলতে উঠে শ্রীমতী ইন্দিরা গান্ধী তার বেশির ভাগ সময় ব্যয় করেছেন পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে আক্রমণ করে। তিনি শুধু প্রধানমন্ত্রী নন, কংগ্রেস আইয়ের নেত্রীও বটে। তিনি এমন একটি বিষয়ের উপর আক্রমণ করলেন যে বিষয়টি হচ্ছে অত্যন্ত হাস্যস্পদ ব্যাপার। তার কারণ, তিনি অনেকগুলি অসত্য তথ্যের উপর ভিত্তি করে বিবৃতি দিলেন। সেখানে যখন পশ্চিমবাংলা থেকে নির্বাচিত সদস্যরা চ্যালেঞ্জ জানালেন তখন তিনি সঙ্গে সঙ্গে স্বীকার করলেন যদি মিথ্যা প্রমাণিত হয় তাহলে আমার এই বক্তব্য উইথড্র করব।

[7-00 — 7-10 p.m.]

যাই হোক এর থেকে যেটা প্রমাণিত হচ্ছে যে আমরা সঠিক পথে চলেছি। অর্থাৎ সারা ভারতবর্ষে তিনটি রাজ্য, তার মধ্যে পশ্চিমবঙ্গ প্রধান, তার দিকেই সকলের দৃষ্টি। আমরা যে সঠিক পথে চলেছি তার জন্য আমাদের উপর যে আক্রমণ আসছে বিভিন্ন ভাবে তার থেকে যেটা প্রমাণিত হচ্ছে সেটাই এখানে আলোচনা করা যায়। সেটা হচ্ছে যে বিগত সাড়ে তিন থেকে চার বছর আমি চা বাগান শ্রমিক আন্দোলনের সঙ্গে জড়িত। চার বছর পর শ্রমিকদের মজুরি সাড়ে চার টাকা হয়েছে। ১৯৭৭ সালের মার্চ-এপ্রিল মাস পর্যন্ত চার টাকা কিছু পয়সা তাদের মজুরি বা বেতন ছিল, আজকে সেখানে একজন মেল বা ফিমেল মজুর, ৮ টাকা মজুরি পাচ্ছেন এবং আগামী দিনে এই বছরেরই জুন মাসে আবার ৯০ পয়সা ইনক্রিজ হবে। তাহলে ঐ ৮ টাকা ২০ পয়সার সঙ্গে এই ৯০ পয়সা যোগ হলে তাদের ৯.১০ পয়সা মজুরি হবে, এবং যেটা সবচেয়ে বড় কথা যে এই মজুরি বৃদ্ধির জন্য

কোনও গন্ডোগোল হয়নি। বিনা আন্দোলনে, বিনা ধর্মঘটে, বিনা ঝগড়াতে এটা হয়ে গেল। অর্থাৎ সরকার তার যে শ্রমিক ইউনিয়নের ঐক্যবদ্ধ চাপ তার সামনে মালিকেরা এই মজুরি চুক্তি করতে বাধ্য হয়েছে এবং আজকে এই কথাই বলা যায় যে সর্বনিম্ন যে বেতন পেতেন চা শিল্প থেকে মোটামুটি যা মুনাফা হয় এবং কেন্দ্রীয় সরকারের যে কোটি কোটি টাকা বিদেশি মুদ্রা অর্জন করেন সেই শ্রমিকরা এতদিন বঞ্চিত ছিল। আজ অন্তত মানুষের যোগ্যতা তারা অধিকার করতে পেরেছেন। এই মজুরি বৃদ্ধির মাধ্যমে অন্যদিকে বোনাস আইন হবার পর চা বাগানের চা শিল্প এতদিন শ্রমিকরা ২০ পারসেন্ট বোনাস পেতেন না, এই সরকারের আমলে ২০ পারসেন্ট পাচ্ছেন। প্ল্যান্টেশন এবং লেবার অ্যাক্ট এর ইমপ্লিমেন্টেশন করে চা বাগানের যে সুযোগ সুবিধায় বঞ্চিত ছিল তা আজকে কার্যকর করতে পেরেছেন। চা বাগানের ৩ লক্ষ শ্রমিকের ভিতর ৯০ ভাগ শ্রমিক হচ্ছে আদিবাসী, নেপালি শ্রমিক। পশ্চিমবঙ্গ তাদের দ্বারা অনেক ক্ষেত্রে লাভবান হচ্ছে। তফসিলি আদিবাসীদের দ্বারায় সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক, কাজের পদক্ষেপ নেওয়া হচ্ছে। মাধ্যমিক স্তরে অবৈতনিক শিক্ষা ব্যবস্থা প্রাথমিক স্তরে শিশুদের টিফিনের ব্যবস্থা এই সব করা হয়েছে যেগুলি গত ৩০ বছর ধরে কংগ্রেস আমলে হয়নি। আজকে এইসবগুলি কার্যকর করার ক্ষেত্রে সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে এই সবগুলি করতে গিয়ে আমাদের উপর অনেক বেশি আর্থিক চাপ আসছে। যেটার জন্য কেন্দ্র এবং রাজ্য সরকারের মধ্যে বিরোধ সৃষ্টি করছে। আগে কংগ্রেস (আই) সরকার থাকার দরুন তাদের বিরুদ্ধে কেউ প্রতিবাদ করতে পারত না। আজকে রাজ্যগুলির আর্থিক, রাজনৈতিক ক্ষমতা রাজ্যগুলির হাতে যদি দেওয়া না যায় কেন্দ্র, রাজ্য আঁতাত সম্ভব নয়। সেজন্য যে কথাটা বলা হয়েছে সেটার এবং বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসে অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সম্বন্ধে বলতে গিয়ে আমি কয়েকটি কথা অত্যন্ত সংক্ষেপে বলতে চাই। বাজেটের মধ্যে যে জিনিসটা আমরা দেখতে পাচ্ছি যে তা হচ্ছে এই বামফ্রন্ট সরকার দীর্ঘ ৪ বছর পশ্চিমবঙ্গের শাসনব্যবস্থা পরিচালনা করেছেন কিন্তু কোনও সম্পদ সৃষ্টি করতে পারেনি তার একটা উদাহরণ আমি দিচ্ছি। পশ্চিমবঙ্গে পঞ্চায়েত খাতে ২০০ কোটি টাকা ব্যয় হয়েছে কিন্তু কি সম্পদ সৃষ্টি করতে পেরেছে? যেসব পঞ্চায়েতকে টাকা দেওয়া হয়েছে তার সম্পর্কে দুর্নীতির অভিযোগ এসেছে এবং এ বিষয়ে হাউসে অনেক আলোচনা হয়েছে, এবং খবরের কাগজেও প্রকাশিত হয়েছে। আমাদের পঞ্চায়েত মন্ত্রী বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে যে দুর্নীতি দমন করতে চাইছেন তাতে তাকে সত্যি ধন্যবাদ জানাই। আমাদের কাছে যে ইকনমিক রিভিউ বই বিলি করা হয়েছে তাতে দেখা যাচ্ছে যে ৪৩টি পাবলিক আন্ডারটেকিংস এর মধ্যে ৩৬টিতে লোকসান হচ্ছে। লাভ লোকসানের হিসাব মেলেনি পশ্চিমবঙ্গে। সেখানে লোকসানই শুধু নয়, ১৯৮০-৮১ সালের হিসাব তারা দিতে পারেননি—বলছেন, নট

এভেলেবেল। সি. এস. টি. সি. ১৯৭৯-৮০ সালে তাদের লোকসান হয়েছে ১৪ কোটি ১২ লক্ষ ৩৬ হাজার টাকা। এন. বি. এস. টি. সি.-তে ১৯৭৯-৮০ সালে হিসাবে দেখছি লোকসান হয়েছে ২ কোটি ৭০ লক্ষ ৩২ হাজার টাকা। ডি. এস. টি. সি.-তে ১৯৭৭-৭৮ সালে লোকসান হয়েছে ৭৯ লক্ষ ৬২ হাজার টাকা। এই ভাবে লোকসানের বহর তারা বাড়িয়েই চলেছেন। তারা যদি সম্পদ সৃষ্টি করতে পারতেন তাহলে পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নতি নিশ্চয়ই হত। সরকারী দুগ্ধ প্রকল্পে দেখব ১৯৮০-৮১ সালে ৪ কোটি ৩০ লক্ষ ৭০ হাজার টাকা ক্ষতি হয়েছে। ওরিয়েন্ট্যাল গ্যাসে ১৯৮০-৮১ সালে ক্ষতি হয়েছে ১ কোটি ১৪ লক্ষ ২৩ হাজার টাকা।* সংগঠিত শিল্পে ১৯৭৮-৭৯ সালে ৪৯১ কোটি ৬৮ লক্ষ টাকার উৎপাদন হয়েছিল, ১৯৭৯-৮০ সালে উৎপাদন হয়েছে ৪৮৩ কোটি ৭৬ লক্ষ টাকা। এর মূল কারণ যাই হোক না কেন, ক্ষতির পরিমাণ দিনের পর দিন বাড়ছে। সেইজন্য আমি বলছি, বাজেটের মধ্যে এইসব বলা উচিত ছিল। ক্ষুদ্রশিল্পের চেহারা সামান্য কিছুটা ভাল—১৯৭৮-৭১ সালে ১৩৩ কোটি ২ লক্ষ টাকা উৎপাদন তারা দিতে পেরেছে, ১৯৭৯-৮০ সালে ১৩৫ কোটি ২ লক্ষ টাকার উৎপাদন তারা দিতে পেরেছে। চট শিল্পে ১৯৭৮ সালে ১০ লক্ষ ৪০ হাজার টন উৎপাদন হয়েছিল, ১৯৭৯ সালে ৯ লক্ষ ৯০ হাজার টন উৎপাদন হয়েছিল—অর্থাৎ কিছুটা কমে গেল। সুতোর প্রডাকশনে দেখতে পাচ্ছি ১৯৭৮ সালে ৩ কোটি ৮৬ লক্ষ ৯৭ হাজার হয়েছিল, ১৯৭৯ সলে ৩ কোটি ৭৫ লক্ষ ৬১ হাজার হয়েছিল। অর্থাৎ সমস্ত রকম লোহা ও ইস্পাত যার উৎপাদনের পরিমাণ ১৯৭৮ সালে ছিল ৫২ লক্ষ ৭৬ হাজার টন, ১৯৭৯ সালে সেটা হল ৪৫ লক্ষ ৭৭ হাজার টন। কয়লা উৎপাদনের ক্ষেত্রে দেখেছি ১৯৭৮-৭৯ সালে ইস্টার্ন কোল ফিল্ডের উৎপাদন ছিল ২ কোটি ২০ লক্ষ ৯০ লক্ষ টন, সেটা ১৯৭৯-৮০ সালে উৎপাদন হল ২ কোটি ৫ লক্ষ ২০ হাজার টন অর্থাৎ উৎপাদন হ্রাস পেল ৩৮.৬ শতাংশ।

[7-10 — 7-20 p.m.]

১৯৭৮ সালে দেশলাই এর ক্ষেত্রে আমরা কি দেখতে পাই? দেশলাই আমাদের নিত্য প্রয়োজনীয় বস্তু, সাধারণ মানুষের প্রয়োজনীয় বস্তু, সেখানে আমরা কি দেখতে পাচ্ছি? ১৯৭৮ সালে যেখানে দেশলাই তৈরি হয়েছিল ৭৬ কোটি ৮২ লক্ষ ৭২ হাজার বাক্স, আর সেখানে ১৯১৯ সালে দেখতে পাচ্ছি উৎপাদন হয়েছিল ৬২ কোটি ৪ লক্ষ ৯৬ হাজার বাক্স। এই যে উৎপাদন ব্যহত হচ্ছে এই উৎপাদন অর্থমন্ত্রী কি ভাবে মেক আপ করবেন আমি বুঝতে পারছি না। এই প্রসঙ্গে আমি আরও দু একটা কথা বলতে চাই, যে বাজেট পেশ করা হয়েছে এই বাজেটের মধ্যে একটা জিনিস প্রতীয়মান হয়েছে, যারা ধনী ব্যক্তি, যারা শিল্পপতি, যারা ব্যবসায়ী তারা কিন্তু উৎসাহ বোধ করছেন। তারা এই জন্য উৎসাহ বোধ

* পশ্চিমবঙ্গের শিল্প উৎপাদন সম্পর্কে ইকনমিক বিভিউতে বলা হয়েছে এখানে ২% শিল্প হয়েছে।

করেছেন যে ব্যবসায়ীরা জানেন যে এই কর যে সব জায়গায় তিনি হ্রাস করে দিয়েছেন—আমাদের অর্থমন্ত্রী মহাশয় কাঁচা মালের উপর ঔষধ পত্রের উপর রসায়নিক অথবা ইলেক্ট্রিক শিল্পের উপর অ্যালুমিনিয়াম পাতলা পাতের উপর ফোর পারসেন্ট টু ওয়ান পারসেন্ট হ্রাস করে দিয়েছেন—এই হ্রাসের মাধ্যমে তারা বুঝতে পেরেছেন যে অর্থমন্ত্রীর মাথায় টুপি পরিয়ে তারা আরও মুনাফা তুলতে পারবেন। তারা বুঝতে পেরেছেন যে তারা ব্যবসার ক্ষেত্রে প্রচুর সুযোগ পাবে। এই তারা আশা করেছেন এবং নিশ্চয়ই তারা তা করবেন। আর একটা জিনিস ঘটেছে যেটা ১৬০ কোটি টাকা যে প্রারম্ভিক ঘাটতি দেখতে পাচ্ছি এই ক্ষেত্রে উনি বলেছেন ৪৫ কোটি টাকা কর উনি আদায় করতে পারবেন। অতএব মেকাপ দিতে পারবেন। ৬৫ কোটি টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট কাছ থেকে ঋণ হিসাবে দাবী করবেন। আমি আর একটা কথা বলতে চাই যে আজকে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে পে-কমিশন তৈরি করা হয়েছিল, সেই পে-কমিশনে অর্থমন্ত্রী সুনিপুন ভাবে চালাকির সঙ্গে অ্যাভয়েড করে বাজেটে এড়িয়ে গেছেন। আমি এই জন্য বলতে চাই যে তিনি বলেছেন সর্বনিম্ন বেতন হবে ২২০ টাকা কিন্তু তিনি কি একবার ভেবে দেখেছেন যে অ্যাড হক অন্যান্য ডি. এ. পে. দেওয়া হয় সেখানে মূল বেতনের সঙ্গে যোগ করলে ২২০ টাকার ডিফারেন্স কতটুকু বাড়বে? যে সমস্ত পুরনো চাকুরেরা তাদের ক্ষেত্রে এবং এখন যারা চাকুরি করেন তাদের ডিফারেন্স অফ পে কতটুকু হবে? লক্ষ লক্ষ টাকা খরচ করে যে পে-কমিশন করলেন তার যথেষ্ট পরিমাণ ইঙ্গিত দেওয়া উচিত ছিল। এর জন্য আশা করে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ কর্মচারী বসে আছেন। এই বাজেটে অর্থমন্ত্রী মহাশয় যে কি বললেন তার ইঙ্গিত আমরা পাইনি। আমি আশা করছি যে তিনি একটা জিনিস অন্তত লক্ষ্য করবেন পে-কমিশনে পঞ্চায়েত কর্মাচারিদের কথা উল্লেখ নেই। তারা হলেন তহসিলদার, পিয়ন, চৌকিদার, দফাদার, তাদের কথা ভাষণে বলা হয়নি। তাদের সম্বন্ধে নিশ্চয়ই বিবেচনা করবেন। এই কারেন্ট সেশনে তিনি বলবেন, এই দাবি রেখে এবং এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট দাখিল করেছেন সেই বাজেটকে সমর্থন করতে গিয়ে দু-একটা কথা বলতে চাই। এই বাজেটের একটা মূল লক্ষ্য আছে। পুঁজিপতি দেশের মধ্যে যখন আমরা বাস করছি, কেন্দ্র শাসন করছে পুঁজিবাদী ধনিক শ্রেণীর মানুষ। তারা প্রায় চেষ্টা করবেন আমাদের পশ্চিমবাংলা এবং সমস্ত দেশের গরিব মানুষকে লুট করা শোষণ করা। সেই শোষণের একমাত্র প্রধান হাতিয়ার হ'ল মূল্য বৃদ্ধি। যা দিয়ে নাকি গরিব মানুষের কাছ থেকে ধন সম্পদ হাতিয়ে নেওয়া যায় এবং বড়লোকদের হাতে জমা করা যায়। সেই ভাবে পশ্চিমবাংলায় শোষণ চালাচ্ছে। সামনের দিনে বাজেট সমর্থন করতে গিয়ে স্বাভাবিকভাবে পিছনের দিনের ইতিহাস আমাকে দেখতে হয়। আমি শুধু একটা কথা বলতে চাই এই বামফ্রন্ট সরকার যখন ১৯৭৬/৭৭ সালে ক্ষমতায় এল তখন সারা ভারতবর্ষে পশ্চিমবাংলায় হোল সেল প্রাইস ইন্ডেক্স ছিল ৩৬৯। সেটা

১৯৮০/৮১ সালে ৪ বছর ধরে ৪৯৮-তে উঠল। বাড়ল ১৩৯ পয়েন্ট। সারা ভারতবর্ষে তখন ছিল ২৯৮ এই কয়েক বছরের মধ্যে ৫৯৭ পর্যন্ত পৌছাল, ২০৮। এই ফিগার থেকে দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারে যে কয়েক বছর রাজত্ব করছে সেই কয়েক বছরের মধ্যেই গোটা ভারতবর্ষে পাইকারি মূল্য সূচক ৭১.৯৭ পয়েন্ট আর পশ্চিমবাংলায় এই হল সেল প্রাইজ ইন্ডেক্স বেড়েছে ৩০.৮৭ পয়েন্ট। আমরা দেখলাম ১৯৮০-৮১ সালে—৪/৫ বছর ধরে সেটা ৪৯৮-তে উঠল বাড়ল ১৩৯ পয়েন্ট। আর সারা ভারতের ক্ষেত্রে ছিল ২৯৮ আর এই কয়েক বছরের মধ্যে বাড়ল ৫৯৭ পৌছাল অর্থাৎ বাড়ল ২০৮। এই দুটো ভারত সরকারের ফিগার ইকনমিক অ্যাডভাইসের ফিগার সেই কয়বছরে দেখা যাচ্ছে যে, যে কয়বছর বামফ্রন্ট রাজত্ব করেছে সেই কবছরের মধ্যে গোটা ভারতবর্ষের ক্ষেত্রে পাইকারি মূল্যসূচক বেড়েছে ৭১.৯৭, আর পশ্চিমবঙ্গে হোলসেই প্রাইস ইন্ডেক্স বেড়েছে ৩০.৮৭, অত হারে বাড়ার চেয়ে আমাদের পশ্চিমবঙ্গের মানুষকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার রক্ষা করেছেন—একেবারে না বাড়িয়ে পারেননি। চারিদিকে বৃষ্টি হলে এখানের লোক ভিজবে তবু যতটা ছাতা দিয়ে রক্ষা করা সম্ভব ততটা চেষ্টা করা হয়েছে। আমাদের বামফ্রন্টের অর্থমন্ত্রী সে চেষ্টা করেছেন তার প্রমাণ এই প্রাইস ইন্ডেক্সের মধ্যে আছে। আর একটা কথা, বিদ্যুতের অনেক কথাই হল। কিন্তু বিদ্যুতের ফিগার যা আমরা দেখি তাতে আমরা দেখব যে কংগ্রেস সরকার বহু দিন ধরে চলছিল ১৯৬৫-৬৬ সালে এখানে ১,২০০ মতো মেগাওয়াট বিদ্যুৎ ইনস্টল ক্যাপাসিটি ছিল। সেই ইনস্টল ক্যাপাসিটি ১৯৭০ সালে গিয়ে উঠল—এই ৫/৬ বছরে গিয়ে উঠল ১,৫০০-তে ৩০০ বাড়ল এই ৫ বছরের মধ্যে। কিন্তু যে অন্ধকার যুগ মাঝখানে চলল ১৯৭০, ১৯৭১ থেকে ১৯৭৬, ৭৭ পর্যন্ত যাকে আমাদের ভাষায় বলি জুলুমের যুগ, অন্ধকারের যুগ বা সিদ্ধার্থ রায়ের যুগ, এই ৫/৬ বছর ধরে এই ১৯৭১ থেকে ১৯৭৬, এই ৬ বছর ধরে মাত্র ১০০ মেগাওয়াট ইনস্টল ক্যাপাসিটি হল। তাহলে এই অপদার্থটা মাত্র ১০০ মেগাওয়াট ৬ বছরে বাড়ল। আমরা আসার পর অর্থাৎ ১৯৭৬-৭৭ এর পর ঐ সময় বিদ্যুতের ইনস্টল ক্যাপাসিটি ছিল ১,৬০০ মেগাওয়াট এই অবস্থার পরে আমাদের নূতন করে চেষ্টা করতে হচ্ছে। তার মধ্যে আমরা ১৭৭৯ আগামী ১৯৮৩-৮৪ সালের মধ্যে ১৭.৭৯ বাড়বে, আগের ১,৬০০ আছে আরও ১,৭৭৯ বাড়বে, ইতিমধ্যে ২২২ মেগাওয়াট বেড়েছে এটা কমপ্লিশন রিপোর্ট আছে। সুতরাং সেই দিকে থেকে বিচার করলে দেখা যায় যে গতদিনের কাজের পরিপ্রেক্ষিতে সামনের দিনের কাজকে আমরা বিচার করতে চাই। আমাদের কৃষি ক্ষেত্রে আমি অন্যান্য সব জিনিস অর্থাৎ বামফ্রন্টের যে কাজ চলছে অর্থনীতির দিকে যে কাজ চলছে সেগুলি সমর্থন করি এবং সমর্থন করি এই আশায় যে এই বাজেটে যা পরিবেশিত হয়েছে তাতে নূতন অনেক কিছু দেখতে পাচ্ছি। আমরা অনেক কিছুর মধ্যে দেখছি—কৃষকের ঋণ মুকুব, শুধু ঋণ মুকুব কি বলব সত্য কথা যদি বলতে হয় তাহলে বলব কৃষকের লুণ্ঠন করে এতদিন যা নেওয়া হয়েছে সেটা পরিশোধ দেবার প্রশ্ন আসে

পরিশোধ যদি দিতে হয় তা অনেক দিতে হয়—অত দেবার প্রশ্ন উঠে না। একবার যদি পাটের দামের হিসাব করা যায়—কৃষক প্রতি বছর ৪২০ কোটি টাকা বঞ্চিত হয়। সে বঞ্চিত টাকা ফেরত দেবার কোনও ব্যবস্থা নেই। সুতরাং আজকে সামনের দিনের এই বাজেটের মতো গত দিনের অভিজ্ঞতার ভিত্তিতে আমরা যা দেখছি এবং তাতে সামনের দিনের বাজেটকে আমি পুরাপুরি সমর্থন করি। এই কৃষক জনকল্যাণমুখী বাজেট, এরজন্য অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই।

## Adjournment

The House was then adjourned at 7.20 p.m. till 1 p.m. on Tuesday, the 3rd March, 1981, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 3rd March, 1981 at 1.00 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 12 Ministers, 1 Minister of State and 153 Members.

[1-00 — 1-10 p.m.]

## Held Over Starred Questions (to which oral Answers were given)

### পাঁচথুপী—বোলপুর, পাঁচথুপী—সিউড়ি, কান্দী—আসানসোল, কান্দী—বর্ধমান রুটে প্রাইভেট বাস

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬২।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাঁচথুপী—বোলপুর, পাঁচথুপী—সিউড়ি, কান্দী—আসানসোল, কান্দী—বর্ধমান রুটে;

(খ)

(গ)

**শ্রী মহঃ আমিন ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই ধরনের রুটগুলিতে প্রাইভেট বাস চালাবার অনুমতি দেওয়াতে কি অসুবিধা আছে?

**শ্রী মহঃ আমিন ঃ** অসুবিধা কিছু নেই। এই সমস্ত জায়গায় রুট করার প্রস্তাব জেনারেলি আর. টি. এ.-এর কাছ থেকে আসে। আর. টি. এ. যদি মনে করে এই রকম ইন্টার ডিস্ট্রিক্ট রুট করা দরকার তাহলে ওরা সেই প্রস্তাব এস. টি. এ.-কে পাঠায়। তারপরে আইন অনুসারে ফর্মালিটিস অবজার্ভ করে এস. টি. এ. অনুমতি দেয়। এম. এল. এ.-রাও এই জাতীয় প্রস্তাব দিতে পারেন।

## Starred Questions
## (to which oral answers were given)

### Procurement of Potato

***196**. (Admitted question No. *93.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Agriculture Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has made arrangements for procurement of potato; and

(b) if so—

(i) what is the target for procurement during the current year, and

(ii) what arrangements have been made for preservation of the procured potato ?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ, মূল্য-সহায়ক প্রকল্প অনুসারে রাজ্য সরকার আলু সংগ্রহের ব্যবস্থা করিয়াছেন।

(খ) (১) চলতি মরশুমে সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩০,০০০ হাজার টন স্থির করা হইয়াছে।

(২) সংগৃহীত আলু বিভিন্ন কোল্ডস্টোরেজে সংরক্ষণ করা হইবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পশ্চিমবঙ্গের কনজামশন কত, অর্থাৎ কত আলুর প্রয়োজন আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এ প্রশ্ন ওঠে না। ইতিপূর্বে কোনও দিন এই ভাবে সরকারি উদ্যোগে আলু সংগ্রহ করা হয়নি। আমরাই প্রথম ৩০ হাজার টন আলু সংগ্রহ করতে যাচ্ছি। আমরা আমাদের সামর্থ্য অনুসারেই পরিমাণটা ঠিক করেছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই যে আলু সংগ্রহ করছেন এর মেশিনারিটা কি অর্থাৎ কাদের দিয়ে সংগ্রহ করছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা বেনফেট-কে ১৮ হাজার মেট্রিক টন সংগ্রহ করতে দিয়েছি এবং নিয়ন্ত্রিত বাজার সমিতিকে ১২ হাজার মেট্রিক টন সংগ্রহ করতে দিয়েছি।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই আলু সংগ্রহের মূল্য বেঁধে দেওয়ার কোনও সরকারি পরিকল্পনা আছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আলুর সংগ্রহমূল্য বেঁধে দেওয়া যায় না।

**শ্রী সন্দীপ দাস ঃ** মিনিমাম প্রাইস কত হবে সেটা বেঁধে দিতে পারেন না?

**শ্রী কমলকান্তি গুহ :** আলু এসেন্সিয়াল কমোডিটিজ-এর মধ্যে পড়ে না। সেই জন্য কোনও মূল্য বেঁধে দিতে পারি না। তবে আমি কি দরে কিনব সেটা ঠিক করেছি।

**শ্রী সন্দীপ দাস :** সেই দরটা কি?

**শ্রী কমলকান্তি গুহ :** সেই দরটা হচ্ছে ছোট আলু যেটা তার দাম হবে ৭০ পয়সা আর মাঝারির দাম হবে ৭৫ পয়সা আর বড়টার দাম হবে ৮০ পয়সা।

**শ্রী বিনয়কৃষ্ণ কোনার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই আলু সরকারের কেনবার উদ্দেশ্য কি এই যে যাতে মহাজনরা কৃষকদের কাছ থেকে কম দরে আলু কিনতে না পারে?

**শ্রী কমলকান্তি গুহ :** হ্যাঁ, কৃষকরা যাতে ঠিকমতো দর পায় অন্তত কিছুটা লাঘব পায় তার জন্য আমরা এই ব্যবস্থা নিয়েছি।

**শ্রী বিনয়কৃষ্ণ কোনার :** সরকার এই সিদ্ধান্ত নেবার ফলে বাজারে তার কি প্রতিক্রিয়া হয়েছে।

**শ্রী কমলকান্তি গুহ :** হ্যাঁ, বাজারে তার প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

**Reservation of Transport Permit for Muslim Community**

*197. (Admitted question No. *290.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to reserve certain percentage of permits issued by the State Transport Authority, West Bengal and the Regional Transport Authorities for the members of the Muslim Community ; and

(b) if answer to (a) be in the negative—

(i) what action has been taken by the Government to ensure that the Muslims of West Bengal get permits in the same ratio as the ratio of their population in the State, and

(ii) what is the present position in the matter?

**Shri Mohammed Amin :** (a) No.

(b) (i) No such action is under contemplation of the State Govt. There is no question of maintaining any ratio, as, other conditions being equal, cases of eligible applicants belonging to the Muslim Community are duly considered along with others.

(ii) Does not arise.

**১৯৭৯-৮০ সালে পশ্চিমবঙ্গে সিমেন্ট বরাদ্দের পরিমাণ**

***১৯৮**। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৮।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯-৮০ সালে পশ্চিমবঙ্গে সিমেন্টের বরাদ্দের পরিমাণ কিরূপ ছিল ;

(খ) উক্ত সিমেন্টের মধ্যে কত সিমেন্ট পশ্চিমবঙ্গ সরকার পাইয়াছেন ; এবং

(গ) উক্ত বৎসরে দুর্গাপুরে উৎপন্ন সিমেন্টের কত অংশ পশ্চিমবঙ্গ সরকার পেয়েছেন?

**শ্রী সুধীন কুমার :**

(ক) ১৩,৪০,৬২৫ মেঃ টন।

(খ) ১০,৬৩,৫০৭ মেঃ টন।

(গ) দুর্গাপুর হইতে ২,৫৬,৯৭৯ মেঃ টন সিমেন্ট পশ্চিমবঙ্গ পাইয়াছে। সাধারণত উহাদের বাৎসরিক উৎপাদন আনুমানিক ৫৫ লক্ষ টন। সেই হিসাবে উৎপন্ন সিমেন্টের আনুমানিক ৪৬ শতাংশ পশ্চিমবঙ্গ পাইয়াছে।

**শ্রী রজনীকান্ত দলুই :** এই সিমেন্ট যা পেয়েছেন সেটা ঠিকমতো ডিস্ট্রিবিউশন না হওয়ার জন্য জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে?

**মিঃ স্পিকার :** এই প্রশ্ন থেকে এটা আসে না।

**Engineers, Health Officers and Accountants for each Municipality**

***199**. (Admitted question No. *702.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Local Government and Urban Development Department be pleased to state—

(a) whether the Government has any proposal to post Engineers, Health Officers and Accountants in every Municipality in West Bengal ; and

(b) if so, what action has been taken by the Government in the matter ?

**Shri Prasanta Kumar Sur :**

(a) Yes,

Government desire to appoint an employee or an officer of the Government for a municipality or a group of municipali-

ties, as an Executive Officer, an Engineer, a Finance Officer and a Health Officer.

(b) For the purpose in view, necessary provision has been made in the Bengal Municipal (Amendment) Act, 1980 which will come into force by a notification being in the process of issue.

[1-10 — 1-20 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই :** মিউনিসিপ্যালিটিগুলিতে এই যে হেলথ অফিসার, ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ অফিসার নিয়োগ করার প্রস্তাব করেছেন, মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এদের কাজকর্ম কি হবে সে সম্পর্কে চিন্তাভাবনা করেছেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর :** কাজকর্ম না বিবেচনা করে কি এনেছি না, তা করিনি, সেটা বিবেচনা করেই এনেছি। আমরা এটা করেছি তার কারণ, পৌরসভাগুলির প্রশাসনিক অবস্থা খুবই দুর্বল। একটা হেড ক্লার্ক বলতে পারেন পৌরসভা চালান। গত ৩০ বছর ধরে কংগ্রেসি আমলে এই অবস্থা চলেছিল। এই অবস্থার আমরা পরিবর্তন করতে চাই, তাদের দিয়ে একটু কাজকর্ম করাতে চাই কাজেই সেখানে ইঞ্জিনিয়ার দরকার, একজিকিউটিভ অফিসার দরকার, অ্যাকাউন্টেন্ট দরকার, সেইজন্যই আমরা এই ধরনের ব্যবস্থা করেছি।

**শ্রী রজনীকান্ত দলুই :** কংগ্রেসি আমলে ৩০ বছরে যে কাজ হয়েছিল পৌরসভাগুলিতে সেখানে আপনাদের আমলে ৩।। বছরে তার চেয়ে কত গুণ বেশি কাজ হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আগে ১০০টি পৌরসভার জন্য আপনারা বরাদ্দ করেছিলেন ২৮ লক্ষ টাকা আর আমরা ৩।। বছরে উন্নয়ন খাতে বরাদ্দ করেছি ৯ কোটি টাকা।

**শ্রী রজনীকান্ত দলুই :** টাকা বরাদ্দ করেছেন কিন্তু সেখানে মেটিরিয়াল কাজ কতটুকু হয়েছে বলতে পারেন?

**শ্রী প্রশান্তকুমার শূর :** প্রত্যেকটি পৌরসভার কাজ হচ্ছে, যদি প্রয়োজন হয় সেটা দেখে আসতে পারেন।

### কোল্ড স্টোরেজ

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫১।) **শ্রী জন্মেজয় ওঝা :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি কোল্ড স্টোরেজ আছে ;

(খ) এইসব কোল্ড স্টোরেজে মোট কি পরিমাণ আলু রাখা যায় ; এবং

(গ) পশ্চিমবঙ্গ সরকার আলু ক্রয়ের মোট কতগুলি কেন্দ্র স্থাপন করেছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ২১২টি।

(খ) ৯.৫২ লক্ষ মেট্রিক টন।

(গ) সরকার সরাসরি কোনও কেন্দ্র স্থাপন করেন নাই। সরকার নির্ধারিত মূল্যে আলু ক্রয় করিবার জন্য বিভিন্ন মার্কেট কমিটি ৩২টি ও পঃ বঃ রাজ্য সমবায় বিপণন সংস্থা ৩২টি কেন্দ্র স্থাপনের ব্যবস্থা করিয়াছেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এ বছর আলু খারাপ হয়ে যাবে এই আশঙ্কায় অধিকাংশ কোল্ড স্টোরেজ আলু রাখছেন না, এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই ধরনের অভিযোগ আমার কাছে আসেনি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে বললেন, আলু কেনার ব্যবস্থা করেছেন ৭০/৭৫ টাকা কুইন্টাল দরে, মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, কুইন্টাল প্রতি আলুর উৎপাদন মূল্য কত পড়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি আগেই বলেছি, আমরা কিছুটা খরচ দেবার জন্য এটা করেছি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উত্তরবঙ্গে কতগুলি কোল্ড স্টোরেজ আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আপাতত উত্তরবঙ্গে যে কোল্ড স্টোরেজ আছে সেখানে আলু রাখার কোনও ব্যবস্থা নেই।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, অল্প কিছুদিনের মধ্যে উত্তরবঙ্গ কোল্ড স্টোরেজ করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সমবায় দপ্তরের তরফ থেকে ৪৫টি কোল্ড স্টোরেজ পশ্চিমবঙ্গে স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে, এর মধ্যে গোটা দশেক তারা উত্তরবঙ্গে স্থাপন করবেন বলে স্থির করেছেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, কোল্ড স্টোরেজগুলিতে ৯.৫২ লক্ষ টন আলু রাখা যায়। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এ বছর আলু চাষের পর কত আলু সেখানে রাখা হয়েছে?

**মি স্পিকার ঃ** এই প্রশ্ন থেকে এই অতিরিক্ত প্রশ্ন আসে না।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, কোল্ড স্টোরেজগুলি জাতীয়করণ করার কোনও পরিকল্পনা আছে কিনা?

**মিঃ স্পিকার ঃ** এই অতিরিক্ত প্রশ্ন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে ২১২টি কোল্ড স্টোরেজের কথা বললেন সেই ২১২টি কোল্ড স্টোরেজই কি আলু রাখছে, ফাংশন করছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এর মধ্যে কয়েকটি আছে যারা আলু রাখে না, অন্যান্য জিনিস রাখে। ১৯২টি কোল্ড স্টোরেজে আলু রাখা হয়।

**কুলপী থানার বিভিন্ন গ্রামপঞ্চায়েত এলাকায় কেরোসিন সরবরাহ**

*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৯) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কুলপী থানার গাজীপুর গ্রাম পঞ্চায়েত, চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েত, সিদ্ধিবেড়িয়া ও টোলা গ্রাম পঞ্চায়েতের কেরোসিন সরবরাহ আজ তিন মাস যাবত বন্ধ আছে ;

(খ) অবগত থাকিলে, এই বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(গ) উক্ত কেরোসিন সরবরাহের ব্যাপারে জনৈক কেরোসিন ডিলারের বিরুদ্ধে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি ; এবং

(ঘ) পাইয়া থাকিলে, উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) শুধুমাত্র গাজীপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় গত নভেম্বর, ডিসেম্বর ও জানুয়ারি মাসে কেরোসিন সরবরাহ বন্ধ ছিল। সিঁথিবেড়িয়া কোনও গ্রাম পঞ্চায়েতের নাম নয়, উহা গাজীপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত একটি গ্রাম।

(খ) গাজীপুর গ্রাম পঞ্চায়েতের কেরোসিন ডিলার শ্রী বাদলচন্দ্র হালদারের সাথে কেরোসিন তেল সরবরাহকারি এজেন্টের বিরোধের ফলে তেল সরবরাহ বন্ধ হয়েছিল। বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলে তখনই ব্যবস্থা অবলম্বন করা হয় এবং ফেব্রুয়ারি মাস থেকে সরবরাহ অব্যাহত আছে।

(গ) মাত্র ২৫।২।৮৯ তারিখে জয়নগরের এজেন্ট শ্রী আব্দুল হাসেম খানের বিরুদ্ধে চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েত থেকে একটি অভিযোগ পাওয়া গেছে।

(ঘ) উক্ত অভিযোগের ভিত্তিতে তদন্তপূর্বক উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে গাজীপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় ৩ মাস কেরোসিন তেল সরবরাহ বন্ধ ছিল। কিন্তু সেখানে ৩।। টাকায় প্রচুর তেল ব্লকে মিলছে। গত ২৮।১০।৮০ তারিখ থেকে আব্দুল হাসেম সেখানে যাচ্ছে না। এই সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) ২১২টি।

(খ) ৯.৫২ লক্ষ মেট্রিক টন।

(গ) সরকার সরাসরি কোনও কেন্দ্র স্থাপন করেন নাই। সরকার নির্ধারিত মূল্যে আলু ক্রয় করিবার জন্য বিভিন্ন মার্কেট কমিটি ৩২টি ও পঃ বঃ রাজ্য সমবায় বিপণন সংস্থা ৩২টি কেন্দ্র স্থাপনের ব্যবস্থা করিয়াছেন।

**শ্রী জন্মেজয় ওঝা :** এ বছর আলু খারাপ হয়ে যাবে এই আশঙ্কায় অধিকাংশ কোল্ড স্টোরেজ আলু রাখছেন না, এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** এই ধরনের অভিযোগ আমার কাছে আসেনি।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় যে বললেন, আলু কেনার ব্যবস্থা করেছেন ৭০/৭৫ টাকা কুইন্টাল দরে, মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, কুইন্টাল প্রতি আলুর উৎপাদন মূল্য কত পড়েছে?

**শ্রী কমলকান্তি গুহ :** আমি আগেই বলেছি, আমরা কিছুটা খরচ দেবার জন্য এটা করেছি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উত্তরবঙ্গে কতগুলি কোল্ড স্টোরেজ আছে?

**শ্রী কমলকান্তি গুহ :** আপাতত উত্তরবঙ্গে যে কোল্ড স্টোরেজ আছে সেখানে আলু রাখার কোনও ব্যবস্থা নেই।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, অল্প কিছুদিনের মধ্যে উত্তরবঙ্গ কোল্ড স্টোরেজ করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** সমবায় দপ্তরের তরফ থেকে ৪৫টি কোল্ড স্টোরেজ পশ্চিমবঙ্গে স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে, এর মধ্যে গোটা দশেক তারা উত্তরবঙ্গে স্থাপন করবেন বলে স্থির করেছেন।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, কোল্ড স্টোরেজগুলিতে ৯.৫২ লক্ষ টন আলু রাখা যায়। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এ বছর আলু চাষের পর কত আলু সেখানে রাখা হয়েছে?

**মি স্পিকার :** এই প্রশ্ন থেকে এই অতিরিক্ত প্রশ্ন আসে না।

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, কোল্ড স্টোরেজগুলি জাতীয়করণ করার কোনও পরিকল্পনা আছে কিনা?

**মিঃ স্পিকার :** এই অতিরিক্ত প্রশ্ন ওঠে না।

(খ) মূল্যমান ত্রিস্তর বিশিষ্ট এবং নিম্নরূপ ঃ

১। বিশেষমানের আলু কুইন্টাল প্রতি ৮০ টাকা

২। ভাল মানের আলু কুইন্টাল প্রতি ৭৫ টাকা

৩। চলনসই মানের আলু " " ৭০ টাকা

(গ) সরকার আপাতত স্থির করিয়াছেন যে, চলতি মরশুমে প্রায় ৩০,০০০ টন আলু উৎপাদকদের নিকট হইতে নির্ধারিত মূল্যে কেনা হইবে। বেনফেড তাহাদের সঙ্গে সংযুক্ত সমবায় সমিতিগুলির মাধ্যমে ১৮,০০০ টন ক্রয় করিবেন এবং দশটি নিয়ন্ত্রিত বাজার সমিতি ১২,০০০ টন আলু ক্রয় করিবেন।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** সরকার তিনটি নির্ধারিত দামে আলু সংগ্রহ করছেন, তাহলে কনজিউমারদের কাছে কি দামে বিক্রি করা হবে সেটা নির্ধারিত হয়েছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** না, এ বিষয়ে এখনও পর্যন্ত কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** কিসের ভিত্তিতে এই ক্রয়মূল্য ঠিক করা হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কৃষকদের খরচ ইত্যাদি হিসাব করে এটা ঠিক করা হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এক্ষেত্রে যদি উৎপাদনমূল্যকে বিবেচনা করে থাকেন তাহলে উৎপাদনমূল্য কত?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা হিসাব করে দেখেছি উৎপাদন মূল্য প্রায় ৮০ টাকা এবং সেটা দেখেই আমরা মূল্য স্থির করেছি।

**কেন্দ্রের সহিত রাজ্য সরকারের রেল পরিবহন সম্বন্ধে আলোচনা**

***২০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের রেল পরিবহনের উন্নয়ন ও সম্প্রসারণ প্রসঙ্গে রাজ্য সরকার কেন্দ্রীয় রেলমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন ;

(খ) সত্য হ'লে, উক্ত আলোচনার ফলাফল কি ; এবং

(গ) ঐ আলোচনায় 'শিয়ালদহ-লালগোলা লাইনের' বৈদ্যুতিকরণ এবং অন্তর্বর্তীকালে 'ডিজেল ইঞ্জিন' চালু করার বিষয়টি উত্থাপিত হয়েছিল কি?

**শ্রী মহঃ আমিন ঃ**

(ক) রেল পরিবহনের উন্নয়ন ও সম্প্রসারণ প্রসঙ্গে কেন্দ্রীয় রেলমন্ত্রীর সহিত আলোচনা শুরু হইয়াছে।

(খ) উক্ত আলোচনার ফলাফল পরে জানা যাইবে।

(গ) উক্ত বিষয়টি আলোচিত হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কেন্দ্রের রেলওয়ে মন্ত্রকের সঙ্গে পশ্চিমবঙ্গে রেল-পরিবহনের উন্নয়ন এবং সম্প্রসারণের বিষয়ে আলোচনা হয়েছে। সেই আলোচনার পরিপ্রেক্ষিতে কোনও আশার খবর আছে কি?

**শ্রী মহঃ আমিন ঃ** পশ্চিমবঙ্গে রেলওয়ের ব্যাপারে যতগুলি সমস্যা আছে, প্রায় সব কয়টিই আমরা কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছি। ইতিমধ্যে দু' একটি কাজও হয়েছে। যেমন ব্যান্ডেল কাটোয়া সেকশনে ইলেক্ট্রিফিকেশনের দাবি ছিল এবং পেন্ডিং ইলেক্ট্রিফিকেশন ডিজেল ইঞ্জিন দেওয়া হোক, এই নিয়ে কাটোয়ার লোকেরা এবং সেখানকার এম. এল. এ. আন্দোলন করছিলেন। সেটা হয়েছে, ডিজেল ইঞ্জিন চালু হয়েছে। তার পরে শিয়ালদহ লালগোলা সেকশনে ইলেক্ট্রিফিকেশন যতক্ষণ না হচ্ছে ততক্ষণ ডিজেল ইঞ্জিন দেওয়ার দাবি করা হয়েছে। তবে এখনও পর্যন্ত সেটা করবেন, কি করবেন না, তা বলেননি। তবে ব্যাপারটা বিবেচনাধীন আছে, এটা নিয়ে আবার আলোচনা হবে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** উত্তরবঙ্গের সঙ্গে কলকাতার রেল যোগাযোগের যে প্রস্তাব এই বিধানসভায় গ্রহণ করা হয়েছিল, সেই সম্বন্ধে কি মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন?

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ৩/৪টি সাজেশন ছিল কেন্দ্রের কাছে এবং কেন্দ্রীয় মন্ত্রী কয়েকটি মেনে নিয়েছেন। তাহলে আপনি কি আশাবাদী যে বাকি যে কটি আছে সেইগুলি রেলমন্ত্রী মেনে নেবেন?

**শ্রী মহঃ আমিন ঃ** আশা সব সময়ে রাখা হয়েছে।

## কলকাতা এলাহাবাদ নৌ পরিবহন

***২০৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৪।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতা-এলাহাবাদ (ভায়া জঙ্গিপুর লক গেট ও ফরাক্কা) নৌ পরিবহন ব্যবস্থা চালু করার সিধান্ত গ্রহণ করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, কবে নাগাদ উহা চালু করা হইবে ; এবং

(গ) উক্ত জলপথের স্টেশন, জেটি ইত্যাদি কোথায় নির্মিত হইবে?

**শ্রী মহঃ আমিন ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই পরিবহন সম্পর্কে কেন্দ্রীয় সরকার একটি কমিটি বসিয়েছিলেন এবং তারা এই সম্পর্কে মানে নৌ পরিবহন ব্যবস্থা চালু হবে—এই রকম সুপারিশ করেছেন কি?

**শ্রী মহঃ আমিন ঃ** শুধু তাই নয়, ব্যাপারটা অনেক দূর এগিয়ে গেছে। কেন্দ্রীয় সরকার আমাদের জানিয়েছেন যে, হলদিয়া থেকে ফরাক্কা পর্যন্ত ন্যাশনাল ওয়াটারওয়েজের ডিক্লারেশনের সমস্ত প্রস্তুতি হয়ে গেছে, আইনের বিলও তৈরি হয়ে গেছে। লোকসভার এই অধিবেশনে প্লেস হবে—এই প্রতিশ্রুতি ওনাদের কাছ থেকে পেয়েছি এবং এ কথা তারা বলেছেন যে এলাহাবাদ পর্যন্ত তারা এক্সটেন্ড করতে চান। কিন্তু আমরা প্রস্তাব দিয়েছি—হলদিয়া থেকে ফরাক্কা পর্যন্ত টেকনো, ইকোনমিক সার্ভে হয়ে গেছে কিন্তু ঐ ফরাক্কা থেকে এলাহাবাদ পর্যন্ত সার্ভে করতে দীর্ঘ সময় মানে ২ বছর লাগবে, সেইজন্য ওটার জন্য অপেক্ষা না করে, ঐ ফরাক্কা পর্যন্ত করতে বলেছি এবং পরবর্তী স্টেজে এলাহাবাদ পর্যন্ত নিয়ে যাওয়ার জন্য বলেছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এটার সার্ভে হয়ে গেছে। হলদিয়া থেকে ফরাক্কা পর্যন্ত যদি সার্ভে হয়ে গিয়ে থাকে তাহলে আমি জানতে চাচ্ছি, এই পরিবহন ব্যবস্থা নিয়ন্ত্রণ করবে রাজ্য সরকার না কেন্দ্রীয় সরকার?

**শ্রী মহঃ আমিন ঃ** এটা ন্যাশনাল ওয়াটারওয়েজ থেকে যদি ডিক্লিয়ার হয় তাহলে অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল এরিয়ার ব্যবস্থা আমরা করব আর টাকা পয়সা দিয়ে কেন্দ্রীয় সরকার সাহায্য করবে।

**পশ্চিমবঙ্গে পাট চাষ নিয়ন্ত্রণ**

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৫।) **শ্রী নীহারকুমার বসু ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার পশ্চিমবঙ্গের পাট চাষ নিয়ন্ত্রণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্য হ'লে, এই নিয়ন্ত্রণের কারণ কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ও (খ) ঠিক নিয়ন্ত্রণ নয়, পাটের মূল্য কৃষকরা পাচ্ছেন 'না বলে কৃষিদপ্তর পাটের পরিবর্তে অন্য লাভ জনক চাষে উৎসাহিত করছে।

অন্যদিকে পাটের গড় ফলন যাতে বৃদ্ধি পায় তার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এই পাট খরিদ করার সময়ে যে টাস্ক ফোর্স গঠন করা হয়েছিল তাদের রেকমেন্ডেশনটা কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই টাস্ক ফোর্স পাট কেনার যে রেকোমেন্ডেশন করেছে, সেটা হচ্ছে ৪০ থেকে ৫০ পারসেন্ট পাট কেনা উচিত এবং ঐ ৫০ পারসেন্টের অর্ধেক কিনবে রাজ্য সরকার আর অর্ধেক কিনবে কেন্দ্রীয় সরকার—এই সুপারিশ তারা করেছেন।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, বাংলাদেশ থেকে বেআইনি ভাবে বহু পাট আমাদের পশ্চিমবাংলায় আসছে—এটা রাখবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** রাজ্য সরকার এ বছর জুট-কার্ড চালু করবেন এবং তারজন্য ৫৫টি ব্লক বেছে নিয়েছি সীমান্তের কাছা-কাছি এবং সেখানে কৃষকদের জুট কার্ড দেওয়া হবে। তাদের কাছ থেকে এই সব সংস্থাগুলি পাট কিনবে।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী কমল সরকার ঃ** আমার অতিরিক্ত প্রশ্নটা হচ্ছে প্রাথমিক স্তরটা নেই, এই কথা বলা হয়েছিল, তা এখনও কি সেই অবস্থায় আছে, না আপনারা সাথে সাথে পাট চাষীদের কাছ থেকে পাট কিনে নিয়ে বিক্রির কোনও ব্যবস্থা করেছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের টাস্ক ফোর্স সুপারিশ করেছেন যে, রাজ্য সরকারকে পনেরো পারসেন্ট পাট কিনতে হবে। তাহলে সেই পাট যাতে কেন্দ্রীয় সরকার ঠিক করে দেন যে আমাদের দেশে যে জুটমিলগুলো আছে তারা যাতে রাজ্য সরকারের কাছ থেকে পাট কিনতে বাধ্য হয়, সে দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে—আপনি বলেছেন যে নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হচ্ছে। যে সমস্ত চাষীরা পাট চাষ বন্ধ করে অন্য চাষ করবে তাদের জন্য কোনও বিশেষ সুযোগসুবিধার ব্যবস্থা করছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যে সমস্ত চাষীরা বিকল্প চাষ করবেন তাদের আমরা মিনিকীট, লোন, এবং তারা যাতে ভরতুকি পান—আমরা এই ধরনের সুবিধা তাদের করে দেব।

**শ্রী নীহারকুমার বসু ঃ** পাট চাষ নিয়ন্ত্রিত হবার পর বিকল্প ফসল সাধারণত কি হবে, এ সম্পর্কে সরকার কি চিন্তাভাবনা করছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** বিকল্প ফসল হচ্ছে, আউশ, বাদাম, তিল, শাক সবজি ইত্যাদি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমাদের সরকার বা কেন্দ্রীয় সরকারের এই রকম কোনও ব্যবস্থা আছে, যাতে করে বিদেশ থেকে কত পাট আসছে কি আসছে না সেটা ধরার কিছু ব্যবস্থা আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** বিদেশ থেকে যে পাট আসছে বে-আইনিভাবে সেটা ধরবার কোনও ব্যবস্থা নেই, সেজন্য আমরা এবার জুট কার্ড চালু করেছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** জুট কার্ড চালু করেছেন বটে, কিন্তু নিয়ন্ত্রণটা কে করবে, বর্ডার থেকে পাট আসছে কি আসছে না এটা দেখেন কে?

**শ্রী কমলকান্তি গুহ :** এটা কেন্দ্রীয় সরকারের শুল্ক বিভাগ এবং সীমান্তরক্ষী যারা আছেন তাদেরই দেখবার দায়িত্ব।

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে পাটের সংগ্রহ মূল্য কত এবং কত করে কেনা হয়?

**শ্রী কমলকান্তি গুহ :** পাটের সর্বনিম্ন দর ৩০০ টাকা প্রতি কুইন্টাল।

**শ্রী সন্দীপ দাস :** আপনারা কত করে কিনেছেন?

**শ্রী কমলকান্তি গুহ :** আগামী বছর যদি কিনতে হয়—আমরা যে দরটা সুপারিশ করি সেটা যদি কেন্দ্রীয় সরকারের মনোনীত হয় বা তারা যদি নির্ধারিত একটা দর ঠিক করে দেন তাহলে সেই দরেই কিনতে হবে। কিন্তু সেটা করলে আমরা ব্যাঙ্ক থেকে টাকা পাব না।

**শ্রী রজনীকান্ত দলুই :** আমাদের বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় পাট চাষ নিয়ন্ত্রণ করার প্রস্তাব নিয়েছেন, এ ধরনের পাট চাষের প্রপোজাল আমাদের স্টেট গভর্নমেন্টের মতো আর কোনও স্টেট গভর্নমেন্ট নিয়েছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** আর কোনও সরকার নিয়েছেন কিনা জানি না, আমরা পাট চাষীদের কথা ভাবি বলেই নিয়েছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** ৩০০ টাকা করে পার কুইন্টাল রেকমেন্ড করেছেন, তাতে আমাদের সরকারের যে সমস্ত সমবায় সংস্থা আছে তারা ঐ দামে কিনছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** এ পর্যন্ত জানি যে কেন্দ্রীয় সরকার দাম ঠিক করে দেন, সেই দামের বাইরে কিনতে গেলে রিজার্ভ ব্যাঙ্ক টাকা দেবে না।

**শ্রী হরিপদ জানা :** দামটা কত?

**শ্রী কমলকান্তি গুহ :** কেন্দ্রীয় সরকার দাম ঠিক করে দেন আগেই বলেছি। জে. সি. আই. কো-অপারেটিভ এজেন্ট হিসাবে কেনে। জে. সি. আই. যে দাম ঠিক করে দেবে সেই দামেই কিনতে হবে।

**শ্রী হরিপদ জানা :** সেইটেই জানতে চাচ্ছি, যে দামটা তারা কত ঠিক করেছেন?

**শ্রী কমলকান্তি গুহ :** টেবিলে আছে দেখে নেবেন। এতদিন পরে সব বলা যায় না, সদস্য হিসাবে আপনার এটা আগেই জানা উচিত ছিল।

**বীরভূম জেলার নলহাটি ও মুরারই থানায় গভীর নলকূপ স্থাপন**

***২১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৮।) **শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি :** কৃষি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার নলহাটি ও মুরারই থানায় ''গভীর নলকূপ' বসানোর পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে, মোট কয়টি নলকূপ বসানো হইবে ; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) সরাসরি সরকারি তত্ত্বাবধানে নূতন গভীর নলকূপ স্থাপনের কোনও পরিকল্পনা বর্তমানে নাই। তবে সরকারি মালিকানাধীন রাজ্য জলসেচ নিগম নলহাটি থানায় ১টি গভীর নলকূপ স্থাপনের কাজ হাতে লইয়াছেন এবং মুরারই থানায় অপর ৩টি গভীর নলকূপ স্থাপনের প্রস্তাব তাহাদের বিবেচনাধীন আছে ;

(খ) নলহাটি থানায় ১টি এবং মুরারই থানায় ৩টি—আপাতত মোট এই ৪টি নলকূপ বসানোর প্রস্তাব আছে ;

(গ) নলহাটিতে নলকূপটি খননের পর গৃহ নির্মাণের কাজ হাতে লওয়া হইয়াছে। উহার বাকি কাজ এবং মুরারই থানার প্রস্তাবিত ৩টি নলকূপ খননের কাজ ব্যাঙ্ক ও এ. আর. ডি. সি.-র আর্থিক অনুমোদন পাওয়ার পর পর্যায়ক্রমে হাতে লওয়া হইবে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** কটা নলকূপের টেস্ট বোরিং হয়েছে এবং কটার বাকি আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** নলহাটিতে নলকূপ খনন করার জন্য গৃহ নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে, তবে মুরারই-এর কাজ ব্যাঙ্কের অনুমোদন পেলে আরম্ভ হবে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** টেস্টিং বোরিং প্রথম করতে হয়—সেই কাজ কি হয়ে গেছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যে ৪টির কথা বললাম সে ক্ষেত্রেও স্টেট ওয়াটার বোর্ড গ্রীন সিগন্যাল দিয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** রাজ্যের ক্ষেত্রে সেচ নিগম সংস্থা আর ডিপ টিউবওয়েল করবেন না এরকম কি নির্দেশ দিয়েছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি নির্দেশ দিয়েছি যেগুলি হাতে নেওয়া হয়েছে সেগুলি যখন তৈরি হয়ে যাবে তখন বাকিগুলিতে হাত দিতে বলেছি।

**কলকাতা ট্রামের শতবার্ষিকী উপলক্ষে লটারি**

***২১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৯।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা ট্রামের শতবার্ষিকী উপলক্ষ্যে যে লটারির ব্যবস্থা হয়েছিল, তাতে কত সংখ্যক টিকিট বিক্রি হয়েছিল ;

(খ) এরূপ লটারির প্রস্তাব ভবিষ্যতে সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(গ) উক্ত অনুষ্ঠিত লটারির সমস্ত পুরস্কার বিতরণ করা হয়েছে কিনা?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) মোট ১০,৮৯,১৪৯টি দৈনিক টিকিট বিক্রয় হইয়াছিল।

(খ) আপাতত নাই।

(গ) এখনও করা হয় নাই।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** লটারি অনেক দিন হওয়া সত্ত্বেও পুরস্কারগুলি এত দিন পরেও বিতরণ করলেন না কেন?

**শ্রী মহঃ আমিন ঃ** সব কমপ্লেন এসে পৌছায়নি, মাত্র ২৭টা হাতে এসেছে, বাকিগুলি আসলে শীঘ্রই এইগুলো দিয়ে দেওয়া হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পুরস্কারগুলো কি কি দয়া করে জানাবেন কি?

**শ্রী মহঃ আমিন ঃ** উক্ত লটারিতে ফার্স্ট প্রাইজ ছিল গদরেজ রেফ্রিজারেটর, সেকেন্ড প্রাইজ ই. সি. টেলিভিশন এবং থ্রাড প্রাইজ রেডিও টেপরেকডার। এছাড়া আরও ২০০ টি স্পেশ্যাল প্রাইজ।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** রাজ্য সরকার কি লটারির লাভ থেকে এই পুরস্কারের ব্যবস্থা করেছিলেন?

**শ্রী মহঃ আমিন ঃ** ট্রাম কোম্পানির শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে এই লটারির আয়োজন করা হয়েছিল। সাধারণত দৈনিক যে টিকিট বিক্রি হয় তার পরিমাণ হ'ল দেড় লক্ষ টাকা। কিন্তু ঐ দিন টিকিট বিক্রি হয় ১ লক্ষ ৯১ হাজার টাকা। অর্থাৎ ৪১ হাজার টাকা বাড়তি আয় হয়েছিল। এবং প্রাইজ দেবার পর লাভ খুব কমই থাকবে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ফার্স্ট প্রাইজ-এর কমপ্লেন এখনও পর্যন্ত এসেছে কি?

**শ্রী মহঃ আমিন ঃ** আমাদের কাছে এখনও পর্যন্ত ফার্স্ট সেকেন্ড এবং থার্ড প্রাইজের কোনও কমপ্লেন আসেনি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** প্রতিটি কর্মচারিকে এইচ. এম. টি. ঘড়ি দেবার কথা বলেছিলেন, সেটা দেওয়া হয়েছে কি?

**শ্রী মহঃ আমিন ঃ** সরকার প্রতিশ্রুতি মতো ওর্ডারও এইচ. এম. টি.-তে প্লেস করেছেন কিন্তু মাননীয় সদস্য হয়ত জানেন এইচ. এম. টি. কোম্পানিতে গত ২ মাস ধরে ধর্মঘট চলছে। সেজন্যই কর্মচারিদের এখনও ঘড়ি দেওয়া সম্ভব হয়নি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ট্রাম কোম্পানির শতবার্ষিকী উপলক্ষ্যে যে প্রাইজ উক্ত লটারির মাধ্যমে দেওয়ার কথা ছিল সেখানে কি কোনও কংগ্রেস (আই) পার্টি সদস্যকে মনোনীত করা হয়েছিল?

**শ্রী হাবিবুর রহমান ঃ** আমিন স্টাফদের জন্য এইচ. এম. টি. কোম্পানির যে ঘড়ি দেবার কথা বলেছিলেন, সেটা কি লটারি লভ্যাংশর টাকা থেকে, না কোম্পানির নিজস্ব টাকা থেকে দেবার কথা বলেছিলেন?

**শ্রী মহঃ আমিন ঃ** লটারি টিকিট বিক্রি করে এই দিন ১ লক্ষ ৯১ হাজার টাকা পাওয়া গিয়েছিল। কিন্তু কর্মচারিদের ঘড়ি দেওয়ার জন্য খরচা পড়বে ১৮ লক্ষ টাকা।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এটা কি ঠিক যে ঘড়ি দেওয়া ব্যাপারে চিপ মিনিস্টার রাজি হননি?

**শ্রী মহঃ আমিন ঃ** না, এটা ঠিক নয়।

## Issue of National, Zonal and Countersignature Permits for Public Carrier Vehicles

***213**. (Admitted question No. *723.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home(Transport) Department be pleased to state—

(a) if it is a fact that the State Transport Authority, West Bengal, has proposal to issue National, Zonal and Countersignature Permits for Public Carrier (Goods) Vehicles for movement on inter-State routes ;

(b) if so—

(i) what are the criteria, principles which the S.T.A. is likely to follow in selecting the applicants,

(ii) which model of vehicles are likely to receive preference in the matter, and

(iii) whether there is any proposal to reserve a fixed number of permits for applicants belonging to Scheduled Castes, Scheduled Tribes and Muslim Communities ?

**Shri Mohammed Amin :**

(a) Yes,

(i) There is no fixed criteria/principle. It is for the STA to determine the criteria by which the applicants will be selected.

(ii) It is for the STA to decide.

(iii) The STA is expected to take into account the statutory provisions relating to reservations of certain percentage of the permits for the Scheduled Caste & Scheduled Tribe which is considering applications to grant of permits. The M.V. Act does not provide for any reservation for Muslim candidates.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পাবলিক কেরিয়ারগুলিকে ন্যাশনাল পারমিট দেওয়ার জন্য এস. টি. এ. কি প্রস্তাব করেছ?

**শ্রী মহঃ আমিন ঃ** এ বিষয়ে নোটিশ লাগবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি কি জানেন শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব্সদের প্রায়রিটি দেওয়ার ব্যাপারে এস. টি. এ. প্রভিসন মানছে না?

**শ্রী মহঃ আমিন ঃ** না, আমার কাছে এরকম কোনও অভিযোগ আসেনি।

## ADJOURNMENT MOTION

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি আজ ৩টি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম ও দ্বিতীয় নোটিশে শ্রী রজনীকান্ত দলুই ও শ্রী হরিপদ জানা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আসন্ন সমাবর্তন উৎসবে রাজ্যপালের যোগদান না করার বিষয়টি নিয়ে আলোচনার প্রস্তাব করেছেন। যেহেতু বিষয়টি আচার্য ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্পর্কিত অতএব এতে রাজ্য সরকারের প্রত্যক্ষ কোনও দায়িত্ব নেই। সুতরাং মুলতবি প্রস্তাবের পক্ষে এইগুলি অনুপযোগী এবং এই প্রস্তাব দুটি উত্থাপনে আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তৃতীয় নোটিশের শ্রী কাজি হাফিজুর রহমান ও শ্রী সামসুদ্দিন আহমেদ মুর্শিদাবাদের ভগবানগোলা থানায় ডিহিপাড়া গ্রামে কয়েকটি বাড়িতে দুষ্কৃতকারির আক্রমণ ও জিনিসপত্র লুঠের ঘটনার উল্লেখ করে এ বিষয়ে আলোচনার প্রস্তাব রেখেছেন। বিষয়টি সাধারণ আইন-শৃঙ্খলা সম্পর্কিত। এর প্রতিকার প্রচলিত আইনের মাধ্যমেই হওয়া সম্ভব। সুতরাং এই মুলতুবি প্রস্তাবে আমার অসম্মতি জ্ঞাপন করছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

যাদবপুর বিশ্ববিদ্যালয়-এর সমাবর্তন উৎসব নিয়ে রাজ্যপাল ও রাজ্য সরকার এবং উপাচার্যের মধ্যে বিরোধ।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসব নিয়ে রাজ্যপাল ও ঐ বিশ্ববিদ্যালয়ের আচার্যের সঙ্গে রাজ্য সরকার ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরোধ তীব্রতর আকার ধারণ করেছে।

যেহেতু বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবের জন্যে আচার্যের সম্মতি নেওয়া হয়নি, তাই তিনি ঐ উৎসবকে অবৈধ বলে ঘোষণা করেছেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন নিয়ে যে ভাবে একটি সংকট সৃষ্টি হয়েছে সে সম্বন্ধে সভার অন্যান্য কাজ বন্ধ করে একটি বিস্তারিত আলোচনা হোক।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** জনসাধারণ-এর পক্ষে গুরুত্বপূর্ণ সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসব রাজ্যপাল এবং রাজ্য সরকার এবং উপাচার্যের মধ্যে বিরোধ।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসব আগামী ৭ই মার্চ, শনিবার অনুষ্ঠিত হচ্ছে। এই সমাবর্তন উৎসবকে কেন্দ্র করে রাজ্যপাল ও বিশ্ববিদ্যালয়ের আচার্যের সঙ্গে রাজ্য সরকার ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরোধ তীব্র থেকে তীব্রতর আকার ধারণ করেছে। রাজ্যপাল মনে করেন এই সমাবর্তন অনুষ্ঠান সম্পূর্ণ অবৈধ। কারণ এই অনুষ্ঠানের জন্য বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন নিয়ে রাজনৈতিক সংকট সৃষ্টি করতে চাইছেন। এই অবস্থার নিরসন হওয়া দরকার।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, এই একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনি এই ব্যাপারে মন্ত্রী মহাশয়কে একটা বিবৃতি দিতে বলুন।

**মিঃ স্পিকার ঃ** আমি দেখছি চিফ হুইপের সঙ্গে আলোচনা করে। তবে আপনারা এডুকেশন বাজেটের ডিসকাশনের সময় এ সম্বন্ধে বলতে পারেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** স্যার, আমি আপনার অনুমতি চাইছি কিছু বলার জন্য। আমি গত কাল এ ব্যাপারে একটা কলিং অ্যাটেনশন দিয়েছিলাম, আপনি সেটা অ্যালাউ করেন। তখন আমি মেনশন-এর সময় এটা বলেছিলাম। আপনি বলছেন এডুকেশন বাজেটের সময় এই সম্বন্ধে আলোচনা করতে পারেন। কিন্তু এই কনভোকেশন এডুকেশন বাজেটের আগেই হবে। আপনি মন্ত্রী মহাশয়কে তার আগেই একটা বিবৃতি দিতে বলুন। আপনি স্যার, মনে করলে এটা করতে পারেন। স্যার, এর সঙ্গে মুখ্যমন্ত্রী জড়িত এবং কাগজে নানা রকম বিবৃতি বেরোচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, এ নিয়ে একটা বিশৃঙ্খলার সৃষ্টি হচ্ছে। চিফ মিনিস্টার এর সঙ্গে জড়িত। আপনি কালই একটি বিবৃতি দিতে বলুন চিফ মিনিস্টারকে।

**মিঃ স্পিকার ঃ** এটা এডুকেশন মিনিস্টারের সাবজেক্ট, আমি কথা বলে দেখছি এডুকেশন মিনিস্টারের সঙ্গে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, এটা একটা ভাইট্যাল ইস্যু। যেহেতু চিফ মিনিস্টার ইনভলভড, আপনি তাকে একটা স্টেটমেন্ট দিতে বলুন।

**মিঃ স্পিকার ঃ** আপনি বসুন, আমি জানি এটা এডুকেশন মিনিস্টারের সাবজেক্ট আমি এডুকেশন মিনিস্টারের সঙ্গে কমিউনিকেশন করে দেখছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, এটা একটা সিরিয়াস ইস্যু আপনি একটু সিরিয়াসলি চিন্তা করুন। এখানে পরিষদীয় মন্ত্রী আপনি এ ব্যাপারে তাকে একটু বলুন। কালই একটা স্টেটমেন্ট দিতে বলুন।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি আজ নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ

১) ব্রুক বন্ড ইন্ডিয়া লিমিটেডের অন্যান্য শাখা অফিসগুলি বাহিরে লইয়া যাওয়ার বিজ্ঞপ্তি—শ্রী দীনবন্ধু মাজি, শ্রী মহঃ নিজামুদ্দিন এবং শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়।

২) খাদ্য কর্পোরেশন থেকে রাজ্য সরকারের খাদ্য সংগ্রহ ও বন্টনকার্য স্থগিত—শ্রী সামসুদ্দিন আহমেদ, শ্রী কাজি হাফিজুর রহমান এবং শ্রী ধীরেন্দ্রনাথ সরকার।

3) Suspension of bread supply to Primary School students—Shri Rajani Kanta Doloi.

4) Lathi charge by Police on the labourers at Santaldih on 28. 2. 81—Shri Rajani Kanta Doloi.

5) Major damage in the transformer of Durgapur Projects Ltd.—Shri Rajani Kanta Doloi.

6) Police firing in the Inda area of Kharagpur Town on 3. 3. 81—Shri Rajani Kanta Doloi.

7) Token strike by students of Viswa Bharati Siksha Bhawan on 28. 2. 81—Shri Rajani Kanta Doloi.

8) Recent decision of Criminal Procedure Cases by Shri Rajani Kanta Doloi.

9) Reported theft of jewellery from a house in Colootala Street on 2. 3. 81 by Shri Rajani Kanta Doloi.

10) Arrest of students of Ranaghat College on 1. 3. 81—Shri Rajani Kanta Doloi.

11) Refusal of Governor to attend the convocation of Jadavpur University—Shri Janmejay Ojha.

আমি ব্রুকবন্ড ইন্ডিয়া লিমিটেড অন্যান্য ব্যবসা কলকাতার বাইরে লইয়া যাওয়ার বিজ্ঞপ্তি বিষয়ের উপর শ্রী দীনবন্ধু মাঝি, শ্রী মহঃ নিজামুদ্দিন এবং শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** ১২ই মার্চ, ১৯৮১।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু নিবেদন করছি। স্যার, কাল শিবরাত্রি। আমরা এখানে হয়ত অনেকেই মানি না। কিন্তু আমরা যারা মানি এই সংখ্যালঘু যারা রয়েছি তাদের আগামী কাল ৬টা পর্যন্ত হাউস করা মুশকিল। স্যার, হয় কাল আপনি হাউস বন্ধ রাখুন নতুবা কাল সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত হাউস করুন। লোকসভা কাল বন্ধ আছে—আপনি স্যার কাল হাউস বন্ধ রাখুন। এটা একটু স্যার বিবেচনা করুন।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-charge of Food and Supply Department will now make a statement on the subject of alleged apprehension of break-down of rationing system (Attention called by Shri Rajani Kanta Doloi on the 2nd March, 1981.)

**Shri Sudhin Kumar :** Mr. Speaker, Sir, the programme of agitation launched by the F. C. I., Deputationists' Association is continuing to affect seriously the delivery of foodgrains from F. C. I.'s godowns in Calcutta, the issue of permits from the Central Sales Organisation of the F.C.I., and the unloading of foodgrain wagons, particularly at Howrah and Cossipore.

The agitation which began on 16. 2. 81 intensified further during the past week. The most adverse effect of the agitation has been on the issue of permits to ration dealers. The progressive decline in the issue of permits has naturally resulted in greatly reduced deliveries from the F. C. I. godowns. The following table will show now the number of permits issued per day has declined :—

| | | |
|---|---|---|
| 16.2.81 | — | 978 |
| 17.2.81 | — | 1005 |
| 18.2.81 | — | 802 |
| 19.2.81 | — | 763 |
| 20.2.81 | — | 726 |

| | | |
|---|---|---|
| 21.2.81 | — | 535 |
| 22.2.81 | — | Sunday |
| 23.2.81 | — | 389 |
| 24.2.81 | — | 396 |
| 25.2.81 | — | 316 |
| 26.2.81 | — | 141 |
| 27.2.81 | — | 198 |
| 28.2.81 | — | 82 |

It is apprehended that unless the issue of permits is restored to its normal level immediately, the issue of rations in the statutory rationing area would be threatened.

The lifting figures from F.C.I. depots during this period also indicate that deliveries have fallen well below the average of about 1690 M.T. per day during the first five days of the agitation itself. On 27.2.81 it fell to as low a figure as 600 M.T., and the position was even worse on 28.2.81, i,e, only about 300 M.T.

The deputationists' agitation also had an indirectly adverse effect on the handling of foodgrain wagons at Howrah and Cossipore. At Howrah unloading is done through a contractor's labourers, at Cossipore this is done by departmental labourers of the F.C.I. At Howrah, the handling labourers had reportedly not been paid by the contractor who in turn had not received payment from the F.C.I. Some ad-hoc disbursements were made, but the problem of slower handling and unloading of wagons remains. At Cossipore the deputationists are reportedly preventing F.C.I.'s own employees from functioning normally.

Local officials of the F.C.I. have until now been claiming that the current agitation of the deputationists would not have any appreciable adverse effect on the supply of foodgrains for the Calcutta Statutory Rationing Area. The figures above show that this claim is not true. In fact, when the position of lower deliverious and issue of permits was pointed out to the F.C.I. officials on 21.2.81, the response received was that, according to them, no anticipatory action was called for and that suitable steps would be taken on the basis of actual experience. In the course of meetings in this regard taken last week by the Chief Minister, F.C.I. officials have even stated that the tempo of activity of F.C.I. employees during the current agitation had not fallen below its

normal level. Further, the reduced lifting at Cossipore was attributed to differences between the A. R. dealers and their transport contractors over rates, and not to any lapses on the part of the deputationists. This, again, was not the correct position. The transport contractors have specifically stated to me in writing that they were not in a position to lift foodgrains at Cossipore on 21.2.81 as they did not receive any permit from the C.S.O. They have in fact pledged their support to the State Government for maintaining the supply line in the S. R. areas.

The State Government has suggested that the recalcitrant elements in the permit office of the F.C.I. may be replaced by either F.C.I.'s own employees or by fresh deputationists from the State Government. At any rate, the State Government cannot be a silent spectator in the present situation. It continues to be the F.C.I.'s responsibility to keep ration dealers and through them the population of Calcutta and its neighbourhoods, provided with foodgrains, and to ensure that statutory rationing does not break down. We have repeatedly impressed upon F.C.I. that this responsibility has to be fulfilled and were assured that things would become normal from Monday i.e., 2.3.1981. As this assurance did not materialise and no permits were issued, deliveries made or drafts for indents accepted by the F.C.I. I called the F.C.I. officials again, to review the situation. They have now told us that the work pertaining to issue of permits and delivery of foodgrains would normalise from Tuesday the 3rd March, 1981. Upto 12.00 noon to-day, they have not reported to me as was required of them. I am afraid the conclusion is in escapeable that much as the F.C.I. headquarter is anxious to hand over internal responsibilities of the F.C.I. and the State Government ready to take over, the local F.C.I. is totally opposed to changeover and is not taking the necessary steps in this behalf.

[2-00 — 2-10 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি যে, ডেপুটেশনিস্ট কর্মচারিদের দাবিকে যদি উনি ন্যায়সঙ্গত মনে করেন তাহলে রাজ্য সরকারের পক্ষ থেকে এফ. সি. আই. কর্তৃপক্ষের উপর কোনও চাপ সৃষ্টি করা হচ্ছে কি?

**অধ্যক্ষ মহোদয় ঃ** এ বিষয়ে আর কোনও আলোচনা হতে পারে না।

**শ্রী সুধীন কুমার ঃ** ওরা গভর্নমেন্টের অনুমতি চেয়েছিলেন, আমরা অনুমতি দিয়েছিলাম। তারা বলেছিলেন, লিখিতভাবে দিন, আমরা বুঝে নেব এবং ওরা এ বিষয়ে আমাদের ইন্টারভেন করতে বলেলনি। আমরা কেন্দ্রীয় সরকারকে এবং এফ. সি. আই.-কে বলেছি যে, আপনারা ওদের নিয়ে নিন। তা না হলে এই যে গন্ডগোল হচ্ছে, এর থেকে আমরা রেহাই

পাব না। তারা বলেছেন, আমরা যে কাজ ছেড়ে দিচ্ছি সেই কাজের জন্য নিযুক্ত লোকেদের নিয়ে কি করব? যেহেতু ওরা রাজ্য সরকারের কর্মচারী সেহেতু রাজ্য সরকারকেই ওদের নিয়ে নিতে হবে।

## MENTION CASES

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্পিকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে বিভিন্ন সরকারি এবং বেসরকারি সংস্থায় লোক নিয়োগের জন্য এমপ্লয়মেন্ট মাধ্যমে লোক নিয়োগ করার নীতি গৃহীত হয়েছে এবং সেই অনুযায়ী বিভিন্ন বেসরকারি সংস্থাকে জানানো হয়েছে। কিন্তু বেসরকারি ক্ষেত্রে সেই নীতি বাস্তবে কার্যকর হচ্ছে না। অন্যদিকে বিভিন্ন বেসরকারি শিল্প সংস্থা যেভাবে লোক নিয়োগের দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে, তা স্থানীয় বেকার যুবকদের ক্ষেত্রে অত্যন্ত মারাত্মক আকার ধারণ করেছে। যে সমস্ত অবাঙালিরা ২/৩ পুরুষ ধরে পশ্চিমবাংলায় বসবাস করছেন তাদের অনেকেই বর্তমানে হিন্দি ভাষা বা তাদের নিজস্ব ভাষা ভুলে গেছেন। বর্তমানে বাংলাই তাদের নিজস্ব ভাষা হয়ে গেছে। তারা এই সমস্ত প্রতিষ্ঠানে যখন আবেদন করছেন তখন অনায়াসেই চাকরি পেয়ে যাচ্ছেন, কারণ তাদের পদবী দেখে ঐ সমস্ত সংস্থার নিয়োগ কর্তারা ভাবছে যে, ওরা বোধ হয় হিন্দি-ভাষী। এরা সাধারণত বেশির ভাগই পান্ডে, দ্বিবেদি, চর্তুবেদি ইত্যাদি। এদের মধ্যে আমাদের পরিচিত যারা আছেন তারা আমাদের বলছেন যে, আমরা এক প্রতিষ্ঠান থেকে আর এক প্রতিষ্ঠানে অনায়াসেই চাকরি পাচ্ছি।

আমরা বেসরকারি সংস্থায় দরখাস্ত করলেই চাকরি পেয়ে যাচ্ছি। অথচ অন্যদিকে স্থানীয় বাঙালি ছেলেরা এই সব সংস্থার কিছুতেই চাকরি পাচ্ছে না। এটা অত্যন্ত মারাত্মক ব্যাপার চলছে। এইসব প্রতিষ্ঠান ঠিক করে নিয়েছে যে, বাঙালি ছেলেদের চাকরিতে নেওয়া হবে না। আমি তাই বিষয়টির প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আগরওয়ালা, পান্ডে প্রভৃতিরা চাকরি পেয়ে যাচ্ছে। অথচ বাঙালি ছেলেরা চাকরি পাচ্ছে না। অথচ যারা দু তিন পুরুষ ধরে বাংলায় রয়েছে, বর্তমানে বাংলায় কথা বলতে পর্যন্ত পারে না তারাও চাকরি পেয়ে যাচ্ছে। এটা অত্যন্ত মারাত্মক বিষয়, তাই আমি বিষয়টির প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সন্তোষ রাণা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে বেকারদের নিয়োগ সংক্রান্ত। লোক নিয়োগের ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে অ্যাভয়েড করে ব্যাপক দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হচ্ছে। যে সংস্থায় এই জিনিস হচ্ছে সেটা কিন্তু কোনও বেসরকারি সংস্থা নয়, সেটা একটা সরকারি সংস্থা। কেন্দ্রীয় সরকারি সংস্থা ইস্টার্ন কোল ফিল্ড লিমিটেড লোক নিয়োগের জন্য নোটিফিকেশন ইস্যু করেছে এবং প্রস্তুতি শুরু করেছে। প্রায় ৩৪০ জন ট্রেনিং এবং জেনারেল মজদুর সমেত ৪ থেকে ৫ হাজার লোক নিয়োগ করা হবে। কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে এই কাজ হচ্ছে না। দুর্নীতিগ্রস্ত অফিসাররা এখানে টাকার খেলা খেলছেন এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে যুক্ত যে সমস্ত রাজনৈতিক পার্টি আছে, তাদের মস্তানরা এখানে দোকান খুলে বসেছে এবং তারা ফর্ম বিলি করছে।

[2-10 — 2-20 p.m.]

প্রায় ৪/৫ হাজার লোক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে অ্যাভয়েড করে নেওয়া হবে। এই রকম দুর্নীতি করে যদি হাজার লোক নেওয়া হয় তাহলে স্থানীয় মানুষদের মধ্যে বিক্ষোভের সৃষ্টি করবে এবং করেছেও। আমি আশা করব, রাজ্য সরকারের পক্ষ থেকে স্বয়ং মুখ্যমন্ত্রী মহাশয় এই ব্যাপারটি নিয়ে যেন ইস্টার্ন কোল ফিল্ডের সাথে কথাবার্তা বলেন এবং যেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নেওয়া হয়, তারজন্য যেন প্রয়োজনীয় ব্যবস্থা নেন।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮-২-৮১ তারিখ মুর্শিদাবাদ জেলার রানীনগর ১ নম্বর ব্লকের শ্রী কৃষ্ণপুর এবং ঘুঘুপাড়ার বাসিন্দা শ্রী পঙ্কজ মন্ডল, শ্রী নিতাই মন্ডল এবং শ্রী দুর্গাচরণ মন্ডল—এরা যখন কাঁচা রাস্তা পার হয়ে পাকা রাস্তা দিয়ে হাঁটছিল, সেই সময়ে মুর্শিদাবাদের অ্যাডিশনাল এস. পি. তার জিপের ড্রাইভারকে পাশে বসিয়ে রেখে এমন খারাপভাবে গাড়ি চালাচ্ছিল যার জন্য ঐ ৩ জন মানুষ গাড়িতে চাপা পড়ে। ঐ চাপা পড়ার সঙ্গে সঙ্গেই শ্রী পঙ্কজ মন্ডল স্পট ডেথ হয় আর নিতাইচরণ মন্ডল—আমার মনে হয় সারা জীবন পঙ্গু হয়ে যাবে। আমার প্রশ্ন হচ্ছে, রাত্রিবেলা অ্যাডিশনাল এস. পি. এমন ভাবে জীপ ড্রাইভ করে এই ৩ জন লোকের পরিবারের ক্ষতিসাধন করল—আমার মনে হয় এই রকম একজন এস. পি.-কে মুর্শিদাবাদ জেলায় রাখা উচিত নয়। আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ জানাব, অবিলম্বে এই ধরনের অ্যাডিশনাল এস. পি.-কে ঐ জেলা থেকে অপসারণ করা হোক। মুর্শিদাবাদ জেলার মানুষ, ঐ রাণীনগরের মানুষ ঐ অ্যাডিশনাল এস. পি.-র প্রতি আস্থা হারিয়ে ফেলেছে। আমি আবেদন জানাচ্ছি, অবিলম্বে ঐ অ্যাডিশনাল এস. পি.-কে অপসারণ করা হোক।

**মিঃ স্পিকার ঃ** অ্যাডিশনাল এস. পি.-কে ট্রান্সফার করা হোক—এই কথা আপনি বলতে পারেন না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এলেন তখন ওনারা বললেন পরিচ্ছন্ন প্রশাসন আমাদের সামনে রাখবেন। কিন্তু আমরা পরিচ্ছন্ন প্রশাসন তো দূরের কথা অত্যন্ত দুর্নীতি গ্রস্ত প্রশাসন দেখছি। আমি সেই দুর্নীতিগ্রস্ত প্রশাসনের দৃষ্টান্ত দিচ্ছি। কলকাতার বহু জায়গায় আন-অথরাইজড বাড়ি তৈরি হচ্ছে। গভর্নমেন্টের সাথে যোগসাজস করে, মন্ত্রীর সঙ্গে যোগসাজস করে ডেপুটি চিপ আরকিটেক্ট শ্রী বিশ্বনাথ মুখার্জি এবং পি.-কে ব্যানার্জি হাজার হাজার লক্ষ লক্ষ টাকা নিচ্ছে। আন-অথরাইজড বাড়িগুলি হচ্ছে, যেমন, ৫৮, বর্মন রোড, ২৫/২৯, কালীকৃষ্ণ টেগর স্ট্রিট, ৩, মাধব কিষ্ট শেঠ লেন, ১০, হরিশ মুখার্জি ফার্স্ট লেন, ৬৬/১, পথিডিয়ান ঘাট লেন, ৬৬/২, নিমতোলা ঘাট স্ট্রিট, ৫৪/এ, দুর্গানারায়ণ স্ট্রিট এবং রিপন স্ট্রিটের—একজন এম. এল. এ (সি. পি. এমের) ব্যবহারে জন্য আন-অথরাইসড কনস্ট্রাকশন করছে গভর্নমেন্টের সাথে কোনও রকম যোগযোগ না করে। লক্ষ লক্ষ টাকা নিয়ে-এইসব জিনিস করা হচ্ছে। এইভাবে দুর্নীতিগ্রস্ত প্রশাসন চলবে। আমি এর একটি কপি আপনাকে দিচ্ছি এবং আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী প্রশান্তবাবুকে দিচ্ছি যেন অবিলম্বে এর যথাযথ ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর পূর্বেও পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার অবনতির বিষয় নিয়ে অনেকবার এই মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, তার কোনও ফলাফল আমরা পাইনি। বর্তমানে একটি ঘটনা আমি আপনার মাধ্যমে তুলে ধরছি। মেদিনীপুর জেলার ভগবানপুর থানায় মলিনা মাইতি বলে এক ভদ্রমহিলাকে সি. পি. এমের লোকেরা দীর্ঘ দিন ধরে তাকে তার জমি চাষ করতে দেয়নি। জোর করে সোশাল বয়কট করে তাকে এবং তার পরিবারর্গকে চাষ করতে না দিয়ে তার পরিবারটিকে ধ্বংস করে ফেলবার উদ্দেশ্য নিয়েছে। এই যে ঘটনাগুলি ঘটছে এগুলি নিয়ে মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরদের বিভিন্ন সময় দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এফ. আই. আর. ও অনেক বার করা হয়েছে। পুলিশ অফিসারদের সি. পি. এমের ক্যাডাররা টাকা পয়সা এবং বিভিন্ন রকম ঘুষ ইত্যাদি কারবার করে তাদের বিরুদ্ধেই রিপোর্ট দেবার ব্যবস্থা করাচ্ছে এবং এই সমস্ত ঘটনাকে কেন্দ্র করে এস. ডি. ও., ডি. এন., এস. পি., সর্বস্তরেই জানানো হয়েছে। কিন্তু কোনও ফলাফল তারা পাননি। তাই তারা আমাকে এবং এ অঞ্চলের এম. এল. এ. শ্রী কিরণময় নন্দ মহাশয়কে জানিয়েছেন এবং তাকে একটা পত্র দিয়েছেন। মাননীয় চিফ মিনিস্টারকে আপনার মাধ্যমে জানাচ্ছি যে, এটার যেন একটা এনকোয়ারি করা হয়, যেন সেই ভদ্রমহিলা একটা অ্যাডমিনিস্ট্রেটিভ শেল্টার পান। তিনি এর একটা ব্যবস্থা করবেন এই আশা রেখে আমি ঘটনাটি আপনার মাধ্যমে তাকে জানাচ্ছি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি একটি করুণ কাহিনী তুলে ধরছি। গতকাল এই বিধানসভায় শ্রীমতী অপারাজিতা গোপ্পী মহিলাদের উপর একটি লাঞ্ছনার কথা তুলে ধরেছিলেন। সেটা ছিল পণপ্রথার বিরুদ্ধে। কিন্তু আমি আপনার মাধ্যমে যে কথা বলতে চাই সেটা হল এই যে, পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে আজকে মহিলাদের উপর অকথ্য নির্যাতন হচ্ছে। তাদের অপরাধ পণপ্রথা নয়, তাদের অপরাধ রাজনৈতিক আনুগত্যে। সেই জন্যই এমন একটি ঘটনা ঘটেছে। আমার কেন্দ্র দক্ষিণ বড়মূলা গ্রামে গত ২৪. ১. ৮১ তারিখে ঘটনাটি ঘটেছে এবং সেই ঘটনা পুলিশে ডাইরি করা হয়েছে। এটি এত মর্মন্তুদ এবং এতবেশি লজ্জাকর যে আপনি মুখ্যমন্ত্রীকে বলবেন এই ঘটনায় যারা জড়িত সেইসব দোষী ব্যক্তিদের যেন অবিলম্বে শাস্তির ব্যবস্থা করা হয়। সেই ভদ্রমহিলা একটা চিঠি লিখে আমার কাছে পাঠিয়েছেন, আমি আপনাকে চিঠিটি দেব। গত ২৪. ১. ৮১ তারিখে রাত্রি প্রায় ৯ টার সময়—সেদিন চাঁদের আলো ছিল, শ্রীমতী গীতা মাইতি এবং তার মেয়ে প্রমীলা মাইতিকে কৃষক সমিতির একদল সদস্য বাড়ি থেকে টেনে নিয়ে এসে রাস্তায় ফেলে দেয় এবং তাদেরকে প্রকাশ্য চন্দ্রালোকে উলঙ্গ করে তাদের উপর ধর্ষণ করে। গীতাকে ধর্ষণ করার পরে তাকে খুন করার চেষ্টা করা হয়। তার চিৎকারে গ্রামবাসীরা সেখানে জড় হয়, তখন তাদেরকে ছেড়ে দেওয়া হয়। পরদিন ভগবানপুর থানার পুলিশকে এই ঘটনা জানানো হয় এবং ঘটনার সত্যাসত্য প্রমাণিত হয়, পুলিশ আসামীদের গ্রেপ্তার করেনি, পুলিশ বলছে আপনারা আসামীদের যদি বেঁধে রাখতে পারেন তাহলে আমরা তাদেরকে গ্রেপ্তার করব। আজকে এই দুই জন মহিলার উপর অত্যন্ত অত্যাচার করা হচ্ছে এবং তারা যদি কেস না তুলে নেয় তাহলে খুন করা হবে। ভদ্রমহিলা একটি চিঠি লিখে জানিয়েছেন যে আমি আমার

সব খুইয়েই শুধু আমার জীবনটুকু রক্ষা পেয়েছি। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে গ্রামাঞ্চলের ভিন্ন রাজনৈতিক দলের মেয়েরা যাতে তাদের ইজ্জত নিয়ে বাঁচতে পারেন এবং নারী লাঞ্ছনাকারি দুষ্কৃতরা যাতে শাস্তি পায় মুখ্যমন্ত্রী সে বিষয়ে সচেষ্ট হবেন।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজ একাধিক সংবাদপত্রে এই সংবাদ বেরিয়েছে যে বর্তমান লোক গণনার সময়ে কুচবিহার এবং জলপাইগুড়ি জেলার কিছু মানুষ নিজেদের পরিচয় দিতে গিয়ে বলছে যে তারা কামতাপুরী ভাষায় কথা বলে। এই ভাষাটা যে কি তা আমাদের জানা নেই। অনেক জায়গায় পশ্চিমবঙ্গে অনেক ভাষার উল্লেখ আছে, কিন্তু কামতাপুরী বলে কোনও ভাষা নেই। ব্যাপারটা হল এই যে, ঐ এলাকায় দীর্ঘকাল ধরে একটা বিচ্ছিন্নতাবাদী আন্দোলন চলছে। আসামের পরিপ্রেক্ষিতে শুরু হয়েছে তা নয়, আসামে গোয়ালপাড়া, পশ্চিমবঙ্গ কুচবিহার, জলপাইগুড়ি জেলা এবং শিলিগুড়ি মহকুমা এটাকে যুক্ত করে কামতাপুরী পশ্চিমবঙ্গ থেকে আলাদা করে একটা রাজ্য সৃষ্টির চেষ্টা ঐ অঞ্চলের বিচ্ছিন্নবাদী দুষ্কৃতকারিরা করে আসছে। তার বিরুদ্ধে সাধারণ মানুষের এই বিক্ষোভ আছে। এই আন্দোলন যাতে জোরদার হয়—মনে হচ্ছে বিচ্ছিন্নতাবাদীরাই কি লোককে প্ররোচিত করে এটা লিখেছে। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি সেখানে অবিলম্বে খোঁজ নেওয়া হোক। লোকগণনার অফিসারদের দিয়ে যাতে নামগুলি বাদ দেওয়া হয় এবং বাংলা ভাষায় লেখা হয় সেটার চেষ্টা করা হোক।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** স্যার, আজ থেকে পশ্চিমবঙ্গের মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। এই পরীক্ষা শুরু হবার প্রাক্কালে আমাদের মুখ্যমন্ত্রী ছাত্রছাত্রী, শিক্ষক, অভিভাবকদের আহ্বান জানিয়েছেন যাতে সুশৃঙ্খল ভাবে পরীক্ষা হয়। আমি বহু পরীক্ষা কেন্দ্র গিয়ে দেখেছি যে প্রশ্নপত্র ভালোই এসেছে এবং পরীক্ষা শান্তিপূর্ণভাবে হচ্ছে। অথচ ১৯৭২ থেকে ১৯৭৪ সাল পর্যন্ত এই পরীক্ষাকে কেন্দ্র করে একটা প্রহসন সৃষ্টি হয়েছিল। কিন্তু এখন সুষ্ঠভাবে পরীক্ষা হচ্ছে। আশা করছি পরীক্ষা সুশৃঙ্খলভাবেই হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে ২/১টি কথা বলতে চাই। পশ্চিম দিনাজপুর জেলার বন্দুক লুঠের ঘটনার পর মালদহ জেলার বিভিন্ন থানায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। মালদহে তিনটা থানা গাজস, হবিবপুর, ভগবানপুরে কিছু সংখ্যক পুলিশ বৃদ্ধি করা হয়েছে, ওয়াচার রাখা হয়েছে যা অন্য থানায় করা হয়নি। পশ্চিম দিনাজপুর কিছু সমাজবিরোধী লোক মালদহ থানায় এসে আশ্রয় নিয়েছে কিন্তু থানায় যে সংখ্যক স্টাফ ছিল সেই সংখ্যা বৃদ্ধি করা হয়নি। এখান থেকে যা পুলিশ যাচ্ছে তা সমস্ত রায়গঞ্জে যাচ্ছে। সুতরাং মালদহ জেলার অন্য থানাগুলিকে যদি স্ট্রেনদেন না করা যায় তাহলে অল্প কয়েকদিনের মধ্যে সেখানেও এই ঘটনা ঘটবে। অল্প কয়েকদিন আগে কিছু ডাকাত মিটিং করে বলেছে 'নকশাল' নাম করে কিছু কাগজ ছাপাব কিন্তু বন্দুক আমরাই লুঠ করব। সেইজন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব অবিলম্বে যেন অন্য থানাগুলিকে স্ট্রেনদের করা হয় এবং ওয়াচার পাঠানো হয়।

**কাজি হাফিজুর রহমান ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি মর্মান্তিক ঘটনার প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভগবানগোলা থানায় ২৭.২.৮১ তারিখে রাত্রি ২/১০টা সময় ডিহি পাড়া গ্রামে নজরুল রয়েল, খোদাবক্স, সামসেদ, জামসেদ, আমির হোসেনদের বাড়ি জেলা পরিষদের সদস্য আল্লারাখা সাহেব এবং অঞ্চল প্রধান আলিমুদ্দিন সাহেবের নেতৃত্বে প্রায় ৫০০/৬০০ লোক সি. পি. এমের দুষ্কৃতকারিরা মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে লুঠপাঠ করেছে, জিনিসপত্র নিয়ে গেছে, ঘরবাড়ি ভেঙ্গে দিয়েছে, গয়না, টাকা পয়সা নিয়ে গেছে এবং তাকে মারধর করেছে। তারা সবসময় শাসাচ্ছে যে, তোমরা যদি আমাদের দলে না আস তাহলে তোমাদের খুন করব, পুলিশকে খবর দেওয়া হয়েছে কিন্তু পুলিশ একজনকেও গ্রেপ্তার করেনি। আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন তাড়াতাড়ি একটা ব্যবস্থা করেন এবং সেখানে একটা পুলিশ ক্যাম্প বসিয়ে মানুষ যাতে শান্তিতে বাস করতে পারেন, সেদিকে যেন দৃষ্টি দেন।

**শ্রী জনাব সামসুদ্দিন আহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বামফ্রন্টের ফুড মিনিস্টার এখানকার এফ. সি. আই.-কে তুলে দেবার যে কথা বলেছেন সেই ব্যাপারে বলতে চাই যে, উনি এফ. সি. আই.-কে বাদ দিয়ে সব কিছু রাজ্য সরকার করবেন বলে বলেছেন। কিন্তু যেখানে সর্বভারতীয় ভিত্তিতে ঐ সংস্থা খাবার দাবার আনা নেওয়া করে সেক্ষেত্রে এটি কি করে সম্ভব হবে? আর একটি কথা হল, ঐ সংস্থায় যে ৫ হাজার কর্মী আছেন, তাদের এফ. সি. আই. অনেক সুযোগ সুবিধা দেওয়া হয়ে থাকে, কিন্তু রাজ্য সরকার তাদের ব্যাপারে কোনও সুযোগ সুবিধা দিতে রাজি নন। এ ব্যাপারে মনে করা হচ্ছে তারা কো-অর্ডিনেশনের সমর্থক নন বলে তাদের ঐ ভাবে কিছু দেওয়া হচ্ছে না। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন ঐ ৫ হাজার কর্মীর ব্যাপারে কিছু করা যায় কিনা তার ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এই হাউসে রেখেছেন তাতে তিনি এটাকে নাকি শেষ বাজেট হিসাবে ধরে নিয়েছেন। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে তাকে জানাচ্ছি যে, আমি ৪ বছর আগে থেকে বলে আসছি যে পশ্চিম দিনাজপুরের কুশমন্ডি থানায় একটা ব্রিজ তৈরির অত্যন্ত প্রয়োজন। ঐ থানায় প্রায় ২৫/৩০ হাজার মানুষ বাস করেন। এরা বিগত ৬ মাস ধরে বাংলাদেশের সঙ্গে বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। ৪ বছর আগে আমি যখন তাকে কোয়েশ্চেন করি যে, আমাদের ওখানে ব্রিজটি কবে হবে তখন তিনি বলেছিলেন—সম্ভবত এই হাউসে ১৯৭৮ সালের কোনও এক সময়ে বলেছিলেন—শীঘ্রই ব্রিজের কাজ শুরু করা হবে। কিন্তু আজও তা শুরু করা হয়নি। সেজন্য মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি, তিনি যেন বর্তমান আর্থিক বৎসরে আগামী বর্ষার আগেই উক্ত ব্রিজটির কাজ শুরু করেন এবং ওখানকার মানুষদের রক্ষা করবার ব্যবস্থা করেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য ও সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, মেদিনীপুর জেলার গ্রামাঞ্চলে বিগত ২ সপ্তাহ ধরে রেশনে চাল, গম, ভোজ্য তেল পাওয়া যাচ্ছে না। আবার কেরোসিনও কোনও

দোকানে পাওয়া যাচ্ছে না। রেশন দোকানে ২ সপ্তাহ ধরে চিনি পাওয়া যাচ্ছে না, কিন্তু কালোবাজারে সেগুলি ১০/১২/১৪ টাকায় তা বিক্রি করা হচ্ছে, এবং ঐ এলাকার জনসাধারণ বাধ্য হচ্ছে চড়া দামে সেগুলি কিনতে। এর ফলে জনসাধারণের দুর্গতি ক্রমশই বেড়ে চলেছে। আমরা স্থানীয় কর্তৃপক্ষকে চিঠিপত্র দিয়েছি ও আলোচনাও করেছি, কিন্তু কোনও প্রতিকার পাওয়া যায়নি। সেজন্য মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, তিনি যেন অবিলম্বে চিনি এবং কেরোসিন যাতে পাওয়া যায় তার দিকে দৃষ্টি দেন।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। ২৪-পরগনা জেলার কুলপি থানার অধীন গৌরীপুরে পুলিশের চোখের সামনে জুয়ো খেলা হচ্ছে এবং এই জুয়ো খেলার সঙ্গে পুলিশও জড়িত রয়েছে। শুধু ওই জুয়ো খেলাই নয়, কংগ্রেস (আই)-এর কর্মীরা এবং পুলিশ একত্র হয়ে ওখানে ফিস্ট করছে। আমরা থানায় গিয়ে খবর দিলাম কিন্তু তারা আমাদের কথায় কান দিলেন না। কংগ্রেস (আই)-র কর্মীরা বলছে দেখব, আপনারা কি করতে পারেন। তারা শুধু জুয়োই খেলছে না, মদ খাচ্ছে এবং অশ্লীল নাটক করছে। কংগ্রেস (আই)-র লোকেরা পয়সা দিচ্ছে এবং রাত্রে ফিস্ট করছে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৬. ২. ৮১ তারিখে নদীয়া জেলার ধুবুলিয়ায় একটি দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছে, ডাঃ বি. সি. রায় চেস্ট স্যানাটোরিয়ামে। নদীয়া জেলার স্টেট জয়েন্ট কাউন্সিল অব হেলথ-এর সেক্রেটারি অমিয় মজুমদারের নেতৃত্বে হাসপাতালের কর্মচারী এবং বাইরের ৫০/৬০ জন লোক এসে সেখানকার অধ্যক্ষ ডাঃ ডি. কে. সাহার ঘরে গিয়ে দাবি করে তাদের একটা অক্সিজেন সিলেন্ডার দিতে হবে এবং সেই সিলেন্ডারটি ব্যবহৃত হবে তাদের নিজস্ব কোয়াটার্সের একজন রোগীর জন্য। হাসপাতালের নিয়ম হচ্ছে, হাসপাতালের অক্সিজেন সিলেন্ডার সেখানকার রোগীদের জন্যই ব্যবহৃত হবে এবং সেইজন্যই অত্যন্ত সংঙ্গত কারণে ডাঃ সাহা তাদের ওই দাবি মেনে নিতে পারেননি। তখন অমিয় মজুমদারের নেতৃত্বে ৫০/৬০ জন লোক এবং হাসপাতালের কর্মচারী এসে ডাঃ সাহার উপর অত্যাচার করে, তার টেবিলের কাঁচ ভেঙ্গে দেয় এবং আরও নানা রকম জুলুম করে। এরকম অবস্থা চললে হাসাপাতালের অবস্থা সঙ্গীন হবে। সেখানে ১,০০০ শয্যা রয়েছে এবং বর্তমানে রোগী রয়েছে ৯০০। ৩৩ জন মেডিক্যাল অফিসার থাকার কথা কিন্তু রয়েছেন মাত্র ৮ জন এবং তাদেরও নাকি বদলি হবার কথা হচ্ছে। আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি, ওই হাসপাতাল যেন স্বাভাবিকভাবে চলে, ওখানকার কর্মচারীরা এরকম অন্যায় আবদার সেখানকার অধ্যক্ষের উপর আর যেন না করেন, সেদিকে তিনি লক্ষ্য রাখবেন।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার ধনেখালি, পান্ডুয়া, মগরা, হরিপাল, সিঙ্গুর, দাদপুর, পোলবা, ভদ্রেশ্বর এবং বর্ধমানের জামালপুর থানার ৩৫২ বর্গমাইল এলাকা নিয়ে মজা নদীগুলি, যেমন, ঘিয়া, কুন্তি, কেদারমতি, সরস্বতী, ইন্দুরজুলকে, জোঁকা প্রভৃতির

সংস্কার কাজ ১৯৭৮ সাল থেকে শুরু হয়েছে। বর্তমানে ভদ্রেশ্বর থানার গর্জি ও মালিয়াপাড়া গ্রামে নদী কাটার কাজে নিযুক্ত শ্রমিকদের উপর কংগ্রেস ও জনতা কর্মীদের নেতৃত্বে বহিরাগত সমাজবিরোধীদের সশস্ত্র আক্রমণে ৪/৫ জন মজুর গুরুতররূপে আহত হয়ে হাসপাতালে পড়ে আছে। তারা ওই হামলা করে প্রমাণ করতে চাইছে ওখানে আইন শৃঙ্খলা বিঘ্নিত হয়েছে। ওখানে জমির ক্ষতিপূরণের টাকা দেওয়া শুরু হয়েছে, আমি অনুরোধ করছি তাড়াতাড়ি যেন ওই টাকা দেবার ব্যবস্থা করা হয়।

**Shri Ramjan Ali :** Mr. Speaker, Sir, the story of snatching away of guns in the West Dinajpur district is an old story. Here I want to give the details of snatching away of seven guns which tells a story of failure of the officers of the police, D.I.G., North Range and D.I.G., C.I.D. while they were moving in the affected area these seven guns were snatched. They have failed to give protection to the licensee. This information was received from that very area. So, I like to bring it to the notice of the Hon'ble Chief Minister for taking action as to how the guns were snatched away in the presence of the responsible officers of the police. Thank you, Sir.

**শ্রী যামিণীভূষণ সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যারাকপুর থেকে যে ঘোষপাড়া রোড রয়েছে এই রাস্তাটি শিল্পাঞ্চলের মধ্যে দিয়ে গেছে এবং ঘনবসতিপূর্ণ এলাকা দিয়ে এই রাস্তাটি গেছে। এই রাস্তাটির পরিস্থিতি খুব খারাপ এটা অত্যন্ত সংকীর্ণ, এর উপর দিয়ে অনবরত বাস লরি যাতায়াত করে। সুতরাং এই রাস্তাটি আরও চওড়া হওয়া দরকার। এ ছাড়া এই রাস্তাটির এখন এমন অবস্থা যে এখানে মেরামতের কাজ কিছুই হচ্ছে না, যার ফলে নানা রকম দুর্ঘটনা লেগেই আছে। তাই আমি এই রাস্তাটির মেরামতের কাজ শুরু করার জন্য পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

## General Discussion on Budget

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী তিনি তার শেষ বাজেট উত্থাপন করেছেন বলে বলেছেন। তিনি অর্থনীতির একজন পন্ডিত ব্যক্তি সেইজন্য নানা রকম সংখ্যা দিয়ে তার বাজেটের প্রারম্ভিক ভাষণ আরম্ভ করেছেন। তবে তার আগে বলে রাখি তিনি অর্থ বিষয়ক পন্ডিত। এতদিন তিনি ছিলেন ধনী বনিকের কুঞ্জে, আজকে তিনি কৃষকদের কুঞ্জে আশ্রয় নেবার চেষ্টা করেছেন। এটা ভেগ বলে মনে হয়। কেন না গত চার বছর তিনি যে বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তাতে কৃষকদের সম্বন্ধে যে কথা বলতে পারেননি, আজকে শেষ মুহূর্তে বলে কৃষকদের ভাঁওতা দেবার চেষ্টা করছেন। কৃষকদের ঋণ ছাড় দেবার যে কথা বলেছেন তার চিন্তা ধারা থেকে কৃষকদের দরদি মনোভাব কৃষকদের স্বার্থে যেটা এসেছে যে ঋণ ছাড় দেবার কথা এসেছে সেটা ১৯৭৭, ১৯৭৮ তার মনে আসেনি। সেদিন কৃষক বিপর্যস্ত হয়েছে কৃষক ঋণ দিতে পারেনি, সেদিন তো এই ঋণ ছাড় দেবার কথা আসেনি। সেদিন তো এই কথা বলতে পারেননি। সেদিন তিনি ধনী বণিকদের কুঞ্জে ছিলেন তাই তাদের স্বার্থে বাজেট পেশ করেছিলেন বার বার। আজকে দেখছেন

নিরুপায় আজকে সারা ভারতবর্ষে কৃষক আন্দোলন আজকে কৃষক না হলে সম্পদ সৃষ্টি হবে না কৃষকদের স্বার্থেই আজকে মূল্য নির্ধারণ করতে হবে তাই বাধ্য হয়ে ভয়ে ভীত হয়ে এই ঋণ ছাড় দেবার কথা চিন্তা করেছেন।

[2-40 — 2-50 p.m.]

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, ধান এবং অন্যান্য শস্যের মূল্য নির্ধারণের জন্য তিনি চেষ্টা করবেন, সেখানে তার বাজেট বক্তৃতার মধ্যে সেই দর তিনি নির্ধারণ করতে পারলেন না। যেখানে অন্যান্য প্রদেশের অর্থমন্ত্রীরা আন্দোলনের ফলে ধান, গম, আখ ইত্যাদির দর নির্ধারণ করে দিয়েছেন সেখানে সেই কাজ তিনি করতে পারলেন না, বললেন, তিনি চেষ্টা করবেন। তারপর আমরা দেখলাম, তিনি তার বাজেট বক্তৃতার মধ্যে অনেক পরিসংখ্যান দিয়েছেন। সেখানে তিনি পরিসংখ্যান দিয়ে দেখিয়েছেন ১৯৭৬/৭৭ সালের বাজেটে কি ছিল এবং ১৯৮০/৮১ সালের বাজেটে কি হয়েছে। তিনি বলেছেন, সেদিন মোট বরাদ্দ ছিল ৭৬৬ কোটি টাকা এবং তারমধ্যে পরিকল্পনা খাতে ধরা ছিল ২০৪ কোটি টাকা আর ১৯৮০/৮১ সালে যেখানে মোট বরাদ্দের পরিমাণ হচ্ছে ১ হাজার ৫৮৫ কোটি টাকা সেখানে পরিকল্পনা খাতের বরাদ্দ হচ্ছে ৫৩০ কোটি টাকা। অনুরূপভাবে তিনি বলেছেন, কৃষিখাতে আগে ছিল ৪০ কোটি টাকা এখন সেটা বেড়ে হয়েছে ১০০ কোটি টাকা। শিক্ষা খাতে ছিল ১৩৪ কোটি টাকা, এখন হয়েছে ২৭৫ কোটি টাকা অর্থাৎ প্রায় ডবল। পরিবহন খাতে যেখানে ছিল ১৮ কোটি টাকা এখন সেটা হয়েছে ৫৯ কোটি টাকা অর্থাৎ পরিবহন খাতে খরচের পরিমাণ তিনগুণ বেড়েছে। এত অর্থবরাদ্দ সত্ত্বেও পরিবহনের হাল বর্তমানে কি সেটা সকলেই জানেন। স্যার, যেখানে তিনি পরিবহন খাতে তিনগুণ বরাদ্দ করলেন সেখানে কৃষিখাতে, শিক্ষাখাতে বেশি বাড়াতে পারলেন না। তারপর দেখা যাচ্ছে আগে উন্নয়ন পরিকল্পনায় বরাদ্দ ছিল ১৩ কোটি টাকা, উনি সেটা বাড়িয়ে করলেন ৪৫ কোটি টাকা। এখন মোট বরাদ্দ হচ্ছে ১ হাজার ৫৮৫ কোটি টাকা আর তখন মোট বরাদ্দ ছিল ৭৬৬ কোটি টাকা। স্যার, যেখানে এইভাবে টাকার অঙ্ক বেড়েছে, সেখানে দেখা যাচ্ছে কৃষি, শিক্ষা, স্বাস্থ্য খাতে, উন্নয়ন খাতে তিনি বেশি বরাদ্দ দিতে পারলেন না। তিনি শহরে ধনিক, বণিকের কুঞ্জে বাস করেন কাজেই তিনি যে এসব খাতে বেশি বরাদ্দ দিতে পারেন না সেটা আমরা বুঝতে পারছি। শুধু তাই নয়, আমরা জানি, কৃষি, সেচ, পূর্ত ইত্যাদি খাতে যা বরাদ্দ হয় তার অনেকটা বছরের অর্ধেক সময়ে গিয়ে বা শেষে কার্টেল করে নেওয়া হয়। তিনি বলেছেন, কৃষকদের তিনি অনেক বেশি উপকার করেছেন এবং তা বলতে গিয়ে তিনি কৃষকদের জন্য কুম্ভিরাশ্রু বিসর্জন করেছেন কিন্তু কৃষকদের উপকারের জন্য যা প্রয়োজন তা তিনি বরাদ্দ করেননি। তিনি অনেক জিনিসের জন্য ভরতুকির ব্যবস্থা করলেন কিন্তু চাষের জন্য যে যন্ত্রপাতি, সার, কীটনাশক ঔষধ, বীজ, ইত্যাদির প্রয়োজন তার জন্য কোনও ভরতুকির ব্যবস্থা রাখলেন না। তিনি একদিকে কৃষকদের জন্য কুম্ভিরাশ্রু বিসর্জন করলেন, অপর দিকে আমরা দেখলাম তিনি চাষের ব্যাপারে কোনও সাহায্য করলেন না এবং এইভাবে তিনি কৃষকদের সঙ্গে ঠাট্টা করলেন। কুকুরের মালিক যেমন তার কুকুরের দিকে এক টুকরো রুটি ছুঁড়ে দেয় সেইভাবে তিনি কৃষকদের দিকে ঐ ঋণ মকুবের কথাটা ছুঁড়ে দিলেন। ওরা এটা করেছেন তার কারণ, ওরা জানেন, ঐ ঋণের টাকা ওরা আর ফেরত পাবেন না, সারা ভারতবর্ষে সেই আন্দোলনই

গর্জে উঠছে তাই ওরা এটা করলেন। উনি বলেছেন, ১৯৭০/৭৬ সাল থেকে এই ঋণ মকুব করা হবে। ওরা ভুলে যাচ্ছেন সেই আগের যুক্তফ্রন্টের আমলে ১৯৬৭ সালে এবং ১৯৬৯ সালে কৃষকরা পাম্পসেট, শ্যালো টিউবওয়েল ইত্যাদির জন্য যে লোন নিয়েছিল তার টাকা তারা আজও দিতে পারেননি। সেই সময় যে কৃষি লোন দেওয়া হয়েছিল তাও তারা দিতে পারেননি।

১৯৬৬-৬৭ সাল থেকে আরম্ভ করে যুক্তফ্রন্ট সরকার যে সমস্ত কৃষককে ঋণ দিয়েছিল, তারা সেটা আজকে দিতে পারছে না, তারা ঋণে জর্জরিত হয়ে তাদের ঘর-বাড়ি সব বিক্রয় করছে। কাজেই তাদের দিকে নজর দেওয়া দরকার এবং সেদিক থেকে তিনি নিশ্চয়ই এটা সংযোজন করবেন। ১৯৭৫-৭৬ সাল থেকে না করে যদি ১৯৬৬-৬৭ সাল থেকে ঋণ মকুব করা হয় তাহলে বলব যে কৃষকদের প্রতি সত্যিকারের দরদ দেখাচ্ছেন। প্রাইমারি শিক্ষার ক্ষেত্রে অনেকে বলেছেন যে উন্নতি হয়েছে এবং সে কথা বাজেটও বলা হয়েছে। আমি এই কথা বলতে চাই যে কোনও উন্নতি হয়নি। আজকে এটা পরিষ্কার যে, প্রাথমিক শিক্ষকরা শিক্ষা প্রতিষ্ঠানে যায় না, তারা দলবাজি করেন। আজকে বেশির ভাগ শিক্ষকরা ইউনিয়ন করছেন—কেউ করছেন প্রাথমিক শিক্ষক সমিতি, আবার কেউ করছেন পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি এবং তারা মাঠে-ঘাটে লড়াই করছেন তাদের বেতন-বাড়াবার জন্য। ছাত্রদের কি ভাবে শিক্ষা দেওয়া হবে, কি ভাবে তাদের শিক্ষিত করে তুলতে হবে, সেই শিক্ষা দেওয়া হয় না। সেজন্য প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেবার ব্যবস্থা করা হয়েছে। ইংরাজি তুলে দেবার পরিপ্রেক্ষিতে এই কথা বলতে চাই যে, আজকে অনিলা দেবী, যার নির্দেশে এটা তুলে দেওয়া হচ্ছে, তিনি তমলুকে ২১শে ডিসেম্বর গিয়েছিলেন এবং সেখানে চাষীদের কাছে বলেছেন যে, চাষীর ছেলেরা বেশি লেখাপড়া করতে পারবে না সেজন্য ইংরাজি তুলে দিচ্ছেন, তাদের মুক্তি দিচ্ছি, তারা চাষাবাস করবে। আমি মনে করি কৃষকদের সম্পর্কে এই রকম কথা বলে তিনি তাদের অমর্যাদা করেছেন। তাকে আজকে সরিয়ে দেওয়া দরকার। আজকে কৃষকদের ছেলেরা ডাক্তার হতে পারবে না, কৃষকের ছেলেরা ইঞ্জিনিয়ার হতে পারবে না, কৃষকের ছেলেরা বড় অর্থনীতিবিদ হতে পারবে না, এই যে ধারণা, এই ধারণার বশবর্তী হয়ে তিনি এই কথা বলেছেন। আজকে প্রাইমারি শিক্ষার ক্ষেত্রে উন্নতি হয়েছে বলে গর্ব করা হয়েছে কিন্তু এটা ভুল কথা। আজকে তারা [*] দিয়েছেন গ্রামের মানুষের কাছে।

**মিঃ স্পিকার ঃ** আপনি ধাপ্পা কথাটা বলবেন না।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** আজকে বলা হয়েছে যে চাষ না কি ভাল হয়েছে, ফসল নাকি ভাল হয়েছে এবং সমবায় সমিতির মাধ্যমে, পঞ্চায়েতের মাধ্যমে অনেক ধান সংগ্রহ করা হয়েছে। সেটা ঠিক কথা। কিন্তু অল্প দামে চাষীদের ঠকিয়ে ধান, পাট আপনাদের ঘরে তুলে নিয়েছেন। চাষীরা দেনার দায়ে ধান বিক্রয় করছে আর আপনারা সেই ধান অল্প দামে কিনে নিচ্ছেন। আজকে চাষীরা বলছে যে অনেক ধান উৎপাদিত হয়েছে, অনেক গম উৎপাদিত হয়েছে, অনেক খাদ্যশষ্য উৎপাদন হয়েছে। উৎপাদন হয়েছে ঠিক কথা, কিন্তু কি মূল্য তারা পাচ্ছে? আপনারা মূল্য নির্ধারণ সম্পর্কে বলছেন যে এখন চেষ্টা করবেন, যখন ধান আপনারা কিনে নিতে পেরেছেন। আজকে এগুলি চিন্তা করা দরকার। কৃষকের উৎপাদিত ... স্যের

Note *Expunged as ordered by the chair.

মূল্য যেটা নির্ধারিত হয়, সেটা কৃষকের স্বার্থে হয় না, যারা ভোগ্যজীবী, যারা চাষ করে না, তাদের স্বার্থের দিকে চিন্তা করে, তারা কত কম দামে কিনতে পারে সেইভাবে করা হয়। আজকে বেগুনের দাম একটাকা শুনলে আপনারা আঁতকে ওঠেন। কিন্তু এই বেগুন চাষ করতে গেলে কৃষকের কি পরিমাণ খরচ হয় সেটা দেখছেন না। সে ক্ষেত্রেও মূল্য নির্ধারণের কোনও ব্যবস্থা করা হয়নি। মাননীয় অর্থমন্ত্রীকে একজন অর্থনীতিবিদ হিসাবে বলব যে, একজন চাষির বেগুন চাষ করতে গেলে তার কি পরিমাণ খরচ হয় এবং কিভাবে বিক্রয় করলে লাভ হবে সেটা একটু চিন্তা করে দেখবেন।

[2-50 — 3-00 p.m.]

ঐ চাষীদের ওপর আপনাদের দরদ থাকে আপনাদের বিশেষ ভাবনা তাদের জন্য আছে বলেছেন, তাই যদি হয় তাহলে আজকে কৃষকদের শুধু ঐ মূল্য নির্ধারণ করার কোনও প্রয়োজন বলে মনে করে, সেচ এবং অসেচ এলাকায় যে সমস্ত ছাড় দেওয়ার কথা বলেছেন সেটা ঠিক নয় বলে আমি মনে করি। আজকে দেখুন কারোও কিছু ছাড় দেওয়ার দরকার নেই। কারা ছাড় পাবেন সেটা দেখা দরকার। একজন কলকাতায় বাস করে, মেদিনীপুরে জমি আছে, এর ফলে সে যদি ছাড় পায় তো সেটা অন্যায় হবে। যে সত্যিকারের চাষী তার ছাড় পাওয়ার দরকার। অনেকে এখানে আছেন, চাকুরি করছেন, ব্যবসা-বাণিজ্য করছেন, আপনাদের সেদিকে দেখার দরকার আছে। আর সর্বনিম্ন যে বেতনের কথা বলেছেন, যে বেতন ঠিক করছেন কর্মচারিদের মধ্যে ২২০ টাকা। পাড়াগাঁয়ে গরীবদের মজুরি ঠিক করে দিয়েছেন ৮ টাকা ৩০ পয়সা। এখন হিসেব করে দেখুন ২২০ টাকা মাসে বেতন হলে দৈনিক আট টাকা হয় না, সাত টাকা কয়েক পয়সা হয়। তাই যদি হয় তাহলে সর্বনিম্ন বেতনটা ঠিক করে দেন। চাকুরিজীবিদের ক্ষেত্রে যেমন হয় তেমনি সেই অবহেলিত মানুষদের কথা চিন্তা করুন। তাদের খাটিয়ে নেবেন মজুরি দেবেন কম এটা হতে পারে না। আপনারা নিউজপ্রিন্টের কথা বলছেন, নিউজপ্রিন্ট সম্বন্ধে আমি মনে করি আমাদের ঐ জেলায় যে সমস্ত সংবাদপত্র আছে তারা সুবিধা পায় না। তাদের একটু যদি আপনারা বাড়াতে পারেন তাহলে সার্থক হবে। এখানে যেসব বড় বড় সংবাদপত্র আছে তাদের সম্বন্ধে চিন্তা করেন কিন্তু গ্রামে-গঞ্জে যেসব ছোট ছোট খবরের কাগজ আছে তাদের একটু ভর্তুকি দেবার চেষ্টা করুন। যারা বড় বড় কাগজের মালিক তাদের দেওয়া যায় কিনা আপনারা চিন্তা করে দেখুন। ভর্তুকি তারাই পাবে, গ্রামেগঞ্জে ছোট ছোট খবরের কাগজের ব্যবসা করে, চিন্তাটা তাদের উপর নেই। আপনি বলছেন আজকে শিক্ষাখাতে সমস্ত বেতন তুলে দিয়েছেন। ছাত্রদের অনেক উপকার করেছেন, এই কথা বলছেন। কিন্তু এতেও চিন্তার বিষয় আছে, সেক্ষেত্রে দেখা যাচ্ছে যে শিক্ষা সেস বাড়ানোর চেষ্টা করেছেন। আপনি তুলে দিয়েছেন ঠিকই, কিন্তু শিক্ষা সেস কতটা আসছে একজন অর্থনীতিবিদ হিসাবে আপনি সেটা জানেন একটা পঞ্চম শ্রেণীর ছেলেকে কত দাম দিয়ে বই কিনতে হয় বেতনের দ্বিগুন তার বইয়ের দাম দিতে চলে যায়। শুধু তাই নয়, যখন স্কুল ফাইন্যাল পাশ করতে যাচ্ছে তখন তাদেরকে এই বই কিনতে হচ্ছে, সেই বইয়ের মূল্যের হিসাব, আর তার সারা বছরের বেতনের হিসাব করুন, তাহলে দেখা যাবে বইরে মূল্য তার থেকেও বেশি। এবার বলছি পঞ্চায়েত সম্পর্কে। আপনারা বলেছেন পঞ্চায়েতের তত্ত্বাবধানে আপনারা অনেক কাজ করেছেন। কি কাজ করেছেন বুঝতে পারছি না, আজকে

অনেক পঞ্চায়েত প্রধান গ্রামে ঢুকতে পারছে না। তাছাড়া, পঞ্চায়েত সমিতির সদস্যরা এই সময়ের মধ্যে সব পাকা বাড়ি তুলছে কি করে করল, এটা তদন্ত করা দরকার। একজন জেলা পরিষদের সদস্য—দীপক ব্যানার্জি, আর একজন সি. পি. এমের সদস্য শ্রী ফকির মণ্ডল পাকাবাড়ি করেছেন। এগুলো কি করে সম্ভব হল? বন্যার সময়ে ভর্তুকি দিয়েছিলেন, ৫০০ টাকা দিলে তার থেকে ২০০ টাকা কেটে নেওয়া হয়েছে, সত্য কথা, যদি আমার সঙ্গে যান তো তার প্রমাণ আমি দেখাতে পারি।

রিলিফের ক্ষেত্রেও এই জিনিস হয়েছে, ফুড ফর ওয়ার্কের ব্যাপারেও এই জিনিস হয়েছে। ফুড ফর ওয়ার্ক স্কিম এমনি এমনি হয়ে যায়নি, আপনারা হিসাব দিতে পারেননি বলেই বন্ধ হয়ে গেছে। জনতা সরকারের আমলে আপনারা যে অর্থ চেয়েছিলেন সেই অর্থ পেয়েছিলেন, কিন্তু আপনারা তো অপব্যবহার করেছিলেন, পার্টি বাড়াবার জন্য দলবাজি করেছিলেন। দেশের স্বার্থে, মানুষের স্বার্থে সেদিন আপনারা কর্মসংস্থান সৃষ্টি করতে পারেননি। আজকে ইন্দিরা গান্ধী এসে দেখলেন যে, এসব জিনিস বন্ধ হওয়া দরকার, তাই তিনি এ ব্যাপারে একদম তালা চাবি দিয়ে দিয়েছেন। আপনারা যদি দেশের মানুষের স্বার্থে কাজ করবার চেষ্টা করতেন তাহলে সকলের সহযোগিতা পেতেন। আজকে আপনারা কৃষি পেনসনের ব্যবস্থা করেছেন। কিন্তু সেখানেও দলবাজি করছেন। একজন বৃদ্ধ কৃষক যদি আপনাদের দলের লোক না হয়, যদি অন্য দলের লোক হন তাহলে তিনি পেনশন পাচ্ছেন না। তারপর আপনারা কৃষকদের মাত্র ৬০ টাকা করে পেনশন দিচ্ছেন। অথচ সরকারি কর্মচারিদের ক্ষেত্রে ন্যূনতম ১৩৫ টাকা পেনসনের ব্যবস্থা করেছেন। আমরা মনে করি এর দ্বারা কৃষকদের অপমান করা হচ্ছে। তারা তাদের আন্দোলনের মাধ্যমে আজকে এই পেনসন আদায় করবার চেষ্টা করেছেন। এর মধ্যে আপনাদের দয়ার কিছু নেই। সবশেষে আমি বলব যে, আজকে কৃষকদের উন্নতি করতে হবে, এই চিন্তাধারা আমাদের গ্রহণ করতে হবে, তা নাহলে আমাদের মুক্তি নেই। এই চিন্তাধারা যদি আপনাদের থাকে, তাহলে নিশ্চয়ই আপনারা সেই পথে যাবেন। কিন্তু এখন পর্যন্ত আমরা সেরকম কিছু দেখছি না। আপনারা এখানে এই বাজেটের মধ্যে বলছেন যে, রাস্তাঘাট, সেচ এবং বিদ্যুতের জন্য অনেক টাকা ব্যয় করেছেন এবং এবারেও বরাদ্দ করেছেন। কিন্তু আমরা দেখছি এখন পর্যন্ত গ্রামে কোনও কাজ হয়নি। আমাদের মহকুমায় এখন পর্যন্ত একটা খাল-ও কাটা হয়নি, একটা রাস্তা-ও হয়নি। বিদ্যুতের কথা বলতে গিয়ে আমি বলব যে, সেদিনও মাননীয় মুখ্যমন্ত্রী এখানে অসত্য কথা বলে গেলেন। আমাদের জেলার নন্দীগ্রামে ৩ লক্ষ লোকের বাস, সেখানে একটা ঘরেও বিদ্যুত যায়নি। অথচ এই বই-তে ছাপা আছে যে গ্রামে গ্রামে বিদ্যুত পৌঁছে দেওয়া হয়েছে। তারপর হলদিয়া উপনগরীর রাস্তার যে অবস্থা, তাতে সেখানকার সঙ্গে যোগাযোগ যে কোনও মুহূর্তে বন্ধ হয়ে যেতে পারে। অথচ সে বিষয়ে এখানে কোনও কিছু চিন্তা করা হয়নি। ওখানে তিনটি পুল আছে এবং তিনটিরই অবস্থা খুব খারাপ। যে কোনও মুহূর্তে ভেঙে পড়তে পারে। একটা ভেঙে পড়লেই হলদিয়ার সঙ্গে সমস্ত যোগাযোগ বন্ধ হয়ে যাবে। অথচ এ বিষয়ে কোনও চিন্তাধারাও দেখছি না। তারপরে হলদিয়াতে বিদ্যুতের জন্য যে চিন্তা-ধারার প্রয়োজন তাও লক্ষ্য করছিনা। সেখানে পেট্রো-কেমিক্যাল, আই. ও. জি. এবং এফ. সি. আই-র জন্য জলের প্রয়োজন আছে। অথচ সেখানে জল সরবরাহ করার জন্য কোনও পরিকল্পনা

নেই। আমরা '৭৮ সালে বলেছিলাম গেঁয়োখালিতে মিঠে জলের ব্যবস্থা করতে হবে। অথচ এখন পর্যন্ত সেখানে মিঠে জলের জন্য কোনও প্রকল্প রূপায়িত হয়নি, এখন পর্যন্ত কোনও প্রকল্পের ভিত্তি স্থাপন করা হয়নি। সব কাজে এই রকম অবহেলা দেখানো হচ্ছে।

[3-00 — 3-30 p.m. including Adjournment]

আপনারা এই বাজেট শুধু কলকাতার জন্য করেছেন, কলকাতা উপনগরীতে কি কি শিল্প গড়ে উঠবে, সে বিষয়ে চিন্তা করেছেন কিন্তু সারা পশ্চিমবাংলা কিভাবে গড়ে উঠবে সেইদিকে আপনাদের চিন্তা-ধারা নেই। তাই আমি মনে করি যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তা জনসাধারণকে ধোঁকা দেবার জন্য পেশ করেছেন, গ্রাম-বাংলার মানুষকে ঠকাবার জন্য এই সমস্ত জিনিস করেছেন। এখনও সময় আছে, এই বাজেটকে সংশোধন করে গ্রামীনমুখী, কৃষিমুখী বাজেট যাতে তৈরি করতে পারেন, কৃষকদের যাতে উন্নতি করতে পারেন সেই চেষ্টা করুন এবং এটা করলে আপনাদের ফল ভাল হবে। সব শেষে আবার বলি, গরিব মানুষকে ধোঁকা দেবেন না, বিভ্রান্ত করবার চেষ্টা করবেন না। আমি এই বাজেটকে সমর্থন করতে পারলাম না বলে দুঃখিত, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার :** এখন বিরতি। আবার আমরা ৩-৩০ মিনিটের সময়ে মিলিত হব।

[All this stage the House was adjourned up to 3.30 p.m.]

(After recess)

[3-30 — 3-40 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই :** আমি একটা মর্মন্তুদ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যুগান্তরে বের হয়েছে ব্রিটিশ আমলের মাস্টারদার সহযোদ্ধা ছিলেন শ্রী ননী গোপাল দাস তিনি ৬ই ফেব্রুয়ারি নিজের বাড়িতে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছেন। তাঁর এক টুকরো জমি ছিল বাঘা যতীন কলোনিতে। সেই জমি নিয়ে কেস হয় এবং তিনি জেতার পরেও সেই জমি নিয়ে অনেক গোলমাল হয়। তিনি মারা যাবার সময় বলে গেছেন যে ইস্কুল কমিটির অত্যাচার সহ্য করতে না পেরে তিনি মারা গেছেন। এই রকম একটা সিরিয়াস ব্যাপার নিয়ে আলোচনা করতে দিলে ভালো হয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** অন-এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, পার্লামেন্টে প্রাইম মিনিস্টার নিজেই রহড়া রামকৃষ্ণ মিশন সম্পর্কে একটা বক্তব্য রাখতে গিয়ে বলেছেন যে এল. ডি., ইউ. ডি-দের আড়াই হাজার ছাত্র পড়ে এবং এটা লাস্ট ডিসেম্বর থেকে বন্ধ হয়ে গেছে। অথচ এখানে পাবলিক এক্সচেকার থেকে টাকা দেওয়াও বন্ধ হয়ে গেছে, কিন্তু মাস্টার মশাইরা এবং অধ্যক্ষরা টাকা পেয়ে যাচ্ছেন। আমাদের এই হাউস চলছে অথচ রহড়া রামকৃষ্ণ মিশন বন্ধ হয়ে যাবে সেখানে আমরা কি করে চুপ করে থাকি। বিধানসভা চলছে এবং পার্লামেন্টে যখন এটা উঠেছে তখন মন্ত্রীরা নিশ্চয় এর একটা উত্তর দেবেন।

**মিঃ স্পিকার :** এটা প্রিভিলেজ হয় না।

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্যসাধন চক্রবর্তী যে কথা বলেছেন, সেটি প্রধানমন্ত্রীও বলেছেন, মাননীয় সত্যবাপুলি সাহেব বোধহয় তা জানেন না। কিন্তু এই ঘটনা সত্য। যাইহোক, আমি ঐ কেন্দ্র থেকে নির্বাচিত। এ সম্পর্কে আমি প্রস্তাব রাখার চেষ্টা করছি এবং আলোচনাও শুরু হয়েছে। বামফ্রন্ট সরকার আসার পর ঐ এলাকার মানুষ এ ব্যাপারে অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছেন, সর্বস্তরের মানুষের কাছ থেকে তিনি অভিনন্দন পাচ্ছেন। বঙ্কিমবাবু এই বাজেটকে মূল দিকে না লক্ষ্য করে বলেছেন যে, এই বাজেট নাকি বাজিমাত করবার ও নির্বাচনে জেতবার জন্যই পেশ করা হয়েছে। সেজন্যই কৃষকদের পেনশন দেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে। কর্মচারিদের ব্যাপারে তিনি যা বলেছেন, সে সম্পর্কে উনি বোধহয় জানেন না। কারণ মূল বেতনই টোটাল বেতন নয়—এর সঙ্গে মহার্ঘ ভাতা যোগ হয়। অর্থাৎ মূল বেতন যদি ২৫০ টাকা হয়, তাহলে মোট বেতন গিয়ে দাঁড়ায় প্রায় ৫০০-র মতো। এ জিনিস তাঁর জানা থাকলে ঐ কথা বলতেন না। কর্মচারিদের ফ্রিনজ বেনিফিটের কথাও বলতে পারতেন না। ভোলাবাবু যে কথা বলেছেন, সে ব্যাপারে ডঃ মিত্র তার বক্তব্যের মধ্যে দুয়ের পাতায় বলেছেন। তিনি সেখানে ভূমিহীন কৃষক ও ভাগচাষি, ছোট-মাঝারি কৃষকদের কিছু সুযোগ-সুবিধা দেওয়ার কথা বলেছেন। কারণ এর দ্বারা তারা কিছু উপকৃত হতে পারবে। ছোট কারিগর প্রভৃতিদের ব্যাপারে অথবা নতুন কারখানা স্থাপনের ব্যাপারেও কিছু সুযোগ-সুবিধার কথা উল্লেখ করেছেন। আজকে তাই আমরা দেখতে পাচ্ছি ছেলেমেয়েরা, ছাত্র-ছাত্রীরা সকলেই বিনামূল্যে স্কুলে শিক্ষালাভ করবার সুযোগ পাচ্ছেন। তাদের এগুলি ছাড়াও খাদ্য, পরিধেয় ইত্যাদি দেবার ব্যবস্থা তিনি করতে চেয়েছেন—এগুলি তিনি অন্যান্য সুবিধাদানের সঙ্গে দেবার চেষ্টা করেছেন। এদিক দিয়ে বলতে পারি যে, কেন্দ্রীয় বাজেটের তুলনায় অনেক বেশি সুযোগ-সুবিধা দেওয়ার জন্যই এই বাজেট ভারতের অন্যতম অর্থনীতিবিদ ডঃ ভবতোষ দত্তের মতো লোক বলেছেন যে, ভারতের যে বাজেট তৈরি হয়েছে তাতে ভারতকে আরও গরিব করে তুলবে। উক্ত বাজেটের মাধ্যমে ভারতবর্ষে দারিদ্র সীমার নিচে যে সমস্ত মানুষ বাস করেন তাদের কোনও সুযোগ-সুবিধা এর দ্বারা সম্ভব হবে না। আপনার কালোবাজারে প্রভূত অর্থের যোগান দিয়ে চলেছেন। একদিকে সরকার মিন্টে মুদ্রা তৈরি করছে ও নোট ছাপাচ্ছে, অপরদিকে কালোবাজারে সেই পরিমাণে আলাদা করে নোট ছাপা হচ্ছে। এ ব্যাপারে সরকার আরও পরিষ্কার ভাবে তাদের বলে দিয়েছেন যে, তোমরা সবাই চলে এস কালোবাজারে, তোমাদের কোনও ভয় নেই। প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় অর্থমন্ত্রী এ ব্যাপারে বলেছেন যে, এ রকম ব্যাপার নাকি ইটালিতে নেওয়া হয়েছিল অর্থাৎ তারা সেই সমস্ত দেশকে অনুসরণ করলেন যেখানে বছরে তিনবার করে সরকার ভেঙ্গে নূতন করে গড়া হয়ে থাকে, উদাহারণ হিসাবে ঠিক এই রকম একটা দেশকে বেছে নিলেন। আমেরিকার যিনি রাষ্ট্রপতি সেই রেগনসাহেবও বর্তমানে লক্ষ্য করছেন যে, সারা বিশ্বে আজ ৫০ বছর পরে ভয়ঙ্কর সংকট দেখা দিয়েছে, এবং নিউ-ইয়র্কে আজ প্রচুর পরিমাণে নোট ছাপা হচ্ছে। আপনারা আজ এই সমস্ত দুনিয়াকে জাজ করতে চাইছেন। ১৯৩০ সালে রুজভেল্ট যখন ক্ষমতায় ছিলেন, তখন তিনি নিজেদের সামাল দেবার চেষ্টা করেছিলেন, কিন্তু শেষ পর্যন্ত

তিনি তা পারেননি। ফ্যাসিবাদের যুদ্ধ শুরু হয়ে গিয়েছিল তখন, এবং পরবর্তীকালে দেখতে পেলাম ১৪টি দেশ সমাজতান্ত্রিক দেশে পরিণত হয়ে গেল। এই সমস্ত জিনিসগুলিকে উল্লেখ করে মাননীয় বাপুলিসাহেবকে এবং নিউ দিল্লিতে যারা বসে আছেন, তাদের বলছি যে, আপনারাও এই ভাবে কখনই সামাল দিতে পারবেন না।

এ একটা অদ্ভুত ব্যাপার, অথচ শ্রীমতী গান্ধী নিজে বলে বেড়াচ্ছেন ভারতের অন্যান্য রাজ্যে অন্যান্য দলগুলি আন্দোলন চালাচ্ছেন। এখানে এই পশ্চিমবাংলায় আমরা যে উদগ্রীব ট্রাম পুড়ছে এটা করছে ওটা করছে তার কোনও জবাব কেউ কখনও দিল না। আমি প্রশ্ন করতে চাই পেট্রোলজাত দ্রব্যের মূল্য বৃদ্ধি না করে অন্য কোনও উপায় কি ছিল না। আমাদের ক্রুড পেট্রোল তার উৎপাদন পরিমাণ ছিল প্রায় ১ কোটি ১০ লক্ষ টন এবং বিদেশ থেকে আমদানি করা হয় ১ কোটি ৭০ লক্ষ টন। দেশে যে উৎপাদিত তেল তা একটি দামে বিক্রি হয়। এর থেকে অর্জিত মুনাফার কোনও অংশ আমরা পাই না। ১,২০০ কোটি টাকা মুনাফা হচ্ছে, অথচ পশ্চিমবাংলা তার থেকে কিছু পাচ্ছে না। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই সেটা হচ্ছে পেট্রোলজাত দ্রব্য যেটা অন্যান্য রাজ্য ব্রিটিশ আমেরিকা এবং অন্যান্য বিদেশি কোম্পানিগুলি চুক্তিবদ্ধ ছিল তখন তারা মহারাষ্ট্রকে কম দামে পেট্রোলজাত দ্রব্য বিক্রি করেছে। আজ হলদিয়ায় দেখা যাচ্ছে সেখানে অনেক জিনিস প্রস্তুত হতে পারে। কদিন আগে প্রণব মুখার্জি এসেছিলেন বজবজে তার বক্তৃতা শুনলাম যে, এই সরকার তিনি দোষারোপ করে বললেন যে এদের এই বাজেটের মধ্যে নূতন শিল্প করার কোনও চেষ্টাই নেই। অথচ দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারই বাধা দিচ্ছে—আমরা কোনও কিছু করতে পারছি না। কদিন আগে আমি নিজে হলদিয়াতে ঘুরে এসেছি, সেখানে দেখে এলাম একটা নূতন জগত সৃষ্টি হচ্ছে। পেট্রোল কেমিক্যাল থেকে আরম্ভ করে সমস্ত কিছু তৈরি হচ্ছে এবং আমাদের সরকার বার বার প্রস্তাব আকারে এই কথা বলেছিলেন—সেখানে আমরা দেখলাম যে কেন্দ্রীয় সরকার কিভাবে আমাদের বাধা দিচ্ছে। আর একটা কথা এখানে আলোচনা করতে চাই, তা হচ্ছে চায়ের ব্যাপারে আজকে কিছু কিছু আলোচনা হয়েছে, আমাদের পক্ষ থেকে বলা হয়েছে এবং ওদের পক্ষ থেকেও বলা হয়েছে। ওরা এই কথা তুলেছেন যে, চায়ের মোট উৎপাদন যে ১২ কোটি কে. জি. এবং সেখান থেকে আয় হয় ৪৫০ কোটি টাকা এবং ৫ কোটি কে. জি. চা নিলামে বিক্রি করা হয় আর ৫ কোটি কে. জি. বিক্রি হয় সরাসরি বাগান থেকে কনসাইনমেন্ট চালান দিয়ে। এইভাবে সরাসরি পাঠালে রাজ্য সরকার কোনও অংশ পান না, ৩৩০ ধারা অনুযায়ী কোম্পানিগুলি এইটা করে থাকেন। এই বিক্রির উপর কোনও বিক্রয় কর বসানো যায় না। এই অবস্থায় রাজ্য সরকার যেটা করেছে—এটা আমরা বলেছি যে টাকা আসবে তাতে চায়ের দাম বাড়বে না। শেস বসানোর জন্য সেখানে যে টাকাটা পশ্চিমবঙ্গ সরকার পাবে এই টাকা চায়ের কোম্পানিগুলি নিতে পারবে না। আমরা চাই নিলামে আরও চা আসুক শিলিগুড়িতে কলকাতাতে সেই নীলাম যদি হয় প্রত্যক্ষ ফল ব্যবসায়ীরা পাবে জনসাধারণ পাবে এবং সরকার পক্ষ থেকে এই কথা আমরা বলেছিলাম। কারণ মালিকপক্ষ সরাসরি এটা বাইরে পাঠিয়ে থাকে। নীলামের চায়ের উপর কোনও সেস বসানো হচ্ছে না সেই সেসটা আমরা বসাতে চাইছি। তারা আন্দোলন

করছেন পেট্রোলজাত দ্রব্যের মূল্যবৃদ্ধির দরুন যে ব্যবস্থা নেওয়া হয়েছে তার বিরুদ্ধে। এ এক অদ্ভুত পরিস্থিতি। অথচ ইন্দিরা গান্ধী নিজে বলছেন ভারতবর্ষের অন্যান্য বিরোধী দলগুলো আন্দোলন করে বিশৃঙ্খলা সৃষ্টি করছে।

[3-50 — 4-00 p.m.]

যে কথা আমি গোড়াতে বলছিলাম সেই কথায় আবার ফিরে আসি। কথাটা হচ্ছে, আমরা বারবার দেখছি বিশেষ করে বিরোধীদলরা এই প্রশ্ন তুলছেন যে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা নেই। আমার প্রশ্ন তাদের কাছে—কোথায় আছে? যে সব জায়গায় কংগ্রেস (ই)-র রাজত্ব চলে বা যেখানে যেখানে মুখ্যমন্ত্রীরা কংগ্রেস (ই) দলের—সেই দিল্লি থেকে আরম্ভ করে সমস্ত জায়গায় আইনশৃঙ্খলা আছে কি? গুজরাটের কথা, আসামের কথা আগেই বলেছি, কর্ণাটকে, সেখানে কি আইনশৃঙ্খলা আছে? উত্তরপ্রদেশে কি আইনশৃঙ্খলা আছে? বিহারে কি আইনশৃঙ্খলা আছে? বিহারের জেলখানাতে কি হয়েছে? কয়েকদিন আগে স্টেটসম্যানে বেরিয়েছিল উত্তরপ্রদেশের কথা, সেখানে কি অবস্থা সেটা সকলেই জানেন। সেদিন দেখছিলাম ডাঃ জয়নাল আবেদিন সাহেব, তিনি ইন্ডিয়া টু ডে'টা তুলে ধরে অনেক কথা বলছিলেন, সেই 'ইন্ডিয়া টু ডে'-তে যা বেরিয়েছে সেটা ভয়াবহ ব্যাপার। এক হিটলারের রাজত্বে শোনা গিয়েছিল জেলের বন্দিদের নিরাপত্তা ছিল না। তখন সেখানে জেলের বন্দিদের উপর নির্যাতন করা হত, তাদের হত্যা পর্যন্ত করা হত। আজকে শ্রীমতী গান্ধীর রাজত্বকালে দেখা যাচ্ছে বিহারের জেলখানায় কি কান্ড হয়েছে। এই অত্যাচারের কোনও তুলনা ইতিহাসে কখনও পাওয়া যাবে না। সেখানে বিহারে জেলের ভেতরে বন্দিদের চোখ উপড়ে নেওয়া হয়েছে, তাদের অন্ধ করে দেওয়া হয়েছে। এই নির্যাতনের ইতিহাস কখনও কোথাও পাওয়া যাবে না। সেইজন্য আপনাদের বলব, বড়াই করা অন্তত আপনাদের সাজে না। কংগ্রেসের সেদিন চলে গিয়েছে যখন পন্ডিত নেহেরু, বিধান রায় বেঁচে ছিলেন। আপনাদের এখন পড়ন্ত মুখ—আপনারা পড়তে পড়তে ফাটছেন, আবার ফাটতে ফাটতে জোড়া লাগছেন। সেই জোড়ার আঠাটা এমনই যে সেই জোড়াগুলি দেখা যাচ্ছে, ঠুনকো ধাক্কায় যে কোনও মুহূর্তে আবার ফেটে চৌচির হয়ে যেতে পারে। আজকে কংগ্রেসের অবস্থা এই রকম হয়ে দাঁড়িয়েছে। আজকে আপনারা ইন্দিরা কংগ্রেসে আছেন, কালকে আর্স কংগ্রেসে তারপরের দিন আবার অন্য কংগ্রেসে এই রকম ভাবে ফাটতে ফাটতে আপনারা চলেছেন এবং দেশটাকেও আপনারা ফাটিয়ে দিয়ে যাচ্ছেন সেটাই হচ্ছে সমস্যা। স্যার, বাপুলি সাহেবকে দেখি, তিনি মাঝে মাঝে আসনে কখনও গলা ধরিয়ে কখনও গলা জুড়ে এবং এসে অর্থহীন চিৎকার কিছু করে চলে যান। আমি তাকে বলব, আপনাদের সঙ্গে সাধারণ মানুষের যোগটা অত্যন্ত কম তাই এই ভাবে চিৎকার করছেন। সাধারণ মানুষের সঙ্গে আপনাদের যদি যোগ থাকত তাহলে আপনারা এইভাবে চিৎকার না করে অন্য পদ্ধতিতে কথা বলতেন। মাননীয় স্পিকার মহাশয়, মুদ্রাস্ফীতি সম্পর্কে আমি আগেই বলেছি। এই মুদ্রাস্ফীতির সঙ্গে মূল্যসূচকগুলি যদি এক সঙ্গে দেখা যায় তাহলে দেখা যাবে গত কয়েক বছরে মূল্যসূচক মান কি হয়েছে। আমি আর সেগুলি পড়ে সময় নষ্ট করতে চাই না কারণ এটা সমস্ত সংবাদপত্রেই বেরোয়, মাননীয় সদস্যরা তা জানেন এবং এখানে অন্যান্য মাননীয় সদস্যরা তা বলেছেনও। যাই হোক, এই প্রসঙ্গে আমি যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে সারা ভারতবর্ষে সাধারণ মানুষের আজকে যে অবস্থা তাতে তাদের

পেছনে পিঠ দিয়ে দাঁড়াবার আর জায়গা নেই। পাশাপাশি পশ্চিমবঙ্গে চিত্রটাও দেখুন। এখানে ৩০/৩২ বছর ধরে আপনারা রাজত্ব করেছেন, ভারতবর্ষের অন্যান্য প্রদেশে তো আরও বেশি, আপনারা কি কখনও ভেবেছিলেন দেশের সমস্ত সাধারণ মানুষকে শিক্ষিত করে তুলবেন। বিদ্যাসাগর যে স্বপ্ন দেখেছিলেন, আশু মুখার্জি যে স্বপ্ন দেখেছিলেন সেই স্বপ্নকে কি আপনারা বাস্তবায়িত করার জন্য কোনও পদক্ষেপ গ্রহণ করেছিলেন? আপনারা তা করেননি, আপনারা এটা করতে পারেন না সেটা আমরা জানি। আপনারা চান না সাধারণ কৃষক, শ্রমিকের ঘরের ছেলেরা লেখাপড়া শিখুক, তাদের সাধারণ বুদ্ধির সঙ্গে শিক্ষা যোগ হোক। তারপর আপনারা বলছেন, একেবারে প্রথম থেকে ইংরাজি যদি ভালো করে পড়া না যায় তাহলে নাকি পড়াই হয় না, এগুনো যায় না। স্যার, কিছুদিন আগে আমার বিদেশে যাবার সুযোগ হয়েছিল, সেখানে গিয়ে আমি কি দেখেছি সেটা আমি পরে বলব। এখন বলি, সেদিন কানপুরে যে চটকল মজদুর ইউনিয়নের সর্বভারতীয় সম্মেলন হয়ে গেল তার কথা। সেখানে সোভিয়েত ইউনিয়ন থেকে যে প্রতিনিধি এসেছিলেন সেই প্রতিনিধি রুশ ভাষায় বক্তৃতা দিলেন এবং একটি রাশিয়ান মেয়ে—২২/২৪ বছর বয়স হবে সুন্দরভাবে তার ইংরাজি তর্জমা করলেন। আমাদের একজন জার্নালিস্ট তাকে গিয়ে জিজ্ঞাসা করলেন, আপনি কি ইংরাজি ছোটবেলা থেকে শিখেছেন? সেই মেয়েটি কিছু বুঝতে পারলেন না। তারপর আবার জার্নালিস্ট মহাশয় জিজ্ঞাসা করলেন, আপনি ইংরাজি কোন্ ক্লাস থেকে পড়ছেন? সেই মেয়েটি তাতেও বুঝতে পারল না। তারপর যখন প্রশ্ন করা হল আপনি ইংরাজি কি করে শিখলেন? তখন সেই মেয়েটি বলল, আমাদের ৬ মাসের কোর্স আছে, তাতেই শিখেছি। এই কথা বলে সেই মেয়েটি আবার পাল্টা প্রশ্ন করল, কোনও একটি ভাষার উপর আমার যদি দখল থাকে তাহলে অন্য ভাষার যে ব্যাকরণ সেটা শেখা কি খুব দুঃসাধ্য হয়? আমার অনেক বন্ধুকে জানি যারা ৪টে, ৫টা, ৬টা ভাষায় কথা বলতে পারেন। কিন্তু আপনাদের মুশকিল হচ্ছে, আপনারা বাংলাও জানেন না এবং ইংরাজিও বুঝতে পারেন না। আপনারা নিজের দেশের যে ভাষা সেই ভাষাকে অবহেলা করেন। আমাদের দেশের বঙ্কিম মুখার্জি, হীরেন মুখার্জি, এরা সাবলীল গতিতে বক্তৃতা দিতে পারতেন। এদের পান্ডিত্য নিয়ে কারও মনে কোনও দ্বিধা ছিল না। হীরেন মুখার্জির ইংরাজি শুনে জওহরলাল নেহেরুও মুগ্ধ হয়েছিলেন। হীরেনবাবু বলতেন যে মাতৃভাষা ছাড়া শিক্ষার কোনও উন্নতি হতে পারে না। আজকে যত বড় পন্ডিত হোন না কেন, যদি নিজের ভাষা ভাল করে শিখতে না পারেন, নিজের ভাষায় যদি বিদ্যা আলোচনা না করতে পারেন তাহলে সেই শিক্ষার মান উন্নত হতে পারে না। ডঃ মেঘনাথ সাহা, তিনি বিজ্ঞানকে বাংলা ভাষায় রূপায়িত করতে চেয়েছিলেন। ডঃ সত্যেন ঘোষ, তিনি নিজে চেষ্টা করেছিলেন যাতে বাংলা ভাষায় বিজ্ঞান লেখা যায়। আজকে সারা পৃথিবীতে বাংলা ভাষা আদরণীয় এবং গ্রহণীয় হয়ে উঠেছে। কারণ রাষ্ট্র ভাষা হিসাবে ইউ. এন. ও.-তে ব' অন্য জায়গায় বাংলা ভাষা স্বীকৃতি লাভ করেছে। সেই ভাষাকে আপনারা উপেক্ষা করতে পারেন, কিন্তু সেই উপেক্ষা বাংলা দেশের জনসাধারণের পক্ষে আসবে, সে কথা আপনারা জেনে রাখুন! আপনারা শিক্ষার বড়াই করেন। আপনারা এতদিন ধরে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষকে কোনও জ্ঞান না দিয়ে, কোনও পাঠ না দিয়ে মুর্খ করে রেখেছিলেন। আপনারা ভেবেছিলেন যে আপনাদের ভোটে জয় জয়াকার হয়ে যাবে। কিন্তু

সেই মানুষ যখন শিক্ষায় শিক্ষিত হবে—আমি গ্রামে দেখেছি যে সেখানে সাধারণ মানুষ চাইছে যে তাদের ক্ষেত থেকে ফিরে এসে, কারখানা থেকে ফিরে এসে ইউনিয়নের দপ্তরে, কৃষাণ সমিতির দপ্তরে বসে তারা অ, আ, ক, খ পড়ে। তারা শিক্ষা পেতে চায়। তারা যদি একটু ভাল করে বুঝতে পারে, তারা যদি আপনাদের বক্তব্যগুলি একটু নিজেরা পড়তে পারে, তাহলে আপনাদের সামনে দিয়ে যখন তারা যাবে তখন আপনাদের যে কি দুর্দশা হবে সেটা না বলাই ভাল। সে জন্য আমি বলছি, বাংলা ভাষার যে আদর, সেই আদরের উপর দাঁড়িয়ে তারা প্রতিষ্ঠিত হচ্ছে। আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন, সেই সম্পর্কে অনেকে বলেছেন যে এটা নাকি নির্বাচনী বাজেট এবং এই বাজেটের মধ্যে দিয়ে মানুষকে চাইছেন, মানুষের হৃদয় জয় করতে চাইছেন। আমি তাদের এই কথা বলতে চাই যে আমাদের লক্ষ্য অত্যন্ত স্পষ্ট। আমরা জানি যে সমাজতন্ত্র চাইলেই পাওয়া যায় না বা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা যায় না। আজকে যদি মানুষের চেতনা আমরা জাগাতে পারি, মানুষের মধ্যে জ্ঞানের উন্মেষ জাগাতে পারি, যদি তাদের মধ্যে অধিকার বোধ জাগাতে পারি তাহলে আপনাদের কায়েমি স্বার্থবাদীদের তারা কখনও বরদাস্ত করবে না, সেটা আমি নিশ্চয়ই করে জানি।

[4-00 — 4-10 p.m.]

সেই জন্য আপনাদের কাছে আমার বক্তব্য শুধু মাত্র একটা ধারণা নিয়ে এগোবেন না। বিধানবাবু তার মত বদলিয়ে ছিলেন। সুভাষবাবুও এক সময়ে মত বদলিয়ে ছিলেন। সুতারং আমি বলব যে, জ্ঞানী-গুণীদের দিকে একটু তাকিয়ে দেখুন, তারা দেশের মানুষের কল্যাণ যাতে হয় তাই গ্রহণ করতেন। সুতরাং সেটাই আজকে গ্রহণ করতে হবে। আমরা আশা করব যে, এখানেও সকলেই সেটাই গ্রহণ করবেন। আমাদের বাজেট নিয়ে অনেক আলোচনা হয়েছে, বিভিন্ন বক্তা তাদের বক্তব্য রেখেছেন এবং আরও অনেকে রাখবেন। আজকে আমাদের এখানে চারটি মূল শিল্প দ্রব্য চা, পাট, কয়লা এবং লৌহ থেকে তৈরি ইস্পাত, কিন্তু এই চারটিই আমাদের অধীন নয়। কোনওটাই আমরা নিজের মতো করে ব্যবহার করতে পারি না। এ বিষয়ে বিধানবাবুকেও আমি আক্ষেপ করে বলতে শুনেছি এই হাউসে, তখন আমি দর্শক হিসাবে উপরের গ্যালারিতে বসতাম, সেখান থেকে তার বক্তব্য শুনেছি। তিনি তখন বলেছিলেন, পশ্চিমবঙ্গের প্রয়োজনের কথা আমি বোঝাতে পারছি না। অনেক কান্নাকাটি করে দুর্গাপুর প্রকল্পটি অনুমোদন করিয়ে আনতে পেরেছিলেন। আজকে বামফ্রন্ট সরকার হলদিয়াকে যেভাবে গড়ে তুলছে তাতে বিধানবাবুর স্বপ্নকেই বাস্তবায়িত করা হচ্ছে। ওরা বিধানবাবুর স্বপ্নকে ধ্বংস করেছিলেন। পশ্চিমবাংলাকে নিজের পায়ে দাঁড়াতে হবে, সুতরাং হলদিয়ার কাজে আজকে আর বাধা দেবার চেষ্টা যেন কেন্দ্র থেকে না করা হয়, এ কথা আমি বিরোধীদের একটু বলতে চাই। বাধা দিয়ে পশ্চিমবাংলার মুখকালো করবেন না, এটাই আজকে ওদের কাছে নিবেদন করতে চাই। ওরা এ সম্বন্ধে কোনও দিন কোনও কিছু কেন্দ্রকে বলেননি। যখন আজকে অন্যে এটা বলছে এবং সেই ভাবে কাজ করতে চাইছে তখন বাধা দেবার চেষ্টা করবেন না। আপনারা শুধু স্বপ্ন দেখেছেন, কিন্তু স্বপ্নকে বাস্তবে কার্যকর করেননি। একথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি বই আমার হাতে এসেছে এবং সেই বইটি আমি পড়েছি। বইটি হচ্ছে মাননীয় অর্থমন্ত্রীর ১৯৮১-৮২ সালের বাজেট প্রস্তাব। মাননীয় ডঃ মিত্রের বইটি পড়ে মনে হ'ল এটা বাজেট বক্তৃতা না একটা প্রবন্ধ। আমার মতে এটা প্রবন্ধ এবং এই প্রবন্ধটি উনি চারটি অধ্যায়ে ও ৫৫টি অনুচ্ছেদে লিখেছেন। বইটি তিনি বাংলাতে লিখেছেন এবং এখানে বাংলাতেই পড়েছেন। এই প্রবন্ধটি পাঠ করার সময়ে দেখলাম যে, উনি নিজেদের কতগুলি ছিদ্র ঢাকবার জন্যই এই প্রবন্ধ লিখেছেন এবং নিজেদের ছিদ্র ঢাকবার জন্য তিনি অন্যের ছিদ্র খোঁজবার চেষ্টা করলেন। ওদের চালুনির মতো চারিদিকে ছিদ্র, আর উনি ছুঁচের ছিদ্র খোঁজবার চেষ্টা করলেন। খুঁজে যখন বিশেষ কিছু পেলেন না, তখন উনি কেন্দ্র নামের একটি বস্তুকে কেন্দ্র করে প্রবন্ধ লিখে গেছেন এবং সমস্ত কিছু দায় সেই বস্তুটির উপর চাপিয়ে দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রবন্ধটির এক জায়গায় লক্ষ্য করলাম—দু' নং পাতার ৪ নং প্যারায়—উনি বলছেন, "মোটের উপর, কৃষিতে, শিল্পে, শিক্ষা-সংস্কৃতি, জনস্বাস্থ্য এবং সমাজসেবার ক্ষেত্রে, পূর্তকর্মে এবং শহর ও গ্রাম পরিকল্পনায় নতুন এক গতিবেগ যে সঞ্চারিত হয়েছে তা অত্যন্ত স্পষ্ট।" তারপর তিনি বলতে চেয়েছেন—অবশ্য তিনি একথা স্বীকার করেছেন—"এখানে ওখানে হতোদায় বা আপেক্ষিক অসাফল্যের উদাহরণ যে নেই তা নয়" কিন্তু তিনি বলতে চেয়েছেন গতিবেগ সঞ্চালনের কথা। কি গতিবেগ সঞ্চারিত হয়েছে? গতিবেগ সঞ্চারিত হয়েছে নিচের দিকে, যা ছিল তাও নেই। গতিবেগ আর বাড়ছে না। তারপর তিনি বলেছেন কৃষির কথা। এখানে কৃষির কথায় যদি যাওয়া যায় তাহলে দেখা যাচ্ছে, প্রাকৃতিক আবহাওয়ার দরুন এই ফলন ফলেছে এবং এই ফলন আমরা করেছি। ওনারা সেচ, বিদ্যুত এমন কিছু চমকপ্রদ জিনিস দেখাতে পারেননি যার জন্য সেচের উন্নয়ন হয়েছে এবং তার ফলে ফলন ভাল হয়েছে। আমাদের শাসনকালে ১৯৭২ সালের পর যে কাঠামো তৈরি হয়েছিল, গ্রামে গ্রামে বৈদ্যুতিকরণের ফলে বিশেষ করে উত্তরবঙ্গে জল সেচের ব্যবস্থা করা হয়েছিল এবং সেই কাঠামোয় কেন্দ্র করে ফলন ফলেছিল। কিন্তু এদের আমলে কি দেখা গেল? বিদ্যুৎ-এর তার, পোল সব লোপাট হয়েছে এবং তার ফলে কি হয়েছে? এই বামফ্রন্ট সরকারের রাজত্বকালে যা কিছু অস্তিত্ব ছিল সব বিপর্যস্ত হয়েছে। সেচ ব্যবস্থার কোনও উন্নতি হয়নি। গভীর নলকূপ চলছে কি? চলবে না। অগভীর নলকূপ চলছে কি? চলছে না। রিভার লিফট যেগুলি ছিল সেগুলি কি চলছে? চলছে না। তাহলে এই সমস্ত জিনিসের উন্নতি কোন দিক দিয়ে হল? যা কিছু ছিল সেটাও সংরক্ষণ করার কোনও ব্যবস্থা এই বামফ্রন্ট সরকার করেননি। কৃষি ঋণ এবং অন্যান্য সুবিধা যা দেওয়া হয়েছে তা এই পার্টিবাজির জন্য অ-কৃষকদের মধ্যে সব বন্টিত হয়েছে। বর্গা-অপারেশনের নামে অ-কৃষকদের মানে ক্যাডারদের নামে বর্গা রেকর্ড করে উপ-বর্গাদার সৃষ্টি করা হল। কেন এই জিনসি করা হল? যারা কোনও দিন বর্গা ছিল না তাদের নামে রেকর্ড করা হল কেন? এবার পঞ্চায়েত সম্পর্কে কিছু বলি। আপনারা পঞ্চায়েত সম্পর্কে প্রশংসায় পঞ্চমুখ আমি এই সম্পর্কে বিস্তারিতভাবে বলছি না, আমাদের ভোলাদা কালকেই বলেছেন। পঞ্চায়েত নামে যে বস্তুটি রেখেছেন নেই বস্তুটি দৃষ্টিভঙ্গির একটু আড়ালে রেখে, তাকে বাঁচানোর জন্য অনেক প্রশংসা করেছেন। কিন্তু বাস্তব ব্যাপারটা আঁচলে ঢেকে

না রেখে আসল কথাটা কেন বললেন না? এই পঞ্চায়েত দুর্নীতির অভিযোগ পরিপূর্ণভাবে আছে। পঞ্চায়েত মন্ত্রী যদি উপস্থিত থাকতেন তাহলে এই কথাগুলি বলতে পারতেন। আমি বলতে চাইছি, পঞ্চায়েত প্রধান শতকরা ৯৫ ভাগ আপনাদের দলের লোক এবং এরাই দুর্নীতি করে।

[4-10 — 4-20 p.m.]

তাদের জন্য কোনও ব্যবস্থা রইল না। কারণ, অকারণ জানি না তবে তারা বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। ছোট কৃষকদের অবস্থা খুব নাকি ভাল করা হয়েছে, এই বাজেটে সেই রকমই বলা হয়েছে। ছোট কৃষকদের সম্বন্ধে আমি বলতে চাই। ঐ তিরিশ কোটি প্লাস চল্লিশ কোটি টাকা মানে এই ৭৪ কোটি টাকার ঋণ মকুব হল, এই ঋণ মকুবটা কেন হল তা আপনারা ভাল করেই জানেন। আমরাও বুঝি, টাকা কোনওদিন পাওয়া যেত না। আদায় হত না, তাই সস্তায় বাজিমাত করলেন। এই ৭৪ কোটি টাকা এটাও তো সাধারণ টাকা। এটাকে দিয়ে দিলেন, ভাবলেন খুব করলাম, কাকে দিলেন? ছোট ছোট চাষীকে? কিন্তু আমরা দেখছি এই ব্যবস্থায় জোতদারদের সুবিধা হল, সুযোগ সুবিধা জোতদাররাই পেলে। আপনারা এই পরিকল্পনাটা নিয়েছেন—সামনে ভাট, ভোটের সুবিধার জন্য সস্তায় বাজিমাত করতে চাইলেন। তারপর শিক্ষা ব্যবস্থায় একটা তুঘলকি রাজত্ব চলছে, সেখানে আপনারা একটা স্বৈরতান্ত্রিক পদক্ষেপ নিয়েছেন। তাতেও কি করে পার্টিবাজির প্রসার করা যায় দেখছেন এবং সেইভাবেই এগিয়ে চলেছেন। তা না হলে সমাজের বুদ্ধিজীবী, সাহিত্যিক তাদের বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন করে—মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সকলেই যেন একটা তাচ্ছিল্যভাবে ব্যবহার করছেন তাদের সঙ্গে। যেন মনে হচ্ছে সরকারি দলে যারা আছেন তারা ছাড়া আর কেউ কিছু বোঝে না। এটা খুবই দুঃখের ব্যাপার। সুতরাং আজকে যেন মনে হচ্ছে রবীন্দ্রনাথ, বিদ্যাসাগর এদের প্রয়োজন নেই। কারণ পার্টির মধ্যে ওদের সব ক্ষুদে রবীন্দ্রনাথ এবং বিদ্যাসাগর তৈরি হয়ে গেছে। কারণ বুদ্ধিজীবীরা সাহিত্যিকরা সব পথে নেমেছেন, বর্তমান সরকারের ধারণা যে তারা ছাড়া আর কেউ কিছুই জানেন না। সংস্কৃতির নামে অপসংস্কৃতি চলছে। এখানে বইয়ের কথা বলে বাইরে গিয়ে ইনক্লাব জিন্দাবাদ করছে। এইগুলি কেন করা হচ্ছে? অথচ শিক্ষার অনেক কথাই ফলাও করে বলা হচ্ছে। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে যে আইন পাস করেছেন—সেখানে এবং মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে কোনও নির্বাচন হচ্ছে না, কিন্তু হায়ার সেকেন্ডারি ক্লাসে যেখানে যাকে খুশি তাকে তাকে বসানো হচ্ছে। জ্যোতিবাবু কটকে সেদিন বলেছেন, শিক্ষার ব্যাপারে তিনি নাক গলাবেন না, কিন্তু নাক কেন, গোটা মাথাটাই তিনি গলিয়ে দিয়েছেন, আর বার করতে পারছেন না। সুতরাং ওনারা মুখে একটা কথা বলেন কাজে অন্যরকম করেন।

স্বাস্থ্যের কথা কি বলব—কোনও জায়গায় ডাক্তার নেই, ওষুধ নেই। মন্ত্রী মহাশয় বলেছেন স্বাস্থ্যের ব্যাপারে ঊর্ধমুখী সমস্ত কিছু হচ্ছে। কিন্তু স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার আছে কি? হোমিওপ্যাথিক ডাক্তার অ্যালোপ্যাথিক চিকিৎসা করছেন কি? একটা বেডে ৩/৪ জন রোগী আছে কি? সঙ্কটাপন্ন রোগীকে হাসপাতালে ওষুধ না থাকার জন্য বাজার থেকে ওষুধ কিনে খেতে হচ্ছে নাকি? অ্যাম্বুলেন্স ডাকলেও লোক না থাকার জন্য পাওয়া যায় না। এইটা কি

উন্নতির লক্ষ্যণ? আবার নতুন করে ৩ বছরের ডাক্তারির কোর্স চালু করছেন। ৩ বছরে তারা কি শিখবেন? সেখানে নার্সিং-এর গ্র্যাজুয়েশনের জন্য ৪/৫ বছর লাগে, তারপরে আবার এক বছরের জন্য ট্রেনিং নিতে হয়, সেখানে ৩ বছরে ডাক্তার তৈরি করা মানে মানুষ মারার মেশিন তৈরি করা হবে নাকি? শিল্পের কথাই বলব এখানে অরাজকতা ছাড়া আর কিছু আছে কি? বিদ্যুত সংকটের সুরাহা হয়েছে কি? শ্রমিকদের দলাদলির ফলে শিল্পে লক আউট ছাঁটাইয়ের প্রবণতা বৃদ্ধি হয়নি কি? সরকারি শিল্পে লোকসান বাড়ছে না কি? রুগ্ন শিল্পের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। রোজ একটা করে শিল্প রুগ্ন হচ্ছে। আবার চা-এর উপর সেস বসল ৬ টাকা যার ফলে চা শিল্প রুগ্ন হল। এবং আবার সরকার কে তা নিতে হবে। এই অবস্থা কবে শেষ হবে জানি না। শিল্পের বিষয়ে কোনও ভায়েবেল স্কীম দেখতে পাচ্ছি না যা এই সরকারি তৈরি করছেন। তবে একটা দুঃখের বিষয়ে কথা বলছি যে, যে রেশম অনেক বৈদেশিক মুদ্রা আনয়ন করে সেই শিল্পের ব্যাপারে কোনও উল্লেখ বাজেটে নেই। অনেকের ঋণ মকুব হল কিন্তু রেশম শিল্পের ক্ষেত্রে যারা আর্টিজান আছেন, তাদের বিষয়ে কোনও ব্যবস্থা তিনি করেননি। সেইজন্য অনুরোধ করব রেশম শিল্পী সম্পর্কে চিন্তা করতে। রাস্তাঘাট সম্বন্ধে কিছু দেখতে পাচ্ছি না। শহর ছাড়া গ্রামের জন্য কোনও নূতন রাস্তার পরিকল্পনা দেখতে পাচ্ছি না। কাজের বিনিময়ে খাদ্যের ব্যাপারে বলা হয়েছে যে গ্রামাঞ্চলে কর্মসংস্থানের সুযোগ বহু গুণ প্রসারিত হয়েছে কিন্তু আমরা সেসব কিছুই দেখতে পাচ্ছি না। তবে এই উক্তি এক দিকে থেকে সত্য যে এটা ক্যাডার পোষণের সহায়ক হচ্ছে। গরিব মানুষের কাছে এটা পৌছায়নি।

[4-20 — 4-30 p.m.]

আজকে পঞ্চায়েতে অনেক দুর্নীতি ঘটছে, আমার প্রশ্ন হল এই সমস্ত দুর্নীতিগ্রস্থ লোকেরা কি ভাবে রেহাই পাচ্ছে। বেকারদের সম্বন্ধে আপনারা বলেছেন যে, যারা ১৯৭৮-৭৯ সাল থেকে ভাতা পেয়ে আসছে, তারা আর বেকার ভাতা পাবে না। আমরা দেখেছি যে, দলের ক্যাডাররাই এই ভাতা পেয়েছেন। তাদের জন্য আপনারা বিকল্প পথের কথা বলেছেন সেটি হল সিড মানি। কিন্তু এই সিড মানি নূতন কিছু ব্যাপার নয়, এটি আগে থেকেই দেওয়া হচ্ছে। অথচ আপনারা বলছেন যে, আগে থেকে এই সিড মানির কোনও ব্যবস্থা করা হয়নি, আপনারা তা ব্যবস্থা করছেন। তাহলে এই ৩ বছর ধরে এত টাকা অপচয় কেন করা হল, এই কোটি কোটি টাকাতো সিড মানি হিসাবে দেওয়া যেতে পারত। ডঃ অশোক মিত্র ঘোষণা করে দিয়েছেন যে, এই বছরের এপ্রিলের পর থেকে আর ঐ তিন বছর ধরে যারা ভাতা পেয়ে আসছে, তাদের কোনও ভাতা দেওয়া হবে না—তবে তার পরিবর্তন ব্যবস্থা হিসাবে সিড মানি দেওয়া যেতে পারে। অর্থাৎ এই বেকার ভাতা বাবদ কোটি কোটি টাকা নষ্ট করা হল শুধুমাত্র গ্রামের সাধারণ ঘরের ছেলেমেয়েদের উৎসাহিত করার জন্য, তাদের মধ্যে থেকে ক্যাডার তৈরি করার জন্য এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। পে-কমিশন রিপোর্ট সম্বন্ধে অনেক জল ঘোলা করে, ঠান্ডা ঘরে রাখবার পর তা এখনও করতে পারলেন না। ডঃ মিত্র বলেছেন, ২৮শে ফেব্রুয়ারি সমস্ত সমিতির কাছ থেকে রিপোর্ট পাওয়ার পর তা বের করা হবে। কিন্তু ২৮ তারিখ পার হয়ে গেছে, আজ মার্চের ৩ তারিখ। আমার মনে হয় ইতিমধ্যে তার কাছে সব রিপোর্ট এসে গেছে। অর্থাৎ এই ব্যাপারে আমরা এখনও অন্ধকারের মধ্যে

আছি। এই ব্যাপারে আর একটি জিনিস আমরা জানি যে, এই পে-কমিশনের রিপোর্ট বের হবার পর তিনি যে বাজেট এখানে পেশ করেছেন, তার সাথে যুক্ত হবে আরও কিছু টাকা—সেই টাকা এই বাজেটের সঙ্গে যুক্ত নেই। এখন মাননীয় অর্থমন্ত্রী আমাদের বলুন যে, সেই বাড়তি টাকার অঙ্ক কত? বাজেটে এই বাড়তি টাকা ধরা নেই, আছে শুধুমাত্র তার বক্তৃতার মধ্যে। আসল ব্যাপারটি হল, বাজেট ডেফিসিট হবেই—শুধু ডেফিসিট আর ডেফিসিটে ভরা থাকবে এই বাজেট। সুতরাং আজকে অর্থমন্ত্রীর এই পে-কমিশনের রিপোর্টের ভিত্তিতে কত ঘাটতি দাঁড়াবে তা ভেগ না রেখে পরিষ্কার করে তার বলা উচিত। আশা করি, তিনি পরিষ্কার ভাবে তার উল্লেখ রাখবেন এবং প্রভিসনও একটা রাখবেন। পুলিশ খাতে ব্যয় বাড়াবার আসল উদ্দেশ্য হচ্ছে পাটি বাজির ব্যাপারে সহায়তা করা। আজকে খুনের পর খুন হচ্ছে, পুলিশ তা জানা সত্ত্বেও কোনও ব্যবস্থা নিচ্ছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সর্বশেষ কথা আপনার মাধ্যমে বলতে চাই যে, এই বাজেটে ধাপ্পাবাজি ছাড়া আর কিছুই নেই। এই যে ৭৬ কোটি টাকা মকুব করে দিয়েছেন এটাও একটা ধাপ্পাবাজি, কারণ এই টাকা কখনও আদায় হোত না। এরা কেন্দ্রীয় সরকারের উপর দোষ চাপিয়ে চা-এর উপর সেস ইত্যাদি করেছেন। এরা কেন্দ্রীয় সরকারকে দোষ দিচ্ছেন অথচ এই অর্থমন্ত্রী নিজেই অমুক ট্যাক্স, তমুক ট্যাক্স ইত্যাদি সব করেছেন এবং বলছেন, লড়াই করব। আমার বক্তব্য হচ্ছে একটা স্লোগান। অর্থমন্ত্রী বলেছেন তার এই বাজেটের উর্ধ্বমুখী ধারা। আমি বলব এটা নিম্নমুখী ধারা। এই বাজেটে মানুষকে রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা নেই, নূতন কোনও পরিকল্পনা নেই এবং ভবিষ্যতে কোনও কাজ হবে সেই বিশ্বাসও আমার নেই। সুতরাং এই ধাপ্পাবাজির বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় রাজ্য সরকারের যে বাজেট এই সভায় পেশ করেছেন, তার উপর গতকাল থেকে আলোচনা শুরু হয়েছে। বিরোধী দলের মাননীয় সদস্যরা এই বাজেটের উপর যে সমস্ত বক্তব্য রেখেছেন আমি তা মন দিয়ে শুনেছি। এই বাজেটকে সমর্থন জানাতে গিয়ে আমি সর্বপ্রথম অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। এই বাজেট প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে আমার প্রথম কথা যেটা মনে হচ্ছে সেটা হচ্ছে, আজকে ভারতবর্ষে এই মুহূর্তে দুটি বাজেট নিয়ে আলোচনা হচ্ছে। অর্থাৎ এখানে এই বিধানসভায় রাজ্য সরকারের বাজেট নিয়ে আলোচনা হচ্ছে এবং দিল্লিতে লোকসভায় কেন্দ্রীয় বাজেট উপস্থিত করা হয়েছে এবং তা নিয়ে সেখানে আলোচনা হচ্ছে। আমরা জানি আজকে যারা এই বাজেটের বিরোধিতা করছেন, তাদের সঙ্গে আমাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গির মৌলিক পার্থক্য রয়েছে। গত ৩০ বছরের কংগ্রেসি রাজত্বে এই ভারতবর্ষে পুঁজিবাদের যত বিকাশ হয়েছে সাধারণ মানুষের দারিদ্র্যতা তত বেড়েছে। আমরা জানি শতকরা ৭০ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নিচে রয়েছে এবং তাদের পিঠ সরাবার জায়গা নেই। আমরা এটাও জানি ৩০ হাজার কোটি কালো টাকা জমা হয়েছে। স্বাধীনতার এত বছর পরও প্রচুর লোক নিরক্ষর অবস্থায় রয়েছে। মাননীয় সদস্য ভোলাবাবু বাজেট সম্বন্ধে অনেক কথা বলে গেলেন।

একথা ঠিক তার সঙ্গে আমাদের মৌলিক পার্থক্য রয়েছে বলে আমাদের বাজেট তার ভাল লাগবে না। রাজ্য সরকার যে বাজেট পেশ করেছেন সেটা সাধারণ মানুষের দিকে দৃষ্টিভঙ্গি রেখে পেশ করা হয়েছে। একথা ঠিক কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের মধ্যে বৈষম্য রয়েছে। রাজ্য সরকারের হাতে ক্ষমতা কতটুকু? আমরা যখন সীমিত ক্ষমতার কথা বলি তখন তারা আমাদের উপহাস করেন। কেন্দ্র এবং রাজ্যের মধ্যে দীর্ঘদিন ধরে বৈষম্য রয়েছে এবং এই বৈষম্যের কথা আমরা সরকার গঠন করবার পর বার বার উত্থাপন করেছি। আমরা দেখেছি কেন্দ্রীয় সরকার যে ১৭ হাজার কোটি টাকা রাজস্ব আদায় করে, তার থেকে তারা মাত্র সাড়ে চার হাজার কোটি টাকা রাজ্যগুলির মধ্যে বিতরণ করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা অদ্ভুত কথা, একটা রাজ্য সরকারের দায়িত্ব রয়েছে কিন্তু তার কোনও ক্ষমতা নেই।

এই রাজ্যের উন্নয়নের জন্য বর্তমানে ইচ্ছামতো রাজস্ব আদায় করতে পারবে না, ইচ্ছা মতো অর্থব্যয় করতে পারবে না। এই যে ঘটনা, এই ঘটনা হচ্ছে একটা পুঁজিপতি সমাজ ব্যবস্থার একটা ধনতান্ত্রিক গোষ্ঠীর এটাই চরিত্র। আমি মাননীয় সদস্য শ্রী ভোলানাথ সেন মহাশয়, আমি তাকে বলি একটু অতীতের দিকে তাকাবেন। ১৯৩৮ সালে কংগ্রেস সভাপতি যখন নেতাজী সুভাষচন্দ্র বোস ছিলেন তৎকালীন তার যে বক্তব্য সেটা ন্যাশনাল প্ল্যানিং কমিশনের রিপোর্ট-এ পড়ে ছিলাম। আমি দেখলাম সেই ঘটনা যে রাজ্যের হাতে অধিক ক্ষমতার দাবিতে সেই সময় ব্রিটিশ ভারতের শাসনে ছিল এবং সেই শোষণের আইন নিয়ে তুমুল বিতর্ক হয়েছিল এবং এই বিতর্কে তৎকালীন নেতৃবৃন্দ বিতর্কের ঝড় তুলে বলেছিলেন রাজ্যের শুধু দায়িত্ব থাকবে আর ক্ষমতা থাকবে না এটা আমরা মানতে রাজি নয় ১৯৩৫ সালে সেই বৃটিশ আমলের সেই আইনের তারা বিরোধিতা করেছিলেন এবং তারা বলেছিলেন রাজ্যের হাতে অধিক ক্ষমতা চাই। তাই আজকে যখন এই কথা বলি—এটা কি কোনও অন্যায় কথা। ভারতবর্ষের স্বাধীনতার পর আজ ৩২ বছর ধরে এই যে বৈষম্য চলছে সাধারণ মানুষের আজকে আমরা সেই ধনিকের সঙ্গে এই বৈষম্যের উপশনের জন্য আমরা লড়াই করছি। আমরা জানি একটা পুঁজিপতি গোষ্ঠীর ভিতরই সমাজতান্ত্রিক বিপ্লবী মানুষের জন্ম হয় এবং তাই আজকে পুঁজিবাদীর মধ্যে দিয়ে ভারতবর্ষ এগিয়ে যাচ্ছে। ধন বৈষম্যের মধ্যে দিয়ে সাধারণ মানুষের উপর যে নিপীড়ন চলছে সেই নিপীড়নের কথা আমরা জানি এবং তার জন্য আজকে এই ঘটনা আমরা যেটা করতে যাচ্ছি, তারা তার বিরোধিতা করছেন। কংগ্রেস ৩২ বছর শাসনে ছিলেন এবং এই পশ্চিমবাংলাতেও ছিলেন এই কাজগুলি কেন তারা করেননি, এইটাই আমাদের আশ্চর্য লাগে। শিক্ষা বলুন কৃষকদের কথাই বলুন সাধারণ মানুষের কথা বলুন এই কাজগুলি এই সংবিধানের মধ্যে থেকেও তো তারা করতে পারতেন। আমরা তো এমন কিছু বিপ্লব করে ক্ষমতা দখল করিনি বা এখানে বিপ্লব সংগঠিত করছি না। সংবিধানের মধ্যে থেকেই এই কাজগুলি করছি। এবারে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেটা সেই সংবিধানের মধ্যে থেকেই করেছেন। শিক্ষার ব্যাপারে পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে তোলপাড় শুরু হয়েছে। আমার আশ্চর্য লাগে একটা গণতান্ত্রিক রাষ্ট্র আমাদের দেশ এবং আমাদের নাকি গণতান্ত্রিক অধিকার দেওয়া হয়েছে। অথচ আমাদের দেশে শতকরা ৭০ জন মানুষ এখনও নিরক্ষর, আমাদের দেশে

নির্বাচন একটা প্রহসন। নির্বাচন কিভাবে হয় আমাদের গ্রামের মানুষ যখন তার প্রতিনিধি নির্বাচিত করতে যান সেই নির্বাচনের প্রতিনিধির নামটি তিনি করতে পারেন না, তারা একটা প্রতীক চিহ্নের মধ্যে ভোট দেন। এর চেয়ে লজ্জার আর কি হতে পারে। নিরক্ষর মানুষগুলি নাম পর্যন্ত করতে পারে না এবং নাম করতে পারে না বলে এক একটা মানুষ সেখানে এক একটা প্রতীক। আজকে ৩০/২ বছর ধরে এই ঘটনা চলছে। তাই আমি বলতে চাই যে শিক্ষা নিয়ে এত তোলপাড় এত হৈচৈ কেন? আমরা বুঝি তার কারণ আছে। যারা আজকে সমস্ত ক্ষমতা মুষ্টিমেয় পুঁজিপতি শক্তির হাতে কেন্দ্রীভূত করতে চাইছেন সাধারণ মানুষকে বঞ্চিত করে আজকে তাদের স্বার্থে আঘাত লাগছে। আজকে শিক্ষা যদি সাধারণ মানুষদের মধ্যে ছড়িয়ে পড়ে গ্রামের কৃষক শ্রমিকদের ছেলেমেয়েরা যদি শিক্ষা গ্রহণ করতে পারে তাহলে তাদের আর শোষণ করা যাবে না, তাদের বঞ্চিত করা যাবে না। তারা নিজেরা বুঝতে পারবে কিভাবে শোষণ করছে। তাই তো আজকে শিক্ষাকে গণমুখী করার জন্য আমরা প্রচেষ্টা করছি, তাই চর্তুদিক থেকে এত বাধা আমরা দেখতে পাচ্ছি। আজকে দারিদ্র্যতা কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেই কথা আমি মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার কাছে রাখছি। বিগত ৩১শে জুলাই এক প্রশ্নের জবাবে ভারত সরকারের পরিকল্পনা মন্ত্রী রাজ্যসভায় জানিয়েছেন যে ১৯৭৭-৭৮ সালে গরিবদের সংখ্যা ছিল ৩০ কোটি ৬০ লক্ষ। আজকে ৩২ বছর ধরে গোটা ভারতবর্ষের শাসন ক্ষমতা ওরা ইংরাজদের হাত থেকে নিয়েছিলেন। আজকে তারা সাধারণ মানুষদের কোথায় নিয়ে গেছেন? আজকে ২৪ কোটি বেশি মানুষ দারিদ্র্যতার নিচে গ্রাম বাংলায় বাস করে। আজকে তাদের দিকে তাকিয়ে আমরা এই পরিকল্পনা গ্রহণ করেছি।

শিক্ষা আজকে অবৈতনিক করা হয়েছে। প্রাথমিক শিক্ষা আমরা মাতৃভাষার মাধ্যমে প্রচলন করার চেষ্টা করছি। আমরা জানি এতে প্রচন্ড বাধা আসছে ও আসবে। এই প্রসঙ্গে স্যার, আমি বলব, আমরা চাই দেশের সামগ্রিক উন্নতি, আমরা চাই না মুষ্টিমেয় একটা অংশ তারা পুঁজি ও শিক্ষাকে কুক্ষিগত করে রাখুক। আমরা চাই দেশের সাধারণ মানুষকে নিয়ে এগিয়ে যেতে। আমরা নিজেরা দু পা এগিয়ে যাব আর আমাদের পেছনে জগদ্দল পাথরের মতোন অন্ধকার থাকবে, এটা আমরা চাই না। তাই গণমুখী শিক্ষা করে সেই শিক্ষাকে আমরা সাধারণ মানুষের মধ্যে প্রচলন করতে চাই। কিন্তু সেখানেও দেখছি বাধা আসছে। কবিগুরু বলেছেন,

যারে তুমি নিচে ফেল সে তোমারে বাঁধিবে যে নিচে,

পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে।

আপনারা একথা ভুলে যাবেন না, আমরা সেইসব মূঢ় ম্লান মুখে ভাষা তুলে দিতে চাই। স্যার, আমরা এটা করতে চাই তাই দেখছি চারিদিক থেকে আমাদের উপর আঘাত আসছে। কালকে শ্রী ভোলানাথ সেন মহাশয় হঠাৎ করে অসতর্ক মুহূর্তে বলে ফেললেন "জুন মাস পর্যন্ত"। আমরা জানি না কিসের ইঙ্গিত তিনি দিলেন। কিন্তু স্যার, আমরা ১৯৭৫ সালের জুন মাসের কথা জানি। আমরা জানি সেই স্বেচ্ছাচারি শাসন কায়েম হতে পারে। আমরা তাকে ভয় পাই না। সাধারণ মানুষ জানে পুঁজিবাদী শক্তি, প্রতিক্রিয়াশীল গোষ্ঠী কি ভাবে মানুষের উপর গত ৩০/৩২ বছর ধরে নিষ্পেষণ চালিয়েছে। আমরা এটা জানি আমরা

এসবে ভয় পাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই কৃষকদের জন্য পেনশনের কথা ঘোষণা করার জন্য। দারিদ্র্যের শেষ সীমায় যারা ধুঁকছেন, যাদের পিঠ ফেরাবার জায়গা নেই, সেই কৃষক যারা পাট উৎপাদন করেছেন, ফসল উৎপাদন করেছেন কিন্তু বছরের পর বছর তার দাম পাননি তাদের কথা চিন্তা করে এই যে কাজটি তিনি করেছেন, এরজন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। স্যার, আমাদের দেশের কৃষক, ক্ষেতমজুররা ধুঁকতে ধুঁকতে মৃত্যুর দিকে এগিয়ে চলেছেন। আমরা দেখছি ক্ষেতমজুরদের দৈনিক গড় আয় মাত্র ৩৫ পয়সা। ৩২ বছর ধরে তারা শোষিত হয়ে চলেছেন। ৩৫ লক্ষ বর্গাদার, তাদের অবস্থা কি সেটা সকলেই জানেন। স্যার, তাদের কথা চিন্তা করে এই যে কৃষি পেনশন করা হয়েছে এটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। আমাদের অর্থমন্ত্রী মহাশয় সংবিধানের মধ্যে থেকেও সীমিত ক্ষমতাব মধ্যে থেকেও এই কাজ করার জন্য যে দৃঢ় পদক্ষেপ নিয়েছেন সেটা অভিনন্দনযোগ্য। তারপর কৃষকদের যে খাজনা মকুব করা হয়েছে সেটাও অভিনন্দনযোগ্য। স্যার আমাদের দেশের পাটচাষীরা দীর্ঘদিন ধরে পাটের দাম পায় না। এ সম্পর্কে এখানে অনেকেই বক্তব্য রেখেছেন, আমিও কয়েকটি কথা বলব। স্যার, একটি স্মৃতি আমার মনে জাজ্জ্বল্যমান, সেটি আপনার মাধ্যমে এই হাউসে রাখছি। জুট কর্পোরেশন অব ইন্ডিয়াকে কৃষকদের কাছ থেকে ন্যায্য দামে পাট কিনতে বলা হয়েছিল, সেখানে গত বছর চ্যাংড়াবাধায় জে. সি. আই. পাট কেনার নাম করে গেলেন, সাধারণ কৃষকরা তাদের কাছে পাট বিক্রি করার জন্য রাত্রি থেকে লাইন দিয়ে দাঁড়িয়ে রইলেন কিন্তু সেখানে ফোড়ে ও দালালদের সঙ্গে চক্রান্ত করে জুট কর্পোরেশনের কর্মচারিরা এমন একটা অবস্থার সৃষ্টি করলেন যে মাঝখান থেকে সেখানে গুলি চলল, সাধারণ কৃষকদের সেখানে হত্যা করা হল। আপনারা বলুন, আমাদের দেশে গরিব মানুষদের উপর কেন এইসব ঘটনা ঘটে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বামফ্রন্ট সরকার এই গরিব মানুষদের পেছনে আছেন সেটা তারা জানেন, তাদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে তারা লড়াই করছেন এবং তা করছেন বলেই আজকে এই বাজেট তাদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে করা হয়েছে। স্যার, সাধারণ মানুষদের জন্য যে সমস্ত কাজ করা হচ্ছে আমরা দেখছি সেই সমস্ত কাজে বাধা দেওয়া হচ্ছে। তারপর কৃষি ঋণ মকুব করা হয়েছে—৪০ কোটি টাকার।

[4-40 — 4-50 p.m.]

আজকে এই লাক্ষা শিল্পের জন্য আপনি যা করেছেন, তার জন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি। লাক্ষা শিল্পের উপরে আপনি যে কর মকুব করেছেন, তার জন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি। আমি পুরুলিয়া জেলায় দেখেছি যে সাধারণ মানুষ, সাধারণ কৃষক, যারা এই শিল্পের সঙ্গে জড়িত তারা কি ভাবে ৩০ বছর ধরে ভুগছে। আমি তাদের সঙ্গে ঘুরেছি এবং দেখেছি। আজকে পুরুলিয়ার কৃষকরা আপনাকে দু'হাত তুলে আর্শীবাদ করবে, এই কর মকুব করার জন্য। কেন্দ্রীয় বাজেটে আমরা দেখেছি—গতকাল মাননীয় সদস্য, ভোলানাথ সেন মহাশয়ও বলেছেন যে আমরা-সকলে মিলে অর্থাৎ আমরা যারা ফ্রন্টের শরিক তারা সকলে মিলে এক কথাই বলছি। আমরা নিশ্চয়ই তাই বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কাগজে একটা সংবাদ দেখেছি অবাক হয়ে গেছি। পার্লামেন্টে বাজেট নিয়ে আলোচনা হচ্ছে, রেল বাজেটের আলোচনার সময়ে কংগ্রেসের সদস্যরা বিরোধীদের সঙ্গে এক মত হয়ে রেল

বাজেটের উপর বিরোধিতা করছেন। এটা তাদের পক্ষে সম্ভব, আমাদের পক্ষে সম্ভব নয়। কারণ আমরা জানি তাদের সঙ্গে আমাদের মৌলিক পার্থক্য রয়েছে। আমরা সাধারণ মানুষের কথা চিন্তা করি, সাধারণ মানুষের জন্য বাজেট তৈরি করি। আজকে সেই কারণে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট করেছেন, তার জন্য তাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী এই বাজেট করার মধ্যে দিয়ে যে পদক্ষেপ নিয়েছেন, সেই দৃঢ় পদক্ষেপের জন্য পশ্চিমবাংলার সাধারণ গরিব মানুষ, সাধারণ কৃষক, মেহনতি মানুষ তাকে আর্শীবাদ করবে। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে এবং তার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী, তিনি অর্থনীতিতে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সুপন্ডিত, তাকে আমি সেই কারণে শ্রদ্ধা করি। তথাপি তিনি যে বাজেট আমাদের উত্থাপন করেছেন, আমি বলতে বাধ্য হচ্ছি, রাজনীতির সঙ্গে অর্থনীতির অবিচ্ছেদ্য সম্পর্ক থাকে—এ কথা জেনেও যে তার এই বাজেট যতখানি রাজনৈতিক ততখানি অর্থনৈতিক নয়। তার রাজনৈতিক প্রজ্ঞার যতখানি প্রকাশ এই বাজেটের মধ্যে প্রতিফলিত হয়েছে, তার চেয়েও কিছু বেশি অপ্রত্যাশিত রাজনৈতিক পাটোয়ারি বুদ্ধির প্রকাশ ঘটেছে। আমি যথা আমার আলোচনার মধ্যে দিয়ে আমার বক্তব্যকে পরিস্ফুটিত করার চেষ্টা করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি একটা বাজেটের মধ্যে দিয়ে সরকারের দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটে থাকে তাহলে নিঃসন্দেহে প্রথমে আমি বলব যে পশ্চিমবাংলার অর্থমন্ত্রী তথা পশ্চিমবাংলার সরকারের লক্ষ্যগত দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটেছে। সেই পরিবর্তনটা কতখানি রাজনৈতিক চেতনা সম্ভুত, কতখানি সমাজ চেতনার বিবর্তন সঙ্গত, আর কতখানি রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য গৃহীত, সে সম্পর্কে বিতর্কের অবকাশ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টিভঙ্গি এবারে তিনি পল্লীর দিকে প্রসারিত করেছেন। এযাবতকালে স্বযত্নে লালিত-পালিত নগর-বন্দর, শিল্পাঞ্চলকে পাশ কাটিয়ে তিনি এবারে পল্লী অঞ্চলের দিকে, গ্রাম-সমাজের দিকে দৃষ্টি নিক্ষেপ করেছেন।

জ্যোতিবাবুর বিদ্যুত উন্নতির মরণ কামড়ে ক্ষত-বিক্ষত রক্তাক্ত নগর-বন্দর শিল্পাঞ্চলই নিত্য প্রয়োজনীয় দ্রব্যের নিয়ত উর্দ্ধ গতির মধ্যে দিয়ে জগদ্দল পাথরের তলায় যে জনগণ নিষ্পেষিত হচ্ছে, সমস্ত মানুষ যখন দিশেহারা, নানা কারণে নগর বন্দর শিল্পাঞ্চল যখন আজ বিব্রত তখন এখান থেকে মাননীয় অর্থমন্ত্রী এবং তার সরকার দৃষ্টিকে প্রসারিত করছেন পল্লী অঞ্চলে। যে পল্লী দারিদ্র্যের জন্য, অশিক্ষা, কুশিক্ষার জন্য এমনিই অনেকখানি উর্বর হয়ে আছে আমাদের বামপন্থী বন্ধুদের জন্য, তার পরে বর্তমানে পঞ্চায়েত এবং কাজের বিনিময় খাদ্য প্রকল্পের পলি-মাটি সেখানে পড়েছে, অতএব সেখানে দৃষ্টি দিলে বর্তমান অবস্থার উন্নতি হোক বা না হোক ভবিষ্যতের নির্বাচনী বৈতরণী পার করা সহজ হবে। তাই তিনি সেদিকে দৃষ্টিপাত করেছেন। তথাপি আমি বামফ্রন্ট সরকারকে এবং মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ দিতে কুন্ঠিত হচ্ছি না। এযাবৎকাল আমরা সবাই পল্লীর কথা বলেছি, পল্লীর দিকে দৃষ্টিভঙ্গি প্রসারিত করতে বলেছি, কৃষাণের কথা বলেছি, বলেছি কৃষাণ অন্নদাতা, রোদে পুড়ে, জলে ভিজে আমাদের অন্ন সংস্থান করেন তাদের প্রতি আমাদের দরদ দেখানো কর্তব্য। তথাপি এতাবতকাল তেমন ভাবে আমরা তাদের জন্য কেউ কিছু করিনি। আজ মাননীয় অর্থমন্ত্রীর

বাজেটে কৃষাণের প্রতি দরদ দেখানো হয়েছে। সামগ্রিকভাবে ৬৫ কোটি টাকার ঘাটতি বাজেট সত্ত্বেও তিনি ৪০ কোটি টাকার কৃষি ঋণ মকুব করেছেন এবং তাদের জন্য শস্য বিমার ব্যবস্থা করেছেন। ইতিমধ্যে তিনি কৃষাণের জন্য পেনশনের ব্যবস্থা করেছেন, তার জন্য আমি বিরোধী দলের মানুষ হলেও তাকে সানন্দ স্বাগত জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক বন্ধু বলেছেন এই পেনশন ব্যবস্থা একটা স্টান্ট, যদি স্টান্ট হয় তাহলে বৈপ্লবিক স্টান্ট এবং নিঃসন্দেহে একে অভিনন্দন জানাবার মতো মানসিকতা আমার আছে, আমি তত ব্লান্ড নিজেকে প্রতিপন্ন করতে চাই না। কারণ এমন একটা পদক্ষেপকে আমি আপনাদের কাছে লঘু করে দেখাতে চাই না। কারণ কেবল মাত্র অর্থসংস্থানই নয়, এক অক্ষম জরাগ্রস্ত কৃষাণকে কিছু আর্থিক সংস্থান জুগিয়ে দিলাম তাই নয়, এর মধ্যে আরও বড় কথা হ'ল, স্বীকৃতি, এই মূল্যায়নের জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি তার সরকারকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পেনশন দিলাম, কৃষি ঋণ মকুব করলাম, শস্য বিমা চালু করলাম, কিন্তু প্রশ্ন হচ্ছে কৃষক তার উৎপন্ন ফসলের সত্যিকারের মূল্য পায় কিনা এবং তার সম্পর্কে কোনও ব্যবস্থা এই বাজেটের মধ্যে পরিস্ফুট হয়ে উঠেছে কি? মাননীয় অর্থমন্ত্রী বলেছেন এতাবতকাল অন্য মানুষেরা কৃষাণের কাছ থেকে তাদের পণ্য ক্রয় করত, কিন্তু বর্তমানে আমাদের সরকার তাদের কাছ থেকে সরাসরি পণ্য ক্রয় করবেন এবং তাদের ন্যায্য মূল্য দেবেন। এখন প্রশ্ন হচ্ছে কোনও মানুষদের তিনি আজ সরাসরি কৃষাণের কাছ থেকে পণ্য ক্রয় করতে এবং তাদের পরিশ্রমের মূল্য দেবার জন্য পাঠাবেন? প্রশাসন ব্যবস্থার যে কাঠামো আজকে রয়েছে, এর উপরই আজকে তাকে নির্ভর করতে হবে। সুতরাং যত আন্তরিকতাই তিনি পোষণ করুন না কেন, প্রশাসন যন্ত্রের যে অবস্থা তাতে তিনি কত দূর কি করতে পারবেন, সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। এ সম্পর্কে এখানে একটু আগেই আমার ভগ্নী শ্রদ্ধেয়া গোপ্পী দেবী বলেছেন, আপনারা কৃষাণদের পেনশন দিয়ে তাদের পুনর্বাসন দেবেন। কৃষাণদের জন্য অনেক কথা বলছেন, দরদের কথা বলছেন। কিন্তু সত্যিকারের মূল্যায়ন এই বাজেটের মধ্যে দিয়ে হবে বলে আমি মনে করি না। তাই তো কৃষাণদের দৈন্য থাকবে, দুঃখ থাকবে, অভাব থাকবে, অনটন থাকবে। তবুও কৃষাণের উন্নতির জন্য তাদের অভাব, অনটন দূর করবার জন্য প্রাণপাত করব, এই দৃষ্টিভঙ্গিই আমরা এই বাজেটের মধ্যে লক্ষ্য করেছি

[4-50 — 5-00 p.m.]

কিন্তু কৃষাণের প্রতি যতই দৃষ্টিপাত করুন, গ্রামাঞ্চলের উন্নয়নের জন্য যত কথাই বলুন কোনও দেশ উন্নয়নশীল হয় না, কোনও দেশ আজকের দিনে প্রগতিশীল হতে পারে না। কৃষাণের উপর কৃষির উপর, গ্রাম বাংলার উপর নির্ভর করে সত্যিই আমাদের দেশের মানুষ অধিকাংশ কৃষির উপর প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে নির্ভরশীল তথাপি বলব, যদি এই দেশের উন্নতি করতে হয়, উন্নয়ন পরিকল্পনা যদি বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে শিল্পের দিকে দৃষ্টি দিতে হবে। যে দেশে শিল্পের উন্নতি নেই, আজকের দিনে সেই দেশে উন্নতি হতে পারে না। একথা আজকের দিনে অর্থনীতিবিদরা চিন্তা করছেন। আমাদের মাননীয় সু-পন্ডিত অর্থমন্ত্রী মহাশয় কৃষির উপর আরোও যেন বেশি জোর দিতে চাচ্ছেন। কিন্তু এইভাবে দেশের উন্নতি

সম্ভবপর বলে আমি মনে করি না, অবশ্য মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় আত্মতুষ্টি আছে, তিনি বলেছেন, সোচ্চারে বলেছেন, আমাদের সরকার শিল্পের উন্নতি করেছেন আমাদের ছোট-ছোট এবং মাঝারি শিল্পগুলি যাতে বাঁচে এবং আরো যাতে সক্রিয় হয়ে উৎপাদন ক্ষমতা বাড়াতে পারে তারজন্য ব্যবস্থা করেছেন, কুটির শিল্পের যে মুমূর্ষু অবস্থা ছিল তাকে পুনরুজ্জীবিত করেছেন এবং শ্রমিকদের কল্যাণ করেছেন, শিল্পে একটা সাম্য প্রতিষ্ঠার চেষ্টা করেছেন। তিনি আত্মতুষ্টির মধ্যে দিয়ে অনেক কথাই বলেছেন কিন্তু যে সমীক্ষা বাজেটের সঙ্গে সঙ্গে আমাদের ধরিয়ে দিয়েছেন সেই সমীক্ষায় কিন্তু মাননীয় অর্থমন্ত্রীর আত্মতুষ্টিকে আদৌ সমর্থন করেনি বরঞ্চ অনেক বিরূপ তথ্য প্রকাশ করেছেন যেটা মাননীয় অর্থমন্ত্রীকে আরও লজ্জা দেবে। দেখা গেছে তার আমলে—এই বামফ্রন্ট সরকারের আমলে শিল্পের অবনতি ঘটেছে, উৎপাদন কমে গেছে বলা হয়েছে এবং ১৯৮১/৮২ সালের বাজেট আলোচনা প্রসঙ্গে এই কথা বলতে বাধ্য হব যে, ১৯৭৯/৮০ সালে উৎপাদন সবচেয়ে বেশি হ্রাসপ্রাপ্ত হয়েছে। অনেক কর্ম দিবস নষ্ট হয়েছে, অনেক কলকারখানা উঠে গেছে, অনেক কারখানায় লে-অফ হয়েছে, অনেক কারখানায় লক-আউট হয়েছে। এখানে কারখানা বা শিল্প প্রতিষ্ঠা করা আদৌ অনুকুল নয়, শিল্পে অবক্ষয় দেখা দিচ্ছে। শ্রমিকেরা যখন মার খাচ্ছে, কর্ম দিবস যখন নষ্ট হচ্ছে, উৎপাদন যখন ব্যাহত হচ্ছে তখন মাননীয় অর্থমন্ত্রী যদি বলেন আমার সরকার শিল্পের উন্নতি করেছে, প্রভুত উন্নতি করেছে তাহলে তার কথায় পান্ডিত্যের চিন্তা আছে কিনা মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি সবিনয়ে জিজ্ঞাসা করছি। তার দেওয়া সমীক্ষায় এই তথ্য আমাদের সামনে উপস্থিত হয়েছে। বারে বারে অন্য রাজ্যের তুলনা করা হয় করা স্বাভাবিক—আপনাদের পক্ষ থেকে আইন-শৃঙ্খলার কথা বলেন—তুলনা করা হবে, মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেবার কথা বলেন, তুলনা করা হবে, অন্য কোনও দ্বিতীয় বিকল্প রাখব কিনা তুলনা করা হবে কিন্তু এই শিল্পের দিক থেকে উৎপাদনের দিক থেকে, শ্রমদিবস, কাজে লোক নিয়োগ করবার দিক থেকে যদি অন্য রাজ্যের সঙ্গে তুলনা করি তাহলে দেখা যাবে, সেই তুলনায় কিন্তু পশ্চিমবাংলা পশ্চাদপদ দেশে পরিণত হয়েছে। মহারাষ্ট্র, তামিলনাডু, অন্ধ্র এবং গুজরাট প্রভৃতি দেশের তুলনায় আপনাদের দেশে উৎপাদন কম, আপনাদের শিল্পায়ন কম একথা সত্যি। আপনারা এই ৩ বছর অতিক্রম করে চতুর্থ বাজেট এখানে উপস্থিত করেছেন কিন্তু এই ৪ বছরের মধ্যে পশ্চিমবাংলায় আপনাদের আমলে কটা লোকের কারখানা স্থাপিত হয়েছে, কটা বাইরের প্রতিষ্ঠান আপনাদের এখানে কারখানা তৈরি করবার জন্য উদ্যোগী হয়েছে? হয়নি। কেন হয়নি? হয়নি তার কারণ শ্রমিক অশান্তি, হয়নি তার কারণ, বিদ্যুতের বিভ্রাট, হয়নি তার কারণ, অরাজক অবস্থা। কোন শিল্পপতি পশ্চিমবাংলায় নতুন শিল্প প্রতিষ্ঠা করতে চান না, ভয় পান। বিদ্যুতের কথা বললে মাননীয় মুখ্যমন্ত্রী বিদ্যুৎ সম্বন্ধে কিছু নতুন ব্যবস্থার কথা বলেছেন। তাঁর সরকার অনেক কিছু করেছেন বিদ্যুতের উন্নতির জন্য। সেদিন রাজ্যপালের ভাষণের উপর আমি বিতর্কে অংশগ্রহণ করেছিলাম। জবাবী ভাষণে মাননীয় মুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎ মন্ত্রী আমার বক্তব্যকে কটাক্ষ করে বললেন হরিপদ ভারতী মহাশয় বিদ্যুতের কথা বলছেন, সে তো পুরানো কথা। এখন তো বিদ্যুৎ সংকট নেই, লোডশেডিং হয় না। পুরানো কথা যদি বলেন তাহলে আমি কি বলতে পারি—একথা তিনি বলেছিলেন। জবাবি ভাষণের অভাব হয় না। কিন্তু এই সভার কাছে এইটুকু বলি, মাননীয় জ্যোতিবাবু যতই কটাক্ষ করুন—আমি বলেছিলাম জ্যোতিবাবুর মুখে ফুল-চন্দন পড়ুক।

তার কথা সত্য হোক, কিন্তু ও বস্তু ঐ মুখে পড়বার মত নয় তাই পড়েনি। এখান থেকে যখন গৃহে গিয়ে উপস্থিত হলাম—দেখলাম তিন ঘণ্টা বিদ্যুৎ ঘাটতি চলছে। সমস্ত জায়গায় অন্ধকার নেমে আসছে, তারপর থেকে প্রতিদিন—মাননীয় সদস্যরা সরকারি এবং বিরোধী যে পক্ষেই থাকুন নিশ্চয় খুশি হতেন—যে গরম একটু পড়তে না পড়তেই লোডশেডিংয়ের এমন চাপ পড়ছে, অন্ধকার এমন নেমে আসছে তা আপনারা সকলেই দেখছেন, সেই সঙ্গে সঙ্গে জ্যোতিবাবুর উপর অজস্র পুষ্প চন্দন বর্ষিত হচ্ছে। আপনারা নিশ্চয় বিদ্যুৎ বিভ্রাটের চিত্র দেখতে পাচ্ছেন। যেখানে এমনভাবে লোডশেডিং, শ্রমিক অসন্তোষ, কারখানা স্থাপিত হয় না, শিল্পে একটা কলঙ্কময় ইতিহাস রচনা করেছেন—শিল্পে যদি এমন অবক্ষয় দেখা দেয় পশ্চিমবঙ্গের উন্নতি হতে পারে না। হওয়া সম্ভব নয়। একথাটা নিশ্চয় আমাদের অর্থমন্ত্রীর মতো সুপণ্ডিত ব্যক্তিকে বোঝাতে হবে না। আজকে এখানে অনেক কথা বলা হয়েছে, কিন্তু আমাদের সমস্যাগুলি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বরাদ্দের মধ্যে পেলাম না, বক্তৃতার মধ্যেও পেলাম না। পশ্চিমবঙ্গের মূল সমস্যা হল, বেকারি সমস্যা, মূল সমস্যা নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধি। মূল্য বৃদ্ধি হচ্ছে যে সমস্যা তার সমাধানের ইঙ্গিত বিন্দুমাত্র কোথাও নেই। আমার মাননীয় সরকার বিদ্যুতের কথা বলেছেন, তার কথা না বলাই ভাল, কিন্তু নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধির কথা আমি আমার বক্তব্যে রাখতে চাই না, পুনরাবৃত্তি করে একই কথা বলে সময় নষ্ট করতে চাই না। ওঁরা বলেন যে সব দায়িত্ব কেন্দ্রের, আমি বলি যে, কেন্দ্র নিশ্চয়ই দোষী, প্রত্যক্ষভাবে, পরোক্ষভাবে কেন্দ্র দায়ী কিন্তু এই সরকারও তাদের দায়িত্ব পালন করতে পারেন না। যে অপদার্থতার প্রমাণ আপনারা রেখেছেন, দায়িত্বহীনতার স্বাক্ষর রেখেছেন সে কথা বললে আপনারা অস্বীকার করতে পারবেন না, কিন্তু তথাপি সমস্যাটা থাকে, মানুষের উপর চাপ পড়ে, মানুষ নিষ্পেষিত হয়। নিত্য-প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির জন্য পশ্চিমবঙ্গের জনজীবনে অবক্ষয় হচ্ছে তার বিরুদ্ধে প্রতিবাদ নিশ্চয় করতে হবে, কিন্তু আমি মাননীয় অর্থমন্ত্রীর ভাষণে সে সম্বন্ধে বিন্দুমাত্র ইঙ্গিত কোথাও পেলাম না, এল আমাদের দুঃখ। সঙ্গে সঙ্গে আরেকটি কথা বলছি, বেকারির কথা, উনি বলেছেন যে—কিছু কিছু কথা শুনেছি, ভারতবর্ষে বেকার থাকবে, পশ্চিমবঙ্গে থাকবে না, কেন্দ্রে থাকবে, অঙ্গরাজ্যে থাকবে না এ কখনও সম্ভব? এমন অসম্ভব কথা বলছি না, ভারতবর্ষে বেকার আছে, বেকারি থাকবে। সারা ভারতবর্ষে একটা নীতির দ্বারায় নিঃসন্দেহে পরিচালিত হয়, সমাজব্যবস্থায় একটা অসন্তোষ আছে, কঠোরতা আছে, আমি অস্বীকার করি না। কিন্তু তথাপি আপনারা এখানে যা বলেন তা করেন না। বলেছেন কর্মসংস্থানের ব্যবস্থা করছেন, সমীক্ষা কিন্তু বলে যে কর্মসংস্থানের ব্যবস্থা কমে যাচ্ছে। বহু কমে যাচ্ছে এই কথা সমীক্ষার মধ্যে আছে। আর অর্থমন্ত্রী বক্তৃতা করেছেন যে অনেক বেশি ব্যবস্থা করেছেন। আপনারা বেকারভাতা দিতেন এবং প্রথম বাজেট বক্তৃতায় ভাল করে বলেছেন, তার জন্য প্রথমে আমাদের কাছ থেকে স্বাগত লাভ করেছেন, আমাদের কাছ থেকে ধন্যবাদ পেয়েছেন আপনারা বেকার ভাতা দিয়েছেন। তিন লাখ বেকারকে ভাতা দিয়েছেন। কিন্তু ভাতা নীতির একটা নীতি থাকা উচিত। এই কথা বলি কত দিন বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা আপনার রাষ্ট্র, আপনাদের সরকার করতে না পারে ততদিন বেকারভাতা দেবেন।

[5-00 — 5-10 p.m.]

বেকারভাতা দিতে দিতে কর্মসংস্থানের আয়োজন করবেন, কর্মে নিযুক্ত করে বেকারভাতা থেকে মুক্তি দেবেন। কিন্তু আপনি একটা অদ্ভুত নীতি এইবারে নিয়েছেন। ৩ বছর বেকার ভাতা দিলেন ৩ লক্ষ লোককে, আজকে বলছেন আর দেব না। অর্থাৎ অতীতে যারা পেয়েছে তারা আর পাবে না কেননা সমস্যার সমাধান হয়ে গেছে। বেকারভাতার উদ্দেশ্য চরিতার্থ হয়ে গেছে, তারা সমস্ত কর্মে নিযুক্ত হয়ে গেছে—আর ভাতার প্রয়োজন নেই। অতএব নতুন নতুন মানুষকে ভাতা দেবেন। ভাতা দেবার রীতি থাকবে, তার জন্য বরাদ্দ থাকবে কিন্তু পুরানো প্রাপককে দেবে না যার ফলে এর উদ্দেশ্য সেটা অর্থনৈতিক, মানবিক নয়, উদ্দেশ্য ছিল দলীয় স্বার্থ সিদ্ধি করা, দলীয় প্রচারকের সংখ্যা বৃদ্ধি করা, দলীয় কর্মী বৃদ্ধি করা। সেই উদ্দেশ্য কিঞ্চিত পরিমাণ সফল হয়েছে। অতএব নতুন নতুন স্তাবক, নতুন নতুন পতাকাবাহি সংগ্রহ করবার নতুন যুবকদের দেব, পুরানোদের দেব না। কিন্তু কর্মসংস্থাপনের কোনও ব্যবস্থা আপনি করতে পারেন নি এবং আপনার বাজেটের মধ্যে কর্মসংস্থানের কোনও প্রকল্প নেই। কাজেই বেকারের মতো এতবড় সমস্যা সমাধানের কোনও সূত্র আপনার বাজেটে নেই। অথচ আপনারা দেশের কল্যাণ করছেন এইরকম একটা দাবি উপস্থিত করেছেন। তিনি বাজেট বরাদ্দের কথায় বলতে গিয়ে সবচেয়ে বেশি পরিমাণ জোর দিয়েছেন পরিবহন ব্যবস্থার উপর এবং তারপর দিয়েছেন পুলিশের উপর। ঐ দুটি সম্বন্ধে নিশ্চয় আজকে আলোচনা করবার কারণ আছে। পরিবহণ ব্যবস্থা সম্পূর্ণভাবে বিধ্বস্ত। অনেক নতুন ট্রাম-বাস কিনবেন, অনেক ট্রাম-বাস বাড়াবেন। সমস্ত কথা সত্যি। কংগ্রেস আমলে কত বাস রাস্তায় বের হত, আর আপনাদের আমলে কত বাস বের হচ্ছে তার পরিসংখ্যানে তারতম্য প্রদর্শন করে কিঞ্চিত কৃতিত্ব দাবি করতে পারেন, কিন্তু জনসাধারণ যারা ট্রাম-বাসে যায়—স্কুল-কলেজের ছাত্র, অফিসগামী পরীক্ষার্থী যারা ট্রাম বাসের জন্য দাঁড়িয়ে থাকেন তারা কিভাবে সেটা কি জানেন? আমি জিজ্ঞাসা করি কোনও সভ্য দেশে কলকাতা শহরের মতন ট্রাম-বাসে এইরকমভাবে জীবনমরণ মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে কোনও দিন কেউ যায় কিনা? আপনি সারা পৃথিবী দেখেছেন, আমাদের কিছু কিছু দেখবার সুযোগ ঘটেছে কিন্তু কোথাও এমন নেই। অর্থাৎ অমন অদ্ভুত ব্যবস্থা কোথাও নেই—এ যেন মানুষের কোনও দামই নেই, জীবনের কোনও মূল্য নেই। অথচ ট্রাম-বাসের ভাড়া বাড়িয়েছেন। ডিজেল, পেট্রোলের জন্য যেসব যানবাহনের ভাড়া বাড়ার কথা বাড়ুক—কিন্তু এর সঙ্গে সম্পর্ক নেই যেখানে সেখানেও বেড়েছে, দাম বাড়ার জন্য বেশি পয়সা দিতে হয় জনসাধারণকে কিন্তু মানুষের মতো তারা যেতে পারে না। একটা বাস ধরবার জন্য তারা ২।৩ ঘণ্টা হাতে সময় রেখে কোন মতে চেষ্টা করে যাবার জন্য। এই অবস্থা আমাদের দেশে চলছে। সরকারপক্ষের বন্ধুদের বক্তৃতায় শুনলাম যে, ট্রাম-বাস ভাড়া বৃদ্ধির জন্য বিরোধীদের আন্দোলন করা এবং পোড়ানো যুক্তিসঙ্গত নয়। অতীতে এইসব কাজের নিন্দা করেছি দ্ব্যর্থহীন ভাষায়। বামফ্রন্ট সরকার ট্রামের মালিক নন, ট্রামের মালিক জাতি এবং যারা রাষ্ট্রীয় সম্পত্তি নষ্ট করেন, তারা কেউ দেশপ্রেমিক নন। কিন্তু আমি একটা লঘু সুরে কথা বলি যে এটা হচ্ছে মহাজনদের কাছ থেকে পাট নেওয়া। অতীতে এক পয়সা ট্রাম-বাস-এর ভাড়া বাড়ানোর জন্য কত ট্রাম বাস পুড়েছিল, তারজন্য আমরা সেদিনও নিন্দা করেছিলাম আজও করছি।

কিন্তু নিন্দা করব তাদের যারা করেন। আপনারা করেছেন, আপনারা করার বাণী উচ্চারণ করেছেন, আশার বাণী তারা গ্রহণ করেছেন, আজকে মস্তকে তাই জ্বলছে, কিন্তু পোড়ানোর কথা নয়। ট্রাম-বাস রক্ষা করার কথা। কারণ মানুষের যাতায়াতের ব্যবস্থা যদি আপনারা না রাখেন, মানুষ যদি সত্যসত্যিই পরিশ্রান্ত হয়, দিশেহারা হয়, কর্মস্থলে যদি যথাসময়ে উপস্থিত হতে না পারে, যদি বাসের তলায়, ট্রামের তলায় অকারণে আত্মহত্যা করতে বাধ্য হয়, তাহলে তার দায়-দায়িত্ব নিশ্চয়ই আপনাদের সরকারের উপর বর্তাবে, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। মাননীয় অর্থমন্ত্রী পুলিশ খাতে বরাদ্দ বর্ধিত করেছেন, সে আলোচনা পরে যখন সুযোগ হবে, তখন করব। কিন্তু তথাপি আজকে দুঃখ হয়, এদেশে পুলিশের শাসন কিভাবে চলছে, এমন নিষ্ক্রিয়তা আর কখনও আমি দেখিনি, আর কখনও প্রত্যক্ষ করেছি বলে আমার মনে হয় না। আমি আগে অনেক জমানা প্রত্যক্ষ করেছি, কিন্তু পুলিশের এমন ভূমিকা সম্বন্ধে আমার পরিচয় কখনও হয়নি। এতগুলি বন্দুক লুঠ হল রায়গঞ্জে, সকলে তা বলছেন, আর সরকার পক্ষ থেকে সেগুলি উদ্ধারের জন্য বিজ্ঞাপন দিতে হচ্ছে। পুলিশের ধারণা, পুলিশ তা পারবে না। জনগণকে তাই বলতে হচ্ছে—তুমি যদি উদ্ধার করে দিতে পার, তুমি যদি সন্ধান করে দিতে পার, তাহলে ৫০০ টাকা পুরস্কার তুমি পাবে। জনগণের কাছে আজকে আবেদন করতে হচ্ছে। আপনাদের পেছনে জনগণ, সামনে জনগণ, বামে, দক্ষিণে সর্বত্র জনগণ। কিন্তু প্রশ্ন ত তা নয়, প্রশ্ন হল—জনগণের কাছে আজকে কাতর আবেদন করতে হচ্ছে হৃত বন্দুকের উদ্ধাদের জন্য, অপরাধিদের গ্রেপ্তার করবার জন্য। পুলিশ নিষ্ক্রিয় হয়ে বসে থাকে, পুলিশ কিছু পারে না। পুলিশ আজকে প্রশাসনে অচলাবস্থার সৃষ্টি করেছে, সম্পূর্ণভাবে বিধ্বস্ত হয়ে গেছে প্রশাসন ব্যবস্থা। কারণ পুলিশ নিরাপত্তার ব্যবস্থা করতে পারে না। যে পুলিশ মানুষকে রক্ষা করতে পারে না, সেই পুলিশের খাতে এত টাকা ব্যয় করবেন কেন—এই প্রশ্নটা আমি করব মাননীয় অর্থমন্ত্রীকে। সঙ্গে আরও একটি প্রশ্ন তাকে করতে চাই ফ্রিডম ফাইটার্সদের ব্যাপার নিয়ে। আজকে যারা ফ্রিডম ফাইটার্স বলে পরিচিত, কেন্দ্রীয় সরকার পেনশন যা দিয়ে থাকেন, তাতে তাদের চলবার কথা নয়। আপনারা আপনাদের বদান্যতার হাত সর্বত্র প্রসারিত করেছেন, কিন্তু এই সমস্ত স্বাধীনতা সংগ্রামিরা যাদের সংখ্যা বোধ হয় ২০০-র বেশি হবে না, তাদের জন্য যদি আপনাদের বাজেটে কিছু বরাদ্দ করেন, তাহলে আমি আপনাকে সাধুবাদ জানাব। সঙ্গে সঙ্গে আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, এ বরাদ্দ কেন্দ্র করেছেন, বিহার সরকার দিয়েছে, মহারাষ্ট্র সরকার দিয়েছে, আরও কিছু সরকারও দিয়েছেন। আপনারাও ২।১ জনকে দিয়েছেন বলে শুনেছি, তবে এটা যদি সকলকে দেওয়ার ব্যবস্থা করেন, তাহলে আমি আপনাকে সাধুবাদ জানাব। আশা করি, দেশের স্বাধীনতার জন্য এই সংগ্রামী মানুষেরা চিরকাল দেশমাতৃকার সেবা করে গেছেন, এঁরা কোনও মন্ত্রিত্ব পাইনি, কখনও বিধানসভার সদস্যপদ পাইনি, যারা ওভাবে কোন কিছু পাওয়ার চেষ্টা করেন নি, তাদের প্রতি এটুকু শ্রদ্ধা, মর্যাদা আপনারা দেখাবেন। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, এই বাজেট হচ্ছে তার শেষ বাজেট, তাই তার রাজকোষে অবশিষ্ট কিছু আর রেখে যেতে চান না। বদান্যতার বান ডেকেছে চারিদিকে, দিচ্ছে, কেবল দিচ্ছে, দেওয়ায় আমার আপত্তি নেই, কিন্তু দেওয়াটা বড় এলোমেলো। কারণ দেশে বাজেট বড় অনিশ্চয়তার স্বীকার হয়ে পড়েছে—আপনারা থাকবেন কি থাকবেন না তারও কোনও নিশ্চয়তা নেই। শেষ বাজেট, কি আছে সেখানে, কোথায় কি আছে তা আপনি নির্ধারণ

করতে পারছেন না। ভাল কাজ যে কিছু কিছু করেননি তা ঠিক নয়—তবে বিচ্ছিন্নভাবে, কোনও পরিকল্পনার কথা এর মধ্যে পরিষ্কারভাবে নেই—এই হল শেষ বাজেট। আগে আপনারা যা দেননি, যাকে দেননি, তাদের এখন দিচ্ছেন—বদান্যতার বান বইয়ে দিচ্ছেন। রবীন্দ্রনাথের কথায়—বোধ করি গানের সূত্র ধরেছেন। যাবার আগে একটু রাঙিয়ে দিতে চেয়েছেন এমনিভাবে শহরে ও গ্রামে। রাঙাতে চেয়েছেন সব কর্মে, রাঙাতে চেয়েছেন এমনিভাবে শহরে ও গ্রামে। রাঙাতে চেয়েছেন সব কর্মে, রাঙাতে চেয়েছেন—তা রাঙান। আপনাদের সেই রাঙানোকে আমি ধন্যবাদ জানাব। কিন্তু এই বাজেটের কিছু কিছু অংশকে সমর্থন করলেও সামগ্রিকভাবে এই বাজেটের বিরোধিতা করা ছাড়া কোনও গত্যন্তর নেই। তাই বিরোধিতা করে, আমি আমার বক্তব্য সমাপ্ত করছি।

[5-10 — 5-20 p.m.]

**শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, বাজেট সম্বন্ধে অর্থমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন, সে সম্বন্ধে বলার আগে আমি একটা দুঃখজনক ঘটনা বলতে চাই এটা সম্পূর্ণ অবান্তর নয়। গত শনিবার কলকাতার কাছেই বসিরহাট মহকুমায় বিফা অঞ্চলে একটা মেছোঘেরির মালিক বেআইনিভাবে নোনাজল ঢোকায় এবং বহু লক্ষ টাকায় তৈরি স্লুইস্ নষ্ট করে, নোনাজল ঢুকিয়ে দিয়ে বহু জমির চাষ নষ্ট করে। এই অবস্থায় জমির মালিক ১৪৪ পেয়েছে মহকুমা আদালতে। রবিবার দিন ঐ নোনা জল বার করার চেষ্টা করা হয়েছে এবং তখন ওই মেছোঘেরির মালিক বন্দুক দিয়ে গুলি করে আমাদের একজন কর্মীকে হত্যা করেছে। ঘটনাটা উল্লেখ করার কারণ হল স্থানীয় পুলিশ এই ব্যাপারে নিষ্ক্রিয় ছিল এবং অপরাধীকে এখনও গ্রেপ্তার করা হয়নি। যা হোক, এই জলকরের ব্যাপার নিয়ে অনেক দিন ধরে আলোচনা হচ্ছে এবং বাজেট সূত্রে বলতে চাই যে, এই ভূমিকর আইন বিধানসভা থেকে পাস হয়েছে, জলকরের উপর কর ধার্য করা হয়েছে অথচ আজ পর্যন্ত সেই আইনে কেন্দ্রীয় সরকার সম্মতি দিলেন না। এই আইনের ক্ষেত্রে যদি কেন্দ্রীয় সরকারের সম্মতি থাকত এবং কর বসান হত এবং ৫০ হাজার টাকার বেশি মূল্যের যে সমস্ত সম্পত্তি রয়েছে, বিশেষ করে চা বাগান এবং জলকর তা থেকে অনেক টাকা আদায় হতে পারত। কিন্তু এরা কর দিচ্ছে না এবং আমরা দেখছি আগেরদিনের জমিদারদের অত্যাচারের থেকে এদের অত্যাচার ছাড়িয়ে গেছে। আমি অর্থমন্ত্রীকে তার দৃষ্টিভঙ্গির জন্য ধন্যবাদ দিচ্ছি এবং সেকথা আমি এই সভায় রাজ্যপালের ভাষণের উপর আলোচনার সময় বলেছি। আমি তার দৃষ্টিভঙ্গিতে ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে, তিনি ৪ একর এবং ৬ একরের কৃষকদের উপর থেকে সরকারি ঋণ মুকুব করেছেন এবং তার উপরে যারা রয়েছে তাদেরও কিছু কিছু সুবিধা দিয়েছেন। সরকার এই ব্যবস্থা করেছেন বলে আমি তাদের সাধুবাদ জানাচ্ছি। অবশ্য এ সম্পর্কে অনেক কথা বিভিন্ন অর্থনীতিবিদরা বলেছেন। রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর বলেছেন, ভারত সরকারের একজন প্রাক্তন অর্থমন্ত্রী বলেছেন এবং ইন্দিরাগান্ধী সমস্ত রাজ্য সরকারকে হুঁশিয়ারি দিয়েছেন কৃষকদের এই সমস্ত সুযোগ এবং ছাড় দিও না। তবে এইসব সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার এই ব্যবস্থা করে একটা ভাল কাজই করেছেন এবং এটা আমার খুব ভাল লেগেছে। তবে একটি কথা অর্থমন্ত্রী ভুল বলেছেন, যেমন ১৯৭৯ সাল থেকেই দ্রব্যমূল্য বৃদ্ধি আরম্ভ হয়েছে। ঘটনা তা

নয়, ১৯৭২-৭৩ সাল থেকেই এটা শুরু হয়েছে এবং ১৯৭৩ সালের ২৭শে জুলাই পশ্চিমবাংলায় এই দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে আমরা এবং সি পি এম ধর্মঘট ডেকেছিলাম।

আমার মনে আছে সেই দ্রব্যমূল্য যখন চলছে তখন কৃষকরা ঠিকমতো মূল্য পাচ্ছে না। সেই রকম সময়ে ফসল হানি হল ১৯৭৪ সালে বহু লোক না খেতে পেয়ে মরেছে। আমি ঘুরে দেখেছি আমরা সেখানে মরতে দেখেছি এবং বিভিন্ন নঙ্গরখানায় ঘুরে দেখেছি লোক মরে পড়ে আছে। বহু লোক মরেছে, ফসল হানি হয়েছিল, কৃষকরা খুব কষ্টের মধ্যে ছিল। আর যেমনই ১৯৭৫ সালে একটু ভাল ধান হল অমনি সঙ্গে সঙ্গে দিল্লি থেকে হুকুম এলো কৃষকদের কাছ থেকে সমস্ত দেনাপাওনা আদায় কর। আর পশ্চিমবাংলার বসংবদ সরকার সিদ্ধার্থশঙ্কর রায় মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি জেলায় জেলায় হুকুম পাঠালেন ম্যাজিস্ট্রেটদের, কিছু পুলিশ নিয়ে ক্যাম্প বসিয়ে জোর করে সমস্ত দেনা-পাওনা কৃষকদের ঘাড়ের উপর সুদ সমেত আদায় করতে লাগলেন এবং সেই সুদ চক্রবৃদ্ধি হারে সুদ, সেই ইংরাজ আমলের সুদ এখনও চলছে বামফ্রন্ট সরকারের সময়ও। এটা মনে রাখবেন। এটা অত্যন্ত অপমানজনক ব্যবস্থা, সেটা আদায় করবার জন্য হুকুম দিলেন। আমার মনে আছে, আমি সেটাতে বাধা দিয়েছিলাম কৃষকদের ডাক দিয়েছিলাম যে তোমরা বিদ্রোহ কর, এটা খুব অন্যায়। আমি এই আইনসভায় বসে বসে নোটিশ মন্ত্রীদের দেখিয়েছিলাম যে, সম্পূর্ণ মিথ্যা জাল ঋণের নোটিশ এসেছে, যে ঋণ শোধ হয়ে গেছে তাদের উপর নোটিশ এসেছে, যে ঋণ ১০০ টাকা শোধ হয়েছে ১০০ টাকা আছে তার উপর ২০০ টাকার নোটিশ গিয়েছে এবং তার উপর চক্রবৃদ্ধি হারে সুদের নোটিশও গিয়েছে। খাজনার ব্যাপারও তাই জোর করে আদায় করেছিলেন। যা হোক অনেকে অনেক কথা বলেন, কিন্তু আমি এটাকে গর্বের সঙ্গে বলব, আমি দাঁড়িয়ে বাধা দিয়েছিলাম এবং মেদিনীপুর জেলায় তিন ভাগের এক ভাগ মাত্র আদায় করতে পেরেছিলেন। তমলুক মহকুমার চার ভাগের এক ভাগ আদায় করতে পেরেছিলেন, তিন ভাগ পারেননি এবং তার জন্য বহু নির্যাতন করেছিলেন গ্রেপ্তার করেছিলেন এবং ভারত রক্ষা বিধি সেই বিধিও প্রয়োগ করেছিলেন, আমল দেননি, গ্রামে গ্রামে ক্যাম্প বসিয়েছিলেন জোর করে জিনিসপত্র নিয়ে এসেছিলেন, অনেককে মারধোর করেছেন, অনেক কিছু করেছেন। সেই অবস্থায় আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যে উদাহরণ রাখলেন তার জন্য আমি খুব খুশি। সেই সঙ্গে সঙ্গে আমি বলবো অর্থমন্ত্রী যে বলেছেন যে, কো-অপারেটিভের ঋণের ব্যাপারটাও তিনি বিবেচনা করছেন। আপনি কৃষকদের সুযোগ দিচ্ছেন—কিন্তু বাকি আর কি দেওয়া যায় সেটা তিনি বিবেচনা করছেন। আমি তাকে বলবো আপনি নিশ্চয় বলেছেন এবারে বন্যা গিয়েছে খরা গিয়েছে এবং একথাও মনে রাখবেন কৃষকরা তাদের কৃষিজাত পণ্যের ন্যায্য দর তারা বাজারে পায় না। এইরকম একটা পরিস্থিতিতে শুধু সরকারি বিভাগের ঋণ নয়, এই পরিস্থিতিতে যারা কো-অপারেটিভ থেকে ঋণ নিয়েছে তাদের অবস্থার কথা বিবেচনা করে দেখবেন। আজকে তাদের অবস্থা কি হয়েছে। সেই অবস্থাতে তারাও যাতে কিছু সুযোগ, কিছু কমিশন দেন যেটা পাওনা ছিল সেটা ছেড়ে দেওয়া সহজ কিন্তু গাঁট থেকে টাকা দেওয়া কঠিন এটা আমি মানি, কিন্তু কিছু যদি দেন তাহলে কৃষকরা মনে করবে যে তাদের প্রতি ন্যায় বিচার করেছেন। আমি অর্থমন্ত্রীকে এই সাধুবাদ দিয়ে আমি একটি বিবৃতির প্রতিবাদ করছি, সেটা অবশ্য হরিপদবাবুও বলেছেন, অর্থমন্ত্রী তার বক্তব্যে বলেছেন ছয়

পৃষ্ঠায় লেখা আছে যে "আমাদের সঙ্গীন আর্থিক অবস্থায় এবং কেন্দ্রীয় সরকারের নিদারুণ অনিশ্চয়তা সত্ত্বেও এর মধ্যে পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যের পঞ্চায়েতকে জোরদার করার যথেষ্ট চেষ্টা করেছেন। কোনও কোনও ক্ষেত্রে নজির দিয়েছেন। আর এক জায়গায় বলেছেন, নয় পৃষ্ঠায় যে আমি গর্ব বোধ করছি যে পঞ্চায়েত এবং সমবায়ের হাতে রাজ্যের মার্কেটিং সমিতিগুলি কৃষকদের কাছ থেকে ধান কিনতে দৃঢ়প্রতিজ্ঞ হবার দরুণ সারা মরশুমে ধানের সন্তোষজনক দর থেকেছে।

[5-20 — 5-30 p.m.]

একথা সর্বৈব অসত্য। আমাদের দেশের গরিব, মাঝারি, ক্ষুদ্র চাষিরা বেশিরভাগ ক্ষেত্রেই ধানের সন্তোষজনক দাম পায়নি। যেসব জায়গা খুবই ঘাটতির জায়গা, সেখানে স্বাভাবিক কারণে খানিকটা দাম বাড়ে সেখানে খানিকটা দাম বেড়েছে কিন্তু বেশিরভাগ জায়গায় অভাবের সময় তো খুব কম দামেই বিক্রি হয়েছে, এমন কি ভারত সরকার যে দরটা ধার্য করেছেন—পরিপোষক দর—সারা ভারতের কৃষকরা যেটা মনে করছেন খুবই অন্যায় দর আপনারা সেটাই মেনে নিয়েছেন, তার উপর ৫ টাকা দেবার কথা আপনারা বলেননি। সেই দরটাও বহু কৃষক পায়নি এটা সকলেই জানেন। অর্থমন্ত্রীও আশা করি নিশ্চয় সেটা শুনে থাকবেন এবং আইনসভার যারা সদস্য তারাও আশা করি সেটা জানেন। এটা পশ্চিমবঙ্গ সরকারের একটা ব্যর্থতা সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি আশা করব, এর একটু সংশোধন নিশ্চয় পশ্চিমবঙ্গ সরকার করবেন। এই নভেম্বরের ধান ওঠার পর সেই ধান বিক্রির সময় যাতে এই রকম ভাবে চাষীরা মার না খান সেটা আশা করি দেখবেন। সেই সঙ্গে এতে সরকারের যে সংগ্রহ হবে সেটাও সরকারের একটা মস্ত বড় ভরসা হতে পারবে। যদি সরকারের নিজের হাতে বেশ কিছু চাপ থাকে তাহলে সরকারের অনেকখানি ক্ষমতা হয়। কেন্দ্রীয় সরকার যদি অন্যায় করতে চান তাহলে তাদের সঙ্গে দর কাষাকষির দিক থেকে এবং তাদের চাপকে প্রতিহত করার দিক থেকে অনেক সুবিধা হবে, অন্যদিকে চাষীরাও বাঁচবে। কিন্তু এই সূত্রে উনি যেটা বলেছেন ৯-এর পৃষ্ঠায় আমি সেটা খুব সমর্থন করছি, কি হবে আমি জানি না। "পক্ষান্তরে, জুট কর্পোরেশন ইন্ডিয়াকে এমন কি নিম্নতম সহায়ক মূল্যেও যথেষ্ট পরিমাণ পাট কেনানোতে রাজি করানো যাচ্ছে না। দরিদ্র পাট উৎপাদনকারিদের প্রতি এই বৈষম্যের বিরুদ্ধে আমাদের সংগঠিত প্রতিবাদ জ্ঞাপন করতেই হবে। কেন্দ্রীয় সরকার যদি সহানুভূতিহীন থাকেন, আমাদের পক্ষে নিজস্ব ক্রয় ব্যবস্থা চালু করা ছাড়া কোনও উপায় থাকবে না। তারজন্য যথাযথ ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করতে হবে। প্রয়োজন হ'লে আংশিকভাবে পাট চাষ কমিয়ে অন্য ফলনের কথাও ভাবতে হবে।" এর প্রতিটি বাক্য এবং লাইন আমি সমর্থন করি। পাট আমাদের প্রধান অর্থকরি ফসল, ধারাবাহিকভাবে পাট চাষীরা মার খাচ্ছে। এখানে যখন কংগ্রেস সরকার ছিলেন-এর পূর্ববর্তী বিধানসভায়তেও সর্বসম্মত প্রস্তাব পাস হয়েছে এ সম্পর্কে এবং এই বিধানসভাতেও এ সম্পর্কে সর্বসম্মত প্রস্তাব পাস হয়েছে। সেই সময় যারা মন্ত্রী ছিলেন তারাও বলেছেন, পাট চাষীরা ভয়ঙ্করভাবে মার খাচ্ছে, পাটের নিম্নতম দর তারা পাচ্ছে না, এটা পাওয়া দরকার আবার এই বামফ্রন্ট সরকারও সে কথা বলছেন। কিন্তু সেই পাট চাষীরা পশ্চিমবঙ্গে মার

যে খেয়েই যাচ্ছে তাদের কি হবে? এবারেও পাট চাষীরা কি রকম মার খেল সেটা সকলেই জানেন। অত্যাশ্চর্যের কথা, ভারত সরকারের মন্ত্রী শ্রী প্রণব মুখার্জি, তিনি সেদিন বক্তৃতায় বললেন চটকল মালিকরা, তারা ২/৩ শো কোটি টাকা মুনাফা করেছেন এই দু বছরে। কেউ বলছেন বছরে ১০০ কোটি টাকা, কেউ বলছেন বছরে ১৫০ কোটি টাকা মুনাফা করছে কিন্তু পাট চাষীরা পাটের দর কোনও কালেই পাচ্ছে না। কেন্দ্রীয় সরকার যে কর্পোরেশন করেছেন পাট কেনার জন্য, তারা পাটের নিম্নতম পরিপোষক দর খুব কমই রেখেছেন, তাতে তাদের খরচও পোষায় না কিন্তু সে দরও চাষীরা অনেক ক্ষেত্রে পায় না। সেই পাট কেনবার কোনও ব্যবস্থাই নেই। আর ওরা কি বলেন? ওরা বলেন, আমরা যে পাট কিনি সেটা আমরা বিক্রি করতে পারছি না। চটকল মালিকদের ক্ষেত্রে কোনও বাধ্যতামূলক ব্যবস্থা নেই যে তাদের এখান থেকেই পাট কিনতে হবে। ভারত সরকারও এই ব্যবস্থা করছেন না যে আগে জে. সি. আই. থেকে পাট কিনতে হবে, সেটা শেষ হয়ে গেলে তারপর অন্য পাট কিনবে।

জুট কর্পোরেশন খুব বেশি দামে কিনছে না, অল্প দামে কিনছে। তা সত্ত্বেও তদের পাট বিক্রয় হয়। এই যে অবস্থা রয়েছে, এর প্রতিকার করার জন্য সমবেত ভাবে যদি চাপ না দেওয়া যায়—আমি একথা বলতে চাই আগামী পাটের যে মরশুম আসছে, সেই সময় যেন পাটচাষীরা এই ভাবে মার না খায়। আমি অর্থমন্ত্রীকে বলব, আপনি যে মন্তব্য করেছেন, তার জন্য আপনাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং পাট চাষীরাতো জানাবেই এবং দলমত নির্বিশেষে পশ্চিমবাংলার সমস্ত মানুষেরই, এর জন্য সমর্থন করা উচিত। কিন্তু এটা যেন কার্যকর হয়, এটা যেন বক্তৃতার মধ্যে আটকে না থাকে। ভারত সরকার যদি না করেন, আপনারা অগ্রিম বুঝবার চেষ্টা করুন যে ভারত সরকার এটা করবেন কি না। তারা যদি না করেন তাহলে আপনি বিকল্প যে প্রস্তাব দিয়েছেন, যে প্রস্তাব দিল্লিতে আগামী দিনে দেওয়া হবে বলে শুনছি, তাকে কার্যকর করার জন্য অগ্রসর হোন। কেন্দ্রীয় সরকার যদি সহানুভূতিশীল না হন তাহলে আমাদের পক্ষে এটা চালু করা ছাড়া কোনও উপায় থাকবে না এবং তার জন্য উপযুক্ত প্রস্তুতি যা করা দরকার সেটা করুন। প্রত্যেক গভর্নমেন্ট নিজের একটু প্রশংসা করেন তাতে কোনও দোষ নেই। তবে একটা কথা আমি মনে করিয়ে দিতে চাই। এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আর্থিক উন্নতি বিশেষ কিছু করা সম্ভব নয় এবং আমি বলব যে, এই এক বছরের বাজেট যেটা পেশ করেছেন তাতে কোনও লক্ষ্যণীয় আর্থিক উন্নতি হয়েছে কি? আমাদের দেশে যে চাষ হয় তাতে ফসল ভাল হয় বা ফসল খারাপ হয় সেটা প্রধানত প্রকৃতির উপর নির্ভর করে। ভারতবর্ষে এই বছর ফসল ভাল হল এবং আগামীতে রবি ফসল আরও ভাল হবে বলে আশা করা যাচ্ছে তার জন্য ইন্দিরা গান্ধী বাহাদুরি নিতে পারেন কি? তা যদি না পারেন তাহলে পশ্চিমবাংলায় যে ফসল ভাল হল, গত খরার পরে এই যে ফসল ভাল হল তার জন্য বাহাদুরি নেবার কিছু নেই। শিল্পের ক্ষেত্রে অবস্থা খুবই খারাপ। রাজ্যপালের ভাষণের উপরও বলেছি যে শিল্পপতিরা শিল্প বিস্তারের জন্য কিছু ব্যবস্থা করছে না। মাননীয় সদস্য বলেছেন যে শ্রমিকদের অসন্তোষ, অরাজকতার জন্য শিল্পপতিরা তাদের পুঁজি নিয়োগ করছে না। এই কথা আমি মেনে নিতে পারি না। যদি শিল্পপতিরা চান যে শ্রমিকরা তাদের

ক্রীতদাস হবে, তাদের শেঁকল দিয়ে বেঁধে আমরা চাবকাব, আর আমরা মুনাফা করব, অতি মুনাফা করব, তোমরা সুযোগ দাও তাহলে সেই সুযোগ না দেওয়াই উচিত। কিন্তু জিজ্ঞাসা করি যে এই সরকারের আগে যে, সরকার ছিল, তাদের আমলেও কি শিল্পপতিরা শিল্পের প্রসার করেছে? তখনও আমি একই কথা বলেছি যে এদের উপর নির্ভর করা বৃথা। এরা শুধু মুনাফা লুঠবে, কিন্তু শিল্পের কোনও প্রসার করবে না, তার জন্য কোনও ব্যবস্থা করবে না। শিল্প বিস্তারের কোনও ব্যবস্থা হয়নি, কর্মসংস্থানের কোনও উন্নতি হয়নি, এটা ঠিক। অনেকে বলেন যে ভারত সরকারের উপর দোষারোপ করে কি হবে। কিন্তু এটা বাস্তব জীবনে সত্য যে, ভারতবর্ষের অর্থনীতি পরিচালিত হচ্ছে—এক দিকে কেন্দ্রীয় সরকারের দ্বারা, আর একদিকে দেশের কোটিপতিদের দ্বারা। বেসরকারি ক্ষেত্রে পরিচালনা করছে কোটিপতিরা, আর সরকারিভাবে পরিচালনা করছেন কেন্দ্রীয় সরকার। কাজেই তার একটা গুরুত্বপূর্ণ পরিবর্তন, একটা মৌলিক পরিবর্তন না হওয়ার আগে খুব একটা বিশেষ লক্ষ্যণীয় রূপ দিতে পারবেন বলে আমি মনে করি না। বামফ্রন্ট সরকারও পারবেন বলে আশা করি না। তবে তার মধ্যে যতটুকু করা সম্ভব ততটুকু করা। আর্থিক দিক থেকে কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে এবং কংগ্রেসি বন্ধুরা বলেছেন যে কেন্দ্রের উপর দোষারোপ করে পার পেয়ে যাচ্ছে। আমি তাদের বলব যে পশ্চিমবঙ্গের লোক তো আপনারাও, দল ভিন্ন হতে পারে। কিন্তু পশ্চিমবাংলার প্রতি যে অবিচার হচ্ছে এবং কতকগুলি ক্ষেত্রে শুধ পশ্চিমবাংলাই নয়, সমস্ত রাজ্যগুলির বিরুদ্ধে অন্যায় করা হচ্ছে। আজকে আনন্দবাজার পত্রিকার সম্পাদকীয় প্রবন্ধে চমৎকার স্বীকৃতি আছে। সেটা কেউ বলবেন না, আমাদের মাননীয় সদস্য ভোলা সেন মহাশয়ও বলবেন না যে, আনন্দবাজার পত্রিকা বামফ্রন্টের সমর্থক, অথবা কেন্দ্রীয় সরকারের বিরোধী। সেই আনন্দবাজার পত্রিকায় আছে যে সমস্ত রাজ্য সরকারই উদ্বিগ্ন বোধ করছে। যে করগুলি রাজ্য সরকার পায় না অথবা সামান্য অংশ মাত্র পায়, সেই করগুলি বাড়ছে এবং কেন্দ্রীয় রাজস্ব অনুযায়ী তার অনুপাত কত সেগুলি আনন্দবাজার পত্রিকায় দেখানো হয়েছে এবং এটা সকলে স্বীকার করেছে।—সে জন্য আমি বলব যে আমরা পশ্চিমবঙ্গের লোক, আমাদের দল ভিন্ন হতে পারে, কিন্তু পশ্চিমবাংলার লোক হিসাবে আমাদের ভাবা দরকার, শুধু পশ্চিমবাংলাই নয়, ভারতের সমস্ত রাজ্যের কথা ভাবা দরকার। আজকে রাজ্যগুলি ক্রমশ ক্রমশ তাদের অর্থনৈতিক ক্ষমতা ধীরে ধীরে কোথায় আনা হচ্ছে এবং অর্থসংস্থানের পথগুলিকে কেড়ে নেওয়া হয়, যদি ভারতবর্ষের যে ফেডারেল চরিত্র, সেটাকে ক্রমে নিঃস্ব করে দেওয়া হয় তাহলে ভারতবর্ষের ভবিষ্যত কি? সুতরাং সে দিক থেকে মাননীয় অর্থমন্ত্রী যে অভিযোগগুলি করেছেন, সেই অভিযোগগুলি ন্যায্য। তার উপর কালকে রেডিওতে শুনেছি, একজন কিছুটা মন্ত্রী, তিনি বলছেন যে প্রবেশ কর তুলে নাও।

[5-30 — 5-40 p.m.]

প্রবেশ কর তুলে দিলে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের উপর কত কোটি টাকার দায়-ভার চাপবে, সেটা ভাববার বিষয়। এটা হতে পারে না। কেড়ে নেবার এই এক অদ্ভুত ব্যবস্থা আমাদের দেশে চলছে এবং সেদিক থেকে মাননীয় অর্থমন্ত্রী যা বলেছেন ভালই বলেছেন, আমি সেগুলিকে সমর্থন করি। কিন্তু প্রবেশ কর তুলে নিলে বদলে কি দেবেন? সেটা তো

বলা দরকার। তা না হলে এটা কি ব্যাপার হচ্ছে? আজকে সব বিষয়েই এই জিনিস চলছে। যে সব জিনিস থেকে বিক্রয় করে পয়সা পাওয়া যায় সে সব জিনিস বাদ চলে যাচ্ছে, ফলে সেখান থেকে আর পয়সা পাওয়া যাবে না। পশ্চিমবাংলার কতগুলি বিশেষ অসুবিধা আছে, আর সব রাজ্যের যে অসুবিধাগুলি আছে সেগুলি পশ্চিমবাংলারও আছে। সুতরাং এই দুই মিলে পশ্চিমবাংলার অবস্থা খুবই খারাপ হয়েছে, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু তা সত্ত্বেও আরও অর্থ পাওয়া যায় কিনা সেটা একটু ভেবে দেখতে হবে। যে সমস্ত বিলাস-বহুল হোটেলগুলি রয়েছে সেখানে আজকে শুনতে পাই যে, ক্যাবারের জন্য যে ট্যাক্স ধরা হয়েছে সেই ট্যাক্সকে ফাঁকি দিয়ে ক্যাবারে জাতীয় অনেক ঘটনা ঘটাচ্ছে। আজকে লোকে এটা বলছে, আমি ঠিক জানি না। তবে এসব ক্ষেত্রে আরও কিছু কর বসানো যায় কিনা, এটা ভেবে দেখা দরকার। আজকে চা-এর উপর এবং কয়লার উপর যেটা বসেছে, সেটা ন্যায্য হিসাবেই বসেছে। সেই সঙ্গে আরও কিছু এই সব জিনিসের উপর বসানো যায় কিনা সরকারকে বিবেচনা করে দেখতে হবে। সমাজের বিরাট অংশের কথা স্মরণে রেখেই ঐসব জিনিসের উপর আরও চাপ সৃষ্টি করতে হবে। কারণ এসব জিনিস সমাজকে নষ্ট করে, সমাজের কোনও উপকার করে না। সুতরাং এগুলির উপর আরও কর বসানো যায় কিনা চিন্তা করে দেখতে হবে। তারপরে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার এক জায়গায় বলা হয়েছে "কখনও-কখনও দুষ্প্রাপ্য দ্রব্যাদি বিদেশ থেকে আমদানি করা প্রয়োজন হতে পারে, কিংবা কোনও কোনও দ্রব্যের মূল্যের ক্ষেত্রে অনুদান দেওয়া দরকার হতে পারে, যাতে দরিদ্র মানুষের কষ্টের কিছুটা লাঘব হয়। এ-সবই কেন্দ্রীয় সরকারের দায়িত্ব, অথচ তারা কোনও ব্যবস্থা নেননি। আমাদের সঙ্গীন আর্থিক অবস্থা এবং কেন্দ্রীয় সরকারের নিদারুণ অনিশ্চয়তা সত্ত্বেও এরই মধ্যে পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যে সরকারি বন্টন জোরদার করার যথাসাধ্য চেষ্টা করেছেন, কোনও কোনও ক্ষেত্রে যেমন ডালের ক্ষেত্রে—অনুদানও দিচ্ছেন।" ডাল থাকলে তো অনুদান দেবেন ডাল কোথায়? আপনারা কি খবর রাখেন যে, রেশনে ডাল নেই? যখন একটু-আধটু ছিল তখন নিশ্চয়ই দিয়েছেন। কিন্তু রেশনের ব্যাপারে আপনাদের বাহাদুরি নেবার কোনও কারণ নেই। কেন্দ্রীয় সরকার যতটুকু দেয় ততটুকুই বন্টন করেন। তার ওপরে আপনাদের সংগ্রহ কোথায় এবং সেই সংগ্রহ থেকে আপনারা কতটকু দেন যে এই রকম একটা বাহাদুরি নেবেন? আজকে রেশনে গম পাওয়া যাচ্ছে না। চিনির ব্যাপার তো সকলেই জানেন। মাঝে রেপসিড তেল পাওয়া যাচ্ছিল, এখন তাও বন্ধ হয়ে গেছে। এই তো হল অবস্থা, সুতরাং এ ব্যাপারে আপনাদের কোনও প্রশংসা নেবার অধিকার নেই। বরং এ ব্যাপারে আমাদের এখনও কিছু করার আছে এবং সেদিকে অগ্রসর হবার কোনও ইঙ্গিত পেলে আমি খুশি হতাম। অন্তত বুঝতাম যে আপনারা চেষ্টা করেছেন। আর একটা ব্যাপার বলি, খরচের ব্যাপার, খরচ প্রায় ডবল হয়ে গেছে, ২।। গুণ হয়ে গেছে, তিন গুণ হয়ে গেছে। অথচ আমরা দেখছি স্বাস্থ্য খাতে মাত্র ৫০ ভাগ বেশি খরচ হচ্ছে, কেন সেটা বুঝতে পারছি না। আমি বলব যে, এটা পুনর্বিবেচনা করা উচিত। এ বিষয়ে দ্বিতীয় কথা হচ্ছে ডাক্তাররা গভর্নমেন্টের কাছে যে সমস্ত অভিযোগ করেছেন এবং দাবি পেশ করেছেন তার ভিতরে কতটুকু গ্রহণযোগ্য বিষয় আছে সেটা তাদের সঙ্গে আলোচনা করে একটা মীমাংসায় উপনীত হোন।

সর্বশেষে আমি আর একটি কথা বলব, বেশি সময় নেব না—সেটা হচ্ছে ঘাটতি সম্পর্কে। ঘাটতি সম্পর্কে আপনি বলেছেন যে, প্রারম্ভিক যে ঘাটতি সেটা থাকবে। আমি জানি না, কাগজে দেখলাম, প্রমোদবাবু বলেছেন ২০০ কোটি টাকার মতোন ঘাটতি হবে। যদি আপনার মনে এই রকম থাকে—আপনি যে হিসাবটা পেশ করেছেন—যে প্রকৃত আয়ের ব্যবস্থা আছে তাহলে হয়ত ঘাটতিটা এই জায়গায় থাকতে পারে কিন্তু আমার যুক্তিতে তো দেখতে পারছি না, পে-কমিশনের রিপোর্টের ভিত্তিতে কিছু টাকা আপনি ইতিমধ্যে দিয়েছেন কিন্তু এখনও অনেক বাকি আছে, সেই টাকা দিতে হবে। সেইসব টাকা কোথা থেকে আসবে তা আমি জানি না। যে হিসাবটা দাখিল করেছেন, তার চেয়ে বেশি আয় যদি হয় তাহলে হয়ত সেইদিক থেকে পুষিয়ে যাবে তবে আপনার এই ঘাটতি আর কেন্দ্রীয় সরকারের ঘাটতির মধ্যে অনেক তফাত। কেন্দ্রীয় সরকারের ঘাটতি হলে নোট ছাপিয়ে পূরণ করবেন কিন্তু আপনার তো আর সেই মুরোদ নেই। কেন্দ্রীয় সরকারের ঘাটতিতে মুদ্রাস্ফীতি ঘটাবে। সুতরাং এই দুই ঘাটতির মধ্যে পার্থক্য আছে। পরিশেষে এই কথা বলব, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতগুলি কাজ করা সম্ভব সেটা আরও ভালভাবে খতিয়ে দেখা উচিত। কত টাকার প্রয়োজন বা আরও কিছু করা যায় কিনা সেটা ভাল করে খতিয়ে দেখা উচিত, শুধু আত্মপ্রসাদ লাভ করা ঠিক নয় এবং কেন্দ্রীয় সরকারের কাছে আপনাদের যে দাবি সেই দাবি ন্যায্য দাবি। সেই দাবি নিয়ে আপনারা দৃঢ় থাকবেন এবং আশা করব দলমত নির্বিশেষে বাংলাদেশের মানুষেরা আপনাদের এই ভাল দাবিকে সমর্থন করবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কর্তৃক আনীত ১৯৮১/৮২ সালের আয়-ব্যয়ের বাজেটকে শুধু সমর্থন করছি বলে আরম্ভ করছি না, উপরন্তু অভিনন্দন জানাচ্ছি। কারণ, এটা একটা রাষ্ট্রীয় বাজেট নয়—এই আয়ব্যয় হিসাব একটা অঙ্গরাজ্যের। সেই অঙ্গ রাজ্যটি হল মায়ের ২২টি ছেলের মধ্যে যে চেলেটি সবচেয়ে ত্যাজ্য-পুত্র—সেই ত্যাজ্যপুত্র তথা সেই অঙ্গ রাজ্যের আয়-ব্যয়ের হিসাব। আসলে যে রোজগার আমাদের কাছ থেকে নিয়ে যাচ্ছেন না, তিনি সেটা বিতরণ করছেন তার সু-পুত্রদের মধ্যে আর সেই মায়ের প্রধান যিনি ত্যাজ্য-পুত্র তার ক্ষেত্রে নাক উঁচু করে প্রেসিডেন্সিয়াল স্পিচে বলে বসলেন, তোমরা নাকি পড়া-শুনার ভিতরে নাক গলিয়েছ ইত্যাদি বলে ছোট করবার চেষ্টা করেছেন। সুতরাং এই রকম অবস্থার ভিতর দাঁড়িয়ে উনি বাজেটে পেশ করেছেন।

মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয় কয়েকটি কথা বলে গেলেন—ওনার বিরুদ্ধে কথা বলা শোভা পায় না তবে লেখাপড়া আমরাও একটু-আধটু শিখেছিলাম। তাতে মনে হয়, একটি কথা বাদ দিয়েছেন যে, আমাদের মেয়াদের শেষ বাজেট। আমি যখন বি. এ. পরীক্ষা দিলাম তখন বলতাম ফাইনাল ইয়ার। আবার যখন এম. এ.-তে অ্যাপিয়ার হলাম তখনও বলতাম ফাইনাল ইয়ার। সুতরাং ঐ রূপ আকাশে যে আলো দেখা যাচ্ছে কিংবা দক্ষিণের ঝড় আসছে কিনা—এটা ওর মতোন পন্ডিত ব্যক্তি বলবেন আশা করিনি তবে বাংলার লোক তো, কথার মধ্যে ফুলঝুরি ঝড়ে। দু-একটি কথা বাদ দিলে উনি বেশ ভালই বলতে পারেন কাজেই তিনি বলে চলে গেলেন, থাকলে শুনতে পেতেন।

[5-40 — 5-50 p.m.]

এটা আমাদের, এই যে বাজেট উনি পেশ করেছেন তাতে এটা সময় মতো বলব না লিস্ট বলব না, আমি বলি এটা পড়ে, গত ৪ বছরের ভিতর সর্বশ্রেষ্ঠ বাজেট। কারণ যে কাজ আজকে রাষ্ট্রের করা উচিত, ছিল সেই কাজ কিন্তু একটা অঙ্গরাজ্য-এর আর্থিক ক্ষমতা সীমিত বললে ভোলাবাবু লাফাবেন, শ্রীকৃষ্ণ চৈতন্যের মতো। তাই আমি সীমিত বলব না, আমি বলছি আমাদের আর্থিক ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ। আমাদের যা বাজেট সেটা সেখানে নিয়ে যাচ্ছে। তা সত্ত্বেও তিনি আজকে গ্রামের মানুষদের জন্য যে অবহেলিত গ্রামের ৮০ শতাংশ মানুষ বাস করে এবং তাদের মধ্যে ৭০ শতাংশ দারিদ্র সীমার নিচে বাস করে তাদের জন্য যে ৪০ কোটি টাকা ঋণ মকুব করেছেন সেজন্য তিনি নিশ্চয় প্রশংসার দাবি করতে পারেন। কাজে কাজেই দ্বিতীয় শিল্প ক্ষেত্রে নাকি আমাদের এখানে এক অত্যন্ত অনগ্রসর হয়ে পড়েছে। এটা হচ্ছে কেন্দ্রের, এটা দেখা যাচ্ছে যে লেটার অফ ইন্টেন্ট যেখানে অন্য জায়গায় ৪টে পাঠালে ৩টে আসে, আমরা যেহেতু ত্যাজ্য পুত্র, অতএব আমরা ৪টে পাঠালে ৩ বছর বাদে একটা লেটার অফ ইনটেন্ট আসে। এই যে আজকে হলদিয়ার পেট্রোকেমিক্যাল-এর ব্যাপারে হয়ত কংগ্রেসের ওরা বলবেন—'ওটা তো আমরা করেছিলাম', নিশ্চয় করেছিলেন আমরা না বলছি না কিন্তু আমরাও ওটার জন্য উঠে পড়ে লেগেছিলাম সেটার কবে লেটার অফ ইনটেন্ট আসবে সেটা বললে খুশি হতাম। আজকে যেখানে দেখাচ্ছে যে আজকে শিক্ষক সম্প্রদায় বা যারা শিক্ষকতা করে তার মধ্যে বিভিন্ন দলের লোক নিশ্চয় আছে, তাকে ছোট করবার জন্য বিভিন্নভাবে সেটা প্রকাশ করবার চেষ্টা করেন। তাহলে আমি অবাক হয়ে যাই আমি নিজে কিছুটা শিক্ষকতা করি তাহলে আমরা সেদিক দিয়ে আমরা যে কি ছাত্র তৈরি করছি সেটা প্রণিধানযোগ্য। তার ফলশ্রুতি আজকে অত্যন্ত মর্মান্তিকভাবে দেখা দিয়েছে—সাধনা সরকারের মৃত্যু। আজকে আমাদের হাতে তৈরি, আমাদেরই সৃষ্টি ঐ মেয়েরা তারা কি শিক্ষা পাচ্ছে? আজকে যদি আপনারা একটা কনস্ট্রাক্টিভ গঠনমূলক সমালোচনা করতেন নিশ্চয় আমাদের অর্থমন্ত্রী সেটাকে মেনে নিতেন। আজকে এই যে ৭০ ভাগ মানুষ—যার ৩০ শতাংশ মানুষকে ঘিরে একটা সভ্যতা বিস্তার লাভ করেছে। ৭০ শতাংশ মানুষ সেই আর্য যুগ থেকে আরম্ভ করে হিন্দু যুগ, মুসলমান, ইংরেজ এবং এই ৩০ বছরের কংগ্রেসি রাজত্বে এই ৭০ শতাংশ মানুষের কথা কেউ ভাবেনি। যদি ভাবত তাহলে স্বাধীনতার ৩৫ বছর পরে একের পাঁচ অংশ সরকার বলত না, সেই রাষ্ট্র বলত না রিডানডান্ট পপুলেশন ফালতু পপুলেশন। তারা যদি ভাবত তাহলে বলত না এই ৭০ শতাংশ মানুষ দারিদ্র্য সীমার নিচে বাস করে। কাজেই অর্থনীতি বিশেষ করে গ্রামীণ অর্থনীতি প্রতি কথায় অবশ্য আমাদের ইকনমিকস লোকের সামনে বলছি তারা ভুল না ধরেন এবং কথা হচ্ছে গ্রামে ছোট, বড় মাঝারি এই ভাগ না করে অর্থনীতিটাকে এগিয়ে দেবার চেষ্টা করা উচিত। তাতে যদি এই অর্থনীতি এগোয়।

এই বাজেটে যে পরিসংখ্যান দেওয়া হয়েছে আমি তারমধ্যে যাব না। কেননা আমি নিজে এক সময় অঙ্কের ছাত্র ছিলাম বলে জানি যে পরিসংখ্যাকে অনেক দিকে ঘোরানো ফেরানো যায়। সুতরাং তারমধ্যে না গিয়ে বলব উনি যেভাবে ৪টি ভাগ করেছেন সেটা কি করেছেন। তাতে তিনি দেখিয়েছেন প্রথমে গ্রাম, তারপর ছোট শহর, তারপরে মাঝারি শহর

এবং বড় নগর। অর্থাৎ গ্রামের কৃষকদের ঋণ মকুব, তারপরে ছোট শহরে ছেলে মেয়েদের শিক্ষা, বেকার ভাতা যাদের দিচ্ছিলেন তাদের কিছু অনুদান দিয়ে ব্যবসায় লাগানো। মাঝারি শহর যেখানে গ্রামের বাজার পাবে এবং তারপরে বড় বড় নগর যেখানে বড় বড় ইন্ডাস্ট্রি ক্যাপিটালিস্ট কাজ করতে পারবেন। কাজেই এই ৪টে ভাগ অত্যন্ত সুচিন্তিত ভাবেই করেছেন। যারা এর বিরোধিতা করছেন তাদের বলছি যে, পরিপূর্ণভাবে আজকে অর্থনৈতিক যে চিন্তা সেটা তিনি আয়-ব্যয়ের হিসাবের মাধ্যমে প্রকাশ করেছেন। দ্বিতীয় কথা হচ্ছে আমরা পুলিশ খাতে কেন খরচ বাড়িয়েছি এই কথা বলে বলা হয় যে আমরা সমাজতন্ত্রে বিশ্বাস করেও কেন এই খরচ বাড়িয়েছি। কিন্তু এটা কি সত্যি নয় যে, নালন্দার পুরানো সভ্যতা ধ্বংস হয়েছিল একটা আইসোলেটেড অবস্থায় থাকার জন্য। কোনও ইসম সেটা সোশালিজিম হউক এই রকম অবস্থায় বেঁচে থাকতে পারে না বলে পুলিশের প্রয়োজন আছে। আমরা রাষ্ট্রের অধিকার পাইনি, রাজ্যের অধিকার পেয়েছি। তাছাড়া আমার মাইনে যদি ২০০-র জায়গায় ৪০০, তাহলে মাইনে কি ৮০ টাকায় থাকবে? অর্থাৎ সেই পুলিশ-এর খরচ ১৮০ টাকা করতে হবে। ওরা বললেন ২২০ টাকা মিনিমাম ওয়েজ করে অর্থমন্ত্রী আত্মপ্রসাদ লাভ করেছেন। ২২০ টাকা নিশ্চয় টাকা হয় কারণ এই ২২০ টাকার সঙ্গে ডি. এ. ইত্যাদি মিলিয়ে ৪০০-৪৫০ টাকা পাবেন অতএব পুলিশ খাতে যদি খরচ বেড়েই থাকে তারজন্য কি উনি দায়ী? ভোলাবাবু শোনালেন সীমিত ক্ষমতা বলে আমরা নাকি শ্রী কৃষ্ণের নাচ নাচছি। নাচ তিনি দেখিয়েছেন। আমরা এটা বলতে বুঝি আমাদের একটা অঙ্গ রাজ্য থেকে সমস্ত সম্পদ যদি তা নিয়ে যান তাহলে এখানকার ৫ কোটি মানুষকে কিভাবে খাওয়াব সেটা যেন আমাদের বলে দেওয়া হয় এবং তাহলে আমরা সীমিত ক্ষমতা বলব না। কাজেই সীমিত ক্ষমতা না বলে একটু বড় করে বলতে হয় বলে সীমিত শব্দ ব্যবহার করা হয়। তার মানে এই নয় যে, আমরা সীমিত ক্ষমতা বলে নিজেদের ক্ষমতা ঢাকতে চাইছি। আমরা বলতে চাইছি কেন্দ্র যদি আরও কিছু টাকা আমাদের দেন তাহলে আমরা পশ্চিমবঙ্গের সর্বাঙ্গীন উন্নতি করতে পারব। শ্রীমতী গোপ্পী যে কথা বললেন তাতে আমি বলব আমি যখন কংগ্রেসে ছিলাম সেই ১৯৩৮ সালের কথা কিছু বলব। সুভাষবাবু প্রথমে এই প্ল্যানিং কমিশন করেছিলেন। মেঘনাদ সাহা ছিলেন তার অন্যতম পরামর্শদাতা—এটা বোধ হয় তারা ভুলে গেছেন। এখনাকার যিনি প্রধানমন্ত্রী তিনিই এখন প্ল্যানিং কমিশনের চেয়ারম্যান হন। এর চেয়ারম্যান যেখানে হবেন একজন ইকনমিস্ট তার জায়গায় প্রধানমন্ত্রী হচ্ছেন চেয়ারম্যান। কিন্তু ওরা ইকনমিস্ট চান না, ডাঃ সুখময় সেনগুপ্ত ও ডাঃ অমর্ত সেনের মতোন ইকনমিস্টরা বর্তমানে রয়েছেন, তাদের নেওয়া হচ্ছে না। যদি তাদের বলি হুজুর হাজির তাহলে তারা এটা ধরবেন হুজুর। আমি পুনরায় ডঃ অশোক মিত্র যে বাজেট পেশ করেছেন তাকে সাপোর্ট করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধীপক্ষ বড্ড বেশি দাবি করলেন, প্রশ্ন তুললেন শিল্পে অবক্ষয় কেন, তীব্র বেকার সমস্যা কেন, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি ঘটছে কেন? প্রশ্নটা বিরাট। মুশকিলটা এখানে যে তারা জেনে শুনে বলছেন। এই কেন'র জবাব যদি তারা কেন্দ্রীয় সরকারকে বা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে বা এদেশের

একচেটিয়া পুঁজিপতিদের জিজ্ঞাসা করতেন তাহলে ভাল হ'ত। জবাবটা আমরা দিতে পারি, কিন্তু মুশকিলটা হচ্ছে সারা দেশের সঙ্গে পশ্চিমবঙ্গে একটা বিশেষ অর্থনৈতিক কাঠামো আছে—যাকে আমরা ধনতান্ত্রিক কাঠামো বলি। প্রধান কথা হল, ভারতবর্ষে পুঁজিপতিদের যে বিকাশ, সেটা হল তাদের মনোপলি ডেভেলপমেন্টের ক্ষেত্র অর্থাৎ স্টিফ মনোপলি ডেভেলপমেন্টের ক্ষেত্র। হরাইজেন্টাল বেসের দিক থেকে দেখতে গেলে স্তরে স্তরে নিচের দিকের মানুষের সম্পদ ক্রমে ক্রমে তাদের ভেতরে ছড়িয়ে গেছে বলতে হয়। নিচের দিকের মানুষের চেহারার বিকাশ হয়নি, একেবারে কেন্দ্রীভূত হয়েছে ঐ সমস্ত পুঁজিপতিদের হাতে। আমাদের দেশের মানুষ ক্রমেই গরিব হচ্ছে, তারা দারিদ্র্য সীমার নিচে চলে যাচ্ছে এবং পুঁজিপতিদের সংখ্যা তীব্র হতে তীব্রতর হচ্ছে। এবং নিচু তলার মানুষদের ক্রয় ক্ষমতা কমে যাচ্ছে। অতএব, উৎপাদন সামগ্রী বিক্রয়ের জন্য বিদেশে বাজার খুঁজতে হচ্ছে। কারণ লাভ তাদের করতে হবে। সেই সঙ্গে উৎপাদনও কমে যাচ্ছে। শিল্পোৎপাদন কমতে কমতে একেবারে স্তব্ধ হয়ে গেছে। পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষে কেন হল—কারণ রাস্তা ঘুরে গেছে। সেই রাস্তাটা হচ্ছে দেশের লোককে কম খাওয়াবার রাস্তা, ভোগ্যপণ্য ভোগ করতে না দেওয়ার রাস্তা—এটা তারা করতে চাইছেন। দেশের মানুষের কাছে বিক্রি করে লাভ হয় না। আসলে লাভটা হচ্ছে একচেটিয়া পুঁজিপতিদের এবং সাবসিডি দেওয়াটাই হল ওদের উদ্দেশ্য ও নীতি। স্বভাবতই তার ফলটা সারা দেশে পড়েছে। আমাদের দেশে কি হয়েছে? শুধু ৪ হাজার কোটি টাকা আমদানি রপ্তানি বাজারে ঘাটতি হয়েছে—চেহারাটা এখানে এসে দাঁড়িয়েছে। দাম বাড়ছে তো বাড়ছেই। কেন বাড়ছে? এই নীতির জন্য। তারা দাম বাড়াচ্ছে আর চাপ পড়ছে দেশের মানুষের উপর। পেট্রোলের দাম বাড়ল, তার সঙ্গে সঙ্গে যেটুকু বাড়ল তার উপর আরও কিছু ট্যাক্স চাপিয়ে দেওয়া হল। আর পেট্রোলের দাম বাড়ার ফলে বাসের ভাড়া বাড়ল। সঙ্গে সঙ্গে ট্রাকে করে যে সমস্ত মাল পরিবহন হয় তার দাম বাড়ল। এর জন্য পশ্চিমবঙ্গ সরকার দায়ী নয়। শিল্প বিকাশ হবে কেন? শিল্পের জন্য যে পণ্য হবে সেটা কিনবে কে? রপ্তানি করা হচ্ছে দেশের লোককে কম দিয়ে। অথচ সেখানে অভ্যন্তরীণ বাজারে উৎপাদন কম করে ছোট বাজারে সংকোচন করে দাম বাড়িয়ে বিক্রি করা। তাই দাম বাড়ছে শিল্পে উৎপাদন কমছে, বাজারও কমছে। বাইরে তো প্রতিযোগিতা, আমেরিকা, ব্রিটেন এই সব দেশের জার্মানির সঙ্গে জাপানের সঙ্গে প্রতিযোগিতা আছে, চিনের সঙ্গে প্রতিযোগিতা আছে। এই প্রতিযোগিতা বাইরের বাজার আমরা কতটা পাব? তাই সেখান থেকে হটে আসতে হচ্ছে। এমন কি দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে হটে আসতে হচ্ছে। অতএব কম উৎপাদন করে বেশি মুনাফা যতটা সম্ভব সেটা বজায় রাখা যায়। এই প্রচেষ্টায় শিল্প খুব একটা বাড়বে না। আমি বিরাট প্রতিশ্রুতির কথা বলছি না। যদি কেউ মনে করেন বামফ্রন্ট সরকার এই ধনতান্ত্রিক কাঠামোর মধ্যে বিরাট কিছু করে মানুষকে সম্পদে ভরিয়ে দিচ্ছে, তাহলে সেটা হচ্ছে মিথ্যা কথা। এ হতে পারে না। কিন্তু তার ভিতর থেকে কতটুকু করা যায় এই প্রশ্ন আছে। আমাদের আত্মসন্তুষ্টি নাই। এই বামফ্রন্ট সরকার সমস্ত ক্ষেত্রে সমস্ত দিক থেকে সঠিকভাবে চলতে পেরেছে সমস্ত রিসোরসেস-এর সৎ ব্যবহার করতে পেরেছে এই আত্মসন্তুষ্টি আমাদের নাই। তার কারণ হচ্ছে এই গোটা সামাজিক দিক আছে পার্লামেন্টারি সিস্টেম আছে, একটা ধনতান্ত্রিক কাঠামোতে এখানে নানা ধরনের বুর্জোয়া সমাজের প্রভাবে সমস্ত কিছু

প্রভাবিত করছে। সেই বিষাক্ত প্রভাব কাটিয়ে দিয়ে অগ্রসর হওয়া খুবই কঠিন। তার নোংরা স্পর্শ হয়ত আমাদের উপর পড়ছে এবং তার বিরুদ্ধে আমাদের লড়াই করতে হচ্ছে। সুতরাং এই দৃষ্টিভঙ্গি থেকে আমরা কি করতে চাচ্ছি? আমরা চাচ্ছি যে, যে সম্পদটা আমরা দাবি করেছি আমাদের ভাগটা দাও। আমাদের এখানে কয়লা, পাট চা উৎপাদন করা হয়। অনেক টাকা তোমাদের তাই থেকে আসে এবং আমাদের থেকে কেড়ে নিয়ে আমাদের কতটুকু দিচ্ছে। ২.৫ ভাগ কয়লার রয়্যালটি চাই-এর থেকে একটু বাড়ান। অন্য দিক থেকে কয়লার দাম বাড়িয়ে ৬৫ কোটি টাকা পাচ্ছেন আর আমাদের দিলেন সামান্য কয়েক কোটি টাকা। এই তো তারা করছে। আমাদের এখানকার সম্পদ থেকে যে আসবে সেটা কি সবটা নিয়ে নেবেন আর আমাদের খুব সামান্য দেবেন? এই প্রশ্নটা আমাদের যে কেন্দ্র আর রাজ্যের সম্পর্ক পরিবর্তন করা উচিত যাতে করে এই রাজ্যে এবং সকল রাজ্যের কেন্দ্রীভূত অর্থনীতি চাইছেন এবং যে অর্থনীতিকে বজায় রাখবার জন্য কেন্দ্র ক্ষমতা আরও বেশি কুক্ষিগত করতে চাচ্ছেন। এবং কেন্দ্রীয় অর্থনীতিতে কেন্দ্রের ক্ষমতা যদি থাকে তাহলে অসন্তোষ বাড়বে। সেই দিক থেকে আঘাত হবে সেই স্বৈরতন্ত্রকে সেই গতির দিকে সাধারণ মানুষ আঘাত করবে। সেইজন্য নিচে স্তরে রাজ্যগুলিতে তাদের যে প্রয়োজন তার ভাগটুকু তারা দিতে চায় না তারা ক্রমাগত কমিয়ে দিতে চায়। বিক্রয় কর কমিয়ে দিতে চায়, এন্ট্রি কর কমিয়ে দিতে চায়। এগুলির কর পাবে না তারা রেহাই দেবে, তার ভাগ আমরা পাব না, এই সমস্যার বিরুদ্ধে আমাদের লড়াই করতে হচ্ছে আমরা অবশ্যই তা করছি। আমি এই কথা বলব যে, এটা মনে করবেন না যে আমরা বিরাট কিছু ভাবছি। শুধু আমাদের দৃষ্টি হচ্ছে আমাদের যে সামান্যটুকু অর্থ আছে সেটা অপচয় না হয় এবং সেই ধরনের পরিকল্পনা আমরা নিচ্ছি।

[6-00 — 6-10 p.m.]

ক্ষুদ্র এবং কুটির শিল্পকে কিছু কিছু সুযোগ করে দেওয়া যাতে ঐ ক্ষুদ্র এবং কুটির শিল্পীরা বাড়তে পারে, তাদের বিকাশ ঘটে, আমরা পাল্টা ব্যাঙ্ক তৈরি করতে চাই, তার কারণ হচ্ছে এই সমস্ত চাষী ক্ষুদ্র কুটির শিল্পী যাদের ঋণ পাবার ক্ষমতা নেই, তাদের কাছে ঋণ পৌঁছে দেব। আমরা পাট কিনব কিন্তু গুদাম নেই। তারা বলছে আমাদের সব পাট জমা হয়ে যাচ্ছে সেইগুলি কিনছে না। এক্ষেত্রে আমাদের অসুবিধা হচ্ছে আমরা তো আর মিলগুলি ন্যাশনালাইজ করতে পারি না, এই কাজ কেন্দ্রীয় সরকার করতে পারে। আমরা টাকা অপচয় করে হোক বা যেভাবেই হোক হয়ত একটা ব্যবস্থা করলাম অথবা ওয়েস্ট বেঙ্গল কর্পোরেশন করলাম কিন্তু সেই পাট আমরা কোথায় বিক্রি করব? এগুলো মিলের কাছে বিক্রি করতে হবে এবং সেই মিলকে কিনতে বাধ্য করতে পারে একমাত্র কেন্দ্রীয় সরকার। কিন্তু কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে আমাদের সঙ্গে সহযোগিতা করবেন কিনা এই প্রশ্ন এসেছে। এই প্রশ্ন এসেছে বলেই আমরা বলি আন্দোলনের কথা। আমাদের সোজা কথা হচ্ছে সর্বাঙ্গীন আন্দোলন, কিন্তু সেই সর্বাঙ্গীন আন্দোলন করতে গেলে এই কাঠামোতে তো হবে না। ব্যক্তিগত মালিকানা ভেঙ্গে দিয়ে সামাজিক মালিকানা করতে হবে। গরিব শ্রমিক মধ্যবিত্তকে উৎসাহিত করা, তাদের সাহায্য করা, তাদের শক্তিকে সংগঠিত করাই হচ্ছে আমাদের লক্ষ্য। ধনীকে যথা সম্ভব আঘাত করতে হবে, এই সমস্ত মানুষকে ঐক্যবদ্ধ করতে হবে, একথা চিন্তা করেই বামফ্রন্ট সরকারের তরফ থেকে বাজেট রাখা হয়েছে এবং অর্থমন্ত্রী মহাশয়ও সেইভাবেই

বাজেট রেখেছেন। এইভাবে বাজেট রাখার জন্য আমি তার বাজেট প্রস্তাব সমর্থন করছি এবং তাকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

**श्री रवि शंकर पाण्डे** : माननीय अध्यक्ष जी, वैसे मैं वित के संवंध में कुछ वाते जानना आवस्य हुँ और उन्ही वातो को धीरे-धीरे सदनके सामने रखने की चेष्टा करुंगा। वित मंत्री ने जो वजट प्रस्तुत किया है, उनमें जिनके पास कुछ नही है, उनको राहत देने की वात कही है-गरीवो के लिए भी कुछ वातें कही हैं। मगर ऐसा वजट तो तीन साल से प्रस्तुत होता आरहा है। इस वजट में भी कोई नवीनता का सामंजस्य नही है। यह सरकार तो सर्वहारा सरकार है अर्थात जिनके पास कुछ नही है, नकी सरकार है। फ्रि वेकारों की वेकारी, गरीबों की गरीबी, गृहहीनों की गृह देने की वात क्यो नही करती है। यह सरकार तो केवल धनिकों और उच्चतम वेतन पाने बालों के लिए ही मकान निर्माण कर रही है। जो मजदुर मोटिया अधिक भाड़ा नही दे सकता और फुटपाथों पर निवास करते है उनके रहने के लिए सरकार ने आज तक कुछ नहीं की है। यो निर्माण माली से पुछने पर कि क्या इन गरीबों के निवास के लिए मकान निर्माण की कोई योजना है तो उन्होंने उत्तर दिया थाकि ऐसी कोई योजना नहीं है। आज इस बजट को पढ़कर मै वहुत निराश हो गया हूँ, क्योकि यह सरकार बजट में कोई ठोस योजना नही प्रस्तुत की है। कांग्रेस आई० की सरकार ने जैसा दुर्व्यवहार इनके साथ किया था वैसा ही यह सरकार भी कर रही है। नित्य प्रयोजनीय वस्तुओं का दाम बढ़ता जा रहा है। वित मंत्री का कोई भी संकेत सुलभ दामों पर दिलाने की नही है। केवल केन्द्रीय सरकार के उपर दीषा-रोपण करने से काम नहीं चलेगा। आपको स्ययं कुछ करके दिखाना होगा। पशचिम बंगाल में निवास करने बाले खेतिहर मजदूर वेतनभोगी सबके लिए सुविधाए उपलब्ध करानी होगी उत्पादन बढ़ाने और बेकारी दूर करने के लिए कर्म संस्थानों की व्यवस्था करनी होगी। केवल सरकारी कर्मचारियों की मंहगाई भात्ता वढ़ा देने से नित्य प्रयोजनीय चीजों के दामों में कोई सुधार होने बाला नहीं है। किसानों को खेती से उत्पादन वढ़ाने में उत्साह

देना होगा, साधन देना होगा। बैंके से सुलभ दर पर लोन दिलाना होगा। किसान बाजार में जब आपने उत्पादित सामानों को लेकर आए तो उसे न्यायोचित मूल्य दिलाना चाहिए ताकि वे उस पाए हुए धन से अपने नित्य प्रयोजनीय का चिजों को सुलभ दर पर खरीद सके। केबल केन्द्रीय सरकार को तो दोष देने से नहीं चलेगा आपने को भी सुधारना होगा आलु का मूल्य बढ़ता ही जा रहा है जो बंगाल में उत्पादित होता है लेकिन इस ओर सरकार का ध्यान नहीं जाता है दाम बाढ़ने का कारण यह है कि चासी कम पैसे पर होलसेलरों के हाथ बेच देता है और वे लोग एयर कण्डिशन गोदामों में रखकर दुगना-तिगुना दाम लेते है। इसका परिणाम यह होता है कि किसान मार खाता है। अगर किसानों की उन्नति की जाय तो यह देश उन्नत हो सकता है। किसान उचित दाम पर आपने उत्पादनों को बेचता है तो वह और भी आपना उत्पादन बढ़ाने में सक्षम होगा और खेतो में काम करने वालो को, मजदूरो को ठीक मजदुरी भी दे सकता है।

वैसे आपका बजट अभिनन्दनीय है किन्तु साथ ही साथ यह भी कहना चाहुँगा कि नए-नए कल कारखानो खोलने की आवश्यकता है। बेकारी दूर करने के लिए कर्मसंस्थानों की प्रतिष्ठा करनी है और लक्ष्य रखकर इसे बढ़ाने की चेष्टा करनी है। अपने बुढ़ौती का पेंशन देकर सराहनीय कार्य किया है। कांग्रेस आई के लोग तो देश को तोड़ फोड़ की दिशा मे ले जा रहे है। इनकी बात ही छोड़िए। आप अग्रसर होने की चेष्टा कीजिए।

माननीय अध्यक्ष महोदय, सरकार ने आई० ए० तक की फीस माफ कर दी है लेकिन बड़े दु:ख के साथ कहना पड़ता है कि बड़ा बाजार अंचल मे शिक्षण संस्थाए एक व्यवसायिक केन्द्र बनी हूई है। वहाँ आज भी लड़को से दुगनी-तीगुनी फीसे ली जाती है परिणाम यह है कि वहाँ पर बच्चे पढ़ नहीं पाते है। बड़ा बाजार अंचल

में ९० प्रतिशत लोग गरीब है। इनकी क्षमता इतनी फीस देने की नही है। सरकार का ध्यान मैने कई बार आकर्षित किया किन्तु परिणाम शून्य रहा उस अंचल में आज तककोई नया स्कुल नहीं खोला गया यह बहुत दुःख की बात है। मै सरकार से निवेदन करुंगा कि उस अंचल में नये स्कुल खोलवाने की चेष्टा करे। सरकार ने शिक्षा का माध्यम जो बंगला बनाया है वह प्रशंसनीय है। अंग्रेजी को हटाने का सभी लोग स्वागत करेगें। अंग्रेजी भाषा की पढ़ाई अगर चालु रही तो समाज मे विषमता बढ़ती जायगी। गरीब लोग पिछड़ते जायेगे। इसलिए इसपर कन्ट्रोल करना आवशयक है।

गरीबों को राहत दीजिए और सामाजिक विषमता को आज दूर करने की आवशयकता है। पूराने जमाने में भी देखा गया है कि कृष्ण एक राजा के लड़के थे और उनके साथ गरीब सुदामा पढ़ता था किन्तु अध्ययन के पशचात जब वह उनके पास गया तो कृष्ण ने अपनी सम्पति को बाट कर सुदामा को दे दिया व आज इसी नीति को चरितार्थ करना है ताकि गरीब भी सुखी रह सके। इससे देश समृद्रशाली होगा और पशिचम बंगाल का स्तर उंचा होगा। ४ वर्ष का समय आपके शासन का व्यतीत हो चुका है एक वर्ष के बाद आपको जनता के सामने जाना होगा और अपने कामों का लेखा-जोखा उन्हे देना होगा इसलिए देश मे नए-नए कल-कारखाने लगवाइए, उत्पादन बढ़ाइए और बेकारो की बेकारी दूर कीजिए। केवल कोरी योजनाओं मे फंसा कर जनता को रखने की चेष्टा न कीजिए। चुनाव के समय इन्दिरा गांधी अपनी चाल चलने मे पीछे नही रहेगी। उस समय देश मे लाए हुए आपके प्रगति से ही सफलता प्राप्त हो सकती है। आपकी चाय नीति भ्रम पैदा कर रही है इस बन्दरगाह से चाय न जाने से आपको ही नुकसान होगा और चाय शुल्क के रुप में आपको कुछ भी प्राप्त नहीं हो सकेगा। दूसरी जगह के बन्दरगाहो से जो चाय की रवानगी होगी वहाँ आप टैक्स के रुप में कुछ भी वसूल नहीं कर पाएगे। केन्द्रीय सरकार वहां जो टेक्स वसुल कर लेजाती है, उसमे उचित हिस्सा लेने के लिए आप

लड़िए हमलोग आप के साथ है। मै चाहुंगा कि बंगाल का शोषण नहीं बंगाल की प्रगति हो।

माननीय अध्यक्ष महोदय केन्द्रीय बजट मे अप्रत्यक्ष करों का भरमार है उससे देश का वोई लाभ होने बाला नहीं है नोकरी पेशे बालों का मंहगाई भत्ता बढ़ा देने से कोई लाभ होने बाला नहीं है। लाभ तो चब होगा कि नित्य प्रयोजनीय चीजो का दाम सुलभ रुप में प्राप्त हो सके। बेकारों की बेकारी दूर हो।

माननीय अध्यक्ष महोदय, आपके माध्यम से निवेदन करुंगा कि हमारे बड़ा बाजार अंचल में लोग ९५ प्रतिशत गरीब है वहाँ गन्दगी का भरमार है, अस्पतालों की कमी है, जो अस्पताल है उनमें डाक्टर है तो दवाई नहीं है। अतः मै चाहूँगा कि इन त्रूटियों को सुधारा जाय और नये-नये अस्पताल वहाँ खोले जाय। बड़ा अंचल और हावड़ा सफाई के मामले में नगण्य है। लोगों का जीवन तरकीय है, जगह-जगह पर कूड़ी का ढ़ेर लगा हूआ है उन्हे हटाने की कोई व्यवस्था नहीं की जाती है, सड़कों की सफाई नहीं की जाती है। पानी का छिड़काव नहीं होता है। कारपोरेशन के कर्मचारी बढ़ते ही चले जा रहे है लेकिन वै अपनी डीवटी का पालन नहीं करते है। मै सरकार से अनुेरोध करुँगा कि वह इधर ध्यान दे ताकि जन-जीवन स्वस्थ और सुखमय रह सके।

अन्त में निवेदन करुँगा कि आपलोग दक्षता से काम करें ताकि चुनाव के समय जनता के सामने जाने में कोई हिचकिचाहट न हो अगर आपलोग अच्छा काम करेगें तो हम लोग जो आपकी वकालत करते है सुरक्षित रह सकेंगे। अन्यथा आपके साथ वकालत करने बाले लोगों की भी अवस्था भयावह ही जाएगी।

[6-20 — 6-30 p.m.]

**শ্রী গুণধর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৮১/৮২ সালের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তাকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলছি। এই ব্যয়-বরাদ্দের দাবি বিরোধিতা করতে গিয়ে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্যরা যে বিরোধিতা করেছেন তা এক কথায় বলতে গেলে বলতে হয়, একই কথার চর্বিতচর্বন ছাড়া আর কিছু নয়। প্রতিটি মুহূর্তে, প্রতিটি সময়ে তারা বলেন, আইন-শৃঙ্খলা নেই, অরাজকতায় পরিপূর্ণ, পরিবহন বিদ্যুৎ-এ ছাড়া ওদের আর কিছু বলার নেই। ওরা ভুলে গেছেন এই ৩৩টি বছরের মধ্যে ১৯৭৭ থেকে ১৯৮১ এবং ১৯৬৭ থেকে ১৯৬৯ এই কয়টি বছর বাদ দিলে বাকি সময়—এখন যারা ইন্দিরা কংগ্রেস, এখন যারা জনতা দলে আছেন, ভারতীয় জনতা বলুন আর যাই বলুন ওরাই ছিলেন এই পশ্চিমবাংলার ক্ষমতায়। তারা বলতে চাচ্ছেন এমন একটা অবস্থা পশ্চিমবাংলায় রেখে গেছেন—বিদ্যুৎ সমস্যার সমাধান করেছিলেন, পরিবহন সমস্যার সমাধান করেছিলেন—সমস্ত সমস্যার সমাধান করেছিলেন, এমন আইন শৃঙ্খলা রেখে গিয়েছিলেন যে, এই বামফ্রন্ট সরকার কয়েক বছরের মধ্যে দেশটাকে একেবারে ছারখার করে দিয়েছেন। যেমন, বর্তমানে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এখন বলছেন গত আড়াই বছরে জনতা সরকার দেশকে একেবারে নষ্ট করে দিয়ে গেছেন আর আপনারাও সেই কথার পুনরাবৃত্তি করছেন। এটা এইসব সাধারণ মানুষ জানে, ইমারত যদি তৈরি করতে হয়, ভীত যদি ঠিক না হয় তাহলে ৩/৪ তলা বাড়ি করা তো দূরের কথা, ১ তলা বাড়ি তুললেই ভেঙ্গে চুরমার হয়ে যায়। এরা গত ৩০ বছর ধরে যেটা করেছেন সেটা হচ্ছে, সারা দেশে দুর্নীতি গড়ে উঠেছে, ভারতবর্ষে একচেটিয়া, পুঁজিপতি, সামন্ততন্ত্র বড় বড় জোতদার বিদেশি পুঁজিপতিদের সেবা করে এসেছেন এবং তাদের স্বার্থ রক্ষা করেছেন। সাধারণ গরিব মানুষকে আরও গরিব আরও বেকারত্বে পরিণত করেছেন এবং তারই দায়ভার এই কয়েক বছরের জন্য বামফ্রন্ট সরকারের ঘাড়ে চাপিয়ে দিয়ে শীততাপনিয়ন্ত্রিত কক্ষে বসে গরম গরম কথা বলে বাজিমাত করতে চাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা আইনশৃঙ্খলার কথা বলেন, মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয় একটু আগে কয়েকটি কথা বললেন। আমার প্রশ্ন হচ্ছে, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত গোটা পশ্চিমবাংলায় কি অবস্থা ছিল? নিশ্চয়ই খুন, ডাকাতি, চুরি, ছিনতাই খারাপ জিনিস। এই সমস্ত জিনিস যাতে না হয় তারজন্য নিশ্চয়ই ব্যবস্থা করা উচিত কিন্তু ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আমরা কি দেখেছি? প্রকাশ্য দিবালোকে খুন করা হয়েছিল। ঐ দুর্গাপুর হাইস্কুলের প্রধান শিক্ষককে চেয়ারে বসিয়ে গায়ে পেট্রোল ঢেলে পুড়িয়ে মারা হল, তখন তো কই তার কথা কেউ বলেননি। সর্বক্ষেত্রে আপনারা এই ব্যবস্থা করেছিলেন এবং উত্তরাধীকার সূত্রে আমরা সেই সমস্ত জিনিস পেয়েছি। আজকে পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট সরকার আসার পর বিদ্যুতের ক্ষেত্রে বলুন, পরিবহনের ক্ষেত্রে বলুন বা অন্যান্য ক্ষেত্রে বলুন সমস্ত ক্ষেত্রেই সাধারণ মানুষকে কিছু সুরাহার মধ্যে রাখতে পেরেছেন। একটু আগে একজন বন্ধু বললেন ওরা ভুলে গেছেন এটা একটা অঙ্গ রাজ্য। এই রাজ্যের বাজেট, করনীতি, এখানকার সংবিধান এবং অন্যান্য সব জিনিস কেন্দ্রীয় সরকার নির্ধারণ করেন। রাজ্যের ক্ষমতা যে সীমাবদ্ধ বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠার দিন থেকে সে কথা বলে আসছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন আমাদের বাধা কোথায়? কেন্দ্রীয় সরকার আমাদের কি কি

অসুবিধার সৃষ্টি করছেন—সেকথা বলেছেন। কেন্দ্রীয় সরকার পণ্য শুল্ক আইনের মাধ্যমে যেটুকু আমরা পেতাম সেটাও বন্ধ করে দিয়েছেন। বিভিন্ন ধরনের করের উপর বিধি-নিষেধ আরোপ করেছেন। এই হচ্ছে আমাদের অবস্থা। ফুড ফর ওয়ার্কে বলুন বা যে কোনও উন্নয়ন মূলক কাজই বলুন কেন্দ্রের কাছে ভিখারির মতোন কেন্দ্রের কাছে চাইতে হচ্ছে এবং বলতে হচ্ছে, হে দেবী, আমাদের কিছু সাহায্য করুন। না, এটা পশ্চিমবঙ্গের মানুষের অধিকার, ন্যায্য প্রাপ্য, সেই প্রাপ্য তারা দিচ্ছেন না। অধিকার ক্ষুন্ন করে দিচ্ছেন, অধিকার খর্ব করছেন। আমরা সেটাই বলতে চাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় বলেছেন সেই কথাটাই বলতে চেয়েছেন। সেটা নিয়ে তারা হৈচৈ করছেন। মাননীয় হরিপদবাবু ট্রাম ভাড়া বৃদ্ধির দৃষ্টান্ত দিলেন। ভাড়া বেড়েছে, আন্দোলন হচ্ছে। ট্রাম বাস পোড়ানো হলে নিশ্চয় দুর্ভাগ্যজনক ঘটনা। উনি বলে গেলেন যে, এক পয়সা ট্রাম ভাড়া বৃদ্ধির জন্য আন্দোলন হয়েছিল এসব তাদের কাছেই শেখা। নিশ্চয় ট্রাম ভাড়া বৃদ্ধির জন্য আন্দোলন হয়েছিল, লক্ষ লক্ষ হাজার হাজার মানুষ সেই আন্দোলনে অংশ গ্রহণ করছেন ঐ রকম ঘটনা ঘটলে দুর্ভাগ্যজনক ব্যাপার। কিন্তু এখানে সাধারণ মানুষ জানে কে ভাড়া বাড়ানোর জন্য দায়ী, কে ডিজেল, পেট্রোলের দাম বাড়িয়েছে? কাজেই এই সরকার বাধ্য হয়েছেন বাসের ভাড়া বাড়াতে। তথাপি কোনও মানুষ আন্দোলন করেনি, বা তাতে অংশগ্রহণ করেননি। কয়েকজন কংগ্রেসি গুন্ডার নেতৃত্বে ট্রাম, বাস পোড়ানোর ঘটনা ঘটেছিল, কিন্তু উনি দুই আন্দোলনকে এক করে দেখাতে চাইলেন। সেইজন্যই বলছি যে সাধারণ মানুষে বোঝেন, যে এদের ক্ষমতা কতটুকু এবং সেই সীমাবদ্ধ ক্ষমতা নিয়েই তারা সেটুকু করতে চাইছেন। ওরা বললেন যে, কৃষকের উপর খুব দরদ, গরিব ক্ষেতমজুর, বর্গা কৃষকদের যে এরা পেনশন দিয়েছেন, কই, সে কথা তো একবারও বললেন না। যে কৃষক সারা জীবন খাটছে তাদের বৃদ্ধ বয়সে কেউ তাদের পেনশন দিয়েছে? এই যে শিক্ষা অবৈতনিক করা হয়েছে, গ্রামের গরিব মানুষ—যারা আক্ষেপ করে বলত যে, আমরা চোখ থাকতে কানা, তাদের ছেলেমেয়েদের লেখাপড়া শেখার সুযোগ করে দেওয়া হচ্ছে সে কথা তো কেউ বললেন না? ৩০ বছর ধরে জমিদার, জোতদার, পুঁজিপতি, ধনিক শ্রেণী, কায়েমিস্বার্থবাদীদের সঙ্গে মিলে সব কিছু ধরে রাখার উদ্দেশ্য ছিল, কিন্তু এখন তা হচ্ছে না। এই সরকার গ্রামের গরিব মানুষের চোখ খুলে দিতে চান, সেই জন্যই বিনা বেতনে পড়াবার ব্যবস্থা করেছেন। তাই সকলে বলছেন যে শিক্ষানীতি জলাঞ্জলি হয়ে গেল। সেজন্য আজকে এই যে বাজেট এতে সাধারণ মানুষের উন্নয়নের কথা বলা হয়েছে, তাদের স্বার্থরক্ষা করে যেটুকু সুরাহা করা যায় তারই ব্যবস্থা এই সরকার করেছেন। ওরা কি করেছেন, নির্বাচনের পূর্বে প্রতিবার যে প্রতিশ্রুতি দিয়ে আসেন তা পালন করেন না, নির্বাচকমন্ডলীর সঙ্গে বিশ্বাসঘাতকতা করেন, তাদের ধোঁকা ধাপ্পা দেন, আমরা তা দিই না সেজন্য গাঁয়ে যে গরিব মানুষ, খেটে খাওয়া মানুষ তারা এই সরকারকে নির্বাচিত করছে। আর তাদেরই স্বার্থ রক্ষা করার জন্য এই বাজেট করা হয়েছে, জমিদার, জোতদার, পুঁজিপতিদের স্বার্থরক্ষা করার জন্য যারা চিৎকার করছে, তাদের চিৎকার করে কিছু হবে না, পশ্চিমবাংলার মানুষ জানে এই সরকার কাদের স্বার্থ রক্ষা করছে। আগামী দিনে কাদের সুবিধা হবে তাও তারা জানে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেদিন মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতা শুনছিলাম,

শুনে একথাই মনে হল যে, এটা উনি কারও নির্দেশ নিয়ে করেছেন, কারণ নির্দেশ ছাড়া উনি কাজ করতে পারেন না। সেটাই সাধারণ মানুষকে বুঝিয়ে দেবার জন্য সব সময় কেন্দ্রের উপর দোষারোপ করেছেন। এখানে আমরা দেখতে পাচ্ছি যে প্রশাসনের কি অবস্থা হয়েছে। আমাদের গ্রামের দিকে গিয়ে দেখলে দেখা যাবে যে মানুষে রাত্রে ঘুমোতে পারছে না। তাদের বাড়ির জিনিস তাদের ক্ষেতের ফসল, গাছের ফল, সব চুরি, ডাকাতি হয়ে যাচ্ছে। এই বলে আমি একটা মেনসেন করেছি। আমাদের ভগবানগোলা থানায়, বীরপাড়া গ্রামে প্রায় চার-পাঁচশো লোক কংগ্রেস সমর্থক আল্লার খানের সি. পি. এম. জেলা পরিষদের নেতা আলিমুদ্দিনের নেতৃত্বে—বাড়ি গিয়ে চুরি করে, জিনিসপত্র ভাঙ্গাচোরা করে এবং সকলকে মারধর করে। তাদের সমস্ত ধন সম্পত্তি—গরিবের ধন-সম্পত্তি যেমন কাঁথা, বালিশ, বাসন, টাকা কড়ি, অল্প সোনার গহনা সমস্তই নিয়ে নিয়েছে। কিন্তু আজ পর্যন্ত কেউই অ্যারেস্ট হয়নি। পুলিশ সেখানে নিষ্ক্রিয়। পুলিশ গিয়ে সেখানে কিছুই করে না। পুলিশের জন্য যে টাকা বরাদ্দ আছে—সেটা কি কারণে আছে তা জানি না। পুলিশকে সি. পি. এম.-রা যা বলে পুলিশ তাই করে, আজ অবধি এই তিন বছরের মধ্যে আমাদের ওখানে প্রায় ১৬টি খুন হয়েছে।

[6-30 — 6-40 p.m.]

এবং চুরি, ডাকাতি অনেক হচ্ছে যার কোনও রেকর্ড হচ্ছে না। আমি এখানে বারবার বলেছি, চিফ মিনিস্টারকে চিঠি দিয়ে জানিয়েছি যে, একটা ছেলেকে বাড়ি থেকে নিয়ে গিয়ে খুন করা হল, কিন্তু তার কোনও হদিশ করা হল না এবং যে ছেলে এই কাজ করল তারও কিছু হল না। এই হচ্ছে প্রশাসনের অবস্থা। সেদিন রাজাপুর গ্রামে সি. পি. এম.-এর কর্মীরা ২ জন বি. এস. এফ.-এর লোককে খুন করল, রিভলভার লুঠ করল, কিন্তু খুনির আসামীকে ধরা হচ্ছে না। এই অবস্থায় কি করে বলব যে পুলিশ বাজেটের টাকা ধরা ন্যায্য হয়েছে। আপনারা বলেছেন কৃষকের উন্নতি হয়েছে। কিন্তু কিসের জন্য উন্নতি হয়েছে? বিগত কংগ্রেস আমলে যা হয়েছি তার জন্য আজ এই উন্নতি। অথচ এখন কি হচ্ছে? এখন ডিপ টিডবওয়েলগুলি চলছে না। আমার এলাকায় ২টি ডিপ টিউবওয়েলের মধ্যে একটি আংশিক অকেজো, আর একটা সম্পূর্ণ অকেজো। এ সবের জন্য যে পোল, তার দরখাস্তর কিছুই নেই—বলেও কিছু হচ্ছে না। মিনিকিট যা দেওয়া হচ্ছে, তাতেও দেখা যাবে যাদের জমি নেই তাদেরই দেওয়া হচ্ছে। আবার যাদের জমি নেই তারাই সব ডি. সি. পেয়েছে। এই হচ্ছে কৃষি ব্যবস্থার অব্যবস্থা । জমি বন্টন সম্বন্ধে ২/১টা কথা বলতে চাই। সরকারের খাস জমি নির্মল চর বলে একটা মৌজা যেখানে ৪/৫ হাজার বিঘা জমি আছে, সেই জমি যারা প্রকৃত চাষী নয় তারাই পেয়েছে। সেই জমি থেকে পঞ্চায়েতের লোকেরা টাকা আদায় করছে। অর্থাৎ সেই জমি এখনও পর্যন্ত বন্টন হয়নি। অথচ সেই জমির ফসল পঞ্চায়েতের সদস্যরা জোর করে নিয়ে নিচ্ছে। জমি যার আছে সেই জমি পেয়েছে এবং তাদের কাছ থেকে হাজার হাজার টাকা নিয়ে বর্গা রেকর্ড হচ্ছে অর্থাৎ যে কোনও দিন বর্গা চাষ করেনি, হাল লাঙ্গল নেই তাকেই বর্গা করা হচ্ছে এবং জে. এল. আর. ও. কে. দিয়ে জোর করে লেখানো হচ্ছে যে এর নামে লিখুন। এইভাবে যাদের সব বর্গা দেওয়া হচ্ছে তারা সব ভূয়া এবং তারা কোনওদিন বর্গা করত না। পঞ্চায়েতের উন্নতি কতটুকু হয়েছে জানি না, তবে যারা লুটপাট

করছে তাদের উন্নতি হয়েছে। পঞ্চায়েত ডেভেলপমেন্টের সমস্ত টাকা লুটপাট হচ্ছে। পঞ্চায়েতের দুর্নীতি এমন হয়েছে যে, সবলপুর ইউনিয়নের প্রধান, কাঞ্চননগর ১নং ব্লকের প্রধান, হাবাপুর অঞ্চল প্রধানরা সব পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। কাঞ্চননগর ইউনিয়ন প্রধান সি. পি. এম. নেতৃত্বের বিরুদ্ধে হাইকোর্টে দুর্নীতির মামলা করেছে। সেজন্য বলব এই সব কারণে এই বাজেটের আমি বিরোধিতা করছি।

**श्री रमजान आली** : मिस्टर स्पीकर सर, डा० अशोक मित्रा ने १९८०-८१ का जो बजट फाइनेन्स मिनिस्टर की हैसियत से पेश किया है, वह सही माने में साधारण जनता के लिए लाभप्रद है। इसके लिए मगरबी बंगाल के मेहनतक्श और आम जनता इनका स्वागत करते है। और सरकार की पांलिसी का हिमायत करते है। इस बजट में जो झलकियां देखने को मिलता है, उसमें जिन्दगी से ताल्लुक रखने बाले लोगों के सहायक है। चाहे वो स्टुडेन्ट हो चाहे टीचर हो चाहे मजदूर हो। इस बजट में सभी के लिए कुछ-न-कुछ है। किसानों को सहुलियत मुहैया की गई है। ऐसा मिशाल इस बजट मे देखने को मिलता है और लोगों ने बहुत तरह की शिकायतें पेश करने की कोशिशों की है। लेकिन मै दाबे के साथ कह सकता हूँ कि सिद्धार्थ बाबु के रीजीन में लाँ एण्ड आर्डरके नाम पर यहाँ पर कुछ भी नहीं था। इसलिए उस दल के लोगों के लिए इस बजट का मुखालपत करना ठीक नहीं है। लेकिन वही लोग इस बजट विरोध करते है।

इस सरकार के आने के बाद यहाँ के लोगों की जिन्दगी में सुधार हुआ है। लाँ एण्ड आर्डर मेन्टेन हुआ है और हो रहा है। पहले किताब खोलकर नकल की जाती थी लेकिन वह अब खत्म हो चुका है। अब एकजामिनेशन सही ढंग से और समय पर हो रहे है। आज चाहे किसान का मम्ला हो, चाहे स्टुडेण्ट का मस्ला हो चाहे मजदूर का मस्ला हो, कहीं पर कोई गड़वड़ी नहीं है। इस सरकार ने लां एण्ड आर्डर को ठीक क्या है। पहले कमजोर वर्ग के लोगों के बच्चे तालीम हासिल नहीं कर सकते थे लेकिन अब वे तालिम हासिल कर रहे हैं, क्योकि फ्री तालीम मुहैया की जाती है। बच्चों को कुछ हद तक खिलाने पिलाने का भी इन्तजाम है। ये सारे काम तो वामफ्रन्ट की सरकार ने किया है। कमजोर तबके के लोगों को उपर उठाने

के लिए इस वाये बाजु की सरकार ने वहुत सी स्कीमें की हैं।

लेकिन मै तवज्ञह चाहूँगा इस बात पर कि जहाँ कमजोर तवके के लोगों का सबाल है, जहाँ सिडयूल्ड कास्ट और सिडयूल ट्राइव्स का सबाल है, आज मै यह बात साफ तौर पर कहता हूं कि यहाँ पर जो मुसलिम वर्ग है ये सिडयूल्ड कास्ट और सिडयूल्ड ट्राइव्स से वेहतर इकांनांमिक नहीं है। जिस बस्ती में हमें देखने को मिल्ती है, जिस बस्ती में टूटे-फूटे मकान देखने को मिलते है, उसी से शिनाख्त हो जाती है कि वह मुस्लिम मुहल्ला है। चाहे फुल बगान हो, चाहे तालतल्ला हो, चाहे मटियाबूज हो जहां भी हम जाते है, हमे गन्दगी देखने को मिलती है। टूटी-फूटी इमारते देखने को मिलती है। इसमे ममझा जाता है कि यह मुस्लीम है, जाहिर है, इसके साथ न्याय की जरुरत है। इनकी ओर ध्यान देने की जरुरत है। इनको एक सतह पर लाने के लिए, बराबरी पर लाने के लिए, अगर इनको उपर नहीं उठाया गया तो यह तबका पीछे ही रह जायगा और इनका इकांनोमीकली तरक्की नहीं हो सकती है। इसलिए आम जरुरत इस बात की है कि ये मुस्लीम तवके के लोग जो पीछे पड़ गए है इनको सरकार को सहायता देने की जरुरत है। आज इस वात की जरुरत है कि सरकार इस पर तब्वजह हो। यह बात हकीकत है कि जवसे यह लेफ्टफ्रन्ट की सरकार आई है, इनके लिए नौकरी की कुछ व्यवस्था की है। मुस्लीम तवका बंगाल की सर जमी में रहता है। इनको कोई तकलीफ नहीं है। यहाँ कोई दिक्कत नहींहै। अगर यही तरीकसे इनकी ओर तवज्ञह दी जाय, इनको सारी सुविधाऐ मुहैया सरकार को करनी चाहिए। मै मन्जुर करता हूँ की कुछ किया भी गया है। आज दम देखते है कि बहुत सी ट्रस्ट की जायदाद है, वक्फ की जायदाद है। इस बजट में हमने नही पाया कि इनकी समाम इन्तजामात सरकार के हाथ में ले। उसमे कितना पैसा आता है, कितनी आमदनी होती है, उस ट्रस्ट की जायदाद की हिफाजत कैसे होती है। मुस्लीम स्टुडेन्ट के वजीफे के लिए कितने मुस्लीम स्टुडेन्ट को स्टाइपेन मिलता है, इसका कोई हिसाब-किताब इस बजट मे देखने को नही मिलता।

साथ-ही-साथ मै यह कहूंगा कि इस बजट में सारी बाते है लेकिन रुरल इलेकट्रिक

के बारे में फिरिस्ति नही दिया गया है, हलाकि इसकी बहुत जरुरत है। डीजल और पेट्रोल का दाम बढ़ जाने की वजह से सिचाई का काम जहाँ कम लागत मे होती थी, वहाँ किसानों को सिचाई के लिए बहुत पैसा खर्च करना पड़ता है। अगर इलेकट्रिफिकेशन हो, देहात में सब जगह लाइन पहूँचा दी जाय, तो कम पैसे में सिचाई का काम हो सकता है। यह किसानों के लिए बड़ा मददगार होगा।

दुसरी बात यह है कि किसानो की फसल और उनकी मवेशी के इन्सुरेन्स की बात कही गई है। वह एक वड़ी क्रान्ति है जो आज तक कभी नही हुआ। ये वाये बाजु की सरकार ने अपने हाथ से किया है। यह बहुत ही अच्छा काम है।

इस बजट में वाम फ्रन्ट की सरकार ने आम जनता की हिफाजत की है। फिर भी विरोधी पार्टी के लोग इस बात को मन्जुर नही करते है। आज एक सबाल के जबाब में कहा गया है कि सिडयुल कास्ट और सिडयुल ट्राइव्स के लिए फुल रिजवेशन का इन्तजाम है। लेकिन मुस्लिम माइनोरिटी के हिफाजत के लिए कोई इन्तजाम नही है। यह हकीकत हर आदमी जानता है। कि बराबरी की दौड़ में मुस्लीम तबका माहस नही रखता है। इसलिए इसे बराबरी की दौड़ मे शामिल होने का मौका दीजिए। चुकि हमारी यह पांलिसी है कि हम सबको बराबरी का दर्जा मुहैया करते है।

इस सरकार ने उर्दू एकाडमी की स्थापना की है। जिसके चेयरमैन जनाव ज्योति बासु है। जिनके लीडरशीप में बड़े-बड़े काम हुए है। बहुत बड़ा फंक्मन हुआ उर्दू एकाडमी का। हिन्दी के लिए भी काम हुआ है। आज हिन्दी उर्दू ही नही अन्य भाषाओं पर भी जोड़ दिया गया है। आज हमें उर्दू को उपर उठाना है। यही वजह है कि हमारे विरोधी लोग हमारा विरोध करते है।

इन सारी बातों के साथ मै इस बजट का समर्थन करते हुए अपना भाषण समाप्त करता हूं।

**শ্রী সন্তোষ রানা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এই বিধানসভায় যে বাজেট রেখেছেন সে সম্পর্কে কয়েকটি কথা বলতে গিয়ে আমি একটুও বলতে চাচ্ছি না যে পশ্চিমবঙ্গ একটি আলাদা রাজ্য। পশ্চিমবঙ্গ ভারতের একটি অঙ্গরাজ্য এবং ভারতবর্ষে যে কেন্দ্রীয় সরকার রয়েছে, তারা একটা বিশেষ নীতি দ্বারা পরিচালিত হচ্ছেন এবং এর আওতার বাইরে কোনও রাজ্য সরকারের পক্ষে যাওয়া সম্ভব নয়। মাননীয় অর্থমন্ত্রী তার বক্তব্যে রাজ্যগুলির সীমাবদ্ধ ক্ষমতার কথা বলেছেন। কেন্দ্রীয় সরকার কোনও রকমভাবে বারংবার রাজ্যের এক্তিয়ার বাড়ানোর বদলে তাদেরকে আরও সংকুচিত করবার চেষ্টা করে যাচ্ছেন। তিনি একথা বলেছেন এবং আমি তার এই কথা সমর্থন করি। রাজ্যগুলিকে অধিক অর্থনৈতিক এবং সাংবিধানিক ক্ষমতা দেওয়ার ব্যাপারে তার সরকারের যে দাবি সেই দাবিতে আমি সম্পূর্ণ একমত। কিন্তু যে আর কতকগুলি বক্তব্য এখানে রেখেছেন যে বাজেট রেখেছেন, সেই সেই বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে তিনি কতকগুলি মন্তব্য করেছেন সেগুলির আমি তীব্র বিরোধিতা না করে পারছি না। সেই মন্তব্যগুলি হচ্ছে তিনি বলেছেন এই প্রথম সরকার যা যা খরচ করেছেন তার অনেক বেশি নিচের তলার মানুষদের কাছে যাচ্ছে। গ্রামাঞ্চলে যে সম্পদ উৎপন্ন হচ্ছে সেই সম্পদের ইকুইটেবল ডিস্ট্রিবিউশন হচ্ছে তিনি বলেছেন ওয়েজেস of agricultural workers double দ্বিগুণ হয়ে গেছে। কি করে তিনি এই সব কথাবার্তা বললেন তা আমি জানি না। আমি জানি না কি করে একটা ভারতীয় রাষ্ট্রের মধ্যে এবং কেন্দ্রে এমন একটা সরকার রয়েছে যারা ক্রমাগত প্রত্যক্ষ কর না ফেলে পরোক্ষ কর চাপিয়ে জনগণকে নিষ্পেষিত করছে। সামরিক প্রত্যক্ষ খাতে খরচ বাড়ছে নন ডেভেলপমেন্ট খাতে খরচ বাড়িয়ে চলেছে—সেখানে এই অবস্থার মধ্যে একটা রাজ্য যেখানে একটা বামফ্রন্ট সরকার থাকলে কি করে সম্পদ সুষ্ঠুভাবে বন্টন হতে পারে এটা আমার বুদ্ধির বাইরে। আমি গ্রামাঞ্চল এবং শহরাঞ্চল ঘুরে দেখেছি কি গ্রামাঞ্চল কি শহরাঞ্চলে সম্পদ বন্টনের যে বৈষম্য সেই বৈষম্য বেড়েই যাচ্ছে। এবং এটাই এক্সপেক্টেড এবং এই জন্য এই সরকারকে আমি দোষারোপ করি না। কিন্তু তিনি যে কথা বলেছেন তার আমি বিরোধিতা করছি। তিনি যে দাবি করছে মোর equitable distribution হচ্ছে আমি বুঝে উঠতে পারছি না। আমি কতকগুলি ঘটনা দিচ্ছি। আপনি বলেছেন ক্ষেতমজুরের মজুরি দ্বিগুণ হয়েছে। কিন্তু আমার যা অভিজ্ঞতা বিশেষ করে আমার ঝাড়গ্রাম মহকুমার কথা জানি সেখানে মজুরি কমেছে। ইকনমিক রিভিউয়ে লিখেছেন মজুরি কি পরিমাণ বেড়েছে। এই কৃষি মজুরি ১৯৭৭ সালে ছিল ৫-৬৫ পয়সা এবং মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন যে ৫০% ইনফ্লেশন হয়েছে। তাহলে ১৯৭৯-৮০ সালে এই মজুরি হওয়া উচিত ছিল ৮-৪৮ পয়সা। কিন্তু সরকারি হিসাবে দেখছি ১৯৭৯-৮০ সালে সেই মজুরি হয়েছে ৬.৭৫ পয়সা।

[6-50 — 7-00 p.m.]

যদি এক পয়সাও না কমত, যদি ঠিক রাখতে হত তাহলে হওয়া উচিত ছিল ৮.৪৭ কিন্তু হয়েছে ৬.৭৫ টাকা। কি করে বা কোন হিসাবে এটা দুগুণ হয়ে গেল সেটা আমার মাথায় আসছে না, এই হিসাবটা পেলে আমার সুবিধা হয়। তারপর বলা হয়েছে ফুড ফর ওয়ার্ক এবং অন্যান্য কাজকর্মের দ্বারা অধিকতম ম্যান্ডেজ সৃষ্টি করা হয়েছে এবং তার ফলে নিচের তলায় মানুষরা এতে লাভবান হয়েছে। আমি বলছি এটা অত্যন্ত একজারেটেড দাবি।

সরকারি তথ্য থেকে গ্রামাঞ্চলের কাজের যে সব হিসাব পাওয়া যাচ্ছে তাতে পশ্চিমবাংলার যে চিত্র পাওয়া যাচ্ছে সেখানে দেখা যাচ্ছে এক বছরে, ১৯৭৯/৮০ সালে ৫৪০ লক্ষ ম্যান্ডেজ বা শ্রমদিবস তৈরি হয়েছে। আমরা যদি খুব কম করেও ধরি, তাহলে দেখা যাবে যে মানুষরা মজুর খাটে, প্রায় ৬ মাস বা তারচেয়ে বেশি সময় যারা বছরে কাজ পায় না তাদের সংখ্যা হচ্ছে ৮০ লক্ষ। তাহলে তার মানে হচ্ছে, ফুড ফর ওয়ার্কের মাধ্যমে প্রতি বছরে এক একজন কাজ পেয়েছেন ৭ দিন করে। লিন মান্থগুলি, যখন কাজ পায় না, যখন ফুড ফর ওয়ার্ক এই জাতীয় কাজের উপর তাদের নির্ভর করতে হয় সেই সময়টা যদি হিসাব করে দেখি, তাহলে দেখা যাচ্ছে মাসে একদিন করে তারা কাজ পেয়েছে। তবে এটাও হচ্ছে যদি ধরে নিই এই যে ৫৪০ লক্ষ ম্যান্ডেজ বা শ্রমদিবস সৃষ্টি হয়েছে এর গোটাটাই ঠিক ঠিক ভাবে খরচ হয়েছে, কোনওরকম দুর্নীতি হয়নি, অপচয় হয়নি। কিছুটা দুর্নীতি এবং অপচয় যে হয়েছেই সেটা তো জানা কথা কিন্তু সেটা বাদ দিলেও দেখা যাচ্ছে মাসে একদিন করে তারা কাজ পেয়েছে। এর মাধ্যমে লোকে সান্ত্বনা কিছুটা পেয়েছে সেটা ঘটনা কিন্তু এর মাধ্যমে অবস্থার উন্নতি হয়েছে, এই ধরনের দাবি করা যায় না বলেই আমি মনে করি। তারপর কৃষি উৎপাদন এবারে বলা হয়েছে রেকর্ড পরিমাণে হবে। এই সম্পর্কে বিশ্বনাথবাবু বলেছেন, আমি নতুন কিছু বলতে চাই না, শুধু এইটুকুই বলব, যদি বৃষ্টিপাত ভাল হয়, প্রাকৃতিক বিপর্যয় না ঘটে তাহলে আমাদের দেশে উৎপাদন ভাল হয়—এটা জানা কথা। এই যেখানে অবস্থা সেখানে কেন এই রকম দাবি করা হচ্ছে যে পঞ্চায়েত খুব ভাল কাজ করেছে সেইজন্য উৎপাদন বেড়েছে এটা আমি বুঝতে পারছি না। স্যার, কথায় আছে ঝড়ে কাক মরে আর ফকিরের কেরামতি বাড়ে। আমি বলব, এই কেরামতি দাবি না করাই ভাল। তাহলে যে বছর বন্যা বা খরা হবে এবং তার জন্য উৎপাদন কমে যাবে সেই বছরের দায়দায়িত্ব কি পঞ্চায়েত এবং সরকার নেবেন? তারপর প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটি নতুন জোয়ারের সৃষ্টি হয়েছে, এই দাবি করা হয়েছে। আমি এটাও চালেঞ্জ করছি। আমি বলছি, গ্রামাঞ্চলের প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে স্কুলটা প্রধান সমস্যা, সেখানে স্কুলে প্রথম শ্রেণীতে যদি ৮০টা ছাত্র ভর্তি হয় দ্বিতীয় শ্রেণীতে গিয়ে দেখা যায় ৬০ টা গিয়েছে, তৃতীয় শ্রেণীতে ৪০ টা গিয়েছে, চতুর্থ শ্রেণীতে গিয়ে দেখা যায় ২০টি ছাত্র গিয়েছে। এর কারণ হচ্ছে গ্রামের গরিব ঘরের ছেলেরা পরের ঘরে কাজ করতে যায়, এই কাজ করলে তাদের পেটের ভাতটা জোটে। সুতরাং ১২ ক্লাস পর্যন্ত ফ্রি না করে, সরকার যদি ৫ বছরের পরিকল্পনা নিয়ে ৪র্থ শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক, বাধ্যতামূলক করতেন এবং সেই শিক্ষার সমস্ত দায়দায়িত্ব গ্রহণ করতেন তাহলে আমি মনে করি শিক্ষাদানের ক্ষেত্রে একটা মৌলিক পরিবর্তন সাধিত হতে পারত বা শিক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হতে পারত। এরপর আমি রাজ্য সরকারি কর্মচারিদের বেতন কমিশনের প্রসঙ্গে আসছি। আমরা এটা বিভিন্ন সংবাদপত্রে দেখেছি যে সরকার সরকারি কর্মচারিদের বিভিন্ন সংগঠনগুলির কাছে তাদের মতামত আহ্বান করেছেন এবং এই মতামত দেবার শেষ তারিখ ২৮শে ফেব্রুয়ারি। অথচ আমরা দেখলাম ২৭ তারিখে এখানে বাজেটে ঘোষণা করা হল যে ২২০ টাকা, এটা হবে সর্বনিম্ন বেতন। তাহলে একটা কথা ঠিক যে সর্বনিম্ন বেতনের ক্ষেত্রে আর কোনও রকম আলাপ আলোচনা করার জায়গা থাকল না। আপনারা গণতান্ত্রিক পদ্ধতি যদি অনুসরণ করতে চান, তাহলে শেষ পর্যন্ত তা অনুসরণ করুন, আর যদি বলেন না, আমরা ঠিক করেছি—আমি শুনেছি আপনারা

পে-কমিশনের রিপোর্টটিই চালু করবেন—এই করব ঠিক করেছি তাহলে সেটা বলে দিন। এ ক্ষেত্রে তাহলে আলাপ আলোচনা করার কথা বলছেন কেন? এরপর ইরিগেশনের ব্যাপারে আমি কয়েকটি কথা বলতে চাই। পশ্চিমবাংলার লোকেরা এই যে কাজ পায় না, গ্রামাঞ্চলের এই যে এত লোক বেকার এই সমস্যা কিছুটা দূর করা যায় যদি সেচের ব্যবস্থা ভালোভাবে সম্প্রসারণ করা যায়। স্যার, আমাদের পশ্চিমবঙ্গে ৭৫ লক্ষ হেক্টর কৃষিজমি আছে, এর শতকরা ১২/১৩ ভাগ এই সেচের আওতায় আছে। এটার পরিমাণ খুবই কম। বিগত ৩ বছরের সরকারি হিসাব থেকে আমি পেয়েছি যে শতকরা ৩ ভাগ জমি সেচের আওতায় আনা হয়েছে। অর্থাৎ গড়ে প্রায় শতকরা এক ভাগ। আমি মনে করি যে এটা খুব কম। এই ক্ষেত্রটিতে আরও গুরুত্ব দেওয়া উচিত ছিল। এটাতে যদি অধিকতর গুরুত্ব দেওয়া যেত তাহলে কর্মসংস্থানের ক্ষেত্রে—অনেক লোক যারা বছরে ৬ মাস, ৭ মাস কাজ পায় না, গ্রামাঞ্চলের লোকেরা যারা বসে থাকে, তাদের কর্মসংস্থানের একটা বিরাট ব্যবস্থা হত। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শুভেন্দু মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৮১-৮২ সালের যে বাজেট এখানে উত্থাপন করেছেন এবং তার মাধ্যমে যে বিবৃতি দিয়েছেন, তাকে পূর্ণ সমর্থন করে দু'চারটি কথা বলতে চাই। এই বাজেট শুধু কতকগুলি কাজের ফিরিস্তি নয় বা কতকগুলি কর্মসূচি কি ভাবে রূপায়িত হবে তার অর্থ সংস্থানের বরাদ্দের ব্যাপার নয়। এর মূল ভাগে জড়িত আছে একটা দৃষ্টিভঙ্গি এবং সেই দৃষ্টিভঙ্গি হচ্ছে পশ্চিমবাংলার যে বিপুল সংখ্যক জনগণ, সেই জনগণের স্বার্থ রক্ষা করা, তাদের জন্য অন্নের সংস্থান করা, তাদের দুঃখকষ্ট লাঘব করা এবং দেশকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করা এবং সেটাই হচ্ছে এর কেন্দ্রবিন্দু। এগুলি করতে গেলে—বাজেটের যে ৪টি অধ্যায় আছে, সেই চারটি অধ্যায়ের মধ্যে এই কাজগুলি করতে গেলে কোথায় বাধা আছে, কোথায় প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে, সংবিধানগত ব্যাপারে কোথায় আমরা বাধা পাচ্ছি এবং কেন্দ্র কিভাবে আমাদের অগ্রগতিকে বৃদ্ধি করার চেষ্টা করছে, সেগুলি বিশদ ভাবে বলা হয়েছে এবং আমাদের বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী উল্লেখ করেছেন যে আরও বেশি অর্থনৈতিক ক্ষমতা দাবি করা হয়েছিল এবং কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বার বার উল্লেখ করা হয়েছে। এখানে চতুর্থ বছরের শেষ বাজেটে সেই জিনিস আরও স্পষ্ট ভাবে উল্লেখ করা হয়েছে যে বামফ্রন্ট সরকার দৃঢ় সংগ্রাম চালাতে বদ্ধ পরিকর। কারণ ইতিমধ্যে কেন্দ্রে এই যে সরকার এসেছে, নূতন যে সরকার হয়েছে, তারা যে অর্থনৈতিক নীতিগুলি নিয়েছেন তাতে মুদ্রাস্ফীতি যেমন হচ্ছে তেমনি মূল্য বৃদ্ধিও ঘটাচ্ছেন এবং তার ফলে জনজীবনকে আরও বিপর্যস্ত করা হয়েছে। শুধু তাই নয়, রাজ্যের অর্থনীতিকেও ক্ষতিগ্রস্ত করা হচ্ছে। এই রাজ্যের অর্থ সংস্থানের যে ব্যাপার, সম্পদ সংগ্রহের যে ব্যাপার তাকে সংকুচিত করার জন্য নানা ভাবে চেষ্টা করা হচ্ছে। আমাদের বিরোধী সদস্যরা নানা কথা তারা নানা ভাবে বলেছেন। কিন্তু যে কথাটা তারা আদৌ বলেননি যেন তারা পশ্চিমবঙ্গের লোক নন। পশ্চিমবঙ্গের উন্নতি এবং জনগণের স্বার্থ রক্ষা করা নিশ্চয়ই তাদের ইচ্ছা আছে, তাতে কোনও সন্দেহ আমি মনে করি না। কিন্তু বাধা কোথায়, প্রতিবন্ধকতা কোথায় সেটা মাননীয় অর্থমন্ত্রী বলেছেন এবং কেন্দ্র

যে আমাদের অর্থনৈতিক অধিকারকে সীমিত করার চেষ্টা করছেন, সে কথা কিন্তু আমাদের বিরোধী সদস্যরা বলেননি। তারা যদি বলতেন যে হ্যাঁ, এই ব্যাপারে আমরা এক মত তাহলে বুঝতাম। তারা বললেন যে কারখানা হয়নি, শিল্প হয়নি, রাস্তা ঘাট হয়নি। আবার একজন বললেন যে অর্থনীতিকে ভেঙ্গে দেবার ব্যবস্থা হয়েছে—গুজরাটে, মহারাষ্ট্রে যে পেট্রো-কেমিক্যাল, তার জন্য যে অর্থ কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছেন, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরে হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল নিয়ে বারবার বলা হচ্ছে এবং এটা অনেক দিনের প্রশ্ন, এই ব্যাপারে কোনও বরাদ্দ দেখছি না।

[7-00 — 7-05 p.m.]

এবং এটা অনেকদিনের কথা। কেন্দ্রীয় সরকার এটা অন্যায় করেছেন যে, বাজেটে বরাদ্দ রাখেননি। ইদানিং লেটার অব ইন্টেন্ট দিয়েছেন, কিন্তু কোনও অর্ডার দেননি। এটা যদি তারা করতেন তাহলে বুঝতাম পশ্চিমবাংলার কথা তারা ভাবছেন। ওরা বলছেন, যারা বেকার রয়েছে তাদের ভাতা বন্ধ হলে অসুবিধায় পড়বে। কিন্তু সল্ট লেকে যদি কারখানা হত তাহলে সেখানে তো অনেক লোকের চাকুরি হত। বামফ্রন্ট সরকার এটা নিয়ে বার বার চেষ্টা করেছে কাজেই এটা যদি তারা করতেন তাহলে পশ্চিমবাংলার মানুষের উপকার হত। তারপর, গুজরাট এবং মহারাষ্ট্রের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন, কিন্তু আমাদের হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স-এর ব্যাপারে লাইসেন্স দেওয়া হয়নি এবং টাকাও বরাদ্দ করেনি। কিন্তু বিরোধীপক্ষ তো সে সব কথা কিছু বললেন না? এই সব কাজগুলো হলে পশ্চিমবাংলার মানুষের উপকার হোত। শিক্ষা এবং মেডিক্যাল স্কুল সম্পর্কে ওরা অনেক কথাই বললেন। কিন্তু কয়লার রয়্যালটির ব্যাপার নিয়ে যে বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে সে সম্বন্ধে তো বিরোধী দল কোনও কথা বললেন না আমরা কয়লার রয়াল্টি বাবদ যে ১৫ পারসেন্ট দাবি করেছিলাম কেন্দ্রীয় সরকার সেটা যে দেয়নি সেটা তো তারা একবারও বললেন না। রাজ্য সরকারকে অর্থের সংস্থান করতে হবে এবং তারজন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে বোঝাপড়া করতে হবে কারণ তারা টাকা দিচ্ছেন না। প্রাইমারি স্কুলে এবং হাই স্কুলে ১১/১২ ক্লাস পর্যন্ত ফ্রি করা হয়েছে যেটা কংগ্রেস সরকার এতদিন্ন পর্যন্ত করতে পারেননি। কিন্তু কৈ, সে কথা তো তারা একবারও বললেন না। আমি কতগুলো স্কুলের কথা জানি যেখান থেকে আমার কাছে আসে এবং বলে আমার ছেলের একটা ব্যবস্থা করে দিন, প্রাইমারি থেকেও ছেলেরা আসছে নানা সমস্যা নিয়ে। কিন্তু টাকা কোথায়? কাজেই পঞ্চায়েতকে যদি আরও টাকা বাড়িয়ে দিতেন তাহলে ভাল হত। আমাদের অর্থমন্ত্রী বলেছেন পশ্চিমবাংলার উন্নয়নের ব্যাপারে কেন্দ্রীয় সরকার বাধা সৃষ্টি করছেন এবং এটা বাজেটের সুর। তবে একথা ঠিক নয় যে বামফ্রন্ট সরকারের এটা অন্তিম বছর। আমরা যে সময় ক্ষমতায় এসেছি তাতে নিয়ম অনুযায়ী এটা আমাদের শেষ বছর। এরা শুধু সি. পি. এম. পার্টি, সি. পি. এম. পার্টি বলে, কিন্তু এই বাজেটে যে সমস্ত কনসেশন দেওয়া হয়েছে সেগুলির কথা ওরা বলছেন না। সারের দাম কমানো হয়েছে, কুটির শিল্পবৃদ্ধি করার ব্যবস্থা হয়েছে, লোন-এর বকেয়া টাকা এবছর মকুব করা হয়েছে এবং ৪ বছরের ঋণের টাকা তো অনেক আগেই মকুব করা হয়েছে নির্বাচনের জন্য এটা মকুব করা হয়েছে একথা ঠিক নয়। একথা বলে বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 7-05 p.m. till 1 p.m. on Wednesday the 4th March, 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 4th March, 1981 at 1-00 p.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 11 Ministers, 2 Ministers of State and 169 Members.

### Held over Starred Questions
### (to which oral answers were given)

[1-00 — 1-10 a.m.]

**বীরভূমের সুরামতী নদীতে সেচ-প্রকল্প**

***১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৯।) **ডাঃ মোতাহার হোসেন :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার সুরামতী নদীর জল সেচ কার্যে ব্যবহারের জন্য বিগত সরকার সমীক্ষা চালাইয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে, তাহার ফলাফল কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) ১৯৭৭ সালের মার্চ মাস হইতে জুন মাস পর্যন্ত একটি সমীক্ষা চালানো হইয়াছিল;

(খ) প্রাথমিক সমীক্ষায় দেখা গেল যে সেচযোগ্য জমি খুব উঁচুতে অবস্থিত হওয়ার দরুন কম্যান্ড [Command] অঞ্চলের চাইতেও অনেক বেশি পরিমাণ জমি প্রস্তাবিত ড্যাম [Dam] তৈরির ফলে জলে নিমজ্জিত হইবে। সুতরাং উক্ত অঞ্চলে কোনও জলসেচ পরিকল্পনা আর্থিক দিক হইতে গ্রহণযোগ্য হইবে না।

**কোচবিহারে বিভিন্ন ছোট নদীতে সেচপ্রকল্প স্থাপন**

***১৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৬।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলায় সুদুন্দা, দোলং, টটরা প্রভৃতি ছোট অথচ চির প্রবাহিনী নদীগুলিতে সেচপ্রকল্প স্থাপনের কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা·

এবং

(খ) থাকিলে, উহা বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) মাননীয় সদস্য সম্ভবতঃ সুটন্দা, দোলং এবং তোরসা নদীগুলির উল্লেখ করিয়াছেন। উপরোক্ত নদীগুলিতে পৃথকভাবে সেচপ্রকল্প স্থাপনের কোনও পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন নাই;

(খ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** সুটন্দা, দোলং এবং তোরসা প্রভৃতি নদীগুলির পার্শ্ববর্তী এলাকার কৃষকেরা কোনও পাবলিক প্রেয়ার করেছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আপনি জানেন, তিস্তা ব্যারেজ পরিকল্পনা হচ্ছে এবং এই পরিকল্পনার ফলে যে ক্যানেল সিস্টেম হবে তার মধ্যে আপনি যে নদীগুলির কথা জানতে চাচ্ছেন সেগুলি সবই অন্তর্ভুক্ত হয়েছে।

## Starred Questions

### (to which oral answers were given)

### ডি পি এল-এর বিদ্যুৎ উৎপাদন

*২১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯।) **শ্রী জন্মেজয় ওঝা :** সরকারি সংস্থা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮০ সালে ডি পি এল গড়ে প্রতিদিন কি পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করেছে;

(খ) ১৯৭৯ সালে প্রাত্যহিক গড় উৎপাদন কত ছিল;

(গ) ইহা কি সত্য যে, সম্প্রতি এই সংস্থার ম্যানেজিং ডাইরেক্টর পদত্যাগ করেছেন;

(ঘ) সত্য হলে, তার কারণ কি; এবং

(ঙ) ১৯৭৯-৮০ সালে এই সংস্থার লাভ বা লোকসানের পরিমাণ কত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :**

(ক) ১৯৮০ সালে ডি পি এল প্রতিদিন গড়ে ১.৯৪ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন করেছে।

(খ) ১৯৭৯ সালে ডি পি এল প্রতিদিন গড়ে ২.২০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন করেছে।

(গ) ডি পি এল-এর চেয়ারম্যান-কাম-ম্যানেজিং ডাইরেক্টর শ্রী এ কে গুপ্ত ৩১-১০-৮০ তারিখে পদত্যাগ করেছেন।

(ঘ) শ্রী গুপ্ত পদত্যাগের কোন কারণ উল্লেখ করেন নাই।

(ঙ) ১৯৭৯-৮০ সালে এই সংস্থার লোকসানের আনুমানিক পরিমাণ ১,১৮,৩৭,০৩২ টাকা।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় 'ক' এবং 'খ' প্রশ্নের উত্তরে যা বলেছেন তাতে দেখা যাচ্ছে ১৯৭৯ সালে যা উৎপাদন হয়েছিল ১৯৮০ সালে তার কম হয়েছে-এর কারণটা কি এবং এই ডি পি এলের প্রতিদিনের উৎপাদন ক্ষমতা কত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** প্রতিদিনের উৎপাদন ক্ষমতা বলতে পারব না। তবে এটুকু বলতে পারি যে ১৯৭৯ সালের থেকে ১৯৮০ সালে—ওখানে যে বিদ্যুৎ যন্ত্রগুলো ছিল সেগুলো খারাপ হয়ে পড়ে এবং সেগুলো মেরামতের ব্যবস্থাটা মোটামুটিভাবে ১৯৮০ সালেই করা হয়েছিল। সেজন্য অনেকগুলি যন্ত্রকে বসাতে হয়েছিল এর জন্য বিদ্যুৎ উৎপাদন কম-হয়েছে। ১৯৮১ সালে বিদ্যুৎ উৎপাদন বেশি হয়েছে। এ্যাভারেজ ডেলি ১০০ মেগাওয়াট করে মোটামুটি উৎপাদন হচ্ছে।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে কি বলবেন যে ওখানকার ম্যানেজিং ডাইরেক্টর শ্রী এ. এক. গুপ্ত ৩১-১০-৮০ তারিখে পদত্যাগ করেন, উনি পদত্যাগের আগে ওখানকার ইন্ডিসিপ্লিনের কথা উল্লেখ করেন। তা উনি ওখানকার কতগুলি সমস্যা সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে বৈঠক করেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** মিঃ গুপ্তর সঙ্গে বৈঠক প্রায়ই হত। তিনি ওখানকার বহু সমস্যার কথা তুলে ধরেছিলেন, যেগুলি গভর্নমেন্টের পক্ষে সমাধান করা সম্ভব সেগুলি সমাধান আমরা করে দিয়েছি, আর যেগুলি তাঁর করার কথা সেগুলি তিনি পেরেছেন কিনা বলতে পারব না, তবে মনে হয় পারেননি।

**শ্রী জন্মেজয় ওঝা :** কি কি সমাধানের কথা বলেছিলেন, আপনারা কোন কোনগুলি করতে পেরেছিলেন আর কোন কোনগুলি পারেননি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** ডিটেলস বলতে পারব না, নোটিশ দেবেন বলে দেব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে এই ১ কোটি ১৮ লক্ষ ৩৭ হাজার টাকা যে লস হয়েছে তার কারণ কি এবং তা পূরণ করার জন্য কি

ব্যবস্থা করা হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মূল কারণ কোন উৎপাদন, গ্যাস উৎপাদন বিদ্যুৎ উৎপাদন ঐ বছরে কম হয়েছিল। তার কারণ হচ্ছে ১৯৭৮ সালে যে বন্যা হয়েছিল তাতে কোক উৎপাদনের যে চারটি ব্যাটারি ছিল তার মধ্যে ২টি নষ্ট হয়ে গিয়েছিল। বিদ্যুৎ উৎপাদনের যন্ত্রগুলো ক্ষতিগ্রস্ত হয়েছিল।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমরা কি আশা করতে পারি এ বছর আর ক্ষতি হবে না।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমি আশা করি এই ক্ষতি এ বছর পূরণ করতে পারব।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ১৯৮০ সালে ওখানে ইউনিয়নে ইউনিয়নে ঝগড়া-মারামারি করার জন্য কতদিন বন্ধ ছিল?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ইউনিয়নে ইউনিয়নে ঝগড়ার জন্য ডি. পি. এল-এর কাজ কখনও বন্ধ হয়নি।

### রেশম উৎপাদন

***২১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮০ সালের জানুয়ারি মাস থেকে ৩১-এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত পশ্চিমবঙ্গে রেশম উৎপাদনের পরিমাণ কত;

(খ) ঐ সময়ের মধ্যে কটি (১) ড্রাইং চেম্বার ও (২) টুইস্টিং প্ল্যান্ট স্থাপন করা হয়েছে; এবং

(গ) নতুন কটি (১) ড্রাইং চেম্বার, (২) টুইস্টিং প্লান্ট ও (৩) রিলিং ইউনিট স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) আনুমানিক ৪,৫০,০০০ কে.জি।

(খ) ২+১=৩টি ।

১। বহরমপুর--১টি, মালদহ--১টি, কালিম্পঙে--১টি।

২। এখনও হয় নাই, তবে চলতি আর্থিক বছরে দু'টি স্থাপন করা হইবে।

(গ) ১। ৪টি।

২। একটিও না।

৩। ৩টি স্থাপন করা হইয়াছে এবং '৮০-'৮১ সালে আরও ৪টি স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** রেশম চাষীদের সাহায্যের জন্য কটা রিলাক্স কোঅপারেটিভ চালু করা হয়েছে বিগত ১ বছরে?

**শ্রী চিত্তব্রত মজমদার :** এইটা বলা মুশকিল তবে সাধারণভাবে বলছি রিলাক্স কোঅপারেটিভ আমরা করতে যাচ্ছি কিন্তু রিয়ারার যারা তাদের আগে এগিয়ে আসতে হবে। এটা করতে সেজন্য সময় লাগছে। এটা এখন প্রচার আকারে চলছে। কতকগুলি জায়গায় করার চেষ্টা করা হচ্ছে, এখনো পর্যন্ত হয়নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আপনি গত বছর বাজেট অধিবেশনে রিলাক্স কোঅপারেটিভ সম্পর্কে বলেছিলেন এবং কতকগুলি জায়গারও উল্লেখ করেছিলেন—এগুলি কার্যকর কবে করা সম্ভব হবে?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** কোঅপারেটিভ উপর থেকে চাপিয়ে দেওয়া যায় না। যদি না তারা নিজেরা কোঅপারেটিভ করতে এগিয়ে আসে। মানসিক দিক থেকে তারা কতদিনে এগিয়ে আসবে এটা বলা সম্ভব নয়, তবে আমরা আমাদের দিক থেকে চেষ্টা করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** রেশন শিল্পের ব্যাপারে পশ্চিমবঙ্গ তুলনামূলকভাবে অন্য রাজ্যের চেয়ে পিছিয়ে পড়ছে এর কারণ কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** এইরকম তথ্য নাই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** কোন কোন জেলায় কটা হবে তার সংখ্যা দেবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** ৩টি ড্রাইং চেম্বার হয়েছে—একটি বহরমপুর, একটি মালদহ এবং আরেকটা দার্জিলিং-এর কালিম্পং-এ। টুইস্টিং প্ল্যান্ট ২টির মেশিন পেতে দেরি হচ্ছে বলে চালু করতে দেরি হচ্ছে, কারণ কর্ণাটকের একটা কোম্পানি মেশিন দিতে দেরি করছে—এর একটা মালদহ আরেকটা বহরমপুরে হবে। নতুন যে ৪টি ড্রাইং চেম্বার করার চেষ্টা করছি তাতে রিলিং ইউনিট প্রতিটার সঙ্গে একটা করে থাকবে। কারণ এগুলি অ্যাসোসিয়াল ৩টি রিলিং ইউনিটের গত বছর টাকা স্যাংশন করা হয়েছিল—ওয়েস্ট দিনাজপুর, দার্জিলিং এবং বীরভূম। এরমধ্যে ওয়েস্ট দিনাজপুরের রিলিং ইউনিট এখনো চালু করা যায়নি, কারণ তার ইনফ্রাস্ট্রাকচারাল কাজে বাকি আছে--বাকি ২টি জায়গায় হয়েছে এবার আরও ২টি রিলিং ইউনিট শিলিগুড়ি এবং ভদ্রপুরে হয়ে গেছে। এও ছিল

ডেভেলপমেন্টের টাকায়। কালিম্পং-এ আরেকটা রিলিং ইউনিটের জন্য টাকা স্যাংশন হয়েছে, কাজ আরম্ভ হবে। এ ছাড়া আরো ৩টি কুচবিহার, বাঁকুড়া এবং ওয়েস্ট দিনাজপুরে আগামী বছরে করবার প্রস্তাব রাখছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আন্তর্জাতিক চাহিদার দিকে দৃষ্টি রেখে অন্যান্য রাজ্যের মতো পশ্চিমবাংলার রেশম শিল্পজাত দ্রব্য নিয়ে দমদম এয়ারপোর্টে সরকারের তরফ থেকে কোনও স্টল স্থাপন করা হবে কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** আমরা মনে করি এটা করে কোন লাভ নেই। বরং বিদেশে সিল্কের যে চাহিদা তাতে আমাদের ভারতবর্ষের যে সিল্ক উৎপাদন হয় সেই সিল্ক ছাড়া বিদেশ থেকে সিল্ক আমদানি করা হয়েছে। তা থেকে সিল্কের কাপড় তৈরি হচ্ছে এবং তা বিদেশে রপ্তানি করা হয়েছে। এ বিষয়ে আমরা, কর্ণাটক এবং জে. কে. আপত্তি করেছি অর্থাৎ এই তিনটি স্টেট মেজর সিল্ক প্রডিউসিং স্টেট। আমরা বলেছি যদি ইমপোর্ট অব সিল্ক বন্ধ না হয় তাহলে তার কোয়ালিটি ইম্প্রুভমেন্টের জন্য সরকার জোড় দেবেন না। এবং আমাদের এখানকার বাজার সঙ্কুচিত হবে। সুতরাং এখন দমদম এয়ারপোর্টে স্টল করে কোনও লাভ হবে না। রপ্তানি এমন একটা জিনিস যে এর একটা চেন আছে যেটা ট্রেড চ্যানেলে চলে। সেজন্য সেখানে স্টল করলে হ্যান্ডিক্র্যাফটের লাভ হবে, সিল্কের কিছু হবে না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মালদহ জেলায় রিলিং ইউনিট করার পরিকল্পনা আছে কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** মালদহে নেই কারণ, সেখানে প্রাইভেট সেক্টরে বা খাদি সেক্টরে যে রিলিং ইউনিট আছে সেটাই যথেষ্ট, অন্য জেলায় নেই বলে সেই জেলার উপর আমরা জোর দিচ্ছি।

**বেলেঘাটার খাল সংস্কার**

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০।) **শ্রী সুমন্তকুমার হীরা :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বেলেঘাটায় সেচ দপ্তরের নিকাশি খাল দীর্ঘকাল সংস্কারের অভাবে পড়ে আছে;

(খ) সত্য হলে উক্ত খাল সংস্কারের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা; এবং

(গ) উক্ত খালের দু'ধারে সেচ দপ্তরের জমিতে অসংখ্য জবরদখল ঘরবাড়ি তৈরি সম্বন্ধে সরকারের নিকট কোনও তথ্য আছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। বেলেঘাটা খাল সংস্কারের জন্য ১ কোটি ৩ লক্ষ ৬৭ হাজার টাকার একটি প্রকল্প রচনা করা হয়েছে।

(গ) হ্যাঁ। উক্ত খালের উভয়দিকের জমিতে অনেকগুলি জবরদখল ঘরবাড়ি তৈরি হয়েছে।

**শ্রী সুমন্তকুমার হীরা :** এইসব বেআইনী দখলীকৃত জমি বাড়িতে অনেক সমাজবিরোধী কার্যকলাপ চলছে এবং অনেকে ভাড়া খাটায় বলে এইগুলি দূর করবার জন্য আপনি কোন ব্যবস্থা করবেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আমাদের এমব্যাঙ্কমেন্ট বা ইরিগেশন অ্যাক্ট আছে তাতে কেস করেছি কিন্তু নন বেলে বণ্ড ওয়ারেন্ট থাকার জন্য জরিমানা দিয়ে চলে যাচ্ছে। গত অধিবেশনে সেই আইনের আমরা পরিবর্তন করেছি এবং সম্প্রতি কেন্দ্র এতে অনুমতি দিয়েছেন। এই আইন অনুযায়ী আমরা চেষ্টা করব কঠোরভাবে ব্যবস্থা অবলম্বন করতে।

**শ্রী সুমন্তকুমার হীরা :** এই খালে মুলত নিকাশি হয় না। সুতরাং আপনারা যে স্কীম করেছেন সেটা কি আন্ডার গ্রাউন্ড সোয়ারেস স্কীম?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আপনি যে প্রশ্ন করেছেন সেটার এখন জবাব দেওয়া সম্ভব নয়।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** যারা জবরদখল করে আছে তাদের উচ্ছেদ করে বিকল্প ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা হবে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** বেআইনিভাবে দখল করে তাদের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা নেই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** নতুনভাবে আরো জবর দখল হয়েছে কিনা এবং তা প্রতিরোধের কোনও চেষ্টা হয়েছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** হ্যাঁ, কিছু কিছু হয়েছে। কংগ্রেস আমল থেকে শুরু হয়েছে। আমরা কেস করেছি তারা জরিমানা দিয়ে চলে গেছে।

**শ্রী মহঃ সোহরাব :** এই স্কীম শেষ হতে কত বছর লাগবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** এই স্কীমের জন্য এস্টিমেট করেছি। টাকা কম বলে ফাইনান্স মিনিস্টারের কাছে অ্যাডিশন্যাল টাকা চেয়েছি, পেলে শুরু করব।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, ঐ জবরদখলকারী যাদের উচ্ছেদ করেছেন তাদের বিকল্প বাড়ির ব্যবস্থা করবেন কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** সম্ভবও নয় উচিতও নয়।

**'পশ্চিমবঙ্গ' পত্রিকার প্রচার-সংখ্যা**

***২১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১০০৯।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে 'পশ্চিমবঙ্গ' পত্রিকার প্রচার সংখ্যা কত; এবং

(খ) ১৯৭৬ সালে এই সংখ্যা কত ছিল?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) ৫৫,০০০ প্রতি সপ্তাহে (গড়)।

(খ) ৪,০০০ প্রতি সপ্তাহে (গড়)।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** ১৯৭৬ সালে 'পশ্চিমবঙ্গ' পত্রিকার প্রচার সংখ্যা ছিল ৪০০০ বর্তমানে সেটা ৫৫ হাজার হয়েছে। তাহলে বর্তমানে কি ব্যবস্থা নিয়েছেন যে এর প্রচার সংখ্যা এত বৃদ্ধি পেয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** দুটি কারণ আছে বলতে পারেন। একটি হচ্ছে বর্তমানে এই পত্রিকার মান অনেক উন্নত হয়েছে এর লেখার মান উন্নত হয়েছে এবং আর একটি হচ্ছে এই সরকারের প্রতি জনগণের আগ্রহ অনেক বেশি হয়েছে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** এই প্রচার বৃদ্ধির সঙ্গে সঙ্গে আয় বেড়েছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নিশ্চয় বেড়েছে। তবে সবটা জানতে হলে নোটিশ দিতে হবে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** এই ৫৫ হাজার যে প্রচার হচ্ছে তার মধ্যে বিনা পয়সায় কতটা দেওয়া হয়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** চার হাজারের মতো বিনা পয়সায় বিলি করা হয়। তার মধ্যে প্রত্যেক এম. এল. এ., এম. পি.দের দেওয়া হয় কিছু অফিসারদের দেওয়া হয় এবং কিছু সংগঠনকেও দেওয়া হয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই ৫৫ হাজারের মধ্যে ইংরাজি, হিন্দি এবং নেপালী সংস্করণ

ইনক্লুড কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সবগুলি আলাদা—কোনটা কত নোটিশ দিতে হবে।

**শ্রী সুনীল মজুমদার ঃ** সমস্ত লাইব্রেরিতে বিনা পয়সা দেওয়ার আপনি ব্যবস্থা করবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা অনুরোধ করেছি তাদের কিনে দেবার জন্য এবং অনেকে লাইব্রেরি কিনছে।

**শ্রী বীরেন বসু ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি ইংরাজি, হিন্দি এবং নেপালীতে যে প্রকাশ করা হয় সেগুলির প্রত্যেকটির সংখ্যা কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সবটা এখানে নেই—নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এম. এল. এ. এবং এম. পি.দের দেওয়া হয় এবং স্কুলকে দেওয়া হয়। পশ্চিমবঙ্গে তো ৪ হাজার স্কুলই আছে তাহলে এই হিসাব কি করে হয়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা সব স্কুলকে দিই না যারা আবেদন করেছে তাদেরই কেবল দিই।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এই ৫৫ হাজারের মধ্যে ৪ হাজার বিনা পয়সায় দেওয়া হয়। বাকি ৫১ হাজারের টাকা ঠিকমতো পান কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নিশ্চয় পান।

### Collaboration in the Haldia Petro-Chemical Complex

***219.** (Admitted question No. *299.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the consultants appointed by the State Government have recommended names of some Multinational Corporations and foreign firms for technical collaboration in the proposed Petro-chemical Complex at Haldia; and

(b) if so,—

(i) the names of the Multinational corporations and foreign firms recommended by the consultants,

(ii) the project with which they are proposed to be associated, and

(iii) what action has so far been taken by the State Government in the matter ?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) The Consultants appointed by West Bengal Industrial Development Corporation. (Haldia Petrochemicals) have recommended some foreign Prime bidders/Process Licensors for technical collaboration in the proposed Petrochemical Complex at Haldia. Participation of foreign parties are necessary as the technology is not available in India. Negotiations with these recommended parties are being held for the purpose of final selection and technical collaboration agreement.

(i) Since final selection is yet to be made, it will not be desirable in the public interest to give out the names.

(ii) Not yet finalised.

(iii) State Government is sponsoring the project and overseeing through an Advisory Committee, the activities of the West Bengal Industrial Development Corporation (Haldia Petrochemicals) with regard to the implementation of the project and are rendering necessary advice to the body.

**Shri Deb Ranjan Sen :** How many consultants are there?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** কনসালটেন্ট একজনই—ইন্ডাস্ট্রিয়াল কনসালটিং ব্যুরো। তারা সি. এফ. ডি. ব্রাউন, ইউ. এস. এ. তার সঙ্গে অ্যাশোসিয়েট করে একসঙ্গে কাজ করছেন, করে আমাদের রিপোর্ট দিয়ে দিয়েছেন।

**Shri Deb Ranjan Sen :** Will the Hon'ble Minister be pleased to State about the number of units proposed to be set up in the petrochemical complex?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** নাম্বার ইউনিট বলতে এখানে যা আছে সেগুলি আমি বলে দিচ্ছি। Mother Cracker Plant..DCM, DVC. Etheylene Oxide, Etheylene Glyco, Etheylene Hexane.

**Shri Deb Ranjan Sen :** Will the Hon'ble Minister be pleased to State about the cost of the project?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** ৪২৮ কোটি টাকা।

**Shri Deb Ranjan Sen :** Will the Hon'ble Minister be pleased to state about the percentage of share capital you propose to give them?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** যে ইক্যুইটি শেয়ারের কথা বলা হয়েছে সেটা হচ্ছে ১০ পারসেন্ট। আমরা আশা করছি ১০ বছরের মধ্যে তাদের কাছ থেকে আমরা কিনে নেব।

**শ্রী দেবরঞ্জন সেন :** এই যে ১০ পারসেন্ট, এটা কি ফর-এভারের জন্য?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** না, আমি তো বললাম ১০ বছরের জন্য।

**তামাক হইতে নিকোটিন উৎপাদন**

*২২১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৮।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তামাক হইতে নিকোটিন উৎপাদনের কারখানা করার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, এই কারখানা কোথায় স্থাপন করা হইবে; এবং

(গ) বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার :**

(ক) হ্যাঁ।

রাজ্য সরকারের অধীন পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প কর্পোরেশনের পরিচালনায় একটি নিকোটিন সালফেট কারখানা করার পরিকল্পনা আছে;

(খ) কুচবিহার জেলায়;

(গ) প্রকল্পটির জন্য একটি বিস্তারিত প্রতিবেদন (Detailed Project Report) তৈরি করার দায়িত্ব একটি বিশেষজ্ঞ কোম্পানির উপর ন্যস্ত করা হইয়াছে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** বিশেষজ্ঞ কোম্পানির কাছে যে প্রোজেক্ট তৈরি করতে বলা হয়েছে সেটা কতদিন আগে বলা হয়েছিল?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এ ব্যাপারে আমরা প্রথমে বিজ্ঞাপন দিয়েছিলাম এই বলে যে কনসালটেন্ট হিসাবে কারা কারা আসতে চান। সেখানে যারা দরখাস্ত করলেন তার ভেতর থেকে এটা তৈরি করতে পারেন এমন আবেদনকারীকে খুঁজে বার করা যায়নি যে কারণে এটা অনেক দেরি হয়ে গিয়েছে। তারপর আমাদের পশ্চিমবঙ্গ সরকারের যে অংশ আছে— ব্যাঙ্ক ইত্যাদি নিয়ে যে একটা নতুন কনসালটেন্সী অর্গানাইজেশন হয়েছে—ওয়েস্ট বেঙ্গল কনসালটেন্সী অর্গানাইজেশন, তাদেরকে বর্তমানে এই ডিটেলড প্রোজেক্ট রিপোর্ট তৈরি করার দায়িত্ব দেওয়া হয়েছে। আশা করছি এক মাসের ভেতরে এই ডিটেলড প্রজেক্ট রিপোর্ট পেশ করা হবে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এই প্রজেক্টের জন্য কুচবিহারের কোন সাইট সিলেকশন করা হয়েছে কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এটা এখনও হয়নি। ডিলেটড প্রজেক্ট রিপোর্ট পাবার পর হবে।

**কান্দী মাস্টার প্ল্যান**

***২২২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৫।) **শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** ২৭শে আগস্ট, ১৯৮০ সালের প্রশ্ন নং *২৯ (অনুমোদিত প্রশ্ন নং *১২৬)-এর উত্তর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কান্দী মাস্টার প্ল্যান রূপায়ণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে আনুমানিক একান্ন কোটি পঞ্চাশ লক্ষ টাকা ব্যয়ের কান্দী মাস্টার প্লানটি ভারত সরকারের গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন পরীক্ষা করিয়া মাস্টার প্লানটির প্রসঙ্গে মন্তব্য রাজ্য সরকারের বিবেচনার জন্য পাঠাইয়াছিল। পরে উক্ত কমিশনের চেয়ারম্যান ২৩শে সেপ্টেম্বর, ১৯৮০ তারিখ হইতে ২৬শে সেপ্টেম্বর, ১৯৮০ তারিখ পর্যন্ত কান্দী এলাকা পরিভ্রমণ করিয়া কতকগুলি নতুন নির্দেশ দেন। সেই অনুযায়ী ভাগীরথী নদীর নতুন ক্ষমতা পর্যালোচনা করিয়া সংশোধিত আকারে পরিকল্পনার প্রথম পর্যায়ের (1st Phase) প্রথম বিভাগের (Section-I) কাজের নিমিত্ত বাঁধ ও জলাশয়ের সার্ভে করিয়া পরিকল্পনাটি রচনা করা হইতেছে। সংশোধিত পরিকল্পনাটি আগামী মে মাসের মধ্যেই পুনরায় গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের নিকট পাঠানো যাইবে বলিয়া আশা করা যায়। উক্ত কমিশনের সুপারিশ অনুযায়ী ভারত সরকারের যোজনা কমিশনের অনুমোদন লাভ করিলে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলেই প্রকল্পটির কাজ হাতে লওয়া যাইতে পারে।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী সুনীল কুমার মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কয়টা সেক্টরে ভাগ করা আছে এবং অন্য সেক্টরের কাজ কবে হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** দুটো সেক্টরে ভাগ আছে। প্রথম সেক্টরের কাজ এখনও পর্যন্ত শুরু করা যায়নি। যতক্ষণ পর্যন্ত জি. এফ. সি. সি. না নির্দেশ দিচ্ছেন—কারণ তারা নিজেরা দেখে এসেছেন, প্রথম পরিকল্পনা গ্রহণ না করা পর্যন্ত দ্বিতীয়টির কাজ শুরু করতে তারা বারণ করেছেন।

## মুর্শিদাবাদে নতুন শিল্প স্থাপন

***২২৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৮।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার শিল্প সম্ভাবনা সমীক্ষা করিয়া দেখা হইয়াছে কিনা; এবং

(খ) ঐ জেলায় নতুন কোন শিল্প স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) যদি উপযুক্ত উদ্যোক্তা পাওয়া যায় তাহা হইলে পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন কর্পোরেশন (ডবলু. বি. আই. ডি. সি.) যৌথ উদ্যোগে স্ট্র বোর্ড, হার্ড বোর্ড, দ্বীপ বোর্ড, মিনি পেপার প্ল্যান্ট, গবাদি পশুর জন্য খাদ্য প্রস্তুত করার কারখানা, মিহি এবং মিশ্রিত সুতা তৈরির কারখানা এবং খাদ্য ও শাকসব্জী ডি-হাইড্রেশন কারখানা প্রভৃতি প্রকল্প ঐ জেলায় স্থাপনে উদ্যোগী হইতে পারে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ডবলিউ. বি. আই. ডি. সি. কোন লেটার অব ইনটেন্ট ভারত সরকারের কাছ থেকে মুর্শিদাবাদ জেলায় শিল্প স্থাপনের জন্য পেয়েছেন কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ডবলিউ. বি. আই. ডি. সি. সম্প্রতি একটা লেটার অব ইনটেন্ট-এর জন্য দরখাস্ত করেছেন। স্পান সিল্ক ইয়ার্ন-এর জন্য লেটার অব ইনটেন্ট তারা ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে চেয়েছেন এবং এটা মুর্শিদাবাদ জেলায় স্থাপন করার পরিকল্পনা করা হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই শিল্প স্থাপনের জন্য কত মূলধন এবং কত লোক সেখানে কাজ করতে পারবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মূলধন হচ্ছে ৩ কোটি ১০ লক্ষ টাকা। আর এমপ্লয়মেন্ট পোটেনশিয়াল হচ্ছে ২২৫।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মুর্শিদাবাদ জেলায় গ্রোথ

সেন্টার করার যে প্রস্তাব ছিল সেটা বাতিল হয়েছে, না এখনও চালু আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : সে প্রস্তাব আছে। আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে লিখেছি। রঘুনাথগঞ্জ, ফারাক্কা এবং লালগোলা এই ৩/৪টি জায়গার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে আমরা বলেছি।

**শ্রী সন্তোষকুমার দাস** : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে অন্য কোন জেলায় এই শিল্প স্থাপনের কোনও উদ্যোগ আছে কি?

(নো রিপ্লাই)

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মুর্শিদাবাদ জেলায় শিল্পের সম্ভাবনা আছে এটা সমীক্ষা করে দেখা হয়েছে। এটা সরকারের তরফ থেকে ভলেন্টারিলি দেখা হয়েছে, না, কোন মহল থেকে প্রার্থনা এসেছিল?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : আমাদের ডিপার্টমেন্ট থেকে করেছি। আমরা প্রত্যেক জায়গায় করবার চেষ্টা করছি। উনি মুর্শিদাবাদের প্রশ্ন করেছেন, আমি উত্তর দিয়েছি। অন্য জায়গার কথা জিজ্ঞাসা করলেও আমি বলব। তবে পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় করা হচ্ছে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই সমীক্ষা সরকার নিজের থেকে এ্যাজ প্রোগ্রাম করে করা হয়েছে, না কোন জায়গা থেকে বলার জন্য করা হয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : সমস্ত পশ্চিমবাংলায় কি ধরনের শিল্প স্থাপন করা হবে তার জন্য ডবলিউ. বি. আই. ডি. সি. একটা সমীক্ষা তাদের কনসালট্যান্ট দিয়ে করেছে। সেই সমীক্ষার ভিত্তিতে উনি জানতে চেয়েছেন মুর্শিদাবাদ জেলার কথা। আপনি যদি অন্য জায়গার কথা বলেন আমি বলে দেব।

## পাট্টার মাধ্যমে জমি বন্টন

***২২৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৩।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০ সালে সরকারের নিকট বণ্টনযোগ্য খাস জমির পরিমাণ কত ছিল; এবং

(খ) উক্ত জমির মধ্যে কত্ পরিমাণ জমি উপযুক্ত প্রার্থীর মধ্যে পাট্টার মাধ্যমে বণ্টন করা হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :**

(ক) ১লা জানুয়ারি, ১৯৮০ সালে বন্টনযোগ্য ন্যস্ত কৃষি জমির পরিমাণ ছিল ৩,৯৪,১৮৬.৫৮ একর। ঐ বছরে আরও ৩৪,৪৩৭ একর কৃষি জমি ন্যস্ত হয়েছে।

(খ) ঐ বছরে ৫৯,৩৯২ একর ন্যস্ত কৃষি জমি—১,৭৫,৫৫০ জন যোগ্য প্রার্থীর মধ্যে বিতরণ করা হয়েছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ৫৯,৩৫২ একর জমি বিলি করলেন, এর মধ্যে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব-এর লোকেদের মধ্যে কি পরিমাণ জমি বন্টন করা হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এটা সম্বন্ধে যদি প্রশ্ন দিতেন তাহলে আমি উত্তরটা পারতাম। তবে সাধারণভাবে যা দেখেছি, যা জমি বিলি করা হয়েছে আজ পর্যন্ত, তার শতকরা ৭৫ ভাগ শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের মধ্যেই বিতরণ করা হয়েছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মন্ত্রী মহাশয় বললেন যে ৩ লক্ষ ৯৪ হাজার ১৮৬.৫৮ একর জমি সরকারের হাতে ন্যস্ত ছিল, তাহলে এত কম জমি বিলি হওয়ার কারণ কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আপনারা জানেন যে পঞ্চায়েত সমিতি লিস্ট করে দেয় কারা বেনিফিশিয়ারী হবে, তাদের নোটিশ দিতে হয়, তা সত্ত্বেও তার ভেতরেও নানারকম অসুবিধা দেখা দিতে পারে, যেটা দেখা দিয়েছে, তারপর ডাইভেস্ট-এর ব্যাপার আছে। এইরকম নানা রকম অসুবিধার জন্য এই জিনিসটা হয়েছে, তবে যাতে আরও ত্বরান্বিত হয়, তার চেষ্টা আমরা করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** বন্টনযোগ্য জমির মধ্যে কত পরিমাণ জমি আদালতের কেসের জন্য আটকে আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** মোট জমির পরিমাণ ১২ লক্ষ ১১ হাজার ৬১৫ একর তার মধ্যে ইনজাংশন হয়েছে, অভিযোগ আছে ১ লক্ষ ৭৯ হাজার ২৬০ একর। সাব্‌সিকুয়েন্টলি মুশকিল হচ্ছে, এর পরেও অনেক কিছু ব্যাপার থাকে, ডাইভেস্টের ব্যাপার থাকে, নানা রকম অসুবিধা থাকে।

**শ্রী সন্দীপ দাস :** ইনজাংশন ছাড়া বেআইনি দখলদারদের হাতে কি পরিমাণ খাস জমি আছে বলবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এই প্রশ্নটা তো এখন বলা যাবে না, খোঁজ নিতে হবে। এই

সম্পর্কে একাটা সুনির্দিষ্ট প্রশ্ন রাখবেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, (ক) প্রশ্নের উত্তরে যে বলেছেন, তার মধ্যে কতগুলো পুরাতন পাট্টা হোল্ডারকে বাতিল করে নতুন পাট্টা দেও হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এটা হচ্ছে নতুন করে জমি বন্টন করার ব্যাপার। যাদের পাট্ আছে তাদের আবার দেবে কেন? কথা হচ্ছে প্রত্যেকটি পঞ্চায়েত সমিতিকে এই বন্টন যোগ জমির তালিকা দেওয়া হয়েছে। এবার পঞ্চায়েত সমিতির হাতে ল্যান্ড রিফর্মস অ্যাডভাইসর কমিটির পাওয়ার দেওয়া হয়েছে, তারা সেই এলাকায় যারা জমি পাওয়ার যোগ্য, যে সেকশন ৪৯এ দেওয়া আছে, সেই অনুযায়ী তারা বিবেচিত হচ্ছে।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী নবকুমার রায় ঃ** ইতিপুর্বেকার সরকার যেসমস্ত জমির পাট্টা দিয়েছিলেন সে সমস্তগুলির ক্ষেত্রে এস. ডি. ও.র কাছে অ্যানালমেন্ট-এর আবেদন করা হয়েছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** দুটি আলাদা জিনিস। একটা জিনিস হচ্ছে '৮০ সাল পর্য সরকারের কাছে বন্টনযোগ্য জমির পরিমাণ কত ছিল? আর একটা জিনিস হচ্ছে পাট্ উপযুক্ত প্রার্থীদের মধ্যে বন্টন করা হয়েছে কি? আমি এক্ষেত্রে বলব যে অতীতে যেস লোককে পাট্টা দেওয়া উচিত নয় সেইসব লোককে পাট্টা দেওয়া হয়েছিল, সেইজন্য অ্যানালমেন্ট অফ্ পাট্টা হচ্ছে। যেহেতু সেকশন ৪৯ অনুযায়ী যার পাওয়া উচিত ছিল সে পায়নি সেহেতু সেসব ক্ষেত্রে আমাদের ব্যবস্থা নিতে হচ্ছে। তবে এটা আলাদা ব্যাপার এসম্পর্কে আলাদাভাবে প্রশ্ন দিলে উত্তর দেব।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কোন কোন পঞ্চায়েত সমিতি ভূমি বন্টনের ব্যবস্থা করা সত্ত্বেও জে. এল. আর. ও. এবং এস. ডি. ও-র নির্দেশে ভূমি বন্টন বন্ধ আছে, ইহা কি সত্য?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এই প্রশ্ন এখানে ওঠে না এবং অফ হ্যান্ড এ বিষয়ে উত্তর দেওয়া যাচ্ছে না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** একজন ভূমিহীন কতটা পরিমাণ ভূমি পেতে পারে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আগে নিয়ম ছিল এক হেক্টর পর্যন্ত এবং পরে সেটা সংশোধন করে ১ একর পর্যন্ত করা হয়েছে। যখন এক হেক্টর পর্যন্ত দেবার ব্যবস্থা ছিল তখন আমরা দেখেছিলাম যে, যে পরিমাণ জমি আমাদের হাতে আছে এবং ভূমিহীনের সংখ্যা যা তাতে খুব বেশি লোককে জমি দেওয়া যাচ্ছে না। সেই অভিজ্ঞতা থেকে দেখেই এক একর দেওয়া হয়েছে।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** যাদের পাট্টা দেওয়া হয়েছে তাদের বিরুদ্ধে পূর্বেকার মালিকরা ডিমারকেশন ইত্যাদির ব্যাপারে কোর্টে কেস করছে, এইসব ক্ষেত্রে ঐ সমস্ত ভূমিহীনদের সরকারের তরফ থেকে সাহায্য করার কোনও ব্যবস্থা আছে কি?

**মিঃ স্পিকার ঃ** এটা কোনও সাপ্লিমেন্টারিই নয়।

**শ্রী সন্তোষ রাণা ঃ** আমি যেটুকু জানি এক একর পর্যন্ত যাদের জমি আছে তারা উপযুক্ত প্রার্থী হিসাবে বিবেচিত হবে। এটা হচ্ছে আপনাদের সাম্প্রতিক নির্দেশ। আমার প্রশ্ন হচ্ছে যে, ধরুন কারো ১০ একর জমি আছে এবং তার ছেলের নামে কোনও জমি নেই, সে-ও কি উপযুক্ত প্রার্থী হিসাবে বিবেচিত হতে পারে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** না, আমি বার বার বলেছি যে, আপনারা অনুগ্রহ করে আইনের সেকশন ৪৯-টি পড়বেন। সেখানে পরিষ্কারভাবে লেখা আছে যে, ভূমিহীন আদিবাসীরা প্রথম সুযোগ পাবে, তারপর শিডিউল্ড কাস্টরা সুযোগ পাবে এবং তারপরে অন্যান্য ভূমিহীনরা সুযোগ পাবে। তার পরে আর একটা কথা হচ্ছে যার যা আছে তার সঙ্গে যা দেওয়া হবে সব মিলিয়ে এক একর হবে।

## বাঁশলৈ নদীতে (বীরভূম) সেচ প্রকল্প

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬০১।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় বাঁশলৈ নদীর জল সেচকার্যে ব্যবহারের নিমিত্ত বিগত সরকার একটি সমীক্ষা চালাইয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত সমীক্ষার ফলাফল কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সমীক্ষার কাজটা এখনও চলিতেছে। উহা শেষ হইলে পরিকল্পনাটির রূপায়ণের সম্ভাব্য বোঝা যাইবে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে বলবেন, আপনি বললেন, সমীক্ষার কাজটি এখনও চলছে। আমার প্রশ্ন হচ্ছে, এই সমীক্ষার ভিতরে বীরভূম পোর্শান এবং মুর্শিদাবাদ পোর্শান কি ইনক্লুড হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** দুটো নিয়েই করা হচ্ছে।

**ইলেকট্রনিক শিল্প**

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৮।) **শ্রী নীহারকুমার বসু :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ ইলেকট্রনিক শিল্প উন্নয়ন কর্পোরেশন কর্তৃক ১৯৮০ সালে রূপায়িত সকল প্রকল্পে উৎপাদন শুরু হইয়াছে কি; এবং

(খ) হইলে, এই প্রকল্পগুলি বাণিজ্যিক দিক হইতে কিরূপ সাফল্য লাভ করিয়াছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :**

(ক) এ পর্যন্ত ওয়েস্ট বেঙ্গল ইলেক্ট্রোনিক্স ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক রূপায়িত পাঁচটি প্রকল্প বাণিজ্যিক উৎপাদন শুরু হইয়াছে। এই প্রকল্পগুলি হইল (১) যৌথ উদ্যোগে (Joint Sector) কল্যাণীতে ফেরাইট উৎপাদন কারখানা, (২) যৌথ প্রচেষ্টায় (Joint Venture) কলিকাতায় ওয়াকি-টকী (Walkie Talkie) সেট উৎপাদন কারখানা, (৩) যৌথ উদ্যোগে থাইরিস্টর ডি. সি. ড্রাইভ উৎপাদন কারখানা, (৪) তারাতলায় সরকারি উদ্যোগে টি. ভি. পিক্চার টিউব্ উৎপাদন কারখানা এবং (৫) সরকারি উদ্যোগে তারাতলায় ইলেক্ট্রোনিক ক্যালকুলেটর উৎপাদন কারখানা।

ইহা ছাড়া যৌথ উদ্যোগে তারাতলায় ইলেক্ট্রোনিক নিয়ন্ত্রিত হ্যান্ডটুলস্ কারখানাটিও পরীক্ষামূলকভাবে উৎপাদন শুরু করিয়াছে।

(খ) এই কারখানাগুলিতে উৎপাদন অতি অল্পদিনই শুরু হইয়াছে এবং এই সংস্থাগুলি লাভজনক স্তরে উন্নীত হওয়ার মতো যথেষ্ট অবকাশ এখনও পায়নি। তবে আশা করা যায় ১৯৮১-৮২ সাল নাগাদ ঐ কারখানাগুলি থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন সম্ভব হইবে এবং বাণিজ্যিক দিক হইতে লাভজনক অবস্থায় পৌঁছাইবে।

**শ্রী নীহারকুমার বসু :** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন, যে সমস্ত সংস্থাগুলির নাম আপনি বললেন সেইসমস্ত সংস্থাগুলির বিনিয়োগের পরিমাণ কত এবং এর দ্বারা কত লোকের কর্মসংস্থান হবে?

ডঃ **কানাইলাল ভট্টাচার্য :** আমি যোগ করে দিতে পারবো না, আমি বলে যাচ্ছি শুনুন, Webel Electro Ceramics–Rs. 60.05 lakhs. Webel Business Machines Ltd.–Rs. 20 lakhs. Webel Video Devices Ltd.–Rs.170 lakhs. Webel Tele Communication India Ltd.–Rs. 300 lakhs. Webel Toolsind Ltd.–Rs.

60 lakhs এবং এতে সবশুদ্ধ ৭০০ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে।

**হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স-এর জন্য জমি অধিগ্রহণ**

***২২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৯।) **শ্রী শিবনাথ দাস :** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া পেট্রো-কেমিক্যাল শিল্প প্রতিষ্ঠার জন্য কত পরিমাণ ভূমি (১) অধিগ্রহণ করার লক্ষ্য ধার্য করা হয়েছে ও (২) ইতিমধ্যে অধিগ্রহণ করা হয়েছে;

(খ) ঐ অধিগ্রহণের ফলে এ পর্যন্ত কত সংখ্যক পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে; এবং

(গ) ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেওয়ার ক্ষেত্রে কি নীতি অবলম্বন করা হচ্ছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :**

(ক) (১) ৯৫৮.২৫৫ একর

(২) ৭৬০.৩৫৫ একর

(খ) প্রায় ৫৫০টি পরিবার।

(গ) আইন অনুযায়ী বিভিন্ন মৌজায় বিভিন্ন শ্রেণীর জমির ক্ষতিপূরণের টাকা বাজার দর অনুযায়ী প্রদান করা হচ্ছে।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী শিবনাথ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন—বাকী জমি যা এখনও বিতরণ করা হয়নি, সেগুলি কতদিনের মধ্যে অধিগ্রহণ করা যাবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এখানে আমরা ৯৫৮ একরের ভিতরে ৭৬০ একর করেছি। এত জমিতে ঘরবাড়ি থাকায় স্থানীয় জনসাধারণ আপত্তি করে। তাই ১৮৯৪ সালের ভূমি অধিগ্রহণ আইন অনুযায়ী জমি গ্রহণের কাজ চলছে। ২০৭৫ জনকে এ পর্যন্ত ১ কোটি ৩ লক্ষ ৯৫ হাজার ৭৫৩ টাকা দেওয়া হয়েছে।

**শ্রী শিবনাথ দাস :** যে পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে তাতে কতগুলি পরিবার উদ্বাস্তু হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আমি যেটা বলছি, তাতে ৫৫০টি পরিবার অ্যাফেকটেড হয়েছে।

**শ্রী শিবনাথ দাস :** আমার প্রশ্নটা ছিল কতগুলি ক্ষতিগ্রস্ত এবং কতগুলি বাস্তুচ্যুত?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** জমি অধিগ্রহণের ফলে যে সমস্ত পরিবার বাস্তুচ্যুত হয়েছে তাদের ক্ষতিপূরণের টাকা দেওয়া ছাড়াও প্রতিটি পরিবারকে পুনর্বাসনের জন্য জমি দেওয়া হবে। বাস্তুচ্যুত হয়েছে সুতাহাটা থানার যাদবচক মৌজার ৫০টি পরিবার।

## Controversy in releasing water by D. V. C.

***228.** (Admitted question No. *687.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that the decision by the authorities of the Damodar Valley Corporation to release water from Maithon and Panchet dams for generation of hydel power during October-December, 1980 had led to a controversy involving the Government of West Bengal and the D.V.C. authorities; and

(b) if so,—

(i) what was the stand of the Government of West Bengal in the matter, and

(ii) how the controversy was resolved?

**Shri Pravas Chandra Roy :**

(a) There was no controversy.

(b) Does not arise in view of reply at (a) above.

(No supplementary)

## পালেকর কমিশনের সুপারিশের কার্যকরকরণ

***২২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৫১৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কেন্দ্রীয় সরকারের উদ্যোগে গঠিত পালেকর কমিশনের সুপারিশগুলি কার্যকর করার ব্যাপারে রাজ্য সরকারের কোনও বাধ্যবাধকতা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** ১৯৫৫ সালের বার্তাজীবী ও অন্যান্য সংবাদপত্র কর্মীবর্গ (চাকরির শর্তাবলী) এবং বিবিধ বিধানাবলী আইনে প্রদত্ত (Working Journalists and other Newspaper Employees (Conditions of services) and Miscellaneous Provisions Act, 1955) ক্ষমতাবলে কেন্দ্রীয় সরকার পালেকার ট্রাইব্যুনাল গঠন করেন। এর

সুপারিশগুলি বিচার-বিবেচনা করে গ্রহণ বর্জন বা পরিবর্তন সাপেক্ষে আইন গ্রাহ্য করার ক্ষমতা কেন্দ্রীয় সরকারের। এ ব্যাপারে রাজ্য সরকারের কোন ক্ষমতা বা বাধ্যবাধকতা নেই। তবে ঐ সুপারিশগুলির যতখানি যেভাবে গ্রহণ করে কেন্দ্রীয় সরকার প্রজ্ঞাপন জারি করেছেন সেটা এ রাজ্যের সংবাদপত্র প্রতিষ্ঠানসমূহে ঠিকভাবে প্রতিপালিত হচ্ছে কিনা উক্ত আইনানুসারে তা দেখবার দায়িত্ব রাজ্য সরকারের।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পালেকার কমিশনের সুপারিশ যেগুলি রাজ্য সরকার গ্রহণ করেছেন—বৃহৎ সংবাদপত্র গোষ্ঠী সেগুলি কার্যকর করছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আপনি বুঝতে পারেননি, আমাদের গ্রহণের ব্যাপার কিছু নেই। সেন্ট্রাল গভর্নমেন্ট ইনপ্লিমেন্ট করবেন কিনা, ইনপ্লিমেন্ট করার সময় আমাদের বলে দেওয়া হয় সেন্ট্রাল গভর্নমেন্ট যেটা করবেন সেটা দেখার দায়িত্ব আমাদের।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** যদি ইনপ্লিমেন্ট না হয় সে ক্ষেত্রে আপনারা কি করবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** সেটা ভেবে দেখব, কিন্তু দায়িত্বটা আমাদের নয়, কেন্দ্রীয় সরকারের।

**শ্রী মহঃ সোহরাব :** বসুমতী আপনারা ম্যানেজ করছেন, পালেকার কমিটির রিপোর্ট অনুসরণ করে ৯৮ জন পার্টটাইম রিপোর্টারকে ছাঁটাই করেছেন এটা কি সত্য?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** সত্য নয়, বসুমতী অ্যাওয়ার্ড বক্তব্যগুলি মেনে নেবেন।

## Approval of Industrial Projects

***230.** (Admittd question No. *300.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the number of industrial projects approved by the Centre during the period from July, 1977 to January, 1981;

(b) the number of approved industrial projects implemented during the period mentioned above; and

(c) investments involved in the said projects during the period from July, 1977 to January, 1981?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) During the period, 93 Industrial Licences, 143 Letters of In-

tent and 171 Registration Certificates for West Bengal were issued by the Centre.

(b) During the period, 188 projects were implemented.

(c) Total Project Costs in respect of Letters of Intent, Industrial Licences and Registered projects are estimated at about Rs. 681.24 crores, Rs. 125.84 crores, and Rs. 48.77 crores respectively, and the total project cost of 188 projects implemented during the period is estimated at Rs. 135.98 crores.

### সেটেলমেন্ট বিভাগে চেন পিওনদের স্থায়ীকরণ

*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৪।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় সেটেলমেন্ট বিভাগে 'চেন পিওন' হিসাবে দৈনিক মজুরিতে পাঁচ বৎসরের অধিক কর্মরত কর্মচারীর সংখ্যা কত;

(খ) তাদের স্থায়ী পদে নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকলে, কত দিনের মধ্যে তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) ভূমি জরীপের কাজের জন্য ১১৮৮টি "চেইন-পিওনের" পদ আছে। সবগুলি পদ পূরণ হয়নি। এদের মধ্যে কতজন ৫ (পাঁচ) বৎসরের বেশি কাজে নিযুক্ত আছেন তা এখনি বলা সম্ভব নয়।

(খ) এবং (গ) ভূমি জরীপ বিভাগ ও ভূমি সংস্কার বিভাগ সমন্বিত করার এক পরিকল্পনা যোজনা কমিশন অনুমোদন করেছেন। এই সমন্বিত সংস্থা পর্যায়ক্রমে আগামী ৫ (পাঁচ) বছরের মধ্যে কার্যকর করার চেষ্টা করা হবে। এই সমন্বিত সংস্থায় "চেইন-পিওনদের" "ঘ" শ্রেণীভুক্ত কর্মচারীরূপে নিয়োগের এক পরিকল্পনা সরকারের আছে। তাছাড়া এখনি তাদের "ঘ" শ্রেণীভুক্ত কর্মচারী হিসাবে ঘোষণা করা যায় কিনা তা পরীক্ষা করে দেখা হচ্ছে।

### কেলেঘাই প্রকল্প

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেলেঘাই প্রকল্পের অবশিষ্টাংশ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়;

(খ) ইহা কি সত্য যে, উক্ত প্রকল্পের সংস্কারকৃত অংশে কিছু ত্রুটি দেখা দিয়েছে; এবং

(গ) সত্য হলে,—

(১) কি কি ত্রুটি দেখা দিয়েছে, ও

(২) ত্রুটিগুলি সংশোধনের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) কেলেঘাই প্রকল্পের অবশিষ্ট কাজ শেষ করতে আনুমানিক এক কোটি পঞ্চাশ লক্ষ টাকার প্রয়োজন হইবে। প্রয়োজন অনুসারে, এই অর্থের সংস্থান হইলে এবং সময়মত প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা গেলে আগামী তিন বছরের মধ্যেই প্রকল্পটির অবশিষ্ট কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

(খ) না। সত্য নহে।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী জন্মেজয় ওঝা :** এই বাঁধের জন্য এবং নদী গর্ভে ঘরবাড়ি গাছপালা থাকার জন্য জল নিকাশের কি অসুবিধা হচ্ছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** ৫৮ কিলোমিটারের মধ্যে ৪২ কিলোমিটারের কাজ শেষ হয়ে গেছে। বাকি জমি পেতে অসুবিধা হচ্ছে বলে এবং টাকার অসুবিধা আছে বলে এগোতে পারছি না—বিশেষ করে জমি অধিগ্রহণ করতে অসুবিধা হচ্ছে।

**শ্রী জন্মেজয় ওঝা :** এটা কার্যকর করতে অসুবিধা কোথায় হচ্ছে।

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** নোটিশ চাই।

**শ্রী জন্মেজয় ওঝা :** এটা কত দিনের মধ্যে শেষ করবার কথা ছিল।

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আমরা যদি জমি অধিগ্রহণ করতে পারি প্রয়োজনীয় টাকা পাই তাহলে আগামী ৩ বছরের মধ্যে এই কাজ শেষ করতে পারব।

## কুইনাইন হইতে বৈদেশিক মুদ্রা অর্জন

***২৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৯।) **শ্রী নীহারকুমার বসু : শিল্প** ও বাণিজ্য বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত তিন বৎসর সরকারের তত্ত্বাবধানে পশ্চিমবঙ্গে কি পরিমাণ কুইনাইন ও অন্যান্য ভেষজ উৎপন্ন হয়েছে;

(খ) এর থেকে উপার্জিত বৈদেশিক মুদ্রার পরিমাণ কত; এবং

(গ) বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট হতে কোন বিশেষ সুবিধা পাওয়া যায় কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :**

(ক) ১৯৭৭-৭৮ সালে — সিনকোনা — ৯৬৯৫ কেজি। অন্যান্য ভেষজ — ১৪৫০ কেজি। ১৯৭৮-৭৯ সালে — সিনকোনা — ১৯৩২৫.৪৭৯ কেজি। অন্যান্য ভেষজ — ৫৫৮২৪ কেজি। ১৯৭৯-৮০ সালে — সিনকোনা — ১৬৮৫৮.১০৫ কেজি। অন্যান্য ভেষজ — ৩,৫৩২ কেজি উৎপন্ন হয়েছে।

(খ) উৎপন্ন সিনকোনা ও অন্যান্য ভেষজ সামগ্রীর মধ্যে যে পরিমাণ সিনকোনা বিদেশে রপ্তানি করা হইয়াছে তাহাতে অর্জিত বৈদেশিক মুদ্রার পরিমাণ —

| | |
|---|---|
| ১৯৭৭-৭৮ সালে | ৮৫,৪৮,৭৩৩ টাকা। |
| ১৯৭৮-৭৯ সালে | ৩৫,৭৭,৭৯৮ টাকা। এবং |
| ১৯৭৯-৮০ সালে | ৬২,০০,৯৩০ টাকা। |

(গ) ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত সিনকোনা জাত সামগ্রী রপ্তানির জন্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতে বিশেষ ভর্তুকি পাওয়া গিয়াছিল। তার পর থেকে আর পাওয়া যাচ্ছে না।

**শ্রী নীহারকুমার বসু :** কুইনিন ফ্যাক্টরির আধুনিকরণ করার কোন ব্যবস্থা করা হয়েছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** ১০০ বছরের এই ফ্যাক্টরির আধুনিকরণ করার জন্য প্রজেক্ট রিপোর্ট তৈরি করে কাজ শুরু হয়েছে।

## ব্যারাকপুরের "বরতি" বিলের সংস্কার

***২৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৫০।) **শ্রী নীহারকুমার বসু :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ব্যারাকপুর মহকুমায় অবস্থিত 'বরতি' বিল সংস্কারের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি;

(খ) করে থাকলে, এই পরিকল্পনা রূপায়ণের জন্য কত টাকা খরচ হবে; এবং

(গ) কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) নোয়ি প্রধান খালের মাধ্যমে 'বরতি' বিলের জল-নিকাশি করা যায় কিনা এজন্য প্রয়োজনীয় সমীক্ষা ও অনুসন্ধান কাজ করা হয়। দেখা যায় যে 'বরতি' বিলের বাড়তি জল নেওয়ার ক্ষমতা নোয়ি প্রধান খালের নেই। তাছাড়া নোয়ি প্রধান খালে দ্রুত পলি (Siltation) পড়ছে। পলি পড়ার (সিলটেশনের) জন্য এই অঞ্চলের অন্যান্য প্রধান নিকাশি খালগুলিরও নিকাশি ক্ষমতা বিশেষভাবে কমে গেছে। এমতাবস্থায় এই বিস্তৃত অঞ্চলের সমস্ত নিকাশি খাল যথা — হাড়োয়াগং, নোনাগং, কুলটিগং, সুঁতী ইত্যাদি প্রধান নিকাশী খালের উপর একটি মাস্টার প্ল্যান রূপায়ণের জন্য ব্যাপক সমীক্ষা ও অনুসন্ধানের কাজ হাতে নেওয়া হয়েছে; এ কাজ দ্রুত চলছে। 'বরতি' বিলের জলনিকাশির কাজ সুঁতী পরিকল্পনার অন্তর্ভুক্ত হবে।

(খ) ও (গ) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এখনই বলা সম্ভব নয়।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### সেটেলমেন্ট বিভাগের স্থায়ীকরণ

* ২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৫।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি :** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলার সেটেলমেন্ট বিভাগকে স্থায়ীকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে কত দিনের মধ্যে তা কার্যকরী করা হবে ব'লে আশা করা যায়?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :**

(ক) ও (খ) ভূমিলেখ্য ও পরিমাপ অধিকস্ত একটি স্থায়ী সংস্থা। সম্প্রতি ভূমি জরীপের কার্যের জন্য সৃষ্ট সকল পদগুলিকে স্থায়ী বলে ঘোষণা করা হয়েছে। অবশ্য পিয়নের পদগুলি এই ঘোষণার আওতায় পড়ে না।

## ADJOURNMENT MOTIONS

[2-00 – 2-10 p.m.]

**অধ্যক্ষ মহাশয় :** আমি আজ তিনটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবটির নোটিশে শ্রী নানুরাম রায় মহাশয় পশ্চিমবঙ্গের আলু চাষীদের দূরাবস্থা সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। দ্বিতীয় প্রস্তাবটির নোটিশে শ্রী রজনীকান্ত দোলুই মহাশয় রেশন ব্যবস্থা ভেঙে পড়ার সম্ভাবনার কথা আলোচনা করতে চেয়েছেন। আর তৃতীয় প্রস্তাবটি হল, শ্রী সামসুদ্দীন আহমেদ মহাশয় যিনি বিড়লা ইনস্টিটিউট অব টেকনোলজি ম্যানেজমেন্টে ভর্তির অনিশ্চয়তার ব্যাপার আলোচনা করতে চেয়েছেন।

চলতি বাজেট অধিবেশনে সাধারণ আলোচনার সময় ও দফা ওয়ারি বাজেট আলোচনার সময় উপরিউক্ত প্রত্যেকটি বিষয় আলোচিত হতে পারে। এছাড়া, গতকালই খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় দ্বিতীয় প্রস্তাবটির বিষয়বস্তুর উপর একটি বিবৃতি দিয়েছেন।

এই সমস্ত কারণে আমি সবকটি মুলতুবি প্রস্তাব গ্রহণে আমার অসম্মতি জ্ঞাপন করছি। মাননীয় সদস্য মহাশয়গণ ইচ্ছা করলে প্রস্তাবের সংশোধিত বয়ান পাঠ করতে পারে। শ্রী রজনীকান্ত দোলুই এবার শ্রী নানুরাম রায়-এর প্রস্তাবের বিষয়বস্তু তাই তাদের মধ্যে একজন কেবল প্রস্তাবটি পাঠ করতে পারে।

**শ্রী নানুরাম রায় :** এই রাজ্যের আলু চাষীরা বহুদিন ধরে ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হয়ে চলেছে। গত ডিসেম্বর-জানুয়ারির দুর্যোগপূর্ণ আবহাওয়ার ফলে আলুচাষীরা খুবই ক্ষতিগ্রস্ত হয়েছেন। হুগলি জেলার আরামবাগের এক আলুর চাষী আত্মহত্যা করেছেন। আরও কিছু কিছু মৃত্যুর খবর আসছে। অবিলম্বে এ বিষয়ে ন্যায্য মূল্য নির্ধারণ, মজুত ও পরিবহন প্রভৃতি বিষয়ে আলোচনা হওয়া প্রয়োজন।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**শ্রী সামসুদ্দীন আহমেদ :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—বিড়লা ইনস্টিটিউট অব টেকনোলজিতে ভর্তি হবার জন্যে ১৯৮০ সালের মে মাসে একটি বিজ্ঞপ্তি জারি হয়। গত ২রা জুন, ১৯৮০ তারিখে ভর্তির জন্যে দরখাস্ত গ্রহণ করা হয়। সমস্ত দরখাস্ত সমীক্ষা করে অধ্যক্ষ কারিগরি শিক্ষাকর্তার অনুমোদন ক্রমে ৫৫ জন ছাত্রের এক তালিকা ৮ই অক্টোবর, ১৯৮০ সালে প্রকাশিত হয়। এবং নির্বাচিত ছাত্রদের ভর্তির জন্যে ১১ই নভেম্বর, ১৯৮০ তারিখে কারিগরি শিক্ষাসচিব একটি বিজ্ঞপ্তি জারি করেন। আবার, ৯৮১ নং এডুকেশন ৮-১১-৮০ দ্বারা এই ছাত্র ভর্তির বিষয়টি বন্ধ রাখেন। তারপরের বছর ৯ই জানুয়ারি কোনও কারণ না দেখিয়েই ঐ তালিকাটি বাতিল করেন এবং নতুন করে ছাত্র ভর্তি হবার আবেদনপত্র গ্রহণ করা হবে এই সম্বলিত একটি বিজ্ঞপ্তি জারি করা হয়।

পরবর্তীকালে হাইকোর্টের নির্দেশক্রমে পূর্ব তালিকার ৪২ জন ছাত্রের ভর্তি করা সম্ভব হয় এবং বাকি ১৩ জন ছাত্রের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ে। অবিলম্বে এই বিষয়ে আলোচনা হওয়া প্রয়োজন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি আজকে যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্পর্কে মন্ত্রী মহাশয়ের একটা স্টেটমেন্ট করার কথা ছিল।

**মিঃ স্পিকার :** আমি সে কথা মন্ত্রী মহাশয়কে গতকাল জানিয়েছি। আজকে আমি জানিয়ে দিচ্ছি।

## Mention Cases

[2-10 – 2-20 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, কিছুদিন আগে আমাদের দলের নেতা শ্রী কাশীকান্ত মৈত্র এবং মাননীয় সদস্য শ্রী হরিপদ ভারতী মহাশয় যখন বলেছিলেন লোডশেডিং-এর কথা তখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় খুব তাচ্ছিল্যভরে বলেছিলেনঃ এসব অতীতের কথা, ওসব পুরানো কাসুন্দি আর ঘাঁটবেন না। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই কথা বললেন অথচ আমরা দেখছি লোডশেডিং হয়েই চলেছে। আমি যে এলাকায় থাকি সেই বউবাজার এলাকায় প্রত্যেকদিন লোডশেডিং হচ্ছে এটা আমি দেখে আসছি। আজকে সকাল থেকে ৩ ঘন্টা ধরে লোডশেডিং ফলে চান করার জল পর্যন্ত পাইনি, চান না করেই চলে এসেছি। এম. এল. এ. হোস্টেলেও শুনছি সেই অবস্থা চলেছে। ওদিকে তো ডি. ভি. সি.-র বিদ্যুৎ উৎপাদন বেশি হলেও সেই বিদ্যুৎ কলকাতা নিতে পারছে না। এই অবস্থা কেন হচ্ছে? আমি এদিকে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুধীরচন্দ্র দাসশর্মা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি ঘটনার প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত সোমবার, দু' তারিখে খড়গপুর-এ একটি আনফরচুনেট ঘটনা ঘটেছে এবং সেটাকে কেন্দ্র করে পুলিশকে ফায়ারিং পর্যন্ত করতে হয়েছে। সেখান লাঠি চার্জ, কাঁদানে গ্যাস এবং ফায়ারিং পর্যন্ত হয়েছে। একটি ছেলে এবং একটি মেয়ে পাসারস-বাই তারা বুলেট ইনজুরি নিয়ে হাসপাতালে আছে, তাদের কি হবে সেটা এখনও পর্যন্ত বোঝা যাচ্ছে না। স্যার, যে ঘটনাকে কেন্দ্র করে ঘটেছে সেটা হল গত শনিবার রাত্রে মেদিনীপুর, খড়গপুর রাস্তার উপর খড়গপুর কলেজের কাছাকাছি এলাকায় পরপর কয়েকটি ভয়ঙ্কর রাহাজানি হয়। দু'জন লোক একটি স্কুটারে চড়ে রাত্রি ১০টার সময় আসছিল, সেই সময় ১৭/১৮ জন লোক তাদের আক্রমণ করে লোহার রড ইত্যাদি নিয়ে। তারা দু'জনকে দারুণভাবে মারে এবং মৃতপ্রায় অবস্থায় তাদের হাত-পা বেঁধে নয়নজুলি পার করে দিয়ে মাঠের মধ্যে নিয়ে গিয়ে ফেলে দেয়। তারপর আরো তিনজন সাইকেল-আরোহীকে তারা এইভাবে মারে এবং তাদেরও অজ্ঞান অবস্থায় হাত-পা বেঁধে মাঠের মধ্যে ফেলে দেয়। এর খনিকটা দূরে একটি ঝুপড়ি ছিল, তাতে একটি লোক থাকে, সে টের পেয়ে ছুটে গিয়ে একটি পেট্রোল পাম্পের সংলগ্ন হোটেলে খবর দেয়। খবর পেয়ে সেখান থেকে লোকজন একটি ট্রাকে নিয়ে যখন ছুটে আসে তখন সেই দুষ্কৃতকারীরা পালিয়ে যায়।

বহু লোকজন সেখানে জমে যায় এবং তারা খোঁজাখুঁজি করে ৪টি বডি খুঁজে বের করে হাসপাতালে পাঠায়, এটা নিয়ে ওখানে দারুণ একটা বিক্ষোভ হয়েছে। যে ৪ জনকে হাসপাতালে পাঠানো হয় তাদের একজন রবিবার রাত্রে মারা যায়। সোমবার দিন সেই ডেথকে কেন্দ্র করে থানার সামনে বিক্ষোভ হয়। স্যার, এই মেদিনীপুর, খড়গপুর রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা—সারা রাত ধরে লোকজনকে এই রাস্তা দিয়ে যাতায়াত করতে হয়। সেখানে লোকজন যাতে নিরাপদে যাতায়াত করতে পারে তারজন্য ব্যবস্থা অবলম্বন করা দরকার। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, এই ব্যাপারটির তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন এবং সেখানে যাতে লোকজন নিরাপদে যাতায়াত করতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি পাণ্ডুয়া থানার বৈঁচী গ্রামে যে রেলওয়ে স্টেশন আছে, সেখানে একটা প্লাটফর্ম শেড হওয়ার জন্য ১৯৭৭ সালে রেলওয়ে কর্তৃপক্ষ কতকগুলি মেটেরিয়ালস সাপ্লাই করেছিল কিন্তু আজ পর্যন্ত সেটা করা হয়নি। উপরন্তু সেই মেটেরিয়ালসগুলি সেখান থেকে তুলে নিয়ে গেছে। প্লাটফর্মে যদি গাড়ি আসে, যদি সেখানে বর্ষা হয় তাহলে মানুষেকে ছুটতে ছুটতে রেল লাইন পার হয়ে যেতে হয়। ডাউন প্লাটফর্মে গাড়ি এলে সেখানে যে কোনও সময়ে একটা বড় রকমের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা আছে এবং তাতে অনেক লোকের মারা যাবার সম্ভাবনা আছে। সেজন্য আমি আপনার মাধ্যমে রেলওয়ে কর্তৃপক্ষের নজরে এটা আনতে চাই যাতে তারা দ্রুতগতিতে কাজটা শেষ করেন যেটা ১৯৭৭ সাল থেকে সিদ্ধান্ত নিয়ে পড়ে আছে। কাজেই অবিলম্বে এই শেডের ব্যবস্থা করার জন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি যাতে রেলওয়ে কর্তৃপক্ষকে জানানো হয়।

**শ্রী নিমলকমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কাগজে দেখেছি যে পশ্চিমবাংলার কংগ্রেস(ই) সভাপতি অজিত পাঁজা আবার বিবৃতি দিয়েছেন যে পশ্চিমবাংলার লোকসভা এবং বিধানসভার উপনির্বাচন করা চলবে না এবং পৌরসভাতেও নির্বাচন করা চলবে না। তিনি একটা রাজনৈতিক দলের নেতা হয়ে এই বিবৃতি দিতে পারেন। কিন্তু ভয়ের কথা হচ্ছে যে ভারতের নির্বাচন কমিশনার, তিনি ইন্দিরা কংগ্রেস হয়ে গেছেন। এর আগেও নির্বাচন কমিশনার নির্বাচনের কথা ঘোষণা করেছিলেন। কিন্তু তা সত্ত্বেও অজিত পাঁজার সুপারিশ অনুযায়ী সেটা বন্ধ হয়ে যায়।

**(গোলমাল)**

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** দিস ইজ অবজেকশনাবেল, হাইলি অবজেকশনাবেল। এটাতে অ্যাসপার্সন করা হয়েছে।

**Mr. Speaker :** It is not an aspersion. It is rather a praise for you, I say.

**শ্রী নির্মলকুমার বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওদের ভয় হচ্ছে যে লোকসভার নির্বাচন হলে, বিধানসভার নির্বাচন হলে ওরা হেরে যাবে, ওরা নিজেদের প্রার্থী ঠিক করতে পারবে না। আজকে সেই ভয়ে ওরা বারে বারে বলছেন যে বিধানসভার নির্বাচন, লোকসভার নির্বাচন হবে না। এটা অত্যন্ত অন্যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে জন্য আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে নির্বাচন কমিশনারের কাছে জানানো হোক এবং সরকার বলুন যে বিধানসভা এবং লোকসভার নির্বাচন হবে, যেটা জনগণের অধিকার। এই বিধানসভার আসন খালি আছে, এটা কেন খালি থাকবে। আজকে নির্বাচন অজিতবাবুর কথায় বন্ধ হবে না। এই নির্বাচন যেন এদের কথায় প্রশান্তবাবু বন্ধ না করেন।

[2-20 – 2-30 p.m.]

**Mr. Speaker :** Shri Bapuli first said that against Shri Ajit Panja. I say no aspersion was made against Shri Panja.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** অন এ পয়েন্ট অব অর্ডার, উনি বক্তব্য রাখার সময় বলেছেন রাজনৈতিক দলের নেতা হিসাবে তিনি একটা দাবি করতে পারেন কিন্তু উনি বলেছেন যে অজিত পাঁজার কথা মতো ইলেকশন কমিশনার গত নির্বাচন বন্ধ করেছেন, এটা উনি বলতে পারেন না।

**(গোলমাল)**

**Shri Nirmal Kumar Basu :** I repeat it again. Shri Satya Ranjan Bapuli rose to speak.

**(গোলমাল)**

**মিঃ স্পিকার :** রাদার ইট ইজ এ প্রেজ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** ভুতুড়ে ভোটার লিস্ট সংশোধন করে ইলেকশন হবে, এই ভোটার লিস্টে নয়।

**(গোলমাল)**

**শ্রী নানুরাম রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় পশু পালন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগে একটি পশু পালন হাসপাতাল আছে, ঐ হাসপাতালে মাত্র একটি ষাঁড় আছে। আমরা গত চার বছর যাবৎ বহু আবেদন নিবেদন করেও ষাঁড় বাড়াবার ব্যবস্থা করতে পারিনি। এই হাসপাতালে হুগলি, বর্ধমান, বাঁকুড়া থেকে মানুষ গরু নিয়ে আসে কিন্তু তারা ফিরে চলে

যায়। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন ঐ হাসপাতালের জন্য আরও দু'টি ষাঁড়ের ব্যবস্থা করেন।

**শ্রী মলিন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় পশুপালন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ডানকুনিতে পশ্চিমবঙ্গ সরকারের দুগ্ধ প্রকল্প মাদার ডেয়ারীতে ধর্মঘট হয়, তারপর ঠিক হয় যে এক মাসের মধ্যে ফয়সালা করা হবে। কিন্তু ডিসেম্বর মাস চলে গেল, জানুয়ারি, ফেব্রুয়ারি মাস চলে গেল, কিন্তু আজ পর্যন্ত ঐ মাদার ডেয়ারীর কর্তৃপক্ষের অনমনীয় মনোভাবের জন্য কিছু হতে পারছে না। লেবার কমিশনারের সঙ্গে আলোচনার জন্য দিন ঠিক হয়েও আলোচনা হচ্ছে না। তার ফলে আগামী দিনে যে কোনও মুহূর্তে এই প্রকল্পটি বন্ধ হয়ে যেতে পারে। সেইজন্য পশ্চিমবঙ্গ সরকারের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রী পঞ্চানন দিকপতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় খানাকুল থানায় চক্রপুর থেকে গণেশপুর পর্যন্ত একটা চার কিলো মিটারের রাস্তা ছিল, সেই রাস্তার কাজ হচ্ছিল, কিন্তু বিধ্বংসী বন্যায় রাস্তাটা ভেঙে চুরমার হয়ে গেছে, এর ফলে জনসাধারণের অশেষ দুর্ভোগ হচ্ছে, যাতায়াতের সুযোগ থেকে তারা বঞ্চিত হচ্ছে। যাতে অবিলম্বে সেই রাস্তাটার মেরামতীর কাজ হয় তার জন্য মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কাজী হাফিজুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ল্যান্ড রেভিনিউ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৬-১-৮১ তারিখে আমার এলাকা ভগবানগোলা থানার শশীপুর গ্রামের ওসমান শেখের ৬৫ মেহেদীপুর মৌজার ৯১৪ খতিয়ানের ৫৭৬/১০৩২ দাগের ১৫ শতক বসত জমি স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড কে. ভি.-II সাব স্টেশন-এর জন্য অধিগ্রহণ করেছে। ওসমান শেখের ঐ ১৫ শতক জমি ছাড়া আর তার কোন জমি নেই। সেই জমিতেই তারা বাড়ি করেছে। তার বাড়ির চারিদিকে গাছ লাগিয়েছে। সে ঘরের পাশে অনেকগুলি ফলের গাছ লাগিয়েছে। আম গাছ, কলা গাছ ইত্যাদি গাছ লাগিয়েছে এবং তার জমি সংলগ্ন একটি পুকুরও আছে। সে ঐ গাছপালা এবং পুকুরের মাধ্যমে তার সংসার প্রতি-পালন করে। তার এই জমিটুকু যদি আজকে কেড়ে নেওয়া হয় তাহলে সে কি করে তার সংসার ভরণ-পোষণ করবে? সে তো খেতে পাবে না। সেই জমি থেকে তাকে তাড়ালে সে বাস্তুহারা হয়ে যাবে। তাই আমি আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ করছি যে, তার জমি যাতে না নেওয়া হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

**অধ্যক্ষ মহোদয় ঃ এই সব ব্যক্তিগত ব্যাপারের কথাবার্তা আপনার মন্ত্রীর সঙ্গে দেখা করে বলুন। এগুলি হাউসে এইভাবে মেনশন করা উচিত নয়। এভাবে এগুলি হাউসে মেনশন করবেন না।**

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন উৎসব হতে চলেছে। রাজ্যপাল এই বিশ্ববিদ্যালয়ের আচার্য হয়েও এই উৎসবে যোগ দিচ্ছেন না। তা আমি এ বিষয়ে চীফ হুইপকে জিজ্ঞাসা করছিলাম যে, মিনিস্টাররা কেউ কি এ ব্যাপারে হাউসে কোনও স্টেটমেন্ট দেবেন? কিন্তু উনি সে বিষয়ে কিছু বলতে পারছেন না। অথচ সমাবর্তন উৎসবের কয়েক দিনের মধ্যেই হতে চলেছে। এটা খুবই দুর্ভাগ্যজনক যে, যাবদপুরে এই রকম একটা সমাবর্তন হবে যেখানে আচার্য নিজেই উপস্থিত থাকবেন না। এটা সমগ্র পশ্চিমবাংলার পক্ষে একটা কেলেঙ্কারী। শুধু তাই নয়, ডক্টরেট উপাধি যাঁদের সেখানে দেওয়া হবে তাদের অনেকেও নাকি উপস্থিত থাকবেন না এবং কেন্দ্রীয় মন্ত্রী প্রণব মুখার্জিও আসছেন না। সেইসঙ্গে অনেক মাননীয় আমন্ত্রিতরা উৎসবের আমন্ত্রণ রিফিউস করেছেন। এ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন, সেটা ঠিক নয়, যেহেতু ওখানে আচার্যের সঙ্গে একটা গোলমাল চলছে সেহেতু প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী আসছেন না। আমিও মনে করি এই অবস্থায় ভারতবর্ষের প্রধানমন্ত্রীর ওখানে আসা উচিত নয়। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে অনুরোধ রাখছি যে, এটাকে প্রেসটিজ ইস্যু না করে অবিলম্বে এই উৎসব বন্ধ করুন। এটা আপাতত বন্ধ থাক, তা না হলে ঝগড়া-ঝাটি কেলেঙ্কারি হবে। কারণ যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে এটা শিক্ষা এবং সংস্কৃতির দিক থেকে লজ্জার ব্যাপার। তাই আমি অনুরোধ করছি যে, মুখ্যমন্ত্রী অবিলম্বে হস্তক্ষেপ করে এই সমাবর্তন উৎসব বন্ধ করে দিন এবং ঝগড়া-ঝাটি মিটিয়ে ফেলে পরবর্তীকালে আইন-মাফিক কাজ করুন।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি একটি বিষয়ের প্রতি আকর্ষণ করছি। সি. পি. এম. দলের এম. এল. এ. অহিন্দ্র সরকারের বিরুদ্ধে বে-আইনি কাজের অভিযোগ গত ১৬ই জানুয়ারি দর্পণ পত্রিকায় প্রকাশিত হয়েছে। তাতে বলা হয়েছে যে, অহিনবাবু '৭৭ সালের নির্বাচনের পর গঙ্গানগরপুরে ৫০ হাজার টাকা খরচ করে একটা বাড়ি করেছিলেন এবং সেই বাড়িটা ভেঙে দিয়ে বর্তমানে ২ লক্ষ টাকা খরচ করে একটা ত্রিতল বাড়ি করছেন। তা করুন, তাঁর বিরুদ্ধে মূল অভিযোগ হচ্ছে, তিনি বে-আইনিভাবে সরকারকে রয়ালিটি ফাঁকি দিয়ে নদীর খাদের বালি নিয়ে বাড়ি করছেন। সেখানে ওয়েলফেয়ার কমিটি আছে—যারা সেখানে বালির খাদের ইজারা নিয়েছিল—তারা তাঁকে সেইকাজে বাধা দিয়েছিল, তারা বলেছিল, আপনি বালি ওঠাতে পারবেন না। এটা আপনি বে-আইনি কাজ করছেন। সেখান থেকে বালি ওঠাতে গেলে বা বিক্রয় করতে গেলে গভর্নমেন্টকে একটা রয়ালটি দিতে হয়। এই অবস্থায় তিনি তাঁর বিধানসভার প্যাডে ওদের কাছে একটা চিঠি লিখেছিলেন। সেই চিঠিতে তিনি হুঁশিয়ারি দিয়েছেন। আমি সেই চিঠির ফটোস্ট্যাট কপি আপনার কাছে জমা দিচ্ছি। তিনি সেই চিঠিতে হুঁশিয়ারি দিয়ে বলছেন, আপনারা কাউকে বালি তুলতে বাধা দেবেন না, আপনাদের বাধা দেওয়ার কোনও অধিকার নেই। এইভাবে চিঠি লিখে তিনি সেখানকার জনগণকে হুঁশিয়ারি দিয়েছেন।

[2-30 — 2-40 p.m.]

একজন মাননীয় সদস্য এইরকম মিথ্যা কথা কেন বলবেন? খবরের কাগজে বেরিয়েছে তিনি বলেছেন, "বালি আমি নিয়ে যাব, কেউ বাধা দিতে পারবে না" তখন ঐ যারা ইজারা নেন, ওখানে একটা ওয়েলফেয়ার কমিটি আছে তারা ওনার বিরুদ্ধে জে. এল. আর. ও. এবং ডি. এম.-এর কাছে দরখাস্ত করে। তার অনুলিপি আমার কাছে রয়েছে। ২ তলা বাড়ি ২ লক্ষ টাকা খরচা করে তৈরি করেছে এবং এর জন্য ৩৫০ ট্রাক বালি নিয়েছে এবং এরজন্য সাড়ে ৪ হাজার টাকার রয়ালটি ফাঁকি দিয়েছে। এটা এনকোয়ারি করা দরকার। পেপারে হেডিং বেরিয়েছে যে গভর্নমেন্টের ম্যানই এইভাবে ফাঁকি দিয়েছে। এইভাবে একজন মাননীয় সদস্য আইন ভঙ্গ করে গভর্নমেন্টের টাকা আত্মসাৎ করেছে।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্য তো উপস্থিত নেই সুতরাং কেন তাঁর নামে অ্যালিগেশন আনছেন?

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত অভিযোগ এবং তার অফিস স্ট্যাম্প এবং কাগজপত্র সব আপনাকে দিচ্ছি। পুনর্ভবা যে ব্রিজ আছে গঙ্গারামপুরে তার ১ মাইলের মধ্যে বালি তোলা নিষেধ কিন্তু তা সত্ত্বেও বালি তুলেছেন। এইভাবে যদি বালি তোলা হয় তাহলে ব্রিজ তো ভেঙে যাবে। এই সম্পর্কে এনকোয়ারী করা হোক। আমি সমস্ত কাগজপত্র সাবমিট করছি। এই সম্পর্কে যথাযথ ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি হাসপাতালের অব্যবস্থার বিষয়ে বহু কথা এখানে আলোচিত হয়েছে, আমি একটি ঘটনা উল্লেখ করছি। গত ২৫-২-৮১ তারিখে যশোর রোডে অবস্থিত এইচ. এম. ভি. গ্রামাফোন কোম্পানির একজন কর্মচারী শ্রী জ্যোতি প্রকাশ দত্ত সকাল সাড়ে ৯টার সময়ে যখন বাসে করে অফিসে আসছিল সেই সময়ে বাস থেকে পড়ে গিয়ে গুরুতর আহত হয় এবং তাকে আর. জি. কর হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু ৪৫ মিনিট পার হয়ে গেলেও কোন ডাক্তার তার চিকিৎসার ব্যবস্থা করেনি। স্বভাবতই তার সহকর্মীরা হাসপাতালে ছিল। তারা এর বিরুদ্ধে প্রতিবাদ জানায়। তখন আর. জি. কর হাসাপাতালের দোতলায় এমারজেন্সির ঘরের কোলাপসিবল গেটটা বন্ধ করে ওখানকার অ্যাটেনডেন্ট এবং সাব স্টাফরা ঐ সমস্ত কর্মচারিদের মারধোর করে। শ্রী মৃণালকান্তি ঘোষ যিনি ঐ কোম্পানির ইউনিয়নের সেক্রেটারি তাকেও মারধোর করে এবং এদের কাছ থেকে ৬টি ঘড়ি কেড়ে নেয় এবং ৩টি চশমা ভেঙে গেছে। এই ঘটনার সময়ে আর. জি. করের ডাক্তার শ্রী অজিত নাথ উপস্থিত ছিলেন কিন্তু তার কাছ থেকে কোনও প্রতিকার পাওয়া যায়নি। এই ঘটনা সম্পর্কে চিৎপুর থানায় ডায়েরী করা হয়েছে। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর কাছে অনুরোধ করছি, এই ব্যাপারে তদন্ত করে যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী মাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এক নিষ্ঠুর াকাণ্ডের প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২রা মার্চ গভীর রাত্রে ১০/১২ জন ক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে করিমপুর থানার মোক্তারপুর গ্রামে মোক্তার হোসেন মণ্ডলের ় চড়াও হয় এবং মোক্তার মণ্ডলকে ধাবালো অস্ত্র দ্বারা ঘুমন্ত অবস্থায় টেনে তুলে আঘাত তে থাকে ও তাকে হত্যা করে। তাঁর স্ত্রী বাধা দিতে গেলে তিনিও গুরুতরভাবে আহত । মোক্তার হোসেন ২ নং নতিডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং সি. পি. এমের ন্য। এখানকার বহু আন্দোলনের বিশিষ্ট কর্মী ছিলেন। বর্গা রেকর্ডেও তাঁর বিশেষ ভূমিকা । আমি খবর পেয়েছি, এইসব আততায়ীরা ইন্দিরা কংগ্রেসে আশ্রয় নিয়েছে।

আততায়ীরা সুপরিকল্পিতভাবে মোক্তার হোসেনকে হত্যা করার জন্য আক্রমণ করেছিল। শের এজাহার, এখন পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি। ফলে ওখানে ঐ এলাকায় একটা নর সৃষ্টি হয়েছে। দুবৃত্তদের খোঁজ করে গ্রেপ্তার করা দরকার এবং ঐ এলাকায় যাতে বন্ধ হয় তারজন্য ব্যবস্থা করা দরকাব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পাশের এলাকায় ঐ মোক্তার সন বাস করতেন। কাগজে বলছে ডাকাতে হত্যা করেছে, কিন্তু তা নয়। কংগ্রেসি গুণ্ডাবা া করেছে। সুপরিকল্পিতভাবে হত্যা কবা হয়েছে। বাসন্তীতে যেমন ধনঞ্জয় নায়েককে হত্যা হয়েছিল, পুলিশ সে সময় রিপোর্ট দিয়েছিল যে ডাকাতে করেছে। পুলিশ সমস্ত কিছুই াতে করেছে বলে চালিয়ে দিচ্ছে, কিন্তু তা নয়, কংগ্রেসি গুণ্ডারা এই সমস্ত করছে। ক্তার হোসেন সি. পি. এম.এর একজন জনপ্রিয় লোক, বিপুল ভোটাধিক্যে তিনি জয়লাভ ছিলেন। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে পুলিশের রিপোর্টের র নির্ভর না করে ঘটনাটির তদন্ত করুন। পুলিশের উপর নির্ভর করলে পুলিশ ডাকাত চালিয়ে দেবে।

**শ্রী সন্তোষ রাণা ঃ** মানতাস্ স্পিকার, নয়দ আড়ি দূটরিন কাতা যে আলে রাজ্যরে পে । লাখ আদিবাসী তাঁহে যাহহঁ আড়ি গানতে আদিবাসী গাবুয়া তাঁহে খাস হঁ নেতার....

**মিঃ স্পিকার ঃ** আপনি যে ভাষায় পড়ছেন, এখানে কেউ ও ভাষায় লিখতে পারবে এমন ভাষায় পড়ুন যাতে লিখতে পারে।

**শ্রী সন্তোষ রাণা ঃ** আমি পরে বলে দেব। হঁ নড়ে আরো রড়তে পায়াও রায় চালাও া। আরো বড়তে পাড়াও আ সুয়োগ বাঁয় তাঁহেন লাগিং তে আদিবাসী পাঠুয়া ক শিক্ষা বাঁয় এতাম দাড়ে আয়। প্রাথমিক ইস্কুল, চেরতে আরে গেল ক্লাস পর্যন্ত পাড়াও ত বড় রিন সমস্যা আর পুইসা আ সমস্যাতে নুয় পাঠুয়া ক পাড়াও বাগি টকাতে হতি ান মেলোট্রিতে বলো আয়।

আরো রড়তে শিক্ষা মাদে চেদ? আনাদো বালি বাংলা রড়তে শিক্ষা? তাহলে আরো

রন চেদা মেন কেদায়? নুয় দ আড়ি সারি কাথা যে আদিবাসী পাঠুয়া ক টেন বাংলা, হিন্দী, ইংরাজী মিট জিনিস গে। সুতরাং যদি আরো রড় শিক্ষা লেয়তে খালি বাংলা ক বুঝাও আ তাহলে নুয় রাজ রিন আদিবাসী পাঠুয়া ক হেন দৃঢুয়া।

সুতরাং ইএমা নুয় সরকারঠেন আর প্রাথমিক শিক্ষামন্ত্রী ঠেন দাবী প্রাকাচিএও আদিবাসী আ আজ আরো রড় পাড়াও লাগিত তে ব্যবস্থা হাতাও মেঁ। আদিবাসী ইসকুল খুলাও মেঁ। ইসকুল কলেজেরে আদিবাসী রড় আর আদিবাসী রড় তে পাড়াও লাগিত্ ব্যবস্থা হাতাও মেঁ। আদিবাসী রড়তে বই াল আর বই উড়ুকবিন ব্যবস্থা হাতাও মেং—যাঁহা সেতাতে নুয় রাজ্য আ আড়িগান আদিবাসী পাঠুয়া আজ রড়তে পাড়াও আ সুযোগ গ্রাম দাড়ে ম্রায় আর আজ কাটাতে রাকার ছাড়ে আয়।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী সরল দেব ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। অতীতে এই বিষয়ে অনেক বার বলেছি। হাওড়া স্টেশন থেকে নেমে যখন যাত্রীরা ট্যাক্সি চড়তে যায় সেই সময় পুলিশ এবং ট্যাক্সি ড্রাইভারদের অশুভ আঁতাতের ফলে যাত্রী সাধারণ যখন ট্যাক্সি ডাকতে যায় তখন ট্যাক্সি ড্রাইভার জিজ্ঞাসা করে দমদম এয়ার পোর্টে গেলে ৫০ টাকা এবং টালিগঞ্জে ৬০ টাকা দিতে হবে। এই অশুভ আঁতাত ভাঙতে গেলে স্বরাষ্ট্র মন্ত্রীর হস্তক্ষেপের প্রয়োজন আছে। তা না হলে অনেক অসুবিধা ভোগ করতে হবে। সেইজন্য স্বরাষ্ট্র মন্ত্রীকে সরাসরি হস্তক্ষেপ করতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কমলকৃষ্ণ ভট্টাচার্য ঃ** স্যার আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। শ্রীরামপুরে যে স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যাল আছে যার সিটু ইউনিয়ন সেখানে গত ২৬-২-৮১ তারিখে রাত দুটোর সময় দুষ্কৃতকারীরা পেট্রোল এবং কেরোসিন তেল ঢেলে ইউনিয়ন অফিস পুড়িয়ে দিয়েছে। এই বিষয়ে পুলিশকে জানানো হয়েছে এবং তারা তদন্ত করছে কিন্তু আজ পর্যন্ত কোনও লোককে গ্রেপ্তার করা হয়নি। আজ রাত্রি ২টার সময় একই কায়দায় আমার বাড়ির কাছে ইন্ডিয়া জুটমিলে ইউনিয়নের অফিসে পেট্রোল এবং কেরোসিন তেল চটে লাগিয়ে আগুন লাগিয়ে দেয়। ঐ সময় আমার পাশের বাড়ির লোক আমাকে ডেকে খবর দিলে আমি গিয়ে দেখি যে আগুন দাউ দাউ করে জ্বলছে। এই বিষয়ে পুলিশকে রিপোর্ট করা হয়েছে। দুঃখের বিষয় এর পেছনে ইন্দিরা কংগ্রেসের একটা গুণ্ডাবাহিনীর লোক আছে বলে শ্রমিকদের ধারণা। এই বিষয়ে মুখ্যমন্ত্রীকে হস্তক্ষেপ করতে বলছি কারণ এর সঙ্গে আইন-শৃঙ্খলার প্রশ্ন জড়িয়ে আছে। ইন্দিরা গান্ধীর গুণ্ডাবাহিনী যে একটি বিশেষ গোষ্ঠী আছে তারাই সুপরিকল্পিতভাবে কাজ করছে। দুটি ইউনিয়ন অফিসে গত কয়েক দিনের মধ্যে আগুন লাগানো হল। এই জিনিস চললে শ্রমিকরা বরদাস্ত করবে না। স্থানীয় পুলিশ অফিসারের পক্ষ হয়েছে বলে তিনি কিছু করতে পারছেন না। আর যারা আছেন তারাও কিছু করছেন না। এই দুষ্কৃতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন

করার জন্য অনুরোধ করছি। শ্রী স্বরাজ মুখার্জির নেতৃত্বে ডঃ গোপাল দাস নাগের বিরুদ্ধে এই জিনিস চলছে।

**শ্রী পতিতপাবন পাঠক :** স্যার, আমি একটা বিষয়ে আপনার মাধ্যমে উল্লেখ করছি সেটা হচ্ছে ডাক ও তার বিভাগের অব্যবস্থার কথা। আমাদের মতো অনেকেই এর ভুক্তভোগী। এটা কেন্দ্রীয় সরকারের একটা পারদর্শী বিভাগ। গড়িয়াহাটায় একটা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট আছে সেখানে সুশান্ত সাধুখাঁ একটি ছেলে ভর্তি করার জন্য পরীক্ষা দিয়েছিল। পরীক্ষা হয় ২২-৭-৮০ তারিখে এবং তাতে সিলেকশনে সে ফার্স্ট হয় এবং ১৫-১০-৮০ তারিখে তাকে ভর্তি হবার জন্য চিঠি পাঠায়। সেই চিঠি সে পায় ২ মাস পরে তারফলে সে ভর্তি হতে পারল না। এ বিষয়ে প্রিন্সিপ্যালকে একটা চিঠি দিয়েছি কিন্তু তার কোনও উত্তর পাইনি। ভবিষ্যতে যাতে এইরকম সুযোগ থেকে আর কোনও ছাত্র বঞ্চিত না হয় তারজন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করছি যেন তারা ডাক ও তার বিভাগের কর্তৃপক্ষের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করেন।

**শ্রী মহাদেব মুখার্জি :** স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে পুরুলিয়া-হাওড়ায় একটিমাত্র ট্রেন যা চলাচল করে তাও বিভিন্ন ট্রেন দুর্ঘটনার জন্য বন্ধ হয়ে যাচ্ছে। গতকাল আমি যখন বাড়ি থেকে স্টেশনে আসি তখন স্টেশনে এসে হঠাৎ শুনলাম ৩৬০ ডাউন ক্যানসেল বলে কলকাতায় আসতে পারা যাবে না। তবে হঠাৎ একটা টাটানগর থেকে আসা একটা ট্রেন পাওয়ায় আমি তাতে করে চলে এলাম। প্রধানমন্ত্রী এবং রেলমন্ত্রী বার বার বলেন যে আমাদের রেল ব্যবস্থা ঠিক আছে। কিন্তু অপরদিকে রেল কর্মচারিদের ছাঁটাই করে দিয়ে অনভিজ্ঞ লোকেদের দিয়ে চালাচ্ছেন যার ফলে গতকাল এবং কয়েকদিন আগে ঘটনা ঘটে। এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে তিনি যেন শ্রীমতী গান্ধী এবং রেলমন্ত্রীর সঙ্গে এ বিষয় নিয়ে কথা বলেন যাতে আমাদের ওই একটিমাত্র ট্রেন বন্ধ না হয়। এক্সপ্রেস ট্রেন তো হল না, ব্রডগেজ সম্বন্ধে কোনও কথা ওরা বলছেন না। সুতরাং মুখ্যমন্ত্রী যেন এই দুটি বিষয় নিয়ে প্রধানমন্ত্রী এবং রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন যাতে এর একটা সুরাহা হয়।

**শ্রী মহঃ সোহরাব :** স্যার, এই ব্যাপারটা সত্য বাপুলি মহাশয় মোটামুটিভাবে বলেছেন বলে আমি সংক্ষেপে বলছি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন-এর ব্যাপারটা একটা একাডেমিক অ্যাফেয়ার্স। কিন্তু আজকে কনভোকেশনের ভোট নিয়ে একটা গোলমালের সৃষ্টি হয়েছে। এর ডেট ঠিক হয়েছে ৭ তারিখে কিন্তু চ্যান্সেলার ক্যাটিগরিকালি বলেছেন এটা অবৈধ। চ্যান্সেলারের সঙ্গে পরামর্শ করে দিন ঠিক করতে হয়। সুতরাং এই কনভোকেশন যাতে বন্ধ থাকে এবং এখানকার অ্যাকাডেমিক অ্যাটমোসফেয়ার যাতে ভাল হয় তার জন্য অনুরোধ করছি।

**মিঃ স্পিকার :** এই রকমভাবে করলে আমাকে একটা ব্যবস্থা করতে হবে। আগের দিন মেনশন ম্যাটার করতে হবে, না হলে একই ব্যাপার চলে আসছে। আজকের দিনে দিলে

আমি কি করে কন্ট্রোল করব কারণ আপনারা আমাকে ১১/১২টার সময় দিলেও আমি এটা অ্যালাউ করি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** স্যার, কোলাঘাট থার্মাল স্টেশনের শ্রমিক অসন্তোষের ফলে সেখানকার কাজ অচল হয়ে গেছে এবং এই অসন্তোষ থেকে আরও ভয়ানক একটা কিছু হতে পারে। পরস্পর বিরোধী শ্রমিকদের মধ্যে একটা ক্লাস সৃষ্টি হতে পারে। সেজন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব তিনি যেন এই বিষয়ে হস্তক্ষেপ করে শ্রমিক অসন্তোষ দূর করে কাজ যাতে ঠিকভাবে চালু হয় তার ব্যবস্থা করেন।

[2-50 - 3-30 p.m.] [including adjournment]

## 76th Report of the Business Advisory Committee

**মিঃ স্পিকার :** আমি কার্য উপদেষ্টা কমিটির ৭৬তম প্রতিবেদন এই সভায় পেশ করছি। এই কমিটির বৈঠক গতকাল ৩রা মার্চ ১৯৮১ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ৬ই মার্চ, ১৯৮১ তারিখ হইতে ১১ই মার্চ, ১৯৮১ তারিখ পর্যন্ত বিধানসভার কার্যক্রম ও সময়সূচি নিম্নলিখিতভাবে নির্ধারণের সুপারিশ করা হয়েছে।

| | | | | |
|---|---|---|---|---|
| **Friday 6-3-1981** | (i) | The West Bengal Requisitioned Land (Continuance of Power) (Amendment) Bill, 1981 (Introduction, Consideration and Passing) | | 1/2 hour. |
| | (ii) | Demand No. 18 | (252–Secretariat—General Services), | 3 hours |
| | (iii) | Demand No. 19 | (253–District Administration), | |
| | (iii) | Demand No. 3 | (213–Council of Ministers), | |
| | (v) | Demand No. 5 | (215–Elections). | |
| | (vi) | Demand No. 41 | (285–Information and Publicity, 485–Capital Outlay on Information and Publicity, 685–Loans for Information and Publicity) | 1/2 hour |
| **Saturday 7-3-81** | (i) | Demand No. 65 | (331–Water and Power Development Services), | 3 hours |
| | (ii) | Demand No. 66 | (332–Multipurpose River Projects, 333–Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532–Capital Outlay on Multipurpose River Projects, 533–Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects.) | |
| **Monday 9-3-81** | (i) | Demand No. 34 | [277–Education (excluding Sports and Youth welfare), 278–Art and Culture, | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | 677–Loans for Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare)], | 4 hours |
| | (ii) | Demand No. 35 | (279–Scientific Services and Research) | |
| | (iii) | Demand No. 31 | (276–Secretariat—Social and Community Services). | |
| **Tuesday 10-3-81** | (i) | Demand No. 52 | [305–Agriculture, | |
| | | | 505–Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings), | |
| | | | 705–Loans for Agriculture (Excluding Public Undertakings), | |
| | (ii) | Demand No. 53 | (306–Minor Irrigation, | 4 hours |
| | | | 307–Soil and water Conservation, | |
| | | | 308–Area Development, | |
| | | | 506–Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, | |
| | | | 706–Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development). | |
| **Wednesday 11-3-81** | (i) | Demand No. 62 | [320–Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), | |
| | | | 520–Capital Outlay on Industrial Research and Development (excluding Public Undertakings and Closed and Sick Industries), | |
| | | | 525–Capital Outlay on Telecommunication and Electronics Industries, | |
| | | | 720–Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries),] | |
| | (ii) | Demand No. 79 | [523–Capital Outlay on Petroleum, Chemicals and Fertiliser Industries (Excluding Public Undertakings)], | |
| | (iii) | Demand No. 80 | [526–Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Close and Sick Industries)]. | |
| | (iv) | Demand No. 82 | [530–Investments in Industrial Financial Institutions (Excluding Public Undertakings)]. | |
| | (v) | Demand No. 64 | (328–Mines and Minerals), | |
| | (vi) | Demand No. 24 | (258–Stationery and Printing), | |
| | (vii) | Demand No. 76 | [321–Village and Small Industries (Public Undertakings), | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | 505–Capital Outlay on Agriculture (Public Undertakings), | |
| | | | 526–Capital Outlay on Consumer Industries (Public Undertakings), | |
| | | | 705–Loans for Agriculture (Public Undertakings), | |
| | | | 722–Loans for Machinery and Engineering Industries (Public Undertakings), | |
| | | | 723–Loans for Petroleum, Chemicals and Fertiliser Industries (Public Undertakings), | |
| | | | 726–Loans for Consumer Industries (Public Undertakings), | 4 hours |
| | | | 734–Loans for Power Projects, (Public Undertakings)] | |
| | (viii) | Demand No 61 | [320–Industries (Closed and Sick Undustries), | |
| | | | 522–Capital Outlay on Machinery and Engineering Industries (Closed and Sick Industries), | |
| | | | 526–Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), | |
| | | | 722–Loans for Machinery and Engineering Industries (Closed and Sick Industries), | |
| | | | 723–Loans for Petroleum, Chemicals and Fertiliser Industries (Closed and Sick Industries), | |
| | | | 726–Loans for Consumer Industries (Closed and Sick Industries)]. | |
| **Thursday 12-3-81** | (i) | Demand No. 36 | (280–Medical, | |
| | | | 480–Capital Outlay on Medical), | |
| | (ii) | Demand No. 37 | (281–Family Welfare, | 4 hours |
| | | | 481–Capital Outlay on Family Welfare). | |
| | (iii) | Demand No 38 | (282–Public Health, Sanitation and Water Supply), | |
| | | | 682–Loans for Public Health, Sanitation and Water Supply). | |

আগামী ৬ই মার্চ ১৯৮১ তারিখে মৌখিক প্রশ্নোত্তর হইবে না এবং ৩৫১ নং নিয়মানুযায়ী কোনও উল্লেখের নোটিশ গৃহীত হইবে না। আগামী ৭ই মার্চ, ১৯৮১ তারিখ বিধানসভার অধিবেশন সকাল ৯টার সময় আরম্ভ হইবে এবং ঐদিন নিয়মানুযায়ী কোন উল্লেখের নোটিশ গৃহীত হইবে না। এবং আপনারা জানেন যে শনিবারে কোনও মৌখিক

প্রশ্নোত্তর হয় না। আমি এখন পরিষদীয় মন্ত্রী মহাশয়কে এই প্রতিবেদনটি পেশ করার জন্য উত্থাপন করতে আবেদন জানাচ্ছি।

**শ্রী ভবানী মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার কার্য-উপদেষ্টা কমিটির ৭৬তম প্রতিবেদনটি গ্রহণের জন্য এই সভায় পেশ করছি।

**মিঃ স্পিকার :** আমি ধরে নিচ্ছি এতে কারও আপত্তি নেই এবং এটা গৃহীত হল।

(The House was then adjourned till 3-30 p.m.)

[3-30 — 3-40 p.m.](After Adjournment)

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৮১-৮২ সালের যে ৬৫ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন এবং তা করতে গিয়ে যে ভাষণ রেখেছেন সেটা আমি পড়েছি। স্যার, প্রতি বছরই ঘাটতি বাজেট পেশ করা হচ্ছে এবং প্রত্যক্ষ ও পরোক্ষ কর চাপানো হচ্ছে এটা আমরা দেখে আসছি। এবারেও তিনি ঘাটতি পূরণের জন্য কতকগুলি প্রস্তাব রেখেছেন, এতে এই ঘাটতি পূরণ হবে কিনা সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আবার হয়তো প্রত্যক্ষ বা পরোক্ষ কর চাপানোর কথা ভাবতে হবে। এখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় একটি বিষয়ের কথা উল্লেখ করেননি, সেটা হচ্ছে পে কমিশনের কথা, সেটা অনেকেই বলেছেন, আমিও বলছি, এই পে কমিশনের জন্য আরো ১০০-১৫০ কোটি টাকা ধরতে হবে কাজেই দেখা যাচ্ছে প্রায় ২০০ কোটি টাকার ঘাটতি বাজেট নিয়ে আমরা যাত্রা শুরু করছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, এই বাজেট দরিদ্র, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তদের বাজেট এবং এই কথা বলে তিনি বার বার আত্মপ্রসাদ লাভ করার চেষ্টা করেছেন। স্যার, আমরা লক্ষ্য করেছি এই বাজেটে কিছু কৃষিঋণ মকুব করার কথা বলা হয়েছে এবং কিছু জিনিস যেমন তামাক, ঔষধ ইত্যাদিতে কিছু ছাড় দেওয়া হয়েছে বা কর হ্রাস করা হয়েছে, এরজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু তা সত্ত্বেও একথা বলব, বন্যা এবং খরাপীড়িত কৃষকদের যে ৪০ কোটি টাকা কৃষিঋণ মকুব করার কথা ঘোষণা করা হয়েছে তাতে আত্মপ্রসাদ লাভ করার কিছু নেই। কারণ আমরা জানি এই বন্যা এবং খরাতে কৃষকদের কি সর্বনাশ হয়ে গিয়েছে। গভর্নমেন্ট যে ৪০ কোটি টাকা কৃষিঋণ মকুব করতে যাচ্ছেন সেখানে হিসাব করলে দেখা যাবে প্রায় ৪০০ কোটি টাকা কৃষকদের ক্ষতি হয়ে গিয়েছে। দীর্ঘদিন ধরে এই কর মকুব করার জন্য অনেক আন্দোলন হয়েছে—বিরোধীপক্ষ, সরকারপক্ষ সকলেই এই দাবি করেছেন। আমি বলব, দীর্ঘদিন পর এই কর মকুব করে গভর্নমেন্ট তার পাপের প্রায়শ্চিত্ত করেছেন। একথা বললাম তার কারণ, কংগ্রেসের ৩০ বছরের শাসন এবং বামফ্রন্টের সাড়ে তিন বছরের শাসনে তারা কেউই কোনও সুষ্ঠু পরিকল্পনা নিতে পারেননি বন্যা নিয়ন্ত্রণ-এর জন্য

এবং খরা থেকে তাদের রক্ষা করার জন্য। তাদের পাপের জন্যই জনসাধারণকে দুর্দশা ভোগ করতে হচ্ছে। এই যে কৃষিঋণ মকুব করা হল-এর পেছনে কৃষক সাধারণের অনেক দুঃখ, অনেক অশ্রু জমে আছে, সেইজন্য আমি বলছি এতে আত্মপ্রসাদ লাভের কোনও সুযোগ নেই। তারপর এর সঙ্গে সঙ্গে মন্ত্রী মহাশয়কে বলব, এই ব্যাপারে অনেকে দাবি করেছেন এবং আমরাও দাবি করেছি যে কৃষিঋণ যেটা মকুব করা হয়েছে সেটা যথেষ্ট নয়। ব্যাঙ্ক থেকে এবং সমবায় সমিতির পণ যেগুলি সেটাও মকুব করার চেষ্টা করবেন। সেই সঙ্গে সঙ্গে এই কথাও বলব যে এই বন্যা বিধ্বস্ত অঞ্চলে যেসমস্ত মধ্যবিত্তরা এই শিল্পঋণ কিম্বা যারা গৃহ নির্মাণ ঋণ নিয়েছেন, সার লোন নিয়েছেন, সেগুলি আপনি বিবেচনা করে দেখবেন যে সেগুলি মকুব করা যায় কিনা। এই প্রসঙ্গে আর একটা কথা বলব। ১৯৬১ সালে কাঁথি মহকুমায় পোলট্রিব জন্য কয়েক লক্ষ টাকা লোন দেওয়া হয়েছিল, তা প্রায় সব আদায় হয়েছে। ১৯৭১ সালে প্রচণ্ড বন্যা হয় এবং পোলট্রিগুলি নষ্ট হয়ে যায়। তা সত্ত্বেও যে টাকা আছে সেটা চক্রবৃদ্ধি হারে সুদ বাড়ছে এবং সেটা পে করা হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে এটা প্রতিকার করার জন্য দৃষ্টি আকর্ষণ করলাম এবং অনুরোধ জানাচ্ছি যে এটাকে মকুব করার জন্য আপনি এই ব্যাপারে একটু চিন্তা করুন যাতে এই পোলট্রি লোনটা মকুব করা যায়। তারপর মন্ত্রী মহাশয়কে আর একটি কথা বলব। আপনি এই যে ৬৫ কোটিটাকা ঘাটতি হচ্ছে, সেটা পূরণ করার জন্য আমাদেব কাছে কিছু প্রস্তাব রেখেছেন। একটা হচ্ছে কয়লার উপরে এবং আর একটা হচ্ছে চায়ের উপরে এবং এই দুটোই হচ্ছে মূল কথা। আমি জানি না যে তার অন্তরের মধ্যে আর কিছু আছে কিনা। তবে প্রকাশ্যে তিনি কয়লা এবং চা সম্পর্কে বলেছেন। আর কিছু কিছু শিল্পকে ছাড় দেওয়া হচ্ছে, তার জন্য আরো ৫ কোটি টাকা জোগাড় করবেন। প্রায় ৪২ কোটি টাকা জোগাড় করবেন বলে ঠিক করেছেন। আমি প্রথমে কয়লা সম্পর্কে বলছি। কয়লায় তিনি ৩ টাকা করে সেস ধার্য করতে চাচ্ছেন। ধরুন, ইস্টার্ন ইন্ডিয়া, কোল ইন্ডিয়া ৩ টাকা করে সেস ধার্য করে আদায় করার জন্য, তারাও ছাড়বে না, তারাও কিছু চাপিয়ে দেবে। এটাও বলেছেন যে ইতিমধ্যে সেন্ট্রাল গভর্নমেন্ট ২৭ টাকা করে পার টনে মূল্য বাড়িয়ে দিচ্ছেন। এই যে রাজ্য সরকারের সেস এবং কোল কোম্পানিরা কিছু ধার্য করলো এবং তার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকার যে ২৭ টাকা করে বাড়াচ্ছেন, তার জন্য যে মূল্য বৃদ্ধি হল, সেটা পরোক্ষভাবে সাধারণ মানুষের উপর গিয়ে পড়বে [illegible]। আমরা দেখেছি যে যেখানে ৯ টাকা করে কয়লা ছিল, সেটা ১৬ টাকা [illegible] কোথাও পাওয়া যায়নি। বিশেষ করে মফস্বলের কোথাও ১৬-১৭ টাকা [illegible]। এই সেস ধার্য হবার ফলে সেটা আবার ১৯ টাকা, ২০ টাকায় [illegible]। আগেও দেখেছি যে যখন কয়লার অভাব হয়েছিল তখন ৩০ টাকা করে [illegible] তুলেছে, সুতরাং আমি মনে করি এটাতে পরোক্ষভাবে সাধারণ মানুষের উপর [illegible] হচ্ছে, এটা সাধারণ মানুষকেই দিতে হবে। আর একটা কথা হচ্ছে, চ [illegible] চায়ের উপর সেস ধার্য হচ্ছে। এটাতে সাধারণ মানুষের কোনও [illegible] মানুষের কোনও ক্ষতি করবে না। আমি তাকে একটা হিসাব

দেখাচ্ছি। পশ্চিমবাংলায় যদি ১২ কোটি কে.জি. চা হয় তাহলে তার মধ্যে নিলামের আওতায় আসছে ৫ কোটি কে.জি.। আপনি আশা করছেন যে পার কে.জি.তে ৬ টাকা করে সেস ধার্য করা হল। তাতে কি হবে? অনেকে ভয় করে নীলামের বাজারে হাজির হবেন এবং তাতে আপনি আশা করছেন ২ কোটি বাড়বে। বাকি ৫ কোটির কাছ থেকে ৬ টাকা দরে ৩০ কোটি টাকা আয় করবেন এবং এই যে ৬৫ কোটি টাকা ঘাটতি, সেটা পূরণ করার চেষ্টা করবেন এবং এটাই হচ্ছে আপনার পরিকল্পনা। আমি আপনাকে বলি, এক কে.জি. চায়ের বাজার মূল্য হচ্ছে ১২ টাকা এবং এটা হচ্ছে কস্ট প্রাইস। তার উপর যদি আবার ৬ টাকা হয় তাহলে ১৮ টাকা কস্ট প্রাইস হয়ে গেল। এর ফলে যারা ১২ টাকা, ১৩ টাকায় চা বিক্রয় করছিলেন, তারা বাধ্য হবেন অন্য পথে যেতে।

এবং বিহার, বাংলাদেশ এবং অন্যান্য জায়গায় চোরাকারবারীর মারফৎ সেই সব চা চলে যাবে। আপনি যা আশা করেন, চা আপনার নিলাম বাজারে বেশি আসবে, আসলে কিন্তু তা আসবে না। চা যেটা নিলাম বাজারে আসবে, সেখান থেকে বেনামদাররা সেই চা নিয়ে নেবে। কাজেই আপনাদের লোকসান হবে, রাজস্বের লোকসান হবে। সঙ্গে সঙ্গে যারা চা-বাগানের মালিক, তারা ক্ষতিগ্রস্ত হবে। ১৮ টাকায় চা আপনারা বিক্রি করতে পারবেন না। এই চা শিল্পে, যেখান লক্ষ লক্ষ মানুষ এর কর্ম সংস্থানের ব্যবস্থা আছে, তাদের ক্ষতি হবে। এই যে বৃহৎ চা-শিল্প, তা একটা রুগ্ন শিল্পে পরিণত হয়ে পড়বে। কাজেই আমি অনুরোধ করছি, এই যে ৬ টাকা সেস ধার্য করার চেষ্টা করেছেন, এই সম্বন্ধে আপনি চিন্তা করুন। কারণ আমি আপনাকে আর একটা কথা বলব, এই চা-এর উপর সেস হবার জন্য এই চায়ের মূল্য আরও বৃদ্ধি পাবে। কারণ আমরা জানি মফস্বলে সাধারণ চায়ের দাম ২০-২২ টাকা এবং এই সেস হলে আরও দাম বেড়ে যাবে। ফলে গরিব মানুষ খুব অসুবিধায় পড়বে। কারণ তারা ক্ষুধা নিবারণের জন্য চা খায়। এর ফলে পরোক্ষভাবে দরিদ্রদের মধ্যে অসুবিধার সৃষ্টি করা হচ্ছে। সুতরাং এটা সম্বন্ধে বিবেচনা করা দরকার বলে আমি মনে করি। আপনি দু'দিক দিয়ে অসুবিধার সৃষ্টি করছেন, যারা চা খায় তাদের অসুবিধার সৃষ্টি করছেন, যারা চা উৎপাদন করে, তাদেরও অসুবিধায় ফেলছেন। সেইজন্য এই ব্যাপারটা নিয়ে একটু চিন্তা-ভাবনা করুন। ৬ টাকা যে সেস ধরেছেন, এই সম্বন্ধে আপনি বিবেচনা করুন, আরও কমানো যায় কিনা। তবে ঘাটতি পূরণের জন্য কোথা থেকে কি আনবেন, সেটা পরের কথা। আপনি বাজেটে যা ধার্য করেছেন, তার মধ্যে আপনি কত টাকা আদায় করতে পারবেন আমি জানি না, এই বিষয়ে আমার সন্দেহ আছে। গতবার আপনি ১১৯৫ কোটি টাকা আদায় করেছেন। এই টাকা সম্পূর্ণভাবে আদায় করতে পারেননি। আমার সন্দেহ হচ্ছে এই জন্য, যেভাবে রাজস্বকে ফাঁকি দেওয়া হয়। আপনি জানেন সেল্‌স ট্যাক্সের ব্যাপারে—সেল্‌স ট্যাক্স যে আদায় হয়—প্রত্যেকটি দোকানে ডব্‌ল খাতা থাকে। সরকারকে ফাঁকি দেওয়ার জন্য এই ব্যবস্থা থাকে। তাছাড়া আপনি জানেন আরও যে সব কর আদায় হয়, তার মধ্যে সেল্‌স ট্যাক্স ছাড়াও কৃষি আয়কর আছে, প্রবেশ কর আছে, অক্ট্রয় আছে এবং এইরকম

আরও অনেক কর আছে, যেগুলো রাজ্য সরকারের প্রাপ্য। রয়ালটি আছে ইট ভাটি প্রভৃতির জন্য হয়তো পাঁচ লক্ষ ইট তৈরি করল, দেখানো হল ২ লক্ষ করেছি, এইভাবে তারা কর ফাঁকি দেয়। এই যে কর ফাঁকি দেওয়া হয়, এটা বহুকাল ধরে চলে আসছে। কাজেই আপনি যেটা আশা করছেন, রাজস্ব আদায় করবেন সেটা আদৌ আদায় হবে কিনা এই বিষয়ে আমার সন্দেহ আছে। এই ব্যাপারে একটা সর্বভারতীয় সমীক্ষা বেরিয়েছে তাতে তাঁরা বলেছেন যে ২০ হাজার কোটি সেন্ট্রাল গভর্নমেন্ট আদায় করেন, তার মধ্যে ২০ পারসেন্ট বাদ দেওয়া হয় কর ফাঁকির জন্য। প্রায় ৪ হাজার কোটি টাকার কর ফাঁকি যায়। আমরা পরোক্ষভাবে দেখছি, যে কিভাবে অ্যামিউজমেন্ট ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে, সেল্‌স ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে চোখের উপর দেখছি এইসব। কাজেই এই টাকা অপনাদের ফাঁকি যাবে। যদি এটাকে শক্ত না করতে পারেন—আপনার নীতি আপনি প্রথমে ঠিক করুন, তার ফলে অ্যামিউজমেন্ট ট্যাক্স ঠিকভাবে আদায় হবে। তা যদি না করতে পারেন তাহলে আপনি সম্পূর্ণভাবে ব্যর্থ হবেন। এই টাকা আপনি আদায় করতে পারবেন না। তারপর এই সম্পর্কে একটা কথা বলব, আমি বিশেষ করে দেখতে পাচ্ছি, কিছু কিছু ক্ষেত্রে সম্পদ বৃদ্ধির ব্যাপারে কিছু হয়নি। যে সম্পদ বৃদ্ধির জন্য রাজ্য যোজনায় ৬৭০ কোটি টাকা রেখেছেন। অনেক দিক থেকে তা বেশি নয়। ওটা গতবারে ৫৮০ কোটি টাকা ছিল। এই বছর ৬৭০ কোটি টাকা রেখেছেন।

আপনি রাজ্যের যোজনা বরাদ্দ ৬৭০ কোটি টাকা রেখেছেন পশ্চিমবাংলার ৩৮ হাজার গ্রামের সাড়ে পাঁচ কোটি লোকের জন্য। এরজন্য আপনার কি পরিকল্পনা আছে নন-প্ল্যান খাতে কত আছে? এবং পরিকল্পনা খাতে কি রেখেছেন? এখানে আমি হিসাব করে দেখছি যে, যে বরাদ্দ রেখেছেন তাতে জন-প্রতি ১ টাকা ৪ আনা করে পড়ছে। এই পরিমাণ বরাদ্দ দিয়ে কিভাবে পানীয় জলের ব্যবস্থা করবেন, রাস্তা করবেন, চিকিৎসা ব্যবস্থা করবেন, তা আমি বুঝতে পারছি না। কাজেই উন্নয়ন খাতে যদি আপনি আরো বেশি টাকা আনতে পারতেন তাহলে আপনাকে আরো বেশি ধন্যবাদ জানাতাম। তারপরে আমি মনে করি এই বাজেটের মধ্যে ব্যয় সঙ্কোচের কোনও ব্যবস্থা নেই। আপনি প্রেস কনফারেন্স করে বলেছেন যে, আপনি দরিদ্রদের জন্য বাজেট করেছেন, এর মধ্যে সাধারণ মানুষ, দরিদ্র মানুষ এবং মধ্যবিত্ত মানুষের জন্য রিলিফের ব্যবস্থা আছে, অনেক সুযোগসুবিধা আছে। সেইসঙ্গে আরো বলেছেন যে, এটা বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গির বাজেট, বামফ্রন্ট সরকারের রাজনৈতিক দর্শনের বাজেট। "এই বাজেটের প্রতি ছত্রে, প্রতি অনুচ্ছেদে বামফ্রন্ট সরকারের দর্শনের প্রতিফলন। আমরা গ্রামের গরিবদের দিকে এবং মধ্যবিত্তদের দিকে নজর দিয়েছি।" আপনি ঠিক কথাই বলেছেন এবং আমরাও আশা করি বামফ্রন্ট সরকার সমাজবাদী আদর্শ নিয়ে, মার্কসবাদী আদর্শ নিয়েই বাজেট পেশ করবেন। কিন্তু আমরা বলব যে, আপনি সেদিক থেকে ব্যর্থ হয়েছেন। তা না হলে সেসব জিনিসের প্রতিফলন তো আমরা বাজেটের প্রতিটি অক্ষরে অক্ষরে দেখতে পেতাম এবং সেটাই আমরা আশা করেছিলাম। আপনার ১ বছরের বাজেটের মধ্যে আমরা সেটা যেমন পাইনি, ২য় বছরেও পাইনি, তৃতীয় বছরে পাইনি এবং চতুর্থ

বছরেও তার কোন প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি না। তাই আমি আপনাকে বলব যে, সর্বস্তরের মানুষের কল্যাণের জন্য এই বাজেটে কোনওরকম ব্যবস্থা রাখা হয়নি। আজকে প্রতিটি স্তরের মানুষের আয়ের মধ্যে যে তারতম্য রয়েছে তা দূর করার জন্যও কোন ব্যবস্থা নেওয়া হয়নি, সমতা রক্ষা করার কোনও ব্যবস্থা করা হয়নি। অথচ আপনি জানেন রাজ্যে দারিদ্র্যসীমার নিচে প্রায় ৭০ ভাগ মানুষের বাস। সেই মানুষের আয়ের পরিমাণ বাড়াবার কথা চিন্তা করা হয়নি। আজকে আমাদের এখানকার একজন সমাজবাদী মন্ত্রীর আয়ের সঙ্গে ন্যূনতম আয়ের ব্যবধান যদি অন্তত ১০ গুণ রাখবার চেষ্টা করা হ'ত তাহলেও না হয় আমরা বুঝতে পারতাম যে, একটা কিছু করার জন্য চেষ্টা করা হচ্চে। কিন্তু সেই চেষ্টাও এখানে করা হয়নি। সেই পুঁজিবাদী ব্যবস্থাই এক্ষেত্রেও বহাল রয়েছে। আজকে এখানে আমরা দেখছি সরকারি কর্মচারিদের মধ্যে ২.৩ হাজার টাকা মাইনের লোক রয়েছে, আবার ৪০ টাকা মাইনের লোককেও বাংলাদেশে দেখছি। সুতরাং আপনার রাজনৈতিক আদর্শ অনুসারে এই বাজেট প্রস্তুত করতেও আপনি ব্যর্থ হয়েছেন। আপনার ঐ বক্তব্যের সঙ্গে এই বাজেটের কোনও সম্পর্ক নেই। পুলিশ খাতে আপনি বরাদ্দ বৃদ্ধি করেছেন। অথচ আপনি যদি সমাজবাদী দৃষ্টিভঙ্গি নিয়ে বাজেট করতেন তাহলে চিকিৎসা, শিক্ষা, পূর্ত খাতে আরো বেশি টাকা বরাদ্দ করতেন। পুলিশ খাতে বরাদ্দ বাড়ার কি কারণ তা আমরা বুঝতে পারছি না। পুলিশের সঙ্গে আপনাদের তো বিশেষ সম্পর্ক থাকা উচিত নয় সে সম্পর্ক থাকে তো পুঁজিপতিদের, তাদের পুলিশের উপর নির্ভর করে রাষ্ট্র চালাতে হয়। আপনি তো বলছেন আপনাদের সঙ্গে জনগণ আছেন। তাহলে আজকে পুলিশের জন্য এত ব্যয় করছেন কেন? পুলিশের উপর এতটা নির্ভরশীল হচ্ছেন কেন? তারপর আপনি সুস্পষ্টভাবে বলছেন কেন্দ্র টাকা দিচ্ছে না। আমি বলছি, কেন্দ্র আপনাদের টাকা দিলেও আপনারা সে টাকা খরচ করতে পারেন না। আপনাদের বাজেটে আপনারা যেটা বরাদ্দ করেন এবং কেন্দ্র যেটা দেয়, দুটোই পুরো খরচ করতে পারছেন না। এবিষেয়ে আমি আপনাকে আপনাদের '৭৭-৭৮ সালের ইকোনমিক রিভিউ-এর ২৮ পৃষ্ঠাটি দেখতে একটু অনুরোধ করছি।

[3-50 — 4-00 p.m.]

সেই অডিট রিপোর্টে কি বলছে? সেই রিপোর্ট-এ দেখতে পাচ্ছি, রাজ্যের বাজেটের ৫২টি গ্রান্টের ৮৮ কোটি ১১ লক্ষ টাকা খরচ হয়নি এবং ৩০টি চার্জড অ্যাপ্রোপ্রিয়েশনে ২০ কোটি ৯৫ লক্ষ টাকা-প্রায় ১০০ কোটি টাকা খরচ হতে পারে নাই। বাজেটে ধরা আছে— কিন্তু দপ্তরের অক্ষমতার জন্যেই হোক বা যে কোন কারণেই হোক আপনারা খরচ করতে পারেন নাই। এরমধ্যে দামোদর ভ্যালী পাওয়ার স্কীমে ৬ লক্ষ ১৫ হাজার ৫০ টাকা অর্থাৎ শতকরা ৩৪ ভাগ খরচ করতে পারেননি। সি. ভি. দামোদর ভ্যালী ইরিগেশন স্কীম ২ লক্ষ ৭৪ হাজার ৮১ টাকা অর্থাৎ শতকরা ৬৭ ভাগ খরচ করতে পারেননি। ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্ট অন এগ্রিকালচার ডেভেলপমেন্টে ৩ কোটি ৯৮ লক্ষ ৪৭ হাজার টাকা অর্থাৎ শতকরা ৮১ ভাগ টাকা আপনারা খরচ করতে পারেননি। ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্ট অন

এগ্রিকালচার ডেভেলপমেন্ট ইম্প্রুভমেন্ট অফ এগ্রিকালচারাল এক্সটেনশন রিসার্চ-এর ক্ষে ১ কোটি ১০ লক্ষ ৯০ হাজার টাকা যেটা দেওয়া হয়েছিল সেটা খরচ করতে পারেনি অর্থাৎ ১০০ ভাগ টাকা খরচ হয়নি। সেন্ট্রাল সেক্টরে (নিউ স্কীম) যেটা পাইপ ওয়াটা সাপ্লাইয়ের জন্য হয়েছিল—গ্রাম বাংলার মানুষকে জল খাওয়ানোর জন্য ২ কোটি ৩৫ হাজা ৫০ টাকা দেওয়া হয়েছিল অর্থাৎ ৯৮ পারসেন্ট টাকা খরচ করতে পারেননি। ফ্যামি ওয়েলফেয়ার ফর ভ্যাসেকটমির জন্য ১ কোটি ৯৫ হাজার ১৩ টাকা দেওয়া হয়েছিল অর্থা ৯৪ পারসেন্ট টাকা আপনারা খরচ করতে পারেননি। টিউবেকটমির জন্য ১ কোটি ৮ হাজার ১৩ টাকা দেওয়া হয়েছিল অর্থাৎ ৯১ পারসেন্ট টাকা আপনারা খরচ করতে পারেননি সুতরাং আপনারা টাকা খরচ করতে পারবেন না আর বলবেন কেন্দ্র দিল না তা তো হ না। তারপর সরকারি সংস্থায় যে টাকা ইনভেস্ট করা হয় তাও সব লোকসানে যায়। ধরু একটা প্রাইভেট বাস যদি এ বছরে বার করে তার দ্বিতীয় বছরে সে আর একটি বা কেনে। আর সরকারি বাসের ক্ষেত্রে দেখা যাচ্ছে ১১০০ মতন বাস চালিয়ে ১৪ কোটি টাক লোকসান দিল। আর ট্রামের লোকসান ৪ কোটি ৬৮ লক্ষ ১৯ হাজার টাকা। আমরা প্রাইভে বাসের ক্ষেত্রে দেখি, এই বাস দ্বারা তারা পরিবার প্রতিপালন করছে, সঙ্গে সঙ্গে তা জমিজমা কিনছে, সম্পদ সৃষ্টি করছে। কিন্তু সরকারি ক্ষেত্রে লোকসান দিতে হচ্ছে। ন বেঙ্গলের ক্ষেত্রে দেখতে পাচ্ছি ৩ কোটি ৮৭ লক্ষ টাকা লোকসান। কাজেই আমরা দেখতে পাচ্ছি, একদিকে টাকা দেওয়া হয় আর অন্য দিকে আপনারা খরচ করতে পারেন না। আ যে টাকা ইনভেস্ট করা হয় সেই টাকাও লোকসানে যায়। তাহলে সম্পদ বৃদ্ধি হবে কো থেকে? কাজেই টাকা বরাদ্দ হলেই যে কাজ করা যায় আমি মনে করি তা ভুল। তারজ প্রশাসন যন্ত্রকে ঠিক করতে হবে। এইসব অভাবের জন্য আমরা দেখতে পাচ্ছি, দে অরাজক অবস্থা সৃষ্টি হয়েছে, কর্মহীনতা সৃষ্টি হয়েছে। তারপর পঞ্চায়েত সম্পর্কে ওনারা খু গর্ব করেন—নিশ্চয়ই গর্ব আমিও করি, আমরা চেয়েছিলাম ক্ষমতার বিকেন্দ্রীকরণ হোব গণতান্ত্রিক ব্যবস্থা সাধারণ মানুষের মধ্যে মিশে যাক এবং এর ফলে গ্রামের অনেক উন্নতি হবে কিন্তু দেখা গেল ২০০ কোটি টাকার মতন খরচা হল কিন্তু কোন স্থায়ী সম্পদ সৃষ্টি হ নাই। রাস্তা নলকূপ প্রভৃতি কাজে প্রায় ৫০ পারসেন্ট টাকা ঘরে চলে যাচ্ছে। বহু পঞ্চায়েতকে বাতিল করে দিয়েছেন। বহু জায়গায় দুর্নীতি চলছে। আমি বলছি এর দ্বারা বামফ্রন্ট সরকারে কোনও মর্যাদা বৃদ্ধি হচ্ছে না। যদি আপনারা মনে করে থাকেন সাধারণ মানুষ বামফ্র সরকারকে সমর্থন করছেন তাহলে বলব আপনারা ভুল পথে যাচ্ছেন।

যারা গিয়ে রাস্তায় লুঠ-পাট, চুরি-ডাকাতি করে তাদের দ্বারায় বামফ্রন্ট সরকারে কোনও গৌরব বাড়বে না। বামফ্রন্টের গণতান্ত্রিক আন্দোলন কিছুই অগ্রসর হবে না। আমি আপনাকে সাবধান করে দিচ্ছি। বিরোধীদলের লোকেরা যা বলবে তা ভুল বলবে এটা মনে করবেন না। গ্রামে গ্রামে যান, বামফ্রন্ট সরকারের প্রতি যদি কেউ অনাস্থা সৃষ্টি করে থাকে তাহলে এই এরাই করেছে। ঐ পঞ্চায়েত মেম্বাররা, পঞ্চায়েত প্রধানরাই সৃষ্টি করেছে। এ

জন্য কমিশন গঠন করে দেখুন, প্রকাশ্যভাবে দেখুন, দেখবেন কিভাবে টাকা তছনছ হয়েছে। কিভাবে টাকা জলে গেছে, জনসাধারণের টাকা কিভাবে নষ্ট হয়েছে। গ্রামের উন্নয়ন হয়নি। টাকা পাঠিয়েছেন, রাস্তা নির্মাণের জন্য কিন্তু কিসে খরচ হয়েছে খোঁজ নিয়ে দেখুন। পঞ্চায়েত ব্যবস্থায় এমন একটা অবস্থা হয়েছে যে লোকে এখন পঞ্চায়েতের নামে ভয় খাচ্ছে। আমি তাই মনে করি পঞ্চায়েত প্রধানরা যদি লাঠি নিয়ে লোকের ঘরে ধান লুঠ করতে যায় তাহলে লোকে সেটা ভালভাবে নেবে কি করে? আপনি সেটা চিন্তা করে দেখুন। তারপর হাসপাতালে দেখুন, ডাক্তার নেই, নার্স নেই, ঘর ভেঙে পড়ে যাচ্ছে তার কোনও ব্যবস্থা হচ্ছে না। কেন এমন হচ্ছে, অনুসন্ধান করে দেখুন। তারপর বেকারদের কথা। আপনারা বেকারভাতা বন্ধ করলেন, বিকল্প কোন স্থায়ী ব্যবস্থা না করে ৩ লক্ষ লোককে রাস্তায় বসিয়ে দিলেন। তারা মনে করেছিল আমরা বেকার ভাতাটা পাচ্ছিলাম, যতক্ষণ পর্যন্ত চাকরি না পাব অথবা অন্য কোন শিল্পে আমাদের নিয়োগ না করা যাবে কোনও রকম অন্য সংস্থায় ততদিন হয়ত পাব, কিন্তু ক্যাটিগরিক্যালি তাদের বিকল্প কোনও ব্যবস্থা না করেই তাদের পথে বসিয়ে দিলেন। ৩ লক্ষ লোকের মনে হতাশার সৃষ্টি করেছেন। এই অবস্থা হয়েছে। কিন্তু আমি মনে করি এদের অবিলম্বে বিকল্প কোনও ব্যবস্থা হওয়া দরকার, লক্ষ লক্ষ শিক্ষিত যুবক আজ ঘুরে ঘুরে বেড়াচ্ছে চাকুরির জন্য, কাজের জন্য। স্কুলের জন্য টাকা দিয়েছেন, আপনি দেখুন টাকাটা খরচ হচ্ছে, কাজ ঠিকভাবে হচ্ছে না। ঠিকভাবে সেখানে ইন্টারভিউ হয় না, এম. এল. এ. হিসাবে ইন্টারভিউর সময়ে আমিও অনেক সময় উপস্থিত থাকি, সেখানে চিন্তা করা হয় আমাদের দলের লোক কিনা, ক্যাডার কিনা কাঁথিতে এইরকম হয়েছে, এম. এল. এ. যারা বসে আছে আমরা সেখানে একটা লোককেও ঢোকাতে পারিনি। যোগ্যতা, অযোগ্যতা বিচার না করে দলের লোককে ঢোকানো হয়। তারপর কৃষকদের পেনশনের কথা, কৃষকদের পেনশন দিচ্ছেন খুব ভাল কথা। বার্ধক্য ভাতা দিচ্ছেন কিন্তু কৃষক যদি তার উৎপন্ন ফসলের দাম না পায়—তার ধান, পাট, আলুর মূল্য যদি নির্ধারণের ব্যবস্থা না করেন তাহলে পেনশন দিয়ে লাভ হবে না। তাই আমি বলছি আপনারা কৃষকের এই ব্যাপারে উদ্যোগী হবেন। এইজন্যই আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। পুলিশ খাতে বহু টাকা ব্যয় করা হয়েছে। প্রশাসন অচল, তারা নীরব, কাজ করার ইচ্ছা থাকলেও করতে পারে না। সি. পি. এম.এর মাতব্বরেরা কখনও কখনও থানায় গিয়ে, কখনও কখনও এস. ডি. ও. জেলা ম্যাজিস্ট্রেটের অফিসে গিয়ে বসে থাকে। এটা ঠিক নয়। সুতরাং আপনারা নীরব থেকে শাসন পরিচালনা করবেন তা হয় না, আমি আপনাদের কাছে আবেদন করছি এগুলো যাতে বন্ধ হয় সেটা করুন।

[4-00 — 4-10 p.m.]

এতে যুক্তফ্রন্টের গৌরব বাড়বে। আমি মনে করি কিছুটা ভাল কাজ করে আপনারা এগিয়ে যাবেন। এতে আপনাদের মর্যাদা বাড়বে। এটা মনে করে আমি আমার বক্তব্য শেষ করছি এবং বাম গণতান্ত্রিক আন্দোলনের কথা যেটা বললেন, আমি বলে দিচ্ছি সেই

আন্দোলনের প্রতি শ্রদ্ধা ও বিশ্বাস বাংলাদেশের বহু লোকের আছে। কিন্তু আপনাদের এই কাজের ফলে বাম গণতান্ত্রিক আন্দোলনের প্রতি লোক বিতশ্রদ্ধ হয়ে গিয়েছে। সেইজন্য আমি সতর্ক করে দিতে চাই এই প্রতিক্রিয়া থেকে বাঁচবার জন্য যাতে আরও প্রতিক্রিয়া সৃষ্টি না হয় তার জন্য আমি আপনাদের কাছে অনুরোধ করব। শুধু শহরে নয় পল্লী গ্রামে গ্রামে যাতে বাম গণতান্ত্রিক আন্দোলন মানুষ বুঝতে পারে, দরিদ্রের গভর্নমেন্ট যাতে মানুষ অনুভব করতে পারে সেটা দেখুন। আপনাদের কাজে, আপনাদের আচরণে, আপনাদের চলাফেরা সবদিক দিয়ে যাতে পরিস্ফুট হয়ে উঠে এবং এই যে উন্নয়নমূলক কাজ করেছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি কিন্তু সামগ্রিকভাবে এই বাজেটে জনসাধারণের উন্নতিবিধান, কর্মসংস্থান এবং সম্পদ বৃদ্ধির সাহায্য করতে পারবে না। তাই আমি দুঃখের সঙ্গে সামগ্রিকভাবে এই বাজেটকে সমর্থন করছি না।

**শ্রী অহিন্দ্র সরকার ঃ** Sir, on a point of personal explanation মাননীয় সদস্য আমার বিরুদ্ধে কতকগুলো অভিযোগ করেছেন, তিনি বলেছেন আমি নাকি ৫০ হাজার টাকা দিয়ে বাড়ি করেছি। এবং এটা সর্বৈব অসত্য কথা এবং তিনি বলেছেন আমি নাকি দোতলা বাড়ি করেছি এটা সর্বৈব অসত্য কথা। হাউসের একজন সদস্য হয়ে এই রকম অসত্য কথা বলতে পারেন? ২ লক্ষ টাকা দিয়ে বাড়ি করেছি এটা অসত্য কথা আবার বলেছেন যে আমি নাকি বালি নিয়ে রয়েলটি দিইনি। এর কোনওরকম প্রমাণ করতে পারবেন না। আমি যে রয়েলটি দিইনি তার প্রমাণ দিতে হবে এবং তার ডকুমেন্ট যে পেয়েছেন তা আমাকে দিতে হবে। একজন সদস্যের বিরুদ্ধে যে একজন সদস্য এই রকমভাবে অসত্য অভিযোগ আনতে পারে এটা আশ্চর্য। গঙ্গারামপুরের বিবাদের কথা বলছি কোন মানুষ জিনিসপত্র কিনে আনতে গেলে ছাত্রপরিষদের ছেলেরা রাস্তা-ঘাটে বিরক্ত করে, এই হল কংগ্রেস নেতাদের কাজ। এটা ওরা অন্যায়ভাবে মিথ্যা প্রচার করার চেষ্টা করছেন।

**শ্রী বিনয় কোনার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি সরকার পক্ষের সদস্য হিসাবে সেই বাজেট সমর্থন করছি। তবে বিরোধী দলের যাঁরা বসে আছেন আপনারা বাঁ পাশের বেঞ্চে তাদের প্রতি নির্মম হতে পারছি না। তাঁদের প্রতি আমার একটু করুণা, একটু মমতা রয়েছে। এক বছর হয়ে গেল কেন্দ্রে ইন্দিরা গান্ধী মন্ত্রিসভা গঠন করেছেন, কিন্তু কত দুঃখের সঙ্গে বলতে হয় যে তারপরেও এক বছর বাদে আমাদের এই পশ্চিমবাংলায় বিধানসভার অধিবেশন বসেছে এবং মন্ত্রী মহাশয় বাজেট পেশ করতে পারছেন। এইটা কি কল্পনা করতে পারা যায়? এটা কি সত্য হয় এবং তারজন্য কংগ্রেস দলকে কত কষ্টই না সহ্য করতে হচ্ছে। তাঁরা কি ভেবেছিলেন ইন্দিরা আসবেন? আর গণতন্ত্র মানে শ্রী এস. এস. মহাপাত্রের ভাষায় বলতে হয় কংগ্রেসের ইন্দিরা ভয়েস হচ্ছে এবং গণতন্ত্রের কথা মানে জনগণের কথা। ইন্দিরা সরকার আসার সঙ্গে সঙ্গে জনতা সরকারকে ভেঙে দিলেন। কিন্তু আমাদের এই ৪টে বছর হয়ে গেল তবু আমরা রয়ে গেলাম। এটা কি কম কষ্টের কথা কংগ্রেস দলের কাছে। এই ৪ বছরে তারা অনেকগুলি

নপুংসের জন্ম দিয়েছেন।

(নয়েজ)

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার,

(নয়েজ)

**Mr. Deputy Speaker :** There is no point of order, Rajani Babu. Please take your Seat. I am on my legs.

**শ্রী বিনয় কোনার ঃ** এই ৪ বছর ধরে তারা উপোসী আছে। কত সহজে টাকা আদায় করা যেত। রাস্তায় চাল বিক্রি হচ্ছে তারজন্য তিন টাকা করে পেল। বাড়িতে ঢুকে গিয়ে জোর করে চাঁদা আদায় করা হত, টাকা না দিলে ছিনতাই। এইসব লোকগুলিকে তো বাঁচাতে হবে। এই লোকগুলি এখন ওদের হাতে এবং তাদের হাতে তুলে দেওয়া অস্ত্রগুলি নিয়ে ট্রেনে এবং এখানে ওখানে ডাকাতি করছে। কিন্তু এখন তাদের উপর একটা কিছু করা হচ্ছে। সুতরাং এই যে মনোবেদনা ওটা কি করে সহ্য করা যায়। ওঁদের একজন নেতা জেতার পরে জনতাকে তাড়ালেন কিন্তু ইন্দিরা নিরুপায় এবং কিছু করা যাচ্ছে না বলে তারা এক একটা জিনিস ঘোষণা করতে আরম্ভ করলেন। প্রথমে বললেন ভোটার লিস্ট পোড়াও কিন্তু তাতেও কিছু হল না তারপরে বললেন আইন-শৃঙ্খলা কিন্তু মুশকিল হচ্ছে ওঁরা ভগবানে বিশ্বাস করেন সেই ভগবান ওঁদের প্রতি বিরূপ হয়ে গেছে। যার ফলে লেগে গেল মোরাদাবাদে। পাঞ্জাবে রিরাঙ্কার, সমস্ত পুড়তে লাগলো। তারপর বিদ্যুৎ নিয়ে লাগলেন, রাইটার্স অভিযান করলেন। সত্যি সাংঘাতিক কথা ৬৫ থেকে ৭৫ পর্যন্ত ১০টা বছর তারা চুপ করে রইলেন। যুক্তফ্রন্টকে বললেন যে বিদ্যুৎ প্রকল্প করে কিন্তু তা হল না। তারপর বামফ্রন্ট সরকার এল, প্রয়োজন লাফিয়ে লাফিয়ে বাড়ছে এটা যেন জ্যোতিবাবু মুখ্যমন্ত্রী হিসাবে কোঁদ পাড়লেই বিদ্যুৎ হয়, কিন্তু তিনি কোঁদটা পাড়লেন না। তারা ২০০ মেগাওয়াট করেছেন, তাছাড়া কোলাঘাট, ব্যান্ডেল নতুন ইউনিট খুলেছেন। এসব করতে সময় লাগবে। কিন্তু স্বল্পমেয়াদী ব্যবস্থা কিছু করা হয়েছে যাতে ২১৫ মেগাওয়াট বিদ্যুৎ হল। কিন্তু প্রশ্ন তা নয় সিদ্ধার্থবাবু থাকলে আজকে এমন একটা দমক মারতেন যে সেই বিদ্যুতের ঝলসানি ভোলাবাবু থেকে আরম্ভ করে অনেকের চোখ ঝলসে যেত—চোখে সরষে ফুল হয়তো তারা দেখতেন কিন্তু তা হয়নি।

[4-10 — 4-20 p.m.]

সুতরাং তাঁরা মনকষ্টে আছেন এবং তাঁরা এ নিয়ে বিক্ষোভ করবেন। কি করে করবেন? এরজন্য তো একটা অজুহাত চাই। ধরুন, শিক্ষাকে কি করে সমর্থন করা যায়। কারণ শিক্ষার তো সঙ্কোচন হচ্ছে। তাদের তো পড়তে হত না, গোপাল সেনকে তাঁরা খুন করতে পারতেন, উপাচার্য খুন করতেন বলতেন গণতান্ত্রিক অধিকার। পরীক্ষা দিতে হত না, পাশ করা যেত।

এর পর বাজেটকে সমর্থন করা যায় কি করে? ৩রা মার্চ পরীক্ষা হল। এর আগে ১৯৭' সালের পরীক্ষা ১৯৪৮ সালে হত, ১৯৭৬ সালের পরীক্ষা ১৯৭৭ সালে হত। ফল বের হ‍ে না, বছরের পর বছর পড়ে থাকবে। কিন্তু এখন ঠিক কি সময় স্কুল ফাইনাল পরীক্ষা হ‍ে পারছে। অর্থাৎ পাস কাজ করার জন্য ওঁরা সমর্থন করতে পারছেন না। সীমাবদ্ধ ক্ষমতা কথা বললে ভোলাবাবুর রাগ হয়, হরিপদবাবু মনে ব্যাথা পান। অতএব এইসব কথ বলবেন না। অথচ সীমাবদ্ধ ক্ষমতার ভেতর দিয়ে এই ক'বছরে ৪ হাজার ৬০০ নতুন স্কু খুলবেন, তার মঞ্জুরি দিলেন। এটা করা কি উচিত হল? আপনাদের করা উচিত ছি উচ্চশিক্ষার জন্য। কারণ সমস্ত গরিব সমস্ত লোক, বাজারে নেই, কলকারখানা বাড়ছে না জিনিসের চাহিদা নেই। অতএব কেন বেকার তৈরি করবেন? বরং হাসপাতাল কিছু বাড়ান কিছু উচ্চ শিক্ষা বাড়ান। কারণ সমাজের সব চেয়ে বড় ক্রীমগুলির জন্য এটুকুন দরকার বিদেশে প্রতিযোগিতা দরকার বলে বেস্ট ব্রেনগুলিকে উচ্চ শিক্ষা দাও এবং প্রাথমিক, মাধ্যমিকের জন্য কম খরচ কর। অর্থাৎ জাতীয় প্রয়োজনে বুদ্ধিজীবী কিছু ট্যালেন্ট তৈরি এবং সমস্ত মানুষগুলোকে তলায় ফেলে রেখে দাও। আপনারা ৯০০ উপরে নানা মাধ্যমিক স্কুল খুলবেন এটা শিক্ষার সঙ্কোচনের নয়? ৬টা কলেজ খুললেন—মেডিক্যাল বাদ দিয়ে। এটা শিক্ষার সঙ্কোচন হল? লাইব্রেরি সম্বন্ধে বলব গত ৩০ বছরে অনেক প্রচেষ্টা করে ৭০১টি রুর‍্যাল লাইব্রেরি করেছিলেন, আর বামফ্রন্ট সরকার এত অপদার্থ যে এই ৩ বছরে ১১৩৮টি রুর‍্যাল লাইব্রেরি করলেন এবং এই রুর‍্যাল লাইব্রেরিগুলিতে কংগ্রেস আমলের মতন তাদের বস্তা পচা বই পড়তে হবে এবং এর জন্য কোনও ম্যান্ডেট দিলেন না বললেন ফ্রি উইল। এখানে বলা হয়েছে রচনার বই রাখতে হবে এবং তাতে নেহেরুর লেখা বই থেকে অন্যান্য লোকেরাও থাকবে। এখন এগুলি কি শিক্ষার সঙ্কোচন নয়?

কারণ শিক্ষা সঙ্কোচন কাকে বলে তলার দিকে যদি শিক্ষা বাড়ে, মানুষের যদি জ্ঞান বাড়ে এটা আপামোর জনসাধারণ তার দ্বারা উপকৃত হবে। ইন্টেলেকচুয়াল সকলে নয়। কারণ ইন্টেলেকচুয়াল মানে হচ্ছে গলায় তার গগলেস বাঁধা থাকবে এবং পুঁজিপতিরা সেটা ধরে টানবে। কারণ শ্রমিক শ্রেণীর তৈরি পয়সায় পুঁজিপতিদের হাত দিয়ে তাদের গর্ভে যায়। তাতে যারা লেজ নাড়বে তারাই ইন্টেলেকচুয়াল। কিন্তু যে সমস্ত ইন্টেলেকচুয়াল শোষিত শ্রেণীর দিকে থাকবে, তাদের হয়ে লড়াই করবে, জেল খাটবে তারা ইন্টেলেকচুয়াল নয়—ওরা কমিউনিস্ট বামপন্থী।

ফরোয়ার্ড ব্লকের লোক কি আর. এস. পি.র লোক—তারা তো ইন্টেলেকচুয়াল নয় ওরা রাজনীতি করে। কিন্তু এইরকম ইন্টেলেকচুয়াল জন্ম হবে? তবে তো শিক্ষার প্রসার হয়ে যাবে। সুতরাং তারা যা বলছেন এটা অন্যায় বলছেন না। তাই তারা বলছেন আপনারা যা করলেন আপনারা মহাপাপ করলেন। ১২ ক্লাস পর্যন্ত ফ্রী করলেন এটা কি ভাল কাজ হয়েছে? আবার বই দিচ্ছে বিনা পয়সায়—কি অন্যায় কথা। হ্যাঁ, বইটা দেওয়ার ব্যাপারে কিছু অসুবিধা হচ্ছে বামফ্রন্টের—ঠিক সময়মত বই যাচ্ছে যতগুলি বই দেওয়া দরকার তা

দেওয়া হচ্ছে না। কিন্তু তবুও কিছু বই বিনা পয়সায় দিচ্ছেন এবং সেগুলি মার্কস-এর রচনা নয়। এই জিনিসটা কি সহ্য করা যায়? আবার গাঁয়ের গরিব ছেলেরা স্কুলে যাবে যারা খেতে পায় না। সব না পারলে আপনারা কিছু লোককে টিফিন কিছু প্রসাদ দিচ্ছেন। ওঁদের মতে এটা হচ্ছে শিক্ষার সঙ্কোচন—তাহলে কি করে এটাকে ওঁরা সমর্থন করতে পারেন? কেন না ওঁরা প্রাথমিক স্তরে ইংরাজিতে বাধ্যতামূলক করতে বলছেন। হান্টার কমিশন, কোটারী কমিশন এমন কি মহাত্মা গান্ধী বলেছিলেন ঐ বয়সে ইংরাজি শিক্ষা দেওয়া It is a Sin.

একথা ওঁরা বলতে পারেন কেন না ওঁরা আউট ডেটেড। একদিকে মহাত্মা গান্ধীর পায়ের তলায় গিয়ে পড়ছেন আর ওঁদেরই অনুসৃত বামফ্রন্টের ভাষা নীতির বিরোধী। আর মহাত্মা গান্ধী তো আউট ডেটেড লোক তখন কি বলেছিলেন আর তখন কি পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ছিল? তখন কি এইসব কাণ্ড হয়েছিল এবং তাহলে হয়তো মহাত্মা গান্ধী এইসব কথা বলতেন না। আপনারা বলছেন শিক্ষায় হস্তক্ষেপ করা হয়েছে—এ তো সাংঘাতিক ব্যাপার। ইউনিভার্সিটিগুলোর যে কমিটি ছিল সিনেট সিন্ডিকেটগুলো মেয়াদ বাতিল করা হচ্ছে। যাদের মেয়াদ শেষ হয়ে গেছে তা সত্ত্বেও সেখানে আপনারা অ্যাডমিনিস্ট্রেটর দিয়ে এলেন। এটা তো একমাত্র কংগ্রেস পারে। রাজত্ব বদলাবার সঙ্গে সঙ্গে বিহারে যেই মাত্র রাষ্ট্রপতি শাসন হল সঙ্গে সঙ্গে সমস্ত ইউনিভার্সিটিগুলির সিন্ডিকেট শুধু বাতিল হল না উপাচার্য বরখাস্ত হলেন। তাহলে কেন আপনারা বাতিল করলেন উপাচার্য কেন বরখাস্ত করলেন না? এটা কংগ্রেস করতে পারে—ইন্দিরা গান্ধীর দল যা বলবে যা করবে তাই করতে হবে? রমা চৌধুরী তো বামপন্থী নন তাকে তাড়িয়ে দিয়ে প্রতুল গুপ্তকে ঢোকানো এগুলি কি গণতান্ত্রিক পদ্ধতি? এটা কিন্তু শিক্ষার সঙ্কোচন নয়। কিন্তু আপনারা হস্তক্ষেপ করছেন এইসব কাণ্ড করছেন বামফ্রন্টরা। বিক্রম বিশ্ববিদ্যালয় সেখানে পুরানো ভি সি-কে বরখাস্ত করা হল কাকে বসানো হল—একজন পুলিশ অফিসারকে, এটা কি হস্তক্ষেপ? শিক্ষার পূর্ণ মর্যাদায় আপনারা এখনও প্রফেসারের নিচে নামেননি ভি সি করার ক্ষেত্রে—এ কি করছেন আপনারা পুলিশ অফিসারকে বসালেন না? কিন্তু ওঁরা কেমন দেখুন রিটায়ার্ড পুলিশ অফিসারকে এনে হাজির করেছেন, এটা কিন্তু হস্তক্ষেপ নয়। বহরমপুর বিশ্ববিদ্যালয়ে সঞ্জয় গান্ধীর বন্ধুর স্ত্রীকে নিয়োগ করতে হবে ভাইস চ্যান্সেলারের পদে। কিন্তু ঠিক যোগ্যতাসম্পন্ন বলে মনে হল না বলে আগেকার ভি সি বরখাস্ত হয়ে গেলেন। এইটা কি করে হস্তক্ষেপ হয়? কারণ ওঁরা যা করেন সেটা রাজনীতি নয়। কিন্তু আপনারা তা কেন করবেন? আপনারা মেয়াদ শেষ হবার পর কেন তাকে রাখলেন না—কেন কলকাতা বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় নর্থ বেঙ্গল বিশ্ববিদ্যালয়কে গণতান্ত্রিক করার জন্য আইন পাস করলেন, কেন নির্বাচনের দিকে এগিয়ে যাচ্ছেন। সুতরাং তাঁরা যদি বলেন যে শিক্ষার ক্ষেত্রে হস্তক্ষেপ করা হচ্ছে তাহলে এটা সত্যিই তো হস্তক্ষেপ। আপনারা পুলিশে খরচ বাড়ালেন? পুলিশ বাজেট বেড়েছে—কি অন্যায় কথা। কারণ পুলিশ তো নিষ্ক্রীয়। হরিপদবাবু কালকে বলেছেন পণ্ডিত লোক, তো ১৯৭৩-৭৪ সালের পরঐ হরিপদবাবু সমেত কেমন

চমৎকার সব মিসায় মিসায় নিয়ে হল। এই কলকাতায় এত বড় একটা হল্লা করার চেষ্টা করলেন ভাষা নিয়ে বলুন বাস নিয়ে বলুন—সেখানে গুলি চলল না একটা খুন হল না আপনারা সব গ্রেপ্তার কর, গ্রেপ্তার কর।

[4-20 — 4-30 p.m.]

"সখি আমাকে ধরো ধরো" বলে গ্রেপ্তার হলেন। গ্রেপ্তার হবার পর বললেন, "অত দূরে আর নিয়ে যাস না বাবা, ছেড়ে দে" এইভাবে ছাড়া পেলেন। পুলিশ এখানে নিষ্ক্রীয়, কিন্তু দেখুন তো বিহারে পুলিশ কি রকম সক্রিয়, কি রকম অতগুলি লোককে অন্ধ করে দিল। এই তো সক্রিয়তার পরিচয়, এরকম না করলে পুলিশ সক্রিয় হন কি করে? সেখানে সুপার রিপোর্ট করলেন বলে তিনি সাসপেন্ড হয়ে গেলেন। এই তো পুলিশের কাজ, এসব না করলে পুলিশ সক্রিয় হবে কি করে? শ্রেণী বিভক্ত সমাজে পুলিশের কাজ হ'ল অবহেলিত শ্রেণী যখন সংগ্রাম করতে যাবে তখন তাকে ব্যাটন দিয়ে পেটাও, তাকে গুলি করে মারো। পুলিশ যদি সে কাজ না করে তাহলে বুঝতে হবে পুলিশ নিষ্ক্রীয়। সমস্তিপুরের জেলখানায় যে ঘটনা ঘটল, পারলেন আমাদের মন্ত্রী দেবব্রত ব্যানার্জী মহাশয় সে রকম ঘটনা ঘটাতে? পারলেন তিনি গুলি চালাতে আলিপুরে? তা যদি না পারলেন তাহলে কি আর পারলেন? ওরা কেমন গুলি চালিয়ে ৫ জন লোককে মেরে দিলেন, ওখানে হচ্ছে পুলিশ সক্রিয়। তারপর বুদ্ধতে যে ঘটনা ঘটে গেছে সেটাও আপনারা জানেন। এসব আমার কথা নয়, এ সবই কাগজে বেরিয়েছে আপনারা তো জানেন জয়প্রকাশ নারায়ণ তখন বেঁচে, কে একজন গিরি তিনি সিলিং-এর বাইরে ২২ হাজার একর সম্পত্তি ভোগ করছিলেন, সেখানে কৃষক আন্দোলন হল জনতার যুব ছাত্র মোর্চার নেতৃত্বে, জয়প্রকাশজী হস্তক্ষেপ করলেন, তিনি বিহারের মুখ্যমন্ত্রী শ্রী রামসুন্দর দাসকে বললেন তদন্ত করে দেখতে, তদন্ত করা হল, তার রিপোর্ট পেশ করা হয়েছে তবে সেটা এখনও বাইরে প্রকাশ করা হয়নি। পুলিশ কেমন নির্মমভাবে আন্দোলন দমন করছে, পেটাচ্ছে, গুলি করছে আর আপনারা পশ্চিমবঙ্গে সে রকম কিছুই করছেন না কাজেই পুলিশ এখান নিষ্ক্রীয়। গোটা ভারতবর্ষে যেখানে ৪০ কোটি একর জমির মধ্যে মাত্র ২৪/২৫ লক্ষ একর জমি সরকার অধিগ্রহণ করেছে সেখানে পশ্চিমবঙ্গে কৃষি জমির পরিমাণ মাত্র ১ কোটি ৩৫ লক্ষ একরের মধ্যে সরকার প্রায় ১২ লক্ষ একর জমি অধিগ্রহণ করেছেন, এতবড় একটা অরাজক কাণ্ড হয়ে গেল আর পুলিশ দাঁড়িয়ে থাকল এটা কি নিষ্ক্রীয়তা নয়? হরিপদবাবুর জীবনে অনেক অভিজ্ঞতা হয়েছে কিন্তু এখানে দেখলাম তাঁর মুখ দিয়েও বেরুলো পুলিশ নিষ্ক্রীয়। বাগপদের মতো ঘটনা এখানে ঘটাতে পারলেন না তাহলে পুলিশ তো নিষ্ক্রীয় বটেই। মোরাদাবাদে, পুলিশ সেখানে সেই ঘটনায় অংশগ্রহণ পর্যন্ত করেছে, সেখানে ইলেকশন পর্যন্ত করা গেল না। এইরকম অবস্থা যখন পশ্চিমবাংলায় হয় তখন সেখানে কি আইন-শৃঙ্খলা আছে? ইউ. পি.তে দেখুন কি চমৎকার অবস্থা—কেন্দ্রেও ইন্দিরা ওখানেও ইন্দিরা গভর্নমেন্ট কিন্তু তা সত্ত্বেও ওখানে ইলেকশন করা গেল না কারণ সরকারী প্রশাসন থেকে আরম্ভ করে সকলে মত্ত হয়েছে গুণ্ডামিতে। এখানে এসব হয় না—

এসব কি সহ্য করা যায়? নৈনিতালে, সেখানে চিনিকলের মালিকদের বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে কৃষক নেতা খুন হয়ে গেলেন। ওড়িশাতে, সেখানে ছাত্রদের উলঙ্গ করে মিছিল করা হল, লাঠি পেটা করা হল। সাংবাদিক নবকিশোরের স্ত্রীকে রেপ করে খুন করা হল আর সেই সাংবাদিক প্রতিবাদ করতে গিয়ে তিনি গ্রেপ্তার হলেন। গুজরাটে কি হচ্ছে সেটা সকলেই জানেন। বিহারে, সেখানে চাপে পড়ে যখন সেই লোকগুলিকে যারা অন্ধ করেছিল তাদের বাধ্য হয়ে সাসপেন্ড করতে হল, তখন দেখেছেন বিহারে পুলিশের মধ্যেই বিদ্রোহ হয়ে গেল। ঠিকই একই রকমের ঘটনা এখানেও হয়েছিল—পশ্চিমদিনাজপুরে। কিছু মাথাগরম পুলিশ জনগণের উপর অত্যাচার করেছিল। বামফ্রন্ট সরকার সেখানে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করলেন কিন্তু এখানে পুলিশের মধ্যে কোনও বিদ্রোহ হল না। তার মানে পুলিশের মধ্যে গণতান্ত্রিক মনোভাব বাড়ছে। পুলিশের একটা বড় অংশ মনে করছে, কাজটা অন্যায় হয়েছিল।

তাহলে যে পুলিশকে জহ্লাদে পরিণত করা হয়েছিল, যে পুলিশকে নোংরামির অতল সৌধে তুলে দেওয়া হয়েছিল একটা বুর্জোয়া রাষ্ট্র কাঠামোর ভিতরে, এখনকার বামফ্রন্ট সরকার তাদের ভিতরে একটা গণতান্ত্রিক মূল্যবোধ সৃষ্টি করতে পেরেছেন এবং গণতান্ত্রিক কাজের ক্ষেত্রে প্রতিবাদ করা উচিত নয়। এই মানসিকতা তাদের ভিতরে ডেভেলপ করেছে, এটা অপরাধ নয়। পুলিশের মধ্যে গণতান্ত্রিক মনোভাব বৃদ্ধি পাওয়া এটা কি ভবিষ্যতের পক্ষে বিপজ্জনক? পুলিশ রাখতে হবে। বলাইদা বয়স্ক মানুষ, তিনি বলে চলে গেলেন। আপনারা বিধানসভায় প্রস্তাব আনুন না যে পুলিশ থাকবে না। লেফ্‌ট ফ্রন্ট ভলান্টিয়ার পুলিশের কাজ করবে। রজনীবাবু, বলাইবাবু এতে রাজি আছেন? না। তখন তারা কি বলবেন? তখন কাব্যের ঝঙ্কার আসবে, রবীন্দ্রনাথের কোটেশন আসবে, হরিপদদার গলা তখন বেতস পত্রের মতো কাঁপতে আরম্ভ করবে এবং গেল গেল রব উঠে যাবে। তাহলে শ্রেণী বিভক্ত সমাজে শ্রেণী আছে, শ্রেণী বিরোধ আছে। বামফ্রন্ট সরকার বিপ্লবী সরকার নয়, বিপ্লব হয়নি। তাহলে এই রকম অবস্থায় সেখানে কি আর আইন-শৃঙ্খলা, অপরাধ থাকবে। থাকবে না? লক্ষ লক্ষ মানুষ দরিদ্র থাকবে, আবার কিছু লোক অবস্থাপন্ন থাকবে। সমাজের উপর তলার নেতারা নোংরামি করবেন, চোখের সামনে নোংরামিকে প্রশ্রয় দেবেন, আর এইসব থাকবে না? তাহলে কে করবে? তাহলে পুলিশকে থাকতে হবে। আপনারা বড় লোক হলে পুলিশকে রাখতে হবে। তাহলে পুলিশকে চাই। তবে খরচটা বাড়ালে চলবে না, মাইনাটা কম দিতে হবে। হ্যাঁ, এটা খুব ন্যায্য কথা। কারণ তারা বলছেন যে পুলিশকে মাইনা, ভাতা এসব কেন? এক কাজ কর, তাদের হাতে একটা করে অস্ত্র দাও, আর পেটটাকে যতদূর সম্ভব কম রেখে বাজারে ছেড়ে দাও। সম্পত্তিওয়ালা লোক আছে তারা ওদের পুষবে, জমিওয়ালা মানুষরা টাকা দেবে। ১০টা লোককে মিসায় ঢোকাতে হাজার টাকা এবং ছাড়াতে হাজার টাকা, মাইনা না পেলেও চলবে। অর্থাৎ পুলিশকে যদি জানোয়ারে পরিণত করতে হয় তাহলে তাদের হাতে অস্ত্র তুলে দাও, আর পেটটাকে টিপে ছেড়ে দাও

তাহলে সে বাজার থেকে ব্যবস্থা করতে পারবে। আপনারা এই কথা বলছেন কেন? আপনারা তো গণতন্ত্রীকরণের কথা বলেছেন? বাজার থেকে যত সহজে ঘুষ আদায় করতে পারতো, জমির মালিক যতখানি ঘুষ দিতে পারতো, আজকে সেটা আর আদায় করতে পারবে না। কারণ কাজ আদায় করতে না পারলে সহজে কেউ ঘুষ দেয় না। তারা এই কথা বলতে চেয়েছেন যে সমাজবিরোধীদের জব্দ করা হচ্ছে না। এটা ঠিক কথা বলেছেন। আমিও মনে করি বামফ্রন্ট সরকার সমাজবিরোধীদের পুরো দমন করতে পারছে না এবং নরম মনোভাব দেখাচ্ছেন। কারণ যদি শক্ত মনোভাব দেখাতেন তাহলে অধ্যক্ষ মহাশয়ের বাঁ দিকে যারা থাকছেন, তাদের বেশিরভাগ আজকে জেলে থাকতে হত। এটা ঠিক কথা যে সমাজ বিরোধীদের আমরা ঠিকমতো দমন করতে পারছি না। মাননীয় মহাশয়, বলা হয়েছে যে কৃষকের স্বার্থ দেখা হচ্ছে না। ইন্দিরা গান্ধী সত্যিকারের কৃষক দরদী, তাকে আমাদের অনুসরণ করতে হবে, আমাদের শিক্ষা নেওয়া উচিত। তিনি যখন গত বছর বাজেটে সারের দাম শতকরা ৬০ ভাগ বাড়ালেন তাতে কত কৃষকের উপকার হল? এই তো পদ্ধতি। তারা কি করলেন? তারা ঋণ মকুবের বিরোধিতা করলেন। কালকে বিশ্বনাথদা বলে গেলেন সিদ্ধার্থ রায়ের আমলে দুর্নীতি কি রকম ছিল। কঠোর হস্তে ঋণ আদায়ের জন্য চাপ দেওয়া হয়েছিল। কিন্তু এই সব করলে কি হবে? এই যে জুট কর্পোরেশন পাট কিনছে না, আমাদের কৃষিমন্ত্রী বলেছেন যে আমরা জুট কিনব, তুমি কেবল জুটমিলগুলিকে যাতে কেনে বাধ্য কর। আমরা কি খাব? না, এতো কৃষকের পক্ষের কাজ।

আর সবচেয়ে বড় কথা কি? তা সত্ত্বেও দেখলেন না কত কৃষক রাজি হল? আমি বলছি আপনি লক্ষ্য করবেন, সেই সময়কার খবরের কাগজে, কত চুরি, ডাকাতি কম হয়েছে। সিনেমায় ব্ল্যাক বন্ধ হয়ে গেছে। বর্ধমান স্টেশনে দোকান-পাট বন্ধ হয়ে গেল। আর দিল্লিতে এর পাঁচদিনের জন্য যাচ্ছে, সেইজন্য মদের দোকানগুলো বন্ধ করে দেওয়া হল। আমার ভারতবর্ষের, আমাদের কৃষকদের কেউ এতখানি আর অবমাননা করেনি। পৃথিবীর লোক জানল, তারা মনে করলো দিল্লিতে কৃষক র‍্যালি হয়েছে, আর এখানে মদের দোকানগুলো বন্ধ হল। আমার কৃষক তো মদ্যপ নয়। কিন্তু এরা আলাদা কৃষক, ইন্দিরা গান্ধীর কৃষক, তারা এই রকম করতে পারেন। আর কি বললেন? কৃষকদের জন্য আমার বুকের রক্ত দিয়ে দেব। এই ব্যাপারে আমার একটা গল্প মনে পড়ল। একটা মেয়ে একটা ছেলের প্রেমে পড়ল, এবং যা স্বাভাবিক হয়, মেয়েটি সর্বস্ব দিল, তারপর প্রকৃতির নিয়মে যখন মেয়েটি সন্তান সম্ভবা হল, ছেলেটা তখন আর কলেজে তার সঙ্গে দেখা করে না। কিন্তু চিঠি লিখে বলে কোন ভয় নেই, আমি তো আছি। আমি রক্ষা করব। তারপর মেয়েটি হতাশ হয়ে একদিন চিঠি লিখলো যে অমুক তারিখে, অমুক জায়গায় আমি থাকব, তুমি একবার এসে আমার সঙ্গে দেখা কর। ছেলেটি তার উত্তরে তাঁকে চিঠি লিখে জানাল, দেখ আমি তোমাকে প্রচণ্ডভাবে ভালবাসি, আকাশের দিকে যখন তাকাই, তখন মনে হয় চাঁদ নয়, তোমার মুখ, যখন মেঘগুলো ভেসে যায় তখন মনে হয় তোমার মুখের উপর দিয়ে চুলগুলো খেলা করছে,

আমি তোমাকে এত ভালবাসি যে তোমার জন্য আমি আমার জীবন দিয়ে দিতে পারি। ইতি—তলায় পুনঃ আজ অত্যন্ত ঠাণ্ডা, তাই আজ আর তোমার সঙ্গে দেখা করতে যেতে পারলাম না। ইন্দিরা গান্ধী বুকের রক্ত দিতে পারেন, তবে সারের দামটা শতকরা ৬০ ভাগ বাড়াতে দ্বিধা করেন না। ইন্দিরা গান্ধী বুকের রক্ত দিতে পারেন কিন্তু তাঁর কৃষি ঋণ মকুব—না, না, তা তিনি করতে পারবেন না। ইন্দিরা গান্ধী বুকের রক্ত দিতে পারেন, কিন্তু পাটের দাম ২৫০ টাকার কম, কিন্তু আখের দাম ১৭ টাকার বেশি দেওয়া যাবে না প্রতি কুইন্টলে। এই হচ্ছে কৃষকের প্রতি ভালবাসা। সুতরাং এটাকে সমর্থন করা যায় না। ভোলাবাবু বলেছেন, আমি আর অন্য ডিপার্টমেন্টে যাব না, ভোলাবাবু বলছেন বুদ্ধির সীমাবদ্ধতা। খাঁটি কথা, বুদ্ধির সীমাবদ্ধতা মানে কি? বুদ্ধি মানে তো সৃষ্টিশীলতা নয়, টিক্রমবাজী এবং এই বামফ্রন্ট সরকার এবং তার অর্থমন্ত্রী টিক্রমবাজী করতে পারবেন না, তাই যদি করতে পারতেন—যেমন বাজেটটা এক রকম রাখলেন কিন্তু বাজেটের আগে দামটা বাড়িয়ে দিলেন। তারপর দামটা বাজেটে কম দেখানো গেল। আপনারা টিক্রমবাজী করেছেন। কোন বাধা নেই, আপনি না করুন না, যে কয়লার দামটা ২৯ টাকা বাড়িয়ে দেব। সিমেন্ট, লোহা, স্প্রিড, এইগুলো আপনি বাড়িয়ে দেবেন। রেল বাজেটে আলাদা ভাবে ১১ কোটি টাকা বেড়ে গেল। আর বাজেটে দেখাবেন যে অপেক্ষাকৃত যেন নরম, মাত্র ৩০০ কোটি টাকা। একজন লোক প্রতিদিন বাড়িতে যায় আর বৌকে একটা করে গোড়ালি মারে, একদিন সে গোড়ালি মারেনি, চড় মেরেছে, তাতেই সেই বৌ গদ গদ। কুট্টী কার্টুন দিয়েছিল, আগেরদিন ছুরি সানাচ্ছে। যুগান্তরে কার্টুন দিল যে, একটা আয়নায় বিরোধী পক্ষ গাধার মুখ দেখছে। আমি যুগান্তরের সম্পাদককে চিনি না, কিন্তু যিনি ছবিটা এঁকেছেন, মুখটা তাঁর মত কিনা আমি বুঝতে পারলাম না। কিন্তু দেখলাম এইসব কাণ্ডকারখানা চলছে। তারপর কি দেখা গেল? কি চমৎকার দেখুন, দেখিয়ে দিলেন খাতায় ঘাটতি এক, আর বললেন এযে বিয়ারার বন্ড কত? ১৫ হাজার কোটি টাকা বার করবেন। ১০ কোটি টাকা পেয়েছেন। ২০০ কোটি টাকা পাবেন, কতটুকু পেয়েছেন? আসলে তো পাবেন না এবং এটা পাবার জন্য করেননি, সেটা জানেন বেঙ্কটরমন। এইজন্য করেছেন, আসলে কিছু ভাল অফিসার আছেন, যারা সবাই পেটোয় নয়, মাঝে মাঝে টাটা, বিড়লাকে বিপদে ফেলে দেয়। খাতাপত্র ধরে ফেলে। সেইরকম কিছু পাকড়াও হয়, তাহলে বাঁচাবার জন্য এইসব বিয়ারার বন্ড খাতায় কলমে হয়। ঠিক আছে ১০ কোটি, ১০ কোটি এইভাবে আদায় হবে। এইসব দেখছি। একটা চূড়ান্ত বাজেটে আপনি তো এইসব করতে পারেন না, আপনি সাদাকে সাদা বলেছেন, কালোকে কালো বলেছেন। প্রারম্ভিক ঘাটতি, তাও আপনি চালাকি করে এটা করতে পারতেন। কিন্তু অ্যাকাউন্টেন্ট জেনারেল যা বললেন, এটা নাবিয়ে আপনি রিজার্ভ ব্যাঙ্কের বাড়তি হিসাবটা নিতে পারতেন।

সুতরাং সমস্ত দিক থেকে বলা যায় যে, আজকে পূতি-গন্ধময় পচা-গলা নোংরা সমাজে তিন-রকম-বাজীর সাহায্যে বুদ্ধির পরিচয় আমাদের অর্থমন্ত্রী কখনই দিতে পারেন না। সেটা ভোলাবাবুরা পারেন, ওঁদের এবিষয়ে একচেটিয়া মালিকানা আছে। আমার হয়ে গেছে, আমি

আর বেশি সময় নেব না, আর মাত্র পাঁচ মিনিট সময় আমি উপাধ্যক্ষ মহাশয়ের কাছ থেকে চেয়ে নিচ্ছি। একটা কথা আমি বলব যে, ওঁরা অর্থমন্ত্রীর বিরুদ্ধে খালি অভিযোগ করে গেলেন। এমন কি হরিপদবাবুর মতো লোকও সেখানে বাদ গেলেন না। ওঁদের অভিযোগ কি? না, আপনি রাজনীতি করছেন কেন? এটা তো আশ্চর্য কাণ্ড! অশোকবাবু আপনি এখানে এসেছেন রাজনীতি করতে! আপনি তো ছবি আঁকতে এসেছিলেন, আপনি তো কবিতা লিখতে এসেছিলেন, আপনি তো এখানে গান শোনাতে এসেছিলেন! মহা মুশকিল ব্যাপার, আপনি এখানে এসে রাজনীতি আরম্ভ করেছেন! আপনি এসব কেন বলছেন তা আমরা বুঝে পাচ্ছি না। আপনি তো শুধু এই কথা বলবেন যে, জনগণের মঙ্গল আমরা চাই, সেইজন্য আমরা এই বাজেট পেশ করেছি, কিন্তু এর চেয়ে বেশি আর কিছু করতে পারছি না। আপনি বর্তমান সমাজ ব্যবস্থাকে ন্যাংটো করবেন না আপনার বাজেটের ভেতর দিয়ে। আপনার বাজেটের ভেতর দিয়ে কেন্দ্র রাজ্য সম্পর্ক টেনে আনবেন না। আপনি দেখাবেন না কি করে ভারতবর্ষে একচেটিয়া পুঁজিপতিদের রাজ্যে রাজ্যে ভিন্ন ভিন্ন মতের সরকার হলে অসুবিধা হবে। কাজেই কেন্দ্রীয় সরকারের হাতে ক্ষমতাকে কেন্দ্রীভূত করার যে প্রচেষ্টা চলছে তা আপনার বাজেটের ভেতর দিয়ে এই বিধানসভাকে মুখরিত করে তুলবে! এ তো ভীষণ দম্ভ আপনার! হ্যাঁ, এটা ঠিকই আপনি রাজনীতি করছেন। এখানে আপনি গান গাইতে পারতেন, ছবি আঁকতে পারতেন, হরিনাম করতে পারতেন। তা না করে আপনি এখানে কি বলে রাজনীতি করছেন? কংগ্রেসিরা বললে নাহয় এসব কথার অর্থ বুঝতে পারি, কিন্তু হরিপদবাবুর মতো সদস্য এসব কথা বলছেন। তাহলে আমি আর কি বলব?

তবুও আমি বলছি, হ্যাঁ, রাজনীতি করা হচ্ছে আপনাকে রাজনীতি করার জন্যই পাঠানো হয়েছে। পশ্চিমবাংলার মানুষ আমাদের এখানে রাজনৈতিক সংগ্রাম করার জন্যই পাঠিয়েছে। তারা আমাদের বলেছে, বিধানসভাকে তোমরা ব্যবহার কর, ময়দানকে তোমরা ব্যবহার কর। শত্রু বিরাট. অথচ ভারতবর্ষের বিশাল মানুষ এখনো অনেক পিছিয়ে আছে, তাদের জাগাতে হবে। পশ্চিমবাংলাকে আজ সেই কাজ করতে হবে এবং সেই জন্যই পশ্চিমবঙ্গের জনগণ বামফ্রন্ট সরকার গঠন করেছে। সি. পি. এম. নয়, ফরোয়ার্ড ব্লক নয়, আর. এস. পি. নয়, আজকে জনগণের মুক্তির পথ খুঁজতে হবে। সেই কাজে সংবিধানের কোথায় বাধা আছে, সংবিধানের ভেতর দিয়ে কাজ করতে কোথায় বাধা, সেটা আজকে খুঁজে বার করতে হবে। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কোথায় কি আটকাচ্ছে দেখতে হবে। জনগণ এখানে যেমন সংগ্রাম করেছিল তেমন সরকার পেয়েছে। জনগণ যদি আরো বৃহত্তর সংগ্রাম করতে পারে, ভিয়েতনামের মতো সংগ্রাম করতে পারে, চিনের মতো সংগ্রাম করতে পারে, তাহলে বৃহত্তর ক্ষেত্রেও সেইরকম সরকার পাবে। বামফ্রন্ট সরকার জনগণকে এই কথা বলবার জন্যই এখানে এসেছে। বামফ্রন্ট ক্ষমতায় আসার আগে জনগণকে বলে এসেছে যে, এটা ব্যবস্থার মধ্যে যতটুকু করবার ততটুকু করব, মানুষের মঙ্গল করব এবং সঙ্গে সঙ্গে তাদের মৌলিক সমস্যার সমাধানের পথ দেখাব। সেইসঙ্গে নিয়ত অভিজ্ঞতার মধ্যে দিয়ে যেখান যেখানে বাধা আছে

সেখানে সেখানে আঘাত করবার চেষ্টা করব। আজকে সেইসব জায়গায় আঘাত করলেই, ওরা চিৎকার করে উঠছেন, আপনারা রাজনীতি করছেন বলে। এখানে কয়লার ব্যাপারে বললেন যে, দাম বেড়ে যাচ্ছে। আপনারা সেস বসাচ্ছেন, সুতরাং কয়লার দাম বেড়ে যাবে। এতো মহা মুশকিলের কথা। কে দাম বাড়াচ্ছে সেটা দেখুন? কয়লা শিল্প যখন জাতীয়করণ হয় তখন কয়লার দর ছিল ৩৬ টাকা টন। আর আজ কত? ১২৭ টাকা টন। কিন্তু সেস কত ছিল, সেই সময়ে সেস ছিল ৩ টাকা ২৫ পয়সা। আর এখন কত, না ৫ টাকা ৪০ পয়সা। কি চমৎকার ব্যাপার দেখুন, ভদ্রলোকের রাজনীতি দেখুন। ৫ গুন যখন কয়লার দাম বাড়ল তখন পশ্চিমবঙ্গ সরকার কয়লা থেকে যেটা পাবে সেটা কত বাড়ল, না ৩ টাকার জায়গায় ৫ টাকা হল। ৪ বছর অন্তর এ বিষয়ে সিদ্ধান্ত নেবার কথা ছিল। আর হল কবে, না সাড়ে পাঁচ বছর বাদে। অর্থাৎ দেড় বছর মার গেল। রয়ালটি বাবদ রাজ্য চেয়েছিল ১০ শতাংশ সেখানে মাত্র ১ টাকা ৬০ পয়সা বাড়ানো হল।

[4-40 — 4-50 p.m.]

আর কয়লায় বাড়িয়ে দিল ২৯ টাকা আর কয়লার রয়ালটি দিল ১ টাকা ৬০ পয়সা। এত বড় প্রতারণা, তাদের লজ্জা করলো না। আমরা টনের উপর বসিয়েছি কিন্তু কয়লার দাম ফিক্সড। কিন্তু লজ্জা জিনিস আর ওদের নেই। মানুষের একটা কান কাটা হয়ে গেলে গাঁয়ের বাইরে দিয়ে যায় যখন দু'কান কেটে ঝুলে পড়ে, যখন কাপড়-চোপড় দিয়ে ঢাকা যায় না তখন সে রাস্তার মাঝখান দিয়ে যায় আর তখন মলস্তীর লজ্জা হয় না দেখুস্তির লজ্জা হয়। আজকে ওরা সেই অবস্থার মধ্যে পড়েছেন। যাই হোক, আমার সময় নেই, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৮১-৮২ সালের আপাতত ৬৫ কোটি টাকার ঘাটতি দেখিয়ে একটা ব্যয়-বরাদ্দ পেশ করেছেন এবং সঙ্গে সঙ্গে একটা বিবৃতিও দিয়েছেন। কিছুদিন আগে একটা বাংলা দৈনিকে দেখছিলাম পশ্চিমবাংলার অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র মহাশয় নাকি পদত্যাগ করছেন এবং চাকুরি নিয়ে বিদেশে যাচ্ছেন। আমি তখন সেই কথা বিশ্বাস করিনি, ভেবেছিলাম ভিত্তিহীন সংবাদ। কিন্তু এই ব্যয়-বরাদ্দ পেশ করার পর আমার সেই আশঙ্কটা দৃঢ় হয়েছে। তিনি যে বাজেট এখানে পেশ করেছেন তা দেউলিয়া বাজেট। গতকাল হরিপদবাবু বলেছিলেন এরা রাজনীতি বেশি করছেন তার উত্তরে বিনয়বাবু নেচে নেচে বললেন রাজনীতি করার জন্য আমরা এসেছি, এখানে কবিতা লিখতে আসিনি, গান গাইতে আসিনি, হরিনাম করতে আসিনি। আমি জানি, হরিনাম সংকীর্ত্তন করবার জন্য আপনারা আসেননি কারণ হরিনাম আপনাদের মুখে আসে না। রাজনীতি করার জন্য এখানে এসেছেন ঠিক কথা কিন্তু একটা বিশেষ দায়িত্ব নিয়ে এসেছেন। একজন অর্থমন্ত্রী হিসাবে পশ্চিমবাংলার কাঠামোকে মজবুত করার জন্য এসেছেন কিন্তু আপনারা রাজনীতিকে প্রাধান্য দিতে গিয়ে সমস্ত হিসাবটা ভুল হয়ে যাচ্ছে। গত বছর যখন বাজেট পেশ করেছিলেন তখন বলেছিলেন ১৯৮০-৮১ সালের ঘাটতি হবে ২৩ কোটি

টাকা কিন্তু বাস্তবে হয়ে গেল ৬৫ কোটি টাকা অর্থাৎ প্রায় ৩ গুন বেড়ে গেল। এবার উনি বলছেন ৬৫ কোটি বাজেটে ঘাটতি হবে কিন্তু প্রশ্ন করি পে-কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্টকে কার্যকর করতে গেলে যে টাকা দরকার হবে সেই টাকার বরাদ্দ তিনি কি এখানে রেখেছেন?

আমি তাঁকে প্রশ্ন করি, অতিরিক্ত কর আদায়ের জন্য যে ব্যবস্থা করেছেন ৪২ কোটি টাকা আসবে সেটাতে কি তিনি অ্যাসিওরড? আমার তো মনে হয় তিনি অ্যাসিওরড নয়। এখানে পে-কমিশনের কোনও ব্যয়বরাদ্দই রাখেননি, স্বভাবতই এই ঘাটতি যদি ২০০ কোটি টাকা ছাড় যায় তাহলে আশ্চর্য হবার কিছু নেই। সেটা স্বাভাবিক বলেই মনে হয় এবং এই ২০০ কোটি টাকা হবে, তার বেশি যদি ঘাটতি হয় তাহলে বামফ্রন্ট সরকার এই বাজেট নিয়ে হিমসিম, হাবুডুবু খাবে, সেই পরিস্থিতিতে মাননীয় মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রীকে বরখাস্ত করতে পারেন কিংবা তার আগে তিনি ইস্তফা দিতে পারেন। এটার একটা আশঙ্কা আছে। কাজেই যা দেখা যাচ্ছে—এই বাজেট একটা বন্ধ্যা বাজেট। এই নিয়ে যখন সরকার হিমসিম খাবে তখন আর কোনও গত্যন্তর থাকবে না। উন্নয়ন খাতে টাকা ব্যয়-বরাদ্দ কমান রয়েছে অর্থাৎ কিনা আগামী বছরে পশ্চিমবাংলার উন্নয়ন ব্যাহত হবে। তখন কিন্তু পশ্চিমবাংলার মানুষ এঁদের ক্ষমা করবে না, ধাক্কা দিয়ে তাড়াবে। সেই সময় হয়ত মুখ্যমন্ত্রী ওঁকে বরখাস্ত করবেন, নয়ত উনি পশ্চিমবঙ্গের মানুষের চাপে পদত্যাগ করবেন বলে আমার আশঙ্কা হচ্ছে। ব্যর্থ হয়ে যাওয়ার ফলে অর্থমন্ত্রী অশোক মিত্র যে ভুল তথ্য পরিবেশন করলেন তার জন্য অশোকবাবুকে হয়ত সরে যেতে হবে, এবং তিনি এটা ভাল করেই জানেন যে মন্ত্রীত্ব চলে গেলে এখন শ্রীমতী গান্ধীর অনুগ্রহে চাকরিও জুটবে না। সেজন্য এই বিবৃতি দিয়েছেন। তাঁর বিবৃতিতে তিনি বেশিরভাগ সময়ে কেন্দ্রের উপর বিষোদ্গার করেছেন যেন সমস্ত দোষই কেন্দ্রের। তাঁদের যেন কোনও দায়-দায়িত্ব নেই। তাই যদি হয় তাহলে কেন এখানে এসেছেন? যদি জনগণের কল্যাণ না করতে পারেন তাহলে কেন এসেছেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি বলছেন যে এই যে মূল্য বৃদ্ধি সাম্প্রতিক মুল্য বৃদ্ধির জন্য আমরা কোনওভাবেই দায়ী নই। একথা কি সত্যি? কিছুদিন আগে আমাদের কৃষিমন্ত্রী বলেছিলেন আমাদের হিমঘরে অনেক আলু আছে। ২ টাকা দরের মধ্যে আলু খাওয়াব। তিনি চ্যালেঞ্জ নিয়েছিলেন, এবং হিমঘরের মালিকদের সঙ্গে কথাবার্তা বলেছিলেন, কিন্তু পেরেছিলেন কি? তারপরে বলেছিলেন যে আলু না খেলেই হয়। এর জন্যও কি কেন্দ্র দায়ী? আমি জানি অনেক জিনিস কেন্দ্রের উপর ডিপেন্ড করতে হয় কিন্তু বন্টন ব্যবস্থা তো আপনাদেরই হাতে। সুষ্ঠুভাবে যদি বন্টন হয় তাহলে অভাব হতে পারে না। এখন খুব অভাব আছে? আপনাদের পুলিশের এনফোর্সমেন্ট আছে। তারা কি করছে? সরবরাহ্ না থাকলে বন্টন ন্যায্য হবে না ফলে অতিরিক্ত মূল্য দিয়ে কিনতে হয়। অসাধু ব্যবসায়ীরা মজুত করে রাখে এবং পরে কালোবাজারে বিক্রি করে, তার বিনিময়ে তারা পার্টিফান্ডে মোটা টাকা চাঁদা দেয়। পার্টি ফান্ডে টাকা দিয়েই তারা এই কাজ করছে। অর্থমন্ত্রী মহাশয় আত্মপ্রসাদ লাভ করছেন। চার বছরে তাঁরা নাকি বিভিন্ন খাতে

দ্বিগুন বাজেট করেছেন। কিন্তু ব্যয়টা কি ঠিকমতো হয়েছে? না, অপব্যয় হয়েছে। পশ্চিমবাংলার মানুষ তার বিনিময়ে কি পেয়েছে? যদি ঠিকমতো ব্যয় হতো তাহলে বলার কিছু ছিল না, কিন্তু জনসাধারণের অর্থ অপব্যয় হয়েছে। পশ্চিমবাংলার মানুষ সুষ্ঠু প্রশাসন পাচ্ছে না। কৃষিক্ষেত্রে, শিল্পক্ষেত্রে, অগ্রগতি হচ্ছে না, শিক্ষার প্রসার হচ্ছে না। মানুষের নিরাপত্তা নেই; আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। কাজেই আপনাদের বদল হবে, বেশি, দেরি আর নেই। এই যে আইন-শৃঙ্খলার পরিস্থিতি এ কোথায় গিয়ে দাঁড়িয়েছে? দৈনিক কত মানুষ খুন হচ্ছে। আমাদের প্রশ্ন আছে, মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী জবাব দেবেন। আমাদের আমলে কি ছিল, আর আপনাদের আমলে কি হয়েছে? আমি চ্যালেঞ্জ নিয়ে বলছি। সে সময় লাফালে চলবে না। প্রতিদিন যে কত মানুষ খুন হচ্ছে তার কোন হিসাব নিকাশ নেই। গ্রামের দিকেও এই রকম চলছে—গ্রামের মানুষ রাত্রে ঘুমোতে পারছে না। কিন্তু এসব বিপদ বড়লোকের নেই।

শুধু বড় লোক নয়, বড় লোক, গরিব লোক, মধ্যবিত্ত কেউই চুরি, ছিনতাই ডাকাতি থেকে বাদ পড়ছে না। গরিব মানুষের থালা, বাটি, ঘটি সব কিছু চুরি হয়ে যাচ্ছে। অশোকবাবু এক জায়গায় সাকসেসফুল হয়েছেন, সেইজন্য তিনি হ্যাট্রিক করেছেন। প্রথম বার বাজেট পেশ করে বললেন যে উনি নাকি বড় লোকদের ঘুম কেড়ে নেবেন কিন্তু এখানে বড় লোকের ঘুম কেড়েছেন, মধ্যবিত্তের ঘুম কেড়েছেন, গরিবদের ঘুম কেড়েছেন এই ব্যাপারে তিনি হ্যাট্রিক করেছেন। এখানে তিনি সাকসেসফুল হয়েছেন আমি বলব। এই যে সাম্প্রতিককালে পশ্চিমদিনাজপুরে যে ৭৫টা বন্দুক লুঠ হয়ে গেল তার জন্য দায়ী কে? তার জন্য দায়ী মুখ্যমন্ত্রী বিবৃতি দিলেন নাকি নক্‌শালেরা করেছেন। আমাদের কাছে যে খবর আছে, সেটা হচ্ছে সি. পি. এম.এর গুণ্ডারা এইসব করেছে। এই লুঠ এই লুঠের জন্য কে দায়ী? সি. পি. এম.এর গুণ্ডাবাহিনী এই লুঠ করেছে এবং সেটা আপনাদের নির্দেশেই করা হয়েছে। আমি মনে করি পুলিশ বা প্রশাসন জানতো না এটা হতে পারে না। পুলিশ ইন্টেলিজেন্স স্টাফ যেখানে, এটা হতে পারে না। আমি ঐ বিভাগে ছিলাম আমি সেই জন্য ভাল করে জানি যে আমাদের অফিসারেরা এত অপদার্থ এত অক্ষম নয়। তাদের আজকে অসহায় করে রাখা হয়েছে। তাদের আজকে সি. পি. এম.এর নেতারা নির্দেশ দিয়েছেন যে, বাবা তোমরা নিষ্ক্রীয় থেকো, আমাদের লোকজনেরা বন্দুক লুঠ করবে তোমরা নিষ্ক্রীয় থেকো। পুলিশ ইনটেলিজেন্স স্টাফ আপনাদের মতো অতটা অপদার্থ ও অক্ষম নন কিন্তু তাদের নিরব দর্শকের ভূমিকা নিতে হচ্ছে কেবল আপনাদের নির্দেশে। আপনাদের দলের লোক যে এইগুলো করছে সেটা ওরা জানে। আজকে মানুষ আপনাদের উপর আস্থা হারিয়েছে আবার সামনে ইলেকশন আছে তখন সন্ত্রাস সৃষ্টি করতে হবে বুথ দখল করতে হবে, বুথ দখলের রাজনীতি আপনারা করেন এবং করবেন সেইজন্য এখন থেকে চেষ্টা করছেন। দেখুন স্যার, কেমন কাজির বিচার, পাপ করলেন একজন আর প্রায়শ্চিত্ত করলেন আর একজন। লুঠ করল সি. পি. এম.এর গুণ্ডাবাহিনী প্রশাসনের বলে পুলিশকে নিষ্ক্রীয় রেখে। আবার নির্দেশ দেওয়া হল বন্দুক উদ্ধার হলে বন্দুক দেওয়া হবে না এবং লাইসেন্স বাতিল করা হবে। নিরীহ হতভাগ্য গ্রামবাসী তারা অসহায়

সেইজন্য তারা প্রায়শ্চিত্ত করবেন। এই হলো সরকারের নীতি, এই হল কাজির বিচার। পুলিশ নিষ্ক্রীয় রাখবার ঘটনা অনেক আছে। গ্রামাঞ্চলে থানায় পুলিশ ডায়রি নেয় না, বিশেষ করে সি. পি. এম.এর লোকের বিরুদ্ধে কোনও ডায়রি নেয় না। হাই কোর্টের নির্দেশ নিয়ে যদি থানায় যান সেখানে পুলিশ ব্যবস্থা গ্রহণ করেন না। চাষ-আবাদের ব্যাপারে হাই কোর্টের অর্ডার নিয়ে গেলে সেখানেও কিছু হবে না। আমাকে জনৈক পদস্থ পুলিশ কর্মচারী বলেছেন উপায় নেই, উপর থেকে আমাদের বলে দেওয়া হয়েছে যে যদি কোনও নির্দেশ নিয়ে আসে তাহলে তোমরা ডায়রি করবে, ৮টার সময় যদি আসে তাহলে তোমরা সেখানে ডায়রি করবে ১০টার সময়।

গ্রামাঞ্চলে বর্গাদারদের অত্যাচার বেড়েই চলেছে। এই বর্গাদার মানেই সি. পি. এম. দলের লোক। এদের অত্যাচারে গ্রামে খুনোখুনি সংঘর্ষ লেগেই আছে। ফলে লোকেরা ভীত সন্ত্রস্ত হয়ে রয়েছে। ছোটবেলায় মা ঠাকুমারা একটা ছেলে ঘুম পাড়ানোর সময় একটা ছড়া বলতেন সেটা হচ্ছে "ছেলে ঘুমলো পাড়া জুড়লো বর্গী এলো দেশে বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দেব কিসে।" সেই ছড়াটাকে উল্লেখ করে সি. পি. এম.-দের সম্বন্ধে স্লোগান দেওয়া হচ্ছে খুন করল ডাকাত পড়ল অপারেশন বর্গা এল দেশে, সি. পি. এম.রা ধান লুঠেছে সংসার চালাব কিসে। শুধু অপারেশন বর্গাই কেন গ্রাম পঞ্চায়েতের অত্যাচারে সাধারণ মানুষ অতিষ্ট হয়ে উঠেছে। আগে আমরা পুকুর চুরি শুনেছি কিন্তু এখন আমরা দেখছি এরা সাগর চুরি করছে। এফ. এফ. ডব্লু.কে নিয়ে রাজনীতি চলছে ফলে গম এখন পাওয়াই যায় না কাজেই বামফ্রন্ট সরকারের নাম এখন গমফ্রন্ট সরকার হয়েছে। মিনিকিট বিতরণের ক্ষেত্রে দেখতে পাওয়া যায় আমরা পাই না। কেবলমাত্র নিজেদের দলের লোকরাই এই মিনিকিট পেয়ে থাকেন। এইরকম দুর্নীতি সেখানেও চলছে। সেখানে যে ব্লক অফিস আছে সেই ব্লক ডেভেলপমেন্ট অফিস এখন সি. পি. এম. দ্বারা পরিচালিত হচ্ছে ফলে এই অফিসের নাম ডেভেলপমেন্ট ব্লক অফিস নাম দেওয়া যায়। যার ফলে কিছু কিছু ব্যক্তি যারা সি. পি. এম. দলে ছিলেন তারা এই অন্যায় সহ্য করতে না পেরে কংগ্রেসি দলে যোগ দিয়েছেন। তাদের সেই তথ্য আমার কাছে আছে সেটা আমি পড়িয়ে শোনাচ্ছি "আমি বিগত পঞ্চায়েত নির্বাচনে আনডোল গ্রাম পঞ্চায়েতে সি. পি. আই (এম) প্রার্থী হিসাবে নির্বাচিত হয়েছিলাম। আশা ছিল সাধারণ মানুষের দুঃখ-দুর্দশা এবং গ্রামীণ উন্নয়নের দিকে এই দল নজর দেবে। কিন্তু দুঃখ-বেদনার সাথে বলছি দুঃখ-দুর্দশা দূর তো হয়নি এবং গ্রামের মানুষের উপর সি. পি. আই.(এম) নারকীয় নিপীড়ন চালাচ্ছে, শুধু তাই নয় উন্নয়নের পরিবর্তে সেখানেই সি. পি. আই(এম) পরিচালিত পঞ্চায়েত রয়েছে, সেখানেই দলবাজি ও দুর্নীতির পাহাড় জমে যাচ্ছে।

তাই সাধারণ মানুষের আশাকে বাস্তবায়িত করার তাগিদেই কংগ্রেস(ই)তে যোগ দিলাম। সি. পি. আই(এম) দলের সাথে সমস্ত সম্পর্ক ছিন্ন করলাম। সেই দু'জন সি. পি. এম. দলের লোক হচ্ছে অজিত রাজবংশী এবং মহঃ সাহাজানি খাঁন যারা কংগ্রেস(ই)তে যোগ দিয়েছেন। সরকারি গাড়ি চালানোর ক্ষেত্রে মাত্র ৫ লিটার তেল বরাদ্দ করা হয়েছে। অর্থ কমিশনার শ্রী

কুট্টি অতি সহৃদয় ব্যক্তি তিনি জানেন তার এই ৫ লিটার তেলে চলবে না সেইজন্য তিনি মিনিবাসে আসেন। কিন্তু আমাদের অর্থমন্ত্রী তো গাড়িতে আসেন কিন্তু তাঁর যে সি. এ. এবং চেলা-চামুণ্ডারা যে কত পেট্রোল পোড়াচ্ছেন তার কোনও হিসেব নেই। বিদ্যুতের ক্ষেত্রে যে ওভার টাইম চালু আছে তার ব্যাপারে কোনও হিসাব নেই। ওয়েস্ট বেঙ্গল স্টেট ফেডারেশনের গাড়ি বাংলা ছেড়ে বিহারে যেতে শুরু করেছে। অর্থমন্ত্রী জানালেন যে তিনি বাংলা চলচিত্রের জন্য কর ছাড় দিচ্ছেন কিন্তু দেখা যাচ্ছে যে তিনি বোম্বে নির্মিত কিছু চলচিত্রের উপরও কর ছাড় দিয়ে এক টাকার টিকিটের ব্যবস্থা করেছেন।

কি দরদ বাংলা ছবির উপর যে তিনি এক টাকা করে সিনেমার টিকিট করে দিলেন—অর্থাৎ সমস্ত টিকিটের দাম হবে এক টাকা। কিন্তু সেই টিকিট পায়? ৩/৪ টাকা করে সেই টিকিট বিক্রি হয়। এতে বাংলার চিত্রের কিছু হচ্ছে না। সি. পি. এম.-এর লোকেরা টিকিটগুলি কিনে চোরাবাজারি করছে এবং উৎসাহ দেবার জন্য তিনি এ জিনিস করছেন। স্বাস্থ্য দপ্তর একেবারে অস্বাস্থ্য হয়ে গেছে। সেখানে হাসপাতাল আছে তো ডাক্তার নেই, ডাক্তার আছে তো ঔষধ নেই, একটা বেডে ৩/৪ জন রোগী আছে, লাইফ সেভিং ড্রাগ কিছু নেই—একমাত্র লাল রঙের ঔষধ আছে। স্বাস্থ্য দপ্তরের শ্রেষ্ঠ অবদান সি. এম. এস. কোর্স। এর আগে এম. বি. বি. এস. ছিল, এল. এম. এফ. ছিল। এল. এম. এফ.-এ সাফিসিয়েন্ট জ্ঞান হচ্ছিল না বলে তাকে তুলে দেওয়া হল। সেটা তখন ছিল ৫ বছরের কোর্স। বেসিক মেডিক্যাল সায়েন্স অনুযায়ী করা হয়েছিল। কিন্তু আপনারা ৪ বছরের জায়গায় করলেন ৩ বছরের। মহাত্মা গান্ধী চেষ্টা করেছিলেন বর্ণবৈষম্য দূর করতে। অর্থাৎ ব্রাহ্মণ, শূদ্র আর থাকবে না। কিন্তু আপনারা সেই জিনিস আবার করতে যাচ্ছেন শহরের মানুষ আর গ্রামের মানুষের মধ্যে চিকিৎসা ব্যাপারে ভেদাভেদ করে। প্রমোদবাবু, অশোকবাবু এক্সপার্টদের দিয়ে চিকিৎসা করাবেন, আর গ্রামের মানুষদের জন্য অন্য একটা ব্যবস্থা। অথচ আপনারা বলছেন সমাজবাদ আনবেন। বিদ্যুতের কথা অনেকেই বলেছে। বলে খুব বেশি বলব না। যদি লোড শেডিং না হয় তাহলে মনে হয় অদ্ভুত একটা কি হয়ে গেল। এই লোড শেডিং-এর জন্য কৃষি, শিল্পক্ষেত্রে যে অবনতি হচ্ছে তা সকলেই জানেন। এজন্য ছেলেমেয়েদের লেখাপড়া বন্ধ হয়ে যাচ্ছে, অপারেশন বন্ধ হয়ে যাচ্ছে, ই.সি.জি. মেশিন অকেজো হয়ে যাচ্ছে। কাগজে দেখলাম সাংবাদিক অনিল ভট্টাচার্য একটা আর্টিকেল লিখেছেন যে এস. ই. বি.তে কোটি কোটি টাকা চুরি হচ্ছে, মুখ্যমন্ত্রী সেসব খবর জেনেও কিছু করছেন না। সেখানে একটি মাত্র ফার্ম আছে যার কাছ থেকে সমস্ত জিনিস কেনা হচ্ছে এবং এইভাবে কোটি কোটি টাকা চুরি হচ্ছে। এইসব চুরি তিনি জেনেও বন্ধ করছেন না। ব্যান্ডেলে ওভারটাইম না দিলে কাজ হয় না। তারপর পরিবহনের ব্যাপারে বলব যে যাদের গাড়ি নেই তারা এই ব্যাপারে বিশেষ ভুক্তভোগী। এর অবস্থা দিন দিন খারাপ হয়ে যাচ্ছে। ঠিক সময়ে কেউ কোথাও গিয়ে হাজির হতে পারবেন না। ডিজেলের জন্য বাসের ভাড়া বাড়িয়েছেন। বেসরকারি বাসের ভাড়া ২০ থেকে ৩০ পয়সা বাড়িয়েছেন, সেখানে সরকার কায়দা করে এল লাগিয়ে ৪০ পয়সা আদায়

করছেন। তার পরে এস বাসে ক্যাঙারুর মতন দাঁড়িয়ে যেতে হয় এবং এরজন্য মিনিমাম ৫০ পয়সা দিতে হয়। এইভাবে জনসাধারণের পকেট কেটে পয়সা নেওয়া হচ্ছে। বেসরকারি বাসের ভাড়া যেখানে ১০ পয়সা বাড়লো, সেখানে আপনারা ডবল করলেন। ট্রামের ভাড়া কেন বাড়ালেন?

এছাড়া যদি জানতাম যে ডাইনে বামে সমান হয়ে যাচ্ছে তাহলে আমাদের খুব একটা আপত্তি থাকতো না। ইনফ্রাস্ট্রাকচার অনেক হয়েছে এবং এতো গাঁটকাটার পরে আমাদের কিছু বলার থাকতো না যদি এটা ডাইনে বামে সমান হত। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী বললেন যে এতো টাকা সাবসিডি দিতে হয়। কিন্তু এ তো জনসাধারণের পয়সা। এত দুরবস্থা এত গাঁটকাটার পরে কত কোটি টাকা পরিবহনকে বছরে সাবসিডি দিতে হয়। এটা কি অপচয় নয়? শিল্প দপ্তর কোন নতুন উদ্যোগ নেয়নি এবং এই বাজেটের মধ্যে কোন নতুন উদ্যোগ নেওয়া সম্ভবও নয়। এর প্রতিফল কি আপনারা নিশ্চয়ই জানেন। বিগত সরকার আমেদপুরে একটা সুগার মিল চালিয়েছিলেন। আপনাদের আমলে সেটা নাভিশ্বাস উঠেছে, সেটা বন্ধ হয়ে যাচ্ছে। শ্রম দপ্তরের কথা বলি—এই দপ্তর সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। শ্রম বিরোধ বেড়েছে। গ্রামে যে কৃষি মজুরদের মজুরি দেবার কথা সেটা এখনও এনফোর্স আপনারা করতে পারেননি। বেকার সমস্যা ক্রমবর্ধমান ক্রমশ বেড়ে চলেছে—বেকার সমস্যা সমাধান তো করতে পারেননি, থামাতেও পারেননি। পূর্ত দপ্তর সড়ক দপ্তর তার কথা বলি। আজকে কনস্ট্রাকশনের কাজ নানাভাবে বন্ধ নানা অজুহাতে বন্ধ। বোড়ালে একটা রুর‍্যাল হাসপাতাল হচ্ছিল এবং সেটা কংগ্রেস আমলে আরম্ভ হয়েছিল। কিন্তু সেই কাজ বহুদিনের টেন্ডার বলে বন্ধ করা হয়েছিল কন্ট্রাক্টররা করতে পারবে না বলেছিল। আমরা বলেছিলাম নতুন টেন্ডার করা হোক নতুন টেন্ডার করে ১৯ শতাংশ অ্যাবাভ চেয়েছিল। ১৯ শতাংশ অ্যাবাভ ওখানে তারা করতে পারেন না। তাই তারা সরকারের কাছে পাঠিয়েছিল। কিন্তু সেই যতীনবাবু সেটাকে অ্যাপ্রুভ করাতে ১ বছর সময় নিয়েছিলেন। তিনি কি রকম দক্ষ দেখুন। তারপর তারা বলল এটা ১ বছর হয়ে গেছে, আর এই টাকায় ঐ কাজ করা সম্ভব নয়। তাই সেখানে সেই কনস্ট্রাকশনের কাজ বন্ধ হয়ে রয়েছে। অবশ্য পূর্ত মন্ত্রী কাজ করার সময় পান না। তিনি এখন তদ্বির করে বেড়াচ্ছেন। রাস্তাঘাটগুলির অবস্থা কোনও দিনই উনি দেখেন না। গ্রামাঞ্চলে যেসব রাস্তাগুলি আছে সেগুলি অকোজো হয়ে পড়েছে মেরামত হচ্ছে না। তিনি পাইয়ে দেবার রাজনীতি করে বেড়াচ্ছেন। তিনি নাকি সিমেন্ট তদ্বির করতে গিয়ে একজন আই এ এস অফিসারের কাছে অপদস্থ হয়েছেন। তারপর অশোকবাবুর কাছে গিয়ে সাকসেসফুল হন। তিনি চুরুট খান বেশি। চুরুট থেকে শুল্ক কমিয়ে নিয়েছেন। এতে আর যারা ধূমপায়ী তাদের কিছুটা সুবিধা হবে এই যতীনবাবুর তদ্বিরে। কিন্তু আপনারা সিগারেটের উপর থেকে প্রবেশ কর কমালেন যাতে পশ্চিমবাংলার ক্ষয়িষ্ণু মানুষদের স্বাস্থ্য আরও কমে যায়, মরণের মুখে ফেলে দেওয়া হয় সেইজন্য এই চেষ্টা হচ্ছে।

**(এ ভয়েস ঃ— প্রণব মুখার্জিও সিগারেট খান)**

[5-10 — 5-20 p.m.]

প্রণব মুখার্জির কথা আপনাকে ভাবতে হবে না। প্রণববাবু সেল্‌ফ সাফিসিয়েন্ট এবং আপনাদের থেকে অনেক উঁচুতে। আপনি পশ্চিমবাংলার কথা ভাবুন যাতে পশ্চিমবাংলার দুর্গত মানুষদের দুরাবস্থা দূর করতে পারেন সেই কথা ভাবুন, প্রণববাবুর সঙ্গে আপনাদের কোনও তুলনা হয় না। আপনারা চায়ের উপর সেস বাড়িয়েছেন। কিন্তু এই চা সর্বস্তরের মানুষরা খায়। স্যার, আপনি জানেন গরিব, বড়লোক, মধ্যবিত্ত সবাই খায়। আপনারা সেই চায়ের দাম বাড়িয়েছেন এবং এই সেস বাড়ানোর ফলে নিশ্চয় মানুষের কষ্ট হবে, কয়লার দাম বাড়িয়েছেন যেটা ভোর হলেই মানুষের প্রয়োজন। চা শিল্পের সঙ্কট সম্বন্ধে আমরা কাগজে দেখছিলাম। তারপর শিক্ষার কথা। শিক্ষা ক্ষেত্রে আপনারা রাজনীতির অনুপ্রবেশ ঘটিয়েছেন। শিক্ষাকে আপনারা সি. পি. এম. ক্যাডার তৈরি করার কারখানা করতে চান। প্রাইমারী স্টেজ থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত আপনারা হস্তক্ষেপ করতে বাদ দেননি। স্কুল বোর্ডগুলিতে আপনাদের সি. পি. এম. মনোনীত লোক দিয়ে ভর্তি করে রেখেছেন। মাধ্যমিক বোর্ড হায়ার সেকেন্ডারী কাউন্সিল সব জায়গায় নিজেদের লোক। বিশ্ববিদ্যালয়গুলির কি অবস্থা আপনারা করেছেন। আজকে দেখছি যাদবপুর সমাবর্তন উৎসব ব্যাপারে আচার্যকে মানছেন না। সমাবর্তন উৎসব করতে গেলে আচার্যের মত নিতে হয়। কিন্তু আচার্যকে না মেনে আপনারা কি করে করেছেন জানি না। প্রমোদবাবুর ডিকটেশনে কি কার ডিকটেশনে হচ্ছে জানি না। সেখানে সমাবর্তন উৎসব হচ্ছে কিন্তু আজকে সেই সমাবর্তন উৎসবে আচার্য যাচ্ছেন না। অদ্ভুত রাজনীতি আপনারা সব জায়গদায় চালিয়ে যাচ্ছেন।

রবীন্দ্রনাথ, রামকৃষ্ণ এঁদেরও আপনারা রেহাই দেননি। আজকে বলছেন, সহজপাঠ পুরানো হয়ে গিয়েছে, কালকে হয়ত বলবেন গীতা, কোরাণ সব পুরানো হয়ে গিয়েছে। অবশ্য গীতা, কোরাণ এসব আপনারা বিশ্বাস করেন না আমরা জানি। আমরা জানি সংসদীয় রাজনীতিও আপনারা বিশ্বাস করেন না। মানুষকে ধাপ্পা দেবার জন্য আপনারা এখন বলছেন, হ্যাঁ, আমরা সংসদীয় রাজনীতি বিশ্বাস করি, কিন্তু আমরা জানি আপনারা তা বিশ্বাস করেন না। আপনারা প্রাথমিক শিক্ষা থেকে ইংরাজীকে তুলে দেবার কথা বলছেন অথচ অন্যদিকে আমরা দেখছি ইংরাজী স্কুলগুলিকে ওঠানো হচ্ছে না। গ্রামাঞ্চলে ইংরাজী উঠে যাচ্ছে কিন্তু শহরে ইংরাজী স্কুল থেকেই যাচ্ছে। জ্যোতিবাবু, বুদ্ধদেববাবু, যাঁরা ওখানে বসে আছেন তাঁদের ছেলেরা ইংরাজী শিখবে কিন্তু গ্রামের ছেলেরা সে সুযোগ পাবে না। এইভাবে নতুন করে ব্রাহ্মণ, শূদ্র শিক্ষাক্ষেত্রেও তৈরি করা হচ্ছে। গ্রামের ছেলেরা শূদ্র থেকে যাবে, অস্পৃশ্য থেকে যাবে, তারা উচ্চশিক্ষায় যেতে পারবে না, ডাক্তার, ইঞ্জিনিয়ার হতে পারবে না, ইংরাজীতে পিছিয়ে থাকার জন্য এমন কি অল ইন্ডিয়ার ক্ষেত্রে কমপিটিটিভ পরীক্ষাতেও যেতে পারবে না এবং এইভাবে তারা বঞ্চিত থেকে যাবে। ইংরাজী শেখা এবং ইংরাজী না শেখা এইরকম দুটি শ্রেণী আপনারা তৈরি করছেন। এরপর স্যার, আমি পৌরসভার প্রসঙ্গে আসছি। পৌরসভাগুলিতে কোথাও অ্যাডমিনিস্ট্রেটর, কোথাও মনোনীত বোর্ড করে

দেওয়া হয়েছে। অদ্ভুত ব্যাপার দেখুন, রামপুরহাট পৌরসভার ব্যাপারে বলা হল অমুক তারিখ পর্যন্ত এই মনোনীত বোর্ড চলবে তারপর যেদিন তার মেয়াদ শেষ হল তার একদিন পরে করিজেনডাম ইস্যু হল এটা ৩১শে ডিসেম্বর পর্যন্ত চলবে। তারপর সেটাও যখন শেষ হল তখন আর একটা করিজেনডাম ইস্যু হল জুন মাস পর্যন্ত চলবে। অদ্ভুত রাজনীতি। এইভাবে পৌরমন্ত্রী পৌরসভাগুলি চালাচ্ছেন। এরপর স্যার, সেচ দপ্তরের প্রসঙ্গে আসছি। সেচমন্ত্রীকে আমি প্রশ্ন করেছিলাম যে বাঁশলই নদীর উপর সেচ প্রকল্পের ব্যাপারে বিগত সরকার সমীক্ষা চালিয়েছিলেন কি? উনি জবাব দিলেন, "হ্যাঁ" তারপর জিজ্ঞাসা করেছিলাম, এখন কি অবস্থায় আছে? উনি জবাব দিলেন, "সমীক্ষা চলছে।" বিগত সরকার এই প্রকল্প গ্রহণ করেছিলেন এটা উনি অ্যাডমিট করছেন কিন্তু তারপরের প্রশ্নের জবাবে বলছেন, এই সমীক্ষা এখনও চলছে। ৪ বছর ধরে সমীক্ষা চলছে, তার কোনও ব্যবস্থাই হল না, এইরকম কাজ হচ্ছে। তারপর ন্যায্য মূল্য কৃষকদের দেবার ব্যাপারে আপনারা কোনও লক্ষ্যই দিচ্ছেন না। এইসব সমস্যার সমাধানের জন্য আপনারা কিছুই করতে পারেননি। পশ্চিমবাংলাকে আপনারা সমস্ত দিক থেকেই পিছিয়ে দিচ্ছেন। এই বাজেট উন্নয়ন প্রতিবন্ধী বাজেট এই বাজেট বন্ধ্যা বাজেট, এই বাজেটকে তাই তীব্র সমালোচনা করে এর বিরোধিতা করছি। এই বলে আমি শেষ করলাম। জয়হিন্দ।

**শ্রী দেবরঞ্জন সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৮১-৮২ সালের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেটা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। স্যার, এই ব্যয়বরাদ্দ পেশ করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে কথাটা বলেছেন সেটা অত্যন্ত উল্লেখযোগ্য যে এই বিধানসভায় বামফ্রন্টের এই মেয়াদের এটাই শেষ বাজেট। এই শেষ বছরের বাজেটের মধ্যে দিয়ে একথাটাই আমরা প্রমাণ করতে চাই যে ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় খেটে খাওয়া মানুষরা পশ্চিমবাংলার বিধ্বস্ত অর্থনৈতিক অবস্থার মধ্যে যে দায়িত্ব এই বামফ্রন্ট সরকারের হাতে দিয়েছিলেন সেই সরকারের তরফ থেকে একথা আমি বলতে পারি আমাদের এই সরকার বিগত ৪ বছরের শাসনে পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামোটাকে যতদূর সম্ভব শক্তিশালী করবার চেষ্টা করেছেন এবং তাতে সফল হয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যয়-বরাদ্দ পেশ করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী যে কথা বলেছেন যে এই সরকার ক্ষমতায় আসার আগে রাজ্য বাজেটে মোট বরাদ্দ ছিল ৬ শত ৬৬ কোটি টাকা। আজকে এই বাজেট আলোচনা আরম্ভ করার প্রাক্কালে আমরা দেখছি যে সেই বরাদ্দ বেড়ে ১৫ শত ৮৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। এই বরাদ্দ সম্পর্কে বিশ্লেষণ করতে গিয়ে তিনি দেখিয়েছে যে বিভিন্ন উন্নয়নমূলক খাতে কৃষি, সেচ, বিদ্যুৎ, রাস্তা ইত্যাদিতে রূপ দেবার জন্য বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে এই টাকার একটা বৃহৎ অংশ ব্যয় করছেন এবং একথা তার বাজেট বক্তৃতায় রয়েছে যে মূল বরাদ্দের ১৭ শতাংশ শিক্ষাখাতে ব্যয় করার কর্মসূচি নেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ব্যয়-বরাদ্দ আলোচনা করতে গিয়ে বিরোধী পক্ষ থেকে বিশেষ করে কংগ্রেস(ই) সদস্যরা পরিকল্পিতভাবে চেষ্টা করে

চলেছেন এবং তারা একথা বলতে চাইছেন যে এই ব্যয়-বরাদ্দ একটা রাজনৈতিক ধাপ্পা ছাড়া আর কিছু নয় এবং এর মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার তাদের রাজনৈতিক ফায়দা লুঠবার চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে গত ৪ বছরের ব্যয়-বরাদ্দের মধ্যে দিয়ে আমরা দেখেছি যে গ্রামবাংলার অর্থনৈতিক কাঠামোর পরিবর্তন করা হয়েছে, উন্নত করা হয়েছে এবং গ্রামবাংলাকে সমৃদ্ধ করতে পেরেছি। আগে গ্রামবাংলার যে অবস্থা ছিল তাতে গ্রামবাংলার খেটে খাওয়া মানুষের অর্থনৈতিক কাঠামো দিনের পর দিন ভেঙে পড়েছিল। এই বামফ্রন্ট সরকার বিগত ৪ বছরের মধ্যে বিভিন্ন পরিকল্পনা নিয়েছে এবং সেগুলিকে ঠিকভাবে রূপায়িত করার জন্য যে ফল সেটা গ্রামের বেশিরভাগ সাধারণ মানুষের কাছে পৌঁছেছে। আজকে শিক্ষা জগতে পশ্চিমবঙ্গ এক মাত্র রাজ্য যেখানে ১০ম শ্রেণী পর্যন্ত শিক্ষা ব্যবস্থাকে বেতনহীন করতে পেরেছে। এই সীমিত ক্ষমতার মধ্যে, সীমিত আর্থিক সুযোগ-সুবিধার মধ্যে বিভিন্ন প্রাইমারী স্কুলে এবং বিভিন্ন হাই স্কুলে খাবার দেবার ব্যবস্থা করা হয়েছে, বিনা পয়সায় পুস্তক দেবার ব্যবস্থা করা হয়েছে। গরিব ছাত্রছাত্রীদের কিছু অংশকে আমরা বস্ত্র এবং প্রয়োজনীয় জিনিসপত্র দিতে সক্ষম হয়েছি। একথা আমরা জানি যে পরিকল্পনার মধ্যে দিয়ে, ৩৬ দফা কর্মসূচির মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার যে কাজ করতে চেয়েছিলেন, সেটা সম্পূর্ণভাবে পূর্ণ লক্ষ্যে পৌঁছাতে পারেনি। কিন্তু আমরা বিশ্বাস করি যে এই বাজেটের মধ্যে দিয়ে ৩৬ দফা কর্মসূচিকে রূপ দেবার জন্য যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে আর এক ধাপ এগিয়ে যেতে পারব। আজকে কৃষি জগতে পশ্চিমবাংলায় একটা আমূল পরিবর্তন করতে পেরেছি।

আজকে পশ্চিমবাংলাকে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পেরেছি। অন্যান্য প্রয়োজনীয় জিনিস-এর ক্ষেত্রে দেখা যাচ্ছে যে পশ্চিমবাংলার খেটে খাওয়া মানুষরা যাতে খেতে পারে তার জন্য আমাদের অর্থমন্ত্রী এই ব্যয়-বরাদ্দের মধ্যে চেষ্টা করছেন। আজকে প্রয়োজনীয় জিনিস-পত্র যাতে সরকারি তত্ত্বাবধানে সরবরাহ করা যায়, সাধারণ মানুষের মধ্যে বিক্রয় করা যায় তার জন্য অনেক কর্মসূচির কথা মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে প্রতিফলিত হয়েছে। আমরা দেখেছি যে পরিকল্পনা খাতে যে ব্যয়-বরাদ্দ করা হয়েছে, সেই বরাদ্দের মধ্যে দিয়ে আগামী দিনে পরিকল্পনাগুলিকে রূপায়িত করার কথা তার ভাষণের মধ্যে প্রকাশ পেয়েছে। মাননীয় অর্থমন্ত্রীর ভাষণে আছে যে কেন্দ্রীয় সরকার তাদের উন্নয়নমূলক পরিকল্পনার মধ্যে দিয়ে, পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দিয়ে যে অর্থ বরাদ্দ রাজ্যভিত্তিক করেন, সেই ব্যাপারে যে নীতি তারা অনুসরণ করেন, পশ্চিমবঙ্গের ব্যাপারে কিন্তু সেই নীতিকে অনুসরণ করেন না।

উপরন্তু পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রের যে বিমাতৃসুলভ আচরণ, সেই আচরণের রূপ আজকে নগ্নভাবে প্রকাশিত হয়েছে। তাই আমি পরিষ্কারভাবে এই কথা বলতে পারি, কেন্দ্রের যে চক্রান্ত শুরু হয়েছে। কেন্দ্র জানেন, রাজনীতিগতভাবে পশ্চিমবাংলাকে কায়দা করা যাবে না, পশ্চিমবাংলাকে কব্জা করা যাবে না। রাজনীতিগতভাবে ক্ষমতার ভিতর দিয়ে পশ্চিমবাংলার

রাজনৈতিক ক্ষমতাকে দখল করা যাবে না, তাই অর্থনৈতিক চাপ সৃষ্টি করে, অর্থনৈতিক কায়দার মধ্যে পশ্চিমবাংলাকে এমন একটা জায়গায় নিয়ে যেতে চাইছেন, যেখান থেকে পশ্চিমবাংলার সাধারণ মানুষকে তুলে নেওয়ার ক্ষমতা বামফ্রন্ট সরকারের আর থাকবে না। বামফ্রন্ট সরকারের এই যে বার্ষিক ব্যয় বরাদ্দ, এই ব্যয় বরাদ্দের মধ্যে দিয়ে তা প্রকাশ করবার চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা আজকে পরিষ্কার, আজকে জনসংখ্যার আনুপাতিক হারে আমাদের যা প্রাপ্য, পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য যে দেয় টাকা কেন্দ্রের কাছ থেকে পাওয়ার কথা ছিল, সেই টাকা থেকে আমরা বঞ্চিত হচ্ছি। যার জন্য মাননীয় অর্থমন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দ উপস্থিত করার সময় তাঁর ভাষণের মধ্যে স্বীকার করেছেন যে, আমাদের আরও যে সমস্ত ব্যয়বরাদ্দের পরিকল্পনা ছিল সেই ব্যয়বরাদ্দ পরিকল্পনাকে আমাদের সঙ্কুচিত করতে হয়েছে, আমরা বাধ্য হয়েছি তা করতে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই ব্যয়বরাদ্দের আলোচনায় আমি এই কথা বলতে চাই যে আজকে বিভিন্ন খাতে যেভাবে ব্যয়বরাদ্দ করে গত বছরের ৬৫ কোটি টাকা ঘাটতিকে স্বীকার করে নিয়ে অর্থমন্ত্রী যে আগামী বছরের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন এবং যে ব্যয়বরাদ্দের মধ্যে দিয়ে তিনি এই কথা স্বীকার করেছেন যে আগামী বছরের ব্যয়বরাদ্দের মধ্যে তিনি আনুপাতিক হারে ৬৫ কোটি টাকার ঘাটতি আশঙ্কা করছেন এবং সেইভাবে তাঁর ব্যয়বরাদ্দকে আমাদের সামনে পেশ করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে পশ্চিমবাংলার বিভিন্ন সমস্যা এবং এই সমস্যার সঙ্গে যে সমস্ত রাজনৈতিক সমস্যা আজকে কংগ্রেস আই তাদের চেলা-চামুণ্ডাদের মাধ্যমে আজ সারা পশ্চিমবাংলায় তৈরি করবার চেষ্টা করেছেন এবং ষড়যন্ত্র করে চলেছেন এবং পশ্চিমবাংলায় একটা অরাজকতা সৃষ্টি করেছেন তার মধ্যে দিয়ে আমরা মনে করি আজকের এই যে ব্যয়বরাদ্দ, সেই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আগামী বছরের ব্যয়বরাদ্দের মাধ্যমে কর্মসূচিগুলোকে রূপ দেবার জন্য ব্যাপকভাবে কর্মসূচির মধ্যে দিয়ে জনসাধারণের সহযোগিতা নিয়ে যাতে আমরা এই ব্যয়বরাদ্দকে সম্পূর্ণভাবে রূপ দিতে পারি তার জন্য আমাদের এগিয়ে যেতে হবে। যাতে করে ইন্দিরা কংগ্রেসের প্রতিক্রিয়াশীল চক্রের হাত ভেঙে দিতে পারি, যাতে পশ্চিমবাংলার গ্রামবাংলার সাধারণ মানুষ তাদের অর্থনৈতিক ক্ষমতাকে আরও ভালভাবে জোরদার করে একটা জায়গায় নিয়ে গিয়ে বনেদ তৈরি করতে পারি তার জন্য আমাদের চেষ্টা করে যেতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, এই ব্যয়বরাদ্দের মধ্যে আমরা দেখেছি যে নতুন করে অর্থমন্ত্রী যৌথ বিমার কথা ঘোষণা করেছেন। অর্থমন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দের মধ্যে তিনি এই কথা বলেছেন যে প্রথম বছর যারা বেকার ভাতা পেয়েছেন তাদের বেকার ভাতা বন্ধ করে দিয়ে তাদের কাছে একটা নতুন রাস্তা খুলে দেবার জন্য একটা পরিকল্পনা তিনি নিয়েছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই বাজেট অধিবেশনে কংগ্রেস আই বা জনতা দলের মধ্যে থেকে যে সমস্ত মাননীয় সদস্য এই ব্যয়বরাদ্দের সমালোচনা করেছেন, এই সমালোচনা করতে গিয়ে বেকার ভাতা সম্বন্ধে বিভিন্ন মতামত ব্যক্ত করেছেন, তাঁদের কাছে আমার সবিনয় নিবেদন যখন পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার সর্ব প্রথম বেকার ভাতা চালু করেন তখন তাঁরা এগিয়ে এসে বলেছিলেন এটা

বেকার ভাতা নয়, এটা ক্যাডার ভাতা। আজকে যখন এই বেকার ভাতা পাবার জন্য যারা প্রথম সুযোগ পেয়েছিলেন তাদের বন্ধ করে দিয়ে তাদের কাছে অন্য একটা পরিকল্পনার মধ্যে নিয়ে তাদেরকে স্থায়ী ভাবে প্রতিষ্ঠিত করবার জন্য অর্থমন্ত্রী যখন একটা পরিকল্পনা পেশ করেছেন, তখন তাঁদের কাছ থেকে সমালোচনা আসছে যে বেকার ভাতা বন্ধ করে দিয়ে আবার একটা সঙ্কটের সৃষ্টি করতে চলেছেন। তাই মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে আমরা এই কথা পরিষ্কারভাবে জানতে পেরেছি এবং বুঝতে পেরেছি, আজকে বিরোধী পক্ষের তরফ থেকে ব্যয়বরাদ্দের বিরুদ্ধে কোনও যুক্তিপূর্ণ তথ্য না থাকার জন্য আজকে আমাদের কাছে বিকৃতভাবে অভিসন্ধীমূলকভাবে এই ব্যয়বরাদ্দের সমালোচনা করবার চেষ্টা করছিল।

কিন্তু আমরা জানি পশ্চিমবাংলার মানুষে খেটে খায় এবং তারা লড়াই করে আজও বেঁচে আছে। তারা জানেন এই ব্যয়বরাদ্দের মধ্যে দিয়ে তাদের সার্বিক মঙ্গল এবং উন্নতি হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমরা মনে করি না যে, এই সমাজব্যবস্থার মধ্যে, সীমিত ক্ষমতার মধ্যে প্রতিক্রিয়াশীল শক্তি কেন্দ্রে ক্ষমতায় থাকা সত্ত্বেও কাজের হাতকে আরো শক্তিশালী করা যায় এবং একথা আমরা কেউ বলিনি এবং একথা যদি কেউ বলেনও তাহলে আমরা তাঁর সঙ্গে এক মত নই, দ্বিমত পোষণ করি। কিন্তু এই প্রসঙ্গে বলতে চাই যে, এই অবস্থার মধ্যে থেকেও গত চার বছরে কেন্দ্রের কাছ থেকে অর্থনৈতিক দাবিদাওয়া আদায় করে নিয়ে এসে পশ্চিমবঙ্গের আর্থিক কাঠামোকে পুনরুজ্জীবিত করেছি। পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামোকে আরও জোরদার করে অর্থনৈতিক ব্যবস্থাকে সম্পূর্ণরূপে নতুন পথে চালাবার চেষ্টা করছি এবং আমাদের বিশ্বাস যে এর মধ্যে দিয়েই আমরা একটা জায়গায় গিয়ে পৌঁছতে পারব। তাই মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে, বাজেট অধিবেশনের প্রাক্কালে যে ব্যয় বরাদ্দের দাবি মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন এবং যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকারের ৩৬ দফা কর্মসূচিকে রূপ দেবার জন্য পথনির্দেশ করেছেন। আমাদের বিশ্বাস যে, এই পথে আমরা একদিন পশ্চিমবাংলার অর্থনীতিকে আরও জোরদার করতে পারব এবং আরো দৃঢ় করতে পারব। এই কথা বলে প্রস্তাবিত বাজেট বরাদ্দকে সমর্থন করে, মাননীয় অর্থমন্ত্রীর ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রেণুপদ হালদার :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন এবং সেটা করতে গিয়ে তিনি যে ভাষণ পাঠ করেছেন সেটা খুবই চমকপ্রদ হয়েছে বলে মনে হচ্ছে। এখানে তিনি যে কথাগুলি বলেছেন, বিশেষ করে চাষীদের ঋণ মকুবের কথা ১৯৫৩ সাল থেকে চাষীদের যেসমস্ত ঋণ ছিল সেগুলি সব মকুব করবার কথা বলেছেন। দীর্ঘদিন ধরে চাষীরা যেসমস্ত ঋণ পরিশোধ করতে পারেনি সেসমস্ত ঋণের পরিমাণ আজকে সুদে আসলে ৩৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। অবশ্য এর মধ্যে কিছু কিছু তারা পরিশোধ করেছিল। কিন্তু সুদে আসলে এখন পর্যন্ত ঐ পরিমাণ দাঁড়িয়ে আছে। এই অবস্থায় তাদের

কাছ থেকে এটা আদায় করা কখনই সম্ভব নয়। সেই জন্যই সরকার বাধ্য হয়েছে ঋণ মকুব করতে। এটাই আমাদের মনে হচ্ছে যে, সরকার এই ঋণ আদায় করতে পারবে না, সুতরাং বাধ্য হয়ে মকুব করেছে। আসলে সরকার শেষ পর্যন্ত "উড়ো খৈ গোবিন্দায় নমঃ" করেছেন। আমরা মনে করি এটা করা ছাড়া এ ব্যাপারে সরকারের আর অন্য কোনও উপায় ছিল না।

[5-30 — 5-40 p.m.]

আজকে চাষীদের যে সমস্যা তার ফসলের যে ন্যায্য দাম সেই ন্যায্য দাম পাওয়ার ব্যাপারে সরকার থেকে কোনও ব্যবস্থা করা হয়নি। ফসলের ন্যায্য দাম পাওয়ার জন্য চাষীরা অনুরোধ করেছে এবং সরকার থেকে তাদেরকে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও কোনও ব্যবস্থা সরকার করেনি। ফসল উঠবার সময় থেকেই তাদের অভাব শুরু হয়, সেটা রদ করবার কোনও ব্যবস্থা হয়নি। সরকার পক্ষ থেকে পঞ্চায়েতের মাধ্যমে ধান সংগ্রহের ব্যবস্থা করা হয়েছে কিন্তু সেই সংগ্রহের পরিমাণ কতটা তা সরকার নিশ্চয়ই জানেন। বিভিন্ন জায়গায় পঞ্চায়েতের পক্ষ থেকে এই ধান সংগ্রহ করা সম্ভব হচ্ছে না। এই ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ঠিক করা হয়নি। আজকে বলা হচ্ছে, এ বছর ফসল ভাল হয়েছে অথচ ধনী, বড় বড় চাষীদের কাছ থেকে উদ্বৃত্ত ধান লেভি করে আদায় করার কোনও ব্যবস্থা হয়নি। এদিকে কৃষকেরা অন্যান্য জিনিস যাতে কম মূল্যে পায় তারও কোনও ব্যবস্থা করা হয়নি। কৃষকদের ক্ষেত্রে চাষবাস উন্নতি করবার জন্য এখন ব্যাঙ্কের মাধ্যমে লোন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু অনেক কৃষক ব্যাঙ্কের কাছে গিয়েও লোন পাচ্ছে না ফলে অনেক গরিব চাষীর অসুবিধা সৃষ্টি হয়েছে। তাদেরকে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও তারা পাচ্ছে না। চিকিৎসার ব্যাপারে সরকার পক্ষ থেকে বলা হয়েছে যে, চিকিৎসা খাতে ব্যয়বরাদ্দ ডবল করা হয়েছে। কিন্তু আসলে গত বছরের বাজেট থেকে ৫ কোটি টাকা বাড়ানো হয়েছে মেডিক্যাল এবং পাবলিক হেল্‌থে। কিন্তু আজকে হাসপাতালের কি দুরাবস্থা। ওষুধ পাওয়া যাচ্ছে না, রোগীদের জন্য বেড-এর ব্যবস্থা নেই। সুতরাং এই যে টাকা বাড়ানো হয়েছে এটা মোটেই যথেষ্ট নয়। যেখানে হাসপাতালগুলি আছে সেখানে ওষুধ পাওয়া যাচ্ছে না। হেল্‌থ সেন্টার যেগুলি তৈরি করা হয়েছে সেগুলি খোলা হচ্ছে না। প্রায় পৌনে ৩০০ মতন ডাক্তার এখনও পাওয়া যায়নি। যে সমস্ত ওষুধ টেন্ডাররের মাধ্যমে কোম্পানিদের কাছ থেকে নেওয়া হয় সেখানে যে কোম্পানি লেসে টেন্ডার সাবমিট করেন তারই অ্যাকসেপ্ট করা হয়। যখন এই সমস্ত ওষুধগুলি সাপ্লাই দেন তখন ওষুধের দাম বেড়ে যায় ফলে ওষুধগুলি সাপ্লাই দিতে পারে না। তখন ঐ সমস্ত অফিসারদের দিয়ে যে পরিমাণ দেওয়ার কথা তার থেকে কম দিয়ে তারা রেহাই পেয়ে যান। সুতরাং হাসপাতালে যে ওষুধ পাওয়া যায় না তার মধ্যে এটা একটা কারণ বলে আমি মনে করি। রাজ্যপালের ভাষণের মধ্যে আছে পানীয় জলের সর্বত্র ব্যবস্থা হয়েছে। কিন্তু আমি দেখেছি, একটা গ্রাম পঞ্চায়েতে বছরে ১টি করে টিউবওয়েল হচ্ছে।

বছরে একটা করে টিউবওয়েল হয়েছে তো তিনটে খারাপ হয়ে পড়ে আছে। বিভিন্ন জায়গায় আমরা দেখছি যেখানে দলীয় কোন্দল মেটাবার জন্য একই গ্রামে দুই-তিনটি হচ্ছে।

অন্যান্য গ্রামে নেই, সেগুলি হওয়া দরকার। আজকে গ্রামাঞ্চলের বহু জায়গায় টিউবওয়েল নেই। যেগুলি মিউনিসিপ্যালিটি এলাকা এবং গ্রামের মধ্যে যেখানে পাইপ ওয়াটার সাপ্লাই করবার জন্য ব্যবস্থা করেছেন সেই সমস্ত জায়গায় পাইপ লাইন বসানো হয়েছে। দীর্ঘদিন ডিপ টিউবওয়েল বসান হয়েছে কিন্তু জল উঠছে না, অপচয় হয়ে গেল। ১০-১২ বছর পরে কাজে লাগাবার চেষ্টা হচ্ছে জল উঠছে না, সাপ্লাই হচ্ছে না। বহু ক্ষেত্রে সেজন্য জল পাওয়া যায় না। এছাড়া আজকে বেকারভাতার কথা আছে। বেকারভাতা আজকে তুলে দেওয়ার ফলেতে প্রায় দুই লক্ষ বেকার এই সমস্ত সুযোগ থেকে বঞ্চিত হতে চলেছে। আগামী ৩১শে মার্চের পরে ১লা এপ্রিল পর্যন্ত যাদের বয়স ৪০ বছরের মধ্যে তাদের ক্ষেত্রে ব্যবসা-বাণিজ্য করে সেল্‌ফ এমপ্লয়মেন্ট ক্ষেত্রে ব্যবস্থা করবার কথা আছে। কিন্তু যাদের ৪০-এর উপর তাদের জন্য কোন ব্যবস্থা হবে বলে বলা হয়নি। আজকে শিল্প ক্ষেত্রে শ্রমিক ছাঁটাই হচ্ছে। তাদের লে-অফ, লক আউট হচ্ছে। এই লে-অফ লক আউটের জন্য বন্ধ করবার কোন ব্যবস্থা নেই। সেজন্য আজকে আমি মনে করি এই বাজেট সত্যিকার জনসাধারণের স্বার্থের পুরোপুরিভাবে রক্ষিত হয়নি, সেজন্য আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় চেয়ারম্যান মহোদয়, আমি ডঃ মিত্র যে বাজেট এখানে পেশ করেছেন তাকে শুধু সমর্থন জানাচ্ছি তাই নয়, আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। সমর্থন করতে গিয়ে বাজেট বিতর্কে প্রধান বিরোধী দল এবং তার মুখপাত্র হিসাবে শ্রী ভোলানাথ সেন যেসব কথা বলেছেন—নিজের বক্তব্য বলার আগে পরিষদীয় বিতর্কে তাঁর বক্তব্যের জবাব না দিয়ে পারছি না। যদিও অর্থমন্ত্রী উনি দেবেন নিশ্চয় তবুও আমি বলছি। আজকে যে কথাটা ঘন ঘন উঠেছে—উঠেছে, উঠছে উঠবে সেটা হচ্ছে একটা রাজ্য একটা অঙ্গ রাজ্য রাজনৈতিক এবং অর্থনৈতিক ক্ষমতার সীমাবদ্ধতা। আমরা এই কথাটা বলছি, কিন্তু খুব হালকা সুরে ভোলাবাবু এটাকে উড়িয়ে দেবার চেষ্টা করেছিলেন। সীমাবদ্ধ ক্ষমতা—যেন একটা ছেঁদো অজুহাতে লেম এক্সকিউজ আমরা এখানে তুলতে চাইছি। আমাদের অক্ষমতা গোপন করবার জন্য মাননীয় চেয়ারম্যান স্যার, আমি এটা বিশেষ জোর দিয়ে বলছি এটা যে ছেঁদো কথা নয় সেটা একটু ভোলাবাবুর জানা দরকার। যেসব বক্তারা আছেন তাঁরা কি বলেছেন সেটা ভাল করে যদি শোনেন তাহলে বুঝবেন। আমি সেজন্য মনে করিয়ে দিতে চাই যে লিমিটেশন সোর্সটা ধরেএই রকম একটা সীমাবদ্ধতার মধ্যে আছে কিনা সেই কথাটা বিচার না করে—বিচার করতে হবে কারণ বিচার না করলে কোন অঙ্গ রাজ্য কখনও স্বাধীনভাবে তাদের অর্থনৈতিক উন্নয়নের ব্যবস্থা শুধু রসদের অভাবে কোনওদিন করতে পারে না। কোনও সম্পদের অভাবে কোনওদিন করতে পারে না। সম্পদে অগ্রসর, অর্থনৈতিক উন্নয়ন অর্থের কথা এটা ঠিক যে institutional, internal, organisational প্রশ্নগুলি আছে। সেই প্রশ্নের সমাধান না করে রসদ সম্পদ তাই যদি সত্য হয় দেশের অর্থনৈতিক উন্নয়ন করা সম্ভব নয়।

[5-40 — 5-50 p.m.]

কাজেই এইগুলি চলবে একসঙ্গে, কিন্তু যে অবস্থার মধ্যে আছি চোখ-কান বুঝে থাকার কোনও উপায় নেই। সেখানে শুধু পরিষ্কারভাবে এই কথা বলা দরকার ওরা যে সব কথাগুলি বলছে যে চিকিৎসা ব্যবস্থার উন্নয়ন ঠিক ঠিক ভাবে হয়, শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ঠিক ঠিক ভাবে করতে হয়, রাস্তা-ঘাট উন্নয়ন এইগুলি যদি ঠিক ঠিক ভাবে করতে হয় তাহলে যে সম্পদ দরকার, আমাদের সমস্ত সম্পদ এক জায়গায় করলেও সেই সম্পদ আমরা পাব না। তাহলে কিভাবে এগোবো। আজকে ভোলাবাবু বললেন এবং বলে চলে গেলেন যে এইসব কথা বললে হবে না কেন্দ্র টাকা দেবে না জুন মাসের মধ্যে ভেঙে দেওয়া হবে। তিনি শাসাচ্ছেন, কেন শাসাচ্ছেন এইসব কথার কোনও অর্থ আমরা বুঝতে পারছি না। ভাঙবেন কি ভাঙবেন না সেটা আলাদা ব্যাপার, কেন্দ্র টাকা দেবেন না এটা বললেন কি করে, তিনি তো শিক্ষিত তিনি কি জানেন না ফেডারালিজম কাকে বলে। অধ্যাপক ডাইসি এই কথা বলেছেন বহু দিন আগে যে ফেডারাল স্টাকচার চলে না যদি ফেডারাল সিস্টেম না থাকে, ফেডারাল মেন্টালিটি না থাকে। এইসব লক্ষ্যণ এই নমুনা দেখা দিয়েছে যে ওরা stuck to some other ideology. এ তো আমরা জানি ১৯৭৫ সালে দেখেছি সেই ইডিওলজির চেহারা আবার চিন্তা করছেন স্বৈরতন্ত্রের এবং একনায়কতন্ত্রের কথা অথবা ফেডারালিজম ঘাড়ে ইউনিটারী টাইল অফ গভর্নমেন্ট চাপিয়ে গেলেন। কাজে কাজেই আমরা দেখতে পাচ্ছি আমাদের ওভারওল লিমিটেশন, আমাদের লিমিটেশনের ভোলাবাবু কি করে বললেন কেন্দ্র টাকা দেবে না? ওদের মাথায় কি এটা একবারও ধাক্কা মারলো না যে এই কথা বলার অর্থ হলো ন্যাশানাল প্লানকে বিট্রে করে দেওয়া। Are we not a past of the national planning? Are we not a part of the National Budget? আমরা কি তার থেকে আলাদা, আমরা কি তার বাইরে। কাজেই আজকে পশ্চিমবঙ্গে একটা অঙ্গ রাজ্য হিসাবে কোন কিছুর উন্নয়ন যদি না হয় তাহলে তার দায়িত্ব কার উপর বর্তাবে। ন্যাশনাল প্ল্যানিং আছে, প্ল্যানিং কমিশন আছে তার চৌহদ্দি ভেতরে সব ভারতবর্ষের অর্থনৈতিক ব্যবস্থা হচ্ছে। আজকে যদি বাধা দেখা দেয় তাহলে সেই বাধা জাতীয় পরিকল্পনার বাধা হিসাবে চিহ্নিত হবে। এটা বুঝতে পারি না আশ্চর্য ব্যাপার কাজে কাজেই আরো গভীরে যেতে পারবেন না। ওরা বলে চলে গেলেন ট্রান্সপোর্ট ডিফিকাল্টি বলে চলে গেলেন ইলেক্ট্রিসিটি ডিফিকাল্টির কথা। এটা তো হচ্ছে বেসিক লিমিটেশন এটা হচ্ছে প্লানিং কমিশন গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এবং ইন্ডিয়া গভর্নমেন্টের। আমাদের উপর লিমিটেশন চাপিয়ে দিয়েছেন এটা তাদের করার কথা। কাজেই অধ্যাপক প্রবোধ সিংহ মহাশয় বললেন স্টেগন্যান্ট বাজেট এবং Stagnant economy or semi stagnant economy. এটা পশ্চিমবাংলার ক্ষেত্রে শুধু সত্যি নয় সারা ভারতবর্ষের অবস্থা এই রকম। It is a Pagnant of sami stagnant economy. কাজে কাজেই এখানে অর্থনৈতিক উন্নয়নের টেম্প যদি বাড়াতে হয় রেপিড ইকনমিক ডেভেলপমেন্ট যদি করতে হয় তাহলে কারো খেয়ালখুশি মতো হবে না। অর্থনীতিতে কতকগুলি নিয়ম আছে যে নিয়মগুলি আছে যেমন ফিজিক্যাল ল, যেমন কেমিক্যাল ল আছে সেই রকম

ইকনমিক ল আছে, সেখানে ল তাদের নিজস্ব পথ ধরে চলে এবং যদি আমরা সত্যিই অর্থনৈতিক উন্নয়ন দ্রুত গতিতে সাধন করতে চাই তাহলে একটা স্টেগন্যান্ট ইকনমিকে কিভাবে আমরা ঢেলে সাজাব এটা অর্থনৈতিকবিদ্‌রা বার বার বলেছেন।

একটা স্ট্যাগনেন্ট ইকনমিক কিভাবে আমরা ঢেলে সাজাবো? এই কথা অর্থনীতিবিদ্‌রা বার বার বলেছেন। ওরা কি সেগুলি দেখেন, সেগুলি পড়েন? সেখানে স্ট্যাগনেন্ট ইকনমি থেকে যদি আমরা টেক অব স্টেজে যেতে চাই সেক্ষেত্রে প্রফেসর লস্টো কি বলেছেন— বলেছেন যে ১৫ থেকে ২৫ বছরের ভেতর রেপিড ইকনমিক ডেভেলপমেন্ট করবার মানে ম্যামুখ, জাইগান্টিক ইনভেস্টমেন্টর দরকার আছে। টেক অফ স্টেজে আমাদের কাজ যা তা যদি সম্পন্ন করতে পারি তাহলে মাত্র আমরা সেল্‌ফ স্যাস্টেন্ট গ্রোথে পৌছতে পারব। কিন্তু সেল্‌ফ স্যাস্টেন্ট গ্রোথে কি ভারতবর্ষ কোনদিন পৌছতে পারবে? আজ যে রাস্তা দিয়ে চলেছে আমরা এটা পরিবর্তন করতে গেলে প্রথমত কোথায় কোন ডেভেলপমেন্ট কিভাবে হাত দেবে সেটা দেখতে হবে। আজ হেভি ইন্ডাস্ট্রির কথা বলা হয়েছে, ট্রান্সপোর্টের ফেসিলিটির কথা বলা হয়েছে। এই যুগের এক মহান বিপ্লবী তিনি এক সূত্রে বলেছিলেন যে কমিউনিজম আর কিছু নয় কমিউনিজম হচ্ছে সোভিয়েত প্লাস ইলেক্ট্রিসিটি। আজকে ন্যাশনাল প্ল্যানিং এ চূড়ান্ত ব্যর্থ হয়েছে। এবং এখানে যে লিমিটেশন যার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে সেটা তারা না বুঝেই বলে যাচ্ছে ট্রান্সপোর্টের ওমুখ হয়নি, ইলেক্ট্রিসিটির ওমুখ হয়নি, কার, কিসের জন্য এগুলি হয়নি? এগুলি কাদের করার কথা ছিল? It was the private responsibility of the planning commission এবং এই ফেলিওর যদি হয়ে থাকে সেটা বিরোধী দলের জন্য হয়েছে এটা তাদের অন্তত বোঝা উচিত ছিল। এবং ওদের জন্য We are suggesting for that. আজকে সমস্ত স্টেজের মধ্যে যে লিমিটেশন আছে আমরা তা পূরণ করতে পারব না। এবং কোনও প্রাইভেট ইন্টারপ্রেনারও তা পারবে না। কোন ইন্ডাস্ট্রিস ডেভেলপমেন্ট এখান থেকে হটাতে পারবে না। সেখানে ট্রান্সপোর্ট ফেসিলিটিস দিতে হবে। Because that is the infrastructure. সারা দেশের সমস্ত ইকনমি তার উপর দাঁড়াবে। এবং এটাকে প্ল্যান্ড ডেভেলপমেন্ট ছকের মধ্যে নিয়ে আসতে ওরা চরম ব্যর্থ হয়েছে যেখানে সেটা আমরা কক থেকে পারব? এটা আমাদের পক্ষে ট্যাকল করা সম্ভব নয়। কারণ আমাদের রিসোর্স কোথায়? আমাদের যে এত রিসোর্স নিয়ে তর্ক-বিতর্ক হচ্ছে কিসের জন্য? আজকে আমাদের পক্ষে এই সম্পত্তি সংগ্রহ করা খুবই শক্ত। এটা next to impossible. আজকে এটা ওদের বোঝা দরকার। প্রফেসর সিংহ যদি বলেন এই গ্রোথ আমাদের পক্ষে করা সম্ভব এবং করণীয় তাহলে আমাকে বলতে হয় যে গ্রোথ ওরিয়েন্ট ইকনমি করতে যে টাকা আমাদের দরকার সেই টাকা কি আমাদের আছে? Apart from the aspect of the growth. আজকে ওয়েলফেয়ার একটিভিটিস এবং গ্রোথ এই দুটোকে আমাদের পাশাপাশি এগিয়ে নিয়ে যেতে হবে। কাজে কাজেই একটা স্টেট গভর্নমেন্ট-এর কাছে যদি স্টেট ইকনমি দাবি কেউ করেন তাহলে তিনি অর্থনীতির অ. আ. ক. খ. জানেন না বলে আমি মনে করি।

এইটা যদি নাম্বার ১ লিমিটেশন হয় তাহলে তারপরের লিমিটেশন ভাল করে দেখা দরকার। সেখানে আমরা জানি যে ইউনিয়ন গভর্নমেন্ট কিভাবে সমস্ত সম্পত্তি ব্যবস্থাকে কুক্ষিগত করে রেখেছে। আপনারা যদি দেখেন যেখানে ডিভিসন অফ পাওয়ার হচ্ছে সেখানে ৭ম সিডিউল লিস্টগুলো তৈরি হচ্ছে তার ১, ২, ৩ লিস্ট দেখলে দেখা যাবে যে সেখানে ইউনিয়ন লিস্ট আছে সেটা দেখুন তাহলে দেখবেন ১৯৪৯ সালে যখন সংবিধান তৈরি হয়েছিল তখন সেখানে ৭৮টা আইটেম ছিল।

[5-50 — 6-00 p.m.]

আজকে সেখানে প্রায় ১০০টি আইটেম এবং পরবর্তীকালে যে আইটেমগুলি যুক্ত হয়েছে তার অধিকাংশ আইটেম হচ্ছে সম্পদ সংগ্রহের আইটেম এবং তা যে শেষ হয়নি সেটা হাউসে ডাঃ মিত্র বলেছেন যে কিভাবে কতগুলি জিনিসকে বার করে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। এইভাবে একদিকে সমস্ত সম্পদ সংগ্রহের ব্যবস্থা ইউনিয়ন গভর্নমেন্ট কুক্ষিগত করেছেন যার ফলে ইউনিয়ন লিস্টে প্রায় ১০০ দফা আইটেম হয়েছে। শুধু সেই বাবদ যে সম্পদ কুক্ষিগত করবার চেষ্টা করা হচ্ছে তাই নয় তার সঙ্গে সঙ্গে কংকারেন্ট লিস্ট এতে যে আইটেমগুলি আছে সেই আইটেমগুলি স্টেট লিস্টে পড়েনি—বরং অমিট করা হয়েছে। কংকারেন্ট লিস্ট আইটেমে রসদ সংগ্রহের ব্যবস্থা আছে, সেখানে কায়দা করে কেন্দ্র হস্তক্ষেপ করে যাচ্ছেন। আমাদের যে ৬৬টি আইটেম তার মধ্যে আমরা কিভাবে আইটেম নাম্বার ৪৫ থেকে ৬৫ পর্যন্ত ট্যাক্সেশন, ডিউটি, ল্যান্ডরেভিনিউ সম্পর্কিত ক্ষমতা দেওয়া আছে। এক্ষেত্রে এই আইটেমের মধ্যে দিয়ে আমাদের যেটুকু দেওয়া হয়েছে তাতে আমাদের নিজস্ব রিসোর্সের কথা বলছি—প্ল্যান রিসোর্সের পসিবিলিটি যেটা তার উপরেই ইকোনমিক প্রসপেক্ট নির্ভর করছে। এটা যদি কেউ দেখে তাহলে দেখবেন অসম্ভব। ভোলাবাবু বললেন দু'টাকা করে চাঁদা, তারপর বললেন আন এমপ্লয়মেন্ট অ্যাসিস্টেন্ট এটা কিছু নয়। এইগুলি ওয়েলফেয়ার একটিভিটি, ওয়েলফেয়ার প্রোগ্রাম। তখন বললেন ক্যাডার ভাতা, এখন বলছেন এটা কেন তুলে দিলেন? আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে পাওয়ার এখন এই রকমভাবে ভাগাভাগি করা হয়েছে যার ফলে যে অবস্থার মধ্যে রাজ্যগুলি পড়েছে তাতে আজ থেকে কাল হোক এই ব্যবস্থার বিরুদ্ধে দরকার হলে সারা ভারতবর্ষ জুড়ে একদিন বিদ্রোহ হবে। কারণ আমাদের যদি সম্পদ সংগ্রহের কোনও উপায় না থাকে এবং দেশের গ্রোথ যদি পিছনে পড়ে থাকে ওয়েলফেয়ার একটিভিটি যদি চালানো না যায় সম্পদের অভাবে তাহলে লোকে চুপ করে থাকবে না। অশোকবাবু এবং আমরা না হয় এজিটেটার এবং শ্রীমতী গান্ধীকে বেকায়দায় ফেলার জন্য এই কাজ করব কিন্তু আমি একজন বিখ্যাত জুরিস্ট এর বই থেকে কোড্ করতে চাই—যিনি একজন কনস্টিটিউশনাল ল এর এক্সপার্ট—সেই ডাঃ দুর্গাদাস বসুর ইন্ট্রোডাকশন টু দি কনস্টিটিউশন অফ ইন্ডিয়া বইতে যেটা লিখেছেন সেটা থেকে পড়তে চাই। তিনি বলছেন "In the federal sphere, it may be stated that most of the formal and informal changes which have taken place since the com-

mencement of the Constitution have been to strengthen Central control over the States more and more. While the federal system by its nature has generated State consciousness more than under the British regime, the Centre has been endeavouring more and more to assume control over the States not only by Constitutional amendment and legislation but also by setting up extra-Constitutional bodies like the Planning Commission, National Development Council and numerous conferences. As regards the predominant position of Planning Commission a learned author observed, "the emergence of the Planning Commission as a super Government has disturbed the concept of the autonomy of the States. It has also impinged on the authority of the States in matters vital to its administration such as, education, health and other welfare activitites."

এডুকেশন হেল্‌থ স্টেট সাবজেক্ট এই কোটেশন ডঃ বসু দিয়েছেন।

No less momentous is the increasing dependence of the States upon the Union in the matter of finance. Not only is financial strength of State is dependent upon the share of taxes and grants-in-aids as may be alotted to it by Union upon the recommendations of the finance Commission, there is very little doubt that the allocation of the financial resources to the States by the Constitution of 1949 has proved to be cramping for carrying out the legitimate functions of States, however narrow they might be. Nevertheless, there is much truth in the contention of the States that their so-called autonomy would be hollow with a larger financial freedom. A revision of the provision to the Constitution relating to this matter should be undertaken. What is more important is that there should be a greater emphasis on consultation with the consent of the States in areas affecting them vitally.

ডঃ বসু তার পরে যা বলেছেন সেটা আরও প্রনিধানযোগ্য। কাজেই একথা ডঃ দুর্গাদাস বসু যিনি কনস্টিটিউশনাল এক্সপার্ট বলে খ্যাতি আছে, জুরিস্ট বলে খ্যাতি আছে তিনি এই কথা বলছেন। আমাদের ... এজিটেটর এই কথা বলছে না। এই অবস্থায় আমরা আছি এবং এই অবস্থার মধ্যে রিসোর্স বিল্ড আপ হবে কি করে। আমাদের ওয়েলফেয়ার অ্যাকটিভিটি চালানো কঠিন হয়ে পড়েছে। তার মধ্যে ডঃ মিত্র যে বাজেট পেশ করেছেন এবং তিনি যা বলেছেন যে এই জায়গায় হাত দেওয়া দরকার। আজকে সারা পৃথিবী আন্ডার ডেভেলপমেন্ট কান্ট্রি চেষ্টা করছে কিভাবে ইকনমিক ডেভেলপমেন্ট করতে হবে তার টেকনিক কি হবে তা নিয়ে পৃথিবীর বিশিষ্ট অর্থনীতিবিদ এ সম্পর্কে কোন জায়গায় হাত দিতে হবে, কি কর্মসূচি গ্রহণ করতে হবে সেকথা তারা বলছেন। আমি ডঃ মিত্রকে ধন্যবাদ দিচ্ছি যে

তিনি এই রকম বাজেট এনেছেন। যিনি বলেছেন এটা একটা রাজনৈতিক প্রণোদিত আমি বলব তিনি অর্থনীতির কিছুই বোঝেন না। তিনি যদি দেখেন সারা পৃথিবীর আন্ডার ডেভেলপমেন্ট কান্ট্রির অর্থনৈতিক উন্নয়নের যে চার্জ চলেছে যে যে বিষয় নিয়ে অ্যাজ এ স্টেট তারা কাজ করছে একটা অঙ্গ রাজ্য হিসাবে খানিকটা আমরা করতে পারি এবং তার বেশি নিশ্চয় আমরা করতে পারি না। এটা ইট ইজ রিলেটিভ কোয়েশ্চেন এইটুকু আমরা বলতে পারি যে আপনারা যা করেছেন কোয়ান্টিটি দিক থেকে নয় কোয়ান্টামের দিক থেকে কোয়ালিটিটা আপনারা চিন্তা করে দেখুন। এই খাদেই আমাদের সঙ্গে একটা কোয়ালিটেটিভ ডিফারেন্স থেকে যায়। আপনারা যা আইডোলজির পিছনে ছুটছেন সেই আইডোলজির পিছনে আমরা ছুটিনি। এই পার্থক্যটা বোঝা যাবে না। এরপর আমি ভোলাবাবুর দু'একটি কথার উত্তর দিয়ে আমি শেষ করব। ইতি বলেছেন সেন্টার টাকা দেবে না। কেন দেবে না এটা কি তাঁদের জমিদারি?

[6-00 — 6-10 p.m.]

টাকাটা কি কারুর প্যা-টারন্যাল প্রপার্টি? ইচ্ছা করলে দেওয়া যায় ইচ্ছা করলেই দেওয়া যায় না এটা কি হতে পারে? উনি একথা বললেন কি করে আমি বুঝতে পারছি না। আপনারা এত লোককে বেকার করে রেখে দিয়েছেন, তাদের চাকরি দেওয়া দূরের কথা, তাদের জন্য আপনারা কিছুই করেননি, তার হা অন্ন হা অন্ন করে ঘুরে বেড়িয়েছে, এই যেখানে অবস্থা সেখানে তাদের জন্য আমরা যদি একটা টোকেন ব্যবস্থা করে কিছু টাকা তাদের দিই তাহলে সেটা কি খুব অন্যায় কাজ, খারাপ কাজ হয়ে যায়? তারপর ১২ ক্লাস পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করা হয়েছে—এটা কি খুব খারাপ কাজ করা হয়েছে, অন্যায় কাজ করা হয়েছে? বিদ্যালয়ে বিনামূল্যে টিফিন এবং পোশাক দেবার ব্যবস্থা করা হয়েছে সেটা কি খুব অন্যায় কাজ হয়েছে? টাকা দেবে না কেন্দ্র—একথাটা উনি বললেন কি করে আমি বুঝতে পারলাম না। স্যার, এইসমস্ত ওয়েলফেয়ার অ্যাকটিভিটিস যা প্রতিটি সভ্য রাষ্ট্রের, সভ্য সরকারের করা কর্তব্য, যেটা আমাদের দেশের অন্য রাজ্যে হয় না সেটা করে কি আমরা খুব অন্যায় কাজ করেছি? ভোলাবাবুর এতে উষ্মা হয়েছে, তিনি বললেন, টাকা দেবে না কেন্দ্র। কেন দেবে না? তার কারণ, আমরা এখানে মেডিক্যাল স্কুল করছি। কেন করছি জানেন? গ্রামে গ্রামে লক্ষ লক্ষ নয়, কোটি কোটি দরিদ্র মানুষকে আপনারা হাতুড়ের হাতে ফেলে রেখেছিলেন গত ৩০ বছর ধরে, আমরা তাদের জন্য ১৬ আনা ব্যবস্থা করতে পারিনি ঠিক কথা, সে সম্পদ আমাদের নেই কিন্তু আমরা কিছু ব্যবস্থা তাদের জন্য করার ব্যবস্থা করছি। আপনারা যাদের হাতুড়ের হাতে দীর্ঘদিন ধরে ফেলে রেখেছিলেন তাদের জন্য আরো একটু উন্নততর ব্যবস্থা করার জন্য একদল ডাক্তারকে আমরা জনস্বাস্থ্যের শিক্ষা দিয়ে, চিকিৎসার শিক্ষা দিয়ে গ্রামে পাঠাচ্ছি এবং এইভাবে গ্রামের লোকেদের জন্য কিছু করার চেষ্টা করছি। টাকা দেবে না কেন্দ্র, কেন না, আমরা কৃষকদের পেনশন দেবার ব্যবস্থা করেছি, তাদের ঋণ মকুব করেছি। স্যার, এইসব কথা শুনলে বুঝতে পারি না কোন সেঞ্চুরিতে

আমরা বাস করছি। এ যা অবস্থা তাতে দেখছি সব আমাদের ভুলে যেতে হবে—অর্থনীতি, রাজনীতি, সমাজনীতি সমস্ত ভুলে যেতে হবে। ভোলাবাবুর মতন এইরকম কংগ্রেস(ই) লিডার যদি কিছু কিছু থাকেন তাহলে আমাদের সব ভুলে যেতে হবে। স্যার, আজকে দুঃখ লাগে যখন শুনি এরা নাকি ফেডারেল গভর্নমেন্ট চালাবেন, এদের নাকি ফেডারেল সেন্টিমেন্ট। সেই '৭৫ সালটা বোধহয় এখনও মাথায় ঘুরছে। সেইরকম লাঠিবাজী করে আবার পশ্চিমবঙ্গে ফিরে আসবেন সেই চিন্তা করছেন। ভোলাবাবুকে বলি, সেই লাঠিবাজী করে ফিরে আসার যুগ আর ফিরে আসবে না। তারপর স্যার, উনি বলেছেন, পশ্চিমবঙ্গের শিল্পে চরম অবক্ষয়—কার জন্য? চরমতম অবক্ষয়—কার জন্য? আমি ওঁকে বলব, প্রশ্নটা নিজেকে করুন If we understand the economic policy of a country - what is the national planning of a country? তাহলে নিজেকে প্রশ্ন করুন এবং জবাব নেবার চেষ্টা করুন। আমি শুধু স্যার, এ সম্পর্কে কয়েকটি কথা বলেই আমাব বক্তব্য শেষ করব। অবক্ষয় যে বলছেন—কি করে হবে? যেখানে শিল্প গড়ারই সুযোগ দেওয়া হচ্ছে না, যেখানে শিল্প গড়ারই স্বাধীনতা নেই সেখানে আবার অবক্ষয় কাকে বলে মশাই? সেখানে আবার শিল্পে অশান্তি কাকে বলে মশাই? সেখানে আবার শিল্প কারখানা কটাই বা বন্ধ হবে মশাই? আজকে অবস্থাটা কি? ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্সের যে ফিগার আমি পেয়েছি তাতে অবস্থাটা কি দেখা যাচ্ছে সেটা আমি বলছি। ফেডারালিজম চলছে তো! কিভাবে ফেডারালিজম এন অ্যাকশন ইন আওয়ার কান্ট্রি সেটা দেখুন। গুজরাট লেটার অব ইনটেন্টড ইস্যুড হয়েছে '৭৪ টু ৭৯-৫৮১, মহারাষ্ট্রে ৮৮৯, ইউ. পি.তে ৩৪৫, আর ওয়েস্টবেঙ্গলে ৩৬০। ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স-গুজরাটে ৪২৩, মহারাষ্ট্রে ১০২৫, ইউ.পি.তে ৩০৪৩ আর ওয়েস্টবেঙ্গলে ৩২০। আগে ইন্ডাস্ট্রির বেস তৈরি করুন, আগে ইন্ডাস্ট্রিয়ালাইজেশন করুন এই স্টেটকে তারপর এইসব কথা বলবেন। পরিশেষে স্যার, আমি বলব, বাজেট যেভাবে এসেছে এইভাবে আর কোনওদিন আসেনি। বিরোধীদের বলব, বাজেটের ভেতরে যান তবে বুঝতে পারবেন, এর ভেতরে না গেলে শুধু বাইরে থেকে কিছু কিছু কথা বলে গেলে কোন লাভ হবে না। স্যার, এই কথা বলে ডঃ মিত্র যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রীর বাজেটের আলোচনা হচ্ছে। আমি অত্যন্ত বেদনার সঙ্গে অর্থমন্ত্রীর সঙ্গে একত্রিত হয়ে বলছি, এই বেদনা প্রকাশ পেয়েছে যে এটাই শেষ বছরের শেষ বাজেট। কারণ উনি জানেন যে এটাই শেষ বাজেট, পরবর্তীকালে যুক্তফ্রন্ট হলেও উনি আসতে পারবেন না। সেজন্য তিনি এটাকে শেষ বাজেট বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেটের মধ্যে আমরা কোনও বলিষ্ঠ উন্নয়নমূলক প্রস্তাব বা চিত্র দেখতে পারিনি বা উনি দেখাতে পারেননি। আজকে একটা কথা বলা হয়েছে যে প্রচুর ফসল হয়েছে আমাদের দেশে। তাদের কথা শুনে মনে হচ্ছে যে বামফ্রন্ট সরকারের একমাত্র চেষ্টায় এই ফসল হয়েছে। আমাদের মালদহ জেলায় গত তিন বছর ধরে আম হচ্ছে না। এই বছর আমের মুকুল আসেনি। এই ব্যাপারে পশ্চিমবঙ্গ

সরকারের কি প্রচেষ্টা সেখানে হয়েছে? ৩ বছরের মধ্যে কৃষিমন্ত্রী মালদহ জেলায় গিয়ে সেখানে আমের জন্য কি চেষ্টা করেছেন? মালদহে ভাল বৃষ্টি হয়েছে এবং তাতে ফসল হয়েছে, আর বলা হল যে আমরা করেছি। ১৯৭৯ সালে স্বাভাবিকের তুলনায় ২৭.২ পারসেন্ট কম বৃষ্টি হয়েছিল। ফলে আমন ধান যদি ১৯৭১-৭২ সালকে ১০০ ধরি তাহলে ১৯৭৮-৭৯ সালে ১১১.৮-এর থেকে কম হয়েছিল। সেদিন তো বলেননি এই কথা? সেদিন বলেছিলেন যে বৃষ্টি হয়নি, আর এখন বলছেন যে ভাল হয়েছে। এই বাজেটের মধ্যে কি আছে? এর মধ্যে খালি বড়বড় বুলি ছাড়া আর কিছু নেই। আপনারা কি প্রতিশ্রুতি দিতে পেরেছেন যে গ্রামের মানুষকে দু'বেলা পেট পুরে খেতে দিতে পারব? কোন প্রতিশ্রুতি আছে যে পেট ভরে ভাত খেতে পারুক, খাবার জল তারা পাবে? গত ৩০ বছরে গ্রামের যে টিউবওয়েলগুলি ছিল, তার শতকরা ৭৫ ভাগ খারাপ হয়ে আছে। একজন সদস্য বললেন যে একটি পঞ্চায়েতে একটি টিউবওয়েল মেরামত হয়েছে। ওমনি ওখান থেকে চিৎকার করে বলা হচ্ছে যে একটি নয়, একটার বেশি। কিভাবে মেরামত হয়েছে? একটা পুরানো টিউবওয়েল যেটা ২৫০ ফুট পোতা ছিল, সেটাকে তিন ভাগ করে বসিয়ে দেখানো হচ্ছে যে ৩/৪টি করা হচ্ছে। আর বাকি টাকা চুরি হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলতে পারতেন যে আমরা গ্রামে কোন খারাপ টিউবওয়েল রাখব না। এইরকম কোন প্রতিশ্রুতি আছে? কোনও প্রতিশ্রুতি নেই। তিনি কি বলতে পেরেছেন যে গ্রামের লোকেরা কাজ পাবে, ফুড ফর ওয়ার্ক বা টেস্ট রিলিফের মাধ্যমে? একথা বলতে পারেননি। আপনি কি প্রতিশ্রুতি দিতে পেরেছেন যে গ্রামে লোকেরা অসুস্থ হলে জিনিস-পত্র পাবে এবং যেখানে ২০ পয়সা, ২৫ পয়সার ওষুধ দেওয়া হয় সেখানে ৫০ পয়সায় পাবে? আপনি কি বলতে পেরেছেন যে সদর হাসপাতালে যেখানে একটা বিছানায় তিনজন রোগী শুয়ে থাকতো, সেখানে একটা বিছানায় আর তিনজনকে শুতে হবে না, এখন থেকে একটা বিছানায় একজন শুয়ে থাকবে? আপনি কি প্রতিশ্রুতি দিতে পেরেছেন যে শীতের দিনে পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকারের শেষ বছরে আমরা বলে যাচ্ছি যে আগুন জ্বালিয়ে আর মানুষকে কাটাতে হবে না, শীতের সময় একটা করে গাঁয়ের মানুষেরা পাবে? আপনি কি বলতে পেরেছেন যে যাদের অর্থের অভাবে স্কুলের বই কেনা হয় না, তাদের আর বই কেনা বন্ধ থাকবে না, সকলেই স্কুলের বই কিনতে পারবেন? এই প্রতিশ্রুতি কি দিতে পেরেছেন যে যারা গৃহের অভাবে আকাশের নিচে বাস করেন, তাদের আর আকাশের নিচে বাস করতে হবে না। আপনি কি এই প্রতিশ্রুতি দিতে পেরেছেন যে প্রাকৃতিক দুর্যোগে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের যথাযথ সাহায্য দেওয়া হবে। গ্রামের লোককে আপনি কি দিয়েছেন? আপনি বলতে পেরেছেন যে গ্রামের লোক আজকে শান্তিতে ঘুমাতে পারবে? আজকে পশ্চিমবাংলার লোকের ঘুম চলে গেছে। আপনি কি বলতে পেরেছেন যে চাষী তারা উৎপন্ন ফসলের ন্যায্য মূল্য পাবে? আপনি কি একথা বলেছেন যে চাষীরা যখন চাষ করবে তখন তারা ঠিক সময়মতো ডিজেল পাবে? আপনি এই কথা বলতে পেরেছেন যে চাষের গরু আর অসুখে মরবে না? একথা আপনি বলতে পারেননি।

[6-10 — 6-20 p.m.]

আজকে কি বলেছেন? আজকে বলেছেন সিগারেটের দাম কমবে, চুরুটের দাম কমবে। কয়েকদিন আগে খবরের কাগজে দেখলাম শহরের লোকেরা সি. পি. এম. সরকারের বিরুদ্ধে চলে যাচ্ছে, তাদের সন্তুষ্ট করতে হবে। আজকে তাদের সন্তুষ্ট করার জন্য আপনারা এই বাজেট এনেছেন। তাও পারবেন না। বলতে পারেননি, অফিসের কর্মচারিরা সকাল ১০টার সময় অফিসে আসার জন্য প্রাণ বিপন্ন করে তাদের ঝুলতে ঝুলতে আসতে হয়, আজকে বলতে পারেননি যে বাড়িতে গেলে লোড শেডিং হবে না, সকালে স্নানের জল পাবার জন্য লোকের অসুবিধা হবে না। আজকে বলতে পারেননি সব বেকার আজকে চাকরি না পাক, শিল্পের সুযোগ তারা পাবে। আপনারা একটা ভাঁওতা দিয়েছেন। ভাঁওতা দিয়েছেন আপনি বেকারদের, বলেছেন তিন বছরের জন্য বেকারদের ভাতা দিলাম আর দেব না, এক বছরের মধ্যে তাদের সকলকে শিল্পের জন্য সাহায্য দিয়ে দেব। ক'জন লোককে দিয়েছেন তা মন্ত্রী মহাশয় বলেননি এবং এই যদি আপনার মনে ছিল, লোককে দেবেন—তিন বছর পর এদেরকে ইন্ডাস্ট্রিয়ালিস্ট করে দেব, তিন বছরের মধ্যে তাদের জন্য আপনারা কি প্রচেষ্টা করেছেন? তাদেরকে কি ওয়ার্নিং দিয়েছিলেন, যে এই করব। আপনারা দেখলেন বড় বিপদে পড়ে গেছেন, এখানে মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন এবং আপনারাও স্বীকার করেছেন যে যারা বেকার ভাতা পাচ্ছে, তারা অধিকাংশই কংগ্রেসের আমলে নাম লিখিয়েছিল, কংগ্রেসি আমলে কংগ্রেসের লোক, আমাদের ছেলেরা তখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রি করাতে পারেনি, আপনারা এটা অনেকদিন পর উপলব্ধি করলেন, যারা টাকা পাচ্ছে, তারা আমাদের দলের লোক নয়, এখন এদের বাদ দেওয়া যাচ্ছে না, এই একটা ধাপ্পা মারা হচ্ছে যে তাদের সবকে ইন্ডাস্ট্রিয়ালিস্ট করে দেব। আমার অভিজ্ঞতা হচ্ছে শিল্পী গড়া তো দূরের কথা, ইন্ডাস্ট্রিয়ালিস্ট করা তো দূরের কথা একটা লোনও আপনারা পাইয়ে দিতে পারবেন না। যদি পারতেন, আপনি এখনও পর্যন্ত ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিজ সেন্টার-এ যে সাত জন ম্যানেজার হবার কথা, সেখানে তিনজন ম্যানেজার দিতে পারেননি। ব্যাঙ্কের কোনও লোকের সঙ্গে মিটিং করার সামর্থ নেই। সুতরাং এই বাজেট থেকে আমরা কি আশা করতে পারি? আপনারা আগে বলেছিলেন সেল্‌সে ট্যাক্স একটা অত্যন্ত খারাপ জিনিস। আপনারা বলতেন যার পাঁচ হাজার টাকা ইনকাম সে একটা দেশলাই কিনে যে সেল ট্যাক্স দেয়, একটা গরিব লোক, যার একশ টাকা ইনকাম, সেও একই ভাবে সেল্‌স ট্যাক্স দেয়। আপনারা কি কোনও সমতা আনতে পেরেছেন? করতে পেরেছেন কি কিছু ব্যবস্থা? কোনও ব্যবস্থা করতে পারেন না। আপনি কি করেছেন? আপনি কতকগুলো বড়লোককে সুবিধা দেবার জন্য কতকগুলো সুবিধা এর মধ্যে দিয়েছেন। এই সেল্‌স ট্যাক্সের সুবিধা তার মধ্যে একটা। গ্রামের মানুষ যে ৩০ টাকা রোজগার করে, তারা ছোট ছোট জিনিসের জন্য তারা যে সেল্‌স ট্যাক্স দিচ্ছে আর চীফ সেক্রেটারিও সেই সেল্‌স ট্যাক্স দেবে। তাদের জন্য কোনও ব্যবস্থা করতে পেরেছেন কি? আগেকার দিনে তো আপনারা এইসব বলতেন এখন তো বলেন না। আপনি তো একজন বিখ্যাত অর্থনীতিবিদ, পণ্ডিত, আপনি এটা করতে পারতেন গরিবদের জন্য। একটা ব্যবস্থা তো করতে পারতেন

যাতে গ্রামের এই সমস্ত লোক সাবসিডি পেতে পারে। এখানে সেদিন খাদ্যমন্ত্রী ভাষণ দি গেলেন, গ্রামে আমরা ডাল দিচ্ছি, সম্পূর্ণ অসত্য কথা তিনি এখানে বলে গেলেন। আ এখানে অধিকার ভঙ্গের কথা আনব। এখানে ক্ষুদ্র শিল্পমন্ত্রী বলে গেলেন গ্রামে গ্রামে জন শাড়ি বিক্রি হচ্ছে রেশন দোকানের মাধ্যমে। কোথায় হচ্ছে আমি জানি না। সমস্ত অস কথা বলে এই সভাকে ভুল পথে পরিচালিত করা হচ্ছে এবং বিরোধী দলকে আপনারা গ করেন না। তার প্রমাণ হচ্ছে এই আপনারা অসত্য কথা বলেছেন এখানে। আমার কথা হচে আজকে সেল্‌স ট্যাক্স বাদ দিয়েছেন—সামান্য গ্রামের দোকানদার, ২৫ টাকা, ৩০ টাকা, ৫০ টাকা পুঁজি নিয়ে তারা দোকান করে বসেছে, তাদের সেল্‌স ট্যাক্সের খাতা রাখতে বলা হচ্ছে বোর্ড রাখতে বলা হচ্ছে। এনফোর্সমেন্ট ইন্সপেক্টরকে প্রতি মাসে ১০/২০ টাকা করে যদি ন দেওয়া হয় তাহলে তাদের বিরুদ্ধে মামলা করা হচ্ছে। এর প্রতিকার এর কোনও ব্যবস্থ করতে পেরেছেন কি?

আমার বক্তব্য হচ্ছে, আজকে রাজ্যের ছোট ছোট গ্রোসার শপের মালিকরা এনফোর্সমেন ইন্সপেক্টরের জ্বালায় অসাধু হয়ে যাচ্ছে। আপনি কি তাদের কোনও রিলিফ দেবার ব্যবস্থ করেছেন? করেননি। শহরের শিক্ষিত মধ্যবিত্তরা ভোকাল, সুতরাং তাদের সন্তুষ্ট করার জন এইভাবে বাজেট এনেছেন। এই বাজেটের মধ্যে সাধারণ গরিব মানুষের জন্য কিছুই করেননি এতে আত্ম-প্রসাদের অনেক কথা বলেছেন। প্রথমেই বলেছেন, ১৯৭৬-৭৭ সালে, মোট বরাদ্দে পরিমাণ ছিল ৭৬৬ কোটি টাকা। আর ১৯৮০-৮১ সালে, এই বরাদ্দের পরিমাণ বেড়ে ১,৫৮৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। তারপরে বলেছেন ১৯৭৬-৭৭ সালে পরিকল্পনার জন চিহ্নিত রাখা হয়েছিল মাত্র ২০৪ কোটি টাকা, ১৯৮০-৮১ সালে পরিকল্পনার জন্য ব্যয়ে পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৫৩৩ কোটি টাকা। তাহলে দেশ এগোচ্ছে, না পিছিয়ে যাচ্ছে ইনকাম এবং মাথাপিছু ইনকাম বাড়ছে, না কমছে? এসব কথা আপনি বললেন। আপনাকে আমি পণ্ডিত লোক বলে জানি। আপনি একথা বললেন, আমরা তো মুর্খ লোক অনেব কিছুই বুঝি না। কিন্তু সেই সঙ্গে আমি আপনাকে প্রশ্ন করছি যে, ১৯৭৬-৭৭ সালে কেন্দ্রীয় সাহায্য কত ছিল, এক্সচেকারের ইনকাম কত ছিল? সেসব কথা ভাল করে বললে আমাদের পক্ষে বুঝতে আরও সুবিধা হোত। আজকে উৎপাদন বাড়ছে, লোকসংখ্যা বাড়ছে, ডেলি ট্রানজাকশন বাড়ছে, সুতরাং আপনাদের ইনকামও বাড়বে, এটা তো সাধারণ কথা। ১৯৭৬-৭৭ সালে বাসে, ট্রেনে যে সংখ্যক লোক চাপত আজকে তার ডবল লোক চাপছে। সুতরাং সব দিকেই ইনকাম বাড়বে। আমরা আজকে দেখছি যে, আপনারা এই রাজ্যের ১৪ বছর বয়সের সময় যে বাজেট পেশ হয়েছিল সেই বাজেট সম্বন্ধে কি বলেছিলেন? এখন আমরা সেসব কথা বললে আপনারা অ[illegible]ত হচ্ছেন। কৃষি বরাদ্দের কথায় বলেছেন ১৯৭৬-৭৭ সালে ছিল ৪০ কোটি টাকা, সে[illegible] বাড়িয়ে আপনারা ১০০ কোটি টাকা করেছেন। আমি বলব এতে আপনাদের কোনও [illegible]ত্ব নেই। এ বিষয়ে জনতা সরকার ক্ষমতায় এসে সারা ভারতবর্ষে কৃষি ভিত্তিক বাজেট তৈরি করেছিলেন। আজকে কৃষির জন্য আপনারা যে ব্যয় করেছেন সেই ব্যয়ের সম্পূর্ণ টাকাটা আপনাদের টাকা নয়। সুতরাং সেই টাকাটা কিভাবে

আসছে, কোথা থেকে পাচ্ছেন সেটা এখানে পরিষ্কার করে বলে দিলে ভাল হত। অথচ এখানে কৃষি ক্ষেত্রে কার্যত কি হচ্ছে সেটা আমাদের দেখতে হবে। আজকে একটিও ডিপ-টিউবওয়েল কি আপনারা রক্ষা করতে পেরেছেন? নতুন করে কয়টি শ্যালো-টিউবওয়েল করেছেন? যে ডিপ-টিউবওয়েলগুলি আছে সেগুলির সব ক'টি থেকেও জল পাওয়া যাচ্ছে না। আমরা বার বার মেনশনের সময়ে বলছি যে, বহু ডিপ-টিউবওয়েল অকেজো হয়ে পড়ে আছে। ক্লাশটার হচ্ছে, অথচ শ্যালো-টিউবওয়েল থেকে জল পাচ্ছে না। অধিকাংশ জায়গায় জল যাচ্ছে না। আমি গতবারও এ সম্বন্ধে বলেছিলাম। মিনি-কিট বিলি হচ্ছে, কারা পাচ্ছে? মিনি-কিট একমাত্র নিজেদের দলের লোকেদের দেওয়া হচ্ছে এবং দলের লোকেরা এক একজন লোক তিন বার করে মিনিকিট পাচ্ছে। আমি কৃষিমন্ত্রীকে এ বিষয়ে বলেছি, তিনি আমাকে বলেছেন লিস্ট করে দিন। লিস্ট আমি করব কি। এ. ই. ও. আছেন, তাঁরই লিস্ট করবার কোনও অধিকার নেই। আমি এখানে একটা অঞ্চলের মিনি-কিট বিতরণের উপর একটা প্রশ্ন করেছিলাম, তার কোনও উত্তর পাইনি। আমি আমার বক্তব্যে বামফ্রন্ট সরকারকে অভিযুক্ত করছি না, অভিযুক্ত করছি তাঁদের দুর্নীতি পরায়ণ যেসব লোক আছে তাদের এবং তাদের কথা বলাইবাবুও একটু আগে বলে গেছেন যে, তারা কেউ সি. পি. এম. নয়, এখন সি. পি. এম.-এর মধ্যে ঢুকে গেছে। আজকে ঐ সমস্ত সুবিধাবাদী লোকেদের নিয়ে আপনারা নিজেদের পার্টিকে মজবুত করবার চেষ্টা করছেন, তাদের মদত দিচ্ছেন। এটাই সব চেয়ে দুঃখের কথা। কৃষির উন্নতি করতে হলে প্রথমেই সয়েল টেস্টিং-এর কথা বলতে হয় এবং সেটাই সব চেয়ে বড় কথা। আপনারা যদি ব্লক স্তরে সয়েল টেস্টিং-এর ব্যবস্থা করতে পারতেন, তাহলে বুঝতাম কৃষির জন্য আপনার কিছু করবার চেষ্টা করছেন। সেসব কিছুই দেখছি না, অথচ আপনারা বলছেন কৃষির জন্য সব করেছেন।

[6-20 — 6-30 p.m.]

আজকে বিনয়বাবু বললেন আমরা পরীক্ষা সময়মত করছি, চুরি হচ্ছে না। কিন্তু আমি বলছি কংগ্রেস করতে পারেনি তারজন্য আমরা নিন্দা করতাম। ১৯৬৭ সালের আগে পরীক্ষা সময়মতো হয়েছে। তখন তো কই আপনারা কোনওদিন প্রশংসা করেননি। আপনারা পরীক্ষা ঠিকমতো হচ্ছে বলে আত্মপ্রসাদ লাভ করবেন না। আপনারা কর্তব্য পালন শুধু করছেন। আপনারা বলছেন ৩৬০০ স্কুল করেছেন। আমি বলছি, আমার ওখানে একটা স্কুল হল। গ্রামের নামটা হচ্ছে মহড়াপাড়া। সেখানকার গ্রামের লোকেরা বলল যারা ৭ বছর ধরে স্কুল করেছে তারা ছাড়া অন্য কেউ চাকুরি করতে পারবে না। ফলে কি হল? স্কুল চলে গেল ৩ মাইল দূরে—কনকনিয়া গ্রামে। কেন গেল, যেহেতু ক্যাডার পোস্টিং হল না বলে। আর একটি ঢুড়িপাড়া প্রাইমারি স্কুল মঞ্জুর হল। কিন্তু গ্রামের লোকেরা বলল যারা স্কুল তৈরি করেছে, যারা টাকা দিয়েছে, যাদের টাকা দিয়ে জমি কেনা হয়েছে তারাই কাজ করবে। সুতরাং সেই স্কুল উঠে চলে গেল নন্দীবাটি। সরকারি নাম হল ঢুড়িপাড়া প্রাইমারি স্কুল এ্যাট নন্দীবাটি। আমাদের মালদা জেলায় সি. পি. এম.-এর যদি কেউ বড় বন্ধু থাকেন তিনি হচ্ছেন শ্রী দুর্গাকিঙ্কর ভট্টাচার্য—যিনি প্রিন্সিপ্যাল ছিলেন। তিনি মালদা জেলায় সি. পি. এম.-

দের তৈরি করেছেন। তিনি স্কুল বোর্ডের প্রেসিডেন্টও হয়েছিলেন। কিন্তু এত নক্কারজনক দলবাজি হচ্ছে বলে তিনি পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। আপনারা এটা বিচার করে দেখবেন। দুর্গা কিঙ্কর ভট্টাচার্য মহাশয়ের মতন বড় সি. পি. এম. মালদা জেলায় আছে কিনা? তিনি স্কুল বোর্ড থেকে কেন পদত্যাগ করেছেন? এই দলবাজির জন্য। আপনারা বলছেন, লাইব্রেরী করেছেন। কিন্তু কার স্বার্থে লাইব্রেরি করেছেন? দেশের স্বার্থে আপনারা লাইব্রেরি করেননি। ক্যাডারদের স্বার্থে লাইব্রেরি করেছেন, ক্যাডার পোষার জন্য করেছেন। আমি অত্যন্ত দায়িত্ব সহকারে এই কথা বলছি। আমার ওখানে বড়ুই ইম্পিরিয়াল লাইব্রেরি নামে একটা লাইব্রেরি ছিল। সেটাকে বড়ুই পাবলিক লাইব্রেরি নাম দিয়ে রেকগনাইজ্‌ড করা হল। সেখানকার পঞ্চায়েত সমিতির সভাপতি তিনি বললেন লাইব্রেরি কমিটিতে সি. পি. এম.এর লোক কম, এই বলে আপত্তি দাখিল করলেন। সুতরাং এই লাইব্রেরি হবে না। কেন হবে না? কি অপরাধ, সি. পি. এম.এর লোক নেই বলে? আমি এই বিষয়ে মাননীয় সদস্য শুভেন্দুবাবুকে বললাম দেখুন তো, কি অপরাধ, এই লাইব্রেরিটা কেন রেকগনিশন পাচ্ছে না? উনি বললেন নিশ্চয়ই দেখব। ডি. এম.এর কাছে আপত্তি দাখিল করা হল। কিন্তু রেকগনিশন পেল না। অপরাধ কি তাও জানতে পারলাম না। অন্য গ্রামে আর একটি লাইব্রেরি করেছে যার নাম হচ্ছে পেমা লাইব্রেরি যেখানে ৫ শতাংশ লোকও শিক্ষিত নয়। হরিপদবাবু বলেছিলেন বাজেট ইজ মোর পলিটিক্যাল দ্যান ইকোনমিক্যাল। বিনয়বাবু তার উত্তরে বললেন এই বাজেট পলিটিক্যাল নয়। আমার কথা হচ্ছে, এই বাজেট কি পলিটিক্যাল নয়? এটা মোর পলিটিক্যাল না হলে এর মধ্যে কেন্দ্রীয় সরকারের কথা থাকতো না।

আমার কথা হচ্ছে কেন্দ্রীয় সরকার দেখিয়ে কিছু হবে না। আপনারা যখন ৩৬ দফা কর্মসূচি প্রচার করে ভোটে দাঁড়িয়েছিলেন তখন কি জানতেন না যে সীমিত ক্ষমতার মধ্যে কাজ করতে হবে। তখন কি বলেছিলেন যে সীমিত ক্ষমতায় যতটুকু পারি ততটুকু করব? তখন তো বলেছিলেন সব করব। আর একটি কথা বলে আমি শেষ করব স্যার, পঞ্চায়েতের কথায় ওঁরা বলেছিলেন যে আমাদের দলের সব লোক গরিব, বড় লোক একটিও নেই, কিন্তু বইটাতে বেরিয়েছে distribution of gram panchayat member according to the occupation groups in West Bengal.

ওনার কালটিভেটারস ৫০.৭, আর ল্যান্ডলেস লেবার ৪.৮, বর্গাদার ১.৮ আর্টিজনস, ১৬, এই পঞ্চায়েতের যারা মেম্বার তার অধিকাংশই সি. পি. এম. ওঁরা বলছেন সব বর্গাদার গরিব, আমাদের দলে আছে একটিও বড়লোক নেই। এখন কথা হচ্ছে—বাজেটে আমাদের এখানকার অবস্থা একটু বলছি। ৮.৫০ পয়সা মজুরি করেছে, আজকে সেই মজুরি কি পাচ্ছে? সব বলা আছে, আমাদের মালদায় ও মুর্শিদাবাদে ৪.৯৫, কুচবিহারে ৬.২৫, জলপাইগুড়ি ৬.৯৫, সমগ্র উত্তরবঙ্গে ৭০ জন কৃষক এই মজুরি পাচ্ছে? ৮.১০ পয়সা মজুরি দেবার ক্ষমতা এই সরকারের নেই। আজকে এই যে পঞ্চায়েতের চিত্র তুলেছেন সেই পঞ্চায়েতের চিত্র থেকে বোঝা যাবে কি ধরনের কাজ করছেন। তাই আমি বলছি এই বাজেট এঁদের শেষ বাজেট। ওনারা লোককে যতই বোঝাবার চেষ্টা করুন শিক্ষিত লোক, যারা লেখাপড়া কিছু

জানে তারা বলবে এ আর কোনও বাজেট নয় এ ভোটের বাজেট, এটা একমাত্র ভোট নেওয়ার জন্য করা হয়েছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-30 — 6-40 p.m.]

**श्री अब्दुल करीम चौधरी** : मिस्टर डिपुटी स्पीकर सर, इस हाउस में वित्र मंत्री अशोक मित्रा ने जो बजट पेश किया है, उसका विरोधिता करते हूए कुछ कहना चाहता हुँ। अशोक बाबू हिन्दी अच्छी तरह समझते है और हिन्दी में बोलना पसन्द करते है, इसलिए मै भी अपना भाषा हिन्दी मे दे रहा हूँ। क्योकि हमारी जवान हिन्दी और उर्दू है। अशोक बाबु अच्छी तरह से जानते है कि उन्होने जो बजट मे पेश किया है, उसपर सबके मुँह में यदी बात आती है कि इसके पिछे एक बहुत बड़ा मकसद है। इसके पीछे मकसद छिपा हूआ है। इसलिए मैं कई बात आपके सामने चाहता हूँ। अशोक बाबु ने अपने बजट में कई बाते एसी बताई है जिसके लिए मै उन्हे धन्यवाद देता हुँ। किसानों पर वर्षा से जो कृषिलोन था, उसे आप माफ करके किसानो पर बड़ा एहसान किया है लेकिन सोसाइटी लोन बालों को आपने कोई रिलीफ नहीं पहुँचाई है। आपके कर्मचारी लोन लेने बालों पर कया-कया जूर्म करते है यह शायद आपको मालुम नहीं है। उनकी गाय-भैस पर नोटिश देते है, उनके घर की कुरकी करते है। इसलिए मेरा आपसे निवेदन है कि जैसे आपने कृषि लोन माफ किया है, उसी तरह से उनको भी राहत दे।

दुसरी बात मैं यह कहना चाहता हुँ कि हमारे के वार्निग प्राव्लम के बारे में आपने कोई नया कदम नहीं उठाया है। जो लोग बेकार है उनको कैसे काम मिलेगा। जिससे उनको राहत मिले। उनकी रोजी-रोटी ठीक मे चले। इसके लिए उन्हे सुविधाएँ मिलनी चाहिए। उन्हे काम मिलना चाहिए। आप बेकार भत्ता दिए है। ५ लाख लोगों को ३ वर्ष के लिए। लेकिन मै यह नही जानता हूँ कि हमारे इलाके में एक बेकार को वेकार भत्ता मिलता है। एस बजट में आपने कोई आशा नहीं दिलाई है। ताकि वेकारों को काम मिल सके। इसके लिए आपने कोई ठोस कदम नहीं उठाया है। लेकिन मेरा आपसे निवेदन कि आप इन बेकारो को इम्पलाइमेन्ट दे। मेरा आपसे यही सुझाव है।

जैसे सिडुल कास्ट-सिडुल ट्राइव्स के लिए कोटा है, उसी तरह मुसलीम के लिए कोटा निर्धारित करें। आपका जो इम्पलाइमेन्ट पाँलिसी है उसके लिए गाँव के लोगों को कलकत्ता आना पड़ता है लेकिन देहात के लड़कों कलकत्ते में आकर काफी परेशानी उठानी पड़ती है। उनको तरह-तरह की तरलीपे होती है। इसपर भी उन्हे इम्पलायमेन्ट नहीं मिलता है। इसलिए अशोक बाबू आप इन लोगों को क्यों परेशान करते है। वे खार्च करके कलकते आने है और परेशानी उठाते है और उनको नौकरी भी नहीं मिलती है। वै लाचार होकर घर चले जाते है। आप अच्छी तरह से यह बात जानते है कि पहले ही शाहर के लड़को को इमपलाइमेंन्ट में काम दिया जाता है। और इस तरह आप गाँव के लड़कों को धोखा देतें है। एसा आपकी नहीं करना चाहिए।

दूसरी बात मे कहूँगा मिस्टर डिपुटी स्पीकर साहव, अशोक बाबू ने बताया

है कि छोटे-छोटे कल-कारखाने की स्थापना होगी जिससे बेकार लड़के को रोजगार मिलेगा। लेकिन आप जानते हैं कि एक स्कीम पास कराने में कितना दौड़-धूप करना पड़ता अगर दौड़-धूप करने के बाद भी सरकार से उनकी स्कीम पास होती है तो बैंक में वे जाते है। तो बैंक बाले उन्हें ऐसा परेशान करते हैं कि उनकी स्कीम धरी रह जाती है। मिस्टर डिपुटी स्पीकर साहब, मै आप को बता देना चाहता हूँ कि एजुकेशन के मामले मे जो किए है, वह अच्छा नहीं किए है। अंग्रेजी को कर्टल करके आपलोगों ने अच्छा नहीं किया क्योंकि हमने देखा है बिहार में अंग्रेजी को कर्टल किया गया था और उसका नतीजा हमलोग देख चुके है। उसी तरह से आप भी यहाँ करना चाहते हैं। मैं कहूँगा आप इस पर फिर से विचार करें।

दुसरी बात यह है कि हम जानते है और हम ओर आवाज में कहते हे कि गाँव-गाँव मे मादरी जवान में शिक्षा होनी चाहिए। मिस्टर डिपुटी स्पीकर महोदय, मे पुछना चाहूँगा कि वे क्या वेस्ट बंगाल के जिन-जिन जगहो में उर्दू-हिन्दी बोलने बाले है उनकी शिक्षा उन्हे हिन्दी उर्दू में देनें का प्रबन्ध है। आप कहेगें कि हा पढ़ाई होती है। लेकिन में कहूँगा कि वहाँ उस भाषा में पढ़ाई नहीं होती। मिशाल के तौर पर मैं इस्लामपुर सब-डिविजन के बारे में बोलना चाहता हूँ कि इस्लामपुर सब-डिविजन की आवादी साढ़े पाँच लाख की है और साढ़े पाँच लाख की आवादी में सत्तर अस्सी प्रतिशत लोग हिन्दी और उर्दू बोलने है लेकिन हिन्दी उर्दू बोलने बालो के लिए कहीं भी कोई प्राइमरी स्कुल नहीं है। जिससे वहॉ के लोक हिन्दी-उर्दू में नहीं कर पाते है और वै तमाम लोगों को मजबूरन बंगला पढ़ना पढ़ता है। आप कहते है कि पढ़ाई मातृ भाषा में हो, लेकिन मै कहूँगा कि जिसकी मातृ भाषा हिन्दी और उर्दू है और बंगाल में हर जगह यहाँ तक कि कलकत्ते मे भी हिन्दी और उर्दू बोलने बाले है क्या उनके लिए हिन्दी-उर्दू की पढ़ाई के लिए कोई प्रबन्ध हैं।

दूसरी बात यह कि कलकत्ते में बाहर से जो मुसलमान लड़कियां पढ़ने आती है उन मुसलमान लड़कियों को यहाँ आकर वही परेशानी उठानी पड़ती है क्योकि उनके लिए होस्टल का प्रबन्ध नहीं है वे यहाँ आकर परेशान होती है। मालुम हूआ है कि कलीमुद्दीन स्ट्रीट में कोई जगह देखी गयी है लेकिन इस बजट में उसके लिए कोई प्राविसन नहीं रखा गया है मै आप से दरखास्त करुँगा कि आप इन पर ध्यान दें।

डिपुटी स्पीकर सर, मै आपसे कहूँगा कि पश्चिम दीनाजपुर में बंन्दूकें लुटी गयी है, जो बन्दूके छीनी गई है, नकसालाइज और डाकु के नाम पर जो बन्दूके छीनी गयी है, ताज्जुब होता है कि कैसे इन बन्दूकों की छिनताई होती है जब कि वहाँ पर पुलिस का प्रबन्ध है। दु:ख इस बात का है कि इस पर भी बन्दूके छीनी और लुटी जा रही है। वहाँ डी० आई० जी०, सी० आई० डि० सभी प्रजेन्ट है मे तो कहूँगा कि पुलिस बाले जानते है कि बन्दूकों के लुटेरे कौन हे वहा पर १०० बन्दुकों की चोरी हो गयी अगर यही हालत रही तो धानों में पुलिस के हाथों से बन्दुके लुटी और छीनी जायगी। लुटेरे बन्दूके लुट कर लेकर चले जाते है तीस पर भी

आप बताते है कि आप के यहाँ ला एन्ड आर्डर है लेकिन मै कहूँगा कि यहाँ ला एण्ड आर्डर नही है। आप इसकी बताइए कि आप की पुलिस ने हिंसा पर आकर तीन हजार लोगों को घर से बेघर कर दिया, तीन हजार लोग बेघर कर दिए गए इसके खिलाफ क्या एकसन लिया गया। इसके लिए आप ने कोई जबाब नहीं दिया। आप एक जुडिशियल इनकवारी जरुर कराए वह जुडिशियल इन्कवारी वहाँ नहीं बैठी वह बैठी सिलीगुड़ी मे, वह बैठी दार्जिलिंग में वह बैठी कलकत्ते में? वो उन्हे आपना ध्यान देने के लिए दार्जिलिंग, कलकत्ते सिलिगुड़ी आना पड़ा जिसके लिए उन्हे काफी तकलीफे हूई है फिर भी अभी तक न कोई पुलिस आफिसर मुजत्तल हुआ न कोई पुलिस मुजत्तल हूआ यह देखा गया है कि भागलपुर में एक जुडिसियल इन्कवारी बैठी थी जिसने आपना रिपोर्ट पाँच-छः महीने में दे दिया लेकिन यहाँ पर जुडिशियल इन्कवारी बैठी, उसका रिपोर्ट अभी तक नही पहूँचा। हमें दुःख होता है कि आप इतने पर भी कहते है कि हमारे यहाँ लाँ एण्ड आर्डर है।

एक ऐसी बात की आरे अपने अर्थ मंत्री की मेहरवान नजर को ले जाना चाहता हूँ। उस बद नसीव इस्लामपुर सबडिविजन के साढ़े पाँच लाख लोगों की और आपका ध्यान आकृष्ट करना चाहता हूँ। यह सब डिविजन जो शायद आप को मालुम न हो कि इस्लामपुर सबडिविजन कहाँ पर है। १९५६ में बंगाल के तक्से में इस्लामपुर सबडिविजन लाया गया। वार-बार इसलिये बोलना पड़ता है ताकि आपलोगों को मालुम हो जाय कि इस्लामपुर सबडिविजन को नाम का कोई सबडिविजन है जो बंगाल में है। इस्लामपुर सबडिविजन १९५६ में बिहार से बंगाल में लाया गया। इनके साथ बहूत से वादे किये गये थे लेकिन उनके साथ धोखा हुआ, इनकी जमने छीनी गई, इनकी जमने भेष्ट हो गई और इनकी जमीनें भेष्ट होने पर वे बेजमीन हो गये और एसी उनपर दीक्कते आई कि वे आज तक किसी का कमर सीधी नहीं हो पाई। मै वहाँ की समस्याओं की वार-बार इसलिए उठाना चाहता हूँ कि १९५६ में यह सबडिविजन बंगाल में आने के बाद कुछ भी तरक्की नही कर सका। इस्लामपुर सबडिविजन का कल्चर उसकी जवाने इनके लेंग्वेज सब कुछ गायब हो गया। सन १९५६ में जवाहर लाल नेहरु और डा० विधान चन्द्र राय के बीच मे जो बाते हुई थी वे सब ताक पर रखा दी गई। जिनकी जमीने छीनी गई वे तो मजबूर हो गये है बेकार हो गये है उनकी जमीनें का नतो मुआवजा मिला न कम्पेनसेशन मिला न उन्हे जमीने ही वापस मिली। इस सवडिविजन मे एक भी हिन्दी-उर्दू स्कूल नहीं खोला गया इसलिए लाचार होकर वहाँ उनके बंगला भाषाको पढ़ना पड़ता है। आपसे कहना चाहता हूँ कि इसलामपुर सवडिविजन के लोग यह चाहते है कि एक एसी कमिटी बनायी जाय कि जिसकी बात दिल्ली सरकार तक पहूँचे। यह कमिटी होगी इसलामपुर सबडिविजन ट्रान्सफरएरिया वेल्फेयर कमेटी जिसका काम होगा कि वह यहाँ के लोगों की मागें और दावी को हासिल करे और कोई सुनवाई न होने पर आन्दोलन करे।

इन सारी बातो के कहते के बाद मै आपना भाषण समाप्त करता हूँ।

[6-40 — 6-50 p.m.]

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, বিরোধী দল থেকে ৩টি জিনিস নিয়ে আমাদের বিরুদ্ধে বলেছেন—একটা হচ্ছে কেন্দ্রের বিরুদ্ধে আক্রমণ ২ নং হচ্ছে অর্থমন্ত্রী রাজনীতি করছেন এবং ৩ নং হচ্ছে নির্বাচন। আমি বিনয়ের সঙ্গে বলছি অর্থমন্ত্রীর কেন্দ্রের প্রতি আরও নির্মম হওয়া উচিত ছিল, যেটা আমি হতে চাই।

তিনি সরকারে আছেন বলে হয়তো খানিকটা নরম করে বলেছেন। কিন্তু আমাদের স্মরণ আছে যারা আজকে পশ্চিমবঙ্গে রাজনীতির কথা বলছেন তাদের বলি এই দেশটাকে ভাগ করল কারা এবং ঐ পূর্ববঙ্গের সমস্ত বোঝা আজকে পশ্চিমবাংলাকে নিতে হয়েছে, সে হচ্ছে ঐ কংগ্রেস দল যারা আজকে কেন্দ্রের শাসন চালাচ্ছে। আজকে আমরা সমস্ত দিক থেকে বঞ্চিত হয়েছি এবং এর সঙ্গে রাজনীতির এবং অর্থনীতির কোনও সম্পর্ক নেই। আমরা এখানে এসেছি জনগণকে প্রতিশ্রুতি দিয়ে। আমরা ইন্দিরা গান্ধীর স্তাবক হতে চাই না। ওনারা যা বলবেন যা করবেন তাই আমাদের করতে হবে? আমাদের যে দৃষ্টিভঙ্গি আছে সে কথা আমরা আমাদের নির্বাচকমণ্ডলীকে বলে এসেছি এবং সেই দৃষ্টিভঙ্গিতেই আমরা চলব। আমরা বলেছি যে যখন আমাদের ক্ষমতা এতো সীমাবদ্ধ ভোলাবাবু চলে গেলেন উনি বেশি করে সীমাবদ্ধতার কথা বলেন। ওনাকে বলবো উনি আমাদের নির্বাচনী ইস্তাহারটা পড়ে দেখবেন। আমরা একথা বলেছি কোন সীমাবদ্ধ পুঁজিপতি ব্যবস্থার মধ্যে থেকে আমরা যদি চলি এবং যে পুঁজিপতি ব্যবস্থার মধ্যে সারা ভারতবর্ষ চলছে তাহলে অন্য ব্যবস্থা আমরা করতে পারি না। আমরা অন্য ব্যবস্থা করতে চাই এবং সেটাই আমাদের লক্ষ্য এটা আমরা জনগণের কাছে বলেছি। আমরা এই সীমাবদ্ধ ব্যবস্থার মধ্যে দিয়ে এসেছি। সুতরাং কেন্দ্র থেকে আমরা সরে যেতে পারি না সংবিধানে যা আছে তা মেনে চলতে হবে। সংবিধানে যে সমস্ত অধিকার দেওয়া আছে রাজ্যগুলি তা থেকে সরে যেতে পারে না। কেন্দ্র সামগ্রিকভাবে সমস্ত অর্থনীতি পরিচালনা করছে। এটা আজকে বিচ্ছিন্ন ব্যাপার নয়। আজকে পশ্চিমবঙ্গ কেন বিহার ওড়িশা সমগ্র পূর্বাঞ্চল জুড়ে এই প্রভাব পড়ছে। আজকে সম্পদ সৃষ্টি হবে কি করে? আমরা কেন্দ্রকে বাদ দিয়ে কোনও কিছু ভাবতে পারি না আমাদের বাজেট ঠিক সেই রকমই হবে। আজকে ভূমি ব্যবস্থার যদি আমূল পরিবর্তন না করতে পারি তাহলে বেকারি দূর হবে না। কিন্তু সেই ভূমি ব্যবস্থা পরিবর্তন করার দিকে বাধা দিচ্ছে কেন্দ্র। ভারতবর্ষে যতই শিল্প বিকাশ করার চেষ্টা করুন না কেন সেখানে বাধা আসছে। কেন্দ্র সেই পুঁজিপতি জমিদারদের জোতদারদের সাথে হাত মিলিয়ে সে কাজ করছে। আজকে কৃষকদের হাতে যদি বিনা মূল্যে জমি না দেওয়া যায় তারা যদি নিজের মনের মত করে ফসল তৈরি করতে না পাবে তাহলে উৎপাদন পিছিয়ে পড়ে যাবে। বাজার কোথায় কে কিনবে মাল। যেখানে শতকরা ৭০ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নিচে গ্রামে মানুষের গড় আয় ২০ টাকা আর শহরের মানুষের গড় আয় হচ্ছে ৩০ টাকা তাহলে কি করে তারা মাল কিনবে? শিল্প বিকাশ কি করে হবে? আজকে যদি সেই দিকটার উন্নতি করা যায় তাহলে তারা শিল্পজাত তেল,

সাবান বা অন্যান্য জিনিস কিনবে। আজকে গ্রামের গরিব কৃষক মহিলা একখানার বেশি কাপড় পায় না।

[6-50 — 7-00 p.m.]

একটা ছেঁড়া শাড়িতে সে কি করে লজ্জা নিবারণ করবে? একজন গরিব কৃষকের হাতে যদি দুটি পয়সা আসে সে তাহলে তার স্ত্রীর লজ্জা নিবারণের জন্য দুটি শাড়ি কিনে দিতে পারে। কে না চায় বলুন তার স্ত্রীকে দুটি শাড়ি কিনে দিতে? এই যদি অবস্থা হয় তাহলে পশ্চিমবঙ্গে বা ভারতবর্ষে কাপড়ের কল কি বাড়বে? না, বাড়বে না। চাহিদা না বাড়লে কাপড়ের কল বাড়তে পারে না। কেন্দ্রীয় সরকার বলছেন ঢালাওভাবে রপ্তানি করো, রপ্তানি করো। রপ্তানির নামে প্রতি বছর কেন্দ্রীয় বাজেট থেকে একচেটিয়া পুঁজিপতিদের কোটি কোটি টাকা অনুদান দেওয়া হচ্ছে। জুট, টেক্সটাইল, ইঞ্জিনিয়ারিং কারখানার মালিকরা বিশ্বের বাজারে কমপিটিশনে দাঁড়াতে পারছে না। অতএব তাদের ভর্তুকি দিতে হবে এবং তাই তিন/চার হাজার কোটি টাকা ভর্তুকি দেওয়া হচ্ছে। সেইজন্যই বলছি, কেন্দ্রের কথা আসে। ওঁরা বোঝেন সবই, বুঝেশুনে ন্যাকা সেজে বসে থাকেন। কেন্দ্রের কথা ছাড়া আমরা এক পা চলতে পারি না। সংবিধানটাকে যদি ভাঙা যেত তাহলে আমাদের অর্থমন্ত্রী প্রমাণ করে দিতেন আমরা কিভাবে দেশকে গড়তে চাই, গড়তে পারি। জনগণের ক্লেশ লাঘবের কথা বলেছেন। কি করে ক্লেশ লাঘব হবে? গত বছর জুন মাসে বাজেট পেশ করার আগেই একটা দারুণ গোল দিয়ে দিলেন পেট্রোলের দাম বাড়িয়ে আর ট্রেনের ভাড়া বাড়িয়ে কোটি কোটি টাকা জনগণের কাছ থেকে পিটিয়ে আদায় করে দিলেন, তারপর কিছু সুবিধা দিলেন। এবারেও ট্রেন ভাড়া বাড়ানো হল এবং তেলের দাম বাড়ানো হল। গত ৮ মাসে কিভাবে তেলের দাম বাড়ানো হয়েছে সেটা সকলেই জানেন, আমি আর সে বিষয়ে বিস্তৃত কিছু বলতে চাই না। তেলের দাম বাড়লে সব ক্ষেত্রে তার প্রতিক্রিয়া পড়বে—জিনিসপত্রের দাম বাড়বে এটা কি ওঁরা বোঝেন না? এটা তো কেন্দ্রীয় সরকারই করল, রাজ্য সরকারের এখানে কি ক্ষমতা আছে? রাজ্য সরকারের এখানে কোনও ক্ষমতা নেই। জনগণের ক্লেশ লাঘবের ব্যাপারটা সম্পূর্ণভাবে রাজ্য সরকারের উপর নির্ভর করে না, এটা সম্পূর্ণভাবে নির্ভর করে কেন্দ্রীয় সরকারের উপর। তারপর ওঁরা এবারের বাজেটে মধ্যবিত্তদের আয়করের ব্যাপারে কিছু ছাড় দিলেন—১৫ হাজার টাকা পর্যন্ত সিলিংটা করলেন। আগে জিনিসপত্রের দাম বাড়িয়ে দিলেন তারপর এটা করলেন। তাছাড়া ভারতবর্ষে চাকরি করে আয় করে দু'কোটির মতো লোক, তারমধ্যে কত অংশ আর আয়কর দেয়? খুবই কম। অপর দিকে আমদানি শুল্কের নামে ১৫ পারসেন্ট শুল্ক বাড়িয়ে দিলেন। এর অর্থ হচ্ছে জিনিসপত্রের দাম আরও বাড়বে। ভোজ্য তেল, কৃষকরা ব্যবহার করে যে সার তার উপর ইত্যাদি জিনিসের দাম এর ফলে হু হু করে বেড়ে যাবে। একদিকে তারা এইভাবে কর বসালেন অপর দিকে যে সব করের ব্যাপারে রাজ্য সরকারকে ভাগ দিতে হয় সেই সমস্ত করের ব্যাপারে রাজ্য সরকারগুলিকে ফাঁকি দিলেন। এইভাবে মানুষকে ঠকিয়ে ওরা মানুষের উপর সাংঘাতিক চাপ

সৃষ্টি করলেন। স্যার, আমাদের পশ্চিমবঙ্গের পাট, চা, কয়লা, লোহা থেকে প্রতি বছর সম্পদ সৃষ্টি হয় কত জানেন—আড়াই হাজার কোটি টাকার।

এই সম্পদ সৃষ্টি হয়েছে ৪টি শিল্পে, সবই কেন্দ্রের। আর আমরা তার ভাগ চাচ্ছি কত? ২ হাজার কোটি টাকার সম্পদ সৃষ্টি হচ্ছে, সেখানে ভাগ পাচ্ছি ৫৫ কোটি টাকা। আমি আমাদের কথা বলতে চাচ্ছি না। বিহার, ওড়িশা, পূর্বাঞ্চলের দেশগুলি আজকে অনেক পিছিয়ে আছে। সুতরাং এই যে সম্পদ এবং এই সম্পদের যে বন্টন তাতে এত বৈষম্য কেন? এটা কি আমাদের রাজ্যের হাতে? কেন্দ্রকে আমরা বলব না যে এই বৈষম্য কেন? আমরা বলব না যে ২ হাজার কোটি টাকার মতো প্রতি বছর আয়কর বাবদ, সেন্ট্রাল এক্সসাইজ বাবদ মুনাফা রাজ্য থেকে কেন্দ্র নিয়ে যাচ্ছে। আর আমাদের অংশ পাচ্ছি ৫ শত কোটি টাকার মতো। এই জিনিস চলবে? রাজ্যের হাতে অধিক ক্ষমতার কথা বললে ওনাদের গায়ে চিড়বিড় করে ওঠে। আমি বলছি না যে সবটাই পশ্চিমবঙ্গকে দাও। অন্যান্য রাজ্যগুলি থেকে, আমাদের পাশের রাজ্যগুলি থেকে যেখানে বেশি ইনকাম হচ্ছে, সেখানের থেকে নিয়ে যাক কেন্দ্র। কিন্তু আমাদের ভাগটা একটু বেশি করে দিক। আমরা চাই, আমাদের সদিচ্ছা আছে, আমরা প্রমাণ করেছি যে জনগণকে কিছু রিলিফ দেবার জন্য, কিছু কনসেশন দেবার জন্য এই সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কিছু করতে চাচ্ছেন, কিন্তু বাধাটা হচ্ছে কেন্দ্র। সুতরাং কেন্দ্রের সম্পর্কে বলা ছাড়া কোনও উপায় নেই। অন্যান্য রাজ্যগুলি একথা বলতে পারে না, কারণ ওরা তাবেদার, ওরা সাহস করে বলতে পারে না। আমরা সেটা বলেছি এবং জনগণকেও সেই কথা বলবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে অনেকে আলোচনার সময় অনেক কথা বলেছেন। যেমন ধরুন শিল্প বিকাশের কথা বলে মাননীয় সদস্যরা হিসাব নিকাশ দেখিয়েছেন, লাইসেন্স প্রদান করা, লেটার অব ইনটেন্ট, এটা কার অধিকারে? রাজনীতি আসে না? কেন্দ্রের কথা আসে না? আজকে কেন বাধা দেওয়া হচ্ছে? এখনও পর্যন্ত কেন দেওয়া হল না পেট্রোকেমিক্যাল এবং জাহাজ কারখানা নির্মাণ করার জন্য? ইলেক্ট্রনিক কারখানার জন্য জমি রাখা হয়েছে সল্ট লেকে, সেটাও দেওয়া হল না কেন? বাধাটা কোথায়, কেন দেওয়া হচ্ছে না? একদিকে শিল্প বন্ধ হয়ে যাচ্ছে, বিকাশ হচ্ছে না বলে ওরা সমালোচনা করছেন, কিন্তু ওরা বলছেন না যে অনুমতি কেন দেওয়া হচ্ছে না। সব ব্যবস্থা তৈরি বাধা দেওয়া হচ্ছে কেন? তাহলে সেখানে কেন্দ্রের কথা আসে, কেন্দ্রকে বলতে হয়, না হলে পারা যায় না। অধিগ্রহণের ব্যাপারে একটু বলি। পেপার পালপ—আজকে ৩টি পেপার ইন্ডাস্ট্রি পশ্চিমবাংলায় ধুঁকছে। মুখ্যমন্ত্রী বার বার বলেছেন, কিন্তু অধিগ্রহণের কোন অনুমতি মেলেনি। শিল্প বিকাশ হবে? সীমাবদ্ধ অবস্থায় বেকারী দূর হবে? কাজেই এই কথাগুলি কেন্দ্রকে না বলে পারা যায় না। আবার অনেকে উন্নয়ন খাতের কথা বলেছেন। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, এক হাজার সাত শত ৩৫ কোটি টাকা হচ্ছে টোটাল বাজেট। এই বছরে তার মধ্যে ১১ শত কোটি টাকা কৃষি, সেচ, ক্ষুদ্রশিল্প, স্বাস্থ্যের জন্য খরচ করা হচ্ছে। তারপর প্রশাসনিক ইত্যাদি ব্যাপার আছে। ওরা বলেছেন

যে এতে উন্নয়ন হবে না। উন্নয়ন খাতের যদি হিসাব দেওয়া যায় তাহলে দেখা যাবে যে অবস্থাটা কোথায় আছে। পরিকল্পনা খাতে ১৯৭২-৭৩ সালের বাজেটে ছিল ৫১০ কোটি টাকা, দেওয়া হয়েছে ৯৬ কোটি টাকা। ১৯৭৬-৭৭ সালে বাজেট ছিল ৭৬৫ কোটি টাকা, দেওয়া হয়েছে ২০৪ কোটি টাকা। ১৯৮০-৮১ সালে বাজেটে ছিল ১,৪৮৬ কোটি টাকা, দেওয়া হয়েছে ৫৮০ কোটি টাকা। ১৯৮১-৮২ সালের বাজেটে রয়েছে ২,৭৩৫ কোটি টাকা, তার মধ্যে দেওয়া হচ্ছে ৬৭০ কোটি টাকা উন্নয়নে।

[7-00 — 7-10 p.m.]

এই বছর অর্থমন্ত্রী ১৯৮১-৮২ সালের জন্য ১ হাজার ৭৩৫ কোটি টাকার যে বাজেট এখানে উত্থাপন করেছেন তা থেকে দেওয়া হয়েছে ৬৭০ কোটি টাকা উন্নয়নের জন্য। সুতরাং তুলনামূলকভাবে দেখবেন ১৯৭২-৭৩ সালের পর থেকে অনেক বেশি অংশ আজকে আমরা উন্নয়ন খাতে দিচ্ছি। রাজ্য সরকার পরিচালিত নতুন ইন্ডাস্ট্রি অনেক বেড়েছে। কিন্তু তবুও এই বন্ধ্যা অবস্থা কেন? অনেক বন্ধ কারখানা রাজ্য সরকার নিয়েছেন। কিন্তু কেন এই বন্ধ অবস্থা? আমি কল্যাণী স্পিনিং মিলের উদাহরণ দিচ্ছি, সেখানে লোকসানের পর লোকসান চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই কল্যাণী স্পিনিং মিল ১৯৭৭ সালে যখন সরকার এটা আবার নিল, অর্থাৎ আমরা সরকারে এলাম, তখন ৯ কোটি টাকার মতো দেনা। সুদ দিতে হয়। কল্যাণী স্পিনিং মিলের জন্য ব্যাঙ্ক সুদ দিতে হচ্ছে প্রতি বছর। হাবড়া এবং কল্যাণী নিয়ে প্রায় এক কোটি ১০ লক্ষ টাকা ব্যাঙ্ককে সুদ দিতে হয়। সুতরাং সেই সুদ দিয়ে এই ওয়ার্কাররা কত প্রডাকশন বেশি করবে? তাহলে লোকসানটা কোথায়? তিন থেকে ৮ শত মস্তানকে সেখানে ঢোকানো হয়েছে ১৯৭২-৭৩ সালে। এই সমস্ত লোককে আমরা ছাঁটাই করিনি। লাভ হবে? বাসের লোকসান—ভাড়া বাড়াতে হয়, অন্য সমস্ত রাজ্যে ভাড়া বেড়েছে, অনেক বেশি ভাড়া, তবুও আমরা জনগণকে রিলিফ দেবার জন্য সরকারি খাত থেকে ক্ষতি স্বীকার করে বাসের ভাড়ার দাম কম রাখার চেষ্টা করি। অন্য কোন স্টেটে ৫০ পয়সার নীচে ফার্স্ট স্টেজ-এ কোনও ভাড়া নেই। আজকে ভাড়া বাড়াতে চাই না আমরা। বাসে তো লোকসান হবেই এবং লোকসান আমরা দিতে চাই জনগণকে রিলিফ দেবার জন্য, তাতে করে খুব বেশি হা হুতাশ করা উচিত নয়। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে এখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী বা উনারা বার বার বলছেন যে ফেলে দেব, ফেলে দেব, তারা ভয় দেখাচ্ছেন। ইন্দিরা গান্ধী সম্প্রতি সরাসরি পার্লামেন্টে পশ্চিমবাংলার ব্যাপারে তাঁর নাক গলাচ্ছেন। তিনি তাঁর নাক গলাতে পারেন, তাঁর নাকটা টিকালো। শিক্ষার ব্যাপারে একটা অসত্য কথা তিনি পার্লামেন্টে বলে দিলেন যে পলিটেকনিক স্কুল, রামকৃষ্ণ মিশন, এটা গভর্নমেন্টের সঙ্গে অনবরত চেষ্টা হচ্ছিল কংগ্রেস আমল থেকে, ওঁরা ছেড়ে দিতে চান, সেই চুক্তিটা কার্যকর হতে যাচ্ছে। সে সম্বন্ধে তিনি পার্লামেন্টে উল্টো কথা বললেন, রহড়া রামকৃষ্ণ মিশন, ওটা ইউনিভার্সিটির আন্ডারে কোন কলেজ নয়, ওটা গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ, এটা তিনি স্বীকার করতে চান না, এই

রামকৃষ্ণ মিশন যেভাবে সুযোগ-সুবিধা দেওয়া হয়, শিক্ষা দপ্তর থেকে টাকা দেওয়া হয়, ট্রাইব্যাল ওয়েলফেয়ার থেকে টাকা দেওয়া হয়, তারপর সোস্যাল ওয়েলফেয়ার থেকে টাকা দেওয়া হয় এবং চার পাঁচটা ডিপার্টমেন্ট থেকে টাকা দেওয়া হয়। পশ্চিমবঙ্গের কোনও স্কুলকে কোন টাকা দেওয়া হয় না। তিনি এই ধরনের কথা বলে দিলেন পার্লামেন্টে, এটা রাজনীতি নয়? এটা নাক গলানোর ব্যাপার নয়, পশ্চিমবাংলার ব্যাপার? আমার স্মরণ হচ্ছে ১৯৫৭ সালে কেরালা সরকারকে উচ্ছেদ করার জন্য এই শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনি তখন কংগ্রেসের প্রেসিডেন্ট ছিলেন—কেরালা সরকারকে উৎখাত করার জন্য এই শিক্ষার ব্যাপার নিয়ে তখনকার পদ্মনাভন হৈ চৈ শুরু করে দিলেন এবং ইন্দিরা গান্ধী মদত দিয়ে শেষ পর্যন্ত কেরালা সরকারকে উৎখাত করতে পারল। আজকে তাই এখানে যখন জমাতে পারছেন না তখন বিদগ্ধ কতকগুলো যারা সাহিত্যিক তারা রাস্তায় নেমেছেন, যখন এটা জমছে না, তখন ইন্দিরা গান্ধী সরাসরি প্রধানমন্ত্রী হিসাবে পার্লামেন্টে দাঁড়িয়ে সরকারি রিপোর্ট না নিয়ে অসত্য ভাষণ দিচ্ছেন। উস্কানি দিচ্ছেন এবং এখানে সরকারের ওপর হস্তক্ষেপ করছেন। আমি কংগ্রেসি বন্ধুদের বলতে চাই যে, ১৯৬৯ সালের ভয় দেখাবেন না। ১৯৭১ সালে সারা ভারতবর্ষে ঘোড়া ছুটিয়েছিলেন, আর পশ্চিমবঙ্গে এসে মুখ থুবড়ে পড়েছিলেন। '৮০ সালে আবার সারা ভারতবর্ষে ঘোড়া ছোটালেন, এবং পশিচমবঙ্গেও সেই চেষ্টা করেছিলেন, কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ সেই ঘোড়ার নাক রোগড়ে দিয়েছে। সুতরাং · পশ্চিমবঙ্গের বামফ্রন্ট আপনাদের ভয় পায় না। আপনাদের জন্য পশ্চিমবাংলার মানুষ তৈরি আছে, এবারে এমন প্রতিরোধ পশ্চিমবাংলার মানুষ করবে, এমন শিক্ষা আপনাদের দেবে যে শিক্ষা আপনারা আগে কখনো পাননি, সেই শিক্ষা পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের দেবে। বাজেট আলোচনায় অংশ নিয়ে এসব কথা বলতাম না, কিন্তু ওঁদের অজিতবাবু আমাদেব সম্বন্ধে বলেছেন যে, আমাদের নাকি সাংবিধানিক অধিকার নেই। উনি অধিকারের কথা বলে আমাদের ভয় দেখাতে চেয়েছেন এবং ভেবেছেন আমরা ভয় পেয়ে কাঁপতে কাঁপতে ওঁদের দেবী ইন্দিরা গান্ধীর পায়ে লুটিয়ে পড়ব' কিন্তু আমি বলতে চাই আমাদের অর্থমন্ত্রী, আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের কেউ তা করবে না। কারণ আমরা কাউকে দাসখৎ লিখে দিয়ে আসিনি। আমরা আমাদের কাজ থেকে কারো ভয়ে এক পা পিছব না। যত দুর্যোগই আসুক আমরা আমাদের নীতি অনুযায়ী কাজ করব। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে এবং অর্থমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্তোষকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রীর বাজেট বিবৃতিকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আপনার মাধ্যমে দু'চারটি কথা বলতে চাই। এই বাজেট বিবৃতির একটি জায়গায় আমি অর্থমন্ত্রীর সঙ্গে এক মত নই, যেখানে তিনি বলেছেন "ঈষৎ আত্মপ্রসাদের কারণ আমাদের আছে।" আমি মনে করি অনেক বেশি আত্মপ্রসাদ লাভ করবার সুয়োগ আমাদের উনি এই বাজেটের মধ্যে দিয়ে এনে দিয়েছেন। উনি যদি বলতেন যে, আমি অনেকটা আত্মপ্রসাদ লাভ করছি, তাহলে নিশ্চয়ই ভুল হ'ত না। সীমিত ক্ষমতার

মধ্যে দিয়েও এই বাজেটের মধ্যে বামফ্রন্ট সরকারের সামগ্রিক দৃষ্টিভঙ্গিকে তিনি নীতিফলিত করেছেন। একথা আমাদের বিরোধীরাও স্বীকার করেছেন। স্যার, আপনি জানেন ২৮শে ফেব্রুয়ারি বিভিন্ন সংবাদপত্রের প্রকাশিত সংবাদে এবং বিশেষ করে সম্পাদকীয় মন্তব্যে পর্যন্ত এই বাজেটের বিরুদ্ধে কোন কিছু তুলে ধরতে পারেনি। তাহলে তাঁরা আর সমালোচনা কি করে করবেন? শেষ পর্যন্ত বলেছেন, দেখা যাক কতটা কি হয়। আমাদের বিরোধীরা নিজস্ব নীতির কথা বলেন, কিন্তু এই বাজেট পেশ করার পরের দিন তাদের লেখনি স্তব্ধ হয়ে গেছিল। স্যার, আপনি জানেন এই বাজেট কৃষি ক্ষেত্রে, শিক্ষা ক্ষেত্রে, সর্বত্র এক বিরাট কর্মযজ্ঞ এনে দেবার সুযোগ দিয়েছে। আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর কথা সুদুর মধ্যপ্রদেশ, বিহার, ওড়িশায় অত্যন্ত আগ্রহের সঙ্গে আলোচিত হচ্ছে এবং তারা আশায় দিন গুনছে যে, কবে তাদের রাজ্যেও এমন সুন্দর ব্যবস্থা গৃহীত হবে যা বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে গ্রহণ করেছে।

[7-10 — 7-20 p.m.]

আমি তাদের সঙ্গে অনেকবার মিলিত হয়েছি, সেইসব জায়গায় গেছি। এসব শোনা কথা নয়। তাদের সঙ্গে আলোচনা করে যা পেয়েছি তাই এখানে বললাম। কিছুদিন আগে বলা হয়েছিল যে এই বাজেট ইলেকশন ম্যানিফেস্টো। কিন্তু আমি বলি, পশ্চিমবঙ্গকে গড়ার জন্য এটা হচ্ছে রি-কনস্ট্রাকশন ম্যানিফেস্টো। তার কারণ হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কেমন করে আমাদের এই পশ্চিমবঙ্গকে গড়ে তুলবেন তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে তারজন্যই তিনি সর্বশক্তি প্রয়োগ করেছেন। একটা অর্থমন্ত্রীর তাঁর যে অর্থনৈতিক জ্ঞান সেই জ্ঞানের সমস্ত সমাবেশ ঘটিয়েছেন এই বাজেটের মধ্যে সেইজন্য এই বাজেটকে পেয়ে আমি আনন্দিত হয়েছি এবং তাই এটাকে রি-কনস্ট্রাকশন ম্যানিফেস্টো বলেছি। আপনারা জানেন, কেন্দ্রের সাহায্যের যে বহর সেই বহরের মধ্যেও এমন একটি বাজেট তৈরি করেছেন যা অন্য কোনও রাজ্যে তৈরি হয়নি। আপনারা দেখুন, পে-কমিশনের রিপোর্ট কয়েকদিন আগে বেরিয়ে গেছে, পে-কমিশনের জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছিলাম। সারা ভারতবর্ষে কোথাও যা হয়নি আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নিম্নতম বেতন ২২০ টাকা এটা গ্রহণ করেছেন। কেন্দ্রীয় সরকারও আজ পর্যন্ত যেটা গ্রহণ করতে পারেনি। এই যে সাহস এই সাহসের পরিচয় আজও পর্যন্ত কেউ দেখাননি। সুতরাং কেন তিনি বলবেন না আত্মপ্রসাদ লাভ করছি? এর চেয়ে অনেক বেশি আত্মপ্রসাদ লাভ করবার সুযোগ তাঁর রয়েছে। রাজস্ব আদায়ের ক্ষেত্রে যেখানে সারা ভারতবর্ষের অন্যান্য সব রাজ্যগুলি ৪৬ কোটি টাকার মতন ব্যবস্থা গ্রহণ করেছেন সেখানে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গ তার অর্ধেক অর্থাৎ ২৩ কোটি টাকা রাজস্ব আদায়ের ব্যবস্থা নিয়েছেন। একথা তো বিরোধী পক্ষরা কেউ বললেন না? ১৯৮১-৮২ সালে পরিকল্পনা কমিশন বলে দিয়েছেন ১১৯ কোটি টাকা দেব না। এখান থেকে ছোট করে ৯০৯ কোটি টাকা করা হয়েছে। কই আমরা সেখান থেকে তো পিছুপা হয়নি? আমরা চেষ্টা করছি অগ্রসর হতে এবং সেই মনোভাব নিয়ে আমাদের অর্থমন্ত্রী

মহাশয় অগ্রসর হচ্ছেন। বাজেটে যে ৬৫ কোটি টাকা ঘাটতির কথা বলা হয়েছে সেটা দীর্ঘ-মেয়াদী ঋণ হিসাবে কেন্দ্রকে দিতে হবে এবং এর জন্য আমাদের সোচ্চার হতে হবে এবং আমাদের বিরোধী পক্ষকে অনুরোধ করবো পশ্চিমবাংলার স্বার্থে আপনারাও এগিয়ে আসুন, আমাদের সামিল হোন। আমি এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন সেই বাজেটের প্রকৃতিটা কি তা পড়লেই বোঝা যায়। প্রথমে আমি সমাজ বিজ্ঞানী মিঃ ডেভিডসনের তাঁর ইনপুট এবং আউটপুট মডেলের ভিতর দিয়ে বোঝাবার চেষ্টা করছি। তাঁর থিয়োরীতে বলছেন, অর্থনৈতিক সমাজব্যবস্থায় মানুষ স্বার্থান্বেষী হয়ে পড়ে। এই স্বার্থান্বেষী মানুষের দল ইন্টারেস্ট গ্রুপে পরিণত হয়। এই ইন্টারেস্ট গ্রুপ তাদের নিজেদের স্বার্থকে কার্যে রূপদান করার জন্য একটা মিডিয়াম ব্যবহার করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে মিডিয়াম বা মাধ্যম তা হল আমাদের সরকার পক্ষের যে সমস্ত সদস্য বর্তমানে তাদের যে দলীয় ব্যবস্থা তারাই প্রত্যেকে যদি এখানে এই উপস্থাপনা শুরু করে ইনপুট যা আগে বলা আছে—ইনপুট, আউটপুট—পরবর্তী ক্ষেত্রে যখন আমরা এই সভায় উপস্থাপন করি তাদের দৃষ্টিভঙ্গির মতো করে ব্যবহার করার পর এই উপস্থাপনাগুলি কার্যে রূপদান করার জন্য প্লেস করা। মুখ্যমন্ত্রীর নেতৃত্বাধীনে মনোনীত সেগুলি পর্যালোচনা করে দেখুন। এইগুলি সর্বসম্মত হলে পরে যে বিপুল আবেদন এই স্বার্থান্বেষী উপস্থাপনা সেখানে গিয়ে পৌছালে আংশিক মত কার্যকব হয় বাকিগুলি ফিরে আসে বন্ধুত্বের মাধ্যমে। এর ফলে যদি আবার সেই স্বার্থান্বেষী দলের যে একটা গ্রুপ তাদের অনুসরণ করে। এই বাজেটের মধ্যে তার একটা উদাহরণ দিয়ে বোঝাবার চেষ্টা কবা হয়েছে, যেখানে ১২ পৃষ্ঠায় লেখা আছে "১৯৭৮-৭৯ সাল থেকে যাঁরা এই সাহায্য পেয়ে এসেছেন, আগামী এপ্রিল থেকে তাঁরা তা আর পাবেন না। তাঁদের জন্য আমি একটি বিকল্প ব্যবস্থার ঘোষণা করেছি। " অর্থাৎ যে বঞ্চিত স্বার্থগুলি প্লেস করছে, তাদের শুরু করার জন্য পুনরায় তাদের ইনপুট করছেন, এতে বলেছেন, আশার বাণী শুনিয়েছেন। এইভাবে বাজেটকে বিশ্লেষণ করলে দেখা যায় এর মধ্যে এটা ঘুরছে। পরিশেষে এই বাজেট যে বেকার, সেই বিকার সম্পর্কে আমি ২/১টি কথা বলছি। যেটা তিনি বলেছেন যে ৬৫ কোটি টাকা ঘাটতি থাকছে, আসলে তা নয়, তিনি নিজেই স্বীকার করেছেন, যে কোনও কারণেই হোক তিনি নিজেই স্বীকার করেছেন যেটা এখানে ১৫ পৃষ্ঠায় উল্লেখ করেছেন। এখানে মনে হচ্ছে বর্তমান বছরের আয় এবং ব্যয়ের মধ্যে শেষ পর্যন্ত সমতা থাকবে। ৬৫ কোটি টাকা এ বছরেই শেষ হবে। আবার বেতন কমিশনের সুপারিশ কার্যকর করার প্রশ্ন হয়ে আছে। আপাতত সেটা ধরা হচ্ছে না। এই বেতন কমিশনের সুপারিশ ধার্য করার যে প্রশ্ন এই প্রশ্ন হিসেবে ধরা হয়নি। তাহলে দেখা যায় ৬৫ কোটি টাকা যে ঘাটতি এটাই শেষ কথা নয়। সুপারিশ কার্যকর করা হলে কয়েক কোটি টাকা ঘাটতির বোঝা মানুষকে বহন করতে হবে। সেটা লুকান আছে। আমরা দেখছি বেতন কমিশনের সুপারিশ সরকারকে বাধ্য করবে, বিভিন্ন কারণে তখন মানুষকে

একটা বিপুল ঘাটতির বোঝা বহন করতে হবে। মানুষের করের বোঝার ব্যবস্থা করতে এই যে ঘাটতি—ফিড ব্যাক—একটা আকাশ জমি ব্যবস্থায় গিয়ে পৌছাবে। রাজ্যের মানুষকে তখন বিক্রি করা ছাড়া পথ থাকবে না। চোরা পথে তাঁরা এই কাজ করবার চেষ্টা করছেন। মানুষকে বিক্রি করবার পথে নিয়ে যাচ্ছেন। বাস্তব অর্থনীতির যে চিত্র রাজ্যে রয়েছে সেটা দেওয়া হয় না। আমি বলতে চাই যখন একদিকে আমাদের গ্রামের মানুষের দারিদ্র্য রয়েছে এই দারিদ্র্যতার কথা এর মধ্যে নেই। আবশ্যিক উন্নয়নের প্রস্তাব নেই, যে করের বোঝা আজ মানুষকে চেপে ধরতে শুরু করেছে সেই বোঝাকে নিয়ন্ত্রণ করার প্রচেষ্টার কথা বাজেটের মধ্যে উল্লেখ নেই।

[7-20 — 7-30 p.m.]

সুতরাং দেখা যাচ্ছে গ্রামের সর্বশেষ মানুষের যে অর্থনৈতিক অবস্থা তাদের যে অর্থনৈতিক কাঠামো সেই কাঠামোকে কোন পরিবর্তন হচ্ছে না, দিনের পর দিন নিচে নেমে যাচ্ছে। অপর দিকে এই বাস্তবকে উপেক্ষা করে কালোবাজারিদের নিয়ন্ত্রণ করার ব্যবস্থা করেননি। সুতরাং এই যে বাস্তব চিত্র, এই বাস্তব চিত্রকে পুরোপুরি অবজ্ঞা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন-শৃঙ্খলার কথা আর কি বলব। সম্প্রতিকালে যে ধরনের আইন-শৃঙ্খলার অবনতি শুরু হয়েছে সারা পশ্চিমবাংলা জুড়ে বিশেষ করে অত্যন্ত স্পর্শকাতর পশ্চিমদিনাজপুর জেলা যে জেলায় আমার বাড়ি এবং যে এলাকায় এই কাজগুলো হচ্ছে সেই এলাকা হচ্ছে আমার নির্বাচন ক্ষেত্র। আমি প্রত্যক্ষভাবে জানিয়েছি এই বাস্তব কথাগুলো যে আজকে দিনের পর দিন মানুষ খুন করা হচ্ছে, বন্দুক লুঠ করা হচ্ছে, কিন্তু এই বাস্তব চিত্রের কথা উল্লেখ করা হয়নি। আইন-শৃঙ্খলা অবনতির শেষ প্রান্তে এসে পৌছে গেছে সেইগুলো উল্লেখ করা হয়নি। তারা আজকে কেন্দ্রকে অন্যান্য রাজ্যের সমস্ত আইন-শৃঙ্খলা তুলনামূলক আলোচনা করে বোঝাতে চেষ্টা করেছেন যে আমাদের পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা অনেক ভাল।

কিন্তু বাস্তব ক্ষেত্রে তা নয়। দিনের পর দিন লক্ষ্য করছি এই যে বন্দুক ছিনতাই হয়ে গেল এটা ১ দিনের ঘটনা নয়, এটা কিছু দিনের ঘটনা নয়, এটা ১৯৭৯ সালের জুন থেকে শুরু হয়েছে। আমি লক্ষ্য করছি এই যে বন্দুকগুলি চুরি হচ্ছে এর গানহোল্ডার কারা? প্রতিটি হচ্ছে নন সি. পি. এম. পার্টির লোকেদের। আমি লক্ষ্য করছি যে ১ জন সি. পি. এম. কেডারের যদি বন্দুক লুঠ হ'ত বা সি. পি. এম. গানহোল্ডারের যদি লুঠ করা হত তাহলে কলকাতার আই. জি. কিছু বলার আগে পুলিশ চলে যেত। জ্যোতিবাবুর প্রশাসন এক থেকে দেড় বছর আগে সেখানে ব্যবস্থা নিত। আমি লক্ষ্য করছি যেহেতু তাদের কেডারদের বন্দুক লুঠ হচ্ছে না, তাদের গান হোল্ডারদের বন্দুক লুঠ হচ্ছে না সেইহেতু জ্যোতিবাবুর পুলিশ দপ্তরি এত দিন চুপচাপ হয়ে রয়েছে। এই হল প্রকৃত অবস্থা, এই প্রকৃত অবস্থার কথা ভাষণের মধ্যে উল্লেখ নেই। এই প্রকৃত অবস্থাকে বিধঘুটে দেখানো হয়েছে, আজকে সমাজের যে চিত্র সেই চিত্রকে উপেক্ষা করা হয়েছে। এই পঞ্চায়েত দুর্নীতি কি পর্যায়ে নিচে নেমে গেছে তার জন্য আমি একটা ছোট উদাহরণ দিয়ে বোঝাবার চেষ্টা করছি। আমাদের

এলাকায় পঞ্চায়েতের অধীনে যে গ্রাম পঞ্চায়েত প্রধান রয়েছে, সে টাকা নিয়েছে কিন্তু কাজ না করে মাস্টার রোল জমা দিয়েছে। আমি বিধানসভায় উল্লেখ করেছি এবং তার নামও উল্লেখ করেছি। আমাদের কুশমণ্ডি থানা সেখানে রয়েছে আর. এস. পি. প্রধান সেই গ্রাম পঞ্চায়েতের নাম হল ৩ নং উদয়পুর গ্রাম পঞ্চায়েত। ৩ নং উদয়পুর গ্রাম পঞ্চায়েতের যে প্রধান সে টাকা নিয়েছে একটা ব্রিজ করার জন্য। ব্রিজ আদৌ সে করেনি অথচ মাস্টার রোল জমা দিয়েছেন। এই সমস্ত দুর্নীতি আজকে পঞ্চায়েতে বাসা বেঁধেছে। এই চিত্র তারা স্বীকার করেননি। এখানে সেইসব কথা বললেন না, বলার অসুবিধা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবার যে যুব কল্যাণ দপ্তর, এই দপ্তর একটা অদ্ভুত জিনিস। দিনের পর দিন তাদের দলের সমস্ত মস্তানরা দলের লোকেদের নিয়ে যুবকল্যাণ অফিসারের কাছে জোর জবরদস্তি করে তাদের হুমকি দিচ্ছেন এবং বলে যে আমাদের ভলিবল দিতে হবে, আমাদের ক্রিকেটের সাজসরঞ্জাম দিতে হবে আমাদের মার্কসবাদ বই দিতে হবে, এই সব অদ্ভুত ব্যাপার ঘটছে। এই ধরনের অনেক চিত্র পশ্চিমবাংলার বুকে রয়েছে। আজকে কেডার পোষার নামে এইসব হচ্ছে। আমার হাতে সময় থাকলে বলে দিতে পারতাম যে পশ্চিমবাংলায় প্রকৃত অবস্থা কি। সর্বশেষে আমি বলতে চাই এই বাজেট পুরোপুরি অর্থনৈতিক উদ্দেশ্য-প্রণোদিত, তার প্রমাণ বাজেটের ছত্রে ছত্রে রয়েছে।

তার প্রমাণ বাজেটের ছত্রে ছত্রে আছে। বিশেষ করে এটা তাঁর বাজেট বক্তব্যের শেষে আছে। এখানে তিনি বলেছেন—আমাদের সামনে আর্থিক বা অন্য যে কোনও পরীক্ষাই আসুক না কেন আমাদের বিশ্বাস আছে জনগণ আমাদের পাশে থাকবে। এখানে তিনি কেন বলেননি যে আমাদের সামনে যত পরীক্ষাই আসুক না কেন আমরা তার মোকাবিলা করব? অতএব এসব রাজনৈতিক বুলি ছাড়া আর কিছু নয়। আগামী দিনে ইলেকশনকে কব্জা করার জন্য জনসাধারণকে বলছেন আমাদের ভোট দাও আমরা তোমাদের ঋণ মকুব করেছি। কৃষি ঋণ ও অন্যান্য ঋণ আগেও মকুব হয়েছে। অতএব এসব কথা বলে মানুষকে আর বোঝানো যাবে না। এবং এসব গতানুগতিক কথায় আমরা আর বিশ্বাস করি না। এখানে রবীন্দ্রনাথের কথায় বলব—আছে যার ভুরি ভুরি, রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রী অহীন্দ্র সরকার ঃ** মাঃ ডেপুটি স্পিকার মহাশয়, এখানে যে বাজেট পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। আমাদের গ্রামাঞ্চলে সাধারণ মানুষের মধ্যে এই বাজেটের জন্য একটা চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। গ্রামের মানুষ এই সরকারের আমলে বিভিন্নভাবে উপকৃত হয়েছে এবং এখন ঋণ মকুবের মধ্য দিয়ে, বর্গা অপারেশনের মধ্য দিয়ে গরিব মানুষ বুঝতে পেরেছে তাদের অধিকার আজ প্রতিষ্ঠিত। সেজন্য এখানে তাঁরা ভয় করছেন এবং বলছেন গ্রামে গ্রামে অশান্তি। ধীরেনবাবু বললেন আইন-শৃঙ্খলা নেই। আমি তাঁকে জিজ্ঞাসা করি সোমেন মিত্র কি জ্যোতিবাবুকে গিয়ে বলেননি যে রায়গঞ্জে তাঁর দলের আর একটি দল তাঁর দলের একটি ছেলেকে কুপিয়ে হত্যা করেছে। ইন্দিরা

কংগ্রেসের আর একটি গ্রুপ হল সুব্রত মুখার্জির গ্রুপ। আমার জেলায় নিশ্চয় কিছু গোলমাল হয়েছে। সেখানে নকশালীরা তৎপর হয়েছে, বন্দুক চুরি হয়েছে এবং সরকারও গুরুত্বসহকারে সেটা দেখছেন। বন্দুক চুরি হচ্ছে, অথচ পুলিশকে খবর দেওয়া হচ্ছে না। কিন্তু আবার বলছেন এত বন্দুক চুরি হয়েছে। অর্থাৎ নকশালীদের সঙ্গে যোগ দিয়ে কংগ্রেসিরা বন্দুক লুকিয়ে রেখে বলছেন এত বন্দুক চুরি হয়েছে। সেজন্য বলছি এদিকে সতর্ক দৃষ্টি রাখা দরকার। কিন্তু পশ্চিমদিনাজপুর জেলা এই অবস্থার মধ্য দিয়েও এগিয়ে যাচ্ছে। তিনি যুবকল্যাণ দপ্তর সম্বন্ধে অনেক কথা বলেছেন, কিন্তু আমি বলছি যে আমাদের জেলায় এই দপ্তরের যতগুলি অনুষ্ঠান হয়েছিল তাতে কংগ্রেসের লোকেরাও যোগ দিয়েছিল সেখানে তাঁরা ডিবেটে যা ইচ্ছা বলে গেলেও তারজন্য তাদের কিছু বলা হয়নি। কিন্তু তাঁদের অন্যের বক্তব্য শোনার ধৈর্য্য নেই বলে তাঁরা চলে গেলেন। এই কথা বলে আমি শেষ করছি।

[7-03 — 7-31 p.m.]

**Mr. Deputy Speaker :** The House stands adjourned till 1 p.m. on Thursday, the 5th March, 1981.

## Adjournment

The House was accordingly adjourned at 7-31 p.m. till 1 p.m. on Thursday, the 5th March, 1981. at the Assembly House Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 5th March, 1981 at 1-00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibulla) in the Chair, 1 Minister, 4 Ministers of State and 175 Members.

[1-00 – 1-10 p.m.]

### Starred Questions to which oral Answers were given

**বোনাসের দাবিতে কারখানায় লক-আউট ও ক্লোজার**

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** প্রেস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বোনাসের প্রশ্নে ১৯৮০ সালে কতগুলি কলকারখানায় লক-আউট বা ক্লোজার হয়েছে; এবং

(খ) উহার ফলে কত শ্রম-দিবস নষ্ট হয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) ও (খ) ঐ সালে প্রশ্নে নির্দেশিত কারণে লক-আউটের এবং সেজন্য নষ্ট শ্রম দিবসের সংখ্যা নিম্নোক্তরূপ। এ কারণে ঐ সময়ে কোনও প্রতিষ্ঠান বন্ধের (ক্লোজার) খবর পাওয়া যায়নি।

| ঘটনা | সংখ্যা | নষ্ট শ্রম দিবস |
|---|---|---|
| লক-আউট | ২টি | ২,৪২,৮৭০। |

(এ লক-আউটগুলির মধ্যে ৫টি শুরু হয় আগের বছরে এবং তা ১৯৮০ সাল অবধি গড়ায়।)

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে ১৯৮০ সালে যে শ্রম দিবস সেটা যে অ্যাভারেজ অর্থাৎ যে হারে শ্রম দিবস নষ্ট হয়েছে বোনাসের ভিত্তিতে সেটা কি সর্বনিম্ন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** বাজেট আলোচনার সময় এই প্রশ্নের সঠিক উত্তর দেওয়া যাবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সুনীতি চট্টরাজ মহাশয় এই হাউসে একটি পোস্টার গলায় ঝুলিয়ে যেভাবে ঢুকলেন তাতে মনে হচ্ছে কংগ্রেস (ই) ল্যাঙ্গড়া হয়ে পড়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বামফ্রন্ট ল্যাঙ্গড়া হয়ে পড়েছে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুনীতিবাবু একটা পোস্টার গলায় ঝুলিয়ে যেভাবে এই হাউসে ঢুকলেন তাতে কি মনে হয় না যে এটা beneath the dignity of the House এ সম্বন্ধে আমি পয়েন্ট অব অর্ডার তুলছি।

## ভ্যাগর্যান্টস হোম

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩১) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কতগুলি ভ্যাগ্রান্টস হোম (Vagrants' Home) আছে;

(খ) ঐ হোমগুলিতে পুরুষ, মহিলা ও শিশুর সংখ্যা কত ও তাদের জন্য মাথাপিছু বরাদ্দ কত; এবং

(গ) নতুন কোনও হোম খোলার পরিকল্পনা আছে কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ**

(ক) বর্তমানে ত্রাণ ও কল্যাণ (কল্যান) বিভাগের নিয়ন্ত্রাধীনে ৯(নয়) ভবঘুরে আবাস (ভ্যাগ্রান্টস্ হোম) আছে।

(খ) ঐ হোমগুলিতে বর্তমানে ১৪৮৪ জন পুরুষ এবং ১৮৯ জন স্ত্রী ভবঘুরে আছে। কোনও শিশু ভবঘুরে ঐ হোমগুলিতে নাই। উহাদের জন্য সরকার অনুমোদিত মাথাপিছু মাসিক বরাদ্দের পরিমাণ টাঃ ৭৬.৫০ পঃ।

(গ) হ্যাঁ।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পুরুষ এবং মহিলা ভবঘুরেদের জন্য যে সমস্ত আবাস আছে সেখানে তাদের কারিগরি শিক্ষা দেবার কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** হ্যাঁ আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এখানে যারা কারিগরি শিক্ষায় শিক্ষাপ্রাপ্ত হচ্ছেন তাদের

কর্মসংস্থানের জন্য রাজ্যসরকার কোনও বিশেষ সুযোগ সুবিধা দেবার ব্যবস্থা করেছেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আমি প্রথমেই বলেছি যে এই সমস্ত ভবঘুরেদের সাময়িকভাবে সেখানে রাখা হয়। এদের যে প্রিরিওয়েড জন্য রাখা হয় সেই সময় এদের ট্রেনিং দেওয়া হয় বা শিক্ষা দেওয়া হয় এবং তারপর এরা চলে যায়। যাদের কেউ কোথাও নেই তারা ওখানে আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি বললেন, নতুন হোম খোলার পরিকল্পনা আছে। কোন কোন জেলার কোথায় কোথায় এই হোম খোলা হবে সেটা জানাবেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আমরা নতুন হোম খোলার চেষ্টা করছি কৃষ্ণনগরে এবং ঢাকুরিয়াতে।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** লিলুয়াতে যে হোমটি আছে সেই হোমটির ব্যাপারে একটি তদন্ত হয়েছিল এবং তাঁর রিপোর্টও আছে। মাননীয়া মন্ত্রী মহোদয়া বলবেন কি, সে সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** এ বিষয়ে পরবর্তীকালে আমাকে জানালে আমি জানিয়ে দেব।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়া জানাবেন কি, যে ৯টি হোম আছে বললেন, সেগুলি কোথায় কোথায়?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** উত্তরপাড়া, আন্দুল, বেলেঘাটা, ঢাকুরিয়া, মেদিনীপুর, মুর্শিদাবাদ ইত্যাদি জায়গায় আছে।

**ডাঃ বিনোদবিহারী মাঝিঃ** মন্ত্রী মহোদয়া জানাবেন কি, দরখাস্ত করলেই কি এদের হোমে নেওয়া হয়, না নেওয়ার ব্যাপারে কোনও পদ্ধতি আছে?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** কোর্ট থেকে এদের নেওয়া হয়।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়া জানাবেন কি, ভবঘুরেদের কি কি কাজ শেখানো হয় এবং তাদের উৎপাদন জিনিস বাজারে বিক্রি করার কোনও ব্যবস্থা আছে কিনা?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আন্দুলে ভবঘুরেদের যে আবাস আছে সেখানে বিভিন্ন ধরনের জিনিস যেমন কার্পেট, পাপোষ, কাপড়, মাটির জিনিস ইত্যাদি তৈরি হয় এবং সেগুলি বিভিন্ন জায়গায় হোমের মাধ্যমে বিক্রি হয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মেদিনীপুরে যে হোমটি আছে সেটির অ্যাডমিনিস্ট্রেশন অত্যন্ত

দুর্নীতিগ্রস্ত, মাননীয় মন্ত্রী মহোদয়া সেটা জানেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** আমার কাছে এরকম কোনও রিপোর্ট নেই।

**Closure of Messrs, Universal Lamp Manufacturing Co. (Pvt.) Ltd.**

*240. (Admitted question No. *102.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that the factory of Messrs. Universal Lamp Manufacturing Co. (Pvt.) Ltd. located at 92 Ripon Street, Calcutta, has remained closed for more than one year; and

(b) if so—

(i) the reasons thereof;

(ii) the number of workers affected by such closure; and

(iii) the action taken by the Government in the matter?

**Shri Krishna Pada Ghosh:**

(a) Yes;

(b) (i) No formal notice indicating the reasons of closure has been received from the management. Enquiry reveals that the factory had been suffering from financial difficulties and legal proceedings initiated by the creditors of the Company brought the normal functioning of the factory to a stand still with effect from 26.9.79;

(ii) 350;

(iii) No notice of closure was received from the management. Closed and Sick Industries Deptt. of the Govt. is examining the feasibility of reopening of this unit.

[1-10—1-20 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুইঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে কোনও ফর্ম্যাল রিকোয়েস্ট, ম্যানেজমেন্টের কাছ থেকে আসেনি। তাহলে যেটা ক্লোজ অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট একজামিন করছেন বললেন, এটা কি সুয়ো মোটো ভাবে করছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমরা জানতে পেরেছি ক্লোজ অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের কাছে, উনি কয়েকবার গেছেন এবং ক্লোজ অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের ব্যাপারে খতিয়ে দেখছেন যে এটা সম্পর্কে কিছু করা যায় কি না। এর বেশি কোনও খবর আমার ডিপার্টমেন্টে নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে আপনাদের দলের একজন এম.এল.এ প্রেসিডেন্ট এবং আপনার সি.এ সেখানে যে লেবার ইউনিয়ন আছে তার জেনারেল সেক্রেটারি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এটা হতে পারে, কিন্তু তাতে আমার কি?

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে আপনার সি.এ ওখানকার ইউনিয়নের জেনারেল সেক্রেটারি এবং আপনাদের দলের এম.এল.এ প্রেসিডেন্ট, তারা দু'জনে ম্যানেজমেন্টের সঙ্গে কথাবার্তা বলে টেক ওভার করার জন্য প্রেসার ক্রিয়েট করছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমার জানা নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে ৩৮০ জন কর্মচারী ইউনিভার্সেল ল্যাম্পের বেকার হয়ে আছে ১৯৭৯ সাল থেকে, আপনি কি এই ম্যানুফ্যাকচারিং কোম্পানিকে টেক ওভার করার জন্য কোনও চিন্তা ভাবনা করছেন?

**Mr. Speaker :** He has already said that it is being enquired into.

## শারীরিক প্রতিবন্ধী

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৮) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে শারীরিক প্রতিবন্ধীর আনুমানিক সংখ্যা কত সে সম্বন্ধে সরকারের কোনও তথ্য আছে কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, ঐ সংখ্যা কত; এবং

(গ) বর্তমানে রাজ্যসরকারের সব বিভাগে এদের চাকুরিতে নিয়োগের কোনও ব্যবস্থা আছে কি না?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ**

(ক) কোনও তথ্য নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ, আছে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি এর পূর্বে শুনেছি যে শতকরা ২ ভাগ ব্যবস্থা এদের জন্য রয়েছে যাতে এই প্রতিবন্ধীরা চাকুরি পেতে পারে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে এইরকম চাকুরি ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত কতজন পেয়েছেন সেটা জানাবেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** এই আইনটা ১৯৭৪ সালে হয়েছে যে প্রতিবন্ধীরা শতকরা দুই ভাগ চাকুরি পাবেন। কিন্তু আমরা দেখেছি যে এটাকে কার্যকর করা হয়নি। ১৯৮০ সালে ক্যাবিনেটে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে প্রতিটি বিভাগে কাজ করার জন্য প্রতিবন্ধীদের নেওয়া হবে। তারই পরিপ্রেক্ষিতে কাজে নেওয়া হচ্ছে। ইতিমধ্যে আমাদের কাছে যে তথ্য এসেছে, আমরা জানতে চেয়েছি বিভিন্ন বিভাগে যে তাদের কাজ দিয়েছেন কি না। তারা আমার কাছে জানিয়েছেন যে কোনও কোনও বিভাগে কাজে নেওয়া হয়েছে এবং ইতিমধ্যে আমি শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে জেনেছি যে প্রায় ৭০ জন প্রতিবন্ধী কাজ পেয়েছেন।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** যাদের নাম ইতিমধ্যে বিভিন্ন বিভাগের প্যানেলে রয়েছে তাদের যাতে চাকুরি তাড়াতাড়ি হয় তার জন্য মন্ত্রী মহাশয় কি চেষ্টা করবেন?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আমরা সব সময়েই চেষ্টা করছি কারণ আমরা জানি এদের দেওয়া উচিত। এদের প্রতি আমাদের দায়িত্ব আছে।

**শ্রী সরল দেব ঃ** কত প্রতিবন্ধী পশ্চিমবাংলায় আছে তাঁর সঠিক তথ্য সরকারের নেই, সেটা নেবার চেষ্টা করবেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আমরা ইতিমধ্যে মিটিং করেছি, পঞ্চায়েতের সঙ্গে বসেছি। আমি গত পরশুদিন সিউড়িতে গিয়েছিলাম। বীরভূমের জেলা ম্যাজিস্ট্রেট ব্লক থেকে তথ্য যা দিয়েছেন তাতে দেখা যাচ্ছে সেখানে ৯০০ প্রতিবন্ধী রয়েছে। তাছাড়াও এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জেও প্রায় ৭ হাজার প্রতিবন্ধী নাম লিখিয়েছেন।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়া পঞ্চায়েতের উপর ভার দিয়েছেন প্রতিবন্ধীর হিসাব নেওয়ার জন্য, কিন্তু পঞ্চায়েতের প্রধানরাই যে প্রতিবন্ধী সেটা কি তিনি জানেন?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** প্রতিবন্ধী তাদের মধ্যেও থাকতে পারে।

**শ্রী সন্দীপ দাস ঃ** আন্তর্জাতিকে প্রতিবন্ধী বর্ষে রাজ্য সরকার কি প্রতিবন্ধীদের সুযোগ সুবিধা বাঁড়ানোর কথা বিবেচনা করছেন?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আন্তর্জাতিক প্রতিবন্ধী বর্ষে আমরা যেমন চেষ্টা করছি

বিভিন্ন ধরনের সাহায্য করতে, তাছাড়া এবার থেকে প্রতিটি ব্লক থেকে এবং জেলার মিউনিসিপ্যালিটিগুলি থেকে একজন করে প্রতিবন্ধীকে ১ হাজার টাকা করে অনুদান দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই সংক্রান্ত ফর্ম ছাপিয়ে সমস্ত জেলা পরিষদের এবং সর্বত্র পাঠিয়ে দেওয়া হয়েছে। এছাড়া যে সব সেচ্ছাসেবী সংস্থা আছে তাদের কাছে অনুরোধ করা হয়েছে এই সব প্রতিবন্ধীদের কর্ম সংস্থানের জন্য। সরকার পক্ষ থেকে কতকগুলি স্কীম জেলা গতভাবে নেওয়া হয়েছে। তাছাড়া এডুকেশন দপ্তরকে অনুরোধ করা হয়েছে এবং বিভিন্ন দপ্তরকে অনুরোধ করা হয়েছে যাতে একজন করে প্রতিবন্ধী নেওয়ার ব্যবস্থা করা হয়।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** প্রতি বিভাগে ৭০ জন যে নেওয়া হয়েছে, এটা কি পদ্ধতিতে নেওয়া হয়েছে?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** সুনীতি চট্টরাজ মহাশয়কে প্রতিবন্ধী হিসাবে গন্য করা হবে কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** উনি প্রতিবন্ধী নন।

## লে-অফ ও লক-আউট

*২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৯) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে পশ্চিমবঙ্গে লে-অফ এবং লক-আউটের কয়টি ঘটনা ঘটেছে; এবং

(খ) উহার ফলে মোট কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) প্রশ্নোক্ত সময়ে সংঘটিত লে-অফ ও লক-আউটের সংখ্যা যথাক্রমে ১০৬ ও ৯৭। তবে আগের বছরে সংঘটিত আরও ৩৮টি লক-আউট ১৯৮০ অবধি গড়ায়।

(খ) ঐ সময়ে লে-অফ ও লক-আউটের ঘটনায় জড়িত শ্রমিক সংখ্যা নিম্নোক্তরূপ ঃ-

| ঘটনা | জড়িত শ্রমিক সংখ্যা |
|---|---|
| ১) লে-অফ | ১৪,৮৪৮ জন। |
| ২) লক-আউট | ৮৬,২৩৮ জন। |

(এর মধ্যে ৫৯৮৩ জন হলেন আগের বছরে সংঘটিত হয়ে ১৯৮০ অবধি

গড়ানো লক-আউটের ঘটনায় জড়িত শ্রমিক সংখ্যা)।

[1-20—1-30 p.m.]

**শ্রী সন্দীপ দাস ঃ** আপনার উদ্যোগে এর মধ্যে কতগুলি ক্ষেত্রে লে অফ এবং লক আউটের নিষ্পত্তি হয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এই জাতীয় স্পেসিফিক কোয়েশ্চেনের জন্য নোটিশ দিতে হবে, কারণ এখনই সংখ্যা বলা সম্ভব নয়।

**রেজিস্ট্রিভুক্ত বেকার**

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৮) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯-৮০ সালে পশ্চিমবঙ্গে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা কত;

(খ) ১৯৭৯ সাল হইতে ১৯৮০ সালের জুলাই পর্যন্ত কর্মবিনিয়োগকেন্দ্রগুলি (এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ) হইতে ঘোষিত শূন্য পদের সংখ্যা কত; এবং

(গ) উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে মোট কত জনের কর্মসংস্থান কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে করা সম্ভব হয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) ১৯৮০ সাল পর্যন্ত সর্বমোট ২৬,২৪,৫৬৯ জন। তন্মধ্যে ১৯৭৯ এবং ১৯৮০ এই দুই বৎসরের মোট ১১,১২,২৩১ জন নাম নথিভুক্ত করেছেন।

(খ) ৬৭,৮৯৪। (কর্মবিনিয়োগ কেন্দ্রের নিকট ঘোষিত)

| | | | |
|---|---|---|---|
| গ) | সরকারি প্রতিষ্ঠান | — | ২১,৩২৯ |
| | বেসরকারি প্রতিষ্ঠান | — | ১,৮১৬ |
| | | মোট | ২৩,১৪৫ জন |

কর্মবিনিয়োগ কেন্দ্র থেকে যাদের নাম গিয়েছে, তাদের সত্যিই কাজ দেওয়া হয়েছে কিনা, এটা আমি বলতে পারব না।

**কর্মবিনিয়োগকেন্দ্রে রেজিস্ট্রিভুক্ত বেকার**

*২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬২।) **শ্রী কমল সরকার ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কর্মবিনিয়োগকেন্দ্রগুলিতে বর্তমানে রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা কত; এবং

(খ) ১৯৭৭ হইতে ১৯৮০ সালের মধ্যে রেজিস্ট্রিভুক্ত কত জন বেকারের প্রতি বছর কর্মসংস্থান হয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) প্রায় ২৬,২৪,৫০০ জন। (৩১.১২.৮০ পর্যন্ত)

(খ) ১৯৭৭ — ১৮,১২৩ জন

১৯৭৮ — ১৫,৫১৮ জন

১৯৭৯ — ১৫,৫৯৮ জন

১৯৮০ — ১৩,২৭১ জন

— (প্রভিসনাল)

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, সরকারি প্রতিষ্ঠানে এখনও কত শূন্য পদ রয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এই ফিগার আমার কাছে নেই।

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে চাকুরি হয়েছে এইরকম বছর-ওয়াইজ হিসাব আছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এত পরিসংখ্যান নিয়ে আসা সম্ভব নয়।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে এই নামগুলি এসেছে। আমার প্রশ্ন হচ্ছে, কত লোক অ্যাপয়েনটেড হয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** কত অ্যাপয়নটেড হয়েছে তা আমি কি করে বলবো? তারাই এমপ্লয়িং অথরিটি। আমার কাছে যে নাম চেয়ে পাঠায় আমি সেগুলি পাঠাই।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, আপনার তথ্য থেকে দেখা যাচ্ছে, এক জায়গায় লেখা আছে, এমপ্লয়মেন্ট মেড এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নমিনি—এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নমিনি কথাটার অর্থ কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নমিনি বলে কোনও কথা জানি না। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম পাঠানো হয়।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের বাইরে কলিকাতা কর্পোরেশন এবং ইরিগেশন ডিপার্টমেন্টে যে হাজার হাজার লোক নেওয়া হয়েছে তাঁর বিরুদ্ধে কোনও স্টেপ নিয়েছেন

কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** হাজার হাজার হয়েছে কিনা জানি না। তবে আপনার প্রশ্ন করা উচিত, কলিকাতা কর্পোরেশনের ভারপ্রাপ্ত মন্ত্রীকে এবং দ্বিতীয়ত ইরিগেশন ডিপার্টমেন্টের ভারপ্রাপ্ত মন্ত্রীকে। ওনাদের কাছ থেকে জবাব পেলে তারপর আমার কাছে রেফার করবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় রিপ্লাইতে বললেন ২৬ লক্ষ ২৪ হাজার জন কল পেয়েছে আর চাকুরি পেয়েছে ২৩ হাজার ১৪৫ জন। আমার প্রশ্ন হচ্ছে, চাকুরি পাওয়ার কারণ কি? কি রেসিওতে ডাকা হয়েছে, পারসেনটেজটা কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমি এই সম্পর্কে বিস্তৃত বিবরণ কি দেব? যেমন যেমন ডিপার্টমেন্ট থেকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কাছে গেছে সেইভাবে নাম পাঠানো হয়। তার স্পেসালিটি কি আছে আমি জানি না। যখন ক্যাটেগরি অনুযায়ী নাম যায় সেই অনুযায়ী পাঠানো হয়, বয়সের হিসাবে যদি চায়, সেই অনুযায়ী পাঠানো হয়।

## সিউড়ি ও রামপুরহাট কর্মসংস্থানকেন্দ্রে তালিকাভুক্ত বেকার

*২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৭) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সিউড়ি ও রামপুরহাটে অবস্থিত কর্মসংস্থানকেন্দ্রে তালিকাভুক্ত বেকারের সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) গত জুলাই ১৯৭৭ হইতে বর্তমান সময় পর্যন্ত বীরভূম জেলার কর্মসংস্থানকেন্দ্র মারফত কতজন সরকারি চাকুরি পাইয়াছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

| | | | |
|---|---|---|---|
| (ক) | কর্মবিনিয়োগ কেন্দ্র, সিউড়ি | — | ৩৬,৯৭৭ |
| | কর্মবিনিয়োগ কেন্দ্র রামপুরহাট | — | ২২,২০৪ |
| | মোট | — | ৫৯,১৮১ |
| | (৩১.১২.৮০ পর্যন্ত) | | |
| (খ) | কর্মবিনিয়োগ কেন্দ্র সিউড়ি | — | ৪৯২ জন |
| | কর্মবিনিয়োগ কেন্দ্র রামপুরহাট | — | ১৯০ জন |
| | মোট | — | ৬৮২ জন |

(প্রভিসনাল)

[1-30—1-40 p.m.]

**ডাঃ মোতাহার হোসেন ঃ** দেখা যাচ্ছে যে চার বছরে প্রায় ৬০,০০০ বেকারের মধ্যে মাত্র ৬৮২ জন চাকুরি পেয়েছে, তার মানে চার বছরে শতকরা একজন অর্থাৎ বছরে ৪০০ জনে এক জন। এই হার কি মন্ত্রী মহাশয় সন্তোষজনক বলে মনে করেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এ প্রশ্নের জবাব আমি কি করে দেব? একটা যদি সেখানে কাজ খালি না হয়, কর্মসংস্থানের পদ খালি না হয় চাকুরি কি করে হবে? বিশেষ করে সিউড়ি এবং রামপুরহাটের মতো জায়গায়?

**ডাঃ মোতাহার হোসেন ঃ** এগুলি কি বীরভূম জেলা ছাড়া বাইরে থেকে ডাকা হয় না?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** বাইরে থেকে নাম পাঠানো হবে কেন? ঐ জেলাতে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে, সেখান থেকে নাম যায়, যদি তেমন কোনও অবস্থা হয় যে জেলায় যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে সেখানে কোনও নাম পাওয়া যাচ্ছে না তখন বাইরে থেকে, আনতে হবে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** এই হারে কর্মসংস্থান হলে বেকার সমস্যার সমাধান হবে কি?

(কোনও উত্তর নাই)

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে সমস্ত নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে পায় কিনা?

(কোনও উত্তর নাই)

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় কি দয়া করে দুর্গাপুর এবং ঐসব ইন্ডাস্ট্রিয়াল বেলটের যে আদার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে সেইসব এক্সচেঞ্জের ছেলেরা যাতে কল পায় সে চেষ্টা করবেন কি?

**Shri Krishna Pada Ghosh :** Labour Minister is not the employing authority. Labour Minister is only supplying authority of names. That is the unfortunate position. What can I do? এখানে সকলেই উপস্থিত আছেন, আমার উপর দায়িত্ব দিচ্ছেন কেন?

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় বলছেন যে মন্ত্রী পরিষদের মধ্যে ওঁর এখন দু-নম্বর পজিশন, তা আপনি কি এই প্রস্তাবটা আপনার মন্ত্রিসভায় রাখবেন—এই যে পুওর পারফরম্যানস যেখানে এই এত বেকার রয়েছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ পারফরম্যানসে মাত্র ২৩

হাজার চাকুরি পেয়েছে, এদের জন্য যাতে এমপ্লয়মেন্ট ফেসিলিটি ক্রিয়েট করা হয় এ প্রস্তাবটা মন্ত্রিসভায় রাখবেন?

(কোনও উত্তর নাই)

**শ্রী নানুরাম রায়ঃ** ৬৮২ জনের মধ্যে কতজন আদিবাসী তফসিলি?

**মিঃ স্পিকারঃ** আলাদা করে প্রশ্ন করবেন।

**ডি ভি সিতে শ্রমিক কর্মচারিদের বিক্ষোভ**

*২৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬১।) **শ্রী অমলেন্দ্র রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডি ভি সিতে শ্রমিক ও কর্মচারিদের মধ্যে সাম্প্রতিক বিক্ষোভের কারণ সম্পর্কে রাজ্য সরকারের কোনও তথ্য আছে কি;

(খ) ঐ বিক্ষোভ প্রশমনের জন্য রাজ্য সরকারের তরফে কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষঃ**

(ক) ডি. ভি. সি স্টাফ অ্যাসোসিয়েশন এবং ডি.ভি.সি. শ্রমিক ইউনিয়ন শ্রমিক ও কর্মীবর্গের কিছু অমীমাংসিত দাবি-দাওয়ার সূত্রে যে শিল্প বিরোধ উত্থাপন করেন সে সম্পর্কিত তথ্যাদি রয়েছে।

(খ) ও (গ) আলাপ-আলোচনার মাধ্যমে শিল্প বিরোধ আইনের আওতায় মীমাংসা প্রচেষ্টা চালু রয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** এইরকম কোনও অভিযোগ এসেছে কিনা ম্যানেজমেন্ট ১৯৫৮ সালে যে কোর্ড অব ডিসিপ্লিন আছে সেটা ভঙ্গ করে আনফেয়ার ওয়ে শ্রমিকদের উপর হাঙ্গামা হয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষঃ** আমি এটা জানি।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** এইসব ব্যাপার নিয়ে রাজ্য সরকারের সঙ্গে ডি.ভি.সি কর্তৃপক্ষের কোনও মতপার্থক্য হয়েছে কিনা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** রাজ্য সরকার চেষ্টা করছেন ডি.ভি.সি. কর্তৃপক্ষের সঙ্গে মীমাংসা করতে। অর্থাৎ দুটি ইউনিয়ন একটা হচ্ছে রেকগনাইজ—তাদের ডাকা হয়েছে। ডি.ভি.সি কর্তৃপক্ষ প্রথম একটা ইউনিয়নের সঙ্গে বসেন, পরে সেই ইউনিয়নের রেকগনিশন উইথড্র করেন এবং এই ইউনিয়নের সঙ্গে বসতে রাজি হন না কিন্তু বিহার কর্তৃপক্ষ এর লেবার কমিশনার যখন ডাকেন তখন সেখানে তিনটি ইউনিয়ন উপস্থিত ছিলেন। সেখানে যা ঘটে আমাদের এখানে সাধারন ভাবে তা ঘটেনা। সেখানে আধ ঘন্টার মধ্যে আলোচনা করে আই.এন.টি.ইউ.সি ইউনিয়নের সঙ্গে একটা চুক্তি করেন এবং সেই চুক্তি বিহারের লেবার কমিশনার গ্রহণ করেন। আপনি যে ইউনিয়নের কথা বলছেন সেই চুক্তিতে এই ইউনিয়ন সই করতে রাজি হন নি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমার প্রশ্ন হচ্ছে ডি.ভি.সি. অ্যাক্ট ৪৯ ধারায় বলা হয়েছে আমরাও আমরা একটা পার্টিসিপেট গভর্নমেন্ট, সেক্ষেত্রে মত পার্থক্য যদি থাকে তাহলে ৪৯ ধারা অনুযায়ী আরবিট্রেটার নিয়োগ করে তা দূর করবার যেখানে ব্যবস্থা আছে সেখানে আমাদের রাজ্য সরকারের তরফ থেকে ৪৯ ধারা অনুযায়ী ব্যবস্থা নেবার কোনও প্রচেষ্টা হয়েছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে আরবিট্রেটার নিয়োগ করা তখনই হবে যখন উভয় পক্ষ আরবিট্রেশনের এগ্রিমেন্টে সই করেন—মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষ।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** যদি সই না করে তাহলে, আরবিট্রেটার নিয়োগ করা যায় না। ডি.ভি.সি. অ্যাক্টে আমরা এবং বিহার পার্টিসিপেন্ট গভর্নমেন্ট। ডি.ভি.সি অ্যাক্ট ৪০ ধারায় এই ব্যবস্থা আছে মত পার্থক্য হলে চিফ জাসটিস অব ইন্ডিয়া আরবিট্রেশন করবেন এবং তাঁর সিদ্ধান্ত ফাইনাল হবে—এ বিষয়ে কিছু হয়েছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** ডি. ভি. সি অ্যাক্টে ঠিক ওইভাবে লেখা আছে কিনা জানিনা।

[1-40—1-50 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন, ওখানকার ইউনিয়ানের রেকগনিশন উইথড্র করে নেওয়ার পেছনে কি কারণ ছিল?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এটা আমি কি করে জানাব কারণ recognition of a union is not an industrial dispute সুতরাং এই রিকগনিশন কি কারণে তুলে নেওয়া হয়েছে সেটা বলা সম্ভব নয়। এটা একটা ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটের ব্যাপার, এগুলো আপনারা বিভিন্ন জায়গায়, খবরের কাগজেও তা দেখেছেন। এটা শ্রম বিভাগের ব্যাপার, অতএব এ প্রশ্ন এখানে আসে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ওখানে অনেকগুলো ইউনিয়ন আছে, কিন্তু আপনি শুধুমাত্র আই.এন.টি.ইউ.সি. ছাড়া অন্যদের কারও নাম বললেন না, নামগুলো বলবেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** নাম চাইলে আমি বলতে পারি, প্রথমত ডি.ভি.সি. স্টাফ অ্যাসোসিয়েশন, দ্বিতীয়ত কর্মচারী সংঘ, এবং তৃতীয় যেটি আছে সেটি একটা আন-রেকগনাইজড ইউনিয়ান তাঁর নাম হচ্ছে ইউ.টি.ইউ.সি.ইউ.

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শ্রমিক-কর্মচারী অসন্তোষের কারণ দেখিয়ে ডি.ভি.সি থেকে অন্য রাজ্যে সমস্ত শিল্পগুলি চলে যাওয়ার ব্যাপারে যে অপচেষ্টা চলছে—এ খবর কি আপনার জানা আছে?

**Mr. Speaker :** That is a different issue. That question doesnot arise.

**ভাতাপ্রাপ্ত বেকার**

*২৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭০।) **শ্রী কমল সরকার ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কতজন রেজিস্ট্রিভুক্ত বেকার বর্তমানে বেকারভাতা পাচ্ছেন;

(খ) ১৯৭৯ সালে এই সংখ্যা কত ছিল;

(গ) কেন্দ্রীয় সরকারের নিকট পশ্চিমবঙ্গের এই প্রকল্পের জন্য কোনও আর্থিক সাহায্য চাওয়া হইয়াছে কি? এবং

(ঘ) অন্য কোনও রাজ্য সরকার তাহাদের রাজ্যে অনুরূপ সিদ্ধান্ত গ্রহণ করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে আলোচনা করছেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) ২,৭৩,৪৮১ জন।

(খ) ২,১১,৪৮১ জন (১৯৭৯-৮০ সালে)

(গ) হ্যাঁ।

(ঘ) না। তবে কয়েকটি রাজ্য সরকার বেকারভাতা প্রকল্পের অনুলিপি চেয়েছিলেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আপনি দয়া করে জানাবেন কি, ডি.ভি.সি. তে বর্তমানে বিশৃঙ্খলা চলছে, ম্যানেজমেন্টে দারুণভাবে বিশৃঙ্খলা দেখা যাচ্ছে, এর কারণ কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এটা হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট—এ খবর তো আপনারা সবাই জানেন। এ প্রশ্ন এখানে আসে না।

**বেকারভাতা**

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯০।) **শ্রী হরিপদ ভারতী ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ আর্থিক বৎসরে বেকারভাতা প্রাপকদের মধ্যে কতজনের চাকুরি হইয়াছে;

(খ) উপরোক্ত দুটি আর্থিক বৎসরে মোট বেকারভাতা প্রাপকের সংখ্যা কত;

(গ) বরাবরের জন্য অর্থাৎ চাকুরি না পাওয়া পর্যন্ত বেকারভাতা প্রাপকদের ভাতা দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(ঘ) ১৯৮০ সালের ৩১এ ডিসেম্বর তারিখে বেকারভাতা প্রাপকদের সংখ্যা কত?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) ১৯৮০-৮১ সাল অতিক্রান্ত হওয়ার পূর্বে এই সংখ্যা জানানো সম্ভব নহে।

(খ) ১৯৭৯-৮০ সালে—২,১১,৪৮১ জন, ১৯৮০-৮১ সালে—২,৭৩,৪৮১ জন (প্রভিসনাল)

(গ) না, নাই।

(ঘ) ২,৭৩,৪৮১ (প্রায়)।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমি তো আগেই বলেছি যে কত লোক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে গিয়েছে তাঁর লিস্ট দিতে পারি কিন্তু চাকুরি কত পেয়েছে তা আমি এখন কি করে বলতে পারি।

**শ্রী সুনীল বসুরায় ঃ** আমি জানতে চাই যে কোন কোন রাজ্য সরকার পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে অনুলিপি চেয়ে পাঠিয়েছেন এবং দ্বিতীয় সাপ্লিমেন্টারি হচ্ছে বেকার ভাতা প্রাপকদের মধ্যে কতজনকে বিভিন্ন কাজে নিয়োগ করা হয়েছে দৈনিক মজুরির ভিত্তিতে।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আপনি যদি এই সংখ্যা জানতে চান তাহলে আমাকে নোটিশ দেবেন আমি বলে দেব।

**শ্রী সুনীল বসুরায় ঃ** আর কোন কোন রাজ্য সরকার পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে অনুলিপি চেয়ে পাঠিয়েছেন তাদের নামগুলি বলতে পারেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** State Governments of Madhya Pradesh, Haryana, Himachal Pradesh, Pondichery, Kerala. আমাদের কাছে চেয়ে পাঠিয়েছেন।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি যারা বেকার ভাতা পাচ্ছে এই বেকার ভাতা পাওয়া কালীন তারা চাকুরি পেয়ে গেলে তাদের নাম জানার কোনও ব্যবস্থা আছে কিনা? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তাদের নাম জানাবার কোনও ব্যবস্থা আছে কিনা?

[1-50 — 2-00 p.m.]

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** একমাত্র পন্থা হচ্ছে এই যে, যে ডিপার্টমেন্ট তাদের চাকরি দিয়েছে সেই ডিপার্টমেন্ট যদি জানায় তাহলেই আমরা জানতে পারি, তা না হলে পারি না।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** তাহলে তো দারুন অসুবিধা হয়ে যাবে—তারা বেকারভাতাও পেয়ে গেল, চাকরিও পেয়ে গেল।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবে বললেন, বর্তমানে ২ লক্ষ ৭৩ হাজার ৪৮১ জন বেকারভাতা পাচ্ছেন। আমাদের এখানে স্পেসিফিক প্রশ্ন ছিল ১৯৭৯-৮০ সালে বেকারভাতা প্রাপকদের মধ্যে কতজন চাকরি পেয়েছেন। সেই উত্তর স্যার, আমরা পাইনি।

**মিঃ স্পিকার ঃ** সেটা উনি বলতে পারবেন না বলেছেন।

**ক্ষেতমজুরের ন্যূনতম মজুরি**

*২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৬।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বাজার মূল্যের পরিপ্রেক্ষিতে ক্ষেতমজুরের জীবনযাত্রা পরিচালনার ন্যূনতম প্রয়োজনভিত্তিক মজুরি নির্ধারণের জন্য বর্তমান সরকার কোনও ব্যবস্থা করিতেছেন কি;

(খ) বর্তমান সরকার ঘোষিত ক্ষেতমজুরের ন্যূনতম মজুরি কত; এবং

(গ) কিভাবে বর্তমান প্রচলিত মজুরি নির্ধারিত হয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরির হার পুনর্বিন্যাসের প্রস্তাবটি বর্তমানে সরকারের বিবেচনাধীন।

(খ) বর্তমান ক্ষেতমজুরের ন্যূনতম মজুরি টাঃ ৯.০১ পঃ।

(গ) শ্রম দপ্তর কর্তৃক ৩০.৯.৭৪ তারিখে নোটিফিকেশন নং ৭০০০ এল.ডব্লু. অনুসারে ক্ষেতমজুরদের মজুরি নির্ধারণ করা হয়। উক্ত নোটিফিকেশনে (১৯৬০-৬১ ১০০) ১৯৭২-৭৩ সালে সি.পি.আই. নং ২৩৩ পয়েন্ট ধরিয়া ন্যূনতম মজুরি নির্ধারিত হয়। উক্ত নোটিফিকেশনে এই ব্যবস্থা রাখা হয় যে, মূল্যস্তর ২৩৩ পয়েন্টের উপরে উঠিলে প্রতি পয়েন্টে প্রতি মাসে ৬২ পঃ করিয়া মহার্ঘ ভাতার সহিত যুক্ত হইবে।

**শ্রী আব্দুল কোয়ায়ুম মোল্লা ঃ** এই যে ৯.০৯ টাকা ন্যূনতম মজুরির কথা বললেন, আমার জিজ্ঞাস্য, এই ক্ষেতমজুররা যখন কেন্দ্রীয় সরকার বা রাজ্যসরকারের কোনও ডেভেলপমেন্ট ওয়ার্কের কাজে কাজ করতে যায় তখন তাদের এই মজুরি দেবার কোনও নির্দেশ দেওয়া হয়েছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এই নির্দেশ আছে তবে কতকগুলি ডিফিকালটিস আছে। আগে যে মজুরিটা নির্দ্ধারিত ছিল ৮.১০ পয়সা তাঁর উপর অনেকগুলি ইনজাংশন আছে, সেগুলি এখনও ভেকেটেড হয়নি। সুতরাং আমরা নির্দেশ দিতে পারি অর্থাৎ সার্কুলার দিতে পারি কিন্তু সেটা ইমপ্লিমেন্ট করার আমাদের যে সংগঠন সেটা ব্যবহার করা যায়না Because there is an injunction. সেইজন্য বর্তমানে আমরা সার্কুলার দিতে পারি, নোটিফিকেশন দিতে পারি কিন্তু সেটা ইমপ্লিমেন্ট করার অধিকারটা এইজন্য নেই যে সেই ইনজাংশন এখনও ভেকেটেড হয়নি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে বর্তমানে ক্ষেতমজুরদের নিম্নতম মজুরি হচ্ছে ৯.০১ পয়সা। এটা যথেষ্ট নয় বলে রাজ্যসরকার চিন্তা করছেন এবং বিবেচনাধীন আছে। কাজেই এটা যখন যথেষ্ট নয় তখন কত টাকা করবার ব্যবস্থা করছেন সেটা জানাবেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** সেটা বলা সম্ভব নয়।

**শ্রী শেখ রমজান আলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, সরকারের এগ্রিকালচার ফার্মে যে ব্যবস্থা আছে, রাস্তার কাজেও কি এই ৯ টাকা মজুরি প্রযোজ্য হবে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমি বলেছি ক্ষেতমজুরদের ব্যাপারে এটা আছে। রাস্তার কাজ ক্ষেতমজুরের কিনা আমি জানিনা। তবে সব কাজেই ন্যূনতম মজুরি দেওয়া উচিত। আমার কোনও কমপালশন করবার অর্ডার দেবার ক্ষমতা নেই।

## ই এস আই স্কীম সম্প্রসারণ

*২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৩।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী

মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ই এস আই কর্পোরেশনের সাম্প্রতিক (ফেব্রুয়ারি) সিদ্ধান্ত অনুসারে এই রাজ্যের আরও অধিক অঞ্চলে অধিক সংখ্যক শ্রমিক ও কর্মচারীকে ই এস আই স্কীমের আওতায় আনিবার ব্যবস্থা হইতেছে কি;

(খ) বহরমপুরে ই এস আই স্কীম সম্প্রসারণের প্রস্তাবটি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(গ) উক্ত সম্প্রসারণ স্কীমটি কবে নাগাদ কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) এ সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। ঐ তথ্যাদির ভিত্তিতে সম্প্রসারণের বিষয়ে সিদ্ধান্ত লওয়া হইবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ই.এস.আই হচ্ছে, আবার এমপ্লয়ীদের তরফ থেকেও এমন কোনও হেলথ স্কীম নেওয়া হচ্ছে না। যাতে ওয়ার্কাররা সুযোগ সুবিধা পেতে পারে সে ক্ষেত্রে সরকারের তরফ থেকে এমপ্লয়ারকে স্কীম গ্রহণ করার জন্য বলতে পারেন না?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** ই.এস.আই হেলথ স্কীম আছে। এখন সেই স্কীমটা যেখানে যেখানে ব্যবহার করা হয়না, অথচ ব্যবহার করা যায়, সেকথাই আমরা ভাবছি। তাঁর বাইরের কোনও কথা আমরা ভাবছিনা। কারণ এখনও অনেক জায়গায় আছে যেখানে ইমপ্লিমেন্ট করা যায় কিন্তু করা যায়নি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এমপ্লয়িরা যদি ইনডিপেনডেন্ট স্কীম দেন তাহলে সমস্যাটা মিটে যায়। সে ক্ষেত্রে সেই স্কীম নেবার জন্য শ্রমদপ্তর থেকে বলা যায় কিনা, এটা জানাবেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** ই.এস.আই স্কীম যেখানে চালু আছে সেখানে এমপ্লয়ারদের দায়িত্ব আসে। কিন্তু যেখানে চালু নেই সেখানে কি করে দায়িত্ব আসে?

[2-00—2-10 p.m.]

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ই.এস.আই. অথারিটিজ যে নতুন জায়গায় ই.এস.আই সম্প্রসারণ করছে, তাঁর অনেকগুলো জায়গায় এমপ্লয়িরা সুবিধা জনক অবস্থায় আছে। এই সুযোগে সেই সমস্ত এমপ্লয়াররা সেইগুলো কেটে দিচ্ছে যেটা সুপ্রীম

কোর্টে নির্দেশ বিরোধী। আপনার কাছে এই বিষয়ে কোনও সংবাদ আছে কি? এবং এই ব্যাপারে কোনও প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন কি না?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** সুপ্রীম কোর্টের অর্ডার আছে বলে আমার জানা নেই। তবে ই.এস.আই. এস্টাবলিশমেন্ট করার অনেকগুলো ডিফিকাল্টি আছে। ডাক্তার জোগাড় করার ব্যাপার আছে কমপাউন্ডার জোগাড় করার ব্যাপার আছে, নার্স জোগাড় করার ব্যাপার আছে, তাঁর সঙ্গে আর.বি.ও. শপ খোলা, এই সমস্ত ব্যবস্থা না করে ই.এস.আই. করা যায় না।

## Adjournment Motions

**মিঃ স্পিকার ঃ** আমি আজ তিনটি মুলতুবি প্রস্তাবে নোটিশ পেয়েছি। প্রথম নোটিশে শ্রী বলাইলাল দাসমহাপাত্র ও শ্রী জন্মেজয় ওঝা পশ্চিমদিনাজপুরে তথাকথিত একটি বিপ্লবী সরকারের আবির্ভাব বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি মূলত আইনশৃঙ্খলা সম্পর্কিত। স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের বাজেট আলোচনার সময় সদস্য মহোদয়গণ এ বিষয়ে আলোচনার যথেষ্ট সুযোগ পাবেন। সুতরাং এই বিষয়ে মুলতুবি প্রস্তাব উত্থাপনে আমার অসম্মতি জ্ঞাপন করছি। দ্বিতীয় নোটিশটিতে ডঃ বিনোদবিহারী মাঝি বাঁকুড়া জেলার পল্লী অঞ্চলে কয়েকটি চুরি ও ডাকাতির ঘটনার উল্লেখ করে এই বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। প্রস্তাবে উল্লিখিত ঘটনাগুলি আইন শৃঙ্খলা সম্পর্কিত। প্রচলিত আইনের মাধ্যমেই এর প্রতিকার সম্ভব। এছাড়া বাজেটে সংশ্লিষ্ট বিভাগের ব্যয় বরাদ্দ আলোচনার সময় সদস্য মহোদয় এই বিষয়ে আলোচনার সুযোগ পাবেন। সুতরাং বিষয়টি মুলতুবি প্রস্তাবের পক্ষে অনুপযোগী মনে করি। তৃতীয় নোটিশে শ্রী রজনীকান্ত দলুই খড়গপুর ও মেদিনীপুর শহরে আগামী গ্রীষ্মে পানীয় জলের তীব্র সঙ্কট আশঙ্কা করে এই বিষয়ে আলোচনার জন্য মুলতুবি প্রস্তাব উত্থাপন করতে চেয়েছেন। এখানে উল্লেখযোগ্য, যে কোনও বিষয়ে আশঙ্কা করে মুলতুবি প্রস্তাব উত্থাপন করা যায় না। এছাড়া সদস্য মহোদয় ইচ্ছা করলে স্বাস্থ্য বিভাগের বাজেট ব্যয় বরাদ্দ আলোচনার সময় এই বিষয়ে তাঁর বক্তব্য রাখতে পারবেন।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** জনসাধারনের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হলো—পশ্চিমবঙ্গের অভ্যন্তরে একটি বিপ্লবী সরকারের আবির্ভাব। পশ্চিম দিনাজপুরে লিনপিয়াত্তর আদর্শে একটি বিপ্লবী সরকারের অস্তিত্ব একটি বাস্তব সত্য। ১৯৭৯ সাল হইতে এ পর্যন্ত তাহারা প্রায় ৩০ জনকে প্রাণদন্ড দিয়াছে। প্রচার পত্রের মাধ্যমে তাহাদের নির্দেশনামা জারি করিয়াছে, গঠন করিয়াছে একটি গণ ফৌজ। কর ও ফসলের অংশ আদায় সমানে চলিয়াছে, এ পর্যন্ত লুন্ঠন করিয়াছে প্রায় ৮০টি বন্দুক। জনসাধারনের তাহাদের বিরুদ্ধে কোনও প্রকার অভিযোগ করিবারও শক্তি নাই। পুলিশ নিস্ক্রিয়, সম্ভবত ভীত ও সন্ত্রস্ত। বিপ্লবী সরকারের দাপট পার্শবর্তী আরও দু তিনটি জেলায় সম্প্রসারিত হইতে চলিয়াছে। এমতাবস্থায় এই সম্পর্কে আলোচনার জন্য অদ্যকার সভা মুলতুবি রাখা হউক।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** জনসাধারনের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি

নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হলো—বাঁকুড়া জেলার পল্লী অঞ্চলে চুরি ডাকাতি বৃদ্ধি। বাঁকুড়া জেলার পল্লীগ্রামে চুরি ডাকাতি অত্যাধিক বৃদ্ধি পেয়েছে। গত সপ্তাহে ইন্দপুর অঞ্চলের জিউরা গ্রামে সন্ধ্যা ৭টার সময় এক ডাকাতির চেষ্টা হয়। উক্ত ঘটনার একদিন পর ভেদুয়াশোল অঞ্চলের বেল্যাশেল গ্রামে রাত্রি একটার সময় আর এক ডাকাতি হয় এবং ডাকাতরা গৃহবাসীদের প্রচন্ড মারধোর করে। কিছুদিন আগে অন্য এক গ্রামে ডাকাতরা গৃহবাসীকে হত্যা করে তাঁর বন্দুকটি লুঠ করে নেয়। এই সব ঘটনার ফলে গ্রামের মানুষ ভীত সন্ত্রস্ত এবং পুলিশ ও প্রশাসনের উপর আস্থা রাখতে পারছেন না।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ-

১। বিড়লা ইনস্টিটিউট অব টেকনোলজিতে স্যান্ডউইচ কোর্সের নির্বাচিত ছাত্রদের ভর্ত্তিতে বাধা প্রদান—শ্রী জন্মেজয় ওঝা।

২। বাঁকুড়া জেলা শাসককে ভীতি প্রদর্শন—শ্রী ডাঃ বিনোদবিহারী মাঝি।

৩। ৪.৩.৮১ তারিখে আসানশোল-খড়গপুর প্যাসেঞ্জার ট্রেনে ডাকাতি—ডাঃ বিনোদবিহারী মাঝি।

৪। বিভিন্ন শহরের রাস্তা হকার মুক্ত করতে ব্যর্থতা—শ্রী রজনীকান্ত দলুই, ও শ্রী নানুরাম রায়।

৫। কলিকাতায় পনেরো মিনিটে দুই দফা লুট—শ্রী রজনীকান্ত দলুই।

৬। পশ্চিম দিনাজপুর পুলিশ ও প্রশাসনের উপর জনগনের আস্থার অভাব—শ্রী রজনীকান্ত দলুই, ও ডাঃ বিনোদবিহারী মাঝি।

৭। পুরুলিয়ায় বাঁশগড় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে দুর্ঘটনায় দুজন মহিলার মৃত্যু—শ্রী রজনীকান্ত দলুই, ও ডাঃ বিনোদবিহারী মাঝি।

৮। উত্তর বাংলায় নকশাল আন্দোলন—শ্রী রজনীকান্ত দলুই।

৯। পুর্ববঙ্গের সংখ্যালঘুদের হোমল্যান্ড আদায়ের দাবিতে সংঘর্ষ—শ্রী রজনীকান্ত দলুই।

১০। কলিকাতা শহর থেকে পাকতুনিস্থানী নিখোঁজ—শ্রী রজনীকান্ত দলুই।

11. Governor's refusal to attend convocation of Jadavpur University—Shri Janmajay Ojha.

12. Parallel Government formed by extremists in North Bengal—Shri Rajani Kanta Doloi.

13. Scarcity of water in Kharagpur and Midnapur towns—Shri Rajani Kanta Doloi.

আমি Scarcity of water in Kharagpur and Midnapore কর্তৃক বিষয়ের উপর শ্রী রজনীকান্ত দলুই কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারবেন অথবা বিবৃতি দেবার জন্য অন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জিঃ** ১২ই মার্চ, ১৯৮১ তারিখে এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় একটি বিবৃতি দেবেন।

## STATEMENT UNDER RULE-346

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্বন্ধে সম্প্রতি বিভিন্ন তরফ থেকে কিছু বক্তব্য প্রচারিত হয়েছে। তার পরিপ্রেক্ষিতে আমি বিধানসভায় এই বিবৃতি দিতে আপনার অনুমতি চাইছি।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পরিচালন পর্ষদ অর্থাৎ কাউনসিলের সভায় পর্ষদের সদস্য ছাড়া অপর কারও উপস্থিতি আইনসিদ্ধ কি না সে সম্বন্ধে প্রশ্ন ওঠে। এ বিষয়ে রাজ্য সরকারের বক্তব্যের যে ব্যাখ্যা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ করেছিলেন তা নিয়ে কিছু ভুল বোঝাবুঝি হয়। বিশ্ববিদ্যালয়ের আচার্য অর্থাৎ পশ্চিমবঙ্গের রাজ্যপালের আদেশক্রমে আইনজ্ঞদের পরামর্শ নেওয়া হয়। এবং সেই পরামর্শের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানানো হয় যে, পরিচালন পর্ষদের সভায় সদস্য ছাড়া অপর কারও উপস্থিতি আইনানুগ নয়। আচার্যের এই নির্দেশের সঙ্গে শিক্ষা দপ্তর একমত ছিলেন এবং আচার্যের ব্যক্তিগত দায়িত্বে কোনও হস্তক্ষেপ করেন নি। এই নির্দেশের ফলে পর্ষদের কাজ সুষ্ঠভাবে চালাতে যে বাস্তব অসুবিধা দেখা দেবে তা সরকারের গোচরে আনা হলে বিষয়টি পুনর্বার পুঙ্খানুপুঙ্খরূপে আইনজ্ঞদের দ্বারা পরীক্ষা করানো হয়। এবং বিষয়টি নিয়ে উচ্চ শিক্ষা মন্ত্রী শ্রী শম্ভু ঘোষ, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল শ্রী স্নেহাংশু কান্ত আচার্য এবং আমি রাজ্যপালের সঙ্গে একাধিকবার বিশদ আলোচনা করি। আলোচনার ফলে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্তে পৌছানো হয়েছে যে পর্ষদের সভার কার্যবিবরণীতে উপস্থিত সদস্যদের তালিকায় সদস্য ছাড়া অপর কারও নাম দেখানো চলবে না। পর্ষদের সভায় স্থায়ী আমন্ত্রিত কেউ থাকবেন না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানানো হচ্ছে যে পর্ষদ যেন আমন্ত্রিত সদস্যদের বিষয়ে তাঁদের পুরানো প্রস্তাবগুলি বাতিল করেন। তবে পর্ষদের আলোচ্য বিষয়গুলির মধ্যে এমন বিষয় স্বাভাবিক ভাবেই থাকতে পারে যার সম্বন্ধে পর্ষদের সদস্য নন এমন কারও কাছ থেকে তথ্য বা মতামত চাওয়া প্রয়োজন হতে পারে।

সেইসব তথ্য বা মতামত জানানোর জন্যে পর্ষদের সভায় এঁদের উপস্থিতি আইন বিরুদ্ধ হবে না। তবে তাঁরা কেবলমাত্র পর্ষদের অনুরোধেই তাঁদের বক্তব্য পর্ষদের সামনে রাখতে পারবেন—অন্যথায় নয়। তাঁরা ভোট দিতে পারবেন না। এবং আলোচ্য বিষয়টি সম্বন্ধে পর্ষদ যখন সিদ্ধান্ত নেবেন সে সময়েও তাঁরা উপস্থিত থাকবেন না। তাঁরা নিজেরা কোনও বিষয় পর্ষদের সভায় উত্থাপন করতে বা আলোচ্য সূচিতে ঢোকাতে পারবেন না।

এই সমস্ত সিদ্ধান্ত যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বিস্তারিতভাবে লিখে জানানো হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং অন্যান্যদের সঙ্গে আমার যে আলোচনা হয়েছে তাতে আমি নিশ্চিত যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই নির্দেশ অনুযায়ী কাজ করবেন। অতএব এ সম্বন্ধে সকল ভুল বোঝাবুঝির অবসান হয়েছে এ কথা আমি পরিষ্কার ভাবে জানাতে চাই।

[2-10—2-20 p.m.]

দ্বিতীয়ত আগামী ৭ মার্চ তারিখে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন সম্বন্ধে আমি জানাতে চাই যে অনেক আগে থেকেই আমার সফরসূচি নির্ধারিত হয়ে যাওয়ায় আমার পক্ষে ঐ দিন সমাবর্তন উৎসবে যোগ দেওয়া সম্ভব হচ্ছে না। আমি ঐদিন বিকেলে ব্যাঙ্গালোর পৌঁছাচ্ছি। এখানে আমি একটি কথা বলতে চাই, আজকে সংবাদপত্রে দেখলাম—সংবাদপত্র মানে "আনন্দবাজার" যারা ঠিক করে নিয়েছেন দু-চারটি মিথ্যা কথা আমাদের সম্বন্ধে রাখবেন—ওরা লিখেছেন যে, আমি নাকি হঠাৎ স্থির করেছি সমাবর্তন উৎসবে না গিয়ে বাঙ্গালোরে চলে যাচ্ছি। এই কথাটা ঠিক নয়, ২ মাস আগে এটা ঠিক হয়েছিল এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এটা জানেন। আমার সঙ্গে অনেক আগেই আলোচনা করেছিলেন। আর ওরা লিখেছে ৭ তারিখে যাচ্ছি কেন? ওটা তো ৯ তারিখে। সিটুর কনফারেন্স ঐ বাঙ্গালোর থেকে ১০০ মাইল দূরে। সেটা কি ৯ তারিখে? ৯ তারিখে আমি কলিকাতায় ফিরে আসব, কনফারেন্স হচ্ছে ৮ তারিখে। সুতরাং মিথ্যা কথার সীমা পরিসীমা আছে কিনা আমি জানি না। অন্যান্য জায়গায় ঠিকই বেরিয়েছে—এরা ইচ্ছাকৃতভাবে করেছে। রাজ্যপালও আগেই উপাচার্যকে জানিয়েছেন যে সমাবর্তনে তিনি উপস্থিত থাকতে পারবেন না। তিনি অবশ্য এই সমাবর্তনের উপাধিপত্রে স্বাক্ষর দিয়েছেন। উচ্চ শিক্ষামন্ত্রী শ্রী শম্ভু ঘোষ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আমন্ত্রণক্রমে সমাবর্তনে উপস্থিত থাকবেন। এই সমাবর্তনে ভারতের বহু জ্ঞানী, গুণী ব্যক্তিকে আমন্ত্রণ করা হয়েছে। তাঁদের অনেকের জন্যেই এই সমাবর্তনে বিশেষ অংশ রয়েছে। আমি আশা করি যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রজত জয়ন্তী বর্ষের সমাবর্তনকে সাফল্যমন্ডিত করতে সকলে এগিয়ে আসবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, বিধানসভা চলছে, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, শিক্ষামন্ত্রী থাকা সত্ত্বেও মুখ্যমন্ত্রী মহাশয় বিবৃতি দিলেন কেন? কেন শিক্ষামন্ত্রী মহাশয় দিলেন না? এতে করে শিক্ষামন্ত্রীর অধিকারকে সংকোচন করা হচ্ছে, শিক্ষামন্ত্রী মহাশয়কে ত্রুটি চেপে ধরা হচ্ছে। হি ইজ প্রেজেন্ট ইন দি হাউস।

**মিঃ স্পিকার ঃ** এটা কোনও পয়েন্ট অব অর্ডার নয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** রাজ্যপাল মহাশয় কেন সমাবর্তন উৎসবে যাচ্ছেন না মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে বললেন না।

**শ্রী জ্যোতি বসু ঃ** রাজ্যপাল মহাশয়ের চিঠি আমি দেখেছি, তিনি কোনও কারণ দেন নি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই উৎসব বৈধ কি অবৈধ সেটা আমি জানতে চাই?

**মিঃ স্পিকার ঃ** দি ইউনিভারসিটি অথরিটি উইল ডিসাইড দিজ।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বললেন যে, রাজ্যপাল চিঠি লিখেছিলেন যে তিনি কনভোকেশনে যেতে পারবেন না, আমরা আজকে কাগজে দেখেছি। রাজ্যপাল যে চিঠিটা লিখেছিলেন সেটা উনি দেখেছেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানিনা, কি নিয়ে এত তর্ক বিতর্ক হচ্ছে? রাজ্যপালের চিঠিটা উনি যদি দেখতে চান আমি ভাইস চ্যানসেলরকে বলতে পারি, ওঁকে দেখিয়ে দেবেন। এটা তো সিক্রেট লেটার নয়। তিনি কি করবেন না করবেন সেটা তাঁর ব্যাপার, তিনি ওঁদের থেকে আইন ভালই জানেন।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, রাজ্যপাল কি করবেন না করবেন—তাঁর কনডাক্ট নিয়ে আলোচনা করার অধিকার আছে কিনা সেটা জানা দরকার।

## MENTION CASES

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বোধহয় জানেন গোটা উত্তরবঙ্গে পশ্চিম দিনাজপুর এবং মালদা একটা চরমপন্থী দল পালটা গভর্নমেন্ট গঠন করেছে। সেখানে তারা যে একটা প্যারালাল গভর্নমেন্ট গঠন করেছে—তাদের গভর্নমেন্ট গঠন করার কথা—আনন্দবাজার কে ছেড়ে দিলেও বসুমতী ইত্যাদি কাগজে আছে। সত্যযুগ একটা প্র সি.পি.এম. কাগজ তাতেও গভর্নমেন্ট গঠনের কথা আছে। ঐ প্যারালাল গভর্নমেন্ট গঠন করার কথা। ৭০টি বন্দুক ছিনতাই হয়ে গেল। মাননীয় মন্ত্রী মহাশয়ের পুলিশ ডিপার্টমেন্ট ফেল করেছে, মন্ত্রী হিসাবে উনিও এ ব্যাপারে ব্যর্থতার পরিচয় দিয়েছেন। ৭০টি ছিনতাই বন্দুকের ভিতর মাত্র ৫টি উদ্ধার করা হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** ওসব বাজেটের সময় বলবেন। মেনশনের সময় কেন?

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** তাই বলছি স্যার, ওখানে মুক্ত অঞ্চল গঠন করা হয়েছে। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে উনি যেন এ বিষয়ে একটা সিরিয়াস স্টেপস নেন। নয়ত অন্য কাউকে যেন ভার দেন।

**শ্রী ত্রিলোচন মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রামপুরহাট থানায়—বালসা, মোতায়েন, জয়চাঁদপুর, গোপালপুর এবং নলহাটী থানায়— বেলাই, রদীপুর, রামপুর, গোগ্রাম ইত্যাদি এবং আরও প্রায় ৫/৭টি গ্রাম বর্ষার সময় ব্রহ্মাণী নদীর বন্যায় ডুবে যায়। সেইজন্য আমি সেচমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যাতে এই সমস্ত গ্রামগুলিকে চারিদিকে বাঁধ দিয়ে নিয়ন্ত্রণ করা যায় বা অন্য কোনও ভাবে রক্ষা করা যায় তাঁর জন্য উপযুক্ত প্ল্যান তৈরি করা হোক।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশের এক অংশ বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্র করছে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী সংবাদপত্রে বলেছেন যে ঐ বে-আইনিভাবে জবর দখল, হকার উচ্ছেদের ব্যাপারে পুলিশের গাফিলতি আছে। গ্রামাঞ্চলেও ঐ রকম ৫/৬ মাস ধরে চুরি, ডাকাতি, ছিনতাই হামেশাই হচ্ছে। পুলিশকে খবর দেওয়া হয়েছে। পুলিশ অফিসার বলছেন যে গ্রামে গ্রামে রেসিসটেন্স গ্রুপ তৈরি করুন। আমরা রেসিস্টেন্স গ্রুপ তৈরি করেছি, কিন্তু যেসব ক্রিমিনালস যাদের নাম থানায় লিখিত আছে তাদের কিছু করা যাচ্ছে না। আমার কন্সটিটিউয়েন্সি থেকে আমার কাছে খবর এসেছে যে ওখানে যদি এক গ্রাম থেকে আরেক গ্রামে কারও বিয়ে হয় তাহলে বরযাত্রীদের লাঠি, সোটা সঙ্গে করে নিয়ে তবে বর নিয়ে যেতে হয়। আমার ওখানে গোলাম মোস্তাফা বলে একজন ও.সি ছিলেন, তিনি যখন ছিলেন তখন প্রায় এক বছরের মধ্যে ওখানে চুরি, ডাকাতি কিছুই ছিল না। তিনি ওখান থেকে চলে যাবার পর চুরি, ডাকাতি আরম্ভ হয়েছে। পুলিশ নিষ্ক্রিয় রয়েছে। নতুন যেসব অফিসার এসেছেন তাঁরা শান্তি, শৃঙ্খলা রক্ষা করতে পারছেন না। এ বিষয়ে একটা ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী মহাবাচ্চা মুন্সী ঃ** স্যার, পশ্চিম দিনাজপুর জেলার চাপড়া থানার এবং ইসলামপুর থানার একটি রাস্তা আছে সেই রাস্তা রায়গঞ্জ থেকে গোয়াল পর্যন্ত একটি মাত্র রাস্তা। সেই রাস্তার পুলের দুই দিকেই নষ্ট হয়ে গেছে। সেটা মেরামতি না করলে স্টেট বাস এবং ট্রাক চলতে না পারায় লোকের খুব অসুবিধা হচ্ছে। এ বিষয়ে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যাতে তিনি মেরামত করান।

**শ্রী রাজকুমার মন্ডল ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে রাজপুর খালের উপর যে পুল আছে সেই পুল ১৯৩২ সালে তৈরি হয়েছিল—অর্থাৎ ৪৮।৪৯ বছর হয়ে গেল আজ পর্যন্ত কোনও মেরামতি হয়নি। ফলে এমন একটা অবস্থা যে কোনও মুহুর্তে জটা ভেঙ্গে পড়তে পারে। এই পুল দিয়ে রোজ ৪।৫ হাজার লোক যাতায়াত করে। এবং একমাত্র ৩।৪টি অঞ্চলের জটা যোগাযোগ সূত্র। অতএব পুলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সেইজন্য পুলটিকে অবিলম্বে মেরামত করবার জন্য বা নতুনভাবে করবার জন্য অনুরোধ করছি।

**শ্রী গুণধর চৌধুরি ঃ** স্যার, আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে বলছি গত ২৬ ফেব্রুয়ারি ওন্দা থানার রতনপুর গ্রাম পঞ্চায়েতের অধীন মান্দারবনী গ্রামে বর্গা অপারেশন

ক্যাম্প এর যখন বৈঠক চলছিল তখন সেখানে সেটেলমেন্ট অফিসার, চার্জ অফিসার, পঞ্চায়েত কর্মী এবং গ্রামের অধিবাসীরা উপস্থিত ছিলেন। তখন জোতদার দ্বিজপদ চক্রবর্তী, অনিল চক্রবর্তী, রবি চক্রবর্তী এবং তাদের ছেলেরা সরকারের নামে কুৎসিত ভাষায় গালিগালাজ করতে থাকেন এবং সেখানকার খাতাপত্তর সব ছিড়ে দেন। যে সমস্ত বর্গাদার রবীন্দ্রনাথ বেমরা, বানেশ্বর মুর্মু, কানাই মান্ডী, লক্ষ্মণ মুর্মু প্রভৃতি নাম লেখালে তাদের উপর মারধোর করেন জোতদার একদিকে কংগ্রেস(ই) সমর্থক এবং তাদের ছেলেরা নকশাল বলে পরিচিত। সুতরাং যাতে সুষ্ঠুভাবে অপারেশন বর্গার কাজ হয় এবং কংগ্রেস(ই) এবং নকশাল নাম ধারী সমাজ বিরোধীদের যাতে সায়স্তা করা যায় তাঁর ব্যবস্থা অবিলম্বে করুন।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্যার, গতকাল থেকে পরীক্ষা আরম্ভ হয়েছে এবং কিছু স্পেশ্যাল বাস দেবার আর.টি.এ. ব্যবস্থা করেছেন। কিন্তু ৬২ নম্বর বাস অ্যাসোসিয়েশনের মালিকরা প্রথম দিকে দিচ্ছে কিন্তু শেষের দিকে দিচ্ছে না। যারফলে ভীষণ অসুবিধা হচ্ছে। আর.টি.এ.ডি.এম. অনুরোধ করা সত্বেও মালিকপক্ষ তা শুনছে না। এর ফলে উলুবেড়িয়া, পাঁচলা এই দুটি সেন্টারে পরীক্ষার্থীদের খুব অসুবিধা হচ্ছে। এ বিষয়ে পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫.১২.৮০ তারিখে বাঁকুড়া জেলার সালতোড়া অঞ্চলের অধীনে কানুড়িয়া গ্রামে প্রদীপকুমার কর বলে এক অধিবাসীর সঙ্গে সেই গ্রামের সুভাষচন্দ্রের সঙ্গে কথা কাটাকাটি নিয়ে এক বচসা হয়। সুভাষ দে কুঠার নিয়ে আক্রমণ করতে উদ্যত হলে তার জাঠতুতো ভাই রামকৃষ্ণ কর সেই কুঠার ছাড়িয়ে নেয়। এই কুঠার ছাড়িয়ে নেওয়া কে কেন্দ্র করে সেখানে সুভাষচন্দ্র দে রবীন্দ্রনাথ লোয়ার, নুরু লোয়ার, অনাদি দাস এদের নেতৃত্বে প্রায় ৩০০ লোক তাঁর ঘর ঘেরাও করে। বাড়িতে আগুন ধরিয়ে দেবে, সকলকে পুড়িয়ে মারবে, এইরকম ভাবে তাকে শাসায়। তারপর সে গ্রাম থেকে পালিয়ে যায়, এখনও পর্যন্ত গ্রামে ঢুকতে পারেনি। এবং তাঁর ৩৫ কাহন ধান আগুনে নষ্ট করে দেয়। এই প্রতিকারের জন্য তাদের দেওয়া একটি দরখাস্ত আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে দিতে চাই।

**শ্রী দেবনারায়ন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের যে অর্থনৈতিক সমীক্ষা ৮০/৮১ সালে হয়েছে, তাতে পশ্চিমবঙ্গের খাতে প্রায় দেড় লক্ষ টন গম বরাদ্দ ছিল। কিন্তু এখন তা কমে এসে ৫৫ হাজার টনে দাঁড়িয়েছে। ময়দা কলে যে ময়দা দেওয়া হ'ত এখন তা কমে গিয়ে ২৭০ টনে এসে দাঁড়িয়েছে। এফ.সি.আই এর মাধ্যমে যে খাদ্যদ্রব্য সরবরাহ করা হ'ত সেই গম গ্রামাঞ্চলের মানুষ পাচ্ছে না। এই ব্যাপারে অবিলম্বে কেন্দ্রীয় সরকারকে জানানো হোক। তারা যে ভাতে মারার এই যে অপচেষ্টা চালাচ্ছে সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে জানানো হোক। সঙ্গে সঙ্গে কেন্দ্রকে আরও জানানো দরকার যে তারা যেন খাবার নিয়ে রাজনীতি না করেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আই অ্যাম হ্যাপি যে মুখ্যমন্ত্রী

এখানে উপস্থিত আছেন। আমি সম্প্রতি ওয়েস্ট দিনাজপুর থেকে ঘুরে এলাম, সেখানে পুলিশ এবং পুলিশ প্রশাসনের উপর মানুষের কোনও আস্থা নেই। মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে পুলিশের আই.জি. এবং কিছু সার্বোডিনেট অফিসার পাঠিয়েছিলেন—এটা আরলিয়ার পার্ট অব দি রেড পাঠানো উচিত ছিল। তাহলে প্যারেড করে বন্দুক লুঠ করা সম্ভব হত না। পুলিশকে এই লুঠের সংবাদ জানানো সত্ত্বেও তাঁরা ইনিশিয়াল স্টেজে পুলিশকে মোবিলাইজ করেন নি। তারা ঘটনার পরে ব্যাপকভাবে পুলিশ মোবিলাইজ করেছেন। কিন্তু এই এলোপাথাড়ি কাজ করলে কিছু হবে না, পিপলস কনফিডেন্স যাতে ফিরে আসে তার জন্য সোর্সটা পালটাতে হবে। এটা সম্ভব হচ্ছে না কারণ ওখানকার মানুষ ভয় পাচ্ছে যে প্রাথমিক স্টেজে একটা ইনকোয়ারি হয়ে এটা থেমে যাবে। সেখানে এইরকম একটা সিচুয়েশন সৃষ্টি হয়েছে। এর আগে তল্লাসি ও অনুসন্ধান মানুষ যা দেখেছে তাতে ঘটনাগুলো অন্য একটা জায়গায় মোড় নিয়েছে এবং এই কারণেই তারা ভয় পাচ্ছে এবং ভাবছে সরকার হয়ত প্রতিকার গ্রহণে বিরত থাকবেন, কোনও ব্যবস্থা নেবেন না। সেইজন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, এতবড় একটা ঘটনায় আপনি নিজে গিয়ে ঘুরে এলে মানুষের মনে কনফিডেন্স ফিরে আসতে পারত, তা না করে আই.জি. এবং পুলিশ অফিসারদের ওখানে পাঠিয়ে দিলেন প্রিকশানারি মেজার ও অ্যাকশন নেবার জন্য। মানুষ গোড়ার দিকে পুলিশকে সংবাদগুলো দিয়েছেন, কিন্তু কোনও ব্যবস্থা তাঁরা নেন নি—তাঁর ফলে লুঠ হয়েছে। Just to restore confidence in the people's minds. It is a fit and appropriate occasion. মুখ্যমন্ত্রী শুধুমাত্র মন্ত্রিসভার মুখ্য নন, তিনি স্টেটেরও একজন নেতা। সেজন্য পিপলস কনফিডেন্স রেস্টোর করবার জন্য আমি তাঁকে অনুরোধ করব—তিনি যেন নিজে গিয়ে সন্ত্রস্ত মানুষদের আশ্বাস দিয়ে আসেন যে এই এনকোয়ারিই শেষ নয়, এবং ভয় পাওয়ার কিছু নেই। মানুষ কিছু পয়েন্ট নির্দিষ্ট করে কোর্টে যেতেও চাইছে না, তারা বলছে কোর্টের উপর আমাদের কিছু করার নেই। এই অবস্থায় ইনকোয়ারিটা তীব্রতার সঙ্গে চালানোর টেম্পো বজায় রেখে পাবলিক কনফিডেন্স যাতে ফিরে আসে তাঁর জন্য মুখ্যমন্ত্রীকে আমি রিকোয়েস্ট করব।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী আব্দুল কোয়ায়ুম মোল্লা ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মন্ড হারবার হাসপাতালে একটি ব্লাড ব্যাঙ্ক করার কথা ছিল কিন্তু সেটা আজ পর্যন্ত হয় নি। সেখানে রক্ত সরবরাহ না থাকার জন্য গরিব রোগীরা ভীষণভাবে অসুবিধার মধ্যে পড়ছে। এটা কলকাতার নিকটে থাকা সত্ত্বেও এই রক্ত সরবরাহের উপযুক্ত ব্যবস্থা এখনও পর্যন্ত গ্রহণ করা হয় নি। এবং গরিব মানুষরা অনেক বেশি টাকা খরচ করে কলকাতা থেকে রক্ত নিয়ে যেতে পারছেন। এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি। এর পর ডায়মন্ডহারবারে একটি মর্গ আছে এবং সেটি এমন জায়গায় অবস্থিত যে যারা ওখানে বসবাস করে বা যাতায়াত করে তারা ভীষণ দুর্গন্ধের মধ্যে আছে তাদের স্বাস্থ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। ডায়মন্ডহারবারে যে টুরিস্ট লজ আছে সাগরিকা সেখানে বহু টুরিস্ট যাতায়াত করে তাদেরও সেই দুর্গন্ধ ভোগ করতে হচ্ছে। এখনই এটাকে সরানো দরকার। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। তারপর ডায়মন্ডহারবারে একটি মাতৃসদন আছে সেই মাতৃসদনে একটি রিটায়ার্ড ডাক্তার আছে যেখানে মহিলারা মহিলা ডাক্তার পছন্দ করে সেখানে একজন রিটায়ার্ড

অকর্মণ্য ডাক্তারকে বসিয়ে রাখা হয়েছে। এই বিষয়ে আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পিকার স্যার, বীরভূম জেলার ছোট সাংডার অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম সভার প্রধানরা ভীষণ দুর্নীতি চালিয়ে যাচ্ছে। জেলা প্রশাসনকে ডেপুটেশন দেওয়া সত্ত্বেও কোনও ফল হয় নি। গরিব কৃষকদের যে সার বীজ কীট নাশক ঔষধ ঋণ বাবদ দেওয়া হচ্ছে সেই ঋণ উপযুক্ত প্রাপক যারা তাদের নামের লিস্ট থাকা সত্ত্বেও তারা সেই ঋণ ঘরে তুলতে পারছে না গ্রাম প্রধান অঞ্চল প্রধান সেগুলি আত্মসাত করে নিচ্ছে। অর্থ যা বাজেট করা হয়েছে সেটা সেখানে যাচ্ছে না। তারা যা খুশি তাই করছে। এই সমস্ত প্রধান হচ্ছে সি.পি.এম প্রধান। গরিব মানুষদের গরিব কৃষকদের যে ঋণ বিতরন করার জন্য দেওয়া হচ্ছে সেটা তারা আত্মসাত করে নিচ্ছে এটা যেন তাদের জমিদারী। আমি জানি বহু সি.পি.এম প্রধান গ্রেপ্তার হয়েছে। আমি বলছি যে এই সব সি.পি.এম প্রধানদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা উচিত।

**শ্রী বারীন্দ্রনাথ কোলে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ের প্রতি। স্যার, আমতা থানার ১নং ব্লকে ঘোষালপুর ইউনিয়নের স্বাস্থ্য কেন্দ্রে ১৯৭৬ সালে যে ট্রান্সমিটারটি ছিল সেটি চুরি হয়ে যায়। আজ চার বছর হয়ে গেল সেখানে নতুন করে ট্রান্সমিটার বসানো হোল না। ছয় মাস আগে স্বাস্থ্যমন্ত্রী ওখানে গিয়েছিলেন এবং আমরা লিখিতভাবে এই কথা জানিয়েছিলাম। কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হয় নি। আশা করি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী একটা ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় ছাত্র ভর্তির ব্যাপারেও রাজনীতি চলছে। এবং তাঁর প্রধান ভূমিকা নিয়েছেন প্রধান শাসক দলের ছাত্র সংগঠন। সম্প্রতি বিড়লা ইন্সটিটিউট অব টেকনোলজি, যার সভাপতি হচ্ছেন আপনি নিজে স্পিকার, আপনি নিজে পরিচালন সমিতির সভাপতি যেখানে, সেখানে কি অবস্থা হচ্ছে নিশ্চয় আপনি জানেন। সেখানে ছাত্র ভর্তির ব্যাপারে রেজেস্ট্রিকৃত ফ্যাকট্রি স্পনসর্ড করলে তবে ছাত্র ভর্তি হতে পারবে এবং সেইভাবেই ছাত্র দরখাস্ত করেছিল এবং নিয়মমতো নির্বাচনও হয় এবং নির্বাচিতদের গত ১০।১১ই অক্টোবর ভর্তির জন্য চিঠি দেওয়া হয়। কিন্তু এম এফ আই এজিটেশন করল যে আমাদের মনোমত লোক নিতে হবে।

দুঃখের বিষয় এখানে শিক্ষা বিভাগ তাদের সেই আব্দার মেনে নিয়ে একটি পত্রে ছাত্র ভর্তিটা ক্যানসেল করে দেন। সেই বঞ্চিত ছাত্ররা তারপর হাইকোর্টে যায় এবং হাইকোর্ট অর্ডার দিয়ে দেন তাদের ভর্তি করে দেবার জন্য। সেই অনুসারে ৬ জন ভর্তি হন—পুলিশের সাহায্য নিয়েই তাদের ভর্তি হতে হয় কিন্তু বাকি ১২ জন ভর্তি হতে পারছেন না। সেখানে তাদের বিরুদ্ধে শ্লোগান দেওয়া হচ্ছে, মেরে ফেলা হবে, খুন করা হবে ইত্যাদি বলে। অফিস সেখানে কিছু করতে পারছে না, এমন কি কেরানিদেরও ভয় দেখানো হচ্ছে মেরে ফেলা হবে বলে। আপনি স্যার, স্বয়ং তাঁর পরিচালক সমিতির সভাপতি, আপনি জানেন, তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তাঁদের ছাত্র শাখাকে বলুন

সেখানে হাইকোর্টের রায় মান্য করে সেই ছাত্ররা যেন ভর্তি হতে পারে সে ব্যবস্থা করতে। স্যার, সেখানে এখনও পড়াশুনা আরম্ভ হতে পারে নি, সেখানে যাতে নির্বিঘ্নে পড়াশুনা চলতে পারে সেজন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অহীন্দ্র সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত লোকসভার নির্বাচনের পর থেকে আমাদের ওখানে কংগ্রেস(ই)'র ছাত্রপরিষদ শাখার গুন্ডারা, ছেলেরা প্রকাশ্যে রাহাজানি, গুন্ডামি আরম্ভ করেছে। যেখানে সেখানে টাকা লুঠ, মানুষকে মারা, ছিনতাই করা আরম্ভ হয়ে গিয়েছে। স্থানীয় পুলিশ কিছু কিছু ব্যাপারে মদত দিচ্ছে। কয়েকদিন আগে একটি ঘটনায় প্রায় ১০ হাজার টাকা লুঠ হয়। সেখানে সজল চক্রবর্তী বলে কংগ্রেস (ই)-এর একজন ছাত্র গ্রেপ্তার হয়েছে এবং জেলে আছে। আরও কয়েকজন কংগ্রেস (ই)'র ছেলে এর সঙ্গে যুক্ত আছে কিন্তু পুলিশ তাদের গ্রেপ্তার করছে না। যাতে গ্রেপ্তার হয় এবং শান্তিশৃঙ্খলা ফিরে আসে তাঁর জন্য স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর দু নং ব্লকের এলাকাধীন কাদুয়া জগবন্ধু প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শ্রী অবন্তিকুমার কামিলার মদ্যপান ও জুয়া খেলা ইত্যাদি অসদাচারণের প্রতিবাদে অভিভাবকগণ/দীর্ঘদিন ক্ষুব্ধ ছিলেন। সম্প্রতি উক্ত শিক্ষক তাঁর প্রতিবেশি শ্রী ধনঞ্জয় প্রামানিককে ব্যক্তিগত আক্রোশে হত্যার উদ্দেশ্যে গুরুতরভাবে জখম করার অপরাধে তাঁহার বিরুদ্ধে কাঁথি আদালতে ভারতীয় দন্ডবিধি আইন অনুসারে মামলা চলিতেছে। উক্ত শিক্ষক অনেকদিন ফেরার ছিলেন, বর্তমানে জামিনে আছেন। বিক্ষুব্ধ অভিভাবক ও স্থানীয় জনসাধারণ এই বিদ্যালয় হইতে উক্ত অবাঞ্ছিত শিক্ষকের অপসারণের জন্য শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েছেন, দাবি করেছেন কিন্তু কোনও ব্যবস্থা কর্তৃপক্ষ অবলম্বন না করায় জনসাধারনের মধ্যে তীব্র অসন্তোষ সৃষ্টি হইয়াছে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে এই বিষয়টি তদন্ত করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সুনীতি চট্টরাজ মহাশয় স্যাংড়া সম্পর্কে যে কথা বললেন সেই স্যাংড়া লাভপুর কন্সটিটিউয়েন্সির অন্তর্গত, স্যাংড়া গ্রামপঞ্চায়েতের প্রধানকে আমরা অনেকদিন আগেই তাড়িয়ে দিয়েছি এবং সে এখন কংগ্রেস (ই)'র আশ্রয়ে থাকে। সে যা করছে তা কংগ্রেস (ই)'র আশ্রয়ে থেকেই করছে। আমরা ডি.এমকে রিপ্রেজেনটেশন দিয়েছি। বিধানসভাকে বিভ্রান্ত করার জন্য উনি অন্যকথা বলছেন।

## Presentation of the Fifth Report of the Committee of Privileges

**The Chairman (Shri Kalimuddin Shams) :** Sir, I beg to present

the Fifth Report of the Committee of Privileges

**The Annual Reports and Accounts of the West Bengal Ceramic Development Corporation Limited for 1976-77, 1977-78 and 1978-79**

**Shri Bhabani Mukherjee :** Sir, I beg to lay the First, Second and Third Annual Reports and Accounts of the West Bengal Ceramic Development Corporation Limited for the years 1976-77, 1977-78 and 1978-79.

## GENERAL DISCUSSION ON BUDGET

[2-40 — 2-50 p.m.]

**শ্রী শশবিন্দু বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট আলোচনার চার দিনের আজকে শেষ দিন। বাজেট সম্পর্কে বক্তৃতা, আলোচনা ইতিপূর্বে হয়েছে, সবটা শোনার সৌভাগ্য আমার হয়নি। তবে যেটুকু শুনেছি সে সম্পর্কে আমার বক্তব্য রাখবো। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে তার এই সরকারের শেষ বাজেট এবং এখানে তিনি বিগত ৪ বছরের যে কার্যকলাপ তাঁর একটা রিভিউ বা পর্যালোচনা সম্পর্কে বক্তব্য রেখেছেন। এই বক্তব্যের মূল সুর হচ্ছে সীমিত আর্থিক ক্ষমতা সম্বন্ধে এবং কেন্দ্রের অর্থনীতি এবং কেন্দ্রের অর্থ বন্টনের ক্ষেত্রে যে বৈষম্য, তারই বাধাবিপত্তির মধ্যে দিয়ে এই সরকারকে কাজ করতে হচ্ছে। তা সত্ত্বেও এদের অনেক দ্রুত অগ্রগতি হয়েছে এবং সেই অগ্রগতির পরিমাণটা এরা দেখাবার চেষ্টা করেছেন যে রাজস্ব খাতে বরাদ্দের পরিমাণ দ্রুতহারে বেড়ে চলেছে। আমি এই কথা বলতে চাই যে ১৯৭৬-৭৭ সালে যেখানে ৭৬৬ কোটি টাকা রাজস্ব খাতে বরাদ্দের ব্যবস্থা ছিল, ১৯৮০-৮১ সালে সেটা বেড়ে ১৫৮৫ কোটি টাকায় পরিণত হয়েছে, দ্বিগুণ বেড়ে গেছে। এটা তারা তাদের একটা সুস্পষ্ট সাফল্যের স্বাক্ষর বলে বলেছেন। তারা আরও বলেছেন যে কার্যকলাপের দ্বারা সাধারন মানুষের প্রভুত পরিমাণে উপকার হয়েছে। কৃষকদের উপকার হয়েছে, শিক্ষার বিস্তার লাভ হয়েছে, প্রাথমিক শিক্ষার বিস্তৃতি হয়েছে, আরও অন্যান্য ক্ষেত্রে তারা কিছু কিছু কাজ করেছেন, বিপুল অর্থ ব্যয় হয়েছে। তাদের হাতে বিপুল অর্থ থেকেছে, তারা কিছু কিছু কাজ করেছেন সেটা অস্বীকার করার কিছু নেই। বিশেষ করে অবৈতনিক শিক্ষা দ্বাদশ শ্রেণী পর্যন্ত তারা বিস্তৃত করেছেন, তাঁর জন্য নিশ্চয়ই তারা আমার ধন্যবাদের পাত্র। প্রাথমিক শিক্ষার বিস্তার হয়েছে অনেক, বহু প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। একদিকে প্রাথমিক শিক্ষার যেমন বিস্তার ঘটেছে, অন্যদিকে তেমনি আমাদের বক্তব্য থেকে যাচ্ছে, এই সমস্ত প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে চুড়ান্ত দলবাজী হয়েছে, প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে চুড়ান্ত দলবাজী হয়েছে। চাকরি বাকরির ক্ষেত্রে, যেগুলো তাদের আওতার মধ্যে এসেছে সেই ক্ষেত্রে দলবাজী আমাদের কাছে অত্যন্ত স্পষ্ট হয়ে উঠেছে। ডেভেলপমেন্ট ওয়ার্কস কিছু কিছু হয়েছে, কিন্তু সেই ডেভেলপমেন্ট ওয়ার্কস উন্নয়নমূলক কাজগুলোর মধ্যে দিয়ে জনসাধারন কতখানি উপকৃত হয়েছে, সেইগুলো বিচার বিবেচনা করে

দেখলে দেখা যাবে, খুব বেশি উপকৃত হয়েছে আমরা তা বলতে পারি না। আমাদের মতো অনগ্রসর দেশের সরকারি অর্থ ব্যয়ে রাস্তাঘাটের ক্ষেত্রে যেগুলো ব্যয় করা হয়, সেইগুলোর প্রত্যক্ষ ফলাফল যারা জীবন জীবিকার দায়ে জর্জরিত, তাদের কাছে কিছু পৌছেছে বলে মনে করি না। কৃষি উৎপাদনের অবস্থা ভাল কারণ প্রাকৃতিক অবস্থা ভাল থাকায় কৃষক সমাজ কিছু উপকৃত হয়েছে, সেই কথা অস্বীকার করবার উপায় নেই। তাঁর বাজেটে হাসপাতালের উন্নতির কথা বলা হয়েছে, কিন্তু যে চূড়ান্ত ব্যর্থতার চিত্র তিনি উদ্ঘাটন করেছেন, পল্লী অঞ্চলে যে স্বাস্থ্যকেন্দ্রগুলি আছে সেইগুলিতে অধিকাংশ ক্ষেত্রে দেখা যাবে চিকিৎসক নেই, একটা বিপর্যস্ত অবস্থা। এমন অনেক স্বাস্থ্য কেন্দ্র রয়েছে যেখানে অ্যালোপ্যাথিক ওষুধ আছে, কিন্তু ডাক্তার হচ্ছেন হোমিওপ্যাথ এবং সম্পূর্ণ ট্রেনিং বিহীন তিনি। কাজেই সেই সব ক্ষেত্রে যে কাজ হয়েছে তাঁর পরিচয় আমাদের কাছে রাখবার বিস্তৃত অবকাশ নেই। কৃষি উৎপাদন সম্পূর্ণ প্রকৃতির কারুণ্যের উপর নির্ভর করে করতে হয় এখনও পর্যন্ত। আমার কাছে যে ইকনমিক রিভিউ আছে তাতে বলা হয়েছে যে সরকারি প্রচেষ্টায় ক্রমাগত উৎপাদন বৃদ্ধি যে হচ্ছে সেটা কিছু নয়, এই বছর উৎপাদন হয়েছে প্রকৃতির দাক্ষিণ্যে। তাঁর জন্য সরকারের কৃতিত্ব দাবি করার কিছু আছে বলে মনে করি না। শিল্প সম্পূর্ণ রূপে সঙ্কুচিত হয়েছে। আমি যে জেলা থেকে এসেছি, সেই হাওড়া জেলা হচ্ছে শিল্প কেন্দ্রিক, সেই জেলার শিল্প আজকে সম্পূর্ণরূপে বিপন্ন হতে চলেছে। সরকারের উপর নির্ভরশীল যে সব ছোট ছোট শিল্প মালিক এবং শ্রমিক, তারা জীবন জীবিকার জন্য সংগ্রাম করতে করতে আজকে মৃতকল্প অবস্থায় এসে পৌছেছে। গ্রামাঞ্চলে যে কার্যকলাপ করেছেন, পঞ্চায়েতের ভূমিকা সম্পর্কে প্রশংসা করে অর্থমন্ত্রী অনেক কথা বলেছেন। কিন্তু এই পঞ্চায়েতের দুর্নীতি সম্পর্কে আপনার কাছে আজকেও যে সমস্ত মেনশনগুলো হয়েছে, দুর্নীতি, জনসাধারনের অর্থের অপচয়, আত্মসাত করা, এইগুলো সরকার উপেক্ষা করার চেষ্টা করেও উপেক্ষা করতে পারেন নি, সরকারকে কিছু কিছু ক্ষেত্রে হস্তক্ষেপ করতে হয়েছে। এখানে কৃষি পণ্যের সর্বনিম্ন মূল্যের কথা বলা হয়েছে। কিন্তু বাস্তবপক্ষে যারা কৃষিজীবি বা যারা কৃষক, যারা কৃষির উপর নির্ভর করে তারা তাদের উৎপন্ন ফসলের উপযুক্ত মূল্য পাচ্ছেন না। ধানের দাম পাচ্ছে না, পাটের যে উপযুক্ত মূল্য কৃষকরা পাচ্ছে না, সেই কথা অর্থমন্ত্রী নিজেই উল্লেখ করেছে। ধানের উপযুক্ত মূল্য পাচ্ছে কৃষকরা—এই কথা যে বলা হয়েছে, এটাকে আমি অসত্য বলে মনে করি। সামগ্রিকভাবে যে চিত্র আমাদের কাছে এসেছে সত্য এবং অসত্য মিলিয়ে, সেটা মোটামুটি আমি আলোচনা করলাম। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই যে বামফ্রন্ট সরকার চিরকাল বলে এসেছেন তারা গরিবের সরকার, তারা গরিবের সংগ্রামের হাতিয়ার, তারা তাদের সরকারি ব্যবস্থার মধ্যে দিয়ে যতখানি পারেন গরিব সাধারনের কল্যাণ করবেন। সরকারি ক্ষমতার সঙ্গে কিছু কিছু

[2-50 — 3-00 p.m.]

দুর্বলতা, সংক্ষেপে যাকে বলা যায় পাপ তা সংযুক্ত থাকে। একবার সরকারি ক্ষমতা হাতে পাওয়ার পর তাঁরা মানুষ থেকে বিচ্ছিন্ন হয়ে যান। তার ফলে যে সমস্ত প্রতিশ্রুতিগুলি ক্ষমতায় আসার পূর্বে রাখেন সেগুলি পালন করা তাঁদের পক্ষে সম্ভব হয় না। আজকে গ্রামের অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। সুতরাং কৃষির উপর নির্ভরশীল সে সমস্ত মানুষগুলির

দিকে একটু তাকিয়ে দেখতে মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি। রাজস্ব খাতের ব্যয় বরাদ্দের পরিমাণ যদি আজকে দ্বিগুণ বেড়ে গিয়ে থাকে, তাহলে কৃষি অর্থনীতি বা গ্রামীণ জীবনে অভ্যস্ত গ্রামীণ মানুষের জীবন যাত্রার মান দ্বিগুণ হওয়া উচিত, কিন্তু তা হচ্ছে না, বরঞ্চ মান কমে গেছে। আজকে গ্রামের চিত্র অত্যন্ত ভয়াবহ। যারা সম্পূর্ণভাবে কৃষির উপর নির্ভরশীল তারা আজ ধীরে ধীরে ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে। আজকে গ্রামের চিত্রটা দেখুন, একটা গ্রামে বৃহৎ অংশ হচ্ছে কৃষিজীবী সম্প্রদায় এবং সেখানে মৎস্যজীবী সম্প্রদায় আছে, শিক্ষক সম্প্রদায়ের মানুষ আছে এবং তাদের পাশাপাশী চাকরিজীবী সম্প্রদায়েরও কিছু মানুষ আছে। সেখানে আপনি লক্ষ্য করলে দেখবেন যে, এই স্বল্প সংখ্যক চাকরিজীবীরা জীবন-যাত্রা নির্বাহের সঙ্গে সঙ্গে কিছু কিছু সঞ্চয়ও করতে পারে। কিন্তু অপর দিকে যারা সম্পূর্ণ কৃষির উপর নির্ভর করে থাকে তারা দিনের পর দিন নিঃশেষ হতে হতে জমি-জমা পর্যন্ত বিক্রি করতে থাকে। গ্রামের চিত্র হচ্ছে এটা। যারা বাইরে থেকে কিছু উপার্জন করে আসতে পারে তারাই আজকে গ্রামে টিকে আছে এবং তারা ২ কাঠা, ১ কাঠা করে জমিও কিনছে। অথচ কৃষিজীবীরা জমি বিক্রি করেও যেতে পাচ্ছে না। সুতরাং আজকে যে অবস্থা হয়েছে তাতে গরিব কৃষকরা, নিম্ন-মধ্যবিত্ত কৃষকরা—মধ্যবিত্ত কৃষকরাই এখনও পর্যন্ত গ্রামীণ সমাজকে ধরে রেখেছে—কৃষির উপর নির্ভর করে গ্রামে টিকে থাকতে পারছে না। আমি যেকথা বলছিলাম, সরকারি ক্ষমতায় এলে, সরকারি শাসন যন্ত্রকে সুষ্ঠুভাবে চালাবার জন্য যারা চাকরি করে তাদের উপরই সরকারের নজর পড়ে। এই হাউসের আসার সঙ্গে সঙ্গেই আমরা পে-কমিশনের রিপোর্ট পেয়েছি। সেখানে দেখছি সরকারি কর্মচারী এবং সরকারি সাহায্য-পুষ্ট আরও কয়েকটি সংস্থার কর্মচারিদের কথাই চিন্তা করা হয়েছে। পে-কমিশনের রিপোর্টের বিষয়ে চিন্তা করবার সময়ে একটা সর্বনিম্ন জীবন-যাত্রার মানের কথা চিন্তা করে ওয়েজ নির্ধারিত হচ্ছে এবং সংবিধানের আর্টিকেল ৪৩-এর দিকে দৃষ্টি রেখেই সেটা করা হচ্ছে। আমাদের এখানে ৩ লক্ষ ৩০ হাজার সরকারি কর্মচারী আছে। কিন্তু এরা আমাদের পশ্চিম বাংলার সমগ্র জনসংখ্যার একটা অতি ক্ষুদ্র অংশ, আজকের হিসাবে শতকরা .০৮ অংশ। এদের কথাই শুধু এখানে চিন্তা করা হচ্ছে এবং এদের কথা চিন্তা করবার সময়ে সংবিধানের আর্টিকেল ৪০-এর নির্দেশের দিকে দৃষ্টি রাখতে পেছপা হ'ননি। সংবিধানের আর্টিকেল ৪৩-তে কি বলা হচ্ছে, The State shall endeavour to secure, by Suitable legislation or economic organisation or in any other way, to all workers, agricultural, industrial or otherwise, work, a living wage, conditions of work ensuring a decent standard of life and full enjoyment of leisure and social and cultural opportunities and, in particular, the State shall endeavour to promote cottage industries on an individual or co-operative basis in rural areas.. এই যে ডিসেন্ট লিভিং, এই যে এমপ্লয়মেন্ট অব লাইফ এবং সোশ্যাল অ্যান্ড এগ্রিকালচারাল অপারচুনিটিস—এটা সংবিধানের কথা। ১৯৭১ সালের সেনসাস অনুযায়ী যে লোকসংখ্যা ছিল তার প্রায় ২৫ পারসেন্ট বেড়ে গেছে। অর্থাৎ আজকে লোকসংখ্যা সওয়া ৪ কোটির মতোন হবে এবং এই লোকসংখ্যার অতি নগন্য অংশ পে-কমিশনের আওতায় এসেছেন, বোধ হয় দেড় পারসেন্টরও বেশি হবে না। আপনি তাদের জন্য চিন্তা করছেন কিন্তু যে বৃহৎ অংশ পল্লী গ্রামে বসবাস করছেন বিশেষ করে যারা কৃষির উপর

নির্ভর করে বেঁচে থাকবার চেষ্টা করছেন তাদের জন্য কতটুকু দৃষ্টি রেখেছেন? আপনারা যে গনতন্ত্রের কথা বলেন, সমাজতন্ত্রের কথা বলেন কিন্তু গ্রামে গ্রামে শহরে শহরে এত ভিখারি ঘুরে বেড়াচ্ছে কেন? আজকে ভূমিহীন কৃষকেরা হাহাকার করছে কেন? আজকে এইদিকে দৃষ্টি দেওয়ার কোনও অবকাশ আপনাদের নেই। আপনারা আজকে শাসন ক্ষমতায় থেকে শাসন যন্ত্রকে পরিচালনা করবার জন্য যতটুকু প্রয়োজন সেইটুকু ছাড়া আর আপনাদের বাইরে দৃষ্টি দেওয়ার প্রয়োজন মনে করছেন না। একটা ঘরোয়া পরিবেশে এই রাজ্যকে পরিচালনা করবেন এই হচ্ছে আপনাদের লক্ষ্য। কিন্তু শাসন ব্যবস্থার দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন শাসনব্যবস্থা চূড়ান্ত বিপর্যস্ত হয়েছে। আজকাল অফিসে অফিসে কি কাজকর্ম হচ্ছে? হচ্ছে না। আগে বহু আবেদন নিবেদন রেড টাপিজমের মধ্যে আবদ্ধ থাকতো কিন্তু এখন কোনও আবেদন-নিবেদন রেড টেপের মধ্যে তো দূরের কথা কোনও পাত্তা পাওয়া যায় না। টেবিলগুলি সব ফাঁকা, কাজকর্ম নেই। অফিসের পিক-আওয়ারসেও কর্মচারীরা বসে তাস খেলে। জনসাধারন ঘোরা-ঘুরি করে চলে আসে। কাজেই এই রকমভাবে অফিস চলছে। অ্যাডমিনিস্ট্রেশনের সেইদিকে দৃষ্টি নেই, অ্যাডমিনিস্ট্রেশন ভেঙ্গে পড়েছে। এদের জন্য লিভিং ওয়েজ হচ্ছে, এদের সুখ-স্বাচ্ছন্দের ব্যবস্থা হচ্ছে। এরা হচ্ছে শতকরা ১.৫ পারসেন্ট। কিন্তু আজকে কৃষকেরা যে ভেঙ্গে পড়ছে, এদের জন্য আপনি কি চিন্তা করছেন? আমি এই প্রসঙ্গে গোল্ডস্মিথের একটি কবিতা থেকে পড়ে শোনাচ্ছি।

Princes and Lords may flourish, or may fade,
A breath can make them, as a breath has made
But a bold peasantry, their country's pride
When once destroyed can never be supplied.

—Goldsmith.

সুতরাং আমার বক্তব্য হচ্ছে, কৃষকেরা হচ্ছে কানট্রিস প্রাইড। এই রাজ্য কৃষির উপর নির্ভরশীল। কৃষকেরা যাতে বাঁচে তারজন্য চেষ্টা করুন। লোকসংখ্যার শতকরা ৭৫ জন হচ্ছে কৃষক। এরা আজকে দুরাবস্থার মধ্যে দিন-যাপন করছে। এদের জন্য কোনও ব্যবস্থা করছেন না। মহারাষ্ট্রে আজকে কৃষক আন্দোলন হয়েছে। সেখানে কিসের উপর আন্দোলন হয়েছে? কৃষকদের উৎপাদন দ্রব্যের ন্যায্য দাম দিতে হবে।

[3-00—3-35 p.m.](including adjournment)

গত ১৬ই ফেব্রুয়ারি দিল্লিতে কৃষকদের জন্য বিপুল অর্থ ব্যয় করে একটা ঐতিহাসিক কৃষক সমাবেশ করা হল। কিন্তু আমার কথা হচ্ছে এটা করে কৃষকদের তাতে কি উপকার হয়েছে?

তাদের জন্য যে অর্থ ব্যয়িত হচ্ছে, তার ক্ষুদ্রাংশ হলেও তাদের ঘুড়িয়ে ফিরিয়ে প্রত্যক্ষ অথবা পরোক্ষ ট্যাক্সের মধ্যে নিয়ে যাওয়া হয়েছে। দিল্লির মধ্যে নিয়ে গিয়ে দেব দেবী দর্শন

করিয়ে এর পর আবার বাসে করে বা ট্রেনে করে নিজের রাজ্যে ফিরে যাওয়া, আবার দুঃখময় জীবনের মধ্যে ফিরে যাওয়া। এর কোনও অর্থ হয়না। আজকে কৃষকের উৎপন্ন ফসলের উপর ন্যায্য মূল্য শুধুই তাদের দাবি নয়। আমি যে কথা বলছিলাম, পে-কমিশন প্রসঙ্গ উল্লেখ করে আজকে রাষ্ট্রের বা রাজ্যের যে রাজস্ব বা যে অর্থ ব্যয়িত হচ্ছে সেই অর্থের ভাগ কৃষকদের দিতে হবে। রাজ্যের প্রতিটি নাগরিকের সমান অধিকার স্বীকার করে নিতে হবে। সমাজতন্ত্র বলতে আমরা এই বুঝব যে রাজ্যের বা দেশের যে সম্পদ সেই সম্পদে প্রতিটি মানুষের সমান অধিকার থাকবে। সে তাদের সম্পদের আমাদের পে-কমিশনের রিপোর্ট দেখছি, তাঁরা রেকমেন্ড করেছেন যে এ পর্যন্ত যা ছিল সেটা আমাদের রাজ্যে ব্যয়ের শতকরা ২৫ ভাগের মতো এই সরকারি কর্মচারিদের বেতন বৃদ্ধির জন্য, রাজ্যের ব্যয়ের অনেকটাই চলে যাচ্ছে সেখানে এবং সেটা রেকমেন্ড করেছেন, তারপর বলেছেন সেটা ২৫ থেকে বেড়ে ৩৪ পারসেন্ট করা হচ্ছে, তা হোক, তাতে আপত্তি নেই, যেমন অন্যান্য কিছু রাজ্যে আছে, সেখানে এই রকম রাজ্য ব্যয়ের এমন মোটা অংশ ওয়ান থার্ড ব্যয়িত হয় এদের জন্য। আমার কথা হচ্ছে এই রাজ্যের ব্যয়ের মোটা অংশ—ওয়ান থার্ড মতো অংশ এই সরকার চালিয়ে যাওয়ার জন্য যে সমস্ত কর্মচারীরা একের তিন অংশ নিয়ে নেবেন, অ্যাডমিনিস্ট্রেশনের, ক্যাপিটাল এক্সপেনডিচার এর আরও একটি বিরাট অংশ চলে যাবে। জনসাধারণের কাছ থেকে যা নিংড়ে নেবে তাতে তাদের দারিদ্রকে স্পর্শ করবে না, দারিদ্রের গায়ে হাত বুলিয়ে তাদের দারিদ্রের জ্বালা থেকে মুক্ত করতে সক্ষম হবে না। আজকে আমরা যদি শিক্ষিত সমাজতন্ত্রে বাস করি তাহলে এই সমাজতন্ত্রের সুফল রাজ্যের প্রতিটি নাগরিকের কাছে গিয়ে পৌঁছায়—যাতে কখন ভিক্ষাজীবি—যে ভিক্ষাজীবিরা একটা নির্বাচনের সময় তাদের শাসন ব্যবস্থার অধিকার প্রয়োগ করবার জন্য একটা ভোট দেওয়ার পর আবার ভিক্ষা করে, পাঁচ বছর রাজপথে ঘুরে বেড়ায়, কলকাতার ফুটপাথে রাত্রে শীতে, বৃষ্টিতে দিন কাটায় তাদের জন্য এই রাজ্যের কি কোনও দায়িত্ব নেই? সমাজতন্ত্রের কথা বলেন, তাদের কথা চিন্তা করবেন, যারা দেশের এই অর্থনীতিকে বাঁচিয়ে রাখার জন্য—রাজ্যের একটা বিরাট অংশকে যাতে উৎপাদন মূলক কার্যে ব্যয়িত করা যায়, যারা উৎপাদন করে দেশকে বাঁচিয়ে রাখে, আমাদের খাইয়ে বাঁচিয়ে রাখে তাদের উপর নির্ভর করে আমরা পরভোজীর মতো স্বচ্ছন্দে আমরা সুখ স্বপ্নের চিন্তা করে তাদের কথা আমরা কোনওদিন চিন্তা করি না। আমাদের অর্থমন্ত্রী মহাশয় আমাদের কাছে যে বাজেট এনেছেন সরকার চালাবার জন্য ভাল বাজেট—ভাল মন্দ বলতে আমাদের আপত্তি নাই কিন্তু আমাদের চিন্তা হচ্ছে এই সমস্ত মানুষদের জন্য, আমরা আজকে দেখছি, আজকে অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে রাখবে আর সে শ্রেণী নেই, আমরা মুখে যাই বলিনা কেন সে শ্রেণী বিভাগ নেই, আজকে আমাদের মতো বুদ্ধিজীবি, আমাদের মতো মানুষ যাতে দারিদ্র থেকে কোনরূপে একটা চাকরি বা শিক্ষকতা পেয়েছে আমরা আমাদের জীবিকা চালিয়ে যেতে পারছি, এবং কিছু সঞ্চয় করতে পারছি। আমরা আমাদের দারিদ্র ব্যবস্থা কাটিয়ে আজকে ১০০ টাকা জমা করে থাকি সম্পদের একটা ব্যবস্থা করে থাকি বা যে প্রপার্টি করি না কেন, মিঃ স্পিকার স্যার, আমি যদি দৃষ্টি নিক্ষেপ করি, এখানে তাহলে দেখব যে উই আর অল থিবস। আমরা আমাদের রাজ্যের এক পীড়িত, নিপীড়িত, শোষিত মানুষদের প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে শোষন করে যে সুখ রাজ্যের স্থাপনা করবার চেষ্টা করছি—আমরা সমাজতন্ত্রের কথা চিন্তা করি, হৃদয়হীন সমাজতন্ত্র নয়, সমাজতন্ত্রের

ধ্যান, ধারণায় আমরা চাই পূর্ণ সমাজতন্ত্র, যে সমাজতন্ত্রে রাষ্ট্রের সমস্ত সম্পদের উপর সমান অধিকার স্বীকৃত হবে সেই অধিকার স্বীকার করে নিতে হবে, যে সমাজতন্ত্রে সকল দুর্দশাগ্রস্ত মানুষ তাদের জীবন থেকে কিছুটা মুক্তির আলোক দেখতে পাবে। সেটা আমরা চাই। সমাজতন্ত্রের কথা স্বামীজী বলেছিলেন যে আমাদের দেশে বিপ্লব একটা ঘটবে এবং দেশের কৃষক সম্প্রদায় নিপীড়িত সম্প্রদায় তারা বিপ্লব করে পরিবর্তন ঘটাবে। সেই বিপ্লব এই বিপ্লব নয়, হৃদয়হীনের বিপ্লব নয় কারণ তাতে মানুষের হৃদয় বেদনা থাকবে। সেই বেদনা থেকে যদি বিপ্লব হয় তাহলে সেই বিপ্লব সফল হবে। নেতাজি সুভাষচন্দ্রও বলেছিলেন আমরা সমাজতন্ত্র চাই, কিন্তু ভারতবর্ষে সেই সমাজতন্ত্র আসবে মার্কসীয় দর্শনের উপর ভিত্তি করে নয়। স্বামী বিবেকানন্দের কথা বলে তিনি বলেছিলেন দরিদ্র নারায়ণের সেবা থেকে যে বিপ্লব আসবে সেই বিপ্লবই হবে আসল বিপ্লব এবং তাতেই মানুষ স্বস্তির নিশ্বাস ফেলবে। এই কথা বলে এই অর্থনীতিতে যেহেতু দরিদ্র সাধারণ উপেক্ষিত সেহেতু এই বাজেট আমি সমর্থন করতে পারছি না।

(At this stage the House was adjourned till 3.35 p.m.)

[3-35 — 3-45 p.m.]

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)ঃ** অন্ এ পয়েন্ট অব ইনফরমেশন স্যার, হাজার হাজার কৃষক জনতা, কংগ্রেস (আর্‌ম) এবং অন্যান্য সহযোগী দলের নেতৃত্বে অপেক্ষা করছেন আমি আপনাকে অনুরোধ করবো আপনি একজন মন্ত্রীকে নির্দেশ করুন সেখানে বক্তব্য রাখবার জন্য।

**মিঃ স্পিকারঃ** এটা ওঁদের ব্যাপার।

**শ্রী রাম চ্যাটার্জিঃ** মিঃ স্পিকার স্যার, আজকে আমি সমর্থন করে এইকথা বলছি আমরা যারা এ পক্ষে আছি তারা সকলে মিলে সরকার চালাচ্ছি। কারণ সকলে মিলে চলাই আমাদের ধর্ম। কিন্তু ওপক্ষে যারা আছেন তারা তাঁদের বাধা দিচ্ছেন। বহুদিন এক নাগাড়ে তারা রাজত্ব চালিয়েছেন তাতে রাজ্যের অবস্থা কি হয়েছে? আমরা দেখতে পাচ্ছি গুজরাটের মানুষ শেষ হতে চলেছে। এমন একটা প্রদেশ নেই যেখানে ক্রন্দনরত গরিব ছেলে বলছে না যে আমি আর পারছি না। আজ আমাদেরই বলতে হচ্ছে বন্দেমাতারম—মা তোমাকে বন্দনা করি। আমাদের ফ্রন্ট সরকার অন্যায়ের বিরুদ্ধে বঞ্চনার বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে। তাই আমরা যেখানে যাই সেখানেই দেখছি লক্ষ লক্ষ গরিব মানুষ যারা কোনওদিন চিন্তা করেনি যে তাদের প্রতিনিধি তাদের ঘরে গিয়ে গায়ে হাত দিয়ে কথা বলবে। তারা জানে কিছু পারুক না পারুক ফ্রন্ট সরকার চেষ্টা করবে। গতকাল আমি একটা মিটিং-এ গিয়েছিলাম সেখানে চাষী, মজুর, বেকার সবাই এসেছিল তারা বলছে আমাদের ভালো হচ্ছে কিন্তু বেকারদের ভালো হয়নি। কারণ কতদিনে এই বেকারি সৃষ্টি হয়েছে। বেকার ভাতা তারা চায়না। ফ্রন্ট সরকার মনে করে বেকার ভাতা দিয়ে কিছু হবে না। তাই যুবক শ্রেণীকে বলছি ফ্রন্ট সরকার তোমাদের ভোলেনি তোমাদের কথা মনে আছে এবং তাই এই সরকার তোমাদের মনে করবার জন্য ৫০ টাকা করে দেয়। ল অ্যান্ড অর্ডারের কথায় বলব আপনারা তো সমস্ত করে

দিয়েছেন। সব ক্ষেত্রেই যেন আমরা তাপ্পি দিয়ে চলেছি—তুবড়ির স্ফুরণ যেমন ধীরে ধীরে উপরে উঠে চারিদিকে ছড়িয়ে যায়। ঠিক তেমনি ভাবেই আমরা চলেছি। গোটা ভারতবর্ষের মানুষ আজ এই রকম একটা স্ফুরণের অবস্থায় বাস করছে। এই স্ফুরণ যখন চাপা পড়ে যাচ্ছে, তখন আমরা তাকে আবার জাগিয়ে তুলছি। আজকে ল্য অ্যান্ড অর্ডার ভঙ্গ করা হচ্ছে, কিন্তু সেগুলো করছে কারা? করছে দীর্ঘদিন ধরে রেখে আসা আপনাদেরই সৃষ্ট লোকেরা। তাই দেখতে পাচ্ছি, বাইরে থেকে নানারকম আগ্নেয়াস্ত্রের আমদানি। আগামী দিনে হঠাৎ সেগুলো আবার ফিউজ হতে দেখব। কিন্তু কি কারণে এসব করা হচ্ছে, অতীত ইতিহাস থেকে সহজেই তা আমরা বুঝতে পারি। কারণ অতীতের সেই কালোহাতের কথা আমরা আজও ভুলিনি, কোনও দিন পারবও না ভুলতে। আগামী দিনে আমাদের কি হতে পারে বা না পারে আমরা তা ভাল করেই জানি। সেজন্যই ত দেখতে পাচ্ছি, ফ্রন্ট সরকারের বিরুদ্ধে চারিদিকে লড়াই শুরু হয়ে গিয়েছে। দীর্ঘদিন ধরে সর্বত্র ল্য অ্যান্ড অর্ডারকে তাই ধ্বংস করার চক্রান্ত আমরা লক্ষ্য করে আসছি। কিন্তু আপনাদের সৃষ্ট লোকেরা চেষ্টা করেও কিছু করতে পারছে না। আরামবাগে গিয়ে আমি দেখেছি, পুলিশ মানুষের সাহায্য করবার জন্য জলে নেবে উদ্ধার কার্য করছে, শৃঙ্খলা রক্ষার ব্যাপারে পুলিশকে আগে এমনভাবে কখনও দেখা যায় নি। শিক্ষার ব্যাপারে ইংরাজি নিয়ে চেঁচামেচি শুরু করে দিয়েছেন আপনারা। আমাদের ইচ্ছা হলে আমরা ছেলেমেয়েদের স্কুলে পাঠাই ইংরাজি শেখাবার জন্য। কিন্তু এখানে বাধাটা কোথায়, তা আমাদের একবার ভেবে দেখতে হবে। প্রথম বাধা হচ্ছে—ইংরাজি স্কুলে পাঠাবার ক্ষমতা আমাদের সবার নেই। সেজন্য পড়াতেই যদি হয়, তাহলে তা বাংলা ভাষাতে হলে ব্যাপারটা অনেক সহজ হয়ে দাঁড়ায়। আপনারা সকলেই ত কথা বলেন বাংলাতে। গান, কবিতা যা কিছু করেন, তা সবই করতে হচ্ছে বাংলায়। তবুও চেঁচামেচি। আপনাদের বেশির ভাগেরই দৃষ্টি পড়ে আছে কলকাতা শহরের দিকে। অথচ যে সমস্ত মানুষ দিনের পর দিন, যুগের পর যুগ ধরে অবহেলিত হয়ে আছে, সেই সমস্ত গরিব মানুষদের সম্বন্ধে একবারও বলছেন না। কিন্তু তাদেরও তো কিছু একটা দিতে হবে আমাদের। তারাও কাগজ পড়তে চায়, জানতে চায় কোথায় কি ঘটছে। তাদের দেওয়ার সময় এখন এসেছে। কিন্তু সময় নেই বেশি দিন নষ্ট করে ইংরাজি শেখবার। এজন্য ফ্রন্ট সরকার যা চাইছেন, তাহল, 'তুমি পড়তে শেখ, বুঝতে শেখ, কিছু একটা করতে শেখ, নয়ত হয় চেঁচামেচি করবে, না হয় মহাজনদের ঘরে গিয়ে আন্ডা গন্ডা দিয়ে, নয় কড়া দিয়ে ছয় কড়া নিয়ে চলে আসতে হবে তোমাকে। সেজন্যই আমরা বলছি, ক্লাশ সিক্স পর্যন্ত পড় বাংলাতে, তারপর শুরু কর ইংরাজি পড়তে। অনেক আগেই ট্রাম পোড়াতাম আমরা, এডভান্স ছিলাম এ দিকে আমরা, তারপর আপনারা এলেন ট্রাম পোড়াতে। অর্থাৎ আমরা যে কাজ আগে করতাম, আপনারা তা করলেন অনেক পরে। সুতরাং আমরা যখন একটা কিছু করতে যাচ্ছি, সেটাকে বাধা আপনাদের দেওয়া চাই-ই। আপনাদের কাছে অমুকবাবু খুব ভাল, কারণ কি? কারণ হচ্ছে, উনি কারুর দরকারের সময়ে তিনি নেই। মাথায় উঠে গিয়ে তাঁর কাজ হয় নিজের স্ত্রীর গয়না গড়ান, কাউকে মনে রাখবার প্রয়োজন হয় না তাঁর। সেই সঙ্গে তাঁর কাজ গিয়ে দাঁড়ায় শুধু নিজের ছেলেকে লেখাপড়া শেখান আর উপদেশ দেওয়া যে, 'তোকে অমুক হতে হবে।' দরকার মিটে গেলে আপনারা যে কাউকে রাস্তায় নামাতে দ্বিধাবোধও করেন না কখনও। তাই দেখতে পাই যে, কখনও ঝড়ঝঞ্ঝায় দিশেহারা মানুষের পাশে গিয়ে দাঁড়ান না আপনারা। যারা কখনও গরিব

মানুষের পাশে গিয়ে দাঁড়ায় নি, তাদের সাহায্যের জন্য এগিয়ে যায় নি কখনও, বা গরিব মানুষের কান্নায় যাদের কখনও বিচলিত হতে কেউ কখনও শেখেনি, সেই সমস্ত জেনটেলমেনরাই বেশি করে চেঁচাচ্ছে এখন। মুশকিলটা তাই এখানেই। আজকে যে সমস্ত ভদ্রলোকের বাজারে নাম আছে বলে আমরা জানি, তাঁদের কোনও কাজে দেখতে পাওয়া যায় নি কখনও। এতকাল ধরে তাঁদের একমাত্র কাজ ছিল কোনও সভায় গিয়ে কোনও অনুষ্ঠানের সভাপতিত্ব করা ও বক্তৃতা দেওয়া। অথবা কোনও কিছু ওপেন করা। কিন্তু কোনও গরিব মানুষের বিপদে তাঁদের খুঁজে পায় নি কেউ কখনও। কোনও কাজেই তাঁদের পাওয়া যায় না বা সম্ভবও নয়। শুধুমাত্র কলকাতাতে বসে বকুম বকুম করেন তাঁরা। সেরকম কিছু লোক যদি রাস্তায় এসে দাঁড়াতে চান এবং সমালোচনা করেন, তখন তাঁরা শুধু সমালোচনার খাতিরেই তা করেন বলে ধরে নিতে হবে, এটা বুঝতে কোনও কষ্ট হয় না কারুর। তাই তাঁদের বলি, নিজের মনকে জিজ্ঞাসা করুন তো একবার, নিজের দায়িত্ব পালন করতে পেরেছেন কি কখনও? আমি জিজ্ঞাসা করি এই গরিব মানুষগুলোর সৃষ্টি কারা করেছে? হ্যাঁ, অনেক আগে থেকে এই জিনিস চলে আসছে। আমরা দেখেছি গরিব মানুষ তাদের কালো মা তার রোগা ছেলেকে নিয়ে বলছে বাবা দুটো গম দেবে। শত ছিন্ন বস্ত্র তার। আমরা জানি এই গম দিয়ে দেশের উন্নতি করা যায় না, দেশের কোনও পরিবর্তন সংগঠিত করা যায় না।

[3-45 — 3-55 p.m.]

কিন্তু কি করা যাবে, ৩০ বছরের ইতিহাস মানুষকে এখানে নিয়ে এসেছে, ভিক্ষা বৃত্তির ইতিহাস তৈরি করে দেওয়া হয়েছে। তার বুক ফেটে গেলেও সরকার কিছু করতে পারছে না। এর সৃষ্টি তো আপনারা করেছেন, দেশ জুড়ে কঙ্কালের সার তৈরি করেছেন। গোটা দেশের মানুষের চোখে জল এনে দিয়েছেন, এটা আপনাদের কীর্তি। আপনারা তো সব কিছু গলতি করে রেখেছেন, সমস্ত কিছু বানচাল করে দিয়েছেন। ইলেকট্রিক? আরে বাবা চেঁচালে কি হবে, যত লোক ছিল আপনাদের, সব লাগিয়ে দিলেন যারা কিছু ক্যারিকুরি জানে না তারা সবাই ঢুকে পড়ল। তার উপর আবার ওল্ড মেশিন, তেল দেবার কথা বললে বলবে কেন দেব। তাহলে এই মেশিন চলবে কি করে? তাহলে ইলেকট্রিক বাড়বে কি করে? এই জন্য জ্বলে না। আর ল অ্যান্ড অর্ডার কথা যেটা বলেছেন, আপনাদের টাইমে কি ছিল, আপনাদের সময় আমাকে দমদম জেলে খুন করার ষড়যন্ত্র করা হয়েছিল কিন্তু পারলেন না, তারপর টিবি রোগীর পাশে শুইয়ে রাখা হলো ঐ টিবি হাসপাতালে। ডাঃ গোপালদাস নাগ আমার সামনে ২০ দফা রাখলেন, আমার তো তখন দফারফা হয়ে গেছে আমি ২০ দফা রাখব কি করে। তাই ভয় দেখিয়ে আমাদের কিছু করা যায় না অসত্য দেখানো যায় না, সুতরাং আমাদের বিরুদ্ধে এই সব বলে কিছু হবে না। তাই বামফ্রন্ট জানে, বামফ্রন্টের এম.এল.এরা জানে তাদের রাস্তা এই রাস্তা, তাদের রাস্তা ময়দান। সেইজন্য আপনাদের সমস্ত ভ্রুকুটিকে আমরা কোনও গ্রাহ্যের মধ্যে আনি না। আমরা জানি অসংখ্য, অগনিত কোটি কোটি মানুষের কথা আমরা চাই আমরা এমন একটা কাজ দেখাব যাতে গোটা ভারতবর্ষ অনুপ্রাণিত হবে এই সরকারের কাজ দেখে। আমি মেড্রাসে গিয়েছিলাম, সেখানে আমাকে জিজ্ঞাস করা হলো আমরা মজুরি কত করে দেই। আমি বললাম ৮ টাকা করে, তখন ওরা বললেন

আপনারা এত বেশি কি করে দেন। আমি বললাম হ্যাঁ আমরা দিচ্ছি, আমরা চেষ্টা করছি, আমাদের ক্ষমতা খুব ছোট আমাদের ক্ষমতা খুব সীমিত, আমরা মানুষের জন্য চিন্তা করছি। আমরা যদি পশ্চিমবাংলার উন্নতি করি তাহলে আমরা বোকা লোক? পশ্চিমবাংলায় যে সরকারটা হয়েছে সেই সরকারটা কালো কালো মানুষগুলোর সরকার এই সরকার গরিব মানুষদের চোখের জল মুছিয়ে দেবার জন্য এসেছি এবং সেই দিকে এই বামফ্রন্ট সরকার এগিয়ে চলেছে। তাদের আশীর্বাদ আছে, গোটা দেশের আশীর্বাদ আছে, এই আশীর্বাদ নিয়ে আমরা এগিয়ে চলেছি। সেই জন্য আপনাদের কাছে আবেদন আপনারা দেশের মানুষ, আসুন সহযোগিতা করুন সহযোগিতা করে এগিয়ে চলুন। এখানে চেঁচিয়ে কোনও লাভ নেই। আপনাদের বাড়ির পাশের লোকের অবস্থা জানেন না, তাদের দেখুন, তাদের সাহায্য করুন। সহযোগিতা করুন তাদের সঙ্গে। আপনারা জেনে রাখুন, আপনারা যে ইতিহাস সৃষ্টি করে গেছেন তাতেই পশ্চিমবাংলার এই অবস্থা। সেই জন্য তাদের বিরুদ্ধে ধিক্কার দিয়ে বামফ্রন্ট সরকারের পক্ষে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে বসে বসেই বলছি। আমি আগের দিনের বাজেট সমালোচনা শুনলাম এবং আজকের বাজেট সমালোচনাও শুনলাম। শুনে আমার একটা কথা মনে হয়েছে যে মাননীয় অশোক মিত্র মহাশয় একজন গ্রেট সার্জেন। তিনি বামফ্রন্ট সদস্যদের জেনারেল অ্যানেসথেসিয়া দিয়ে তাঁদের মগজ অপারেশন করছেন। তাই আমি বন্ধুদের বলব যখন এই জেনারেল অ্যানেসথেসিয়া দিয়ে অপারেশন শেষ হয়ে যাবে ১৯৮২ সালের নির্বাচন আসবে যখন এই জেনারেল অ্যানেসথেসিয়ার পিরিয়ড শেষ হয়ে যাবে তখন জানবেন এই অশোকবাবুর এই অপারেশনের কি জ্বালা। সেদিন হাসপাতালে নফর বাগ্দি, বলরাম দাস এবং নিধিরাম মাঝি আমাকে দেখতে এসেছিলেন। তারা হাসপাতালে এসে বললো আপনি আমাদের হয়ে অর্থ মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবেন কারণ তিনি লিনোনিয়ামের উপর ট্যাক্স কমিয়ে দিয়েছেন, আমরা তাঁকে দু হাত তুলে আশির্বাদ দিচ্ছি। এই অশোক মিত্র মহাশয় লিনোনিয়ামের উপর যে ২০% ট্যাক্স ছিল সেটা তিনি ১৫% করে দিয়েছেন। গ্রাম বাংলার সমস্ত গরিব মানুষ এবং সি.পি.এম-এর বন্ধুরা আজকে লিনোনিয়ামের প্রয়োজন মেটাতে পারবে—এতে মানুষের উপকার হয়েছে তারা দু হাত তুলে আশির্বাদ করছে। আপনাদের নিজের পার্টির লোক সমর্থন করছে গভর্নমেন্ট সমর্থন করছে। কিন্তু সমর্থন করার আগে একটা কথা ভেবে দেখুন যে ১৯৮১-৮২ সালের বাজেট শিল্পপতিদের বাজেট কিনা। আগামী নির্বাচনের জন্য সি.পি.এম-এর আর্থিক সঙ্গতির বাজেট কিনা। অশোকবাবু আপনার সঙ্গে আমার ব্যক্তিগত কিছু নাই, আপনি পন্ডিত লোক আপনি একজন বিখ্যাত ইকনমিস্ট—কিন্তু আপনার হাতে ঐ আলিমুদ্দিন স্ট্রিটের মানুষরা সব তামাক খেয়ে নিল। You are a good man but not a good politician. আপনারা বুঝবার চেষ্টা করুন এবং যদি ভুল হয় অশোকবাবু আমাকে সংশোধন করে দেবেন। আজকে অন্যান্য ব্যাপারে অনেকে অনেক কথা বলেছেন কেন্দ্র রাজ্য সম্পর্ক, ঘাটতি, গরিবদের কথা মধ্যবিত্তদের দুঃখের কথা। তবে একথা আমি বলতে পারি বন্ধুদের যে আগামী নির্বাচনে ২০ থেকে ৩০ হাজার টাকা পাবেন তার ব্যবস্থা এই বাজেটে অর্থ মন্ত্রী করেছেন। এই জিনিসটা নিশ্চয় মাননীয় সদস্যরা লক্ষ্য করে দেখেছেন, বলতে পারছেন না। আজকে কোনও কোনও ক্ষেত্রে

বিক্রয় কর এবং কোনও কোনও ক্ষেত্রে প্রবেশ কর হ্রাস করা হচ্ছে কি ইন্টারেস্টে তা করা হচ্ছে? What is the vested interest? আপনারা একটু বুঝবার চেষ্টা করুন—বাজেট বক্তৃতার ১৮ পৃষ্ঠায় দেখুন 'পি ভি সি টালি ও লিনোলিয়ামের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত কর হার যথাক্রমে শতকরা ৮ এবং ২০ পাল্টে উভয় ক্ষেত্রেই শতকরা পনেরো রাখার প্রস্তাব করেছি। আর এই লিনোলিয়াম প্রোডিউস করে সেই বিড়লা। লিনোলিয়াম প্রোডিউশন করে না হরশঙ্কর মাঝি জ্যোতি বসু কৃষি মন্ত্রী। আজকে এদের ট্যাক্স ২০% থেকে ১৫% কমিয়ে দিলেন। What is the interest? কারণ নির্বাচনের কাজে লাগানো হবে। ঐ ৫% এর আড়াই পারসেন্ট যদি নির্বাচন খাতে চলে আসে তাহলে অনেক টাকা তারা পেয়ে যাবেন।

[3-55 — 4-05 p.m.]

মাননীয় সদস্যদের আমি বোঝাবার চেষ্টা করছি। ১৯৭২ সালের পণ্যপ্রবেশ করের যে হারের উনি উল্লেখ করেছেন তাতে স্পেসিফিকালি দেখবেন সেখানে লোয়ার মিডল ক্লাশ, মিডল ক্লাশ তাদের কোনও আইটেমের উপর কোনও কর বিলোপ বা কর হ্রাসের কথা নেই। এটা কেন? কি কারণে? তারা ইলেকশন ফান্ডে টাকা দিতে পারছে না বলে? এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্যদের দৃষ্টি বাজেট বই-এর ১৮ পাতার উপর আকৃষ্ট করব। সেখানে দেখুন কাদের উপর ছাড় দেওয়া হল—ছাড় দেওয়া হল "অন্যত্র বর্ণিত নয় এরূপ সমস্ত রসায়ণ-দ্রব্য" এবং ইলেকট্রনিক্স গুডস এর উপর আগে ২ পারসেন্ট ছিল সেটা কমিয়ে এখন এক পারসেন্ট করা হল। কেন করা হল? এতে কোন গরিব মানুষের উপকার হবে? এতে কোন গ্রামাঞ্চলের উন্নয়ন বৃদ্ধি পাবে? এতে রাজস্ব কত বৃদ্ধি পাবে? আমরা জানি এখানে দু পারসেন্ট থেকে এক পারসেন্ট করা হল বিগ ইন্ডাস্ট্রিয়ালিস্টদের স্বার্থে কারণ তারা হাফ পারসেন্ট আলিমুদ্দিন স্ট্রিটে জমা দিয়েছেন। আমি মাননীয় সদস্যদের আরও বোঝাবার চেষ্টা করব—অবশ্য জানি আপনারা বুঝবেন না, গত ৪ বছর ধরে অনেক আপনাদের বোঝাবার চেষ্টা করেছি, আপনারা বুঝতে পারেন নি কিন্তু তবুও চেষ্টা করব এবং বলব, এখানে দেখুন আমদানিকৃত অ্যালকোহল-এর বেলায় কি করা হল। এই অ্যালকোহল ব্যবহার করে ইন্ডাস্ট্রিয়ালিস্টরা। সেখানে দেখুন ডিনেচার্ড স্পিরিট, মেথিলেটেড স্পিরিট এর উপর পণ্যপ্রবেশ কর সম্পূর্ণ বিলোপ করে দেওয়া হল। এটা কার ইন্টারেস্টে করা হল? এটা বিলোপ না করে যদি বৃদ্ধি করা হত তাহলে তাতে পশ্চিমবাংলার কিছু রাজস্ব আসতো। এটা করলে গ্রামাঞ্চলের কোনও মানুষ দুঃখ পেত, গ্রামাঞ্চলের কোনও উন্নয়নমূলক কাজ হোঁচট খেত? আমরা জানি, এসব আপনারা বুঝতে পারবেন না কারণ আপনাদের জেনারেল অ্যানেসথিসিস করে রেখেছে। অপারেশনের যন্ত্রনা আপনারা এখন বুঝতে পারছেন না, ১৯৮২ সালের নির্বাচনে অপারেশনের এক একটি যন্ত্রনা আপনারা মর্মে মর্মে বুঝতে পারবেন। গ্রামাঞ্চলের মানুষ আজকে আপনাদের বুঝতে পেরেছে। অশোকবাবু, আপনার কাছে আমরা কিছু আশা করেছিলাম, ভেবেছিলাম গরিব মানুষের স্বার্থে আপনি কিছু করবেন এবং সেখানে কিছু রিডাকশনের ব্যবস্থা করবেন। যারা বিগ ইন্ডাস্ট্রিয়ালিস্ট নয়, যারা মিডল ক্লাশ ব্যবসায়ী বা যারা লোয়ার মিডল ক্লাশ ব্যবসায়ী, যারা ঐ পি.ভি.সি টালি করে তারা আপনার কাছে অ্যাপিল করেছিল যে আমাদের কিছু পণ্য প্রবেশ কর ছাড় দেওয়া হোক, আমরা কমপিটিশনে

দাঁড়াতে পারছি না। বম্বের সঙ্গে বা বাইরের প্রডাকশনের সঙ্গে আমাদের কিছু বিক্রয় করের ছাড় দেওয়া হোক, আমরা মধ্যবিত্ত ঘরের বিজনেসম্যান, আমরা তলিয়ে যাচ্ছি কিন্তু দেখলাম, অশোকবাবু, আপনি তাদের কথায় কর্ণপাত করলেন না। আপনার হয়ত ইচ্ছা ছিল কিন্তু তারা ইলেকশন ফান্ডে টাকা দিতে পারবে না তাই তাদের কথা শোনার নির্দেশ আলিমুদ্দিন স্ট্রিট থেকে আসে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের মাননীয় সদস্যরা বলেছেন যে পশ্চিমবাংলার এই বাজেটে গ্রামবাংলার মানুষের দারুন উপকার করা হয়েছে। সেখানে ১৯৫৩ থেকে ১৯৮০ সাল পর্যন্ত যে সার, কীটনাশক দ্রব্য ইত্যাদি কৃষিজাত জিনিসের জন্য স্বল্পকালীন ঋণ দেওয়া হয়েছিল গ্রামের মানুষের দুঃখের কথা চিন্তা করে, ব্যাথার কথা চিন্তা করে, বলা হয়েছে, সেইসব ঋণ মুকুব করে দেওয়া হল। কিন্তু হোয়াট ইজ দি ব্যাক হিস্ট্রি? এই বিধানসভায় স্যার, আমি আপনার মাধ্যমে জানিয়েছি ১৯৭৭ সালে এই সরকার ক্ষমতায় আসার পর বীরভূম জেলাতে কি ঘটনা ঘটেছে। সেখানে ২২টি এগজাম্পল আমি দিয়েছিলাম বীরভূম জেলার যেখানে ঋণ আদায় করার জন্য ঘরের গরু ছিনিয়ে নেওয়া হয়েছে, ঘরবাড়ির দরজা, জানলা খুলে নেওয়া হয়েছে। স্যার, আমি এখানে সেইসব ঘটনার কথা মেনশন করেছিলাম কিন্তু কোনও প্রতিকার হয়নি। আজকে ওঁরা মুকুবের কথা বলে বাহবা নিচ্ছেন কিন্তু কেন ওঁরা এটা করলেন সেটা আমি বোঝাবার চেষ্টা করছি। এখানেও সেই ইলেকশন ফান্ড। অশোকবাবু সৎ মানুষ, দাঁড়িয়ে স্টাটিসটিক্স দেন, আগামী দিনে প্রয়োজন হলে আমিও স্ট্যাটিসটিক্স দেব, আমি এখন বলছি, ১৯৫০ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যারা এই ঋণ নিয়েছিল তার প্রায় অধিকাংশই শোধ করে দিয়েছে। দু'এক জনের কিছু বাকী ছিল। কিন্তু ১৯৭৭ থেকে ১৯৮০ সাল পর্যন্ত যে ৩০ কোটি টাকা ঋণ দেওয়া হয়, যে কোটি কোটি টাকা ঋণ দেওয়া হয়—আজকে আমি হাউসে মেনশন করেছি যে ঘোট সাংডার গ্রাম পঞ্চায়েতের প্রধান এই কীট নাশক ঔষধ, বীজ, সার কেনার স্বল্পকালীন ঋণ দেবার নাম করে নিধিরাম বাগদির নামে ঋণ নিয়েছে। তার কাছে ঋণটা পৌঁছায়নি, সেই টাকা চলে গেছে আলিমুদ্দিন স্ট্রিটে। আজকে অত্যন্ত বুদ্ধিমানের মতো এই স্বল্পকালীন ঋণ—আমি ডকুমেন্ট দিয়ে প্রমাণ করে দেব আগামী দিনে—এই স্বল্পকালীন ঋণ কিন্তু ১৯৭৭ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত যেগুলি চাষীর নামে দেওয়া হয়েছে, ঐ জাল বর্গাদারের নাম করে দেওয়া হয়েছে, সেগুলি জাল বর্গাদার পায়নি, ভুঁয়া বর্গাদার পায়নি, এগুলি পেয়েছে কমরেড ঘোষ, কমরেড বোস, কমরেড ব্যানার্জি এবং সেই টাকার ৫০ পারসেন্ট আলিমুদ্দিন স্ট্রিটে জমা পড়েছে। অতএব মুকুব করা হয়েছে কাকে? গ্রাম বাংলার চাষীকে নয়, মুকুব করা হয়েছে আলিমুদ্দিন স্ট্রিটকে। ১০ কোটি টাকার সঞ্চয় আলিমুদ্দিন স্ট্রিটে করা হয়েছে, আলিমুদ্দিন স্ট্রিটকে মুকুব করা হয়েছে। আপনারা এখনও বুঝতে পারছেন না, আপনারা এখনও বুঝবার চেষ্টা করছেন না। কারণ মাননীয় ডঃ অশোক মিত্র, তাঁর বাজেটে বলেছেন যে লিফট ইরিগেশন, ডিপ টিউবওয়েল, রিভার লিফট ইরিগেশন, এগ্রিকালচারাল পাম্পসেট কেনার জন্য যে সমস্ত মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত চাষী সরকারের কাছ থেকে ঋণ নিয়েছিল তাদের ঋণ মুকুব করে দিলাম। আমি স্বীকার করছি, হ্যাঁ, ওদের আমলে চাষীরা কিছু ঋণ পেয়েছিল, সেটা মুকুব করা হল। কিন্তু ঘটনাটা কি? ঘটনাটা হচ্ছে এই—একজন যাত্রী একটা বাসে যাচ্ছিল। তার পকেটের মানিব্যাগটা কন্ডাক্টর দেখতে পেলেন এবং দেখলেন যে প্যাসেঞ্জারের পকেটে বেশ কিছু টাকা আছে। কন্ডাক্টর অসতর্ক মুহূর্তে চট করে সেই প্যাসেঞ্জারের মানিব্যাগটা মেরে দিলেন অর্থাৎ গ্যাড়া

করে দিলেন। তারপর যখন সেই প্যাসেঞ্জার দেখতে পেলেন যে তার পকেটে টাকা নেই, তার পকেট মার হয়ে গেছে, সে চিৎকার করে কাঁদতে লাগল। সে বলতে লাগল যে আমার সারা মাসের মাইনের টাকা, আমি ছেলের মুখের ঔষধ কিনতে পারব না, আমার ছেলের পড়ার বই কিনতে পারব না। আমার টাকা কে চুরি করে নিয়েছে? কন্ডাক্টর স্বীকার করতে পারছে না, সে ফেরৎ দিতে পারছে না। পরে সে কি করল? প্যাসেঞ্জারটি যখন বাস থেকে নামবে তখন সে তাকে বলল, আপনাকে বাসের ভাড়া দিতে হবে না। বিগত ৪ বছর এই বামফ্রন্ট সরকার-এর আমলে গ্রামবাংলার মধ্যবিত্ত মানুষ, নিম্ন মধ্যবিত্ত চাষী তারা কি তাদের মাঠের ধান ঘরে তুলতে পেরেছে? তাদের জমির ধান কি খামারে তুলতে পেরেছে? সমস্ত লুঠ করা হয়েছে ঐ পকেট মারের মতো। অত্যাচারে চাষীর বুকের ধান লালরক্তে রাঙিয়ে দিয়েছে ঐ লাল পার্টির দল। আজকে চাষীর ঘরে এক কানাকড়িও নেই। চাষীর ঘরে ধান নেই, তাদের আহারের জন্য অন্ন নেই, বস্ত্র নেই। আজকে গ্রামবাংলার চাষী চিৎকার করে কাঁদছে। সে বলছে, আমি কি করে খাব, আমি কি করে সংসার প্রতিপালন করব? সেই সময় কন্ডাক্টরের মতো অশোকবাবু বলছেন যে ভাড়া লাগবে না, পকেট তো আমরাই কেটেছি, তোমার ঋণ মুকুব করে দিলাম। স্যার, মাননীয় অশোক বাবুকে আমি বলব,

[4-05 — 4-15 p.m.]

আপনার এখনও শুভ বুদ্ধি আছে, আপনি আর সকলের মতো অবিবেচক নন, আপনি একজন পন্ডিত ইকনমিস্ট, আপনি এখনও রিভিউ করার ব্যবস্থা করুন, বিক্রয় কর রিভিউ করুন, এখনও পণ্য প্রবেশ কর রিভিউ করুন। রিভিউ করে প্রমাণ করার চেষ্টা করুন যে আপনি পশ্চিমবাংলার জন্য কিছু চেষ্টা করছেন। অর্থমন্ত্রী মহাশয় বিভিন্ন প্রসঙ্গে ঘাটতির কথা স্বীকার করেছেন, এটা আমার কথা নয়। ১৯৭৭-৭৮ সালে ২০ কোটি টাকা ঘাটতি হওয়ার কথা হয়েছে ৪০ কোটি টাকা এই রকম ভাবে বছরের পর বছর দু গুন, তিন গুন, চার গুন ঘাটতি বাড়ছে। কিন্তু এখনও পর্যন্ত রাজস্ব আদায়ের কোনও পরিকল্পনা নেই। শুধু ট্যাক্স ছাড়ের ব্যবস্থা হচ্ছে, বিড়লার ট্যাক্স ছাড় হচ্ছে, টাটার ট্যাক্স ছাড় হচ্ছে বড় বড় ইন্ডাস্ট্রিয়ালিস্টদের ট্যাক্স ছাড় হচ্ছে—রাজস্ব আদায়ের কোনও পরিকল্পনা নেই। অথচ তিনি স্বীকার করছেন, এই বামফ্রন্ট সরকার আপেক্ষিক অসাফল্যের উদাহরণ এই সরকারের আমলে আছে, এই কথা তিনি বলেছেন, এটা আমার কথা নয়। সুতরাং তাঁর কাছে আমার অনুরোধ, আপনি চিন্তা করার চেষ্টা করুন কি করে রিভিউ করা যায়, রাজস্ব আদায়ের পরিকল্পনা করুন, শুধু ছাড় দিয়ে টাটা বিড়লার কাছ থেকে টাকা নিয়ে ইলেকশন এর ফান্ড বাড়াবেন, এই জিনিস চলতে পারে না। আজকে প্রডাকশন ওরিয়েন্টেড কিছু স্কীম করার কথা চিন্তা করুন। কি করে করবেন? যদি রাজস্ব না থাকে—আপনি কেন্দ্রের সঙ্গে কোঁদল করবেন, কেন্দ্রের উপর দোষারোপ করবেন, কিন্তু আপনি কোনও পরিকল্পনা দিয়েছেন কি পশ্চিমবাংলার রাজস্ব বৃদ্ধির জন্য? তা করবেন না, এতে যে টাটা বিড়লার উপর চাপ পড়বে, বড় বড় ইন্ডাস্ট্রিয়ালিস্টদের উপর চাপ পড়বে। আপনাদের কোনও পরিকল্পনা নেই। আর আইনের কথা যদি বলেনই, জঙ্গলের রাজত্বে কোনও আইন থাকে না। আজকে পশ্চিমবাংলার রাজ্যপাল, যিনি টপ ম্যান অব দিস অ্যাডমিনিস্ট্রেশন, তিনি বলছেন অবৈধ, আমরা কি বলব? তিনি বলছেন অবৈধ।

অতএব এই জঙ্গলের রাজত্বে বৈধ কাজ আশা করা যায় না। কিন্তু যেহেতু আমি মনে করি অশোকবাবু একজন পন্ডিত লোক, যাঁকে উনারা মিস ইউটিলাইজ করেছেন, যাঁর হাত দিয়ে কিছু ইলেকশন ফান্ড সংগ্রহ করেছেন, সেই অশোকবাবুকে আমার অনুরোধ আপনি চেষ্টা করুন। প্লিজ ট্রাই টু রিভিউ ইট। ইউ ক্যান মেক ফুল এভরিবডি ফর সাম টাইম, বাট ইউ ক্যান্ট মেক ফুল এভরিবডি ফর অল টাইম—পিপল রিমেম্বার দিস। এই সভার সদস্যরা যেদিন বলবে যে পশ্চিমবাংলার জনগনের রায় ১৯৮২ সালে আপনার জন্য আমাদের বিপক্ষে গেল, তখন সমস্ত মানুষ যখন আপনার জন্য চোখের জল ফেলবে, তখন আমিও দু ফোঁটা জল ফেলব। তাই অশোক বাবুকে আমি অনুরোধ করছি, আজকে চিন্তা করার ব্যাপার আছে। প্লাস্টার কোনও দিন ওরা খুলতে পারবে না, একথা আমি জানিয়ে গেলাম। আজকে ইলেকশন ফান্ড সংগ্রহ করার বাজেটকে, সি.পি.এম.-এর স্বার্থে এবং শিল্পপতিদের স্বার্থে উদ্দেশ্য প্রণোদিত বাজেটকে সমর্থন করতে পারলাম না। জয়হিন্দ, বন্দেমাতরম্।

**শ্রী জয়কেশ মুখার্জিঃ** মাননীয় স্পিকার, স্যার, অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতাকে সমর্থন জানিয়ে আমি দু' একটি কথা বলছি। আমাদের সামনে দুটি বাজেট আছে। একটি বাজেট বামফ্রন্ট সরকার রাজ্যের জন্য এখানে করেছেন। আর একটি বাজেট দিল্লিতে শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকার সারা দেশের জন্য করেছেন। আমি প্রথমেই আমাদের রাজ্যের বাজেট সম্বন্ধে ৩রা মার্চ তারিখে "হিন্দু" পত্রিকায় যে কথা বলেছে, সেটা একটু পড়ছি, "ডঃ মিত্র'স নভেলটিস" এই হেডলাইন দিয়ে লিখছে, A novelty is the Government's offer to pay three years' life insurance premia for group policies for employees in Colleges, Schools and Municipalities as well as for shopkeepers, lawyers and doctors earning less than Rs. 500/- a month. আরও লিখেছে The unemployment assistance programme Rs. 50 a month is being continued. আরও লিখেছে The total planned mobilisation of Rs. 42 crores has been so skilfully organised as not to place any direct additional impost on the common man in the State. আরও লিখেছে The small unit has been redefined by a doubling of the applicable investment limit to Rs. 20 lakhs. এ-থেকেই বুঝতে পারা যাচ্ছে যে, যে-বাজেট ডঃ মিত্র পেশ করেছেন তা সমস্ত মানুষের কাছে কিভাবে এসেছে এবং এর অন্য একটা দিক আছে। অন্য দিকটা হচ্ছে দিল্লির সরকার তাঁদের বাজেটে কিছু বদান্যতা দেখিয়ে অনেকখানি ইনকাম ট্যাক্স রেহাই করে দিয়েছেন। ১৫,০০০ টাকা পর্যন্ত ইনকাম হলে ইনকাম ট্যাক্স দিতে হবে না। ভাল কথা, কিন্তু কথাটা হচ্ছে, এটা কার টাকা? টাকা-টা কি দিল্লির সরকারের যে তাঁরা রেহাই করে দিচ্ছেন? এই টাকার শতকরা ৮৫ ভাগই হচ্ছে রাজ্য সরকারগুলির পাওনা। সুতরাং রাজ্য সরকারের টাকায় বদান্যতা দেখিয়ে কিছু কিছু লোককে ইনকাম ট্যাক্স-এর আওতা থেকে ছেড়ে দিচ্ছেন। ছেড়ে দিচ্ছেন, ভাল কথা, কিন্তু এর ফলে যে ঘাটতিটা হবে, সেটা পূরণ হবে কোথা থেকে? ৩০,০০০ টাকার বেশি যাদের ইনকাম তাদের ওপর কি ট্যাক্সের হার বাড়ানো হয়েছে? না, বাড়ানো হয়নি। তাহলে ব্যাপারটা কি দাঁড়াচ্ছে, পরের ধনে পোদ্দারী। এটা তাঁরা করলেন। রাজ্যগুলির অর্থমন্ত্রীদের ডেকে কি পরামর্শ করা হয়েছিল যে, আমরা তোমাদের টাকা কেটে নেব এবং তা দিয়ে বদান্যতা দেখাব? না, তাও করা হয়নি। রাজ্য সরকারের টাকায় কেন্দ্রীয়

সরকার বদান্যতা দেখাচ্ছেন। তারপরে আর একটা ব্যাপার দেখুন বেয়ারার বন্ড, আপনারা সকলেই জানেন যে, আমাদের দেশে একটা সমান্তরাল বাজার আছে, কালো টাকার বাজার, তার পরিমাণ ২।। হাজার থেকে ৩ হাজার কোটি টাকার, কিম্বা আরও বেশি। প্রায় ৪ হাজার কোটি টাকা সেখানে রয়েছে। সেই টাকার সম্বন্ধে ওঁরা ঠিক করলেন যে, যাঁদের এই টাকা আছে তারা তা দিয়ে যদি বেয়ারার বন্ড কেনে তাহলে তাদের আর ইনকাম ট্যাক্স দিতে হবে না এমন কি কৈফিয়ত পর্যন্ত দেওয়া লাগবে না। কোটি কোটি টাকা কোথা থেকে পেল সে সম্বন্ধে কৈফিয়ত দেওয়ার দরকার হবে না।

[4-15 — 4-25 p.m.]

সুতরাং এই যে জিনিস এটা নীতির দিক থেকে বোঝার দরকার আছে। এতবড় দুর্নীতি করে, চোরাকারবারি করে, মজুতদারি করে দেশের কোটি কোটি মানুষকে শোষিত, বঞ্চিত করে, মানুষকে খুন করে এই টাকা জমানো হয়েছে। সেই টাকা ছেড়ে দেওয়া হয়েছে চোরেদের হাতে এবং বলা হচ্ছে তোমাদের কোনও শাস্তি হবে না, তোমরা অনুগ্রহ করে কিছু টাকা জমা রাখ। কত টাকা এরা জমা করছেন? ৮০০ কোটি টাকা আর বাকী ৩২ হাজার কোটি টাকা কোথায় যাবে? এই কোটি কোটি টাকা কোথায়? এইভাবেই তো সমান্তরাল বাজার রয়ে গেল। এর পর আর একটি কি হলো? রাজ্যসরকারগুলিকে আয় কর থেকে ৮৫ ভাগ দিতে হতো। এই টাকার উপর যদি আয়কর ধার্য হতো তাহলে রাজ্যসরকার শতকরা ৮৫ টাকা পেতে পারতো কিন্তু সেখানেও রাজ্যসরকারকে বঞ্চিত করে চোরেদের সুযোগ-সুবিধা দিয়ে ইন্দিরা গান্ধীর সরকার দেশে একটা দুর্নীতির রাজত্ব সৃষ্টি করলেন। এখানে তো বিদ্যুতের কথা শুনি কিন্তু টেলিফোন সম্পর্কে কই কেউ তো কিছু বলেন না। দেশে টেলিফোন ব্যবস্থা ঠিক চলছে কি? চলছে না। আপনার বাড়িতে যদি একটা বিপদ হয় ধরুন, যদি আগুন লাগে তাহলে দমকলকে কি ডাকতে পারবেন? পারবেন না। কোনও টেলিফোন চলে? চলে না। অথচ সেই টেলিফোনের উপর ৩০ পয়সার জায়গায় ৪০ পয়সা কল্ করে দিলেন। এখানে যোগাযোগ মন্ত্রী এসেছিলেন, তিনি বললেন, টেলিফোনগুলি বন্ধ করে দাও। যেমন, খেতে না পেলে আত্মহত্যা করো, কাপড়-জামা না থাকলে উলঙ্গ হয়ে থাক তেমনি টেলিফোন যদি না চলে তাহলে টেলিফোন তুলে দাও—এই হচ্ছে ওদের কথা। সুতরাং এটাই কি সমাধান? একথা তো বিরোধী পক্ষরা কেউ বললেন না। কংগ্রেস বলবে না আমি জানি কিন্তু কংগ্রেস ছাড়া আর যারা বিরোধী পক্ষে আছেন তাদেরও তো বলা দরকার। এইরকম অন্য দিকে কর বসানো হয়েছে ২৭১ কোটি টাকা। কি রকম ভাবে বসানো হয়েছে? আমরা সিগারেটের উপর ছাড় দিয়েছি আর দিল্লি সিগারেটের উপর বসিয়ে দিল। আমরা খবরের কাগজের উপর আস্ত রাজ্য বিক্রয় কর তুলে দিলাম কিন্তু ওরা করল কি? আমদানি কর বসিয়ে দিলেন শতকরা ১৫ ভাগ। আমরা যেখানে খবরের কাগজের উপর রিলিফ দিতে চাইলাম সেখানে কেন্দ্রীয় সরকার সেই রিলিফ কেটে দিল। এইভাবে আমরা যখন কোনওরকম ছাড়ের ব্যবস্থা করে দেব তখন সেই জায়গায় দিল্লির সরকার বাজার কমাবার কোনওরকম ব্যবস্থা করতে দেবে না। সুতরাং এই যদি অবস্থা হয় তাহলে ওরা যে সমস্ত কথা বলছেন যে, এটা হল না, ওটা হল না, অমুক হল না, তমুক হল না—অবশ্য আমরা তা পারি না কেননা আমাদের হাতে

যদি সেই ক্ষমতা থাকতো তাহলে দিল্লি দাম বাড়িয়ে দিতেন। সুতরাং সেইদিক থেকে এই জিনিসটা ভাবার দরকার আছে।

আমাদের সরকারের উপর ওঁদের কি রকম ব্যবহারটা চলছে। ধরুন আমাদের ওঁরা বলেছেন ওভার ড্রাফট নিতে পারবে না। অথচ গত ডিসেম্বর মাস পর্যন্ত ওঁদের কাছে আমাদের পাওনা ছিল ৩০৫ কোটি টাকা। সে টাকা দিতে পারেন নি। টাকা দিতে পারেন নি অথচ বলবেন—তোমরা ঋণ করতে পারবে না। তাহলে খরচা হবে কোথা থেকে? আমরা যে কিছু করব, সেটা কি বিনা পয়সায় হবে? আমাদের পাওনা টাকা তো দিতে পারবেন না। আর ওদিকে বলবেন ওভার ড্রাফট নিতে পারবেন না। সে কথাও ভাষণের মধ্যে আছে। সমস্ত রাজ্যগুলি একসঙ্গে করলে যেখানে ৪৫০ কোটি টাকার বেশি ঋণ—ওভার ড্রাফট নিয়েছেন। দিল্লির সরকার দুই হাজার কোটি টাকা ওভার ড্রাফট নেন, তার বেশি নেন, ওঁরা নিতে পারেন, দোষ হলনা, ওঁদের কাছে মেশিন আছে হরদম নোট ছাপিয়ে দেবেন। আমাদের কাছে মেশিন নেই বলে আমরা নোট ছাপাতে পারব না নোব কি করে? এই যে ওভার ড্রাফট এটা করতে দেবেন না, আমাদের টাকাও দেবেন না—সে টাকা এখনও প্রায় ১৭০/৭৫ কোটি টাকা আমাদের পাওনা আছে, দেবেন না। তারপর ব্যাঙ্ক ঋণের কথায় আমি আসছি। বড় বড় যে ৮০ টা ব্যাঙ্ক আছে তাঁরা প্রায় ১৭১৩ কোটি ৫৬ লক্ষ টাকা ঋণ দিয়েছেন। এর মধ্যে ২০টা ভাবড় তাবড় কোম্পানিকে ঋণ দিয়েছেন প্রায় ৯৯৫ কোটি টাকা। এইভাবে অতীতে দেওয়ার কোনও অভাব ছিল না। অন্যদিকে পশ্চিমবঙ্গের গ্রামে ব্যাঙ্কে—পশ্চিমবঙ্গের গ্রামের মানুষ ব্যাঙ্কে যে টাকা জমা রাখে অথচ তারা ব্যাঙ্ক থেকে ঋণ পায় না। গ্রামের মানুষ যখন ঋণ চায় তখন শতকরা ২৯.৪ ভাগ বেশি ঋণ পায়। গ্রামের মানুষের কাছ থেকে টাকা নেবে, অথচ গ্রামের মানুষকে দেবেনা। সে টাকা নিয়ে চলে যাবে অন্য জায়গায়। গ্রামের মানুষ তার প্রয়োজনের সময় যাবে মহাজনের কাছে এই ব্যবস্থা আছে। গ্রামের অর্থ সরে যাবে এই সমস্ত জায়গায়। যেখানে ১০০ টাকা জমা রাখলে চন্ডীগড় পায় ২৭৫.৫ ভাগ,—চন্ডীগড় এই টাকা ব্যাঙ্কের কাছ থেকে পায়। দিল্লি ১০০ টাকা জমা রাখলে পায় ১১১.১ টাকা, তামিলনাড়ু পায়, ৮৯.৯, মহারাষ্ট্র পায় ৭৫.৭, আর ওয়েস্টবেঙ্গল—পশ্চিমবঙ্গ পায় ৬৫.৬ আর পশ্চিমবঙ্গের এই অর্থ নিয়ে গিয়ে দিল্লিতে খরচ করা হয়। এই অবস্থার মধ্যে ডাঃ মিত্র যখন রাজ্যসরকারের কাছে নতুন ব্যাঙ্ক খোলার প্রস্তাব দেন সমস্ত মানুষ তখন তাঁকে আশীর্বাদ না করে পারবেন না। সকলে তাঁকে আশীর্বাদ করবেন। তা না হলে একটা সরকার যে সরকার ওভারড্রাফট নিতে পারে না, ব্যাঙ্কে ধার পায় না, দেশের মানুষের কাজ কারবার শিল্প প্রতিষ্ঠা কি করে হবে? ধার দেবেন না, এখানকার টাকা অন্য জায়গায় নিয়ে যাবে এখানকার মানুষ কি ধুঁকে ধুঁকে মরবে। কৃষক টাকা জমা দিয়ে মার খাবে, সাধারণ মানুষ টাকা জমা রাখবে মার খাবার জন্য—এ জিনিস হতে পারে না। সেজন্য এই প্রস্তাব—ওঁরা পশ্চিমবঙ্গের মানুষ কিনা জানিনা, এসব কথা তো একবারও বলেন নি। ওঁরা বলেছেন যে এখানে শিল্পে বিকাশ হয় না। বিরোধীপক্ষ বলছেন শিল্পে বিকাশ হচ্ছে না। এক্ষেত্রে আমরা দেখছি যেখানে ১৯৭৭

[4-25 — 4-35 p.m.]

সালে যেখানে শিল্পের রেমুনারেটিভ প্রাইস ছিল ৫ হাজার ৬৩৯ এখন সেখানে হচ্ছে ১০

হাজার ৯৪৩টি। তেমনিভাবে তাঁতের কাপড় অর্থাৎ জুটির শিল্পের ক্ষেত্রে যেখানে কাপড় তৈরি হচ্ছিল ২০ কোটি ৭০ লক্ষ বর্গমিটার এখন সেখানে ২৫ কোটি বর্গমিটার কাপড় তৈরি হচ্ছে। তাহলে কি উৎপাদন বাড়েনি বা অবস্থা ফিরে আসেনি? তাছাড়া জনতা শাড়ি বা ধুতি যেখানে ১ কোটি ৬০ লক্ষ বর্গমিটার তৈরি হচ্ছিল সেখানে এখন উৎপাদন বেড়ে সেটা দাঁড়িয়েছে ২ কোটি বর্গ মিটার। তবু আমরা শুনব আমরা সব ধ্বংস করছি। তাছাড়া বড় শিল্পের ক্ষেত্রে দেখা যাচ্ছে যেখানে ১৯৭৯ সালে থেকে ১৯৮১ সাল জানুয়ারি মাস পর্যন্ত ৪০৭ কোটি শিল্প কেন্দ্র থেকে অনুমোদিত হয়েছে। তার মধ্যে ইতিমধ্যে কাজ শুরু হয়ে গেছে ৪৮৮ শিল্পেব এবং সেখানে টাকা ঢালা হয়েছে ১৩৫ কোটি ৯ লক্ষ টাকা তাতে শ্রমিক নিযুক্ত হবে ৪০ হাজার। আর বাকী যে সব শিল্প আছে তার কাজ আরম্ভ করলে ৭৯২ কোটি ৮৫ লক্ষ টাকা নিয়োজিত হবে এবং তাতে ৬০ হাজার লোকের কাজ হবে। তাতেও কি উপকার আমরা কিছু করছি না? আপনি জানেন শ্রীমতী ইন্দিরা গান্ধী অর্থমন্ত্রীকে বলেছিলেন কৃষিঋণ মুকুব করা চলবে না তার উত্তরে তিনি বলেছিলেন তার সরকার থাকাকালীন কৃষি ঋণ ৪০ কোটি টাকা রেহাই করা হবে। এটাও .তারা সহ্য করতে পারছেন না। পাট চাষের দাম বাড়ানোর ব্যাপারে শ্রমতী ইন্দিরা গান্ধী বলেছেন পাটের রেমুনারেশন প্রাইস কমাতে বলেছেন। এবং এই ব্যাপারে দিল্লির সরকার বলেছেন পাটের দাম বাড়ানো হবে না। কিন্তু অর্থমন্ত্রী এই কথা বলেছিলেন যে লক্ষ লক্ষ পাট চাষীরা মার খাচ্ছে এই ভাবে আর কতদিন মার খাবে? বঙ্কিমবাবু বললেন যে প্রধানমন্ত্রী বলেছেন পাটে দাম কমানো হবে। কিন্তু আমাদের অর্থমন্ত্রীর পাটের দাম ১০৫ টাকার জায়গায় ১১০ টাকায় বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন।

এবারে সরকার থেকে ধান কেনার কথা বলা হল, সঙ্গে সঙ্গে বাজারে যেটা ৭০।৮০ টাকায় পাওয়া যাচ্ছিল সেটা বেড়ে ১০০।১০৫।১০৭ টাকায় গিয়ে দাঁড়াল। বিশ্বনাথবাবু আলুর কথা বললেন, আমরা আলুর দাম বেঁধে দিয়েছিলাম, সেই দাম নির্দিষ্ট থাকল না—এটা তো আর পুলিশ দিয়ে মানানো যায় না। আমরা এই অবস্থায় কোল্ড স্টোরেজের সঙ্গে কথাবার্তা বললাম, সঙ্গে সঙ্গে যে আলুর দাম ১৬।১৫ বা ১৩ টাকায় ছিল সেটা বেড়ে ৩০। ৩২।৩৫ টাকায় গিয়ে দাঁড়াল। এর ফলে কৃষক কি পেল? সব পেয়ে গেল ঐ কোল্ড স্টোরেজের মালিকরা। সন্তোষ রানা বললেন পশ্চিমবঙ্গে মোট ৮০ লক্ষ ক্ষেতমজুর আছেন। আমি বুঝতে পারছি না তিনি এটা কি করে বললেন? কারণ পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যা হচ্ছে ৪ কোটি। উনি আরও বললেন যে, মজুরি আর কি বেড়েছে, দাম বেড়েছে আরও অনেক বেশি। উনি এখন গ্রাম ছেড়ে শহরে আসতে চাইছেন—শহরাঞ্চলে ট্রেড ইউনিয়ন গঠন করবার জন্য। এই ট্রেড ইউনিয়ন করে কি বাজারে যে দামে কৃষিপণ্য বিক্রি করা দরকার তা ঠিকমতো করা যাবে? আমাদের দেশ তো আর সমাজতান্ত্রিক দেশ নয় যে নির্দিষ্ট দামে বিক্রি করা যাবে। আগে যে জিনিস ৫ টাকায় কেনা যেত এখন তা ৬ টাকায় কিনতে হয়—সুতরাং অবস্থাটা আগের তুলনায় এখন অন্য জায়গায় চলে গিয়েছে। সুনীতিবাবু যেভাবে যাত্রা-নাটক করে বলে গেলেন তা আমি বুঝতে পারছি না—তাঁর বলাটা অন্য রকমের। এই যে বাজেট—১৫শত কোটি টাকার বাজেট, এর মধ্যে ১১।১২ শত টাকা খরচ করা হয় গ্রামের জন্য। আর ওঁরা বল্লেন গ্রামের কল্যাণে কিছুই করা হয়নি। আমি ফুড ফর ওয়ার্ক

বা অপারেশন বর্গার কথা বলছি না, আমি যা বলতে চাই তা হল, আজকে ভাবতে হবে এখন গ্রাম থেকে টাকা এসে শহরে ব্যয়িত হচ্ছে না, আজ শহর থেকে টাকা দিয়ে গ্রামের জন্য কিছু করবার চেষ্টা চলেছে। আমি জিজ্ঞাসা করি এটা কি একটা পরিবর্তন নয়? আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রী ১৯৮১-৮২ সালে যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। স্যার, আজ হল বাজেট আলোচনার চতুর্থ দিন। এই বাজেট বিতর্কে উন্নত মানের অনেক কিছু আলোচনা করা যেত যদি কিনা বিরোধীরা এতে যথাযথ ভাবে অংশগ্রহণ করতেন। আমি সুনীতিবাবু বাজেট বিতর্কে কি বলতে চেয়েছেন তা বলছি না। তিনি শুধু চাঁদা, টাটা, বিড়লা এইসব কথাই বলেছেন। ওঁরা ৩০ বছর ধরে শুধু চাঁদা তুলে এসেছেন—এটাই হচ্ছে ওঁদের বিতর্ক। বাজেট এর পক্ষে বা বিপক্ষে কোন কিছু আলোচনা হয় না। বাজেট বিতর্ক একটা খেলা নয়—এটা হচ্ছে আয়-ব্যয়ের একটা হিসাব নিয়ে আলোচনা ও কয়েকটি সরকারি শ্রেণী চরিত্রের প্রতিফলন। আমাদের দেশের চলতি ব্যবস্থায় রাজ্যসরকারের ক্ষমতা খুবই সীমিত। কারণ সম্পদ সৃষ্টির সমস্ত সুযোগ কেন্দ্রীয় সরকারের হাতে। এই সীমিত ক্ষমতার ও একটা পুঁজিবাদী অর্থনৈতিক কাঠামোর মধ্যে অবস্থান করছেন এই রাজ্যসরকার। তৎসত্ত্বেও এই বাজেটে যে সমস্ত কর্মকান্ড করে যে ভাবে সাধারন মানুষের কল্যাণমুখী করেছেন তার নজির আর কোথাও ইতিপূর্বে আমরা দেখিনি। রাজ্য সরকার তার এই বাজেটে ও সমস্ত কর্ম্মকান্ডে যেভাবে সাধারন মানুষের কথা

[4-35 — 4-45 p.m.]

উল্লেখ করেছেন তার নজীর আমি ইতিপূর্বে কোথাও দেখিনি। এটা একটা নজীর বিহীন বাজেট, এই বাজেট সাধারন মানুষের বাজেট, গরিব মানুষের বাজেট এবং এই বাজেট অত্যন্ত গণমুখী। স্যার, এই বাজেট যদি অল্প কিছু বিশ্লেষণ করা যায়, বিশদ আলোচনায় না গিয়ে, তাহলে দেখা যাবে এই বাজেট জনগণের উপর কোনও কর ধার্য করে নি। ঋণ ভারে জর্জরিত ৫০ লক্ষ কৃষকের উপর থেকে ঋণ মুকুব করে দেওয়া হয়েছে। বিশেষ করে রাজ্যে শিল্প এবং কৃষক কর্মচারিদের এই বাজেটে অগ্রাধিকার দেওয়া হয়েছে। রাজ্যের উন্নয়ন সম্বন্ধে যে অবহিত আছেন তা নয়, রাজ্যের উন্নয়নকে আরো এগিয়ে নিয়ে যাবার জন্য এই খাতে ৪৮০ কোটি টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে। আমাদের দেশের চলতি যে সাংবিধানিক অবস্থা, যেখানে সমস্ত সম্পদ সৃষ্টি করার ক্ষমতা কেন্দ্রের হাতে কুক্ষিগত সেখানে আজকে ভারতবর্ষের অপর কোনও রাজ্য সরকার এই ধরনের বাজেট নিশ্চয় উপস্থাপিত করতে পারবে না। সেই দিক থেকে, আগে যে কথা বলে গিয়েছি যে এই বাজেট হচ্ছে একটা নজীর বিহীন বাজেট। এই বাজেট আলোচনা করতে গিয়ে বিরোধী পক্ষ সাধারনত যে সমস্ত যুক্তি এবং প্রশ্নের অবতারনা করেছেন তার মধ্যে আমরা দেখেছি যে কেন্দ্র রাজ্য পুর্নবিন্যাস কথাটা আবার এসে পড়েছে। এই কথা ঠিক যে সারা ভারতবর্ষে আমাদের এই সরকার শুরু থেকে আমরা যখন থেকে ক্ষমতায় আসীন হয়েছে এই প্রশ্নটা তুলেছি এবং জোরের সঙ্গে বলে চলেছি, কেন্দ্রের কাছে বলেছি, সমস্ত রাজ্যের কাছে বলেছি—যারা এই আবেদন রেখেছেন—যে, আজকে রাজ্যগুলিকে যদি সাবলম্বী হতে হয় রাজ্যের মানুষকে, রাজ্যের গরিব লোককে, রাজ্যের কৃষক

কর্মচারীকে, রাজ্যের শিল্পকে যদি এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে রাজ্যের হাতে আরও অধিক ক্ষমতা দিতে হবে। রাজ্যগুলি যাতে সতন্ত্র ভাবে সম্পদ সৃষ্টি করতে পারে সেই অধিকার রাজ্যকে আরও দিতে হবে। অপর পক্ষে কেন্দ্র সরকারের বাজেটের একটা ঘটনা, একটা নজীর, আমি এই সভার সামনে দিয়ে অন্য প্রসঙ্গে যাব। আমরা দেখেছি এবং আমাদের সকলেরই এটা জানা আছে যে এবার কেন্দ্রীয় সরকার আয় কর ছাড় দিয়েছেন। ১৫ হাজার টাকা যাদের আয় তাদের আয়কর ছাড় দেওয়া হয়েছে। এটা আমাদের জানা আছে যে আয় কর থেকে যে টাকা আদায় হয় তার একটা অংশ রাজ্য পায়। সপ্তম আর্থিক কমিশন রাজ্যের ভাগে যে ৮০ থেকে ৮৫ কোটি টাকা রেকমেন্ড করেছিলেন। পরবর্তী অবস্থায় আমরা কি দেখছি, কর ধার্য্য হওয়ার পর অবস্থা কি দাঁড়িয়েছে যে আয় কর ছাড়ের পরিমাণ দাঁড়িয়েছে ১৪৯ কোটি টাকা। ১৯৮১-৮২ সালে আয় বাবদ আয় কর কমবে ১১৫ কোটি টাকা, এর ফলে রাজ্যগুলির ক্ষতির পরিমাণ হবে ৮৬ কোটি টাকা আর কেন্দ্রের ক্ষতির পরিমাণ হবে ২৯ কোটি টাকা। অপর পক্ষে যে রাজ্য শুল্কের যেটা বাড়ানো হলো, যার ভাগ রাজ্যের সেই পুরোপুরি হচ্ছে কেন্দ্রের। অথচ বাণিজ্য শুল্ক বাড়িয়ে কেন্দ্রের আমদানি হলো ২৭৬ কোটি টাকা। এই যেখানে কেন্দ্রের অবস্থা, এই যেখানে কেন্দ্রের মনোভাব যে রাজ্যগুলিকে টুটিটিপে মারা, এই অবস্থার মধ্যে একটা রাজ্য সরকার তার সমস্ত আয় ব্যয় নির্ভর করে কি পরিমাণ টাকা রাখবে সেটা অন্য কোনও রাজ্যের পক্ষে সম্ভব কিনা আমার জানা নেই।

[4-45 — 4-55 p.m.]

এবং কর পরিকল্পনায় রাজ্যগুলিকে বঞ্চিত করার একটা পরিকল্পনা কেন্দ্র করেছে। বাজেট আলোচনায় রাজ্যের শিল্প সম্পর্কে প্রশ্ন উঠেছে বলে আমি কিছু বলতে চাই। বিরোধীপক্ষ থেকে বললেন এখানে শিল্প সব রুগ্ন হয়ে যাচ্ছে। পুঁজিবাদই রুগ্ন হয়ে পড়েছে এবং পুঁজিবাদী ব্যবস্থায় শিল্প রুগ্ন হয়। এখানে শিল্প যে রুগ্ন হচ্ছে এরজন্য কেন্দ্রীয় সরকারের নীতিই দায়ী। এ বিষয়ে পশ্চিমবাংলাকে বাদ দিয়ে সারা দেশের অবস্থা হচ্ছে ২ লক্ষ ২৩ হাজার ৬৮ এবং ১০ হাজার, ৬২৩ কোটি টাকা এই সব শিল্পে আছে। সুতরাং সমস্যা শুধু আম্যদের নয়। আবার যেখানে হাজার হাজার শিল্প রুগ্ন হয়ে যাচ্ছে সেখানে কিন্তু শিল্প মালিকরা রুগ্ন হচ্ছে না। এরজন্য কেন্দ্রীয় নীতি দায়ী, কারণ কাঁচামাল তারা পাচ্ছে, বিদেশের বাজারের সহযোগিতা পাচ্ছে, ব্যাঙ্ক এবং কেন্দ্রীয় সরকার থেকে আর্থিক সাহায্য পাচ্ছে এবং এর ফলে তাদের কালো টাকা সুদ সমেত সাদা হয়ে যাচ্ছে। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের শিল্প নীতি এবং এই নীতির ফলে পুঁজিবাদী ব্যবস্থায় শিল্প রুগ্ন হয়। অতএব আপনারা শিল্পকে শুধু রুগ্ন করেন নি, তাকে শয্যাশায়ী করে দিয়েছেন। কিন্তু ৪ বছরে এই সরকার রিলিফ আন্ডারটেকিং মারফত ৪০টা কারখানা চালু করেছেন, ৮টা বন্ধ জুটমিল কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় চালু করা হয়েছে ২টি বড় ঔষধের কারখানা, ২টি রবার কারখানা চালু করেছেন এর ফলে ৪০ হাজার লোকের চাকুরি হয়েছে। এই বাজেটে কাঁচামালের উপর থেকে সেলসট্যাক্সের ছাড় দেওয়া হয়েছে, বিদ্যুতের অনুদান বাড়ানো হয়েছে। এইভাবে আমরা রুগ্ন শিল্পগুলিকে বাঁচিয়ে তুলতে চাই এবং এমন ব্যবস্থা করতে চাই যার মধ্য দিয়ে পশ্চিমবাংলার দুর্দশা মোচন হবে। বাজেটের মূল লক্ষ্য হচ্ছে তাই। বাজেট হচ্ছে একটা শ্রেণী

চরিত্রের প্রতিফলন। এবং আমাদের সকলের জানা আছে ১৬টি ইন্ডাস্ট্রির মধ্যে ১৪টি খোলা হয়েছে। এগুলি কেন বন্ধ হয়েছিল। তার কারণ হচ্ছে কাঁচামাল। কাঁচামাল অন্য রাজ্যে চলে যাচ্ছে এবং এই কাঁচামালের যোগান যদি ঠিক রাখতে হয় তাহলে ট্যাক্স কমানো যথাযথ হয়েছে। এবং এর মধ্যে এই সমস্ত কারখানাগুলি আবার সজীব হয়ে উঠবে। এর দ্বারা কর্মসংস্থান হবে। কৃষির কথা বলা হয়েছে—কৃষিতে নাকি কিছুই হয় নি। এটা পাগলের প্রলাপ। ওদের আমলে কৃষির নাকি সবচেয়ে উন্নতি হয়েছে। ওঁরা কৃষিতে প্রযুক্তি বিজ্ঞানকে কাজে লাগিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে এবং তাতে ফসল কিছু বেড়েছে, একথা আমরা স্বীকার করি। কিন্তু আসল ঘটানাটা কি হয়েছে? আসলে ওঁদের ৩০ বছর শাসনে গ্রামের অবস্থা কি দাঁড়িয়েছিল। ১৯৭৩ সালের একটা সমীক্ষা দিচ্ছি। সেই সমীক্ষায় আমরা দেখি যে আমাদের পশ্চিমবাংলার গ্রামে ৪ শতাংশ মালিকের হাতে ৪৬ শতাংশ জমি গিয়েছে। এইভাবে জমি কেন্দ্রীভূত হয়েছে। ৬০ লক্ষ ৮০ হাজার গ্রামের পরিবারের মধ্যে ৩৪ লক্ষ ৪৯ হাজার ক্ষেতমজুর। কৃষির উপর নির্ভরশীল জনসংখ্যার ৪৫ ভাগ জমি গ্রামে কেন্দ্রীকরণ হয়েছে। এতে হাজার হাজার মানুষ ভূমিহীন হয়েছে হাজার হাজার মানুষ জমি হারিয়েছে এবং ক্ষেত মজুরের সংখ্যা দিনের পর দিন বেড়েছে। এর ফলে কি হয়েছে? বৈষম্য বেড়ে গেছে, ক্ষুদ্র জমির মালিকদের হাত থেকে জমি চলে গেছে। এবং সেখানে বিশিষ্ট কয়েকটি মানুষের হাতে জমি কেন্দ্রীভূত হয়েছে এবং এইভাবে জোতদার জমিদার এইরকম এক শ্রেণীর বড় লোক তৈরি হয়েছে। আজকে ওঁরা এই সভায় এসে বড় বড় কথা বলছেন। কৃষির উদ্যোগ এই সরকার আসার পর আমরা কৃষির দিকে তা পরিচালিত করতে পেরেছি। মিনিকীটের কথা বললেন। সারা ভারতবর্ষের মধ্যে বৈজ্ঞানিক প্রথায় এতো ব্যাপকভাবে মিনিকিট ব্যবহার আর কোনও রাজ্যে হয় নি। ওনারা বলছেন যে প্রাকৃতিক কারণে ফসল উৎপাদন বেড়ে গিয়েছে। তাই কি কখনও সম্ভব? এটা কোন দিন হয়েছে? এই ধরনের পাগলের প্রলাপ করে সস্তায় কথাবার্তা বলে ওঁরা চলেছেন। তাহলে এই সভায় কি করে উন্নত মানের বিতর্ক হতে পারে? এটা আজকে আমরা ভালভাবেই অনুভব করছি। আমাদের কর্মসূচিতে আমরা বলেছি যে বিজ্ঞানসম্মতভাবে সমস্ত জিনিস আমরা বিশ্লেষণ করেছি এবং আমাদের সমস্ত কাজই সেইভাবে গ্রহণ করা হয়েছে। আমাদের দেশে কৃষিতে বর্গাদারই হচ্ছে আসল স্তম্ভ। তাদের যদি নিরাপত্তা না আনতে পারি তাহলে যতই যোগান দিন না কেন তাতে কৃষির কখনও উন্নতি হবে না। এবং সেই ব্যবস্থাই আমরা গ্রহণ করেছি। সারা পশ্চিমবাংলায় সমস্ত জমি সম্প্রসারণ করা হয়েছে এবং তাই এই ফসল বেড়েছে। এত অল্প সময়ের মধ্যে আমরা যা করেছি দীর্ঘ ৩০ বছর ধরে ওঁরা তা করতে পারেন নি। জমিদারি প্রথা উচ্ছেদ হয়েছে, বর্গাদারদের জন্য আইন করা হয়েছে। পশ্চিমবাংলা যেখানে দাঁড়িয়েছিল তাতে আমরা দেখেছি যে গ্রামের দুর্দশা কিভাবে বেড়েছে—আমরা কিছু কিছু সেই হিসাব দিয়েছি। আমরা কৃষকদের ঋণ মুকুব করেছি এবং একথাও আমরা বলেছি যে কৃষির জন্য কৃষকদের চাষের উপকরণ দেওয়া হবে। এবং এই সমস্ত কর্মসূচির মধ্য দিয়ে পশ্চিমবাংলায় একটা কর্মকান্ডের সৃষ্টি করা হয়েছে। কৃষকদের যত অগ্রগতি হয়েছে তা এই চার বছরেই হয়েছে। এবং আরও অগ্রগতি হবে এবং সেই অগ্রগতিতে আমাদের দেশকে আমরা আরও এগিয়ে নিয়ে যাবো। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**श्रीमती रेनुलिना सुब्वा :** उपाध्यक्ष महोदय, मैं आपना वक्तव्य हिन्दी में रखना चाहुँगी। विशेष कर मैं इस वजट स्पीच के सिलसिले में। पशिचम वंगाल के वारे में कुछ नही कहुँगी। लेकिन मैं यहाँ दार्जिलिंग का प्रतिनिधित्व करती हुँ। दार्जिलिंग एक पहाड़ी इलाका है। इसके संवंध मे इस वजट में कुछभी मेन्सन नही दिया गया है। यह वहुत दुख की वात है। यहाँ की पावलिक की उन्नति के लिए कुछ नही किया जा रहा है। दार्जिलिंग एक वेकवर्ड एरिया है। वृटिश के जमाने मे ही यहाँ पर चाय की इण्डास्ट्रीज है। वृटिश के जमाने में ही इसकी स्थापना की गई थी। धीरेशे यह इण्डास्ट्रीज वड़ने भी लगी थी। यहाँ का चाय विश्वं प्रसिद्ध है। लेकिन देखने में आता है कि यह इण्डास्ट्रीज यहाँ पर धीरेशे नष्ट होता जा रहा है। आज वाहर के वाजारो में खपत कम होती जा रही है। इसकी उन्नति के लिए सरकार कुछ नही कर रही है। इसके लिए कुछ भी कोशिश नही किया जा रहा है।

कालिंगपोंग दार्जिलिंग सव डिविजन के अन्दर है। वहाँ पर १२ टी गार्डेन हैं। दार्जिलिंग डिस्ट्रिक्ट में ५० टी गार्डेन हैं। वहाँ पर १९८५ में मी०पी०एम० के लोगो ने श्रमिको पर हामला किया। आदमियो की हत्या कि गई। फलसरूप आजतक वहकी गार्डेन वन्द है। इस हत्या-काण्ड को लेकर हमने न जाने कितनी वार मुख्य मंत्री से वातचीत की। लेकिन उस संवंध मे आजतक कोई कार्यवाई नही की गई। दार्जिलिंग की जो चाय इण्डास्ट्रीज है, वह भी आव खत्म होती जा रही है। हिल एरिया में कोई काटेज इण्डस्ट्री काथायि जन नही है। वहाँपर आभीतक एग्रीकलचारल कालेज भी नही है। कमलवावु की महेरवानी से नार्थ वंगाल मे एक एग्रीकलचार युनिवरसीटी की स्थापना की गई है। लेकिन हिल एरिया की समस्या अलग ही है। लेफ्टफ्रन्ट गवर्नमेन्ट का जितना भी प्रोग्राम है, हिल एरिया में उसे पुरा करने के लिए आजतक कुछ भी नही किया गया। हमारे यहाँ वहुत से प्राव्लम है। आजकाल स्कुल-कालेज की भी व्यवस्था नही की गई। जो भी काम होता है, वाह राजनैतिक आधार पर होता है। वहाँपर फारेस्ट डवलपमेन्ट का एक एजेन्ट रहता है। गत मानसुन में दार्जिलिंग में वहुत वड़ा लेण्ड-एलाइड हुआ। वहुत से आदमी मारे गाए। वहुतों की जमीनें नष्ट हो गई। वहाँपर सव पेड़ो को काटा जा रहा है। फारेस्ट डवलपमेन्ट कारपोरेशन की स्थापना भी की गईथी। जव से स्थापना की गई थी, उसी समय से वन को नष्ट कर दिया जा रहा है। वहाँ लैण्ड एलाइड हो रहा है। वहाँ पर लोगों को आज कोयला नही मिलता है। फायारउड नही मिल रहा है। इसीलिए वहाँपर लोगों को परेशानी उठानी पड़ रही है। आभीतक गवर्नमेन्ट का उधर ध्यान नही गया। यह देखने से एंसा मालुम

होता है कि ओल्ड वाइन इन न्यु वोतल। वहाँ पर डवल पमेन्ट के लिए कुछ नही हो रहा है। अगर कुछ हो रहा है तो वह सी०पी०एम० के डवल पेमेन्ट के लिए हो रहा है।

वहाँ पर यहाँ से वड़े २ लोग जाते है, जो शायद आपके देखने को मिला होगा कि १४ता को वहाँ पर हिल डेवलपमेन्ट की मिंटिंग होने जा रही है। लेकिन मैं आपको वता देना चाहती हुँ कि दार्जिलिंग में दो आदमियों का मर्डर हो गया है और उस मर्डर को सी०पि०एम० के गुण्डो ने किया है। वहाँपर इसका वड़ा रिएकशन है। वहाँ पर ला-एण्ड आर्डर विल्कुल नही है। वहाँ पर जाकर आप देख सकते है।

वहाँ पर अस्पताल है लेकिन डाक्टर नही है। जहाँ डाक्टर है वहाँ पर मेडिसिन नही है। इसी तरह से आज हिल एरिया में सव कुछ खत्म होता जा रहा है। आज वहाँ मर्डर हो रहा है। मैं दावे के साथ कहुँगी कि दार्जिलिंग मे जो मर्डर हो रहा है, वह सी०पी०एम० पार्टि को मजवुत करने के लिए किया जा रहा है। ज्योति वावु और उनकी पार्टि की तरफ से वहाँपर सव तरह के अत्याचार हो रहे है। इससे मुझे वड़ा डर लाग रहा है। इसीलिए मैं कहुँगी कि इस वजट में हिल एरिया के डवलपमेन्ट के लिए कुछ नही है।

मैं इस वजट का विरोध करते हुए आपना भाषण समाप्त करती हुँ।

[4-55 — 5-05 p.m.]

**শ্রী শুভেন্দুকুমার চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অশোক মিত্র মহাশয় ১৯৮১-৮২ সালে যে বাজেট বিবৃতি এখানে দিয়েছেন তাকে প্রথমে আমি স্বাগত জানাচ্ছি। স্বাগত জানিয়ে আমি এই বাজেট সম্পর্কে কিছু বলতে চাই। আমাদের কংগ্রেসি বন্ধুরা এই বাজেটকে সমর্থন করতে পারেন নি এবং পারেন নি বলেই তারা এর বিরুদ্ধে উষ্মা প্রকাশ করেছেন। মাননীয় অর্থমন্ত্রী কানা ছেলেকে পদ্মলোচন বলতে পারেন নি। তিনি কানা ছেলেকে কানা ছেলে বলেছেন এবং খোঁড়া ছেলেকে খোঁড়া বলেছেন। সুনীতিবাবুরা হয়ত রাগ করবেন, কারণ তিনি খোঁড়া হয়েছেন। অসত্য কথা বলার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার প্রতি তাদের যে মনোভাব সেটা তারা প্রকাশ করেছেন। পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রের যে বিমাতৃসুলভ মনোভাব, যে আচরণ তার দু-একটি উদাহরণ আমি এখানে দিতে চাই। পশ্চিমবাংলায় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে ৫ হাজার কোটি টাকা দেবার প্রস্তাব করা হয়েছিল, সেটাকে প্রত্যাক্ষান করা হয়েছে এবং দেখা গেছে যে পশ্চিমবাংলার জনসংখ্যার অর্ধেকেরও কম জনসংখ্যা, এমন একটা রাজ্যের পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য পশ্চিমবাংলার থেকে অনেক বেশি টাকা দেওয়া হয়েছে। আশ্চর্যের কথা, ১৯৮১-৮২ সালে কেন্দ্রীয় অর্থ

বরাদ্দের পরিমাণ আগের বছরের তুলনায় কমে গেছে। গত বছর ১১৯ কোটি টাকা দেওয়া হয়। সেই জায়গায় এই বছর ১০৯ কোটি টাকা দেবার কথা বলা হয়েছে। পূর্বাঞ্চলে বিদ্যুত শক্তির চরম অপ্রতুলতা থাকা সত্ত্বেও ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিদ্যুত উৎপাদনের জন্য পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এবং পূর্বাঞ্চলের ক্ষেত্রে সবচেয়ে কম অর্থ বরাদ্দ করা হয়েছে। প্রতিটি ক্ষেত্রে পশ্চিমবাংলার প্রতি বিরূপ মনোভাব দেখা দিয়েছে। তাই, কেন্দ্রের বিরুদ্ধে কথা বললে ঐ কংগ্রেসি বন্ধুদের উষ্মা হতে পারে, তাদের আমি বাধিত করতে পারব না। মাননীয় অর্থমন্ত্রী পরপর ৪টি বাজেট এখানে উত্থাপিত করেছেন। এই বাজেটের মধ্যে দিয়ে নির্বাচন কালে যে সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেগুলি প্রতিফলিত হয়েছে। সাধারন মানুষের উপর কোনও কর না বসিয়ে, সাধারন মানুষকে কিভাবে উপকার করা যায়, তার কথাই এর মধ্যে চিন্তা করা হয়েছে। এবং পরিকল্পনা খাতে এবারে ৯০ কোটি টাকার বেশি খরচ করা হয়েছে। পক্ষান্তরে আমরা কি দেখি? কেন্দ্রীয় সরকারের আজকে ভিন্ন চিন্তা ধারার পরিস্ফুটন সেখানে ঘটছে। সেখানে সাধারন মানুষের কথা চিন্তা না করে, একচেটিয়া পুঁজিপতিদের গায়ে হাত না দিয়ে কেন্দ্রীয় বাজেট তৈরি করা হয়েছে। তার ফলে সেখানে ১৮ শত ১০ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করা হয়েছে এবং এর ফলে মুদ্রাস্ফীতি ঘটবে এবং মুদ্রাস্ফীতি ঘটলে সেখানে নোট ছাপিয়ে বা বিদেশ থেকে ঋণ করে সেটা পূরণ করা হবে। এর ফলে সাধারন মানুষের অনেক দুর্ভোগ বাড়বে। বর্তমানে কেন্দ্রীয় সরকারের একচেটিয়া পুঁজিপতিদের গায়ে হাত দেবার কোনও ক্ষমতা নেই। তা নেই বলে সাধারন মানুষের কাছ থেকে টাকা আদায় করা হচ্ছে। এই মুদ্রাস্ফীতি হবার ফলে জিনিসপত্রের দাম বাড়বে এবং সাধারন মানুষের দুঃখ দুর্দশা আরও বেড়ে যাবে। এই কেন্দ্রীয় সরকার সম্পর্কে একটা কথা বলতে হয়, কারণ কেন্দ্রীয় সরকার কোনও জিনিস দিতে পারবে না, কিন্তু কর্তৃত্ব করবে রাজ্যগুলোর উপর। একটা প্রবচন আছে ভাত দেবার ভাতার নয়, কিল মারবার গোঁসাই, এই রকম অবস্থা আজকে সেখানে চলছে। যেমন পশ্চিমবঙ্গের বিভিন্ন ভাবে রাজস্ব সংগ্রহ করে সাধারন মানুষের জন্য কিছু করার চেষ্টা তো তারা করছেনই না, বরং এই প্রদেশ থেকে সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে যা করার চেষ্টা হচ্ছে, তাতে তারা বাগড়া দেবার চেষ্টা করছেন এবং সেইগুলোকে নষ্ট করবার চেষ্টা করছেন। এবং কর্তৃত্ব করবার জন্য শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে আজকে পার্লামেন্টের মধ্যে প্রধানমন্ত্রী শ্রমতি ইন্দিরা গান্ধী একটা কথা বলেছেন যে শিক্ষা ব্যবস্থার উপর নাকি পশ্চিমবঙ্গ সরকার হস্তক্ষেপ করছেন। আমাদের এম.পি. কমরেড সত্যসাধন চক্রবর্তী এই ব্যাপারে চ্যালেঞ্জ করেছেন। ইন্দিরা গান্ধীর যদি ক্ষমতা থাকে তাহলে তিনি সেই চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করুন। আমাদের এখানে অ্যাসেম্বলির মধ্যে আমাদের উচ্চ শিক্ষামন্ত্রী শ্রী শম্ভু ঘোষ মহাশয় সেটা চ্যালেঞ্জ করেছেন। এখান থেকে বলা হয়েছে যে শিক্ষার ব্যাপারে সমস্ত বিশ্ব বিদ্যালয় গুলোকে অধিগ্রহণ করে নেওয়া হয়েছে। কিন্তু একটা প্রশ্ন, যে শিক্ষার ব্যাপারে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কতটুকু হস্তক্ষেপ করেছেন, তার চেয়ে অনেক বেশি করা হয়েছে, যেখানে কংগ্রেসি সরকার আছে বা কেন্দ্রীয় সরকার অনেক হস্তক্ষেপ করেছেন এবং নির্লজ্জভাবে হস্তক্ষেপ করেছেন। আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়কে হস্তক্ষেপ করতে হয়েছিল কেন? যখন পরীক্ষা ঠিকভাবে হচ্ছে না, যখন সেখানে মাস স্কোয়াটিং হয়েছিল, যখন সেখান থেকে টাকা পয়সা দিয়ে ভুয়া সার্টিফিকেট পাওয়া যেত, ভুয়া মার্কশিট পাওয়া যেত, তখন সেখানে সিন্ডিকেটকে বাতিল করা দেওয়া হয়েছিল এবং সিন্ডিকেটকে বাতিল

করে দিয়ে সেখানে কাউন্সিল করা হয়েছিল এবং করার সময় উপাচার্যের কোনও পরিবর্তন সেখানে হয়নি। কিন্তু কংগ্রেসি বন্ধুরা কিভাবে রেখে এসেছিলেন, যখন সিদ্ধার্থশঙ্কর রায় মুখ্যমন্ত্রী ছিলেন তখন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়কে অধিগ্রহণ করা হয়েছিল এবং সেখানে আজকের শিক্ষার আন্দোলনের অন্যতম নেতা ঐ ডঃ প্রতুল গুপ্তকে বসানো হয়েছিল। এবং ডঃ রমা চৌধুরিকে সেখান থেকে সরিয়ে দেওয়া হয়েছিল। এই ঘটনা কি ওঁদের আমলে হয়নি? বিহারে কি হচ্ছে? সেখানে রাষ্ট্রপতি শাসন হবার পরে রাজ্য মন্ত্রিসভা সেখানে যে সব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের নিয়োগ করেছিলেন—বিক্রম বিশ্ববিদ্যালয়ে কি হয়েছে? সেখানে পুলিশ অফিসারকে নিয়ে গিয়ে বসানো হয়েছে। দক্ষিণ গুজরাটে, ওখানকার মুখ্যমন্ত্রী সোলাঙ্কির এক বন্ধুকে, যিনি একজন কলেজের শিক্ষক, তাঁকে নিয়ে গিয়ে সেখানে বসানো হলে। আমরা এখানে কোনও জায়গায় প্রফেসারের নিচে নামিনি। কিন্তু সেখানে একজন রিডারকে পর্যন্ত নিযুক্ত করা হয়েছে। উড়িষ্যার বেরহামপুর বিশ্ববিদ্যালয়ে ডঃ টি রায়, সঞ্জয়ের বন্ধু রামচন্দ্র রথের স্ত্রীকে যখন হটাতে পারলেন না বা যোগ্যতা না থাকার জন্য, সেই জন্য তাকে পদত্যাগ করতে হল। যখন বিশ্ববিদ্যালয়গুলো কিছু কিছু লোকের প্রভিডেন্ড ফান্ডের টাকা আত্মসাত করতে এবং সেখানে একটা ব্যবসা প্রতিষ্ঠান তৈরি করতে চেষ্টা করছিলেন তখন সেখানে হস্তক্ষেপ করা হয়েছিল এবং এই হস্তক্ষেপ অন্যায় হয়েছে বলে মনে করি না। কিন্তু সেখানে কেন্দ্রীয় সরকার বা কংগ্রেস সরকার যা করেছেন তার চেয়ে আমাদের অনেক কম করা হয়েছে। এখানে এই বাজেট সম্পর্কে বলতে গিয়ে অনেকে বলেছেন যে অর্থ মন্ত্রী রাজনীতি করেছেন। হ্যাঁ, তিনি তো রাজনীতি করবেন, তিনি একটা রাজনৈতিক দলের অর্থমন্ত্রী হয়েছেন বলেই তিনি এখানে রাজনীতি করেছেন, রাজনীতি করা ঠিক, কিন্তু ঐ কংগ্রেসিরা এবং ঐ দেবী চৌধুরানির দল ও তার কিছু কিছু সমর্থক—তারা কোনও রাজনৈতিক দল নয়। তার সমস্ত মাস্তান বাহিনী নিয়ে, ঐ মাস্তানদের নিয়ে তিনি দল তৈরি করেছেন, সেই দল কোনও রাজনৈতিক দল নয়, সেটা দেবী চৌধুরানির দলের মতো। তার সমস্ত সঙ্গী, রঙ্গরাজ বা অন্যান্যদের দিয়ে এই সমস্ত কাজ চালান। তাই সেটা দেবী চৌধুরানির দল, সেটা কোনও রাজনৈতিক দল নয়। কিন্তু আমরা রাজনীতিতে বিশ্বাস করি, তাই আমাদের অর্থমন্ত্রী

[5-05 — 5-15 p.m.]

যে রাজনীতিতে বিশ্বাস করেন সে-রাজনীতির ভিত্তিতেই এখানে বাজেট পেশ করেছেন এবং বাজেটে সাধারন মানুষের রাজনীতির কথা ঘোষিত হয়েছে। এখানে এই বাজেটের অনেক সমালোচনা হয়েছে। পরিবহন ব্যবস্থা সম্পর্কে সমালোচনা করতে গিয়ে মাননীয় সদস্য হরিপদ ভারতী বলেছেন বামফ্রন্টের আমলে পরিবহন ব্যবস্থা তছনছ হয়ে গেছে। তিনি বোঝাতে চেয়েছেন সারা ভারতবর্ষের মধ্যে কলকাতার অবস্থা সবচেয়ে খারাপ, এরকম অবস্থা যেন আর কোথাও নেই। কিন্তু আমি তাঁকে বলব যে, আমি রাজ্যের সীমান্ত এলাকার মানুষ, সুতরাং আমি যখন পার্শ্ববর্তী রাজ্য বিহারের দিকে দেখি, উড়িষ্যার দিকে দেখি তখন দেখতে পাই যে, সে সমস্ত জায়গার পরিবহন ব্যবস্থাও কলকাতারই মতো। এখানে মানুষ বাসে ঝুলে যাতায়াত করে, বিহারেও মানুষ বাসে ঝুলে যাতায়াত করে। কিন্তু আমার ওঁর কাছে প্রশ্ন হ'ল পরিবহন ব্যবস্থা এখানে এত খারাপ হলো কাদের জন্য? পশ্চিমবাংলার এই দুরবস্থার জন্য দায়ী কারা। আমরা তো আগেকার কংগ্রেসি শাসনের উত্তরাধিকারি হিসাবে এই পরিবহন

ব্যবস্থা হাতে পেয়েছি। তারপরে কি আমরা কোনও উন্নতি করিনি? তারপরে তিনি কংগ্রেসি মাস্তানদের বাস ট্রাম পোড়ানোর ঘটনার নিন্দা করে সেই সঙ্গে আবার পুরোনো দিনের ঘটনাকে জুড়ে দিয়েছেন। তিনি বললেন যখন এক পয়সা ট্রামের ভাড়া বেড়েছিল তখন আপনারা তো ট্রাম বাস পুড়িয়েছিলেন। এক পয়সা ট্রামের ভাড়া বেড়েছিল কোন সময়ে এবং কি কারণে? সে সময়ে কোনও কারণ ছিল না এক পয়সা ভাড়া বাড়াবার, সে সময়ে ব্রিটিশ কোম্পানি তাদের লাভ বাড়াবার জন্য ভাড়া বাড়িয়েছিল। আর আজকে কেন্দ্রীয় সরকার যখন পেট্রোলের দাম, ডিজেলের দাম বাড়িয়ে দিয়েছে তখন বাধ্য হয়ে রাজ্য সরকারকে বাসের ভাড়া বাড়াতে হয়েছে। আর এখন কেন্দ্রীয় সরকার রেলের ভাড়া যখন বাড়াচ্ছে তখন সে বিষয়ে আন্দোলন হচ্ছে না কেন? আজকে ট্রেনে চাপা লাক্সারিতে পরিণত হয়েছে। আজকে আর ওঁদের মুখে কোনও শব্দ নেই, আজকে আর কেউ আন্দোলন করতে যাচ্ছে না, ট্রেন পোড়াতে যাচ্ছে না। তারপরে ওঁরা বলেছেন যে, এখানে শিল্প বিকাশ হয়নি। এমন কি কেন্দ্রীয় মন্ত্রী প্রনব মুখার্জি আই.এন.টি.ইউ.সি.-র সভায় বিড়লাপুরে বলেছেন, বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবঙ্গে শিল্প বিকাশ ঘটছে না। প্রনববাবু কি জানেন না যে, কেন এই অবস্থা, কেন শিল্প বিকাশ ঘটছে না? হলদিয়ার পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স, হলদিয়ার জাহাজ মেরামতি কারখানা, সল্ট লেকের ইলেকট্রিক্যাল কারখানা, পেপার পাল্প কারখানা, এগুলি না হওয়ার জন্য কি রাজ্য সরকার দায়ী? না, এগুলির জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। অথচ আজকে ওঁরা নিজেদের দায়-দায়িত্ব এড়াবার জন্য রাজ্যের উপর দোষ চাপিয়ে দিচ্ছেন বা দেবার চেষ্টা করছেন। এদের সমালোচনা শুনলে মনে হয় এঁরা বোধ হয় অন্য গ্রহের অধিবাসী এবং পশ্চিমবঙ্গে এসে দেখছেন যে, এখানে কিছুই হচ্ছে না, আর অন্য গ্রহে যেন সাংঘাতিক ব্যাপার হচ্ছে। ভারতবর্ষের সব জায়গায় কি সুষ্ঠুভাবে সব কিছু চলছে? ভারতবর্ষের সব রাজ্যে কি পরিবহন ব্যবস্থা সুষ্ঠুভাবে চলছে? দারুনভাবে শিল্পের বিকাশ ঘটছে? কেন্দ্রে যে পার্টি সরকারে আছেন সেই পার্টির অন্যান্য যে সমস্ত রাজ্যে সরকার আছে সেসব রাজ্যে কি এসব জিনিস ঘটছে? আমরা জানি সেসব রাজ্যকে কেন্দ্র কিছু কিছু সুবিধা দিচ্ছে এবং সেই সব সুবিধার ফলে সেখানে কিছু কিছু কাজ হচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট যখন সরকারে তখন কেন্দ্র তাঁদের কোনও সুবিধা তো দিচ্ছেনই না, বরঞ্চ হেকেল্ কিভাবে করা যায়, তার জন্য চেষ্টা করছেন। বামফ্রন্ট সরকারকে নিয়ে খেলা করবার চেষ্টা করছেন। "সহজপাঠ" নিয়ে, বাসের ভাড়া বৃদ্ধি নিয়ে, প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা ইত্যাদি নিয়ে খেলবার চেষ্টা করছেন। কিন্তু আমরা জানি এ খেলায় ওঁরা খুব একটা সুবিধা করতে পারবেন না। কারণ জনগণ জানে যে, এই সমস্ত খেলার পিছনে কংগ্রেস আছে, তাই খেলাও জমছে না। খেলা জমছে না বলেই রাগের চোটে ওঁরা এই বিধানসভার মধ্যে অর্থমন্ত্রীর ভাষণকে উপলক্ষ্য করে বিষোদ্গার করছেন। যাই হোক আমাদের এই বাজেটের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী কিভাবে আয় বৃদ্ধি করা হবে সে সম্বন্ধেও বলেছেন, কিছু কিছু কর বৃদ্ধির প্রস্তাবও তিনি করেছেন। সেই সঙ্গে তিনি দেখিয়েছেন কয়লার উপর রয়ালিটি প্রতি ৪ বছর পর পর বাড়াবার কথা ছিল, '৭৫ সালে বেড়েছিল, তারপর '৭৯ সালের আগস্ট মাসে বাড়াবার কথা ছিল, কিন্তু তখন সেটা না বাড়িয়ে এখন বাড়ানো হচ্ছে। অর্থাৎ আমাদের দেড় বছরের রয়ালিটি পাওনা আছে। তারপর এখানে দেখছি ওঁরা কয়লার দাম বাড়িয়েছেন প্রতি মেট্রিক টন ২৭ টাকা, কিন্তু তাতে মাত্র সাড়ে তিন কোটি টাকা পশ্চিমবঙ্গের ভাগে পড়বে। কিন্তু আমাদের মতে সাড়ে তিন কোটি টাকা নয়, ১০ কোটি

টাকা আমাদের পাওয়া উচিত। এটা আমার কথা নয়, মধ্যপ্রদেশ, বিহার এবং পশ্চিমবঙ্গ যেখানে যেখানে কয়লা উৎপাদন হচ্ছে সেই সমস্ত রাজ্যের ডিমান্ড হচ্ছে শতকরা ১৫ ভাগ দিতে হবে। চায়ের উপর সেস বসানো হয়েছে, সেখান থেকে কিছু টাকা আসবে। এখানে ১২ কোটি কেজি চা প্রডাকশন হয়। কিন্তু এই ১২ কোটি কেজি চা প্রডাকশন হলেও ৫ কোটি কেজি চা নিলামে আসে এবং ৭ কোটি কেজি চা বাগান থেকে বিক্রি হয়ে যায়। সুতরাং সেখান থেকে যদি প্রতি কেজিতে ৬ টাকা সেস বসানো হয় তাহলে ২ কোটি কেজি চা নিলামে আসবে আর ৫ কোটি কেজি চা থেকে ৩০ কোটি টাকা আসবে। সংবিধানে ৩০৩ আর্টিকেল অনুযায়ী আমরা সমস্ত চাকে নিলামে নিয়ে আসতে বাধ্য করতে পারি না। সুতরাং এর থেকে কিছু টাকা পেতে পারি। টোটাল বাজেট যদি হিসাব করা যায় তাহলে দেখা যাবে ১৯৭২।৭৩ সালে টোটাল বাজেট ছিল ৫১০ কোটি টাকা আর পরিকল্পনা খাতে ব্যয় হয়েছে ৯৩ কোটি টাকা। ১৯৭৬।৭৭ সালে টোটাল বাজেট ছিল ৭৬৫ কোটি টাকা আর পরিকল্পনা খাতে ব্যয় হয়েছে ২০৪ কোটি টাকা। ১৯৮০।৮১ সালে টোটাল বাজেট ছিল ১৪৮৬ কোটি টাকা আর পরিকল্পনা খাতে ব্যয় হয়েছে ৫৮০ কোটি টাকা। ১৯৮১।৮২ সালে টোটাল বাজেট হচ্ছে ১৭৮৫ কোটি টাকা আর পরিকল্পনা খাতে ব্যয় হচ্ছে ৬৭০ কোটি টাকা। অর্থাৎ টোটাল বাজেট যা ছিল তার প্রায় একের ছয় অংশ পরিকল্পনা খাতে ব্যয় হয়েছিল। এখানে তার চেয়ে অনেক বেশি ব্যয় করছে। আগের চাইতে প্রায় ৭।৮ গুন বেশি পরিকল্পনা খাতে ব্যয় করছে। সুতরাং এই ধরনের যে বাজেট এখানে পেশ করা হয়েছে একে আমি অভিনন্দন জানাচ্ছি এবং প্রত্যেকের উচিত এই বাজেটকে সমর্থন করা। ব্যাঙ্ক সম্পর্কে আর একটি কথা বলি। মাননীয় অর্থমন্ত্রী ব্যাঙ্ক খোলার কথা বলেছেন। বাণিজ্যিক ব্যাঙ্কগুলি বর্গাদারদের ঋণ দিচ্ছে না, প্রান্তিক চাষীদের ঋণ দিচ্ছে না সেইজন্য নতুন ব্যাঙ্ক খোলার প্রস্তাব করেছেন। কিন্তু অদ্ভুত ব্যাপার লক্ষ্য করছি, এই যে নতুন ব্যাঙ্ক খোলার প্রস্তাব করেছেন তারজন্য রিজার্ভ ব্যাঙ্কের অনুমতি চাই। কিন্তু রিজার্ভ ব্যাঙ্ক অনুমতি দিচ্ছে না। অথচ মালদা জেলায় যদি দেখা যায় তাহলে দেখা যাবে সেখানে দেওয়ালগুলি ভর্তি হয়ে গেছে পোস্টারে পোস্টারে এবং সেখানে লেখা হয়েছে ব্যাঙ্কই হচ্ছে অর্থনৈতিক মুক্তির একমাত্র পথ; এ.বি.এ. গণিখান চৌধুরি। সেখানে ব্রাঞ্চের পর ব্রাঞ্চ খোলা হয়েছে এবং এই সমস্ত ব্যাঙ্কগুলি মৃত ব্যক্তিদের নামে টাকা দিচ্ছে, ছাত্রদের নামে টাকা দিচ্ছে কিন্তু প্রান্তিক চাষীদের টাকা দিচ্ছে না। সুতরাং এইসবগুলি তদন্ত করা দরকার আছে বলে আমি মনে করি। সর্বশেষে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মনোরঞ্জন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেট বরাদ্দ গত ৪ বছরের মধ্যবর্তিতায় ধনীদের চোখের ঘুম কেড়ে নেওয়া থেকে কতখানি জনগনের পাশে আছি তার পর্যালোচনা দিয়ে শুরু করা নিশ্চয়ই অসঙ্গত হবে না। বাজেটের প্রথম অনুচ্ছেদ যদি দেখা যায় তাহলে দেখব, ১৯৭৬।৭৭-এর চেয়ে মোট বরাদ্দ দ্বিগুনের চেয়ে মাত্র ৫৩ কোটি টাকা বেশি। অর্থাৎ ১৯৭৬-৭৭ সালে বাজেটের পরিমাণ ছিল ৭৬৬ কোটি টাকা। আর ১৯৮০।৮১ সালে এটাকে দ্বিগুন করলে দাঁড়ায় ১৫৩২ কোটি টাকা কিন্তু ১৯৮০।৮১ সালের বাজেট হচ্ছে ১৫৮৫ কোটি টাকা অর্থাৎ দু-গুনের চেয়ে ৫৩ কোটি টাকা বেশি। আমার প্রশ্ন হচ্ছে ১৯৭৬।৭৭ সালের তুলনায় জিনিসপত্রের দাম ১৯৮০।৮১ সালেতে কি

*২ গুনের চেয়ে বেশি হয়নি? মাত্র ৫৩ কোটি টাকায় সত্যই অর্থসংস্থানের অভূতপূর্ব ইতিহাসই বটে এবং সাধারন মানুষের সার্বিক স্বার্থ সাধনাই এই বাজেটের কেন্দ্রবিন্দু।* তারপর আমরা অর্থমন্ত্রী কর্তৃক প্রদত্ত একখন্ড আর্থিক সমীক্ষার ২২ পৃষ্ঠায় দেখতে পাচ্ছি শিল্প সংক্রান্ত তথ্য। ১৯৭৮ সালের চেয়ে ১৯৭৯ সালে ২.৪ শিল্প উৎপাদন কমে গেছে।

[5-15 — 5-25 p.m.]

যদিও শিল্পে অগ্রগতির ক্ষেত্রে আমরা এগিয়েছি একথা আমরা লিখেছি। আরও দেখা যাচ্ছে আর্থিক সমীক্ষার তৃতীয় পৃষ্ঠায় যে সূচক সংখ্যা শুরু—কৃষির উৎপাদন ও ফলনের হিসাব দেওয়া হয়েছে। সেখানে ১৯৭৮-৭৯-র চেয়ে ১৯৭৯-৮০ সালে ১৪.২৬ অনুপাত কমে ৭৬-৭৭ এ ১০৫.৩১ তে এসে দাঁড়িয়েছে, তবুও পশ্চিমবঙ্গে চমৎকার ফসল হয়েছে এবং সেই ফলনের মধ্যে দিয়ে আমরা যে অভাব জনিত বৃদ্ধির সময়ে সংগ্রহ করেছি সেখানে সেই সংগ্রহের মাত্রা অর্ধ লক্ষ টন পেরোয় নি ১৯৮১ সালের ১৭ই জানুয়ারি পর্যন্ত। সেখানে কৃষকেরা যে দাম পাচ্ছে যেখানে আর্থিক সমীক্ষার ৬৩নং টেবিলে ৪৮ পাতায় দেখতে পাচ্ছি ১৯৭৮-৭৯ সালের তুলনায় ১৯৭৯-৮০ তে মাত্র ১৫ পয়সা কে.জি.তে দাম বেশি পাচ্ছে কৃষকরা দাম পাচ্ছে ১ টাকা ৫১ পয়সা। যেখানে কে.জি.তে উৎপাদন খরচা পড়ছে ২ টাকা করে সেখানে কৃষকেরা সরকারি দর পাচ্ছে ১ টাকা ৫১ পয়সা। তাতে দেখা যাচ্ছে ৫০ পয়সা করে কৃষকেরা কে.জি.তে লোকসান দিচ্ছে তবুও কি কৃষকদের ভাল দাম দেওয়া সম্ভব হচ্ছে? আরও দেখা যাচ্ছে ১৯৭৯ সালের তুলনায় ১৪ ভাগ বেশি জমিতে আলু চাষ হয়েছে, এবারে ৭০ ভাগ কম জমিতে আলু চাষ করে দেখা যাচ্ছে ২৬.৩৮ ভাগ আলু বাড়ানো সত্ত্বেও আলু চাষের উৎপাদন খরচার তুলনায় দাম তো বাড়েই নি অধিকন্তু ক্রেতা সাধারনকে দেওয়া সম্ভব হচ্ছে না যদিও সেখানে যে পরিমাণ আলু কেনার ব্যবস্থা হয়েছিল বাজেটের মাধ্যমে করা হয়েছে তার চেয়ে অনেক বেশি আলু বাইরে চলে যাচ্ছে। সেগুলি ফাটকা বাজারে আবার দাম বাড়ানোর সুযোগ নিতে সচেষ্ট হয়ে উঠছে এবং এগ্রিকালচার লেবারদের আর্থিক সমীক্ষার ৪১ পৃষ্ঠায় ৫২ নম্বর টেবিল অনুযায়ী মজুরি বাড়ছে এক টাকা দশ পয়সা আর ঐ সময়ে ঐ আর্থিক সমীক্ষায় যেখানে ক্ষেত মজুরদের ভোগ্য পণ্যের সূচক সংখ্যা উল্লিখিত হয়েছে তা হল ৪১ পয়েন্ট বৃদ্ধি হয়েছে। যেখানে ক্ষেতমজুরদের সূচক ৪১ পয়েন্ট বৃদ্ধি হয় সেখানে ক্ষেত মজুররা ১.১ পয়সা পেল এবং যেখানে ক্ষেতমজুরদের সংখ্যা গ্রামীণ জনগণের যে সংখ্যা রয়েছে সেই সংখ্যার সবচেয়ে বৃহত্তম অংশ সেখানে তাদের অবস্থা কোন জায়গায় গিয়ে দাঁড়াচ্ছে সেটা যদি আমরা অনুধাবন করি এবং যে সমস্ত দুর্গত জনসাধারনের যে আর্থিক স্বার্থ সাধন, তার প্রতিফলন ঘটানো সম্ভব হচ্ছে কিনা সেটা আমাদের লক্ষ্য রাখা দরকার। এবং সেই সাথে সাথে আমরা যে প্রাথমিক শিক্ষার ব্যাপারটা গ্রামে গ্রামে ছড়িয়ে দিতে পেরেছি এবং পারব বোধ করছি সেখানে দেখা যাচ্ছে কোনও কোনও প্রাথমিক বিদ্যালয়ে ২৫ টাকা পর্যন্ত ফি আদার করা হচ্ছে এবং মাধ্যমিক বিদ্যালয়ে ৭৫ টাকা পর্যন্ত ফি আদায় করা হচ্ছে। কলকাতার কাছে লবণ হ্রদে গেলেই দেখা যাবে—যদিও আমাদের মধ্যে থেকে অনেকে যুক্ত রয়েছেন তবুও সেখানে এই ব্যবস্থা চলছে। এই বাজেটে দেখতে পাচ্ছি সি.এ.ডি.পি. তাদের কয়েকটি এরিয়ায় কি কি কাজ হয়েছে তার কোনও প্রতিফলন

নেই এবং এই সমস্ত কারণ দেখতে পাচ্ছি এই যে সার্বিক স্বার্থ সাধন করার ধ্যান ধারনার কেন্দ্রবিন্দু রূপে যেটুকু প্রতিফলন ঘটানো সম্ভব হোত সেখানে আবার যে সংবিধান রয়েছে সেই সংবিধানে বাধার সৃষ্টি করছে। সেই বাধা জায়গায় রাষ্ট্রীয় যে প্রভাব যার উপর বুঝতে হবে সেখানে যদি এই বুর্জোয়াদের পরোক্ষ যে কাটা ছেঁড়া গণতন্ত্র লাভ করেছে সেই লাভের মধ্যে দিয়ে যা গরিবের পক্ষে মৃত্যু ভাব প্রবঞ্চনা, প্রতারনা ছাড়া আর কিছু নয়। তার বিরুদ্ধে যেতে হলে সেই মানুষদের সার্বিক স্বার্থ সাধনের চিন্তাকে তাদের মাঝখানে নিয়ে ফেললে বাস্তব অভিজ্ঞতাটা হয় সেখানেই যাচ্ছি আমরা। তাদের চিন্তা ধারাকে যে রাষ্ট্রীয় ব্যবস্থা এবং সংবিধানের জায়গায় গিয়ে যদি সম্প্রসারিত করতে না পারি তাহলে পর এই যে সার্বিক স্বার্থ সাধনের কেন্দ্র বিন্দুর ধ্যান ধারনা তা নস্যাৎ হয়ে যেতে পারে। সেদিকে দৃষ্টি এবং লক্ষ্য রাখার আবেদন জানিয়ে আমি এই বাজেটের যে যে অংশে আমরা সাফল্য লাভ করেছি তাকে সমর্থন করে এবং আবার আমার পয়েন্টগুলো ভাববার আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরনময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী ১৯৮১-৮২ সালের যে বাজেট পেশ করতে গিয়ে যে পরিসংখ্যান দিয়েছেন তার অধিকাংশই ভ্রান্ত। যে বাজেটের উপর আমরা এখানে আলোচনা করবো তার পরিসংখ্যান বা তথ্যগুলি যদি ভুল হয় এবং তাঁর নিজের বক্তব্য এর মধ্যে যদি কন্ট্রাডিকশন থাকে তাহলে সেই বাজেটকে বোগাস বলা ছাড়া উপায় নেই। বিগত ৪ বছরে যে বাজেট এখানে উপস্থিত করেছিলেন এবং ১৯৮১-৮২ সালের যে বাজেট উপস্থিত করেছেন তাতে এটা একটা বোগাস। এটা বলতে দুঃখ বোধ হয় যে পশ্চিমবঙ্গ সরকারের পরিসংখ্যান নির্ধারণের জন্য উপযুক্ত কোনও সংস্থা নেই। এ.জি. যে পরিসংখ্যান দিলেন তার উপর তিনি ভিত্তি করতে পারলেন না। রিজার্ভ ব্যাঙ্কের পরিসংখ্যানকে বললেন ঠিক আছে কিন্তু তাকে বলতে চাই যে পরিসংখ্যান রিজার্ভ ব্যাঙ্কে দিয়েছেন যার উপর ভিত্তি করে ১৯৮০-৮১ সালের ঘাটতি দেখানো হয়েছে সেটা আমি বলব ঠিক নয়। রিজার্ভ ব্যাঙ্কের পরিসংখ্যান ঠিক নয়, এ.জি. পরিসংখ্যান ঠিক নয়, অর্থমন্ত্রীর পরিসংখ্যান ঠিক নয় স্বয়ং তিনি যে দুটি বাজেট বই দিয়েছেন তাতে এইসব মিলিয়ে যদি আলোচনা করি তাহলে দেখবো সমস্তটাই ভুল। ১৯৮১-৮২ সালে তিনি বলেছিলেন পশ্চিমবাংলার রাজস্ব খাতে আয় হবে ১১৭৫ কোটি ৭০ লক্ষ ৮৫ হাজার টাকা এবং এই রাজস্ব আয়ের উপর নির্ভর করে তিনি বলেছিলেন ২৩ কোটি টাকা ঘাটতি হবে। এবার বাজেটে তিনি দেখিয়েছেন ৯৯৯ কোটি ৮৯ লক্ষ ৮৫ হাজার টাকা এবং তিনি বলেছেন এত কম রাজস্ব আদায় করার জন্য এবং কিছু কিছু কাজে বেশি খরচ করার জন্য ঘাটতির পরিমাণ বেশি হয়ে গেছে। তার মানে তিনি স্বীকার করেছেন রাজস্ব কম আদায় হয়েছে এবং তা যদি হয় তাহলে ৬৩ কোটি টাকা ঘাটতির অঙ্ক কোথা থেকে আসবে। ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে যে রাজস্ব আদায়ের কথা ছিল তার ডিফারেন্স ৫৬ কোটি টাকারও বেশি। অথচ রিজার্ভ ব্যাঙ্কের পরিসংখ্যান হচ্ছে ৬৩ কোটি ঘাটতি যেটা তিনি মেনে নিয়েছেন। আমি তাতে বলব কিসের ভিত্তিতে এই পরিসংখ্যান আপনি স্বীকার করছেন? আপনি নিজে স্বীকার করছেন পশ্চিমবাংলার কাজের জন্য অধিক টাকা খরচা হয়ে গেছে এটা হলে ঘাটতির পরিমাণ অনেক বেশি হবে সেজন্য বলছি রাজ্যের কোনও সঠিক পরিসংখ্যান নেই যেটা যার মাধ্যমে পশ্চিমবাংলার

সঠিক আর্থিক চিত্র আমাদের কাছে পাওয়া যাবে। সেজন্য রাজ্যের বাজেট এই দিক থেকে আলোচনা করলে ঠিক হবেনা। তিনি অনেক কাজের কথা বলেছেন এবং আগামী বছরে কি কি বাবদ খরচা করবেন সেসব কথা বলেছেন। আমি তার কর্মসূচিকে ২ ভাগে ভাগ করছি। একটা সাময়িক সুযোগ করে দেওয়া এবং আরেকটা সর্বপ্রকার উন্নয়নের জন্য। সাময়িক সুবিধা বলতে দেখা গেছে কৃষকদের পেনসন, লোন মুকুব এবং আরও দু-একটি বিষয়। কিছু কিছু লোক নিশ্চয়, এই সুবিধা পাবেন কিন্তু যেকথা বলতে চাই তা হল আগামী দিনে নির্বাচনে এইগুলি আপনাদের সহায়ক হবে। ১৯৭৭ সালে এই বিধানসভায় আমরা একটা প্রস্তাব দিয়েছিলাম পশ্চিমবঙ্গে কৃষি ঋণ মুকুবের ব্যাপারে। এবং তখন কমলবাবু বলেছেন আমরা এটা চিন্তা করছি। ১৯৭৭ সাল থেকে আরম্ভ করে ১৯৮১ সাল পর্যন্ত এবারের বাজেটে সেই চিন্তা তাদের মাথায় এল যে পশ্চিমবঙ্গে কৃষকদের ঋণ মুকুব করতে হবে। আপনার বক্তৃতায় আপনি বলেছেন প্ল্যানের বরাদ্দ কমিয়ে দিয়েছেন কৃষিঋণ মুকুব করেছেন। কেন্দ্রের বিগত যে সরকার ছিল সেই সরকার আপনাদের উদার হস্তে তখন সাহায্য করেছিলেন কিন্তু সেই ৭৭-৭৮-৭৯-৮০ সালেও আপনারা কৃষিঋণ মুকুব না করে সেটা করলেন ১৯৮৯ সালে। আপনি বলেছেন এটা আমার শেষ বাজেট আর পেশ করব না। এই শেষ বাজেটে যখন কেন্দ্র থেকে কম অর্থ পেয়েছেন সেই সময় আপনি কৃষিঋণ মুকুব করলেন। কিন্তু এর আগে আপনারা বিভিন্ন ব্যাপারে তাদের কাছ থেকে ঋণ আদায়ের জন্য নির্দেশ দিয়ে গরু নিয়েছেন তাদের ভিটে ক্রোক করেছেন যার ফলে বহু কৃষক আপনাদের তখন পরিশোধ করে

[5-25 — 5-30 p.m.]

দিয়েছে। সেইজন্য বলছি যারা ঋণভারে জর্জরিত সেই কৃষকদের ঋণ মুকুবের প্রশ্ন নির্বাচনের আগে আপনাদের মাথায় এল কেন। আপনি যে সাময়িক উন্নতির কর্মসূচি পশ্চিমবঙ্গকে দিয়েছেন তাতে পশ্চিমবঙ্গের কি লাভ হবে জানিনা। এখানেও আপনি বলেছেন সীমিত ক্ষমতার মধ্যে আমরা পশ্চিমবঙ্গের উন্নতি করতে পারব না। কিন্তু এর আগে আপনি বলেছিলেন সীমিত ক্ষমতার জন্য আপনারা কোনও উন্নয়নমূলক কর্মসূচি করতে পারেননি। আপনি এখানে একবার বলছেন ক্ষমতা সীমাবদ্ধ আবার আর এক দিকে বলছেন কিছু কিছু জায়গায় সাফল্য অর্জন করেছেন। কি সাফল্য আপনারা করেছেন সেই সম্বন্ধে আমি কিছু বলব। প্রথম হ'চ্ছে পশ্চিমবাংলার সাধারন প্রশাসন এবং পুলিশ সম্বন্ধে মানুষের ধারণা হচ্ছে অত্যন্ত আতঙ্কগ্রস্ত। পূর্তবিভাগ সম্বন্ধে ধারণা হচ্ছে এটা একটা স্থবির দন্ড। স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে মানুষের ধারণা যে এটা একটা বিভীষিকাময় দপ্তর—অর্থাৎ এটা একটা জহ্লাদ এর কারখানা এবং এখানে বিনা চিকিৎসায় মানুষ মরতে যায়। মৎস্য দপ্তর সম্বন্ধে জনসাধারণের ধারনা হচ্ছে এটা একটা তামাশার দপ্তর যেখানে আকাশে পাহাড়ে মাছ চাষ হবে। শিক্ষা দপ্তর সম্বন্ধে বলব এটা একটা অশিক্ষা এবং শিক্ষক নিধনের দপ্তর। বিদ্যুৎ দপ্তর সম্বন্ধে মানুষের ধারনা হচ্ছে এটা একটা অমাবস্যার দপ্তর। এই হচ্ছে প্রশাসনের বিভিন্ন দপ্তর সম্বন্ধে জনসাধারণের ধারণা। প্রথম বাজেটের সময় আমরা বলেছিলাম যে আপনি কটা টাইম বাউন্ড প্রোগ্রাম নিন। অর্থাৎ নির্দিষ্ট কাজ এই সময়ের মধ্যে আপনাকে শেষ করতে হবে। কিন্তু তা না করে আপনি তখন বলেছিলেন বিধানসভা সদস্যদের কাছ থেকে আমি সহযোগিতা চাই,

সমস্ত মানুষের সহযোগিতা চাই। সহযোগিতা আপনারা পেয়েও কোনও কাজ আপনারা করতে পারেননি। ৭৫-৭৬ সালে পরিসংখ্যান টেনে নিয়ে আপনি বলেছিলেন কংগ্রেস ১৯৭৬-৭৭ সালে কংগ্রেস ছেড়ে দিয়ে চলে যাচ্ছে শুন্য ভান্ডার রেখে। অর্থাৎ এই শুন্যতা থেকেই আপনি আরম্ভ করলেন। কিন্তু আপনি যে ইকোনমিক স্ট্যাটেসটিক দিয়েছেন সেই স্ট্যাটেসটিকসে দেখছি আপনি কংগ্রেসের উপর দোষারোপ করেছেন। আমি তাদের হয়ে ওকালতি না করে দুই একটা কথা বলতে চাই। কংগ্রেস আমলে কি উৎপাদনের ক্ষেত্রে কি বিদ্যুৎ এর ক্ষেত্রে কি শিক্ষার ক্ষেত্রে যে পরিচয় আমরা পেয়েছিলাম সেই একই পরিচয় আমরা এখন দেখছি। অর্থাৎ পশ্চিমবঙ্গ দিনের পর দিন অন্ধকারের দিকেই যাচ্ছে। আপনি যদি বলেন পরিসংখ্যান ভুল তাহলে সেটা আপনি ঘোষণা করুন। আপনি ইকনমিক রিভিউ যেটা দিয়েছেন তার ৯৩ পৃষ্ঠায় সেটা দেখছি পশ্চিমবাংলার উৎপাদনের ক্ষেত্রে কি অগ্রগতি হয়েছে না হয়েছে। ১৯৭৫ সালে পশ্চিমবাংলায় জুটের প্রোডাকশন ছিল ২৯৩ ১৯৭৬ সালে ৩১৩ কিন্তু ১৯৭৯ সালে সেটা হয়ে গেল ৩০৯। কাপড়ের ক্ষেত্রে দেখছি ১৯৭৫-৭৬ সালে ৪২ লক্ষ ৯০ হাজার টন কাপড় উৎপাদন হয়েছিল। জনতা ধুতি ও শাড়ি ১৯৭৫-৭৬ সালে ১ কোটি ৩০ লক্ষ ২০ হাজার মিটার উৎপাদন হয়েছিল আর আজকে সেখানে হচ্ছে ১ কোটি ২৭ লক্ষ ৮২ হাজার। কাপড়ের উৎপাদনের ব্যাপারে বললেন যে, আমরা জনতা শাড়ি এতগুলো তৈরি করেছি, কাপড় এতগুলো তৈরি করেছি। কিন্তু ১৯৭৫-৭৬ সালে যেখানে কাপড়ের উৎপাদন ছিল ১ কোটি, ৪১ লক্ষ ২০ হাজার মিটার, সেখানে আজকে তা দাঁড়িয়েছে ১ কোটি ২৭ লক্ষ, ২২ মিটার। ১৯৭৬ সালে পশ্চিমবাংলাতে যে পরিমাণে জুট উৎপাদন হয়েছিল, এখন তা অনেক কমে গেছে—আর আপনি বলছেন, পশ্চিমবাংলাতে নতুন অগ্রগতি এনেছেন। অথচ উৎপাদনের ক্ষেত্রে আমরা এই অবস্থা দেখছি। আজকের দিনে কাগজ, দেশলাই, সমস্ত ক্ষেত্রেই উৎপাদনের ক্ষেত্রে অধোগতি হয়েছে। পশ্চিমবাংলায় কোনও দিকে কোনও উন্নতি আপনারা ঘটাতে পারেন নি। আজকে শ্রমিক অশান্তির কারণ যদি আমরা খুঁজি, তাহলে দেখব যে, সর্বত্রই বিশৃঙ্খল অবস্থায় আছে, উৎপাদন ব্যহত হচ্ছে, কলকারখানা স্থাপনের ক্ষেত্রে ব্যহত হচ্ছে—এটা ইকনমিক্স স্ট্যাটিস্‌টিক্স থেকে পাওয়া যাচ্ছে। এই পত্রিকায় আরও দেখা যাচ্ছে বিভিন্ন প্রদেশে কি পরিমাণে কলকারখানা গড়ে উঠেছে, এবং আপনারা এখানে আসার পর থেকে পশ্চিমবাংলায় কলকারখানা কম গড়ে উঠেছে। গতকাল মাননীয় অমল রায় মহাশয় বলেছেন যে, মহারাষ্ট্রে এতগুলি কারখানা হয়েছে, লেটার অব ইনটেন্ট এবং লাইসেন্স দেওয়া হয়েছে সেখানে, আর পশ্চিমবাংলার কথায় বলেছেন, কেন্দ্র বিমুখ হয়ে আছেন। কিন্তু কেন্দ্র আসলে বিমুখ হন নি, শিল্পপতিরা এখানে শিল্প গড়ে তুলতে চাইছেন না। তাঁরা প্রধানত দুটো কারণে এখানে করতে চাইছেন না। প্রথম কারণ হল, লেবার আনরেস্ট এবং দ্বিতীয় কারণ হচ্ছে পাওয়ার স্কেয়ারসিটি। আজকে পশ্চিমবাংলাতে লেবার আনরেস্ট কোথায় দাঁড়িয়েছে তা একটু দেখা দরকার। ১৯৭৭ সালের পর আপনারা ক্ষমতায় আসার পর থেকে এখানে লেবার আনরেস্ট সৃষ্টি হয়েছে। ১৯৭৭-৮০ সাল পর্যন্ত এখানে মোট শ্রম-দিবসের সংখ্যা হচ্ছে ৪ কোটি, ৫১ লক্ষ, ৫৬ হাজার। আপনাদের এই ইকনমিক্‌ রিভিউতে তা দেওয়া আছে। যদি আমি ধরে নিই যে, প্রত্যেকটা শ্রমিক এখানে মোট ৫ টাকা করে উৎপাদন করেছে, তাহলে ২২ কোটি, ৯২ লক্ষ ৫০ হাজার টাকা উৎপাদনের ক্ষেত্রে নষ্ট হয়েছে বলা যায়। অর্থাৎ ঐ পরিমাণ টাকার প্রডাকশন আমাদের নষ্ট হয়েছে, সঙ্গে সঙ্গে ঐ উৎপাদিত দ্রব্যের উপর সেলস্‌ ট্যাক্স যে

পরিমাণ রাজস্ব খাতে আদায় হওয়া উচিত ছিল, তা হতে পারেনি। এবং এর ফলে পশ্চিমবাংলাতে যে পরিমাণে কর্মসংস্থান হওয়ার কথা ছিল, তাও বন্ধ হয়ে গেছে। শুধু তাই নয়, বিভিন্ন কারখানা থেকে শ্রমিক রিট্রেনচড হয়ে গেছে বহু সংখ্যক এবং মালপত্রে ড্যাম্প হয়ে গেছে এর ফলেই। আজকে পশ্চিমবাংলাতে যে অশান্তিকর অবস্থার সৃষ্টি হয়েছে, তাতে ১৯৭৯ সালে দেখা যাচ্ছে ক্যালকাটা পোর্টে মাত্র ৮০ দিন কাজ হয়েছে। ঐ বৎসর ক্যালকাটা পোর্টের টারগেট ছিল ৮৫৫ কোটি টাকার মাল সরবরাহ করার, সেখানে হয়েছিল মাত্র ২০০ কোটি টাকার মাল সরবরাহ করা হয়েছিল, নিউ দিল্লি এই স্ট্যাটিসটিক্স প্রকাশ করেছেন। সেজন্য পশ্চিমবাংলার বন্দরে যে পরিমাণ মাল দেওয়া হত আগে, সে সমস্ত মাল এখন অন্যান্য রাজ্যে দেওয়া হচ্ছে। কারণ পশ্চিমবাংলাকে ডক থেকে ঠিকমতো মাল সরবরাহ করা হয় না—একটা অচলাবস্থা এখানে সর্বদাই চলছে এবং এর ফলে দেখা যাচ্ছে সমস্ত প্রডাকশনই হ্যাম্পার হচ্ছে। আপনারা বলে চলেছেন, পশ্চিমবাংলাতে বিদ্যুতের জোয়ার বহিয়ে দেবেন, আগামী এত সালের মধ্যে ১৯৮৩-৮৪ সালের মধ্যে পশ্চিমবাংলাতে প্রভুত বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে। বিধানসভার চত্বরে বসে এই কথা বললে সবাই তা বিশ্বাস করতে পারে, কিন্তু চৌরঙ্গির মোড়ে গিয়ে আমি যদি এই ভাবে বক্তৃতা দিতে শুরু করি, তাহলে সবাই আমাকে বলবে—তুমি লুম্বিনি পার্কে যাও অথবা রাঁচিতে চলে যাও, এখানে তোমার স্থান হবে না। যেখানে দিনের পর দিন ধরে বিদ্যুৎ পাওয়া যায় না, লোড শেডিং চলে, বিদ্যুতের অভাবে যেখানে কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে, বিদ্যুতের অভাবে যেখানে হাসপাতালের অপারেশনের কাজ বন্ধ হয়ে আছে সেখানে এ কথা বলা শোভা পায় না। আজকের সংবাদপত্রে বেরিয়েছে, টিউবেকটমি অপারেশানের সময়ে বিদ্যুতের অভাবে গ্যাস সিলিন্ডার ফেটে গেছে, এবং বিদ্যুতের অভাবে ইথার ফেটে গিয়েছে হাসপাতালে। বিদ্যুতের অভাব আজকে সারা পশ্চিমবাংলাতে এবং এই যখন অবস্থা, তখন অর্থমন্ত্রী পরিসংখ্যান দিয়ে বিধানসভাতে বসে তাঁর বাজেট বিবৃতিতে বলেছেন যে, পশ্চিমবাংলাতে নাকি বিদ্যুতের অভুতপূর্ব উন্নতি ঘটেছে, এবং আগামী এত সালের মধ্যে পশ্চিমবাংলাতে বিদ্যুতের জোয়ার বহিয়ে দেবেন। কিন্তু আমরা দেখছি, পশ্চিমবাংলার সরকার কোনও ক্ষেত্রেই সফল হতে পারেন নি। শিল্পক্ষেত্রে পশ্চিমবাংলা আজকে অনেক পিছিয়ে গেছে। রাজ্যের বার্ষিক যোজনাতে দেখছি যে, এগ্রিকালচারের ক্ষেত্রে এত টাকা বাড়ানো হল, স্বাস্থ্য খাতে এত টাকা বাড়ানো হল, বিভিন্ন জায়গাতে শুধু বাড়াবার কথাই বলে চলেছেন। কিন্তু অর্থের যে পরিসংখ্যান আপনারা দিয়েছেন, তাতে আমি মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করি, প্রকৃতপক্ষে রাজ্যের উন্নয়ন খাতে আপনারা যে অর্থ বরাদ্দের ঘোষণা করেছেন, সেটা কি প্রকৃত? না, যা হওয়া উচিত ছিল, তা থেকে অনেক কম করেছেন সব খাতে? আমরা দেখছি, কৃষিক্ষেত্রে, পূর্ত খাতে এবং স্বাস্থ্য খাতের কোথাও কিছু বৃদ্ধি আপনারা করেন নি। অর্থাৎ পশ্চিমবাংলার যে সমস্ত এসেনসিয়াল দপ্তর আছে, সেখানে বরাদ্দ কিছুমাত্র বাড়ানো হয় নি। বরং আগের থেকে বরাদ্দ কমে গেছে এই সমস্ত এসেনসিয়াল বিভাগগুলিতে। এবারের যে বাজেট প্লেস করেছেন, তাতে যদি সমান্তরাল রেখা টানি তাহলে আমরা এই চিত্র দেখতে পাই। ১৯৮০-৮১ সালে পশ্চিমবাংলাতে এগ্রিকালচারে বরাদ্দ ছিল ২০.২৮ শতাংশ, আর আজকে সেখানে তা করা হয়েছে ১৮.০৩ শতাংশ, তাহলে বরাদ্দ বেড়েছে, না কমেছে? অথচ বক্তৃতা দিয়ে বলছেন যে, এত বাড়িয়েছি এগ্রিকালচারে। প্রকৃত চিত্রটা তাহলে কি দেখতে পাচ্ছি? গত বছরে যা বরাদ্দ করেছিলেন,

এ বছরে তা কম রাখা হয়েছে। গত বছরে কো-অপারেটিভের ক্ষেত্রে বরাদ্দ ছিল ১.৭০ শতাংশ, এবারে তা করেছেন ১.৩৫ শতাংশ। ওয়াটার পাওয়ার ডেভেলপমেন্টের ক্ষেত্রে গত বছরে বরাদ্দ ছিল ৩৫.৯৮ শতাংশ, এবারে তা হয়েছে ৩৪.০৩ শতাংশে, অথচ জনস্বাস্থ্য রক্ষার্থে পাইপ ওয়াটার সাপ্লাই হওয়া একান্ত প্রয়োজন। সোস্যাল কমিউনিটি সার্ভিসের ক্ষেত্রে গত বছরে বরাদ্দ ছিল ২৫.৯০ শতাংশ, এবারের বাজেটে তা কমে দাঁড়িয়েছে ২৪.০৮ শতাংশে। মেডিকেলের ক্ষেত্রে গতবারে ছিল ৪.৯৬ শতাংশ, অথচ এবারে তা কমে দাঁড়িয়েছে

[5-35 — 5-45 p.m.]

৪.০৭ শতাংশে। অথচ বাজেট বক্তব্যে আপনি বলেছেন যে আবার বরাদ্দ বাড়িয়েছি, পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য। কেউ না থাকে যদি আপনারা আমাদের সাথে থাকেন আপনাদের আশীর্বাদ নিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের উন্নয়নের চাকা গড় গড় করে গড়িয়ে যাবে। এই আপনাদের উন্নতির লক্ষ্যণ? গত বারে আপনারা যে কথা বলেছিলেন, এবার যে কথা বললেন, সেখানে আপনার দেওয়া পরিসংখ্যান প্রমাণ করেছে পশ্চিমবাংলা এগিয়ে যাবার পরিবর্তে, অগ্রগতির পরিবর্তে অধগতির দিকে নিয়ে যাবার জন্য কয়েকটা কথা বললেন, কয়েকটা বাক্য জালের অবতারনা করলেন। আপনারা এই পথে এগিয়ে চলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিক্ষা মন্ত্রীকে বলতে চাই যে, আপনি বলেছেন শিক্ষা ক্ষেত্রে আপনি সুন্দর পরিবেশ গড়ে তুলেছেন। শিক্ষা মন্ত্রীকে বলতে পারি আপনি কি শিক্ষা ক্ষেত্রে কোনওরকম রাজনৈতিক অনুপ্রবেশ ঘটান নি? মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী থাকলে ভালো হ'ত, আমি একটা কলেজের নাম করব না, দরকার হলে কলেজ সারভিস কমিশন থেকে জেনে নেবেন নাম করলে সেখানে প্রিন্সিপালের উপর হামলা হবে। সেখানে কলেজ সারভিস কমিশন ১২ জন প্রফেসার প্যানেল করে পাঠান, সেখানে পোস্ট খালি ছিল। সেখানে প্যানেল হওয়ার পর কলেজ গভর্নিং বডি ১২ জনের নাম অ্যাপ্রুভ করেন। কিন্তু সেখানকার এক জন এম.এল.এ বামফ্রন্ট সরকারের গভর্নমেন্ট নমিনি সেখানে উপস্থিত ছিলেন না। পরবর্তী দিনে তিনি সেখানে উপস্থিত হয়ে বললেন যে এরা আমাদের দলীয় সমর্থক নয়, এরা আমাদের পরিচিত নয়, এই ১২ জনকে এই কলেজে ঢুকতে দেওয়া হবে না। ফারদার মিটিং করে রেজোলিউশন করা হলো, তাদের যে গভর্নিং বডি রেজোলিউশন ছিল সেই গভর্নিং বডি রেজোলিউশন বাতিল করা হ'ল এবং কলেজ সারিভস কমিশন এর কাছ থেকে নাম ফেরত পাঠিয়ে দেওয়া হ'ল। কলেজ সারভিস কমিশন প্রিন্সিপালকে শো কজ করলেন তাদের নাম কেন আপনারা গ্রহণ করলেন না। এই কলেজ সার্ভিস কমিশন বর্তমান বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর গঠন করেছেন অথচ সেই কলেজ সারভিস কমিশন যে নামগুলো কলেজে পাঠিয়েছে, যেহেতু সেই নামগুলো এম.এল.এ এর মনঃপুত নয় তাই গভর্নিং বডিকে রেজোলিউশন করতে হচ্ছে, তাদের আগের রেজোলিউশন বাতিল করে বলা হচ্ছে সেখানে ১২ জন শিক্ষক নেওয়া হবে না। আজকে শিক্ষার ক্ষেত্রে রাজনৈতিক অনুপ্রবেশ ঘটেনি? তাহলে এটা কোন নীতি? শিক্ষার ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এনেছেন, কিছু বেতন মুকুব করে দিয়েছেন, কিন্তু জিজ্ঞাসা করি কিশলয় কবে যায়, গণিত কবে যায়, ইংরাজি বইগুলো কবে যায় প্রাথমিক স্তরের স্কুল গুলিতে? কোথায় সেপ্টেম্বর মাসে কোথায় অক্টোবর মাসে সেই সমস্ত বইগুলো পৌঁছায়। কেন

আজকে পরীক্ষা বাতিল করে দিলেন? পরীক্ষা তুলে দিলেন এই কারণে, ডিসেম্বর মাসে পরীক্ষা হয় আর অক্টোবর মাসে বই পায় কি করে ছেলেরা পরীক্ষা দেবে। আপনারা বললেন যে পরীক্ষা তুলে দিচ্ছি, পরীক্ষা তুলে দিতে বাধ্য হয়েছেন সময় মতো ছেলেদের হাতে বইগুলো পৌছায় না বলে। কিশলয়? আজকে চলে যান কলেজ স্ট্রিট মার্কেটে পাবেন ৫/৬ টাকা দিয়ে, পাবেন পারিজাত রিডার, গণিত বই, সব পাবেন ঐ সমস্ত স্কুলের বই পাবেন ঐ কলেজস্ট্রিট মার্কেটে। এই বইগুলো সরকারের, বাজারে বিক্রয় হবার কথা নয়, এইগুলি সরকার স্কুলে বিনা পয়সায় পাঠাবে। তাহলে কি শিক্ষা দপ্তর কালোবাজারিরা নিয়েছে। কালোবাজারির পথে সেই বইগুলো চলে যাচ্ছে, এইগুলো সরকারের দৃষ্টি পড়ে না? কলেজ স্ট্রিটে বেশি পয়সা দিলে কিশলয় পাবেন, গণিত পাবেন পারিজাত রিডার পাবেন, আপনাদের সরকার কালোবাজারিকে মদত দিচ্ছে এবং অভিবাবকদের বাধ্য করেছেন কালোবাজার থেকে বই কিনতে। পরিশেষে শুধু একটা কথা বলতে চাই, আজকে কোথায় অবস্থাটা নিয়ে এসেছেন। ১৯৭৭ সালে এই পশ্চিমবাংলায় ৪৩ পারসেন্ট বাঙালি ছেলে চাকুরি পেয়েছে, কিন্তু আজকে আপনাদের দৌলতে ১৯৭৯ সালে ৪১ পারসেন্ট ছেলে চাকুরি পেয়েছে। আজকে কিসের জন্য বিভিন্ন জায়গায় স্থানীয় বেকাররা চাকুরির জন্য দাবি করছে। আজকে ডানকুনিতে বিক্ষোভ, আসানসোলে বিক্ষোভ, হলদিয়ায় বিক্ষোভ, বাঁকুড়ায় বিক্ষোভ। আপনাদের এই কথা বলতে চাই—প্রাদেশিকতার নজীর না তুলে বলব—সর্বক্ষেত্রে যাতে এই ভাষা-ভাষীর রাজ্যে এই প্রদেশের ছেলেরা বেশি করে সংস্থান পায় তার জন্য সরকারকে দেখতে হবে। নতুবা বিভিন্ন জায়গায় বিক্ষোভ দেখা দেবে। আপনাদের এই অনাদর নীতির যদি বেকার ছেলেদের মধ্যে ইন্ধন যোগায় তাহলে এই বিক্ষোভের জন্য এই সরকারই দায়ী। আপনাদের কাছে আবার বলব, বাক্যের প্রোলেপ জুড়ে কতকগুলো ভাঁওতা দিয়ে মানুষকে বিভ্রান্তের পথে ঠেলবেন না। বামফ্রন্ট সরকারের কাছে মানুষ এটা আশা করে না। যদিও আপনাদের এই বাজেটে কিছু কিছু ভাল কথা ছিল কিন্তু আবার আমি সেই প্রথম কথা দিয়ে শেষ করছি, এই বাজেট একটা বোগাস বাজেট। ১৯৮০/৮১ সালের এই বাজেট এই বোগাস বাজেটকে কখনই সমর্থন করতে পারি না। জয় হিন্দ।

**শ্রী সদাকান্ত রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট বক্তৃতার চতুর্থ দিন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এই সভায় পেশ করেছেন এই বাজেটকে সমর্থন করে আমি কিছু বলতে চাই। বিরোধী বন্ধুদের চার দিন ধরে বহু বক্তৃতা শুনলাম। এবং তাদের বক্তৃতা শুনে মনে হোল যে তাদের সমালোচনা করার কিছু নেই। ঐ একই কথা বলে যাচ্ছেন—যা খুশি তাই বলে যাচ্ছেন। শিক্ষার ক্ষেত্রে সরকার নাকি অরাজকতা এনেছেন। ১০ শ্রেণী পর্যন্ত বেতন মুকুব করা এত প্রাইমারি স্কুল চার বছরের মধ্যে রেকমেন্ডেশন দেওয়া একে যদি বলেন শিক্ষার সংকোচন তাহলে শিক্ষার সংকোচন বলতে কি বুঝায় তা আমার জানা নাই। আজকে ওঁরা নানা রকমভাবে কিছু বুদ্ধিজীবীকে নিয়ে বিভিন্নভাবে আন্দোলন করছেন—আমাদের সরকার নাকি শিক্ষার সংকোচন করছেন। বিগত সরকারের আমলে আমরা স্বাধীনতার পর থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত বেতন মুকুব করার জন্য আন্দোলন করেছি। কিন্তু সেখানে তারা বলেছিলেন এত টাকা পাব কোথায়? কিন্তু আমরা পারলাম কি করে? সদিচ্ছা থাকলে পর সীমিত ক্ষমতার মধ্যেও কিছু করা যায়। আজকে আমরা ১০ম শ্রেণী পর্যন্ত

বেতন মুকুব করতে পেরেছি। আজকে আমরা বলছি যে প্রাথমিক স্তরে ইংরাজি না হলেও চলবে। আমরা জানি আজকে বহু প্রদেশে প্রাথমিক স্তরে মাতৃভাষায় শিক্ষা দেওয়া হচ্ছে। কিন্তু সেখানে তো এই আন্দোলন হচ্ছে না। কিন্তু আমাদের এখানে প্রাথমিক স্তরে ইংরাজি না থাকায় বহু মুশকিল হয়ে গেল। আমরা তাহলে কি বুঝব? আমরা জানি ইংরাজি তো প্রশ্ন নয়, কারণ ষষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ইংরাজি তো বাধ্যতামূলক থাকছে। কাজেই নানারকমভাবে কিছু বুদ্ধিজীবী মনে করছেন যে বোধ হয় কি না হয়ে গেল। আজকে এস.ইউ.সি-র নেতৃত্বে অনেকে আন্দোলন করছেন। এই তো হোল ওঁদের চরিত্র। কৃষি ক্ষেত্রে এই চার বছরে বামফ্রন্ট সরকার যা করেছে, আজকে সেখানে মিনিকিট থেকে আরম্ভ করে সার বীজ দিয়ে কৃষি ক্ষেত্রে প্রভূত উন্নতি করেছে। এর জন্য নিশ্চয় বামফ্রন্ট সরকার কৃতিত্বের দাবি করতে পারে। কৃষকদের যে কৃষি ঋণ মুকুব করেছে এটা কি অন্যায় করেছে? বামফ্রন্ট সরকার জোর গলায় বলেছিলেন যে কৃষকদের স্বার্থে গরিব জনগণের স্বার্থে আমরা কি করতে চাই। আমরা যে ৩৬ দফা কর্মসূচি নিয়েছি তাতেই এই কথা বলেছিলাম এবং সেইজন্যই আমরা ৪০ কোটি টাকা কৃষি ঋণ মুকুব করেছি। গত বছরের আগের বছর গেল বন্যা কোনও কোনও জায়গায় গেল খরা। তাই কৃষকদের ঋণ মুকুব করা খুবই মুশকিল। তাই আমরা ঋণ মুকুব করে দিয়েছি। এটা কি অন্যায় হয়েছে? আমরা ২৮ হাজার কৃষককে যে পেনসন দিচ্ছি এটা কি অন্যায় করেছি? যে কৃষক সেই বৃটিশ আমল থেকে আরম্ভ করে গত ৩২ বছর ধরে বঞ্চিত হয়ে আছে তাদের কথা কি ওঁরা ভেবেছেন? আপনারা চিন্তা করেন নি। আজকে আমরা সেই কৃষককে পেনসন দিয়ে অন্যায় করেছি? বেশি টাকা আমরা দিতে পারি নি মাত্র ৬০ টাকা। কিন্তু আজকে আমরা তাদের স্বীকৃতি দিয়েছি সেটাই হচ্ছে বড় কথা। সরকারি কর্মচারীরা হাজার হাজার টাকা মাইনা পায় এবং পেনসনও বেশি পায়। সেখানে কৃষক জলে রোদে পুড়ে দেশের কোটি কোটি লোকের খাদ্য যোগায়—আজকে বামফ্রন্ট সরকার তাদের পেনসনের ব্যবস্থা খুব সঙ্গত কাজই করেছেন। তাদের স্বীকৃতি দিয়ে নিশ্চয় অন্যায় করেন নি। বিরোধী পক্ষরা যা খুশি তাই বলছেন। এই থেকেই বোঝা যায় যে এদের সমালোচনা করার কিছু নেই। বাজেট প্রেস করার পর দিন কাগজে দেখেছি বিরোধী নেতাদের কিছু বক্তব্য। তাতে দেখেছি সমালোচনা করার মতো এমন কিছু তাদের নেই। কিছুক্ষণ আগে পর্যন্ত গত চার দিন যাবৎ ওঁদের বক্তব্য শুনছি সব আবোল তাবোল যা খুশি তাই বলে যাচ্ছেন—বিরোধিতা করতে হবে তাই যা খুশি তাই বলতে হবে। গঠনমূলক কোনও সমালোচনা করলে নিশ্চয় আমরা সেটা গ্রহণ করতাম। পঞ্চায়েত সম্বন্ধে নানারকম কথাবার্তা শুরু করেছেন। কারণ আমরা এই ১৭ বছর পরে পঞ্চায়েত নির্বাচন করলাম। আগে ওঁদের পঞ্চায়েত ছিল। কিন্তু এত দিন ধরে ওঁরা কি কাজ করেছেন? গ্রামের সাধারণ গরিব লোক ক্ষেতমজুর বর্গাদার তারা আজকে পঞ্চায়েতে এসেছে গ্রামের লোকের দ্বারা ভোটে নির্বাচিত হয়ে এবং তারা আজকে গ্রামের লোকের জন্য কিছু করছে, গ্রামের কিছু রাস্তা-ঘাট তারা তৈরি করছেন। এটা কি অন্যায় কাজ করছেন?

[5-45 — 5-55 p.m.]

আগে গ্রামের মোড়ল, জোতদার ইত্যাদিরা পঞ্চায়েতের সদস্য হ'ত, প্রধান হ'ত আর

আজকে গ্রামের গরিব মানুষরা সেই পঞ্চায়েতের প্রধান হয়েছেন, সদস্য হয়েছেন তাই ওঁরা সেটা বরদাস্ত করতে পারছেন না। ওঁরা বলছেন, ঐ দরিদ্র কৃষক পঞ্চায়েতের সদস্য হবে এটা কেমন কথা? তারপর কংগ্রেস আমলে মিনিকিট যেগুলি কৃষকদের মধ্যে বিলি করার জন্য দেওয়া হ'ত কেউ জানতো না সেগুলি কোথায় যেত। গ্রামের দরিদ্র কৃষকরা মিনিকিট কাকে বলে সেটা জানতোই না। সেই মিনিকিট যেত বড়লোকদের বাড়িতে। আজকে কিন্তু তা হচ্ছে না, সেই মিনিকিট পাচ্ছে গ্রামের গরিব কৃষকরা। পঞ্চায়েতের মাধ্যমে আজকে এত কাজ হচ্ছে তাই এঁরা সেটা সহ্য করতে পারছেন না। ওঁদের আমলে ১৭ বছর ধরে পঞ্চায়েতগুলির কি চেহারা ছিল এবং আজকে ৩।। বছরে পঞ্চায়েতগুলির কি চেহারা হয়েছে সেটা দেখলেই সমস্ত চিত্রটা পরিষ্কার হয়ে যাবে এবং সেখানে দুটি আমলের তফাতটাও বোঝা যাবে। আজকে পঞ্চায়েতের মাধ্যমে রাস্তাঘাট হচ্ছে, টিউবওয়েল হচ্ছে, কৃষকদের সাহায্য করা হচ্ছে তাই ওঁরা এটা সহ্য করতে পারছেন না। তারপর বর্গা রেকর্ড নিয়ে ওঁরা অনেক কথা বলেছেন। আজকে ১০ লক্ষ বর্গাদারের নাম রেকর্ড করা হয়েছে। বর্গাদারের নাম রেকর্ডভুক্ত হবার ফলে তারা সরকারি সাহায্য, লোন, অন্যান্য সুযোগ সুবিধা পেতে পারবে এবং এতে তাদের স্থায়িত্ব সম্পর্কেও তারা সুনিশ্চিত হতে পারবে। আগে যেমন জোতদাররা ইচ্ছা করলেই তাদের উচ্ছেদ করতে পারতো এখন সেই সুযোগ জোতদাররা আর পাবে না তাই এসব কারণে ওঁরা এই বর্গা রেকর্ডের ব্যাপারটা ভালো মনে গ্রহণ করতে পারছেন না। তারপর শিল্পে সঙ্কটের কথা ওঁরা বলেছেন। আমি ডিটেলসে যাব না, আমি শুধু বলব, বিগত সরকারই এই শিল্প সঙ্কটের জন্য দায়ী। তারপর ওঁরা বেকারদের কথা বলে অনেক চিৎকার করলেন। বিরোধীদলের সদস্য একজন প্রাক্তন মন্ত্রী তিনিও বললেন, বেকার এত বাড়ছে কেন? আমি তাঁকে বলব, ৪ বছর আগে তো আপনারা শাসন ক্ষমতায় ছিলেন, এই বেকারবাহিনি তো আপনাদেরই সৃষ্ট, আমরা মাত্র ৩।। বছর ক্ষমতায় এসেছি, এই সীমিত ক্ষমতায় আমরা আর কি করতে পারি। এ তো আপনাদেরই কৃতকর্মের ফল। তারপর মুদ্রাস্ফীতির কথা বলা হয়েছে। আমরা দেখেছি বারবার কেন্দ্রীয় সরকার ডেফিসিট বাজেট পেশ করছেন এবং নোট ছাপিয়ে চলেছেন যার জন্যই এই মুদ্রাস্ফীতি এবং দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটছে। এরজন্য কেন্দ্রীয় সরকারই দায়ী। আমি দেখেছি কোনও কোনও জায়গায় পোস্টার দেওয়া হয়েছে, "দ্রব্যমূল্য বৃদ্ধি হ'ল কেন বামফ্রন্ট সরকার জবাব দাও", আমি বলব, আপনারা তো ভালোভাবেই জানেন এরজন্য কে দায়ী? আপনারা জেনেশুনে মানুষকে এইভাবে ভুল বোঝাচ্ছেন কেন? তারপর বিদ্যুৎ সঙ্কট নিয়ে অনেক কথা বলা হ'ল। এই বিদ্যুৎ ঘাটতির জন্য তো বিগত কংগ্রেস সরকারই দায়ী। তাদের ব্যর্থ পরিকল্পনার জন্যই আজকে আমাদের ফল ভোগ করতে হচ্ছে। মাত্র তিন বছর তো আমরা ক্ষমতায় এসেছি এর মধ্যে আমরা আর বেশি কি করতে পারি। স্যার, কংগ্রেসি সরকার গত ৩০ বছর ধরে যে সব অপকর্ম করে গিয়েছেন তার ফলই আজকে আমাদের ভোগ করতে হচ্ছে কিন্তু তবুও এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সীমিত ক্ষমতা নিয়েও জনগণের কল্যাণের জন্য অনেক কাজ করার চেষ্টা করছেন এবং দেখেছি সেই সমস্ত ভালো কাজেও ওঁরা বাধা দেবার চৈষ্টা করছেন। এই বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী হবিবুর রহমানঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মনোযোগ সহকারে এই বইটি

পড়েছি। এই বইটা পড়ে একটা জিনিস আমি উপলব্ধি করেছি যে এই বইটির রচনায় আছেন প্রমোদ দাসগুপ্ত অ্যান্ড কোম্পানি এবং প্রকাশনায় আছেন মিত্র অ্যান্ড কোম্পানি। এই বইটি অশোক বাবুর মন্ত্রনালয় থেকে রচিত হয়নি। এটা প্রমোদ দাসগুপ্ত বাবুর মন্ত্রনালয় থেকে রচিত হয়েছে এবং তিনি এটা প্রকাশনায় নিয়ে এসেছেন। আজকে মিঃ মিত্রকে স্মরণ করিয়ে দিতে চাই যে আজকে বিধানসভার দিকে সারা পশ্চিমবঙ্গের কোটি কোটি মানুষ তাকিয়ে আছে। আজকের বিধানসভার সিদ্ধান্ত আগামী এক বছরের গতি কোন দিকে যাবে সেটা নির্দেশ করছে। এখানে একটা রাজনৈতিক দলের বক্তৃতা উত্থাপন করে, একটা ভাওতাবাজি সমৃদ্ধ পুস্তিকা উত্থাপন করে আজকে পশ্চিমবঙ্গের মানুষের সঙ্গে ধোকাবাজী করেছেন, বিশ্বাসঘাতকতা করেছেন। আমরা এই ব্যাপারে আইনজ্ঞদের পরামর্শ নিচ্ছি দরকার হলে মিঃ মিত্রকে কোর্টের কাঠ গড়ায় হাজির করাব। এই রকম বিশ্বাসঘাতকতার অপরাধে হাইকোর্টে হাজির করানো যায় কিনা সেই সম্পর্কে আমরা আইনজ্ঞদের পরামর্শ নিচ্ছি, এটা আপনি জেনে রাখুন। যদি আইনের মাধ্যমে এটা সম্ভব হয় তাহলে সামনে জনসাধারণের কাছ থেকে যে শাস্তি পেতে হবে তখন চোখের জলে মাটি শিক্ত হয়ে যাবে, এটা জেনে রাখবেন মিঃ মিত্র। এই পুস্তিকা সম্পর্কে দু'একটি কথা আমি বলতে চাই। প্রথমে কৃষি দপ্তরের কথা বলা হয়েছে। মাননীয় কমলবাবু, কৃষিমন্ত্রী, তাকে ভাল মানুষ পেয়ে কতকগুলি সার্থ সিদ্ধি করে নিচ্ছেন। আমি সে সম্পর্কে এখন বলছি না, কৃষি বাজেটে বলব। এখানে সুনীতিবাবু এবং আরও অন্যান্য বক্তারা বলেছেন যে এটা পার্টি ফান্ড তৈরি করার জন্য এই ব্যাপারটা আনা হয়েছে। এই পার্টির টাকা কিভাবে সংগৃহীত হচ্ছে সেটা একটু শুনুন। ১৯৭৭ সালে লোকসভার নির্বাচন যখন হয়, অর্থমন্ত্রী যতীনবাবুকে জিজ্ঞাসা করবেন, তমলুকে সরকারি ইটের দাম ৩০৮ টাকা থেকে ৪১০ টাকায় নিয়ে যাওয়া হল। আমার কাছে খবর আছে যে বেসরকারি সংস্থার মালিকরা নির্বাচনী তহবিলে মোটা টাকা উৎকোচ দিয়ে সরকারি ইঁটের দাম ৩০৮ টাকা থেকে ৪১০ টাকায় নিয়ে গিয়েছিলেন। বেসরকারি উৎপাদক মালিকদের ইঁট বিক্রয় হচ্ছিল না, তাদের বাজার মন্দা ছিল। তারা নির্বাচনের সুযোগ নিয়ে পার্টি তহবিলে মোটা উৎকোচ দিয়ে ১০০ টাকা ইঁটের দাম বাড়িয়ে দিয়ে মুনাফা লুটতে হবে। এইত চরিত্র, এই চরিত্র কে না জানে। মাননীয় কৃষি মন্ত্রী কমলবাবুর প্রশংসা করে অনেকে বক্তব্য রেখেছেন। আজকে যদি কৃষি বিপ্লব এসে থাকে তাহলে কেন্দ্রের কাছে খাদ্যের জন্য ভিক্ষা চাইছেন কেন? কেন্দ্রের বিরুদ্ধে বিষোদ্গার করছেন কেন? নীহারবাবু বলেছেন যে বৈজ্ঞানিক ভিত্তিতে মিনিকিট বন্টন হয়েছে এবং তারই প্রতিফলন হচ্ছে। আপনারা বৈজ্ঞানিক ভিত্তির কথা বলেছেন। কোন বৈজ্ঞানিক ভিত্তিতে এই মিনিকিট বিলি করেছেন? আজকে এই রহস্য ঢাকবার জন্য ইন্দিরা গান্ধীর কথা, সীমিত ক্ষমতার কথা, সীমিত তহবিলের কথা, কোটি কোটি টাকা ঋণ মকুবের কথা বলছেন এবং তার মধ্যে দিয়ে মুনাফা লুঠতে চাইছেন। দেশের জনসাধারণ এতে বিভ্রান্ত হবেনা। কিন্তু কমলবাবু জেনে রাখুন, আপনার দলের লোককে এই মুনাফা ওরা দেবেনা। কৃষিঋণ বিলি করার দরুন, ভুয়া কৃষিঋণ বিলি করার দরুন যদি হাজার হাজার টাকা পার্টি ফান্ডে এসে থাকে তাহলে সেটা এসেছে ওদের পার্টি ফান্ডে। আপনাদের পার্টি ফান্ডে সেটা আসেনি। আপনাকে ভাল মানুষ পেয়ে এই অন্যায় কাজটা ওরা করিয়ে নিচ্ছে। আজকে কৃষিতে বিপ্লবের কথা বলছেন, উৎপাদনের কথা বলছেন। কিন্তু একথা সত্য যে আজকে প্রাকৃতিক আবহাওয়া থাকার জন্য এই উৎপাদন হয়েছে। যে সরকার কৃষি উৎপাদনের জন্য

[5-55 — 6-05 p.m.]

সেচের ব্যবস্থা করতে পারে না, একটা ডিপ টিউবওয়েল বসাতে পারে না, বিগত কংগ্রেস সরকার যে সমস্ত সেচের প্রকল্পগুলো বাস্তবায়িত করেছেন, আজকে সেইগুলোকে চালু রাখতে পারেন নি, সেই সরকার এবং মন্ত্রী মহাশয় কি করে দাবি করতে পারেন যে আমরা কৃষিতে বিপ্লব এনেছি। হ্যাঁ, উৎপাদন হয়েছে, সেটা হয়েছে প্রাকৃতিক অনুকূল আবহাওয়ার দরুন। আজকে মন্ত্রী মহাশয়কে জবাব দিতে হবে তাহলে আপনারা রেশনিং রেখেছেন কেন? আজকে যেখানে বলছেন যে খাদ্যে আপনারা স্বয়ং সম্পূর্ণ, এটা যদি বাস্তব সত্য হয় তাহলে রেশন কেন? আজকে কোটি কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিয়ে অপচয় কেন করছেন? একটা আড্ডাখানা তৈরি করেছেন রেশন দোকানের মাধ্যমে। আজকে কোটি কোটি টাকা ব্যয়ে জি.আর.পি. দিয়ে কর্ডনিং সিস্টেম রেখেছেন, অথচ দেখা যাচ্ছে ট্রাকের পর ট্রাক খাদ্য দ্রব্য আজকে কলকাতায় ঢুকছে, বস্তা বস্তা খাদ্য দ্রব্য আজকে ফুটপাথে বিক্রি হচ্ছে। তাহলে বিধিবদ্ধ রেশনিং এর মর্যাদা কোথায় রইল? আপনার রাজ্য যেখানে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ তাহলে আপনার রাজ্যের খাদ্য থেকেই কেন রেশনিং এর ব্যবস্থা করতে পারছেন না? কেন আপনারা কেন্দ্রীয় সরকারের বরাদ্দের উপর নির্ভরশীল হচ্ছেন? এই কথার জবাব কি আপনারা দিতে পারেন? খাদ্যমন্ত্রী প্রশ্নোত্তরের সময় বলেছিলেন যে অন্য রাজ্যে না কি চলে যাচ্ছে খাবার, তাহলে আন্তঃ-রাজ্য আইন যেটা রয়েছে সেই আইন রক্ষা করার কোনও উপযুক্ত ব্যবস্থা নেই? তাই যদি হয় তাহলে এখানে প্রশাসনিক ব্যবস্থা দুর্বল মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করছেন। কেন আজকে খাদ্য সংগ্রহের মাত্রা বাড়াতে পারছেন না? আজকে কেন জোতদারদের উপর লেভি ধার্য করে খাদ্য ভান্ডার বাড়াতে পারছেন না? এতে বুঝি জোতদাররা অসন্তুষ্ট হয়ে যাবেন? জমির মালিকদের উপর আজকে যদি লেভি ধার্য করতে যান, উৎপাদন ভিত্তিক লেভি যদি ধার্য করতে যান, আজকে যদি বাড়ি থেকে লেভি ধার্য করতে যান, তা করে যদি পশ্চিমবঙ্গের খাদ্য ভান্ডারকে পুষ্ট করতে চান, মিল মালিকরা অসন্তুষ্ট হবে—জোতদাররা অসন্তুষ্ট হবে, সেই জন্য আপনারা এই সব করতে চান না। অথচ আপনারা নাকি বলেন যে আপনারা পশ্চিমবঙ্গের মেহনতী মানুষের সরকার, লজ্জা করে না আপনাদের? লজ্জা থাকলে এইরকম বিপরীতমুখী কথা বলতেন না। এবার পরিবহনের কথা বলব। একটু আগে শুনলাম পরিবহনের ব্যাপারে তিন গুণ বেশি টাকা ব্যয় করছেন। কিন্তু যত গুন বেশি টাকা খরচ করছেন, আজকে কে না জানে যে তার চেয়ে বেশি গুন আজকে যাত্রী সাধারণের দুর্ভোগ বাড়ছে। আজকে কি বলতে পারেন, এই যে এত গুণ টাকা বৃদ্ধি করেছেন, জনসংখ্যা কি এত বেড়েছে? যদি জনসংখ্যা এত বেড়ে না থাকে তাহলে এত টাকা বরাদ্দ করার পর, তিন গুণ অধিক টাকা ব্যয় করার পর আজকে যাত্রী সাধারণের দুর্ভোগের চূড়ান্ত হচ্ছে কেন? এই প্রশ্নের জবাব আপনাকে জনসাধারণের কাছে দিতে হবে। বিদ্যুতের কথায় আসি, যেটা আজকের যুগে—বিদ্যুৎ ছাড়া কোনও দেশের উন্নতি হতে পারে না, কোনও মানুষের অগ্রগতি হতে পারে না। সেই বিদ্যুতের কথা বলতে গেলেই ওঁরা বলবেন যে কংগ্রেসি আমলে যন্ত্রের মেরামতি হয়নি। আমি কিন্তু একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই, আজকে লুথার সাহেব ডি.ভি.সি.'তে যে নজীর সৃষ্টি করেছেন, এর থেকে আজকে জ্যোতিবাবুর শিক্ষা পাওয়া উচিত, বামফ্রন্ট সরকারের শিক্ষা হওয়া উচিত। যদি আজকে

দক্ষতা থাকে, সদিচ্ছা থাকে তাহলে পশ্চিমবাংলায় এই কংগ্রেসের প্রতিষ্ঠিত যন্ত্র থেকে আরও অধিক বিদ্যুৎ উৎপাদন আপনারা করতে পারতেন। এই নজীর লুথার দেখিয়ে দিয়ে গেছেন। আজকে ঐ কংগ্রেসের আমলে ডি.ভি.সি. থেকে যে বিদ্যুৎ উৎপাদন হতো; ঐ যন্ত্র থেকেই, লুথার তাঁর এক নিষ্ঠুরতার পরিচয় দিয়ে তাঁর সদিচ্ছার পরিচয় দিয়ে, তাঁর দক্ষতার নজীর স্থাপন করে আজকে বেশি বিদ্যুৎ উৎপাদন করে পশ্চিমবঙ্গকে সেই বিদ্যুৎ নিতে বলছেন, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার বলছেন যে আমরা সেই বিদ্যুৎ নিতে পারছি না। আজকে এই ঘটনার পরও যদি জ্যোতিবাবুর সরকার বলেন যে কংগ্রেস আমলের যন্ত্র সব বিকল, আমি জানিনা, তাঁর যদি লজ্জা থাকত তাহলে মুখে চুন কালি মেখে ঘোমটা টেনে রাইটার্স থেকে বিদায় নিতেন। লজ্জা বলে যদি কোনও জিনিস থাকত তাহলে মুখে চুন-কালি মেখে রাইটাস বিল্ডিংস থেকে বেরিয়ে যেতেন। আগামী দিনে অবশ্য শুধু চুন-কালি নয়, সেই সঙ্গে মাথায় ঘোল ঢেলে মানুষ আপনাদের বিদায় করবে।

এর পরে আমি শিক্ষার বিষয়ে বিশেষ কিছু বলতে চাই না। শিক্ষা এবং পঞ্চায়েতের দুর্নীতির ব্যাপারে এই বিধানসভায় এত বেশি আলোচনা হয়েছে যে, সেটা আর নতুন করে কিছু বলবার অপেক্ষা রাখে না। শিক্ষা এবং পঞ্চায়েতের ব্যাপারে সারা পশ্চিমবাংলার আকাশ-বাতাস দুর্নীতিগ্রস্ত হয়ে রয়েছে এবং এর বিরুদ্ধে সারা পশ্চিমবাংলা সোচ্চার হয়ে উঠেছে। অন্যান্য বক্তারা অনেক কিছুই বলেছেন, আমি শিক্ষার ব্যাপারে এখানে শুধু একটি উদাহরণ দেব। এখানে যে বিড়লা ইন্সটিটিউট অফ টেকনোলজি রয়েছে সেখানে আমাদের এই বিধানসভার অধ্যক্ষ মহাশয় সভাপতি। অন্য কেউ নয়, কোনও এম.এল.এ. বা প্রোফেসর নয়, পশ্চিমবাংলার যেখানে আইন তৈরি হয়, যেখানে শিক্ষা নীতি তৈরি হয় সেখানকার যিনি—সেই সভার—অধ্যক্ষ তিনিই হচ্ছেন ঐ শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি। সেখানে ছাত্র ভর্তির উদ্দেশ্যে একটি সার্কুলার দেওয়া হয়েছিল এবং সেই সার্কুলার অনুসারে ছাত্ররা দরখাস্ত করেছিল। তারপর যে সমস্ত ছাত্রদের সেখানে সিলেকশন করা হয়েছিল ভর্তি হবার জন্য তারা যখন সেখানে ভর্তি হতে গেল তখন সেই কলেজের অধ্যক্ষকে শিক্ষামন্ত্রী শম্ভুবাবু বিনা কারণে একটা নোটিশ জারি করে বলে দিলেন, কাউকে ভর্তি করবেন না। এবং সেই সব ছাত্রদের সিলেকশন কমিটির অ্যাপ্রুভ লিস্ট থেকে বাদ দেওয়া হ'ল এবং তারপর আবার অ্যাডভার্টাইজমেন্ট হল। অর্থাৎ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হল এবং সেখানে নতুনভাবে আবার সিলেকসন করা হলো। কিন্তু পূর্বেকার যে সমস্ত ছাত্ররা সিলেকটেড্ হয়েছিল তাদের মধ্যে ১৮-জন ছাত্র হাইকোর্টের আশ্রয় নিয়েছিল এবং হাইকোর্ট থেকে নির্দেশ দেওয়া হয়েছিল যে, এই ১৮ জনকে এই বছরেই ভর্তি করতে হবে। এর পরে তাদের ৪ঠা ফেব্রুয়ারি ভর্তি করা হবে বলে কলেজের অধ্যক্ষ তাদের চিঠি দিয়েছিলেন। কিন্তু ৪ঠা ফেব্রুয়ারি থেকে বেশ কয়েক দিন ধরে ঐ সমস্ত ছাত্ররা ঐ কলেজে গিয়ে ঘুরে এসেছে, অথচ সেখানে কোনও ভর্তির ব্যবস্থা নেই তখন ঐ ছাত্ররা—তাদের শিক্ষায় আগ্রহ আছে, এ ব্যাপারে তাদের নিজেদের কোনও গলদ নেই—আবার হাইকোর্টের স্মরণ নিল, তারা হাইকোর্টকে বলবে, মহামান্য হাইকোর্ট আপনার নির্দেশ অমান্য করে কলেজের অধ্যক্ষ গা-ঢাকা দিয়েছেন। তখন আবার হাইকোর্ট নির্দেশ দিলেন, এদের অমুক তারিখের বেলা সাড়ে ১০টা থেকে দেড়টার মধ্যে ভর্তি করতে হবে এবং ভর্তি হতে যাতে কোনও অসুবিধা না হয় তার জন্য অধ্যক্ষ যেন উপস্থিত থাকেন।

কিন্তু দুঃখের বিষয় হচ্ছে ছাত্ররা ভর্তি হতে গিয়ে দেখল অধ্যক্ষ আবার পালিয়েছে, ফলে ছাত্রদের আবার ভর্তি হওয়া হলো না। আইন-সভার অধ্যক্ষ, অর্থাৎ আমাদের মাননীয় অধ্যক্ষ মহাশয় যেখানকার সভাপতি সেখানে যদি এইরকম দুর্নীতি চলে, তাহলে আমরা কোথায় আছি? আমাদের শিক্ষা জগত কোথায় আছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার

[6-05 — 6-15 p.m.]

আমি আইন শৃঙ্খলার কথা একটু বলি। পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার অবনতির কথা আমি বলছি না। যেখানে আইন নেই সেখানে আইন-শৃঙ্খলার অবক্ষয়ের কথা বলে কোনও লাভ নেই। আমি পুলিশ মন্ত্রীর কাছে একটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই, পুলিশের আইনে কোনও বিধিবদ্ধতা আছে কিনা? এই কথা জিজ্ঞাসা করতে চাই, আইনে যদি বিধিবদ্ধতা থাকে তাহলে এই বামফ্রন্ট সরকারের আমলে পুলিশ আজকে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য কেন উর্ধ্বতন কর্তৃপক্ষের দিকে তাকিয়ে থাকবে? আপনারা জানেন, এই বিধানসভায় হাজার হাজার ঘটনার কথা উল্লেখ করা হয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেওয়া হয়েছে। আমার জিজ্ঞাসা, নির্দেশ কেন? একথা পুলিশকে কেন বলবে কন্ট্রোল করার জন্য। মাডারারকে দুষ্কৃতকারীকে শায়েস্তা করার জন্য যথেষ্ট ক্ষমতা দেওয়া আছে পুলিশকে। সেই পুলিশ যদি তার কার্য পালন না করে তাহলে সেই পুলিশের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে—একথা পুলিশ মন্ত্রী কেন বললেন না? এই বিধানসভায় তিনি দুটো স্টেটমেন্ট করেছিলেন। পশ্চিম দিনাজপুরে যে ঘটনা ঘটে গেলো তা অমানবিক। কিন্তু তিনি সেখানে কি বলছেন, We have asked the local administration to ensure that there is no harassment of ordinary citizens in the name of investigation. হ্যারাসমেন্টের কথা বলা হবে কেন? এনকোয়ারির নামে, ইনভেসটিগেসনের নামে যদি সাধারন মানুষ হ্যারাস হয় তাহলে পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা নেব এই কথা তিনি কেন বললেন না? রাজাপুরে একটা নৃশংস ঘটনা ঘটে গেল। সেখানকার অঞ্চল প্রধানের নেতৃত্বে সি.পি.এমের নির্বাচিত এম.এল.এর নেতৃত্বে এবং জেলা পরিষদের সভাপতির নেতৃত্বে যে ৪ জন বি.এস.এফের জোয়ান মারা গেল মানে হত্যা করা হলো সেই সম্পর্কে তিনি কি বললেন, জেলা শাসককে নির্দেশ দেওয়া হয়েছে যে, বাকী রাইফেল দুটি এবং গুলি সমূহ পুনরুদ্ধারের জন্য পুলিশি তৎপরতা যেন বাড়িয়ে দেওয়া হয়। একথাও বলা হয়েছে যে, তদন্তের ফলে এই ঘটনার সঙ্গে আসামী হিসেবে জড়িত আছে বলে যদি কাউকে মনে করা হয় তবে তাকে যেন অবিলম্বে গ্রেপ্তার করা হয়। একথা তিনি স্টেটমেন্টে বললেন। কিন্তু তিনি বললেন না, যদি অ্যারেস্ট না করা হয় তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেব এই কথা বললেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা নির্লজ্জ নজীর তুলে ধরেছেন। যেখানে ৪ জন সীমান্ত রক্ষী বাহিনীকে নৃশংসভাবে হত্যা করা হয়, কুপিয়ে কাটা হয় সেখানে তিনি বললেন দুঃখজনক ঘটনা। আর সি.পি.এমের গ্রাম প্রধান যার নেতৃত্বে এই নৃশংস ঘটনা ঘটেছে—তার নাকি বাড়ি ভাঙচুর হয়েছে—তাই তিনি বলেছেন গ্রাম প্রধানের বাড়ি এবং অফিস তছনছ করা হয়েছে। এটা একটা মর্মান্তিক ঘটনা। দুষ্কৃতকারী, হত্যাকারী প্রধানের বাড়ি ভাঙচুর করা হলো তাই সেটা মর্মান্তিক আর যে ৪ জন জোয়ানকে নৃশংসভাবে হত্যা করা হলো সেটা

হলো দুঃখজনক ঘটনা। ঐ জ্যোতিবাবুর পুলিশের মধ্যে বিশৃঙ্খলা এসেছে, তার নজির আমার কাছে যথেষ্ট রয়েছে, আজকে আর আমি বলবার সময় পেলাম না। শেষে তাই আবার বলছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বইকে বাজেট বলা চলে না, এই পুস্তিকা একটা রাজনৈতিক বক্তৃতায় ভরপুর একটি পুস্তিকা। তাই একে আমি সমর্থন জানাতে পারলাম না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঞ্চানন লেট ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। কংগ্রেস আমলে গরিব মানুষেরা খেয়ে, পরে বেঁচে থাকার কোনও ভরসা পায়নি, কিন্তু বামফ্রন্ট ক্ষমতায় আসার পর থেকে গরিব মানুষেরা ভরসা পাচ্ছে যে আমরা না খেয়ে মরব না। এই ভরসা তারা পাচ্ছে। কৃষকদের ঋণ মুকুব করেছেন বামফ্রন্ট সরকার, বর্গা রেকর্ড করে ক্ষেতমজুররা সারা বছরের মজুরি পাচ্ছে। গরিব মানুষেরা লেখাপড়া শেখার সুযোগ পাচ্ছে, খাস জমি গরিব মানুষদের মধ্যে বন্টন হয়েছে। পঞ্চায়েত আসার পর থেকে গ্রামাঞ্চলে ব্যাপকভাবে রাস্তাঘাট টিউবওয়েল ইত্যাদি এই সব হয়েছে। যেখানে মানুষ চলাচল করতে পারত না সেখানে এখন গরুরগাড়ি চলছে। তাই আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অশোক বাবুর এই পঞ্চম বাজেট—আমরা ভেবেছিলাম শেষ বাজেট তিনি কিছুটা আশার সঞ্চার করবেন। কিন্তু আমরা পরিপূর্ণভাবে হতাশ হলাম। এতে আমরা কোনও আশার আলো দেখলাম না। তিনি সমস্যা সমাধানের জন্য যতটা আগ্রহী, তার থেকে বেশি আগ্রহী সমস্যা সৃষ্টিতে। এটা একটা ঘাটতি বাজেট—**(নয়েজ)** এখানে চীৎকার করলে হবে না ১৯৭৭ সালে জনগণ আপনাদের কংগ্রেসের উপর বীতশ্রদ্ধ হয়েই নিয়ে এসেছে কাজেই জনগণের কল্যাণমূলক কাজ না করলে তাদের কাছেই জবাবদিহী করতে হবে। উনি জনগণের কাছে আশার আলো দেখাবেন কি—**(নয়েজ)** এখানে চীৎকার করে কিছু হবেনা জনগণের সমর্থন পেয়েছেন কি হারিয়েছেন সেটা জনগণই বুঝিয়ে দেবে। যিনি বেকারভাতা চালু করেছিলেন—তিনি বলেছিলেন বেকারদের আমরা চাকুরি দিতে পারছি না ভাতা দেব, তিন বছর পরে ভাতা বন্ধ করে দিচ্ছেন, সেই বেকাররা এবারে কি করবেন? এই বেকার ভাতা দিয়ে তাদের ভাল অবস্থায় নিয়ে গিয়ে এখন বলছেন যে বেকার ভাতা দিয়ে বেকার সমস্যার সমাধান হবে না, বেকারি দূর করার চেষ্টা করব। আসলে এ ব্যাপারে বামফ্রন্ট সরকার পরিপূর্ণ ব্যর্থ হয়েছেন। কৃষকদের সম্পর্কে কি আশার আলো দেখতে পাচ্ছি? তাদের কৃষিঋণ মুকুব করেছেন—সমবায় ঋণ? সমবায় ব্যবসা গ্রামের একটা মস্তবড় সুদী ব্যবসায় পরিণত হয়েছে। গরিব চাষী ২০০ টাকা যদি সমবায় থেকে ঋণ নেয় তো দেবার সময় সমবায় সমিতি দশ পারসেন্ট কেটে নেয়, রেজিষ্ট্রি খরচা পাঁচটাকার মতো যায়, যে বাবু করে দেন তাকেও ১০ টাকা দিতে হয়, কিছু সার দেয়, নগদ এই ৭০ টাকার মতো দেওয়া হয়। তারপর আদায় করবার সময় সুদে—আসলে ৪০০ থেকে ৫০০ টাকার মতো আদায় করেন, গরিব চাষীরা দিতে পারে না, তখন সেখানে পুলিশ দিয়ে সার্টিফিকেট দিয়ে আদায় করা হয়।

[6-15 — 6-25 p.m.]

ব্যাঙ্কের ঋণ শ্যালো টিউবওয়েল দেবার মাধ্যমে আগে যা দেওয়া হয়েছিল তার একটাও কার্যকর হয়নি। তাদের জমি বন্দক দেওয়া হয়েছিল, এখন টাকা দিতে পারছে না বলে জোর জুলুম হচ্ছে। অতএব হাসিম শেখ রামা কৈবতাদের প্রকৃত কল্যাণের ব্যবস্থা না হয় ততদিন সাধারন মানুষের কল্যাণ হবে না। সেজন্য আজ কৃষকরা আন্দোলন করতে এগিয়ে এসেছে। আমরা ৭ পার্টির নেতৃত্বে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে শ্যালো টিউবওয়েল, সমবায় ঋণের কথা সব বলায় তিনি স্বীকার করলেন যে আমরা যা বলছি তার মধ্যে যুক্তি আছে। কিন্তু অর্থ মন্ত্রী এদিকে কোনও দৃষ্টি দিলেন না। তারপর এই বাজেটে সংখ্যালঘুদের সম্বন্ধে কি কিছু আছে। আপনাদের ৩৬দফা কর্মসূচির ৩৩(ক) ধারায় এদের সম্বন্ধে যে সব কথা বলেছিলেন তার কতটা আপনারা করেছেন? তাতে আপনারা বলেছিলেন মুসলমান, খৃস্টান সমস্ত ভাষাগত, সাংস্কৃতিকগত, সংখ্যালঘুদের দাবি দাওয়া পুরণ আপনারা করবেন। মুখ্যমন্ত্রী বলেছিলেন মাইনররিটি কমিশন করে দেব। কেন্দ্রে জনতা সরকার আনসারীসাহেবের নেতৃত্বে একটা মাইনরিটি কমিশন গঠন করেছিলেন। এইরকম জিনিস এখানে করার জন্য এখানে প্রশ্ন করায় মুখ্যমন্ত্রী তার উত্তরে বলেছিলেন মাইনরিটি কমিশন করার কথা বিবেচনা করছি। ১৯৭৮-৭৯ সাল থেকে আজ ১৯৮১ সাল পর্যন্ত এই বিবেচনার শেষ হয়নি। আমি তাই বলছি বিচারের বানী নিরবে নিভৃতে কাঁদে। আমরা যখন এইসব কথা বলি তখন ট্রেজারি বেঞ্চ থেকে টিপ্পনি কাটা হয়। অথচ আমাদের ডেপুটি স্পিকার ১৯৮০ সালে ৩১এ ডিসেম্বর মাসে অল ইন্ডিয়া মুসলিম কনফারেন্সে প্রিসিডেন্ট হয়ে—যেটা মুসলিম ইন্সটিটিউটে হয়েছিল—রিজার্ভেশনের দাবি করে বলেছিলেন যে মাইনরিটিদের চাকুরির রিজার্ভেশন দিতে হবে। এই যে দাবি এটা টু ডে অর টুমরো আপনাদের মেনে নিতে হবে। কেরালায় যখন ই.এম.এম নাম্বুদ্রিপাদ চিফ মিনিস্টার ছিলেন তখন তিনি এ বিষয়ে একটা আইন পাশ করেছিলেন। অর্থাৎ মাইনরিটি ভিত্তিতে মুসলমান, খৃষ্টান, তফসিলিদের জন্য সেখানে তিনি রিজার্ভেশনের ব্যবস্থা করেছিলেন। কেরালায় যেটা করেছিলেন সেটা এখানে কবে করবেন? সেখানে সেটা যদি বৈধ হয় তাহলে এখানে এটা হবে না কেন? আমি এসব কথা সাম্প্রদায়িক ভিত্তিতে বলছি না। সংবিধানের ১৬ (ক) ধারায় বলা হয়েছে If any community is not adequately represented in Government services, Government may have provision for reservation for that community. সংবিধানের ১৬ (৪) ধারা মোতাবেক কেরালা, তামিলনাড়ু যদি করতে পারেন সেই দাবি যদি জ্যোতিবাবুর কাছে করি তাহলে কি অন্যায় হবে সেজন্য ১নং মাইনরিটি কমিশনের দাবি এবং ২নং রিজার্ভেশনের দাবি রাখলাম এবং নিশ্চয় সেটা অন্যায় হবেনা। কমলবাবু সেদিন বললেন আলুর দাম ১.১২ আনা। আমি জিজ্ঞাসা করি তাহলে চাষীরা কত করে আলু বিক্রি করবে? ১.২৫ করে কি তারা বিক্রি করবে? এর ফলে তারা ন্যায্য দাম পাবেনা এবং মাঝখানে ফড়েরা দু পয়সা লাভ করে যাবে যাতে সরকার কিছু করতে পারবে না। তারপর ভাইটাল প্রশ্ন যেটা সেই আইনশৃঙ্খলা নিয়ে বলব যে এই রাজ্যে এতবেশি মানুষের তাজা রক্ত আপনারা বাংলার মাটিতে ঝরিয়েছেন যে তাতে আপনাদের হাত লাল হয়ে গেছে। কংগ্রেসের মতোন আপনারা ও সেই কাজ করেছেন। আইনশৃঙ্খলার প্রশ্ন থেকে আরম্ভ করে সমস্ত প্রশ্ন যদি বিচার করি তাহলে দেখবো সেখানে আপনাদের জবাব

হচ্ছে সীমিত ক্ষমতা। সীমিত ক্ষমতায় যদি কাজ না করতে পারেন তাহলে ক্ষমতায় আসলেন কেন? এই ক্ষমতার মধ্যে থেকে যদি দুর্নীতি দূর করতে পারেন তাহলে আপনাদের ধন্যবাদ জানাতাম। কিন্তু এই রাজ্যে এত ঘুস, চুরি, পারসিয়ালিটি চলছে তা আর কোথাও হয়না। আপনাদের ক্যাডাররা থানা থেকে আরম্ভ করে যেভাবে ডিক্টেট করে সেইভাবেই এখন প্রশাসন চলছে। এটাকে ভেগ বলে উড়িয়ে দেওয়া যাবেনা। ও.সি., এস.পি. আমাদের কথা শোনেনা। আপনাদেরই কথা শোনে। মুখ্যমন্ত্রীর কাছে চিঠি দিলে তার জবাব পাই না। আমি যখন সংখ্যালঘুদের সম্বন্ধে মেমোরেন্ডাম মুখ্যমন্ত্রীর কাছে দিয়েছিলাম তখন তিনি আমাকে চিঠি লিখলেন যে আমার চিঠি তিনি পেয়েছেন। কিন্তু তার কি জবাব তা তিনি দিলেন না। সালারে আমার কর্মীদের উপর অত্যাচার হচ্ছে বলে ১৯৮০ সালের প্রথমে চিঠি দিয়েছিলাম কয়েকদিন আগে মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে তার জবাব দেওয়া হয়েছে। এইভাবে শম্বুক গতিতে আপনার প্রশাসন চলছে। রাইটার্সে ১২টার সময়েও অফিস খালি থাকে। প্রশাসনিক স্বচ্ছতা যেটা আশা করা গিয়েছিল সেটা আপনারা আনতে পারেন নি। এটা করতে কি সীমিত ক্ষমতায় আটকে যায়? আপনাদের সরকার ধর্ম না মানতে পারেন, কিন্তু আপনারা স্বীকার করে নিয়েছেন যে ধর্মপ্রান মানুষের স্বাধীনতা দেওয়া হবে। আমার এক প্রশ্নের জবাবে হালিম সাহেব বলেছিলেন যে ৬৮টা মসজিদ জবরদখল হয়ে আছে। আমি বলেছিলাম অনেক মসজিদে মদের ভাটিখানা আছে। আলোছায়ার উল্টো দিকে বেলেঘাটায় মসজিদে এখনও ৩৪ নং ব্লক কংগ্রেসের সাইন বোর্ড আছে। এইভাবে এই সব মসজিদ অপবিত্র হয়ে যাচ্ছে। এইভাবে সংখ্যালঘুদের দাবি যদি আপনারা উপেক্ষা করেন তাহলে কি হবে? আপনারা মুষ্টিমেয় চাষীদের জন্য পেনসনের ব্যবস্থা করলেন। কিন্তু এর দ্বারা হাসিম শেখ রামা কৈবত্যের কল্যাণ করা যাবেনা। সেজন্য বলছি কৃষকদের জন্য এই বরাদ্দ আরও বৃদ্ধি করতে হবে এবং তা যদি না পারেন তাহলে আপনাদের এজন্য জবাবদিহি করতে হবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমি শেষ করছি।

[6-25 — 6-35 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় ডঃ অশোক মিত্রকে অভিনন্দন জানাই ... for being able to present the 5th budget in this House. But I pity him, I sympathise him, for the contradiction he has stated in his budget. I pity him for the relief and concession he has granted in this budget. এবং অভিনন্দন জানাই এই জন্য যে এই রাজ্যের অর্থনীতির মধ্যে এবং সারা ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থার মধ্যে তাঁর সীমিত ক্ষমতায় তিনি কিছু চিন্তা ভাবনা করেছেন এই বাজেটের মধ্যে। আপনি বয়সে নবীন, কিন্তু ইতিহাস আপনার জানা আছে।

**ডঃ অশোক মিত্র ঃ** না, না, আমি আপনার চাইতে ৪।৫ বছরের বড়।

**Dr. Zainal Abedin :** I take you as my elder and I believe that elders sometime commit mistakes আমি যে কথা বলতে চাই It is more an instrument of promotion of party interest rether than Statement rether

than an instrument to change the socio-economic order of this state. এবং বন্ধুবরকে প্রশ্ন করতে চাই কনসেশন এবং রিলিফ দেওয়া হত পরাধীন ভারতবর্ষে, যখন ভারতে ব্রিটিশ ছিল. তখন তাঁরা এই সুবিধা দিতেন। আর আজ স্বাধীনতার ৩০ বছর পরে প্রগতিশীল মন্ত্রী কনসেশন দেওয়ার কথা ঘোষণা করলেন। এই কনসেশন ও রিলিফ হচ্ছে ইরিশ্যানাল কনসেশন। এটা একটা উপনিবেশ-বাদ as such the character of the budget is colonial. একটা কনট্রাডিকশন দেখা যাচ্ছে যদি আমরা এটাকে স্থায়ী কনসেশন বলি। They have uttered and one times. যে ওঁদের নাকি খুব কম রিসোর্স এবং এই স্কেয়ার্স আর্থিক ক্ষমতার মধ্যে দিয়ে এঁদের কাজ করতে হচ্ছে। আজকে তাই স্কেয়ার্স রিসোর্স এর মধ্যে I question the wisdom of the Hon'ble Finance Minister to declare concession without specification and assinment of reasons. যেখানে ৬৫ কোটি টাকা হচ্ছে আপনার ঘাটতি সেখানে ৪০ কোটি টাকার কনসেশন ডিক্রেয়ার অর্থনীতির দিক দিয়ে জাস্টিফায়েড হয়েছে কি? আপনার এই পঞ্চম বাজেট উপস্থাপিত করার পর দেখছি বেকারের সংখ্যা ২৫ লক্ষে দাঁড়িয়েছে। এদের মধ্যে ৩ লক্ষ বেকারের জন্য মাস মাহিনা স্থির করেছেন যেহেতু তারা আপনার পার্টির মিছিলে যায়। কিন্তু আপনার মতো একজন প্রখ্যাত অর্থনীতিবিদ্ এটা করলেন—হোয়াই? I tell you, I challenge you. এই তিন লক্ষ বেকারকে যদি বেকার ভাতা না দিয়ে ১২ মাসে মাত্র ১২ জনকে আপনার পার্টির মিছিলের সঙ্গী না করে স্বাক্ষরিত করে তুলতে হবে বলে স্থির করতেন তাহলে কি অসুবিধা হত? Why Can't you inter link it with the illiteracy of the state? তাদের পার্টির ক্যাডার করতে গিয়ে এই ওয়েস্টফুল এক্সপেনডিচার করলেন। ৩ লক্ষ বেকারকে বেকার ভাতা দিচ্ছেন, আর ২০ লক্ষ বসে আছে। এদের জন্য সিক্সথ প্ল্যান তৈরি করেছেন এবং বাজেট ফরমুলেশন করেছেন এই ভাবে this budget significant from that angle. এই জন্যই সিক্সথ প্ল্যান বাজেট এখন আমাদের সকলের ভরসা। কিন্তু আপনি আগে এবং এই বছরেও বলতে পারছেন না এই রাজ্যে ঐ ২৫ লক্ষ বেকারের জন্য কি ফরমুলেশন করলেন, কি ডোলের ব্যবস্থা করলেন তাদের জন্য, do you think it is dignified? It is not. সেজন্য আজকে যাঁরা চীৎকার করছেন তাঁদের আমি জিজ্ঞাসা করি, তাঁরা কি করে বলছেন—আমাদের এখানে সব শুরু হয়ে গিয়েছে। এই এক্সপ্লোসিভ সিচুয়েশন চলছে ওয়েস্ট বেঙ্গলে আপনারা তা নিয়ন্ত্রণে আনতে পারলেন না এবং same disease, same cancer will spread in other parts, I meant the whole country. আপনার মতো একজন অর্থনীতিবিদ্ এই ২৫ লক্ষ বেকারদের হতাশার মধ্যে রেখে দিয়েছেন। আজকে এর ফলে এগ্রিকালচারিস্টদের কিছু করতে পেরেছে? is there any trend of modernization? Have you been able to improve the quality of education here? No. Research—nil. Agricultural research—nil. Kamal Babu, you are a big muscle man, a very strong man. That is very good. কিন্তু আপনাদের জিজ্ঞাসা করি যে দেশের ৫৫ পারসেন্ট এগ্রিকালচার এর উপর ইকনমি নির্ভর করে সেই এগ্রিকালচার এবং রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের জন্য কি কাজ করেছেন। ৪ বছর তো অতিক্রান্ত করেছেন বেসিক সমস্যাগুলি মেটাতে পারেন নি। আজকে বলেছেন যে সিড কর্পোরেশন করবেন। আমাদের ল্যাপ্স হয়েছিল, সেখানে আমাদের ল্যাপ্স হওয়ার জন্য মানুষ এই জন্যই কি

আপনাদের ক্ষমতায় বসিয়েছে? সর্বক্ষেত্রে এই রাজ্যে মর্ডানাইজেশন এর দিকে কেউ তো আগিয়ে যায় নি। আইদার ইন এগ্রিকালচার আপনাদের on the other hand doles and drums. কিছু পাইয়ে দেওয়ার রাজনীতি করে কিছু হয় না। সেই পাইয়ে দেওয়ার পেছনে you are conveniently silent in certain major areas. আজকে শচীনবাবু আমার কাছে নতুন বন্ধু অশোকবাবুর থেকে আমি ৪ বছরের বড়, আপনাদের কাছে জিজ্ঞাসা করছি ২০০ কোটি টাকা পঞ্চায়েতের মাধ্যমে খরচ করলেন। এই ২০০ কোটি টাকা যাদের মাধ্যমে খরচ করেছেন, তারা যে লোকের মাধ্যমে খরচ করেছেন প্রতিনিধি মাধ্যমে খরচ করেছেন তাদের এডমিনিস্ট্রেশন সম্বন্ধে কোনও অভিজ্ঞতা নেই, এক্সপেনডিচার ইকনমি সম্বন্ধে অভিজ্ঞতা নেই। কিন্তু এই টাকা ব্যয় করে স্থায়ী অ্যাসেট কতখানি করতে পেরেছেন? তার স্টেটমেন্ট এখানে কোথায়, সেই টাকার খতিয়ান কোথায়? আপনাদের ফার্স্ট পার্ট ইকনমিক রিভিউ যে ভরিয়ে দিয়েছেন ফিগার দিয়ে, কিন্তু তাতে পঞ্চায়েত অ্যাসেস্ট এবং পার কেপিটা রুর্যাল ইকনমিক জেনারেশন কতটুকু বাড়াতে পেরেছেন? এই ব্যাপারে এই রাজ্য এসেনসিয়ালি এ প্রবলেম স্ট্রাইকেন। সেই সঙ্গে ফাস্ট বেসিক ইনফ্রাস্ট্রাকচার is communication—transport and electricity. আপনারা হিসাবটা এখানে দিয়েছেন। তা may I question your wisdom. অথচ ৪ বছর আপনারা এখানে আছেন জ্যোতিবাবু বার বার বলেছেন কিন্তু electricity generation inspite of installation of 4 gas turbines—why you have not explaines. এই অবস্থা। আজকে বন্ধুবর যতীন চক্রবর্তী কমউনিকেশন পার কেপিটা টু মিটার রাস্তা বাড়াতে পারেন নি। একটা নতুন ব্রিজের প্রতিশ্রুতি দিতে পারে নি নতুন ব্রিজ করা তো দূরের কথা। বাট হি ইজ ভেরী এক্সপার্ট এখানে যে অ্যাডপসন আছে নিয়োগ প্রথা সেই অ্যাডপসন আগে যা ছিল এখন দেখছি কোনও জেলায় এক ইঞ্চি রাস্তা আপনি বাড়াতে পারেন নি। একটা ভাইট্যাল কমিউনিকেসনের ব্যবস্থা কোন জেলায় বাড়ে নি। পার ক্যাপিটা এক ইঞ্চিও রাস্তা বাড়ে নি। হুগলি সেতু সম্বন্ধে বলতে গিয়ে বলতে বামফ্রন্টের প্রশান্তবাবু পরিশ্রম করছেন শিয়ালদার মতোই হচ্ছে। এর উৎস কোথায়? বন্ধুবর নির্মলবাবু বসে আছে। আমি অতো তাত্ত্বিক নই আমি বলতে পারব না। কিন্তু উনি বুকে হাত দিয়ে বলুন আপনার ছেলে কি বাংলা মিডিয়ামে পড়বে? আমার ছেলে বাংলা মিডিয়ামে পড়েছে। কিন্তু বন্ধুবরের ছেলে কিংবা অশোকবাবু বলতে পারেন বা এখানে আরও প্রোবক্তা আছে তাঁদের ছেলে কি বাংলা মিডিয়ামে পড়বে? মাতৃভাষার কথা বলছেন অল রাইট ঠিক আছে। Why do you send your boys to English medium schools. এর জবাব দিতে হবে। আপনি আচরি ধর্ম অপরে শিখাও। আপনারা কি তা করছেন? বন্ধুবর নির্মলবাবু বিত্তশালী মানুষ আবার মিসেস বোস আরও বিত্তশালী। তাদের ছেলেকে হিন্দু স্কুলে পড়াবেন। আর আমার ছেলে পাড়াগাঁয়ের স্কুলে ফ্রি প্রাইমারি স্কুলে পড়বে so it is a contradiction. যদি অশোকবাবু ট্যাক্স স্ট্রাকচার-এ রিভাইজড থিংকিং করেছেন I welcome for the revision you have made. আপনি বলেছেন জেনারেশন অব এক্সট্রা ইনকাম হবে but at the same time. অথচ ১২ কোটি কে. জি. চায়ের মধ্যে ৭ কোটি কে. জি. উপর ৬ টাকা হারে ট্যাক্স বসাতে যাচ্ছে। দুটি জিনিস দেখতে হবে। আমাদের এই চা গৌহাটি গেলে সেখানে এটা লাগবে কিনা আর নাম্বার টু হচ্ছে যদি একটা রেসিপ্রোক্যাল সেকশন নাও দিতে তাহলে আমাদের যে ইন্ডাস্ট্রি তার উপর হিট হবে কিনা। নম্বর থ্রি যেটা সেটা

[6-35 — 6-45 p.m.]

হচ্ছে বাগানগুলি যে সিক হয়ে যাচ্ছে এর একটা অংশ why have you not allocated for their development and research. টি ইন্ডাস্ট্রিতে প্রোডাকশন ক্রমশ কমে যাচ্ছে both in quality and quantity এখানে আপনাদের সাধারনভাবে বলতে চাই যে এই বাজেট পাবলিক সেক্টর এক্সপ্যানশনের ইঙ্গিত বহন করে না এবং আমরা দেখেছি প্রাইভেট সেক্টরে পিরিয়ড লং হচ্ছে এবং সেই ইন্ডাস্ট্রি কিছুতেই যাবে না। কেন্দ্রীয় মন্ত্রী বার বার চীৎকার করেছিলেন—কিন্তু কিছুতেই গেল না যদিও ইনফ্রাস্ট্রাকচারাল ফেসিলিটি, সাপ্লাই করা সেগুলিতে কিছুতেই গেল না। আপনি প্রাইভেট সেক্টরে যে ক্ষমতা দিচ্ছে কেন কমপালশন দেন নি। ইভেন ইন কি ইন্ডাস্ট্রি যেখানে পিরিয়ড লং সেখানে ইনফ্রাস্ট্রাকচারাল ফেসিলিটি দিতে হবে। আমি বঙ্কের কথা বলি, তার যে র মেটিরিয়াল সেটা বড় ইন্ডাস্ট্রি থেকে আসে তার এক্সপ্ল্যানশনের কথা কোথায়। এই জন্য বাঙ্ক ইন্ডাস্ট্রি সিংকেজ হয়ে গেছে, অনেকগুলি বন্ধ হয়ে গেছে। আমার সাধারনভাবে অভিযোগ হচ্ছে যে পাবলিক সেক্টর এক্সপ্যানশন করার কোনও ইঙ্গিত আপনাদের বাজেট বহন করে না। অন্য দিকে প্রাইভেট সেক্টর কী ইন্ডাস্ট্রিজ যেখানে জেসটেশন পিরিয়ড লং সেখানে যদি কিছু কিছু হিসাব নিকাশ বোঝা পড়া না থাকে তাহলে কি হবে? কানাইবাবু একটা হিসাব দিয়েছিলেন যে ৪০ হাজার মানুষের কর্মসংস্থান হবে বাই ৩৩ ইউনিটস; কিন্তু এটা কি তাঁর it is an encouraging sign? এখানে যে আপনাদের চার বছর হোল অ্যাট দি রেট অব ১০ হাজার পার ইয়ার হওয়া দরকার। আমাদের যে জনসংখ্যা শিক্ষিত বেকারের যে সংখ্যা রেজিস্টার্ড আন এমপ্লয়মেন্টের সংখ্যা বেড়ে গেল ২৫ লক্ষে ফ্রম ৭ লক্ষ। লিপস অ্যান্ড বাউন্ডসে আনএমপ্লয়মেন্ট বাড়ছে সে সম্বন্ধে আপনাদের নির্দেশ কোথায়। কিছু ইন্ডাস্ট্রি বাড়াবেন তাতে আপনারা কি করে কি করবেন। কোনও ফেমিলি প্ল্যানিং-এর দিকে আপনারা কি নজর দেবেন? আপনাদের স্মল স্কেল ইন্ডাস্ট্রির দিকে ইনসেনটিভ কোথায়? প্যাকেজ অব ইনসেনটিভ এক্সটেনশন কোথায় you are claiming the same baby whom we produce. আপনি সেখানে কোনও কিছু বাড়ান নি। অন্য দিকে আজকে অ্যাডমিনিস্ট্রেশনের বিভিন্ন ধাপ আছে। মুখ্যমন্ত্রী এখানে আছেন আই অ্যাম গ্লাড তিনি অ্যাডমিনিস্ট্রেটিভ রিফমর্স কমিশনের কিছু কথা বলেছন। কিন্তু তিনি মাঝে মাঝে হতাশ ভোগ করছেন—কাকে কাজ করতে বলব চেয়ারকে? এখানে অ্যাডমিনিস্ট্রেশন রিফর্মের প্রয়োজন আছে একথা নিশ্চয় কেউ অস্বীকার করবেন না। আজকে একটা ভয়াবহ অবস্থা ঘটে গেছে। মালদা বেল্টে পশ্চিম দিনাজপুরে যে ঘটনা ঘটে গেল—সব বন্দুক নিয়ে চলে গেল why are you impatient and intolerant towards the opposition. এক বছর আগে থেকে আমি ইঙ্গিত করে যাচ্ছি যে এই ঘটনা ঘটছে ওখানে। আমি টাইম টু টাইম বলে এসেছি মানুষের মাথা কেটে ঝুলিয়ে দিয়েছে বন্দুক নিয়ে গেছে। এখানে তার রিপোর্ট রয়েছে কোনও অ্যাকশন আপনারা নেন নি। আজকে মানুষ দেখছি ১০টা বন্দুক প্যারেড করে নিয়ে চলে গেল বিভিন্ন জায়গা থেকে রাত্রে, মানুষরা দেখছে এবং সেখানে যদি পুলিশ এগিয়ে যায় তাহলে মানুষ তার পিছনে যায়। কালকে সন্ধ্যা বেলায় এই জিনিস হয়েছে ভয়ে মানুষরা বলতে পারছে না। তার কোনও অ্যাকশনই নে নি। অথচ সেখানে এতো বন্দুক চুরি হয়ে গেল। Will calcutta be safe all the time? ব্যারাকপুর

আলমারি থেকে বন্দুক চুরি হয়ে গেল স্টেনগান মেসিন গান এই সব চুরি হোল প্রি কনডিশন। আপনাদের গ্রোথ সিকিউরিটি কি সেফটি। সুতরাং আজকে আমরা দেখলাম ফর ল্যাক অব অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্ম—আমাদের এখানে প্রশাসনিক দক্ষতা পাই নি। দুর্গাপুর ডি. পি. এল-এর অ্যাডভারটিজমেন্ট দেখলাম ক্যাবিনেট সাব কমিটি আড়াই হাজার থেকে তিন হাজার টাকা করেছেন—এই মাস মাহিনায় ম্যানেজিং ডিরেক্টার আসবেন। কিন্তু পান নি কারণ এই দিয়ে হয় না। দৈনিক মজুরি—কলের মজুরি দিয়ে যা করবেন একটা ট্যালেনটেড ইন্সটিটিউশনে তা করতে পারবেন না। তার জন্য আলাদা ইন্সটিটিউট দরকার। আমরা আনন্দিত যে আপনারা আই এ এস এবং আই পি এস-দের ট্রেনিং দেবার জন্য একটা ইন্সটিটিউট করবেন যেখানে ব্যাকওয়ার্ড কমিউনিটি ট্রেন্ড হবে। কিন্তু আপনার এই বাজেট বক্তৃতায় কথা যেগুলি রয়েছে, বড় বড় বিল্ডিং করেছেন—কিন্তু সেই ইন্সটিটিউট কোথায়? এখানে মূল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের ফেসিলিটিগুলি কমে যাচ্ছে আর অন্য রাজ্য এগিয়ে যাচ্ছে। এটা কেন হচ্ছে?

এরপর ট্রান্সপোর্টের কথায় আসি। বাস দিয়ে সমস্যার সমাধান হবে না। আজকে এ ক্ষেত্রে তিন গুন খরচ বৃদ্ধি করেছেন but from your experience let the honest Chief Minister say আজকে যাতায়াত কোথায় নিরাপদ? একটা ট্রেনেও আজ পর্যন্ত উঠলাম না যেটা নিয়ম অনুসারে চলে। তা ছাড়া আনসেফ। আমিনসাহেব বলছিলেন, এটা স্যাচুরেটেড পয়েন্টে এসে গিয়েছে, মানুষকে রোড ট্রান্সপোর্টে যেতে হবে, ওয়াটার ট্রান্সপোর্টে যেতে হবে। হোয়ার আর দিস? আপনার বাজেট বক্তৃতায় তো দেখলাম না সেখানে আপনি রেসানালাইজেশন করতে চেয়েছিলেন you have conveniently forgot one major point. গভর্নর অ্যাড্রেসেও পেলাম যে রিজিওন্যাল ইমব্যালেন্স দূর করার জন্য আপনারা তৎপর হয়েছেন you will give it priority. যে রিজিওন ব্যাকওয়ার্ড হয়ে আছে তার জন্য মাননীয় অর্থমন্ত্রী তো আজকে কোনও কুশল রাখেন নি হাতে রিজিওন্যাল ইমব্যালেন্স দূর করার জন্য। আপনি যে বই দিয়েছেন তাতে পার ক্যাপিটা, পার ল্যাক কত কিলোমিটার রাস্তা আছে জেলায় জেলায় সেটা দেওয়া আছে। সেখানে যে বৈষম্য আছে তার ব্যবস্থা কোথায়? তারপর কিলোওয়াট ইলেকট্রিসিটি ইউজ-সেখানে যে বৈষম্য আছে তার ব্যবস্থা কোথায়? এই দুটি মেজর পয়েন্টে বৈষম্য দূর করার জন্য আপনাদের তৎপরতা আমরা দেখতে পাচ্ছি না। তারপর ট্যাক্স সম্বন্ধে আমি কয়েকটি কথা বলব। কেন্দ্রের বিরুদ্ধে আপনারা যেসব কথা বলেছেন সেখানে কোথাও কোথাও যদি আমাদের সামিল হতে বলেন—ইন সার্টেন রাইটফুল ক্লেমস—আমরা আছি। আপনারা ল্যান্ড রিফরমের ঘোষনা দীর্ঘদিন ঘোষনা করেছেন। এখন ১১ লক্ষ একর চাষযোগ্য জমি আপনাদের হাতে বর্তেছে। আমরা বিলি করে এসেছিলাম ৬ লক্ষ একর বাকি ৫ লক্ষ একর আপনারা মানুষের হাতে বিলি করেছেন। এখন এই ৫ লক্ষ একরে মানুষ তো আবাদ করেছে somehow, either the owners or somebody else. আপনাদের বিধান আছে যে ড্যামেজ ফি দিতে হয়। আমরা পাবলিক অ্যাকাউন্টস কমিটির মিটিং-এ দেখেছি ড্যামেজ ফি দিতে হয়। ৬২ সাল থেকে এই ৫ লক্ষ জমি যারা ভোগ করে যাচ্ছে তাদের কাছ থেকে এই ড্যামেজ ফি যদি রিয়েলাইজ করতে পারেন রেসনালাইজ করে তাহলে আপনাদের অ্যাডিশনাল রিসোর্সের সন্ধান ব্যর্থ হতে পারে

না। অন দি আদার হ্যান্ড, আওয়ার রয়েলটি অব কোল, আওয়ার রয়েলটি অন টি এর থেকে আমি যেটা জেনেছিলাম সেখানে ৭০ কোটি টাকা আপনাদের পাওনা অ্যান্ড ইন্টারমিডিয়েট প্রাইভেট পার্টির কাছে ১৪ কোটি টাকা যেটা আমাদের নজরে এসেছে। মোট এই ৮৪ কোটি টাকা আপনাদের পাওনা আছে। এটা যদি আপনারা আদায় করতে পারেন তাহলে আর আপনাদের ধর্না দিতে হয়না, রিলেশন খারাপ হবারও কোনও প্রশ্ন নেই। সেইজন্য বলছি, এমপ্লয়মেন্টের জন্য আদার কনভেনস্যনাল টাইপ অব ইন্ডাস্ট্রিজ—এগ্রিকালচার, ভেটেরেনারি, অ্যানিম্যাল হাসবেন্ড্রি, ফরেস্ট্রি এগুলির দিকে যদি জোর দিতেন তাহলে বোধ হয় ভাল হ'ত এবং আনএমপ্লয়মেন্ট অ্যাসিস্টেন্স যদি লিঙ্ক আপ করতে পারতেন উইথ প্রডাকশন at least for mitigating illiteracy of the state. তাহলে বোধ করি ভাল হ'ত। তারপর রিজিওন্যাল ইমব্যালেন্স দূর করার আন্তরিক প্রয়াস আমরা দেখতে পাচ্ছি না। মাঝে কাগজে দেখছিলাম মন্ত্রী মহাশয়রা নাকি নিজেদের ইচ্ছা মতোন চলছেন। আমি জানি না whether it was quoted rightly in the press. কিন্তু তা যদি হয় তাহলে তো রিজিওন্যাল ইমব্যালেন্স দূর হবে না। আমার জেলা পশ্চিম দিনাজপুর জেলা চিফ মিনিস্টারের প্রোরোগেটিভ, মালদারও কোনও মন্ত্রী নেই সেইজন্য আমরা সব দিক থেকে মার খাচ্ছি নিয়মিতভাবে। For these reasons, for the contradictions and for the colonial character of the Budget I fail to extend my support to this Budget statement and hence I oppose it. Thank you, Sir.

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ আলোচনা শেষ হবার কথা ৭-০৭ মিনিটে কিন্তু দেখা যাচ্ছে আরও কিছু সময়ের প্রয়োজন। আমি সেই জন্য রুল ২৯০ অনুসারে আধ ঘন্টা সময় বাড়াতে চাইছি, আশা করি মাননীয় সদস্যগণ এতে সম্মতি দেবেন।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেবার পর আরও আধ ঘন্টা সময় বাড়ানো হল।)

[6-45 — 6-55 p.m.]

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চার দিন ধরে ৪৯ জন মাননীয় সদস্য বাজেট বিতর্কে অংশ গ্রহণ করেছেন। আমাকে নিয়ে সংখ্যা ৫০ জন পূর্ণ করবে। এখানে কিছু চর্বিত চর্বন হয়েছে, কিন্তু তাতে কিছু যায় আসে না। কারণ মাননীয় সদস্যদের দৃষ্টিভঙ্গি এবং মানসিকতার একটা পুরো আশ্বাস এই বিতর্ক থেকে হয়েছে। আমি প্রত্যেকের কাছে কৃতজ্ঞ। আর একটা জিনিস লক্ষ্য করেছে যে অন্যান্য বছরের তুলনায় এবারে বোধ হয় উত্তাপটা একটু কম সঞ্চারিত হয়েছে। সেটা ভাল কি মন্দ সেই প্রসঙ্গে আমি যাচ্ছি না। তবে কিছু কিছু যা বলতে চেয়েছেন সেগুলি মোটামুটি ভালভাবে শোনা গেছে। আমি চেষ্টা করব অন্তত বিরোধী সদস্যরা যে প্রধান প্রধান সমস্যা তুলেছেন, যে সমস্ত অভিযোগ জড়ো করেছেন তাঁর জবাব দেওয়া যায় কিনা এবং আমি আশা করব যে আমাকে সেটুকু সময় দেবেন। প্রথম যে অভিযোগ করেছেন, অনেকে করেছেন, বারবার করেছেন—ইন্দিরা কংগ্রেসতো করেছেনই, তাছাড়া জনতা দলের থেকে করা হয়েছে, ভারতীয় জনতা দল থেকে করা হয়েছে এবং ইন্দিরা কংগ্রেসের নূতন 'বি' টিম যেটা তৈরি হয়েছে তারাও করেছেন। আবার ঐ ৪জন ওখানে বসেন, কি যেন নাম এস.ইউ.সি'র, তারা সব চেয়ে বেশি করেছেন এবং দেবপ্রসাদ

সরকার বলেছেন যে বাজেট ভাষণের ২/৩ অংশ কেন্দ্রের বিরুদ্ধে সুপরিকল্পিত আক্রমণ। এটা ঠিক বোঝা গেলনা যে আপত্তিটা কোথায়। সুপরিকল্পিত বলে, না আক্রমণ বলে? সুপরিকল্পিত—অর্থাৎ চিন্তা ভাবনা করে আক্রমণ করা হয়েছে। এটাতে দুটো অসুবিধা আছে। ধরুন আমরাতো ঐ নাম লেখান বুদ্ধিজীবী নই এবং ভোলাবাবু সার্টিফিকেট দিয়েছেন, বলেছেন যে আমাদের বুদ্ধিসুদ্ধি একটু কম আছে, সীমিত বুদ্ধি। সুতরাং আমরা যা বলি একটু মাথায় খাটো বলে চিন্তা ভাবনা করে বলি এবং চিন্তা ভাবনার পরে আমরা কতকগুলি সিদ্ধান্তে উপনীত হয়েছি এবং সেই সিদ্ধান্তগুলি বলেছি। আক্রমণ—হ্যাঁ, আক্রমণ করেছি। আপনারা ইন্দিরা গান্ধীর নয়া হুকুমদার হয়েছেন বলে আমরা কেন্দ্রের বিরুদ্ধে আক্রমণ করবো না, এটা হতে পারেনা। কাজেই এইদিক থেকে আপনাদের আমি খুশি করতে পারছি না। যদি বলতে পারতেন আক্রমণটা হয়েছে—আমি যে কথাগুলি বলেছি অতিরিক্ত আন্তঃশুল্ক সম্বন্ধে কেন্দ্রের যে আচরণ, তামার, চিনি, সুঁতিবস্ত্র সম্পর্কে আমাদের প্রতারিত করা হয়েছে, গত তিন বছর ধরে আমাদের প্রাপ্য থেকে বঞ্চিত করা হয়েছে—যদি বলতেন যে না আমি ভুল বলেছি এবং কেন্দ্র যা বলছে যে বিক্রয় করের আওতা কমিয়ে আরও বেশি বেশি জিনিস তারা নিয়ে যেতে চেয়েছেন কেন্দ্রীয় অতিরিক্ত অন্তঃশুল্কের আওতায়—যদি বলতেন আমার বক্তব্য ভুল, মিথ্যা তাহলে বুঝতাম। আমি বলেছি, এই যে ঘোষিত দ্রব্য, ডিক্লায়ার্ড গুডস—লোহা, ইস্পাত, চা, পাট ইত্যাদির উপর আমরা শতকরা ৪ ভাগের বেশি বিক্রয় কর বসাতে পারব না, এটাতে আমাদের বঞ্চনা করা হয়েছে। যদি বলতেন কেন্দ্রীয় বিনিয়োগ পূর্বাঞ্চলের প্রতি কোনও বৈসম্য দেখানো হয়নি তাহলে বুঝতাম। যদি বলতেন যে রাষ্ট্রীয় ব্যাঙ্কগুলি পূর্বাঞ্চলের প্রতি কোনও বৈষম্য দেখাচ্ছেন না, যদি বলতেন যে কেন্দ্রীয় সাহায্য পরিকল্পনার জন্য তা বিন্যাসের জন্য পূর্বাঞ্চলের প্রতি, পশ্চিমবঙ্গের প্রতি কোনও অন্যায় করা হচ্ছে না তাহলে বুঝতাম। যদি একটা কথাও কেউ বলতেন যে আমি যেগুলি বলেছি সেটা ভুল এবং এগুলি বলে কেন্দ্রের বিরুদ্ধে অকারণ আবেগ সঞ্চার করার চেষ্টা করছি তাহলে বুঝতাম। কিন্তু কেউ একথা বলেন নি। যতক্ষণ না পর্যন্ত আমাকে প্রমাণ দিয়ে দেখিয়ে না দিচ্ছেন যে আমি ভুল বলেছি এবং এই কারণে আমরা পিছিয়ে নেই, ততক্ষণ পর্যন্ত আমাকে বলতে হবে। বারে বারে এই জিনিস বলতে হবে, বাইরে বলতে হবে, এখানে বলতে হবে, সাধারন মানুষের সঙ্গে মিশে গিয়ে বলতে হবে, কারণ এগুলি জীবন মরণের সমস্যা। তারপর আমাকে আরও বলতে হবে কেন্দ্রীয় যে নীতি, মুদ্রাস্ফীতি-প্রবনতা নীতি, তার সম্পর্কে আমাদের বারবার বলতে হবে। কারণ এর সঙ্গে সাধারন মানুষের জীবন যাত্রার প্রশ্ন জড়িত আছে। এগুলি কোনও লুকানো-ছাপানোর ব্যাপার নয়। কেন্দ্রীয় অর্থমন্ত্রী, ভেঙ্কট রমন, বাজেট পেশ করতে গিয়ে বলেছেন যে এ বছর ঘাটতি হবে ১ হাজার ৯৭৫ কোটি টাকা। উনি এটা চক্ষু লজ্জার খাতিরে বলেছেন, কারণ ২ হাজার কোটি টাকা কি করে বলেন—এক বছর আগে বড়াই করে বলেছিলেন যে জনতা দলের মতো ২৭ শত কোটি টাকা ঘাটতি দেখাব না, আমাদের ঘাটতি হচ্ছে ১৪ শত কোটি টাকা। ১৯৭৫ আর এই কালোবাজারির বন্ড থেকে ২ শত কোটি টাকা ধরে বিয়োগ করে দিলেন। এখন ২ হাজার কোটি টাকা কালোবাজারি বন্ড থেকে যে ধরেছেন, তা তো পাবেন না—পাবেন হয়তো ১৫ কোটি। তাহলে আসল ঘাটতি গিয়ে দাঁড়াবে ২ হাজার ১৫০ কি ৭৫ কোটি টাকা। তারপর আগামী বছরের জন্য ঘাটতি এমনিতে ধরেছেন ১ হাজার ৫৪০ কোটি টাকা, কিন্তু ঐ আবার কালোবাজারি বন্ড থেকে ৮০০ কোটি

টাকা যদি না আসে, তাহলে ঘাটতি গোড়াতেই দাঁড়াবে ২৩শত কোটি টাকাতে, অন্তিমে হয়ত ৩ হাজার কোটি টাকা ছাড়িয়ে যাবে। তারপর একটি একটি করে কতকগুলো বসিয়েছেন বাজেটের আগে—যে জিনিসপত্রের দাম বাড়িয়ে দিয়েছেন, লোহার দাম, ইস্পাতের দাম, কয়লার দাম, পেট্রোলিয়াম জাত সমস্ত জিনিসের দাম, কাপড়ের দাম, সমস্ত জিনিসের দাম বাড়ালেন। রেল মাসুল বাড়লো, ভাড়া বাড়লো, তারপর ৩০০ কোটি টাকার পরোক্ষ কর সব মিলিয়ে হিসাব করে দেখলাম গত তিন মাসে প্রায় ২৪ শত কোটি টাকা বাড়তি সাধারন মানুষের উপর বোঝা চেপেছে। ২৪ শত ২১শত এবং ২৩শত, যোগ করে—আট হাজার কোটি টাকার মতো দাঁড়ায়। এর যে পরিনাম কি হবে, মুদ্রাস্ফীতির ফলে দেশে দাউ দাউ করে আগুন জ্বলবে। এর পরিত্রাণ কি? এই ব্যাপারে বলতে হবে, বারবার করে বলতে হবে এবং আমরা বলবোও। তারপর ওঁরা বারবার করে অনেকে বলেছেন এবং ভোলাবাবু একটা রংচং করা বই দেখালেন—পড়ুননা একটু বইটা। রংচং করা বই, এই সমস্ত বই আমরা কষ্ট করে, যত্ন নিয়ে করেছি, একটু যদি পড়েন তাহলে সমস্যাটা কোথায় তা বুঝতে পারবেন। এটা দেখিয়ে কোনও লাভ নেই, আমরা তো জানি যে এটা একটা মস্ত বড় সঙ্কট, শিল্পের অগ্রগতি নেই, বেকার সমস্যা বাড়ছে, আমরা তো বলছি, বারবার করে বলছি, এই যে শ্রেণী ব্যবস্থার ভিতর আছি, যে অর্থনৈতিক কাঠামোর ভিতর আছি, যে রাজনৈতিক কাঠামোর ভিতর আছি, তাতে সঙ্কট বাড়বে। যে সম্পত্তি ব্যবস্থার ভিতর আছি তাতে গরিবদের কোনও ক্রয় ক্ষমতার অধিকার দেওয়া হবে না। গরিবরা গরিব থাকবে, তারা জিনিসপত্র কেনা কাটা করতে পারবে না, সুতরাং বাজার ছড়াবে না। চাহিদার জিনিসপত্র দেশে ছড়াবে না এবং সেই জন্য দেশে কোনও অগ্রগতি হবে না। লক্ষ লক্ষ কোটি কোটি ছেলেরা বেকার থাকবে। এটা তো আমরাই বলছি এবং সেটার কারণগুলোও আমরা বলছি, যে, কেন হচ্ছে না। এবং আমরা একটু বাড়তি বলছি যে কেন্দ্রের কতকগুলো বিশেষ নীতির জন্য এই যে আর্থিক সঙ্কট, এই যে শিল্প বিহীনতা, এই যে কর্ম সংস্থানের অভাব, তার বাড়তি বোঝা। এই বাড়তি বোঝার একটু বাড়তি বোঝা পূর্বাঞ্চলের উপর এবং পশ্চিমবাংলার উপর পড়ছে। কারণ যতটুকু কেন্দ্র করতে পারতেন এইরকম একটা কাঠামোর ভিতরেও, যদি যেটুকু পয়সা কড়ি কেন্দ্র ছড়িয়ে দিচ্ছেন এই মূল্য নীতির ভিতরেও, যতটুকু সুযোগ সুবিধা ছড়িয়ে দেওয়া সম্ভব, সেইগুলো যদি সমানভাবে ভারতবর্ষের সব অঞ্চলে বিতরিত হতো, তাহলে তুলনায় পূর্বাঞ্চল এতটা পিছিয়ে থাকতো না। আমরা অন্তত ভারতবর্ষের অন্যান্য অঞ্চলের সঙ্গে সমতা রাখতে পারতাম। আমরা তিনটি জিনিস বলছি কেন্দ্রকে এবং আপনারা তো জানেন এটা বারবার করে বলেছি কেন্দ্রকে, প্রথমে শিল্প, বেসরকারি শিল্প, এখন, আমরা বড় মালিকানার বিরুদ্ধে, আমরা বিদেশি মুনাফাখোরদের বিরুদ্ধে, কিন্তু তারও বাইরে শিল্প বিকাশের একটা সম্ভাবনা আছে, এমন কি কিছু বেসরকারি ক্ষেত্রেও। কিন্তু যদি সারা দেশে সব জায়গায় সমানভাবে সুযোগগুলো ছড়িয়ে দেওয়া হয়, তবেই সেটা সম্ভব। কিন্তু আপনারা কি করছেন, আপনারা যে মূল্য নীতি ২৫ বছর আগে নির্ধারণ করে দিয়েছিলেন, পূর্বাঞ্চলের কয়লা, পূর্বাঞ্চলের ইস্পাত, পূর্বাঞ্চলের লোহা, ভারতবর্ষের সব জায়গায় এক দামে বিকোবে। আমাদের একটা সম্ভাবনা ছিল ইঞ্জিনিয়ারিং শিল্প গড়বার, পুরানো একটা শিল্প ছিল, ইংরাজ আমল থেকে সেটা ছিল। সেটা বহুগুন প্রসারিত হবার সম্ভাবনা বা সুযোগ ছিল, সেই সুযোগটা কেড়ে নেওয়া হলো। কিন্তু পরিবর্তে আমরা কিছুই পেলাম না। তারপর ব্যাঙ্কগুলো আর কেন্দ্রীয়

আর্থিক সংস্থাগুলো যে ব্যাপারে বন্ধুবর অমল রায় মহাশয়, হিসাবটা দেখিয়েছিলেন যে কি ভাবে বিন্যাস করা হয়েছে, আমরা যদি সমানভাবে ব্যাঙ্কের সুযোগগুলো পেতাম, যদি সমানভাবে কেন্দ্রীয় আর্থিক সংস্থার কাছ থেকে বিনিয়োগের সুযোগ পেতাম, এখানে যদি টাকাগুলো আসতো তাহলে এখানে কিছুটা শিল্প উদ্যোগ হতো, কিছুটা কর্ম সংস্থান হতো, যদি সমানভাবে পেতাম। সুতরাং এই যে আমাদের মাশুল নীতি, মাশুলের সমীকরণ, কিছু কিছু জিনিসের ক্ষেত্রে—যেমন লোহা, ইস্পাত, কয়লার ক্ষেত্রে, কিন্তু তুলার ক্ষেত্রে নয়, রাসায়নিক দ্রব্যাদির ক্ষেত্রে নয়, এই জিনিস হয়েছে। হয় সমস্ত মৌলিক জিনিসের দাম গোটা ভারতবর্ষে এক করে দিন নয়তো আমাদের যে প্রাকৃতিক প্রাথমিক সুবিধা ছিল, সেটাকে আমাদের প্রত্যর্পন করুন। তাহলে অন্ততপক্ষে আমাদের এখানে কিছুটা জোয়ার আসবে। দ্বিতীয় বিকল্প বলছি, কেন্দ্রীয় সরকার উদ্যোগ নিয়ে এখানে বিনিয়োগ করুন, পূর্বাঞ্চলে। আপনাদের অঢেল টাকা আছে, টাকার পাহাড়ের উপর বসে আছেন, আপনারা নিজেরা বিনিয়োগ করুন। আপনাদের আর্থিক প্রতিষ্ঠানগুলো টাকা দিচ্ছে না, ব্যাঙ্ক টাকা দিচ্ছে না। আপনাদের কেন্দ্রীয় বাজেট থেকে ধার দেবার চেষ্টা করুন। আমি বলছি, গত ১৫ বছরে এই কলকাতায় পাতাল রেল ছাড়া কিছু হয়নি, পাতাল রেল ১৯৬৫ সালের পর আরম্ভ হয়েছে। ডানকুনিতে একটা কার্বোনিডেশন প্ল্যান্ট করার কথা-বার্তা হচ্ছে। অনেকগুলি বিষয়েই তো কথা-বার্তা হচ্ছে। আগেও তো কথা অনেক হয়েছে, প্রথমে হলদিয়ায় জাহাজ কারখানা, তারপরে জাহাজ মেরামতি কারখানা, সল্টলেকে ইলেকট্রোড কারখানা, দুর্গাপুরে ট্রাক তৈরির কারখানা—অনেকভাবে অনেক কথা-বার্তাই তো হয়েছে, কিন্তু কিছুই হচ্ছে না। তারপরে শেষ কথা আমরা বলছি যে, মূলনীতি কেন্দ্র যদি পাল্টাতে না চান, যদি ব্যাঙ্কের আর্থিক বিনিয়োগ নীতি পাল্টাতে না চান, যদি সরাসরি কেন্দ্রীয় উদ্যোগে বিনিয়োগ বিস্তারিত করতে না চান, তাহলে দয়া করে আমাদের কিছু বাড়তি টাকা দিন, আমরা নিজেদের উদ্যোগে কাজ করব, আমরা নিজেরা যোজনার পরিমাণ বাড়াব, আমরা যতটুকু পারি নিজেরা ব্যবস্থা করব। কিছু কিছু করে শিল্প বাড়াতে

[6-55 — 7-05 p.m.]

পারব, কিছু কিছু বেকারত্ব কমাব। কিন্তু কি হচ্ছে? আপনারা জানেন একটা অদ্ভুত ব্যাপার চলছে। ১৯৮০-৮১ সালে প্রতিটি রাজ্যের জন্য বার্ষিক যোজনায় কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ যা ছিল, ১৯৮১-৮২ সালের বার্ষিক যোজনায় প্রতিটি রাজ্যের ক্ষেত্রে তা বেড়েছে। অথচ পশ্চিমবাংলা একমাত্র রাজ্য, যার ক্ষেত্রে সেই সাহায্যের পরিমাণ ১০ কোটি টাকা কমেছে। দ্বিতীয় কথা হচ্ছে, চার দিন আগে খবরের কাগজে বেরিয়েছে যে, গড় প্রতি পশ্চিমবাংলায় যোজনার পরিমাণ গোটা ভারতবর্ষের মধ্যে সব চেয়ে কম। আমরা নিজেরা গত চার বছরে তিন গুণ, সাড়ে তিন গুণ যোজনার পরিমাণ বাড়িয়েছি, কিন্তু আমরা একা বাড়িয়ে কি করব, রাজ্য একা বাড়িয়ে কি করবে কেন্দ্র যদি এগিয়ে না আসে? এখানে গোটা দেশের গড় প্রতি যোজনা ব্যয়—সর্বভারতীয় গড় ৫২, আর পশ্চিমবাংলায় ৩২ এবং আমরা আশঙ্কা করছি আগামী বছরে কমে ৩০-এ গিয়ে দাঁড়াবে, গোটা ভারতবর্ষ যেখানে ৫৫ দাঁড়াবে। অনেকে বলেছেন, আপনারা নিজেরা চেষ্টা করছেন না কেন? কেন্দ্রীয় সাহায্য যখন বাড়ছে না তখন আপনারা নিজেরা চেষ্টা করছেন না কেন? এর কি উত্তর দেব? আমার বাজেট বক্তৃতায় আমি

একটা হিসেব উল্লেখ করেছি, রিজার্ভ ব্যাঙ্ক অফ্ ইন্ডিয়ার একটা বুলেটিনে (ওদের মুখপত্রে) বলছে, ১৯৮০-৮১ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত ২২-টি রাজ্য বাড়তি ৪৬ কোটি টাকার রাজস্ব আদায় করেছে এবং তার মধ্যে একা পশ্চিমবাংলা ২৩ কোটি টাকা বাড়তি রাজস্ব তুলেছে। গোটা দেশের যে প্রচেষ্টা তার অর্ধেক পশ্চিমবাংলার একার। আমাদের এই রাজস্ব বাড়াবার প্রচেষ্টার মধ্যে কেন্দ্রের কোনও অবদান নেই। অথচ অদ্ভুত ব্যাপার দেখুন এক্ষেত্রে ওঁরা বলছেন, আপনারা যখন তুলেছেন তখন আর আপনাদের বাড়তি টাকা দেব না। এসব কথা আজকে আমাকে এখানে বলতে হবে, এতে ইন্দিরা গান্ধীর বি-টিম যদি আমার উপর ক্ষেপে যান, তাহলে আমার কিছু করার নেই। তারপর হরিপদবাবু এখন এখানে নেই, তিনি শ্রুতি-মধুর বক্তৃতা দেন, কিন্তু তিনি কি বললেন? মহারাষ্ট্রে এত এত হয়েছে, গুজরাটে এত এত হয়েছে, আপনাদের হচ্ছে না কেন? হচ্ছে না, তার কারণ মহারাষ্ট্রের জনসংখ্যা আমাদের জনসংখ্যার শতকরা ১০ ভাগ বেশি। অথচ ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমি এবং আমাদের মুখ্যমন্ত্রী দু'দিন ধরে জোরজার করে মাত্র সাড়ে তিন হাজার টাকা আদায় করতে পেরেছি, আর মহারাষ্ট্র ৬১৭৫ কোটি টাকা পেয়েছে। তারপর দেখুন আমাদের কয়লা আমাদের লোহা, আমাদের ইস্পাত আমরা এখানে যে দামে পাচ্ছি, মহারাষ্ট্রের বোম্বাইতে সেই দামে পাওয়া যাচ্ছে। কিন্তু ওদের তুলো, ওদের রসায়ন আমাদের বেশি দাম দিয়ে আনতে হচ্ছে। এই অবস্থায় মহারাষ্ট্রের সঙ্গে কি করে আমরা প্রতিযোগিতায় পারব, যদি প্রথম থেকেই আমাদের হাত পা পিছনে বেঁধে দেওয়া হয়? সুতরাং তা সম্ভব নয়। সেই জন্যই তো এই জিনিসগুলি দেখতে বলছি। আমরা চাই গোটা দেশ এক সঙ্গে এগিয়ে যাবে। আমরা চাই না—জনতা দলের বন্ধু বক্তৃতা করে গেলেন বাঙ্গালি, অবাঙ্গালি ইত্যাদি বিষয়ে—বৈষম্য ছড়িয়ে পড়ুক, আমরা এটা চাই না। আমরা চাই গোটা দেশে সমতা আসুক এবং সমতা যদি আনতে হয় তাহলে প্রথমেই বিনিয়োগের সমতা আনতে হবে। মূল্যনীতির কোনওরকম পক্ষ-পাতিত্ব থাকবে না—এটার জন্য আমরা চেষ্টা করছি, জাতীয় সংহতির স্বার্থে, যদি পূর্বাঞ্চলকে না এগিয়ে নিয়ে যেতে পারা যায় তাহলে কোনও দেশই এগুবে না। পূর্বাঞ্চল না এগুলে যে সমস্ত চক্রান্তকারি এখানে-ওখানে ছড়িয়ে আছে তারা অনগ্রসরতার সুযোগ নেবে। সেই জায়গাটা বন্ধ করবার জন্য চেষ্টা করছি এবং এই ফাঁকটাকে ঢাকার দরকার আছে। এটা করলে দেশ উন্নততর হতে পারে। এই কাঠামোর মধ্যে যেটুকু সম্ভাবনা আছে সেই সম্ভাবনাকে ব্যবহার করতে হবে তানাহলে গোটা ভারতবর্ষ ভেঙ্গে খান-খান হয়ে যাওয়ার আশঙ্কা আছে। কিন্তু কি করব? আমরা তো চেষ্টা করছি, এরই ভিতর নিজেদের রাজ্যের উপর নির্ভর করে আমাদের বিনিয়োগের পরিমাণ বাড়াবার চেষ্টা করছি এবং আপনারা জানেন, গত ৪ বছর ধরে তিন গুন, সাড়ে তিন গুন বাড়ানো হয়েছে। এখানে মাননীয় ভোলাবাবু রঙ্গ করে বললেন, এটা এমন কি? ডাঃ বিধান রায় তো ২০ বছর হয়েছে গত হয়েছেন—আপনিও তো ৪ বছর আগে মন্ত্রী ছিলেন—১৯৬১-৬২ সালে পশ্চিমবাংলার বার্ষিক যোজনা ছিল ৫০ কোটি টাকা। উনি বললেন, আগে যা দাম ছিল এখন তার চাইতে ১৩ গুন জিনিসপত্রের দাম বেড়েছে। না, ভোলাবাবু ১৩ গুন বাড়েনি, এতটা কৃতিত্ব আপনি দেখাতে পারবেন না—মাত্র ৪ গুন দাম বেড়েছে। ৪ গুন যে দাম বেড়েছে সেখানে যোজনার পরিমাণ হওয়া উচিত ছিল ২০০ কোটি টাকা কিন্তু আমরা তার অনেক কম পাচ্ছি। ডাঃ রায়ের সময়ে কয়লা, ইস্পাত, এবং লোহার দাম গোটা ভারতবর্ষে সমীকরন করা হল—এটা ডাঃ রায়ের মুখ্যমন্ত্রীত্বের

আমলে—কিন্তু আমি যতদূর জানি, উনি বিন্দুমাত্র প্রতিবাদ করেন নি। যাই হোক, এটা কথার কথা। আমি এ বিষয়ে আর বেশি সময় নেব না। মাননীয় ভোলাবাবু বললেন, আমরা নাকি গ্রামকে পরিষ্কার করছি। আমার ১৯৭৭।৭৮ সালের বাজেট বক্তৃতায় সবই গ্রামের কথা আছে। বিগত ৩০ বছর ধরে গ্রামাঞ্চলের যারা কেউ কিছু পায়নি, যারা অবহেলিত, বঞ্চিত, পদদলিত হয়েছে, যাদেরকে আরও নিচের দিকে নামানো হয়েছে তারা একটু পাক না। এই সমস্ত খেটে খাওয়া গরিব মানুষগুলি, ভূমিহীন কৃষক, ছোট চাষী, ভাগচাষী, মাঝারি চাষী, কারুজীবি, কর্মজীবি লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ একটু পাক না, একটু সস্তির মুখ তারা দেখুক। এই কাঠামোর মধ্যে আমরা একটু অন্যরকম করার চেষ্টা করেছি। মানবিকতা এবং মানবিকতার বাইরেও একটা জিনিস আছে। সাড়ে তিন কোটি থেকে সোওয়া ৪ কোটি গরিব মানুষদের যাতে একটু উপার্জন বাড়ে তারজন্য একটু আলাদা ব্যবস্থা করে দিয়েছি। একটু সার, একটু শস্য, একটু ঋণের সুবিধা—এই সমস্ত সুবিধা যদি একটু আলাদা করে দিই তাহলে তারা উৎপাদন বাড়াতে পারে এবং এরজন্য বাড়তি যদি উপার্জন বাড়ে তাহলে তারা বাজারে একটু বেশি খরচা করতে পারে। এখানে কেউ কেউ বললেন, দেশে শিল্পের প্রসার হচ্ছে না। আমাদের দেশের এই সাড়ে তিন কোটি থেকে ৪ কোটি গরিব মানুষদের যদি বাড়তি উপার্জন বাড়ে তাহলে বাজারে তারা একটু খরচ করতে পারে এবং সেটা যতই ঢিমেতালে হোক না কেন কিছুটা গতি সঞ্চার হবে শিল্পের ক্ষেত্রে এবং কিছু লোকের কর্মসংস্থান হবে।

[7-05 — 7-15 p.m.]

আমাদের এটা একটা দাবি, এই দাবি নিয়ে আমরা ৪/৫ বছরের বাজেটে এই লক্ষ্য নিয়ে এগোচ্ছি। মাননীয় বীরেনবাবু যেটা বলেছেন—ফিরিস্তি দিয়ে বললেন আমরা কিছুই করতে পারিনি, ঠিক কথা বলেছেন, আমরা তো স্বর্গরাজ্য করতে পারিনি, স্বর্গরাজ্য করা যায় না, এবং স্বর্গরাজ্য করার আমাদের কোনও প্রতিশ্রুতি নেই, এটা বাতুলতা। শশবিন্দু বাবু, যিনি বললেন বিপ্লবী সমাজতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠিত হয় নি,—বিপ্লবই হয়নি, তা বিপ্লবী সমাজতান্ত্রিকতার কথা বলার কোনও মানে হয় না। আমরা চেষ্টা করব মানুষগুলো—তাদের একটা সম্মান দেওয়া, একটা মর্যাদা দেওয়ার জন্য, প্রাথমিক শিক্ষা করিয়ে তাদের ভেতর একটা অনুভূতি জাগাবার একটা চেতনা জাগাবার চেষ্টা—যে এই দেশটাও তাদের, এই দেশে তাদেরও অধিকার আছে, এবং সঙ্ঘবদ্ধ হয়ে এগিয়ে যাবার অধিকার আছে, এর বেশি আমরা দাবি করিনা এবং এর বেশি সফল হয়েছি এটা বলব না। বলা অসঙ্গত হবে এবং সেটা অবাস্তব একটা দাবি হবে। এই ছিল সাধারন একটা দাবি। তারপর বলা হয়েছে শিল্পে কি করা হচ্ছে, ইত্যাদি ইত্যাদি। বেকার সমস্যার জন্য কি করা হচ্ছে, একটা-দুটো ছোট ছোট সমস্যা আছে, এগুলো বলা দরকার, এগুলো হচ্ছে নিত্য নৈমিত্তিক, প্রতি বছর আলোচনা হয়, রাজ্যপালের ভাষণে বলা হয়, বাজেট ভাষণে বলা হয়, আবার যখন প্রশ্নোত্তর বা অন্য সময়েও বলা হয়। একটা জিনিস পুলিশি খাতে খরচ কেন বাড়ছে, ভোলাবাবু বলেছেন, দেবপ্রসাদবাবু বলেছেন, জনতা দলের দু-এক জন সদস্যও বলেছেন। এটা বার বার হচ্ছে এবং এটা বলা দরকার, মাইনে পত্তর বাড়ে, পুলিশের খরচও বাড়ে। সেটা আমরা জানি এবং আপনারাও জানেন, যদি আপনাদের আইন থাকে আপনারা বলুন, জিনিসপত্রের দাম বাড়ছে,

সরকারি কর্মচারিদের মাইনে বাড়ছে, শুধু পুলিসেরাই মহার্ঘভাতা পাবেন না যদি সৎসাহস থাকে, আপনারা বলুন, আপনারাও যাবেন, আমরাও যাব, গিয়ে যাহোক হবে। এটা হচ্ছে এক নম্বর। আর দুই নম্বর হচ্ছে পুলিশ—আপনারা শুনুন ১৯৭৬-৭৭ সালে—ভোলাবাবু শুনুন, গোটা রাজ্যের সামগ্রিক ব্যয় ছিল ৭৬৫ কোটি টাকা, পুলিশের খাতে ব্যয় ছিল ৪৯ কোটি টাকা, যার শতকরা কষুন, ওটা হচ্ছে ৬-৪ শতাংশ, আজ ১৯৮১-৮২ সালে আমি যে বাজেট পেশ করেছি আপনাদের কাছে পুরো খরচ আমি বলছি, সেটা হচ্ছে ১৭৪০ কোটি টাকা এবং পুলিশের উপর ব্যয় বরাদ্দ ৭২ কোটি টাকা, যার শতকরা কষুন ৪.২ শতাংশ, তার মানে এই পাঁচ বছরে আনুপাতিকভাবে পুলিশের উপর খরচা বাড়েনি। শতকরা ৫০ ভাগ পুলিশের উপর খরচা কমেছে। যদি ভোলাবাবুরা রাগ না করেন তাহলে আরও একটা কথা বলি। এই আনুপাতিক ব্যয় বরাদ্দ আমরা কমিয়ে দিতে পারি ভোলাবাবু বা তাঁর দল যদি ওঁদের নন্দী ভৃঙ্গিদের মধ্যে আভ্যন্তরীণ যে বিবাদ সেটা যদি একটু সামলে দিতে পারেন। আমরা দেখছি—ওঁদেরই কোনও নেতার কথা 'দশটা পেটো যদি ফাটে, তার নয়টা আমরা ফাটাই' এখন যদি সুব্রতরূপী নন্দীরা, এবং সোমেনরূপী ভৃঙ্গিরা যাঁরা আছেন তাঁদের ভিতর যদি আপনারা একটু সালিশি করে দিতে পারেন, এটা খুব শক্ত ব্যাপার—এরকম সালিশি নিজের দলে হয় না। ওঁরা রাইটার্স বিল্ডিংয়ে মুখ্যমন্ত্রীর কাছে চলে আসেন। মুখ্যমন্ত্রীর পুলিশ আছে, পুলিশকে ব্যবহার করেন। আপনারা জনপ্রতিনিধি হয়ে যদি পুলিশকে ব্যবহার না করেন তাহলে পুলিশের ব্যয় আরও কমিয়ে নেব এটা বলা মুশকিল। কাজেই দায়ী না করে একটু সহযোগিতা করুন। তারপর আরও একটা কথা, আমাদের পঞ্চায়েত বিল। পঞ্চায়েতি ব্যবস্থায় দুর্নীতি। এটাতো লিপিবদ্ধ হয়ে গেছে যে কংগ্রেস—মহাত্মা গান্ধী পঞ্চায়েত ব্যবস্থা নিয়ে স্বপ্ন দেখেছিলেন এবং এঁদের মধ্যে আবার কেউ কেউ জয়প্রকাশ নারায়ণের শিষ্য আছেন এবং আমরা কিছু যে করিনি একথা আমরা মানছি এবং আমাদের জনসাধারনকে ধরে কংগ্রেস যে প্রাথমিক আইনটা করেছিলেন ওটা কংগ্রেসেরই পঞ্চায়েত আইন। ওঁরা সেটা প্রয়োগ করেন নি, আমরা করেছি এবং সাধারন নির্বাচনে আমরা সেটা বলেছি। ঠিক একই ব্যবস্থায়, ২১ বছরের উপর যাদের বয়স তাঁরা ভোট দেবেন। গণতান্ত্রিক পদ্ধতিতে হবে, বড়লোক, গরিবের ভেদাভেদ থাকবে না, কৃষক, ক্ষেতমজুরের ভেদাভেদ থাকবে না, সবাই গিয়ে সমানভাবে ভোট দেবে, গরিব মানুষগুলো—যাদের ক্ষমতা অধিকার করবার দরকার, তারা ক্ষমতা অধিকার করবে।

গরিব মানুষগুলি ক্ষমতা অধিকার করেছে। একটা ক্ষমতার স্বাদ সমাজের নিচু তলার লোকেরা পেয়েছে। সংখ্যাতত্ত্ব আমাদের কাছে আছে তাতে আমরা জানি গ্রামে কি হচ্ছে। এ বিষয়ে হিসাব আমরা দেব। তবে সরকার থেকে আমরা হিসাব পরীক্ষক ঠিক মতোন নিয়োগ করতে পারিনি। হিসাব রাখার জন্য সেটা ওদের শেখাতে হবে। তা সত্ত্বেও একই কুৎসা একই কথা বলে লাভ কি? ৩ হাজার ২৪২টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৩ হাজার ১৩২টি গ্রাম পঞ্চায়েত পুরো হিসেব দিয়েছেন তার অডিট রিপোর্ট আমার কাছে আছে। দ্বিতীয় কথা, খাদ্যশষ্যের হিসেবের ব্যাপার। কেন্দ্র থেকে যে খাদ্যশষ্য আসছে তার হিসাব আমরা দিইনি এইরকম কথা বলা হচ্ছে। এ বিষয়ে আমি ২।৩ বার কেন্দ্রীয় মন্ত্রীকে চিঠি লিখে বুঝিয়ে দিয়েছিলাম। কিন্তু তারপর দেখলাম এটা চিঠি লেখার ব্যাপার নয়। কারণ এটাকে ইংরাজি

ভাষায় বলা হয় র‍্যাশনাল তাই হয়েছে। কিন্তু এটা তা নয়। ১৯৮০ সালের ৩রা জুন কৃষি মন্ত্রকের সচিব আমাদের মুখ্য সচিবকে চিঠি দিলেন যে ১৯৭৯ সালে তোমাদের খাদ্যশষ্য যে দেওয়া হয়েছিল ৩১শে জানুয়ারির মধ্যে তার ৬৪.২ ভাগ হিসাব দিয়েছে বাকিটার হিসাব দাও। কিন্তু ১১ই জুন শ্রী সঞ্জয় গান্ধী লোকসভায় প্রশ্ন করলেন যে এটা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার শতকরা ৫০ ভাগের হিসাব দিয়েছেন? তার উত্তর হ্যাঁ সত্য। আমি সাংবাদিক বন্ধুদের কাছে সেই চিঠির কপি এবং মন্ত্রী মহাশয়ের জবাব ফটো স্টার্ট করে দিয়েছি। তারপরে ভদ্রলোকের ওই এক কথা সেটা হল একই অসত্য কথা বারবার তারা বলছেন। সেইজন্য মুখ্যমন্ত্রীকে বললাম আপনি দয়া করে রাষ্ট্রপতিকে চিঠি দিন সংবিধানের ১৪৩ ধারা অনুসারে। অর্থাৎ ওঁরা বলছেন আমরা হিসাব দিয়নি। আর আমরা বলছি আমরা হিসাব দিয়েছি এই গোলমালের মধ্যে গিয়ে লাভ কি? অর্থাৎ সংবিধানের ১৪৩ ধারা অনুযায়ী আপনি রাষ্ট্রপতিকে লিখুন যে এটা সুপ্রীম কোর্টে পাঠানো হোক এবং তারা বলেদিন যে আমরা হিসাব দিয়েছি কিনা। রাষ্ট্রপতির জবাব এখনও আসেনি। কারণ ৪২তম সংবিধান পাশ হবার পর এই জিনিস হয়েছে যে তারা আমাদের ক্রটি কেন্দ্রীয় কৃষিমন্ত্রকের কাছে পাঠান। মাত্র ১০ দিন আগে তার জবাব পেয়েছি। কিন্তু প্রশ্ন হল কার কাছ থেকে পেয়েছি না যার সম্বন্ধে আমাদের অভিযোগ। কেন্দ্রীয় কৃষিমন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী বলেছেন যে এটা সুপ্রীম কোর্টের পাঠাবার দরকার নেই, কারণ আমরা বিচার করে দেখেছি যে এটা সুপ্রীম কোর্টে পাঠানো যায় না। যাদের সম্বন্ধে আমাদের অভিযোগ তারাই ঠিক করলেন সুপ্রীম কোর্টে পাঠানো যায়না। তখন মুখ্যমন্ত্রী আবার লিখলেন যে এটা পাঠানো যায় কিনা সুপ্রীম কোর্টে সেই বিচার করুন। অসত্য কথা বলবার সাহস আছে, কিন্তু তার মুখোমুখি হবার সাহস নেই। এইভাবে অকারণে ওঁরা অসত্য কথা বলেন। ভোলাবাবু চায়ের উপর কেন কর করেছি সে সম্বন্ধে বললেন। ভোলাবাবুর মতো এস.সি.ইউসি. দলও বলেছেন যে চায়ের উপর কর বসানো মহা অন্যায় হয়েছে। ভোলাবাবু বরকত সাহেবের মতো ভুয়ো ব্যারিস্টার নন। তিনি পাশ করা ব্যারিস্টার। তাঁর একটা সুবিধা হচ্ছে তিনি এপক্ষে সওয়াল করতে পারেন,

[7-15 — 7-25 p.m.]

ওপক্ষেও করতে পারেন। কিছুদিন আগে এই বিধানসভায় দাঁড়িয়ে তিনি আমার শ্রাদ্ধ করেছিলেন কেননা চায়ের নিলামে কেন আরও বেশি চা আসছে না এবং তার ওপর আমরা কেন ব্যবস্থা নিচ্ছি না? অর্থাৎ আমরা যে যে ব্যবস্থা নিয়েছি তাতে চায়ের নিলামে সর্বনাশ হয়ে যাবে। এর ফলে তিনি খাপ্পা হয়ে গেলেন এবং চায়ের নিলামের ঘরগুলির ভালো নয় একথা তিনি বললেন। এবং আজ কেন এভাবে কর বসাচ্ছি সে সম্পর্কেও বললেন। এখন আমি কি করব বলতে পারছি না। জয়নাল সাহেব চায়ের ব্যাপারে যেসব কথা বললেন সেগুলি আমি বিবেচনা করে দেখব। আরেকটা ব্যাপার হচ্ছে কয়লার ব্যাপার। পশ্চিমবাংলা কয়লা থেকে ৬০ কোটি টাকা ওঁরা নিয়ে যাচ্ছেন আর চুসতে দিচ্ছেন সাড়ে ৩ কোটি টাকা। আমরা বলেছি সাড়ে ৩ কোটি টাকা নয় আরোও ৭ কোটি টাকা দিতে হবে। অর্থাৎ যেখানে আপনারা ৬০ কোটি টাকা নিয়ে যাচ্ছেন তার থেকে ১০ কোটি টাকা আমাদের দিন এবং তাহলে আর ঝগড়ার ব্যাপার থাকবে না। সমস্ত জিনিসের দাম বাড়ছে, সেখানে আমাদের দাম বাড়াবার

কোনও প্রশ্ন নেই। তবে ভোলাবাবু চাননা পশ্চিমবাংলায় টাকা আসুক। তিনি বলেছেন পশ্চিমবাংলায় টাকা কমেছে ভালো হয়েছে এটা বাইরে গিয়ে বলুন তাহলে আমাদের খুব ভালো হয়।

**শ্রী ভোলানাথ সেন ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি এই কথা বলেছি যে ভারতবর্ষের মধ্যে অনেক প্রদেশ আছে কেরালা, ত্রিপুরা ইত্যাদি সেখানেও তো কম হয়নি। আপনাদের কেন কম করলেন? অর্থাৎ এই জন্য যে আপনাদের যে টাকা গত বছর দিয়েছিল সেই টাকা আপনারা খরচ করতে পারেননি।

**ডঃ অশোক মিত্র ঃ** আমরা অনেক বেশি খরচ করেছি। চায়ের উপর করের ব্যাপারে আমরা পুরোপুরি এটা কেন্দ্র অর্থমন্ত্রীর নির্দেশ অনুযায়ী এটা করেছি। জাতীয় উন্নয়ন পরিষদে তিনি বলেছেন যে পশ্চিমবাংলা থেকে বস্তা বন্দী হয়ে জিনিসপত্র অন্য রাজ্যে চলে যায়, অনেক সময় ভিন রাজ্যে চলে যায়, চোরা চালানে চলে যায় এবং সংবিধানের যা বিধি ব্যবস্থা তাতে আমরা এর উপর কোনও ট্যাক্স করতে পারিনা। এই নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে অনেক কথা বলেছি যার জন্য শেষ পর্যন্ত জনতা সরকার রাজি হয়েছিলেন যে তারা সংবিধান সংশোধন করবেন। কিন্তু তারা ভেঙ্গে গেলেন। তারপর কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী বললেন এই রকম একটা সংবিধান সংশোধন হলে আমাদের রাজস্ব তোলবার সুবিধা হয় কিন্তু সংবিধান অনুযায়ী প্রথমে এটা পার্লামেন্টে পাশ করতে হবে, তারপর এতগুলো বিধানসভায় মঞ্জুরি করাতে হবে, সুতরাং আপনারা একটা বিধি ব্যবস্থা করুন যাতে রাজস্ব হারিয়ে না যায়। তার কথা শুনে চায়ের উপরে করের ব্যবস্থা আমরা করেছি। তারপর কর বসবার ব্যাপারে প্রথম চার বছরে প্রচুর পরিমাণে রাজস্ব আদায় করেছি। যখন চায়ের উপর কর বাড়ানো হয় তখন গরিব মানুষ মারা যাবে এই কথা তারা বলেছিলেন। আমার মনে আছে রেনুপদ বাবু মোটর গাড়ির উপর কর বসানোর সময় বলেছিলেন সাধারন মানুষের সর্বনাশ হয়ে গেল। গত বছর তামাকের উপর করের জন্য কংগ্রেস জনতা হৈহৈ করে বললেন যে এতে গরিব মানুষ শেষ হয়ে যাবে। এ বছর যখন কর কমানো হল তখন তারা বলছেন পুঁজিপতিদের স্বার্থে কর কমানো হচ্ছে। এর কি জবাব দেব? জবাব দেবার কিছু নেই।

ওঁদের জবাব দেওয়ার কিছু নেই। আরও একটা ব্যাপার বলি, কান পেতে শুনুন—আপনারা বলেছিলেন কেন্দ্র থেকে বাড়তি টাকা আদায় করা হলে তা রাজ্য পাবে। এই রাজস্ব আদায়ের কয়েকটি ফিগার আমি রাখছি—১৯৭৬-৭৭ সালে বিক্রয় কর বাবদ আদায়ের পরিমাণ ছিল ১৮০ কোটি টাকা, আর এই বছরে ১৯৮২ সালে এর পরিমাণ হবে ৪১১ কোটি টাকার মতো। আবগারিশুল্ক বাবদ ঐ ১৯৭৬ সালে আদায় ছিল ২৫ কোটি টাকা, এই বছরে সেটি হবে ৫৫-৬০ কোটি টাকার মতো। ঐ একই ভাবে পন্য প্রবেশ কর বাবদ আগে ছিল ২০ কোটি টাকা, এই বছরে সেটা হবে ৩৬ কোটি টাকার মতো। সুতরাং যা ওঁরা দিচ্ছেন তাতে বলে কিছু লাভ নেই—কর তো প্রচুর তোলা হয়েছে এই চার বছরে। এই রাজস্ব থেকে বাড়তি টাকা পাওয়ার জন্য আমি কেন্দ্রের কাছে অনেকবার দরবার করেছি, এবং এই দরবার করে দেখা গেল কিছুই পাওয়া যাবে না—সবই দুরাশা, অর্থাৎ আমাদের

নিজেদের ক্ষমতার উপর নির্ভর করতে হবে। কর আদায়ের ব্যাপারে এখানে ওখানে অনেক দুর্নীতি রয়েছে, কর ফাঁকি ত আছেই—বর্তমান সমাজ ব্যবস্থায় তা একেবারে অস্বীকার করা যায় না, সেটা আমাদের নিশ্চয়ই বন্ধ করার চেষ্টা করতে হবে। কিন্তু কিছুদিন আগে আমাদের কেন্দ্রের অর্থমন্ত্রী ও প্রধানমন্ত্রী তো নেমন্তন্ন করে সব কালোবাজারিদের ডেকে বললেন—তোমাদের আর কর দিতে হবে না। আর আমরা রাজ্যে বিক্রয়করের বোঝাটা কমিয়ে, পণ্য-প্রবেশকরের মূল্যটা একটু হ্রাস করে সাধারন মানুষকে স্বস্তি দেবার চেষ্টা করেছি মাত্র। এই সমস্ত দ্রব্য গ্রামে ঘরে বসে মেয়েরা ও গরিব জনসাধারণ তৈরি করে থাকেন। ইলেকট্রনিক দ্রব্যাদি, রাসায়নিক দ্রব্যাদি যা আচার্য প্রফুল্লচন্দ্র রায় বাঙালিদের তৈরি করবার ব্যাপারে উৎসাহ দিতেন, তখন যে ব্যাপকতা ছিল এই শিল্পে—সেই শিল্পকে যাতে আবার পুনর্জীবিত করে তোলা যায় সেজন্যই আমরা পরীক্ষা নিরিক্ষা করে এই কর হ্রাসের ব্যবস্থা করেছি—আমরা খানিকটা চেষ্টা করেছি মাত্র। বেকার ভাতা প্রসঙ্গে একটু বলি—হরিপদবাবুর মতো লোকদের দেখলাম তাঁরা বেকারদের ব্যাপারে হঠাৎ দরদ প্রকাশে একেবারে গলে নদী হয়ে যাচ্ছেন। আমরা বেকারদের ব্যাপারে ১৯৭৮-৭৯ সালে তিন বছরের জন্য বেকার ভাতা চালু করার যখন প্রস্তাব গ্রহণ করেছিলাম, তখন ওঁরাই বলেছিলেন যে, আমরা নাকি অকস্মাৎ একটা সিদ্ধান্ত নিয়ে ফেলেছিলাম। কিন্তু গরিব সংসারে এই সমস্ত বেকার যখন বেকারত্বের জ্বালায় কষ্ট পাচ্ছেন, কোনও চাকুরি পাচ্ছেন না, তখন আমরা একটু চেষ্টা করেছিলাম যাতে এই সমস্ত বেকার যুবকরা নিজেরা সৎভাবে জীবন যাপন করবার জন্য একটু সুযোগ করে নিতে পারেন, এবং সেজন্যই আমরা এই প্রকল্প করেছিলাম। এ ব্যাপারে আমরা কাউকে সুযোগ করে দেওয়ার পরিকল্পনা নেই নি, বরং আমরা তাঁদের সম্মান-দক্ষিণা দেওয়ার চেষ্টা করেছিলাম, এবং বলেছিলাম দেশে বহু বেকার আছেন, সবাইকে আমাদের ক্ষুদ্র সম্মান-দক্ষিণা তিন বছর তিন বছর করে ভাগ করে নিতে হবে। তিন বছরের পর চার বছর থেকে পরবর্তী যাঁরা আছেন তাঁরা পাবেন—এই কথা আমরা তখন বলেছিলাম—এই ব্যবস্থাই আমরা রেখেছিলাম। আর ওঁরা তখন বলেছিলেন যে, আমরা নাকি ক্যাডার তৈরি করার উদ্দেশ্যেই এই ব্যবস্থা করেছিলাম। সুতরাং আমরা এই সম্মান-দক্ষিণা অকস্মাৎ বন্ধ করে দিচ্ছি না, যাঁরা বেকার ভাতা চার বছর থেকে আর পাচ্ছেন না তাঁদের জন্য একটি বিশেষ সেল তৈরি করা হয়েছে, এবং অগ্রাধিকারের ভিত্তিতে একটি প্রকল্প তৈরি করা হবে ও আমরা চেষ্টা করব যাতে তাঁরা স্বনির্ভর কোনও প্রকল্পে নিযুক্ত হতে পারেন। আপনারা তো এই ব্যাপারে অনেক কিছুই বলছেন, কিন্তু দয়া করে কেন্দ্রের কাছে গিয়ে ১০।১৫ বা ২০ কোটি টাকা পাওয়ার ব্যাপারে বলুন না। সংবিধানের ৪১ নম্বর ধারা অনুযায়ী বেকারদের ব্যাপারে আমরা কেন্দ্রের কাছে অর্থ সাহায্যের জন্য ভিক্ষা করেছিলাম যে, আমরা বেকারদের জন্য ভাতা প্রকল্প তৈরি করেছি, আপনারা আমাদের কিছু অর্থ সাহায্য দিন। কিন্তু ওঁরা তখন উত্তরে বলেছিলেন, একটা পয়সাও দেব না।

[7-25 — 7-31 p.m.]

আর আমার মাত্র দুটি কথা বলবার আছে। বেতন কমিশন নিয়ে এখন আমরা কি করব? বেতন কমিশন এর রিপোর্ট আমরা গণতান্ত্রিক উপায়ে কর্মচারিদের অভিমত জেনে

নিয়ে বিধান সভার বর্তমান অধিবেশনে সিদ্ধান্ত ঘোষণা করব। অসুবিধাটা কোথায়। এত ि যখন অপেক্ষা করতে পারলেন কংগ্রেস বন্ধুরা না হয় আর কয়েক সপ্তাহ অপেক্ষা করলে তার কারণ আপনারা জানেন আমরা গণতন্ত্র বিশ্বাস করি। আপনাদের দল কে গণ বোঝানো যাবে না। আপনাদের নেতা প্রনব মুখার্জি ৪ দিন আগে কলকাতায় এসে বক্ত দিয়ে গেলেন জাতীয় উন্নয়ন পরিষদ সম্পর্কে। সমস্ত রাজ্য ইন্দিরা গান্ধীর পরিকল্পনা সমর্থন করেছেন, পশ্চিমবাংলা, কেরালা, ত্রিপুরা করেনি। অতএব পশ্চিমবাংলা কেরালা ত্রিপু স্বৈরতন্ত্রী। এই হচ্ছে আপনাদের গণতন্ত্র সম্বন্ধে ধ্যানধারনা। এই ভদ্রলোক মন্ত্রী হয়েছেন বি কোনও দিন নির্বাচনে জিততে পারেন নি। আপনারা স্বৈরতন্ত্রী সুতরাং গণতন্ত্রের কথা এব কম বলবেন। এখন ঘাটতির হিসাবে বলা হয়েছে যে নাকি ঘাটতির পরিমাণ ৬৫ কো টাকারও বেশি হতে পারে। আমরা কি করে বলব যে ঘাটতি বাড়বে না কমবে, যতক্ষন জানা যাবে কেন্দ্রের মুদ্রাস্ফীতি পরিমাণ কি হবে। আমরা জানি না আমাদের পক্ষে জা সম্ভব নয়। দেশে ৪ হাজার বাড়তি মুদ্রাস্ফীতির প্রবনতা অর্থব্যবস্থার উপর চাপালে কি হ জিনিসপত্রের দাম বাড়লে লোকেরা ১৫০০০ মাইল দুরে দিল্লিতে যাবে না লোকেরা এ আমাদের বলবে। কাজেই আমাদের একটা শক্তি বিধান করে দিন। জিনিস পত্রের দাম বাড় ডেভেলপমেন্ট প্ল্যানিং এর পরিকল্পনার উন্নতির কথা আমাদের চিন্তা করতে হবে না বলছে সুতরাং এই হিসাবটাতে আমরা বাড়িয়েছি সাড়ে তিন গুণ আরও বহু গুণ বাড়বে সেটা দি কে বলুন, আমাদের বলে লাভ নেই। আমি সবই দিল্লিকে বলে দিয়েছি, দিল্লি অনুম দিয়েছেন ঘাটতি মিটবে। আমি দুটো জিনিস বলব, এক হচ্ছে আমাদের প্রধান এই যে ক্র বিক্রয় কর প্রবেশ পণ্য কর এবং শিল্প বাণিজ্য উপর এখন থেকে আমার আরও বেশি টা আসবে ১৫/২০/২৫ কোটি টাকা। তার থেকে কিছু ঘাটতি মেটানো যাবে। এখন আমাদে বক্তব্য অত্যন্ত স্পষ্ট যে কেন্দ্র বলেছেন ১ হাজার টাকা কালোবাজারি বন্ড থেকে তুলবে কিন্তু কালোবাজারিরা আয় কর ফাঁকি দাও তোমরা কালোবাজারি তে টাকা দাও। রাজ্যসরকারে প্রাপ্য ছিল সেটা বদান্যতা করে কেন্দ্র ছেড়ে দিলেন। তারপর এই যে ১ হাজার কোটি টাকা বন্ড, এর মধ্যে ৮০০ কোটি টাকা রাজ্যগুলির প্রাপ্য এবং পশ্চিমবাংলার এই ৮০০ কো টাকা প্রাপ্য রয়েছে। এই টাকার জন্য চিঠি লিখব কেন্দ্রের অর্থমন্ত্রীর কাছে। এই টাকা আমাদের অধিকার আছে এই টাকা আমাদের চাই। সবশেষে রাজনীতি অর্থনীতি—এটা আমা কাছে একেবার একটা অর্থহীন প্রসঙ্গ বলে মনে হয়েছে। আমি ৩০ বছর ধরে অর্থনীতি শিক্ষকতা করেছি এবং সীমিত যা বৃদ্ধি তাতে আমি এই সিদ্ধান্তে এসে পৌছেছি যে রাজনী বাদ দিয়ে কোনও অর্থনীতি হয় না হতে পারে না। সুতরাং আমার প্রত্যেকটি বাজে রাজনৈতিক বাজেট হবে সেজন্য আপনাদের লজ্জা হওয়া উচিত আমাদের কাছে সেটা গব তারপর হরিপদবাবু হাউসে নাই—উনি বলেছেন আমি নাকি বলেছি এটা আমাদের শে বাজেট। এটা যদি শেষ বাজেটই হয় তাহলে তাতে ওনার আনন্দ হবার কি আছে? বর্তমা মেয়াদে এটা শেষ বছর—আমাদের আরও অনেক ভবিষ্যত আসবে। হরিপদবাবু আমাদে রবীন্দ্রনাথের গান শুনিয়েছেন

"যাবার আগে রাঙ্গিয়ে দিয়ে যাও
রং যেন মোর মর্মে লাগে

আমার সকল কর্মে লাগে
সন্ধ্যা দীপের শিখায় লাগে ..

গানগুলি আমার জানা নাই। তবে আমরাও একটু আধটু রবীন্দ্রনাথের গান কবিতা পড়ি। যদি উপস্থিত থাকতেন তাহলে আমি বলতাম শেষ নাহি তার শেষ কথা কে বলবে।

## Adjournment

The House was then adjourned at 7-31 p.m. till 1 p.m. on Friday, the 6th March, 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 6th March, 1981 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 16 Ministers, 4 Ministers of State and 162 Members.

[1-00 — 1-10 p.m.]

### Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আমি আজ একটি মাত্র মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। নোটিশটি দিয়েছেন শ্রী রজনীকান্ত দলুই। এই নোটিশে শ্রী দলুই জনগণনার কাজে নিযুক্ত কর্মীগণ কর্তৃক তফসিলি জাতি ও উপজাতি, মুসলমান সম্প্রদায় এবং ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের জনগণনার তালিকা থেকে বাদ দেওয়ার অভিযোগ করে এই নিয়ে আলোচনা করতে চেয়েছেন। জনগণনার বিষয়টি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত। এতে রাজ্য সরকারের প্রত্যক্ষ কোনও দায়িত্ব নেই। সুতরাং উল্লিখিত বিষয়টি এই সভায় মুলতুবি প্রস্তাব হিসাবে আনা যায় না। আমি শ্রী দলুই এর এই মুলতুবি প্রস্তাবটি নাকচ করছি। মাননীয় সদস্য মহাশয় এখন ইচ্ছা করলে সংশোধিত অংশটুকু পড়তে পারেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার কি করে হবে? কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন, অপারেশন করছেন রাজ্য সরকার। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আছেন, তিনি জানেন সব। স্যার, তফসিল জাতি, উপজাতি, মুসলমান সম্প্রদায় এবং ভাষাগত সংখ্যালঘুদের নাম বাদ দেওয়া হচ্ছে। এটা স্যার, আপনি একটু দেখুন।

**মিঃ স্পিকার ঃ** এটা এখানে হবে না, দিল্লিকে বলুন।

**Shri Rajani Kanta Doloi :** Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :—

Irregularities in census operation and dissatisfaction and resentment among Scheduled Castes, Scheduled Tribes, Muslims, Urdu speaking people and other linguistic minorities of West Bengal.

There is a serious resentment and feeling of dissatisfaction among the people because the census enumerators have neglected to enumerate a large number of households belonging to Scheduled Castes, Scheduled Tribes, Muslims and linguistic minorities of West Bengal. There are also complaints that the census enumerators have not correctly recorded

[6th March, 1981]

the information relating to castes, religion and mother tongue as furnished by the respondents. As a result, the very purpose for which information and statistics are being collected has been defeated. The State Government should immediately intervene in the matter and ensure that the date of census is extended and all households are covered by the enumerators.

## Calling Attention on Matters of Urgent Public Importance

অধ্যক্ষ মহাশয়, আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা :—

১) সোনারপুরে ডাকাত ও গ্রামবাসীদের মধ্যে সংঘর্ষ—শ্রী রজনীকান্ত দলুই।

২) সমাবর্তনের মুখে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গণছুটি—শ্রী রজনীকান্ত দলুই।

৩) শহরে লাইসেন্সবিহীন রিক্সা—শ্রী রজনীকান্ত দলুই।

4) Alleged murder of one Shibnath Das at Baranagar—Shri Rajani Kanta Doloi,

5) Alleged panic & tension in Kharagpur due to recent police firing—Shri Rajani Kanta Doloi.

6) West Bengal is on top of the List of Sick industrial units—Shri Rajani Kanta Doloi.

7) Failure of Census Enumerators to visit houses of backward and minority—Shri Rajani Kanta Doloi.

8) Rule obtained by M/s. Sanchaita Investments from High Court—Shri Rajani Kanta Doloi.

9) Proposed Dadies' hostel for the National Medical College students—Shri Rajani Kanta Doloi.

১০) আরামবাগ মহকুমায় খানাকুল ১নং ব্লকের জনৈক অনিল সামন্তের হত্যাকান্ডের ঘটনায় ভীতি ও সন্ত্রাসের সৃষ্টি—শ্রী অজয়কুমার দে।

আমি আরামবাগ মহকুমার খানাকুল ১নং ব্লকের জনৈক অনিল সামন্তের হত্যাকান্ডের ঘটনায় ভীতি ও সন্ত্রাসের সৃষ্টি বিষয়ের উপর শ্রী অজয়কুমার দে কর্তৃক আনীত নোটিশটি মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী জ্যোতি বসু :** ১১ তারিখ।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আমি এখন স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে ২৫এ ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে পান্ডুয়া ও শিলাগড় রেলস্টেশনের মধ্যবর্তী এক স্থানে ট্রেন ও লরির সংঘর্ষ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

(শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী কাজি হাফিজুর রহমান ২৩এ ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে উক্ত ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।)

**শ্রী জ্যোতি বসু ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৫. ২. ৮১ তারিখে সিমলাগড়ে লেভেল ক্রশিং-এ বর্ধমানগামী একটি লোকাল ট্রেন এবং একটি ট্রাকের মধ্যে সংঘর্ষের ফলে যে দুর্ঘটনা ঘটে সে বিষয়ে বিধানসভার সদস্য শ্রী সামসুদ্দিন আহমেদ ও কাজি হাফিজুর রহমান কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপরে আমি এই বিবৃতি দিচ্ছি। ঘটনাটি ঘটে হাওড়া বর্ধমান লাইনে পান্ডুয়া ও সিমলাগড় স্টেশনের মধ্যে আর্তির ১৭/সি নং লেভেল ক্রশিং-এ। ঘটনায় প্রকাশ, যে গত ২৫. ২. ৮১ তারিখ সকাল ৭/৫০ মিনিটের কিছু আগে ঐ লেভেল ক্রশিং-এর নিকট ডবলু. জে. এ. ৪৩৬২ নং একটি লরি এসে থামে। লেভেল ক্রশিং বন্ধ থাকায় লরিটি কিছুক্ষণ অপেক্ষা করে। বেশ কয়েক মিনিট অপেক্ষা করার পর ঐ লরির চালক হর্ণ বাজিয়ে ঐ লেভেল ক্রশিং-এর কর্তব্যরত কর্মচারীর দৃষ্টি আকর্ষণ করে। তখন চারদিকে ঘন কুয়াশাচ্ছন্ন ছিল। প্রায় ৭/৫০ মিনিটের সময় গেটম্যান ঐ লেভেল ক্রশিং-এর গেট খুলে দেয়। লরিটি বর্ধমানগামী রেল লাইনের উপর আসতেই ঐ লাইনে হাওড়া বর্ধমান আপ বৈদ্যুতিক ট্রেনটি এসে পড়ে এবং লরির সঙ্গে সংঘর্ষ হয়। সংঘর্ষে লরিটি এবং মোটরম্যানের কেবিনটি বিনষ্ট হয়। দুর্ঘটনার ফলে ৭ জন ব্যক্তি ঘটনাস্থলে মারা যান এবং ১৩ জন ব্যক্তি আহত হন। আহতদের পান্ডুয়া স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার পর চুঁচড়া ইমামবাড়া হাসপাতালে ভর্তি করা হয়। আহতদের মধ্যে লরির চালকও আছেন। ৭ জন নিহতের মধ্যে একজন ট্রেন যাত্রী, তিন জন লরির মজুর এবং ট্রেনের মোটর‍্যাম্যান, সহকারি মোটরম্যান ও অপর এক ব্যক্তি আছেন। এই দুর্ঘটনার খবর পেয়েই ব্যান্ডেল জি. আর. পি. থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হন এবং ঘটনাস্থলটি ঘিরে রাখেন ও আহতদের হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন। ইত্যবসরে ঐ লেভেল ক্রশিং-এর গেটম্যান ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। এই ঘটনাটি ব্যান্ডেল জি. আর. পি. থানায় লিপিবদ্ধ করা হয় এবং যথাযথ তদন্ত চলছে।

## LEGISLATION

### The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1981

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to introduce the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1981.

(Secretary then read the Title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury :** *Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1981, be taken into consideration.*

[1-10 — 1-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৩৯ সালের ভারত রক্ষা আইন বলে অধিগৃহীত বিভিন্ন সম্পত্তি রাজ্যের বিভিন্ন প্রয়োজনে অধিগ্রহণে রাখার উদ্দেশ্যে ১৯৫১ সালের পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতার স্থায়িত্ব) আইনটি প্রণয়ন করা হয়েছিল। বিভিন্ন সময়ে আইনটির সংশোধন করে ইহার স্থায়িত্বকাল বাড়ানো হয়েছিল। ১৯৮১ সালের ৩১এ মার্চ ইহার স্থায়িত্বকাল শেষ হয়ে যাবে।

১৯৭৭ সালের ১লা এপ্রিল থেকে বর্তমান বাজার দর অনুযায়ী সম্পত্তিসমূহের আবর্তক ভাড়া বাবদ ক্ষতিপূরণ প্রদানের সংশোধন উদ্দেশ্যে ১৯৭৬ সালে আইনটির ৬ নং ধারাটির সংশোধন করা হয়। পরে আইনটি আরও তিনবার সংশোধন করে চলতি বাজার দর অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত ধারাটি বলবৎ করা ১৯৮১ সালের ৩১এ মার্চ অবধি স্থগিত রাখা হয়।

সরকারের আন্তরিক চেষ্টা সত্ত্বেও যে সব সরকারি দপ্তর অধিগৃহীত সম্পত্তি দখল করে রয়েছেন তাদের পক্ষে ঐ সব সম্পত্তি এখনও পর্যন্ত স্থায়ীভাবে গ্রহণ করা বা অধিগ্রহণ মুক্ত করা সম্ভব হয়নি। সংশ্লিষ্ট দপ্তরগুলির অফিসারদের নিয়ে গঠিত একটি টাস্ক ফোর্স অধিগৃহীত সম্পত্তিগুলি সম্পর্কে বিভিন্ন বিষয় পর্যালোচনা করে দেখছেন। অধিকাংশ সম্পত্তি বিভিন্ন আইনে স্থায়ীভাবে গ্রহণ করবার ব্যবস্থা নেওয়া হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে বর্তমান বাসিন্দাদের উচ্ছেদ করে সম্পত্তি অধিগ্রহণ মুক্ত করার ব্যবস্থা হচ্ছে। শতাধিক অধিগৃহীত সম্পত্তির যথাযথ ব্যবস্থা করার জন্য আরও সময়ের প্রয়োজন।

এই পরিস্থিতিতে আরও ১ বছরের জন্য অর্থাৎ ১৯৮২ সালের ৩১এ মার্চ পর্যন্ত আইনটির স্থায়িত্বকাল বর্দ্ধিত করা প্রয়োজন এবং সেই সঙ্গে চলতি হারে আবর্তক ভাড়া বাবদ ক্ষতিপূরণের হার সংশোধন সংক্রান্ত বিধানটিও ঐ একই সময় পর্যন্ত স্থগিত রাখা দরকার। এই বিধেয়কটিতে এই দুইটি সংশোধনের প্রস্তাব রাখা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি, বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্যগণ বিনা দ্বিধায় আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৮১ সালের পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতার স্থায়িত্ব) (সংশোধন) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রী শশবিন্দু বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলটি মন্ত্রী মহাশয় উত্থাপিত করার সময় যা বলেছিলেন এখনও সেই একই কথা বললেন। এই হাউসে বার বার একই কথা বলা হয় এবং এই বিলটির মেয়াদ বাড়ানোর কথা হয়। এক বছর আগে উনি অনেক খানি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এক বছরের মধ্যে সমস্ত সমস্যার সমাধান উনি করে ফেলবেন। গত ১৯৭৯ সালে এই বিলটির আলোচনা আরম্ভ হয়, তখন তার যে বক্তব্য শুনেছিলাম

এখন যা দেখছি তাতে দেখা যাচ্ছে উনি অত্যন্ত অসহায় বোধ করছেন এবং সেই অসহায় ভাব প্রকাশ করেছেন। অনেক রকম ভাবে সংগ্রহ যে সমস্ত ভূমি অধিগ্রহণ করে রেখে দেওয়া হয়েছে তা সরকার গ্রহণ করুন বা ফিরিয়ে দেওয়া হোক এটা যে ডিপার্টমেন্ট সাব্যস্ত করবেন—এগুলো এখানে রয়েছে সেই ডিপার্টমেন্টের সঙ্গে যোগযোগ করে তাদের ক্ষতিপূরণ দিতে হলে যে কাজগুলি করা দরকার সেগুলি তারা করছেন না। এটা অত্যন্ত দুঃখের বিষয়। আইন একদিক থেকে অত্যন্ত লজ্জার। যে আইনটি আমাদের সেই বৃটিশ শাসনের আমলের কাজ চিহ্নিত করে তার স্বাক্ষর রূপে আমাদের কাছে এসে উপস্থিত হচ্ছে। বাস্তবিক পক্ষে এই দেশে সেই বিদেশি শাসনের আমল থেকে—১৯৪৬ সালে অর্ডিনেন্স তৈরি করে, ১৯৪৭ সালে এই কনটিনিউয়েন্স অফ পাওয়ার আইনটি তৈরি করা হয়। ১৯৫১ সালের মূল আইনের উপর আজকে সংশোধনী আনা হচ্ছে। এটি ৫১ সালে তৈরি হয় তারপর সরকার পক্ষ থেকে তিন বছর করে মেয়াদ বাড়ানো হয়। যা দেখা যাচ্ছে এখন তিন বছর মেয়াদকে কমিয়ে ২ বছর, আবার ২ বছরকে কমিয়ে এক বছর করে কাইন্ড অফ অ্যানিভারসারি করা হয়েছে। আর কত দিন আমরা বিলটির অ্যানিভার্সারি পালন করব? এই রকম একটা ব্যবস্থা করুন যাতে আমরা মনে করতে পারি এই বিলটিকে আর মেয়াদ বাড়ানোর প্রয়োজন হবে না। এই পর্যন্ত এই বিলটিতে ১০ বার সংশোধন হয়েছে, প্রতি বার যা করণীয় এবং যে করে দেয় ইমপ্লিমেন্টেশন দেয় সরকার সেটা করতে পারে না। কিন্তু এর দ্বারা ফেলিওর অফ দি গভর্নমেন্ট, ব্যর্থতাই প্রমাণিত হয়। অন্যদিকে দেখলে এর দিকে তাকিয়ে দেখলে মনে হয় আমরা এখনও ইংরাজ শাসনের ক্ষতচিহ্ন বুকের উপর বহন করে বেড়াচ্ছি। সেই নিয়ে আলোচনা করছি। কাজেই মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন এটা পুনরাবৃত্তি যেন আর করবেন না, সে কারণ যাতে আর না ঘটে সেদিকে যেন দৃষ্টি দেন। মাননীয় মন্ত্রী মহাশয় বিলটির শেষে বলেছেন পুরনো কথা। ফাইনান্সিয়াল মেমোরান্ডামে বলেছেন—It is not possible to estimate correctly the expenditure that is likely to be incurred for extension of the life of the Act because this will depend upon the number of properties to be retained under requisition, released from requisition and acquired permanently during this period. আমি এটা ঠিক বুঝতে পারছি না। ১৯৬৯ সালে এই বিলের আলোচনা যেটুকু সংগ্রহ করতে পেরেছি ১১২টি গো-ডাউন আছে। তার মধ্যে ৮০ ভাগ ফুড ডিপার্টমেন্টের গো-ডাউন রয়েছে। সেই কারণে এইগুলিকে আইদার বা পার্মানেন্টলি অ্যাকোয়ার করে নেওয়া যায় না? একটা সিদ্ধান্ত করা যায় সরকারি অর্থব্যয়ে অন্য যে সমস্ত কনস্ট্রাকশন হচ্ছে সেই রকম ফুড ডিপার্টমেন্ট এইগুলি রাখার ব্যবস্থা করবেন। অথবা এইগুলিকে রিকুইজিশন থেকে মুক্ত করে দিতে পারবেন।

[1-20 — 1-30 p.m.]

রাস্তাঘাট অনেক জায়গায় আছে, জমি জায়গা বাড়ি অনেক জায়গায় আছে যেগুলি যুদ্ধকালীন প্রয়োজনে দখল করে রেখে দেওয়া হয়েছিল। একটা বিদেশি সাম্রাজ্যবাদী নিজেদের স্বার্থে সেগুলি দখল করে রেখেছিলেন। সেইগুলির চরিত্র কি, কি কি ধরনের প্রপার্টি তা আমাদের বললে আমরা বুঝতে পারতাম। এই যে বছর-এর পর বছর আইনের মেয়াদ

বাড়াবার চেষ্টা করা হচ্ছে তার কি কারণ আমি বুঝতে পারছি না। এক বছরের পর এই আইনের আর কোনও প্রয়োজন হবে না এটা কেন আপনি বলছেন না? মন্ত্রী মহাশয় এক সময় বলেছিলেন যে পুরানো সরকার একটা আইন রেখে গেছেন তার পাপের বোঝা আমাদের টানতে হচ্ছে। এই পাপের মেয়াদ থেকে আপনি সরকারকে মুক্ত করুন এবং আমাদের মুক্ত করুন। পাপের কতখানি ক্ষত সেটা আমাদের বলুন। কতগুলি বাড়ি ও জমি সরকারের দখলে আছে, তা কি প্রকারে এবং পাবলিক প্রপার্টি হিসাবে কিভাবে সেগুলি ব্যবহৃত হচ্ছে তা আমাদের জানা দরকার। আমি এর বিরোধিতা করছি না, তবে তিনি একটা অসহায় অবস্থার মধ্যে পড়েছেন বলে এই কথাগুলি বললাম। তার আন্তরিকতার অভাব নেই কিন্তু তার আন্তরিকতা থাকা সত্ত্বেও it will be continuance of power এটা ঠিক নয় এবং এর একটা শেষ হওয়া দরকার যেমন করে হোক। একটা কথা আছে সর্বনাশে সমুৎপন্নে অর্ধং তজ্যতি পন্ডিতং-এর একটা ব্যবস্থা করা উচিত। তাঁর আগ্রহের উপর কটাক্ষ না করে বলব এই বিলের পরমায়ু যেন আর না বাড়ানো হয়। এই বলে শেষ করছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** অধ্যক্ষ মহাশয় যে বিল মন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন এই বিলটা খুবই ভাল। কিন্তু যে সমস্ত জমি সরকারি কাজের জন্য অধিগ্রহণ করা হয়েছে এগুলির যারা মালিক তার সময়মতো এবং নির্দিষ্ট হারে ক্ষতিপূরণ পাচ্ছে না। এই বিষয়টি আপনার নোটিশে আমরা অনেকবার এনেছি। পশ্চিম দিনাজপুর জেলার কুশমন্ডি থানায় প্রাইমারি হেলথ সেন্টারের জমি ১৯৬৭ সালে অধিগ্রহণ করা হয়েছিল এবং তখন যুক্তফ্রন্ট এই রাজ্যে ছিল। ১৯৬৭ সালের অধিকৃত জমির ক্ষতিপূরণ আজ পর্যন্ত সেই সমস্ত মালিকরা পাচ্ছে না। এর কোথায় ত্রুটি বা কি কি অসুবিধা আছে সেগুলি দেখার প্রয়োজন আছে। শুধুমাত্র বিলে স্থায়িত্বের জন্য এক বছর করে মেয়াদ বাড়ালেই সমস্যা সমাধান হবে না, কারণ সেই সঙ্গে সঙ্গে অসুবিধাগুলি দূর করা প্রয়োজন। অধিকৃত জমির মালিকরা অনেকেই নিঃশেষ হয়ে গেছে, অনেকে বিধবা হয়ে গেছে, ভিখিরি হয়ে গেছে কিন্তু আজ পর্যন্ত তারা কোনও ক্ষতিপূরণ পায়নি। সেইজন্য বলব আইনের সংশোধন আপনারা করছেন কিন্তু সঙ্গে সঙ্গে তাকে কার্যে রূপায়িত করবার দায়িত্বে যারা আছেন তাদের মানসিকতা এবং কার্যের গতি বেগের দিকে চাপ সৃষ্টি করা উচিত, কারণ তা না হলে এটা কাগজেই থেকে যাবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীকে সরাসরি তিনটি প্রশ্ন করতে চাই—আপনি এক বছর সময় চেয়েছেন এবং বলেছেন যে, এক বছর সময় পেলে মনস্থির করতে পারবেন, আপনি বললেন সমস্ত ফরমালিটিস অবজার্ভ করা শুরু করেছেন, কিন্তু সেগুলো করা সম্ভব হবে কি? ২নং প্রশ্ন হল, আপনারা কথায় কথায় সংবিধানের সীমাবদ্ধতার কথা বলেন, কিন্তু আর্টিকেল ৩১ অব দি কনস্টিটিউশন সংশোধনের পর মার্কেট রেট ঠিক করে কমপেনসেশন দেবার বাধ্যকতা নেই। সেখানে এন অ্যামাউন্টের কথা বলে কমপেনসেশনের কথা বলা আছে। তাহলে হোয়ার ইউ ক্যান, সেখানে আপনি সরাসরি প্রসিডিংস চাইছেন না কেন, Taking advantage of the provision of Article 31 as amended for an amount, not for adequate compensation. ৩নং হচ্ছে এগুলির অধিকাংশই তো মাননীয় পূর্তমন্ত্রীর দখলে আছে, সেক্ষেত্রে আপনি বাধাগুলি দেখাশোনা

করে জমিগুলি ঠিক করে দিতে পারেন। আসলে আমাদের পূর্তমন্ত্রী মহাশয় শীতে আক্রান্ত। আপনি ৩১-এর আশ্রয় নিয়ে সরাসরি হোয়াই ডোন্ট ইউ একোয়ার? ঐ প্রসঙ্গে আমি গতবারেও বলেছিলাম। আপনি ভিলেজ সোশালিজম করতে চান আবার অন্যদিকে কার্যত করতে চান না, আপনাদের এই ডাইকোটমি কেন? আপনি আমাদের সহযোগিতা চেয়েছিলেন—we are giving a blank support. ব্লাঙ্ক চেক দিচ্ছি এবং বলছি, you acquire and bring about a social change of the structure of the society. কিন্তু এ রেকর্ড কি আপনাদের আছে? দ্বিতীয় মহাযুদ্ধের পর থেকে আপনারা কোথাও কিছু এ ভাবে করতে পেরেছেন, এরকম রেকর্ড আছে কি? গভর্নমেন্ট হ্যাজ নো রেকর্ড যে, কোথায় কি ভাবে প্রপার্টি ইউটিলাইজ হচ্ছে, তা লক্ষ্য রাখছেন। এর সঙ্গে সঙ্গে আপনার কাছে নিবেদন whether the properties are being effectively utilised or not. সেগুলি যাতে ওয়েস্টেজ না হয়, তা একটু দেখবেন। আপনাকে অনুরোধ করতে চাই,—এটি একটি হিউম্যানিটেরিয়ান কোয়েশ্চেন আপনি যেখানে পারেন—যেখানে নিডি মানুষ আছেন for social justice, I should not say natural justice. এ ব্যাপারে যদি আপনি মনস্থির করে থাকেন যে, এটি গ্রহণ করবেন না, তাহলে কুইক করুন। কারণ এটি একটি টাইম ফ্যাক্টর, এটি অপরিসীম সময় ধরে এই অবস্থা চলছে। শশবিন্দুবাবু যে অ্যানুয়াল এনিভারসারির ব্যাপার বলে বলেছেন, তা যেন না হয়, যদি সময় পান তাহলে এটির উপর গুরুত্ব দেওয়ার জন্য আপনার কাছে অনুরোধ করতে চাই। এই আইনের বিরোধিতা করার কোনও কারণ আমাদের নেই, আমাদের পূর্ণ সমর্থন-এর পেছনে আছে। কারণ এ ছাড়া তো কোনও পথ নেই। Under the leadership of Mr. Jyoti Basu, the Left Front Government should have some radical out-look about these properties. সেজন্য বলছি একোয়ার করুন। অবশ্য যদি আনডারগ্রাউন্ড কম্প্রোমাইজের কোনও ব্যাপার এর পেছনে থেকে থাকে, তবে আমার কিছু বলার নেই। থ্যাঙ্ক ইউ স্যার।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি বলছি যে, গতবারে আমি এ নিয়ে আপ্রাণ চেষ্টা করেছিলাম এবং এরজন্য সংশ্লিষ্ট সমস্ত ডিপার্টমেন্টের সেক্রেটারিদের নিয়ে একটা টাস্ক ফোর্স করে যাতে এই বিলটি আবার না আনতে হয়, তারজন্য আপ্রাণ চেষ্টা করেছিলাম। এ ব্যাপারে অনেক দূর এগিয়েও গিয়েছি। মাননীয় শশবিন্দুবাবু এখানে উপস্থিত নেই—তবুও আমি বলছি, ফুড অ্যান্ড সাপ্লাইস ডিপার্টমেন্টের প্রধানত ৬৭টি গোডাউন আছে। এর মধ্যে হোম (পুলিশ) ডিপার্টমেন্টের হল ১০টি, লোকাল গভর্নমেন্ট অ্যান্ড আরবান ডেভেলপমেন্টের ১১টি, রিফিউজিরিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টের ৮টি এবং অন্যান্য দপ্তরের আছে ১৭টি মোট ১১৫টি। আমি চেষ্টা করেছিলাম এবং বলেছিলাম পারমানেন্টলি অ্যাকোয়ার কর, আর তা না হলে ছেড়ে দাও।

[1-30 — 1-40 p.m.]

আমি সংখ্যাগুলি বলে দিচ্ছি—ফুড অ্যান্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট—৬৭, হোম (পুলিশ) ডিপার্টমেন্ট-১০, লোকাল গভর্নমেন্ট অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট—১১, রিফিউজি,

রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট—৮, আদার ডিপার্টমেন্ট—১৯। এখন আমরা একটা টাস্ক ফোর্স করে নিয়মিত মিট করে যাতে এটা প্রসেস করা হয়, অ্যাকুইজিশন নাও যদি হয়, রিলিজ করে দেওয়ার জন্য ব্যবস্থা করা হচ্ছে। এই অ্যাকুইজিশন প্রসিডিংসটা স্টার্ট করে অনেকদূর এগিয়েছে। তারপর যেটা ডি-রিকুইজিশন করে দেওয়া হবে—এভিক্টিং দি অকুপ্যান্ট, সেটা নট অ্যাট অল পসিবল, সেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তারপর কতকগুলিকে ফেলা যাবে না কিন্তু রি-রিকুইজিশন করার জন্য আদালতে আনতে হবে। আর ২১টি এক্সজামিনেশনে আছে এবং অন্তত পক্ষে ৭৪টা পার্মান্যান্টলি অর অ্যাট মার্কেট রেটে। এ ছাড়া আপনি যে বলেছেন, সেটা পরে বিবেচনা করা যাবে। কিন্তু মোটামুটি যেটা বলেছেন যে দীর্ঘদিন ধরে তারা অসুবিধা ভোগ করছে এবং তারা ফেয়ার রেট পান না। এইসব বিবেচনা করে সেটা এখন করা উচিত হবে না, সেটুকু মোটামুটি বলতে পারি, কিন্তু এটা এগিয়েছে। এটা মোটেই ছেড়ে দেওয়া হয়নি, বরং দেরি হয়েছে। আমাদের ৩১এ মার্চের মধ্যে প্রেসিডেন্টের অ্যাসেন্ট আনতে হবে। অনেক চেষ্টা করে এতদূর পর্যন্ত এগিয়ে যাওয়া গেছে। সে জন্য আমি মাননীয় সদস্যদের কাছে এইটুকু বলতে পারি যে এই পাপ থেকে আমিও মুক্ত হব এবং আপনাদেরও মুক্তি হবে। কারণ ইংরেজ আমলের কলঙ্ক যাতে বেশি দিন কপালে না রাখতে হয় তার জন্য আমি আপ্রাণ চেষ্টা করে যাচ্ছি, এটা আপনারা মনে রাখবেন।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Requisition Land (Continuance of Powers) (Amendment) Bill, 1981, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1-3 & Preamble**

The question that clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury :** I beg to move that the West Bengal Requistioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1981, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**অধ্যক্ষ মহাশয় :** মাননীয় সদস্যগণ, একটি ঘোষণা আছে, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী ২৩ নং নিয়মানুযায়ী আমি জানাচ্ছি যে রাজ্যপালের নিকট হইতে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব সম্পর্কে রাজ্যপালের প্রত্যুত্তর পেয়েছি। প্রত্যুত্তরটি এইরূপ :—

"GOVERNMENT OF WEST BENGAL" RAJ BHAVAN,
CALCUTTA,
The 5th March, 1981

Dear Mr. Speaker,

I shall be obliged if you would kindly convey to the members of the Legislative Assembly that I have received with great satisfaction

their message of thanks for the speech with which I opened the present session of the West Bengal Legislative Assembly.

Shri Syed Abul Monsur Habibullah,
Speaker West Bengal Legislative Assembly
Assembly House, Calcutta

Yours sincerely,
Sd/-T. N. Singh

এটা আনুষ্ঠানিকভাবে জানানো হল। এবার খাদ্যমন্ত্রী কিছু বলবেন।

**শ্রী জ্যোতি বসু :** খাদ্যমন্ত্রী আজকে দিল্লি যাচ্ছেন, সেখানে এ নিয়ে আলোচনা হবে, তাই বিবৃতি দিতে পারছেন না। উনি ফিরে এলে দেব।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 18, 19, 3 & 5

**মিঃ স্পিকার :** এখন ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এখন ১৮ নং, ১৯ নং এবং ৩ নং ও ৫ নং দাবি এক সঙ্গে মুভ করতে অনুরোধ করছি।

### Demand No. 18

### Major Head : 252—Secretariat-General Services

**Shri Jyoti Basu :** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 4,67,46,000 be granted for expenditure under Demand No. 18, Major Head : "252—Secretariat-General Services."

### Demand No. 19

### Major Head : 253—District Administration

**Shri Jyoti Ba ı :** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 5,70,00,000 be granted for expenditure under Demand No. 19, Major Head : "253—District Administration"

"২৫২—সচিবালয়—সাধারণ কৃত্যকসমূহ" এই খাতে যে বরাদ্দ দাবি করা হয়েছে তা স্বরাষ্ট্র (পরিবহন ও পাসপোর্ট শাখা বাদে), অর্থ, বিচার, বিধান, স্থানীয় শাসন ও শহর উন্নয়ন, পঞ্চায়েত ও সমাজ উন্নয়ন, ভূমি ও ভূমি সংস্কার, পূর্ত, পূর্ত (নির্মাণ পর্ষদ), খাদ্য ও সরবরাহ বিভাগের সচিবালয়, মুখ্যমন্ত্রীর সচিবালয় এবং এ সমস্ত বিভাগের অধীন অন্যান্য অফিস সম্পর্কে আগামী আর্থিক বছরে অর্থাৎ ১৯৮১-৮২ সালে ব্যয়নির্বাহের জন্য। আর "২৫৩—জেলা প্রশাসন" এই খাতে যে বরাদ্দ দাবি করা হয়েছে সেটা বিভাগীয় কমিশনারদের অফিসে কার্যরত কর্মচারিবৃন্দ সমেত জেলা ও মহকুমা অফিসগুলির সর্বশ্রেণীর কর্মচারীর বেতন, রাহা খরচ, অফিস সংক্রান্ত খরচ ইত্যাদি বাবদ বার্ষিক ব্যয়নির্বাহের জন্য।

১৯৮০-৮১ সালের বাজেটে "২৫২—সচিবালয়—সাধারণ কৃত্যকসমূহ" এবং "২৫৩—জেলা প্রশাসন" এই দুটি হিসাব খাতে বরাদ্দের পরিমাণ ছিল যথাক্রমে ৪,৩২,৯৫,০০০ টাকা (চার কোটি বত্রিশ লক্ষ পঁচানব্বই হাজার টাকা) এবং ৫,০৭,৭৭,০০০ টাকা (পাঁচ কোটি সাত লক্ষ্য সাতাত্তর হাজার টাকা)। এস্টাব্লিশমেন্টের ব্যয়নির্বাহ এবং অতিরিক্ত মহার্ঘভাতা/অন্তর্বর্তিকালীন বেতন বাবদ আরও বেশি টাকা খরচ করতে হচ্ছে। প্রধানত সেই কারণেই এইসব হিসাব খাতে ১৯৮১-৮২ সালের বাজেট প্রাক্-কলনে বরাদ্দের পরিমাণ বাড়ানো হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য প্রশাসনযন্ত্রের দুটি প্রধান অংশ হচ্ছে সচিবালয় প্রশাসন ও জেলা প্রশাসন। এই দুটি অংশের মধ্যে কাজকর্মের ব্যাপারে সমন্বয়সাধনের উদ্দেশ্যে এবং জনগণের প্রয়োজনসিদ্ধি ও আশাআকাঙ্খা পূরণে এই দুটি অংশকে সার্থকভাবে সক্রিয় ক'রে তোলার জন্য যেসব ব্যবস্থা নেওয়া হয়েছিল তাতে সুফল পাওয়া গেছে। জেলাস্তরে উন্নয়নমূলক পরিকল্পনা রচনা ও রূপায়ণের জন্য জেলাস্তরের আধিকারিকদের নিয়ে গঠিত জেলা সমন্বয় কমিটিগুলি এক একজন মন্ত্রীর সভাপতিত্বে নিয়মিতভাবে বৈঠকে মিলিত হচ্ছে। সংশ্লিষ্ট জেলা থেকে যারা বিধানসভা ও সংসদের সদস্য হয়েছেন তারা এসব বৈঠকে যোগ দিতে পারেন এবং তাদের জেলাতে বিভিন্ন ধরনের যে সমস্ত উন্নয়নমূলক কাজকর্ম চলেছে সে সম্পর্কে ওয়াকিবহাল হতে পারেন। সম্প্রতি জেলা পরিষদের সভাধিপতি ও সহ-সভাধিপতিদেরকেও স্থায়ী আমন্ত্রিত হিসাবে এসব বৈঠকে যোগ দেবার জন্য অনুরোধ করা হয়েছে। সর্বস্তরের মানুষের প্রকৃত প্রয়োজনের কথা মনে রেখে এবং সেই সঙ্গে বিভিন্ন সীমাবদ্ধতা মেনে নিয়েও আরও ফলপ্রসূ পরিকল্পনা রচনা ও কর্মসূচিগুলির রূপায়ণের ব্যাপারে এই ব্যবস্থা জনগণের নির্বাচিত প্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের মধ্যে সার্থক সহযোগিতা ও বোঝাপড়ার মনোভাব গড়ে তুলতে নিঃসংশয়ে সহায়ক হয়েছে। আমাদের সরকারের সাধারণ ন্যূনতম কর্মসূচির ৩৬ দফার মধ্যে ২৭টি দফা রূপায়ণের কাজে যে আমরা অনেকখানি এগিয়ে যেতে সমর্থ হয়েছি এতে আমি সত্যিই খুশি। বিপুলসংখ্যক কর্মচারী ও আধিকারিক এই রূপায়ণের কাজে দায়িত্বপরায়ণ হ'য়ে অংশ না নিলে এটা সম্ভব হত না।

এরই অনুসৃতিতে, বিভিন্ন জেলায় গ্রামোন্নয়নের ক্ষেত্রে পঞ্চায়েত প্রতিষ্ঠানসমূহের কৃতিত্বের কথা বলতে পারি। গ্রামীণ জনসমাজের কল্যাণসাধনের উদ্দেশ্যে প্রশাসনিক বিভাগগুলি তাদের জন্য বেশ কিছু কর্মসূচি নির্দিষ্ট ক'রে দিয়েছিল। সেগুলি তারা রূপায়িত ক'রে চলেছে। আর তাতে তাদের উত্তরোত্তর সাফল্যের কথাও অবশ্য উল্লেখ্য। বর্তমানে জেলা শাসকরা জেলা পরিষদের নির্বাহী আধিকারিক হিসাবে কাজ ক'রে চলেছেন। কিন্তু তাদের কাজের চাপ কিছুটা লাঘব করা আমরা প্রয়োজন ব'লে মনে করেছি। আর তাই প্রতিটি জেলা পরিষদে একজন ক'রে সিনিয়র অফিসারকে অপর নির্বাহী আধিকারিক হিসাবে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছি। উন্নয়নমূলক কাজকর্মের গতিবেগ অপ্রতিহত রাখার জন্য জেলায় জেলায় আধিকারিকদের সংখ্যাবৃদ্ধি সম্পর্কে 'টাস্ক ফোর্স' যে রিপোর্ট দিয়েছেন সেটাও আমরা বিবেচনা ক'রে দেখছি।

এই প্রসঙ্গে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, মেদিনীপুর জেলার হলদিয়ায় মহকুমা স্তরের কিছু কিছু আধিকারিককে নিয়োগ ক'রে সরকার সেখানকার প্রশাসন ব্যবস্থাকে আরও মজবুত ক'রে তোলার সিদ্ধান্ত নিয়েছেন। অপর মহকুমা আধিকারিকের সঙ্গে সঙ্গে এসব আধিকারিক এই ক্রমবিকাশশীল শিল্প তালুকের নানাবিধ সমস্যার দিকে নজর রাখবেন। পুরুলিয়া জেলার রঘুনাথপুরে একটি মহকুমা সদরের গোড়াপত্তনের কাজ এগিয়ে চলেছে। এ রাজ্যের বৃহত্তর জেলা ২৪-পরগনাকে দু'ভাগে ভাগ করার যে প্রস্তাব রয়েছে তাও আমরা বিবেচনা ক'রে দেখছি।

সরকারি প্রশাসনযন্ত্রকে সর্বস্তরে আরও দক্ষ ও কর্মক্ষম ক'রে তোলার জন্য এ পর্যন্ত যে সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে তা থেকে বর্তমানে ফল পাওয়া যাচ্ছে, যদিও এতে আমরা এখনও পুরোপুরি সন্তুষ্ট নই। নিয়মাবলী ও বিভিন্ন নিয়মগ্রন্থের সরলীকরণ ও যুক্তিসঙ্গত পুনর্বিন্যাসের উদ্দেশ্যে গঠিত টাস্ক ফোর্সের সুপারিশের ভিত্তিতে ঐ সরলীকরণ ও পুনর্বিন্যাসের কাজও যে এগিয়ে চলেছে এ প্রসঙ্গে সে কথা উল্লেখের অপেক্ষা রাখে। সচিবালয়ের কর্মপদ্ধতির মধ্যে প্রয়োজনীয় কিছু কিছু পরিবর্তন ঘটানো হয়েছে যেমন, ফাইলপত্রে সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে যেসব স্তরে বিবেচনার জন্য সেগুলি না পাঠালেও চলতে পারে সেসব স্তর পরিহার ক'রে যাওয়া। এর ফলে সরকারি কাজকর্ম আরও দ্রুত সম্পন্ন করা সম্ভব হচ্ছে। মহাকরণের সেন্ট্রাল ডেসপ্যাচ অফিসের কাজের চাপ খুব বেশি। তাদের পক্ষে সব কাজ সামলানো কিছুটা দুরুহও বটে। সেজনাই ঐ অফিসের বিকেন্দ্রীকরণের ব্যবস্থা করা হচ্ছে। সচিব ও ডাইরেক্টরেটে আধিকারিকগণ কর্মচারিদের সঙ্গে মাসে মাসে বা সময়ে সময়ে মিলিত হচ্ছেন। মহাকরণ নিয়ম-গ্রন্থের যে সমস্ত বিধান কাজকর্মের দ্রুত ও যথাযথ নিষ্পত্তির পক্ষে অনুকূল সেগুলি যাতে অক্ষরে অক্ষরে মেনে চলা হয় তা সুনিশ্চিত করার জন্যও ব্যবস্থা নেওয়া হচ্ছে। তবে জনসাধারণ যাতে কোনওরকম হয়রানি ছাড়া আমাদের কাছ থেকে আরও তাড়াতাড়ি কাজ পেতে পারেন তার জন্য আমাদের অনেক কিছু করা বাকি রয়েছে। এ ব্যাপারে সর্বদাই মনিটারিং-এর প্রয়োজন আছে। জনসাধারণের দৈনন্দিন অভাব অভিযোগ ও প্রয়োজন সম্পর্কে আমাদের আধিকারিক ও কর্মচারীরা নিজেরা যদি আরও বেশি একাগ্র না হন এবং কঠোর পরিশ্রম, উদ্যম ও দায়িত্ববোধ নিয়ে কাজ করতে এগিয়ে না আসেন তাহলে জনগণের মঙ্গলসাধনে আমাদের যে প্রায়স তাতে আমরা কাঙ্ক্ষিত লক্ষ্যের দিকে অগ্রসর হতে পারব না।

প্রসঙ্গত, উল্লেখ করা যেতে পারে যে, আমাদের কর্মচারিদের স্বার্থে আমরা এ বছর পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারিদের আচরণসংক্রান্ত নিয়মাবলী, ১৯৫৯ নিরসিত করেছি এবং তার পরিবর্তে পশ্চিমবঙ্গ কৃত্যক (সরকারি কর্মচারিদের কর্তব্য, আধিকার ও বাধ্য-বাধকতা) নিয়মাবলী, ১৯৮০ প্রবর্তন করেছি। এই নিয়মাবলীতে পুলিশ ও কারা কর্মচারিদের বাদ দিয়ে অন্য সব সরকারি কর্মচারীকে পূর্ণ ট্রেড ইউনিয়ন অধিকার দেওয়া হয়েছে। সব রকমভাবে আলাপ আলোচনা ক'রেও শেষ পর্যন্ত মীমাংসায় পৌঁছানো সম্ভব না হ'লে যথাসময়ে নোটিশ দিয়ে ধর্মঘট করার অধিকারও তাদের দেওয়া হয়েছে। একই সঙ্গে আমরা বলেছি যে, প্রত্যেক সরকারি কর্মচারীকেই প্রশাসনিক দক্ষতা বজায় রাখার স্বার্থে সমবেত কৃত্যনির্বাহের অভ্যাস

আয়ত্ত করতে হবে, তার পোষকতা করতে হবে ও সেই অভ্যাস আয়ত্ত করার ব্যাপারে অন্যদের প্রবুদ্ধ করতে হবে এবং নিজের কর্তব্য সম্পাদকের সময় প্রত্যেক সরকারি কর্মচারীকে ব্যক্তিগত, রাজনৈতিক ও অন্য যেকোনও ধরনের ভেদবোধ পরিহার ক'রে চলতে হবে। আমাদের কর্মচারিদের স্বার্থে আমরা এখনকার বার্ষিক গোপন রিপোর্ট প্রস্তুত করার প্রথাটিও তুলে দিয়েছি। তার বদলে প্রকাশ্য রেকর্ড রাখার ব্যবস্থা চালু করেছি। কর্মচারিদের কাজকর্মের বস্তুগত মূল্যায়নের ভিত্তিতে প্রতি ৬ মাস অন্তর এই রেকর্ড প্রস্তুত করা হবে। এখন থেকে সব পদোন্নতির ভিত্তিই হবে ঐ মূল্যায়ন রিপোর্ট।

আমরা এখনও মহাকরণসহ অন্যান্য সরকারি অফিসে স্থানসংকুলান সমস্যার সমাধান করতে এবং অন্য দিক দিয়ে আমাদের কর্মচারিদের কাজের পরিবেশের উন্নতি ঘটাতে পারিনি। সেইজন্যই, আগের মতো এই বছরও সরকারি অফিসগুলিতে স্থানাভাব-জনিত সমস্যার সুরাহা করার জন্য বিভিন্ন জেলায় অফিস ভবন নির্মাণ সম্পর্কে আমরা বেশ কয়েকটি প্রকল্প অনুমোদন করেছি। গতবছর চৌরঙ্গি রোডে একটি বহুতল অফিসভবন নির্মাণের যে কর্মপ্রকল্প অনুমোদন করা হয়েছিল, আদালতের ইঞ্জাংশনের জন্য সেই কাজ এখনও শুরু করা যায়নি। কলকাতায় সরকারি জমি/ভবনের সদ্ব্যবহারের জন্য আমরা একটি কর্মপ্রকল্প গ্রহণ করেছি। এই কর্মপ্রকল্পের অঙ্গ হিসাবে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে আলিপুর এলাকা থেকে কারাগারগুলিকে সরিয়ে নেওয়া হবে এবং বিশ্ববিদ্যালয়, সরকারি অফিস ইত্যাদির জরুরি প্রয়োজন মেটানোর জন্য সেখানকার সরকারি জমি ব্যবহার করা হবে।

১৯৮১ সালে এপ্রিল মাসের শেষের দিকে সল্ট লেকে প্রশাসনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রাজ্য সরকারের আধিকারিক ও কর্মচারিদের প্রশিক্ষণের কাজ নিয়মিতভাবে শুরু হবে। ভারত সরকার এবং দেশের মধ্যের প্রথিতযশা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ দ্বারা আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ ক্রমের জন্য ১৯৮০ সালে সর্বভারতীয় কৃত্যকের আধিকারিকসহ রাজ্য সরকারের ১০৭ জন আধিকারিককে 'স্পনসর' করা হয়েছে।

সর্বস্তরে দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম করতে ও তা দমন করতে আমাদের সরকারের যে ঘোষিত নীতি রয়েছে আমি এখানে তার পুনরুল্লেখ করছি। এই নীতির রূপায়ণের দিকে লক্ষ্য রেখে পশ্চিমবঙ্গের ভিজিল্যান্স কমিশনকে আরও শক্তিশালী ক'রে গড়ে তোলা হচ্ছে। সেই সঙ্গে, যে সমস্ত আধিকারিক ও কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে তাদের সম্পর্কে কার্যবাহ দ্রুত সম্পূর্ণ করার জন্য সবরকম প্রয়াস নেওয়া হচ্ছে। জনসাধারণের কাছ থেকে পাওয়া দুর্নীতির প্রতিটি অভিযোগ তদন্ত ক'রে দেখা হচ্ছে। প্রতিটি সরকারি ক্ষেত্রে দুর্নীতির বিরুদ্ধে আমাদের এই অভিযানে আমি আন্তরিকভাবে সকল শ্রেণীর মানুষের সহযোগিতা চাইছি। প্রশাসনিক ব্যবস্থা যা নেওয়ার তা তো নেওয়া হচ্ছেই। সেই সঙ্গে আমরা চাই, জনসাধারণও সজাগ ও সতর্ক থাকুন। আমরা বিশ্বাস করি, দুর্নীতির বিরুদ্ধে সংগ্রামে তা আমাদের অনেকটা সাহায্য করবে। কর্মনিয়োগকেন্দ্র থেকে সরকারি কর্মচারী সংগ্রহের প্রথা বাধ্যতামূলক ক'রে দিয়ে আমরা স্বজন-পোষণ ও প্রিয়তোষণের পথ বন্ধ করে দিয়েছি একমাত্র মেধার ভিত্তিতেই বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আমরা ছাত্রছাত্রীদের ভর্তির ব্যবস্থা করছি। অর্থমন্ত্রী

ইতিমধ্যেই পে-কমিশনের সুপারিশ সম্পর্কে আমাদের অভিমত জানিয়ে দিয়েছেন। তাই আমি আর সে বিষয়ে পুনরুক্তি করতে চাই না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে আমি ১৮নং দাবির অধীনে মুখ্য খাত "২৫২—সচিবালয়—সাধারণ কৃত্যকসমূহ" বাবদ ৪,৬৭,৪৬,০০০ টাকা (চার কোটি সাতষট্টি লক্ষ ছেচল্লিশ হাজার টাকা) এবং ১৯ নং দাবির অধীনে মুখ্যখাত "২৫৩—জেলা প্রশাসন" বাবদ ৫,৭০,০০,০০০ টাকা (পাঁচ কোটি সত্তর লক্ষ টাকা) মঞ্জুর করার জন্য সভার কাছে প্রস্তাব রাখছি।

## Demand No. 3

## Major Head : 213—Council of Ministers

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮১-৮২ সালে ৩ নং দাবির অধীনে মুখ্যখাত "২১৩—মন্ত্রী পরিষদ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ২০,০০,০০০ টাকা (কুড়ি লক্ষ টাকা) মঞ্জুর করা হোক।

এই হিসাব-খাতে যে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হল—

(ক) মন্ত্রীদের বেতন, ভ্রমণ ভাতা নিয়ামক ভাতা (সাম্পচুয়ারি) এবং অন্যান্য ভাতা বাবদ ব্যয়, এবং

(খ) অন্যান্য বিবিধ ব্যয় সমেত মন্ত্রীদের আনন্দানুষ্ঠান ও অতিথি-আপ্যায়ন বাবদ এবং নিজেদের বিচার-বিবেচনা মতো মন্ত্রীরা যে অনুদান মঞ্জুর করেন সেই অনুদান বাবদ ব্যয়।

অর্থের জন্য এই যে দাবি পেশ করা হচ্ছে তা থেকে ৫.৭০ লক্ষ টাকা মন্ত্রীদের বেতন, নিয়ামিক ভাতা এবং অন্যান্য ভাতা বাবদ ব্যয় নির্বাহের জন্য বরাদ্দ করা হয়েছে।

মন্ত্রীদের ভ্রমণের খরচ মেটানোর জন্যও ৫.৯৯ লক্ষ টাকা বরাদ্দ ক'রে রাখা হয়েছে।

আনন্দানুষ্ঠান এবং অতিথি-আপ্যায়নের জন্য মন্ত্রীদের যে খরচ হয় তা মেটানোর জন্য বাজেটে বরাদ্দ করা হয়েছে ৬.০০ লক্ষ টাকা।

নিজেদের 'বিচার-বিবেচনা মতো অনুদান' মঞ্জুর করতে গিয়ে মন্ত্রীদের যে ব্যয় হ'তে পারে তা মেটানোর জন্যও ৩০ হাজার টাকা বরাদ্দ ক'রে রাখা হয়েছে।

মন্ত্রীদের বিবিধ ধরনের আর কিছু কিছু ব্যয়ের জন্যও বাজেটে ৩.০০ লক্ষ টাকা ধ'রে রাখা হয়েছে।

এই ব'লে আমি ১৯৮১-৮২ আর্থিক বছরে ৩ নং দাবির অধীনে ২০.০০ লক্ষ টাকার বরাদ্দ মঞ্জুর করার জন্য সভার কাছে আবেদন জানাচ্ছি।

**৩নং দাবি**

**হিসাব-খাত ঃ ২১৩—মন্ত্রীপরিষদ**

| *গৌণ খাত* | **১৯৮১-৮২ সালের বাজেট প্রাক্কলন** | **১৯৮০-৮১ সালের সংশোধিত প্রাক্কলন** |
|---|---|---|
| ১) মন্ত্রী এবং উপ-মন্ত্রীদের বেতন | ৪,২০,০০০ টাকা | ৪,২০,০০০ টাকা |
| ২) নিয়ামিক ভাতা এবং অন্যান্য ভাতা | ১,৫০,০০০ টাকা | ১,৫০,০০০ টাকা |
| ৩) ভ্রমণের খরচ | ৫,০০,০০০ টাকা | ৫,০০,০০০ টাকা |
| ৪) আনন্দানুষ্ঠান ও অতিথি-আপ্যায়ন বাবদ খরচ (ভোটে গৃহীত) | ৬,০০,০০০ টাকা | ৬,৫০,০০০ টাকা |
| ৫) মন্ত্রীদের বিচার-বিবেচনামতো অনুদান | ৩০,০০০ টাকা | ৩০,০০০ টাকা |
| ৬) মন্ত্রিসভা বিষয়ক বিভাগ | — | — |
| ৭) অন্যান্য ব্যয় | ৩,০০,০০০ টাকা | ৩,০০,০০০ টাকা |
| ভোটে গৃহীত মোট | ২০,০০,০০০ টাকা | ২০,৫০,০০০ টাকা |

## Demand No. 5

## Major Head : 215—Elections

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮১-৮২ সালে ৫ নং দাবির অধীনে মুখ্যখাত "২১৫—নির্বাচন" এই হিসাব—খাতে ব্যয় নির্বাহেব জন্য ৪,৯৫,৫৪,০০০ টাকা (চার কোটি পঁচানব্বই লক্ষ চুয়ান্ন হাজার টাকা) মঞ্জুর করা হোক।

এই হিসাব—খাতে যে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হল—

(ক) নির্বাচক-তালিকা প্রণয়ন, সংশোধন ও মুদ্রণের জন্য ব্যয়,

(খ) সংসদ ও রাজ্য বিধান মন্ডলের নির্বাচন অনুষ্ঠানের জন্য ব্যয়, এবং

(গ) সংশ্লিষ্ট কর্মচারিদের জন্য ব্যয়।

অর্থের জন্য এই যে দাবি পেশ করা হচ্ছে তা থেকে সংশ্লিষ্ট কর্মচারিদের বেতন, ভাতা ইত্যাদি বাবদ এবং অফিস সংক্রান্ত বিবিধ খরচ মেটানোর জন্য ৩৫.৫৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

ভারতের নির্বাচন কমিশনেরই আদেশমতো চলতি আর্থিক বছরে এই রাজ্যের সমস্ত বিধানসভা-নির্বাচনের ক্ষেত্র সম্পর্কে নির্বাচক—তালিকার যথাযথ সংশোধনের খরচ মেটানোর জন্য ৪ কোটি টাকা বরাদ্দ করে রাখা হয়েছে।

ব্যালট-বাক্সগুলি অয়েলিং করা ও পরিষ্কার করার খরচ, গুদামের ভাড়া এবং নির্বাচনের জিনিসপত্র যে গুদামে রাখা হয় তার রক্ষণা-বেক্ষণের কাজে নিযুক্ত নৈশপ্রহরী, দারোয়ানদের বেতনের মতো স্থায়ী ধরনের কিছু কিছু খরচ মেটানোর জন্য বাজেটে ১৫ (পনের) লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

১৯৮০ সালের জানুয়ারি মাসে সংসদের যে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় তার অবশিষ্ট ব্যয় মেটানোর জন্য এবং উপ-নির্বাচন অনুষ্ঠানের জন্য বাজেটে ৩০ লক্ষ টাকা ধরে রাখা হয়েছে।

উপ-নির্বাচন অনুষ্ঠান উপলক্ষ্যে খরচ এবং ১৯৭৭ সালের জুন মাসে রাজ্য বিধান মন্ডলের যে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল তার বকেয়া খরচ মেটানোর জন্য বাজেটে বরাদ্দ করা হয়েছে ১৫ লক্ষ টাকা।

এই বলে, আমি ১৯৮১-৮২ আর্থিক বছরে ৫নং দাবির অধীনে ৪,৯৫,৫৪,০০০ টাকার বরাদ্দ মঞ্জুর করার জন্য সভার কাছে আবেদন জানাচ্ছি।

**৫নং দাবি**

**হিসাব-খাত ঃ ২১৫—নির্বাচন**

| যোজনা-বহির্ভূত | ১৯৮১-৮২ সালের বাজেট প্রাক্কলন | ১৯৮০-৮১ সালের সংশোধিত প্রাক্কলন |
|---|---|---|
| ১. নির্বাচন আধিকারিকদের জন্য | ৩৫,৫৪,০০০ টাকা | ৩৫,০৯,০০০ টাকা |
| ২. নির্বাচক তালিকা প্রণয়ন ও মুদ্রনের জন্য | ৪,০০,০০,০০০ টাকা | ২,৩০,০০,০০০ টাকা |
| ৩. একই সঙ্গে যখন লোকসভা ও রাজ্য বিধানসভার নির্বাচন অনুষ্ঠিত হয় তখন সেগুলি পরিচালনা করতে যে ব্যয় হয় তার জন্য | ১৫,০০,০০০ টাকা | ১,০০,০০০ টাকা |
| ৪. সংসদের নির্বাচন পরিচালনা করতে যে ব্যয় হয় তার জন্য— | ৩০,০০,০০০ টাকা | ১,০০,০০,০০০ টাকা |
| ৫. রাজ্য বিধান মন্ডলের নির্বাচন পরিচালনা করতে যে ব্যয় হয় তার জন্য— | ১৫,০০,০০০ টাকা | ১,৫০,০০০ টাকা |
| ৬. নির্বাচন ট্রাইব্যুনালের জন্য | ....... | ....... |
| ৭. অন্যান্য খরচ | ....... | ....... |
| গৃহীত নিট | ৪,৯৫,৫৪,০০০ টাকা | ৩,৬৭,৫৯,০০০ টাকা |

[6th March, 1981]

**Mr. Speaker :** All the cut motions are in order and taken as moved.

**Demand No. 18**

**Shri Balailal Das Mhapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Demand No. 19**

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Demand No. 3**

**Shri Balalilal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Demand No. 5**

**Shri Balalilal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**শ্রী প্রদ্যোতকুমার মোহান্তি :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যিনি সাধারণ প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত, তিনি আমাদের সামনে মুখ্যখাত ১৮ এবং ১৯ নং সম্পর্কে ১০ কোটি ৩৭ লক্ষ ৪৬ হাজার টাকার একটা ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন এবং সেই দাবি রাখতে গিয়ে আমাদের কাছে সংক্ষিপ্ত বক্তব্য রেখেছেন। সেই বক্তব্যের সঙ্গে গতবারের তাঁর বক্তব্য মিলিয়ে দেখার সুযোগ আমাদের নেই, কিন্তু তাঁর গতবারের বক্তব্য আমি পড়েছি। সেই বক্তব্যের উপর সাধারণ প্রশাসন খাতে ব্যয়-বরাদ্দের উপর আমাদের দলের তরফ থেকে আমার বক্তব্য ছিল। আমার যতদুর মনে আছে, সেই বক্তব্যে যে যে কাজ ১৯৮০-৮১ সালের আর্থিক বছরের মধ্যে করতে চেয়েছিলেন, তার কি কি কাজ করতে পেরেছিলেন, তার সংক্ষিপ্ত একটা ইতিহাস এর মধ্যে আছে। নতুন কিছু নেই। নতুন কিছু থাকার কথাও নয়। কেননা আমাদের পরিষদীয় রাজনীতিতে যেখানে ৫ বছরের আমাদের মেয়াদ, সেই পাঁচ বছরের মেয়াদে যে সরকার বিগত চার বছরের মধ্যে কোনও উল্লেখযোগ্য পরিবর্তন আনতে পারলেন না সাধারণ প্রশাসনে।

[1-40 — 1-50 p.m.]

এই শেষ বছরে তাঁর পক্ষে কোনও বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া খুব মুশকিল। অতএব বলিষ্ঠ পদক্ষেপের কথায় আমি যাব না। তিনি যে বক্তব্য রেখেছেন যা অসার, অর্থহীন এবং

অযোগ্যতা ও অপদার্থতা ঢাকতে গিয়ে সামান্য কথায় টুকিটাকি বলে তাঁর বক্তব্য শেষ করে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় ১৯৭৯-৮০ সালে তিনি এই খাতে বরাদ্দ নিয়েছিলেন ৮৪,৭১,৬০০ টাকা, ১৯৮০-৮১ সালে দিয়েছিলেন ১,৪৪,০৭,২০০ টাকা এবং এবারে ১৯৮১-৮২ সালে নিয়েছিল ১০ কোটি ৭৩ লক্ষ ৪৬ হাজার টাকা। ১৯৭৭-৭৮ সালে রেভিনিউ এক্সপেন্ডিচার ছিল ৭০২ কোটি টাকা। আমাদের কাছে যে ফিরিস্তি দিয়েছেন, যে ডিটেলস হিসাব দিয়েছেন, সেই হিসাব হচ্ছে তিন নম্বর দাবির ২১৩ নম্বরে মন্ত্রী পরিষদ খাতে হিসাব দেখালেন, সমস্ত খাত ঠিক আছে, খরচের ঘরে কেবলমাত্র যেখানে ছিল ৬ লক্ষ ৫০ হাজার টাকা আনন্দ অনুষ্ঠানে অতিথি আপ্যায়ন বাবদ, মন্ত্রী পরিষদে সেটাকে কমিয়েছেন ৫০ হাজার টাকায়, আর কিছু কমান নি। অথচ সেখানে গত বছর নিয়েছিলেন ১৪ কোটি ৪০ লক্ষ ৭২ হাজার টাকা, এবারে যেখানে ১০ কোটি ৩৭ লক্ষ ৪৬ হাজার টাকা নিয়েছেন। ৪ কোটি টাকা কোথায় কমিয়েছেন কোথায় বাড়িয়েছেন আমি হিসাব করে উঠতে পারিনি। যাহোক যাই নিক না কেন আমি একটা হিসাব দিয়ে দেখাচ্ছি যে এই সাধারণ প্রশাসন খাত যে প্রশাসন খাতে সরকারি কর্মচারিদের মাহিনাই প্রধান সেখানে ১৯৭৭-৭৮ সালে যেখানে আমাদের সারা পশ্চিমবাংলার রেভিনিউ এক্সপেন্ডিচার ছিল ৭০২ কোটি টাকা সেখানে উনি এক্সপেণ্ডিচার অন গভর্নমেন্ট এম্পলয়িজ খরচ করেছেন ২০০ কোটি টাকা। ১৯৭৮-৭৯ সালে টোটাল রেভিনিউ এক্সপেণ্ডিচার ছিল ৯০৭ কোটি টাকা। সেখানে উনি খরচ করেছেন ২১৬ কোটি টাকা। ১৯৭৯-৮০ সালে ১ হাজার ৩১ কোটি টাকা টোট্যাল রেভিনিউ এক্সপেণ্ডিচার সেখানে খরচ করেছেন ২২২ কোটি টাকা। ১৯৮০-৮১ সালে যেখানে টোট্যাল রেভিনিউ এক্সপেণ্ডিচার ছিল ১ হাজার ১১০ কোটি টাকা সেখানে তিনি খরচ করেছেন ২৮৬ কোটি টাকা। তাহলে পার্সেন্টেজ 29 percent of the total revenue expenditure. সেটা কমেছে, কখনও কখনও আবার বেড়েছে। অ্যাভারেজ হবে ২৩।২৪।২৫% এর মধ্যে ওঠানামা করছে। অতএব এমন কিছু উল্লেখযোগ্য পরিবর্তন ১৯৭৭ সাল থেকে আরম্ভ করে ১৯৮১ সাল পর্যন্ত করে উঠতে পারেন নি। টাকা খরচের কথায় আসি—টাকা খরচ ওঁর হাতে নাই, টাকা খরচ করেছেন অর্থমন্ত্রী। ওঁকে যে টাকাটা দেওয়া হয় কিসের জন্য? ফর পারফরমেন্স। সেই পারফরমেন্স কি দাঁড়ালো? জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন হচ্ছে পিভোট্যাল অ্যাডমিনিস্ট্রেশন যেটাকে কেন্দ্র করে সমস্ত বিভাগ চলে, যার আদর্শ দেখে সমস্ত বিভাগ চলে, সেই প্রশাসনের দায়িত্বে থাকেন সাধারণ—তিনি, কিভাবে তার নিজের ডিপার্টমেন্টকে চালিয়েছেন এবং সেই ডিপার্টমেন্টের আদর্শ দেখে অন্যান্য ডিপার্টমেন্ট কিভাবে চলছে আমি কয়েকটা দৃষ্টান্ত আপনাদের সামনে এই সভায় নিবেদন করতে চাই। প্রথমত আমি বলি উনি শুধু সাধারণ প্রশাসন তো আছেই উনি আর একটা সাধারণ দপ্তর নিয়ে বসে আছেন সেটা হচ্ছে বিদ্যুত দপ্তর। বিদ্যুত দপ্তরের উন্নতি তিনি করবেন এই আশা ১৯৭৭ সালে উনি যখন ক্ষমতায় এলেন মুখ্যমন্ত্রী হয়ে তখন আমাদের ছিল। আমাদের ধারণা ছিল উনি একজন যোগ্য প্রশাসক। কিন্তু গত তিন বছরের পারফরমেন্স দেখে আমাদের মনে হয়েছে উনি যোগ্য প্রশাসক তো নয়ই অযোগ্যতার চরম নিদর্শন তিনি রেখেছেন। গত তিন বছরের বিদ্যুত দপ্তর পরিচালনায়। এ কথা বলার হয়তো সাহস হতো না, আপনারা বলতে পারেন যে কি হয়েছে। অপদার্থতা শুধু নয়, ডিপার্টমেন্টের অপদার্থতা দূর করতে পারলেন না শুধু নয়, যিনি সেই প্রশাসনের দায়িত্বে থাকবেন তার

অবশ্যই কর্তব্য হচ্ছে যে যদি কোনও সরকারি কর্মচারী কাজে গাফিলতি করে বা অন্যায় করে তাহলে তাকে কঠোর হস্তে শাস্তি দেওয়া।

আর যদি কোনও কর্মচারী কঠিন পরিশ্রমের দ্বারা দক্ষতার সঙ্গে কাজ করার চেষ্টা করেন—সে ফেল করতে পারে, ব্যর্থ হতে পারে—তার চেষ্টা যদি সৎ হয় তাহলে তাকে প্রশংসা করতে হবে। আমরা চোখের সামনে ডি. ভি. সিতে কি দেখলাম? লুথার সাহেবকে পদে পদে অপমান করার জন্য আমাদের মুখ্যমন্ত্রী এবং তাঁর মন্ত্রিসভার একজন সদস্য, আমি তার নাম করছি না, হি ইজ ইন বিরিভমেন্ট, তাঁর লাইট কেটে দিচ্ছে, তার ফোন কেটে দিচ্ছে, তিনি বাড়িতে যাতে থাকতে না পারেন দেখছে ইত্যাদি। সেই লুথার সাহেব, তিনি ভাল কি মন্দ আমি জানি না কিন্তু তাঁর কাজ দেখে আমি বিচার করতে চাই। ২৪এ ফেব্রুয়ারি তিনি ডি. ভি. সিতে উৎপাদন করালেন কত? ১ হাজার ৮২ মেগাওয়াট। আর ডি. ভি সি'র ডেলি কনজামশন কত? ফুল ডিমাণ্ড অব দি কনজিউমার্স কত? ডিমাণ্ড হচ্ছে ৭৬৪ মেগাওয়াট। স্যার, আমাদের বিদ্যুত বিভাগের প্রশাসনের এমনই গাফিলতি যে সেই উদ্বৃত্ত বিদ্যুত নেবার যে ব্যবস্থা সেই ব্যবস্থাও আমাদের নেই। আমরা জানি কেউ এখানে কিছু করতে পারবে না এমনই ব্যর্থ এবং অযোগ্য ডিপার্টমেন্ট এটি। এই ডিপার্টমেন্টের সাধারণ প্রশাসনের দায়িত্ব নিয়ে বসে আছেন আমাদের মুখ্যমন্ত্রী। তিনি কিছু করতে পারলেন না। স্যার, এ ক্ষেত্রে লুথার সাহেবকে প্রশংসা করা দূরের কথা, তাঁকে পদে পদে আমরা নাজেহাল করার চেষ্টা করলাম। স্যার, ১৯৮০ সালের জুন মাসে একটি ব্রিটিশ টিম এসে যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টের একটি অংশ যদি আপনাকে পড়ে শোনানো হয় তাহলে আপনি আশ্চর্য হয়ে যাবেন সেই রিপোর্টে আছে,- "The senior officers have a feeling of despair, are demoralised and seem to have resigned themselves to accept the situation as hopeless. During informal discussions it was evident that there was a yearning by many employees for inspired leadership, starting at the top of DVC. And then the industrial relations aspect, as recorded by the British experts are, during the British Electricity International's visit, employees left there jobs without permission to distribute DVC Staff Association pamphlets. Whilst there are only two recognised unions, 17 different unions exist in the station. Employees refuse to use time clocks recording time on and off site. DVC service rules are ineffective because they are disregarded by staff who refuse to follow them. Besides, no officer or supervisor would dare to take any disciplinary action even if fully justified for fear of retaliation. Management appears powerless to stop union posters from being plastered all over the offices and plant. DVC labour appears to have considerable potential, but suffers from political activities, in the union workforce. Employees from Bihar tend to stay in their own State because school systems differ from those elsewhere. About the fairness of union demands, the report say, Most of the union demands at Durgapur are unreasonable, the prime motive being to make trouble. There are 14 unions on the Durgapur site with each union trying to prove itself by outdoing the

rival unions to win. Membership and strengthen its political footing. The plant manager (at Durgapur) and his officers are fearful of saying anything that could be construed as being against the State Government for fear of retaliation by physical and violent means.''

আমি একথা বলে প্রমাণ করতে চাইছিলাম যে এই যে ইউনিয়ানের মধ্যে দলাদলি, এই যে তারা নিয়মকানুন মানছেন না, তাকে যিনি শায়েস্তা করতে চাইলেন, নিয়মকানুন যিনি ফিরিয়ে আনতে চাইলেন, কাজকর্মে দক্ষতা যিনি বাড়াতে চাইলেন তাকে আমাদের সরকারের উৎসাহ দেওয়া দূরের কথা নিজে মুখ্যমন্ত্রী এবং তাঁর সহকর্মী একজন মন্ত্রী, তাঁরা দু জনে মিলে তার পেছনে লাগলেন। কি করে উৎসাহ বাড়বে—কি করে কাজ হবে?

[1-50 — 2-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রেসিডেন্সি কলেজ এশিয়ার গৌরব। যে প্রেসিডেন্সি কলেজ থেকে আমাদের মুখ্যমন্ত্রী ইংরাজিতে অনার্স নিয়ে উত্তীর্ণ হয়েছিলেন, সেই প্রেসিডেন্সি কলেজে দেড় শত বছরের ইতিহাসে যা হয়নি, আজকে তা হয়েছে। দেড় শত বছরের ইতিহাস ছিল যে সেখানে যতগুলি ছেলে অনার্সে পরীক্ষা দিত, প্রত্যেকটি ছেলে অনার্সে উত্তীর্ণ হত। গত বছর কি হয়েছে? সেই প্রেসিডেন্সি কলেজের বি. এস. সিতে ১০টি ছেলে অনার্স পায়নি। কেন হল? না, ১৯৭৭ সালে এই বামফ্রন্ট সরকার আসার পরে ২।। বছরে ৭০ জন প্রবীণ অধ্যাপককে বদলি করা হয়েছে। বদলির সার্ভিস যখন তখন বদলি নিশ্চয়ই করবেন। কিন্তু বদলির নীতিটা কি? বদলির নীতি কি হল, না কেমিষ্ট্রি ডিপার্টমেন্টের ডঃ পরিমল সেনকে পাঠানো হল হুগলি মহসিম কলেজে, যেখানে পোস্ট গ্র্যাজুয়েট পড়াবার কোনও ব্যবস্থা নেই, তিনি সেখানে পোস্ট গ্র্যাজুয়েট পড়াবেন এবং রিসার্চের সুপারভিসন করতে। ডঃ বিজেশ সেনকে পাঠানো হল দুর্গাপুরে। ডঃ অমলেশ চ্যাটার্জিকে পাঠানো হল টাকিতে, তিনি অনার্স পড়াতেন। দুর্গাপুরেও নেই অনার্স পড়াবার ব্যবস্থা, টাকিতেও নেই অনার্স পড়াবার ব্যবস্থা। শরীর তত্ত্বের ডঃ হরিপদ চ্যাটার্জিকে পাঠানো হল হুগলিতে। আর কি হল? তাদের জায়গা কাদের নিয়ে পূরণ করা হল? মফঃস্বল থেকে সমস্ত লোককে এনে পূরণ করা হল। তাদের মধ্যে শিক্ষিত লোক থাকতে পারে। কিন্তু বেছে বেছে হোল টাইমের সি. পি. এম ওয়ার্কার এনে কলেজে ভর্তি করা হল। তারা সারাদিন পার্টির কাজ করলেন, ক্লাশ নিতে পারলেন না। পরিশ্রান্ত হয়ে, ক্লান্ত হয়ে যখন ক্লাশ শেষ হয়ে যাচ্ছে তখন এসে বসলেন। ছেলেরা স্ট্রাইক করল যে এই অধ্যাপকের কাছে আমরা পড়ব না, সময় চলে গেল আমরা পড়ব না। ২।। বছরে এই রকমভাবে ৭০ জন অধ্যাপককে বদলি করা হল। এই হল প্রেসিডেন্সি কলেজের অবস্থা। রহড়া রামকৃষ্ণ মিশনে কি হয়েছে? আজকে কয়েক মাস ধরে হাজার হাজার ছাত্র-ছাত্রির ভবিষ্যত অন্ধকার হয়ে যাচ্ছে। সেখানে কি হয়েছে? না, অ্যাডভোকেট জেনারেল ওপিনিয়ন আছে যে সেই কলেজকে স্পেশাল স্ট্যাটাস দিতে হবে, গভর্ণমেন্টের কোনওরকম ইন্টারফেয়ারেন্স চলবে না। রাজ্যপাল লিখেছেন যে সেখানে কোনওরকম সরকারি হস্তক্ষেপ অবাঞ্ছনীয়। তাসত্ত্বেও সেখানে অধ্যাপক সমিতি যেহেতু বামফ্রন্ট সরকারের সমর্থক, তাদের কথায় নাচছে সরকারি দপ্তর, মুখ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী নিরব দর্শক হয়ে বসে আছেন, অথচ সেখানে হাজার হাজার ছাত্র-ছাত্রির ভবিষ্যত অন্ধকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিক্ষার

কথা বলছিলাম, যিনি দায়িত্ব নিয়েছেন, সাধারণ প্রশাসন-এর উন্নতি করবেন, দুর্নীতি দূর করবেন, সেই দুর্নীতি দূর করতে গেলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গ্রেট ইস্টার্ন হোটেল সরকার পরিচালনা করছেন। সেই গ্রেট ইস্টার্ন হোটেলে কিরকম দুর্নীতি চলছে সেটা আপনি দেখুন। ভিজিলেন্স কমিশন কোনও কাজ করছে না, যে ভিজিলেন্স কমিশনের কাজের কথায় বলা হয়েছে যে ত্বরান্বিত করবার চেষ্টা করা হচ্ছে। সেই ভিজিলেন্স কমিশন কোনও কাজ করছে না। প্রতিদিন সেই গ্রেট ইস্টার্ন হোটেলে এক পাউণ্ড করে ব্রাউন ব্রেড তৈরি হয় এবং সেই ব্রাউন ব্রেড মাত্র এক পাউণ্ডই তৈরি হয় এবং সেই ব্রাউন ব্রেড গেট পাশ দিয়ে চলে যাচ্ছে অ্যাডমিনিস্ট্রেটের নামে, কখনও কখনও খোদ ট্যুরিজম বিভাগের মন্ত্রীর নামে, কোনও দাম দেওয়া হচ্ছে না। এই বিষয়ে অভিযোগ করা হয়েছে। চিফ সেক্রেটারির কাছে অভিযোগ করা হয়েছে কিন্তু কোনও উত্তর পাওয়া যায় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হবেন, উচ্চ পদস্থ কর্মচারী, চিফ সেক্রেটারি ফ্যামিলি পর্যন্ত সেই হোটেলে ২ দিন, ৩ দিন, ৪ দিন কাটাচ্ছেন, তার জন্য একটি পয়সাও পেমেন্ট করা হচ্ছে না।

১৭.১.৮১ তারিখে 'গুপ্তা খাদ্য ভাণ্ডারের' কাছ থেকে এই হোটেলে ২৫১১ টাকার ময়দা কেনা হয়েছিল এবং সেটা ক্যাশ পার্সেজ করা হয়েছিল। সেটা রেজিস্টারে জমা হয়ে যাবার পরে, স্টোরে জমা হয়ে যাবার পরে ঐ ১৭.১.৮১ তারিখেই আগের বিলটাকে ক্যানসেল করে ঐ একই কোয়ালিটির এবং একই কোয়ানটিটির একই জিনিসের জন্য ৪১৮৫ টাকার বিল করা হল। তারপরে আর একটা জিনিস দেখুন, ৫১ হাজার টাকার খাওয়ার বিল, যেখানে কিছু রিজেক্ট দেওয়া আছে সেখানে সেই বিলটাকে বাতিল করে তিনটে ভাউচারে দেখানো হল। আমি বিলগুলির নম্বর পর্যন্ত বলে দিচ্ছি। বিল নং সি-২৮৮৩, তারিখ ১৮.২.৮০, সেই বিলটি ছিল ৫১ হাজার টাকার বিল। এর পর সেটাকে ভেঙে কি করা হল, না, বিল নং সি-৩১৮৯, তাতে দেখানো হল ১০,০০০ টাকা ; বিল নং সি-৩১৯১ তাতে দেখানো হল ৩০,০০০ টাকা ; বিল নং সি-৩১৯০, তাতে দেখানো হল ১০,০০০ টাকা। '৮০ সাল থেকে আজ পর্যন্ত ৫১,০০০ টাকার হিসাবের কোনও অ্যাডজাস্টমেন্ট পাওয়া গেল না। সেখানে ১৯৭৬ সাল থেকে ১৯৮১ সালের জানুয়ারি মাস পর্যন্ত অডিটেড্ অ্যাকাউন্টস নেই। নিচে তিনটি ফার্ম বসে আছে, তাদের মাধ্যমে এইসব কাজকর্ম করা হচ্ছে। বড়-দিনের দিন ওখান থেকে উচ্চ পদস্থ কর্মচারিদের কেক্ দেওয়া হয়েছে এবং সরকারের উচ্চ পদস্থ কর্মচারিদের স্ত্রীর জন্মদিনে কেক্ প্রেজেন্ট করা হচ্ছে। শুধু বেকারি সেকশনে ১৯৮০-৮১ সালে ১৮ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। সুতরাং আজকে এদিকে মুখ্যমন্ত্রীর একটু দৃষ্টি দেওয়া উচিত। ডাইরেক্ট মুখ্যমন্ত্রীর কন্ট্রোলে হয়ত এটা নেই, কিন্তু এখানে সাধারণ প্রশানের প্রশাসনিক অ্যাডমিনিস্ট্রেটর বসে আছে এবং এই রকম দুর্নীতি চলছে। দুর্নীতির মধ্য দিয়ে এই জিনিস চলছে।

পশ্চিমবঙ্গে ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশন বলতে কিছু নেই, সব কিছু পঞ্চায়েতের হাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পঞ্চায়েত সৃষ্টি হয়েছে শুধুমাত্র জেলার উন্নয়নমূলক কাজ করবার জন্য। আর 'ল অ্যাণ্ড অর্ডার বিষয়ক সমস্ত কিছু ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অধীন থাকবে। কিন্তু আজকে আমরা জেলাগুলিতে কি দেখছি? আমি মেদিনীপুর জেলার লোক, সেখানে দেখছি ডি. এম. জেলা-পরিষদের কথা ছাড়া কোনও কিছু করেন না। জেলা-পরিষদ

চোরকে ছেড়ে দিতে বললে ছেড়ে দিচ্ছেন, অন্য কাউকে ধরতে বললে ধরছেন, কাউকে সরিয়ে দিতে বললে সরিয়ে দিচ্ছেন, এমনকি কাউকে শাস্তি দিতে বললে শাস্তি পর্যন্ত দিচ্ছেন। আজকে জেলা প্রশাসন জেলা পরিষদের সভাপতি আর কো-অর্ডিনেশন কমিটির লোকেরা চালাচ্ছে। আজকে মেদিনীপুরের জেলা নির্বাচনী দপ্তরে—ইলেকশন সেকশন-এর একজনও ফেডারেশনের লোককে ঢোকানো হয়নি, সমস্ত কো-অর্ডিনেশনের লোকেদের ঢুকিয়ে সেখানে ইলেকশন পরিচালনার ব্যবস্থা করা হচ্ছে। সুতরাং আজকে দলবাজি কোথায় নেই? আপনারা দলবাজি করতে পারেন না, জনগণের আশীর্বাদ নিয়ে আপনারা ৫ বছর শাসনযন্ত্র চালাবার জন্য এখানে এসেছেন। ৫ বছর রাজ্য চালাবার অধিকার আপনাদের আছে, কিন্তু দলবাজি করবার অধিকার পশ্চিমবঙ্গের জনসাধারণ আপনাদের দেয়নি। অথচ আজকে দলবাজি করে সাধারণ প্রশাসনকে কুক্ষিগত করে ফেলেছেন। এর ফলে জেনারেল প্রশাসন অপদার্থ হয়ে পড়েছে। আজকে ডিস্ট্রিক্ট প্রশাসন ভেঙে পড়েছে। প্রশাসনের অপদার্থতার জন্য পশ্চিমবঙ্গের মানুষের দুরবস্থা বেড়েছে। এই কয়টি কথা বলে আমি মাননীয় সদস্য বলাইলাল দাসমহাপাত্র মহাশয়ের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের দুর্নীতিগ্রস্ত বামফ্রন্ট সরকারের জরাজীর্ণ পক্ষাঘাতগ্রস্ত একটা প্রশাসনকে আমি সমর্থন করতে পারছি না। জনগণের স্বার্থে তার বিরুদ্ধাচারণ আমাকে করতেই হবে। কারণ এই প্রশাসনের আগাপাছতলা আলোচনা করার সুযোগ পেলে আমি খুশি হতাম, কিন্তু তাতে যতটুকু সময় দরকার তা আমার নেই। আপনি আমাকে যতটুকু সময় দেবেন আমি চেষ্টা করব তার মধ্যে মাননীয় সদস্যদের কিছু বোঝাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে আসার আগে যিনি বিরোধী আসনে বসতেন, বিরোধী দলের নেতা শ্রী জ্যোতিবসু মহাশয়, তিনি দুর্ভাগ্যক্রমে আজকে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী—তাই আমি তার ভাষণগুলির কয়েকটি পড়ে ফ্ল্যাগ করে রেখে এসেছি। ১২ই মার্চ, ১৯৫৪ সালে একটা বক্তৃতা উনি দিয়েছিলেন, ১৭ই মার্চ ১৯৫৫ সালের একটা বক্তৃতা দিয়েছিলেন, ১৭ই মার্চ, ১৯৫৮ এবং ৯ই মার্চ ১৯৬৬। আমি ভাষণগুলি পড়লাম এবং মুখ্যমন্ত্রীর ভাষণ এটা হতে পারে কিনা বুঝলাম না। তিনি তদানীন্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনে বক্তৃতা দেবার সময় বলেছিলেন যে police is not for the welfare of the State but for the welfare of themselves. আজকে মুখ্যমন্ত্রীর সেই ভাষণ আমি পাই না। আর একটি ভাষণে তিনি বলেছেন "পুলিশ সব সময় গণতান্ত্রিক আন্দোলন বাধা দেয়।" আপনার পুলিশ চোর ধরে না ডাকাত ধরে না। আজকে হকার উচ্ছেদের সময় পুলিশ লাঠি চার্জ করে এটা কি পুলিশ খুনি, আসামী ধরছে? যখন ছাত্রপরিষদের আন্দোলন হয় কংগ্রেসের আন্দোলন হয়, জনতার আন্দোলন হল, এস. ইউ. সি.-র আন্দোলন হয় সেই সব জায়গাতেই লাঠি চলল, জানি না এগুলি গণতান্ত্রিক আন্দোলন কিনা? এই জন্য কি মুখ্যমন্ত্রী জ্যোতি বসু মহাশয় গণতান্ত্রিক আন্দোলন হলে পুলিশকে কাজে ব্যবহার করা হোত বলে বলেছেন? আজকে তিনি কি করছেন? একটু ভেবে চিন্তে দেখুন? মুখ্যমন্ত্রী কিছুদিন আগে গিয়েছিলেন ভরতপুর ক্রোকোডাইল প্রোজেক্ট দেখতে, দুর্ভাগ্যজনক ব্যাপার—পশ্চিমবঙ্গের রাজা ভরতপুরে গিয়েছিলেন ছয়টি লঞ্চ ভাড়া করে—সেখানে তিন দিন থাকলেন

সাগরিকায়, সপরিবারে নয়, আত্মীয় স্বজন সহ, লক্ষ টাকা খরচ হয়েছে, ৩৫২ টাকার শুধু মুরগি কেনা হয়েছে। আমি জানি না এই টাকাগুলি কে দেবে? আমি চারদিন পরে গিয়েছিলাম দেখেছি উনি ভিজিটারস বুকে সই করেছেন, জ্যোতি বসু বলে। আমিও পরে সই করেছি—সত্য বাপুলি বলে। উনি গিয়েছিলেন কিনা তা স্বচক্ষে দেখবার জন্যই আমি গিয়েছিলাম। উনি গিয়েছিলেন ছয়টি লঞ্চ নিয়ে। আজকে এই টাকা কোথা থেকে দেওয়া হবে, গৌরী সেনের টাকা, এই ভাবে খরচা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা আপনার মাধ্যমে বলছি, রাইটার্স বিল্ডিংয়ে নাকি বি. এন. কুটটি থাকবে না। মুর্শেদ সাহেব একসময় মুখ্যমন্ত্রীর খুবই প্রিয়পাত্র ছিলেন কিন্তু ফাইনান্স মিনিস্টারের কোপানলে পড়ে তাকে চলে যেতে হল এবং একজন ব্যুরোক্র্যাটিক পাঠানো হল গ্যাস টারবাইন আনতে।

কিন্তু পরিচ্ছন্ন প্রশাসনের যে এমনি ইতিহাস যে তাকে সেখান থেকে কয়েক মাসের মধ্যে বিদায় নিতে হল। অথচ মুখ্যমন্ত্রী বলছেন দুর্নীতি দূর করবার জন্য তিনি ব্যস্ত। আমি বলব তিনি তার নিজের কথা নিজে স্মরণ করুন। কয়েকদিন আগে বলেছেন হকারদের উচ্ছেদ করার জন্য যদি ব্যর্থ হই তাহলে পুলিশ এরজন্য দায়ী। তিনি আরও বলেছেন কাকে নিয়ে কাজ করব—চেয়ারকে বলব। তিনি বলেছেন মন্ত্রীদের মধ্যে কারও সঙ্গে কারুর কো-অর্ডিনেশন নেই। এই অবস্থায় কোটি কোটি টাকা পাওয়া হচ্ছে। যে টাকা গরিবদের টাকা এবং তাদেরই এদের দিতে হবে যাতে মন্ত্রীরা গিয়ে সার্কিট হাউসে থাকতে পারেন এবং ভালভাবে খরচ চালাতে পারেন। রাইটার্স বিল্ডিংস গিয়ে দেখবেন সরকারি দপ্তরে লোক নেই। মুখ্যমন্ত্রী যখন এখানে ছিলেন তখন আমরা ভেবেছিলাম তিনি অত্যন্ত নিষ্ঠাবান লোক এবং সৎ লোক কিন্তু দেখলাম ১৯৭৭ সালের পর যেদিন থেকে তিনি এলেন একটার পর একটা জিনিস নষ্ট হতে লাগল। রাত্রির অন্ধকারে দুর্গাপুরে তার ছেলের ফ্যাক্টরি দেখতে যাবার কি দরকার? বিস্কুটের জন্য যে কারখানা করা হল সেখানে জমি কে দিয়েছিল, ব্যাঙ্ক থেকে অমনি এত টাকা পাওয়া গেল কি করে? এটা কি দুর্নীতি নয়? মুখ্যমন্ত্রীর পুত্র যদি কোনও সুযোগসুবিধা নেন তাহলে কি সেটা দুর্নীতি নয়? আমি জানতে চাই মুখ্যমন্ত্রী ১৯৭৭ সালের পর কতবার দিল্লিতে গেছেন এবং তারজন্য কত অর্থব্যয় হয়েছে। কিন্তু আপনার সচিবালয় থেকে বলা হয়েছে এটা স্পিকার মহাশয় গ্রহণ করেননি। আমি আরেকটি প্রশ্ন করেছিলাম মুখ্যমন্ত্রী হবার আগে তার কি অ্যাসেট ছিল এবং এখন তার অ্যাসেট কি? সেটাও আমাকে ফেরত দিয়ে বলা হয়েছে এর উত্তর দেওয়া হবে না। এটা জানার অধিকার কি বিধানসভার সদস্যের নেই। মুখ্যমন্ত্রী হিসাবে যিনি আছেন নিশ্চয় তার সম্বন্ধে জানতে পারি। আপনার প্রশাসন যন্ত্র এমনিই দুর্নীতিগ্রস্থ যে ২৪-পরগনার যিনি প্রশাসন যন্ত্রকে বিকল করেছেন, মরিচঝাঁপি থেকে কুকুর, বেড়ালের মতো মা বোনদের তাড়িয়ে দিয়েছিল তাকেই পুরষ্কার করা হয়েছে প্রমোশন দিয়ে। অথচ মেদিনীপুরের এস. পি. তিনি যতই দক্ষ হোন না কেন তাকে প্রমোশন দেওয়া হবে না। মিঃ সামন্ত, ২৪-পরগনার এস. পি. যার বিরুদ্ধে কোর্ট অবমাননা করার জন্য ১৮টা কনটেম্পট অব কেস ঝুলছে তিনি প্রমোশন পেলেন আর যিনি লয়েল তার প্রমোশন হল না। এরা চান হুজুরের আমলা। যারা দিন রাত্রি আপনাদের স্তাবকতা করতে পারবেন এবং আপনাদের অন্যায় আবদার ও আদেশ তামিল করতে পারবেন।

সেইজন্য মুখ্যসচিব অমিয় সেন তার যোগ্যতা কতখানি সেটা পশ্চিমবঙ্গের লোক সকলেই জানেন। তিনি কেবল অসংবিধানিক সার্কুলার দেন মুখ্যমন্ত্রীর আদেশ অনুসারে। আই. জি. করে যাকে নিয়ে আসা হয়েছে ত্রিপুরায় তিনি সেখানে নিজের অক্ষমতা সেখানে দেখিয়ে এসেছেন। তাকে আনা হল এই কারণে যে তার আদেশ তামিল করতে হলে এই রকম অপদার্থ লোক প্রশাসনের থাকা দরকার। এইভাবে পশ্চিমবঙ্গের প্রশাসনকে কোথায় নিয়ে যাচ্ছেন? সেটা কি একবার চিন্তা করেছেন। ৪ বছরে কলকাতা চুরি, ডাকাতি, রাহাজানি দিনের পর দিন বেড়ে চলেছে অথচ প্রশাসন যন্ত্র নিরব। পশ্চিমবাংলার মানুষ চেয়েছিল অনেক কিছু। তার বদলে পেয়েছে এই রকম অপরিচ্ছন্ন প্রশাসন। মন্ত্রী সিমেন্টের জন্য তদ্বির করতে গিয়ে রানু ঘোষের কাছে চপেটাঘাত খেয়েছেন। সিমেন্টের জন্য তদ্বির করতে মন্ত্রীর মর্যাদার কিছু যায় আসে না।

[2-10 — 2-20 p.m.]

মন্ত্রী সিমেন্টের ব্যাপারে তদ্বির করলে আমার তাতে কিছু যায় আসে না, কিন্তু যেহেতু তার কথা মতো রানু ঘোষ কাজ করতে রাজি হলেন না, সেজন্যই সেই অফিসারের বিরুদ্ধে অশোভন ভাবে ফাইলে নোট দেওয়ার চেষ্টা করলেন। অথচ আজকে দেখতে পাচ্ছি, তারা পশ্চিমবাংলার মানুষকে বিদ্যুত দিতে পারছেন না, বিদ্যুত তৈরি করতে পারছেন না। তারা সেখানে লোক নিয়োগের সময় নিজেদের পছন্দ মতো করছেন—তাতে বিদ্যুত উৎপাদন হোক বা না হোক তা দেখার দরকার নেই। সেই সমস্ত কর্মীদের মাইনে আবার সময়মতো দেওয়া হচ্ছে। পশ্চিমবাংলাতে আজকে এই রকম ঘটনা ঘটে চলেছে। পশ্চিমদিনাজপুরে ৬০টি বন্দুক চুরি হয়ে গেল অথচ মুখ্যমন্ত্রী সে খবর জানেন না। খুন হচ্ছে, আই. জি. তা জানেন না। বন্দুকগুলি আজও উদ্ধার হল না—কিন্তু ওরা সবাই বলে চলেছেন, প্রশাসন যন্ত্র খুব ভাল চলছে। এই ঘটনাকে নকশালদের কাজ বলে চালিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে—এটা সত্যিই একটা দুর্ভাগ্যজনক ব্যাপার। কেন ঠিক বলতে পারি না, হয়ত নকশালদের দ্বারা এই কাজ ঘটতে পারে বা সি. পি. এম.-এর দ্বারা হতে পারে, আবার অন্য কেউ করে থাকতে পারে। কিন্তু প্রশ্ন হচ্ছে যে, আজকে যে প্রশাসন অক্ষমতা আমরা দেখতে পাচ্ছি, সেটা কি পশ্চিমবাংলার মানুষের কাছে বিশেষ বড় কথা নয়? প্রশাসন যন্ত্র চলবে কিসের জন্য? তারা নিরব কেন প্রশ্ন পশ্চিমবাংলার মানুষের কাছে? পশ্চিমবাংলার মানুষ চায় বিদ্যুত, যাচ্ছে কোথায় সেই বিদ্যুত? পশ্চিমবাংলার মানুষ চায় শিক্ষা, কিন্তু শিক্ষা ক্ষেত্রে রাজ্যপাল সরানো থেকে আরম্ভ করে সমস্ত জায়গায়, প্রত্যেকটা ইউনিভার্সিটিতে নিজেদের লোকদের নিয়ে বসানো হচ্ছে। কারণ আপনারা জানেন যে, নির্বাচন এগিয়ে এসেছে। নির্বাচনে আপনারা ভয় পাচ্ছেন, তাই এই সমস্ত জায়গায় কোনও নির্বাচন করতে চাইছেন না। প্রত্যেকটা ইউনিভার্সিটিকে আপনারা টেক ওভার করেছেন। কিন্তু নির্বাচনেই ছাত্রপরিষদের ছেলেরা জিতছেন, আপনারা হেরেছেন ৯০ পারসেন্ট জায়গায়। সেজন্য আপনাদের নির্বাচন করতে ভয় আছে। ক্যালকাটা কর্পোরেশনের নির্বাচন তাই তিন তিনটে বছর পিছিয়ে দেওয়া হয়। আমার কাছে মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্সের ১৯৭৯-৮০ সালের একটি রিপোর্ট আছে, তাতে বলা হয়েছে যে, সেই সময়ে আপনাদের বন্ধু সরকার ছিলেন ক্ষমতায়, জনতা সরকার, সেই সময়ে কি হয়েছিল তা পড়ছি—Communal violence in Nadia district of West Bengal broke out

following the commission of some dacoits on the night of 19th June, 1979. There was large scale looting and arson....Communal violence broke out nearabout Krishnagar area and many properties to the tune of Rs. 5.50 lakhs were damaged. কিন্তু ১৯৭২-৭৭ সালে কোনও কম্যুনাল ডিস্টারব্যান্স পশ্চিমবাংলাতে হয়নি, ১৯৭৯ সালে হয়েছে এই দক্ষ প্রশাসকের হাতে পড়ে হয়েছে। ৪০ জন লোক সেখানে প্রাণ হারিয়েছে। আপনাদের দক্ষ প্রশাসনের হল এই নমুনা। ইসলামপুরেও ঐ একই নমুনা দেখতে পাচ্ছি। একটা কনস্টেবলকেও সেখান থেকে ট্রান্সফার করা হল না। অথচ বলছেন, পশ্চিমবাংলায় অ্যাডমিনিস্ট্রেশন আছে। সত্যিই কি আছে?

যখন ভারতবর্ষ স্বাধীন হয়নি তখন পুলিশ অ্যাশোসিয়েশন হ'ল, তারপর হল নন গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশন। তাদের কর্মকর্তারা যদি অপরাধ করে থাকে তাহলে তাদের শাসিত হয় না। তাই প্রশাসন যন্ত্রের এই দুরাবস্থা। আপনি জানেন আজকে পশ্চিম দিনাজপুরের অবস্থা, সেখানে হয়ত আপনাদের লোক জড়িত রয়েছে তাই কোনও রকম কিছু বলবার ক্ষমতা মুখ্যমন্ত্রীর নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন বেদেরা সাপ নিয়ে খেলা করে, কিন্তু বেদেরা সাপ নিয়ে খেলা করলে কি হবে তারাও মরে এই সাপেরই হাতে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পুলিশ নিয়ে খেলা করছেন, তাই ওদের হাতেই মৃত্যু হবে জেনে রাখবেন। আপনারা কোয়াডিনেশন কমিটির মধ্যে এই জিনিস সৃষ্টি করেছেন এবং রাইটার্স বিল্ডিং পর্যন্ত সেটা তৈরি করেছেন। আপনারা জানেন, প্রশাসন যন্ত্রকে ক্ষতি করার জন্য আপনারা নন গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশনকে মদত দিয়ে, পশ্চিমবঙ্গের লোকের কি সর্বনাশ করেছেন? তাতে আপনাদের হয়ত কার্য সিদ্ধি হতে পারে, তাতে আপনাদের হয়ত সাময়িক উপকার হতে পারে, কিন্তু পশ্চিমবঙ্গের মানুষের সামগ্রিকভাবে অবস্থা কোথায় দাঁড়াচ্ছে? আজকে আপনি জানেন কোয়াডিনেশন কমিটি রাইটার্স বিল্ডিং-এ আছে, তাদের অনেক কিছুর ভার দেওয়া হয়েছে, তাদের বলা হয়েছে অফিস না করলেও চলবে, যারা একজিকিউটিভ কমিটির উপযুক্ত পদে বসে আছেন। তারা যদি অফিস না করে তাহলে আমরা কি চেয়ার কে বলব? তারা তো সংগঠনের কাজ করছে, তারা তো উপকার করছে, সংগঠনের কথা সমস্ত অফিসকে বলে এসেছে, যে তোমরা কাজ করবে, কিন্তু তারা নিজেরা করে না। তাই আজকে পশ্চিমবাংলায় প্রত্যেকটি জায়গায় এই কোয়াডিনেশন কমিটি মদত দেওয়ায় সর্বনাশ ডেকে আনা হয়েছে আর নন গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশন মদত দেওয়ায় সেখানেও এক সর্বনাশ হয়েছে। বিদ্যুত দপ্তরে এক শ্রেণীর কর্মচারিদের সামগ্রিকভাবে নয় পরিষ্কারভাবে, প্রত্যক্ষভাবে পার্টি সহানুভূতি দেওয়ায় সেখানে এক দল কর্মচারী বিশৃঙ্খল হয়ে গিয়েছে। কাজেই উৎশৃঙ্খলতা বেড়েছে। শিক্ষা দপ্তরে ইংরাজি তুলে দেবার জন্য এই প্রশাসন যন্ত্রের অপব্যবহার করেছেন। আপনাদের নিজেদের কমিটি রাইটার্স বিল্ডিং থেকে বসে তাদের নিয়ে ঠিক করেছেন। আমাদের বিধানসভার সদস্য একজন আছেন তাই তার সম্বন্ধে আমি কোনও এসপারশন করব না, তিনি যেহেতু মাননীয় সদস্য সকলের সামনে কিছু বলছি না, কিন্তু আপনারা এই সব করেছেন। প্রশাসন যন্ত্র শিক্ষা বিদ্যুত, পুলিশ সব জায়গায় নিজেদের দল, নিজেদের কাজ, নিজেদের সমস্ত কিছু করতে গিয়ে আজকে পশ্চিমবাংলাকে এই অবস্থায় এনেছেন। আজকে ৩ হাজার আসামী যারা, খুন, রাহাজানি করত তাদের ছেড়ে দিয়েছেন। আজকে চিৎকার করে বললে কি হবে যে পুলিশ সমাজ বিরোধী ধর, পুলিশ তাদের ধরবে

একবার আবার তাদের কথা মতো ছেড়ে দেওয়া হবে। তারা গুণ্ডাই হোক, আসামী হোক, ডাকাতি কেসের আসামী হোক, রেপ (rape) কেসের আসামীই হোক তাদের ছেড়ে দেওয়া হবে। হালিম সাহেবের মতে "রেপ কেস" না কি রাজনৈতিক। আমার জানা নেই কোন অভিধানে এটা লেখা আছে। কোন অভিধানে এটা আছে, এটা হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলব যে আজকে পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট সরকার আসার পর ; যান রাইটার্স বিল্ডিং-এ, যান যে কোনও অফিসে যান খাদ্য দপ্তরে প্রত্যেকটি জায়গায় ঘুস ওপেনলি নেওয়া হয়। আজকে কেউ লুকিয়ে চুরিয়ে ঘুস নেয় না সকলের সামনেই নেয়। এটা হল সরকারি আমলাদের গোল্ডেন এজ। ১৯৭২/৭৭ সালে ওরা কি করেছেন? আর কত দিন এই ধরনের স্বর্ণময়যুগ থাকবে? লুটে-পুটে খাওয়ার যুগ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী যে টাকা নেবার জন্য বিধানসভায় বলেছেন তাকে আমি প্রতিবাদ করব। শুধু প্রতিবাদ করব বিধানসভার সদস্য হিসাবেই নয় পশ্চিমবাংলার সাড়ে ৫ কোটি মানুষের স্বার্থে, সাড়ে ৫ কোটি জনগণের স্বার্থে। আমি প্রতিবাদ করব এই রাজ্যের স্বার্থে, জানি আমার এই প্রতিবাদ হয়ত আপনাদের কাছে পৌঁছবে না, আপনারা দলে অনেক বেশি আছেন। কিন্তু আমরা এই বক্তব্য এই বিধানসভায় রাখছি। যদি কোনও দিন মাঠে ময়দানে দেখা হয় তাহলে জনগণ আমাদের গ্রহণ করবে না আপনাদের গ্রহণ করবে সেটা সেই দিন বোঝা যাবে। জনগণ আমাদের এই ভাষণ গ্রহণ করেছেন কিনা সেটা বুঝতে পারবেন। এই কথা কটা বলে, আমি তাই সামগ্রিক ভাবে এই প্রশাসনের ব্যর্থতার জন্য তাকে কোনও টাকা দেওয়ার মত দিতে পারছি না। আমি এর সম্পূর্ণ বিরোধিতা করছি। জয়হিন্দ বন্দেমাতরম।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** স্যার, আপনার অনুমতি নিয়ে আমার পারসোনাল এক্সপ্লানেশন উত্থাপন করছি। মাননীয় সদস্য উনার ভাষণের সময় উনি বলেছেন যে আমি রেপ কেসকে পলিটিক্যালি ট্রিট করে তুলে নিয়েছি। এই কথা মোটেই সত্য নয়, কোনও রেপ কেস রাজনৈতিক কারণে তুলে দেওয়া হয়নি।

[2-20 —2-30 p.m.]

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সাধারণ প্রশাসন খাতের বাজেট সমর্থন করতে উঠেছি। আমার পূর্ববর্তী দুজন বক্তা যে বক্তব্য রেখেছেন সেটা এত ওয়াইল্ড এবং যার সঙ্গে সত্যতার কোনও বিষয়ে মিল নেই। আমি সেই প্রসঙ্গে কোনও আলোচনা করতে চাই না, কারণ এতে কোনও লাভ হবে না। দৈনন্দিন জীবনে প্রশাসন কাকে বলে সেটা ওরা বুঝতে পারেনি এবং জীবনভোর মিথ্যাচারের সঙ্গে যুক্ত থাকার ফলে আজকে কোনও সত্য কথা বলার ওদের উপায় নেই। সঙ্গে সঙ্গে এখানে একজন মন্ত্রী বললেন যে তিনি যা বলেছেন সেটা সত্য নয়। আবার এর পরের দিন এই কথা উচ্চারণ করতে ওদের আটকাবে না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এর আগের দিন সোজাসুজি বিবৃতি দিয়ে বলেছেন যে দুর্গাপুর বিস্কুট কারখানা সম্পর্কে যে সব কথা ওরা বলেছেন তা সবটাই মিথ্যা। তা সত্ত্বেও এই ভদ্রলোক সেই কথা এখানে তুললেন এবং তারা এই সব কথা বলে যাবেন। শেষের দিকে একটা কথা বলেছেন, আমি সেই জায়গায় তাদের চ্যালেঞ্জ করছি। সেটা আপনারা দেখবেন—সামনের ১৭ তারিখে ইলেকশনের কথাবার্তা আছে। আমরা দেখেছি যে

সত্য বাপুলি মহাশয় এবং তার দলের লোকেরা এখন থেকে পিছু হটতে আরম্ভ করেছে। ৪ মাস আগেও পিছু হটেছেন এবং এখন থেকেও পিছু হটতে শুরু করেছেন। তারা নানা রকম তদ্বির করছেন যাতে ইলেকশনটা পিছিয়ে যায় এবং এই আশায় আছেন যে একদিন এই সরকারকে ভেঙ্গে দেওয়া হবে এবং পিছনের দরজা দিয়ে তারা ঢুকবেন। এটা আপনারা জেনে রাখুন যে পশ্চিমবাংলার মানুষ আপনাদের জায়গা দেবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশাসন সম্পর্কে ওরা বলেছেন আমি সোজাসুজি জিজ্ঞাসা করছি যে ভারতবর্ষে আর দ্বিতীয় কোনও যোগ্য প্রশাসকের কোনও সন্ধান ওরা পেয়েছেন? প্রশাসন বলতে কি বোঝায়? পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক সম্প্রীতি আছে কি না? পশ্চিমবাংলায় জাতিতে জাতিতে বিরোধ আছে, নেই। এখানে সদ্ভাবপূর্ণ পরিবেশে মানুষ বাস করেছে এবং বিভিন্ন ভাষাভাষি মানুষ বাস করছে এবং এক সঙ্গে কাজ করছে। এই চিত্র ভারতবর্ষের অন্য কোনও জায়গায় আছে? এই চিত্র কি মোরাদাবাদে দেখা যায়? এই চিত্র কি আলিগড়ে দেখা যায়? এই চিত্র কি দেখা যায় ভারতবর্ষের অন্যান্য জায়গায়? একমাত্র পশ্চিমবঙ্গ ছাড়া এইরূপ এবং এই চিত্র কোথাও নেই। আমি আপনাদের কাছে সোজসুজি জিজ্ঞাসা করতে চাই। তবে এটা ঠিক যে ওদের গায়ে বিদ্বেষ আছে, ওরা বিদ্বেষপূর্ণ ভাষায় বলেন। কাজেই এর জবাব দিয়ে আর কি হবে। আজকে যদি দেশে শান্তিপূর্ণ, সৌহাদ্যপূর্ণ ব্যবস্থা না থাকে তাহলে প্রশাসন যন্ত্র বিকল হয়ে যায়, কোনও কাজ করা যায় না। আসলে এই যে কর্মযজ্ঞ সমস্ত গ্রামবাংলায় হয়ে গেল ৩ বছর, ৩।। বছর ধরে এবং গ্রামের মানুষ দু'হাত তুলে আশীর্বাদ করলে, ওরা এতে বাধা দিচ্ছে। ওরা ভূ-স্বামিদের পক্ষে, জোতদার-জমিদারদের পক্ষে। ওরা জীবনভোর বাধা দিয়ে এসেছে। গ্রামবাংলাতে যদি প্রশাসন কাজ না করত, তাদের সমস্ত ষড়যন্ত্রের জালকে ছিন্ন করে আজকে প্রশাসন একটা জায়গায় প্রমাণ করেছে যে শেষ কথা বলার মালিক ওরা নয়। প্রশাসনের কথা যখন উঠেছে, তখন দেখতে হবে যে কোন নীতিগুলি কার্যকর করার চেষ্টা করা হয়েছে। আজকে গ্রামবাংলার এই কাজগুলি সমাধা হল কি ভাবে? এই ইকনমিক রিভিউয়ের মধ্যে আছে, ১৯৭৯ সালে একটা এস্টিমেট করে দেখানো হয়েছে যে ১২.১১ লক্ষ একর ১৯৮০-তে তারা agricultural land distribute করেছেন দরিদ্র কৃষকদের মধ্যে। Total vesting of agricultural land have increased from 11.77 lakh acres to 12.11 lakh acres. ভেস্ট করেছেন এই জমি এ বছর, এখানে সেটা আছে এই রিভিউতে। এবং করতে গিয়ে কাদের সাহায্য পেয়েছে? সমস্ত গ্রামের মানুষ যদি তাদের সঙ্গে না থাকত তবে কি এটা সম্ভব হতে পারত? সুতরাং এগিয়ে আসেনি এটা কেউ বলতে পারবে না। এক একর কি তার চেয়ে কম জমি যাদের হাতে, তাদের প্রায় ৩০ লক্ষ একর বিলি করা হয়েছে, এবং এখানে এই যে ভেস্ট করেছে এর প্রায় ফিফটি পারসেন্ট গ্রামের দরিদ্র কৃষক, ভাগচাষী বা দরিদ্র চাষী ক্ষেতমজুর, তারাই বেনিফিট পেয়েছে এবং সর্বাপেক্ষা বড় কাজ, এই নীতি কার্যকর করার জন্য গ্রামে যে নতুন মানুষ সৃষ্টি হয়েছে, নতুন সম্ভাবনা সৃষ্টি হয়েছে, সেই পঞ্চায়েতগুলি কি পরিপূর্ণ কাজে লাগেনি? সমস্ত পঞ্চায়েত-এর ৭০ ভাগ মানুষ, গরিব মানুষেরা নিজেদের কাজে উঠে পড়ে লেগে গেছে। তার ফলে এত বড় পরিকল্পনা সার্থক হয়েছে। বোর্ড অব রেভিনিউ যেখানে এস্টিমেট করেছে প্রায় ২০ লক্ষ বর্গাদার আছে, তার মধ্যে প্রায় ৫০ ভাগ বর্গাদারদের রেকর্ড করাবার তারা ব্যবস্থা করেছেন। যদি সেখানে প্রশাসন না থাকত, যদি সাধারণ মানুষের এবং পঞ্চায়েতের সাহায্য না পাওয়া

যেত, তবে এগুলি করা সম্ভব হত? এই পলিসি কংগ্রেসের ছিল না, দুর্ভাগ্যক্রমে জনতারও ছিল না, এই পথে তারা পা বাড়ায়নি, সেজন্য আজকে জনতার চিহ্ন পাওয়া যায় না আর কংগ্রেসের তো আদৌ পাওয়া যায় না। এই প্রসঙ্গে আমি বেশি যেতে চাই না। আমি ট্রেড ইউনিয়ন কর্মী, ট্রেড ইউনিয়ন প্রসঙ্গে বলি। ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে আমি জিজ্ঞাসা করি, এখানে যদি প্রশাসন না থাকত তাহলে কি শিল্পাঞ্চলে বিঘ্ন ঘটত না? বিঘ্ন ঘটে যেত। কিন্তু দেখা যাচ্ছে অনেক স্ট্রাইক হয়েছে ঠিক কথা কিন্তু এটাও তো সংবাদ যে তিন হাজার এগ্রিমেন্ট, ট্রাইপার্টাইট, বাইপার্টাইট যা হয়েছে তা সরকারের সাহায্যে হয়েছে। এইএগ্রিমেন্টের ফলে, এই রিভিউতে দেখতে পাবেন শ্রমিকরা তাদের পাওনা পেয়েছে। অর্গানাইজড ইন্ডাস্ট্রিতে আপনি লক্ষ্য করে দেখবেন প্রায় ১০০ টাকার মতো শ্রমিকদের মাইনে বেড়েছে। ১৯৭৭-৭৮-৭৯ সালের হিসাব নিলে দেখতে পাবেন প্রায় ১০০ টাকা তাদের মাইনে বেড়েছে। তার সঙ্গে এটাও দেখতে পাবেন বহু ক্ষেত্রে লে অফ কমেছে। একটু ফিগারগুলি লক্ষ্য করে দেখবেন। যেখানে এত লে অফ হত, এই বিদ্যুত সংকটের দিনে সেভেন্টি সেভেন পার সেন্ট লে অফ কমেছে। এবং এই বিদ্যুত সংকট থাকা সত্ত্বেও। বিদ্যুত সংকট থাকার জন্য শিল্পগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে কিন্তু এতদ সত্ত্বেও হিসাব করে দেখবেন গোপালদাস নাগ মহাশয়ের আমলে কি পরিমাণ লে অফ হত। তার সঙ্গে তুলনা করলে দেখবেন এখন সেভেন্টি সেভেন পারসেন্ট কমে গেছে। যদি দেখা যায় আরও দেখা যাবে স্ট্রাইকের পরিমাণ কমে গেছে, শ্রমিকেরা কাজে পার্টিসিপেশন করেছে, ডিউরেশন অব স্ট্রাইক পিরিয়ড কমে গেছে, রিট্রেঞ্চমেন্ট কমে গেছে, অন্যদিকে শ্রমিকদের মাইনেপত্র বৃদ্ধি পেয়েছে। এই থেকে কি প্রমাণ হয়? এই থেকে এই প্রমাণ হয় যে একটা প্রশাসন ব্যবস্থা আছে এবং আছে শ্রেণী বিভক্ত সমাজের মধ্যেও। আমরা তো চাই দ্বন্দ্ব আরও তীব্র হয়ে উঠুক, আরও তীক্ষ্ণ হয়ে উঠুক, মালিকও শ্রমিকের মধ্যে যে বিরোধ, অবশ্যাম্ভাবী সংঘাত তা চলবে।

[2-30 — 2-40 p.m.]

এটাত স্বীকৃত এটা বাস্তব ঘটনার প্রতিফলন। আজকে রিট্রেঞ্চমেন্ট কমেছে স্ট্রাইকের ডিউরেশন কমেছে লক আউট কমেছে এবং নানা রুগ্ন কলকারখানা পুনরুজ্জীবিত হয়েছে। তাহলে এটা কি প্রশাসনের অভাবের জন্য এই জিনিস হয়েছে? প্রশাসন যদি না থাকত তাহলে দেশে আগুন লেগে যেত। আমি আর দু-একটি কথা এই প্রসঙ্গে বলব। ওদের প্রধান ইসু গত চার বছর ধরে শুনে আসছি সেটা হচ্ছে বিদ্যুত। আপনারা যতই মিথ্যা প্রচার করুন না কেন আমাদের কিন্তু সত্য কথা বলে যেতে হবে। আমরা জানি কাগজে এবং বাইরে প্রচারের জন্য আপনারা এই সব কথা বলেন, কিন্তু আপনারা জেনে রাখুন আমাদের সঙ্গে মানুষ আছে। আপনারা তো অনেক সোরগোল করলেন, কিন্তু গন্ডগোল করে উঠতে পারলেন না। ওরা খুব দুশ্চিন্তাগ্রাস্ত কিছু দিন যাবৎ কারণ এই জ্যোতিবাবুর আমলেই বিদ্যুতের কিছুটা উন্নতি হয়েছে কয়েক দিন দেখছি কিছুটা উন্নতি হয়েছে। আমাদের এনটায়ার অপোজিশন মাথায় হাত দিয়ে বসে পড়েছেন। যদি বিদ্যুতের উন্নতি হয় তারজন্য আমাদের তো আর কিছু বলার থাকবে না। তার পর সাঁওতালদির অবনতির প্রধান কারণ হচ্ছে সেখানে যে সমস্ত ইনস্ট্রুমেন্ট সাপ্লাই দেওয়া হয়েছে সেগুলি খারাপ সাপ্লাই করা হয়েছে এবং এটা স্টেটসম্যানে বেরিয়েছে। তা সত্ত্বেও কতটা করা যায় তার চেষ্টা হচ্ছে। এই অবস্থায়, বিদ্যুত ভালভাবে

চলতে পারে না। এখন তাহলে এদের ইলেকশন ইসু কি হবে? কিছু দিন আগে মরিচঝাঁপি নিয়ে লাগিয়ে দিলেন। ন্যায় বিচার বিবেচনা বিসর্জন দিয়ে এখানে বক্তৃতা করলেন। তারপর ভাড়া বৃদ্ধি নিয়ে কিছু অ্যান্টি ওয়ার্কার অ্যান্টি পিপলদের নিয়ে এজিটেশন করতে লাগলেন সর্বনাশ হয়েছে এবং এর জন্য কয়েকটা ট্রাম বাস পুড়িয়ে দিলেন। এবার কিছু ভদ্রলোককে নামিয়ে দিলেন রাস্তায় রবীনন্দ্রনাথের নাম করে। তারাও এখন চলে গেল। এখন কিছুতেই কিছু করতে পারছেন না। আপনারা এমন একটা পলিসি বা ইসু নিন যেটা মানুষ গ্রহণ করতে পারে। ১৯৬০-৬১ সালে আমাদের পশ্চিমবাংলায় ৮৪ কিলোওয়াট বিদ্যুত উৎপন্ন হয়েছে আর মহারাষ্ট্রে হয়েছে ৭৩ কিলোওয়াট আর এই ১৯৭৮-৭৯ সালে যখন এই অযোগ্য প্রশাসন এবং যার কর্ণধার হয়ে জ্যোতিবাবু বসেছেন তখন এই পশ্চিমবাংলায় ১১৮.৭ কিলোওয়াট বিদ্যুত উৎপাদন হয়েছে আর মহারাষ্ট্রে সেখানে ২১০। এনটায়ার ইস্টার্ন রিজিয়নে ইনস্টল ক্যাপাসিটি ৪,৭৫৫ মেগাওয়াট west-এ ৭,৩৮৯ মেগাওয়াট।

নর্থে ৭ হাজার ৭০৫, সাউথ ৬ হাজার ৪৯৭, এই হচ্ছে অবস্থা। ১৯৭০ থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত হিসাব করে দেখুন এনটায়ার ইস্টার্ন রিজিওনে মাত্র ৫ পারসেন্ট গ্রোথ আর সেখানে মহারাষ্ট্রে ১৬.৫, সাউথে ৬.৫ পারসেন্ট গ্রোথ। এটা কি আমাদের সময়কার ব্যাপার? তা তো নয়, এটা আপনাদের সময়েই হয়েছে। রাজ্য হিসাবে পশ্চিমবাংলাকে দেখুন কংগ্রেস আমলে বিদ্যুত নিয়ে এই রাজ্যকে পরিকল্পিতভাবে প্রচন্ড বঞ্চনা করা হয়েছে। এটা করা হয়েছে তার কারণ, পশ্চিমবাংলা গণতান্ত্রিক মানুষের জায়গা। কাজেই এর কৈফিয়ত আমাদের দেবার কথা নয়, এর কৈফিয়ত কংগ্রেসিরাই দেবেন। কাজেই এই যেখানে অবস্থা সেখানে কংগ্রেসিরা আর এই সব কথা বলার দিকে অগ্রসর হবেন না এটাই আমি বলব। তাছাড়া একথাটাও ওদের জানা দরকার যে ওরা বিদ্যুতের জন্য যে টাকা লগ্নি করেছিলেন আমরা তার ডবল টাকা সেখানে লগ্নি করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর দু/একটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। পুলিশের কথা বলা হয়েছে। সত্যসত্যই আজ কিছু জায়গায় সমস্যা তৈরি করার চেষ্টা করা হচ্ছে—বিশেষ করে ১৯৮০ সালে শ্রীমতি গান্ধী ক্ষমতায় আসার পর থেকে। আমি যে অঞ্চলে থাকি সেই অঞ্চলের কথা সত্যবাবু জানেন, সেখানে দৌরাত্ম অনেক জায়গায় বাড়াবার চেষ্টা করা হচ্ছে সুপরিকল্পিতভাবে। যাদের দেখলে মানুষ ভয় পায়, আতঙ্কে ঘরের দরজা বন্ধ করে দেয় তাদের সঙ্গে দেখছি ওদের মেলামেশা। স্যার, সেই সমস্ত লোকেরা নিজেদের মধ্যে সংঘর্ষ করে কেউ যদি মারা যায় বা খুন হয় তাহলে দেখি কোথা থেকে কংগ্রেসি ঝান্ডা নিয়ে এসে ওরা থানায় হাজির হন এই বলে যে আমাদের দলের ছেলে মারা গিয়েছে—এ প্রায়ই দেখছি। তারপর বাপুলি সাহেব বললেন, ধরা পড়লে ছাড়া পেয়ে যায়। স্যার, কয়েকদিন আগেই এখানে দেখছিলাম শ্রী ভোলা সেন মহাশয় বেহালার একজন কুখ্যাত গুন্ডার সঙ্গে দাঁড়িয়ে আলোচনা করছিলেন, তার নামে অনেকগুলি কেস আছে। যত সব গুন্ডা, হত্যাকারি, বদমাইস এরাই হচ্ছে কংগ্রেসিদের লোক, এরাই হচ্ছে ওদের সঙ্গী। ওরা স্যার, পুলিশের কথা বললেন। ভাগলপুরে কি হয়েছে? সেখানে ভাগলপুরে জেলে অন্ধ করে দিল লোকদের। সর্বাপেক্ষা ভয়ঙ্কর যেটা সেটা হচ্ছে, যে পুলিশ এই অপরাধমূলক কাজ করল সেই পুলিশের সমর্থনে পাটনাতে স্ট্রাইক হয়ে গেল। পশ্চিমবাংলায় এ জিনিস কল্পনা করা যায়? না, যায় না। তারপর ইউ. পি.-তে ডাকাত ২২

জন লোককে ধরে নিয়ে গেল, পাশেই পুলিশ ক্যাম্প, তাদের বলা হল ২২টা লোককে ধরে নিয়ে যাচ্ছে তাদের খুন করে ফেলবে কিন্তু তা শোনা সত্ত্বেও পুলিশ সেখানে গেল না, পুলিশ সেখানে তাস, ভলিবল খেলতে থাকল। এটা ইউ. পি.-তে ঘটতে পারে কিন্তু পশ্চিমবাংলায় ঘটতে পারে না।

[2-40 — 2-50 p.m.]

স্যার, আমরা কখনও দাবি করিনি পশ্চিমবাংলা শুধু সি. পি. এম.-এর জায়গা। আমরা কখনও দাবি করিনি পশ্চিমবঙ্গ শুধু সি. পি. এম.-এর দেশ, বামফ্রন্টের দেশ বা অন্য লোকের দেশ নয়। এটা হচ্ছে সাধারণ মানুষের দেশ। কিন্তু ষষ্ঠ যোজনার যখন ১০ ভাগ কমিয়ে পঞ্চম স্থান থেকে আমাদের তৃতীয় স্থানে নামিয়ে দেওয়া হয় তখন তো এরা প্রতিবাদ করেন না? কেন্দ্রীয় সরকার এই যে আমাদের ৪টি বিদ্যুত প্রকল্প নামঞ্জুর করল তখন তো তারা প্রতিবাদ করলেন না? আমাদের জাহাজ প্রকল্পে কেন্দ্রীয় সরকার মত দিলেন না, আটকে রাখলেন—কৈ তার জন্য তো এরা কোনওরকম প্রতিবাদ করলেন না? সেইজন্যই জিজ্ঞাসা করছি, এরা কি এই দেশের মানুষ? আমাদের যেগুলি একান্ত প্রাপ্য সেগুলি তারা কেন দেবেন না? স্যার, এদের ষড়যন্ত্র যে শুধু এখানেই নিবদ্ধ নয় সেকথা আমি হাউসকে জানাতে চাই। কিছু উচ্চ পদস্থ সরকারি কর্মচারী আজ পথে নেমেছেন, বিভিন্ন দপ্তরে ঘুরে ঘুরে একথা বোঝাবার চেষ্টা করছেন এই সরকারের স্থায়িত্ব আর বেশি দিন নেই কাজেই এদের সঙ্গে আর কো-অপারেশন করবেন না। আমি তাদের এই সমস্ত কথা দেশের মানুষ এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টিতে আনছি। তারপর, দুজন প্রাক্তন আই. জি. পুলিশ অফিসারদের মধ্যে ঘুরে বেড়াচ্ছে এবং বলছে, তোমরা এদের সঙ্গে কো-অপারেশন কোরও না, এই বামফ্রন্ট সরকারকে শীঘ্রই ফেলে দেওয়া হবে। এইসব কথা বলে তারা মানুষের মনোবল নষ্ট করে দিচ্ছে এবং প্রশাসনের ক্ষেত্রে আজকে যে বিরাট কর্মযজ্ঞ চলছে তাকে বাধা দিচ্ছে। আমি এই সমস্ত ঘটনা স্বরাষ্ট্র মন্ত্রীর এবং বিরোধীপক্ষের সদস্যদের দৃষ্টিতে আনছি। আমি মনে করি এই সমস্ত কাজ যাতে তারা আর পুলিশ মহলে করতে না পারে তারজন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত। আমি গ্যারান্টি দিয়ে বলতে পারি এই সমস্ত প্রাক্তন আই. জি., এই সমস্ত লোকেরা ইতিহাসের ধ্বংসস্তূপে নিক্ষিপ্ত হবে। আমি তাদের উদ্দেশ্যে বলছি, যদি তারা এইভাবে অন্যায় কাজ করার চেষ্টা করে এবং এখানে কোনও ঘটনা ঘটাবার চেষ্টা করে তাহলে পশ্চিমবাংলার শ্রমিক, কৃষক সাধারণ মানুষ এবং মধ্যবিত্ত মানুষ এই কুচক্রীদের চিনে নেবে। একথা বলে এই বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ শেখ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে ব্যয় বরাদ্দের দাবি যা উত্থাপন করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে রাখতে চাই। আমার মনে আছে বামফ্রন্ট যখন ক্ষমতায় আসে তখন তারা এ রকম একটা প্রতিশ্রুতি দিয়েছিল পশ্চিমবাংলার জনসাধারণের কাছে যে, তারা একটা পরিচ্ছন্ন প্রশাসন উপহার দেবেন এবং একথাও তাদের প্রতিশ্রুতির মধ্যে ছিল, প্রশাসন হবে গতিশীল, গণমুখী এবং এই প্রশাসন হবে সৎ। আজকে প্রায় চার বছরে এই প্রশাসন ব্যবস্থার যে কোনও পরিবর্তন হয়নি, সেকথা আমি বলব না। নিশ্চয়ই প্রশাসনের অনেকগুলি দিকে এই

প্রশাসন অনেকটা গতিশীল হয়েছে, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। এই প্রশাসন অন্তত পক্ষে মালিক শ্রমিক বিরোধে মালিকের পক্ষে বা জোতদার কৃষকের বিরোধে জোতদারের পক্ষে যায়নি। গরিবদের পক্ষই সমর্থন করেছে, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু তার মানে এই নয় যে, প্রশাসন পরিপূর্ণভাবে পরিচ্ছন্ন হয়ে গেছে এবং দুর্নীতি মুক্ত হয়ে গেছে। তা নয়। আমাদের অভিজ্ঞতা, সমস্ত সদস্যদের অভিজ্ঞতা, পশ্চিমবাংলার মানুষের অভিজ্ঞতা এই যে, বেশির ভাগ অফিস আদালতে ঘুস এবং দুর্নীতি বেড়েই চলেছে। কিন্তু সে জন্য বামফ্রন্টকে দায়ী করা আমার উদ্দেশ্য নয়। আমি মনে করি না যে এর জন্য বামফ্রন্ট সরকার দায়ী বরঞ্চ আমি মনে করি দীর্ঘ দিন ধরে কংগ্রেসি রাজত্বে এই প্রশাসন যারা তৈরি করেছে তাদেরই উত্তরাধিকারিত্ব আমরা এখানে বহন করে চলেছি। যেহেতু তারা এই ভাবে চালিয়ে গেছেন, সেহেতু আমাদেরও সেই ভাবে চলতে হবে, কোনও পরিবর্তন করা যাবে না বা পরিবর্তনের চেষ্টা করা যাবে না, তা নয়। এখানে পরিবর্তনের জন্য চেষ্টা করা উচিত। এ ব্যাপারে সরকারের যেমন দায়-দায়িত্ব আছে তেমন আমি মনে করি দায়-দায়িত্ব তাদেরও আছে যারা সরকারি কর্মচারিদের নেতৃত্ব দিচ্ছেন, যারা অধিকারের জন্য লড়াই করছেন এবং লড়াই করে অধিকার আদায় করছেন। তাদেরও সাহস করে বলবার সময় এসেছে যে, তারা যেন তদের কতর্ব্য এবং দায়িত্ব পুরোপুরি-ভাবে পালন করে। আমরা অনেক সময় অধিকারের কথা বলি, কিন্তু দায়িত্বের কথা বলি না। আজকে ওদের দায়িত্বের কথা বলবার প্রয়োজন হয়েছে, অধিকারের লড়াই করবার সঙ্গে সঙ্গে। আমি আশা করব যে, আমাদের সাধারণ প্রশাসন যারা পরিচালনা করছেন তারা আন্তরিকতার সঙ্গে চেষ্টা করবেন যাতে আসতে আসতে একটু গতিশীল প্রশাসন পশ্চিমবঙ্গবাসীরা পায় এবং যে সময়টুকু তাদের হাতে আছে সেই সময়ের মধ্যে যতটকু সম্ভব সৎ প্রশাসন গড়ে তোলবার জন্য চেষ্টা করবেন। আমি বিশ্বাস করি যে, যারা প্রশাসনের উচ্চ-স্থানে আছেন তারা অত্যন্ত দক্ষ এবং যোগ্যতাসম্পন্ন এবং সৎ, কিন্তু তাদের দক্ষতা, সততা এবং যোগ্যতা এখনও সামগ্রিকভাবে প্রতিফলিত হয়নি। তা যাতে প্রতিফলিত হয় তার জন্য চেষ্টা বাড়াতে হবে। প্রকৃতপক্ষে আরও ভাল করে মানুষের আস্থা অর্জন করতে হবে এবং সেই আস্থায় উৎসাহিত হয়ে পরবর্তীকালে পশ্চিমবাংলাকে সুখি এবং সমৃদ্ধশালী করবার চেষ্টা করতে হবে। এই কয়েকটি কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় সাধারণ প্রশাসন খাতের ব্যয় বরাদ্দের যে দাবি উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি।

মাননীয় স্পিকার মহোদয়, বামফ্রন্টের প্রশাসনিক সাফল্য তখনই প্রমাণিত হয়েছে যখন ৩৬ দফা কার্যসূচির মধ্যে ২৭ দফা কার্যসূচিকে বাস্তবে রূপ দিতে আমরা সক্ষম হয়েছি। এই প্রশাসনিক সাফল্য প্রমাণ করছে যে, দেশের জনগণের সঙ্গে প্রশাসনের এবং জনপ্রতিনিধিদের গভীর সম্পর্ক রয়েছে।

[2-50 — 3-00 p.m] (Including adjournment)

বামফ্রন্ট সরকারের সাফল্য শুধুমাত্র জনপ্রতিনিধিদের উদ্যোগ, অথবা জনগণের সক্রিয় উদ্যোগের দ্বারাই সম্ভব হয়নি। এই সঙ্গে প্রশাসনের স্তরে যারা রয়েছেন তাদের সহযোগিতা

এই সাফল্যকে ত্বরান্বিত করেছে। কংগ্রেসিরা প্রত্যাশা করেছিলেন যে প্রশাসনের ক্ষেত্রে জনগণের ব্যাপক অংশগ্রহণ খুব সম্ভবত প্রশাসনের সর্বোচ্চ কর্তাব্যক্তি যারা আছেন আই. এ. এস. ডবলিউ. বি. সি. এস. তারা প্রশাসনের কাজে অসহযোগিতা করবেন এই প্রত্যাশা নিয়ে তারা বসে ছিলেন। কিন্তু কংগ্রেসের সঙ্গে আমাদের এইখানেই পার্থক্য প্রশাসনের বিভিন্ন ক্ষেত্রে আমরা আমাদের মাতব্বরি বন্ধ রেখে জনগণের আসা আকাঙ্খার কথা আমরা তুলে ধরেছি। কোথাও আমাদের অভিজ্ঞতা, অনভিজ্ঞতা থেকে গিয়েছে, প্রশাসনের উপরকার স্তরের কর্তাব্যক্তি যারা আছেন তারা যে মতামত দিয়েছেন আমরা শ্রদ্ধার সঙ্গে তা গ্রহণ করেছি। খুব স্বাভাবিক ভাবেই তাই কোনও বিরোধ হয়নি, বিরোধ হয়নি বলে বামফ্রন্টের প্রশাসনের সাফল্য গড়ে উঠেছে। উপর মহলের সমস্ত অফিসার এই বামফ্রন্ট সরকারের সঙ্গে সহযোগিতা করেছেন। উপর মহলের কর্মচারী—যাদের আমরা আমলাতন্ত্র বলে থাকি তাদের সঙ্গে এমন সম্পর্ক গড়ে উঠেছে যা আমরা ভাবতে পারি না। বন্যার সময় মুর্শিদাবাদের জেলা শাসক, অশোক দত্ত মহাশয়কে দেখে আমরা বুঝতে পারিনি যে তিনি একজন সাধারণ গ্রামের নাগরিক, না শহরের নিম্ন মধ্যবিত্ত ঘরের নাগরিক সাধারণ মানুষের সঙ্গে যুক্ত হয়ে বন্যা নিয়ন্ত্রণের অংশগ্রহণ করেছিলেন। এস. ডি. ও. যাকে আমলা মনে করা হয় তিনিও সাধারণ মানুষের সঙ্গে যুক্ত হয়েছিলেন। প্রশাসন পরিচালনার ক্ষেত্রে এই সহযোগিতার প্রয়োজন। আমি যে কথা বলতে চাই, খুব সঙ্গতভাবে মাননীয় মুখ্যমন্ত্রী জেলা স্তরে সমন্বয় কমিটি গঠন করেছেন। একজন মন্ত্রীর নেতৃত্বে সমন্বয় কমিটির কাজ চলছে। এই সমন্বয় কমিটি যে যে দৃষ্টিভঙ্গি তৈরি করেছেন জেলার সামগ্রিক উন্নয়নের কাজ পরিকল্পিত ভাবে গ্রহণ করে যাতে চালানো যায় য়ে নূতন নূতন পরিকল্পনা গ্রহণ করা যায় এই দৃষ্টিভঙ্গি নিয়ে জেলা স্তরে যে উন্নয়ন পরিকল্পনার যে সমন্বয় কমিটি তৈরি করা হয়েছে তাকে আরও কার্যকর করতে হবে। এখানে য়ে বাস্তব ব্যবস্থা আছে এই জেলা সমন্বয় কমিটির মধ্যে বিধানসভার সদস্য এম. পি. অফিসারদের নিয়ে কার্যকর ভূমিকা গ্রহণ করতে পারি, খুব কার্যকর করে যদি গড়ে তোলা যায় তাহলে নিঃসন্দেহে মুখ্যমন্ত্রী যে দৃষ্টান্ত গড়ে তুলেছেন—তিনি সফল হবেন। এখন পর্যন্ত খুব বেশি কার্যকর করতে পারেননি, মন্ত্রী অনেক সময় অন্য ব্যাপারে ব্যস্ত থাকেন। তারা যে সমস্ত সাজেশন রাখেন, যে সমস্ত বক্তব্য রাখেন জেলার উন্নয়নের জন্য যে সমস্ত পরিকল্পনা দেন এগুলি রূপ দেবার ক্ষেত্রে কার্যত দেখা যায় যে কিছু হচ্ছে না। তার কারণ একটা অ্যাডভাইসরি কমিটি করে, উপদেষ্টা কমিটি করে ওখান থেকে যে সিদ্ধান্ত নেবেন বিধানসভার সদস্য, এম. পি. জেলার অন্যান্য অফিসারদের সিদ্ধান্ত কার্যকর করার ক্ষেত্রে প্রকৃতপক্ষে কোনও ব্যবস্থা নাই। এই ব্যবস্থা না থাকার ফলে যে দৃষ্টিভঙ্গি জেলা সমন্বয় কমিটি গঠন করা হল সেগুলি গুরুত্ব পেল না। বিধানসভার সদস্যরা যে উৎসাহ নিয়ে অংশ গ্রহণ করতে যাচ্ছেন সেই উৎসাহে ভাটা পড়ছে। সেজন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলব সমন্বয় কমিটি যেগুলি গঠন করেছেন সেগুলিকে কার্যকর করে তুলে সেখান থেকে যে সমস্ত সাজেশন সেগুলি যাতে কার্যকর হয় তারজন্য সেদিকে দৃষ্টি দিতে হবে। একথা অনস্বীকার্য যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের ফলে, পঞ্চায়েত গঠিত হবার ফলে গ্রামীণ নেতৃত্ব গড়ে উঠেছে। গ্রামের মানুষ তারা তাদের মতো কর্মসূচি গ্রহণ করছেন এবং পঞ্চায়েত এর সেখানে একটা বিশেষ ভূমিকা আছে আজকে যেকোনও গ্রামে গেলে দেখা যাবে সেখানে ইস্কুল বাড়ি হচ্ছে রাস্তায় মাটি পড়ছে। পঞ্চায়েত সমিতির মধ্যে দিয়ে বিভিন্ন ধরনের সেচ প্রকল্প, বিভিন্ন উন্নয়ন

*প্রকল্প গ্রহণ করা হয়েছে। যে কোনও ব্লক স্তরে গেলেও এটা দেখতে পারবেন।* আমরা দেখেছি গ্রামের মানুষ আজ এই বামফ্রন্টের পিছনে আছে বলেই উদ্দেশ্য প্রণোদিত যেসব অভিযোগ করেন মানুষ তার কোনও মূল্য দেয় না। তারা চুরির কথা বলেছেন। আমি তাদের বলব কংগ্রেসের প্রধান যেখানে আছেন তারা কোনও হিসেব দেন না। মুর্শিদাবাদের কয়েকটা ঘটনার কথা আমি জানি যেখানে কয়েকটা জায়গায় কংগ্রেসিরা জিতেছে সেখানে তারা ফুড ফর ওয়ার্কের কাজ দুদিন করিয়ে এক দিনের টাকা দিয়েছেন। প্রথম দিনে মানুষ এটা বুঝতে পারেনি বলে কিন্তু পরে এটা বুঝতে পেরে আন্দোলন করেছেন। গ্রামের মানুষের চেতনা অনেক বেশি বেড়ে গেছে যার ফলে দুর্নীতি খুব বেশি হচ্ছে না। মানুষ সংঘবদ্ধভাবে আন্দোলন করার ফলে ওদের মতো যারা কংগ্রেসি কিছু অঞ্চল প্রধান দুর্নীতি করতেন তারা এখন বাধ্য হয়েছে সঠিকভাবে কাজ করতে। কিন্তু যে বিপুল পরিমাণ কাজ পঞ্চায়েতের উপর দেওয়া হয়েছে সেই কাজ করার দায়িত্ব গ্রহণের জন্য যে প্রশাসন থাকা দরকার সেটা এখনও হয়নি। আমরা দেখেছি ব্লকে এর সঙ্গে নির্বাচিত প্রতিনিধিদের এবং সমষ্টি উন্নয়নের আধিকারিকের সঙ্গে নির্বাচিত প্রতিনিধিদের বিরোধ আছে। কিন্তু এখন সহযোগিতা আরও ভাল হচ্ছে। এর কারণ হচ্ছে বামপন্থী কর্মীদের মধ্যে শিষ্টাচার বোধ অনেক বেশি এবং তারা অন্যান্যদের মতামতের মূল্য দেন। এবং আমরা জন-প্রতিনিধিরা যে মতামত দিই সেগুলি রাখবার চেষ্টা করেন। কিন্তু সব কাজগুলি যে প্রশাসনিক কাঠামো দরকার তা তাদের নেই—কোথাও সাব অ্যাসিস্টেন্ট নেই, এ.ই.ও.পি. নেই এবং অন্যান্য অনেক কর্মচারী নেই যার ফলে যে টাকা বরাদ্দ করা হচ্ছে সেই টাকার ঠিকমতো কাজ হচ্ছে না। সেজন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব যে পঞ্চায়েত ব্যবস্থাকে বিকেন্দ্রীকরণ করে খুব ভাল হয়েছে *ব্লকে* এর প্রশাসনিক কাঠামোর দিকে যেন দৃষ্টি দেন। গ্রামাবাংলার মধ্যে যে কার্মকান্ড চলছে এবং সাধারণ মানুষের সৃজনশীলতা যদি বাড়াতে হয় তাহলে পঞ্চায়েতের প্রশাসনিক কাঠামো গড়ে তোলার দরকার আছে, ওরা বলতে আরম্ভ করেছেন জেলা স্তরে সভাধিপতি কে হবেন এই নিয়ে একটা প্রচার চালানো হচ্ছে কিন্তু আজকে পরিবর্তন অনেকখানি হয়েছে বামপন্থী দৃষ্টিভঙ্গি ও চিন্তাধারায় আমলাদের অনেক পরিবর্তন হয়েছে। মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন প্রশাসনকে জনমুখী করা হয়েছে গতিশীল করা হয়েছে সে ব্যাপারে কোনও সন্দেহ নেই। আমাদের দিকে মানুষের বিপুল জনসমর্থন আছে এবং সেটা ১৯৮২ সাল এলেই দেখা যাবে। ওরা বলেছেন মুখ্যমন্ত্রীর প্রশাসনের সম্পর্কে শ্রদ্ধা ছিল কিন্তু এখন আর নেই। আমরা বলছি তার যোগ্যতা এবং দক্ষতা সন্দেহের অতীত কারণ বামফ্রন্টের সাফল্য এবং ব্যর্থতার দুই দিকে মানুষ আশা পোষণ করে। মুখ্যমন্ত্রী কোনও জনসভা করতে গেলে আপনা থেকে সেখানে জনসাধারণ উপস্থিত হয় কিন্তু তাদের নেতা বক্তৃতা করতে গেলে ৫টার বেশি লোক পাওয়া যাবে না। রজনীবাবুর নাম রোজই কাগজে বেরয় কিন্তু ওর মিটিংয়েও ৫ জনের বেশি লোক হবে না। সাম্প্রদায়িক দাঙ্গার কথা বলেন কিন্তু ওদের শাসিত রাজ্যগুলির মধ্যে আলিগড়, মোরাদাবাদের ঘটনায় ওদের লজ্জা হয় না। এখানেও ওরা লাগাবার চেষ্টা করছেন এবং সাম্প্রদায়িক জিগির তুলছেন কিন্তু সাধারণ মানুষ ওদের পাত্তা দিচ্ছে না। ওদের একজন নেতা এম. এল. এ. হোস্টেলে, কুমারদীপ্তি সেনগুপ্ত আমাকে বলেন কংগ্রেস আমলে যেভাবে নেতারা সাম্প্রদায়িক রাজনীতি করতেন এখন বামফ্রন্টের আমলে সেরকম হচ্ছে না কারণ আমরা যে কাজ করতে পারি সেই কথাই বলি কিন্তু আপনারা ভোটের আগে যেসব

প্রতিশ্রুতি দেন যেমন স্কুল করব, রাস্তা করব, যার কোনওটাই তারা করেননি এবং ৫ বছর তারা এলাকায় যান না। রজনীবাবুকে বলি যে আপনার এলাকায় ১৪ হাজার ভোট কমেছে লোকসভার নির্বাচনে। সুতরাং ১৯৮২ সালের আপনার কি অবস্থা হবে আপনি নিজে সেটা এখন বুঝুন। সেজন্য বলছি যত পারেন মেনশন, কলিং অ্যাটেনশন না হলে এরপরে আপনার নাম খুঁজে পাওয়া যাবে না।

[3-00 — 3-35 p.m.] (Including adjournment)

প্রশাসনিক অবস্থার কথা বলতে গিয়ে বলতে হয় যে, ইন্দিরা কংগ্রেস ক্ষমতায় আসার পর প্রশাসনিক যন্ত্রের একটা বড় অংশ আমাদের কর্মসূচিকে নিশ্চয়ই ব্যহত করার চেষ্টা করে যাবে। কিন্তু ওদের অবস্থান, বর্তমান সমাজ ব্যবস্থা এবং সামাজিক কাঠামোর মধ্যে থাকা সত্ত্বেও অনেক পরিবর্তন ঘটেছে। এই বামফ্রন্ট সরকারের ৩-৩।। বছর ক্ষমতায় আসার পর অনেক সাফল্য লাভ করেছেন—সে সম্পর্কে না বলে পারা যায় না। এই সঙ্গে সঙ্গে অর্থমন্ত্রীর ব্যয় বরাদ্দের উপর আমার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3-35 p.m.)

[3-35 — 3-45 p.m.] (After adjournment)

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে ১৮/১৯ দফাওয়ারি উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করে দু-একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। আজকে যে দাবি করার জন্য এখানে আনা হয়েছে তা অতীতের সঙ্গে বর্তমানের যে পার্থক্য তা এর মধ্যে পরিলক্ষিত হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা যে দৃষ্টিভঙ্গি নিয়ে সামগ্রিক বাজেটে অংশ গ্রহণ করেছেন বিশেষ করে বিরোধী দল তাদের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ একটা ধনতান্ত্রিক প্রশ্নের মাধ্যমে তারা বিচার বিশ্লেষণ করেছেন। প্রশাসনের ক্ষেত্রে, সেচের ক্ষেত্রে, শিক্ষা ক্ষেত্রে, সমস্ত ক্ষেত্রে ওনারা যে ভাবে দেখেছেন চিরাচরিতভাবে সেই ভাবেই ওনারা বিচার করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি শুধু এই পশ্চিমবাংলায় নয় সারা ভারতবর্ষে বিভিন্ন জায়গার প্রশাসন গত কংগ্রেসের ৩০ বছরের রাজত্বের ফলে প্রশাসন একেবারে ভেঙ্গে গেছে। উনারা যে ভাবে নিয়োগ ব্যবস্থা চালু করেছেন কেবিনেট সাবকমিটির মাধ্যমে মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন একটা চিরকুটের মাধ্যমে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারেই নয় অন্য জায়গায় আমরা দেখেছি পুলিশ ক্ষেত্রে, কৃষিক্ষেত্রে তারা লোক নিয়োগ করেছিলেন আমাদের আজও তার সামাল দিতে হচ্ছে। বিশ্ববিদ্যালয়ে যাদের নিয়োগ করেছিলেন, যারা স্টেনোগ্রাফারের কাজ জানে না তাদের ঐ কাজে নিয়োগ করেছিলেন। যার হাত নেই তাকে টাইপিস্টে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন। এই ভাবে তারা সামগ্রিকভাবে পশ্চিমবাংলা ভেঙ্গে দিয়েছে। যখন এই সরকার প্রথম এল দেখা গেল এই প্রশাসন চালান যারা তারা অধিকাংশ ক্ষেত্রে সেই কাজের উপযোগী নয়।

আজকে একটা বিশেষ ব্যয়বরাদ্দ আলোচনার জন্য এখানে এসেছে। এই প্রশাসনের ব্যাপারে বিভিন্ন কমিশন অ্যাপয়েন্টেড হয়েছে, কিন্তু আমরা দেখেছি হনুমান্তয়া কমিশন এবং

আরও যে সমস্ত কমিশন এই প্রশাসন ব্যবস্থাকে ঢেলে সাজাবার জন্য যে সমস্ত কথা বলেছিলেন ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে সেটা কার্যকর করা হয়নি। এই সরকার আসার পর একটা কমিশন নিয়োগ করা হয়েছিল এবং আমার কাছে তাদের রিপোর্ট রয়েছে। এখানে নানারকম স্কেল প্রচলিত রয়েছে, প্রমোশনের কোনও নিয়ম নেই, ওয়েস্ট বেঙ্গল সার্ভিস রুলস অনুযায়ী ট্রান্সফারের কোনও নিয়ম নেই। স্বাভাবিক নিয়ম অনুযায়ী একজন লোককে ৩ বছর পর ট্রান্সফার করা যায়। কিন্তু ওদের আমলে দেখেছি এক একজন লোক ১৫/২০ বছর ধরে একটা জায়গায় রয়েছে অথচ তাকে ট্রান্সফার করা হয়নি। আবার এও দেখেছি কারুর কারুর ক্ষেত্রে ২/৩ বছরের মধ্যেই ট্রান্সফার করে দেওয়া হয়েছে, এইসব ব্যাপার নিয়ে হাইকোর্টে কেস করা হয়েছে এবং সেগুলি ম্যালাফাইডি হয়েছে। যদি কোনও লোক চুরির বিরুদ্ধে গেছে, দুর্নীতির বিরুদ্ধে গেছে অমনি তাকে ট্রান্সফার করে দেওয়া হয়েছে। বিভিন্ন প্রদেশে যে সমস্ত সার্ভিস রুলস রয়েছে সেখানে প্রোমোশনের কোনও ইউনিফর্ম মেথড ফিক্স করা হয়নি। অবশ্য ওয়েস্টবেঙ্গল সার্ভিস রুলস-এ কিছু কিছু ব্যবস্থা রয়েছে। লিয়েন, প্রোমোশন, ট্রান্সফারের ক্ষেত্রে দেখেছি সব কিছু পুনর্বিবেচনা করা হচ্ছে। বিশেষ করে পুলিশ প্রশাসনে আমরা দেখেছি নূতনভাবে ট্রেনিং দেবার চেষ্টা করা হচ্ছে। বড় বড় যে সমস্ত সেক্রেটারিরা রয়েছেন তাদের এক একজনকে অনেকগুলো বিভাগের কাজ দেখতে হয়। এক একজন সেক্রেটারির নিচে ডেপুটি সেক্রেটারি, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির পোস্ট রয়েছে, অ্যাডিশনাল সেক্রেটারি রয়েছেন, আন্ডার সেক্রেটারি রয়েছেন। কিন্তু একটা জিনিস দেখেছি সেক্রেটারি যিনি থাকেন তার দায়িত্ব এত বেশি যে তিনি ভালভাবে সবকিছু সুপারভিসন করতে পারেন না। এই পদ্ধতি সারা ভারতবর্ষে রয়েছে। কমিশনের রিপোর্ট পড়লে দেখবেন আই. এ. এস. এবং আই. পি. এস.-দের ক্ষেত্রে অর্থাৎ ইউনিয়ন অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসের ক্ষেত্রে প্রয়োজন অনুসারে যতগুলো পোস্টে রিক্রুট করা দরকার সেইভাবে রিক্রুটমেন্ট হয়নি। "ইন্ডিয়ান ব্যুরোক্রেসি অ্যাট দি ক্রস রোড"—এখানে শ্যামল রায় লিখেছেন, সর্বভারতীয় ক্ষেত্রে ৩ হাজারের মতো আই. এ. এস. অফিসার নিয়োগ হয়েছে, কিন্তু প্রয়োজন ৪ হাজার। তাহলে দেখা যাচ্ছে সর্বভারতীয় ক্ষেত্রে এই পদ পূরণ করা যাচ্ছে না। তারপর, প্রত্যেকটি স্টেট-এ সিভিল সার্ভিস রয়েছে। অল ইন্ডিয়া সার্ভিস যেমন, আই. এ. এস., আই. পি. এস. রয়েছে তা ছাড়া মেডিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-এও করবার চেষ্টা করা হয়েছে। ফরেস্ট-এ সর্বভারতীয় ক্ষেত্রে কিছু নিয়োগ করা হয়েছে। কিন্তু অন্যক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এখনও সব রাজ্যে এগুলি কার্যকর করতে পারেনি। আমরা দেখেছি কিছু কিছু রাজ্য এই সমস্ত পোস্ট মেডিক্যাল এবং ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে করেছে, কিন্তু অন্য ক্ষেত্রে করেনি। আমি মনে করি পশ্চিমবাংলায় মেডিক্যাল সার্ভিস এবং এডুকেশনের ক্ষেত্রে অল ইন্ডিয়া এডুকেশনাল সার্ভিস করা উচিত।

[3-45 — 3-55 p.m.]

কারণ এই শিক্ষাক্ষেত্রে যেমন মেডিক্যালের ক্ষেত্রে এক্সপার্ট কলেজ দরকার, আজকে যে সমস্ত কর্পোরেশন চলছে, অন্যান্য রাজ্যে এমনকি সমগ্র ভারতবর্ষে কংগ্রেসি শাসনেও নানা কর্পোরেশন রয়েছে, সেখানে এক্সপার্টাইজড নলেজ দরকার। সেই এক্সপার্ট লোকের অভাব দেখা দিয়েছে বিভিন্ন জায়গায়। এই এক্সপার্ট নলেজ যাতে কর্পোরেশনে আনা যেতে পারে তার জন্য সর্বভারতীয় ক্ষেত্রে কেন্দ্রে একটা ব্যবস্থা করা দরকার। যাতে সেই এক্সপার্টদের

হায়দ্রাবাদ কিংবা বোম্বে থেকে কলকাতায় নিয়ে এসে এক্সপার্ট নলেজ এক্সপ্লোর করে ত্রিপুরা কি নাগাল্যান্ডে উন্নতি করা যেতে পারে। এ সম্বন্ধে বার বার বলা হয়েছে যে অল ইন্ডিয়া সিভিল সার্ভিসের করণীয় আছে, কেন্দ্রের করণীয় আছে। আমরা পশ্চিমবাংলায় দেখেছি আগে যেটা বেঙ্গল সিভিল সার্ভিস ছিল এখন হয়েছে ডবলিউ বি সি এস। বহু জায়গায় ডেপুটি ম্যাজিস্ট্রেটের পদ রয়েছে কিন্তু তাদের অ্যাডমিনিস্ট্রেটিভ পদে ঠিকমতো দেওয়া যায় না। এদের অনেক ক্ষেত্রে দেখা গেছে যেভাবে প্রমোশন হওয়া দরকার তা হচ্ছে না। এই যে পুলিশ সার্ভিসে যারা আছেন, অথবা ডবলিউ. বি. সি. এস. র‍্যাঙ্কে আছেন, তাদের মধ্যে এমন বহু যোগ্য অফিসার আছেন যাদের আই. এ. এস. ক্যাডারের প্রমোশন দেওয়া যেতে পারে, এদের সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে দেখতে হবে, নানা কারণে এদের প্রমোশন দেওয়া যায় না, সেই অসুবিধাগুলি যাতে দূর করা যায়, সেটা দেখতে হবে। অল ইন্ডিয়া সার্ভিসের যারা আছেন তাদের মধ্যে অনেকে আছেন যারা ঠিক ঠিকমতো দায়িত্ব পালন করেন না, এবং সে ক্ষেত্রে দায়িত্ব পালন না করলে, সরকার কি করতে পারেন, বড় জোর তাদের ট্রান্সফার কি সাসপেনসন করতে পারেন কিন্তু এফেক্টিভ কোনও শাস্তি তাদের দেওয়া যায় না। আমি মনে করি সেই রকম ব্যবস্থা থাকার দরকার। কিছুদিন আগেও এমন একটা অবস্থা দেখা দিয়েছিল যেখানে বামফ্রন্ট সরকার থেকে বলা হয়েছিল পশ্চিমবাংলার এই সব বড় বড় আমলারা যারা অ্যাডমিনিস্ট্রেটিভ জবে রয়েছে তাদের একটা বিরাট অংশ কংগ্রেসিদের ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে এবং এই সরকারের বিরোধিতা করছে। ফলে বামফ্রন্ট সরকারের যে নীতি সেই নীতিকে কার্যকর করার ক্ষেত্রে তারা গড়িমসি করছে, বহু স্থানে তাই সরকারি নীতিকে কার্যকর করা যাচ্ছে না। আমার এলাকার যুবকল্যাণ উৎসব বামফ্রন্ট সরকার নীতি হিসাবে গ্রহণ করেছেন। গ্রামের মানুষকে ক্রিড়ার মাধ্যমে যাতে উৎসাহ দান করা যেতে পারে তার জন্য নতুন পদ্ধতি এই সরকার নিয়েছেন কিন্তু অমলাতন্ত্রের মধ্যে এমন কিছু লোক আছে যারা যাতে এই পদ্ধতি সাফল্যমন্ডিত না হয়, তার জন্য চেষ্টা করে যাচ্ছে। কিছুদিন আগে ফেলার অ্যান্ড কালচারাল এক্সজিবিশন হল, আমলাতন্ত্র গোষ্ঠী করল কি আমরা যারা নির্বাচিত প্রতিনিধি, নন-অফিসিয়াল গ্রুপ তাদের বাদ দিয়ে, যারা অফিসিয়াল গ্রুপ তাদের নিয়ে কমিটি করল, প্যারেন্ট কমিটি করল। স্বৈরাচারিভাবে সেখানে কাজ করল। প্রশাসনে এই ধরনের কর্মচারী আছে যারা বামফ্রন্টের নীতিকে ঠিক ঠিকভাবে প্রতিফলিত হতে দিতে চায় না এবং সেই চেষ্টাই তারা করে চলেছে। এ সম্বন্ধে আমাদের সজাগ থাকতে হবে। এই আমলাতন্ত্র জগদ্দল পাথরের মতো সেই বৃটিশ আমল থেকে বসে আছে। আজকে নির্বাচিত মন্ত্রীরা আছেন। Minister are not expert. Some of the ministers may be expert but all the ministers are not expert. কিন্তু এই যে ব্যুরোক্রেসি আছে, এই যে আমলাতন্ত্র আছে এক্সপার্ট নলেজ নিয়ে বসে আছে ২৫/৩০ বছর ধরে, তাদের কাজ হচ্ছে মন্ত্রী মন্ডলী থেকে যখন কোনও নীতি নির্ধারিত হয়, সেই নীতিকে কার্যকর করা। ইমপ্লিমেন্টের দায়িত্ব এই আমলাতন্ত্রের উপর, আর নীতি নির্ধারণের দায়িত্ব হচ্ছে মন্ত্রী মন্ডলীর উপর। কিন্তু আমলারা সেই নীতি কার্যকর অনেক ক্ষেত্রে করে না। গ্রেট বৃটেনে এবং অন্য যে সব জায়গায় পার্লামেন্টারি ডেমোক্রেসি আছে, সেই সব জায়গায়ও এই সমস্যা আছে। এবং কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ করে রাজ্য সরকার পর্যন্ত সমস্ত জায়গায় এই বুরোক্রাসির

ইমপ্লিমেন্টেশন চলেছে এমন কি ইংল্যান্ডেও পর্যন্ত এই জিনিস দেখা গিয়েছে। এই কথা অগ অ্যান্ড জিক অগ অ্যান্ডরে তার বইয়ের নাম মডার্ন গভর্নমেন্ট-এ এই কথা লিখেছেন। ১০০টি প্রধান মন্ত্রীর মধ্যে হয়ত একজন তার সেক্রেটারিয়েটের উপর কর্তৃত্ব করতে পারেন সকলেই পারেন না। আমরা এখানে দেখেছি পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষের বিভিন্ন স্টেটে যে সব গভর্নমেন্ট চলছে সেখানেই এই বুরোক্র্যাসির প্রভাব। আজকে নূতন পরিস্থিতি হয়েছে কিন্তু আজও সেই ডিস্ট্রিক্ট কালেক্টরকে বাঁচিয়ে রাখা হয়েছে। আমরা চেষ্টা করছি নূতন করে পঞ্চায়েত তৈরি করে তার মাধ্যমে কি করে কাজ করা যায়। কিন্তু সেই বৃটিশ আমলের বুরোক্রাসিকে বাঁচিয়ে রেখেছিলেন। আমরা সেখানে লোকাল লেজিসলেচার যাতে করা যায় তার চেষ্টা করছি। পঞ্চায়েতে দেখতে পাচ্ছি এক দলের মনোভাব প্রগতিশীল তারা কাজ কর্ম করতে চায় আর এক দল আছে যারা এটা চায় না। এক দিকে লোকাল ইলেক্টেড পঞ্চায়েত আর অন্য দিকে এক্সপার্ট আবার অন্য দিকে ডিস্ট্রিক্ট কালেক্টার এই তিন নিয়ে সংঘর্ষ চলেছে জেলায় জেলায়। আমরা দেখছি সারা ভারতবর্ষে সেই বৃটিশ আমলের যে কাঠামো ছিল সেই ডিস্ট্রিক্ট কালেক্টর ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের প্রভাব অফিসার আমলাদের প্রভাব এবং এটা ভারতবর্ষের সমস্ত জেলায় জেলায় রয়েছে। আমাদের পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কিছু বেটার করা যায় কিনা আমরা চেষ্টা করছি জনগণের দ্বারা নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে তার মাধ্যমে দেশ পরিচালনা করা যায় কিনা। ইন্দিরা গান্ধীর পিছনে রয়েছে আমলাতন্ত্র এবং এই পশ্চিমবাংলায় যে পঞ্চায়েত প্রচুর কাজ করেছে সেটা তারা সহ্য করতে পারছে না। তারা কেবল দেখাতে চাচ্ছে পুরানো যে ব্যবস্থা সেইটাই ভাল এইটাই তারা রেকমেন্ড করছেন। এই বাজেটের মধ্যে কিছু কিছু নির্দেশ আছে অ্যাডমিনিস্ট্রেশন রিফর্মস-এর কথা আছে আজকে কমিশনের ব্যবস্থা হয়েছে। পঞ্চায়েতের মাধ্যমে কাজ করে প্রশাসনের উন্নতি হয়েছে নূতনভাবে পুলিশদের ট্রেনিং দেবার ব্যবস্থা হচ্ছে। এই সমস্ত কাজ কতদূর হবে তা বলা যায় না। কারণ সংবিধান আছে কেন্দ্রীয় সরকার আছে সীমাবদ্ধ সংবিধানের গন্ডীর মধ্যে থেকে আজকে প্রশাসনকে যেভাবে নূতন করে প্রতিষ্ঠা করা দরকার তা করা সম্ভব হচ্ছে না এই বামফ্রন্ট সরকার পারছে না। আমাদের উপর অর্থনৈতিক চাপ আছে। কমিশনের রিপোর্ট আমরা জানি। কোটি কোটি টাকা এই পশ্চিমবাংলা থেকে কেন্দ্রীয় সরকার পাচ্ছে এবং কেন্দ্রীয় সরকার এই রাজ্যের উপর বিমাতৃসুলভ ব্যবহার করছে। আমরা টাকা চাইছি এবং সেই টাকা দিয়ে গরিব মানুষদের যাতে কিছু করতে পারি তার চেষ্টা করছি কিন্তু কাজ হচ্ছে না। তার পর সরকারি কর্মচারিদের মাহিনার ব্যাপার আছে। তাদের মাহিনার যে গ্যাপ হয়েছে সেখানে অনেক টাকা লাগবে। অনেক স্কেলকে কমিয়ে অল্প স্কেল করা হয়েছে এবং সেখানে ফিট করতে বেশ কিছু টাকা লাগবে। এই সীমাবদ্ধ অর্থে তার সংকুলান করতে হবে। কেন্দ্রীয় সরকার তার জন্য টাকা দেবে না। অথচ কেন্দ্রীয় সরকার লক্ষ লক্ষ টাকা জুট এবং চায়ের উপর থেকে পাচ্ছে। তারা এই পশ্চিমবাংলা থেকে টাকা নিয়ে যাবে আর পশ্চিমবাংলা যখন টাকা চাইবে তাদের বলা হবে ভিক্ষা করছে। আমরা নিশ্চয় টাকা চাইতে পারি এবং আমরা যে টাকা চেয়েছি গরিব মানুষদের উন্নয়নের জন্য সেটা ন্যায্যভাবেই চাওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছে সেই ব্যয় বরাদ্দকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-55 — 4-05 p.m.]

**শ্রী ননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন সেটা সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই হাউসে রাখছি। স্যার, আপনি জানেন, আমাদের দেশের এই বুর্জোয়া কাঠামোর মধ্যে চাইলেই সব কিছু একেবারে সঠিক সুন্দরভাবে গোড়া তোলা যায় না। কিন্তু স্যার, তবুও আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করছি কেন? কারণ, এই বামফ্রন্ট সরকার মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের নেতৃত্বে একটি নতুন দৃষ্টিভঙ্গি চালু করার চেষ্টা করছেন। এই নতুন দৃষ্টিভঙ্গিটা কি? এটা হচ্ছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ। আমরা চাইছি একেবারে নিচের তলায় ক্ষমতাটা যাক। শুধু জনমুখী নয়, জনগণের প্রত্যক্ষ অংশগ্রহনের মধ্যে দিয়ে ক্ষমতাটা কার্যকর হোক এটাই আমাদের সরকার চাইছেন। এই প্রসঙ্গে আমি পঞ্চায়েতের কথা বলছি। অতীতে পঞ্চায়েতগুলি ৩ হাজার টাকা করে পেত আর এখন এই পঞ্চায়েতগুলি প্রায় ১।। লক্ষ টাকা করে পাচ্ছে এবং খরচ করছে। আজকে পঞ্চায়েতের হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে অতীতে কখনও তা হয়নি। আগে একটি ছোট কাজ করতে গেলেও সেখানে অফিসারদের বাদ দিয়ে হত না। একজন গ্রামের লোককে আইডেন্টিফিকেশন করতে গেলে অফিসারের প্রয়োজন হ'ত, একজন লোককে সাহায্য দিতে গেলেও সেই প্রশ্নটা নির্দিষ্ট হ'ত কোনও অফিসারের দ্বারা কিন্তু আজকে পঞ্চায়েত গ্রামের মানুষের সঙ্গে পরামর্শ করে সেই ফুড ফর ওয়ার্কের কাজ থেকে আরম্ভ করে যে কোনও কাজে যেখানে মানুষের পরিচিতির প্রয়োজন সেই কাজে তাকে সাহায্যে করছে। এইভাবে জনগণের অংশগ্রহণের মধ্যে দিয়ে সমস্ত কাজ পরিচালিত হচ্ছে। আজকে শাসনব্যবস্থা নিশ্চিতভাবে জনগণের অংশ গ্রহণের মধ্যে দিয়ে পরিচালিত হচ্ছে। স্যার, এই প্রচেষ্টাকে আমি সমর্থন করি বলেই এই বাজেটকে আমি সমর্থন করছি। আজকে এই বিকেন্দ্রীকরণ করার জন্য কো-অর্ডিনেশন কমিটি করা হয়েছে। সেখানে অনেক সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও জেলায় জেলায় কি কাজ হচ্ছে আর কি কাজ হচ্ছে না বোঝা যাচ্ছে এবং সমস্ত কাজে গতি পাচ্ছে। আজকে পুলিশকে বাদ দিয়ে সরকারি কর্মচারিদের যে ট্রেড ইউনিয়নের রাইট দেওয়া হয়েছে তার ফলে উৎসাহের সৃষ্টি হয়েছে এবং সেই উৎসাহ কর্মকান্ড চালানোতে সাহায্যে করছে। তারপর অনিলবাবু যে কথা বললেন সেই প্রসঙ্গে আমি বলব, ডব্লু. বি. সি. এস.-দের একটা জায়গায় পরে আর যাবার সুযোগ থাকে না। তাদের মধ্যে অনেক যোগ্যতা সম্পন্ন লোক আছে, এই বার যাতে কেটে যায় সেটা দেখতে হবে। তারপর অনেকে আই. এ. এস. ডব্লু. বি. সি. এস.-দের বিরোধের কথা বলেন। আমি বলব, আজকে নিচে থেকে উপর পর্যন্ত সকলের সহযোগিতা নিয়ে কাজ চালাতে হবে এবং সেটাই করার চেষ্টা করা হচ্ছে। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলব। ডাঃ রায়ের আমলে ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ভলেন্টিয়ার ফোর্স তৈরি করা হল, হাজার হাজার লোককে ট্রেনিং দেওয়া হল, ৫ বছর তারা কাজ পাবে। স্ট্রাইক ভাঙ্গা, মিছিলে লাঠি মারা এই সমস্ত জনবিরোধী কাজে যখন প্রয়োজন হবে তাদের তখন কাজে লাগানো হবে এটাই দেখা গেল। ৫ বছর যেই পার হয়ে গেল দেখা গেল তাদের আর চাকরি নেই, তাদের নাম কাটা গেল। আমরা দেখেছি এই বিষয়টি যথেষ্ট সহানুভূতির সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিবেচনা করেছেন এবং তা করেছেন বলে আমরা দেখছি, বিভিন্ন জায়গায় তারা কাজ পেতে শুরু করেছে। এখন আর

অতীতের সেই ৩৫ বছরের কথা নেই, এখন ৪৫ বছর পর্যন্ত যারা কর্মক্ষম তাদের জন্য ব্যবস্থা করা হচ্ছে। তাতেও কি বাধা হচ্ছে না? নিশ্চয় হচ্ছে অনেক জায়গায় তাদের কাজ দিতে অসুবিধার সৃষ্টি করা হচ্ছে কিন্তু তা সত্ত্বেও এই কাজ করার চেষ্টা করা হচ্ছে। এতে স্বাভাবিকভাবে প্রশাসনের উন্নতি হচ্ছে। এখন স্যার, ওরা যে প্রশ্নটা করছেন যে এখানে প্রশাসন নেই সেটা আমি চ্যালেঞ্জ করতে চাই। আমি কয়েকটি লাইন পড়ছি। "আজকে বিধানসভার সদস্যরা বিভিন্ন ক্ষেত্রে যে ভাবে অপমানিত হচ্ছেন এরজন্য যদি সুচিন্তিত কোনও পন্থা অবলম্বন করা না যায় তাহলে আগামী দিনে বিধানসভার সদস্যরা যেখানে সেখানে আরও বেশি অপমানিত হবেন।" স্যার, এই কথাগুলি আমি পড়লাম বলে আমার কথা নয়, এটা হচ্ছে ওরা যখন সরকারে ছিলেন সেই আমলে ওদের দলের বিধানসভার সদস্য শ্রী তুহিন সামন্তের কথা। ১৯৭৩ সালের ১৯এ মার্চ এই বিধানসভায় দাঁড়িয়ে মন্ত্রীদের উদ্দেশ্যে তিনি বলেছিলেন, "বিধানসভার সদস্যরা অফিসারদের কাছে রাস্তাঘাটে অপমানিত হচ্ছেন।"

এই বিধানসভায় আপনারা অনেক বক্তৃতা শুনেছেন, কিন্তু এবারে আমি কয়েকটি বক্তৃতা আপনাদের কাছে পড়ে শোনাব যে বক্তৃতাগুলি বামফ্রন্টের লোকেরা করেননি। ওরা তখন এই বিধানসভায় বসে বলেছেন, "বিধানসভার সদস্যরা অপমানিত হচ্ছেন"। স্যার, তখন নাকি খুব ভাল শাসন ব্যবস্থা ছিল অথচ ওরাই তখন বলেছেন, একেবারে দুর্নীতিগ্রস্ত হয়ে গেছে শাসন ব্যবস্থা।

আমি একটা দুর্নীতির কথা বলব। এখানে প্রশ্ন করা হয়েছিল, "ইহা কি সত্য যে, ২৪-পরগনা জেলায় নন্দলাল ঘোষ বি. টি. কলেজ নামে পানপুর মাদ্রাল এবং নৈহাটিতে দুটি কলেজ চলিতেছে এবং সত্য হইলে উক্ত কলেজ দুটি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন লাভ করিয়াছে কিনা এবং দুটি কলেজ সরকারি অনুদান পাইতেছে কিনা"? ১৯৭৪ সালে মাননীয় সদস্য গনেশ হাটুই এই প্রশ্ন করেছিলেন এবং তার উত্তরে শিক্ষামন্ত্রী বললেন, (ক) হ্যাঁ।

(খ) নৈহাটিতে অবস্থিত কলেজটি কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত এবং দুটি কলেজই সরকারি অনুদান পাইতেছে।

স্যার, তখন নাকি দুর্নীতি ছিল না। তারপর, ওরা ওই সময় বক্তৃতা দিতে গিয়ে বলেছেন গোষ্ঠীতন্ত্র চলছে এবং তার নমুনা আমি আপনাদের কাছে পড়ে শোনাচ্ছি। ওরা বলছেন, "পশ্চিমবাংলায় একটা গোষ্ঠী নিজেদের স্বার্থ সিদ্ধি করবার জন্য রাষ্ট্রযন্ত্রকে খেটে খাওয়া মানুষের বিরুদ্ধে প্রয়োগ করবার প্রচেষ্টা করছে। প্রতিটি ক্ষেত্রে ট্রেজারি বেঞ্চের মন্ত্রী মহাশয়রা বলেন, প্রয়োজনীয় ব্যবস্থা করব। আজকে যখন একটা দায়িত্বশীল সরকার রয়েছে তখন কি করে তারই রাষ্ট্রমন্ত্রী এইভাবে কাজ করতে পারেন? স্যার, এই কথাগুলি বলেছেন কংগ্রেসি এম. এল. এ. পঙ্কজ ব্যানার্জি। ১৯৭৪ সালে বিধানসভায় দাঁড়িয়ে বলেছেন মন্ত্রীরা গোষ্ঠীতন্ত্র চালিয়ে যাচ্ছেন, খুব দুর্নীতি চলছে এবং নিজেদের লোক পোষণ চলছে। শুধু এই ঘটনাই নয়, সেই সময়কার পি. এ. কমিটি যে রিপোর্ট দিয়েছে তাতে তারা বলেছেন, ১৯৭৩/৭৪ সালে মন্ত্রীরা বিলি করবার জন্য যে কাপড় নিয়েছিলেন তার হিসেব দাখিল করেননি এবং সেইজন্য ত্রাণ এবং কল্যাণ দপ্তরকে স্টাকচার দিয়েছে। অবশ্য ভোলাবাবু এই

আমলেও কাপড়ে স্ট্যাম্প লাগিয়ে বিলি করেছেন। কিন্তু ওদের আমলে মন্ত্রীরা কাপড়ের হিসেব দিলেন না, বিলিও করলেন না। অবশ্য আমি জানি না সেই কাপড়গুলো নিজেরা বিক্রি করেছেন কিনা। তারপর, ওরা বলেছেন, স্টেট বাস খারাপ হয়ে গেছে বলে সেগুলো বিক্রি হয়ে যাচ্ছে এবং তার দাম কোথাও হয়েছে ২,৪০০ টাকা, কোথাও হয়েছে ২,৭০০ টাকা এবং কোথাও হয়েছে ২,৯০০ টাকা। তখন মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস বলেছিলেন, যে বাসগুলো বিক্রি হয়েছে ২,৪০০/২,৭০০ (গাড়ির নম্বর হচ্ছে ২,৪২৫) সেগুলো কয়েকদিন পরই রাস্তায় চলতে শুরু করে। তিনি আরও বলেছেন, যদি কোনও বাস ভেঙ্গে লোহার দামে বিক্রি করা হোত তাহলে ৬/৭ হাজার টাকা পাওয়া যেত। স্যার, ওরা বলছেন এখানে শাসন ব্যবস্থা নেই। আমি ওদের একজন নেতার কথা বলছি যার নাম হচ্ছে লক্ষ্মীকান্ত বসু। তিনি বলছেন, ১৯৭৩ সালের মার্চ মাস একজনকে গ্রেপ্তার করে রাত্রি ২ টার সময় নিয়ে আসা হল এবং দুধের ডিপোর মধ্যে তাকে বন্ধ করে রাখা হল। তারপর অন্য জায়গা থেকে বোমা এনে দুমদাম চারিদিকে আওয়াজ করা হল এবং মাঝখানে কেউ আসামীকে দাঁড় করিয়ে রিভলবার দিয়ে গুলি করল এবং বলা হল পুলিশের সঙ্গে কাউন্টার এক্সচেঞ্জে একজন নিহত। স্যার, এরা আমাদের ১,১০০ লোককে খুন করেছে তাই নয়, নিজেরাও নিজেদের লোককে খুন করেছে এবং সেই অভিযোগ মাননীয় সদস্য লক্ষ্মী বসু এখানে এসে করেছেন। ওরা যে আমাদের বাজেটের সমালোচনা করছেন তার কারণ হল পশ্চিমবাংলায় এই ৪ বছরে যা কিছু হয়েছে তার একটাও ওদের মনের মতো হয়নি। ওদের দলের সরকার কেন্দ্রে রয়েছে এবং এমনই আশ্চর্যের ব্যাপার আমরা যা চাইব সেসব কিছুই দেবে না। আমাদের বেকার ভাতার জন্য টাকা দেবে না, কৃষক ভাতার জন্য টাকা চাইলে দেবে না, এখানে যা কিছু করা হবে তারজন্য টাকা চাইলে বলবে, না দেব না।

[4-05 — 4-15 p.m.]

কিন্তু আমরা আজকে জনগণকে উৎসাহিত করে এবং তাদের সঙ্গে নিয়ে যতটুকু পারি কাজ করবার চেষ্টা করব। আপনারা অনেক কথা বললেন, নির্বাচনের দুর্নীতির কথা পর্যন্ত তুললেন। এমন কি একজন মাননীয় সদস্য স্কুল নির্বাচনের কথা পর্যন্ত এখানে বললেন। তা আমি তাকে বলি যে, ১৯৮০ সালের জানুয়ারি মাসে সারা ভারতবর্ষের সব চেয়ে বড় স্কুলের নির্বাচন হয়ে গেছে, অর্থাৎ পার্লামেন্টারি নির্বাচন হয়েছে। সেই নির্বাচনে কি হয়েছে, তা আমরা জানি। অতএব ওসব কথা বলে এখানে কোনও লাভ নেই। এদের শুধু একটা কথাই বলতে হয় যে, চোরের মায়ের বড় গলা। ভোলাবাবু বক্তৃতার মধ্যে বললেন যে, আমাদের মন্ত্রীদের, আমাদের মুখ্যমন্ত্রীর বুদ্ধি সীমিত। আমি তাকে বলব যে, আপনি ঠিক কথাই বলেছেন, আমাদের বুদ্ধি সীমিত তাই তীক্ষ্ণ। আর আপনার বা আপনাদের বুদ্ধি বেশি, তাই সেটা মোটা। তাই আপনারা মোটা বুদ্ধি দিয়ে সমস্ত কিছু দেখবার চেষ্টা করছেন। ঐ বুদ্ধি দিয়ে আপনারা জনগণকে কোনও সাহায্যই করতে পারবেন না। কিন্তু এই সীমাবদ্ধতার মধ্যেও আমরা আমাদের এই বাজেটের দ্বারা জনগণকে সাহায্য করবার চেষ্টা করব এবং আমাদের কর্ম-কান্ডকে সাহায্য করবার জন্য জনগণ এগিয়ে আসবে, এই আশা রেখে মুখ্যমন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তার উপর আমার বক্তব্য রাখছি। সাধারণ প্রশাসনের দাবির সঙ্গে যে বিবৃতি দিয়েছেন এই বিবৃতির ভাষা এবং বস্তুকে অত্যন্ত যত্নসহকারে তাকে সাধারণ মানুষের মনোরঞ্জনের উপযোগী করে প্রস্তুত করা হয়েছে। আমার দুঃখ এই সঙ্গে একমত হতে পারলাম না। আমি এই জন্য রাজ্যের সরকারকে দায়ী করি। আমি গ্রামে থাকি। আমি ২০ বছর ধরে এই হাউসের সদস্য। আমি যে গ্রামে থাকি সেই বংশীহারি গ্রামে এক বছর আগে একজন স্কুল মাস্টারকে মাস্টারি করতে দেখেছি। এখন তিনিই বি. ডি. ও.-র গাড়ি নিয়ে ঘুরে বেড়াছেন। This government is unresponsive, this government is inefficient, this government as has been claimed 'very tall' by the Chief Minister is not free from corruption. Above all, this government has a strong bias and that is political bias. This is not free from partiality. It is a party oriented and partial government attempted to be the chief prominent ruling party is the CPI(M). বংশীহারি স্কুলে মাস্টারি করতেন। He is now B. D. O. of the Block বংশীহারি ব্লক I have seen him to be an active member of the C. P. M. উনি স্পেশাল ডব্লিউ. বি. সি. এস. এক্সামিনেশন দিয়েছেন এবং সঙ্গে সঙ্গে বি. ডি. ও. এবং সঙ্গে সঙ্গে পোস্টিং কোথায় তার এলাকা বংশীহারি যেখানে আমার বাড়ি Is it an impartial Government? Why this political bias is so strong? আপনার গভর্নমেন্ট আপনি বলছেন জেলা শাসক এবং সেক্রেটারিয়েট আপনার পিভট। বংশীহারি বি. ডি. ও.-র কথা বলছি। আমি গভর্নরস অ্যাডরেসে দিয়েছিলাম এবং অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম বংশীহারি, ইটাহার, কুশমন্ডী সম্বন্ধে আমি কাটমোশন দিয়েছিলাম ১৮ তারিখে চিফ মিনিস্টারকে। উনি কোনও অ্যাকশন নেননি। ২৪ তারিখে ঘটনা ঘটে গেল। Why did you not active Chief Minister?

**মিঃ স্পিকার ঃ** মুখ্যমন্ত্রী বলেছেন কাটমোশন না দিলে রিপ্লাই দেবেন কি করে?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** রিপ্লাই দেবেন না। আমি তার গোচরে আনতে চাই এটা আমি তাকে জিজ্ঞাসা করি হোম সেক্রেটারি ইস এ রেসপন্সিবল অফিসার। ১লা ও ২রা অক্টোবর আন্দোলন করলাম বিদ্যুতের জন্য। আপনার ঘোষিত নীতি শান্তিপূর্ণ আন্দোলনে পুলিশ ব্যবহার করবেন না। এখানে যে লাঠি, গ্যাস চলে ছিল এবং রক্তাক্ত জামা গায়ে দিয়ে লালবাজারে যেতে হয়েছিল। আমরা ২রা অক্টোবর বিদ্যুতের এবং দ্রব্যমূল্য বৃদ্ধি প্রতিবাদে যে মিছিল করেছিলাম। মিটিং করছিলাম সুবোদ মল্লিক স্কোয়ারে। Your irresponsible Home Secretary-র paper statement বেরিয়েছে, আমাদের অ্যারেস্ট করল। টিয়ার গ্যাস চলল রানি রাসমনি রোডে। যুগান্তরে বেরিয়েছে মহাকরণে অভিযানের জন্য সুবোধ মল্লিক স্কোয়ারে জমায়েত এবং সেখান থেকে মহাকরণ অভিযানের জন্য মিছিল এগোতে থাকে রানি রাসমনি রোডের দিকে। কিন্তু ভবানীপুর ক্লাবের তাঁবুর সামনে পুলিশ মিছিলের গতি রোধ করে লাঠি চালাতে লাগল। মহাকরণের স্বরাষ্ট্র সচিব রথীন সেনগুপ্ত ফেম্যাস ম্যান। রথীন সেনগুপ্ত সাংবাদিকদের জানান।

[4-15 — 4-25 p.m.]

সাংবাদিকরা জানেন জয়নাল আবেদিনের বক্তৃতার পর বোমা পড়ে। অবস্থা আয়ত্তে আনতে পুলিশকে চার রাউন্ড কাঁদানে গ্যাস ছুঁড়তে হয়েছিল, লাঠি চালাতে হয়েছিল। মিটিং হল বক্তৃতা হল সুবোধ মল্লিক স্কোয়ারে আর লাঠি চার্জ হল রানি রাসমনি রোডে। Your irresponsible officer has made a press statement which has not been contradicted. What irresponsibility do you want ? Do you want corruption? জ্যোতিবাবু, মুখ্যমন্ত্রী এবং এই রাজ্যের শীর্ষ স্থানীয় নেতাদের অন্যতম, আই. ডাঃ জয়নাল আবেদিন—দায়িত্বশীল বিরোধী দলের সদস্য হিসাবে জেলার নেকস্ট টু ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে এক মাস আগে বন্দুক লুঠের কথা বলেছি তাতে একটা এনকোয়ারিতে তার সঙ্গে দেখা করলাম, দেখা করে তাকে এই ইটাহার, বংশীহারি, কুশমন্ডী এলাকার ঘটনা হুবহু বললাম Please repot it to S. P. and D. M.

আমি বললাম এখানে অ্যাকশন নিন, নইলে অবস্থা আয়ত্তের বাহিরে চলে যাবে। আমি বললাম এস. পি.-র সঙ্গে দেখা করেছেন? বললেন আমি পরশু তার সাথে দেখা করেছি, বলেছি। আমি বললাম আমি জয়নাল-আবেদিন, কংগ্রেস (ইউ) বলে এই রিপোর্ট দিচ্ছি তার কোনও অ্যাকশন নেবেন না? Again I reported it to your Chief Minister on the 20th February as such After giving the amendment here বলবেন কোনও সংবাদ নেই, আপনাদের? আমি নিজে দায়িত্ব নিয়ে মুখ্যমন্ত্রীকে বলেছি, জেলা শাসককে বলেছি But you were unresponsive. ফারদার স্যার, এবার বলছি ডিসেন্ট্রালাইজেশন করছে। সেখানে পঞ্চায়েত নাকি বিরাট কার্মকান্ড করেছে, যদি করে থাকে ভেরি গুড, ওয়েন কাম কিন্তু হোয়ার ইজ দি সুপারভিশন? কালকে আপনারা বক্তৃতা করেছেন, বলতে পারেন ১০০ পারসেন্ট পঞ্চায়েত সাবমিটেড দেয়ার অডিট রিপোর্ট। আমি ধরে দিলাম আমাদের ওখানে এই ৮০ কুইন্টাল গম সব লোপাট হয়ে চলে গেল, এইটটি কুইন্টল অফ হুইট বিকজ অফ ইউ অ্যান্ড দি অ্যাডমিনিস্ট্রেশন ইন কলিউশন। আমলাতন্ত্রের কাজ ছিল maintenance of law and order and records. অ্যাডিশনাল দায়িত্ব প্রমোশন দেওয়া। কিন্তু যাদের রেখেছেন তারা প্রমোশন এবং ডেভেলপমেন্টের ধার কাছ দিয়ে যায় না of course there are exception. আপনারা যা বলেছেন যে মন্ত্রীর দায়িত্বে সমন্বয় কমিটি করেছেন, আমার জেলায় মন্ত্রীটা কে? মালদার মন্ত্রীটা কে? That is your political philosophy. কিন্তু আমরা এটুকু মনে করছি যে স্থানীয় মানুষে কি এক জনও যোগ্য হল না, একজন মানুষ পেলেন না যার উপর দায়িত্ব দেওয়া যায়? আমরা যে কান্নাকাটি করছি রিপোর্ট করছি—খালি ডেমনস্ট্রেশন করলে লাঠি, গ্যাস চলে। সিক্রেটলি যদি কথা বলি তাতেও কোনও গুরুত্ব দেবেন না, এই দম্ভ, এই অহঙ্কার কিসের জন্য? অপোজিশনকে কোনওদিন last but not the least. আপনারা বলেছেন যে ফ্রি ফ্রম পারসিয়ালিটি হবেন? রিজিওন্যাল ইমব্যালেন্সে আজকে সব বইগুলো খুলে দেখে বলুন যে অপোজিশনের ৬০ টা এম. এল. এ. আছে, ইন্সপাইট অব আওয়ার সাজেশন তাদের জন্য ওখানে কোনও ডেভেলপমেন্ট এর ব্যাপারে কোনও প্রোজেক্টে তাদের নেননি। You are so much partial and bias—political bias, pecuniary bias, personal bias and official bias. I am

painfully necessitated to comment that the Government under the leadership of Hon'ble Chief Minister, Shri Jyoti Basu is not free from political bias and pecuniary bias. I am sorry to mention it. I do not want to attached personally. Sir, this is a partisan bias. It must be checked. আপনারা জানেন না যে ব্যুমেরাং হবে, অ্যাডমিনিস্ট্রেশনকে বায়াস করা যাবে না জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের মিনিমাম কনসেপশন আপনার নেই। আর ন্যাচারাল জাস্টিস? আপনারা জানেন যে আপনাদের সি. পি. এমের ডোমিনেটেড শাসনে সাধারণ নাগরিক ন্যাচারাল জাস্টিস পাচ্ছে না। ন্যাচারাল জাস্টিস—টু প্রিন্সিপলস—ইউ ইজ এ ডায়কোটমি। টু প্রিন্সিপলস—no body should be condemed & unheard আপনারা একটার পর একটা সিদ্ধান্ত নিচ্ছেন আমাদের বিরুদ্ধে not being given an opportunity to be heard এই জিনিস আমরা দেখেছি। Tall claim made by honourable Shri Rabin Mukherjee যে আমরা নাকি ১১ লক্ষ একর জমি বিলি করতে পারিনি। ১১ লক্ষ একর কৃষি জমি সরকারে বর্তেছে, আমরা তার মধ্যে ৬ লক্ষ বিলি করেছি। আর আপনারা বিলি করেছেন ৩৮ হাজার একর আপনারা ৫ লক্ষ একর বিলি করতে পারেননি। কারণ স্যাটেবল সি. পি. এম. রিসিপেন্ট পাননি। আমি কালকে আপনাদের কৃতিত্বের কথা বলেছিলাম বলে আর বলতে চাই না। কিন্তু is it free from social unequalities but from fortunate and I congratulate the chief minister আমি যা করসপন্ডেস বলেছি তার ফল প্রম্পট পেয়েছি। আর একটা কথা বলছেন স্পেস অ্যান্ড একোমোডেশন সম্বন্ধে। আপনার বক্তৃতায় আছে যে, আপনি হলদিয়ার রঘুনাথপুরের কথা চিন্তা করছেন। সারা পশ্চিমবাংলায় বৃটিশ যা করে গেছে ৩০ বছরে কংগ্রেস শাসন যা দিয়েছে আর ইউ কারবন কপিং ইট? তারপর ইসলামপুর সাবডিভিসন how can it be dominated from Balurghat Headquarters? Physically impossible আমরা চেষ্টা করেছিলাম। আপনারা ১৯৬৮-৬৯ সালে এসেছিলেন এবং তারপরেও এসেছিলেন, কিন্তু কিছু করতে পারেননি। সেখানে ইনইকেয়ালাইটিজ রয়েছে, এক ইঞ্চি রেল লাইন নেই, কোনও কম্যুনিকেশন নেই। এই ইনইকোয়ালাটিইজগুলি আপনাদের চোখে পড়ে না? না কি, সেখানে আপনারা দেখেও দেখতে পান না। অর্থাৎ সেখানে আপনাদের পলিটিক্যাল গেন নেই, রাজনৈতিক ফায়দা নেই বলে আপনাদের দৃষ্টি সেদিকে নেই। লাস্ট বাট নট দি লিস্ট আপনি আমাকে অনেক সময় দিয়েছেন বলে ধন্যবাদ—in my opinion this Government which was blassed by millions of people in West Bengal is now in its worst from because you could not full fil their aspiration. It has miserably failed and I am afraid if this Government remains to be unresponsive that would invite agitation I think Hon'ble Shri Jyoti Basu will be responsible for its failure. Thank you Sir.

[4-25 — 4-35 p.m.]

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** স্যার, ৩০০/৪০০ জুডিসিয়াল অফিসার রাসমনি রোডে ইস্টে অবস্থান করছে এবং একটা মেমোরেন্ডাম মুখ্যমন্ত্রীর কাছে তারা পেশ করেছেন। আমি আপনার মাধ্যমে আইন মন্ত্রীকে অনুরোধ করব, তিনি সেখানে গিয়ে কিছু বক্তব্য রাখুন।

**শ্রী শচীন সেন ঃ** স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করে কতকগুলি কথা বলতে চাই। বিগত কয়েক দিন ধরে যে আলোচনা হচ্ছে—রাজ্যপালের ভাষণের উপর থেকে আরম্ভ করে আজ পর্যন্ত যতগুলি বক্তৃতা শুনলাম, তাতে একটা জিনিস বুঝতে অসুবিধা হয় না যে, এই সরকার তার ৪ বছরের কাজের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার কায়েমি স্বার্থের উপর ভীষণ আঘাত হেনেছেন। সেইজন্য এদের কণ্ঠস্বরের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার প্রতিক্রিয়াশীলদের কণ্ঠস্বর শোনা যাচ্ছে। ভোলাবাবু সীমাবদ্ধ ক্ষমতার কথা বলে কিছু ব্যাংটরিং করবার চেষ্টা করেছিলেন। বামফ্রন্ট সরকার কোনওদিন কি মানুষের কাছে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, এই সাংবিধানিক কাঠামোর মধ্যে থেকে, এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকে তার যে মৌলিক সমস্যা, সেই সমস্ত সমস্যার সমাধান করবেন? গত ৩০ বছরে কংগ্রেস দল এবং এর মধ্যে ২।। বছরের জনতা দলের শাসনে আপনারা শুধুমাত্র প্রতিশ্রুতি দিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করেছেন। সেখানে এই সরকার কিছু কাজকে কার্যকর করবার চেষ্টা করছেন। আমাদের বিরোধী দলের নেতা, মাকর্স, লেনিন, স্ট্যালিনের উদ্ধৃতি দিয়ে যখন কনক্লুশনে আসেন তখন মনে হয়—তিনি যা বলছেন তাতে তিনি বিশ্বাস করেন না।বামফ্রন্ট সরকারকে আক্রমণ করতে হবে বলে এই সরকারের ভাষানীতি, শিক্ষা নীতি সম্বন্ধে বক্তব্য রাখতে গিয়ে যখন আর কোনও যুক্তি পান না তখন তিনি আবেদন জানিয়ে বললেন—ডাঃ অরবিন্দ বসুর মতো ভাষাবিদ রাস্তায় নেমেছেন, তাদের কথা শুনবেন না? এর জবাব নির্মলবাবু যুক্তি দিয়ে চেষ্টা করেছিলেন যে, মহাত্মা গান্ধীর অসহযোগ আন্দোলনে যোগ দেবার জন্য যখন ডাক দিয়েছিলেন, তখন বাংলাদেশ থেকে বাংলার বাঘ—স্যার আশুতোষ মুখার্জি তার বিরোধিতা করেছিলেন। কিন্তু তার কথা সেদিন জনসাধারণ শোনেনি। বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে অসহযোগ আন্দোলনের ডাকে সাধারণ মানুষ তাকেই সমর্থন করেছিল। কিন্তু তাই বলেই স্যার আশুতোষ যে মণীষী নন—তা নন, তিনি প্রতিক্রিয়াশীলদের হাতকেই শক্তিশালী করতে চেয়েছিলেন। কিন্তু সাধারণ মানুষ সেটা কেন শুনবে? স্যার আশুতোষের শিক্ষা মোটেই কম ছিল না, কিন্তু তিনি যে নীতি অবলম্বন করেছিলেন মানুষ সেটা অবলম্বন করেননি। তাই বলছি—জ্ঞানী, গুণী ভাষাবিদ যেই হোন না কেন, তারা যে রাস্তা ধরেছেন সেটা হচ্ছে কায়েমি স্বার্থকে রক্ষা করবার জন্যই। তাই প্রগতিশীল জনসাধারণ এর বিরুদ্ধে গেছেন। প্রশাসন সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আইনশৃঙ্খলার ও বিদ্যুতের কথা আলোচিত হয়েছে। বিদ্যুত নিয়ে যখন আলোচনা হবে, পুলিশ নিয়ে যখন আলোচনা হবে তখন বিশেষভাবে বলা যাবে। তবে, আমি খানিকটা টেমটেড হয়েছি বলেই বলব—পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ যখন বামফ্রন্ট সরকারের নীতিকে সমর্থন করছে এবং বামফ্রন্ট সরকার যখন সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারকে প্রসারিত করছেন, সাধারণ মানুষের রাজনৈতিক চেতনাকে উন্নত করছেন, তাদের সংগঠনের সঙ্গে সহযোগিতা করছেন, গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করবার জন্য পুলিশ নিয়োগ করছেন না, সেইখানেই তাদের আপত্তি। যখন সাধারণ মানুষ ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে অগ্রসর হচ্ছে, তা দেখে তারা চুপ করে থাকতে পারছেন না। আজ সারা ভারতবর্ষের মধ্যে বামফ্রন্ট সরকার আদর্শ স্থানীয়। কারণ পঞ্চায়েতের মাধ্যমে তারা যে কাজ করার চেষ্টা করছেন তা দেখে কায়েমি স্বার্থ চিন্তিত। কারণ এই ভাবে চললে জমিদার, জোতদার ও একচেটিয়া পুঁজিপতিরাও চিন্তিত—তাই গেল গেল, রব শুরু হয়ে গিয়েছে। ভোলাবাবুর রাজনীতির জন্য হয়েছে সরকারি গদির মধ্যে দিয়ে। সেই গদি আবার

কি ভাবে পাওয়া যাবে সেই জন্য তিনি উঠে পড়ে লেগেছেন। তাই তিনি দেখছেন, এই ভাবে যদি কৃষক—শ্রমিকের চেতনা অগ্রসর হয় তাহলে কিভাবে কি করা যায়? সেইজন্য মৌলিক সমস্যা সমাধান করবার দিকে বামফ্রন্ট সরকার জনসাধারণকে উৎসাহিত করছেন বলে তাদের সেটা সহ্য হচ্ছে না।

সুতরাং নানা রকম কথা বলা হচ্ছে প্রতিদিন সমস্ত প্রচেষ্টা চালানো হয়েছে ৪ বছরের মধ্যে নানারকম চক্রান্ত প্রতিধ্বনিত হচ্ছে। শুধু ওরাই নয় তাদের নেতৃত্ব কংগ্রেস (ই) নেতৃ, ভারতের প্রধানমন্ত্রীও বটে, তিনি বিষদগার করেন মাঝে মাঝে। পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নেই এর বিরুদ্ধে প্রতিবাদ উঠলে পালাবার রাস্তা পান না। আমাদের মুখ্যমন্ত্রী একাধিকবার কংগ্রেস নেতৃকে বোঝাবার চেষ্টা করেছেন এবং জানিয়েছেন যে পশ্চিমবাংলায় তোমার দল যে অবস্থা করছে আইন-শৃঙ্খলা ভাঙ্গবার জন্য নিজেদের ভিতর ঝগড়া ঝাটি করে, সেইগুলি দেখবার চেষ্টা করুন। তার একটা জাজল্য প্রমাণ আপনাদের সামনে উপস্থিত করছি। আমি এক দিন বসে আছি, ৩/৪ জন কংগ্রেস (ই) যুবক গিয়ে আমার হাতে এই ইস্তাহারটি দিল। আমাকে এটা দেবার পর আমি বললাম যে এটা আমার কাছে দিচ্ছেন কেন? তখন ওরা বললেন স্যার, এখনও আপনারা আছেন বলে আমরা নির্মূল হয়ে যায়নি। আমাদের জীবন বিপন্ন। আপনারা চলে গেলে—এদের বলা হয়েছে ওরা চলে যাচ্ছে—তাহলে আমরা থাকতে পারব না। আপনারা পড়ে দেখুন এই ঘটনাগুলো। এতবড় ইস্তাহার পুরোটা পড়বার সময় স্পিকার নিশ্চয়ই দেবেন না। কিছু অংশ আপনাদের সামনে পড়ে শুনাচ্ছি ওরা বলছেন যে "মাগো জগৎজননী তোমার সন্তানদের শক্তি দাও যাতে সব শুভ শক্তির উদয় ঘটিয়ে এই অশুভ শক্তির বিনাশ ঘটাতে পারি। মাগো তোমার হতভাগ্য সন্তান দেবাশিষ, বাপ্পা, সুধীর, দীলিপ, গুপি ও সাধনের আত্মার শান্তি দাও"। ইস্তাহারে ছিল সাধন বোস দক্ষিণ কলকাতার ক্যালকাটা কেমিক্যাল একজন কর্মচারী ছিলেন তাকে হত্যা করা হয়েছিল। তারপর এই ইস্তাহার। এক দিনের মধ্যে ছাপিয়েছেন যেটা তার হেডিংটা শুনাচ্ছি "রক্ত পিশাচ ড্রাগন ড্রাকুলা পেতাত্মা লক্ষ্মী বোস নিপাত যাক"। সাধন বোসের মৃত্যুর পর এটা করা হয়েছিল। যারা ছিল ঐ অঞ্চলে তারা নিজেদের মধ্যে মারামারি কাটাকাটি করে এই অবস্থার সৃষ্টি করেছে। আর বলছেন আইন-শৃঙ্খলা নেই। আইন-শৃঙ্খলা ভঙ্গ করার সমস্ত প্রচেষ্টা করা হচ্ছে। আর ভোলাবাবু তো গদির স্বপ্ন দেখছেন, আর মুখ্যমন্ত্রীর স্বপ্ন দেখছেন। আর এই সব যত দেখছেন যত চিন্তা করছেন তত এদের মধ্যে মারামারি কাটাকাটি শুরু হচ্ছে। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার, আমাদের সুযগ্য মুখ্যমন্ত্রী তার কঠর হস্তে ওদের এক দিকে দমন করার চেষ্টা করছেন অপর দিকে জনসাধারণের সাহায্যে সাধারণ মানুষের মধ্যে উৎসাহ, উদ্দীপনা আনার চেষ্টা করছেন। পশ্চিমবাংলার যে প্রশাসন ভারতবর্ষের যে কোনও রাজ্যের প্রশাসনের সঙ্গে তুলনা করা চলে না। এটা ঠিক যে কংগ্রেস রাজত্বে গুজরাট যত হত্যা করেছে আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার গত ৪ বছরে তার ধারে কাছে যেতে পারেনি। এখন যে আগুন জ্বলছে, বিহারে শুরু হয়েছে, উত্তরপ্রদেশে শুরু হয়েছে, কর্ণাটিক শুরু হয়েছে সমস্ত জায়গায় অস্থিরতা। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা, কেরালা এবং ত্রিপুরা এই ধরনের শান্তিপূর্ণ পরিবেশে কোনও রাজ্য পরিচালনা হচ্ছে কিনা সেটা আপনারা তথ্য দিয়ে বিচার করে

দেখবেন। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের জবাবের জন্য কিছু বেশি সময় লাগতে পারে। সেই জন্য আমি ৩০ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমার যে প্রস্তাবগুলো রয়েছে তার সমর্থনে এবং কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। প্রদ্যোত মোহান্তি মহাশয় যে সমস্ত কঠোর ভাষা প্রয়োগ করেছেন তার মধ্যে আমি যাচ্ছি না, কারণ হার্ড ওয়ার্ডস ব্রেক নো বোনস। কিন্তু তার বক্তব্য বোঝা আমার পক্ষে কঠিন। প্রথমে তিনি টাকা খরচ কমাবার জন্য বলেছেন এবং বলেই আবার বলছেন টাকা যদি কমিয়েও থাকেন তাহলেও আমার সমালোচনা রয়েছে। আমি তো তার কথা কিছু বুঝতে পারছি না। সরকারি কর্মচারিদের মাইনে দেবার জন্য যে খরচ বেড়েছে সেটা কি অপরাধ? সব খাতেই তো খরচ বেড়েছে। কালকে আমাদের বাজেট আলোচনা শেষ হল এবং তখন আপনারা শুনেছেন বিভিন্ন খাতে কিভাবে খরচ বেড়েছে এবং বিশেষ করে গঠনমূলক খাতে কিভাবে খরচ বেড়েছে। তারপর, গভর্নমেন্ট এমপ্লয়ি বলতে উনি কাকে বোঝাচ্ছেন? আমাদের ৩ লক্ষ সরকারি কর্মচারী রয়েছে এবং তাছাড়া আরও ৫।। লক্ষ শিক্ষক এবং পৌরসভার কর্মচারী রয়েছে এবং সকলকে নিয়ে আমাদের প্রায় ৮।। লক্ষ কর্মচারী। এই কর্মচারিদের মাগ্গীভাতা ইত্যাদির যা ব্যবস্থা করা হয়েছে তা দিতে হচ্ছে। তাহলে কি উনি বলছেন স্ত্রীদের টাকা দেওয়া উচিত হবে না? তার যদি সাহস থাকে তাহলে একথাগুলি পরিষ্কার করে বলুন। অপজিশনে রয়েছেন বলে সমালোচনা করতে হবে এর কোনও অর্থ হয় না। কাজেই তার এই সমস্ত কথার কি উত্তর আমি দেব। সরকারি কর্মচারিদেরও আমরা যা দিয়েছি তার উপরেও পে-কমিশনের রিপোর্ট অনুসারে সরকারি কর্মচারিদের মাইনে আরও বাড়বে এবং যারা আমাদের সঙ্গে কাজ করছেন তাদের মাইনে বাড়বে। আমরা প্রথমে ১৯৬৯ সালে পে-কমিশন বসিয়েছিলাম এবং তারপর আমাদের সরকারের পতন ঘটে কিন্তু তারপর থেকে এই সরকারি কর্মচারিদের জন্য ওরা কিছুই করেনি। সরকারি কর্মচারদিের সঙ্গে বিশ্বাসঘাতকতা ছাড়া ওরা আর কিছু করেনি। তারপর উনি বললেন, উনি নাকি কবে ভেবেছিলেন আমি খুব দক্ষ অ্যাডমিনিস্ট্রেটর। তাকে ধন্যবাদ। উনি কবে এটা ভেবেছিলেন সেটা আমার জানা ছিল না। তবে এখন যে আর সেটা ভাবছেন না তার জন্য আমি কি করতে পারি? আমি দুঃখিত এটুকু শুধু বলতে পারি। তারপর, উনি বললেন সরকারি কর্মচারিদের সাজা দিতে হবে। তা দোষ করলে সাজা হবে, কিন্তু দোষ না করলে আমি কি করে তাদের সাজা দেব? সে কথা তো আসে না। তারপর আমি তার আসল কথা বুঝলাম যখন এসব কথা বলেই তিনি লুথার সম্বন্ধে বললেন। মিঃ লুথার হচ্ছেন ডি. ভি. সি.-র চেয়ারম্যান এবং তাকে আমরা, কেন্দ্রীয় সরকার এবং বিহার সরকার মিলে চেয়ারম্যান করেছি। তবে ওকথা বলার জায়গা এটা নয়, এই বক্তৃতা অন্য জায়গায় দিতে হবে। তিনি এই প্রসঙ্গে কত মেগাওয়াট, কত বিদ্যুত, কি ব্যাপার, ইউনিয়ন, সমাজমূলক ব্যবস্থা ইত্যাদি নানা কথা বললেন। আমি লুথারকে জিজ্ঞাসা করেছিলাম আপনি যে নেতাদের সাজা দিলেন, সাময়িকভাবে ৭ জনকে বরখাস্ত করলেন, ইউনিয়নের রিকগনিশন কেটে দিলেন, তা আপনি কি তাদের চিনতেন? তিনি বললেন, আমি কি করে তাদের চিনব,

আমি নূতন এসেছি। তারপর তাকে জিজ্ঞাসা করলাম এরা যে ইউনিয়নের লোক সেটা আপনি কি করে জানলেন? তিনি বললেন, আমি জানি না। প্রদ্যোত মোহান্তি মহাশয় শ্রমিকদের বিরুদ্ধে যেতে পারেন, কিন্তু আমাদের সাধারণ কর্মচারিদের জন্য কাজ করতে হবে। আমি গনি খান চৌধুরীকে বলেছি আপনি ইনভেস্টিগেশন করুন এবং যদি দেখা যায় ইউনিয়নের লোক মারধর করেছে তাহলে আপনার সঙ্গে আমি একমত। আমি তাকে বলেছি আপনি এটা প্রমাণ করুন। উনি আমার কাছে এসেছিলেন তার বাড়ির অসুবিধার জন্য, সেখানে অনেক টাকা খরচ করেছেন ইত্যাদি সব বললেন। এটা তার নিজের ব্যাপার, আমার ব্যাপার নয়। তবে আমি তাকে বলেছি আপনি থাকুন সেখানে।

উনি আমার কাছে জমি চেয়েছেন এখানে ডি. ভি. সি. হাউস করবার জন্য, জমি ইতিমধ্যে বিগত সরকার দিয়েছিলেন কোথাও কোথাও, সেটা যদি থাকে তো আছে, নইলে আমরা দেখব। ভালই তো যদি উৎপাদন বাড়ে আমরা খুশি, উৎপাদন কমলে আমরা অখুশি, সেটা নিয়ে এতক্ষণ ধরে কি বললেন। প্রেসিডেন্সি কলেজ তো আমার কলেজ, আমি সেখানে পড়েছি, তারা বললেন ট্রান্সফর পলিসি করতে হবে, আমার পুরানো শিক্ষকরাও আমার কাছে এসেছিলেন, প্রেসিডেন্সি কলেজের জন্য একটা বিশেষ ব্যবস্থা করা যায় কিনা। আমি কি করতে পারি। এ বিষয়ে তাদের সঙ্গে আলোচনা হয়েছে। নিজেরা আলোচনা করেছি। সেভাবে ভেবে পাচ্ছি না, কারণ ট্রান্সফার হবেন না সবাই এখানে থাকবেন যারা ভাল ভাল শিক্ষক আছেন, ঠিক এই নীতি আমরা মানতে পারছি না। কিন্তু সেটা না মেনে কি করে করা যায় সেটা নিশ্চয়ই আমাদের দেখতে হবে।

**(শ্রী সন্দীপ দাস : রিচার্স করবেন কি করে মফঃস্বলে গেলে?)**

যারা মফস্বলে আছেন তারা কি সব অজ্ঞ মূর্খ লোক নাকি? যাই হোক দুই একটি নামও করেছেন, রিসার্চের যদি অসুবিধা হয় মফস্বলে, সেটা দেখতে পারি তবে, মফস্বলে তো অনেকে আছেন যারা মেধাবি ছিলেন, প্রফেসার, নানা কারণে মফস্বলে কাজ করতে হচ্ছে, শিক্ষক তারা এবং তারা প্রেসিডেন্সি কলেজের যোগ্য হবেন না, এটা মানতে পারি না। তবে যে কথা বলেছেন, সেই রকম যদি অভিযোগ হয়, দুই তিনজনের যে নাম করলেন, তারা যেটা করছিলেন, সেটা সেখানে করতে পারছেন না, সেটা আলোচনা করতে পারি। গ্রেট ইস্টার্ন হোটেলের কথা বললেন, সেখানে তো লাভ হচ্ছে, আগে লোকসান হত, এখন লাভ হচ্ছে। কি বলেছেন পরিমলবাবু এক পাউন্ড রুটি খান, উনি তো অসুস্থ লোক রুটি খেতে পারেন না, এইসব কথার কোনও মূল্য নেই। একটাও তিনি বলতে পারেননি দলবাজি কি করছি। আমরা তো এমপ্লয়মেন্ট একচেঞ্জ মাধ্যমে চাকুরি দিয়েছি ওরা তো হাজার হাজার লোককে রাইটার্স ফিল্ডিংসে বসে চাকুরি দিতেন, কেন অভিযোগ করছেন বুঝতে পারছি না, ওরা যা করেছেন, আমরা যদি নিজেদের লোককে চাকুরি দিয়েই থাকি, ওদের তো আমাদের অভিনন্দন করা উচিত, ওঁর পথ আম্মরা অনুসরণ করছি। দুর্নীতির পথে আমাদের সরকার যায় না, একথা বলতে পারি। কংগ্রেসি ছেলেরা এই যে ৫০ টাকা করে দিই বেকারদের, তার মধ্যে অনেক ছেলে আছে রাজনীতিতে নেই, নাম লিখিয়েছিলেন পাচ্ছে অনেকে, কিন্তু নতুন করে নাম লেখাতে পারেন না, আমার কাছে অভিযোগ করেছে—আপনারা চমৎকার নীতি

নিয়েছেন, কংগ্রেসের আমলে পেলাম না মারধোর খেলাম, চাকুরি পেলাম না, আপনারা নীতি নিয়ে চলেছেন, এমপ্লয়মেন্ট একচেঞ্জে আমাদের নাম কোথায়? এটা ন্যায় হয়েছে না অন্যায় হয়েছে? তারপর শ্রী সত্যরঞ্জন বাপুলির কথা, উত্তর না দিলেও চলে, কিন্তু মাননীয় সদস্য, খুশি হলাম শুনে যে তিনি আমার বক্তৃতা ভাল করে পড়েছেন, আরও ভাল করে পড়বেন, আরও শিখতে পারবেন, কিন্তু আমার মনে হচ্ছে তিনি কিছুই শেখেননি। তারপরে তিনি পুলিশ টুলিশ অনেক কথা বলেছেন, নিরাপত্তা আছে নাকি—এই সব কথা বললেন। আমাকে একজন একটা মস্ত বড় বই এগিয়ে দিলেন এখানে, এইট্টিম্থ এপ্রিল নাইন্টিন সেভেন্টি ফোর-এর প্রসিডিংস, শ্রী বাপুলি তখন এখানে ছিলেন, কংগ্রেস সরকারের সময়ে, তিনি বলেছেন ঃ—স্যার, গত ২২এ মার্চ এখানে আপনার মাধ্যমে কয়েকটি বক্তৃতা রেখেছিলাম, স্যার আমি যেদিন বক্তৃতা দিই, ঠিক তার পরের দিন পুলিশ আমার বিরুদ্ধে একটা কেস দায়ের করেছেন এবং তার সঙ্গে জোতদারের কর্মচারীরা পুলিশ ক্যাম্পের মধ্যে থেকে, সে আর একটা কেস দায়ের করেছে। কংগ্রেস রাজত্বের ঐ মন্ত্রী পাশে বসে আছেন, তারপরে বলেছেন—আরও অনেক কথা বলেছেন, বলে বলেছেন—এম. এল. এ.-দের বিরুদ্ধে যদি এই সব ব্যবস্থা করা হয় তাহলে আমাদের নিরাপত্তা কোথায়? এখন নিরাপত্তা আছে, ভয়ের কারণ নেই।

[4-45 — 4-55 p.m.]

স্পিকারকে বলেছেন—উনি কি প্রোটেকশন দিয়েছেন আমি জানি না আর কিভাবে দেবেন তাই জানি না। ওনারা বলেছেন যে স্যার, আপনার কাছে আমরা নিরাপত্তা চাইছি এবং বলছেন যে সারা পশ্চিমবাংলায় পুলিশ যে অত্যাচার আরম্ভ করেছে তাতে ট্রামে বাসে ট্রেনে কান পাতা দায় হয়ে পড়েছে এবং সর্বত্র পুলিশি অত্যাচার জুলুমবাজির কথা শোনা যাচ্ছে এবং আজকে এম. এল. এ.-দের কোনও নিরাপত্তা নেই। তারপর আইন শৃঙ্খলা সম্বন্ধে এখানে কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র সেক্রেন্টারি শ্রী এস. এম. ভার্মা এসেছিলেন এবং এখানে অফিসারদের নিয়ে একটা মিটিং করে বলেছেন শ্রী এস. এম. ভার্মা—Union Home Secretary said in Calcutta on Wednesday that it is good that West Bengal, is, to a large extent, free from the problems of communal tension and attacks on Harijans. This puts it in a better light compared to many other States. Asked about political interference hampering official work, the Home Secretary said, "No one mentioned this in the Conference". কাজেই এই হচ্ছে আমার উত্তর এবং এর সম্বন্ধে আমার আর কিছু বলার নেই। অনেকে সব অবান্তর কথা বলেছে। একজন অফিসারের বিরুদ্ধে একজন অফিসারের পক্ষে বলেছেন। আপনি জানি না তারা কি ভাববেন এবং নামটা যদি কাগজে উঠে তারা লজ্জা পাবেন। তারপর আমি বলতে চান উনি পুলিশ অ্যাশোসিয়েশনের কথা বলেছেন। কিন্তু তেমন তো নন গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশন ছিল না। আমরা কি অপরাধ করেছি তাদের মেনে নিয়ে। ১৯৭৪ সালে তখন এটা ছিল তাহলে এখন এই ঘটনা ঘটল কেন। মাননীয় সদস্য বললেন কি দাঁড়াল তাতে? আজকে এটা হবার পর অন্য তো সবাই নিরাপত্তা নিয়ে ঘুরে বেড়াচ্ছেন। আমাদের বিরোধী পক্ষের যারা তারাও তো নিরাপত্তা নিয়ে ঘুরে বেড়াচ্ছেন।

কিছুই খুজে মিলছে না, সব গোলমাল। কাজেই এর বেশি কিছু বলার আমার নেই। তারপর হচ্ছে ডাক্তার অমর আলি যে কথা বলেছেন আমি সাধারণভাবে এটা সমর্থন করছি ওনার সঙ্গে একমত হচ্ছি এবং উনি যেটা বলেছেন যে দুর্নীতি ইত্যাদি গোলমাল—এই সমাজ ব্যবস্থা এই অর্থনৈতিক ব্যবস্থায় এটা সম্ভব বলে আমি মনে করি না। এটা কিভাবে কমানো যায়। এবং এটা সকলেই একমত হবেন যে শুধু প্রশাসন দিয়ে করা যাবে না। এটা আমি বার বার বলেছি আবার বলছি জনগণের সহযোগিতা এবং নজর এখানে দরকার। এটা ঠিক কথা। কোনও কংগ্রেস রাজত্বে কোথায়ও কোনও জায়গায় এ জিনিস নাই। আমরা গণতান্ত্রিক অধিকার ট্রেড ইউনিয়ন অধিকার দিয়েছি এবং আমরা এই চার বছর ধরে কাজ করছি নিশ্চয় তারা আমাদের সঙ্গে সহযোগিতা করেছেন এই কো-অর্ডিনেশন কমিটি। অন্য জায়গায় সরকারি কর্মচারিদের হরতাল ধর্মঘট গোলমাল এই সমস্ত হচ্ছে এবং তাদের দাবি-দাওয়া কেউ মানছে না। আমরা দেখছি সেখানে তিক্ততা বাড়ছে ; আমাদের এখানে সেইভাবে হয়নি। তবে এটা ঠিক কংগ্রেস কিছু কর্মচারীকে ওসকাচ্ছে তাদের সংগঠনে গিয়ে, অকথ্য ভাষায় বক্তৃতা দিচ্ছে এবং আমাদের সরকারি কর্মচারিদের বিরুদ্ধে তাদের লেলিয়ে দিচ্ছে। তাদের বিরুদ্ধে আমরা কোনও ব্যবস্থা কিছু অবলম্বন করিনি। শ্রী জয়ন্ত বিশ্বাস বলেছেন কো-অর্ডিনেশন কমিটি সম্বন্ধে। সেটা আমাদের মিটিং হয়েছে এবং আমরা উপকার পেয়েছি। তবে এটা ঠিক উনি যেটা বলেছেন যেটা ওনার সুপারিশ সেগুলি আরও যত্ন সহকারে প্রতি• বিভাগেই আমি দেখছি। এগুলির পদ্ধতি হচ্ছে এগুলি যখন আমার কাছে আসে সেগুলি লিখে পাঠানো হয় বিভিন্ন জেলায় মিটিংয়ের পর আমি আলাদা আলাদা করে যার যার ডিপার্টমেন্টে সেগুলি যাওয়া উচিত সেগুলি আমি পাঠিয়ে দিই। এবং কোথায় কোথায় আমাদের ত্রুটি হচ্ছে। এগুলি আরও পর্যালোচনা করে দেখতে হবে। যদি কোথায় কিছু গাফলতি থাকে সেগুলি দূর করতে হবে। আর পঞ্চায়েতের যে ব্যবস্থা আমরা বিকেন্দ্রীকরণ করার পর আমরা ক্ষমতা যা করার করেছি এবং ইনফ্রাস্ট্রাকচার যাকে বলে সেটা আমরা করেছি। এ সব কিছুই তো ছিল না। ১৪/১৮ বছর ধরে পঞ্চায়েতে তো কোনও নির্বাচনই হয়নি। পশ্চিমবাংলায় কিছুই তো ছিল না যেটুকু ছিল সেটা শুধু দুর্নীতি। ১৪/১৮ বছর পর নির্বাচন করে এই পঞ্চায়েত আমরা করেছি এবং সেখানে গ্রামবাংলার মানুষদের সব অভিজ্ঞতা নেই। তারা এখন ক্রমশ শিখছে। আমরা তাদের সাহায্য করবার চেষ্টা করছি এবং এইভাবে এখন চলছে। তবে সেখানে আরও নজর দিয়ে করতে হবে না হলে বিপদ হয়ে যাবে।

আমাদের সঙ্গে একটা বিবাদ লাগাবার চেষ্টা হয়েছিল কেন্দ্র থেকে—হয়ত বা না বুঝেই করেছিলেন সেখানকার একজন মন্ত্রী। সেখানে বলা হয়েছিল কে চেয়ারম্যান হবেন? জেলাশাসক হবেন, না কে হবেন? ঐ কো-অর্ডিনেশন কমিটিতেই হোক ফুড ফর ওয়ার্কের জন্য বা ওখানে যে কমিটি ছিল তাতে। আমরা বললাম, আমরা মনে করি যিনি নির্বাচিত ব্যক্তি তিনিই হবেন। সৌভাগ্যবশত আমাদের জেলাশাসকরা আমাদের কথাটা মেনে নিয়েছেন এবং অভিজ্ঞতায় আমরা দেখেছি কোনও রকম বাধা তারা সৃষ্টি করেননি, কারণ এতে তাদেরও সুবিধা। অনেক রকম সমস্যা আছে—মানুষ আসে, ধরে, নানান রকমের ব্যাপার আছে, সেখানে যদি একজন নির্বাচিত ব্যক্তি হন তাহলে ওদেরও সুবিধা হয়। আমার মনে হয় ওরা এটা বুঝেছেন, তাদের সেই সমর্থন আমরা পেয়েছি। অনর্থক দিল্লি থেকে এটা নিয়ে একটা

বিবাদ বাধানো হয়েছিল। আমি ওদের বলেছিলাম, আমরা এটা মানতে পারব না। আপনি নির্বাচিত হয়েছেন, আপনার মাথার উপর একজন এরকম কাউকে যদি বসিয়ে দেওয়া হয় তাহলে অন্যায় হবে বলেই আমরা মনে করি। আর এটাতে অসুবিধারই বা কি আছে? আমরা কন্ট্রাক্টরের মাধ্যমে না করিয়ে অনেক কাজ পঞ্চায়েতের মাধ্যমে করাচ্ছি। সেখানে জেলা শাসক যারা আছেন তারা অভিজ্ঞ মানুষ, এস. ডি. ও.-রা, তারা যদি সাহায্য করেন তাহলে অসুবিধাটা কোথায়? এতে তো কোনও অসুবিধা নেই। তারপর ডাঃ জয়নাল আবেদিন, তিনি অনেক কথা বললেন। তিনি বললেন, তিনি আমার সঙ্গে একমত হতে পারেননি। ধন্যবাদ, আপনি একমত হলে আমি বিপদে পড়ে যেতাম, সেইজন্য বলব, এটা ভালোই করেছেন। তারপর তিনি বি. ডি. ও.-র মামলা-টামলা নিয়ে বললেন, সেসব তো খবর নিয়ে আসতে হবে। তারপর তিনি যুগান্তর থেকে কি একটা পড়লেন। আপনারা যদি ঐরকমভাবে প্রসেশন করেন, মিছিল করেন আর যদি সেখানে বোমা, পটকা ছোঁড়া হয় তাহলে পুলিশ তো ব্যবস্থা করবেই। কি করবে তারা? শান্তিপূর্ণভাবে যদি হয়—অনেক হয়েছে, আপনাদেরও হয়েছে, অন্যদেরও হয়েছে—যখন ইন্দিরা কংগ্রেসের একটা অংশ বাস, ট্রাম পোড়াতে আরম্ভ করল তখন আপনাদের দলও আন্দোলন করছিলেন, আমি বলেছি আমার কাছে এরকম কোনও রিপোর্ট নেই যে কংগ্রেস (ইউ) থেকে বাস পোড়ানো হচ্ছে বা অন্য যারা করছেন তারা এইসব গন্ডগোলের মধ্যে যাচ্ছেন, হিংসাত্মক কাজের মধ্যে। আমি বলেছি, কংগ্রেস (ই)-র একটা অংশ এটা করছে—তারা সবাই এতে অংশ গ্রহণ করেনি, আমি বিবৃতি দেখেছি। তারপর পশ্চিম দিনাজপুরের কথা উনি বললেন। কো-অর্ডিনেশন কমিটি ওখানেও আছে। আমাদের মন্ত্রী শ্রী ননী ভট্টাচার্য এবং শ্রী পরিমল মিত্র মহাশয়—এদের ভার দিয়েছি ওখানকার তো মন্ত্রী নেই, ওখানটা তার করবেন। তেমনি মালদার জন্যও আর একজনকে ভার দিয়েছি। এগুলি হচ্ছে, সব নিয়মমতো হচ্ছে কিনা আমি বলতে পারব না, তবে মিটিংগুলি হয়। যদি নিয়মিত না হয় তাহলে যাতে নিয়মিত হয় সে ব্যবস্থা করতে হবে। তারপর উনি বলেছেন, আমাকে উনি জানিয়েছিলেন ওর এলাকার ঘটনা। কিন্তু যে ঘটনাটা হল এটা উনি আমাকে জানান নি। জানি না উনি ভুলে গেছেন কিনা, উনি আমাকে বলেছিলেন, ওখানে ডাকাতি বাড়ছে। আমি ওকে বললাম, আমি যখন ওখানে গিয়েছিলাম তখন আমাকে আমাদের বন্ধুরা বলেছেন, অফিসাররাও বলেছেন, হ্যাঁ, এটা ঠিকই, কিছু কিছু যে রিপোর্ট আছে তাতে দেখা যাচ্ছে এটা কিছু বেড়েছে। এটার ব্যবস্থা আমাদের করতে হবে। কিন্তু নকশালরা এটা করছে এটা জীবনেও উনি আমাকে বলেননি, কোনও চিঠিও উনি বার করতে পারবেন না। যাই হোক, আমরা এ সম্বন্ধে ওয়াকিবহাল আছি, তদন্ত হচ্ছে এবং আমরা বদ্ধপরিকর যে এসব আমরা বাড়তে দেব না, এরজন্য সমুচিত যা ব্যবস্থা করা দরকার সেটা আমরা নিশ্চয় করব সে বিষয়ে কোনও সন্দেহ নেই। তারপর গম নিয়ে দুর্নীতি হচ্ছে বলে দিলেন। এখন কেউ যদি বলেন আপনি দুর্নীতিগ্রস্ত তাহলে তো সেটা হয়ে গেল না, সেটা দেখতে হবে, তদন্ত করতে হবে যে সেটা ঠিক, না বেঠিক। এসবের উত্তর দেবার কোনও প্রয়োজন নেই। তারপর শ্রী রবীন মুখার্জি মহাশয়, তিনি অনেক কথার মধ্যে বললেন, আমরা এটা ওয়াকিবহাল আছি কিনা, তিনি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন যে কিছু কিছু ষড়যন্ত্র হচ্ছে, অফিসারদের মধ্যে—প্রাক্তন অফিসারদের মধ্যে বিশেষ করে দু/একজন করছেন। আমরা জানি। আমাদের কাছে খবর আছে, বিভিন্ন রিপোর্ট আমাদের কাছে আসছে। সেখানে

আমরা একটু চিন্তিত হচ্ছি এই কারণে যে নানারকম গুজব রটছে, তারপর নির্দিষ্ট আমরা পেয়েছি যে সেখানে প্রাক্তন দু/একজন অফিসার তাদের সঙ্গে কংগ্রেসিদের এবং অন্যান্যদের মিটিং হয়েছে এবং তারা আমাদের অফিসারদের সঙ্গে যোগাযোগ করছেন এবং করে বলছেন এই সরকারের পতন ঘটাতে হবে। এখানে নাকি প্রেসিডেন্স রুল হবে। যেদিন থেকে শ্রীমতী ইন্দিরা গান্ধী ক্ষমতায় এসেছেন ১৯৮০ সালের নির্বাচনের পর সেদিন থেকেই এইসব কথা আমরা শুনছি। আমরা বেশি কান দিইনি এইসব কথায়। এরা গণতন্ত্র যখন মানেন না তখন যে কোনও সময় এটা হতে পারে। কতবার হয়েছে কত জায়গায়।

[4-55 — 5-05 p.m.]

সেটা আমাদের রাজনীতি দেখে আমরা বুঝতে পারি। কিন্তু এবারে আর একটু নির্দিষ্টভাবে কিছু খবর আমাদের কাছে আসছে এবং আমাদের যা প্রস্তুতি সেটা আমরা করব। কারণ এরা যে কোনও সময় এই জিনিস করতে পারে। আমরা বলেছিলাম, যেদিন ইন্দিরা কংগ্রেস ফেরত এসেছে, আমাদের বিপদ দেখা দিল। আমরা তো কিছু লুকিয়ে রাখিনি। এখন কি ব্যাপারে, কি ভাবে তারা এটা করতে চান আমি জানি না। কিন্তু এটা হচ্ছে কি? কথাটা আমি এই জন্য বলছি যে এতে আর একটা উদ্দেশ্য আছে। সরকারের পতন ঘটাবেন কি, ঘটাবেন না সেটা আমি জানি না। তবে আর একটা উদ্দেশ্য হচ্ছে, প্রশাসনকে নড়বড়ে করে দেওয়া। ২/৪ দিন পর পর এই রকম ভাবে যদি কথা ওঠে তাহলে কিছু অফিসার আছে, যারা হয়ত এতে সাহস পান না, সকলের হয়ত এত সাহস নেই, একটু নির্জিব মানুষ, তারা ভাবেন, তাইতো তাহলে কি করব? একটু ভেবে দেখতে হবে কি হবে না হবে। আমি তাদের অনেক সময়ে বলি যে আপনাদের অত ভাবনা কিসের? টেম্পোরারি হচ্ছি আমরা। আপনারা তো স্থায়ী ভাবে আছেন। আপনারা সব আমলেই থাকবেন। কেন আপনারা অত ভয় পাচ্ছেন? আপনাদের ভয়ের কোনও কারণ নেই। কিন্তু এটা হয় যদি অনবরত এই রকম কথা হতে থাকে। আমরা জানি শ্রীমতী ইন্দিরা গান্ধী, প্রণব মুখার্জি অন দি ফ্লোর অব দি পার্লামেন্ট, তারা বলেছেন এবং বাইরেও বলেছেন যে আমরা এই পথে কখনও যেতে চাই না। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। আমরা কখনও কোনও নির্বাচিত সরকারকে এই ভাবে বিরোধিতা করতে চাই না, তাদের উৎখাত করতে চাই না। কিন্তু নানা রকম খবর আমাদের কাছে আসছে। 'আমি জানি না, আজকে রাত্রে সেই খবর আসবে কিনা। আপনারা জানেন যে আমাদের এখানে কয়েকটা উপনির্বাচন হয়—পার্লামেন্টের একটা এবং বিধানসভার। এটা শ্রী অজিত পাঁজা, ওর নেতাদের দিল্লিতে ধরে বন্ধ করে দিলেন, করতে দিলেন না। আর এমনই আমাদের ইলেকশন কমিশনার, তিনি মনে করেননি যে তার কোনও কর্তব্য আছে সরকারের সঙ্গে বা অন্য কোনও রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করা। এই হচ্ছে ভারতবর্ষের গণতন্ত্র এবং এই ভাবে চলছে। তারপর ওরাই আমাদের কাছে খবর পাঠালেন যে ৩১ তারিখ মে মাসে হতে পারে কিনা। আমরা বলেছি যে আমাদের ১লা মে হয় সেটা আমরা বন্ধ করতে পারি না। আর ৪৮ ঘন্টা আগে সমস্ত মিটিং বন্ধ করে দিতে হবে নির্বাচনের। সে জন্য আমরা আর একটা তারিখের জন্য চিফ ইলেক্টোর‍্যাল অফিসারকে বলেছিলাম। উনি আর একটা তারিখ পাঠিয়েছেন সেটা হচ্ছে ১৭ তারিখ আপনারা জানেন যে ২১ তারিখে আমাদের পৌরসভার নির্বাচনের তারিখ ঘোষণা করেছি মে মাসে। ৫/৭ দিন

হয়ে গেল কিন্তু আজ পর্যন্ত কোনও খবর পাচ্ছি না যে সেই উপনির্বাচন হবে কিনা। এর কি অর্থ আমি জানি না। আমি আবার চিফ ইলেক্টোর‍্যাল অফিসারকে এটা খোঁজ নিতে বলেছি দিল্লি থেকে। কিন্তু এই জিনিসগুলি হচ্ছে। সে জন্য আমি বলেছি যে এই সব খবরাখবর মাঝে মাঝে আমাদের কাছে আসছে। এটা আসার মানে কি সেটা খুব পরিষ্কার। এটা আমাদের সার্টিফিকেট দেওয়া। কংগ্রেসিরা ধরে নিয়েছেন এবং আমাদের বিরোধী পক্ষরা ধরে নিয়েছেন, স্বৈরাচারিরা ধরে নিয়েছেন যে আমাদের উপ-নির্বাচনে পরাজিত করা যাবে না। পার্লামেন্টারি ডেমোক্রাসিতে আমাদের বিরুদ্ধে কিছু করতে পারবেন না, পরাজয় আমাদের বরণ করতে হবে না যা পরিস্থিতি। সাধারণ মানুষের সহযোগিতা এবং সমর্থন আমাদের এখনও আছে। সে জন্য তারা এই সব কথা চিন্তা করছেন। উপর তলার নেতৃত্ব কি করছেন, সেটা আমি জানি না। কিন্তু কংগ্রেসের মধ্যে এই সব কথা চালু হয়েছে। আর কিছু কিছু ষড়যন্ত্রের কথা চালু হয়েছে। আমরা নজর রাখছি। সব যে খবর পাই না, তা নয়। কিছু কিছু খবর আমরা পাচ্ছি। কিন্তু এটা বলছেন কেন? এটাত আমাদের সার্টিফিকেট। জনগণের সঙ্গে আমাদের লিঙ্ক আছে। জনগণ আমাদের সহযোগী, জনগণ আমাদের বেশির ভাগ সমর্থন করেন। সেজন্য ওরা ভাবছেন যে এখানে যদি ১৯৭২ সালের মতো না করতে পারি, এখানে যদি ১ হাজার, ২ হাজার বামপন্থীদের খুন করতে না পারি নির্বাচনকে যদি কৌশলে পরিণত না করতে পারি তাহলে কংগ্রেসিদের এখানে জিতবার একেবারে বিন্দুমাত্র সুযোগ নেই এবং সে জন্য এই সব কথাবার্তা হচ্ছে। আর পিছন দিকের দিয়ে ঢোকাও এত সহজ নয়, সেটাও আমি বলে দিচ্ছি।

যদি সেই ব্যবস্থা করতে চায় তাহলে তা মোকাবিলা করবার জন্য আমরা পশ্চিম বাংলায় প্রস্তুত আছি। আমরা অতীতে অসংখ্য-বার জেল খেটেছি। এখানে আমাদের সম্বন্ধে বলা হচ্ছে যে, আমরা নাকি বিরোধীদের সম্পর্কে অন্যরকম ব্যবস্থা করছি—দমন নীতি গ্রহণ করছি। কিসের দমন নীতি? আর এক বার বলছি, আপনারা আমাদের ১,১০০ ছেলেকে কংগ্রেসি গুন্ডাদের দিয়ে খুন করিয়েছেন, আমাদের বার বার বিনা-বিচারে আটকে রেখেছেন। যখনই আমরা আন্দোলনের পথে গেছি তখন আমাদের বিনা-বিচারে জেলে আটকে রেখেছেন। অনেক জায়গায় আমরা আমাদের অফিস খুলতে পারিনি, স্বাধীনভাবে আমরা কাজ করতে পারিনি, মিটিং করতে পারিনি। আপনারা আজকে কি যে-কোনও জায়গায় মিটিং করতে পারছেন না? যে কোনও জায়গায় অফিস করতে পারছেন না? একটা কংগ্রেসি গুন্ডাকেও আমরা বিনা-বিচারে আটক করিনি। যদিও আমাদের কেন্দ্রীয় সরকার বলছেন, বিনা-বিচারে আটক করুন, কিন্তু আমরা করছি না। কারণ আমাদের পথ অন্য, আমরা অন্য পথে চলছি। কাজেই আমি বলতে চাই যে, এত চিন্তা-ভাবনার কিছু নেই, আমরা সৎ পথে আছি এবং সৎ পথে চলব, সাধারণ মানুষের সঙ্গে থাকব, সাধারণ মানুষ আমাদের সঙ্গে থাকবে। এই কথা বলে আমি আপনাদের কাছে আবেদন করছি যে, আমার প্রস্তাব আপনারা সমর্থন করুন।

**মিঃ স্পিকার ঃ** আমি ১৮, ১৯, ৩ ও ৫ নং দাবির অধীন প্রথমে সমস্ত ছাঁটাই প্রস্তাব ও পরে মূল ব্যয় বরাদ্দের দাবিগুলি ভোটে দিচ্ছি।

### Demand No. 18

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 4,67,46,000 be granted for expenditure under Demand No. 18, Major Head : "252—Secretariat—General Services." was then put and agreed to.

### Demand No. 19

The motion of Shri Kiranmoy Nanda that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 5,70,00,000 be granted for expenditure under Demand No. 19, Major Head : "253—District Administration" was then put and agreed to.

### Demand No. 3

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 20,00,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "213—Council of Ministers", was then put and agreed to.

### Demand No. 5

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 4,95,54,000 be granted for expenditure under Demand No. 5, Major Head : "215—Elections", was then put and agreed to.

**মিঃ স্পিকার :** এখন ৪১ নং অনুদানের অধীন ব্যয় বরাদ্দ উত্থাপন। আমি মাননীয় মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করতে অনুরোধ করছি।

### Demand No. 41

**Shri Buddhadev Bhattacharjee :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,00,48,000 be granted for expenditure Demand No. 41, Major Heads : "285—Information and

Publicity, 485—Capital Outlay on Information and Publicity, and 685—Loans for Information and Publicity".

Sir,

1. It is more than three years that the Left Front Government has been entrusted with the management of affairs of the State of West Bengal. The programmes implemented and the achievements won have been heartily supported by a very large section of the people throughout the State. The people of the State, in the urban centres and particularly in the rural areas, have been watching the activities of the Left Front Government with keen interest. My department is entrusted with the task of maintaining the link between the Government and the people, at all levels, of this State. It is the major responsibility of this department to disseminate information on the policies and activities of this Government conducted in the interest of the toiling masses and their implementations among people at large and at the same time to tender all-out assistance to the Government in formulating programmes in various departments on the basis of correct assessment and appreciation of the opinions and reactions of the general public.

2. The role of the Akashavani and the Doordarshan in maintaining liaison between the Government and the people is undeniable. Sometime earlier, in a conference of the State Information Ministers, held in New Delhi, a suggestion was considered for decentralisation of powers so as to involve the State Governments in the activities of the above two media, the Films Division, the Films Censor Board and the news agencies. Unfortunately there was no reflection of that consideration in the subsequently implemented policy of the Union Government.

3. This Government is committed to encourage the honest and independent newspapers and journalism. Being guided by a democratic attitude, respective of political views, the Government has been pursuing a policy of impartial distribution of advertisements. The investigation into the affairs of small and medium newspapers is now complete and in order to accept the responsibility of implementing various recommendations, a thorough scrutiny on the reports has been taken on hand. A recommendation is there to introduce a project of providing financial assistance to the distressed journalists of small and medium newspapers, and necessary provision has been made for the purpose.

By accepting the responsibility, financial and otherwise, of the 'Dainik Basumati', it has been possible to salvage a newspaper with long tradition from total ruination and rehabilitate it in the world of

journalism. Last year a loan of Rs. 23.26 lakhs was advanced for management of the paper. This year another dose of loan of Rs. 15.00 lakhs has been advanced for the purchase of machinery and Rs. 14.35 lakhs for administrative expenses of the Corporation. It has been assessed that the Daily would need no further amounts in the current financial year, and when it would be able to collect the unrealised areas of Rs. 18.26 lakhs lying outstanding in different Government Departments, it will become self-sufficient. The average circulation figure of this Daily in the month of September 1979 was 18,623 copies. It has risen up to the month of September 1980 to 30,187 copies. This number has been stradually increasing and now stands at an average figure of fifty thousand copies. In 1978-79 a sum of Rs. 15.46 lakhs was collected from advertisements. During the first half of 1979-80, the figure rose to Rs. 10.14 lakhs, which, doubtedly was a remarkable achievement.

4. We are aware that a conspiracy is afoot in some interested circles to tendentiously distort the many-sided activities of the Government. These forces are very much active in the neighbouring and other States also. We therefore, trough the opening information centres in those States, have been trying to highlight some of our activities directly before the peoples concerned. To begin with, two such centres have been opened in Madras and Agartala and arrangements are being made to open another in Cuttack soon. There is a proposal to open similar centres in Patna, Bombay, Trivandrum and Lucknow next year. Work on opening of two self-sufficient information centres at Siliguri and Asansol in this State, to cater to the needs of the tea-garden workers and the workers employed in the coal and engineering industry respectively, is in progress. Further, a proposal to open two more information centres in the northern and southern parts of Calcutta, to supplement the Calcutta Information Centre, is now under consideration. With the establishment of these centres, the link of the Government with all the areas of the City will be strengthened. A recommendation has been accepted in the Sixth Five-Year Plan to open information centres in all the subdivisions of our State. This year under this scheme centres in five more subdivisions are to be set up.

5. The number of subscribers and demand for 'Pashimbanga', the official journal published in six languages from this department, has been continuously on the rise. The popularity of the journals can be gauged by the large number of letters in connection with the journals received daily by this department from the districts, towns and rural areas.

6. Some progress has been made possible in the meanwhile, in the field of conduct of official business through the mother tongue. 200 Bengali typewriters have been purchased and these are being sent to offices at Calcutta and in the districts according to requirements. Fifty Nepali typewriters have been produced and despatched to different Government offices in Darjeeling. Work on opening of a printing press of Nepali language in Darjeeling has made considerable progress. An expert (Project Officer) has been appointed and necessary machinery is being acquired.

7. This year we have arranged for exhibitions in Delhi, Chandigarh, Lučknow, Jaipur, Patna, Cuttack, Hyderabad, Trivandrum, Madras, Kanpur, Ludhiana and such places, and also in every district and subdivision and in the rural areas of these State. The exhibits at every show prepared on the themes such as 'The Educational Thoughts of Rabindranath', Communalism and Separatism in the eyes of Rabindranath, 'Right of Man to Work', etc., attracted a large number of visitors.

8. The popularity of Folk Entertainment Section (Loka Ranjan Sakha) of this department has helped imensely establish cultural relations with the neighbouring State. It has earned appreciation for its performances in Delhi for a number of times and also in Dandakaranva and Kerala. The cultural troupe of Darjeeling through performances of drama and songs has become popular among the people of the hill areas. A new Sakha has been opened at Siliguri to cover North Bengal and the shows put up by Jhargram unit of the Sakha are now very popular with tribal people in the area.

9. Various schemes have ben adopted to revive the moribund film industry in the State. A Corporation has been set up and entrusted with the job of establishing a colour film laboratory. The Corporation has taken steps to speedily implement the project. The management of two film studios has been taken over by us. While acquisition procedure has been completed with respect to one of the studios, the same is under way for the other. For the purchase of equipment and administrative expenses fof these wo studios a sum of Rs. 5.23 lakhs has been spent in the current financial year. In order to make the full range of infrastructure facilities necessary for making films to the produces and also to help the young directors, specially in the 16 mm. technology a scheme is under preparation. Government are out to acquire 35 mm. and 16 mm. movie cameras and other equipment.

This department has produced two full length feature films directed by eminent film makers. Another three are under production. Besides, seven children films have been completed and three more are in the making. This year six documentary shorts have been made and five others are nearing completion. In place of the scheme for giving loans to film producers, previously a practice, the scheme for giving grants has been adopted. Under this scheme a maximum of Rs. 2 lakhs for a black and white film and Rs. 3 lakhs for a colour film are being disbursed in three instalments on the completion of 25 per cent., 50 per cent, and 75 per cent. of the work respectively. Under this head during this year, for a total of thirteen films, a sum of Rs. 11.83 lakhs has been disbursed and a further sum of Rs. 4.5 lakhs will be disburse. Last year, in the month of April a festival of films, made in regional languages, was held in Calcutta. In January this year, a festival of children's films was held. Steps have been taken to hold such festivals in the districts. For construction of theatres in urban and rural areas, outside Calcutta, a scheme has been taken up in collaboration with the NFDC and the Kanada Bank. In the theatres constructed under this scheme a larger number of Bengali films will be shown. The Public Works Department is currently constructing the Art Film Theatre Complex at a cost of Rs. 85 lakhs in the site near Rabindra Sadan. When completed, this complex will benefit directors and learners in the field of research and making of experimental quality films and also provide an opportunity to all to see better films and participate in useful discussions. The draft of a Bill intended to make compulsory the showing of films made in the State for at least 12 weeks in a year in the theatre halls of the State was sent to Delhi in November 1979. The same has not as yet received the assent of the President. To cope with the various problems connected with the rehabiliton of films in the State the State Government is engaged in a dialogue with persons and organisations concerned.

10. We are proud of our rich cultural heritage handed down through the and based on our tradition. We want to carry forward, develop and climate a humanistic culture. Our efforts in the field of drama, literature, music, painting, folk culture and archaelogy are directed to achieve this goal. The professional and amateur Jatra and theatre groups, in Calcutta, district and rural areas, have been given awards and grants as a recognition of air contribution to the cause of the popular mass-oriented art form. While spends have given to young and talented workers in the field of drama, ligent actors, have been given financial help. Drama festivals have been arranged in different districts,

and grants made available for holding drama arrivals in Calcutta. The anthology of juvenile literature, Alor Fulki. Finished by this department is being printed for the second time, the first of 25,000 copies having been exhausted. For the second edition also the hand is of the same order. Steps have been taken to publish works of Surendranath Dutta, the revolutionary, and Premchand, the immortal literateur his scheme State Government is actively considering publication of Manik Bandopadhyay and Nazrul Islam. In the current financial 42 copeis of each of 250 selected titles in literature are to be purchased and sent to District and Subdivisional Informtion Centres. We have selected on merit 100 manuscripts by authors unable to receive the patronage commercial publishers, to help them to publish their books by subsidising maximum of 70 per cent. of the cost. For the purpose this year an expenditure of about Rs. 3 lakhs has been estimated. A scheme has been teken up to give financial help to distressed artistes in the field of music. Applications received in answered to newspaper advertisements are being processed in the department. The State Government is also examining a scheme for the establishment of painting gallery in Calcutta. This galery will house works of eminent painter and sculptors of yester years together with works by artists of promise present times.

Application received in answer to adversiment for financial assistance to distressed sculptors and painters are being scrutinised. For the revival and promotion of the different aspects of folk culture in West Bengal a Folk Culture Institute has been set up. Folk culture festivals have been organised in different districts, where performance and workshops were held, and the activity will be persisted with. A museum has already been set up as a wing of this institute. Financial help has been given to different fairs, numbering about nine, such as Paus Mela in Santiniketan and Folk Festival in North Bengal. A centre for research in tribal culture has been set up at Suri and the same has been named after Sidhu Kanu. A similar centre is proposed to be set up at Jhargram.

The State Archaeological Museum was inaugurated during the current financial year at the new premises at Behala.

Currently efforts are on to set up three regional museums in 24-Parganas, Midnapur and Purulia. Grants have been given to different archaeological museums under private management. This department has taken the responsibility for proper conservatiosn of the objects of historical and artistic value in the Hazarduari Palace and the Imambara at Murshidabad. The expert advice of a specialist in the field from Great

Britain has been sought for the purpose. A scheme for the construction of two modern theatres, one at Bagbazar and another at the Jodhpur Prk, two extremities of the city, with all necessary facilities, has been approved and work of construction has been taken in hand at both the sites. Financial help was given for the construction and renovation of public halls in the districts. The Bill empowering the State Government to take over the management of Rabindra Bhavans in the district and subdivisional headquarters has received the assent of the President and steps have been taken to maintain and run those institutions.

Side by side with our glorious cultural heritage, a dark shadow of a decadant culture, a projection of invidious class distinctions, has made its appearance, fed by vulgar displays of capitalistic consumerism, obscene writings by authors who have sold their soul for immediate gains, some productions on the professional stage and films. The culturally conscious people of our State and very many organisations have launched a movement against these tendencies. We should seriously think how to organise and strengthen these spontaneous and commendable efforts. We hope that it is possible to restore the healthy cultural environment in our social life by extending Government support to these individual efforts and working hand in hand with them.

[5-15 — 5-25 p.m.]

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী যে বরাদ্দ এই সভায় পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। তিনি গতবার যে ব্যয়বরাদ্দের দাবি করেছিলেন তা থেকে ৪৮৫ নম্বর খাতে ব্যয় বরাদ্দের দাবি কমেছে, অন্য দুটি খাতে কিছু বেড়েছে। গতবার যে বক্তব্য রেখেছিলেন, এবারেও তিনি একই কথা বললেন। তিনি তার বক্তব্যের মধ্যে বলেছেন, সৎ এবং নিরপেক্ষ সংবাদপত্র, সাংবাদিকদের উৎসাহ দেওয়া তার দপ্তরের লক্ষ্য। আমি তাকে বলতে চাই—তার দপ্তরের কাজের যে ইতিবৃত্ত দেওয়া হল তা থেকে এই সিদ্ধান্ত আমি কিছুতেই করতে পারছি না—সৎ এবং নিরপেক্ষ সাংবাদিকদের উৎসাহ দেওয়ার নীতি দেখে মনে হচ্ছে তার দপ্তর আলট্রাসেনসেটিভ ক্রিটিসিজম বিশ্বাসী নন। এটা বামফ্রন্ট সরকারের একটা চরিত্র তারা বললেন—তারা গণতন্ত্র চাইছেন, গণতন্ত্র এর বিরোধিতাও চাইছেন, কিন্তু কোনও বিরোধিতা হলে তাকে চক্রান্ত বলে চিৎকার করছেন। স্বভাবতই, ওপিনিওন ওরিয়েন্টেড এর মধ্যে ডিফারেন্স অব ওপিনিয়ন হতে পারে। কিন্তু সঙ্গে সঙ্গে মতভেদ হলে তার বিরোধিতা করব এবং চক্রান্ত মূলক বলে বলব, এটা সরকারের নীতি হওয়া উচিত নয়। কলকাতার সংবাদপত্র সম্বন্ধে আমার কথা হচ্ছে, বিগত সাধারণ নির্বাচনে ওরা আমাদের দলের ক্ষতি করা সত্ত্বেও তাদের লেখার মধ্যে দিয়ে সরকারি নীতি নির্ধারিত হওয়া উচিত নয়। সে বিষয়ে আমি দু-একটি দৃষ্টান্ত দিচ্ছি। স্টেটসম্যান পত্রিকায় একটা রিপোর্ট বেরোল—সেন্ট জন চার্চের রেলিং চুরি হয়েছে এবং ছবি দিয়ে এই সংবাদ ছাপা হয়েছে। তার পরেই লালবাজার থেকে বলা হল, বেসলেস এবং আনট্রু। পরের

দিন রাইটার্স বিল্ডিংস থেকে অধীরবাবুর দপ্তর থেকে একটা খবর দেওয়া হল যে, এটা বেসলেস। এটা কি করে হয়? আর একটা ঘটনার কথা বলছি—ক্যাবিনেটে আপনাদের মত পার্থক্য হতে পারে কিন্তু সেটা নিয়ে কি হল তা শুনুন। খাদ্যমন্ত্রীর দপ্তরে কতকগুলি ব্যাপারে মতপার্থক্য হয়েছিল বলে স্টেটসম্যানে একটা খবর বের হয়েছিল। কিন্তু তাকে কন্ট্রাডিক্ট করে সাবস্ট্যানপিয়েটেড করা হয়ছিল যে, স্টেটসম্যানের খবর আন্ট্রু এবং বেসলেস। অধীরবাবুর পক্ষ থেকেও একটা খবর বের হয়েছে যে, সেটা চূড়ান্ত ভাবে আন্ট্রু। শুনেছি স্টেটসম্যানের সেই সাংবাদিক আপনার তথ্য দপ্তরে এসেছিলেন এবং অধীরবাবু তাকে বলেছিলেন যে, তিনি সহি করেছেন এবং এই রকম ধরনের বিবৃতি তিনি দেননি। বৃটিশ আমলে আলতাপ হোসেন যখন প্রচার অধিকর্তা ছিলেন তখন তিনি এই দপ্তরকে তার পার্টির দপ্তর হিসাবে ব্যবহার করেছিলেন। এখনও দেখছি ঠিক সেই রকম হচ্ছে। আর একটি কথা বলব, বিজ্ঞাপন দেওয়ার ব্যাপারে সরকারি নীতির কথা। জনতা দল যখন ক্ষমতায় ছিলেন তখন তারা বলেছিলেন যে, সরকারি নীতি সমর্থন করে বা বিরোধিতা করার জন্য কেন্দ্রীয় বা রাজ্য সরকার যেন কাউকে বিজ্ঞাপন দেওয়া বন্ধ না করেন। কিন্তু এখন বিভিন্ন ধরনের সংবাদপত্রকে হুমকি দেওয়া হচ্ছে যে, এই রকম ধরনের খবর ছাপলে বিজ্ঞাপন বন্ধ করে দেওয়া হবে। মরিচ-ঝাঁপির উদ্বাস্তুরা যখন দন্ডকারণ্যে ফিরে যায়, তখন পান্নালাল দাসগুপ্ত যুগান্তর পত্রিকায় একটা সিরিজ লিখবেন বলে যুগান্তর পত্রিকা থেকে ঘোষণা করা হয়। তার একটা লেখা যুগান্তরে ছাপা হয় এবং বলা হয় যে পরবর্তী অংশ আগামী সংখ্যায় বের হবে। তার পরেই যুগান্তরের উপর অশোভন চাপ সৃষ্টি করা হয় এবং পান্নাবাবুর লেখা যাতে না বের হয় তারজন্য যুগান্তর পত্রিকাকে বলা হয়। এই চাপের কাছে যুগান্তর পত্রিকা নতি স্বীকার করে, সেই লেখা আর প্রকাশিত হয়নি। আমি শুধু এইটুকু বলতে চাই যে, সাংবাদিকদের সম্পর্কে তারা এতই সেন্সিটিভ য়ে, মরিচ-ঝাঁপিতে শুধু আমাদের গ্রেপ্তার করেননি, সাংবাদিক যারা খবর সংগ্রহ করতে গিয়েছিলেন, তাদেরও গ্রেপ্তার করা হয়েছে। আপনাদের এই রকম ধরনের সেনসিটিভনেস কেন? সম্প্রতি পার্লেকার কমিটির রিপোর্ট প্রকাশ করা হয়েছে। শুনছি, মধ্যপ্রদেশ সরকার বলেছেন, পার্লেকার কমিটির রিপোর্ট যারা কার্যকর করবেন না, তাদের বিজ্ঞাপন দেব। এ বিষয়ে আপনারা কিছু করতে পারেন কিনা দেখুন। বসুমতি পত্রিকা সম্পর্কে তিনি দাবি করছেন যে, এর প্রচার সংখ্যা বেড়েছে সেজন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। বসুমতির দাম কম রাখা হয়েছে এবং অন্য কাগজের চেয়ে ১৬ পয়সা কম। এদের সাবসিডি দেবার জন্য বি. জি. প্রেসের কাজ বসুমতি প্রেসকে দিয়ে করা হচ্ছে তাতে বসুমতির ক্ষতি হচ্ছে কিনা জানি না। কাজেই এই বিষয়টা চিন্তা করা দরকার। তাছাড়া, কুরুচিপূর্ণ বিজ্ঞাপন প্রকাশের ভূমিকা বসুমতি পত্রিকা গ্রহণ না করলেই ভাল হয়। সরকারের প্রত্যক্ষ দায়িত্বে যে পত্রিকা বের হচ্ছে তাতে এই রকম ধরনের বিজ্ঞাপন ছাপা উচিত নয়। 'পশ্চিমবঙ্গ' সম্পর্কে তিনি যে দাবি করেছেন, তার জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। কারণ কংগ্রেস আমলে 'পশ্চিমবঙ্গ' যে ভাবে বের হ'ত, তার চেয়ে এখন ভালই বের হচ্ছে। কিন্তু কাগজে অনেক মৌলিক বিষয়ে যে আলোচনা হচ্ছে, সেটা দলীয় থেকে যাচ্ছে। আমি এ বিষয়ে একটি দৃষ্টান্ত দিচ্ছি—'ধন-ধান্য' বলে একটা কেন্দ্রীয় সরকারের পত্রিকা আছে, এর ক্যারেক্টার সরকারি নীতির পরিবর্তনের সঙ্গে এর নীতি পরিবর্তিত হয় না। কেন্দ্রে যখন জনতা সরকার ছিল তখন এর যে বাজেট সংখ্যা বেরিয়েছিল, তাতে এইচ. এম. প্যাটেল-এর বক্তৃতা যেমন ছাপা

হল, তেমনি বিশিষ্ট অর্থনীতিবিদ যারা কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করেছিলেন, তাদের বক্তৃতা সেখানে ছাপা হয়। কিন্তু এখানে কাশীবাবুর বিরোধিতা করে যে বক্তৃতা হয়েছিল, তার মধ্যে গঠনমূলক বিরোধিতাও ছিল, সেই বক্তৃতা আপনারা ছাপেননি। কেন এই দলীয় সংকির্নতা? আপনাদের আর একটা শিশু সাহিত্য পত্রিকা আছে, যার নাম আলোর ফুলকি, তাকেও কি ভাবে বিকৃত করছেন সেটা বলছি।

[5-25 — 5-35 p.m.]

আমাদের ছিল শিশুসাহিত্য, ১৫০ বছরের ঐতিহ্য। আলোর ফুলকি করলেন, সেটা বোঝা যাবে না। সেটা কোন দলীয় স্বার্থে হয়েছে। সেই সংকির্নতা বার বার প্রকাশ পেয়েছে। আমি তার দৃষ্টান্ত দিয়ে অন্য প্রসঙ্গে আসছি। সংস্কৃতি দপ্তর সম্পর্কে কয়েকটা কথা বলতে চাই। ১৯৭৭ এর আগস্টে যখন বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় থিয়াটার, যাত্রা, ফোক এন্টারটেনমেন্ট অ্যাডভাইসরি কমিটি ঘোষণা করেছিলেন, আমি তাতে খুব খুশি হয়েছিলাম। আমি ভেবেছিলাম তিনি একটা বলিষ্ঠ দৃষ্টিভঙ্গি থেকে বলিষ্ঠ পদক্ষেপ নিলেন এবং ব্যাপারটা তিনি পুনর্গঠন করতে চেয়েছেন, এবং সঠিক পথে পরিচালিত হবে মনে হয়েছিল। কিন্তু এখন দেখছি সরকারের অন্য সব দপ্তরের মতো ফোক এন্টারটেনমেন্ট অ্যাডভাইসরি কমিটিকে ডিফাঙ্কট করে রাখা হয়েছে। এখন কতটা মন্ত্রীর ভূমিকা, কতটা আমলাদের দায়িত্ব। দেড় দু বছর মিটিং হচ্ছে না এবং যে সব প্রতিশ্রুতি মন্ত্রী মহাশয় দিয়েছিলেন সরকার পক্ষ থেকে, যেমন রবীন্দ্র সদনে বিভিন্ন ফাংশন, বিভিন্ন জেলা গুলির বিল্ডিং সমস্যা কোথায় অন্য কি ধরনের সমস্যা সমস্ত কিছু রিপোর্ট করার দায়িত্ব ছিল এই অ্যাডভাইসরি কমিটির কিন্তু কিছু করা হল না। আপনাদের দায়িত্ব ছিল তাদের সভায় ডাকা। ওয়ারকিং কমিটি দুটি সাব কমিটি করেছেন। তারপর ফোক এন্টারটেনমেন্ট ডিপার্টমেন্ট, অ্যাডভাইসরি কমিটির আওতার বাইরে হোল্ড আপ করে নিয়ে গেল। অ্যাডভাইসরি কমিটিকে কোনও গুরুত্ব কোনও দায়িত্ব দিলেন না। এই ব্যাপারে কেউ উৎসাহ দেখালে মন্ত্রী মহাশয় বিরক্ত হন। এটা আমার নিজের কথা নয়, ১৬ই সেপ্টেম্বর তারিখে অ্যাডভাইসরি কমিটির একজন বিশিষ্ট সদস্য যিনি রাজনৈতিক দিক থেকে আপনাদেরই কাছাকাছি তিনি প্রকাশ্য বিবৃতি দিয়েছেন, এবং এই কথা গুলি বলেছেন এবং তিনি একজন বাংলার গর্বের বস্তু। অনেকগুলি চিঠি তিনি মন্ত্রী মহাশয়ের কাছে দিয়েছিলেন, মন্ত্রী মহাশয় তাতে অসন্তুষ্ট হয়েছিলেন এবং চিঠির মধ্যে লিখেছিলেন, তার প্রেস স্টেটমেন্টে বলেছেন "My enthusiasm and concern were mis-con strutted, and the Minister sent me a curt offensive note asking me" not to indulge in such letter writing exercise"। কাজেই কাউকে কাজ করতে দেওয়ার মতো মানসিকতা এই দপ্তরের আছে কিনা আমার তো তাতে সন্দেহ জাগে। আমি কয়েকটা কথা বলতে চাই যে সমস্ত প্রধান প্রধান হল আছে রবীন্দ্রসদন তাদের পরিচালনায় ব্রতী আছে। আমাদের পশ্চিমবাংলায় এই জগতে গর্বের বস্তু হতে পারত রবীন্দ্রসদন। আপনারা সেটা করেননি। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই এই রবীন্দ্রসদনের পরিচালন ব্যবস্থা কি ভাবে চলছে। আজকে কারা কারা হল পাচ্ছে। পশ্চিমবাংলার যে সঙ্গীত, নাটক, নৃত্য কতবার সেই স্টেজে হচ্ছে। শান্তিনিকেতন আশ্রমী সংঘ হবে এই ধরনের যে সব প্রস্তাব আছে তার জন্য কতটা কি করেছেন। সোভিয়েত রাশিয়া বা অন্য কোনও দেশে এই ব্যাপারে কি ভাবে উৎসাহ

দেওয়া হয় আর আমাদের কোনও সংস্কৃতিকে আপনারা সেই ভাবে উৎসাহ দিচ্ছে? আজকে ট্যালেন্ট প্রকাশ হতে পারছে না। আজকে অহিন্দ্র মঞ্চ, শিশির মঞ্চের অবস্থা অত্যন্ত শোচনীয়। সেখানে কোনও ম্যানেজমেন্ট নেই। একটা দলীয় সংকির্ন মন নিয়ে পরিচালনা করা হচ্ছে। অ্যাডভাইসরি কমিটির সদস্যরা অভিযোগ করেছেন মন্ত্রীদের কাছে বলে বলে কিছু হচ্ছে না এবং পরে সাংবাদিকদের কাছে প্রকাশ্য বিবৃতি দিয়েছেন। আজকে পশ্চিমবাংলার গ্রামীণ সংস্কৃতি এত বিপন্ন যে আজকে পশ্চিমবঙ্গের গ্রামে গঞ্জে মাঝি মাল্লার কোনও গান শোনা যায় না। এই কথাটা আপনারা একটু ভেবে দেখুন। আজকে টি. ভি. রেডিও প্রভৃতি নানা রকম প্রতিযোগিতামূলক সফিস্টিকেশন এতে এসেছে যে মাঝি মাল্লার কণ্ঠে আজকে হিন্দি গান শোনা যাচ্ছে। মালদহে গম্ভীরা গান, ঝুমুর গান ইত্যাদি গান এই গুলি বিদেশে চলে যাচ্ছে, আমেরিকা পর্যন্ত চলে যাচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় তার কত টুকু প্রচার হচ্ছে, সরকারের কতটা উদ্যোগ ও কতটা সমর্থন তারা পাচ্ছে?

সরকারি উদ্যোগ, সমর্থন তাদের প্রতি কি হয়েছে? স্যার, এই বঙ্গ সংস্কৃতি সম্মেলন আগে কলকাতায় ব্যাপকভাবে হোত এবং বছরে একবার শিল্পীরা তাদের উৎকর্ষতা দেখাবার সুযোগ পেতেন। কাজেই আপনাদের বলছি সরকারি উদ্যোগে সেইভাবে বঙ্গ সংস্কৃতি সম্মেলনের ব্যবস্থা করুন এবং তার মাধ্যমে বাংলার লোকসংস্কৃতিকে জাগিয়ে তুলুন। একবার সাহিত্যিক নারায়ন গঙ্গোপাধ্যায় বলেছিলেন পশ্চিমবাংলায় লোকগীতি কোথাও শুনি না এবং তারপর রসিকতা করে বলেছিলেন, তাহলে কি পশ্চিমবাংলায় গ্রাম নেই? কিন্তু পশ্চিমবাংলার সেই গ্রামীণ সংস্কৃতিকে কিভাবে উন্নত করা যায় সে সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের বক্তৃতার মধ্যে কিছু নেই। আগে গ্রামে, গঞ্জে যে যাত্রাগান হোত আজকে আর তা নেই আজকে দেখছি চিতপুরের যাত্রা গ্রামীণ যাত্রাকে গ্রাস করেছে। তারা ২০/২৫ হাজার টাকা নিয়ে যাত্রা গান করে এবং সেখানে ৫ টাকা/১০ টাকার টিকিট বিক্রি হয়। আমি মনে করি পশ্চিমবাংলার গ্রামে, গঞ্জে যাত্রাগানকে কিভাবে প্রসার করানো যায় এবং কি করে তাদের ওই ব্যবসাগত যাত্রাগানের হাত থেকে বাঁচানো যায় এই বিভাগকে সে সম্বন্ধে অগ্রণী ভূমিকা নিতে হবে। প্রাক স্বাধীনতা যুগে এই যাত্রাগানের মাধ্যমে দেশপ্রেমের বিস্তার ঘটেছিল। যেমন আমরা দেখি মুকুন্দ দাসের গান। অবশ্য এর পাশাপাশি কিছু কিছু যাত্রাগানের মাধ্যমে সাম্প্রদায়িকতাও দেখা দিত। যেমন, কোনও মুসলমান রাজ্য হিন্দু মেয়েকে নিয়ে গেল। আজকে আবার একটা অন্য সুর দেখছি এবং সেটা হচ্ছে সরকারি পৃষ্ঠপোষকতার যে যাত্রাগান হচ্ছে সেখানে জাতীয় ঐতিহ্য নষ্ট করবার একটা প্রচেষ্টা চলছে—অর্থাৎ ডিন্যাশনালাইজেশনের একটা প্রচেষ্টা দেখছি। মহাত্মা গান্ধী বা অন্য কোনও জাতীয় নেতা বিদেশি নেতার চেয়ে হীন এই ধরনের যাত্রাগান হচ্ছে। তারপর, চলচ্চিত্র সম্বন্ধে তিনি অনেক কথা বলেছেন। স্বরূপ দত্তকে ৩ লক্ষ টাকা দেওয়া হল পেলেকে নিয়ে একটা বই করবার জন্য। স্যার, চলচ্চিত্র মহলে শোনা যায় মহরতের দিন ডি. ওয়াই. এফ-এর নেতাকে খাতির না করলে টাকা পয়সা পাওয়া যায় না।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নাম ধরুন।

**শ্রী সন্দীপ দাস ঃ** আমার নাম বলার ইচ্ছা ছিল না, কিন্তু আপনি যখন জানতে চাইছেন তখন বলছি, শ্রী নিরঞ্জন দত্ত। যা হোক, কংগ্রেস আমলে দলবাজি হলেও কিছু কিছু

লোক টাকা পেয়েছে। কিন্তু আপনাদের আমলে দেখছি সেটা হচ্ছে না। তারপর, সাব-কমিটিগুলোকে নন-ফাংশনিং করা হয়েছে। মন্ত্রী মহাশয়ের দপ্তরের মধ্যে আমি ক্লিন অ্যাডমিনিস্ট্রেশন দেখছি না। এটাই যদি মন্ত্রী মহাশয়ের দপ্তরের লক্ষ্য হয় যে, সি. পি. এম. নেতার তদ্বির ছাড়া কিছু হবে না তাহলে সেটা কালচারাল মিনিস্ট্রি নয়, আনকালচারাল মিনিস্ট্রি হতে পারে। মন্ত্রী মহাশয় ক্যাবারে নাচের কথা যা বলেছেন তারজন্য আমি তাকে সাধুবাদ জানাচ্ছি। আমিও নীতিগতভাবে চাই ক্যাবারে নাচ বন্ধ করা হোক।

[5-35 — 5-45 p.m.]

গত ১৫ই ফেব্রুয়ারি রেড ক্রস বল না আয়োজন হল পার্ক হোটেলে। রাজ্যপাল গেলেন, রাজ্যপাল নিশ্চয়ই থাকবেন, তিনি উদ্বোধন করে চলে গেলেন কিন্তু যুগান্তরে খবর বেরিয়েছে তার পরের দিন ১৬ই ফেব্রুয়ারিতে যে রাত দুটো তিনটে পর্যন্ত মুখ্যমন্ত্রী এবং তথ্যমন্ত্রী সেখানে থেকে সেই ক্যাবারে নাচ উপভোগ করেছেন। এই যদি অবস্থা হয় তো জনগণের এই ক্যাবারে নাচ সম্পর্কে বিতৃষ্ণা কি করে আসবে? আসবে না। আপনারা কথায় এবং কাজে যদি এক না হন, তাহলে যত মহৎ উদ্দেশ্যের কথাই ঘোষণা করুন না কেন, লক্ষ্যে পৌঁছুতে পারবেন না। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবজেক্টিভ দৃষ্টিভঙ্গি নিয়ে আমার বক্তব্য বলার চেষ্টা করছি। বুদ্ধদেববাবুর আমলে ভাল কিছু পদক্ষেপ নিয়েছেন, তার জন্য আমি তাকে সাধুবাদ জানাচ্ছি, কোথাও কোথাও ইম্প্রুভমেন্ট করেছেন, কিন্তু তিনি ওভার অল দৃষ্টিভঙ্গি নিচ্ছেন না, দলীয় দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছেন। তার জন্য পশ্চিমবঙ্গের সংস্কৃতি ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হচ্ছে না। দিল্লিতে যে ইন্ডাস্ট্রিয়াল ফেয়ার হয়েছিল, সেখানে পশ্চিমবঙ্গের স্টল সম্পর্কে কত সমালোচনা বেরিয়েছে, পশ্চিমবঙ্গের স্টল নিন্দা এমন পেয়েছে যে, তা কল্পনাও করা যায় না। এই থেকে আমি যে কথা বললাম সেই দৃষ্টিভঙ্গিই প্রতিফলিত হচ্ছে। আর একটা কথা হল পশ্চিমবাংলার গ্রামীণ গণসঙ্গীত নিশ্চয়ই থাকবে। লোক সঙ্গীতের ঐতিহ্য শতাব্দীর পর শতাব্দী গড়ে উঠেছে, সেটাকে স্তব্ধ করে দিয়ে গণ-সঙ্গীতের উন্নতি হতে পারে না। এই কথা বলে যে ডিমান্ড পেশ করেছেন, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের তথ্য ও সংস্কৃতি বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৮১-৮২ সালের অনুদান বরাদ্দের দাবির প্রস্তাব রেখেছেন। আমি তার বইয়ের ভাষণ ভালভাবে পড়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয়, এই ভাষণের মধ্যে ছাপার ভুল আছে, কারণ এতে লেখা আছে পশ্চিমবঙ্গের তথ্য ও সংস্কৃতি বিভাগ, এটা বোধ হয় হবে—পশ্চিমবঙ্গের ভুল তথ্য ও অপ-সংস্কৃতি বিভাগ। কারণ আমার মনে হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় তথ্য পরিবেশন করে গত ৪/৩/৮১ তারিখে প্রশ্নোত্তরে বলেছেন যে পশ্চিমবঙ্গ পত্রিকার প্রচার সংখ্যা হচ্ছে ৫৫ হাজার প্রতি সপ্তাহে। এই পত্রিকা এম. এল. এ.-দের ফ্রি দেওয়া হয়। তাতে আমি দেখেছি দলবাজি হচ্ছে, এখানকার প্রকৃত তথ্য প্রকাশিত হয় না। এই পত্রিকা পঞ্চায়েতের গুণ গানে পঞ্চমুখ, সরকার পক্ষের সদস্যরাও যে সমস্ত গুণ গান করেন, সেগুলিও বর্ণনা করা হয়েছে, কিন্তু এর ত্রুটিগুলি কিন্তু প্রকাশ করা হচ্ছে না। পঞ্চায়েত নিয়ে দুর্নীতি হচ্ছে, দলবাজি হচ্ছে, এফ. এফ. ডবলিউ

থেকে যে গম দেওয়া হচ্ছে, সেসব যে সেন্টার থেকে দেওয়া হচ্ছে, সেই সমস্ত জিনিস কিন্তু প্রচার করা হয় না। দুর্নীতি এবং দলবাজির কথা প্রচার করা হয় না। বাঁকুড়া জেলায় তিন জন সি. পি. এম. পঞ্চায়েত প্রধান অ্যারেস্টেড হয়েছে পশ্চিমবঙ্গ পত্রিকায় তা প্রকাশিত হয়নি, ভুল তথ্য প্রকাশ করা হচ্ছে, ভুল স্ট্যাটিস্টিক্স দেওয়া হচ্ছে। মিনিকিটের কথা বলা হয়, এতে এত হেক্টর জমিতে গম চাষ হবে, ধান চাষ হবে, আলু চাষ হবে। একটি মিনিকিট যদি তিন একর জমিতে চাষ হয় তাহলে বাঁকুড়াতে এক হাজার মিনিকিট দেওয়া হয়েছে, সেখানে তিন হাজার একর জমিতে চাষ হবে। সেই হিসাব পরিবেশন করছেন। বিভিন্ন গ্রামে যেখানে আপনারা মিনিকিট দিয়েছেন সেটা কোথায় বিলি হয়েছে? বিলি হয়েছে যেখানে কৃষক নাই যে কৃষকের জমি নাই তাদের দেওয়া হয়েছে অঞ্চল প্রধান পঞ্চায়েত সমিতির সদস্য এবং তার আত্মীয়স্বজনদের বিলি করা হয়েছে। কিন্তু এই সমস্ত কথা তো আপনারা প্রচার করছেন না। বিভিন্ন পত্র পত্রিকা সরকারি টাকায় আপনাদের পার্টির বক্তব্য প্রচার করছেন। গত লোকসভার ইলেকশনে যে সমস্ত পোস্টার, প্যাম্পলেট, লিফলেট এই দপ্তর থেকে প্রচার করা হয়েছে তাতে আপনাদের পার্টির বক্তব্যই প্রচার করা হয়েছে এইটা আপনি অস্বীকার করতে পারেন? সাহা কমিশনের রিপোর্ট বেরুল তার বাংলা কপি বেরুলো এই দপ্তর থেকে। শিক্ষা নীতির ব্যাপারে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় স্ট্যাটিস্টিক্স বের করলেন যে কোথায় কত কোন শ্রেণী থেকে মাতৃভাষা পড়ানো হচ্ছে তুলনামূকভাবে—কিন্তু এই ভাষা নীতি নিয়ে বহু শিক্ষাবিদ কারা বরণ করলেন বহু মহিলা কারা বরণ করলেন সেই তথ্য তো বিতরণ করলেন না। তাই জন্য বলছি এটা ভুল তথ্য পরিবেশন বিভাগ। বিভিন্ন ক্ষেত্রে সরকারের তথ্য পরিবেশন করার জন্য এই পশ্চিমবঙ্গ পত্রিকা কিন্তু আপনারা সেখানে ভুল তথ্য পরিবেশন করে মানুষকে বিভ্রান্ত করছেন। এটা অপসংস্কৃতি দপ্তর কেন বলছি। কেননা আজকে অপসংস্কৃতি পশ্চিমবাংলায় দুষ্টখতের মতো ছড়িয়ে গেছে। গত ২৫এ ফেব্রুয়ারি উনি প্রশ্নোত্তরের সময় বলেছিলেন—ইহা কি সত্য যে কলকাতা ও শহরতলীর প্রেক্ষাগৃহসমূহে এক শ্রেণী দক্ষিণ ভারতীয় কুরুচিপূর্ণ চলচ্চিত্র অবাধে প্রদর্শিত হচ্ছে? আপনি তার উত্তরে বলেছিলেন হ্যাঁ। আর এক প্রশ্নের উত্তরে বলেছিলেন অভিযোগ সত্য হলে ঐ চলচ্চিত্র প্রদর্শন বন্ধ অথচ সেনসর করার জন্য রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করছেন কি—উত্তর না। এটা কেন বন্ধ করতে পারছেন না? আজকে আলু যাতে ব্ল্যাক মার্কেটিং না হয় তার জন্য আপনারা আপনাদের ক্যাডারদের দিয়ে কোল্ড স্টোরেজ সব ঘেরাও করালেন সেখানে এই ছবি যেখানে চলছে আপনাদের ক্যাডারদের সেগুলি বন্ধ করতে পারেন না খবরের কাগজে লেখা আছে 'লাজ রাখো' ৪৫০ রজনী আসন্ন আর একটা খবরের কাগজে আছে 'সম্রাট সুন্দরী' ৬৫০ রজনীর দিকে গ্রামে গঞ্জে শহরে নগরে এ নাটকের জয়জয়কার। আপনারা কোল্ড স্টোরেজ বন্ধ করে দিতে পারছেন আপনাদের ক্যাডারদের দিয়ে আর এই সব ছবি বন্ধ করতে পারছে না। আজকে অপসংস্কৃতি বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছে। আপনাদের যে লোকরঞ্জন শাখা আছে আমি সেই লোকরঞ্জন শাখার অভিনয় দেখেছি। সেখানে দেখলাম আপনারা দলবাজি করছেন। সেখানে একটা দরজা দেখলাম এক দল হয়েছে সি. পি. এম. আর এক দল হয়েছে কংগ্রেস এবং সেখানে এমন সব বানানো হয়েছে যাতে কংগ্রেসকে হেয় করা যায়। এইভাবে আপনারা সরকারি অর্থকে নিজের পার্টির কাজে লাগাচ্ছেন। এবং এই লোকরঞ্জন শাখাতে

যেসব নাটক পরিবেশন করছেন সেগুলি সবই আপনাদের নিজেদের পার্টির স্বার্থে লেখা হয়েছে। আমি অনুরোধ করছি এইভাবে সরকারি অর্থে আপনারা দলবাজি করবেন না। আপনারা বলছেন খবরের কাগজ সম্বন্ধে যে আমরা নিরপেক্ষ সাংবাদিকতাকে উৎসাহিত করতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ।

[5-45 — 5-5 p.m.]

স্যার, এই হাউসে আমরা দেখেছি "আনন্দবাজার পত্রিকার" কথা উঠলেই ওরা খুব খেপে যান, বলেন ঐ পত্রিকায় যা বেরোয় সবই অসত্য। স্যার, যে পত্রিকা এদের সমালোচনা করেন সেই পত্রিকার উপরই এরা অসন্তুষ্ট হ'ন এবং সেই পত্রিকার সম্বন্ধে বিরূপ মনোভাব পোষন করেন। স্যার, এই ভুল তথ্য এবং অপসংস্কৃতির যে দপ্তরে সেই দপ্তরের ব্যয়বরাদ্দের আমি বিরোধিতা করছি এবং তা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য ও সংস্কৃতির দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আজকে এই সভায় যে ব্যয়বরাদ্দের প্রস্তাব রেখেছেন তা আমি সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, আজকে পশ্চিমবাংলার সংস্কৃতির পরিমন্ডলে এবং ভারতবর্ষের আনাচে-কানাচে পদ্ম বনে মত্ত হস্তির আগমণ হয়েছে। স্যার, একটু আগে এক মত্ত হস্তির দাপাদাপি আমরা এখানে দেখলাম। তিনি আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে দপ্তরের ব্যয়বরাদ্দ রাখলেন সেই দপ্তরের আগে দুটি বিশেষণ যোগ করেছেন। তিনি সম্প্রতি দল বদল করেছেন এবং তিনি এখন ব্রাকেটের মধ্যে চলে গিয়েছেন। তিনি সংস্কৃতিটাকে অপসংস্কৃতি এবং তথ্যটাকে ভুল তথ্য বলেছেন। স্যার, তিনি বললেন, কুরুচিপূর্ণ বিজ্ঞাপন পত্রিকাগুলিতে প্রকাশিত হয় এবং তারপরেই আনন্দবাজার পত্রিকার প্রতি তিনি সমবেদনা জানালেন সেই পত্রিকার সমালোচনা হয় বলে। আমি তাকে বলব, আনন্দবাজার পত্রিকাতে যে সমস্ত কুরুচিপূর্ণ বিজ্ঞাপন থাকে সেগুলি বন্ধ করতে বলুন। তারপর সন্দীপবাবু বললেন, সরকারি আনুকুল্যে যে পত্রিকা চলে সেই 'বসুমতি' পত্রিকাতে অনেক কুরুচিপূর্ণ বিজ্ঞাপন প্রকাশিত হয়। আমি স্যার, 'বসুমতী' পত্রিকাটি খুলে দেখছিলাম, সেখানে স্যার, কোনও কুরুচিপূর্ণ বিজ্ঞাপন নেই। আর যে 'আনন্দবাজার পত্রিকার' কথা উনি বলছিলেন সেই পত্রিকাতে দেখুন কত এই ধরনের বিজ্ঞাপন রয়েছে। স্যার, আমরা বিশ্বাস করি the ruling idea of each age has ever been the idea of the ruling class. এর তর্জমা করলে বোঝায় প্রত্যেক যুগের প্রধান প্রধান ধ্যান ধারণা হল সেই যুগের শাসক শ্রেণীর ধ্যান ধারণা। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণের শেষ পর্বে বলেছেন, "আমাদের গৌরবোজ্জ্বল সংস্কৃতির পাশাপাশি শ্রেণী বৈষম্য থেকে উদ্ভুত অবক্ষয়ী সংস্কৃতির অশুভ ছায়া ধনী ব্যবসায়ীদের কুরুচিপূর্ণ বিজ্ঞাপনে, বিক্রিত-বিবেক সাহিত্যিকদের অশ্লীল রচনায় এবং কিছু কিছু পেশাদারি নাট্য প্রয়োজনায় ও চলচ্চিত্রে প্রকট হ'য়ে দেখা দিয়েছে।" এর বিরুদ্ধে আজকে প্রতিবাদের ঝড় তোলা দরকার। এই প্রতিবাদের ঝড়ের সঙ্গে সঙ্গে প্রতিরোধের ফসল তুলব বলেই আজকে তার বক্তব্য আমি সমর্থন করছি। আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা একথা ভুলে গিয়েছেন যে এই দপ্তরের প্রধান প্রধান লক্ষ্য এবং দায়িত্ব কি। বিভিন্ন দপ্তরে যে কাজগুলি হয়, সমস্তগুলিকে কেন্দ্রিভূত করে একটা বিশেষ দপ্তরের

মাধ্যমে এই সরকারের যে চিন্তা-ভাবনা, তাদের যে নীতি, তার কার্যাবলি, তার কার্য পদ্ধতি, তার যে কর্মসূচি, তার যে অভিষ্ট লক্ষ্য, পশ্চিমবাংলার মানুষের কাছে, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে পৌঁছে দেওয়া হচ্ছে এই দপ্তরের প্রধান লক্ষ্য। তা যদি হল তাহলে এই উদ্দেশ্যে এই দপ্তর পরিচালিত হবে। সেখানে সরকারের সাফল্য থাকবে, পঞ্চায়েতের সাফল্য থাকবে, বর্গা অপারেশনের সাফল্য তাতে থাকবে। সেগুলি না বলে যদি ওরা চলেন যে এগুলি কেন থাকবে, এত হয় না—থাকবে বলেই তো এই বিভাগের বিশেষ দায়িত্ব রয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি যে উনি হিসাব করে দেখিয়েছেন উত্তরোত্তর ভাবে প্রত্যেকটি মেজর খাতে ব্যয়-বরাদ্দ বাড়িয়েছেন। ১৯৭৮-৭৯ সালে যেখানে ২ কোটি ৮১ লক্ষ ৯৭ হাজার ছিল ২৮৫ নম্বর খাতে, সেখানে ১৯৮১ সালে ৪ কোটি ৮৬ লক্ষ ৭৬ হাজার হয়েছে। সেই রকম ভাবে ৪৮৫ নম্বর খাতে ১৯৭৮-৭৯ সালে ছিল ১৫ লক্ষ টাকা, সেখানে এবারে হয়েছে ৪০ লক্ষ টাকা। আবার ৬২৫ নং খাতে ১৯৭৮-৭৯ সালে ছিল ১৩ লক্ষ টাকা, সেখানে ১৯৮১-৮২ সালে হয়েছে ৭৩ লক্ষ টাকা। মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তৃতার শেষের দিকে ১১ অনুচ্ছেদে বলেছেন, সারা ভারতবর্ষে শ্রীমতী ভয়ঙ্করির নেতৃত্বে দাপাদাপি শুরু হয়েছে গেছে, তাকে মোকাবিলা করার জন্য আজকে বেসরকারি উদ্যোগ এবং সরকারি উদ্যোগ—এই দুটো উদ্যোগকে সমন্বয় করে আমাদের এগিয়ে যাওয়া দরকার এবং সেদিকে নজর রেখে আমাদের সাহায্য চাইব। বিগত ৩ থেকে ৩।। বছরের মধ্যে আমাদের এই দপ্তরের যে কাজগুলি করেছে, সেই কাজগলি খুঁটিয়ে দেখলে বোঝা যাবে যে অগ্রগতি কোথায় হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের প্রচারের যে গণ-মাধ্যমগুলি রয়েছে—আকাশবাণী, দূরদর্শন, সংবাদ পত্র, বিজ্ঞাপন ইত্যাদি, সে ক্ষেত্রে সাংবাদিকদের কাছে এইটুকু আশা করব যে দল মত নির্বিশেষে প্রত্যেকটি সমস্যার চুলচেরা বিশ্লেষণ করে সৎ সাংবাদিকতার ধারা অক্ষুন্ন রাখার চেষ্টা করবেন তাহলে আমরা নিশ্চয়ই সমর্থন করব। প্রশ্নটা সেদিক থেকে না রেখে যদি অন্য ভাবে এগিয়ে নিয়ে যেতে চান, আজকে সমস্ত মানুষের মধ্যে কিছু কিছু বিভ্রান্তি হলে, সেই জিনিস কিন্তু আগামী দিনে থাকে না এবং তার প্রমাণ আমরা বিভিন্ন দপ্তরে দেখছি। দ্বিতীয় মাধ্যম হচ্ছে আকাশবাণী। আজকে আকাশবাণীকে এ. আই. আর বলে কল্পনা করতে কেউ সাহস পায় না। আজকে এই অল ইন্ডিয়া রেডিওকে লোকে ঘুরিয়ে ঘুরিয়ে অন্য কথা বলছে। আজকে অল ইন্দিরা রেডিও বলে অনেকে বলছে। এখন প্রশ্ন হচ্ছে, আকাশবাণী এবং দূরদর্শন যে গণমাধ্যম, এই গণ মাধ্যমকে জনতা সরকারের আমলে স্বয়ং শাসিত করার কথা ছিল। ১৯৮০ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকার আসার পরে সেই প্রস্তাব বাঞ্চাল হয়ে গেছে। ফলে এক তরফা ভাবে সোজাসুজি কর্তৃত্ব চলে গেছে শ্রীমতী ইন্দিরা গান্ধী পরিচালিত সরকারের হাতে। আমি মনে করি এই যে দুটি প্রধান গণমাধ্যম আকাশবাণী এবং দূরদর্শন, এখানে কোনও একটি রাজ্য বা অঞ্চলের যে স্বক্রিয় বৈশিষ্ট, তাদের বিভিন্ন সমস্যা যেগুলি রয়েছে, সেগুলি হাইল্যাপ করার জন্য রাজ্য সরকারের কিছু কিছু ভূমিকা থাকা দরকার। এখানে বিজ্ঞাপনের কথা বলা হয়েছে। বিজ্ঞাপনের ক্ষেত্রে আমরা প্রত্যেকটি ছোট এবং বড় পত্রিকায়, বিশেষ করে জেলার পত্রিকাগুলির ক্ষেত্রে উদার হস্তে সাহায্য দেবার চেষ্টা করেছি। যে সমস্ত ছোট ছোট লেখকরা বই ছাপতে পারছে না, সেখানে পুস্তক প্রকাশনের ক্ষেত্রে আমরা সাহায্য করছি। সরকারের যে সাফল্য, সেই সাফল্যগুলি প্রচার করার জন্য প্রকাশন করা হচ্ছে। সরকারের সাফল্য

নির্বাচনের আগে প্রকাশিত হবেই। সে জন্য দুঃখ করার কিছু নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তথ্য দপ্তরের যে কাজগুলি হয়েছে সেই সম্পর্কে একটু বলতে চাই। ওরা অপসংস্কৃতির কথা বলেছেন।

[5-55 — 6-05 p.m.]

অপসংস্কৃতি বলতে ওরা কি বোঝেন জানি না। কিন্তু অপসংস্কৃতি বলতে আমরা যা বুঝি তা ওদেরই আমলে এখানে আমদানি করা হয়েছে, সেই অপসংস্কৃতি বলতে এক কথায় বলতে পারা যায় যে, অপসংস্কৃতি হচ্ছে সংকট জর্জর পচে যাওয়া মরণোম্মুখ সমাজ ব্যবস্থার বমন, একটা গলিত শবদেহের দুর্গন্ধ। সব দিকে কোনঠাসা হয়ে শাসক শ্রেণী তখন চেষ্টা করে জনগণকে তার ঐতিহ্য থেকে বিচ্ছিন্ন করে তাকে ব্যাভিচারের নগ্নতার চরকি পাকে ঘুরিয়ে তার চারিত্রিক দৃঢ়তা ও প্রতিভা বিনষ্ট করতে। বুর্জোয়া গণতন্ত্র যখনই সংকটে পড়ে তখনই শ্রেণী স্বার্থকে রক্ষা করার জন্য এই অপসংস্কৃতিকে আমদানি করা হয়। যা কিছু জনগণের রাজনৈতিক সংগ্রামকে সাহায্য করে তাই সুস্থ সংস্কৃতি, আর যা কিছু তাকে ব্যাহত করে তাই অপসংস্কৃতি। যার ফলে আজকে আমরা দেখতে পাচ্ছি যে, প্রকৃত বিবেক সম্পন্ন সাহিত্যিক, নাট্যকার, গীতিকার তৈরি করার বদলে, প্রতিটি ক্ষেত্রে রন্ধ্রে রন্ধ্রে অপসংস্কৃতির বীজ ছড়িয়ে দেওয়া হচ্ছে।

পরিশেষে আমি এখানে একটা বিষয়ে উল্লেখ করছি। আমাদের মেদিনীপুর জেলায় তিনটি পাবলিক হল আছে, (১) বিদ্যাসাগর স্মৃতি মন্দির, (২) বীরেন্দ্র হল, (৩) দেবেন্দ্র হল। এগুলি কিন্তু শুধু সরকার পরিচালিত নয়, ট্রাস্ট বডি এবং সরকারি প্রতিনিধির দ্বারা পরিচালিত। বিশেষ করে বিদ্যাসাগর স্মৃতি মন্দিরটির সর্বজনমান্য ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণান ভিত্তি স্থাপন করেছিলেন ১৩৪০ সালের ভাদ্র মাসে এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর দ্বারোদ্ঘাটন করেছিলেন ১৩৪৬ সালের ৩০শে অগ্রহায়ণ। বর্তমানে ট্রাস্ট বডির প্রায় ২/৩ অংশ হয় মৃত অথবা অথর্ব। সেখানে কোনও মিটিং হয় না, মিটিং হলেও কোরাম হয় না। অথচ লক্ষ লক্ষ টাকা সেখানে পড়ে আছে, অথচ আসবাব-পত্র নষ্ট হয়ে যাচ্ছে বা উধাও হয়ে যাচ্ছে। ঐতিহাসিক জিনিসগুলি রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা নেই। সংস্কারের অভাবে এখানে অকালে বার্ধক্য নেমে এসেছে। মেদিনীপুর শহরের দলমত-নির্বিশেষে সমস্ত সাংস্কৃতিক কর্মীদের দাবি ট্রাস্ট বডির প্রতিনিধিদের নিয়ে, সাংস্কৃতিক সংগঠনগুলির প্রতিনিধিদের নিয়ে এবং সরকার মনোনীত প্রতিনিধিদের নিয়ে নতুন করে একটা বডি গঠন করা হোক এবং এই ঐতিহাসিক স্মৃতি মন্দিরকে আধুনিকীকরণ করা হোক, রক্ষা করা হোক। এই আবেদন রেখে এবং এই ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্তোষকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তথ্য ও সংস্কৃতি বিভাগের ১৯৮১-৮২ সালের বাজেটকে সমর্থন করতে উঠে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই আমি মাননীয় তথ্য-মন্ত্রীকে বলব যে, আপনার কাজটা অত্যন্ত কঠিন, কারণ আমাদের সরকারের নীতি এবং কর্মযজ্ঞের কথা সাধারণ মানুষের কাছে ছড়িয়ে দেবার দায়িত্ব আপনার। আপনি জানেন যে, এই কাজ করা অত্যন্ত কঠিন। এটা ঠিক যে আপনি পক্ষপাতহীন ব্যবস্থা

গ্রহণ করেছেন এবং করছেন। সেই জন্যই আপনি সৎ সংবাদপত্র এবং নিরপেক্ষ সাংবাদিক খুঁজছেন। কিন্তু তা কোথায় পাবেন? তা যদি হয় তাহলে এই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় পুঁজিপতিদের এবং কায়েমি স্বার্থের দোসর হবে কে? আপনার কাজে কে বাধা দেবে? তাই আমি আপনাকে বলব যে, আপনি আরও কঠোর এবং নির্মম হোন, আপনার প্রচার যন্ত্রকে আরও শক্তিশালী করার জন্য। অন্যায় এবং অবিচারের কণ্ঠকে স্তব্ধ করে দেবার জন্যই পশ্চিমবাংলার মানুষ বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় এনেছে এবং সে বিষয়ে প্রচার করার দায়িত্ব আপনার উপর পড়েছে। সুতরাং আপনার উপর গুরুতর দায়-দায়িত্ব দেওয়া হয়েছে, সেই জন্যই আপনাকে অত্যন্ত কঠিন হতে হবে।

আপনি জানেন, পশ্চিমবঙ্গের সর্বত্র যে কর্মযজ্ঞ চলছে এর প্রকৃত প্রচার যাতে না হয় তার জন্য ঐ তথাকথিত সৎ সংবাদপত্রগুলি এর জন্মলগ্ন থেকেই হন্যে হয়ে লেগেছে। আপনাকে এর জন্য আমি দোষারোপ করি না, আর ঐ সাংবাদিকদেরও দোষারোপ করতে চাই না, তার কারণ এর জন্য দায়ী ঐ বর্তমান সমাজ এবং রাষ্ট্র ব্যবস্থা। তাই বলছিলাম আপনাকে আরও কঠোর হয়ে এগিয়ে যেতে হবে, কারণ আপনি জানেন ঐ অপপ্রচারের সুযোগে এবং আমাদের প্রচারের অভাবে একটা ভাল কাজ মন্দয় পরিণত হতে পারে। অবশ্য, মানি আমাদের প্রচারের যন্ত্র হাতে না থাকলেও সাধারণ মানুষ আমাদের সঙ্গে আছে এবং সেই সাধারণ মানুবই এই অপপ্রচারের অবসান ঘটাবে। তার নমুনা ভাষা সংক্রান্ত তাবৎ আন্দোলন। আপনি বলেছেন মাতৃভাষার মাধ্যমে সরকারি কাজকর্মের জন্য ২০০টি বাংলা টাইপ মেশিন, ৫০টি নেপালি টাইপ মেশিন কেনা হয়েছে এবং কাজকর্ম এগিয়ে চলেছে। বাংলাভাষার মাধ্যমে যত কাজ হবে তত বাংলাদেশের মঙ্গল, কিন্তু এই প্রসার কতখানি হয়েছে, এই প্রচারের সুযোগ আপনি পাননি, আমরা তাই আপনাকে বলতে পারি না। এত বহুদিন আগে থেকেই শুনে আসছিলাম যে বামফ্রন্ট সরকার উদ্যোগ নিয়ে তার দৃষ্টান্ত স্থাপন করেছেন, অথচ প্রচার হবে না, বাংলাভাষার মাধ্যমে এইসব কাজকর্ম, তার প্রচার হবে না এত হতে পারে না। আপনাকে তাই বলি, আপনি জানেন, যখন ওপার বাংলার বাঙালিরা বাংলা ভাষার মর্যাদা রক্ষার জন্য রক্তদান করে, তখন এপার বাংলার বুদ্ধিজীবিরা ঐ বিদেশি ভাষার জন্য দালালি করেন এবং সংবাদপত্রে সেটাই শিরোনামা পায়। এই তো সৎ সাংবাদিকতা এবং সৎ সংবাদপত্রের দৃষ্টান্ত। আজকে যদি আপনার প্রচার যন্ত্র শক্তিশালী হোত, তাহলে নিশ্চয় এই বামফ্রন্ট সরকার এর সমুচিত জবাব দেবার সুযোগ পেতেন। আপনি চলচিত্রে ঋণ প্রকল্পের বদলে অনুদান প্রকল্প এনেছেন। আঞ্চলিক ভাষায় চলচ্চিত্র উৎসব, শিশুদের জন্য চলচ্চিত্র উৎসব, রবীন্দ্রনাথের চিন্তাভাবনা, রবীন্দ্র সাহিত্যে বিচ্ছিন্নতাবোধ এবং সাম্প্রদায়িকতা বোধকে কেন্দ্র করে সাম্প্রতিক প্রদর্শনীর ব্যবস্থা করেছেন, আপনার উদ্যোগে মহকুমা কেন্দ্র স্থাপন করা হয়েছে, মুমূর্ষু চলচ্চিত্রের পুনর্জীবন, যাত্রা, থিয়েটার কে পুরস্কার বিতরণ এবং অনুদানের যে ব্যবস্থা করেছেন আমাদের কাছে তা খুবই আনন্দের এবং উৎসাহের কথা। কিন্তু এর যে প্রচার অভিযান চালানো উচিত সেই প্রচার অভিযান হয়নি। তাই, আমি বলব এ ব্যাপারে আমাদের সম্যক দৃষ্টিভঙ্গির পরিচয় আপনাকে দিতে হবে। অশ্লীল যে সমস্ত অপসংস্কৃতিমূলক যাত্রা, থিয়েটার চলবে তার বিহিতে প্রচার করার জন্য আপনি সাধারণ

মানুষকে সরকারের সঙ্গে সামিল হবার আহ্বান জানিয়েছেন, তার জন্য আমি আপনাকে নিশ্চয় সাধুবাদ জানাব, সঙ্গে সঙ্গে বলব যে সৎ সাংবাদিক এবং সংবাদপত্র এদের উপর বেশি নির্ভর না করে সরকারি প্রচার যন্ত্রের উপর যদি ভবিষ্যতে নির্ভর করে এগিয়ে চলুন, সেটা যাতে শক্তিশালী হয় তার দিকে লক্ষ্য রাখুন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-05 — 6-15 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমার অনেক কাজ কমে গেছে কারণ বিরোধীপক্ষ যারা বলেছিলেন তারা বলেই চলে গেছেন। সেজন্য আমি দু-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। একটি কথা উঠেছে বিরোধীপক্ষরা বলেছেন, আমরা বিশেষ করে আমার বিভাগ সংবাদপত্র সম্পর্কে, কলকাতার বৃহত্তর সংবাদ সম্পর্কে আমরা বেশি স্পর্শকাতর হয়ে উঠেছি এবং নিয়ন্ত্রণ করছি। এইরকম একটা মন্তব্য করে তারা অন্তর্ধান করেছেন। আমি তাদের শুধু এই কথাই বলে দিতে চাই যে বাস্তব সম্বন্ধে তাদের কোনও অভিজ্ঞতা নেই। গত কয়েক বছরের ইতিহাসে সরকার এবং সংবাদপত্রের অনেক রকম অভিজ্ঞতা হয়েছে। সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ এবং বিজ্ঞাপনের উপর সরকারের যে ভূমিকা সেটা আমাদের দেশের সাধারণ মানুষ দেখেছেন। ১৯৭৫-৭৬ সালে সংবাদপত্রের কি অবস্থা হয়েছিল সেটা সকলেই জানেন। সারা ভারত যে জটিল অবস্থার সৃষ্টি হয়েছিল এবং সংবাদপত্রের উপর হস্তক্ষেপের ফলে দেশের সমস্ত মানুষ যে প্রতিবাদ করেছিল সেই লড়াইয়ে আমরাও শরিক ছিলাম। আমরা বামফ্রন্ট-এর শুরু থেকেই এই কথা বলে আসছি যে আমরা কখনওই এই নীতিতে বিশ্বাস করি না যে কোনও সংবাদপত্র আমাদের সরকারের পক্ষে না নিয়ে বা আমাদের সরকারি নীতির সঙ্গে মিল না হলে তার উপর হস্তক্ষেপ করা হবে বা আপনাদের কোনও হুমকি দেওয়া হবে। আমরা তাদের উপর আর্থিক চাপ সৃষ্টি করব এই নীতিতে আমরা বিশ্বাস করি না। আমি মাননীয় সদস্যকে আরেকবার স্মরণ করিয়ে দেব যে আমার বিভাগ পশ্চিমবঙ্গের কোনও সংবাদপত্রকে রাজনৈতিক কারণে সরকারের সঙ্গে মিল হচ্ছে না বলে তার কাজে হস্তক্ষেপ করেছেন এবং বিজ্ঞাপনে চাপ সৃষ্টি করেছেন। কলকাতার কোনও সংবাদপত্র বা মফস্বলের কোনও সংবাদপত্র এই কথা বলতে পারবে না এটা আমি খুব দায়িত্বের সঙ্গে বলতে পারি। মাননীয় সদস্য একটা উদাহরণ দিলেন যে আমরা নাকি আনন্দবাজার, স্টেটস্‌ম্যানকে রিমাইন্ডার পাঠিয়েছিলাম। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে সরকার পক্ষের দু-একজন মাননীয় সদস্য বলেছেন যে ওদের ওপর বেশি আশা রাখবেন না। অবশ্যি আমি এতটা হতাশাবাদি নই যে মনে করবো যে আমাদের দেশের স্বাধীনতা সব শেষ হয়ে গেছে। আমাদের সাংবাদিকদের সততার উপর গভীর আস্থা আছে। কিন্তু তাও আমরা জানি সমাজের এক ধরণের পুঁজিপতি আছে যারা সংবাদপত্রকে নিয়ন্ত্রণ করে থাকে। স্বাধীনতার প্রশ্ন আপেক্ষিক এবং সত্যি স্বাধীন কিনা অনেক সময় সেটা অনেকে বুঝতে পারেনা। একটা সমস্যা সব সময় থেকে যাচ্ছে। কিন্তু তারজন্য কোনও অবস্থাতেই আমরা এইকথা মনে করি না যে তাদের উপর বিশ্বাস নেই বলেই চাপ সৃষ্টি করব। কিন্তু এই কথা আমরা জানি যে কলকাতার অনেক দৈনিক পত্রিকা আমাদের জন্মলগ্ন থেকেই

আমাদের বিরোধি। আমাদের জনসাধারণ সেটা জানে যে আমরা সরকারের আসার দিন থেকে তারা বিরোধিতা করছে। এক্ষেত্রে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে আমরা আসার ৩ দিন আগে বাঁকুড়ার পাথরবন্দীতে যে ঘটনা ঘটেছিল সেটা আমাদের সরকারকে আটকে রাখার শেষ চেষ্টা। তারা লিখেছেন কি ভয়ঙ্কর হত্যাকাণ্ড করে গেছে অমুক দল ইত্যাদি। কিন্তু পাথরবন্দীর ঘটনা লিখেও আমাদের আটকে রাখা গেল না। তারা জন্ম লগ্ন থেকে বিরোধি তবুও আমি তাদের বলছি আপনারা সততার সঙ্গে চলার চেষ্টা করুন এবং সরকারও সততার সঙ্গে চলবে। আমি দৃঢ়তার সঙ্গে একথা বলতে পারি কোনও বিজ্ঞাপনের ক্ষেত্রে কোনও পত্রিকা এই অভিযোগ করতে পারবে না। আপনারা যদি বলেন তবে আমি দেখাতে পারি কলকাতার সংবাদপত্র আনন্দবাজার পত্রিকা, স্টেটস্‌ম্যান, যুগান্তর, অমৃতবাজার ইত্যাদি তারা এখনও পর্যন্ত যে বিজ্ঞাপন পেয়ে থাকেন বিশেষ করে এই কাগজগুলির ক্ষেত্রে আমরা গণতান্ত্রিক নীতিতেই আমরা পরিচালনা করি। কিন্তু এটা খুবই দুর্ভাগ্যজনক যে কয়েকটি সংবাদপত্র যে ভূমিকা পালন করছেন সেটা ঠিক করছেন না।

[6-15 — 6-25 p.m.]

কিন্তু সরকারি পক্ষের বক্তব্য, প্রেসনোট নিয়মিতভাবে অগ্রাহ্য করে একটা ভুল তথ্য বের করা হল। তার বিরুদ্ধে রিজয়েন্ডার দেওয়া হল, সেটাও অগ্রাহ্য করেন। মুখ্যমন্ত্রী বা কোনও মন্ত্রীর বক্তব্য থেকে মিথ্যা সংবাদ পরিবেশন করা এবং তার উপর দাঁড়িয়ে সম্পাদকীয় লেখা একটা ধারাবাহিক কার্য্যকলাপ। কিন্তু তা সত্ত্বেও আজ পর্যন্ত সেই কারণে কোনও সংবাদপত্রের বিজ্ঞাপন কেটে দেওয়া বা তার উপর হস্তক্ষেপ আমরা করিনি। এটাই হচ্ছে আমাদের সরকারি নীতি। ১৯৭৫-৭৬ সালে জরুরি অবস্থার সময় যে ঘটনা ঘটেছিল, তার পুনরাবৃত্তি আমাদের সরকার করবে না। সরকারি প্রচার সম্পর্কে কয়েকটি কথা বলা হয়েছে যে, সরকারি প্রচারে বিরোধীদের স্থান কতটুকু থাকে বিশেষ করে "পশ্চিমবঙ্গ" পাক্ষিকে। আমি গতবারে বাজেট বক্তৃতায় বলেছিলাম যে, আমরা "পশ্চিমবঙ্গে" রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক প্রবন্ধের জন্য যখন একটা করে স্পেশ্যাল ইসু বার করি তখন তাতে বিভিন্ন মতাবলম্বী লেখকের লেখা নেবার চেষ্টা করা হয়। রবীন্দ্রনাথ, নজরুল, বঙ্কিমচন্দ্র, শরৎচন্দ্র, সুকান্ত, ভূপেন দত্ত ইত্যাদিদের যখন স্পেশ্যাল ইসু বার করি তখন তাতে বিভিন্ন লোকের লেখা ছাপাবার চেষ্টা করি। আপনারা বললেন, ভাষা নিয়ে যাঁরা আন্দোলন করছেন, এসপ্ল্যানেড ইস্টে তাঁরা কি করছেন, সেটা কি ছেপেছেন? না, সেটা হবে না। আমাদের সরকারি নীতি যা এবং আমাদের সরকারি নীতি পরিচালনা করার জন্য যে বিষয়গুলি, তা আমাদের ৭টি ভাষায় যে সরকারি পাক্ষিক সংবাদপত্র বের হয়, তাতে সরকারি নীতি সম্বন্ধে মানুষকে জানানোই হবে আমাদের প্রধান কাজ। সেখানে বিরোধিদের গঠনমূলক যে বক্তব্য তাও আমরা স্থান দিয়েছি। কিন্তু রাস্তায় কি হচ্ছে না হচ্ছে তা স্থান দেব না। একজন বললেন, বাংলা ভাষার ব্যাপারে বুদ্ধিজীবিরা পশ্চিমবাংলায় যে জাগরণ সৃষ্টি করেছেন, সে সম্বন্ধে তো কিছু বের হয় না? আমরা একথা মনে করি না যে, পশ্চিমবাংলায় বুদ্ধিজীবি বলতে ৩।৪ জনই আছেন—যাঁরা আইন অমান্য করতে এসেছিলেন। পশ্চিমবাংলায় বুদ্ধিজীবি অনেক আছেন। ভাষার প্রশ্নে শান্তিনিকেতন থেকে প্রভাত মুখোপাধ্যায় আমাদের দুহাত তুলে আশীর্বাদ করে বলেছেন যে, আমরা যা পারিনি, আপনারা তা করার চেষ্টা করছেন বলে আনন্দিত। ইনি

*রবীন্দ্রনাথের খুব কাছাকাছি মানুষ। অতএব এর চেয়ে বুদ্ধিজীবি আর কে আছেন জানি না। ডঃ প্রবোধ সেন ভাষার প্রশ্নে আমাদের দু-হাত তুলে আশীর্বাদ করেছেন। আজ তাঁর চিঠি পেয়েছি। মহীশূরের ভাষা সংক্রান্ত ডাইরেক্টার মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে জানিয়েছেন, কোন রাজ্যে* যা পারেনি, আপনারা তা করতে চলেছেন বলে আনন্দিত। সেজন্য বলছি, এ ব্যাপারে পশ্চিমবাংলার ব্যাপক অংশের বুদ্ধিজীবি আমাদের সঙ্গে আছেন। তাঁদের রচনা নিশ্চয় বের হবে। বিরোধীপক্ষ থেকে প্রবন্ধ এলে আমরা যে সেটা করি না, এইরকম অনেক উদাহরণ দিতে পারি। কিন্তু আমাদের প্রধান কাজ হচ্ছে, সরকারি বক্তব্য প্রকাশ করা। অনেক অপসংস্কৃতি সম্বন্ধে বললেন। আমি বলব, এক্ষুণি আলাদাভাবে আলোচনা করে লাভ নেই। একটা সমাজ দেহ যখন ভেঙে পড়ে তখন তার অর্থনৈতিক জীবন, রাজনৈতিক জীবন, সুস্থ সংস্কৃতিও ধূলিস্যাৎ হয়। মার্ক্সীয় দৃষ্টিভঙ্গি দিয়ে দেখলে এসব দেখতে পাবেন। আমাদের বর্তমানে যে সামাজিক কাঠামো আছে, সেটা আজ চলে না—অচল। সুতরাং আমাদের সরকারের তরফ থেকে বলতে পারি যে, ভারতবর্ষে ৩০ বছর যে অর্থনৈতিক, সামাজিক কাঠামো গড়ে উঠেছে, সেটা আজ আর চলতে পারে না। এই কাঠামোকে ভাঙার লড়াইয়ে আমরা বিশ্বাস করি। যে কাঠামোর মধ্যে আমরা কাজ করছি, সেই কাঠামো পরিবর্তন করার জন্য আমরা কাজ করব। এই কাঠামোর মধ্যে দাঁড়িয়ে যতটুকু কাজ করার ততটুকু করব। এই কাঠামো পরিবর্তনের সঙ্গে যুক্ত সামাজিক, অর্থনৈতিক কাঠামো একদিনে হয় নি, ৩৩ বছর ধরে এটা জমা হয়েছে। চলচিত্র, নাটক, পত্র-পত্রিকায় যে পাপ আছে, সেই পাপ একদিনে যাবে না বা আইন প্রণয়ন করলেও এটা দূর হবে না। একজন বললেন, বর্গা অপারেশানের ব্যাপারে যেমন আইন করেছেন, সেই রকম আইন করুন। আইন করে এর পরিবর্তন করা যায় না। মানুষের মনকে পরিবর্তন করতে হবে এবং সমস্ত সমাজের পরিবর্তন না করলে হবে না। আমরা জানি, কলকাতায় পাঁচ-ছটা হলে কিছু কুৎসিত ফিল্ম চলছে, কুৎসিত নাটক হচ্ছে। কলকাতায় কিছু কিছু পত্র-পত্রিকা বের হচ্ছে সেখানেও কুৎসিততম ভাষায় প্রবন্ধ লেখা হচ্ছে। কিন্তু এটাই শেষ কথা নয়, কারণ পাশাপাশি আমাদের দেশে একটা সুস্থ সংস্কৃতির ধারাও আছে। আমরা সেই সুস্থ সংস্কৃতির ধারার পক্ষে। আমরা বিভিন্ন লোক-সংস্কৃতি, রবীন্দ্র, শরৎচন্দ্র, বঙ্কিমচন্দ্র, সুকান্ত, নজরুলের ঐতিহ্যকে তুলে ধরার চেষ্টা করছি। আমরা তাই বিকল্প চলচ্চিত্র তৈরি করার চেষ্টা করছি। সত্যজিৎ রায়, মৃণাল সেন, রাজেন তরফদার, উৎপল দত্ত ইত্যাদিদের নিয়ে কাজ করার চেষ্টা করছি। আমরা কয়েকটি শিশু চলচ্চিত্র করছি। পশ্চিমবাংলায় এই প্রথম আমরা গ্রুপ থিয়েটারগুলিকে ২।। লক্ষ টাকা অনুদান দিয়েছি। আমরা সাহিত্যের পাণ্ডুলিপি দেখে অনুদান দিচ্ছি বই ছাপাবার জন্য। এইভাবেই সুস্থ সংস্কৃতি তৈরি করছি এবং কুৎসিত সংস্কৃতির বিরুদ্ধে যাঁরা আন্দোলন করছেন, আমরা তাদের পক্ষে আছি। আমরা মনে করি, মানুষের প্রতিবাদে এর সমাধান করা যায়। আইন করে এর সমাধান করা যায় না। সেজন্য আগে মানুষের মনকে পরিবর্তন করতে হবে। আমি আমার বক্তব্য দীর্ঘায়িত না করে বলব যে, সন্দীপবাবু অনেকগুলি কথা যা বললেন, সেগুলির প্রয়োজন মনে করছি না জবাব দেবার। এই কটি কথা বলে আমি যে প্রস্তাব পেশ করেছি আশা করি, আপনারা তা সকলেই অনুমোদন করবেন।

The motion of Shri Buddhadev Bhattacharjee that a sum of Rs. 6,00,48,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads : "285-Information and Publicity, 465-Capital Outlay in Information and Publicity, and 685-Loans for Information and Publicity", was then put and agreed to.

## Adjorunment

The House then adjourned at 6.19 p.m. till 9 a.m. at Saturday the 7th March, 1981 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Saturday, the 7th March, 1981 at 9-00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 7 Ministers, 2 Ministers of State and 110 Members.

[9-00 — 9-10 a.m.]

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আমি আজ দুটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম নোটিশ শ্রী বিজয় বাউরি পুরুলিয়া জেলার পাড়া থানার হরিহরপুর গ্রামে বিড়ি শ্রমিকদের উপর এক রাজনৈতিক দলের হামলার বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি একটি বিচ্ছিন্ন আইন-শৃঙ্খলার ঘটনার অভিযোগ সম্পর্কিত। এর প্রতিকার প্রচলিত আইনের মাধ্যমেই হওয়া সম্ভব। তাছাড়া স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের বাজেট বিতর্কের সময় সদস্য মহোদয় এই বিষয়ে আলোচনার সুযোগ পাবেন। সুতরাং এই বিষয়টি মুলতুবি প্রস্তাবের পক্ষে অনুপযোগী।

দ্বিতীয় নোটিশ শ্রী রজনীকান্ত দলুই মেদিনী.. পৌরসভার সুপারসেশন করার প্রচেষ্টার বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এই ধরনের আশঙ্কামূলক বিষয়কে ভিত্তি করে কোনও মুলতুবি প্রস্তাব আনা যায় না। আমি এই মুলতুবি প্রস্তাবটিও নাকচ করছি।

**Shri Rajani Kanta Doloi :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,-

Attempts at supersession of the Board of Commissioners of Midnapur Municipality.

31st May, 1981 has been fixed as the date for the elections of the Midnapore Municipality. The political parties which form the present Government are conspiring to prevent free and fair elections. To suit the political interest of the ruling parties the District Magistrate, Midnapore has taken steps to supersede the Midnapore Municipality. This has created serious public resentment. স্যার ওনারা বক্তব্য রাখতে দেবেন না? মিনিস্টার আছেন, তিনি কিছু বলবেন বলেছেন ওনাকে বলতে দিন।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত

দলুই যে প্রসঙ্গ উত্থাপন করলেন এটা সর্বৈব অসত্য কথা, তবে এটা ঠিক যে কোনও দুর্নীতির অভিযোগ যদি সরকারের কাছে আসে তাহলে আমাদের বিধান অনুযায়ী সেটা অনুসন্ধান করা হয় এবং সেটা জেলা শাসকের মাধ্যমে করা হয়। যদি এই ধরনের কোনও অভিযোগ আসে নিশ্চয়ই অনুসন্ধান করা হচ্ছে। মাননীয় সদস্য যেটা বললেন নির্বাচনে নতুন করে জালিয়াতি করার জন্য নানারকম ছলের আশ্রয় নেওয়া হচ্ছে। গত ৪ তারিখে স্টেটসম্যান কাগজে তাদের দলের সভাপতি শ্রী অজিত পাঁজার বিবৃতির দিকে দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছেন যে ছলে বলে কৌশলে যে ভাবেই হোক নির্বাচন আমাদের বন্ধ করতে হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার রুলিং ছিল যে যিনি এখানে উপস্থিত হতে পারবেন না তাঁর সম্বন্ধে কোনও কথা বলা যাবে না। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় এখানে অজতিবাবু সম্পর্কে বললেন। এটা কি বলা যাবে?

**মিঃ স্পিকার ঃ** উনি কিছু বিরুদ্ধে বলেন নি। কাগজে একটা স্টেটমেন্ট বেরিয়েছে, সেটা উনি বলেছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি কি ঐ উক্তিটা এক্সপাঞ্জ করছেন।

**মিঃ স্পিকার ঃ** না।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অজিতবাবু সম্পর্কে সম্পূর্ণ অসত্য কথা বলেছেন। মেদিনীপুর মিউনিসিপ্যালিটির বিরুদ্ধে কোনও ডিফলকেশানের কেস নেই। সেখানে ডি. এম একটা গ্রাউন্ড তৈরি করে ঐ বোর্ড অব কমিশনারকে সুপারসিড করার চেষ্টা করছেন, যেহেতু মেদিনীপুর টাউনে সি.পি.এম-এর কোনও হোল্ড নেই।

**মিঃ স্পিকার ঃ** আপনি এবারে বসুন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটু গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে চাই। আমার বক্তব্য হচ্ছে সম্প্রতি পশ্চিম দিনাজপুরে বন্দুক লুঠ, খুন ইত্যাদি এই সব ঘটনা ঘটছে। এটা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। এই ক্রাইমগুলি ছাড়া আরও অন্যান্য সমবায় মূলক কাজ দীর্ঘদিন ধরে চলে আসছে। এই উপদ্রুত এলাকাটি হচ্ছে ৩টি থানার ত্রিসীমার মধ্যে। উপদ্রুত এলাকাটি হচ্ছে বংশীহারী থানা অফিস থেকে প্রায় ৩০ কিলো মিটার দুরে। আর ইটাহার থানা অফিস থেকে প্রায় ২৫ কিলো মিটার দুরে কুশমন্ডী থানা অফিস থেকে প্রায় ৩০ কিলো মিটার দূরে এবং রায়গঞ্জ সাব ডিভিশনাল অফিস থেকে প্রায় ৭০/৭৫ কিলো মিটার দুরে অবস্থিত্‌। এটা একটা অবহেলিত এলাকা। এখানে মাঝে মাঝে ফোর্স যায় কিন্তু তাতে কিছু হবেনা! আমার জেলায় যে কয়টি থানা আছে তাঁর সঙ্গে আর একটা নতুন থানা যদি তৈরি করা যায় তাহলে সেখানে রাস্তা ঘাট তৈরি হবে এবং ঐ সমস্ত উপদ্রুত এলাকায় যে দৌরাত্ম হয় সেগুলি কমবে বলে মনে করি। আমি আপনার মাধ্যমে চিফ মিনিস্টারকে এই বিষয়ে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি এবং আপনি এটা একটু দেখবেন।

**মিঃ স্পিকার ঃ** আপনি এটা লিখিতভাবে দেবেন। আমি আমার কমেন্টস সহ মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দেব।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি আজ নিম্নলিখিত বিষয়ের উপর একটি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

১) অ্যালেজড মার্ডার অব ওয়ান ওয়ার্কার অব সিং অ্যালয় অ্যান্ড স্টিল ফ্যাক্টরি, কল্যাণী—শ্রী গৌরচন্দ্র কুন্ডু।

আমি এই বিষয়টি উত্তরের জন্য মনোনীত করেছি। মাননীয় মন্ত্রী মহাশয় কবে উত্তর দেবেন?

**শ্রী অশোককুমার বসু ঃ** শুক্রবার।

[9-10 — 9-20 a.m.]

**মিঃ স্পিকার ঃ** এখন ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন। আমি সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, শ্রী প্রভাস রায়কে তাঁর ৬৫ এবং ৬৬ নং দাবি উত্থাপন করার জন্য অনুরোধ করছি।

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand No. 66

**Major Heads :** 332—Multipurpose River Projects, 333—Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532—Capital Outlay on Multipurpose River Projects, and 533—Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects.

**Shri Pravas Chandra Roy :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,11,96,42,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads : "332—Multipurpose River Projects, 333—Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532—Capital Outlay on Multipurpose River Projects, and 533—Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects."

**Mr. Speaker :** All the cut motions are in order and taken as moved.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1—

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100—

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Demand No. 65**

**Major Head :** 331—Water and Power Development Services

**Shri Pravas Chandra Roy :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,00,000 be granted for expenditure under Demand No. 65, **Major Head :** "331—Water and Power Development Services."

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

জল শুধুমাত্র সেচকার্যেই সহায়তা করে না, সমাগ্রিকভাবে মানবসমাজও এর দ্বারা উপকৃত হয়। সঠিকভাবে জলের সদ্ব্যবহার করতে পারলে আমরা প্রচুর সম্পদের অধিকারী হ'তে পারি। আমাদের দেশে কৃষি-উন্নয়ন অনেকাংশে জলসম্পদের সুষ্ঠু পরিকল্পনা ও সদ্ব্যবহারের উপর নির্ভরশীল। আমরা যদি এই প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহার সম্পর্কে আন্তরিকভাবে সচেষ্ট থাকি তাহলে সহজেই এক-ফসলী জমিকে দুই অথবা বহু-ফসলী জমিতে রূপান্তরিত করতে পারি। ফলে, এর দ্বারা প্রান্তিক ও দরিদ্র কৃষক যথেষ্ট উপকৃত হবে। কৃষির সাথে যুক্ত সকল ক্ষেতমজুর কর্মী তাহ'লে সারা বছর কাজ পাবে। কৃষিকার্যে সুবিধা পেলে গ্রামবাংলার শ্রমজীবী মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাবে; তাঁরা আরও বেশি ক'রে ভোগ্যপণ্য ও শিল্পজাত দ্রব্য কিনতে পারবেন। এর ফলে সীমিত সম্পদের অধিকারী হয়েও বামফ্রন্ট সরকার শ্রমজীবী মানুষের সামাজিক ও অর্থনৈতিক কিছুটা কল্যাণ সাধন করতে সক্ষম হবে। আমার বিশ্বাস, এ যাবৎ অবহেলিত গ্রামবাংলার দরিদ্র মানুষের যদি এভাবে কল্যাণসাধন করতে পারা যায় তাহলে তা কিছু পরিমাণে জাতীয় উন্নতির সহায়ক হবে।

সেচ ও জলপথ বিভাগ পশ্চিমবঙ্গে কৃষি-উন্নয়নের কাজে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ক'রে আসছে। এক বিরাট পরিমাণ চাষযোগ্য জমিতে জল সরবরাহ ক'রে যেমন একদিকে এক-ফসলী জমিকে বহু-ফসলী জমিতে রূপান্তরিত করা হয়েছে, তেমনি বন্যানিয়ন্ত্রক কাজের মধ্য দিয়ে বহু কৃষিজমিকে বন্যার কবল থেকে রক্ষাও করা হয়েছে। এছাড়া বহু বন্যা-প্রবণ অঞ্চলে ও নিচু জলাজমিতে উপযুক্ত জলনিকাশি পরিকল্পনার মাধ্যমে এই বিভাগ এক গুরুত্বপূর্ণ কাজ ক'রে আসছে। এ পর্যন্ত এই বিভাগের বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র সেচ পরিকল্পনার মাধ্যমে ৮ লক্ষ ৭১ হাজার ৫ শত হেক্টর জমিতে সেচের জল দেওয়া হয়েছে। ষষ্ঠ

পঞ্চবার্ষিকী যোজনার লক্ষ্য হ'ল ১২ লক্ষ ৮৯ হাজার হেক্টর পরিনিত জমিতে সেচের জল প্রদান। বন্যা-নিয়ন্ত্রক পরিকল্পনার মাধ্যমে এ যাবৎ ১৩ লক্ষ হেক্টর জমিকে বন্যার হাত থেকে রক্ষা করা হয়েছে। ষষ্ঠ পরিকল্পনার লক্ষ্য হ'ল সাড়ে ১৫ লক্ষ হেক্টর। এর পাশাপাশি ১৭ লক্ষ হেক্টর জমি বিভিন্ন জলনিকাশি পরিকল্পনার দ্বারা উপকৃত হয়েছে। ষষ্ঠ পরিকল্পনার লক্ষ্য হ'ল সাড়ে ১৯ লক্ষ হেক্টর। এছাড়াও এই বিভাগ নদীর ভাঙ্গনরোধমূলক পরিকল্পনা ও ভূমিক্ষয় নিবারণের পরিকল্পনার কাজও ক'রে আসছে।

এই পরিপ্রেক্ষিতে আমি সেচ ও জলপথ বিভাগের ১৯৮১-৮২ সালের বাজেট বরাদ্দের প্রস্তাব উত্থাপন করছি। উক্ত প্রস্তাবে ৬৫ ও ৬৬ নং ডিমান্ডের অন্তর্গত ৩৩১, ৩৩২, ৩৩৩, ৫৩২ ও ৫৩৩ নং খাতে চার্জড এক্সপেণ্ডিচার সমেত মোট ১১২ কোটি ১ লক্ষ ৪২ হাজার টাকা বরাদ্দের দাবি করা হয়েছে। এর মধ্যে রাজ্য পরিকল্পনার অন্তর্গত ব্যয় ধরা হয়েছে ৬৭ কোটি টাকা ও রাজ্য পরিকল্পনার বহির্ভুত ব্যয় ধরা হয়েছে ৪৫ কোটি ১ লক্ষ ৪২ হাজার টাকা। রাজ্য পরিকল্পনার অন্তর্গত ব্যয়ের মধ্যে আছে বৃহৎ ও মাঝারি সেচ প্রকল্প বাবদ ৩৫ কোটি টাকা, জল-নিষ্কাশন, বন্যা-নিয়ন্ত্রণ, ভাঙ্গন ও ভূমিক্ষয় রোধ বাবদ ৩২ কোটি টাকা। রাজ্য পরিকল্পনা বহির্ভুত ব্যয়ের মধ্যে আছে চালু প্রকল্পগুলির রক্ষণা-বেক্ষণ, ব্যয়িত মূলধনের উপর সুদ, কর্মচারিদের মাহিনা প্রভৃতি বাবদ খরচ। চলতি বছরের তুলনায় আগামী বছরের প্রস্তাবিত বরাদ্দের পরিমাণ ২ কোটি ৯৪ লক্ষ টাকা বেশি। এছাড়া সেচ ও জলপথ বিভাগ কিছু ক্ষুদ্র সেচ ও জলনিকাশি প্রকল্প, ভূমিসংরক্ষণমূলক ও খরাপীড়িত অঞ্চলের কিছু কাজও ক'রে থাকে। এজন্য কৃষি বিভাগের অধীন ৫৩ নং ডিমান্ডের অন্তর্গত ৩০৬, ৩০৭ ও ৩০৮ নং খাতে অর্থ বরাদ্দ করা হয়। আগামী বছরের জন্য এ বাবদ ২ কোটি ৭৫ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে। চলতি বছরের তুলনায় এই বরাদ্দ অর্থের পরিমাণ ৭১ লক্ষ ৭৮ হাজার টাকা বেশি। কাজেই সব মিলিয়ে আগামী বছর উন্নয়নমূলক কাজ বাবদ প্রস্তাবিত বরাদ্দ দাঁড়াচ্ছে ৬৯ কোটি ৭৫ লক্ষ ৫০ হাজার টাকা।

আগামী বছর যেসব কাজ করা হবে তাঁর একটা বিস্তারিত বিবরণ বাজেটের নীল বইয়ের ১৮৬৪ থেকে ১৯৬৬ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে। আমি শুধু এখানে সেচ ও জলপথ বিভাগের কার্যাবলীর একটা সামগ্রিক চিত্র তুলে ধরার চেষ্টা করব।

## বৃহৎ সেচ প্রকল্প

### (ক) চলতি বৃহৎ সেচ প্রকল্প

পশ্চিমবঙ্গে বর্তমানে চারটি বৃহৎ সেচ প্রকল্পের কাজ চলছে। এদের মধ্যে ময়ূরাক্ষী প্রকল্প এবং ডি ভি সি সেচ প্রকল্পের মূল কাজগুলি আগেই শেষ হয়েছে। এখন শুধু সম্প্রসারণ ও উন্নয়নমূলক কাজ চলছে। কংসাবতী প্রকল্পের কাজ সমাপ্তির পথে।

ময়ূরাক্ষী, ডি ভি সি এবং কংসাবতী সেচ প্রকল্পগুলি থেকে খরিফ মরসুমে সেচের জল দেওয়ার হিসাব নিম্নরূপ ঃ

(লক্ষ হেক্টরে)

| প্রকল্পের নাম | ১৯৮০-৮১ সালের সেচ এলাকা | ১৯৮১-৮২ সালের প্রস্তাবিত সেচ এলাকা | ষষ্ঠ পরিকল্পনায় প্রস্তাবিত এলাকা |
|---|---|---|---|
| ১। ময়ূরাক্ষী .. .. | ২.২২ | ২.৪৭ | ২.৫১ |
| ২। ডি ভি সি .. .. | ৩.২৫ | ৪.২০ | ৪.৫৫ |
| ৩। কংসাবতী .. .. | ২.৪১ | ৩.১০ | ৩.৬০ |

**বিঃ দ্রঃ**—রবি/বোরো মরশুমে কত একর জমিতে সেচের জল দেওয়া সম্ভব হবে সেটি নির্ভর করে জলাধারে সঞ্চিত জলের পরিমাণের উপর। যা হোক, উপরোক্ত তিনটি সেচ প্রকল্প দ্বারা ১৯৮০-৮১ সালে রবি/বোরো মরশুমে মোট ১ লক্ষ ৭১ হাজার হেক্টর জমিতে সেচের জল দেওয়া হয়েছে এবং ১৯৮১-৮২ সালের লক্ষ্যমাত্রা ২ লক্ষ ২৯ হাজার হেক্টর হবে ব'লে অনুমান করা যাচ্ছে।

**তিস্তা প্রকল্প**

তিস্তা সেচ পরিকল্পনাটি পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ সেচ প্রকল্প। প্রকল্পটির কাজ শেষ হ'লে উত্তরবঙ্গের জেলাগুলিতে প্রায় ৮.৯০ লক্ষ হেক্টর (২২.৮০ লক্ষ একর) জমিতে সেচের জল দেওয়া সম্ভব হবে। প্রকল্পটির প্রথম সাব-স্টেজ অব স্টেজ ১ অব ফেজ ১-এর কাজ চলছে। প্রকল্পটির এই প্রথম সাব-স্টেজটির কাজের জন্য সর্বশেষ আনুমানিক ব্যয় ধরা হয়েছে ১৫০ কোটি টাকা যার মধ্যে ৫৬ কোটি ৪২ লক্ষ টাকা ১৯৮১ সালের মার্চ মাসের মধ্যে ব্যয় করা যাবে ব'লে আশা করা যায়। ১৯৮১-৮২ সালের জন্য আরও ২০ কোটি টাকার ব্যয়বরাদ্দের প্রস্তাব আছে। এই প্রথম সাব-স্টেজটির কাজ শেষ হ'লে জলপাইগুড়ি, দার্জিলিং, পশ্চিম দিনাজপুর এবং মালদা জেলার প্রায় ৩.৭৯ লক্ষ হেক্টর (৯.৩৭ লক্ষ একর) জমিতে সেচের জল দেওয়া সম্ভব হবে।

একথা সত্যি যে, সময়মতো সিমেন্ট, স্টিল, ডিজেল প্রভৃতি না পাওয়ার জন্য প্রকল্পটির কাজের অগ্রগতি মাঝে মাঝে ব্যাহত হয়েছে। তা সত্ত্বেও প্রকল্পটির কাজ আশানুরূপভাবেই অগ্রসর হয়ে চলেছে। তিস্তা এবং মহানন্দা ব্যারেজ তৈরির কাজ দ্রুত সমাপ্তির পথে এবং আগামী ১৯৮৩-৮৪ সাল নাগাদ এই প্রকল্পটি দ্বারা সেচের জল দেওয়া আরম্ভ করা যাবে ব'লে আশা করা যায়।

উপরোক্ত চারটি সেচ প্রকল্প ছাড়াও ময়ূরাক্ষী, কংসাবতী ও ডি ভি সি সেচ প্রকল্পগুলির আধুনিকীকরণের কাজ চলছে। এই তিনটি বৃহৎ প্রকল্পের জন্য মোট ৭১ কোটি ২৬ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা আছে। এই প্রকল্পগুলির মূল উদ্দেশ্য হ'ল জলের অপচয় রোধ করা এবং সুষ্ঠুভাবে সেচের জল বন্টন করা। এইভাবে সঞ্চিত জলের দ্বারা প্রায় আরও অতিরিক্ত ৪০.৩১ হাজার হেক্টর জমিতে সেচের জল দেওয়া সম্ভব হবে। এই কাজের জন্য এই বছরের

শেষ নাগাদ প্রায় ৮ কোটি টাকা ব্যয় হবে এবং পরবর্তী বছরে এর জন্য প্রায় ৬০ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে।

**(খ) নতুন বৃহৎ সেচ প্রকল্প ঃ**

আপার কংসাবতী প্রোজেক্ট, সুবর্ণরেখা ব্যারেজ প্রোজেক্ট, দ্বারকেশ্বর প্রোজেক্ট, সিদ্ধেশ্বরী প্রোজেক্ট, তিস্তা ব্যারেজ—২য় সাব-স্টেজ, গাজোল লিফট সেচ প্রকল্প, বামনগোলা-হবিবপুর লিফট সেচ প্রকল্প এবং টাংগন ভ্যালি প্রকল্প—এই নতুন বৃহৎ সেচ প্রকল্পগুলি ষষ্ঠ পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। উপরোক্ত প্রকল্পগুলির মধ্যে আপার কংসাবতী প্রোজেক্ট, বামনগোলা-হবিবপুর লিফট সেচ প্রকল্প এবং ট্যাংগন ভ্যালি সেচ প্রকল্পগুলি যোজনা পর্ষদ কর্তৃক নীতিগতভাবে গৃহীত হয়েছে এবং এইগুলির উপর রাজ্য অর্থ দপ্তরের সম্মতি চাওয়া হয়েছে। সুবর্ণরেখা, গাজোল, দ্বারকেশ্বর এবং আপার কংসাবতী প্রকল্পগুলির জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্ক অ্যাসিস্ট্যান্স পাওয়ার আশা করা হচ্ছে। গাজোল, দ্বারকেশ্বর এবং সুবর্ণরেখা প্রকল্পগুলি প্রস্তুত করা হচ্ছে। বাকি প্রকল্পগুলির অর্থাৎ সিদ্ধেশ্বরী, তিস্তা ব্যারেজের দ্বিতীয় সাব-স্টেজ-এর প্রস্তুতির কাজ বর্তমানে অনুসন্ধানের পর্যায়ে আছে।

**তিস্তা বাঁধ (ড্যাম)**

তিস্তা প্রকল্পের ফেজ-১-এ সেচের জলের স্থিতি এবং সেচের জলের পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধির কথা চিন্তা ক'রে তিস্তা নদীতে একটি ৬৮০ ফুট উঁচু বাঁধ নির্মাণের প্রস্তাব করা হয়েছে। এই বাঁধের তিস্তা নদীতে বন্যা নিয়ন্ত্রণ এবং ২৪০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা থাকবে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, তিস্তা বাঁধ প্রকল্পটির বিস্তারিত প্রোজেক্ট রিপোর্ট প্রস্তুতির কাজটি হাতে নেওয়া হয়েছে। যেহেতু তিস্তা বাঁধটি (ব্যারাজ) সিকিম রাজ্য পর্যন্ত বিস্তৃত হবে সেইজন্য এই ব্যাপারে বিভিন্ন আন্তর্রাজ্য সমস্যা উদ্ভূত হ'তে পারে।

১৯৮১-৮২ সালের এই বিভাগের বাজেটে এই নতুন প্রকল্পগুলির জন্য মোট ২.[illegible] কোটি টাকা ধরা আছে।

**মাঝারি সেচ প্রকল্প**

১৬টি চলতি প্রকল্পের মধ্যে বীরভূম জেলার হিংলো সেচ প্রকল্প, বাঁকুড়া জেলার শালী বাঁধ এবং শালী বিভাজন (ডাইভারসন) প্রকল্পগুলি এবং পুরুলিয়া জেলার সাহারাজোড়, পার্গা, মস্তোরজোর, পাটলোই, তারাগোনিয়া, বেকো, বরাভূম এবং টাটকো প্রকল্পগুলির কাজ সমাপ্তির পথে। বাকি প্রকল্পগুলির কাজ অগ্রসর হচ্ছে। ১৯৮১-৮২ সালের বাজেটে এই প্রকল্পগুলির জন্য ২৫০ লক্ষ টাকা ধরা আছে। এই প্রকল্পগুলির দ্বারা এই বছরে প্রায় ২২.১৪০ হেক্টর জমিতে সেচের জল দেওয়া হয়েছে। এই প্রকল্পগুলি দ্বারা পরবর্তী বছরে প্রায় ২৪.৭৬০ হেক্টর জমিতে সেচের জল দেওয়া যাবে ব'লে আশা করা যায়।

নতুন ২২টি মাঝারি প্রকল্পের মধ্যে তারাফেণী, ভৈরবাঁকি, কুলান্দ্রা, কুসকার্নী, কারু,

বক্রেশ্বর, জর্দা, পুটিয়ারি, শিলাবতী, কবাই, তমাল এবং পরাঙ্গ সেচ প্রকল্পগুলি উল্লেখযোগ্য। ১৯৮১-৮২ সালের বাজেটে এই প্রকল্পগুলির জন্য ৬৭ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

**ডি পি এ পি প্রকল্প**

উপরে বর্ণিত মাঝারি সেচ প্রকল্পগুলি ছাড়া, ডি পি এ পি-র ১২টি প্রকল্পের কাজও চলছে। এদের মধ্যে পুরুলিয়া জেলার ডাংরা, মাজরা এবং বানদাজোড় প্রকল্পের কাজ এ বছরই শেষ হবে, এবং ঐ জেলার অন্য পাঁচটি প্রকল্প, যথা কুমারী, রুপাই, বন্ধু, হনুমাতা ও রামচন্দ্রপুর প্রকল্পের কাজও আগামী বছরের মধ্যে শেষ হবে। বাকি প্রকল্পগুলিও হাতে নেওয়া হয়েছে। এবছর ইতিমধ্যেই ৩,৩০০ হেক্টর জমিতে জল সরবরাহ করা হয়েছে। উল্লিখিত প্রকল্পগুলির কাজ চূড়ান্তভাবে শেষ হ'লে, খরা-অধ্যুষিত পুরুলিয়া ও বাঁকুড়া জেলার প্রায় ৬,০০০ হেক্টর জমি সেচের জল পাবে।

**ক্ষুদ্র সেচ ও ভূমি সংরক্ষণ**

কৃষি বিভাগ মারফত প্রাপ্ত অর্থের সাহায্যে সেচ ও জলপথ বিভাগ কিছু ক্ষুদ্র সেচ ও জলনিকাশি প্রকল্প এবং ভূমিসংরক্ষণমূলক কাজও ক'রে থাকে। সর্বমোট ৭৮টি ক্ষুদ্র সেচ ও জলনিকাশি প্রকল্প এবং ২০টি ভূমিসংরক্ষণ প্রকল্পের কাজ বর্তমানে এই বিভাগের অধীনে চলছে। এবছর ক্ষুদ্র সেচ ও ভূমিসংরক্ষণমূলক কাজের জন্য ২ কোটি ৩ লক্ষ ৭২ হাজার টাকা খরচ হবে ব'লে আশা করা হচ্ছে। আগামী ১৯৮১-৮২ সালে এই বাবদ ২ কোটি ৭৫ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে। উপরোক্ত ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির সাহায্যে ১৯৮১ সালের মার্চ মাস নাগাদ ২৯ হাজার হেক্টর জমিতে সেচের জল সরবরাহ করা যাবে। ১৯৮১-৮২ সাল শেষ হ'লে, এর সঙ্গে অতিরিক্ত ১,০০০ হেক্টর জমিও সেচের আওতায় আসবে।

**পাহাড়ী এলাকায় সেচ**

পাহাড়ী এলাকায় সেচের উদ্দেশ্যে বাহক নলের সাহায্যে স্প্রিঙ্কলার সেচ (স্প্রিঙ্কলার ইরিগেশন সিস্টেম উইথ কনভেয়র পাইপস)-এর মতো একটি নতুন সেচ পদ্ধতির সূচনা করা হচ্ছে। এর ফলে, সেচের জলের পরিমিত ব্যবহার সম্ভব হবে এবং অস্থায়ী (আনস্টেবল) জমিতে ভূমিচ্যুতির সম্ভাবনাকে কমাতে সাহায্য করবে। তাছাড়া, প্রকল্পের মূলধনী ও রক্ষণাবেক্ষণ বাবদ খরচও এতে কম হবে।

১৯৮০ সালের মৌসুমী ঋরসুমে দার্জিলিং জেলার পার্বত্য এলাকার এক বিরাট ভূমিচ্যুতি ঘটেছিল, যার ফলে উক্ত এলাকার ১৫টি সেচ প্রকল্প এবং ১২টি ভূমিসংরক্ষণমূলক প্রকল্পের কাজ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। কেন্দ্রীয় সরকারের অর্থানুকুল্যে (স্পেশাল সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স) ৫০ লক্ষ টাকা ব্যয়ে সেই ক্ষতিগ্রস্ত অংশগুলিতে মেরামতির কাজ হাতে নেওয়া হয়েছে।

**বন্যা নিয়ন্ত্রণ ও জল নিষ্কাশন**

মালদহ জেলার তোফি এলাকাধীন "মাজিনাল" বাঁধে ভাঙ্গন সৃষ্টি হওয়ার ১৯৮০ সালে উক্ত জেলায় ভয়াবহ বন্যা দেখা দেয়। ফরাক্কা ব্যারেজ প্রকল্প কর্তৃপক্ষ উক্ত বাঁধের রক্ষণাবেক্ষন করতেন। গঙ্গা নদীর বাম ও দক্ষিণ তীর রক্ষার কাজও এতে দারুণ ক্ষতিগ্রস্ত হয়। ভূতানি দায়রা সার্কিট বাঁধটি—যা এখন ফরাক্কা ব্যারেজ প্রকল্প কর্তৃপক্ষ দেখাশোনা করেন—সেটিও ভাঙ্গনের মুখোমুখি হয়েছিল; কিন্তু রাজ্য সরকারের সম্ভাব্য সবরকম সাহায্যের ফলে সেই বাঁধটিকে ভাঙ্গনের হাত থেকে রক্ষা করা গেছে। অজয় নদীর উভয় তীরে ভাঙ্গনের ফলে বর্ধমান ও বীরভূম জেলার বিস্তৃত অঞ্চল প্লাবিত হয়। ময়ূরাক্ষী নদীতে বন্যার ফলে বীরভূম জেলার নিম্নাঞ্চল এবং মুর্শিদাবাদের কান্দী মহকুমা প্লাবিত হয়। এছাড়াও, গঙ্গা ও দামোদর নদীর বহু অ-সংরক্ষিত অঞ্চলও বন্যার কবলে পড়ে। উক্ত এলাকায় বন্যার ক্ষয়ক্ষতিজনিত মেরামতির কাজ হাতে নেওয়া হয়েছে এবং তা মৌসুমী মরসুমের মধ্যেই সম্পূর্ণ করা যাবে। হিসেব ক'রে দেখা গেছে যে, উপরোক্ত মেরামতি কাজের জন্য প্রায় ৮ কোটি ৬ লক্ষ টাকা ব্যয় হবে।

বন্যা অথবা জলনিষ্কাশ জনিত সমস্যাকে কার্যকরভাবে কমাতে হ'লে বিভিন্ন নদীবেসিন অঞ্চলকে ঘিরে "মাস্টার প্ল্যান" শুরু করা একান্ত দরকার। আমরা বেশ কয়েকটি মাস্টার প্ল্যানের কাজ হাতে নিয়েছি; আরও কয়েকটি বিবেচনাধীন আছে।

**(ক) জল নিষ্কাশন ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প**

গুরুত্বপূর্ণ বন্যানিয়ন্ত্রণ ও জল নিষ্কাশন প্রকল্পগুলির একটি বিবরণ নিচে দেওয়া হ'ল ঃ

| | | |
|---|---|---|
| | | আনুমানিক ব্যয় (কোটি টাকায়)** |
| ১। | নিম্ন দামোদর এলাকা উন্নয়ন .. .. | ৩৪.১৫ |
| ২। | মহানন্দা বাঁধ পরিকল্পনা .. .. | ১৮.৯৬ |
| ৩। | ঘিয়া-কুন্তী বেসিন জল নিষ্কাশন প্রকল্প .. .. | ৭.৫৯ |
| ৪। | যমুনা বেসিন জল নিষ্কাশন প্রকল্প .. .. | ৫.৩৮ |
| ৫। | সুন্দরবন অঞ্চলে জরুরি উন্নয়নমূলক কাজ .. .. | ১৭.৯৬ |
| ৬। | কুনুর নদী-বাঁধ প্রকল্প .. .. | ৪.০২ |
| ৭। | মহানন্দা নদীর বাম তীরে বাঁধ নির্মাণ .. .. | ৪.০৪ |
| ৮। | খড়ি নদী জল নিষ্কাশন প্রকল্প .. .. | ৮.৫০ |

| | | | |
|---|---|---|---|
| ৯। | ঘাটাল মাস্টার প্ল্যান | .. .. | ৪৯.১৭ |
| ১০। | তমলুক মাস্টার প্ল্যান | .. .. | ৮.৫৯ |
| ১১। | কান্দী এলাকায় সংহত (ইন্টিগ্রেটেড) বন্যা নিয়ন্ত্রণ ও জল নিষ্কাশন প্রকল্প। | .. | ৫১.৫০ |
| ১২। | সুন্দরবন বদ্বীপ প্রোজেক্ট | .. .. | ৪৭.৩০ |
| ১৩। | বরমাসিয়া-হরিশ্চন্দ্রপুর জল নিষ্কাশন প্রকল্প | .. .. | ১৬.০০ |
| ১৪। | পূর্ব মগরাহাট জল নিষ্কাশন প্রকল্প | .. .. | ৭.৫০ |
| ১৫। | হারুণ-কুলটিগঞ্জ বেসিন জল নিষ্কাশন মাস্টার প্ল্যান | .. .. | ১৫.৫০ |
| ১৬। | পশ্চিম মগরাহাট বেসিন জল নিষ্কাশন মাস্টার প্ল্যান | .. | ২.১৪ |
| ১৭। | করতোয়া নাগরতলা মাস্টার প্ল্যান | .. .. | ৫৪০.৪৪ |
| ১৮। | ভগবানপুর-নন্দীগ্রাম জল নিষ্কাশন মাস্টার প্ল্যান | .. .. | .. |

আমি আনন্দের সঙ্গে বলতে চাই যে, সংশোধিত নিম্ন দামোদর অঞ্চল উন্নয়ন প্রকল্পটি স্থানীয় অধিবাসীদের সঙ্গে আলোচনা ক'রে চূড়ান্ত করা হয়েছে। মহানন্দা বাঁধ প্রকল্পটিও প্রায় শেষ হয়ে এসেছে। উপরোক্ত ৪, ৫, ৬ এবং ৮নং প্রকল্পগুলির কাজ চলছে। অনেক চেষ্টার পরে, ঘাটাল মাস্টার প্ল্যান প্রকল্পটি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত কমিশনের মতামতের ভিত্তিতে প্রকল্পটির বিস্তারিত এস্টিমেট তৈরি করা হচ্ছে। তমলুক মাস্টার প্ল্যানের অন্তর্গত অধিকাংশ আউটফল স্লুইশের কাজ শেষ হয়েছে। বাকিগুলির কাজ গঙ্গা নদীর বন্যা নিয়ন্ত্রক পর্ষদ কর্তৃক উত্থাপিত প্রস্তাবের ভিত্তিতে মূল পরিকল্পনাটি পুনর্বিন্যস্তীকরণ সাপেক্ষে বন্ধ আছে। প্ল্যানিং কমিশনের সম্মতি পাওয়া গেলেই কাজগুলি ধরা হবে। কান্দী বন্যা নিয়ন্ত্রণ ও জলনিকাশি পরিকল্পনাটি উক্ত পর্ষদের কাছে পেশ করা হয়েছে। পর্ষদ কর্তৃপক্ষ কতকগুলি প্রশ্ন উত্থাপন করেছেন প্রকল্পটি সম্পর্কে। বিষয়টি আলোচনার পর্যায়ে আছে।

**ঘিয়া-কুন্তি বেসিন জলনিকাশি প্রকল্প**

১৯৭৭-৭৮ সালে ৭ কোটি ৫৯ লক্ষ টাকা ব্যয়ের এই প্রকল্পটির রূপায়ণের কাজ হাতে নেওয়া হয়। হুগলি ও বর্ধমান জেলার ৩৫৯ বর্গমাইল পরিমিত জমির জলনিকাশি সমস্যার এর দ্বারা অনেকাংশে সুরাহা হবে। এর মধ্যেই কাজটির কিছুটা অগ্রগতি হয়েছে। হুগলি জেলার পোলবা, দাদপুর, পাণ্ডুয়া ও মগরা থানা এবং বর্ধমান জেলার জামালপুর থানার প্রায় ১০০ বর্গমাইল পরিমিত অঞ্চল এর ফলে উপকৃত হয়েছে।

চলতি কাজের মরশুমে চাঁপদানীর শেষাংশে থেকে কাট-কুন্তি খালের খননের কাজ হাতে

নেওয়া হয়েছে। কিন্তু জমি অধিগ্রহণ সংক্রান্ত অসুবিধার দরুন কাজটির অগ্রগতি ব্যাহত হচ্ছে। এই অসুবিধা দূর করতে পারলে পরিকল্পনাটির আশানুরূপ অগ্রগতি হবে।

**মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর, খরবা ও রতুয়া থানা অঞ্চলের জলনিকাশি সমস্যার সমাধানকল্পে বরামাসিয়া, সরযূ ও মরা মহানন্দা নদীর পুনর্খনন প্রকল্প**

এই পরিকল্পনাটির আনুমানিক ব্যয় ১৫ কোটি ৭৫ লক্ষ ৪৮ হাজার টাকা। এর রূপায়ণের কাজ শেষ হ'লে মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর, খরবা ও রতুয়া থানার অন্তর্গত প্রায় ১ লক্ষ ১০ হাজার একর পরিমিত এলাকার জলনিকাশের কাজ অনেক সহজ হবে। এছাড়া বিহারের উঁচু এলাকার জমিগুলির জলনিকাশি সমস্যারও এর দ্বারা সমাধান হবে। বর্তমানে পরিকল্পনাটি গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের বিবেচনাধীন আছে। পরিকল্পনাটির চূড়ান্ত রূপরেখা নির্ধারণের জন্য উক্ত পর্ষদ, বিহার ও পশ্চিমবঙ্গ সরকার এবং নর্থ ফ্রন্টিয়ার রেলওয়ের অফিসারগণ যুক্তভাবে এলাকাটির পরিদর্শনের ব্যবস্থা করছেন।

**হাড়োয়া-কুলতিগঞ্জ জলনিষ্কাশন এলাকার মাস্টার প্ল্যান**

২৪-পরগনা জেলার বারাসাতের চারিপাশে বৃহৎ এলাকা প্রায়ই জলনিষ্কাশন সমস্যার জন্য ক্ষতিগ্রস্ত হয়। এইরূপ এলাকার জলনিষ্কাশন নোরী, সুস্তি, নোনাগঙ্গ খালের মাধ্যমে সম্পন্ন হয়। জমি জবরদখল হওয়ায় জলনিষ্কাশন ব্যবস্থা ক্রমশ নষ্ট হয়, যার ফলে খালগুলির জায়গায় জায়গায় পলি জমে ওঠে। প্রতিষেধক ব্যবস্থা হিসাবে নোয়ি বেসিন জলনিষ্কাশন প্রকল্প হাতে নেওয়া হয়, যার কাজ প্রায় সম্পূর্ণ হয়েছে। নোনাগঙ্গ খালের একটি অংশের আংশিক খননের কাজও হয়ে গেছে। তবে হাড়োয়াগঙ্গ ও কুলতিগঙ্গ খালের পলিজমা তলদেশের সংস্কার প্রয়োজন। একটি কার্যকর জলনিষ্কাশন ব্যবস্থার সব সুবিধা পেতে গেলে নোয়ি খালের জলনিষ্কাশন ক্ষমতাও বাড়াতে হবে। এই লক্ষ্য সামনে রেখে বারাসাত এলাকার উন্নতির জন্য একটি মাস্টার প্ল্যানের তদন্ত ও জরিপের কাজ হাতে নেওয়া হয়েছে। বর্তী বিল এলাকার জলনিষ্কাশন এই প্রকল্পের অন্তর্ভুক্ত এবং তা একই সঙ্গে বিবেচিত হবে। এই মাস্টার প্ল্যানের খরচ পড়বে ১৫ কোটি টাকা।

**পূর্ব মগরাহাট জলনিষ্কাশন প্রকল্প**

পূর্ব মগরাহাট জলনিষ্কাশন প্রকল্পের কাজ প্রায় শেষ। এ পর্যন্ত ৫.৪৭ কোটি টাকা ব্যয় হয়েছে। উন্নত জলনিষ্কাশনের সুফল ৫০,০০০ (পঞ্চাশ হাজার) একর জমিতে পাওয়া গেছে। তাছাড়া, মোহনায় ক্রস বাঁধ দিয়ে পিয়ালি নদীর মুখ বন্ধ ক'রে এবং কুলতলীতে ৩২ ছিদ্রযুক্ত স্লুইস তৈরি ক'রে নোনা জলের পরিবর্তে ৪,৫০০ একর ফুট মিষ্টি জল ধ'রে রাখা সম্ভব হয়েছে, আর এই নোনা জল কুলতলী, জয়নগর, ক্যানিং, বারুইপুর এবং সোনারপুর থানার ৫৪,০০০ একর চাষের জমির ক্ষতি করত। এখন থেকে এই এলাকাগুলিতে পিয়ালি ও তাঁর শাখা খালের দ্বারা সেচের ব্যবস্থা হবে। এর দ্বারা ২.৪ কোটি টাকা ব্যয়ে পিয়ালি নদীর উভয় পাড়ে প্রায় ২৪ কিমি বিস্তৃত এলাকার রবি চাষের জন্য প্রচুর শক্তি (প্রোটেনশিয়াল)

সৃষ্টি হবে। দু'টি রিভার লিফট সেচ প্রকল্প (প্রতিটি ১০০ একর জমিতে সেচ করতে সক্ষম) কৃষি বিভাগ এবছরে হাতে নিয়েছে এবং আরও দশটি রিভার লিফট সেচ প্রকল্প (১০০ একর জমিতে সেচ করতে সক্ষম) আগামী বছর থেকে হাতে নেওয়া হবে। পাইলট প্রোজেক্ট হিসেবে একটি উইণ্ড মিল পিয়ালি নদীর দক্ষিণ পাড়ে মহিষমারি গ্রামে বসানো হয়েছে। তা ১৫ একর জমিতে রবি চাষের জন্য জল সরবরাহ করবে।

**২৪-পরগনা জেলায় করাতোয়া-নগরতলা বেসিন জলনিষ্কাশন প্রকল্প**

এই প্রকল্পটির আনুমানিক ব্যয় ৫৪০.৪৪ লক্ষ টাকা এবং ক্যানিং, বাসন্তি ও মিনাখাঁ থানার প্রায় ৮৪ বর্গমাইল এলাকার জলনিষ্কাশন সমস্যা সমাধানে এই প্রকল্প প্রভুত সাহায্য করবে। এই প্রকল্প চার বছরের মধ্যে শেষ হবে ব'লে আশা করা যায়।

**সুন্দরবন**

সুন্দরবনের বদ্বীপ এলাকা ৩.৫০০ কিমি পাড়ের দ্বারা সুরক্ষিত। এই এলাকার জল-নিষ্কাশনের জন্য ৮৫০টি স্লুইস আছে। সেচ ও জলপথ বিভাগ, যে অর্থ হাতে আছে তাঁর দ্বারা পাড় ও স্লুইসের রক্ষণাবেক্ষণ করতে যথাসাধ্য চেষ্টা করছে। "আরজেন্ট ডেভেলপমেন্ট ওয়ার্কস ইন সুন্দরবন" নামে এবং ১৭.৯৫ কোটি টাকা ব্যয়ে একটি প্রকল্প রূপায়ণের জন্য হাতে নেওয়া হয়েছে। জলনিষ্কাশন খালের সংস্কারের প্রয়োজনীয় কাজ, সংরক্ষণকারি পাড়ের নির্মাণ ও পুনপথ-নির্দেশন এবং সমস্ত এলাকার দ্রুত জলনিষ্কাশনের জন্য প্রয়োজনীয় স্লুইস-এর নির্মাণ ও পুনর্নির্মাণ এই প্রকল্পের অন্তর্ভুক্ত। এ বছরে এই প্রকল্পে এক কোটি টাকা ব্যয় হয়েছে। আগামী বছরের জন্য এক কোটি টাকা প্রস্তাবিত হয়েছে। ৪৭.০৩ কোটি টাকা ব্যয়ে এবং সুন্দরবন এলাকার সর্বাঙ্গীণ উন্নতির জন্য তৈরি "দি সুন্দরবন ডেল্টা প্রোজেক্ট" এখনও কেন্দ্রীয় সরকারের অনুমোদন পায় নি। ১৯৮০ সালে ২।৩ মাইল বিস্তৃত সুন্দরবনের প্রায় ৪৫০টি বাঁধ মেরামতি করেছি। ১৯৭৮ সালের ভয়াবহ বন্যায় সমগ্র পশ্চিমবঙ্গে যে প্রায় ১২ শতটি বাঁধ মেরামত করা হয়েছিল তাঁর চেয়েও দ্রুততার সাথে সুন্দরবনের এই বাঁধগুলি মেরামত করা হয়েছে।

**পশ্চিম মগরাহাট বেসিন জলনিষ্কাশনের মাস্টার প্ল্যান**

পাশ্চম মগরাহাট বেসিন জলনিষ্কাশন প্রকল্পটি বিষ্ণুপুর, মগরাহাট, বারুইপুর, ডায়মণ্ডহারবার, ক্যানিং এবং তৎসংলগ্ন এলাকার জলনিষ্কাশন কার্যকর করার জন্য পুনর্মুল্যায়ন করা হচ্ছে, যাতে জলনিষ্কাশন খালগুলি উক্ত এলাকার নিচু জায়গার জলনিষ্কাশন এবং রবি ও বোরো শস্যের জন্য রবি মরসুমে সেচের জন্য যথেষ্ট জল ধ'রে রাখতে পারে।

**পশ্চিমদিনাজপুর এবং মালদা জেলার মহানন্দা নদীর বাম, তীরের এমব্যাঙ্কমেন্ট পরিকল্পনা**

পশ্চিমদিনাজপুর এবং মালদা জেলার বন্যা প্রতিরোধকল্পে মহানন্দা নদীর বাম তীরে যে একটি এমব্যাঙ্কমেন্ট করবার পরিকল্পনা রয়েছে তাতে মোট খরচ ধরা হয়েছে ৪০৪.৫৬ লক্ষ

টাকা, এবং তাতে ঐ জেলাগুলির ১.১২ লক্ষ একর জমি বন্যামুক্ত হবে। পরিকল্পনাটি হচ্ছে ৩৪.৮ মাইল দীর্ঘ একটি এমব্যাঙ্কমেন্ট এবং তাঁর মধ্যে কয়েকটি জলনিকাশি স্লুইস গেট যেগুলি খুবই সাময়িকভাবে কাজে লাগবে। পরিকল্পনাটি বিশেষভাবে পরীক্ষার জন্য "গঙ্গা বন্যানিরোধক কমিশনের" কাছে পাঠানো হয়েছে। বিহার সরকারের কিছু আপত্তি ও তদনুরূপ নির্দেশমতো এই পরিকল্পনাটির বেশ কিছু পরিবর্তন প্রয়োজন; এবং সেই পরিবর্তিত পরিকল্পনাটি আগামী বছর ঠিক হ'তে পারে ব'লে মনে হয়।

### (খ) নদীতীর অবক্ষয় এবং সংরক্ষণ কাজ

#### (১) রানিগঞ্জের অবক্ষয় সংরক্ষণ কাজ

দামোদর নদী থেকে ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেড বালি তোলার পর দামোদরের বাম তীরে পাঁচমাইলব্যাপী একটি ধ্বস নামতে থাকে। ঐ দীর্ঘ ধ্বস সংরক্ষণের জন্য ৪৩৫.৮৫ লক্ষ টাকা ব্যয়ে একটি পরিকল্পনা তৈরি হয়। ঐ ধ্বসটি বর্ধমান জেলার রানিগঞ্জ থানা থেকে শ্রীরামপুর এবং অণ্ডাল থানায় অবস্থিত। টাকাকড়ি সংস্থানের জন্য এখন ব্যাপারটি ইস্টার্ন কোলফিল্ডের সাথে চিঠি আদানপ্রদান চলছে। কাজটির বেশির ভাগই শেষ হয়েছে এবং আশা করা যাচ্ছে সামনের বছরের মধ্যেই বাদবাকি কাজ শেষ হবে। রানিগঞ্জে ২৭.০৪ লক্ষ টাকা ব্যয়ে "নুপূর বিল ড্রেনেজ" নামক একটি পরিকল্পনা নেওয়া হয়েছে। কাজটির ৭০ ভাগ শেষ হয়েছে এবং তাতে ৬.৫ বর্গমাইল এলাকা উপকৃত হচ্ছে।

#### (২) অজয় নদীর অবক্ষয় এবং বন্যা প্রতিরোধ পরিকল্পনা

সাতকাহোমা, ফতেপুর, বেতিয়া এবং আরও অন্যান্য স্থানে অজয় নদীর ডানদিকে প্রচণ্ড ভাঙ্গন শুরু হয়েছে। গত বন্যার সময় ফতেপুরে একটি বেশ বড় ধরনের ভাঙ্গন হয়েছিল যা এখনও মেরামত করা হচ্ছে। ঐ জায়গাগুলির উপযুক্ত সংরক্ষণের জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে এবং তাঁর কতকগুলি রাজ্যসরকারের "টেকনিক্যাল কমিটি" অনুমোদন করেছে। পরিকল্পনাটি বিশেষভাবে অগ্রসর হচ্ছে এবং তাড়াতাড়ি হাতে নেওয়া হবে।

একইভাবে অজয় নদীর বাম তীরে আর একটি ভাঙ্গন সৃষ্টি হয়েছে এবং চন্দনপুর, হাসিপুর এবং জাহানাবাদ এলাকার বাঁধগুলি বেশ ক্ষতিগ্রস্ত হয়েছে। ঐগুলি মেরামত করবার যথাযথ ব্যবস্থাও নেওয়া হয়েছে। জয়দেব-কেন্দুলি অঞ্চলের সংরক্ষণের কাজও কিছুটা অবনতির দিকে যাচ্ছে এবং ঐগুলিও হাতে নেওয়া হয়েছে।

#### (৩) গঙ্গানদীর বাঁধ সংরক্ষণ এবং অবক্ষয় রোধ

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন ফরাক্কা বাঁধের উভয় দিকে গঙ্গা নদীতে প্রচণ্ড ভাঙ্গন ধরেছে। রাজ্যসরকার "কেন্দ্রীয় জল কমিশন" (সেন্ট্রাল ওয়াটার কমিশন)-এর সদস্য শ্রী প্রীতম সিং-এর সভাপতিত্বে একটি কমিটি গঠন করেন এবং কমিটি তাঁর সুপারিশ সরকারের কাছে পেশ করেছেন। পঞ্চাননদপুর থেকে জলঙ্গী পর্যন্ত ১৭৪ কিমি দীর্ঘ রাস্তার জন্য আনুমানিক

২৯৩ কোটি টাকা খরচ ধরা হয়েছে। ফরাক্কা বাঁধ তৈরির পথ যেহেতু ঐ প্রচণ্ড অবক্ষয় শুরু হয়েছে সেজন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারকে এর সমুহ খরচ বহন করবার জন্য আবেদন করেছেন। অত্যন্ত দুঃখের খবর, কেন্দ্রীয় সরকার কেবলমাত্র ফরাক্কা বাঁধ ও জঙ্গীপুর বাঁধ রক্ষার জন্য যে খরচ তাছাড়া অন্য কোনও কিছু খরচের অংশ নিতে রাজি নয়। তদনুসারে ফরাক্কা বাঁধ থেকে টাকি পর্যন্ত উপরদিকে বামদিকের এমব্যাঙ্কমেন্টের কাজ ওখানকার "প্রোজেক্ট অথরিটি"র উপর বর্তিত হয়েছে। জঙ্গীপুর বাঁধের নিকট প্রোজেক্ট অথরিটি বাঁধসংরক্ষণের কাজ শুরু করেছে এবং তা জঙ্গীপুর অ্যাফ্লুক্স বাঁধের (অ্যাফ্লুক্স) সন্নিকটে পৌঁছেছে।

বাদবাকি ক্ষতিগ্রস্ত এলাকায় রাজ্যসরকার তাঁর সমস্ত রকম প্রচেষ্টার মেরামতি কাজ চালিয়ে যাচ্ছে, সমস্ত শহর ও গ্রামাঞ্চলব্যাপী এবং সমস্ত গুরুত্বপূর্ণ জায়গায় প্রচণ্ডভাবে কাজ চলছে। ঐ উদ্দেশ্যে গত বছর আমাদের খরচ হয়েছে ৮ কোটি টাকা। আমরা আগামী ১৯৮১-৮২ সালের জন্য সমস্ত বন্যানিয়ন্ত্রণ খাতে বরাদ্দ ৩২ কোটি টাকার মধ্যে উপরোক্ত কাজের জন্য ২.২১ কোটি টাকা বরাদ্দ করেছি।

**(৪) হুগলি নদীর বাঁধ সংরক্ষণ কাজ**

হুগলি নদীর উভয় তীরেই জোয়ার জলে অবক্ষয় হয় ব'লে সকলের জানা আছে। গত ১৯৮০-৮১ সালে একদিকে হুগলি ও হাওড়ার দিকে এবং আর একদিকে নদীয়া এবং ২৪-পরগনার দিকে ২১৩ লক্ষ টাকা ব্যয়ে একটি "বিরাট নদীতীর সংরক্ষণ" পরিকল্পনার কাজ হাতে নেওয়া হয়েছে। আগামী ১৯৮১-৮২ সালে বরানগর, বেলঘরিয়া, বারাকপুর, পানিহাটি, জগদ্দল, মহেশতলা ইত্যাদি স্থানের প্রায় ১০,০০০ ফুট নদীতীর সংরক্ষণ পরিকল্পনা হাতে নেওয়া হবে এবং এর জন্য ধরা হয়েছে ১০৫ লক্ষ টাকা। আগামী বছর হাওড়া জেলার বালী ও হুগলির শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির কাজ হাতে নেওয়া হবে আশা করছি। বর্ধমান ও হুগলি জেলার "বেহুলা বেসিন পরিকল্পনা"টির ৯ কোটি টাকা ব্যয়ে সবেমাত্র প্রস্তুতি শেষ হয়েছে। এর জলনিকাশি সুবিধা পাবে প্রায় ৩৫২ বর্গমাইল এলাকা এবং সেচের সুবিধা পাবে প্রায় ৭০,০০০ একর জমি। আগামী ১৯৮১-৮২ সালে হুগলি, হাওড়া এবং ২৪-পরগনার জন্য ৭৬ লক্ষ টাকা ব্যয়ে আরও সংরক্ষণের কাজ হাতে নেওয়ার কথা সরকার চিন্তা করেছেন এবং তাতে হাজার হাজার লোকের ঘর ও বহু বস্তি রক্ষা পাবে। আমি দুঃখিত য়, দীর্ঘ ৩০ বছর কংগ্রেসি শাসনে কোনও "নদীতীর সংরক্ষণের" কাজ হয়নি।

**(গ) উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ এবং নিকাশি প্রকল্প**

উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশন দার্জিলিং, জলপাইগুড়ি এবং কোচবিহার জেলার বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পগুলির দায়িত্বে আছে। এই অঞ্চলগুলিতে ৭৭টি চলমান প্রকল্পের কাজ চলছে। উপরন্তু আরও ৭০টি প্রকল্পের কাজ ষষ্ঠ পরিকল্পনা কালে ধাপে ধাপে হাতে নেওয়ার সংকল্প গ্রহণ করা হয়েছে। এই সমস্ত প্রকল্পের মোট আনুমানিক ব্যয় ৬৮ কোটি টাকা, এর মধ্যে ১৫.২৩ কোটি টাকা ইতিমধ্যেই ব্যয়িত হয়েছে। ১৯৮১-৮২ সালের জন্য ৩ কোটি ৬০ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব আছে। এই প্রকল্পগুলির মধ্যে কিছু গুরুত্বপূর্ণ প্রকল্পের নাম ও স্থিরীকৃত

ব্যয় নিচে দেওয়া হ'ল।

**চলমান প্রকল্প**

| | | আনুমানিক ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|
| ১। ভগ্ন অংশের নিকট চেঙ্গমারি বাঁধ নির্মাণ | .. | ১৩৮.০০ |
| ২। বিবিগঞ্জ থেকে ঝাড়সিংহেশ্বর পর্যন্ত নদীতীর সংরক্ষণ | .. | ৬০.০০ |
| ৩। গতি পরিবর্তিত হয়ে শীলতোর্যা নদীর বানিয়া নদীতে পতন নিবারণ | .. | ৩০.০০ |
| ৪। মাঁসাই নদীর বাম তীর বরাবর ফলাকাটা-শীলডাঙ্গা সরণীর সংরক্ষণ | .. | ৬৯.৫০ |
| ৫। জলঢাকা নদীর কুমারী নদীতে অ্যাভালসনের নিবারণ | .. | ৫৩.২০ |
| ৬। চেঙ্গমারি থেকে প্রেমগঞ্জ পর্যন্ত তিস্তা নদীর বাম তীর সংরক্ষণ | .. | ৩২.৮৫ |

**নুতন প্রকল্প**

| | | স্থিরীকৃত ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|
| ১। চেল বাঁধ পর্যন্ত শীলতোর্যা নদীর বাম তীর সংরক্ষণ | .. | ২০০.০০ |
| ২। সংকোণ নদকে জোড়াই নদীতে পতন (ডাইভার্সন) থেকে নিবারণ | .. | ২১১.০৫ |
| ৩। রেলসেতু থেকে ৩১ নং জাতীয় সড়ক পর্যন্ত জলঢাকা নদীর বাম তীর সংরক্ষণ | | ৭৯.০০ |

**(ঘ) বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প কার্যক্রমের সুবিধা**

১৯৮০ সাল পর্যন্ত বন্যা নিয়ন্ত্রণ ও নিকাশি প্রকল্পগুলি থেকে প্রাপ্ত সুযোগসুবিধা ঃ

| | | |
|---|---|---|
| ১। নির্মিত বাঁধের (এমব্যাঙ্কমেন্ট) দৈর্ঘ্য | .. .. .. | ১৫,৪১৫ কিমি |
| ২। সম্পাদিত শহর সংরক্ষণ কার্য | .. .. .. | ৫৪টি |
| ৩। খনিত নিকাশি প্রণালীর দৈর্ঘ্য | .. .. .. | ৬,২৬৬ কিমি |
| ৪। বন্যা থেকে নিষ্কৃতিলাভের এলাকা | .. .. .. | ২৮.৯৫ লক্ষ হেক্টর |

**সি এম ডি এ-র কাজ**

সেচ ও জলপথ বিভাগ সি এম ডি এ-র অর্থে মোট ৭৭৫ লক্ষ টাকা ব্যয়ের ১২টি

নিকাশি প্রকল্প নির্বাহে নিযুক্ত আছে। এদের মধ্যে দুটি প্রকল্পের কাজ ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে এবং বাকি ১০টির কাজ চলছে। সি এম ডি এ-র কাছ থেকে এ পর্যন্ত মোট ৫৬৬ লক্ষ টাকা পাওয়া গেছে এবং ৫৭৪ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে।

অধিকন্তু, ৪৯ কোটি টাকা ব্যয়ের আরও ১২টি প্রকল্পকে সি এম ডি এ "আই ডি এ—৩য় প্যাকেজ"-এর জন্য স্বীকার করেছে। এই প্রকল্পগুলির সমাপ্তির পর কলকাতা, ২৪-পরগনা, হাওড়া ও হুগলি জেলার সি এম ডি এ অঞ্চলের নিকাশি পরিস্থিতির যথেষ্ট পরিমাণে উন্নতি হবে।

**নদী গবেষণা সংস্থা**

নদী গবেষণা সংস্থা সেচ, নিকাশ, বন্যা নিয়ন্ত্রণ এবং নদীতীরের ভূমিক্ষয় সংক্রান্ত বহু ইঞ্জিনিয়ারিং বিষয় নিয়ে গবেষণা ক'রে থাকে। বর্তমান ১৯৮০-৮১ সালে অন্যান্যদের মধ্যে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে গবেষণা চালানো হয়েছে ঃ—

(১) তিস্তা ব্যারেজ মডেল স্টাডিজ।

(২) মহানন্দা ব্যারেজ মডেল স্টাডিজ।

(৩) দুর্গাপুর ব্যারেজের কাম্যতম গেট অপারেশন সংক্রান্ত মডেল স্টাডিজ।

(৪) সুবর্ণরেখা ব্যারেজ মডেল স্টাডিজ।

(৫) পাঞ্চেত ড্যাম টেইল পুল মডেল স্টাডিজ।

এই বিষয়গুলির মধ্যে কতকগুলি কাজ ১৯৮১-৮২ সালেও চলবে। আগামী বছরে আরও কতকগুলি গবেষণা এবং অনুসন্ধানের কাজ হাতে নেওয়া হবে।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় ১৯৮১-৮২ সালের যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি সে সম্পর্কে দুই একটি কথা বলতে চাই। ১৯৭৪ সালে বিধ্বংসী বন্যার পর সেচ দপ্তরের গুরুত্ব আর এক বার পশ্চিমবাংলার জনসাধারণের কাছে অনুভূত হয়েছে। আগেরবারে এটা বলেছিলাম যে শুধু সেচ দপ্তরের উপরেই সেচ কার্য্য নির্ভর করেনা, অন্য দপ্তরও এই সঙ্গে এলায়েড। দ্বিতীয়ত আমরা দেখেছি সেচ দপ্তরের সাথে কৃষি দপ্তর এবং খাদ্য দপ্তর যুক্ত থাকে। পশ্চিমবাংলায় যদি সেচ দপ্তর ব্যর্থ হয় তবে সেই সঙ্গে কৃষি দপ্তর এবং খাদ্য দপ্তরও ব্যর্থ হবে। মাননীয় সেচমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতার মধ্যে এটা উল্লেখ করেছেন যে আগামী বৎসরে আরও নতুন নতুন সেচ কার্য নতুনভাবে বিস্তারলাভ করবে এবং পশ্চিমবাংলার ফসল উৎপাদনের ক্ষেত্রে সহায়তা করবে। ১৯৭৮ সালের বন্যার পর আমরা দেখেছি পশ্চিমবাংলার খাদ্য উৎপাদন কমে গেছিল এবং সেচ কার্যেরও প্রভূত ক্ষতি হয়েছিল। কেননা ১৯৭৮ সালে সেচ দপ্তরের ব্যর্থতা

পশ্চিমবাংলার সর্বত্র দেখা দিয়েছিল, এই ব্যর্থতার জন্য কে দায়ী? আমি এখানে শুধু একথা বলতে চাই যে সেচ দপ্তর যদি দায়িত্ব যথাযথ পালন না করে, সেচ দপ্তর তাঁর কার্যে যদি ব্যর্থ হয়, তাহলে সারা পশ্চিমবাংলা জুড়ে একটা ভয়াবহ অবস্থা দেখা দেবে। ১৯৭৮ সালে এটা প্রমাণ হয়ে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সেচ মন্ত্রী যে বাজেট বরাদ্দ এনেছেন, যে বক্তৃতা তিনি রেখেছেন তাতে একটা কথা বলেছেন—যে সমস্ত এলাকায় সেচের সুবিধা আছে, সেই সমস্ত এলাকায় সেচের সঙ্গে সঙ্গে এলাকা আরও সম্প্রসারিত করবেন এবং যে সমস্ত এলাকায় লোনা জল সেই সমস্ত এলাকায় নেভিগেশনের কাজ না করে, কি করে ইরিগেশনের কাজ করা যায় সেদিকটা লক্ষ্য দেবেন। আমার যতদূর মনে হয় গত বছর কি তাঁর আগের বছরেও তাঁর বাজেট বক্তৃতাতে উল্লেখ ছিল যে, যে সমস্ত জায়গায় সেচ দপ্তরের মাধ্যমে জল সেচের ব্যবস্থা করতে পারবেন না, সেই সমস্ত জায়গায় নেভিগেশনের কাজ না করে ইরিগেশন যাতে করতে পারেন সেদিকে লক্ষ্য রাখবেন। কিন্তু এবারের বাজেট বক্তৃতায় এই সমস্ত কথার উল্লেখ নাই। অর্থাৎ যে সমস্ত জায়গায় ইরিগেশন করা সম্ভব নয়, সেই সমস্ত জায়গায় কিভাবে ইরিগেট করা যায় সে সম্পর্কে তিনি কোনও আলোকপাত করেননি। আমি তাঁকে বলতে চাই—ময়ূরাক্ষী, দামোদর কংসাবতী প্রভৃতি এলাকায়—সেই সমস্ত জায়গায় নেভিগেশন এবং ইরিগেশন দুটোই করা সম্ভব কিন্তু মেদিনীপুরে বিভিন্ন জায়গায় নেভিগেশন এবং ইরিগেশন সম্ভব নয়। যদি আজকে পরিকল্পনার মাধ্যমে নেভিগেশন এবং ইরিগেশন দুটোই পাশাপাশি প্রকল্প নেওয়া যায় তাহলে সেই সমস্ত জায়গায় এক ফসলের জমিতে দু ফসলের ব্যবস্থা করা যায়। আমি তাই সেচ দপ্তরের মধ্যে সেদিকটায় লক্ষ্য দিতে অনুরোধ করি। ১৯৭৮ সালে যে বন্যা হয়েছিল তাতে এটা প্রমাণিত হয়েছিল যে সংরক্ষণের কাজ ঠিকমতো না হওয়ার জন্য অধিকাংশ বাঁধে যে ফাটল দেখা দিয়েছিল এবং তাঁর ফলেই বন্যার উদ্ভব হয়েছিল। আমরা দেখেছি বেশ কিছু বছরের কাজের ফলে সেচ দপ্তরের যে অ্যাসেট দাঁড়িয়েছে তাঁর পরিমাণ ৫০০/৬০০ কোটি টাকা কিন্তু এই যে সম্পদ সৃষ্টি হয়েছে, তাঁর রক্ষণাবেক্ষনের জন্য উপযুক্ত পরিমাণ টাকা বরাদ্দ করা হয়নি। তাঁর জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়নি। কংসাবতী ড্যামে ফাটল দেখা দিয়েছিল, ময়ূরাক্ষী বাঁধে ফাটল দেখা দিয়েছিল এবং বিভিন্ন জায়গায় এই ফাটল দেখা দেওয়ার ফলে জল প্রবেশের সুবিধা হয়েছি এবং তাঁর ফলে বিধ্বংসী বন্যার সৃষ্টি হয়েছিল। আমরা যদি কেবল অ্যাসেট বাড়াবার কথা চিন্তা করি এবং তা সংরক্ষণের কথা চিন্তা না করি, তাহলে শুধু অ্যাসেট বাড়িয়ে বন্যা নিরোধ করা যাবেনা এবং সারা পশ্চিমবাংলায় নেভিগেশন করা যাবেনা যদি না সাথে সাথে সংরক্ষণের ব্যবস্থা না করা যায়। কিছুদিন আগে মেদিনীপুরের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গে আমার কথা হয়েছিল, আলোচনা প্রসঙ্গে তিনি আমাকে বলেছিলেন যে কয়েক বছর পুর্বে যে টাকা বরাদ্দ করা হত মেইনটেনান্সের জন্য, আজও সেই টাকাই বরাদ্দ আছে। আগে ৪০ লক্ষ টাকা বরাদ্দ ছিল মেইনটেনান্সের জন্য, সেই সময়ে ওয়ার্ক চার্জ দিতে হত ২২ লক্ষ টাকা, আজকেও সেই খাতে ৪০ লক্ষ টাকাই বরাদ্দ আছে কিন্তু সেলারি এবং ওয়ার্ক চার্জ ইত্যাদিতে খরচ হচ্ছে ৩০/৩২ লক্ষ টাকা। ফলে ডিপার্টমেন্টের হাতে যে টাকা থাকবে তা দিয়ে মেইনটেনান্সের কাজ সম্ভব হচ্ছে না। হয়ত কিছু কিছু নতুন নতুন পরিকল্পনা সেচ দপ্তর গ্রহণ করেছেন, কিছু নতুন স্ট্রাকচার সেচ দপ্তর থেকে হচ্ছে কিন্তু যে সমস্ত পুরানো কাজ হয়েছিল সেগুলি ঠিকমতো মেনটেনান্স না হওয়ার ফলে, পুরানো কাজ অকেজো হবার ফলে,

নতুন প্রকল্প থেকে যে উপকার পাবার কথা তা না হয়ে দেখা যাচ্ছে সেখানে আর একটা জলাশয় সৃষ্টি হয়ে যাচ্ছে, বাঁধ ভাঙছে এবং বন্যার সৃষ্টি হচ্ছে, তাতে করে জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে। মাননীয় সেচ মন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন যে তিনি নতুন নতুন প্রকল্প নিচ্ছেন, তাঁর জন্য তাঁকে সাধুবাদ জানাই, কিন্তু যে সম্পদ সৃষ্টি করেছে বিগত ৩০ বছরে সেচ দপ্তরের কাজের মাধ্যমে, সেগুলি যদি ঠিকমতো সংরক্ষণের ব্যবস্থা না করেন, নতুন প্রকল্পের সুফল পশ্চিমবঙ্গের জনসাধারন পাবেন না। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে আপনি মেনটেনান্সের দিকে যথোপযুক্ত দৃষ্টি দিন যাতে সেই কাজগুলি ঠিকমতো হয়।

[9-20 — 9-30 a.m.]

আপনি এখানে অনেকগুলি পরিকল্পনার কথা বলেছেন। কিন্তু সেই পরিকল্পনাগুলি কবে বাস্তবে রূপায়িত হবে তাঁর নির্দেশ আপনার কর্মসূচি ও বক্তৃতার মাধ্যমে দেখতে পাই নি। আমরা প্রতিবার মূল বাজেট বক্তৃতায় একটা কথা দেখি যে সরকার তাঁর কাজের বিষয়ে যে সাফল্য তাঁর জন্য তারা জনসাধারণের কাছে দাবি করতে পারে। কিন্তু সেই সাফল্যের পিছনে একটা টাইম বাউন্ড প্রোগ্রাম বা নির্দিষ্ট সময় সীমা তুলে ধরতে পারেন নি। আজকে একটা জিনিস দেখে আশ্চর্য হয়ে যাচ্ছি বামফ্রন্ট মন্ত্রিসভার যে দপ্তরেরই বাজেট আসুক না কেন কোনও দপ্তরের বাজেটেই একটা টাইম বাউন্ড প্রোগ্রাম দেখতে পাচ্ছি না। মন্ত্রী মহাশয় অনেক পরিকল্পনার কথা বলেছেন। কিন্তু সেই পরিকল্পনা কত দিনে কার্যকর হতে পারে সে কথা বলেন নি। তাঁকে এই কথা বলছি যে ৫ বছরেরটা পাঁচ বছরেই হবে বা ছয় বছরেরটা ছয় বছরেই হবে এই কথা বলুন। আমি একটা প্রশ্ন করেছিলাম এবং তিনি উত্তর দিয়েছিলেন যে আশা করছি ১৯৮২-৮৩ সালে এই কাজটা সম্পূর্ণ হতে পারে। আমি আশান্বিত হতে পারতাম। কিন্তু যে সমস্ত পরিকল্পনার কথা বলেছেন যে মাস্টার প্ল্যান রচনা হচ্ছে তারপর সেই প্ল্যান বি.এস.সি-তে পাঠানো হয়েছে। এর জন্য কমিটি করা হয়েছে এবং এর জন্য এই টাকা বরাদ্দ ধরা হচ্ছে। কিন্তু সেটা দেখতে পাচ্ছি না। তিনি এই কথা বলতে পারেন নি যে ৬।৭।১০ বছরের মধ্যে এই পরিকল্পনাগুলির কাজ ঠিকমতো করতে পারব। এই আশার বাণী তিনি পশ্চিমবাংলার মানুষকে দিতে পারেন নি। তিনি এই কথা বলেছেন যে এই পরিকল্পনাগুলি করব। কিন্তু কবে শেষ হবে সে সম্বন্ধে কোনও আলোকপাত করেন নি। যার জন্য আমরা দেখছি যে সেচ দপ্তর থেকে জনসাধারণ তাদের যে অসুবিধা দূর হবার কথা তাদের যে উন্নতি হবার কথা সেটা তারা পাচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই তিনি কয়েকদিন আগে তাঁর বক্তৃতার মধ্যে বললেন যে ১৯৮০-৮১ সালে ভগবানপুরের মাস্টার প্ল্যানের কাজ শুরু করবেন। প্রশ্নোত্তরের পর আমি সেচ দপ্তরের একজন ভারপ্রাপ্ত অফিসারের কাছে গিয়েছিলাম। আমি তাঁকে জিজ্ঞাসা করলাম মন্ত্রী মহাশয় উত্তর দিলেন যে ১৯৮০-৮১ সালে ভগবানপুরের মাস্টার প্ল্যানের কাজ শুরু করবেন, এ সম্বন্ধে আপনি কি কিছু বলতে পারেন? এবং এই কাজ কোন স্টেজে পড়ে আছে। তিনি বললেন ভগবানপুর মাস্টার প্ল্যানের কাজ দেওয়া হয়েছে মেদিনীপুর প্ল্যানিং ডিভিসনকে। মেদিনীপুর প্ল্যানিং ডিভিসনের কোনও খবর জানি না কলকাতায় পৌঁছে দিয়েছে কিনা। তবে এগুলি টেকনিক্যাল কমিটি

অ্যাপ্রুভ করবে, তারপর জি. এফ. সি-তে পাঠাতে হবে এবং যেটুকু শুনেছি প্রায় ৪ কোটি টাকার মতো প্রোজেক্ট প্ল্যানিং কমিশনে যাবে। এবং সেখান থেকে মঞ্জুর হয়ে এলে তারপর এখানে কাজ শুরু হবে। তবে মন্ত্রী মহাশয় বললেন ১৯৮০-৮১ সালে সেই কাজ শুরু করবেন। আমি মন্ত্রী মহাশয়কে কিছু বলতে চাই না। তাঁর দপ্তরের যেসব ভারপ্রাপ্ত অফিসার আছেন তাঁদের বলি মন্ত্রী মহাশয়ের মুখ দিয়ে যে উত্তর এই বিধানসভায় দেবেন সেই কাজটা যাতে যথোচিত হয় সেই দিকে লক্ষ্য রাখবেন। আমরা প্রশ্ন করব মন্ত্রী দায়িত্ব এড়িয়ে যাবেন উত্তর দিয়ে, কাজেই সময়মতো আমরা গিয়ে দেখব সেই কাজ করা সম্ভব হচ্ছে না। শুধু সেচ দপ্তর নয় বহু দপ্তরের ক্ষেত্রে আমরা এটা লক্ষ্য করেছি। সেইজন্য আপনাকে অনুরোধ করব যে প্রতিশ্রুতি আপনি বিধানসভায় দেবেন সেই প্রতিশ্রুতি যাতে যথোচিতভাবে পালিত হয় সেই দিকে আপনি লক্ষ্য রাখবেন। আমরা জানি যে পরিস্থিতিতে আপনি এই সব পরিকল্পনা গ্রহণ করেছেন সেই পরিকল্পনাগুলির কাজ বহু জায়গায় ঠিকমতো গৃহীত হচ্ছে না। তিস্তা প্রোজেক্ট সম্বন্ধে বলি—আমি কিছু দিন আগে মালদায় গিয়েছিলাম এবং আমি সেখানকার লোকদের সাথে কথা বলেছি এবং সেখানে দেখলাম মালদায় এবং পশ্চিম দিনাজপুরে তিস্তা প্রোজেক্টের কাজ আস্তে আস্তে হতে ১০ বছর সময় লাগবে। কিছু দিন আগে মন্ত্রী মহাশয়ের ঘরে গিয়েছিলাম— সেখানে তিস্তা প্রোজেক্টের লোকরা তাঁর সঙ্গে দেখা করতে এসেছিলেন। আমার সেই আলোচনা শোনবার সুযোগ হয়েছিল। খুব ভাল লাগলো তাদের সেই উৎসাহ দেখে। তিনি অফিসারদের বললেন অতিরিক্ত অ্যালায়েন্স দেওয়া যায় কিনা। তারা চেষ্টা করছেন ১০ বছরের স্কীম যদি ৭ বছরে শেষ করতে পারেন। উনি বললেন অ্যালায়েন্স বাবদ বেশি টাকা দেবো যদি ৩ বছর কাজের সাশ্রয় হয়, তাহলে সরকারের অনেক টাকা বাঁচবে। শুনে খুব আনন্দ পেয়েছিলাম। কিন্তু কর্মক্ষেত্রে সেই রকম উৎসাহ দেখি নি। তিস্তা প্রোজেক্টের বহু কাজের টেন্ডার করা হয়েছে। কিন্তু এখনও ল্যান্ড অ্যাকুইজিশন হয় নি। অতএব টেন্ডার অধিগ্রহণ হয়ে দাঁড়াবে। আমি সেচ দপ্তরের বহু জায়গায় দেখছি টাকা বরাদ্দ হয়েছে কিন্তু সেই কাজ করা সম্ভব হচ্ছে না। একই কথা বহু অফিসারের কাছে শুনে যাচ্ছি ল্যান্ড অ্যাকুইজিশনের ঝামেলা। ল্যান্ড অ্যাকুইজিশনের জন্য টাকা খরচ হতে পারছে না। অর্থাৎ এই জিনিস দেখতে পাচ্ছি সরকারের এক দপ্তরের সাথে আর এক দপ্তরের কো-অর্ডিনেশন নেই। সেচ দপ্তরের সঙ্গে ল্যান্ড অ্যাকুইজিশন দপ্তরের যদি কো-অর্ডিনেশন না থাকে তাহলে সেচ দপ্তর যতই টাকা বরাদ্দ করুন না কেন সেই কাজ বাস্তবে রূপায়িত হবে না। যাতে সেচ দপ্তর এবং ল্যান্ড অ্যাকুইজিশন দপ্তর কোলাবরেটেড হয়ে ঠিকভাবে কাজ পরিচালিত হয় তাঁর দিকে মন্ত্রী মহাশয়কে নজর দিতে অনুরোধ করছি। শুধু টাকা বরাদ্দ করে শান্ত হয়ে থাকলে হবে না যাতে সেই কাজকে বাস্তবে রূপায়িত করা যায় তাঁর জন্য ল্যান্ড অ্যাকুইজিশনের অফিসারদের সঙ্গে বসতে হবে এবং সেই যথোপযুক্তভাবে হয় সময় মতো হয় সেই দিকে নজর দিতে হবে। এই নিয়ে উচ্চ পর্যায়ে আলোচনা করতে হবে। সেই আলোচনা কেবল ডিস্ট্রিক্ট লেবেলে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গে করলে হবে না। রাইটার্স বিল্ডিংস স্তরে নিয়ে আসতে হবে। তাহলে সেচ দপ্তর যে টাকা বরাদ্দ করবেন সেটা যথোপযুক্তভাবে ব্যয় করতে পারবেন। মন্ত্রী মহাশয়কে বলি সেচ দপ্তরের বিভিন্ন কাজ সম্বন্ধে বহু অভিযোগ উঠেছে। কয়েকদিন ১৯৭৮ সালে বন্যার পর ঘাটালে কয়েক কোটি টাকা খরচ হয়েছিল। কিছুদিন আগে যুগান্তর পত্রিকায় দেখলাম তাতে লেখা ছিল যেখানে ১ কোটি টাকা

খরচ হবার কথা সেখানে ৪ কোটি টাকা খরচ হয়েছে। মন্ত্রী মহাশয়ের নলেজে এটা আসতে পারে। সেখানে একটা কমিশন হয় এবং বি.এন.দে যিনি এখন পি.এ. টু চিফ ইঞ্জিনিয়ার তিনি সেটা এনকোয়ারি করতে যান।

সেই রিপোর্ট তিনি সাবমিট করেছেন বলে জেনেছি কিন্তু আজ পর্যন্ত সেই রিপোর্টে কি আছে তা জানতে পারি নি। আমি এ সম্বন্ধে বিধানসভায় একটি প্রশ্নও করেছিলাম কিন্তু সেদিন মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছিলেন সেদিন আমি উপস্থিত ছিলাম না, শুনলাম তিনি বলেছেন, ''তদন্ত হচ্ছে''। সেখানে যাতে প্রকৃত দোষী ব্যক্তি সাজা পায় সেটা দেখতে হবে। আজকে লোকের মনে সেচ দপ্তর সম্বন্ধে এবং পূর্ত দপ্তর সম্বন্ধে যে ধারনা যে সেখানে কোনও কাজ হয়না, টাকা নিয়ে নয়ছয় হয় আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, তিনি একজন সৎ ব্যক্তি, সাধু ব্যক্তি, তিনি জনসাধারন যাতে এই ধারনাটা কাটিয়ে উঠতে পারেন তাঁর ব্যবস্থা করুন। ঘাটালের কাজে যদি প্রকৃতপক্ষে অর্থের তছনছ হয় এবং সে সম্বন্ধে ব্যবস্থা নাহয় তাহলে লোকের মনে যে ধারনাটা এই দপ্তর সম্বন্ধে আছে সেটা কিন্তু কাটিয়ে ওঠা যাবে না। আজকে যেখানে টাকার অভাবে কাজ হচ্ছে না, পরিকল্পনা করা যাচ্ছে না, মেনটেনেন্সের কাজ হচ্ছে না সেখানে যদি টাকা তছরূপ হয়, বরাদ্দের অতিরিক্ত যদি খরচ হয় তাহলে নিশ্চয় সে সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের নজর দেওয়া উচিত, তিনি এ দিকে নজর দেবেন এবং উপযুক্ত ব্যবস্থা নেবেন এই আশা আমি করছি। মাননীয় মন্ত্রী মহাশয় বারবার তাঁর বক্তৃতায় ফরাক্কার কথা বলেছেন। ফরাক্কায় আজ যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে সে কথাটা তিনি তুলে ধরেছেন। স্যার, এই প্রসঙ্গে আমি বলতে চাই, ১৯৩৩ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ২৫ হাজার ৯৩০ হেক্টর জমি ক্ষয় হয়ে গিয়েছে। ফরাক্কায় ৯৪ কিলোমিটার জায়গায় ভাঙ্গনের সৃষ্টি হয়েছে। ১৯৭৮ সালের বন্যাতে সেখানে ২ হাজার ৩৫৯ হেক্টর জমি চলে গিয়েছে। ১৯৭২ সালে কংগ্রেস সরকার গঠিত হবার পর গঙ্গা ইরোশান কমিটি তৈরি হয় এবং সেই কমিটি ৬ বছরের একটি পরিকল্পনা গ্রহণ করেন এবং তাঁর জন্য বরাদ্দ করেন ৬৬ কোটি টাকা। তাঁর কাজ কিছু হয়েছে। মন্ত্রী মহাশয় এই বিধানসভাতে বলেছেন গত কংগ্রেসি মন্ত্রিসভা ফরাক্কার সর্বনাশ করে দিয়েছে। সেচ দপ্তরের অনেক বড় বড় ইঞ্জিনিয়ার আছেন, তাঁদের মধ্যে অনেক সৎ, দক্ষ, কর্মঠ ইঞ্জিনিয়ারও আছেন। ১৯৭২ সালে যে পরিকল্পনা রচিত হয়েছিল ফরাক্কার ক্ষয়রোধের জন্য এবং তাঁরজন্য যে টাকা বরাদ্দ হয়েছিল সেই কাজটা তো মন্ত্রিসভা করেন নি, পরিকল্পনাটি তৈরি করেছিলেন ইঞ্জিনিয়াররা। সেই ইঞ্জিনিয়ারদের মধ্যে কেউ কেউ হয়ত চলে গিয়েছেন, কিন্তু এখনও তো অনেক ইঞ্জিনিয়ারই আছেন, আমি জানতে চাই, ইঞ্জিনিয়াররা যে সব পরিকল্পনা করেছিলেন তাতে যদি গলদ থাকে তাহলে পশ্চিমবাংলায় বন্যা নিরোধের জন্য যে পরিকল্পনা করা হচ্ছে সেটা কি বাস্তবে সার্থক হবে? এই যদি অবস্থা হয় তাহলে তো তা হবে না। ফরাক্কায় ক্ষয় রোধের জন্য প্রীতম সিং কমিটি যা রিপোর্ট দিয়েছেন এবং যে টাকা ধার্য করেছেন আমি জানি না সে কাজ কবে শুরু হবে। আমি শুনছি বিহার সরকার নাকি আপত্তি দেবার জন্য সেই কমিশনের কাজ শুরু হতে পারেনি। এটা যদি না হয় তাহলে ধুলিয়ান, জঙ্গীপুর, ঔরঙ্গাবাদের সর্বনাশ হয়ে যাবে এবং ফরাক্কার উজানে যে ভাঙ্গনের সৃষ্টি হয়েছে সেখানে ভাগীরথী যদি মিশে যায় তাহলে ফরাক্কা আর থাকবে না। এটা হলে হলদিয়াও থাকবে না, কোলকাতা বন্দরও থাকবে না, সমস্ত কিছু

ধ্বংস হয়ে যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, প্রীতম সিং কমিটির যে সুপারিশ, গঙ্গা ইরোশন কমিটির সেই সুপারিশ অনুযায়ী কাজ যাতে শীঘ্র শুরু হয় সেদিকে নজর দিন। তারপর আমরা দেখেছি, ফরাক্কার ব্যাপারে বিধানসভায় বহুবার আলোচনা হয়েছে, আপনি এখানে একরকম কথা বলেছেন আবার দিল্লিতে গিয়ে অন্যরকম কথা বলেছেন। আপনি এখানে বলেছেন, ৪০ হাজার কিউসেকস জলের যে চুক্তি সে জন্য জনতা সরকার দায়ী নয়, আবার আমার যতদুর মনে পড়ে দিল্লিতে গিয়ে আপনি বলেছেন জলের ব্যাপারে এই চুক্তির জন্য জনতা সরকারই দায়ী। আপনি জানেন, তৎকালীন সেচমন্ত্রী শ্রী জগজীবন রাম বিগত কংগ্রেস আমলে যখন শ্রীমতী গান্ধী ক্ষমতায় ছিলেন—১৯৭২/৭৭ সালে—তখন একটা চুক্তি করেন বাংলাদেশকে জল দেবার ব্যাপারে। সেই আন্তর্জাতিক চুক্তি পরবর্তীকালে জনতা সরকার মানতে বাধ্য হয়েছিলেন। আমি আপনাকে জিজ্ঞাসা করি, ড্রাইসিজনে ফরাক্কায় যে জল থাকে তখন যদি আমরা বাংলাদেশকে জল পাঠানো সম্পূর্ণভাবে বন্ধ করি তাতেও কি ফরাক্কা বাঁচবে? গঙ্গা বাঁচবে? হলদিয়া বাঁচবে? সেই সময় ২৪ হাজার কিউসেকসের বেশি জল থাকে না। আজকে যদি তাই ফরাক্কাকে বাঁচাতে হয় তাহলে একদিকে যেমন ঐ চুক্তির পুনর্মূল্যায়ণ করতে হবে তেমনি আন্তরাজ্য যে জলচুক্তি আছে তারও পুনর্মূল্যায়ণ করতে হবে। গঙ্গা একটি আন্তর্জাতিক নদী, কাজেই বাংলাদেশকে জল দেবনা বললে চলবে না, তাদের দিতে হবে। গঙ্গা একটি আন্তপ্রাদেশিক নদীও। হরিদ্বারের কাছে গঙ্গা যেখানে সমতল ভূমিতে পড়েছে সেখানে দেখবেন বাঁধ সৃষ্টি করে উত্তরপ্রদেশ ৭০ ভাগ জল নিয়ে নিচ্ছে, বিহার ২০ ভাগ নিয়ে নিচ্ছে। ড্রাই সিজনে ফরাক্কায় গিয়ে যদি দেখেন দেখবেন ২৪ হাজার কিউসেকস জলও পশ্চিমবঙ্গে আসে না। আজকে যদি আন্তরাজ্য চুক্তির পুনর্মূল্যায়ণ না করতে পারেন তাহলে বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক চুক্তির মাধ্যমে আপনারা ফরাক্কাকে বাঁচাতে পারবেন না, বাঁচাতে পারবেন না হলদিয়া বা কোলকাতা বন্দরকে। তাই আমি অনুরোধ করব গঙ্গা সম্বন্ধে আন্তরাজ্য চুক্তির যাতে পুনর্মূল্যায়ন হয় তাঁর জন্য কেন্দ্রের সঙ্গে কথা বলুন, উত্তরপ্রদেশ, বিহারের সঙ্গে কথা বলুন। তারপর মাননীয় মন্ত্রী মহাশয় বহু প্রজেক্টের কথা বলেছেন, বহু কাজের কথা বলেছেন। আমরা আপনাকে অনুরোধ করব, সেচ দপ্তরের কাজের পরিধি

[9-30 — 9-40 a.m.]

যেভাবে দিনের পর দিন বিস্তৃতি লাভ করছে, সেই পরিধিকে আজকে ছোট করে আনতে হবে, সেচ দপ্তরের আয়তনকে ছোট করে আনতে হবে। উদাহরন স্বরূপ আপনাকে বলতে চাই ইস্ট মিদনাপুর ডিভিসনের কাজের পরিধি এত বিরাট, একজন একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের পক্ষে কখনও কাজ করা সম্ভব নয়। এত বড় এলাকার কাজ উপযুক্ত ভাবে পরীক্ষা নিরীক্ষা করা, আমরা শুনেছি ডিভিসন আরও ভাগ হচ্ছে, সার্কেল অফিসও ভাগ হচ্ছে। সুতরাং আপনার কাছে আমাদের সুনির্দিষ্ট প্রস্তাব, আজকে বিভিন্ন জায়গায় রোডসের সার্কেল অফিস মেদিনীপুরে হয়ে গেছে। পি.ডবলিউ.ডি'র সার্কেল অফিস মেদিনীপুরে হয়ে গেছে, ইরিগেশন ডিপার্টমেন্টের সার্কেল অফিসও আজকে মেদিনীপুরে করুন, ইস্ট মিদনাপুরকে আপনি দুভাগে ভাগ করে দিন। একটা অফিস নিয়ে যান তমলুকে, একটা নিয়ে আসুন কনটাইতে। কন্টাই মিদনাপুর কন্সট্রাকশন ডিভিসন যে আছে, মেদিনীপুর কন্সট্রাকশন ডিভিসনকে তুলে দিয়ে

সেখানে পার্মানেন্ট ভাবে কন্টাইতে ইরিগেশন ডিভিসন করুন। প্রত্যেক বছর কাঁথিতে ফ্ল্যাড হয় এবং সেখানে নানা অসুবিধা দেখা দিয়েছে। আপনাকে এর আগে আমি প্রশ্ন করেছিলাম, আপনি বলেছিলেন সমস্ত বিচার বিবেচনা করা হবে। আমার মনে হয় আপনি দেখবেন এবং আপনার সাইডে চিফ ইঞ্জিনিয়ার আছেন, তিনিও দেখবেন। এর আগে যিনি চিফ ইঞ্জিনিয়ার ছিলেন মিঃ শঙ্কর শেঠ, কুট্টী যখন এ.সি. ছিলেন তখন তিনি সুপারিশ করে পাঠিয়েছিলেন যে ইস্ট মিদনাপুর এবং মিদনাপুর কন্সট্রাকশন ডিভিসনের মধ্যে কাজ ভাগ করে দেওয়া হোক, কাজের সুবিধার জন্য। তৎকালীন এ.সি. সুপারিশ করেছিলেন এবং চিফ ইঞ্জিনিয়ার এটা অ্যাকসেপ্ট করেছিলেন। কিন্তু আজ পর্যন্ত দেখছি, সেই কাজগুলোকে ঠিকভাবে করতে দেওয়া হয়নি। যাঁর ফলে ইস্ট মিদনাপুরের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের পক্ষে কখনই সম্ভব হচ্ছে না এত বড় এলাকাকে ঠিকমতো করে দেখা। এবং যে টাকা বরাদ্দ করা হয়েছে তাঁর ঠিকমতো কাজ করা। আপনাকে আমি অনুরোধ করব, আজকে এই অফিসগুলোকে ভাগ করে কাজ যাতে-সুষ্ঠুভাবে হয় তাঁর ব্যবস্থা করুন। দ্বিতীয়ত আপনাকে বলব যে সুবর্ণরেখা মাস্টার প্ল্যান এর কথা বলেছেন, সেই সুবর্ণরেখা মাস্টার প্ল্যান যাতে তাড়াতাড়ি সৃষ্টি হয় তাঁর জন্য আপনি দেখবেন। অনেক টাকার দরকার। ওয়ার্ল্ড ব্যাঙ্ক টাকা দেবেন বলেছেন, খুব আনন্দের কথা, যাতে সত্বর টাকা পাওয়া যায় এবং যাতে সুবর্ণরেখা মাস্টার প্ল্যানের কাজ সত্বর আরম্ভ হয় তাঁর জন্য আপনি ব্যবস্থা নেবেন। ভগবানপুর মাস্টার প্ল্যান এর কাজ যাতে সত্বর আরম্ভ হয় তাঁর জন্য ব্যবস্থা নেবেন। তমলুক মাস্টার প্ল্যানের কাজ যাতে ঠিকমতো হয় তাঁর ব্যবস্থা নেবেন এবং দীঘার সমুদ্রের ইরোশন আজকে যে ভাবে হচ্ছে, সেই ইরোশন যাতে রোধ হয়—আমি সেচ দপ্তরকে ধন্যবাদ জানাচ্ছি, যে স্কীম সেচ দপ্তর থেকে দীঘার জন্য নেওয়া হয়েছিল এবং তাঁর ফলে এই ইরোশন তারা চেক করতে পারছেন এবং দীঘা বেঁচেছে। তাঁর কাজ যাতে সময় মতো শেষ হয় তাঁর ব্যবস্থা নেবেন। আপনাকে অনুরোধ করব যে সেচ দপ্তরের যে সমস্ত কাজের ত্রুটি আছে, সেই সমস্ত ত্রুটি মুক্ত করবেন। এবং যে সমস্ত মাস্টার প্ল্যানগুলো আপনি গ্রহণ করেছেন সেই সমস্ত মাস্টার প্ল্যানগুলো যাতে সময় মতো শেষ হয় তাঁর জন্য ব্যবস্থা নেবেন। আপনার দপ্তরের গতিশীলতা শ্লথ হয়ে গেছে। বিগত বছরগুলোতে যে কাজ আমরা দেখেছি, ১৯৭৭-৭৮ সালে, ১৯৭৮-৭৯ সালে, কিন্তু ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে সেই গতিশীলতা আমরা দেখতে পাচ্ছি না। গত বছর যে কাজ হবার কথা, সেই কাজ এখনও পর্যন্ত হয়নি। দোষ হয়তো আপনার নয়, অর্থ দপ্তর টাকা কেটে নিয়েছেন, তাই আপনি কাজ করতে পারেননি। এবারে বাজেট বরাদ্দের জন্য যে টাকা চেয়েছেন—আপনি কি গ্যারান্টি দিতে পারেন, শেষ পর্যন্ত ঐ টাকার কাজ হবে? পে কমিশনের রিপোর্ট বেরোবার পর আপনার এই বাজেট থেকে যখন টাকা দেওয়া হবে, তখন অর্থ দপ্তরের একটা করে ফতোয়া আসবে, সমস্ত ডেভেলপমেন্ট কাট করার জন্য। সেখান থেকে টাকা বন্ধ কর, ১০ পারসেন্ট কার্টেল কর। সুতরাং আপনি আজকে যে বাজেট এনেছেন, এটা আশার বাজেট বলে আমি মনে করতে পারছি না। সেই জন্য নীতিগতভাবে এই বাজেটকে সমর্থন করে বলছি, আপনার দপ্তরকে গতিশীল করুন, কাজগুলোকে ঠিকমতো সম্পন্ন করুন। জয়হিন্দ।

**শ্রী বনমালী দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সেচমন্ত্রী তাঁর দপ্তরের যে বাজেট

বরাদ্দের জন্য এই হাউসে পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই সেচ দপ্তরের মূলত তিনটি কাজ নির্ভর করে। আমরা দেখেছি যে সেচ দপ্তর তাঁর এলাকায়, সমগ্র পশ্চিমবাংলার সেচের জল সরবরাহ করা এবং বন্যা নিয়ন্ত্রণ এবং বিদ্যুৎ সরবরাহ করা। কিন্তু আমি দেখতে পাচ্ছি, মাননীয় সেচমন্ত্রী তিনি বাজেটে সেচ এলাকা সম্প্রসারণের যে হিসাব রেখেছেন, আমরা জানি বাস্তবে এই সেচ এলাকা অনেক প্রসারিত হয়েছে এবং বহু জমি—বোরো জমিতে জল পেলে বোরো ফসল ফলার সম্ভাবনা দেখা দিয়েছে। এক কথায় সেচ এলাকা সম্প্রসারিত হওয়ার ফলে আজকে ফসলের যথেষ্ট উন্নতি হয়েছে এবং সেই জন্য আমরা আনন্দিত। বিগত দিনের কংগ্রেসি সরকারের অবৈজ্ঞানিক পরিকল্পনার জন্য আজকে বন্যা নিয়ন্ত্রণের কাজ ঠিকমতো হচ্ছে না। ময়ূরাক্ষী জলাধার যেভাবে করা হয়েছে তাতে তাঁর জল ধারনের যে ক্ষমতা তাতে বিহার এবং পশ্চিমবাংলায় যখন প্রচন্ড বৃষ্টিপাত হচ্ছে তখন সমস্ত জল ধরে রাখতে পারছে না, ছেড়ে দিতে বাধ্য হচ্ছে। কারণ বেশি জল ধরে রাখার সেখানে ক্ষমতা নেই। সেই সঙ্গে বিহার সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের সেচ বিভাগের ঠিকমতো যোগাযোগ না থাকার ফলে বিহারের ময়ূরাক্ষী এলাকায় কি পরিমাণ বৃষ্টি হচ্ছে তা পশ্চিমবঙ্গের সেচ বিভাগ সময় মতো জানতে পারছে না। এইরকম একটা পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং সেখান থেকে হঠাৎ করে জল ছেড়ে দেওয়ার ফলে বাঁধ ভেঙেচুরে যাচ্ছে, হাজার হাজার গ্রাম নষ্ট হচ্ছে, হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হচ্ছে। ১৯৭৮ সালের বন্যার সময়ে এই জিনিস আমরা দেখেছি। সেই সময়ে তিলপাড়া ব্যারেজের জল ময়ূরাক্ষী নদীর দু-পাড় ভেঙে চারিদিকে প্লাবিত হয়েছিল এবং তাঁর ফলে ভয়ঙ্কর বন্যা হয়েছিল, মানুষের ক্ষতি হয়েছিল। আমরা দেখেছি অজয় নদীর বানে হিংলো ব্যারেজও ঐ একই অবস্থা হয়েছিল। হিংলো হচ্ছে একটা ছোট অবৈজ্ঞানিক পদ্ধতিতে তৈরি করা ব্যারেজ এবং সেখানে যে বাঁধ দেওয়া হয়েছিল সে বাঁধ শুধু মাটির তৈরি ছিল এবং জলাধারের বেশি জল ধরে রাখার ক্ষমতা ছিল না। ফলে আমরা দেখেছি যখন প্রচন্ড বৃষ্টিপাত আরম্ভ হল তখন হিংলো ব্যারেজ ভেঙে গিয়ে অজয় নদীর দু-পাড় ভেঙে গিয়ে বর্ধমান, বীরভূম এবং মুর্শিদাবাদের ব্যাপক এলাকা ধ্বংস করে দিয়েছিল। আমরা দেখেছি অজয় নদীতেও অবৈজ্ঞানিক পদ্ধতিতে বাঁধ দেওয়া হয়েছে। এর ফলে সাধারনভাবে অজয় নদী দিয়ে যে জল যায় সেই জলকেও আজকে টেনে নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। সেই জন্যই আমরা দেখছি বছরের পর বছর অজয় নদীর বাঁধ ভেঙে যাচ্ছে এবং আমাদের সরকার সেই বাঁধ মেরামতির জন্য প্রচুর টাকা খরচ করছেন। আমি দেখাতে পারি যে, ৭৮ সালে ১০/১২টি জায়গায় বাঁধ ভেঙে গিয়েছিল এবং '৮০ সালেও বোলপুরের ব্যাপক এলাকায় বাঁধ ভেঙে গিয়েছিল। অবৈজ্ঞানিক পদ্ধতির বদলে যদি সঠিক বৈজ্ঞানিক পদ্ধতিতে বাঁধ দেওয়া হত তাহলে আজকে এই অবস্থা হত না এবং ব্যাপক অর্থেরও অপচয় হত না এবং সেই সঙ্গে মানুষের দুঃখ কষ্টও লাঘব হত। এই অবস্থায় আজকে হাজার হাজার একর জমির ফসল নষ্ট হচ্ছে, শত শত গ্রামের ঘর-বাড়ি নষ্ট হচ্ছে। আমাদের সরকারের প্রচেষ্টা থাকা সত্ত্বেও পূর্বেকার অবৈজ্ঞানিক কাজ-কর্মের ফলে সেগুলি সফল হচ্ছে না। সেই জন্য আমি বলব যে, আজকে স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রণের চেষ্টা করা প্রয়োজন। আমরা আজকে দামোদরে দেখছি যে, প্রায় একটা ব্যাপার হয়ে গেছে, প্রতি বছর বান হবে এবং শত শত গ্রাম নষ্ট হবে। তাঁর ফলে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষকে ঘর-বাড়ি ছেড়ে যেতে হবে।

অবৈজ্ঞানিক পদ্ধতিতে দামোদর জলাধার সৃষ্টি করা হয়েছিল। যে পরিমাণ জল জলাধার ধরে রাখতে পারলে বন্যা হয় না, সেই পরিমাণ জল দামোদর প্রকল্পের জলাধার ধরে রাখতে পারে না। আমরা জানি প্রথমে এখানে ৮টি জলাধার করার পরিকল্পনা ছিল, কিন্তু পরবর্তী সময়ে সেখানে মাত্র ৪টি জলাধার তৈরি করা হয়েছিল। কাজেই আজকে সেখানে যে পরিমাণ জল ধরে রাখলে দামোদরে বান হত না, সেই পরিমাণ জল সেখানে ধরে রাখা সম্ভব হচ্ছে না। ফলে প্রতি বছরই দামোদরে বান দেখা দিচ্ছে।

[9-40 — 9-50 a.m.]

সরকারের যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্যকে বানচাল করে দিচ্ছে, এই হচ্ছে দামোদর পরিকল্পনার ত্রুটি বিচ্যুতি যেটা আমরা দেখতে পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি যে বাঁকুড়া জেলায় যে কংসাবতী প্রকল্প সেই প্রকল্পের সেচ এলাকা যে পরিমাণ ছিল সেটা অনেক বেড়েছে কিন্তু দেখা যাচ্ছে যে এখন পর্যন্ত সেটা সম্পূর্ণ হয়নি। আমার মনে হয় যে এটা যাতে তাড়াতাড়ি হয়—এই কংসাবতী প্রকল্পের কাজ সমাধা হয় সে সম্পর্কে চেষ্টা নিতে হবে এবং কংসাবতী প্রকল্পের উত্তর দিকে কিছু কিছু অংশ এখনও পর্যন্ত সম্প্রসারণ করা সম্ভব হয়নি। সেই উত্তর দিকের অংশ, সেই সেচ এলাকা যাতে দ্রুত তালে সম্পন্ন হয় সে সম্পর্কে আরও সচেষ্ট হওয়ার দরকার আছে। যার ফলে এখন পর্যন্ত যে পরিকল্পনা রূপায়িত হয়নি এবং এটাই দেখা যাচ্ছে যে কংসাবতী প্রোজেক্টে জলাধার আছে সেই জলাধারে যে পরিমাণ জল ধারনের ক্ষমতা আছে—সেচ এলাকা যে পরিমাণে বাড়ানো হয়েছে তার মনে হয় সেই এলাকাটা আরও বেশি সম্প্রসারণ করে জলাধারে আরও বেশি জল ধরার ক্ষমতা রাখা দরকার। আমরা কাঁদি মাস্টার প্ল্যানের কথা অনেকদিন ধরে শুনছি এবং সেই প্রোজেক্ট এখানে সমর্থন পাচ্ছে কিন্তু সেই কাঁদি মাস্টার প্ল্যান যেটা বর্ধমান, মুর্শিদাবাদ এবং বীরভূমের মধ্যে একটা দুঃখজনক ব্যাপার হয়ে আছে এটা যাতে কার্যকর হয় সে সম্পর্কে ব্যবস্থা নেওয়া দরকার। আমি জানি এই কাঁদি মাস্টার প্ল্যান যা দেখেছি যার তিনটে সাইড আছে এবং তাতে কাজ করবার অনুমোদন লাভ করেছে, কিন্তু উত্তর সাইডটাতে অনুমোদন লাভ করেনি। আমার মনে হয় এই তিন সাইডে যদি একসঙ্গে কাজ করা যায় তাহলে এই যে মুর্শিদাবাদ, বর্ধমান, বীরভূম এই ব্যাপক এলাকায় বছর বছর ফসল নষ্ট হচ্ছে এবং বহু ঘরবাড়ি বিনষ্ট হয়েছে তাকে রোধ করার একটা স্থায়ী ব্যবস্থা করা যাবে। তা না হলে বছর বছর যে বন্যার প্রকোপ বাড়ছে তাতে মনে হয় এমন একটা দিন আসবে এই ব্যবস্থা কার্যকর করতে না পারলে ওখানে কেউ বাস করতে পারবে না, যারা এখনও বাস করছে তাদের সরে যেতে হবে। যাদের জমি জায়গা আছে তাদের চাষবাস করা একেবারে সম্ভব হবে না। সুতরাং কাঁদি মাস্টার প্ল্যানের কাজ অবিলম্বে যাতে কার্যকর করা যায় সে সম্পর্কে আজ চেষ্টা নিতে হবে। তারপর এই যে ডি.ভি.সি থেকে বিদ্যুৎ সরবরাহ হয়েছে—এখানে আমরা দেখতে পাচ্ছি বিরোধীদলের সদস্যরা বিদ্যুৎ নিয়ে হৈ চৈ করছেন কিন্তু এটা ঠিক যে পরিমাণ বিদ্যুৎ সরবরাহ, বিদ্যুৎ উৎপাদন করবার কথা ছিল সেই পরিমাণ উৎপাদন ডি.ভি.সি থেকে কার্যকর করা যাচ্ছে না, কারণ তাঁর মূল পরিকল্পনার যে ত্রুটি সেই ত্রুটি থেকে গিয়েছে। এখানে তারা বলছেন আমাদের সরকার বিদ্যুৎ সরবরাহ করতে ব্যর্থ হয়েছেন। এটা ঠিক যে তারা

যে পরিকল্পনা করে গিয়েছিলেন তাঁর ফলেই আজকে এই অবস্থা হয়েছে এবং বিদ্যুৎ এর ঘাটতি পূরণ করা যাচ্ছে না। সুতরাং সামগ্রিকভাবে সেচ দপ্তরের পরিকল্পনায় গোড়ায় গলদের ফলে সরকারি কাজের অনেকখানি ব্যহত হয়েছে। আজকে নতুন নতুন এলাকায় সেচ সম্প্রসারণের কাজ এগিয়ে গেলেও পরিকল্পনা ত্রুটির জন্য বিভিন্ন জায়গায় বানের প্রকল্প বেড়ে যাচ্ছে তাঁর ফলে মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। সুতরাং পরিকল্পনার ত্রুটি বিচ্যুতিগুলি দূর করতে হবে। মানুষ ফসল উৎপাদন করলেও কিন্তু দেখা গেল বানে সেই ফসল ধ্বংস হয়ে গেল—এই অবস্থা থেকে মানুষকে যদি বাঁচাতে হয় তাহলে বন্যা নিয়ন্ত্রণ এর ব্যাপারে নতুনভাবে পরিকল্পনা করে কাজ করতে হবে এবং আগের কংগ্রেস সরকার-এর পরিকল্পনাগুলি রিভাইজ করা দরকার আছে। এই কথা বলে মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সভার সদস্যদের এবং মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ দিকে। গত বছর শনিবারেও এই রাজ্যে প্রেস করা হয়েছিল। মন্ত্রী মহাশয়ের বক্তৃতা পড়ে দেখলাম যে সাড়ে তিন বছর তাঁর বক্তব্যে বলে যাচ্ছেন যে অগ্রগতি অব্যাহত রয়েছে, এই কাজ হাতে নেওয়া হয়েছে। কিন্তু এই সাড়ে তিন বছরে একটা কাজ শেষ হয়নি। তিনি বললেন না যে কতটা জমিতে তিনি সেচ দিতে পেরেছেন, কতটা জল নিকাশের পরিকল্পনা শেষ করতে পেরেছেন। সেইজন্য বলব শনির দশা এই ডিপার্টমেন্টের উপর পড়েছে যেটা আপনার কাটানো দরকার। এখানে বলা হয়েছে সেচ ও জলপথ। আমি গতবারেও বলেছিলাম সেচের কথা বলা হয় কিন্তু জলপথের কথা বলা হয়না। আমরা জানি তিনি এখানে স্টেটমেন্ট করেন, প্রেস কনফারেন্স করেন। কিন্তু ১২ ঘন্টা ব্যাপি যে বক্তব্য রেখেছেন তাতে জলপথ সম্বন্ধে একটি কথাও নেই। সেইজন্য বলব দয়া করে নামের পরিবর্তন করুন। এবং জলপথ আর বলবেন না কারণ কোনও জলপথের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং তাঁর কত টাকা খরচ করা হয়েছে সে সব কথা তিনি বলেননি। আমরা জানি যেখানে পেট্রোল ও ডিজেলের এত দাম সেখানে জলপথের যথেষ্ট গুরুত্ব আছে। ওপেক দেশগুলি পেট্রোলের দাম বাড়াচ্ছে সেইজন্য সুন্দর বন, বাঘজোলা খাল, উড়িষ্যার ইস্ট কোস্ট ক্যানেল যেগুলি ছিল সেখানে লঞ্চ, স্টিমার, নৌকা চলত তাতে খরচ অনেক কম হত এবং লোকের চাকরি হত। কিন্তু সেই খালগুলি সব বন্ধ হয়ে গেছে সেদিকে মন্ত্রী মহাশয়ের কোনও দৃষ্টি নেই। জলপথ সম্বন্ধে স্পেসিফিক কিছু বলা হচ্ছে না বলে বলছি

[9-50 — 10-00 a.m.]

এই কথাটা তুলে দিন। কিন্তু এদিকে তাঁর সাউথ দমদম থেকে বাঘজোলা দিয়ে খাল গেছে সুন্দরবন পর্যন্ত সেটা সংস্কার করলেন না। সেইজন্য আমি বলব যে আপনার বিভাগের প্রতি শনির দশা পড়েছে। নেভিগেশন-এর কথা বললাম, কিন্তু ইরিগেশনও কি ভাবে ব্যর্থ হয়েছেন সেটা বলব। আপনি তিস্তা ব্যারেজের কথা বলেছেন কিন্তু এই বিষয়ে স্পেসিফিক কথা বলেননি। এখান থেকে ২০ লক্ষ একরে জল দেওয়া হবে আপনি বলেছেন প্রথম পর্যায়ের কাজ শেষ হতে চলেছে। আমি বলছি তিস্তার চিফ ইঞ্জিনিয়ার তিনি কলকাতায় থাকেন সেখানে যান না—তাহলে কাজ কিভাবে হবে? আমরা দেখেছি এক বছরের মধ্যে তিন

চারজন চিফ ইঞ্জিনিয়ার বদল করা হল যার ফলে এই পরিকল্পনা আজ শেষ হতে বসেছে। যখন মৌরাক্ষি পরিকল্পনা হয়েছিল তখন সমস্ত ইঞ্জিনিয়াররা নিষ্ঠার সঙ্গে কাজ করেছিলেন। সেখান-এ ৫ লক্ষ ৮০ হাজার একরে জল দেবার কথা ছিল সেই টার্গেটে আমরা পৌছে গেছি। কিন্তু তিস্তায় যে বিশৃঙ্খলা চলছে তাতে কোনও কাজ হচ্ছে না। এ বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে এবং চিফ-ইঞ্জিনিয়ারের সঙ্গে কথা বলেছি। তাদের দপ্তর একটা নক্সা তৈরি করেছেন। আমি বলব আমাদের একটা করে নক্সা দিন যেটা আমরা বাড়িতে ঝুলিয়ে রাখব। কংসাবতী প্রজেক্ট একটা বড় প্রজেক্ট ছিল। ৫৬ সালে এর কাজ শুরু হয়েছিল। অনেক দিন আগেই এর কাজ শেষ হবার কথা। এখানে ১১টা ডিভিসন আছে—দুজন সুপারইনটেনডেন্ট ইঞ্জিনিয়ার আছেন, অনেকগুলি সাব অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার আছেন এবং সারভেয়ার আছেন। কিন্তু সেখানে কোনও কাজ হচ্ছে না। জনসাধারণ, যাদের জমিগুলি নেওয়া হয়েছে তাঁরা জল পাচ্ছে না অথচ দেখছি আপনাদের একটা হিউজ এস্টাবলিসমেন্ট আছে। ৮ লক্ষ একরে জল দেবার কথা তাও দেওয়া হচ্ছে না। আপনি বলতে পারেননি কোথায় কতটুকু জল দিতে পেরেছেন। ফলে যেগুলি ইরিগ্রেটেট জমি নয় কিন্তু, খাল কাটা হয়েছে বলে তাদের কাছ থেকে ট্যাক্স নেওয়া হচ্ছে। এইরকম ভাবে তাদের বিপদে ফেলবার অধিকার কে দিয়েছে। সেইজন্য বলছি যতক্ষন না জল দিতে পারছেন ততক্ষন ট্যাক্স নেবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেবারে বলেছি, এবারেও বলছি, ওঁরা নিজেদের বিপ্লবী সরকার বলে পরিচয় দিয়ে থাকেন, কিন্তু ইরিগেশন এবং মাইনর ইরিগেশন কি আলাদা ব্যাপার। ইরিগেশন ডিপার্টমেন্ট ডিপ-টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল তৈরি করেন, এই ব্যাপারে আমি একটি সাজেশন রেখেছিলাম যে, মাইনর ইরিগেশনকে এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের মধ্যে না রেখে ইরিগেশন ডিপার্টমেন্টের মধ্যে রাখবার ব্যাপারে বলেছিলাম। এতে অসুবিধা কোথায়? এখানে চিফ মিনিস্টার আছেন, তাঁকে বললেই তো হয়ে যায়। আপনার ডিপার্টমেন্ট থেকে কোথায় ডিপ টিউবওয়েল করবেন, কোথায় শ্যালো টিউবওয়েল করবেন বা কোথায় রিভার লিফট ইরিগেশন করতে হবে তা আপনি ভালভাবে তাঁকে বোঝাতে পারেন। সেইজন্য মাইনর ইরিগেশন কথাটাকে ইরিগেশনের মধ্যে রাখবার ব্যাপারে বলেছিলাম, তা না করে কেবলই আমাদের বারবার করে ডাইভার্ট করার চেষ্টা হচ্ছে। কৃষি দপ্তর নিজেই তাঁর দপ্তর চালাতে পারছে না, তবুও এইভাবে এটাকে রেখে দেওয়া হয়েছে, সেজন্য মাননীয় সেচ মন্ত্রীকে অনুরোধ জানাই, তিনি যেন এটি ভাল ভাবে চিন্তা করেন।

কলকাতার ব্যাপারে গত বারেও বলেছি, এবারেও বলছি যে, কলকাতাকে বাঁচাতে গেলে একটা ভাল স্টেপ এখানে নিতে হবে, আর সে ক্ষমতা তাঁদের হাতে আছে। স্যার, কলকাতা হচ্ছে একটা সসারের মতো, একটা প্লেটের মতো, এখানে জল এক জায়গায় দাঁড়িয়ে থাকে, নোংরা, পচা জল নিয়ে এক জায়গায় দাঁড়িয়ে থাকে। যে সমস্ত জায়গায় সুয়েজ আছে বা যেখানে পাম্পিং স্টেশন আছে, সেখান থেকে ঐ জল একটা খালে গিয়ে পড়ে। ধাপা থেকে এই খালটি গিয়েছে একেবারে কাটিগাং পর্যন্ত এবং এর বিস্তৃতি হচ্ছে ২১ মাইল। কলকাতায় সি এম ডি এ ৫০ লক্ষ টাকা খরচ করে মাটি খুঁড়ে জল নিকাশের ব্যবস্থা করছেন, কিন্তু এভাবে কিছু করা যাবে না, কলকাতা ভেসে যাবে। এটি করতে হলে যেখানে পাম্পিং স্টেশন আছে, যেমন ধাপা পাম্পিং স্টেশন, বালিগঞ্জ পাম্পিং স্টেশন,

পালমারস'র্স ব্রিজ পাম্পিং স্টেশন থেকে সাধারনত জল পাম্প করে থাকে। শুধুমাত্র জলই নয়, এর মধ্যে যে সলিড কনটেন্ট আছে, সেগুলিও পাম্প করে ফেলা হয়ে থাকে সেই ধাপা থেকে কার্টিগাং খালের মধ্যে দিয়ে। এটি ২১ মাইল লম্বা খাল, এর ডেপথ্ ১৮ ফুট থেকে ২০ ফুটের মতো হবে। কিন্তু ১৯৭৩ সালের পর থেকে এই গুরুত্বপূর্ণ খালটির কোনও সংস্কার কার্য করা হয় নি, অথচ প্রতি বছর এখানে ২ ফুট করে পলি পড়ার ফলে ক্যানালটি বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে, কিছুদিন পরে দেখব যে, সেখান থেকে জল আর বেরোতে পারছে না। তাঁর ফল দাঁড়াবে খুব সাংঘাতিক, কলকাতা শহর নোংরা ও পচা জলে ভরে যাবে, মানুষের বসবাসের অযোগ্য হয়ে দাঁড়াবে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই, তিনি যেন অবিলম্বে এদিকে দৃষ্টি দেন, তা না হলে কলকাতা আর বাঁচবে না—দুর্গন্ধে পচা জলে ভেসে যাবে কলকাতা। এবং সেজন্য দায়ী হবেন আপনি। ড্রাই ওয়েদারের সময়ে স্টিম ক্যানেলের মধ্যে দিয়ে যে জল যায় সে ব্যাপারে আমি গত বারে বলেছি, এবং এবারেও বলছি। মন্ত্রী মহাশয় গতবারে নোট করে নিয়েছিলেন, কিন্তু পরে হয়ত বুঝেছেন, না, দরকার নেই। অথবা কো-অর্ডিনেশনের কেউ হয়ত বলেছেন, দরকার নেই, সেজন্যই বোধ হয় উনি কিছু করেন নি। ফ্লাড কন্ট্রোল সম্বন্ধে বলতে গিয়ে বলছি যে, ফ্রাড কন্ট্রোলের ব্যাপারে উনি ঘাটাল মাস্টার প্ল্যানের কথা বলেছেন। তিনি সে সম্বন্ধে আরও বলেছেন যে, সেখানে ৬০ লক্ষ টাকা ব্যয় নাকি গত বছরে ধরা হয়েছিল। কিন্তু এক বছরে সেখানে এক কোদাল মাটি কাটা হয়নি—মন্ত্রী মহাশয় কি এ ব্যাপারে কিছু বলতে পারেন? কোনও কাজই সেখানে করা হয় নি, এতটুকু জমি অধিগ্রহণ হয়নি, একটা ইটও সেখানে কোথাও ফেলা হয় নি, অথচ ৬০ লক্ষ টাকা ব্যয় ধরা হয়েছিল। এইভাবে রাজ্যসরকারের প্রতিটি ডিপার্টমেন্টে কাজ হচ্ছে। ফ্লাড কন্ট্রোলের ব্যাপারে মন্ত্রী মহাশয় বলেছেন যে, এ কাজ করা হবে পঞ্চায়েতের মাধ্যমে, যেখানে স্পিল এরিয়া আছে, সেখানে তাঁরা কাজ করবেন। স্পিল এরিয়াতে বাঁধ তৈরি হবে বলে গভর্নমেন্ট স্কীম নিয়েছে, সে কাজও করা হবে পঞ্চায়েতের মাধ্যমে, এটাই গভর্নমেন্টের সিদ্ধান্ত। আমার প্রশ্ন হল, পঞ্চায়েতকে নিয়ে কাজ করা হবে না, পঞ্চভূতকে টাকা দেওয়া হবে বলে এই পরিকল্পনা? তারা সেখানে বরাদ্দ টাকা ভাগাভাগি করে নিচ্ছে। দলবাজীর এটা একটা প্রকৃষ্ট উদাহরণ। আমার নিজের এলাকাতে, আমার কন্সটিটিউএন্সিতে এইরকম একটা ঘটনা ঘটেছে, সে সম্বন্ধে মিনিস্টারকে বার বার করে বলেছি। আমার এলাকাতে একটা এমব্যাঙ্কমেন্ট বাঁধাবার দরকার ছিল, কিন্তু সেখানে যেহেতু প্রধান হচ্ছেন সি. পি. এম-এর লোক, সেখানকার লোক যেহেতু সি. পি. এম. করে না, সেইহেতু সেখানে বাঁধ তৈরি হল না, সেখানে বন্যা হল, মানুষ বন্যায় ভেসে গেল। দলবাজীর কিছু উদাহরন আপনাদের কাছে

[10-00 — 10-10 a.m.]

রাখছি। আমার নিজের কন্সটিটিউএনসি—এখানকার কথা আমি বার বার বলেছি যে আমাদের এখানে একটা এমব্যাঙ্কমেন্ট আছে সেটা বাঁধা হোক। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যেহেতু সি.পি.এম প্রধান সেখানকার পঞ্চায়েত সমিতি সেহেতু সেই এলাকা ফেলে রেখে দিল এবং পরে সেখানে বন্যা হয়েছিল। এই টাকাগুলি মেরে দেওয়া হয়েছে, এই টাকাগুলো পার্টি ফান্ডে জমে গেছে, নিজেদের পকেটে চলে গেছে। এই পঞ্চায়েতের দলবাজীর কথা বার বার

বলেছি। এই পঞ্চায়েতকে নিয়ে এগ্রিকালচারের কাজ করানো হচ্ছে, পঞ্চায়েতকে দিয়ে ইরিগেশনের কাজ করানো হচ্ছে এবং পঞ্চায়েত এর মাধ্যমে এই কাজ করানোর ফলে পঞ্চায়েতের পঞ্চভুতে সেই টাকাগুলো লুট করে নিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইরোশনের কথা বলতে গিয়ে আমি বলছি অ্যান্টি সি ইরোশন এবং অ্যান্টি ইরোশন এর যে ব্যবস্থা রয়েছে দেখলাম। কিন্তু স্যার উনি বলতে পারবেন যে এই মেদিনীপুরের টোটাল ৮০ মাইলের মতো অ্যান্টি ইরোশনের কাজ করতে পারবেন? এই কথা উনি জানেন মেদিনীপুরের ৮০ মাইলের মধ্যে ৪০ মাইল সেচ এলাকা। ২০ থেকে ২৮ মাইল মতো এলাকা দিঘার ইরোশন বন্ধ করতে পারতেন কিন্তু সে কথা কিছু বলতে পারলেন না। ৩।। বছরে দু একটা পাথর ছাড়া আর কিছু ফেলতে পারলেন না। কোন্ কারণে কোনও ব্যবস্থা নেওয়া হয় নি? ওনার নিজের জেলা বকখালি সেখানে ইরোশন রোধের কি ব্যবস্থা করলেন? সেই বকখালিতেও কিছু ব্যবস্থা করতে পারলেন না। দিঘা পশ্চিমবাংলার একটা স্বাস্থ্যকর জায়গা, একটা পর্যটন কেন্দ্র, টুরিস্টরা সেখানে যায়, তাদের প্রোটেকশন দেওয়ার জন্য উনি কি কোনও ব্যবস্থা করেছেন? আমি না হয় মেদিনীপুর জেলার কথা বাদই দিলাম বকখালির কথা বলুন, উনি নিজের এলাকার জন্য কিছু করেছেন কি? সুন্দরবনের জন্য উনি কিছু করেছেন কি? সুন্দরবনের জন্য কিছু করতে পারেন নি। তিনি বলছেন যে কিছু করেছেন, এটা আমি কিছুতেই বুঝতে পারছি না। সাড়ে তিন বছর তো বসে আছেন, আমি তাই বলব যে ৪০ মাইল সি ইরোশন হবে ৮০ মাইল ইরোশন হবে কিন্তু সেখানে গুটি কতক পাথর ফেলা ছাড়া আর কিছু করেন নি। স্যার আপনি জানেন ভাগীরথীর দুই পাশের অবস্থা কি হচ্ছে? ইরোশন হচ্ছে তাঁর কোনও স্কীম নেওয়া হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফরাক্কা ব্যারেজ এর কথা ওরা বলেছেন এর সম্বন্ধে আমি কিছু বলব না। আমি বলব স্যার বিহারের সঙ্গে চুক্তি হল, বিহারের সঙ্গে চুক্তি করলেন এই গভর্নমেন্ট। তেনুঘাটের জল বিহার কে দেওয়া হয়ে গেল। কিন্তু স্যার আপনি জানেন যে আমি একবার বলেছিলাম গঙ্গার যে সোর্স, যেখান থেকে জল আসছে সেখান থেকে উত্তরপ্রদেশ নিয়ে নিচ্ছে এবং বিহার নিয়ে নিচ্ছে। তাঁর সঙ্গে আরও বলেছিলাম যে আমাদের শেয়ার দিতে হবে। কথাটা উনি বললেন না। এই বিষয়ে কি কোনও চেষ্টা করেছেন? যেহেতু বিহার সরকার জনতা পার্টির সরকার, বন্ধু সরকার তাই কিছু বললেন না, তাই তাদের সঙ্গে চুক্তি করে নিলেন। কিন্তু তেনুঘাটের জল বন্যার সময় আমাদের এখানে ফেলে দিচ্ছে। যখন ফ্লাড ডিসচার্জ হচ্ছে তখন আমরা ভেসে যাচ্ছি কিন্তু যখন আমাদের রবিশস্যের সময় জল দরকার হবে তখন আমরা জল পাচ্ছি না এবং জল দিচ্ছে না। তাহলে এই চুক্তি কি হলো, এই চুক্তি তারা মানছেন না। মাইথন, পাঞ্চেত ১৯৭৮ সালের বন্যার পর ঠিক হয়েছিল যে এদের ব্যয় ভার বাড়ানো হবে। আপনি জানেন স্যার দামোদর, অজয় নদীতে বন্যা হয়, ফ্লাড কমিশন থেকে রেকমেন্ডেশন ছিল এবং উনি বললেন যে অজয়-এর জন্য স্কীম আছে সেখানে বড় করে ড্যাম্প করা হবে যাতে বন্যার সময় ফ্লাড ওয়াটার ডিসচার্জ হয়। অজয় নদী থেকে জল আসে এটা সমুদ্রে গিয়ে পড়ে, গঙ্গায় গিয়ে পড়ে। এই গঙ্গায় গিয়ে যে পড়ছে সেখানে ৮০ হাজার কিউসেক জল নেবার ক্ষমতা নেই। স্যার, বন্যার সময়ে যে ফ্লাড ওয়াটার ডিসচার্জ হয়েছে, যেখানে ৮০ হাজার ফুট জল পড়ছে, সেখানে এটা অটোম্যাটিক্যালি হয়ে যাবে। মুর্শিদাবাদ, বীরভূম, বর্ধমান জেলা ভাসছে। আপনি জানেন, আপনার বর্ধমানও ভাসছে। সেখানে আজ পর্যন্ত অজয়ের ঐ আপার স্টিমে কোনও

ড্যাম করা হলনা। খালি বলা হচ্ছে যে করা হবে, চেষ্টা করব, দেখব, অগ্রগতি হচ্ছে ইত্যাদি এই সব ভাসা ভাসা কথা বলা হচ্ছে। প্রেস স্টেটমেন্ট দেব, বক্তৃতা দেব ৩।। বছর ধরে এই সব বক্তব্য শুনলাম। আসলে কোনও কাজ হয়নি। ওনার প্রতি আমাদের যেটুকু আস্থা ছিল, সেই আস্থা আর রাখতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুবর্ণরেখা প্রোজেক্টের কথা অনেকদিন ধরে শুনছি এবং আজও সুবর্ণ রেখার প্রোজেক্টের কথা বলেছেন। কিন্তু কোন স্কীমে কতটুকু কাজ হয়েছে এবং কবে কাজ শেষ হবে এই সম্পর্কে কোনও কথা বলেন নি। এই সম্পর্কে কোনও স্কীম উনি আমাদের সামনে রাখতে পারেন নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটা ইমপর্টেন্ট তথ্য দেব। বানতলা স্কীম বলে একটা স্কীম আছে। এখানে সোয়ারেজ দিয়ে গ্যাস প্রোডাকশন হত। এই যে সোয়ারেজ ট্রিটমেন্ট স্কীম, এখানে একটা লাইব্রেরি আছে, সেটা বন্ধ হয়ে আছে। সেই স্কীমটা ফিজিবল স্কীম এবং টেকনিক্যালি ভায়েবল ছিল, সেটা যদি করতে পারতেন তাহলে আজকে অনেক সুবিধা হত। আজকে গ্যাসের দাম বেড়ে গেছে, কয়লার দাম বেড়ে গেছে। বোম্বে আজকে এই জিনিস ব্যবহার করছে। আজকে কলকাতার যে সমস্ত সোয়ারেজ যাচ্ছে, সেগুলিকে যদি ঐ সোয়ারেজ ট্রিটমেন্ট স্কীমের মাধ্যমে ঠিক ভাবে কেমিক্যালি ব্যবস্থা করা যায় তাহলে একটা ভাল ফল পাওয়া যায়। একটা হাই পাওয়ার ম্যানুয়র হয়, সার হয় এবং সেগুলি এগ্রিকালচারের কাজে লাগানো যায় এবং সেটা থেকে যে গ্যাস হবে, সেটাও বিভিন্ন কাজে ব্যবহার করা যেতে পারে এবং এর ফলে গ্যাসের যে স্কেয়ারসিটি আছে সেটা কমবে। আজকে কয়লার দাম বেড়ে যাচ্ছে। কাঠ কয়লা পুড়লে ধোঁয়া হচ্ছে এবং তাঁর ফলে যে অ্যাটমসফিয়ার নস্ট হচ্ছে, সেটাও হবেনা এবং অ্যাট দি সেমটাইম আমরা এটা চিপার রেটে গ্যাস পেতে পারব। কাজেই এটা উনি কেন করলেন না আমি বুঝতে পারছি না। এই সমস্ত কাজ করতে গেলে যে কল্পনা থাকা দরকার সেটার অভাব দেখা যাচ্ছে। একটা ডিপার্টমেন্টের মন্ত্রী হলে তাঁর একটা ইমাজিনেশন থাকা দরকার, সেই ইমাজিনেশনের অভাব রয়েছে ওনার মধ্যে। কোনও স্কীম নেই। শুধু পার্টির কাজ ছাড়া আর কিছু নেই। তাও শোনা যাচ্ছে যে পার্টির নিজের লেভেল ছাড়া উপরের লেভেলে তাকে পাত্তা দিচ্ছে না। আজকে পার্টির কাজ ছাড়া যদি আর কিছু চিন্তা করা না যায় তাহলে কাজ কি করে হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, একজন সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, তাঁর কথামতো চলতে হবে, তাঁর কথা মতো চিফ ইঞ্জিনিয়ারকে চলতে হবে। এই সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নাকি কো-অর্ডিনেশন কমিটির নেতা, তিনি যা বলবেন তাই শুনতে হবে। সে জন্য অফিসাররা বলেন যে এই রকম হলে কি কাজ করা যাবে, এখানে কি অ্যাডমিনিস্ট্রেশন আছে? একজন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারের কথায় চিফ ইঞ্জিনিয়ারকে চলতে হবে, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ারকে চলতে হবে। আর যদি মন্ত্রীর সামনে জো-হুজুর, হো-হুজুর না করা যায় তাহলে কিছু করা হবেনা। ঐ জো-হুজুর, হো-হুজুর করে এই ডিপার্টমেন্টটা শেষ হয়ে গেল এবং সেই ডিপার্টমেন্টের ভবিষ্যত অন্ধকার হয়ে গেল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক কথা বলেছি, অনেক সাজেসানস রাখলাম। তবে একটা কথা বলব যে ৪টি স্কীম সেন্ট্রালের সঙ্গে ঝগড়া করে উনি স্যাংশন করিয়েছেন। সেই স্কীমগুলি হচ্ছে—বসনগোলা, হরিশপুর লিফট ইরিগেশন স্কীমগুলি এবং টাংগাভিলা স্কীম, আপার কংসাবতী প্রোজেক্ট, ঘাটাল মাস্টার প্ল্যান। এগুলি উনি করিয়েছেন কিন্তু কোনও কাজ শুরু হয়নি। পরিশেষে আমি এই কথা বলব এবং মাননীয় প্রভাসদাকে অনুরোধ করব যে ওনার মন্ত্রীত্ব

করার ক্ষমতা আছে, আমি ওনাকে শ্রদ্ধা করি, উনি সম্মানিত লোক, উনি এই ডিপার্টমেন্ট ছেড়ে অন্য ডিপার্টমেন্টে চলে যান। অন্য ডিপার্টমেন্টে গিয়ে মন্ত্রীত্ব করুন, তাতে আমরা নিশ্চয়ই সমর্থন করব। কিন্তু এই ডিপার্টমেন্টে উনি পারছেন না। আপনারা বলেন যে জনগন আমাদের চোখের মনি। সেই চোখের মনির কথা আপনারা কি করলেন?

[10-10 — 10-20 a.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় বলে থাকেন যে জনগন তাঁর চোখের মণি, তিনি তাঁর খালি ঘরে একলা বসে গালে হাত দিয়ে ভাববেন যে তিনি সাড়ে তিন বছরের মধ্যে জনগনের জন্য কি করলেন? আমি বলছি আমি যে কথাগুলি বলে গেলাম, যদি চোখের ছানি না পড়ে থাকে এবং নিশ্চিন্ত হয়ে খালি ঘরে গালে হাত দিয়ে ভাবেন, তাহলে তিনি আমার সঙ্গে একমত হবেন যে তিনি যে জনগনকে চোখের মনি বলেন, তাদের জন্য তিনি কিছুই করে গেলেন না, তিনি সেই দুঃখে তাঁর ডিপার্টমেন্ট ছেড়ে দেবেন, দিয়ে অন্য ডিপার্টমেন্টে চলে যাবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অরবিন্দ ঘোষাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তৃতার আগে দুজন বক্তা বলেছেন, তাঁর মধ্যে শ্রী কিরণময় নন্দের বক্তৃতা আমি অনুধাবন করতে পারিনি। তিনি বলতে উঠেই উত্তেজিত হয়ে পড়ে এবং প্রতি মিনিটে কয়েক হাজার বাক্য বলে যান, যা অনুধাবন করা সম্ভব নয়, অনুসরণ তো পরের কথা। রজনীবাবু যেকথা বলে গেলেন তা অসার, অসত্য, সেগুলি সম্পর্কে জবাব না দেওয়াই মোর ডিগনিফায়েড। সেজন্য আমি ভোলাবাবুকে অনুরোধ করব যে তিনি যেন ট্রেনিং দিয়ে বক্তা ঠিক করেন। আমি এই দাবির সমর্থনে দুই একটি কথা বলব। পশ্চিমবাংলায় প্রায় ২৭ লক্ষ হেক্টর অর্থাৎ প্রায় ১ কোটি ৮০ লক্ষ একর জমিতে চাষ হয়। তাঁর মধ্যে এক তৃতীয়াংশের বেশি কিছু জমিতে আমরা জল পৌঁছে দিতে পেরেছি। ১৯৭৪ সালে রজনীবাবু এই বাজেটে যে কথা বলেছিলেন, আজকে তাঁর উল্টো কথা বলছেন, বেঞ্চি বদলালে যে বক্তৃতা পাল্টে যায় জানতাম না। যাই হোক জমিতে সেচের জল তাড়াতাড়ি বাড়াতে গেলে বড় বড় প্রকল্প দ্বারা সম্ভব হয়না। সেজন্য আমরা ঠিক করেছি ডিপ টিউবওয়েল বাদ দিয়ে, শ্যালো টিউবওয়েল এবং রিভার লিফট প্রজেক্ট যত বাড়াতে পারি ততই তাড়াতাড়ি কৃষকের কাছে জল পৌঁছে দিতে পারব। সেজন্য যদি তথ্য দেখেন তো দেখবেন কংগ্রেস আমলের চেয়ে আজকে এই শ্যালো এবং রিভার লিফট ৩/৪ গুণ বেড়েছে এবং এর মাধ্যমে অনেক বেশি জমি কম সময়ে চাষের প্রকল্পে আনতে পেরেছি এবং সেই সঙ্গে অবশ্য বড় বড় প্রকল্পগুলিও বাদ দিইনি, যেমন দামোদর, ময়ুরাক্ষী, কংসাবতী, তিস্তা,—এই চারটি বড় প্রকল্পে সেচের জল দেবার ব্যবস্থা আছে। দামোদর সম্পর্কে এটুকু বলতে চাই, কেন্দ্রীয় সরকার বারে বারে যেভাবে নিম্ন দামোদর সংস্কার করার ক্ষেত্রে ব্যর্থ হয়েছে, তাঁর ফলে ১৯৭৮ সালে যে প্রচন্ড বন্যা হয় তাতে হাওড়া জেলা, শহর বাদ দিয়ে, বন্যা কবলিত হয়ে পড়ে। আমরা বারে বারে দেখেছি দামোদর প্রকল্প হওয়ার পর থেকে দামোদর নিচের দিকে বুজে গিয়েছে, বর্ষাকালে যখন সেখান থেকে জল ছাড়ে তখন জল এত তোড়ে আসে যে সেই দামোদরের বয়ে নিয়ে যাবার ক্ষমতা নেই। ১৯৭৮ সালে আড়াই লক্ষ কিউসেক ওয়াটার দামোদর দিয়ে প্রবাহিত করার

চেষ্টা হয়েছিল, তাঁর ফলে সারা হাওড়া জেলা বন্যার তান্ডবে কবলিত হয়ে পড়েছিল। লোয়ার দামোদর সংস্কার করতে হবে, সেটা করার জন্য ৭০ কোটি টাকার স্কীম নেওয়া হয়েছিল, কিন্তু এক দুই বছরে ১ কোটি ৫০ লক্ষ টাকা করে দিয়ে মাটি কাটা হয়, কিন্তু এতে কাজ হয়নি, টাকা কনট্রাকটারদের পকেটে গেছে, কাজটা একসঙ্গে না করে কিছু কিছু করে করার জন্য দেখা গেছে এক বা দুই বছর পরে সেই জায়গা আবার বুজে গেছে। সেইভাবে দামোদর পরিকল্পনার যে কেন্দ্রীয় টাকা সেটা বার বার কনট্রাকটরদেরই পকেটে চলে যাচ্ছে। তাঁর দ্বারা আমরা কোনও উপকার পাই না। সেইদিন তিনি বলেছিলেন যে গঙ্গার কাছে গিয়ে দামোদর যেখানে পড়েছে সেই দামোদর আর খনন না করে এই জলটা যেটা বন্যার সময় বর্ষাকালে আসে সেই জলটাকে যদি একটা খাল কেটে স্লুইস দিয়ে বার করে দেওয়া যায় তাহলে হয়তো বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। কিন্তু সেখানে দেখা গেল যে, যে স্লুইস গেট আছে তাতে ২৪ হাজার কিউসেক জল বেরোতে পারে। কিন্তু আমরা দেখেছি বর্ষাকালে ৩১ হাজার কিউসেক জল পর্যন্ত দামোদর দিয়ে যায়। এই যদি হয় তাহলে ঐ স্লুইস গেটের কি অবস্থা হবে? সেটা ভেসে যাবে। সেইজন্য ঠিক হয়েছে যে সেখানে স্লুইস গেট থাকবে উপরন্তু যে দামোদর আগে ছিল ওপেন ক্যানেল সেটাকে খুলে রাখা হবে, যাতে করে এই যে একসেস ওয়াটার সেটাতে দিয়ে প্রবাহিত করা যাবে। এছাড়া আমরা আরও ঠিক করেছি যে লোয়ার দামোদর কমিটি মন্ত্রী মহাশয় যে করেছেন তাতে আমরা আলোচনা করেছি যে জলকে আরও কিভাবে রিসিলটেড করা যায়। এই ব্যাপারে মুন্ডেশ্বরীর জল রেগুলেটর দিয়ে কিছু করা যায় কিনা চিন্তা করেছি এবং এর জন্য যা সমস্ত কিছু করার দরকার তাঁর ব্যবস্থা করা হয়েছে। এবং এ সম্পর্কে একটা রিপোর্টও প্রকাশ করা হয়েছে। অতএব পশ্চিমবাংলার পক্ষ থেকে যেটুকু করা সম্ভব তা আমরা করে চলেছি। কংসাবতী পরিকল্পনা, তিস্তা পরিকল্পনা ক্রমশ এগিয়ে চলেছে। এই দামোদর পরিকল্পনা সম্বন্ধে বলতে গেলে বলতে হয় যে এই পরিকল্পনার দ্বারা বিভিন্ন জায়গা তিন চার বছর ধরে বন্যায় কবলিত হচ্ছে এবং যে উদ্দেশ্যে এটা করা হয়েছিল এবং এর জন্য যে স্কীম নেওয়া হয়েছিল সেই স্কীমটিকে সেইভাবে রূপায়িত করা হয় নি। ৮টি জলাধার করার কথা ছিল, সেখানে মাত্র চারটি করা হয়েছে। আবার তাঁর মধ্যে পাঞ্চেত ও মাইথনকেই কার্যকর বলে মনে করা হয়। সেইজন্য আমাদের পশ্চিমবাংলার তরফ থেকে চেষ্টা করা হচ্ছে। যাতে আরও বেশি জল ধারনের ক্ষমতা যাতে আরও বাড়াতে পারি তাঁর চেষ্টা চলছে। এবং তাহলে বন্যা রোধ করা সম্ভব হবে। আমাদের পশ্চিমবাংলার তরফ থেকে বিহার সরকারের সঙ্গে কথা বলা হচ্ছে। কারণ এই জলাধারগুলি বিহার সরকারের এলাকাভুক্ত। আমাদের তরফ থেকে সেচ এলাকা বাড়াবার জন্য এবং বন্যা নিয়ন্ত্রণ করার জন্য যেটুকু প্রয়োজন সেইটুকু আমাদের পক্ষ থেকে করা হয়েছে। রিভার লিফট, শ্যালো টিউবওয়েল সম্পর্কে ওঁরা বলেছেন যে সেচের জল ঠিকমতো দেওয়া হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে একটা কথা বলব যে উনি যদি একটু সংখ্যা দিয়ে আর্থিক সমীক্ষা দিয়ে ইরিগেশন সম্পর্কে বলতেন তাহলে রজনীবাবুর বক্তব্যের একটা মোকাবিলা করা যেতে পারত। আমি নিজে একটি নির্ভরশীল তথ্য জোগাড় করে দেখলাম ১৯৭৪ সালের বাজেটে ওঁরা বলেছিলেন যে ২৩ লক্ষ একর জমিতে জল দিতে পারবেন ময়ূরাক্ষী কংসাবতী ইত্যাদি থেকে। এবং বিভিন্ন পরিকল্পনার মধ্য দিয়ে ২৫ লক্ষ ৮ হাজার একর জমিতে জল দেবেন বলে ছিলেন। আর আমরা এই তিন বছরের মধ্যে সেটাকে

বাড়িয়ে ৩০ লক্ষ একর করেছি। অতএব আমাদের এই তিন বছরের কাজ ২৫ বছরের কাজের সঙ্গে তুলনামূলকভাবে যদি সমালোচনা করা হয় তাহলে ওঁদের যা করা উচিত ছিল তা করেন নি। তাহলে আজকে অনেক সমস্যার মোকাবিলা করা যেতে পারত। যা হোক এ ছাড়া আর একটা জিনিস আমাদের সামনে আছে সেটা হচ্ছে গঙ্গার নাব্যতা সম্বন্ধে। কলকাতা বন্দর হচ্ছে শুধু পশ্চিমবাংলা কেন সারা পূর্ব ভারতের তথা ভারতবর্ষের একটা প্রাণকেন্দ্র বললেন অত্যুক্তি করা হয় না। অথচ ক্যালকাটা পোর্ট কমিশনার হবার পর থেকে দেখা যাচ্ছে ভাগিরথী পলী পড়ে পড়ে মজে যাচ্ছে। তাঁর জন্য চিন্তা-ভাবনা বহু করা হয়েছে।

[10-20 — 10-30 a.m.]

সেখানে অভিজ্ঞ ইঞ্জিনিয়ার যাঁরা ছিলেন, শ্রী এ. সি. মিত্র তাঁদের মধ্যে একজন, তিনি বলেছিলেন অন্তত ৪০ হাজার কিউসেকস জল যদি গঙ্গা থেকে ভাগীরথীতে আনা যায় তাহলে কোলকাতা বন্দরের অবলুপ্তি সম্পর্কে যে আশঙ্কা রয়েছে সেই আশঙ্কা থেকে আমরা খানিকটা মুক্ত হতে পারব। ঐ জল আসলে কোলকাতার কাছে গঙ্গার পলি বেরিয়ে যাবে, সেইজন্য ফরাক্কা ব্যারেজের কথা বলা হয়েছিল এবং ঐ ৪০ হাজার কিউসেক্স জল ভাগিরথীতে প্রবাহিত করাবার জন্যই ফরাক্কা ব্যারেজ হয়েছিল। আমরা ভেবেছিলাম কোলকাতা বন্দর সম্পর্কে যে আশঙ্কা দেখা দিয়েছে সেটা কেটে গেল। কিন্তু ১৯৭৭ সালে জনতা সরকার থাকা সত্ত্বেও তারা এমন একটি চুক্তি বাংলাদেশের সঙ্গে করলেন যাতে আমরা দেখতে পাচ্ছি একমাত্র জানুয়ারি মাসের এক থেকে ১০ তারিখ পর্যন্ত ৪০ হাজার কিউসেক্স জল পাওয়া যাচ্ছে তারপর সারা বছরে আর ৪০ হাজার কিউসেক্স জল পাওয়া যাচ্ছে না। এপ্রিল মাসে গিয়ে দেখা যাচ্ছে ২০ হাজার ৫০০ কিউসেক্স জল পাওয়া যাচ্ছে। বছরে যদি মাত্র ১০ দিন ৪০ হাজার কিউসেক্স জল ছাড়া হয় তাহলে কিন্তু কোলকাতা বন্দরের নাব্যতা থাকবে না। হলদিয়াকে অনেকে কোলকাতা বন্দরের বিকল্প বলে বলেন কিন্তু হলদিয়া কোলকাতা বন্দরের বিকল্প নয়। হলদিয়াতে যেভাবে জেটি করা হয়েছিল সেটা হচ্ছে সমুদ্র থেকে বড় বড় জাহাজ বা ট্যাঙ্কার আসবে। এখনও কোলকাতা বন্দরে প্রতিদিন ৭৫/৮০ খানা জাহাজে মাল বোঝাই হতে পারে, কাজেই সে দিক থেকে কোলকাতা বন্দরকে রাখতেই হবে। শুধু হলদিয়া দিয়ে পশ্চিমবঙ্গকে বাঁচানো যাবে না। হলদিয়ার নিচেও দেখা যাচ্ছে স্যান্ড বেড এবং সেগুলি ড্রেজিং করা হচ্ছে। যদি রূপনারায়ন এবং দামোদর দিয়ে বেশি জল প্রবাহিত করানো যায় তাহলে হলদিয়া সম্পর্কে আশঙ্কা অনেক কমে যাবে। এসব ব্যাপারে আলাপ আলোচনা করা হচ্ছে এবং তা করে সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করার পথে আমরা চলেছি। স্যার, এইজন্য আমি মনে করি কংগ্রেস সরকার বিগত ২৫ বছর ধরে যা না করেছেন আমরা এই ৩/৩।। বছরে তাঁর চেয়ে বেশি কাজ করার চেষ্টা করেছি এবং আমরা সেচ প্রকল্পগুলির কাজ এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করেছি। এই কথা বলে মাননীয় সেচমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় তাঁর দপ্তরের ১৯৮১/৮২ সালের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন সেই দাবি করতে গিয়ে তিনি আমাদের জানিয়েছেন যে, কেন্দ্রীয় সরকার ফরাক্কা বাঁধ এবং জঙ্গীপুর বাঁধ রক্ষা ছাড়া আর

অন্য কোনও খরচ দেবেন না। এটা নিশ্চয় আমাদের জানা দরকার। এটা তিনি আমাদের জানিয়েছেন সেজন্য তাঁকে আমি সাধুবাদ জানাচ্ছি। যে কেন্দ্রীয় সরকার সেচের উপর কি বৈরি মনোভাব দেখাচ্ছেন, সেই সঙ্গে সঙ্গে তিনি আর একটা কথা বলেছেন, কংগ্রেসি ৩০ বছরের শাসনে নদীর তীর সংরক্ষণের কোনও ব্যবস্থা করেন নি। এটাই বোধ হয় বলেছেন। তাঁর কাজের অগ্রগতির কথা তিনি বলেছেন ঠিকই, সেই জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন। কিন্তু সেই সঙ্গে সঙ্গে বলব যে তাঁর আমলে নদী বাঁধ সংরক্ষণের কোনও কাজ হয়নি, এই পর্যন্ত হয়নি। আমার যতদূর জানা আছে, মেদিনীপুরে যে ভয়াবহ বন্যা হয়ে গেল, সেই বন্যা হতো না যদি এই নদী বাঁধ সংস্কারের প্রকল্প থাকতো। তারপরও দেখা যাচ্ছে সেই নদী বাঁধ কি হলদী, কি কাঁসাই, কি রূপনায়ারণ, কি কেলেঘাই, এই সমস্ত জায়গাতে আজও সেই নদী বাঁধ সংস্কারের যে প্রকল্প তিনি রেখেছেন এবং কাজ করছেন বলে বলছেন, আমরা দেখতে পাচ্ছি এই সমস্ত হয়নি। কাগজে হয়তো তাঁর কাছে রিপোর্ট থাকতে পারে, কিন্তু আমার যতটা খবর, এইগুলো হয়নি। মাস্টার প্ল্যান সম্পর্কে তিনি বছরের পর বছর ধরে, গত ৩। । বছর ৪/৫টা বাজেট হয়েছে, বলেছেন যে মাস্টার প্ল্যান হবে, মেদিনীপুরের যে মাস্টার প্ল্যানগুলো দেওয়া হয়েছে, তমলুক, ভগবানপুর—নন্দীগ্রাম, যেটা কিরন্ময়বাবু বললেন, এই সমস্ত দেওয়া হয়েছিল কিন্তু দুঃখের বিষয় কিছু হচ্ছে না। ঘাঁটালের মাস্টার প্ল্যান নাকি গত বছর অনুমোদন করিয়ে এনেছেন, যদিও আজ পর্যন্ত তাঁর কোনও কাজ আরম্ভ হয়নি। কিন্তু এই তমলুক মাস্টার প্ল্যান আর ময়না মাস্টার প্ল্যান আর ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যান যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেছে। গত ২০শে জুন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার এবং সুপারিনটেন্ডেন্ট ইঞ্জিনিয়ারকে নিয়ে তাঁদের ঘরে আমি ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের ব্যাপারে, আমরা আলোচনা করেছিলাম। সেইদিন মন্ত্রী মহাশয় বলেছিলেন, ভাই আমাকে তো কেউ বলেননি যে এটা আছে, তাহলে পরে আমি ঘাঁটাল মাস্টার প্ল্যানের সঙ্গে সঙ্গে, এটাও করিয়ে আনতে পারতাম। এই ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যান কেন করার তাগিদ এলো? সেখানে একটা জায়গাতে জল নিকাশির ব্যাপার নিয়ে প্রতি বছর মার দাঙ্গা হতো দুটি থানার মধ্যে। ভগবানপুর এবং নন্দীগ্রাম থানার মধ্যে। যার জন্য সেখানে পুলিশ পাঠাতে বাধ্য হয়েছিল। তাঁর উপর ভিত্তি করে আজকে সেখানে মাস্টার প্ল্যান সেখানে হয়েছে। ১৯৭৪ সালে সেই মাস্টার প্ল্যান দেওয়া হয়েছে। দুঃখের বিষয় আজকে সেটা দেখা উচিত ছিল, কিন্তু আজ পর্যন্ত সেটা অনুমোদন করানো গেল না। জানি না কোন্ ভিত্তিতে তিনি বললেন, তাঁর চিফ ইঞ্জিনিয়ার, তাঁর তৈরি মাস্টার প্ল্যান, তারা যদি তাঁকে না জানান, এইভাবে বিপথে পরিচালিত করেন, অন্ধকারে রেখে দেন এবং সেটাকে যদি তিনি সায় দেন তাহলে দুঃখের বিষয় তিনি কিছুই করতে পারবেন না। আজকে দেখছি তাঁর বাজেটে ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের জন্য যদিও গত বছর টাকা ধরা ছিল, তাঁর আগের বছর টাকা ধরা ছিল, এই বছর কোনও টাকা ধরা নেই। সেই অর্থে আজকে বলা যেতে পারে—আমি কয়েকদিন আগে প্রশ্ন করেছিলাম নন্দীগ্রাম ভগবানপুর মাস্টার প্ল্যান পরিত্যক্ত হয়েছে কি না? সেটায় তিনি বলেছেন, না হয়নি। আজ দেখতে পাচ্ছি সেখানে কোনও টাকা ধরা নেই। যদিও তমলুক রেসিন মাস্টার প্ল্যানের উপর টাকা ধরা আছে। তিনি বললেন যে দু মাসের মধ্যে এটা অনুমোদন করিয়ে আনবেন। কিন্তু আজকে মার্চ মাস হয়ে গেল, তিনি সেই কথা রাখতে পারেন নি। আমি মনে করি যে তাঁর যে কথা, সেই কথার উপর আমার বিশ্বাস আছে, তাঁর

প্রতি আমার শ্রদ্ধা আছে, তিনি যে কাজ করবেন বলেন, তিনি সেই ব্যাপারে চেষ্টা করেন, কিন্তু সেখানে তিনি ব্যর্থ হয়েছেন। আর একটা কথা কিরণময়বাবু বলেছেন, মেদিনীপুর ইস্ট এবং ওয়েস্ট এর যে ডিভিসন আছে, সেটা আজকে অবিলম্বে দু ভাগে ভাগ করে দেওয়া উচিত, তা নাহলে সুষ্ঠুভাবে কাজ হতে পারে না। সেই সঙ্গে সঙ্গে বলব, আমরা যখন একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে এম.এল.এ. হিসাবে যাই, তখন তিনি আমাদের পাত্তাই দেন না, জনসাধারনকে পাত্তা দেবেন কি করে? আমাদের কোনও বক্তব্য তারা শোনেন না। তারা বড় বড় কন্ট্রাকটারের কথা শোনেন যারা তাকে টাকা জোগান দেন। তাদের কথা অনুসারে প্ল্যান এস্টিমেট করেন। আমি এখানে দাঁড়িয়ে নিজে দায়িত্ব নিয়ে বলছি বড় বড় যারা কন্ট্রাকটার আছে, তাদের গাড়িতে চড়ে তারা যান এবং তাদের নির্ধারিত কি প্ল্যান, কি এস্টিমেট, সেইগুলো পাশ করেন। মন্ত্রী মহাশয়ের জানা আছে নারায়ণপুর ব্রিজ যে ব্রিজের কথা এখানে বারবার বলে আসছি, যেটা না করলে হলদিয়া নষ্ট হয়ে যাবে, হলদিয়ার সমস্ত কিছু কাজ বন্ধ হয়ে যাবে, যেখানে ব্রিজ আছে, সেই ব্রিজটা না করে আরও কিছুটা দুরে গিয়ে ৬৩ লক্ষ টাকা খরচ করে ব্রিজ করা হবে। মন্ত্রী মহাশয় তাতে সায় দিলেন। আমি বলছি ইঞ্জিনিয়াররা তাঁকে ভুল পথে চালাচ্ছেন।

[10-30 — 10-40 a.m.]

তাঁরা বলেছেন আমরা ইরিগেশনের জন্য স্লুইস করছি, কিন্তু রোডস ডিপার্টমেন্ট রাস্তা করল কিনা সেটা আমাদের দেখার বিষয় নয়। এক্ষেত্রে একদিকে স্লুইস-এর প্রশ্ন রয়েছে এবং অন্যদিকে রাস্তার প্রশ্ন রয়েছে হলদিয়া যাবার। হতে পারে দুটো ডিপার্টমেন্ট, কিন্তু সবাই তো গভর্নমেন্টের আন্ডারে। আমরা সেইজন্য পূর্তমন্ত্রীকে বলেছিলাম দুজন মন্ত্রী একসঙ্গে বসে ব্যবস্থা করুন। কিন্তু দেখা গেল কিছুই করা হয়নি। এই সমস্ত মাস্টার প্ল্যান না হবার ফলে কোনও কাজ হচ্ছে না। তারপর কাঁসাই পরিকল্পনা হবার ফলে সেখানকার নদী মজে গেছে, হলদী নদীও মজে গেছে এবং পার্শ্ববর্তী এলাকায় জল নিষ্কাশন হচ্ছেনা। সেখানে এখনও পর্যন্ত ধান কাটা হচ্ছে, কেলেঘাইতে এখনও পর্যন্ত ধান কাটা হচ্ছে এবং সুয়োদিঘীতেও ধান কাটা হচ্ছে। এগুলি আপনাদের দেখা উচিত এবং জল নিষ্কাশনের দিকে নজর দেওয়া উচিত। শুধু ইঞ্জিনিয়ারদের কথা শুনলে হবেনা। আমি বলছি তাঁরা কোনও কাজ করেননা, ওই কনট্রাকটারদের মাধ্যমে তাঁরা কাজ করান। তবে এক্ষেত্রেও একটা ঘটনা আছে—ওখানে যারা ভাল কনট্রাকটর রয়েছে তাদের কাজ দেওয়া হয়না, বড়বড় কনট্রাকটর, নিজেদের পেটোয়া লোক যারা রয়েছে তাদেরই শুধু কাজ দেওয়া হয়। আমার বক্তব্য হচ্ছে বোনাফাইডি কনট্রাকটরদের দিয়ে কাজ করানো এবং তাদের যে হয়রানি করা হয় সেটা বন্ধ করুন। তারপর, হিজলি ক্যানেল যার সঙ্গে উড়িষ্যার যোগাযোগ রয়েছে সেটা নাকি জাতীয় জলপথ হবে। উড়িষ্যার সিভিল ইঞ্জিনিয়ার সেখানে গিয়ে দেখে এসেছেন। তিনি দেওঘর থেকে উড়িষ্যা পর্যন্ত দেখে এসেছেন, কিন্তু দুঃখের বিষয় সেটার সম্বন্ধে এখানে কোনও উল্লেখ নেই। আমি আপনাদের অনুরোধ করছি ওই হিজলি ক্যানেলের দিকে আপনারা নজর দিন। যে সমস্ত প্রকল্পগুলি হয়নি সেগুলি করার ব্যবস্থা করুন, খাল সংস্কার করুন, ক্ষুদ্র সেচের ব্যবস্থা করে ওখানে সেচ ব্যবস্থা নিশ্চিত এবং তরান্বিত করুন এবং সেখানকার ক্ষতিগ্রস্ত মানুষদের প্রতি

নজর দিন একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি একটা কথা বলতে চাই। আজকে আনন্দবাজার পত্রিকায় দেখলাম মুখ্যমন্ত্রী চক্রান্তের ভুত দেখছেন, তাঁদের বিরুদ্ধে চক্রান্ত হচ্ছে, সরকার ভেঙ্গে দেওয়া হবে ইত্যাদি সব বলছেন। এতে সরকারি কর্মচারিদের মোরেল নষ্ট হয়ে যাচ্ছে। আমি বলব, এই ভুত দেখার অজুহাতে তাঁরা সরকারি কাজকর্ম করবেন না এটা যেন না হয় এবং এই ধরনের চক্রান্তের ভুত আর যেন তাঁরা না দেখেন।

**মিঃ স্পিকার ঃ** এসব কথা বলার জায়গা এটা নয়।

**শ্রী সন্তোষ রানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সে সম্পর্কে আমি দু-একটি কথা বলতে চাই। আমাদের দেশে সেচের গুরুত্ব নতুন করে বুঝিয়ে বলার অপেক্ষা রাখে না। আমাদের দেশের গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ গরিব মানুষ বছরের বেশিরভাগ সময় কাজ না পেয়ে বসে থাকে, কারণ জমিগুলিতে সেচের ব্যবস্থা নেই। জমিতে একবারের জায়গায় দু'বার চাষ হলে অনেক বেশি মানুষের কর্ম-সংস্থান হয়, অনেক ফসল ফলে, শিল্পের জন্য অনেক বেশি কাঁচা মাল আসে এবং শিল্পের বাজার তৈরি হয়। অবশ্য এগুলি সবই বোধ হয় আমরা জানি। আমাদের এই রাজ্যে মোট জমির পরিমাণ ৭৫ লক্ষ হেক্টরের মতো, কিন্তু আমাদের সেচ বিভাগ থেকে ৮ লক্ষ ৭১ হাজার হেক্টর জমিতে সেচের ব্যবস্থা করা হয়, অর্থাৎ শতকরা ১১ ভাগ মতো জমি সেচ পায়। আর সব কিছু মিলিয়ে ষষ্ঠ পরিকল্পনার শেষে এটা বেড়ে খুব বেশি হলে ১৫ থেকে ২০ ভাগে দাঁড়াবে। আর বোরো চাষের জন্য যে জল দেওয়া হয় সেটার হিসাব হচ্ছে শতকরা ২ ভাগ মতো। তবে এই দপ্তর থেকে যত জমিকে সেচের আওতায় আছে বলে দেখানো হয় প্রকৃতপক্ষে তত জমি সেচের সুযোগ পায় না। যেমন কংসাবতী প্রজেক্টে একটা বিরাট এলাকা সেচ সেবিত এলাকা বলে দেখানো হয়। কিন্তু আমরা জানি যে বছর খুব ভাল বৃষ্টি হয়—যেমন গত বছর হয়েছিল—সে বছর কিছু বেশি এলাকা জল পায়। কিন্তু আমরা জানি ঐ এলাকায় পূর্বেকার দু' বছর মোটেই চাষ হয়নি, কারণ সেখানে জল দেওয়া সম্ভব হয়নি। সুতরাং আমরা দেখতে পাচ্ছি হিসাবে গড়-মিল আছে। সুতরাং আমি বলতে চাই যে, এই বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া উচিত। গতানুগতিক বাজেটের হিসাবের মধ্যে দিয়ে এটাকে না দেখে বড় রকমের লিঙ্ক ঘটানোর জন্য অনেক বেশি জমিকে সেচের আওতায় আনার জন্য, অনেক বেশি জমিকে দু'বার চাষের আওতায় আনার জন্য পরিকল্পনা করা উচিত। এটা আর কিছু নয়, একটা বিরাট সামাজিক পরিবর্তন নয়, এটা হচ্ছে শুধু সারা বছর গ্রামাঞ্চলে যে সমস্ত মানুষরা কাজ পায় না তাদের জন্য একটু কর্ম-সংস্থানের ব্যবস্থা করা। এটাই হচ্ছে মূল ব্যাপার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখেছি আমাদের সরকারি ব্যবস্থায় কতগুলি অসুবিধা আছে। সে সম্বন্ধে রজনীবাবুও বলেছেন এবং আমিও বলছি, সেটা হচ্ছে সেচ বিভাগ কিছু কাজ করে, কৃষি বিভাগ কিছু করে আবার মাইনর ইরিগেশনের জন্য আলাদা ব্যবস্থা আছে। আমার মনে হয় এইভাবে বিভিন্ন ডিপার্টমেন্টের মধ্যে এই জিনিসটাকে ভাগ করে রাখার ফলে খুবই একটা অসুবিধাজনক অবস্থার সৃষ্টি হয়েছে। কংগ্রেসি আমলেও এই রকমই ছিল। এর

ফলে কোনও কাজই সুপরিকল্পিতভাবে হচ্ছে না। তাছাড়া এই বিভাগগুলির মধ্যে কোনও কো-অর্ডিনেশন না থাকার ফলে কোনও ব্যাপারেই কোনও কাজ সুষ্ঠুভাবে হয় না। কোনও জায়গায় হয়ত সেচের পরিকল্পনা করা দরকার, কিন্তু সেটা ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে হবে, না এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে হবে তাই ঠিক করতে করতে সময় চলে যায়। তারপর দেখুন ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজ ডিপার্টমেন্টের অধীন কংশাবতী প্রজেক্ট, তাদের এলাকায় হয়ত অ্যাগ্রো ইরিগেশনের কোনও কাজ আরম্ভ হতে যাচ্ছে অমনি তারা অবজেকশন দিচ্ছে যে, ওটা আমাদের কমান্ড এরিয়া। ওরা কোনও দিন ওখানে জল দেয় না, দেবে কিনা জানিনা, অথচ ওরা অবজেকশন দিচ্ছে যে, এটা তোমরা করতে পারবে না, আমরা পারমিশন দেব না। এইভাবে অনেক কাজ আমরা জানি আটকে আছে। সেই জন্য আমার নির্দিষ্ট প্রস্তাব হচ্ছে সমস্ত বিষয়টাকে একটা মন্ত্রনালয়ের অধীনে, একটা সামগ্রিক পরিকল্পনার অধীনে এনে পরিচালনা করার ব্যবস্থা করলে ভাল হয়। আর একটা কথা আমি বলতে চাই যে, একটা জায়গায় দেখলাম যে, কোনও একটি জায়গায় নাকি উইন্ড মিল বসানো হয়েছে বলে এই বাজেটের মধ্যে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, আপনি এটাকে একটু বেশি গুরুত্ব দিন। পশ্চিমবাংলায় এর যথেষ্ট সম্ভাবনা আছে। অন্তত ২৫ মাইল হাওয়ার বেগ থাকলেই একটা উইন্ড মিল চলতে পারে। এই হাওয়ার বেগ পশ্চিমবাংলার অনেক জায়গায়ই থাকে, বিশেষত শীতের দিনে থাকে এবং এই সময়ে জলাধারগুলিতে জল-ও ধরা থাকে এবং কুয়াতেও জল থাকে, ফলে এর দ্বারা ক্যানেল ইরিগেশন-এর ব্যবস্থা করা যায়।

[10-40 — 10-50 a.m.]

রিভার লিফট ইরিগেসন যেরকম ভাবে আছে এখন ছোট ছোট রিভার লিফট ইরিগেশন ২৫ হর্স পাওয়ার একটা, দুটো, তিনটে বেসিন না বসিয়ে তাঁর জায়গায় বড় ধরনের পরিকল্পনা আমাদের করা উচিত, সেটা অন্য প্রসঙ্গে আমি পরে বলছি। বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে,—নদীতে বাঁধ দিয়ে ঐ বন্যা নিয়ন্ত্রণ করা যাবে না। বন্যা নিয়ন্ত্রণ আর একটা ব্যাপারের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত, সেটা হচ্ছে ভূমি সংরক্ষণ। সয়েল রিজারভেশন, তারই সংজ্ঞা দিয়েছেন। ওটাকে কি করবেন? ফরেস্ট্রি করতে হবে পশ্চিমবঙ্গের যে নদীগুলি, তাঁর নাব্যতা ইত্যাদি বজায় রাখতে গেলে। কিন্তু পশ্চিমবঙ্গতেই ভূমি সংরক্ষণ করে কিছু হবে না, তাকে আরও সম্প্রসারিত করতে হবে। ছোটনাগপুর, বিহার যেখান থেকে নদীগুলি বেরিয়েছে সেখান পর্যন্ত এটিকে সম্প্রসারিত করতে হবে, সেটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। এতে কেন্দ্রীয় সরকার এবং বাংলা বিহার উভয় রাজ্য সরকার এর মধ্যে একটা ক্লোজ কো-অর্ডিনেশনের ব্যাপার আছে যাতে ওখান থেকেই বাঁধ সংরক্ষণ করা যায়। তা না হলে নদীর বাঁধ যতই উঁচু করা হোক না কেন, তাতে বন্যার ক্ষতি রোধ করা যাবে না। এর পর কংসাবতী প্রোজেক্টের একটা ব্যাপার আছে—আমার মনে হয় কংসাবতী প্রোজেক্টে খুব বেশি পরিমাণে টাকা খরচা করা হয়েছে এবং একটা বিশাল পরিকল্পনা তৈরি করা হয়েছে, খাল অনেক কাটা হয়েছে, সেগুলিতে জল পাওয়া যায় না, সেদিক থেকে এগুলি ফেলিওর। ৩/৪ বছরে সেখানে হয়ত একবার সেচের জল তুলে মূল্যবান জমি নষ্ট করে, আর খাল কেটে

সেচ এলাকা বলে ঘোষণা করা হয়। তাঁর কমান্ড এরিয়ায় অন্য কোনও পরিকল্পনা হতে পারে না, এভাবে ব্যাপারটি দেখা উচিত। প্রতি বছর গোটা মরশুমে না হলেও খারিফ সিজনে জল দিতে পারে, এটা সুনিশ্চিত না করে কোনও এলাকাকে সেচ এলাকা বলে ঘোষণা করা উচিত নয়। এবার ঝাড়গ্রাম সম্পর্কে দু-একটা কথা বলতে চাই, ঝাড়গ্রাম সাব ডিভিসনে—আপনারা সবাই জানেন ঝাড়গ্রাম মহকুমায় প্রতি বছর হাজার হাজার নয়—লাখ লাখ লোক বাইরে খাটতে যায় মিগরেটেড লেবার, তাদের ওখানে চাষের সুযোগ নাই, সেচের ব্যবস্থা মোটামুটি নাই বললেই চলে। গত ৩০ বছর ধরে কিছুই হয় নি। সুবর্ণরেখা প্রোজেক্টের একটা উল্লেখ আমি দেখেছিলাম, অনেকদিন ধরে কথাটা আমি শুনছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে আমার কথা হয়েছিল। আমি অনেকবার তাঁকে অনুরোধ করেছিলাম ডুলং নদীর প্রকল্প তৈরি করার জন্য। কারণ এই ডুলং নদীর প্রচুর পরিমাণ জল সুবর্ণরেখায় এবং সমুদ্রে গিয়ে পড়ে, ওটা একটা বিশাল পরিকল্পনা নয় এবং ওটা ওয়ালর্ড ব্যাঙ্কের সাহায্য ছাড়াই পরিকল্পনা নিয়ে তৈরি করা উচিত। কিন্তু ওখানে এইরকমভাবে পার্টিকুলারলি ড্রট এরিয়া,—কি রকম এরিয়া—এ বছর যখন সমস্ত পশ্চিমবঙ্গে রেকর্ড পরিমাণ ফলন হয়েছে, সেখানে—গোপীবল্লভপুর ২নং ব্লক, সাঁকরাইল ব্লক (২) এবং নয়াগ্রাম ব্লকে এ বছরও খরা হয়েছে। ঐ এলাকায় ফরটি পারসেন্টের বেশি ফসল হয় নি। এইরকম খরা এলাকা, যেসব এলাকায়—আমি অন্য ব্লকের কথা বলতে চাই না, সেচের ব্যাপারটাকে অনেকবেশি গুরুত্ব দেওয়ার ব্যাপার ছিল। আমি অনুরোধ করছি সুবর্ণরেখার যে সামগ্রিক প্রকল্প তাঁর থেকে আলাদাভাবে ঐ ডুলং প্রোজেক্ট সেটা তৈরি করে দিন এবং আরও কতকগুলি মোটামুটি প্রোজেক্ট যাতে তৈরি করা যায়—বিহার থেকে র‍্যাংগ্রোবাল প্রোজেক্ট, তা দিয়ে গোপীবল্লভপুর ২নং, গোটাটা ব্যবস্থা করা যায় ঐটা বিহার গভর্নমেন্টের সঙ্গে কথা বলে একটু রাজি করাতে হবে। জলটা নদীতে গিয়ে পড়ে, কোনও কাজে লাগেনা, তাঁর যেটা সারপ্লাস জল সেটা দিয়ে আমাদের প্রচুর পরিমাণ জমি চাষ হয়ে যাবে, এইভাবে এটা করা যায়। আর একটা ব্যাপার, যতক্ষন পর্যন্ত সুবর্ণরেখা ব্যারেজ প্রোজেক্ট প্রকল্প না হচ্ছে ততক্ষন পর্যন্ত বড় ধরনের রিভার লিফট প্রোজেক্ট করতে হবে। মাইনার ইরিগেশনের হাত দিয়ে নয় ডিপার্টমেন্টকে দিয়ে। আমি ইউ.পি.তে দেখেছি, বালিয়া জেলার পাশে তারতিবার প্রোজেক্টকে দিয়ে একটা ছোট বাঁধ একটা লিফট কাম ক্যানেল প্রোজেক্ট লিফট করছে এবং ক্যানেল ইরিগেশন করছে। বালিয়ার ফরটি পারসেন্ট জমি ওখান থেকে চাষ হচ্ছে। যতক্ষন না টোট্যাল ব্যারেজ প্রোজেক্ট তৈরি হচ্ছে ততক্ষন সুবর্ণরেখায় এইরকম একটা তৈরি করা যায়।

আর একটি কথা তিস্তা সম্পর্কে বলতে চাই। এরজন্য অনেক টাকা খরচ হয়েছে এবং আরও অনেক টাকা খরচ করা হবে। তিস্তা জলের ব্যাপারে বাংলাদেশ স্বাভাবিকভাবে দাবি জানিয়েছে। সুতরাং এই সমস্যার সমাধান না করে যে টাকা আমরা সেখানে খরচ করছি শেষ পর্যন্ত তাঁর সমস্ত টাকাটাই জলে যাবে কিনা জানিনা। ভারতবর্ষের দুটি রাজ্যের মধ্যে জলের ভাগাভাগি নিয়ে আলোচনায় কিছু না হলে শেষ পর্যন্ত সুপ্রীম কোর্টের মিমাংসা করতে হয়। কিন্তু এটা একটা ভিন্ন রাজ্য বলে সুপ্রীম কোর্টে গেলে হবেনা, অন্য ধরনের জটিলতা সেখানে দেখা যাবে। সেজন্য বলছি এর একটা সলিউশন না করে কোনও কিছু করা ঠিক হবেনা। অতএব যে বাজেটের বরাদ্দ এখানে করা হয়েছে তাকে আরও বাড়ানো উচিত মনে করে

আমি এখানে শেষ করছি।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে গুরুতর কয়েকটা সমস্যা সম্পর্কে বলতে চাই। প্রথমে আমি কাঁদি মাস্টার প্ল্যান সম্পর্কে ২।১টি কথা বলব। ১৯৭৮ সালের বন্যার পর এক বছরের মধ্যে সেচমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টার ফলে এবং আমাদের ইরিগেশন এর ইঞ্জিনিয়ারদের কর্মকুশলতার ফলে সেখানে কাঁদি মাস্টার প্ল্যানের আউটলাইন তৈরি হয়। বিগত বাজেটে আমাদের সেচ মন্ত্রী তাঁর বরাদ্দের সময়ে এই বাবদ উপরের দিক থেকে অনুমোদন পাবার সঙ্গে সঙ্গে কাজ আরম্ভ করতে যাতে কোনও অসুবিধা না হয় সেজন্য ৫০ লক্ষ টাকা এই মাস্টার প্ল্যানের জন্য বরাদ্দ করেছিলেন। রজনীবাবু বললেন ঘাটাল মাস্টার প্ল্যান সম্পর্কে যে কাজ সেখানে আরম্ভ হয়নি। কেন আরম্ভ হয়নি সেটা তিনি খোঁজ নিলেই জানতে পারবেন এবং এর জন্য ৭৫ লক্ষ টাকা রাখা হয়েছিল। তারপর কাঁদি মাস্টার প্ল্যানের যে নিয়ম আছে সেই অনুযায়ী ভারত সরকারের, আমাদের টেকনিক্যাল এক্সপার্টরা, আমাদের ইঞ্জিনিয়াররা সেটা তৈরি করেছিলেন কিন্তু কাজ আরম্ভ হবার কোনও উপায় নেই কারণ এটা আরও উপরে টেকনিক্যাল ক্লিয়ারেন্সের জন্য যাবে। সেই অনুযায়ী গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের কাছে এক বছর হয়ে গেল আমাদের টাকা পড়ে আছে—স্কীম কি হবে তাঁর কোনও ঠিক নেই। অবশ্য নানারকম আলাপ-আলোচনা চলছে। ঘাটাল সম্বন্ধে ক্লিয়ারেন্স এসেছে কিন্তু কাঁদি মাস্টার প্ল্যান সম্পর্কে আজ পর্যন্ত কোনও ক্লিয়ারেন্স আসেনি। এর জন্য সেচ মন্ত্রী বা সেচ বিভাগ দায়ী নন। গঙ্গা ফ্লাড কন্ট্রোল প্রভিসনের ক্লিয়ারেন্স পাবার পর এটা আবার প্ল্যানিং কমিশনে যাবে এবং সেখানে কতদিন থাকবে তা জানিনা। কাঁদি মাস্টার প্ল্যান এইরকম ভাবে ঝুলে থাকবার ফলে—এটা শুধু কাঁদি এলাকার নয়—ওই এলাকার ৪টি মহকুমার ১৫টি

[10-50 — 11-00 a.m.]

থানার লক্ষ লক্ষ লোকের কাছে এটা একটা সমস্যা। ১৯৬২ সালে মানসিং কমিটির সুপারিশ বের হয়েছিল। সেই ১৯৬২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত কোনও কাজ না হবার ফলে এটা আটকে আছে। আমরা চেষ্টা করে তাদের কাছে মাস্টার প্ল্যান পাঠিয়ে দিয়েছি কিন্তু ক্লিয়ারেন্স সেখান থেকে আসছে না। আমি উড়ো উড়ো শুনেছি যে আমাদের কাঁদি মাস্টার প্ল্যান সম্পর্কে নাকি গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশন এর তরফ থেকে কতগুলি প্রশ্ন করা হয়েছে। এর মধ্যে একটা প্রশ্ন হচ্ছে যে ফরাক্কা ব্যারেজ, গঙ্গা, ভাগীরথী সম্পর্ক বলে অনেক কিছু চিন্তা করতে হবে। আমি জানিনা কি চিন্তা তারা করছেন? কারণ এতবড় টেকনিক্যাল এক্সপার্ট কমিটি—মানসিং কমিটি তারা অনেক চিন্তা করে সুপারিশ করেছিলেন আমাদের ইঞ্জিনিয়াররা অনেক চিন্তা করে একটা মাস্টার প্ল্যান তৈরি করেছিলেন। মানসিং কমিটি যা বলে গিয়েছিলেন একের পর এক বছর পার হচ্ছে কিন্তু চূড়ান্ত কিছুই হচ্ছে না। তার ফলে যে কোন এক বছর একটা বেশ বড় বন্যা হতে পারে। তারা ১৫।১৬ বছর সময় দিয়েছিলেন এবং বলেছিলেন যে ২।৩ পাঁচশালা পরিকল্পনার ভেতর থেকে অর্থ বরাদ্দ করে কাজ যেন শেষ করা হয়। কিন্তু তাঁর কোনও কিছুই হলনা। সেজন্য এই কথাগুলি যে উঠছে সে সম্পর্কে ওই এলাকার জনসাধারণ যেসব কথাগুলি বলছেন সেগুলি এখানে রাখা দরকার। ফরাক্কা ব্যারেজের সঙ্গে যুক্ত অনেক

কিছু আছে। কিন্তু মানসিং কমিটি কি বলেছে? ফ্লাড কন্ট্রোল কমিশন হোক বা আমাদের ইঞ্জিনিয়ার হোক মুশকিল হচ্ছে ফরাক্কা ব্যারেজের জন্য। আমি প্রশ্ন করি কেন মুশকিল হবে? মানসিং কমিটির প্রিলিমিনারি রিপোর্টে ফরাক্কা প্রজেক্টের কাজ আরম্ভ হবার কথা বলা হয়েছে। কেননা এটা হলে ফরাক্কার ওয়েস্টার্ন ট্রিবুউটারিস আছে এর যে ফ্লাড সেই ফ্লাডকে কন্ট্রোল করা সহজ হবে। উল্টো আজকে শুনছি। চূড়ান্ত রিপোর্টে এই কথাই বলেছেন যে ফরাক্কার উন্নতি ঘটাতে হবে এবং তা সম্ভব হবে যখন এর ব্যারেজ সম্পূর্ণ হবে। আজকে যেহেতু এটা সম্পূর্ণ সেহেতু ওয়েস্টার্ন ট্রিবুউটারিস দিকে ফ্লাড কন্ট্রোল সহজ হবার কথা। কিন্তু আজকে বলছেন কঠিন হয়ে গেছে। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ভালোভাবে ব্যাপারটা আবার দেখবেন কারণ এটা কঠিন হবার কথা নয়। সহজ হবার কথা। দ্বিতীয় প্রশ্ন তারা করছেন অজয়ের ফ্লাড কন্ট্রোল যদি না করা যায় তাহলে এটা করে কোনও লাভ হবে না। এটা একটা অদ্ভুত কথা? একসঙ্গে সমস্ত স্কীম করা যাবেনা—মাস্টার প্ল্যান করা যাবেনা—একটা একটা করে করতে হবে এবং এর মধ্যে কোনটা আগে করতে হবে কোনটা পরে করতে হবে। মানসিং কমিটির সুপারিশে প্রায়রিটি ১, ২, ৩ করে তিনি বলে দিয়েছেন। অর্থাৎ কোন্‌টা আগে হবে কোন্‌টা পরে হবে সেইভাবে তিনি বলে দিয়েছেন, এটা হচ্ছে না বলে এটা করব না তা হয় না। আজকে সেক্টর থ্রি হচ্ছে কাঁদি মাস্টার প্ল্যান, সেক্টর ১ হচ্ছে দ্বারকা, ব্রাহ্মণীর। সেক্টর ২ হচ্ছে ময়ুরাক্ষী কুয়ো যেটাকে কোপাই দ্বারকেশ্বরী বলে আর সেক্টর ৩ হচ্ছে অজয় এবং বন্দরকাদর। এই হচ্ছে তিনটা সেক্টরের কাজ। এই তিনটার মধ্যে অজয় সেক্টরের কাজ হয়ে গেছে। মানসিং কমিটির সুপারিশ অনুযায়ী ২০।২৫ বছর যাবে আপনার। কিছু করলেন না। ডি. ভি. সি বন্যা নিয়ন্ত্রণের ক্ষমতা ছিল বা যে ক্ষমতা আছে বলে বলা হয়েছিল তাঁর কোনও ব্যবস্থা হচ্ছে না। বিহার কিছু করবেন না। আজকে অজয়ের ব্যাপারে বিহার আলাদা করে বাঁধ করবার ব্যবস্থা করছেন এবং তাতে আমাদের কি হবে না হবে সেসব ওঁরা চিন্তা করছেন না। আজকে অজয়ের সঙ্গে বাঁধ করা খুব কঠিন এটা কেন্দ্রীয় সরকার খুব ভালোভাবে জানেন। এবার আমি রিভার ভ্যালি এরিয়া প্রজেক্টের কথা বলতে চাই। ফ্লাড কন্ট্রোলের সমস্ত টাকা সেখান থেকে আসবে। আজকে যদি সেই টাকা এসে যায় তাহলে দেখা যাবে কিন্তু এর অ্যাস্টিমেট ছিল মানসিংহ কমিটির সুপারিশ অনুসারে ১৫ কোটি টাকা। কাঁদি মাস্টার প্লানে ৫০.৫১ কোটি টাকার প্রয়োজন। কিন্তু এই টাকা কোথা থেকে আসবে, সে বিষয়ে কেন্দ্রীয় সরকার নীরব হয়ে আছেন। সেজন্য আমরা যত তাড়াতাড়ি সম্ভব করার চেষ্টা কেন করছি, সেটা কেন্দ্রীয় সরকারকে ভাল করে বোঝাতে হবে। কারণ তাঁরা যদি এ ব্যাপারে উৎসাহী না হন, তাহলে যে কি হতে পারে তা মাননীয় সেচমন্ত্রীর ১৯৮০ সালে জানা আছে। পশ্চিমবাংলাতে আশ্বিন-কার্ত্তিক মাসে বন্যা আসছে লক্ষ্য করা যাচ্ছে—১৯৭১ সালেতে এইরকমই হয়েছিল। সুতরাং এ কাজ তাঁর আগেই করা দরকার। সেই সময়ে কার্ত্তিক মাসের হেভি প্রিসিপিটেশানে প্রভূত ক্ষয়-ক্ষতি হয়েছিল। আবার একটা বিধ্বস্ত বন্যার সম্ভাবনা দেখা দিতে পারে। মাননীয় সেচমন্ত্রী জানেন যে, বৃষ্টির জলে ঐ সমস্ত এলাকায় যথেষ্ট ক্ষতি হয়েছিল—বাঁধ ভেঙ্গে গিয়েছিল, রাস্তা ডুবে গিয়েছিল। এবার যদি বৃষ্টির জলের সঙ্গে ময়ুরাক্ষীর জলাধার থেকে জল ছাড়া হত, ১৯৭১ সালে যে জল ছাড়া হয়েছিল তাঁর অর্দ্ধেক জলও যদি ছাড়া হয়—২ লক্ষ থেকে ৩ লক্ষ কিউসেক জলও যদি ছাড়া হয়, তাহলে আবার একটা বিরাট ডিভাস্টেশান হয়ে যেতে পারে। অর্থাৎ যে পরিমাণে

আগে ছাড়া হত, তা যদি ছাড়া হয়, তাহলে অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়াবে, তা কল্পনাও করা যায় না। এই অবস্থার মধ্যে আমরা বর্ত্তমানে আছি। কাজে কাজেই এ ব্যাপারটি আমাদের আরও ভাল করে বুঝতে হবে। এখানে ভোলাবাবু, সত্যবাপুলি এঁরা আছেন, সব শুনছেন, ওদিকে দেবীবাবু আছেন দিল্লিতে। সুতরাং আপনারা আমাদের দিকে আঙ্গুল দিয়ে না দেখিয়ে দয়া করে সেখানে গিয়ে অবস্থাটা একবার বলুন—সবগুলো মাস্টার প্ল্যান সেখানে পাঠানো হয়েছে। কিন্তু মাঝখানে একটা সিঁড়ি আছে, একটা টেকনিক্যাল কমিটি আছে, তাঁদের ক্লিয়ারেন্স এর দরকার আছে। এখন আপনারা যদি সেখানে গিয়ে বোতাম টিপে দেন যে, ক্লিয়ারেন্স দিও না, টেকনিক্যাল ব্যাপার ভুলে যদি একটু টিপে দেন, তাহলে কিছুই করা সম্ভব হবে না। সেজন্য এ ব্যাপারে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, এটি যাতে দ্রুততার সঙ্গে করা যেতে পারে সে ব্যাপারে সর্ববিধ ব্যবস্থা আমাদের নিতে হবে, কারণ আমাদের এখানে গুরুতর আরও বহু সমস্যা রয়েছে। সেগুলিকেও আমাদের তুলে ধরার দরকার আছে। আমি সম্প্রতি ময়ূরাক্ষী জলাধার থেকে ঘুরে এসেছি, সেখানে সবচেয়ে জরুরি মনে করে কাজে হাত দেওয়ার প্রয়োজন আছে। কারণ সেটি একশত বছরের লাইফ নিয়ে তৈরি করা হয়েছে। কিন্তু সেটি যে ভাবে ব্যবহার করা হচ্ছে, সেখানে সিল্টিং যে ভাবে হচ্ছে, তাতে করে এটি সম্বন্ধে এখুনি ভাববার দরকার আছে। এখানে ত কেন্দ্রীয় সরকার টাকা

[11-00 — 11-10 a.m.]

দেবেন—কারণ এটি তো আমাদের এলাকায় নয়। ডি. ভি. সি. বা ময়ূরাক্ষীর জলাধার সম্বন্ধে বলুন, আপার ক্যাচমেন্ট বা ক্যাচমেন্টের ব্যাপারে বলুন—আমাদের ভাগ সেখানে খুব কম পড়ে। সেখানে ঐ অ্যাফোরস্টেশন এবং সয়েল কনজারভেশনের কাজ হচ্ছে না। এ কাজগুলি বিহার সরকারের দায়িত্বে। আমি মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি যেন অবিলম্বে বিহার সরকারের মাধ্যমে তাদের উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে বসে খতিয়ে দেখবার ব্যবস্থা করেন যে, অ্যাফোরস্টেশনের কাজ ঐ ডি. ভি. সি. এলাকায় এবং ময়ূরাক্ষীর ক্যাচমেন্ট এলাকায় সয়েল কনজারভেশনের কাজ কি ভাবে হচ্ছে। তিন নম্বর গুরুতর সমস্যা হল, ১৯৭১ সালের বন্যার পর থেকে সেখানে কোনও কিছুই করা হয় নি বলা চলে। শুধু তাই নয়, ১৯৫৬ সালের বন্যার পর থেকেও কিছু করা হয় নি সেখানে। ফ্লাড ফোরকাস্টিং ইউনিট গড়ার ব্যাপারে মানসিং কমিটির যে সুপারিশ ছিল, সে সম্বন্ধেও কিছু করা হয় নি। অর্থাৎ ডি.ভি.সি. ব্যারেজ কর্তৃপক্ষের সঙ্গে মেট্রোলজি অফিসের যোগাযোগ করে ব্যারেজ অথরিটি লোয়ার ব্রিজ পর্যন্ত যে সমস্ত ইমপর্ট্যান্ট জায়গা আছে, সে জায়গায় টেলি লিঙ্কের কাজ পর্যন্ত করেন নি। কোনও টেলিফোনের কাজ হয় নি। দেখা গেছে, সমস্ত টেলিফোন ব্যবস্থা বিপর্যস্ত হয়ে আছে, কোনও খবরাখবর কোনও দিক থেকে পাওয়া যায় না সেখানে। ১৯৭১ সালের বন্যার সময়ে আমরা দেখেছি যে, সিউড়ী থেকে ম্যাসাঞ্জের বা ওখান থেকে কোনও খবর কলকাতাতে পাওয়ার কোনও উপায় তখন ছিল না। সেখানে কারা ডুবে বা ভেসে গিয়েছিল, সে খবর পৌছানোর কোনও ব্যবস্থাই তখন ছিল না। সেজন্য এই অবস্থার নিরশন যাতে তাড়াতাড়ি সম্ভব হতে পারে তাঁর জন্য আগে থেকে ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি। এখানে ভোলাবাবু আছেন, তাঁর কাছেও এই অনুরোধ জানাই যে, তিনি যেন

দয়া করে দিল্লিতে গিয়ে একবার দরবার করেন। কারণ লক্ষ লক্ষ মানুষের সর্বনাশ এর আগে এখানে হয়েছে। দু নম্বর গুরুতর সমস্যার কথা হল, ফরাক্কার সমস্যা। জঙ্গীপুরে ভাগীরথী এবং গঙ্গা খুব কাছাকাছি এসে যাচ্ছে। জনতা সরকারের আমলে কেন্দ্রীয় সেচমন্ত্রী শ্রী সুরজিৎ সিং বারনালার সঙ্গে আমাদের কথাবার্তা হয়েছিল—তিনি ওখানে যে একটা মারাত্মক বিশদ দেখা দিয়েছিল, তা স্বীকার করেছিলেন—কিন্তু তাঁরা এ ব্যাপারে অচেতন হন নি। আজকে কেন্দ্রীয় মন্ত্রী গণিখান সাহেব এ সমস্যার কথা খুব ভাল ভাবেই জানেন—কারণ ঐ এলাকায় তাঁর বাড়ি। ভারত সরকারের কাছে তিনি বোঝাচ্ছেন না যে, এটির ব্যাপারে কিছু না করে হলে ফরাক্কা ব্যারেজের প্রজেকটি অর্থহীন হয়ে পড়বে। যদি এই ভাগীরথী এবং গঙ্গা জঙ্গীপুর ব্যারেজের নিচে যায়, তাহলে পরে ফিডার ক্যানেল এর কোনও অর্থই থাকবে না। ব্যারেজ প্রজেক্টে যে কোটি কোটি টাকা খরচ করা হয়েছে তাঁর সর্বনাশ হয়ে যাবে, অথচ কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে নীরব দর্শক হয়ে বসে আছেন। সেজন্য সেচমন্ত্রীকে অনুরোধ জানাই যে, এই গুরুতর সমস্যার প্রতি তিনি যেন কেন্দ্রীয় সরকারকে আবার দৃষ্টি আকর্ষণ করেন এবং তাড়াতাড়ি কাজটি করবার ব্যাপারে যদি ভোলাবাবুকে সঙ্গে করে নিয়ে যান, তাহলে কেন্দ্রীয় সরকারকে রাজি করানো সম্ভব হতে পারে। আজকে দেখা যাচ্ছে যে, গুরুতর নীতি ভঙ্গের ঘটনা ঘটছে অনেক জায়গায়। ডি. ভি. সিতে এটা লক্ষ্য করা গেছে। আমরা সেখানে পার্টিসিপেটিং গভর্নমেন্ট হয়ে আছি মাত্র। ডি. ভি. সির প্রত্যেকটি ব্যাপারে আমাদের মতামতের প্রশ্ন আছে, তাদের আয়-ব্যয়ের খতিয়ান দেখারও অধিকার আছে—ইট ইজ ম্যাটার অফ রাইট। সেজন্য ডি. ভি. সির বাজেট আমাদের সেচমন্ত্রীর বাজেটে পেশ করা হয় নি। ডি. ভি. সির কর্তৃপক্ষের বিরুদ্ধে আমাদের কাছে গুরুতর অভিযোগ আছে—এ ব্যাপারে আমাদের চিন্তা করে দেখতে হবে, আগামী বুধবার এ সম্পর্কে আপনাকে জানানো হবে আনুষ্ঠানিক ভাবে। ডি. ভি. সি কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ তুলব কি তুলব না সেটি পরের কথা কিন্তু আমি বলতে চাই যে, ডি.ভি.সির বাজেট কেন আমাদের কাছে পেশ করা হল না? আমি অন্য কথায় যেতে চাই না, কিন্তু সেখানে শ্রমিকদের প্রতি এবং কর্মচারিদের প্রতি যে অবিচার চলেছে, সে ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় গত কাল অত্যন্ত প্রাঞ্জল ভাষায় তাঁর বক্তব্যের মধ্যে রেখেছেন। এটি অত্যন্ত গুরুতর একটি ব্যাপার, ওরা টেকনোক্রাট, বুরোক্রাট বা কোন ক্রাট তা আমার জানার কোনও দরকার নেই, কিন্তু আমাদের যে অধিকার আছে, সেটি চাই। তাঁরা টেকনোক্রাট বা বুরোক্রাট যাই হোন না কেন, এমন বড় কেউ কিছু নন যে, বিধানসভার সদস্যদের কাছে তিনি তাঁর বাজেট পেশ করবেন না। এই অল্প কয়েকদিন হল তিনি এখানে এসেছেন, তাঁর মধ্যেই তিনি ক্যানেলের ব্যাপারে কথা বলেছেন, অথচ বাজেটের কোনও হিসাব আমাদের কাছে পেশ করছেন না। অল্প কয়েকদিনের মধ্যে ডি. ভি. সিতে এমন সব কাজ কারবার আরম্ভ করে দিয়েছেন, যেগুলিকে ফিনানসিয়াল ইরিগুলারিটিস বললে কম বলা হবে। ফিনানসিয়াল রুলস মানা হচ্ছে না বললে কম বলা হবে। সেখানে এক মাসের মধ্যে কিভাবে ইরিগুলারিটিস হয়েছে, তা আমি এক এক করে বলছি—পারচেজ অব অ্যান একজুকিউটিভ চেয়ার হয়েছে তাঁর নিজের জন্য। অথচ অশোক বন্দ্যোপাধ্যায় মহাশয়, যিনি একজন বড় স্কলার ছিলেন, তিনি ডি. ভি. সিতে বসে কাজ করে গেছেন আগের চেয়ারে বসে। আর আমাদের লুথার সাহেব এমন কি বড় স্কলার যে, তিনি সেই চেয়ারে বসে কাজ করতে পারেন না। তাঁর পক্ষে সেই একজিকিউটিভ চেয়ারে বসে কাজ

করা সম্ভব হল না, সেইজন্য তিনি ৫ হাজার টাকা ব্যয় করে একজিকিউটিভ চেয়ার কেনালেন। অর্থাৎ সেখান থেকে টাকা আমরা পাই বা না পাই, বিদ্যুৎ উৎপাদন হোক বা না হোক—ডি ভি সি থাকুক বা চুলোয় যাক্‌, তাতে তাঁর কিছুই এসে যায় না। তাই দেখতে পেলাম রেনোভেশন অব চেয়ারম্যান'স রেসিডেন্স অ্যাট ৪, লি রোড ১ নম্বর করার জন্য ৫২ হাজার ৩২৬ টাকা ও দ্বিতীয় দফায় ২৩ হাজার টাকা ব্যয় করা হল—এটা চিন্তাই করা যায় না।

রেনোভেশন অব চেয়ারম্যান্স রেসিডেন্স অ্যাট ফোর লি রোড,—এক নম্বর খরচ দেখুন ৫২,৩২৬ টাকা এবং দু নম্বর খরচ—২৩০০০ টাকা, একবার খরচের বহরটা চিন্তা করুন, অথচ আমরা জানি সেখানে কিছুদিন আগেও অশোকবাবু ছিলেন। আর উনি এইভাবে টাকাগুলি খরচা করেন। তারপর ইন্সটলেশন অব রেডিও, রিডিং লাইট এটাসেটা ২৮০০ টাকা, ফ্রিজ—৭৭৯৬.৩০ টাকা, টেপ রেকর্ডার চারটি—৪৫৪০ টাকা, পেমেন্ট টু পার্সোনাল্‌ সিকিউরিটি ৭৮০০ টাকা, পার মান্থ, সেটিং আপ নিউ টয়লেট ফর চেয়ারম্যান অ্যাট ভবানী ভবন ১২৩০০ টাকা Payment for journey by air Rs. 34,400, teamber wooden partition work in 5th floor of new building Rs. 98,910/-, payment to MAMC—Rs. 15,00,000,00, realignment of officer's toilet—Rs. 3,350, purchase of Halicopter—Rs. 57,00,000 renovating a room for visitors Rs. 6,765.00 New guests house cabaret, purchase of furniture, liners & crockeries etc. for New Delhi Guest House—Rs. 90,000. স্যার, আমি বুঝতে পারছিনা উনি কোথাকার বাদশা, এখানে থাকছেন আর তাঁর জন্য এত টাকা খরচ হচ্ছে, তারপর নিউ ডি ভি সি গেস্ট হাউস অ্যাট নিউ দিল্লি অ্যাট এ মান্থলি রেন্ট অব রুপিজ ৩৫০০, Sanction to Bokaro Station Club Rs. 40,000, treatment of chairman at Calcutta Hospital from 1.10.80 to 16.10.80 Rs. 2,942/-. স্যার, এতো দেখছি এক ক্ষুদে নবাব। আমি জানতে চাইছি এটা কি গৌরী সেনের টাকা? আমি মনে করি তিনি আমাদের গুরুতর অধিকার ভঙ্গ করেছেন। তিনি টেকনোক্রাট কি ব্যুরোক্রাট সেটা বড় কথা নয়, আজকে তাঁর এখানে বাজেট পেশ করা উচিত ছিল কিন্তু তা তিনি করেননি। তিনি যে চরম ইনএফিশিয়েন্ট অফিসার, তাঁর প্রমাণ আমরা পাচ্ছি।

**শ্রী পঞ্চানন দিক্‌পতি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমাদের সেচমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সে সম্বন্ধে আমি আমার বক্তব্য রাখছি। আমাদের দেশে খরা চিরদিনই আছে এবং দেখেছি চাষের জন্য কোনও পরিকল্পনা দীর্ঘদিন থেকেই এখানে ছিলনা। কিন্তু এই সরকার ক্ষমতায় আসার পর নানারকম পরিকল্পনার মাধ্যমে লক্ষ লক্ষ একর জমিতে সেচ ব্যবস্থা হয়েছে এবং নানারকম ফসল উৎপন্ন হয়েছে। এই সরকার যে সমস্ত পরিকল্পনা নিয়েছে তাতে লক্ষ লক্ষ একর জমির উপকার হয়েছে চাষবাস খুব ভালভাবে হচ্ছে এবং এক একটি জমিতে দুটি/তিনটি করে ফসল হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় যেভাবে পরিকল্পনা হয়েছে তাতে জল নিষ্কাশনের ব্যবস্থা কিন্তু ওই পরিকল্পনা মাফিক হয়নি। বড়বড় ব্যারেজ হয়েছে ঠিকই, কিন্তু জল কোথা থেকে বেরুবে, কিভাবে জনসাধারনের উপকার হবে এবং তারা কিভাবে বন্যার হাত থেকে বাঁচবে তাঁর কোনও ব্যবস্থা নেই।

[11-10 — 11-20 a.m.]

নদীর বাঁধ ভাঙে কিন্তু সেই নদীর বাঁধের সঙ্গে ইঞ্জিনিয়ার বাবুদের কোনও সম্পর্ক থাকেনা। গত বছর যে সমস্ত ছোটখাট বাঁধ বাঁধা হয়েছিল তাঁর একটিতেও কোনও জল নেই, কিছু নাই। কারণ হচ্ছে এই সমস্ত বাঁধ সস্তায় বাঁধা হয়েছিল, ফুড ফর ওয়ার্কের টাকা দিয়ে যে বাঁধ বাঁধা হয়, তাতে সামান্য জল এলেই সেই বাঁধ ধুয়ে নিয়ে চলে যায়। এতে করে টাকার শুধু অপচয় হয়। আমি তাই বলি যে ফুড ফর ওয়ার্কের টাকা দিয়ে বাঁধ না বেঁধে যদি ইরিগেশনের টাকা দিয়ে ইট পাটকেল দিয়ে সেই বাঁধ বাঁধা হত, তাহলে সেই বাঁধ দিয়ে কাজ সম্ভব হত। এইভাবে বাঁধ বাঁধার জন্য জল থাকেনা, চার পাশের জমির ক্ষতি হচ্ছে। আমার এরিয়া আরামবাগ সাব ডিভিসন খানাকুল, সেখানে দারকেশ্বর এবং মুন্ডেশ্বরী দুটো বড় বড় নদী আছে এবং সেখানে তাঁর শাখাপ্রশাখা নদী অনেক বসে গেছে, গোটা এরিয়াটাই এমন যে সাইকেল নিয়ে সব জায়গায় যাওয়া যায় না। যাই হোক সেই খানাকুলে বাঁধ বাঁধা হয়েছে, কিন্তু এমনভাবে যে প্রতি বছরই তাঁর জন্য বাজেটে টাকা ধরতে হয়। কিন্তু সামান্য বাণ এলেই তা ধুয়ে নিয়ে চলে যায়। সেখানে বড় বড় হানার সৃষ্টি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় গিয়েছিলেন চাঁপাডাঙাতে, সেখানে ইঞ্জিনিয়ার মল্লিক সাহেবও গিয়েছিলেন, সেখানে এমন অবস্থা যে বিভিন্ন জলাধারে জল থৈ থৈ করছে, এক মাইল পায়ে হেটে ইঞ্জিনিয়ার এবং অফিসারেরা রাস্তাগুলি দেখলেন, বলে গেলেন ঠিক হয়ে যাবে কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হচ্ছে না। সেখানে যে হানা হয়েছে সেগুলি যদি ইট পাথর দিয়ে বাঁধা হয় তাহলে সেই বাঁধ রক্ষিত হবে। এগুলি না হবার দরুন বেশ কতকগুলি গ্রামের ক্ষতি হচ্ছে। রঞ্জিতবাটির হানা মল্লিক সাহেব দেখে এসেছেন, বারে বারে এ সম্বন্ধে বলেছি কিন্তু সেদিকে লক্ষ্য করলেন না। সামান্য বল এলেই সেই হানা দিয়ে জল বেরিয়ে যায় এবং তাতে গ্রাম ধ্বংস করে। উদনা গ্রাম চার মাইল স্কোয়ার, সেখানে চার পাঁচ হাজার লোকের বাস। ১৯৭৮ সালে বিধ্বংসী বন্যায় গ্রাম থেকে লোকজন চলে গেল, সেই গ্রাম দিনের পর দিন ক্ষয় হচ্ছে, বারে বারে বলেছি, গতবারে বহু টাকা খরচ করে ফুড ফর ওয়ার্কের টাকা খরচ করে বাঁধ করলেন, কিন্তু সেই টাকা মিসইউজ হয়ে গেল, যদি ইরিগেশনের টাকায় বাঁধ বাঁধা হত ইট পাথর দিয়ে, তাহলে রক্ষিত হত। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বিনীতভাবে অনুরোধ করছি যে তিনি যে এই সমস্ত দিকে দৃষ্টি দেন যাতে এই বাঁধগুলি বাঁধা হয়। এবং সেখানে যে হাসপাতাল মঞ্জুর করা রয়েছে এবং সেখানে কিছু কিছু কাজও চলছে তা কিন্তু আর শেষ হচ্ছে না। একটা রাস্তা নাই। গত বন্যায় বন্যা প্লাবিত এলাকায় একটা গাড়ি পর্যন্ত মালপত্র নিয়ে যেতে পারে নি। সেগুলি যাতে কার্যকর হয় তাঁর ব্যবস্থা করতে হবে। এখানে পশু চিকিৎসা বলতে কিছুই নাই। এই বন্যার সময় শ্রদ্ধেয় ভবানীবাবু, প্রভাসবাবু সেখানে গিয়েছিলেন। বন্যার সময় মানুষদের যেমন কষ্ট হয়েছে তেমনি গরুদেরও আরও বেশি কষ্ট হয়েছে। গরু ভেসে গিয়েছে—চিকিৎসা পায় নি। শেষের দিকে দলকে দল মেডিক্যাল স্টাফ গিয়ে ইউনিট গিয়ে গরুদের চিকিৎসা করেছিল। সেইজন্য বলছি এখানে একটা পশু চিকিৎসা কেন্দ্র করার দরকার আছে। এই দিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর ১৯৭৮ সালে যে বিধ্বংসী বন্যায় যাদের ঘর বাড়ি বন্যায় ধ্বংস হয়ে গিয়েছিল আজ পর্যন্ত তারা সেগুলি রিপেয়ার করতে পারে নি। এখনও পর্যন্ত তারা যে তারপোলিন দেওয়া হয়েছিল তাঁর তলায়

বসবাস করছে অনেকে গাছের তলায় বসবাস করছে। ঘর বাড়ি করতে পারে নি। আজকে এক এক খানা বাঁশের দাম ১২ টাকা। সেইজন্য বলছি আমাদের ঐ এলাকার জন্য কিছু যদি বেশি করে সিমেন্ট অ্যালট করতে পারেন তাহলে ভাল হয়। তারা তাহলে সাময়িকভাবে দু তিন নং ইট জোগাড় করে কাদায় গেঁথে কিছু সিমেন্ট দিয়ে ঘর তৈরি করে বাঁচবার ব্যবস্থা করতে পারে। সেইজন্য অনুরোধ করছি অন্তত ১০ থেকে ৩০ বস্তা করে সিমেন্ট দেবার ব্যবস্থা করুন। গতবারে বন্যায় আমরা দেখেছি হাসপাতালগুলি ঠিক মতো কাজ করতে পারে নি। কারণ মহকুমার হাসপাতালের সঙ্গে খানাকুল হাসপাতালের কোনও যোগাযোগের ব্যবস্থা নেই। তাই আমি খানাকুল হাসপাতালে একটি টেলিফোন দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। কারণ মানুষের কখন কি অবস্থা হয় তা বলা যায় না। তাই মহকুমা হাসপাতালের যোগাযোগ রাখতে হবে। পারাপারের ব্যাপারে দুটি ইমপর্টেন্ট জায়গা আছে একটি খেজুরিয়াঘাট আর একটি হচ্ছে মুচিঘাটা। এই দুটি জায়গায় সেতু নির্মাণ করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। চিড়িয়াপুল যাবার কোনও রাস্তা নেই। ওখান থেকে কলকাতায় যদি এক মণ মাল আনতে হয় তাহলে ৫ টাকা খরচ হয়। কিন্তু ওখানে যদি একটা পারাপারের ব্যবস্থা করে দেন এক মণ মাল কলকাতায় আনতে ১২ আনা মাত্র লাগবে। খানাকুল বরাবরই অবহেলিত এবং পশ্চিমবাংলায় এতো বড় অবহেলিত জায়গা আর আছে কিনা সন্দেহ। যিনি দেখেন নি তিনি কল্পনাই করতে পারবেন না। যা হোক আমার আর কিছু বলার নেই। এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী গঙ্গাধর নস্কর ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় সেচ মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে দু একটি কথা বলতে চাই। আজকে বিরোধী পক্ষরা এই কথা বলছেন যে সেচ বিভাগ এখানে ফসল উৎপাদনের জন্য কোনও কিছুই করেন নি। এবং রজনীবাবু বলেছেন যে সেচ বিভাগের মন্ত্রী মহাশয় এক কোদালও মাটি কাটেন নি। একটা বাস্তবকে সম্পূর্ণরূপে অস্বীকার করা হয়েছে। এবং আমি কতগুলি ক্ষুদ্র সেচ ব্যাপারে ২৪ পরগনায় খাল খনন করা হয়েছে এবং তাতে কৃষির কি রকম উৎপাদন বেড়েছে তাঁর কিছু কিছু দৃষ্টান্ত এখানে রাখছি। সোনারপুরে খাজা জল নিকাশি খাল যেটা গত ৩০ বছরে কংগ্রেসী আমলে কাটা হয় নি। আজকে আমাদের আমলে সেই ৩ মাইল খাল কেটে ২০ হাজার জমিতে বোরো ফসল উৎপন্ন হয়েছে। যেখানে একটা ফসল হোত ঐ খাল কেটে জল এনে সেই জল কৃষকদের মধ্যে সরবরাহ করে ২০ হাজার বিঘা জমিতে বোরো ধান উৎপাদন হচ্ছে এবং সেখানে খুব ভাল বোরো ধান উৎপাদন হয়েছে।

[11-20—11-30 A.M.]

নোলোরখাল, ডোঙ্গাসাড়ার খাল দিয়ে বানতলা থেকে ময়লা জল নিয়ে এসে দু নং খেয়াদহ অঞ্চলে ১০ হাজার বিঘা জমিতে জল সরবরাহ করার ব্যবস্থা করা হচ্ছে এবং সেখানে বোরো ধানের চাষ করা হচ্ছে। খেয়াদহ এক নং অঞ্চলে তিন মাইল খাল কেটে জলের ব্যবস্থা করে ২০ হাজার বিঘা জমিতে বোরো ধান হচ্ছে। সেখানে আমন ধান হয়ই সাথে সাথে এই খাল কাটার ফলে সেখানে বোরো ধানও হচ্ছে। তারপর যমুনা সংস্কারের কাজ গ্রহণ করা হচ্ছে। সেখানে এটা করার মধ্যে দিয়ে হাবড়া, বনগাঁ, বারাসত, বসিরহাট

প্রভৃতি ১০/১২ টি থানার জলনিকাশি হবে এবং এর মাধ্যমে চাষের প্রভুত উৎপাদন বৃদ্ধি পাবে। তারপর বীরপল্লী বেসিনের অন্তর্গত এলাকায় ৮০ হাজার একর জমি কংগ্রেস আমলে যুগ যুগ ধরে আমরা দেখেছি জলে ডুবে ছিল, এই বামফ্রন্ট সরকার আসার পর সেই ৮০ হাজার বিঘা জলে ডোবা জমিকে চাষযোগ্য করা হয়েছে। তারপর বর্ত্তীবিল বলে যে এলাকাটা— ৩০ স্কোয়ার মাইল এলাকা—সেটা বহুদিন ধরেই জলে ডোবা ছিল, সেখানে একটি স্কীম গ্রহণ করা হয়েছে এবং এই স্কীম গ্রহণ করার ফলে দেখা যাচ্ছে হাজার হাজার একর জমি সেখানে চাষযোগ্য হতে পারবে। এতে খরচ হবে ১৫/১৬ কোটি টাকা। মগরাহাট বেসিনের অন্তর্গত অঞ্চলে জলনিকাশের জন্য ৫।। কোটি টাকার মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছে। এটা হলে মগরাহাট প্রভৃতি ১০/১২ টি থানার জলনিকাশির ব্যবস্থা হবে। এই স্কীম কার্যকর হলে এক ফসলা জমিগুলি দো-ফসলা বা তিন-ফসলা হতে পারবে। কোলকাতাকে বাঁচাবার জন্য কতকগুলি স্কীম গ্রহণ করা দরকার। যেমন বিদ্যাধরী নদী একেবারে মজে গিয়েছে। এই নদীটি দিয়ে কোলকাতা কর্পোরেশনের জল নিষ্কাশন হয়। এই নদীটির যদি এই অবস্থায় চলে তাহলে আর কিছুদিন পরে কোলকাতার জলনিকাশি হবার কোনও ব্যবস্থাই আর থাকবেনা। ভুষিঘাটা আউটফল চ্যানেল দিয়ে এই জল বিদ্যাধরীতে পড়ে। এই বিদ্যাধরী সম্পূর্ণ মজে গিয়েছে।

বিদ্যাধরী নদীর যদি সংস্কার করা হয় এবং এই নদী কেটে নিয়ে বাসন্তী এলাকায় যদি সপ্তমুখীতে ফেলা যায় তাহলে কোলকাতার জল নিষ্কাশনের ব্যবস্থা সুন্দরভাবে হবে এবং আমাদের সুন্দরবন এলাকার এক ফসলী জমি দুফসলীতে পরিণত হবে। কিন্তু এই কাজ নাহলে কোলকাতার জল নিষ্কাশন ব্যবস্থা হবেনা, কোলকাতা ডুবে থাকবে। কাজেই এই প্ল্যান কার্যকর করার ব্যবস্থা করুন এই সাজেসন আমি রাখছি। তারপর, মাতলা নদী এতই মজে গেছে যে কয়েক বছর পর সেখানে ছেলেরা বল খেলবে। এই নদীর সংস্কার নাহলে আমাদের ২৪ পরগনার সর্বনাশ হবে কাজেই এদিকে দৃষ্টি দেওয়া দরকার। তবে সুখের বিষয় আমাদের সেচমন্ত্রী সুন্দরবনের ডেভেলপমেন্টের ব্যবস্থা করছেন এবং এটা হলে সেখানকার এক ফসলী জমিতে দুটি করে ফসল হবে। আর একটা কথা হচ্ছে, ক্ষুদ্র ক্ষুদ্র সেচের ব্যবস্থা করে, ছোট ছোট খাল কেটে উৎপাদন বৃদ্ধি করবার ব্যবস্থা যদি না করেন তাহলে আমাদের এই ফসল উৎপাদনের দিকটা ক্ষতিগ্রস্ত হবে এবং পশ্চিমবাংলায় দুর্ভিক্ষ দেখা দেবে। কাজেই অনুরোধ করছি ওই ক্ষুদ্র ক্ষুদ্র সেচের উপর আপনারা দৃষ্টি দিন। একথা বলে এই ব্যয়বরাদ্দের প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সদাকান্ত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেচমন্ত্রীর বাজেট সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। আমাদের সেচ বিভাগের বিভিন্ন কাজে যে দেরি হচ্ছে তাঁর মূল কারণ হচ্ছে পি ডবলিউ ডি, সেচ বিভাগ এবং ভূমি রাজস্ব বিভাগের মধ্যে সমন্বয়ের অভাব এবং বিভিন্ন ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ারদের জন্যও কাজে দেরি হচ্ছে। কাজেই অনুরোধ করছি আপনারা এই ৩টি বিভাগের মধ্যে সমন্বয়ের ব্যবস্থা করুন। কাজে দেরি হবার আর একটা কারণ হচ্ছে, কন্ট্রাকটররা নানা রকমভাবে কাজে দেরি করেন। এই সমস্ত নানা কারণে দেখছি পরিকল্পনা মাফিক কাজ হয়না। তারপর, অনেকসময় বন্যার পর বাঁধ ভেঙ্গে যায় এবং আমরা দেখেছি ডেঙ্গুয়া খাল সংস্কারের কাজ এই কারণেই দেরি হচ্ছে। রাজপুর ক্যানেলের

কাজ এখন পর্যন্ত ওই কাগজে কলমেই সীমাবদ্ধ রইল। আমি জানতে চাই মানুষ আর কতদিন দুর্ভোগ ভোগ করবে? আমি মনে করি কাজেই একটা সময় সীমা বেঁধে দেওয়া উচিত, নাহলে এই সমস্ত সমস্যার সমাধান হবেনা। তারপর, গঙ্গায় এই যে চড়া পড়ছে তাতে আমাদের সেচমন্ত্রী বলেছেন গঙ্গা হয়ত কিছুদিন পর খেলার মাঠে পরিণত হবে। আমি মনে করি গঙ্গার এই ব্যাপারটি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে সুব্যবস্থা করা উচিত। কোলকাতা যাতে বাঁচতে পারে তাঁর জন্য কেন্দ্রীয় সরকারেরও দায়িত্ব রয়েছে। আর একটা জিনিস উল্লেখ করছি, বিগত সরকারের আমলে দেখেছি উত্তরবাংলার দিকে আদৌ নজর দেওয়া হয়নি। কিন্তু এখন দেখছি তিস্তা পরিকল্পনার জন্য প্রচুর টাকা ধরা হয়েছে এবং আরও নানারকম সেচ প্রকল্প মন্ত্রী মহাশয় নিয়েছেন। আমি উত্তরবাংলার লোক হিসেবে এই সব পরিকল্পনা নেবার জন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। গঙ্গার এপার ছাড়া ওপারের ব্যাপারে কোনও চিন্তা করেন নি। কাজেই বামফ্রন্ট সরকার আসার পরেই তিস্তা প্রকল্প থেকে শুরু করে বিভিন্ন প্রকল্পের কাজ হাতে নিয়েছেন এবং বাজেট বিবৃতিতে দেখলাম আগামী দিনে আরও কিছু প্রকল্প নেওয়া হচ্ছে। কাজেই আমি মন্ত্রী মহাশয়কে বলব যে উত্তরবাংলার দিকে যাতে আরও নজর দিতে পারেন সেটা দেখবেন। এবং এই যে অগ্রগতি চলছে এটাকে যাতে আরও তরান্বিত করা যায় সেই বিষয়ে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং আমি আবার এই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। .

[11-30 — 11-40 a.m.]

**শ্রী নিমাইচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী প্রভাসচন্দ্র রায় যে বাজেট বরাদ্দ এই বিধানসভায় রেখেছেন তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় সদস্য রজনী দলুই বলেছেন যে সমস্ত কাজই শুরু হয়েছে কিন্তু শেষ হয়নি। উত্তরবঙ্গের যে তিস্তা পরিকল্পনা, সেই তিস্তা পরিকল্পনার কাজ উত্তরবঙ্গের মানুষের মধ্যে একটা প্রাণ চাঞ্চল্য এনে দিয়েছে। সেখানকার লোকের মনে একটা সাড়া জাগিয়েছে। যদিও এই তিস্তা পরিকল্পনার কাজ অনেক দুর এগিয়ে গেছে। ৪৫টি গেটের মধ্যে ২৯টি গেট হয়ে গেছে, ৫টি হচ্ছে এবং আরও ১১টি হবে ১৯৮২ সালের মধ্যে। মহানন্দা এবং তিস্তার মধ্যে সংযোগকারী খাল খনন করা হয়েছে এবং মহানন্দার মধ্যে দিয়ে নদী খাতকে গভীর করে দার্জিলিং থেকে মালদহ পর্যন্ত ২৮০ মাইল নদী পথে নৌকা চলাচল করতে পারবে। যদিও এই কাজ তরান্বিত হওয়ার কথা, কিন্তু কেন্দ্রীয় সরকার ডিজেল পেট্রোল না পাঠানোর জন্য সেচমন্ত্রীকে বারবার দিল্লিতে গিয়ে দরবার করতে হচ্ছে। এছাড়া জিয়া কুন্তি প্রকল্পে হাওড়া বর্ধমানের ক্ষেত্রেও একটা সাড়া জাগিয়েছে এবং জিয়া কুন্তি প্রকল্পে বর্ধমান হুগলির ৩৬০ মাইল যার অববাহিকা এবং যার দৈর্ঘ্য ৪০০ মাইল এর জন্য ১৩/১৪ কোটি টাকা খরচ হবে, ১৯৭৭ সালে কাজ শুরু হয়ে গেছে। যদিও প্রতিদিন সেখানে ১০/১২ হাজার করে লোক কাজ করছে। কিন্তু কংগ্রেসিরা ১৮২ জায়গায় ইনজাংশন দিয়েছে, ইনজাংশন দিয়ে কাজের গতিকে ব্যাহত করছে। সর্বত্র কাজের গতিকে ব্যাহত করে বামফ্রন্ট সরকারের অগ্রগতিকে রোখবার চেষ্টা করছে। তবুও সেখানকার জনগনকে উৎসাহিত করে যেখানে ইনজাংশন নেই, সেখানে কাজ চলছে। এছাড়া ফলতায় ডায়মন্ড হারবার সাব ডিভিসনে সেখানে বলরামপুরের খাল কাটার ওয়ার্ক অর্ডার

হয়ে গেছে। আগামী বৃহস্পতিবার থেকে সেই খাল কাটা হবে, স্লুইশ গেট হয়ে গেছে এবং আধুনিক ধরনের স্লুইশ সেই স্লুইস গেট দিয়ে সেচ এবং জল নিকাশি দুই চলবে। সারা বছর খালে জল রেখে সেখানে প্রায় ৩/৪টি থানায় জল সেচের কাজ করা যাবে। সুন্দরবন এলাকায় অবহেলিত ছিল গত ৩০ বছর ধরে, আজকে মাননীয় সেচমন্ত্রী সেই সুন্দরবনে নতুন সাড়া এনে দিয়েছেন। আপনারা জানেন সুন্দরবনে যে নদীগুলো আছে, অসংখ্য নদী নালা সেখানে আছে, সেইগুলো নোনা জলে ডুবে থাকতো চাষবাস হতো না। বাঁধ ছিল না, নোনা জলে ফসল নষ্ট হতো, আজকে মাননীয় সেচমন্ত্রী প্রভাসচন্দ্র রায় সেই সমস্ত এলাকাকে বাঁধ বন্দী অবস্থা করে ফেলেছেন। যাতে নোনা জল ঢুকতে না পারে। এবং নদীগুলিতে এমনভাবে ক্লোজার দেওয়া হচ্ছে যাতে নোনা জল ঢুকতে না পারে। বৃষ্টির মিঠে জলগুলো সেই নদীতে জমবে এবং লিফট ইরিগেশনের মাধ্যমে সেচের ব্যবস্থা করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও তিনি একটা বিরাট কাজ করেছেন, পিয়ালি ক্লোজার, কংগ্রেসি আমলে ২ কোটি ৪০ লক্ষ টাকার মতো খরচ হয়েছে, সমস্ত টাকাটাকে জলে ফেলে দেওয়া হয়েছে। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর এই পিয়ালি ক্লোজারে মাত্র ১।। কোটি টাকা খরচ করা হয়েছে এবং এই পিয়ালি ক্লোজার করার ফলে আশেপাশের জমিতে চাষের ব্যবস্থা হয়েছে। কিন্তু এই কংগ্রেসিরা বিশেষ করে সত্যরঞ্জন বাপুলির দলের কথা বলতে হয়, মাননীয় এস.ইউ.সি সদস্যরা এখানে সমালোচনা করছেন, এই পিয়ালি ক্লোজারকে নষ্ট করবার জন্য, তা যাতে করতে পারে তাঁর জন্য তারা লোক নিয়ে চড়াও হয়েছে এই পিয়ালি ক্লোজারের গেটকে ভাঙ্গবার জন্য এবং এর জন্য তারা ষড়যন্ত্র করেছে। আজকে বাধ্য হয়ে বামফ্রন্ট সরকারকে জনগনের সাহায্যে পিয়ালি ক্লোজারের কাজ শেষ করতে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব, ৩০ বছর ধরে কংগ্রেসিরা ভারতবর্ষের নদী নালা, খাল-বিল একেবারে মজিয়ে দিয়েছে, সারা দেশের সর্বনাশ ঘটিয়ে দিয়েছে। কলকাতা বন্দর গোটা পূর্বাঞ্চলের প্রাণ কেন্দ্র। উত্তর-পূর্ব ভারতের সমস্ত মাল-পত্র এই বন্দরের মাধ্যমে যাতায়াত করে। অথচ আজকে এই বন্দর শুকিয়ে মরছে। কিন্তু আমি বলতে চাই, আজকে পশ্চিমবাংলার ৫ কোটি জনগন একে শুকিয়ে মরতে দেবে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে হুগলি নদী পলি পরে মজে যাচ্ছে। আপনি জানেন কংগ্রেসি সরকার ফরাক্কা ব্যারেজ তৈরি করেছিল, কিন্তু সেই ফরাক্কা ব্যারেজের ৫৪ নং থেকে ১০৯ নং গেট পর্যন্ত বিস্তীর্ণ এলাকা পলি পড়ে মজে গেছে। অপর দিকে বাকি অংশে প্রচুর জল বয়ে যাওয়ার ফলে ক্ষয় নেমে এসেছে। মুর্শিদাবাদ জেলার ঔরঙ্গাবাদ, জঙ্গীপুর এবং ধুলিয়ানে এমনভাবে ক্ষয় দেখা দিয়েছে যে তাকে রোধ করা যাচ্ছে না ভাগীরথী এবং গঙ্গায় মিশে যেতে বসেছে। গঙ্গা ইরোসন কমিশন সুপারিশ করছে যে, এই ক্ষয়কে রোধ করতে ২৯৭ কোটি টাকা লাগবে। কেন্দ্রীয় সরকার ঐ ব্যারেজ করার ফলে গোটা মুর্শিদাবাদ এবং নদীয়া আজকে ধ্বংস হতে চলেছে, সুতরাং একে রক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকারের নির্দেশে যে পরিকল্পনা করা হয়েছে সেই পরিকল্পনার টাকাও কেন্দ্রীয় সরকারকেই দিতে হবে। কেন্দ্রীয় সরকারকে-ই সমস্ত ব্যয়-ভার বহন করতে হবে। এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে ১৯৭১ সালে বাংলাদেশের মুজিবর রহমানের সঙ্গে শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে চুক্তি হয়েছিল তাঁর ফলে বাংলাদেশকে যে পরিমাণ জল দেওয়া হয়েছে তাতে কলকাতা বন্দরকে রক্ষা করা যায় না। এবং পরবর্তীকালে জনতা পার্টির সরকারও যেভাবে বাংলাদেশের সঙ্গে চুক্তি করেছে তাতেও ঐ একই অবস্থা হচ্ছে। আজকে

কাজ এখন পর্যন্ত ওই কাগজে কলমেই সীমাবদ্ধ রইল। আমি জানতে চাই মানুষ আর কতদিন দুর্ভোগ ভোগ করবে? আমি মনে করি কাজেই একটা সময় সীমা বেঁধে দেওয়া উচিত, নাহলে এই সমস্ত সমস্যার সমাধান হবেনা। তারপর, গঙ্গায় এই যে চড়া পড়ছে তাতে আমাদের সেচমন্ত্রী বলেছেন গঙ্গা হয়ত কিছুদিন পর খেলার মাঠে পরিণত হবে। আমি মনে করি গঙ্গার এই ব্যাপারটি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে সুব্যবস্থা করা উচিত। কোলকাতা যাতে বাঁচতে পারে তাঁর জন্য কেন্দ্রীয় সরকারেরও দায়িত্ব রয়েছে। আর একটা জিনিস উল্লেখ করছি, বিগত সরকারের আমলে দেখেছি উত্তরবাংলার দিকে আদৌ নজর দেওয়া হয়নি। কিন্তু এখন দেখছি তিস্তা পরিকল্পনার জন্য প্রচুর টাকা ধরা হয়েছে এবং আরও নানারকম সেচ প্রকল্প মন্ত্রী মহাশয় নিয়েছেন। আমি উত্তরবাংলার লোক হিসেবে এই সব পরিকল্পনা নেবার জন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। গঙ্গার এপার ছাড়া ওপারের ব্যাপারে কোনও চিন্তা করেন নি। কাজেই বামফ্রন্ট সরকার আসার পরেই তিস্তা প্রকল্প থেকে শুরু করে বিভিন্ন প্রকল্পের কাজ হাতে নিয়েছেন এবং বাজেট বিবৃতিতে দেখলাম আগামী দিনে আরও কিছু প্রকল্প নেওয়া হচ্ছে। কাজেই আমি মন্ত্রী মহাশয়কে বলব যে উত্তরবাংলার দিকে যাতে আরও নজর দিতে পারেন সেটা দেখবেন। এবং এই যে অগ্রগতি চলছে এটাকে যাতে আরও তরান্বিত করা যায় সেই বিষয়ে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং আমি আবার এই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। .

[11-30 — 11-40 a.m.]

**শ্রী নিমাইচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী প্রভাসচন্দ্র রায় যে বাজেট বরাদ্দ এই বিধানসভায় রেখেছেন তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় সদস্য রজনী দলুই বলেছেন যে সমস্ত কাজই শুরু হয়েছে কিন্তু শেষ হয়নি। উত্তরবঙ্গের যে তিস্তা পরিকল্পনা, সেই তিস্তা পরিকল্পনার কাজ উত্তরবঙ্গের মানুষের মধ্যে একটা প্রাণ চাঞ্চল্য এনে দিয়েছে। সেখানকার লোকের মনে একটা সাড়া জাগিয়েছে। যদিও এই তিস্তা পরিকল্পনার কাজ অনেক দুর এগিয়ে গেছে। ৪৫টি গেটের মধ্যে ২৯টি গেট হয়ে গেছে, ৫টি হচ্ছে এবং আরও ১১টি হবে ১৯৮২ সালের মধ্যে। মহানন্দা এবং তিস্তার মধ্যে সংযোগকারী খাল খনন করা হয়েছে এবং মহানন্দার মধ্যে দিয়ে নদী খাতকে গভীর করে দার্জিলিং থেকে মালদহ পর্যন্ত ২৮০ মাইল নদী পথে নৌকা চলাচল করতে পারবে। যদিও এই কাজ তরান্বিত হওয়ার কথা, কিন্তু কেন্দ্রীয় সরকার ডিজেল পেট্রোল না পাঠানোর জন্য সেচমন্ত্রীকে বারবার দিল্লিতে গিয়ে দরবার করতে হচ্ছে। এছাড়া জিয়া কুন্তি প্রকল্পে হাওড়া বর্ধমানের ক্ষেত্রেও একটা সাড়া জাগিয়েছে এবং জিয়া কুন্তি প্রকল্পে বর্ধমান হুগলির ৩৬০ মাইল যার অববাহিকা এবং যার দৈর্ঘ্য ৪০০ মাইল এর জন্য ১৩/১৪ কোটি টাকা খরচ হবে, ১৯৭৭ সালে কাজ শুরু হয়ে গেছে। যদিও প্রতিদিন সেখানে ১০/১২ হাজার করে লোক কাজ করছে। কিন্তু কংগ্রেসিরা ১৮২ জায়গায় ইনজাংশন দিয়েছে, ইনজাংশন দিয়ে কাজের গতিকে ব্যাহত করছে। সর্বত্র কাজের গতিকে ব্যাহত করে বামফ্রন্ট সরকারের অগ্রগতিকে রোখবার চেষ্টা করছে। তবুও সেখানকার জনগনকে উৎসাহিত করে যেখানে ইনজাংশন নেই, সেখানে কাজ চলছে। এছাড়া ফলতায় ডায়মন্ড হারবার সাব ডিভিসনে সেখানে বলরামপুরের খাল কাটার ওয়ার্ক অর্ডার

ডি.ভি.সি. বাজেট গ্রহণ বা বর্জন করতে হবে। কিন্তু সেই নিয়ম পালন করা হলো না, সার্কুলেশনের চিঠি ছেড়ে দেওয়া হল, মিটিং ডাকা হল না এবং যেভাবে তাঁরা পাঠালেন আমরা তদন্ত করে দেখলাম যে, আমাদের পশ্চিমবঙ্গকে বহু কোটি টাকা ফাঁকি দেবার কায়দা করে সেই ডি.ভি.সি. বাজেট পাঠিয়েছে। তাই আমরা তা গ্রহণ করিনি, আমি জোবের সঙ্গে জানাচ্ছি যে সেটা আমরা গ্রহণ করিনি। আজ ডি.ভি.সি.র মিটিং আছে। আমরা পাওয়ার সেক্রেটারিকে বলে দিয়েছি যে সব ডিসক্রিপ্যানসিস এর মধ্যে আছে আপনারা তা তুলে ধরবেন, তারপর দেখা যাবে কি হয়? সেইজন্য আমি মাননীয় সদস্যকে বলছি আমরাও প্লেস করতে পারিনি সেই বাজেট। এরজন্য বর্তমান কংগ্রেস সরকার এবং ডি.ভি.সি. অথরিটি সম্পূর্ণভাবে দায়ী .....

(গোলমাল)

ডি.ভি.সি. যে চিঠি পাঠিয়েছেন তা আমার কাছে আছে, আপনারা দেখে যাবেন, আমি চ্যালেঞ্জ রেখে বলছি .....

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, ডি.ভি.সি একটা স্ট্যাটুটারি বডি, সেকথা বলতে গিয়ে মাননীয় মন্ত্রী বলছেন যে কংগ্রেস এর জন্য দায়ী। একথা উনি বলতে পারেন না, কেন্দ্রীয় সরকার বলতে পারতেন। আমি কথাটা এক্সপাঞ্জ করে দেওয়ার জন্য আপনার কাছে অনুরোধ করছি।

**শ্রী অশোককুমার বসু ঃ** আপনারা বক্তব্যটা ধৈর্য্য ধরে শুনুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** হ্যাঁ, উনি ঐ কথা বলেছেন।

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** কংগ্রেস সরকার বলেছি, কংগ্রেস পার্টি বলিনি, মন দিয়ে শুনবেন। মাননীয় সদস্য অমলবাবুকে বলছি কাঁদি মাস্টার প্ল্যান সম্পর্কে কংগ্রেস গভর্নমেন্ট ৩০ বছরে এটা করতে পারেনি কারণ এটা খুব কমপ্লিকেট সাবজেক্ট এবং ম্যাটার। তাঁরা চেষ্টা করেছিলেন কিন্তু যেকোন কারণেই হোক করতে পারেনি। তিনি জানেন যে বীরভূম, মুর্শিদাবাদ এর সমস্ত জল গড়িয়ে গড়িয়ে কাঁদি মহকুমায় এসে পড়ে এবং তাঁর সমস্ত জল বাবলা নদী দিয়ে ভাগীরথীতে পড়ে। বাবলা একটা সরু নদী। ৫।৬টা নদীর জল বাবলা পড়ে উঠতে গিয়ে ভাগীরথীতে এসে পড়ায় বন্যার সৃষ্টি হচ্ছে। মান সিং বলেছিলেন ফরাক্কা ব্যারেজ আগে করা দরকার তারপর এইগুলি করতে হবে। সেই মান সিং কমিটির রিপোর্ট আমি দেখেছি। আমাদের সঙ্গে ফ্লাড কন্ট্রোলের চেয়ারম্যান মিঃ সান্যাল বারেবারে এখানে এসেছেন, আপনার জেলায় গেছেন এবং পুঙ্খানুপুঙ্খরূপে তিনি দেখে বলেছেন ফার্স্ট স্টেজ আমরা অনুমোদন করতে পারি, কিন্তু এটাতে আমার মনে হচ্ছে একটু দেখা দরকার। কারণ যদি কোনও জায়গায় ভুল হয়ে যায় তাহলে বিরাট এলাকায় সর্বনাশ হয়ে যাবে। ৬০ কোটি ৫০ লক্ষের এই স্কীম আমরা করেছি তবে এর কস্টের জন্য ৫০ লক্ষ টাকা মঞ্জুর করেছি। গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের নির্দেশ অনুসারে আমাদের অপেক্ষা করতে হয়েছে। তাহলেও আমরা চেষ্টা

করছি যাতে তাড়াতাড়ি হয়। আপনি এবং নন্দবাবু রজনীবাবু ফরাক্কা ব্যারেজের কথা বলেছেন। ফরাক্কা ব্যারেজের কি অবস্থা হয়েছে? নন্দবাবু বলেছেন এরজন্য কংগ্রেস গভর্নমেন্ট দায়ী। দলুইবাবু বলেছেন এর জন্য জনতা সরকার দায়ী। আমি বলছি এর জন্য প্রথম দায়ী কংগ্রেস সরকার কারণ তখন ১৯৭৫ সালে ইন্দিরা গান্ধীর রাজত্ব ছিল। তিনি মুজিবের সঙ্গে একটা টেম্পোরারি এগ্রিমেন্ট করেছিলেন ১৯৭৫ সালে যাতে তিনি বলেছিলেন ১০ থেকে ১৬ হাজার কিউসেক জল হলেই চলবে—যেখানে নদী বিশেষজ্ঞরা বলছেন যে ৪০ হাজার কিউসেক জলের কমে কলকাতাকে বাঁচানো যাবে না। সুতরাং ইন্দিরা গান্ধী বলেছিলেন ১০ থেকে ১৬ হাজার কিউসেক জল হলে চলবে। তাতে বাংলাদেশ গভর্নমেন্ট বলছেন ইন্দিরা গান্ধী যদি ১০ থেকে ১৬ হাজার কিউসেক জল এর এগ্রিমেন্ট করে থাকেন তাহলে আজকে কেন ৪০ হাজার কিউসেক জল চাচ্ছেন? এটা ঠিক যে তিনি ৩ মাসের জন্য টেম্পোরারি

[11-50 — 12-00 Noon]

এগ্রিমেন্ট করেছিলেন এইভাবে এগ্রিমেন্ট করবার আগে তাঁর ভাবার দরকার ছিল। ফিডার ক্যানেল চালু করবেন যার জন্য ১০ থেকে ১৬ হাজার এগ্রিমেন্ট করেছিলেন টেম্পোরারি ভাবে। ভারতবর্ষের প্রধানমন্ত্রী হয়ে এর ভবিষ্যৎ কোথায় গিয়ে দাঁড়াবে তা তিনি জানবেন না। যার ফলে এটা আজকে আমাদের কাল হয়ে দাঁড়িয়েছে। তারপর জনতা পার্টি আমাদের খুব ক্ষতি করে গেছেন। তারা ৪০ হাজার জায়গায় ২০ হাজার ৫৫০ কিউসেকের এগ্রিমেন্ট করে গেছেন। আপনারা জানেন ওই এগ্রিমেন্টের পূর্বে আমরা বিধানসভা থেকে একটা ইউনানিম্যাস রেজিমেন্ট নিয়েছিলাম যাতে ৪০ হাজার কিউসেক জল আমাদের দিতে হবে। এই দাবি নিয়ে আমরা দিল্লিতে গিয়েছিলাম এবং মোরারজি দেশাই তখন আমাদের বলেছিলেন যে ৪০ হাজার কিউসেক দেবার চেষ্টা করছি কিন্তু কোনও গ্যারান্টি দিতে পারছি না। তিনি আরও বলেছিলেন ভাগীরথী ও গঙ্গায় এবং ব্রহ্মপুত্র জয়েন করা যায় কিনা সেটা আপনারা চিন্তা করুন। এইভাবে আমরা ৪০ হাজার কিউসেক জলের ব্যবস্থা করা এবং সঙ্গে সঙ্গে গঙ্গা, ব্রহ্মপুত্র এর অ্যাড করার দুটি প্রস্তাব আমরা রেখে এসেছিলাম। কিন্তু তারপর জনতা সরকার আমাদের না জানিয়ে ৩০ হাজারের জায়গায় ২০ হাজার ৫০০ কিউসেক চুক্তি করলেন। এ বিষয়ে জনতা পার্টি দায়ী। কিন্তু আপনারা ৪০ হাজার থেকে ১৬ হাজার করে গেলেন তাতে বাংলাদেশে গভর্নমেন্ট বলছেন কেন আপনারা ৪০ হাজার কিউসেক জল চাচ্ছেন। আমরা যখন বিধানসভার সর্বসম্মত রেজুলিউশন নিয়ে ইন্দিরা গান্ধীর কাছে গিয়েছিলাম তখন তিনি আধ ঘন্টা ধরে আমাদের বক্তব্য শুনে বললেন আপনাদের ৪০ হাজার কিউসেক জলের দাবির সঙ্গে আমি একমত। কিন্তু যেহেতু আন্তর্জাতিক এগ্রিমেন্ট সেহেতু আমি কতদূর কি করতে পারব বলতে পারছি না। এটা নিয়ে মাঝে মাঝে রিভিউ হয়। ১৯৮০ সালে একটা রিভিউ হয়ে গেছে, আবার রিভিউ হবে ১৯৮২ সালে। তখন যদি কোনও এগ্রিমেন্ট হয় ভালো না হলে সেন্ট্রাল গভর্নমেন্টকে চিন্তা করতে হবে যে ওই এগ্রিমেন্ট মানবো না কি? অতএব ফরাক্কা ব্যারেজ সম্পর্কে দায়িত্ব কেন্দ্রীয় সরকারের আপনারা জানেন বার্নালা সাহেবের সময় আমরা একটা গঙ্গা ইরোশান কমিটি করেছিলাম সেই কমিটি এনকোয়ারি করে বলেছে যে ফরাক্কা ব্যারেজের লেফট সাইজে ৭৪ ফিট সয়েল ফরমেশন হয়ে একটা বালুর স্তুপ হয়ে

গেছে এবং রাইট সাইডে ভয়ানক ডিপ হয়ে গেছে। অন্যদিকে জঙ্গীপুরে গঙ্গা এবং ভাগীরথী এক হতে চলেছে। মাত্র ১ মাইলের মধ্যে এসে গেছে, যেখানে ডিসট্যান্স ছিল ১৯৭১-৭২ সালে ৬ মাইল, সেখানে এই অবস্থা এসে দাঁড়িয়েছে। একথা আমরা দিল্লিকে বার বার করে বলেছি। আপনারা জানেন, দিল্লি এই সমস্যা সমাধানের জন্য সেখানে ২১৪ কিলোমিটারের জন্য তাঁরা অ্যাসেস করেছেন মাত্র ২১ কোটি টাকা। আমরা গঙ্গার ইরোশন রোধ কল্পে ইনক্লুডিং ফরাক্কা ব্যারেজ, জঙ্গীপুর ব্যারেজ আপ টু সুতি পর্যন্ত ৮ কোটি টাকা খরচ করেছি, ঐ টাকা ওঁরা মঞ্জুর করেছিলেন। তারপর আপনারা ঘাটাল মাস্টার প্ল্যানের কথা বলেছেন, আমরা এটি এখনও শুরু করিনি ঠিকই, কিন্তু বাজেটে এর টাকা আছে, এক পয়সাও এখানে খরচ করা হয় নি। আমরা ঘাটাল মাস্টার প্ল্যানের ব্যাপারে ৭৫ কোটি টাকার এস্টিমেট দিয়েছিলাম। বাজেটের মধ্যে আমরা ১০০ বছরের পরিকল্পনা নিয়ে গঙ্গার ফ্লাড কন্ট্রোল এর হিসাব করেছিলাম এবং সেই ভিত্তিতে আমরা তাঁদের কাছে জানিয়েছিলাম। কিন্তু তাঁরা এটি ১০০ বছর না ধরে ৫০ বছরের ভিত্তিতে করবার কথা বলেছেন। এর ফলে এটির ব্যাপারে আমাদের নতুন করে রিকাস্ট করতে হচ্ছে—সম্পূর্ণ জিনিসটাকেই আবার নতুন করে রিকাস্ট করতে হচ্ছে, ফলে আমাদের অনেক টাইম চলে যাচ্ছে—এ বিষয়টিকে আমরা আপনাদের বুঝতে অনুরোধ করছি। গঙ্গা ফ্লাড কমিশন এই স্কীমের ব্যাপারে আমাদের সঙ্গে ৩।৪ বার করে আলোচনায় বসেছেন যাতে তাড়াতাড়ি করে এটি সম্পাদন করা যায় তাঁর জন্য। এবং এখানে ১০০ বছরের জায়গায় ৫০ বছরের ভিত্তিতে এটি ধরা হয়েছে, তার জন্য কস্টও কমে গেছে বলে বলা হয়েছে। বলছেন ৭৫ কোটি টাকার জায়গায় ৫০ কোটি টাকায় এটি হয়ে যাবে। এর পরে ময়ূরাক্ষীর কথা উঠেছে। আপনারা জানেন যে, ১৯৭৮ সালের বন্যার ফলে এখানে কি প্রলয় কান্ড ঘটেছিল। সেটি অবশ্য উল্লেখ করা হয়েছে, কিন্তু মাননীয় সদস্য যদি এর সঙ্গে আর উল্লেখ করতেন যে, বন্যার ফলে বহু গ্রাম ভেসে গিয়েছিল, তাহলে অনেক ভালো হত। তা তিনি করেন নি। সেই বন্যার ফলে গ্রাম ভেসে গিয়েছিল, মানুষ ঘর-বাড়ি সবই ভেসে গিয়েছিল—খবরের কাগজে এটি বেরিয়েছিল। এই প্রলয় কান্ড ঘটে যাওয়ার ফলে বহু ক্ষতি সেখানে হয়েছিল, কিন্তু আমরা মাত্র এক বৎসরের মধ্যে সেখানে তিলপাড়া ব্যারেজের কাজ শুরু করে দিয়েছিলাম। আপনারা বলেছিলেন দু বৎসরেও এটি সম্ভব হবে না, অথচ আমরা ১৫ই ডিসেম্বর থেকে ঐ ব্যারেজের কাজ শুরু করে, সম্পূর্ণ নতুন ভাবে তৈরি করে, মাত্র ১ বৎসরের মধ্যে বোরো, রবি ফসলের জন্য জল ছেড়ে দিয়েছি। অবশ্য ডিউ টাইমে করতে পারিনি, এক সপ্তাহ মাত্র দেরি হয়েছিল আমাদের। কিন্তু এটির ব্যাপারে পূর্বতন সরকার যেখানে ২০ হাজার একর জমিতে জল সেচের ব্যবস্থা রেখেছিলেন, সেখানে আমরা বাড়িয়ে ৩৬ হাজার একর পর্যন্ত নিয়ে যেতে পেরেছি। মাত্র এক সপ্তাহ দেরি হয়েছিল। মোটামুটি একটু দেরি হলেও ছেড়েছি। আপনারা বলেছেন যে আমরা হিমলেজ বাড়াতে পারি নি। আমরা হিমলেজ ড্যাম্প বাড়িয়েছি, ২০ হাজার একর মতো ইরিগেশনের ব্যবস্থা করেছি এবং ৩৩ হাজার একর দিয়ে ইরিগেশন বাড়াবার চেষ্টা করছি। আপনারা যারা বলেছেন যে আমরা দায়িত্ব নিয়ে ময়ূরাক্ষী, কংসাবতী এবং ডি.ভি.সি কত বাড়িয়েছি, এটা কোথায় এসে দাঁড়িয়েছে আপনারা প্রশ্ন করে জানতে চেয়েছেন। আমার কাছে সব লেখা আছে ফিগার সবই আছে, আপনারা বললে পড়তে পারি সময় নষ্ট করতে চাচ্ছি

[12-00 — 12-11 p.m.]

না। আপনারা বলেছেন যে হুগলি নদীর ধারে বাড়ি-ঘর পড়ে যাচ্ছে, আপনারা কিছু করেন নি, আপনারা বলেছেন যে কলকাতা ভেসে শেষ হয়ে যাবে আমরা যেহেতু কিছু করিনি। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি হুগলি নদীর দু ধারে গিয়ে দেখে আসুন। আপনাদের ৩০ বছরে হুগলি নদীর দু ধারে বাড়ি ঘর-দোর-হাজার হাজার লোকের নদীতে চলে গেছে কিন্তু আপনারা কিছু করেন নি। ৩০ বছর পর আমরা আসায় হুগলি নদীর দুই ধার বাঁধিয়েছি। হালিশহর থেকে বরানগর পর্যন্ত কাজ—মাঝে একটু বন্ধ ছিল—এখন শুরু হয়ে গেছে। আমরা বলাগড় থেকে শ্রীরামপুর পর্যন্ত বাঁধিয়েছি। আমরা হুগলি এবং হাওড়ার বালি পর্যন্ত বাঁধাব ৮/১০ মাইলের মতো বাকি আছে আমাদের কাজ শুরু হয়ে যাচ্ছে। আশা করছি এই বছরের মধ্যে সেখানে যে ৮/১০ মাইল বাকি আছে সেইগুলো আমরা করব। ২৪-পরগনাতে ৪/৫ মাইলের মতো হুগলি নদীর ধারে আছে, এইগুলি আমি জানিয়ে দিচ্ছি। কিন্তু মনে রাখবেন আপনারা ৩০ বছরে মানুষের কথা ভাবেন নি শত শত লোকের ঘর-বাড়ি চলে গেছে তখন কিছু আপনারা করেন নি। আপনাদের প্রয়োজনীয় টাকা এবং বিশেষ সুযোগ ছিল। আমরা কিন্তু তা করেছি। এখন আমি সেই লোয়ার দামুদরের কথা বলি যেটা ইমপর্টেন্ট। লোয়ার দামোদর পরিকল্পনায় কি করেছিলেন আপনারা? ২৮০টি গ্রামের মানুষকে তুলে দিয়েছিলেন এবং ২ লক্ষ বিঘা আবাদী জমিকে নদীর দু ধারে পাহাড়ের মতো উঁচু করে বাঁধ দিয়েছিলেন। মুণ্ডেশ্বরী এবং দামোদর নদীর জলকে ক্লোজ করে দিয়েছেন। ক্লোজ করে দিয়ে দামোদর নদীর জল যাতে না বইতে পারে সেই জন্য আপনারা দামোদর এবং মুণ্ডেশ্বরী দুই নদীর জল আড়া দিয়ে বয়াবার চেষ্টা করেছেন। তাহলে এই রকম করলে কি হত? ২৮০ টি গ্রামের মানুষকে উঠে যেতে হত এবং ২ লক্ষ আবাদী, উর্ব্বরা জমি চলে যেত। তাই এটা আমরা ঠেকাবার জন্য সেই সময় হাজার হাজার লোক নিয়ে ওদের বিরুদ্ধে আন্দোলন করেছিলাম। প্রফুল্লবাবু বিজন মোদক প্রভৃতি—যাঁরা এখন জনতা পার্টির লিডার—এবং আমরা সকলে মিলে—কংগ্রেস যোগ দেয়নি—এই আন্দোলন করেছিলাম। দিকপতিবাবু বসে আছেন উনি সবই জানেন, এবং তা ছাড়া হুগলি এবং হাওড়ার এম.এল.এ-রা জানেন। সুতরাং এই পরিকল্পনা থেকে মানুষকে বাঁচাবার জন্য আমরা তাই আর.বি. চক্রবর্তী, পি. কে. দত্ত, আমাদের ইরিগেশন ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ার দেবেশবাবু ইত্যাদি অফিসার নিয়ে আমরা ২/৩ দিন ঘুরেছি। আর.বি. চক্রবর্তী এবং দেবেশবাবু আমাদের একটা প্রশ্ন করলেন যে আমরা ডিডসের শর্ত মানতে রাজি আছি কি না।

আমরা চিন্তা করছি কি করে ওই ২৮০টি গ্রামের মানুষদের বাঁচানো যায়। ইঞ্জিনিয়াররা বলেছেন করা যাবে, তবে আমাদের কিছু সময় দিন, আমরা করে দিতে পারব। সেইজন্য ডি ভি সি পরিকল্পনা আমরা নতুন করে করছি। লোয়ার দামোদর সম্বন্ধে সিদ্ধার্থশঙ্কর রায় যে সিদ্ধান্ত নিয়েছিলেন এবং তাঁর ডাইরেকশনে যেভাবে হচ্ছিল তাতে ওঁরা বলেছেন, চিফ মিনিস্টার যদি ডাইরেকশন দেন তাহলে সেটা ভাল হোক, মন্দ হোক আমাদের সেইভাবে কাজ করতেই হবে। আমি সেই ফাইল আপনাদের পড়ে শোনাতে পারি। ওইভাবে যদি ডি ভি সি হোত তাহলে ওই ২৮০টি গ্রাম এবং ২ লক্ষ বিঘা জমির সর্বনাশ হোত। আমরা

নতুনভাবে সেই কাজ করবার সিদ্ধান্ত নিয়েছি এবং ৭০/৮০ পারসেন্ট কাজ হয়ে গেছে। আমরা নতুনভাবে ডি ভি সি-র কাজ যেরকমভাবে করছি সেই সব কথা আপনাদের কাছে আমি বললাম। একথা বলে সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমার বাজেট মঞ্জুর করবার জন্য আপনাদের সকলের কাছে আমি অনুরোধ রাখছি।

The motion of Shri Pravas Chandra Roy that a sum of Rs. 4,00,000 be granted for expenditure under Demand No. 65, Major Head: "331-Water and Power Development Services." was then put and agreed to.

## Demand No. 66

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra and Shri Kiranmoy Nanda that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Pravas Chandra Roy that a sum of Rs. 1,11,96,42,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads: 332—Multipurpose River Projects, 333-Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532-Capital Outlay on Multipurpose River Projects, and 533-Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 12-11 p.m. till 1 p.m. on Monday, the 9th March, 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 9th March, 1981 at 1-00 p.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 124 Members.

[1-00 — 1-10 p.m.]

### Heldover Starred Questions (to which oral Answers were given)

**কলেজ শিক্ষকের শূন্য পদ**

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৫।) **শ্রী নীহারকুমার বসু** ঃ শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে বহু কলেজে অনেক শিক্ষকের পদ ৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত পূরণ করা হয় নি ; এবং

(খ) সত্য হইলে,—

(১) তার সংখ্যা কত, ও

(২) দীর্ঘদিন ধরে.পদ শূন্য থাকার কারণ কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ৪৪৮

(১) নিম্নলিখিত কারণে পদগুলি শূন্য রয়েছে ঃ—

(১) পাবলিক সার্ভিস কমিশন কলেজ সার্ভিস, কমিশন সুপারিশকৃত প্রার্থী যথাসময়ে চাকুরিতে যোগ না দেওয়ার ফলে,

(২) অনেক মিশন, যোগ্য প্রার্থী না পাওয়ার ফলে,

(৩) ইউ জি সি স্কেল চালু হওয়ার পর প্রয়োজনীয় তথ্যের অভাবে রিক্রুট্‌মেন্ট রুলস তৈরি হতে বেশ কিছু সময় নেওয়ার ফলে, ইত্যাদি।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি আমরা যতদূর জানি সাধারণ সরকারি কলেজে শিক্ষকরা আসতে চাচ্ছে না—এর কারণ কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** কারণ অনেকাংশে সরকার এবং বেসরকারি কলেজগুলির বেতনক্রম এক হবার জন্য শিক্ষকরা বেসরকারি কলেজে চলে যাচ্ছে কলেজ সার্ভিস কমিশন এবং পাবলিক সার্ভিস কমিশনে তারা যাচ্ছে না।

**শ্রী নীহারকুমার বসু ঃ** অন্য কোনও ব্যবস্থা গ্রহণ করবার কথা সরকার চিন্তা করছেন কিনা?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** সরকার বিষয়টি খতিয়ে দেখছেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** এটা কি সত্য যে ননপ্ল্যানড এক্সপেন্ডিচার কমানোর জন্য শিক্ষক নিয়োগ বন্ধ আছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** একথা সত্য নয়।

**শ্রী সন্দীপ দাস ঃ** ননপ্ল্যানড এক্সপেন্ডিচার কমানো হয়েছে কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এর সঙ্গে শিক্ষক নিয়োগের কোনও সম্পর্ক নেই।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ২৫২টি পদ খালি আছে। এই পদগুলি কত দিনের মধ্যে পূরণ করা সম্ভব হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** কলেজ সার্ভিস কমিশন এবং পাবলিক সার্ভিস কমিশন যতদিনে লোক দিতে পারবে?

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** কলেজ সার্ভিস কমিশন এবং পাবলিক সার্ভিস কমিশন ইতিপূর্বে যে শিক্ষক চাওয়া হয়েছে তার জন্য কত উপযুক্ত শিক্ষক তারা পাঠাতে পেরেছেন এবং তার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন সরকারি এবং বেসরকারি কলেজে একই ইউ জি সি স্কেল হবার জন্য বেসরকারি কলেজের দিকে শিক্ষকদের ঝোঁক বেশি হয়ে যাচ্ছে এবং সরকারি কলেজে আবেদনকারীর সংখ্যা কমে যাচ্ছে। আমি বলছি যে এই অভাব দূর করার জন্য অ্যাড-হক অ্যাপয়েন্টমেন্ট শিক্ষকদের যোগ্যতা দেশে ইউনিভার্সিটির রেজাল্ট দেখে subject to approval by the Public Services Commission in case of State Government Colleges and approval by the University Service Commission in case of non-government Colleges. এইভাবে অ্যাপয়েন্ট দিতে আইনগত কোনও বাধা আছে কিনা?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** ইতিপূর্বে সরকারি কলেজে অ্যাড-হক পদ্ধতিতে শিক্ষক নিয়োগ

করা হয়েছিল কিন্তু পরবর্তীকালে পি এস সি-র কাছে যখন তাদের নিয়োগগুলি রেগুলারাইজ করার ব্যাপারে আবেদন করা হয় তখন সেখানে পি এস সি-র অ্যাড-হক ভিত্তিতে নিয়োগের ব্যাপারে আপত্তি জানান। সেইজন্য আমরা সরকার থেকে অ্যাড-হক পদ্ধতিতে অধ্যাপক নিয়োগ করা বিশেষ করে সরকারি কলেজে এটা করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে সাহস করছি না। তবে সরকারি কলেজে অধ্যাপকরা যাতে যোগদান করেন বা সে ব্যাপারে যাতে আগ্রহ প্রকাশ করেন সেইজন্য তাদের চাকরির শর্ত বা অন্যান্য ব্যাপারে কিভাবে সুযোগ সুবিধা দেওয়া যায় সেটা সরকার বিবেচনা করছেন।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** এটা ভালো কথা যে সরকার গণতান্ত্রিক রেওয়াজ মেনে চলতে আগ্রহ প্রকাশ করেছেন। তবে অ্যাড-হক ভিত্তিতে অ্যাপয়েন্ট করা এবং পরে রেগুলারাইজ করার ব্যাপারে আইনগত অন্যায় কিছু নেই। এখন আমার প্রশ্ন, পাবলিক সার্ভিস কমিশন বা ইউনিভার্সিটি সার্ভিস কমিশনের সদস্যারা, সেটা কিন্তু হোলটাইম জব, এক্ষেত্রে যারা সদস্য তাদের আপনারা অনুরোধ করছেন না কেন এই বলে যে আপনারা যদি তাড়াতাড়ি বা ঘন ঘন না বসেন—ফ্রিকোয়েন্ট কনসালটেশন না করেন তাহলে এইসমস্ত কলেজের অধ্যাপকদের পদগুলি শূন্য থাকছে, সেখানে লেখাপড়া অত্যন্ত ব্যাহত হচ্ছে কাজেই আপনারা এটা একটু দেখুন—এই অনুরোধ তাদের জানাচ্ছেন না কেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** কলেজ সার্ভিস কমিশনে অসুবিধা হচ্ছে না, সেখানে যথেষ্ট সংখ্যক আবেদন পড়ছে, প্রার্থীরা সেখানে এগিয়ে আসছেন। অসুবিধাটা হচ্ছে পি এস সি-র ক্ষেত্রে। সেখানে বিশেষ করে কতগুলি বিষয় সম্পর্কে বলা যায়—ইংরাজি, অর্থনীতি-এ ক্ষেত্রে পি এস সি-র বিজ্ঞাপন দেওয়া সত্ত্বেও দেখা যাচ্ছে যারা আবেদন করছেন হয় তারা উপযুক্ত নন অথবা অন্যভাবে বলা যায় উপযুক্ত প্রার্থীরা এগিয়ে আসছেন না। সেইজন্য আগেই আমি বলেছি, এক্ষেত্রে অতিরিক্ত সুযোগসুবিধা বা চাকরির শর্তাবলী পরিবর্তন করা যায় কিনা সেটা সরকার চিন্তা করছেন।

### বেসরকারি কলেজের শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের এক্সগ্রাসিয়া প্রদান

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩।) **শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতার বেসরকারি কলেজের অধ্যক্ষ, অধ্যাপক ও অশিক্ষক কর্মচারিদের এক্স গ্রাসিয়া দেওয়া হয় ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কলেজগুলির নাম কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) সাধারণত কোনওরূপ এক্সগ্রাসিয়া দেওয়া হয় না। তবে পুজার সময় সরকারি আদেশ বলে অশিক্ষক কর্মী যাহাদের বেতন অনধিক ১০০০ টাকা তাহাদের ১০০ টাকা হিসাবে এক্সগ্রাসিয়া দেওয়া হয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** কলকাতার কয়েকটি কলেজ সরকারি নিয়মকানুন ব্যতিরেকে এই রকম এক্সগ্রাসিয়া শিক্ষকদের দিচ্ছেন, এটা জানেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** সরকারিভাবে এরকম সংবাদ আমার কাছে নেই।

## Presidency College, Calcutta

*177. (Admitted question No. *90.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) whether there is any proposal to make Presidency College, Calcutta, autonomous ; and

(b) if so—

(i) the salient features of the proposal

(ii) the recommendation of the University Grants Commission on this matter, and

(iii) the contemplation of the State Government in the matter ?

**Shri Shambhu Charan Ghose :**

(ক) এই বিষয়ে সরকারের কোনও প্রস্তাব নাই।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কোনও সুপারিশ নাই। তবে কমিশন কর্তৃক নিযুক্ত পরিদর্শক কমিটি প্রেসিডেন্সি কলেজকে স্বয়ংশাসিত সংস্থা হিসাবে স্থাপন করিবার সুপারিশ করিয়াছেন।

(৩) বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এ বিষয়ে সরকারের সহিত আলোচনা করিতে চাহিয়াছেন।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, প্রেসিডেন্সি কলেজে অন্যান্য কলেজের তুলনায় পড়াশুনায় তাদের রেজাল্ট, তাদের পারফর্ম্যান্স ভাল হওয়া সত্ত্বেও এটাকে অটোনমাস করা কেন হচ্ছে না। এটা কি ঘটনা যে সেখানে ভাল পড়াশুনা করা হয়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। সাধারণত আমাদের শিক্ষিত মহলে এই ধারণা আছে যে পড়াশুনার দিক দিয়ে প্রেসিডেন্সি কলেজ অন্যান্য কলেজের তুলনায়

অনেক ভাল। নিশ্চিতভাবে প্রেসিডেন্সি কলেজে পড়াশুনা ভাল হয়। কিন্তু সেখানে যে সমস্ত ছাত্র ভর্তি করা হয় তাদের মান নির্দিষ্ট করার ক্ষেত্রে উচ্চমান নির্ধারণ করা হয়। অর্থাৎ বি এ, বি এস সি-তে যে বিষয়ে তারা ভর্তি হন, সেই বিষয়ে হায়ার সেকেন্ডারিতে অনধিক তাদের ন্যূনতম শতকরা ৭০ ভাগ নম্বর থাকা চাই। কিন্তু আমরা দেখেছি যে একটা বিষয়ে যেমন কেমিষ্ট্রি বিষয়ে ৭০ ভাগ শতকরা নিয়েও সেখানে তাদের ফলাফল আরও ভাল হওয়া উচিত ছিল। ১৯৭৮ সালে দেখা যাচ্ছে যে ৩০ জন ছাত্র কেমিষ্ট্রিতে পরীক্ষা দিয়েছে, তাদের মধ্যে ১১ জন প্রথম বিভাগ, ১৭ জন দ্বিতীয় বিভাগ এবং ২ জন তারা পাশ কোর্সে পাশ করেছেন। ১৯৭৯ সালে ৩১ জন ছাত্র পরীক্ষা দিয়েছেন। তাদের মধ্যে ২ জন প্রথম বিভাগ, ২৩ জন দ্বিতীয় বিভাগ এবং ৬ জন পাস কোর্সে পেয়েছেন। ১৯৮০ সালে ১৮ জন পরীক্ষা দিয়েছেন অনার্সে। তাদের মধ্যে ২ জন প্রথম বিভাগ, ১৫ জন দ্বিতীয় বিভাগ এবং ১ জন অনুত্তীর্ণ। শুধু তাই নয়, আমি যে কথা এই প্রশ্নের উত্তরে বলতে চাই যে অন্যান্য কলেজে যেখানে ছাত্র গ্রহণ বা ভর্তির ক্ষেত্রে একদম কড়াকড়ি নেই সেখানে অনেক ভাল ফল প্রেসিডেন্সি কলেজের তুলনায় হয়। আমি একটা দৃষ্টান্ত আপনাদের কাছে দিতে পারি। দুর্গাপুর গভর্নমেন্ট কলেজে ১৯৭৮ সালে জিওলজিতে ৮ জন অনার্স পেয়েছেন। তার মধ্যে এক জন প্রথম বিভাগ। আশুতোষ কলেজে ৭ জনের মধ্যে একজন প্রথম বিভাগ। প্রেসিডেন্সি কলেজে ১৬ জনের মধ্যে ৬ জন প্রথম বিভাগ। ১৯৭৯ সালে দুর্গাপুর গভর্নমেন্ট কলেজে ৭ জনের মধ্যে ৫ জন প্রথম বিভাগ। আশুতোষ কলেজে ৮ জনের মধ্যে ৩ জন প্রথম বিভাগ এবং একজন ফার্স্ট ক্লাস ফার্স্ট। যোগমায়া দেবী কলেজে ৬ জনের মধ্যে একজন। প্রেসিডেন্সি কলেজে ১৫ জনের মধ্যে ৪ জন। অর্থাৎ অন্যান্য কলেজে যেখানে সাধারণ ছাত্রদের ভর্তি করা হয় সেখানে পরীক্ষার মান উন্নত করার ক্ষেত্রে ব্যবস্থা আছে। আর প্রেসিডেন্সি কলেজে সেরা ছাত্র ভর্তি করেও পরীক্ষার মান যে ভাবে হওয়া উচিত সেটা কিন্তু হয় না।

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, প্রেসিডেন্সি কলেজে পোস্ট গ্র্যাজুয়েট অ্যান্ড রিসার্চের যে ব্যবস্থা আছে, সেই কন্টেকস্টে কি এই অটোনমাস করার কথা এসেছিল বা সেইভাবে প্রস্তাব পেয়েছেন এবং প্রেসিডেন্সি কলেজের শিক্ষক সমিতি এবং অন্যান্য সংগঠন থেকে কি এই রকম দাবি করা হয়েছিল এবং সরকার এই ব্যাপারে কি ভাবছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এই ব্যাপারে আমি আগে উত্তরে বলেছি যে ইউ জি সি-র একটা ভিজিটিং টিম তারা নিয়োগ করেছিলেন। তাতে দুটি প্রস্তাব ছিল। একটা হচ্ছে পোস্ট গ্র্যাজুয়েট ফ্যাকাল্টিকে ইমপ্রুভ করা, আর একটা ছিল কলেজকে অটোনমাস করা। প্রথমটি সম্পর্কে সরকার সম্মতি দিয়েছেন। পোস্ট গ্র্যাজুয়েট ফ্যাকাল্টি ইমপ্রুভ করার জন্য যে প্রস্তাব তারা দিয়েছিলেন, আমরা তাতে সম্মতি জানিয়েছি। কিন্তু প্রেসিডেন্সি কলেজকে স্বয়ংশাসিত সংস্থা বা অটোনমাস বডি হিসাবে করার জন্য তাদের যে সুপারিশ, সেই বিষয়ে ইউ জি সি তারা জানিয়েছেন যে সরকারের সঙ্গে তারা আলোচনা করতে চান।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে প্রেসিডেন্সি কলেজে অ্যাডমিশনের সময় অনেক কড়াকড়ি আছে এবং অনেক উচ্চ নম্বর না পেলে তাদের ভর্তি

করা হয় না এবং সঙ্গত কারণে প্রেসিডেন্সি কলেজের কথা, বিবেচনা করে সরকার এটা করে যাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় আরও বললেন, যে কয়েকটি কলেজে যেখানে ভর্তির ব্যাপারে কড়াকড়ি না থাকলেও পরীক্ষার ফল ভাল হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, যে সমস্ত মফস্বলের কলেজ বা কলকাতার কলেজে এই রকম ভাল ফল করছে, সেই সমস্ত কলেজে শিক্ষার পরিবেশ আরও উন্নত করে, রিসার্চের আরও সুযোগ-সুবিধা দেওয়া এবং ছাত্রদের যাতে সেই সমস্ত কলেজে আকৃষ্ট করা যায় তার জন্য কোনও বিশেষ ব্যবস্থা সরকার নিচ্ছেন কিনা কারণ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে মফস্বলের কতকগুলি কলেজ যেমন দুর্গাপুর কলেজ এবং আরও অন্যান্য কয়েকটা কলেজের রেজাল্ট ভাল হচ্ছে। কাজেই সরকার কি সেই সমস্ত কলেজকে বা প্রশাসনকে আরও উৎসাহিত করার জন্য এবং পুরস্কৃত করার জন্য সেখানে বিশেষ রিসার্চের ব্যবস্থা বা অনুদান দেবার কথা চিন্তা করছেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** সমস্ত কলেজগুলিতেই বিজ্ঞান এবং কলা-বিভাগে পড়াবার জন্য যেসব অসুবিধা দেখা দেয় সেসবগুলি বিবেচনা করে অনুদান দেওয়া হয়, তাতে কোনও রকম কার্পণ্য থাকে না। যে সমস্ত কলেজ ভাল ফল করছে এবং যে সমস্ত কলেজ ভাল ফল করতে পারছে না তাদের মধ্যে কোনও রকম পার্থক্য করা হয় না। যে সমস্ত কলেজে ভাল ফল হচ্ছে না যে সমস্তগুলিতে ভাল ফল হয় তার জন্য নির্দেশ দেওয়া হয় এবং সেই অনুযায়ী পাঠাগার এবং ল্যাবোরেটরি ইত্যাদির জন্য সরকার থেকে অনুদান দেওয়া হয়।

## Starred Questions .
## (to which oral Answers were given)

### প্রাথমিক শিক্ষা স্তরে পাঠ্য পুস্তক

*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭১ (এস এন।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১ সালের শিক্ষাবর্ষে এই রাজ্যের প্রাথমিক শিক্ষার স্তরে পশ্চিমবঙ্গ সরকারের কোন কোন পাঠ্য পুস্তক পাঠ্যতালিকার অন্তর্ভূক্ত হইবে এই মর্মে রাজ্য সরকারের শিক্ষা দপ্তর হইতে সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহের প্রধানদের নিকট কোনও সরকারি নির্দেশ পাঠানো হইয়াছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উল্লিখিত সরকারি নির্দেশে কোন পাঠ্য পুস্তকের কথা উল্লেখ করা হইয়াছে?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) হ্যাঁ, প্রয়োজনীয় নির্দেশ প্রাথমিক শিক্ষা অধিকর্তাকে দেওয়া হইয়াছে। উপরন্তু দৈনিক সংবাদপত্রে পাঠ্যপুস্তক সম্পর্কে বিশেষ বিজ্ঞপ্তি প্রকাশ করা হইয়াছে।

(খ) বিজ্ঞপ্তিতে ১ম হইতে ৫ম শ্রেণী পর্যন্ত বাংলা ও ইংরাজি ভাষায় সরকার প্রকাশিত

২২টি পুস্তকের উল্লেখ করা হইয়াছে এর মধ্যে ১৯৮১ সালের শিক্ষাবর্ষে সিলেবাস কমিটির সুপারিশক্রমে এস সি ই আর টি কর্তৃক লিখিত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পুরাতন গণিতের পরিবর্তে প্রতি শ্রেণীর জন্য একটি করিয়া গণিত এবং একটি করিয়া অতিরিক্ত বাংলা প্রথম পাঠ এর উল্লেখ করা হইয়াছে।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** যে সমস্ত পাঠ্য পুস্তকের কথা মাননীয় মন্ত্রী মহাশয় বললেন সেগুলি কি প্রাথমিক স্কুল গুলিতে পাঠানো হয়েছে?

**শ্রী পার্থ দে ঃ** পাঠানোর কাজ চলছে। মার্চ মাসের মধ্যে পাঠাবার কার্যসূচি নেওয়া হয়েছে। তিন দফায় প্রতিটি জেলায় পাঠাবার কথা। দু দফা পাঠানো হয়ে গেছে, তৃতীয় দফা পাঠানোর কাজ চলছে।

### মুর্শিদাবাদ জেলায় গ্রামীণ ব্যাঙ্ক

*২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার গ্রামীণ ব্যাঙ্কটি কবে নাগাদ চালু হইবে ; এবং

(খ) ঐ গ্রামীণ ব্যাঙ্কের কি নামকরণ হইতেছে?

**ডাঃ অশোক মিত্র ঃ**

(ক) গ্রামীণ ব্যাঙ্ক খোলার ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে থাকেন কেন্দ্রীয় সরকার। পশ্চিমবঙ্গের প্রত্যেক জেলায় আলাদা করে যাতে একটি গ্রামীণ ব্যাঙ্ক খোলা যায় সেজন্য আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানিয়েছি, এখনও সে অনুরোধ রক্ষিত হয়নি। সুতরাং কবে পর্যন্ত মুর্শিদাবাদ জেলার জন্য আলাদা গ্রামীণ ব্যাঙ্ক খোলা হবে সেটা এখন বলা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

### গঙ্গানগর খাটাল প্রকল্পে বাস্তুচ্যুতদের চাকরি

*২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩২।) **শ্রী সরল দেব ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গঙ্গানগর খাটাল প্রকল্পে যাহাদের জমি অধিগ্রহণ করা হইয়াছিল তাহাদের পরিবার-পিছু একজনকে সরকারি কাজে নিয়োগ করা হইবে ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

## হলদিয়া দুর্গাচক সুপার মার্কেট

*২৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬০।) **শ্রী শিবনাথ দাস :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ার দুর্গাচকে নির্মিত সুপার মার্কেটটি কতদিনে চালু হইবে ;

(খ) কি পদ্ধতিতে দোকানঘরগুলি বিলি করা হইবে ;

(গ) দোকানঘরগুলি বিলির জন্য স্থানীয় প্রতিনিধিকে লইয়া কোনও কমিটি গঠন করা হইবে কিনা ; এবং

(ঘ) ঘরের ভাড়া কি ভিত্তিতে নির্দিষ্ট হইয়াছে বা হইতেছে?

**ডঃ অশোক মিত্র :**

(ক) ১৯৮১ সালের ডিসেম্বর মাস নাগাদ সুপারমার্কেটের বাড়িটি সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। তবে নিচের তলার মার্কেট সেকটারটি বর্তমান বৎসরের মাঝামাঝি নাগাদ চালু হতে পারে।

(খ) এবং (গ) হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি দোকানঘরগুলি বিলি করার জন্য ব্যবস্থা নেবেন কমিটি গঠনের বিষয়েও যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) ঘরের ভাড়া নির্ধারণের বিষয়টি হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির বিবেচনাধীন আছে।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** যে কমিটির মাধ্যমে বিলি-ব্যবস্থা হবে, সেই কমিটিতে কারা থাকবেন?

**ডঃ অশোক মিত্র :** ডেভেলপমেন্ট অথরিটি ঠিক করবেন, কমিটিতে কারা থাকবে।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** কমিটি কাদের নিয়ে করা হবে বলে ডেভেলপমেন্ট অথরিটি সিদ্ধান্ত নিয়েছেন?

**ডঃ অশোক মিত্র :** এখনও কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। তারা যখন এটা করবেন তখন নিশ্চয়ই কতগুলি সংজ্ঞা ঠিক করবেন। যদি আপনারা নোটিশ দেন তাহলে আমি যথা সময়ে তা আপনাদের জানিয়ে দেব।

## Steps for promoting values of Secularism, National Integration, etc., through education

*261. (Admitted question No. *111.) **Shri Rajani Kanta Doloi :**

Will the Minister-in-charge of the Education (Primary, Secondary and Library) Department be pleased to state the steps, if any, taken by the present Government to promote the values of Secularism, Democracy and National Integration through the educational system at the Primary and Secondary stages ?

[1-20 — 1-30 p.m.]

**Shri Partha De :**

Education mainly consists of four dimensions, viz, (1) the student, (2) the teacher, (3) the curriculum and (4) the environments. In the object of universalisation of Primary Education all children in age group of 6 to 11 years are welcome to the free Primary Education provided by Government. In preparation of Text Books due care is taken to select and supply appropriate books. In inducting teachers also the norm of ability only is followed. School environments is a part of social environment. Therefore eleminating all considerations like religion etc. promotion of secularism, democracy and National Integration is ensured. West Bengal Board of Secondary Education take care to see that text book in secondary classes which require their approval conform to these norm.

**Shri Atish Chandra Sinha :** Will the Minister be pleased to state whether in doing away the English language in the primary state is conductive to the National Integration or not.

**Shri Partha De :** That will strengthen National Integration.

**Central assistance for Special Employment Programme**

*262. (Admitted question No. *740.) **Shri Dawa Narbu La and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the present Government in West Bengal has received any Central assistance for implementation of the Special Employment Programmes by the different departments of the State Government ; and

(b) if so, the amount allocated as Central assistance and the percentage of utilisation of such Central assistance during the tenure of the present Government (up to January, 1981) ?

**Dr. Ashok Mitra :**

The scheme for Special Employment Programme continued up to 1977-78, that is upto the first year of the present Government as an annual plan scheme. No Central assistance was received specifically for the scheme.

### "মুক্ত বিশ্ববিদ্যালয়"

*২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৪।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারের "মুক্ত বিশ্ববিদ্যালয়" নামে এক ধরনের শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনা আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, এই জাতীয় শিক্ষা প্রতিষ্ঠানের রূপরেখা কিরূপ হইবে ?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) ও (খ) 'মুক্ত বিশ্ববিদ্যালয়' স্থাপনের এক প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। কোনও রূপরেখা এখনও পর্যন্ত স্থিরীকৃত হয় নাই।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** এই মুক্ত বিশ্ববিদ্যালয় বলতে কি আইডিয়া আপনি বোঝাতে চাইছেন সেটা কি দয়া করে জানাবেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** সমস্ত আলোচনা পর্যায়ে আছে, কোনও রূপরেখা এখনও হয়নি। সেইজন্য এ বিষয়ে বিশদভাবে বলতে পারছি না।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** এই মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে যে বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে না সে বিষয়ে কি আপনি অ্যাসিওরেন্স দিতে পারবেন?

**(নো রিপ্লাই)**

**শ্রী সন্দীপ দাস ঃ** জয়প্রকাশ নারায়ণ এই মুক্ত বিশ্ববিদ্যালয় বিকল্প শিক্ষা সম্বন্ধে বলেছিলেন। এ বিষয়টি কি সরকার বিবেচনা করে দেখবেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** মুক্ত বিশ্ববিদ্যালয় সংক্রান্ত বিষয় সরকারের বিবেচনাধীন আছে। কাজে-কাজেই এ বিষয়ে বিশদভাবে আলোচনা করা সম্ভব নয়।

### মেদিনীপুর জেলায় "নিবিড় গো-উন্নয়ন পরিকল্পনা"

*২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৫।) **শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় "নিবিড় গো-উন্নয়ন পরিকল্পনা" চালু করা হইবে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত পরিকল্পনার জন্য প্রোজেক্ট অফিসার নিয়োগ করার ব্যবস্থা হইয়াছে কিনা ?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) চালু করা হইয়াছে।

(খ) হ্যাঁ, নিয়োগ করা হইয়াছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** নিবিড় গো-উন্নয়ন পরিকল্পনা মেদিনীপুরের কোন কোন জায়গায় আপনারা চালু করছেন দয়া করে বলবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** সারা জেলায় এটা চালু করা হয়েছে, তবুও মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে ১৭-৩-৭৯ সালে মেদিনীপুর জেলায় নিবিড় গো-উন্নয়ন প্রকল্প চালু করা হয়েছে। প্রকল্পের কর্মসূচির মধ্যে আছে যে চারটি কেন্দ্র গো-শুক্রবীজ সংরক্ষণের জন্য এবং ১২টি কেন্দ্র কৃত্রিম গো-প্রজননের জন্য। ১২০টি উপ কেন্দ্র আছে—এই উপকেন্দ্রগুলিও গো-প্রজননের জন্য ইতিমধ্যে স্থাপন করা হয়েছে পরে আরও এটা ছড়িয়ে পড়বে।

## জেলা স্কুল বোর্ডের নির্বাচন

*২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩।) **শ্রী কিরণময় নন্দ ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা স্কুল বোর্ডগুলির প্রতিনিধি নির্বাচন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) না থাকিলে, কারণ কি ; এবং

(গ) কবে এই নির্বাচন হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) নাই।

(খ) কারণ নতুন প্রাথমিক শিক্ষা আইন অনুযায়ী জেলা শিক্ষা সংসদ গঠনের প্রস্তুতির কথা বিবেচনা করা হচ্ছে।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এই নতুন প্রাথমিক

শিক্ষা আইন অনুযায়ী জেলা সংসদের নির্বাচন কবে নাগাদ শুরু হতে পারে?

**শ্রী পার্থ দে :** এই আইনটি রাষ্ট্রপতির অনুমোদন পাওয়ার পরে সরকারি গেজেটে এটা বিজ্ঞাপিত করার জন্য যে পদ্ধতি আছে, সেটা অবলম্বন করা হয়েছে। বিজ্ঞাপিত হওয়ার পরে একটি ছোট কাজ আছে। এটার কতকগুলি বিধি প্রণয়ন করতে হয়, সেগুলি হয়ে গেলে কাজ হবে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** এই আইনটি রাষ্ট্রপতির অনুমোদন লাভ করতে এতে দেরি হচ্ছে কেন?

**শ্রী পার্থ দে :** প্রায় ৭ মাস অনুমোদন লাভ করছে।

### "জাতীয় কর্মসংস্থান কর্মসূচিতে" কেন্দ্রীয় সাহায্য

*২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৩।) **শ্রী কমল সরকার :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার "জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচি-র" জন্য ১৯৮০-৮১ সালে কি পরিমাণ খাদ্যশস্য ও অর্থ পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ করেছেন, এবং এ পর্যন্ত কি পরিমাণ কেন্দ্রীয় সাহায্য (নগদ টাকা ও খাদ্যশস্য) রাজ্য সরকারের হাতে পৌঁছেছে ; এবং

(খ) রাজ্য সরকার কি পরিমাণ অর্থ ও খাদ্যশস্য কেন্দ্রের কাছে চেয়েছিলেন?

**ডঃ অশোক মিত্র :**

(ক) "কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের" পরিবর্তে সম্প্রতি কেন্দ্রীয় সরকার "জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচি" চালু করেছেন এই দুই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার ১৯৮০-৮১ সালে ৫০,০০০ মেট্রিক টন খাদ্যশস্য, ১ কোটি ৬৮ লক্ষ ১০ হাজার টাকা আংশিক মজুরি এবং ৫ কোটি ২৫ লক্ষ টাকা উক্ত প্রকল্পে ব্যবহারার্থে প্রয়োজনীয় দ্রব্যাদি কেনার জন্য মঞ্জুর করেছেন মঞ্জুরীকৃত এই খাদ্যশস্য ও অর্থ রাজ্য সরকারের হাতে পৌঁছেছে। আরও ৩০,০০০ মেট্রিক টন খাদ্যশস্য রাজ্য সরকারকে অর্পণ করার জন্য কেন্দ্রীয় সরকার ভারতের খাদ্য নিগমকে ২রা মার্চ নির্দেশ দিয়েছেন।

(খ) ১৯৮০-৮১ সালের জন্য রাজ্য সরকার ২,১০,০০০ মেট্রিক টন খাদ্যশস্য কেন্দ্রীয় সরকারের কাছে চেয়েছিলেন। "জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প" চালু হবার পর রাজ্য সরকার প্রকল্পে দেয় আংশিক মজুরি বাবদ মোট ৩ কোটি ৬০ লক্ষ টাকা চেয়েছিলেন।

**শ্রী কমল সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে কাজের বদলে খাদ্য এই প্রকল্পের কথা আগে যা এই সভায় ঘোষণা করেছিলেন, খাদ্য বা টাকা সম্বন্ধে

এখনও যে একটু ফারাক রয়ে গেল সেটা পূরণের সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেছেন কি?

**ডঃ অশোক মিত্র ঃ** আলোচনা বহুবার হয়েছে।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন যে কাজের বদলে খাদ্য এবং জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচি এই দুটির মূলগত পার্থক্য কি?

**ডঃ অশোক মিত্র ঃ** মূলগত পার্থক্য দুরকম বলা যেতে পারে। এক হচ্ছে এর আগে শুধু খাদ্যশস্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেতাম। এখন খাদ্যশস্যের সঙ্গে কিছু পরিমাণ অর্থও দিতে রাজি হয়েছেন। দুই নম্বর হচ্ছে যে একটা জেলা ভিত্তিক স্টিয়ারিং কমিটি থাকবে, এই কর্মসূচিকে কার্যকর করার জন্য।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** এই যে স্টিয়ারিং কমিটির কথা বললেন, স্টিয়ারিং কমিটি এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে এই কথাই বলেছেন যে এর চেয়ারম্যান হবেন জেলা শাসক। কাজের বদলে খাদ্যের ব্যাপারে জেলা শাসক এখন সেক্রেটারি আছেন।

**ডঃ অশোক মিত্র ঃ** ওরা তাই বলেছেন স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান জেলা শাসকই থাকবেন। আমরা আপত্তি জানিয়েছিলাম। আমাদের জনগণের নির্বাচিত সভাপতি যিনি আছেন তিনিই, জেলা পরিষদের সভাধিপতি হবেন। শেষ পর্যন্ত তাই মেনে নিয়েছেন।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** এইরকম ধরনের কমিটি যা তৈরি হবে তারমধ্যে অন্য রাজনৈতিক দলের লোকেরাও কি থাকবেন?

**ডঃ অশোক মিত্র ঃ** এইরকম কোনও প্রস্তাব আমাদের সরকারের কাছে নেই।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** স্টিয়ারিং কমিটি যদি ফর্ম করা না হয়ে থাকে তাহলে কতদিনের মধ্যে ফর্ম করা হবে।

**ডঃ অশোক মিত্র ঃ** প্রত্যেক জেলায় জেলায় করা হয়েছে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মুর্শিদাবাদ জেলায় জেলা শাসককে জিজ্ঞাসা করায় তিনি বললেন এইরকম কোনও ব্যাপার তার নলেজে নেই—এই বিষয়টাকে আপনি খবর নেবেন কেন হয়নি?

**ডঃ অশোক মিত্র ঃ** আমি খবর নিয়ে দেখব।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** নতুন কর্মসূচির মধ্যে যে পরিবর্তনের কথা ঘোষণা করলেন তাতে কেন্দ্রীয় সরকার যদি গম বা চাল না দিতে পারেন তাহলে পরিপূরক হিসাবে টাকা দেবেন কি না?

**ডঃ অশোক মিত্র ঃ** এর আগে যখন খাদ্যশস্য কেন্দ্রীয় সরকার দিতেন তারসঙ্গে জিনিসপত্র কেনবার জন্য যে টাকার দরকার হত সেই টাকা রাজ্য সরকার দিতেন এবং যারা কাজ করতেন তাদের কিছু বাড়তি টাকা আমরা দিতাম। এই পুরো জিনিসটা এতদিন পর্যন্ত রাজ্য সরকার দিতেন। এখন থেকে কেন্দ্রীয় সরকার আমাদের যে আর্থিক খরচ হচ্ছে খাদ্যশস্যের বাইরে তার কিছুটা অংশ তারা বহন করতে রাজি হয়েছেন। এখন তারা আমাদের খাদ্যশস্যের পরিমাণ কমিয়ে দিয়েছেন।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** এটা কি ঠিক যে এই খরচের শতকরা ৫০ ভাগের হিসাব সেন্ট্রাল গভর্নমেন্টকে দিতে হবে?

**ডঃ অশোক মিত্র ঃ** এটা নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে মতানৈক্য চলছে। তারা বলছেন এর আগে যে খাদ্যশস্য দেওয়া হয়েছে তার শতকরা ৫০ ভাগের হিসাব না দিলে নতুন করে খাদ্য শস্য দেওয়া হবে না।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** সুপ্রিম কোর্টে সংবিধানের ১৪৩ ধারা অনুযায়ী প্রেসিডেন্টের অ্যাডভাইসারি ওপিনিয়ন সিক করে মামলা রুজু করতে আপনারা যাচ্ছেন কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** ওরা একটা অভিযোগ করেছিলেন যে ১৯৭৯-৮০ সালে আমাদের যে খাদ্যশস্য দিয়েছিলেন তার অর্দ্ধেকের হিসাব আমরা দিইনি কিন্তু আমরা কাগজপত্র দিয়ে প্রমাণ করে দিয়েছি যে শতকরা ৯০ ভাগের হিসাব আমরা দিয়েছি। তাসত্ত্বেও কেন্দ্রীয় কৃষিমন্ত্রী অন্য রকম কথাবার্তা প্রকাশ্যে বলতে থাকেন যার ফলে আমাদের সম্মান হানি ঘটায় আমরা রাষ্ট্রপতিকে লিখি যে আমরা সত্যি সত্যি অর্দ্ধেক খাদ্যশস্যের হিসাব দিয়েছি কিনা এই বিষয়টা বিচার করার জন্য আপনি সুপ্রিম কোর্টে এর রায় নিন। তার জবাবে কিছুদিন আগে কেন্দ্রীয় কৃষিমন্ত্রক জানিয়েছেন যে এই বিষয়টা তারা সুপ্রিম কোর্টে পাঠাতে রাজি নন। কিন্তু তারপর আমরা আবার রাষ্ট্রপতিকে চিঠি দিয়ে বলেছি যে এটা সুপ্রিম কোর্টে পাঠাবার যোগ্য কিনা সেটা বিচার করবার ভারও আপনি সুপ্রিম কোর্টকে দিন।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ** এই কর্মসূচিতে কেন্দ্রীয় সরকার চাল, গম, টাকা দেরি করে দেবার ফলে কাজ কি করা সম্ভব হচ্ছে না?

**ডঃ অশোক মিত্র ঃ** এরজন্য গত মরশুমে আমাদের গ্রামাঞ্চলে প্রচুর ক্ষতি হয়েছে এবং কর্মসংস্থানের সম্ভাবনাও ব্যহত হয়েছে।

## Setting up a Subsidiary Zoo

*267. (Admitted question No. *1528.) **Shri Sandip Das :** Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) whether the Government proposes to set up a Subsidiary Zoo to the existing Alipore Zoo ; and

(b) if so, whether the Government has prepared any blueprint for it ?

**Shri Amritendu Mukherjee :**

(a) Yes.

(b) Not yet.

**Shri Sandip Das :** Will the Hon'ble Minister be pleased to state what is his target date ?

**Shri Amritendu Mukherjee :** During this year in our budget I will submit to you a proposal for giving approval to grant at least 55 thousand Rupees so that we can have some land for construction of subsidiary zoo adjacent to Calcutta.

**Shri Sandip Das :** My question was what is the target date for construction of the subsidary zoo ?

**Shri Amritendu Mukherjee :** Just now I cannot fix up any target date as it requires study of expert committee. That Committee with expertise knowledge will study things, will select land and will also give a report as to how many animals from the existing zoo can be taken to the susidiary zoo. So at the present moment I cannot give any target date.

**শ্রী কমল সরকার ঃ** চিড়িয়াখানায় আবহাওয়া বিষাক্তকরণ হচ্ছে এটা কি আপনি জানেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** এ সম্পর্কে আমাদের সরকার এবং চিড়িয়াখানার ম্যানেজিং কমিটির ওয়াকিবহালে আছেন কিছু জন্তু মারা যাচ্ছে বিশেষ করে যেগুলি রেয়ার অ্যানিমেল এবং কিছু হরিণ টি বি হয়ে মারা যাচ্ছে এর প্রতিকার দরকার। এজন্য আমাদের একটা সাবসিডিয়ারি জু করতে হবে। যার জন্য ২০০ একর জমির দরকার। মার্সি ল্যান্ড দরকার, পুকুর দরকার, লতাগুল্ম দরকার এয়ারোড্রোর্ম বা ট্রেন পাশাপাশি থাকলে তাদের আওয়াজে জন্তুরা ভয় পাবে। সুতরাং এই রকম একটা নিরিবিলি জায়গা আমাদের সন্ধান করতে হবে।

**শ্রী কমল সরকার ঃ** সেখানে বহুতল বাড়ি করবার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** সেখানে এরকম বাড়ি করবার পরিকল্পনা নেই তবে এর বাইরে যেখানে পোস্ট মর্টেম রুম আছে সেখানে অনেকখানি জায়গা পড়ে আছে যার কিছু জায়গা জবরদখল হয়েছে। সেই জায়গাগুলিকে কিভাবে ভালোভাবে ব্যবহার করা যায় সে সম্পর্কে চিন্তা করছি।

**শ্রী কমল সরকার ঃ** তাতে চিড়িয়াখানার কোনও ক্ষতি হবে না তো?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** চিড়িয়াখানার রাস্তা পার হয়ে পূর্ব দিকে খালের পাশে যে জমি আছে সেখানে শুধু অ্যাকোয়ারিয়াম এবং একটা ওডিওভিসুয়াল হল আছে। সেখানে হাতির জন্য ঘাস উৎপাদন করার একটা জায়গা আছে। এইগুলিকে যদি অন্য কাজে সুব্যবস্থা করা যায় তাহলে আবহাওয়া দূষিত হবে না।

**মাধ্যমিক স্তর পর্যন্ত বিনামূল্যে পাঠ্য পুস্তক সরবরাহ**

*২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার মাধ্যমিক স্তর পর্যন্ত বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন ;

(খ) রাজ্যে কতগুলি মাধ্যমিক বিদ্যালয় "বুক ব্যাঙ্ক" চালু আছে ; এবং

(গ) ঐ বিদ্যালয়গুলির গ্রন্থাগারগুলির উন্নতিকল্পে "অনুদান" দেবার কর্মসূচি আছে কি?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) আপাতত কেবল ষষ্ঠ শ্রেণীর গণিত বিনামূল্যে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

(খ) বর্তমানে ৩৫৫৮টি বিদ্যালয়ে চালু আছে।

(গ) হ্যাঁ।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী মহঃ সোহোরাব ঃ** ক্লাস সিক্স এ যে গণিত বইটি কবে নাগাদ পাওয়া যাবে?

**শ্রী পার্থ দে ঃ** এই মাসেই দেওয়া হবে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** বিদ্যালয়ের লাইব্রেরির জন্য অনুদানের ব্যবস্থা আছে এর প্রত্যেকটিতে কি পরিমাণ টাকা বরাদ্দ করেছেন।

**শ্রী পার্থ দে ঃ** মোট ১৩৭০টি মাধ্যমিক বিদ্যালয়ে বুক ব্যাঙ্ক তৈরি করা হয় এবং প্রত্যেকটি স্কুলে ২৫০০ টাকা দেওয়া হয়। জুনিয়র হাইস্কুল ২১৮৮টিতে এইরকম বুক ব্যাঙ্ক আছে এবং তাদের ১৫০০ টাকা করে অনুদান দেওয়া হয়েছে, এবং এই সমস্ত জুনিয়র হাইস্কুল ছাড়াও আরও কিছু বুক ব্যাঙ্ক আছে দু ক্লাস হাইস্কুলগুলিতে এদের প্রত্যেককে ৭৫০ টাকা দেওয়া হয়েছে।

**ইউ সি জি অনুমোদিত আংশিক সময়ের শিক্ষকদের ন্যূনতম বেতন**

*২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫১।) **শ্রী নীহারকুমার বসু ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, 'ইউ জি সি" অনুমোদিত আংশিক সময়ের (পার্ট টাইম) শিক্ষকদের বর্তমান ন্যূনতম বেতনহার মাসিক ১০০ (একশত) টাকা ; এবং

(খ) সত্য হইলে, উক্ত মাসিক বেতনহার পরিবর্তনের কথা কি সরকার চিন্তা করছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) হ্যাঁ বেসরকারি কলেজের আংশিক সময়ের শিক্ষকের সরকারের নির্ধারিত নির্দিষ্ট ভাতার পরিমাণ বর্তমানে মাসিক ১০০(একশত) টাকা। ইহার সহিত ইউ জি সি-র কোনও সম্পর্ক নাই।

(খ) বিষয়টি পে-কমিশনের আওতায় ছিল। বর্তমানে পে কমিশনের রিপোর্ট সরকারের বিবেচনাধীন।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাধ্যমিক স্কুলগুলিতে যে সমস্ত অশিক্ষক কর্মচারী আছে তাদের জন্য সরকার কোনও চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এদের বিষয়টি পে কমিশনের আওতায় ছিল সমস্ত বিষয়টি সরকার বিবেচনা করছেন। এই সমস্ত স্কুলে শিক্ষক কর্মচারিদের বেতন বা ভাতা কি হবে সেটা পে কমিশনের রিপোর্ট গ্রহণ করার পর আমি বলতে পারব।

**শ্রী মহঃ সোহোরাব ঃ** পে কমিশনের রিপোর্ট আর কত দিন বিবেচনাধীন থাকবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এই প্রশ্ন এখানে আসে না।

**শ্রী অনিল মুখার্জি ঃ** এই যে ১০০ টাকা হারে পার্টটাইমারদের বেতন দেওয়া হচ্ছে সেটা কোন সালে নির্ধারিত হয়েছিল?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ চাই।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** যে সব কলেজ এবং হায়ার সেকেন্ডারি স্কুলগুলিতে ১১ এবং ১২ ক্লাস আছে তারা কি তাদের ন্যায্য ইউ জি সি স্কেলে বেতন পাচ্ছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** কলেজগুলিতে এই রকম কোনও ব্যবস্থা নেই। কলেজগুলিতে অধ্যাপক যারা হায়ার সেকেন্ডারি এবং ডিগ্রি ক্লাসে সমস্ত ক্লাস নেন তাদের ক্ষেত্রে এরকম ব্যবস্থা নেই যেহেতু হায়ার সেকেন্ডারি হচ্ছে একটা ইনটিগ্রেটেড পার্ট।

**শ্রী অনিল মুখার্জি ঃ** কলেজ, বিশ্ববিদ্যালয়ে পার্টটাইমারদের মাহিনা কত?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ চাই।

**পেনসনভোগী অবসরপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষক**

*২৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৬।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতজন অবসরপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষক পেনসন পান ;

(খ) ৩১এ জানুয়ারি ১৯৮১ পর্যন্ত কতজন অবসরপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষক পেনসন মঞ্জুরের অপেক্ষায় আছেন ; এবং

(গ) উক্ত অপেক্ষমান মাধ্যমিক শিক্ষকগণের আশু পেনসন দানের ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) ৩২০০ জন অবসরপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষক বর্তমানে পেনসন পাইতেছেন।

(খ) ৬২৪ জন অবসরপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষক ৩১এ জানুয়ারি ১৯৮১ পর্যন্ত পেনসন মঞ্জুরের অপেক্ষায় আছেন।

(গ) মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শকদের নির্দেশ দেওয়া হইয়াছে যেমন অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনসনের কাগজপত্র যথাসম্ভব শীঘ্র মাধ্যমিক শিক্ষা অধিকারের (পেনসন শাখা) পাঠানো হয়।

কাগজপত্রে ভুলত্রুটি থাকিলে তাহা সংশোধন করিয়া যাহাতে সত্ত্বর পেনসন মঞ্জুর করা যায় সে সম্বন্ধে সর্বস্তরে যথাযথ ব্যবস্থা লইবার নির্দেশ দেওয়া হইয়াছে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্তমানে পেনসন মঞ্জুরের ক্ষেত্রে যে পদ্ধতি রয়েছে তার সরলীকরণ করা হবে কিনা?

**শ্রী পার্থ দে ঃ** এটা আমাদের হাতে নয়। স্বীকৃত পদ্ধতি যেটা রয়েছে তাতে অর্থ দপ্তরের ব্যাপার রয়েছে। তবে এটা যাতে ঠিকভাবে হয় সেইজন্য আমরা কতগুলি ব্যবস্থা গ্রহণ করেছি। পেনসনের ব্যাপারে যে দেরি হয় তার প্রধান কারণ হল, যে সমস্ত মাস্টার মহাশয়রা পেনসনের জন্য আবেদন করবেন তাদের সেই পেনসনের ব্যাপারে কতগুলি প্রয়োজনীয় কাগজপত্র দেবার কথা, কিন্তু অনেক ক্ষেত্রে সেগুলি থাকে না বলে অসুবিধা হয়। যেমন ধরুন, তিনি কোথায় চাকুরি করছেন, কতদিন চাকরি করেছেন ইত্যাদি বিষয়গুলি থাকা দরকার। এইসব থাকে না বলে আমরা সমস্ত বিদ্যালয়কে অনুরোধ করেছি শিক্ষক মহাশয়রা পেনসন নেবার আগেই যেন এই সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র তৈরি করে রাখার ব্যবস্থা করা হয়।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** বর্তমানে অবসর গ্রহণের বয়স কি এবং এটা কমাবার কথা চিন্তা করছেন কি?

**শ্রী পার্থ দে ঃ** এটা পে কমিশনের বিবেচ্য বিষয়।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, সরকারি কর্মচারিদের পেনসনের হার যখন বেড়েছে তখন যে সমস্ত শিক্ষক রিটায়ার করেছেন বা যারা অলরেডি পেনসন পাচ্ছেন তাদের পেনসনের হার সেইভাবে বাড়বে কিনা?

**শ্রী পার্থ দে ঃ** এ থেকে এই প্রশ্ন আসে না। তবে বিগত বছরে শিক্ষকদের পেনসনের হার বাড়ানো হয়েছে।

## বিশ্ববিদ্যালয় সার্ভিস কমিশন

*২৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৯।) **শ্রী অনিল মুখার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, রিডার ও প্রফেসর নিয়োগের ক্ষেত্রে ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন-এর মতো একটি বিশ্ববিদ্যালয় সার্ভিস কমিশন চালু করার কোনও প্রস্তাব রাজ্য সরকারের আছে কিনা ;

(খ) না থাকিলে, তাহার কারণ কি ; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উক্ত কমিশনের কাজ চালু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) না।

(খ) বিভিন্ন স্তরে শিক্ষকপদের নিয়োগের জন্য প্রতিটি বিশ্ববিদ্যালয়ের নিজ নিজ বিধিবদ্ধ নিয়ম আছে। পরিবর্তিত আইনগুলিতে শিক্ষকপদে নিয়োগের ব্যবস্থা রাখা হইয়াছে। সেজন্য আপাতত এবিষয় সরকার কোনওরূপ চিন্তা করেন নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয় বললেন বিশ্ববিদ্যালয়ের সিলেকশন কমিটি রয়েছে তারা এই সমস্ত নিয়োগগুলি করেন। আমার প্রশ্ন হচ্ছে বিগত ৩০ বছরে বিশ্ববিদ্যালয়ের সিলেকশন কমিটি সিলেকশনের ক্ষেত্রে কিছু কিছু বেআইনি নিয়োগ করেছে এই তথ্য আপনি জানেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এই প্রসঙ্গে এই প্রশ্ন আসে না।

**শ্রী অনিল মুখার্জি ঃ** বিশ্ববিদ্যালয়ের নিয়োগের ক্ষেত্রে বিভিন্ন সময় দুর্নীতি হয়েছে, যেমন দেখেছি, এম এস সি পাশ লোককে প্যাথোলজিতে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছে। সেইজন্য জানতে চাইছি ১৯৭২-৭৩-৭৪ সালে যে সমস্ত ঘটনা ঘটেছে সেটাকে পরিবর্তন করার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** *এই বিষয়ে পৃথকভাবে নোটিশ দিলে আমি উত্তর দেব।*

**বীরেশ্বরপুর জি এম এস এস মহাবিদ্যালয়ের ছাত্রাবাসের স্টাইপেন্ড-প্রাপ্ত ছাত্র**

*২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৪।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরেশ্বরপুর জি এম এস এস মহাবিদ্যালয়ের ছাত্রাবাসের ছাত্রদের জন্য ১৯৭৯-৮০ সালে কত টাকা স্টাইপেন্ড হিসাবে মঞ্জুর করা হইয়াছিল ;

(খ) উক্ত স্টাইপেন্ড-প্রাপ্ত ছাত্রদের সংখ্যা কত ; এবং

(গ) ঐ টাকা ঠিক সময়ে ছাত্রদের দেওয়া হইয়াছে কিনা সে বিষয়ে সরকারের নিকট কোনও তথ্য আছে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) বীরেশ্বরপুর গৌর মোহন শচীন মন্ডল মহাবিদ্যালয়ের ছাত্রাবাসের ছাত্রদের জন্য ১৯৭৯-৮০ সালের ভি পি আই স্টাইপেন্ড বাবদ কোনও টাকা মঞ্জুর করা হয় নাই বটে-তবে তফসিলি এবং আদিবাসী বিভাগ হইতে ১৯৭৯-৮০ সালে ঐ কলেজের তফসিলি জাতিভুক্ত ছাত্রদের জন্য ৮০,৬৭৫ টাকা এবং তফসিলি উপজাতিভুক্ত ছাত্রদের জন্য ১,০২৮ টাকা মঞ্জুর করিয়াছিলেন।

(খ) তফসিলি জাতিভুক্ত ছাত্র সংখ্যা ৯২ এবং তফসিলি উপজাতিভুক্ত ছাত্র সংখ্যা ১।

(গ) কলেজ কর্তৃপক্ষ বন্টনের প্রমাণপত্র এবং প্রাপকের প্রাপ্তি স্বীকার এবং তফসিলি এবং আদিবাসী বিভাগের নিয়ামক করিয়াছেন

**বিভিন্ন জেলায় ডি এস ই ও-র শূন্য পদ**

*২৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫০।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন জেলায় ডি এস ই ও-র পদ শূন্য আছে ;

(খ) সত্য হইলে, কতগুলি জেলায় উক্ত পদ শূন্য আছে ; এবং

(গ) পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন এবং কবে নাগাদ ঐ পদগুলি পূরণ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) না।

(খ) নিম্নলিখিত জেলায় জেলা সমাজ শিক্ষা আধিকারিকদের পদ খালি আছে ঃ কলকাতা, হাওড়া, মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, মালদা, নদীয়া, পুরুলিয়া, পশ্চিমদিনাজপুর, জলপাইগুড়ি ও কুচবিহার।

ইহা ছাড়া ২৪-পরগনা, মেদিনীপুর ও বর্ধমান জেলা অতিরিক্তি জেলা সমাজ শিক্ষা আধিকারিকের পদ শূন্য আছে।

(গ) পদোন্নতির নিয়মাবলির কিছু পরিবর্তন করিয়া পদগুলি পূরণের বিষয় বিবেচনাধীন করা হইতেছে। এই বিষয়ে আইন বিভাগের পরামর্শ চাওয়া হইতেছে। এই মুহূর্তে বলা সম্ভব হইতেছে না।

## Unstarred Questions
## (to which written Answers were laid on the Table)

### লবণহ্রদ অঞ্চলে হাউসিং বোর্ডের বাসগৃহ

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাউসিং বোর্ড কর্তৃক লবণহ্রদ অঞ্চলেই দুই লক্ষাধিক টাকার অধিক কিছু বাসগৃহ নির্মাণ করা হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) এ সকল বাসগৃহ নির্মাণ বাবদ কত অর্থ ব্যয় করা হইয়াছে ; এবং

(২) এই বাসগৃহগুলি কোন শ্রেণীর ব্যক্তিদের মধ্যে বণ্টন করা হইবে?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এই প্রকার ৭৪টি বাসগৃহ নির্মাণ করা হইতেছে।

(খ) (১) এ যাবৎ নয় লক্ষ পঁয়ষট্টি হাজার তিন শত পনের টাকা খরচ করা হইয়াছে।

(২) এই বাসগৃহগুলি উচ্চ আয়সম্পন্ন ব্যক্তিদের মধ্যে বণ্টন করা হইবে।

### পোলিও রোগ ও চিকিৎসা

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬২।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮০ সালে ১৫ বৎসর বয়স পর্যন্ত কতজন শিশু ও বালক-বালিকা পোলিও রোগে আক্রান্ত হইয়াছে? এরূপ কোনও পরিসংখ্যান সরকারের আছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ হলে এ সংখ্যা কত ;

(গ) পোলিও চিকিৎসার জন্য পশ্চিমবঙ্গে কতগুলি কেন্দ্র আছে এবং এইসব কেন্দ্রে মোট বেড সংখ্যা কত ;

(ঘ) পশ্চিমবঙ্গে শিশুদের অ্যান্টিজেন ও পোলিও এবং হাম নিরোধক টিকা বাধ্যতামূলক করার কোনও পরিকল্পনা আছে কিনা ;

(ঙ) ১৯৮০ সালে ডবল অ্যান্টিজেন ও ট্রিপল অ্যান্টিজেন দিবার কোনও লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল কি ; এবং

(চ) থাকিলে, উহা কতদূর সফল হইয়াছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২২০৬ জন বালক-বালিকা (১৫ বৎসরের নিচে) পোলিও রোগে আক্রান্ত হয়েছে।

(গ) কলকাতায় কেবলমাত্র পোলিও চিকিৎসার জন্য একটি মাত্র চিকিৎসা কেন্দ্র আছে। ইহার শয্যাসংখ্যা মোট ২০০। এছাড়া কলকাতারও বাহিরে সমস্ত সরকারি জেলা ও মহকুমা হাসপাতালে প্রয়োজনে পোলিও চিকিৎসা করা হয়।

(ঘ) না।

(ঙ) হ্যাঁ ছিল।

(চ) নিচে দেওয়া হইল।

| | লক্ষ্যমাত্রা | অ্যান্টিজেন প্রাপ্ত শিশুর সংখ্যা |
|---|---|---|
| ট্রিপল অ্যান্টিজেন | ৯.৫০ লক্ষ | ৪.৮৬ লক্ষ |
| বুস্টার ডোজ | ৩ লক্ষ | ২.০৩ লক্ষ |
| ডাবল অ্যান্টিজেন | ৮ লক্ষ | ৮.২৩ লক্ষ |

## Financial performance of the State Transport Undertakings

68. (Admitted question No. 71.) **Shri Rajani Kanta Doloi :** Will

the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether it is a fact that the financial performance of the State Transport Undertakings has deteriorated during the past few years ; and

(b) if so—

(i) what are the reasons for such deterioration in the financial performance of the State Transport Undertakings during 1978-79, 1979-80 and 1980-81 (up to January 1981),

(ii) the total loss sustained by the C.S.T.C., C.T.C., N.B.S.T.C. and D.S.T.C. during the periods mentioned above, and

(iii) the steps taken by State Government to minimise the losses and to make the undertakings viable ?

**Minister-in-charge of the Home (Transport) Department :**

(a) Yes.

(b) (i) The reasons are increase in operating cost due to rise in cost of fuel, electricity rates and other essential stores materials and also due to increase in total establishment cost as a result of increase in staff salary.

(ii)

| | Loss in lakhs of rupees | | |
|---|---|---|---|
| | 1978-79 | 1979-80 | 1980-81 (upto January 81) |
| C.S.T.C. | 14,32 | 14,55 (provisional) | 10,60 (provisional) |
| C.T.C. | 4,19 | 4,68 | 4,51 (estimated) |
| N.B.S.T.C. | 141.79 | 152.79 | 165.14 |
| | (provisional and excluding interest and depreciation charges) | | |
| D.S.T.C | 61.48 | 69.54 | 74.62 |
| | (excluding interest and depreciation charges) | | |

(iii) Steps taken to minimise losses and making the undertak-

ings viable (1) In C.S.T.C.—Fleet stabilisation programme has been drawn up with the World Bank's assistance for routine replacement of buses, renovation of existing depots and construction of new depots for better maintenance and increased availability of vehicles. A unit exchange programme will be implemented for quick repairs of buses. Pre booking system introduced for better realisation of fares. Fares have been revised to reduce gap between operating expenditure and income, etc. ;

(2) In C.T.C—Plans have been made under C.U.T.P. to increase the fleet strength of trams by purchasing 75 new trams, to increase the outshedding of trams by complete renovation of 105 old trams and rebuilding of 60 trams, to make tram services smooth by overhauling of permanent way and overhead system. Fares have been revised to reduce gap between operational cost and income ; and

(3) In N.B.S.T.C. and D.S.T.C.—By purchasing new buses and replacing over-aged buses and also by revising fares to reduce gap between operational cost and income.

**Increase of industrial sickness**

69. (Admitted question No. 76.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Closed and Sick Industries Department be pleased to state—

(a) if it is a fact that the incidence of industrial sickness in West Bengal has increased during the past few years ;

(b) if so—

(i) what are the reasons,

(ii) what corrective measures have been adopted by the State Government ; and

(c) what assistance has been rendered to the industrial sick units in West Bengal by the State Government and the Industrial Reconstruction Corporation of India during the period from July, 1977 to January, 1981 ?

**Minister-in-charge of Closed and Sick Industries Department :**

(a) There are no materials with this Government to substantiate that the incidence of industrial sickness in West Bengal has

increased during the past few years.

(b) Does not arise.

(c) The present Government attaches special importance to the task of reviving closed/sick industrial units. It is not possible for this Government with its limited resources to take care of relatively big closed/sick units. It has, therefore, been the persistent effort of this Government to get the Government of India interested in their venture for revival of such units. At the initiative of the Government the management of a good number of closed/sick industrial units in this State was taken over by the Government of India under the I (D&R) Act, 1951, during the period from July, 1977 to January 1981. This Government has assumed full financial and managerial responsibilities for running these units. Besides at the intervention of this Government some closed/sick units in the State have also been revived during the period, in question, and they are being run by forming Workers' Co-operative and other methods. A good number of closed/sick units have also been re-opened/ revived through the facilities provided under West Bengal Relief Undertakings (Special Provisions) Act, 1972. Apart from these, during the period in question, some closed/sick units have been taken up for reconstruction with the joint efforts of this Government, financing Bank and I.R.C.I.

**Sealdah Flyover Project**

70. (Admitted question No. 95.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Public Works (MD) Department be pleased to state—

(a) if it is a fact that in the revised Sealdah Flyover Project the proposal for construction of approach ramp on Bepin Behari Ganguly Street has been abandoned ; and

(b) if so, the reason thereof?

**Minister-in-charge of the Public Works (MD) Department :**

(a) Yes.

(b) According to survey the number of vehicles using B.B.Ganguly Street is limited. The number of pedestrians and commaters using B.B.Ganguly Street is very large. Thus by not having the

ramp connection on B.B.Ganguly Street, better facility would be extended to the huge number of commuters. It will also facilitate proper integration of various activities as well as other development programmes in the area.

**Funds for upgradation of Judicial Administration**

71. (Admitted question No. 96.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that the Government of India during the tenure the of present Government in the State has allotted funds for upgradation of Judicial Administration in West Bengal.

(b) if so—

(i) the amount alloted for the above mentioned purposes up to January 1981,

(ii) to what extent the amount has been utilised; and

(iii) the purpose for which such funds have been utilised?

**Minister-in-charge of Judicial Department :**

(a) Yes.

(b) (i) The following are the details of the expenditures for which administrative approval has been accorded by the Government of India up to January 1981—

(a) Recurring revenue expenditure on setting up of nine-higher eighteen lower courts—Rs. 11,45,000.

(b) Non-recurring revenue expenditure on setting up of nine higher eighteen lower courts—Rs. 8,10,000.

(c) Capital expenditure on construction of court buildings and residential quarters in respect of ten higher courts and fifty lower court—Rs. 90,50,000.

Out of the amount mentioned above, a sum of Rs. 7,55,750 has so far been released in favour of this Government by the Government of India as temporary "Ways and Means" advance.

(ii) The exact figure is not available with the Government.

References are, however, being made to the District judges for furnishing particulars of such amount utilised for establisment of new courts out of the grants of the Government of India.

(iii) So far, eight higher courts and seventeen lower courts have been established.

No funds have been utilised yet for construction of court buildings and residential quarters.

**সরকারি উকিলদের জন্য অর্থ বরাদ্দ**

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬।) **শ্রী কিরণময় নন্দ** : বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে হাইকোর্টে সরকারি উকিলদের জন্য কত টাকা বরাদ্দ ছিল

(খ) ঐ বরাদ্দ টাকার মধ্যে কত টাকা ৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত খরচ হইয়াছে এবং ইহার জন্য অতিরিক্ত টাকার দরকার হইয়াছে কিনা ; এবং

(গ) উক্ত সময়ের মধ্যে সরকারি উকিলগণের মধ্যে কে কত টাকা ফি বাবদ পাইয়াছেন?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** :

(ক) কেবলমাত্র হাইকোর্টের সরকারি উকিলদের পারিশ্রমিক ও বেতন বাবদ পৃথকভাবে কোনও অর্থ বরাদ্দ করা হয় না। রাজ্যের সর্বশ্রেণীর সরকারি আইনজীবীদের জন্য প্রতি বছর নির্দিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দ করা হইয়া থাকে। চলতি আর্থিক বছরে এই বাবদ মোট ১৬,০০,০০০ টাকা প্রথমে বরাদ্দ ছিল।

(খ) ১৯৮০ সালের অক্টোবর মাসেই ঐ বরাদ্দের সব অর্থ ব্যয় হইয়াছে এবং ইহার ফলে অতিরিক্ত অর্থ বরাদ্দ করিতে হইয়াছে।

(গ) বিভিন্ন শ্রেণীর সরকারি আইনজীবীদের বেতন বা পারিশ্রমিকের আলাদাভাবে কোনও হিসাব রাখা হয় না, এ সম্বন্ধে পৃথকভাবে হিসাব করিতে হইলে দীর্ঘ সময়ের প্রয়োজন।

**জলপাইগুড়ি জেলায় মৎস্যচাষ**

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭।) **শ্রী মনোহর তিরকি** : মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে জলপাইগুড়ি জেলায় মৎস্যচাষের জন্য কোনও পরিকল্পনা ছিল কি ; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে ঐ পরিকল্পনার পূর্ণ বিবরণ কি?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) জলপাইগুড়ি জেলায় ১৯৮০-৮১ সালে মৎস্যচাষের উন্নতি বিধানের জন্য যে সকল প্রকল্প চালু আছে সেইগুলির রূপরেখা নিম্নে দেওয়া হইল ঃ—

(১) সমষ্টি উন্নয়ন ব্লকের অধীনে মৎস্যচাষীদের সরকারি ভরতুকিতে মৎস্যবীজ বিতরণ করা ;

(২) ছোট মৎস্যচাষীদের সংঘবদ্ধ করা ও মৎস্যোৎপাদন সংঘ (ফিস প্রোডাকশন গ্রুপ) গঠন। এই সংঘ বা গ্রুপের অধীনে সরকারি আর্থিক সহায়তায় যৌথ আঁতুড় ও পালন পুকুরে ধানি পোনা/চারা পোনা উৎপাদন ও বিতরণ ;

(৩) অঞ্চল ভিত্তিক/ব্লক ভিত্তিক/ জেল ভিত্তিক মৎস্যচাষী দিবস ও প্রদর্শনী এবং মৎস্যচাষীদের সুবিধা ও অসুবিধা সম্বন্ধে আলোচনা এবং অসুবিধা হ্রাসের প্রচেষ্টা ;

(৪) মৎস্যচীষীদের বিজ্ঞান ভিত্তিক মৎস্যচাষ প্রশিক্ষণ ;

(৫) কৃত্রিম প্রজননের মাধ্যমে মৎস্যবীজ উৎপাদন ;

(৬) মৎস্যচাষীদের বিভিন্ন প্রকল্পের আওতায় শতকরা পঁচিশ ভাগ ভরতুকিতে মৎস্য চাষের জন্য ব্যাঙ্ক হইতে ঋণ প্রদান ব্যবস্থা গ্রহণ ;

(৭) জেলার বিভিন্ন মৎস্যজীবী সমিতিকে আর্থিক ও কারিগরি সাহায্য করা ;

(৮) মৎস্য চারা বাহকদের হাঁড়ি বিতরণ করা।

ইহা ছাড়া স্টেট ফিসারিস ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ-এর মাধ্যমে বর্তমান বছরে জলপাইগুড়ি জেলার 'করতোয়া' জলাশয়ে মৎস্যচাষের এক পরিকল্পনা আছে।

## কলকাতায় ডাকাতি

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯।) **শ্রী কিরণময় নন্দ ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কলকাতা শহরে কতগুলি ডাকাতির ঘটনা ঘটিয়াছে?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ঐ সময়ে কলকাতা শহরে সর্বমোট ১৩০টি ডাকাতির ঘটনা লিপিবদ্ধ হয়েছে।

## Electrification of Mouzas

75. (Admitted question No. 254.) **Shri A. K. M. Hassan Uzzaman**

: Will the Minister-in-charge of the Power Department be pleased to state the number of mouzas electrified during the period—

(i) from April, 1972 to March, 1977; and

(ii) from July, 1977 to January, 1981 ?

**Minister-in-charge of Power Department :**

Number of mouzas electrified in West Bengal during the period:

(i) From April, 1972 to March, 1977—7,810.

(ii) From July, 1977 to January, 1981—2,577.

### Growth of Private and Public Sector in Passenger Transport

76. (Admitted question No. 270.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state, the percentage of growth of Public Sector as compared to the growth of Private Sector in Passenger Transport in West Bengal during the tenure of the present Government (up to January, 1981) ?

**Minister-in-charge of Home (Transport) Department :**

The Government has no machinery to Collect relevant statistics regarding operation and growth of Passenger Transport Services run by the Private Operators. There is also no other source from which any reliable data in the matter is available. As such it is not possible to indicate a comparative growth rate of the Passenger Transport Services in the Private Sector vis-a-vis Public Sector.

However, the growth rate in respect of Passenger Transport Services run by the State Undertakings are furnished below:

| (i) D.S.T.C. | 1977-78 | 1978-79 | 1979-80 | 1980-81 (up to January, 1981) |
|---|---|---|---|---|
| Fleet position | 107 | 121 | 128 | 146 |
| Outshedding | 63 | 65 | 78 | 82 |
| Revenue (Rs. in lakhs) | 74.07 | 85.17 | 106.00 | 99.84 |
| Effective k.m. (in lakhs) | 57.73 | 57.11 | 63.82 | 56.31 |

| (ii) NBSTC | 1976-77 | Position during the tenure of present Govt. up to January, 1981 |
|---|---|---|
| Fleet position | 297 | 368 |
| | Rs. | Rs. |
| Aver. ge daily earnings | 74,101 | 1,20,128 |
| Average daily outstanding | 197 | 273 |
| Total Route km. | 19,230 | 22,275 |

| (iii) CSTC | 1976-77 | 1980-81 (up to January, 1981) |
|---|---|---|
| Route km. | 6,304.19 | 8,245.20 |
| Effective km. (daily) | 97,330 | 1,17,643 |
| | Rs. | Rs. |
| Revenue | 2,14,128 | 3,93,827 |

(iv) C.T.C. : Total fleet strength remained 438 since the assumption of power by the present Government.

New routes—(i) Route No. 27 (Behala to Ballygunge) and (ii) Route No. 12A (Birla Planetarium to Howrah) were opened during this period by rationalisation of the system.

### Goods Transport Services

77. (Admitted question No. 271.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(i) if it is a fact that presently goods transport services are being run by some State Transport Undertakings in West Bengal ;

(b) if so—

(i) what were the financial results of such operations during 1978-79 and 1979-80, and

(ii) what steps have been taken to make such operations

economically viable ?

**Minister-in-charge of the Home (Transport) Department :**

(a) Yes, goods transport services are being run by the North Bengal State Transport Corporation in West Bengal.

| (b) | 1978-79 | 1979-80 |
|---|---|---|
| | (in lakhs of rupees) | |
| (i) Gross revenue | 20.08 | 23.03 |
| Total revenue earnings (Expenditure depreciation interest and redumption of loan) | 34.48 | 35.45 |
| Deficit (Excluding depreciation, interest and redumption of loan) | 14.40 | 12.42 |

(iv) Efforts are being made by the North Bengal State Transport Corporation to develop the goods transport services by procuring handsome business from the public as well as from the Government.

## Classification of Industrial Workers

78. (Admitted question No. 282.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the State Government has any information about the classification of industrial workers in West Bengal according to their State of origin ;

(b) if so, the percentage of the sons of West Bengal and of those hailing from outside West Bengal employed in jute, glass, chemical, rubber industries and all other industries combined as on the first day of the years 1978, 1979, 1980 and 1981 ?

**Minister-in-charge of Labour Department :**

(a) and (b) Figures for earlier years have been published in Labour in West Bengal, 1979 ;

Authentic figures for the last years are not available.

## পশ্চিমবঙ্গের শহরগুলিতে স্টেডিয়াম

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৩।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৯-৮০ ও ১৯৮০-৮১ (জানুয়ারি মাস পর্যন্ত) সালে পশ্চিমবাংলায় কোন কোন শহরে স্টেডিয়াম নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ ও খরচ করা হইয়াছে।

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৭৯-৮০ ও ১৯৮০-৮১ (জানুয়ারি মাস পর্যন্ত) পশ্চিমবাংলায় নিম্নলিখিত শহরগুলিতে স্টেডিয়াম নির্মাণের জন্য বিয়াল্লিশ লক্ষ পঁচিশ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে—

(১) বর্ধমান, (২) মালদা, (৩) কালনা, (৪) শিলিগুড়ি, (৫) চন্দননগর, (৬) বিধাননগর (সল্টলেক সিটি)।

## এল আর অ্যাক্ট অনুযায়ী প্রাপ্ত সরকারি খাস জমি

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭১।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে এল আর অ্যাক্টের ৭(ক) ধারা এবং ই এ অ্যাক্ট অনুসারে মোট কত জমি সরকারের হাতে এসেছে ;

(খ) পশ্চিম দিনাজপুর জেলায় অনুরূপ জমির পরিমাণ কত ; এবং

(গ) পশ্চিম দিনাজপুর জেলায় এ পর্যন্ত সরকারের অনুকূলে বর্তানো কত জমির দখল নেওয়া হয়েছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এখন পর্যন্ত যে তথ্য সংগৃহীত হয়েছে তাহা থেকে জানা যায় যে ৩১-১২-১৯৮০ পর্যন্ত এল আর অ্যাক্ট ও ই এ অ্যাক্ট অনুসারে পশ্চিমবঙ্গে ১২,১১,৬১৭ একর জমি সরকারের হাতে এসেছে। এর মধ্যে ১-১-১৯৮০ থেকে ৩১-১২-১৯৮০ পর্যন্ত ন্যস্ত কৃষিজমির পরিমাণ ৩৪.৪৩৭ একর।

(খ) ৩১-১২-১৯৮০ পর্যন্ত এল আর অ্যাক্ট ও ই এ অ্যাক্ট অনুসারে পশ্চিমদিনাজপুর জেলায় ১,৪৮,৬৯৬ একর কৃষি জমি সরকারের হাতে এসেছে। এর মধ্যে ১-১-১৯৮০ ৩১-১২--১৯৮০ পর্যন্ত ন্যস্ত জমির পরিমাণ ৯,৭৪৮ একর।

(গ) পশ্চিম দিনাজপুর জেলায় এ পর্যন্ত ১,০৯,৫৭৭ একর কৃষি জমি সরকারের আনুকূল্যে দখল নেওয়া হয়েছে।

**পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর ও রায়গঞ্জ বর্গাদার হিসাবে নাম নথিভুক্তি**

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৯।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অপারেশন বর্গায় পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর ও রায়গঞ্জ মহকুমায় সরকারি লক্ষ্যের চাইতেও অনেক কম বর্গাদারের নাম নথিভুক্ত হয়েছে ; এবং

(খ) সত্য হইলে, এর কারণ কি?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) ইসলামপুর মহকুমায় পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনে জরিপের কাজ সম্প্রতি আরম্ভ করা হচ্ছে। সেখানে অপারেশন বর্গার কাজ এখনও ব্যাপকভাবে শুরু হয়নি।

অপারেশন বর্গার জন্য মহকুমাওয়ারি কোনও লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। ইসলামপুর মহকুমা ছাড়া পশ্চিম দিনাজপুর জেলায় নথিভুক্ত বর্গাদারের সংখ্যা ৮৪,৯৫৫।

**প্রাথমিক শিক্ষা স্তরে আশ্রম টাইপ হোস্টেল স্থাপন**

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৯।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** মাননীয় শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৭৯ সালের এপ্রিল থেকে ১৯৮১ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত প্রাথমিক স্তরে কতগুলো আশ্রম টাইপ (আই টি ডি পি এরিয়ায়) তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছিল ; এবং

(খ) উক্ত হোস্টেলগুলির মধ্যে ১লা ফেব্রুয়ারি, ১৯৮১ পর্যন্ত কতগুলির তৈয়ারির কাজ শেষ হয়েছে?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২০ (কুড়ি)।

(খ) এখনও সম্পূর্ণ হয় নাই।

**পান্ডবেশ্বর ও ভীমগড়ে সেতু**

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭১।) **শ্রী সুনীল মজুমদার ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পান্ডবশ্বের ও ভীমগড়ের মাঝে অজয় নদীর উপর সেতু নির্মাণের কোনও পরিকল্পনা

আছে কি ; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে বলা সম্ভবপর নহে।

**শিল্পপণ্য ও কৃষিপণ্যের মূল্যমানের সমতারক্ষা**

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিপণ্যের ন্যায্য মূল্য ও শিল্পপণ্যের মূল্যমানের সমতারক্ষায় রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(খ) এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোনও কথাবার্তা হয়েছে কি?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অধিকাংশ কৃষিপণ্যের (যথা ধান, পাট, গম সরিষা ইত্যাদি) সহায়ক মূল্য স্থির করে থাকেন কেন্দ্রীয় সরকার। সহায়ক মূল্যে খরিদের উদ্দেশ্যে আলুর ক্ষেত্রে রাজ্য সরকার এ বৎসর গুণানুসারে তিন রকম মূল্য স্থির করেছেন—ছোট ৭০ টাকা, মাঝারি ৭৫ টাকা ও বড় ৮০ টাকা। শিল্পপণ্য ও কৃষিপণ্যের সমতা রক্ষা রাজ্য সরকারের এক্তিয়ারে নহে।

(খ) পঞ্চায়েতের মাধ্যমে কেন্দ্রীয় সরকার নির্ধারিত মূল্যে বিগত দু বৎসর জুট কর্পোরেশন এবং সমবায় সমিতির সহায়তায় পাট কেনার ব্যবস্থা করা হয়েছিল। বর্তমান বৎসরে পঞ্চায়েত, সমবায় সমিতি ও নিয়ন্ত্রিত বাজার কর্তৃক কেন্দ্রীয় সরকারের নির্ধারিত সহায়ক মূল্যে ধান ক্রয় করার ব্যবস্থা করা হয়েছে, কেন্দ্রীয় সরকারের ঘোষিত সহায়ক মূল্যে গম কেনার সিদ্ধান্তও নেওয়া হয়েছে।

এছাড়া পশ্চিমবঙ্গে উৎপাদিত সমস্ত পাট জুট কর্পোরেশনের মাধ্যমে কেনা এবং পাটের সহায়ক মূল্য স্থির করার সময় শিল্পপণ্যের মূল্য বিবেচনা করার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে পত্রালাপ চলছে।

**ট্রাম-পরিবহনে 'পেন্টোগ্রাফ' ব্যবস্থা প্রচলন**

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, ট্রামগুলিকে গতিবেগ সম্পন্ন ও আধুনিকীকরণের জন্য ট্রাম-পরিবহনে "পেন্টোগ্রাফ" ব্যবস্থা গড়ে তোলার সিদ্ধান্ত

নেওয়া হচ্ছে?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** ইহা সত্য নহে।

**ষষ্ঠ পরিকল্পনার মাধ্যমে বেকার সমস্যার সমাধান**

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৫।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কেন্দ্রীয় সরকার ষষ্ঠ পরিকল্পনার মাধ্যমে এই রাজ্যের বেকার সমস্যা সমাধানের জন্য বিশেষ কোনও কর্মসূচি গ্রহণ করিতেছেন এ তথ্য, রাজ্য সরকারের জানা আছে কি?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পশ্চিমবঙ্গের জন্য এইরূপ বিশেষ কোনও কর্মসূচি কেন্দ্রীয় সরকার ষষ্ঠ পরিকল্পনায় গ্রহণ করেন নি।

**বরোয়াঁ উন্নয়ন ব্লকে আলু উৎপাদন**

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৬।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বরোয়াঁ উন্নয়ন ব্লকে সাধারণত কি পরিমাণ আলু উৎপন্ন হইয়া থাকে ;

(খ) বর্তমান আর্থিক বৎসরে (৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত) ঐ এলাকায় কি পরিমাণ আলু উৎপন্ন হইয়াছে ; এবং

(গ) আলু চাষীদের প্রধান অসুবিধাগুলি দূর করিবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলার বরোয়াঁ উন্নয়ন ব্লকে সাধারণত আনুমানিক ২৬,০০০ টন মতো আলু উৎপন্ন হইয়া থাকে।

(খ) বর্তমান, আর্থিক বৎসরে (৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত) ঐ এলাকায় আনুমানিক ১৪,০০০ টন আলু উৎপন্ন হইয়াছে।

(গ) আলুচাষীদের অসুবিধা দূর করার জন্য—

(১) বীজ পরিবর্ধনের জন্য ৬৫ কুইন্টাল সরকারি কৃষি খামারে উৎপন্ন বীজ ন্যায্যমূল্যে সরবরাহ করা হয়েছে ;

(২) ৫০টি আলু-মিনিকিটের মাধ্যমে ঐ এলাকায় বীজ পরিবর্ধনের ব্যবস্থা করা হয়েছে ;

(৩) ধসা রোগ প্রতিরোধের জন্য ১,০০০ একরে প্রতিরোধক ব্যবস্থা নেওয়া হয়েছে ; এবং

(৪) বরোয়াঁ ব্লকটিকে আলু শস্যবীমা পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে।

**কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প**

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৭।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প" নিয়ে কেন্দ্রীয় সরকার রাজ্যের বিরুদ্ধে কোনও অভিযোগ এনেছেন কি ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তাহা হইলে উক্ত অভিযোগের খন্ডনের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) 'কাজের বিনিময়ে খাদ্য, প্রকল্প নিয়ে কেন্দ্রীয় সরকার রাজ্যের বিরুদ্ধে সরাসরি কোনও অভিযোগ আনেন নি। তবে কেন্দ্রীয় সরকারের দুজন আধিকারিক এই রাজ্যে মাত্র ৪টি জেলার কয়েকটি স্থান সফর করে একটি প্রতিবেদন দিয়েছিলেন। সেই প্রতিবেদনটির ওপর রাজ্য সরকারের মন্তব্য কেন্দ্রীয় সরকার জানতে চেয়েছিলেন। প্রতিবেদনটিতে এই রাজ্যে 'কাজের বিনিময়ে খাদ্য' প্রকল্প কর্মসূচি রূপায়ণ সম্পর্কে কিছু মন্তব্য ছিল।

(খ) মন্তব্যগুলি ভিত্তিহীন এবং ঐ মন্তব্যাদি খন্ডন করে রাজ্য সরকারের মন্তব্য ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারকে জানানো হয়েছে। কিন্তু এ বিষয়ে আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর কোনও উত্তর পাওয়া যায় নি।

**হুগলি নদীর ফেরিঘাটে লঞ্চ চলাচল**

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯২।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে হুগলি নদীতে কয়টি ফেরিঘাটে লঞ্চ চলাচল করে ;

(খ) উক্ত লঞ্চের সংখ্যা কত ;

(গ) উক্ত লঞ্চের সংখ্যা বাড়ানো হবে কি না ; এবং

(ঘ) নতুন ফেরিঘাট খোলার কথা সরকার বিবেচনা করছেন কি না?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে হুগলি নদীতে ১৮টি ফেরিঘাট লঞ্চ চলাচল করে।

(খ) ৪০টি।

(গ) ক্রমবর্ধমান যাত্রীর সংখ্যা বিবেচনা করে ভবিষ্যতে উক্ত লঞ্চের সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে।

(ঘ) হ্যাঁ।

**রুর‍্যাল ও সাবডিভিসনাল লাইব্রেরি**

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৮।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবাংলায় জেলাওয়ারি রুর‍্যাল ও সাবডিভিসনাল লাইব্রেরির সংখ্যা কত?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৭৮-৭৯ সাল পর্যন্ত সরকার ঘোষিত (স্পনসর্ড) রুর‍্যাল ও সাবডিভিসনাল লাইব্রেরির জেলাওয়ারি সংখ্যা নিম্নরূপ—

| | জেলা | সাব ডিভিসনাল লাইব্রেরি | রুর‍্যাল লাইব্রেরি |
|---|---|---|---|
| ১। | বাঁকুড়া | ১ | ৪১ |
| ২। | বীরভূম | ১ | ৪৫ |
| ৩। | বর্ধমান | ৩ | ৬২ |
| ৪। | কলকাতা | — | ১৫ |
| ৫। | কুচবিহার | ১ | ৪২ |
| ৬। | দার্জিলিং | ৩ | ৬৩ |
| ৭। | হুগলি | ১ | ৫৬ |
| ৮। | হাওড়া | ১ | ৫৫ |
| ৯। | জলপাইগুড়ি | ১ | ৩৭ |
| ১০। | মালদা | — | ৩০ |
| ১১। | মেদিনীপুর | ৩ | ৭৭ |
| ১২। | মুর্শিদাবাদ | ২ | ৪১ |
| ১৩। | নদীয়া | ১ | ৩৯ |
| ১৪। | পুরুলিয়া | ১ | ৪১ |
| ১৫। | পশ্চিম দিনাজপুর | ১ | ৩৮ |
| ১৬। | ২৪-পরগনা | ৪ | ৯৪ |
| | | ২৪ | ৭৭৬ |

১৯৭৯-৮০ সালে ১০০০ রুর‍্যাল লাইব্রেরি প্রতিষ্ঠার জন্য সরকারি অনুমোদন দেওয়া হইয়াছে তাহার জেলাওয়ারি সংখ্যা নিম্নরূপ—

| | জেলা | রুর‍্যাল লাইব্রেরি |
|---|---|---|
| ১। | বাঁকুড়া | ৫০ |
| ২। | বীরভূম | ৪২ |
| ৩। | বর্ধমান | ৮৫ |
| ৪। | কলকাতা | ৮৫ |
| ৫। | কুচবিহার | ৪২ |
| ৬। | দার্জিলিং | ৪০ |
| ৭। | হুগলি | ৫৫ |
| ৮। | হাওড়া | ৫৫ |
| ৯। | জলপাইগুড়ি | ৪৫ |
| ১০। | মালদা | ৪৫ |
| ১১। | মেদিনীপুর | ১১০ |
| ১২। | মুর্শিদাবাদ | ৭০ |
| ১৩। | নদীয়া | ৪৫ |
| ১৪। | পুরুলিয়া | ৪২ |
| ১৫। | ২৪-পরগনা | ১৪৫ |
| ১৬। | পশ্চিম দিনাজপুর | ৪৪ |
| | | ১০০০ |

## Standard of education in schools

91. (Admitted question No. 694.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education (Primary, Secondary and Library Services) Department be pleased to state—

(a) if the present State Government during its tenure has received any indication of detoriation of standard of education in school during the past few years ; and

(b) if the answer to clause (a) be in the affirmative, will he please state the steps that have been taken by the Government or by the West Bengal Board of Secondary Education to ensure proper Standard of Schools ?

**Minister-in-charge of Education (Primary, Secondary and Library Services) :**

(a) No.

(b) Does not arise.

**Measures to fight inflation**

92. (Admitted question No. 711.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Chief Minister be pleased to state—

(a) if the present Government of West Bengal has recommended any measures to the Centre to fight inflation;

(b) if so—

(i) what are the measures suggested by the State Government to the Centre, and

(ii) what action has been taken by the State Government to check inflation in West Bengal?

**Chief Minister :**

(a) Yes; the present Government of West Bengal has recommended some measures to the Union Government to fight inflation.

(b) (i) The measures suggested are summarised in paragraph 27 on pages 10-11 of the "Text of Statement" made by the Chief Minister, Government of West Bengal at the Chief Ministers' Conference held on the 27th September, 1979. A copy of the Text of Statement is laid on the Library table.

(ii) To check inflation in West Bengal, the State Government has taken steps to supply a limited range of basic commodities to the public on the basis Commodities Supply, Corporation to streamline its activities and to utilise its existing funds, along with whatever resources it can command from the banking sector, for expanding the distribution of pulses, edible oils, sugar and a number of other essential commodities even where no Union Government initiatives are forthcoming. The fullest use is also made of the provisions of the Essential Commodities Act, the Storage Control Orders and the prices and Stocks Display Orders to enforce the maximum price discipline, both at the wholesale and at the retail levels. Administrative steps

have been taken against those dealers and businessmen who are in the habit of not getting their consignments relased from rail wagons ; such actions will continue, and there will be a mobilisation of people and mass organisations to check the nefarious doings of profiteers.

### Adulteration of High Speed Diesel

93. (Admitted question No. 726.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has any report indicating recent spurt in the incidence of adulteration of High Speed Diesel with kerosene ; and

(b) if so, what action has been taken by the State Government in the matter ?

**Minister-in-charge of the Food and Supplies Department :**

(a) There is a strong suspicion because of the big price difference between two commodities.

(b) Supply of kerosene oil from delivery point to dealers is monitored so that it reaches the consumers and is not utilised for purposes other than that it is intended for.

### Japanese Encephalities

94. (Admitted question No. 750.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) the number of cases of Japanese encephalities reported in West Bengal during last three years ;

(b) the number of cases which proved fatal during the period mentioned above ;' and

(c) the preventive measures taken by the State Government in the matter ?

**Minister-in-charge for the Health and Family Welfare Department :**

(a)

| Year | Attacks |
|---|---|
| 1978-79 | 1,337 |

| | |
|---|---|
| 1979-80 | 1,245 |
| 1980- | 62 |

(b)

| Year | Deaths |
|---|---|
| 1978-79 | 614 |
| 1979-80 | 479 |
| 1980- | 27 |

(c) The preventive mesures taken by the State Government are as follows—

(1) finding out the cases and hospitalisation ;

(2) Collection of C.S.F., Blood, Sera from the patient for laboratory examination ;

(3) spraying of the affected house along with the surrounding houses and cattle sheds, pig styes with B.H.C. ;

(4) collection of mosquitos for isolation of Japanese encephalities virus ; and

(5) import of Japanese encephalitis vaccine from Japan for immunisation purpose.

**Educated job seekers through Employment Exchange**

95. (Admitted question No. 763.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Labour Department be pleased to state—

(a) the number of educated job seekers in the live registers of Employment Exchange in West Bengal as on (i) 31st December, 1979, and (ii) 31st December, 1980 ;

(b) the number of appointments of educated job seekers made through Employment Exchanges during (i) 1978, (ii) 1979 and (iii) 1980 ;

(c) qualification-wise break up of (a) and (b) above ; and

(d) the number of persons in (a), (b) and (c) above belonging to (i) Scheduled Castes (ii) Scheduled Tribes and (iii) Muslim Community ?

[ 9th March, 1981 ]

**Minister-in-charge of the Labour Department :**

| | |
|---|---|
| | (in thousand) |
| (a) 31-12-1979 | 852.3 |
| 31-12-1980 | 1,127.9* |
| | *(Provisional). |
| | (in hundred) |
| (b) 1978 | 53.4 |
| 1979 | 58.4 |
| 1980 | 56.4 |
| | *(Provisional) |
| | (In thousand) |

| (c) Job-seekers : | 31-12-1979 | 31-12-1989 |
|---|---|---|
| S.F. Passed | 331.4 | 471.6 |
| Under-Graduates | 373.0 | 469.1 |
| Graduates and above— | | |
| (a) Arts | 64.0 | 84.6 |
| (b) Science | 46.6 | 56.9 |
| (c) Commerce | 31.8 | 37.8 |
| (d) Others | 5.5 | 7.9 |
| | | (Provisional) |
| | | (in hundred) |

| Placement | 1978 | 1979 | 1980 |
|---|---|---|---|
| S.F. Passed | 13.5 | 15.9 | 15.2 |
| Under-Graduates | 20.3 | 25.1 | 23.9 |
| Graduates and above— | | | |
| (a) Arts | 7.2 | 7.5 | 6.6 |

| | | | |
|---|---|---|---|
| (b) Science | 6.4 | 5.1 | 4.5 |
| (c) Commerce | 4.8 | 3.9 | 4.9 |
| (d) Others | 1.2 | 0.9 | 1.3 |

(d) Scheduled Caste and Scheduled Tribe-wise break ups are not readily available. Community-wise statistics are not maintained.

**Appointments under Labour Department**

96. (Admitted question No. 767.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of persons appointed to Class II, Class III and Class IV posts under the Labour Department and the Directorate during the tenure of the present Government in West Bengal (up to January 1981); and

(b) the number of them belonging to (i) Scheduled Castes, (ii) Scheduled Tribes, and (iii) Muslim Community ?

**Minister-in-charge of the Labour Department :**

(a) 1,496.

(b) (i) 291, (ii) 32 and (iii) 20.

**Industrial Disputes**

97. (Admitted question No. 780.) **Shri Shaikh Imajuddin** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the total number of industrial disputes reported during the tenure of the present Government in West Bengal (up to January 1981); and

(b) the number of man-days lost on account of strikes and lock-outs during the above period ?

**Minister-in-charge of the Labour Department :**

(a) From July, 1977 to January, 1981—23,335.

(b) (i) On account of strike—22,610,710, (ii) on account of lock-out—19,91,900.

## Appointments under Youth Services Department

98. (Admitted question No. 781.) **Shri Shaikh Imajuddin** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Youth Services Department be pleased to state—

(a) the number of persons appointed to Group 'B' and Group 'C' posts under the Youth Services Department and Directorate during the period from July, 1977 to January, 1981 ; and

(b) the number of them belonging to (i) Scheduled Castes (ii) Scheduled Tribes, and (ii) Muslim Community ?

**Minister-in-charge of the Youth Services Department :**

(a) The number of persons appointed to Group 'B' and Group 'C' posts are as follows :

(1) Group 'B'—2 persons.

(2) Group 'C'—316 persons.

(b) (i) Scheduled Castes—88 persons, (ii) Scheduled Tribes—15 persons, and (iii) Muslim Community—10 persons.

## Number of officials working in the Governor's Secretariat

99. (Admitted question No. 782.) **Shri Shaikh Imajuddin** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) the number of officials working in the Governor's Secretariat as on the 31st January, 1981 ; and

(b) the number of them belonging to (i) Scheduled Castes, (ii) Scheduled Tribes, and (iii) Muslim Community ?

**Minister-in-charge of the Home (Political) Department :**

(a) Fifty-nine.

(b) (i) one, (ii) and (iii) Nil.

## Appointment under Excise Department

100. (Admitted question No. 789.) **Shri Shaikh Imajuddin** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) the number of persons appointed to Group 'B' and Group 'C' under the Excise Department and its Directorate during the tenure of the present Left Front Government in the State (up to January 1981), and

(b) the number of persons so appointed belonging to (i) Scheduled Castes, (ii) Scheduled Tribes and (ii) Muslim Community ?

**Minister-in-charge of the Excise Department :**

(a) The Excise Department has no separate establishment. It is within the joint establishment of the Finance Department. The information relating to the Excise Directorate is as follows :

Group 'B'—Nill

Group 'C'—120.

(b) (i) 34, (ii) 18, and (iii) 5.

**Appointments under Home (Political) Department**

101. (Admitted question No. 793.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) the number of persons appointed to Class III (Group C) and Class IV (Group D) posts under the Home Department during the period from July, 1977 to January, 1981 ; and

(b) the number of them belonging to (i) Scheduled Castes (ii) Scheduled Tribes, and (iii) Muslim Community ?

**Minister-in-charge of the Home (Political) Department :**

(a) 256.

(b) (i) 38—about 15 per cent., (ii) 10—about 4 per cent., and (iii) 8—about 3 per sent.

**Appointments under Fisheries Department**

102. (Admitted question No. 795.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the number of persons appointed to Group 'B' and Group 'C'

under the Fisheries Department and Fisheries Directorate dur ing the period from July, 1977 to January, 1981 ; and

(b) the number of them belongs to :—

(i) Scheduled Castes,

(ii) Scheduled Tribes,

(iii) Muslim Community ?

**Minister-in-charge of the Fisheries Department :**

(a) The number of persons appointed (both direct appointment an by promotion) during the period in question is furnished be low :—

| Group | in which the post belong | Appointment under the Fisheries Deptt. | Appointment under the Fisheries Directo rate |
|---|---|---|---|
| 'B' | | 12 (Twelve) | 181 (One hunderd eighty one |
| 'C' | | 12 (Twelve) | 41 (Forty one) |
| (b) (i) | B | 2 (Two) | 51 (Fifty one) |
| | C | 1 (One) | 16 (Sixteen) |
| (ii) | B | X (Nil) | 2 (Two) |
| | C | X (Nil) | 1 (One) |
| (iii) | B | X (Nil) | 6 (Six) |
| | C | X (Nil) | 1 (One) |

## Registration of Joint Stock Companies

103. (Admitted question No. 821.) **Shri Rajani Kanta Doloi** Will the Minister-in-charge of the Commerce and Industries Departmen be pleased to state—

(a) whether the State Government has information about registra tion of new Joint Stock Companies in West Bengal durin 1978, 1979 and 1980;

(b) if so—

(i) the number of such companies, and

(ii) the amount of authorised capital of these Companies ?

**Minister-in-charge for Commerce and Industries Department :**

(a) Yes.

(b) (i) Number of such Companies registered in West Bengal during 1978, 1979 and 1980 are 511, 604 and 788 respectively.

(ii) Amount of authorised capitals (in lakhs of rupees) of the Joint Stock Companies registered in West Bengal during 1978, 1979 and 1980 are 4,060.87, 5,316.46 and 11,260.81 respectively.

**ডাক্তার-বিহীন প্রাথমিক ও সাবসিডিয়ারি হেলথ সেন্টারের সংখ্যা**

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে ডাক্তার-বিহীন প্রাথমিক ও সাবসিডিয়ারি হেলথ সেন্টারের সংখ্যা কত (৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত) ; এবং

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রসমূহে ডাক্তারের ঘাটতি মেটাতে হোমিওপ্যাথি ডাক্তার (ডিগ্রি কোর্স উত্তীর্ণ) নিয়োগের কথা রাজ্য সরকার বিবেচনা করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ডাক্তার-বিহীন উপ-স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ২৩৫টি। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১৩৬টি ডাক্তারের পদ শূন্য আছে।

(খ) হ্যাঁ

**সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের জন্য ডাক্তার**

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯০২।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি হাসপাতাল প্রাথমিক ও উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলির জন্য মোট কতজন ডাক্তারের প্রয়োজন ;

(খ) বর্তমানে মোট কতজন ডাক্তার স্বাস্থ্য দপ্তরের অধীনে কার্যরত আছেন ; এবং

(গ) উক্ত বিভাগের শূন্য পদগুলি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৭,১৯২ জন।

(খ) ৬,২৫৬ জন।

(গ) ডাক্তারের পদে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশে প্রার্থী নিয়োগ করা হয়। কমিশনকে সমস্ত শূন্য পদের জন্য প্রার্থী নির্বাচন করতে অনুরোধ করা হয়েছে। তাছাড়া শূন্য পদগুলি পূরণের জন্য অ্যাড হক ভিত্তিতেও ডাক্তার নিয়োগ করা হচ্ছে।

**ডি পি এল-এর কর্মচারিদের বেতন ও ওভারটাইম বাবদ ব্যয়**

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৮।) **শ্রী সরল দেব ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডি পি এল-এর শ্রমিক কর্মচারিদের (১) বেতন বাবদ ও (২) ওভারটাইম বাবদ মাসিক গড় খরচের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত প্রকল্পে (১) জানুয়ারি ১৯৮০ ও (২) ১৯৮১ তে কি পরিমাণ বিদ্যুৎ উৎপাদিত হইয়াছিল?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) বেতন বাবদ গড় মাসিক খরচ ৪৭.৮৩ লক্ষ টাকা।

(২) ওভারটাইম বাবদ মাসিক গড় খরচের পরিমাণ ১.৩৭ লক্ষ টাকা।

(খ) (১) ১৯৮০ সালের জানুয়ারি মাসে ৫৬.২৩ মিলিয়ন ইউনিট ও (২) ১৯৮১ সালে জানুয়ারিতে ৭৫.৫৫ মিলিয়ন ইউনিট পরিমাণ বিদ্যুৎ উৎপাদিত হইয়াছিল।

**হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি**

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৯।) **শ্রী সরল দেব ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির অধীনে এ পর্যন্ত কত জনকে শিল্প স্থাপনের জন্য জমি দেওয়া হইয়াছে ; এবং

(খ) তার মধ্যে কত জন বাঙালি ?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) আজ পর্যন্ত হলদিয়া উন্নয়ন সংস্থা শিল্প স্থাপনের জন্য কখনও জমি বিতরণ করেন নি। বাণিজ্য ও শিল্প বিভাগের অধীনস্থ ওয়েস্ট বেঙ্গল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন এই উদ্দেশ্যে জমি দিয়ে থাকেন।

## ২৪-পরগনা ও মেদিনীপুর জেলা বিভাজন

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৪।) **শ্রী সরল দেব :** ২৯এ মার্চ ১৯৭৯ তারিখের প্রশ্ন নং ৯৬৩ (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৬) এবং ১৮ই এপ্রিল, ১৯৮০ তারিখের প্রশ্ন নং *৫৯৬ (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯১)এর উত্তরের পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসন সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— ২৪-পরগনা ও মেদিনীপুর জেলা দুটি বিভাজনের প্রস্তাবটি বর্তমানে কি অবস্থায় আছে?

**স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসন সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

এই পরিকল্পনা দুইটি গ্রহণ করার ব্যাপারে সরকার এখনও কোনও সিদ্ধান্তে উপনীত হন নি। বর্তমানে পশ্চিমবাংলার বৃহত্তম জেলা ২৪-পরগনা বিভাজনের প্রশ্নটি পরীক্ষা করে দেখা হচ্ছে।

## বীরভূমে পূর্ত বিভাগের বাংলো

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৬।) **শ্রী সুনীল মজুমদার :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় পূর্ত বিভাগের অধীনে কোনও বাংলো আছে কি?

(খ) থাকিলে, কোথায় কতগুলি বাংলো আছে ;

(গ) বর্তমানে ঐ জেলায় নতুন কোনও বাংলো নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(ঘ) থাকিলে,—

(১) কোথায় কোথায় ঐগুলি নির্মিত হইবে, ও (২) প্রত্যেকটিতে খরচের আনুমানিক পরিমাণ কত হইবে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) বোলপুর, মুরারই, ইলামবাজার, বক্রেশ্বর নলহাটি ও সাঁইথিয়ায় একটি করিয়া বাংলো আছে।

(গ) হ্যাঁ, একটি সিউড়ি শহরে। সিউড়ির বাংলোর জন্য টেন্ডার ডাকা হইয়াছে।

(ঘ) (২) আনুমানিক খরচের পরিমাণ ৪,৮৪,৭৫০ টাকা।

## গো-প্রজনন কেন্দ্র

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৩।) **শ্রী শিবনাথ দাস :** পশুপালন ও পশুচিকিৎসা

বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জুলাই, ১৯৭৭ হইতে ৩০এ ডিসেম্বর, ১৯৮০ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন জেলায় কতগুলি গো-প্রজনন কেন্দ্র চালু করা হইয়াছে ;

(খ) ৩১এ জানুয়ারি, ১৯৮১ সালের মধ্যে নতুন কতগুলি গো-প্রজনন কেন্দ্র চালু করা হইবে ; এবং

(গ) মেদিনীপুর জেলার সুতাহাটায় কত দিনের মধ্যে গো-চিকিৎসা কেন্দ্রটিতে গো-প্রজনন ব্যবস্থা চালু করা হইবে বলিয়া আশা করা যায়?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিভিন্ন জেলায় গো-প্রজনন কেন্দ্রগুলি চালু করা হয়েছে তার তালিকা আলাদা করিয়া দেওয়া হইল।

(খ) নতুন কোনও গো-প্রজনন কেন্দ্র চালু করা হয় নাই।

(গ) বর্তমানে সুতাহাটায় গো-প্রজনন কেন্দ্র খোলার প্রস্তাব নাই।

**বন্ধ কারখানার সংখ্যা**

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭১।) **শ্রী কমল সরকার ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে বন্ধ কারখানার সংখ্যা কত ;

(খ) বন্ধ কারখানাগুলিতে শ্রমিক সংখ্যা কত ;

(গ) কোন কোন কারণে কতগুলি কারখানা বন্ধ ; এবং

(ঘ) ১৯৭৭ হইতে ১৯৮০ সালের মধ্যে কতগুলি বন্ধ কারখানা খোলা হয়েছে এবং ফলে কতজন শ্রমিক কাজ ফিরে পেয়েছেন?

**শ্রম বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) খোলার সম্ভাবনা আছে এরূপ বন্ধ কারখানার যে পরিসংখ্যান শ্রম বিভাগে আছে তাহা নিম্নরূপ ঃ—

বন্ধ কারখানা ১১২টি (১৯-২-৮১ পর্যন্ত)।

উহাতে নিযুক্ত শ্রমিক সংখ্যা—১১,৯০৭ জন। (তবে পাকাপাকিভাবে বন্ধ কারখানার যে পরিসংখ্যান শ্রম বিভাগে আছে তাহা উপরের সংখ্যায় ধরা হয় নাই। এই সংখ্যা নিম্নরূপ ঃ—

পাকাপাকি বন্ধ কারখানা ৩৩২টি

ঐ গুলিতে শ্রমিক নিযুক্ত ছিল ২১,৮০২ জন।

| (গ) কারণ | বন্ধ কারখানার সংখ্যা |
|---|---|
| (১) আর্থিক অনটন | ২৭টি |
| (২) অর্ডারের অভাব | ১০টি |
| (৩) কাঁচামালের অভাব | ২টি |
| (৪) ঘেরাও এবং ধর্মঘট | ১টি |
| (৫) শৃঙ্খলা ভঙ্গ | ৩৭টি |
| (৬) কর্মে শিথিলতা (গো-স্লো) | ২টি |
| (৭) বিবিধ | ৩৩টি |
| | **মোট ১১২টি** |

(পাকাপাকি ভাবে বন্ধ কারখানার সংখ্যা উপরের সংখ্যায় ধরা হয় নাই)

| | |
|---|---|
| (ঘ) খোলা হয়েছে | ১১৩টি |
| কাজ ফিরে পেয়েছেন | ৬,৪৪৬টি |

## কেন্দ্র কর্তৃক বরাদ্দকৃত ডিজেল ও কেরোসিন

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৪।) **শ্রী কমল সরকার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ডিজেল ও কেরোসিন তেলের মাসিক চাহিদা কত ;

(খ) ১৯৮০ সালের জানুয়ারি হইতে ১৯৮১ সালের জানুয়ারি পর্যন্ত প্রতি মাসে কেন্দ্র কি পরিমাণ ডিজেল ও কেরোসিন বরাদ্দ করেছে এবং উক্ত মাসগুলিতে প্রকৃত সরবরাহের পরিমাণ কিরূপ ; এবং

(গ) ১৯৮১ সালের ফেব্রুয়ারি মাসের জন্য কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গে ডিজেল ও কেরোসিনের মাসিক চাহিদা যথাক্রমে ৬৫,০০০ এবং ৪০,০০০ মেট্রিক টন।

(খ) উক্ত মাসগুলিতে পশ্চিমবঙ্গে ডিজেল কেরোসিন বরাদ্দ ও সরবরাহ নিম্নরূপ ঃ—

| | ডিজেল | | কেরোসিন | |
|---|---|---|---|---|
| | বরাদ্দ মেঃ টন | সরবরাহ মেঃ টন | বরাদ্দ মেঃ টন | সরবরাহ মেঃ টন |
| জানুয়ারি ৮০ | ৫০,০০০ | ৩৯,০৩৮ | ২৮,৮৭৮ | ৩২,০৪০ |
| ফেব্রুয়ারি ৮০ | ৫২,৭৪০ | ৫০,৯৮০ | ২৬,৪৫২ | ২৮,১০০ |
| মার্চ ৮০ | ৬১,৯১৮ | ৫৭,৮৯৩.৪ | ৩১,০৯৮ | ৩০,২২৪ |
| এপ্রিল ৮০ | ৬৩,৪০০ | ৫৫,৯৮০ | ৩৪,৪৫৬ | ৩১,৮৩৩ |
| মে ৮০ | ৬৩,৪০০ | ৫২,০৬৯ | ৩৪,৫০০ | ২৯,৯৯৭ |
| জুন ৮০ | ৫৫,৫৮৭ | ৪১,৭৫২ | ২৮,৭৮৪ | ২৬,৫১৮ |
| জুলাই ৮০ | ৫৫,৫৮৭ | ৪৭,১৪৭ | ২৮,৪৪৬ | ২৭,৯১৮ |
| আগস্ট ৮০ | ৫৫,২০০ | ৪৪,৭৫৯ | ৩৪,১০০ | ৩১,৯৮২ |
| সেপ্টেম্বর ৮০ | ৫৫,২০০ | ৪৮,০৯৪ | ৩০,৪১২ | ৩০,৯০৩ |
| অক্টোবর ৮০ | ৪১,১০০ | ৪৩,২৩৮ | ৩১,৭১৩ | ৩১,৮৪৭ |
| নভেম্বর ৮০ | ৫৪,০০০ | ৪৮,২৬১ | ৩৩,২০৮ | ৩৩,২২৮ |
| ডিসেম্বর ৮০ | ৫৬,৯৯৭ | ৫১,৫০৩ | ৩১,৯৫৩ | ৩১,৮৭৩ |
| জানুয়ারি ৮১ | ৫৭,০০ | ৫৫,৯৭২ | ৩৪,৪০০ | ৩৫,৮০২ |

(গ) ১৯৮১ সালের ফেব্রুয়ারি মাসে ডিজেল ও কেরোসিনের কেন্দ্রীয় বরাদ্দ যথাক্রমে ৫৭,০০০ এবং ৩০,৫০০ মেট্রিক টন।

## পাইকর স্বাস্থ্যকেন্দ্রে গ্রামীণ স্বেচ্ছাসেবী নিয়োগ

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮২।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার পাইকর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ব্লকের গ্রামীণ স্বাস্থ্য স্বেচ্ছাসেবীদের (সি এইচ ডি) নিয়োগের জন্য মনোনীত করা হইয়াছে ; এবং

(খ) সত্য। হইলে উক্ত মনোনীত স্বেচ্ছাসেবীদিগকে শিক্ষনদানের জন্য কোনও ব্যবস্থা হইয়াছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) প্রথম দুইটি মনোনীত ব্যাচের শিক্ষাদান ও নিয়োগ সম্পূর্ণ হয়েছে। তৃতীয় ব্যাচের শিক্ষাদানের জন্য মনোনয়নের প্রশ্নে অভিযোগ উত্থাপিত হওয়ায় তদন্ত সাপেক্ষে শিক্ষাদানে বন্ধ রাখা হয়েছে।

**নষ্ট শ্রম দিবসের সংখ্যা**

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯০।) **শ্রী সন্দীপ দাস ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ (আজ পর্যন্ত) লক-আউট, ক্লোজার, লে অফ, বিদ্যুৎ বন্ধ ও ধর্মঘটের জন্য কত শ্রম দিবস নষ্ট হয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

নষ্ট শ্রম দিবসের সংখ্যা নিম্নরূপ ঃ—

| বৎসর | কারণ | |
|---|---|---|
| | ধর্মঘট | লক-আউট |
| ১৯৭৭ | ১,০৭২,১৪৯ | ৭,৮৩৯,১৫৫ |
| ১৯৭৮ | ৫,১১৮,৪৭২ | ৬,৮৫৫,৩৮৭ |
| ১৯৭৯ | ১৫,৫৪০,০৫৫ | ২,৮৯৯,৬০৪ |
| ১৯৮০ | ১,২৪০,০০৪ | ৪,৮১৩,১৪৭ |
| ১৯৮১ (জানুয়ারি) | ১২৩,০০৫ | ৫৬৬,৯০২ |

(ক্লোজার, লে-অফ ও বিদ্যুৎ বন্ধের জন্য নষ্ট শ্রম দিবসের পরিসংখ্যান রাখা হয় না)

**হুগলি জেলার বড়া-বেগমপুর ইউনিয়ন সমবায় সমিতির অফিসে অগ্নিকান্ড**

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৪।) **শ্রী মলিন ঘোষ ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার অন্তর্গত চন্ডীতলা থানার বড়া-বেগমপুর ইউনিয়ন সমবায় সমিতির অফিসটি পুড়িয়ে দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, সরকার এই ব্যাপারে কোনও তদন্ত করিয়াছেন কি ;

(গ) করিয়া থাকিলে উক্ত ব্যাপারে দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করা হইয়াছে কি ; এবং

(ঘ) এই সমবায় সমিতির শেয়ার হোল্ডারগণ তাদের শেয়ারের টাকা অদ্যাবধি না পাওয়ার কারণ কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হুগলি জেলার অন্তর্গত বড়া-বেগমপুর ইউনিয়ন তন্তুবায় সমিতির অফিসের দ্বিতলে এক অগ্নিকান্ডের ঘটনা ঘটেছিল।

(খ) ও (গ) আই পি সি ৩৪৬ অনুসারে এক এফ আই আর চন্ডীতলা থানায় দায়ের করা হয়েছিল, পুলিশি তদন্ত হয়েছিল কিন্তু কাহাকেও অপরাধী সাব্যস্ত করা যায় নি।

(ঘ) কারণগুলি জানা যায় নি, যেহেতু এই সমিতির পরিচালনার দায়িত্ব কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের অন্তর্গত শ্রীরামপুরস্থ হ্যান্ডলুম ডেভেলপমেন্ট অফিসার-এর উপর ন্যস্ত আছে।

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আমি আজ দুটি মুলতুবি প্রস্তাবের উপর নোটিশ পেয়েছি। প্রথম নোটিশে শ্রী রজনীকান্ত দলুই বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ করে এ বিষয়ে আলেচনা করতে চেয়েছেন। বিশ্বভারতী একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় এবং স্বভাবত এতে রাজ্য সরকারের প্রত্যক্ষ কোনও দায়িত্ব নেই। বিষয়টি মুলতুবি প্রস্তাবের পক্ষে সম্পূর্ণ অনুপযোগী। দ্বিতীয় নোটিশে শ্রী সামসুদ্দিন আহমেদ রাজ্যে সর্বত্র সমাজ বিরোধীগণ কর্তৃক ইলেকট্রিক তার ইলেকট্রিক পোল শ্যালো টিউবওয়েল প্রভৃতি জাতীয় সম্পত্তির চুরি ও ক্ষতি সাধনের অভিযোগ বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এই নোটিশে সম্প্রতি অনুষ্ঠিত বিশেষ কোনও উল্লেখ নেই। একটি সাধারণ অভিযোগের উপর ভিত্তি করে মুলতুবি প্রস্তাবটি রচিত হয়েছে। সুতরাং মুলতুবি প্রস্তাব হিসাবে এটি গৃহীত হতে পারে না।

**Shri Samsuddin Ahmed :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :- Destruction of national properties like electric cables and removal of electric poles, shallow tubewells etc. Destruction of national properties like electric cables and removal of electric poles almost every where throughout the state of West Bengal has become as if a licenced business of the anti-socials with the knowledge of the authority concerned and the police. These activities have given a blow to the farmers. Shallow tubewells, river lift irrigation equipments are also being removed in the district of Malda and Murshidabad. The authority concerned is not being geared to stop these activities.

I submit herewith a mass petition made by the local farmers for necessary action.

## CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত সদস্যদের কাছ থেকে দৃষ্টি আকর্ষণ নোটিশগুলি পেয়েছি যথা ঃ—

1) নৈহাটি জুট মিলে লক আউট— : শ্রী জগদীশচন্দ্র দাস

2) Proposal for suspension of Vice-

| | | |
|---|---|---|
| | chancellor of Viswabharati | : Shri Rajani Kanta Doloi |
| 3) | Demand for the use of Urdus the second official language | : Shri Rajani Kanata Doloi |
| 4) | Leakage of Mathematics questions Paper of Madhyamik Examination of Viswabharati | : Shri Rajani Kanta Doloi |
| 5) | Alleged arrest of person for suppling answers to students of South Suburban School | : Shri Rajani Kanta Doloi |
| 6) | Spurt in the cases of theft of motor vehicles in Culcutta | : Shri Rajani Kanta Doloi |
| 7) | Meeting of the Urdu Academy in the Chief Ministers Chamber | : Shri Rajani Kanta Doloi |
| 8) | Palcar tribunals award for working & non-working journalists | : Shri Rajani Kanta Doloi |
| 9) | Supply Power by Durgapure Project Limited during summer | : Shri Rajani Kanta Doloi |
| 10) | Alleged damage to the transfarmer of Durgapure Projects Limited | : Shri Rajani Kanta Doloi |
| 11) | Purchase of birds for Alipore Zoo | : Shri Rajani Kanta Doloi |
| 12) | Alleged refusal of Indian Jute Mills Association to accept the Committees Recommendation for Jute workers | : Shri Rajani Kanta Doloi |

আমি নৈহাটি জুট মিলে লক আউট বিষয়ের উপর শ্রী জগদীশচন্দ্র দাস কর্তৃক আনীত নোটিশটি মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয় ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** বৃহস্পতিবার।

## LAYING OF REPORT

**The Annual Report on the Working and Affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year ended 30th**

**June, 1978.**

**Dr. Ashok Mitra :** With your permission Sir, I beg to lay the Fifty-sixth Annual Report on the working and affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year ended 30th June, 1978.

## MENTION CASES

**শ্রী মহা বাচ্চা মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলার চোপড়া থানা এলাকার মধ্যে দুটি ছোট ছোট হাসপাতাল আছে। চোপড়া হাসপাতাল গ্রামের থেকে প্রায় ২৭ কিলোমিটার দূরে। এই দুটি হাসপাতালের একটা হচ্ছে লক্ষ্মীপুরে, আর একটা দাসপাড়ায়। এই দুটি হাসপাতালের মধ্যে মাত্র একজন ডাক্তার আছেন, তার নাম মনোরঞ্জনবাবু। তিনি রিটায়ার হয়ে গেছেন। তিনি কোনও সময়ে লক্ষ্মীপুরে থাকেন, আবার কোনও সময়ে দাসপাড়ায় যান। স্যার, আমি আগেও বলেছি যে এখানে ডাক্তার নেই। আমি মনে করি তাড়াতাড়ি এখানে ডাক্তার পাঠানো দরকার এবং ঐ ছোট হাসপাতাল দুটিতে আরও ২/১টি বেডের ব্যবস্থা করা দরকার। কারণ কোনও মেয়ে যদি অন্তসত্বা হয়, তাকে খাটিয়া করে যদি ঐ ২৭ কিলোমিটার পর্যন্ত নিয়ে যেতে হয় তাহলে সে পথেই মারা যায়। কারণ সেখানে কোনও গাড়ির ব্যবস্থা নেই। আমার অনুরোধ যাতে ঐ ছোট হাসপাতালে আরও ২/১টি বেড করা হয় এবং ডাক্তার পাঠানো হয় এই বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী দৃষ্টি দেবেন।

**শ্রী ব্রজগোপাল নিয়োগি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার ইমামবারা হাসপাতাল, এটা হচ্ছে জেলা হাসপাতাল, এখানে দীর্ঘদিন ধরে ডি এম ও এর পদ শূন্য রয়েছে। আগে ১৯৭৭ সাল থেকে ১৯৭৯ সাল পর্যন্ত এখানে ডি এম ও ছিল না। তারপর ডি এম ও আসবার পরে তাকে অন্য পদে বহাল করার জন্য সেখানে আবার ডি এম ও-র পদ শূন্য আছে। এই হাসপাতালের প্রশাসন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে এবং বার বার বিভিন্ন দিক থেকে স্বাস্থ্য মন্ত্রী মহাশয় এবং স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে সেই পদ পূরণ হচ্ছে না। গত কয়েকদিন আগে সিমলাগড়ে রেলের অ্যাকসিডেন্টের সময়ে যেসমস্ত লোক মারা গেছে তাদের আনক্লেমড ডেড বডি যেগুলি পড়ে ছিল, সেগুলি দুর্গন্ধময় হয়ে উঠেছে। সেই বডিগুলি সরাবার কোনও ব্যবস্থা নেই। যে কন্ট্রাক্টরকে এগুলি দেওয়া হয়, সেই কন্ট্রাক্টর দিনরাত্রি মদ খায় এবং সমাজবিরোধীদের সঙ্গে আড্ডায় জমে থাকে। তাকে এখনই ডিসচার্জ করা দরকার। সবচেয়ে বড় কথা যে সেখানে অ্যাম্বুলেন্স নেই। ডিস্ট্রিক্ট হসপিটালের দুখানা অ্যাম্বুলেন্সের মধ্যে একখানা ভেঙ্গে গেছে, আর একটা শোনা যাচ্ছে টায়ারের অভাবে চলছে না। টায়ার কে কিনবে, জেলা প্রশাসন কিনবে, না স্বাস্থ্য দপ্তর কিনবে এটাই ঠিক হচ্ছে না। এটা ফয়সালা না হওয়ার জন্য অ্যাম্বুলেন্স চালু হচ্ছে না এবং হাসাপাতালে অ্যাম্বুলেন্স না থাকার ফলে রোগী আনার অসুবিধা হচ্ছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অবিলম্বে ওখানে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা হোক, স্থায়ীভাবে ডি এম ও দেওয়া হোক এবং হাসপাতালের প্রশাসনকে সুষ্ঠুভাবে পরিচালনা করা হোক।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, বর্তমানে হুগলি জেলার কংগ্রেস (ই) দলের গুন্ডা-বাহিনী একটা প্রচন্ড সন্ত্রাসের আবহাওয়ার সৃষ্টি করেছে। হুগলি জেলার বিভিন্ন থানায় ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহ থেকে মার্চ মাসের প্রথম সপ্তাহের মধ্যে পর পর কতগুলি ঘটনা ঘটেছে। গত ৪/৩/৮১ তারিখে তারকেশ্বর থানার তালপুর গ্রামে ঐ জেলার কংগ্রেস (ই) নেতা গোপালদাস নাগের গুন্ডা বাহিনী জোতদার নিতাই সামন্তের নেতৃত্বে ভাগচাষীর ফসল লুঠ করার চেষ্টা করে। ভাগচাষী প্রতিবাদ করলে নিতাই সামন্ত এবং বলাই শেঠ, (যিনি ইতিপূর্বে বিধানসভার সদস্য ছিলেন) তাদের নেতৃত্বে ভাগচাষীর বাড়িতে আগুন লাগিয়ে দেয় এবং বাড়ির কয়েকজন মানুষকে আহত করে। তারা এখনও হাসপাতালে আছে। তারপর ২৬/২/৮১ তারিখে কংগ্রেস (ই)-র গোপালদাস নাগের গুন্ডাদের সঙ্গে কংগ্রেস (ই)-র শান্তি মোহন রায়ের গুন্ডাদের মারামারি হয়ে গেল হরিপালে। কংগ্রেস (ই)-র শান্তি রায় গ্রুপের একজন নেতা পঞ্চানন সিংহরায়, যিনি চন্দননগর কোর্টের উকিল, তাকে গোপালদাস নাগের গুন্ডা বাহিনী বলাই শেঠের নেতৃত্বে প্রচন্ডভাবে আক্রমণ করে, এরফলে পঞ্চানন সিংহ রায় সহ বেশ কয়েকজন লোক হাসপাতালে আছে এবং একজন স্পট ডেড হয় আক্রমণের সঙ্গে সঙ্গে। তারপর ২৪/২/৮১ তারিখে খানাকুলের অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারি যিনি জনতা পার্টির লোক, শ্রী অনিল সামন্ত, তাকে কংগ্রেস (ই)-র বাবর আলি খাঁ, শেখ আলি খাঁ, সৈয়দ খাঁ, আবু শেখ, সামাদ খাঁ ব্যক্তিরা প্রচন্ডভাবে আক্রমণ করে খুন করে রাস্তার উপর ফেলে দেয়। এইভাবে ঐ জেলার সমস্ত থানায় তারা সন্ত্রাসের সৃষ্টি করছে। পান্ডুয়া থানায়, ধনেখালি থানায়, বিভিন্ন থানায় এই জিনিস করছে। আমি বলতে চাই যে, নির্বাচন আসছে, সেই জন্য ওরা এখানে ভোটার লিস্ট নিয়ে চিৎকার করছে, সঙ্গে সঙ্গে জনগণের মধ্যে সন্ত্রাস সৃষ্টি করে একটা বিষাক্ত আবহাওয়ায় সৃষ্টি করছে। আমি এ বিষয়ে অবিলম্বে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিবাদ প্রার্থনা করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্পিকার স্যার, আজকে আমি আপনার মাধ্যমে যেটা রাখতে চাইছি সেটা হচ্ছে পশ্চিমবাংলার সামগ্রিক আইন-শৃঙ্খলা সম্বন্ধে। পশ্চিম দিনাজপুরের ঘটনা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। কেন না সেখানে একটা বন্দুক নয় প্রায় ৬০/৭০টি বন্দুক চুরি গেছে এবং বেশ কয়েকটি খুনের ঘটনা ঘটে গেছে। আমি, ধীরেন্দ্র নাথ সরকার এবং আরও কয়েকজন মাননীয় সদস্য এ বিষয়ে বহুবার এখানে উল্লেখ করেছি। আমি কয়েকটি কপি নিয়ে এসে দেখলাম যে, আমরা মোট ১৭ বার এই বিধানসভায় এ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিন্তু দুর্ভাগ্যজনক ব্যাপার হচ্ছে এতবার বলা সত্ত্বেও কোনও অ্যাকশন নেওয়া হচ্ছে না। এব্যাপারে খোঁজ নেবার জন্য আমরা কয়েক জনকে পাঠিয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, থানা থেকে ঘটনা কেন্দ্রটি বেশি দূরে নয়, মাইল দেড়েক দূরে অথচ সেখান থেকে বন্দুক লুঠ হয়ে গেল, পুলিশ জানে না। এই রকম একদিন দুদিন নয়, দিনের পর দিন বন্দুক লুঠ হয়েছে, খুন হয়েছে অথচ আই জি জানতে পারল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সমস্ত ঘটনাগুলি ঘটেছে তারজন্য কাকে দায়ী করবেন? আই জি কে দায়ী করবেন? পুলিশ অফিসারকে দায়ী করবেন? না পশ্চিমবাংলার পুলিশ মন্ত্রীকে দায়ী করবেন? আমি বলছি, পুলিশ মন্ত্রীই একমাত্র দায়ী এবং এর জন্য তার পদত্যাগ করা উচিত। পুলিশ মন্ত্রী পশ্চিমবাংলার সাধারণ

মানুষের কনফিডেন্স রাখতে পারেন নি বিশেষ করে এই ঘটনার দিক থেকে।

**মিঃ স্পিকার ঃ** না, আপনি এইরকম বলতে পারেন না। যে কথা আপনি বলেছেন সে কথা বলবার জন্য একটা প্রসিডিওর আছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমার মেনশন করবার অধিকার আছে। অমুক মন্ত্রী ঠিকমতো কাজ করতে পারেন নি অতএব পদত্যাগ করা উচিত এটা বলবার অধিকার আছে।

**श्री पतरास मिन्ज** : मै आपके माध्यम से वित मंत्री और मंत्री सभा का ध्यान आकर्षित कराना चाहता हूँ। हमारे इलाका नक्सलवाड़ी थाना के अन्तर्गत मौजा वगान और खीरीखाड़ी थाना अन्तर्गत खीरी बाड़ी चाय वगान, खीरी बाड़ी टी कम्पनी, न्यु जलपाईगुड़ी में चाय वगान का ठीक से देखभाल नही होने के कारण चाय वगान को बन्ध होने का उपक्रम हो रहा है। इसके उपर १९७७ साल के वामफ्रन्ट सरकार आने के बाद वगीचा श्रमिकों को भंग करके मजदूरों का देना-पावना को नही दिया गया। और इस तरह समस्त काज मरता जा रहा है। इसके उपर मंत्री सभा एवं सरकार को नजर रखना चाहिए। इसके अलावा एक और बात है वह यह है कि हमारे दार्जिलिंग में ९ चाय वगान बन्ध होने के उपक्रम में हे। इन चाय वगान के लिए हमारे मंत्री सभा और सरकार की और से क्या व्यवस्था होगा। मै जानना चाहता हूँ। इन चाय वगानों के वन्ध होने से मजदूरों की हालत बहूत खाराव होगी। केन्द्रीय सरकार चाय वगान को बन्ध होने नहीं देगा। राज्य सरकार कहीं ऐसा प्रस्ताव आता है समय पड़ने पर। लेकिन देखना हूँ इसकी व्यवस्था नहीं हो रही है। इसलिए वित मंत्री और मंत्री सभा की दृष्टि आकर्शित करता हूँ।

**শ্রী আব্দুল করিম চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কৃষি মন্ত্রী মহাশয়ের একটি জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মালদা জেলার শ্রী বৈদ্যনাথ নুনিয়া মেম্বার অব এগ্রিকালচার, ইরিগেশন অ্যান্ড কো-অপারেটিভ স্টিয়ারিং কমিটি—পঞ্চায়েত সমিতি চাচল (১) এর কাছে একটা অভিযোগ করেছেন যে ডি এম মালদা জুট পাইলট স্কীম, জুট সিড এবং ফার্টিলাইজার—সেন্ট্রাল স্কীমের যে বন্টন করবে তার জন্য চাচর ইউনাইটেড ব্যাঙ্কের কাছে লিখেছেন যে শ্রী নিত্যানন্দ সাহা জে এস ডিলারের কাছ থেকে না নিয়ে এখানকার চাষীরা ব্যাঙ্ক থেকে ডি ও নিয়ে জুট সিড এবং ফার্টিলাইজার নেবে। এরা অভিযোগ করছে যে ঐ নিত্যানন্দ সাহা প্রেসক্রাইবড রেটের থেকে একবার বেশি দাম নিয়েছিল। কিন্তু ডি এম স্টিয়ারিং কমিটি থাকা সত্ত্বেও পঞ্চায়েত সমিতি থাকা সত্ত্বেও তাদের কোনও রেকমেনডেশন না নিয়ে কিছু সি পি এম মেম্বারের ইনফ্লুয়েন্সের জন্য ঐ চোর ডিলারকে জুট সিড অ্যান্ড ফার্টিলাইজার দেবার জন্য ইউনাইটেড ব্যাঙ্ককে অর্ডার করেছেন। বেশি দামে বিক্রি করার জন্য পঞ্চায়েত সমিতি একবার তার বিরুদ্ধে অ্যাকশন নিয়েছিল।

এই জন্য আমি কৃষি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আবার বলছি যে জুট সিড বা ফার্টিলাইজার ওখানকার কো-অপারেটিভের মাধ্যমে বা আরও যে সমস্ত ডিলার আছে তাদের মাধ্যমে বন্টন করা হোক, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিজয় পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মন্ত্রীমন্ডলীর কাছে জানাতে চাচ্ছি। সেটা হচ্ছে এই যে দীর্ঘ ১১ মাস যাবৎ একটি কারখানা—আসানসোলের কাঁচের কারখানা হিন্দুস্থান পিলকিংটন ওয়ার্কস আজকে লক আউট হয়ে আছে। লক আউট হওয়ার অন্যতম কারণ হল সেখানে থাপার ব্রাদার্স সেই কারখানাকে ডকে তুলে দিয়ে, তার শেয়ার কমিয়ে দিয়ে দখল করার জন্য চেষ্টায় ছিলেন। কিন্তু এখন সেই থাপার ব্রাদার্স আউট অব পিকচার হয়ে গেছেন। এই সংগ্রামীরা পথে নামার জন্যই তিনি সরে গেছেন। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে ঐ কারখানা অধিগ্রহণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হোক। কারখানাটি বিশ্বের একটি সেরা কারখানা। এখন মার্কেট ভাল আছে ফরেন এক্সচেঞ্জ আর্ন করে। লাভজনক কারখানা। সরকারি অন্যান্য যেসব কলকারখানায় লোকসান হয় এটি সেদিক থেকে লাভজনক। অবিলম্বে সেই কারখানার ম্যানেজমেন্ট অধিগ্রহণের জন্য আমাদের বামফ্রন্ট সরকারের কাছে আবেদন করছি তারা যেন প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেন। ইতিমধ্যে কারখানাটি ১১ মাস লক আউটের ফলে প্রায় ছয় জন মারা গিয়েছেন, এখন ১৪০০ শ্রমিক কর্মচারী অনশন, অর্ধাশনে দিন কাটাচ্ছেন। সেই কারণে যখন থাপার ব্রাদার্স পিকচার থেকে চলে গেছেন—এবং কেন্দ্রীয় সরকারকে বার বার অনুরোধ করা হয়েছে অধিগ্রহণ করার জন্য কিন্তু তারা করেন নি, তাই এখন আমি রাজ্য সরকারকে অধিগ্রহণ করার জন্য অনুরোধ করছি। যদিও টাকা পয়সার অভাব আছে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করতে হবে তার প্রয়োজনীয় টাকা পয়সা রাজ্য সরকারকে দেবার জন্য।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্যার আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভার একটি গুরুত্বপূর্ণ বিষয়েরপ্রতি দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার রিষড়ায় ইউনাইটেড ভেজিটেবল ম্যানুফ্যাকচারিং লিমিটেড কোম্পানিটি গত ১৬ জুলাই থেকে লক আউট হয়ে আছে। এই কারখানার থেকে আমাদের রাজ্যের রেশনের মাধ্যমে রেপসিড ও পামওয়েল যা সরবরাহ করা হয় তার রিফাইনিং এবং প্যাকিং এখান থেকে করা হয়। অর্থাৎ এই কারখানায় ৭০-৭৫ ভাগ সরকারি অর্ডারে কাজ হয়। কিন্তু এই কোম্পানি লক আউট করে একটা সঙ্কট শুরু করেছে। এবং শ্রম দপ্তরের হস্তক্ষেপ তারা মানতে চাইছেন না। অথচ সংবাদ পাওয়া গেছে যে এই কারখানা যখন লক আউট চলছে তখন অন্যত্র জায়গা থেকে অর্ডার সরবরাহ করছে। এই বিষয়ে খাদ্য ও শ্রম মন্ত্রীকে অবিলম্বে হস্তক্ষেপ করবার জন্য অনুরোধ করছি।

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** স্যার আমি আজ কালিয়াচক থেকে ফিরে এসেছি একটা বিচিত্র অভিজ্ঞতা নিয়ে ফিরে এসেছি। পশ্চিম দিনাজপুর জেলার বন্দুক ছিনতাইয়ের ঘটনা আপনারা জানেন সেখানকার ছিনতাইকারীরা সকলেই নাকি মালদায় প্রবেশ করছেন। এটা প্রচার করছে স্বয়ং পুলিশ। দুঃখের সঙ্গে জানাচ্ছি যে পুলিশ এসে বাড়ি বাড়ি খবর দিচ্ছে নকশাল লিস্টে আপনার নাম আছে আপনি খুন হবেন, সাবধান হন। অর্থাৎ পুলিশ রক্ষা করতে পারবে না। এই রকম অবস্থায় দুরে যে একটা সন্ত্রাস ছিল সেটা আমার এলাকায়

বিস্তার লাভ করেছে। এই লিস্ট কোথা থেকে এল আমি তা জানতে চাই? পুলিশের কাছে যদি লিস্ট থাকে তাহলে আমার নিরাপত্তার ব্যবস্থা, ফানডামেনটাল রাইট সম্পত্তির রক্ষা, জীবন রক্ষার ব্যবস্থা পুলিশ কেন করবে না। ৫-৩-৮১ তারিখে আমার পাশের গ্রামের গ্রাম পঞ্চায়েতের সদস্য শ্রী নগেন্দ্রলাল ঘোষের বাড়ি এসে পুলিশ একটা লিস্ট দেখিয়ে বলে গেছে যে আপনি খুন হবেন। পুলিশ যদি এই কথা জানে তাহলে সে সেলটার দেবে না কেন? মুখ্যমন্ত্রী এবং বুদ্ধদেব বাবু আমার জেলায় হাবিবপুর গ্রামে যাবেন নকশাল নেতাদের সঙ্গে কথা বলতে। যেখানে নকশালীদের পাওয়া যাচ্ছে না সেখানে কাদের সঙ্গে তিনি কথা বলবেন জানি না। আমার শেষ কথা হচ্ছে পুলিশের কাছে যাদের নামে লিস্ট আছে তারা যেন সেলটার পায়।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** স্যার, অত্যন্ত দুঃখের বিষয় যে পশ্চিম দিনাজপুর সম্বন্ধে রাজ্য সরকার আশ্বাস দিয়েছেন যে কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন। কিন্তু আমার কাছে খবর এসেছে যে আবার বন্দুক লুঠ হচ্ছে। গত সপ্তাহে কুশমন্ডির থানার ৫নং দেউল অঞ্চলে একজন অধিবাসীর বাড়িতে সন্ধ্যেবেলায় ডাকাতি করতে গিয়ে বলে যে তোমার বন্দুক দিয়ে দাও এবং যদি না দাও তাহলে তোমার পরিবারের সবাইকে খুন করা হবে। একদিকে মুখ্যমন্ত্রী বলছেন পুলিশ প্রশাসন রাজ্যের মধ্যে ভালভাবে চলছে, অপর দিকে বাস্তব ক্ষেত্রে দেখছি এই সমস্ত আশ্বাস দেবার পরও খুন হচ্ছে কিন্তু কোনও আসামীও ধরা পড়েনি তাই আপনার মাধ্যমে বলছি মুখ্যমন্ত্রী বিধানসভায় যা বলেন তা যেন কার্যকর করেন।

**Shri Dawa Narbu La :** Mr. Speaker, Sir, I would like to draw the kind attention of the Hon'ble Health Minister in respect of the Subdivisional Hospital at Kurseong. A Subdivisional Hospital is there at Kurseong but we do not find any X-Ray machine there. The people who are required to have their X-Ray have to go back without X-Ray being done because there is no X-Ray machines. We made requests to the C.M.O.H. in this matter but no action has been taken as yet. Similarly, in the same hospital there is no E.N.T. specialist, and there is no Gynaecologist. There is no Surgeon, and so no surgical operation is done. Sir, in the absence of Gynaecologist and Surgeon the patients are transferred to Darjeeling, and some patients have died premature death during their transfer. So, I request the Hon'ble Health Minister to look into it and to make immediate necessary arrangement.

**শ্রী এ কে এম হাসানুজ্জামান :** স্যার, আপনার মাধ্যমে মানবিক কারণে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২৪-পরগনার দত্তপুকুর সারকেলে পাঁচশিলা প্রাইমারি স্কুলের শিক্ষক মহঃ আক্রামুল্যা বৈদ্য ১৯৭৯ সালের ডিসেম্বর মাস থেকে এক পয়সা বেতন পাননি। কি কারণে হেল্ড আপ করে রাখা হয়েছে তা জানা যায় না। তিনি রেগুলার শিক্ষকতা করে আসছেন। তার বিষয় নিয়ে ২৪-পরগনার ডি আই-এর সঙ্গে সাক্ষাৎ করে স্মারকলিপি দিয়েছি যদি তার কোনও দোষ থাকে সাসপেন্ড করা হোক বা সো কজ করা হোক। অর্থাৎ ৭৯ সালের ডিসেম্বর থেকে একজন প্রাথমিক শিক্ষক বেতন পান

না কি কারণে সেই সম্বন্ধে আপনারা তো তাকে জানাবেন? আর দোষ থাকলে তাকে সাসপেন্ড নিশ্চয় করতে হবে এই কথা বলে প্রাথমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দাবি করছি এই বিষয়ে ইমিডিয়েট একটা ব্যবস্থা করা হোক।

**শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইদানিং নদীয়া জেলার তেহট্ট থানায় চুরি, সশস্ত্র ডাকাতি বৃদ্ধি পেয়েছে। পার্শ্ববর্তী থানা করিমগঞ্জ, চাপড়া, কালীগঞ্জ, নাকাশিপাড়া, মুর্শিদাবাদের নওদা থানায়ও দুর্বৃত্তরা এইসব দুষ্কার্যের সাথে যুক্ত। সম্প্রতি সাটিথালিতে একদল সশস্ত্র ডাকাত শ্রী অদ্বৈত বিশ্বাসের বাড়ি চড়াও হয়—কয়েক হাজার টাকার জিনিসপত্র নিয়ে যায়। গৃহস্বামীর ছেলে অবনী দুবৃত্তদের সাহসের সঙ্গে প্রতিরোধ করতে গেলে গুলিতে নিহত হন। বড়লদহে একটি কাপড়ের দোকানে ডাকাতি করে কয়েক হাজার টাকা নিয়ে গেছে। বরেখা তরনীপুর গ্রামে একই রাত্রে একাধিক বাড়িতে ডাকাতি হয়েছে। গোপীনাথপুরে গ্রাম-পঞ্চায়েত সদস্য সেখ মোজাম্মেল হকের বাড়িতে ডাকাতি করতে গেলে একজন সশস্ত্র ডাকাত গৃহস্বামীর হাতে এবং দাবিনা গ্রামে ডাকাতি করে পালিয়ে যাওয়ার সময় পুলিশের হাতে একজন সশস্ত্র ডাকাত ধরা পড়েছে। যেহেতু পার্শ্ববর্তী থানার দুবৃত্তরাও তেহট্ট থানায় চুরি ডাকাতির সাথে যুক্ত। সুতরাং পার্শ্ববর্তী থানার পুলিশের সাথে যুক্তভাবে অপরাধীদের ব্যাপারে ব্যবস্থা নেওয়া দরকার। এ সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** স্যার, আমি আপনার মন্ত্রিসভার এবং চিফ হুইপের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, একজন বিধানসভার সদস্য হিসাবে আমাদের দায়িত্ব পালন করতে অসুবিধা হচ্ছে। কারণ শনিবারে আপনি আগে ছুটি দিতেন তখন বিধানসভা চললেও আমাদের কনস্টিটিউন্সিতে কোনও মিটিং-এ যোগ দিতে কোনও অসুবিধা দেখা দিত না। কিন্তু বর্তমানে সেগুলিতে যোগদান সম্ভব হচ্ছে না—কারণ একই দিনে আমি এখানে যাব না ওখানে যাব তা ঠিক করতে অসুবিধা দেখা দিচ্ছে। যেমন একটা নোটিশ পেয়েছি ইয়ুথ ফেস্টিভ্যাল যাবার জন্য, তারিখ স্থির আছে ১০, আর একটি নোটিশ পেয়েছি ১৩ তারিখে একটা ইনটারভিউ গ্রহণ করবার ব্যাপারে। স্যার, আপনি জানেন যে, অপজিশন পার্টির লোকদের কোনও ইন্টারভিউতে সাধারণত ডাকা হয় না। এই অবস্থায় কমিউনিটি হেলথ ওয়ার্কার তৈরি করে ঐ জায়গাগুলিতে এম এল এ-দের থাকার ব্যবস্থা করেছেন। আমাদের কোনও অধিকার নেই সেখানে যাবার—সবই পঞ্চায়েত করে, তাদেরই একমাত্র অধিকার আছে কমিউনিটি হেলথ ওয়ার্কে যাওয়ার। আমাকে নোটিশ দিয়েছে ১৩ তারিখে দু-জায়গায় হেলথ সেন্টার ইনটারভিউ নেওয়ার জন্য— একটা হল হরিশ্চন্দ্রপুর, আর একটি হল মচলন্দপুর। অথচ দুটি জায়গায় দূরত্ব হল ১৬ মাইল। ডি এম ও এইচকে ফোনে পাওয়ার চেষ্টা করে তাকে পেলাম না। আমি হেলথ মিনিস্টারকে জানাই যে একজন এম এল একে কি দুভাগে ভাগ হয়ে দু জায়গায় অ্যাটেন করতে হবে, অথবা এম এল এ যাতে অ্যাটেন করতে না পারেন তার জন্য এই ব্যবস্থা। সেকারণে আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, শনিবারটি আপনি লিখে রাখবেন এবং মন্ত্রিসভা দয়া করে যেন ইনস্ট্রাকশন দেন ঐদিনে মিটিং ইত্যাদি ডাকার।

[ 9th March, 1981 ]

মিঃ স্পিকার ঃ এবার আমি উচ্চশিক্ষা মন্ত্রী শ্রী শম্ভুচরণ ঘোষকে শিক্ষা সংক্রান্ত ব্যয়-বরাদ্দ পেশ করতে অনুরোধ জানাচ্ছি।

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand No. 34

**Major Heads : 277—Education (Excluding Sports and Youth Welfare) 278—Art and Culture, and 677—Loans for Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare)**

**Shri Sambhu Charan Ghosh :** Sir, with the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,85,23,82,000 be granted for expenditure under Demand No. 34 "Major Heads : 277—Education (Excluding Sports and Youth Welfare) 278—Art and Culture, and 677—Loans for Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare)".

### Demand No. 35

**Major Head : 279—Scientific Services and Research.**

**Shri Sambhu Charan Ghosh :** Sir, with the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 29,000 be granted for expenditure under Demand No. 35. "Major Head : 279—Scientific Services and Research".

### Demand No. 31

**Major Head : 276—Secretariat—Social and Community Services.**

**Shri Sambhu Charan Ghosh :** Sir, with the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,58,95,000 be granted for expenditure under Demand No. 31, "Major Head : 276—Secretariat— Social and Community Services".

**Mr. Speaker :** Cut motion is in order and taken as moved.

Speaker, Sir,

On the recommendation of the Governor, we beg to move that a sum of Rs. 285 crores 23 lakhs and 82 thousands be granted for expenditure under Demand No. 34, Major Heads "277—Education (excluding Sports and Youth Welfare)", "278—Art and Culture" and "677—Loans for Education, Art and Culture (excluding Sports and Youth Welfare)" for the year 1981-82. Besides there are separate provisions

under other Demands in the Budget or 1981-82 to be moved by the Ministers concerned. The present motion or Demand No.34 covers the major part of the provision for education in 1981-82.

Members of the House are aware that the Left Front Government has taken big strides in rendering education accessible and meaningful to the masses in restoring and maintaining a healthy academic atmosphere and in keeping up the academic standard during the last four years. Budget allocations motions for Education in West Bengal have increased by 120% since 1976-77 financial year.

1977 Education in West Bengal was free only up to Class IV for boys and up to Class VIII for girls. In 1981 Education is free for all up to Class XII throughout the State. While all existing educational institutions have been strengthened, new primary, secondary and H.S. institutions have been set up to accommodate all young people intending to join schools Incentive programmes have yielded encouraging results. Teachers and employees attached to educational institutions have worked under better service conditions and enhanced emoluments. All educational Acts have been democratised. Special measures have been taken to help Scheduled Caste and Tribes young men in their education. The interest of linguistic minority groups living in West Bengal have been protected. This Government going ahead with a plan to extend education to the physically Handicapped.

Department proposes to enrol an additional 16.77 lakhs of Children of the age group of 6-11 years in Primary Schools during the period up to 1984-85, thereby raising the percentage of coverage of children of that age group from 84% in 1977-78 to 100% by the end of 1984-85. Out of this 16.77 lakhs of additional children to be enrolled, 11.77 lakhs of children will be enrolled in formal schools and 5 lakhs in non-formal (Part-time) centres. Total enrolment of children of the aforesaid age group at the end of 1984-85 will be 81-64 lakhs.

During the current financial year 1980-81 Government accorded approval to the opening of 1,200 new primary schools with 3,800 additional teachers from January, 1981. This will facilitate admission of 2.02 lakhs of new students from January, 1981. A similar number of schools with the same number of teachers were sanctioned every year. The total number of schools sanctioned this year comes to 4,600.

Suction has also been accorded to the opening of 1,590 non-formal Part-time) centres in the State with effect from January, 1980 for Education of children of age group 9-11 years who cannot go to formal schools. This is in addition to 410 non-formal centres sanctioned in the year before. Sanction of 1,200 morre non-formal centres is under con-

sideration in the current financial year.

It has been decided that programme for giving incentives to Primary School children will be extended further by increasing the coverage beneficiary. According to this decision, the following steps have already been taken :

(a) The scheme of providing the schooldress to girls students has extended by raising the coverage to 100% of Scheduled Castes Scheduled Tribes girls and 40% of other girls.

(b) The facilities of attendance scholarship to the girls students also been extended by raising the coverage to 100% of Scheduled Caste and Scheduled Tribe girls and 20% of other girls.

(c) A new scheme for providing slates to students of Classes I and II and Exercise Books to students of Classes III and IV, was introduced during the year 1979-80, is being extend for operation this year also at a cost of Rs.50 lakhs.

(d) Under the State Plan nutrition programme of Mid-day meals to Primary School children, the coverage of beneficiaries has been raised to 26.21 lakhs during this year as against 21.21 lakhs of the last year.

**Repairs to and constructions of school buildings :** The programme of reconstruction of Primary School buildings damaged by flood in 1978 in progressing satisfactorily. An Engineering Cell set up by the Education Department has been supervision the work of construction of Primary School buildings in 10 flood-affected districts. Against an estimated cost of Rs.255 lakhs to be made available by UNICEF, a sum of Rs.249 lakhs including Rs.49 lakhs given by the State Government as advance has already been placed at the disposal of the Zilla Parishads.

A sum of Rs.5.20 lakhs has been sanctioned towards completion of 104 school buildings in ITDP-AREAS during 1980-81. Besides, a new scheme named as Second Phase of construction of Primary School buildings with CARE's assistance has been approved. Under the scheme 200 school buildings will be constructed at a total expenditure of Rs.50 lakhs to be shared by the State Government and CARE in the ratio of 55:45. The State Government have already issued orders placing its share of Rs. 27.50 lakhs with the Zilla Parishads who will execute the scheme in the District Co-operation of the local people under the leadership of the Panchayat in building their school buildings have been appreciable.

During 1980-81 the Education Department has received a Centre.

Assistance of Rs.70.00 lakhs for repairs and reconstruction of Primary Schools in the districts of Malda, Murshidabad and Darjeeling amd the Secondary Schools of Malda and Murshidabad damaged by the flood of 1980. Out of the above assistance, Rs.55.00 lakhs are being utilised for Primary Schools and Rs.15,00 lakhs for Secondary Schools.

Besides a sum of Rs.30.00 lakhs has been sanctioned towards improvement of the buildings of the existing Primary Schools.

For providing additional accommodation in the existing Secondary schools more than Rs.2 crores have been sanctioned in favour of some 700 schools.

A sum of Rs.1.30 lakhs has been sanctioned this year for repairs to 13 Junior Basic Schools in Purulia.

The final report of the Syllabus Committee constitutedby this Department has been accepted by Government for introduction in Primary Schools from 1981 academic session. Orientation of Twenty thousand Primary school teachers has been taken up in hand for effective introduction of the new syllabus in Classes I and II from 1981 and in Classes III, IV and V from 1982.

Syllabus and Curriculum for the primary stage have been left unrevised since 1950. A serious attempt has been made this time to make it Scientific and meaningful. The changes in the primary curriculum and syllabus completely conform with the guidelines laid down by the Education Commission (1964-66) in particular, and the teaching of the great educationists of our country including Rabindranath, in general. Among other things the new syllabus provides that mother tongue will be the medium of instruction and the only language taught in classes I to V. A second language (English) will be introduced in the first year of Secondary Education (Class VI). This will give students a better command over their another tongue, the subjects learnt and also over their Second language. Before making there recommendations the Syllabus Committee have considered the opinions of not only the teachers of our country but also have examined the experience of the pedagogues of the world.

**Betterment of service conditions of employees and various Relief Grants :**

The arrangement of payment of salaries to Primary School teachers through the State Bank of India or other Nationalised Banks within

a radius of 8 km from such Banks has been extended to Urban and Rural areas of all the districts of the State.

The enhancement of the rate of D.A. at par with Government employees sanctioned from time to time, has also been made applicable to all Primary school teachers, the employees of District School Boards including teachers of D.A. getting Primary Schools as also to the teaching and non-teaching staff of Secondary Schools and Madrasahs.

The benefit of providing employment on compassionate ground to wards of teachers/employees of District School Boards dying in harness and on ground of permanent disability has been extended.

President's assent to the West Bengal Primary Education (Amendment) Bill, 1980 has been received. Under the provision of the Act, a Board, viz., West Bengal Board of Primary Education will be set up.

Education at the Higher Secondary level (XI and XII Classes) has been made free with effect from 1st January, 1981.

The State Government has approved of the establishment of 100 new non-Government High Schools/High Madrasahs and 200 new non-Government Junior High Schools/Juniour High Madrasahs during the current financial year. Nearly 900 such schools have been sanctioned in the last five years.

The State Government is considering a proposal for establishment of more 1,500 non-formal Education Centres including 100 in Tribal areas for the age-group 11-14 years.

The State Government has decided to supply free of cost mathematic books to the students of Class VI all recognised Secondary School in West Bengal with effect from the academic session of 1981. Establishment of a separate agency to produce Nationalised Textbooks is under consideration of the Government.

As in the previous years the State Government have sanctioned different schemes for supply of textbooks, tiffin, uniform, attendance scholarship, etc., to the students belonging to Scheduled Castes, Scheduled Tribes and other economically backward classes. The scheme to provide white papers to schools, at concessional rates, for their internal examinations has been running very well. Concessional exercise books are supplied to educational institutions through Wholesale Consumer Co-operatives and to the public through the public distribution system.

West Bengal Council of Higher Secondary Education has undertak-

en a programme to mould the syllabuses for Higher Secondary Classes on a scientific basis. State Council for Educational Research and Training has been formed. It has undertaken the job of writing primary texbooks on the basis of the new syllabus. The task of re-orienting the primary teachers has also been taken up by the SCERT. Board of Secondary Education has recorded a considerable success in holding examinations in time, publishing results and issuing certificates. The Board hold their Madhyamika examination in early March from this year to set right the academic time-table which has so far been distracted.

So long the teaching and the non-teaching staff of the Senior Madrash were not granted any scales of pay. The question of introducing the structure of scales of pay of the approved teaching and non-teaching staff of the recognised Senior Madrasahs was considered by the Government and with effect from 1st April, 1980 scales of pay for the approved teaching and non-teaching staff of the recognised Senior Madrasahs have been introduced subject to certain terms and conditions. Government have decided to give recognition to 18 New Senior Madrasahs with effect from 1st January, 1980.

Consequent on undertaking of various schemes for development of school education during the successive plan periods, recognisation of the administrative set up for the school education in the Education Directorate was felt necessary. Before taking up the process of reorganisation, the nature and volume of work, impact of new development plans and additional items of new programmes such as non-formal education, universalisation of elementary secondary education, etc., have been properly assessed and a comprehensive part thereon has been prepared. The report is now under consideration of the Government.

The development in the field of Library Services in this State is worth mentioning. The West Bengal Public Libraries Bill, 1979, was passed. The Government has decided to set up a State Library Council. A Metropolitan LIbrary for Calcutta has been established. A set up headed by director has been sanctioned for development and management of public libraries in the State. Rs.448.00 lakhs have been provided for the development of library services in the State for the year 1981-82. The Book Fair organised in used in collaboration with the Bengal Library Association and Publishers' and Book Sellers' Association and Local Book Fair sponsored any Government have been successful in bringing together Libraries, Publishers and Government in close Co-operation.

The number of Government and Government Sponsored Libraries were 761 in 1977. Since then 1,138 new libraries have been sanctioned.

Sanction of an additional number of 500 libraries is under consideration of the government. In 1977 Rural Libraries, Town/Subdivisional Libraries and District Libraries used to get Government grant at the rate of Rs.600, Rs.3000 and Rs.5,000 respectively. The rate has since been enhanced to this Rs.4,000 for rural, Rs.10,500 for Town Sub-Division and Rs.50,000 for District Libraries. Non-Government libraries are being financially helped by the Government every year.

Sports and Physical education activities have become regular feature in Primary and Secondary Schools. In winter 1981, West Bengal held with success the Silver Jubilee Meet of the National School Games Championship at Salt Lake NIS Complex.

This year being the International year of the Disabled, the Education Department propose to speed up with the programme of setting up schools for the Disabled in different districts of the State.

In the field of higher education, development of the universities and the existing colleges has been our main concern. The UGC's share of assistance is limited to 50 per cent of the total development expenditure of the Universities. In view of this limited assistance from the UGC the State Government had to bear not only the remaining 50 per cent of the development expenditure but also the entire expenditure on the maintance of the Universities. The total expenditure incurred by the State Government this account on in 1979-80 alone was Rs.11 crores 33 lakhs. In addition to this a sum of Rs.69.5 lakhs was made available to the universities in the same year for the implementation of the development programmes.

During the Sixth Plan period, the UGC, we understand, has proposed to curtail their assistance further to the universities of West Bengal Amount of Rs.5.21 crores was allocated to the universities by the UGC during the Fifth Plan period. The proposed outlay for the universities during the Six Plan period is only Rs.3.5 crores. This we consider to be high unsatisfactory. Development programme of the universities will received a serious setback if the total outlay is reduced by about 40 per cent have been proposed by UGC. I had already met the Union Education Minister to impress upon him the urgent need of increasing the allocation to the universities in accordance with their requirements. The university have already submitted the Six Plan to the UGC and the allocated assistance has been indicated as Rs.11.54 crores. If the amount asked for by the universities is not released by the UGC during the plan per period the universities will not be in a position to implement their development programmes.

As regards the new university bills, 3 bills relating to Jadavpur, Burdwan and North Bengal universities are now being considered by the Select Committees. We propose to introduce new bills for the remain two univerisites, namely, North Bengal and Kalyani Universities during the current session of the Assembly. We also propose to bring another bill relating to the establishment of a new university at Midnapore.

With regard to colleges affiliated to the universities steps have been taken to make full use of the existing facilities by filling up the vacancies post of teachers, by introducing new courses as well as honour course in various subjects wherever necessary and also by providing financial assistance to some of the colleges for construction of class rooms, laboratories and hostels for the students, etc. We are considering to make provision for generators for the colleges with evening shifts.

During the year 1980-81, honours course in Hindi has been intróduced at the Presidency College, Calcutta. In the interest of students Statistics classes at the plus 2 level and the B.Sc. (Pass) in Statistics have been opened at the Maulana Azad College, Calcutta, from the academic sessions 1980-81.

Special care has been taken to provide facilities for higher education to the girls in rural areas. Of the five new colleges set up, 3 are for girls. These colleges for girls have been established at Bhadrakali in Hooghly. Suri in Birbhum and Ranigunj in Burdwan districts. Two others co-educational colleges—one at Dhaniakhali in Hooghly district and the other at Khatra in Bankura district—have been set up. 13 more degree colleges including one B.Ed. are also proposed to be set up in the backward areas of the State during the year 1980-81.

Pensionary benefits including gratuity and family pension as admissible teachers of non-Government colleges drawing pay in the UGC scale have now been extended also to the teachers who are drawing pay in the old UGC scales. Government have also decided to extend the pensionary benefits to non-teaching employees as well as to the employees of the Day. Students' Homes retrospectively with effect from 1st April, 1974.

UGC scales of pay for librarians and physical instructors of non-Government Colleges have also been introduced retrospectively from 1st January, 1973. The State Government also propose to improve the service condition of Mess and Hostel workers attached to different institutions of the higher education as early as possible.

It is encoureging to note that the performance of the colleges

were temporarily taken over by the State Government, namely, Sri Ramkrishna Sarada Vidya Mahapith, Kamarpukur, Netaji Nagar College, Calcutta, Bangabasi Group of Colleges, Calcutta, Birla College of Science and Education, Calcutta and Indian College of Arts and Draftsmanship, calcutta, has considerable improved and these colleges are now being manage properly. Government, therefore, propose to take over these colleges on a permanent basis.

As regards technical education, phased programme of development of two Government Engineering Colleges has been initiated on the recommendations of an Expert Committee set up for this purpose. A proposal to organise a degree course in Computer Science in the B.E. College has since been approved by the Eastern Regional Council. The proposal is now awaiting approval of the All India Council of Technical Education.

The Engineering Diploma holders working in different districts of North Bengal were not, so long, getting any facility to improve their qualifications. In order to provide them with much facilities it has been decided to introduce a five-year part-time degree course in the Civil Engineering in the Jalpaiguri Government Engineering College. A sum of Rs.4.84 lakhs has been sanctioned this year for this purpose.

An Expert Committee was constituted in the month of January 1980 to Examine the teaching staff structures of the four Technological Colleges viz, (i) College of Textile Technology, Serampore, (ii) College of Textile Technology, Berhampore, (iii) College of Leather Technology, Calcutta and (iv) College of Ceramic Technology, Calcutta and to see if they need any reorganisation for successful conduct of the 4-year degree courses that are being run in those colleges.

The Committee has since submitted its report. On the basis of the recommendations of this Committee, a proposal to reorganise the teaching staff structure of these four technological colleges has been prepared and It is expected that a good number of additional teaching staff will be provided to each of these colleges within a short period.

A proposal for development of the College of Leather Technology, Calcutta, at a cost of Rs.80 lakhs under the Indo-Norweigian Technical Assistance Programme has been submitted to the Government of India.

At present there is no facility for study of diploma course in Metallurgy in this State. In order to provide this facility it has been decided to introduce a diploma course in Metallurgy in Asansol Polytechinic. It has also been decided to introduce diploma course in

several other subject number of Polytechnics of this State as detailed below ;

| | Subject | Name of the Polytechnics |
|---|---|---|
| 1. | Fishery Technology | Contai Polytechnics. |
| 2. | Chemical Engineering with Petro-Chemical as special field | Contai Polytechnics. |
| 3. | Agriculture Engineering | Raiganj Polytechnics. |
| 4. | Mechanical Engineering with automobile Engineering as special field. | Raiganj Polytechnics. |
| 5. | Automobile Engineering Course | Central Calcutta Polytechnics Hooghly Institute of Technical. |
| 6. | Electronic course | Birla Institute of Technology |

With a view to generating self employment among rural people it has been decided to organise two Community Polytechnics—one at Bishnupur and the other at Jhargram. The Government of India has agreed to bear all the expenditure required for organising these two rural polytechnics.

The Urdu Academy set up by the State Government is going ahead with their programme for promotion of Urdu language and literature. For smooth working of the Academy, the State Government has accorded autonomous status to it.

The first volume of the Rabindra Rachanabali has already been printed. As the number of applications of intending purchasers far exceeds the number of books printed a lottery was organised to select the requisite number of applications. The results of the lottery are now being printed and the present documents will be available shortly for distribution. The State Government approached the Viswa Bharati authorities to print another 50 thousand volumes under the same terms and conditions. But the Viswa Bharati authorities have accorded permission for printing 20 thousand volumes, but that also at a very high royalities, viz., 20 per cent of the priced value. The amount comes to Rs.13.00 lakhs where as for the first 50 thousand volumes, the royalty paid to the Viswa Bharati authorities as per agreement with them was only little more than Rs.10 lakhs. The Government is examining the

conditions imposed by the Viswa Bharati.

All the 29 Adult Education Projects under the State and Central Plans are now in an advanced stage of implementation. Recruitment of teachers, supervisors, project staff and project officers have, more or less, been completed and about 6,000 centres are actually running the State and another 2000 centres are to open shortly. It is proposed to start 15 new projects under the State Plan in the next financial year. As regards the Central sector, the Government of India have indicated their inability to sanction any more projects for the time being.

The West Bengal State Book Board has been entrusted with the responsibility of production, distribution and sale of text books on various subjects at the graduate and post-graduate level in Bengali.

The Board has undertaken a scheme for publication of books in Bengali in all the subjects, particularly, in Arts up to honours and post-graduate level in the coming year. There are also schemes for publication of special types of books, viz., books on Library science, defence studies, etc.

The first volume of Haraprosad Sashtri Rachanavali has recently been published by the Book Board. The Board has also taken up a scheme for publishing the Rachanavalis of Rakhal Das Banerjee and Amulya Charan Bidyabhusan.

A sum of Rs. 3.27 lakhs was allotted for 1980-81 for grant of literary pension to journalist, authors, etc., who have more than 55 years of age and who have no sufficient means of livelihood. More than 225 persons have been granted such pension during the current year at the rate varying from Rs. 100 to Rs.250 per month. Literary pension of 50 persons have also been enhanced by Rs.50 per month in each case.

During 1980 the following two prizes were awarded :

(1) Rabindra Memorial Prizes,

(2) Vidyasagar Memorial Prizes.

The following persons were awarded Rabindra Memorial Prizes :—

(1) Shri Gopall Hallder—in Bengali literature group,

(2) Shri Tarak Mohon Das—in Science group.

The value of each of the two awards is Rs.10,000. The third

award on books written in other than Bengali language on Bengali culture could not be awarded as the judges did not recommend any person.

The following two persons were awarded Vidyasagar Memorial Prizes for 1980 :—

(1) Shri Annada Sankar Roy—for his works in Bengali literature in prose since 1941, other than Juvenile literature.

(2) Srimati Lila Majumdar—for her work in Juvenile literarure in Bengali Prose since 1951. The value of each award is Rs.10,000

In the coming year the following prizes will be awarded :—

(1) Rabindra Memorial Prizes—three awards.

(2) Vidyasagar Memorial Prizes—two awards.

(3) Bankim Memorial Prizes—one award.

State Archives—collection of important documents are going to be published.

With these words, Sir, we would commend the Budget for the consideration of the House.

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮১-৮২ সালের জন্য পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রের ব্যয় বরাদ্দ যা উত্থাপন করা হয়েছে সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। পশ্চিমবঙ্গ সরকার শিক্ষা সম্প্রসারণের যে খতিয়ান বার করেছেন তাতে আছে, প্রাথমিক বিদ্যালয় কত তৈরি হয়েছে, নতুন বিদ্যালয় তৈরি হবার প্রস্তাব যা ছিল সেগুলি হচ্ছে, মাধ্যমিক বিদ্যালয় কত হয়েছে এবং গৃহ নির্মাণের কি ব্যবস্থা হয়েছে। কিন্তু উচ্চ শিক্ষার ক্ষেত্রে "গণতান্ত্রিক বিশ্ববিদ্যালয়" এই জিনিস করা ছাড়া উচ্চ শিক্ষামন্ত্রী আর কিছু করেছেন বলে উল্লেখ নেই। স্যার, শম্ভুবাবু উচ্চ শিক্ষামন্ত্রী হবার পর থেকে একটা জিনিস লক্ষ্য করছি যে, ১৯৭৮ সালের জানুয়ারি মাস থেকে তিনি পশ্চিমবাংলায় কলকাতা বিশ্ববিদ্যালয় সমেত ৫টি বিশ্ববিদ্যালয়কে সুপারসিড করেছেন। এর উদ্দেশ্য হচ্ছে এগুলোকে তিনি গণতন্ত্রিকরণ করবেন এবং তারজন্য আইনও তৈরি করলেন। কিন্তু আমরা দেখছি কলকাতা বিশ্ববিদ্যালয় আইন পাশ হওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত তাকে কার্যকর করা হল না। শুনছি তাকে নাকি আবার অ্যামেন্ড করা হবে। অন্যান্যগুলি সিলেক্ট কমিটিতে গেছে। স্যার, এই মন্ত্রিসভা শুধু সুপারসিড করা ছাড়া শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে আর কোনও জিনিস দেখাতে পারেনি। আমি

মনে করি উচ্চ শিক্ষামন্ত্রী সম্পূর্ণ অযোগ্যতার পরিচয় দিয়েছেন এবং এই উচ্চ শিক্ষা তিনি ঠিকভাবে পরিচালনা করতে পারেন নি এবং তার নিষ্ক্রীয়তাই তারজন্য সম্পূর্ণরূপে দায়ী। যাদবপুর বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে যে কান্ড ঘটে গেল, যে কেচ্ছা ঘটে গেল তাতে পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের জনগণের ললাটে কালিমা লেপন করা হয়েছে। সেই বিশ্ববিদ্যালয়ের যিনি আচার্য তিনি সমাবর্তন উৎসবকে সম্পূর্ণ অবৈধ বলে ঘোষনা করলেন, অথচ রাজ্যের উচ্চ শিক্ষামন্ত্রী যিনি তার অধীনে কাজ করেন তিনি সেই অবৈধ সমাবর্তন উৎসবে যোগ দিলেন। স্যার, এইসব কান্ড দেখে আমরা অবাক হয়ে যাচ্ছি। আমি বলব সেই ভাইস চ্যান্সেলর ওনার দলের লোক বলে তিনি তাকে আরও বড় করার চেষ্টা করছেন যে এবং যে সমস্ত আইন কানুন আছে তা বাদ দিয়ে তিনি এই সব কাজ করছেন। আর একটা কথা বলতে চাই আজকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের হাল কোথায় দাঁড়িয়েছে। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে দেখা যাচ্ছে গত বছরে ৫ বার ভাইস চ্যান্সেলর পরিবর্তন করা হোল ১০ বার রেজিস্ট্রার বদলি করা হয়েছে। অবশেষে ১৯৮০ সালের ডিসেম্বর মাসে শিক্ষা দপ্তর থেকে একজনকে স্পেশ্যাল অফিসার করে পাঠানো হয়েছে এবং যাকে ভাইস চ্যান্সেলর করে পাঠিয়েছেন তিনি বেশিক্ষণ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের চত্তরে থাকেন না এবং ওখানটা তার একটা আরামের জায়গা হয়ে দাঁড়িয়েছে এবং বেশিরভাগ সময়ই তিনি কলকাতায় থাকেন। তিনি বিশ্ববিদ্যালয়ের যে কাজ সেগুলি করার কথা মনে করেন। তার একমাত্র কাজ হচ্ছে বামফ্রন্টকে তোষণ করা। তার কার্যকলাপ প্রমাণ করে দিয়েছে তিনি একজন অপদার্থ স্বার্থন্বেষী। তিনি জানেন বামফ্রন্টকে তোষণ করলেই তিনি চাকুরিতে থাকতে পারবেন। আমি একটা উদাহরণ দিচ্ছি। সেখানে ৬০ ভাগ ভেকেন্সি এখনও ফিলআপ হয় নি। সেখানকার কাউন্সিলের মেম্বার মিটিং করে রেজলিউশন করে তাকে বললেন subject to the approval of the council এই সমস্ত ভেকেন্সি ফিলআপ করা হবে। তিনি কি করলেন, এই বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর হয়ে যিনি গেছেন মিঃ মুখার্জি তিনি বহিরাগতদের থেকে লোক নিয়ে ভেকেন্সি ফিলআপ করে দিলেন। তিনি রেজলিউশন বাইপাস কিভাবে যে বললেন তা জানি না। ঐ বিশ্ববিদ্যালয়ের চত্তরে পুলিশ শিবির পার্মানেন্টলি গেড়ে রয়েছে। সেখানে একটা ইউনিয়ন আছে সি পি এম প্রভাবিত এবং সেই ইউনিয়নকে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর সমর্থন করে চলেছে। আর একটা ইউনিয়ন আছে আর এস পি প্রভাবিত। দেখা যাচ্ছে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দুর্নীতি নিয়ে তারা যখন আন্দোলন করে সেই আন্দোলনকে পুলিশ দিয়ে রোধ করা হয়। এবং ঐ ইউনিয়নকে কিভাবে ধ্বংস করা যায় তার জন্য ভাইস চ্যান্সেলর চেষ্টা করে যাচ্ছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে মেম্বার দিলীপ চক্রবর্তী তার বক্তব্যে জানতে পারলাম কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাষাকে কেন্দ্র করে তার জন্য বার বার পত্র দেওয়া হয়েছে। কিন্তু সেই পত্রকে ডিফাই করে মিটিংয়ে উল্লেখ বা আলোচনা না করে ১৯৮০ সালের ১৪ই নভেম্বর ছাত্র-ছাত্রীদের ভাগ্য নির্ধারণ হয়ে গেল। একটা ডিনার পার্টিতে ঠিক হল ডিগ্রি কোর্সে ইংরাজি অপশন্যাল হিসাবে থাকবে। আজকে বুদ্ধিজীবী থেকে আরম্ভ করে রাজনীতিবিদ পর্যন্ত এই ভাষা নিয়ে একটা মতপার্থক্য সৃষ্টি হয়েছে। ডিগ্রি কোর্সে ইংরাজি ঐচ্ছিক করলেন প্রাইমারি স্তরে ইংরাজি তুলে দিয়ে যে ব্যবস্থা এই সরকার করছেন সেই ব্যবস্থায় শিক্ষাকে সংহার করার চেষ্টা করছেন। যদি পশ্চিমবাংলা থেকে ইংরাজি তুলে দিতে হয় ডিগ্রি কোর্সে তাহলে যতক্ষণ না বাংলা ভাষায় উচ্চ শিক্ষা দেবার ব্যবস্থা না হয় ততক্ষণ পর্যন্ত ইংরাজি

তুলে দেওয়া একটা বাতুলতা মাত্র।

আজকে একদিকে ইংরাজি শিক্ষা তুলে দেবার জন্য বামফ্রন্ট সরকার চেষ্টা করছেন অন্যদিকে আমরা দেখিছি এই সরকারের মন্ত্রীরা ভেতরে ভেতরে ইংরাজি মিডিয়াম স্কুল তৈরি করার জন্য সচেষ্ট হয়েছেন। কিছুদিন আগেই এই সরকারের কোনও কোনও মন্ত্রী বেহালা, কুঁদঘাট, সল্টলেক ইংরাজি মিডিয়াম স্কুল উদ্বোধন করার জন্য সেই সব জায়গায় গিয়েছেন। স্যার, যারা শ্রেণীকে ধ্বংস করার কথা মুখে বলছেন তারাই আবার দেখছি পশ্চিমবাংলার নাগরিকদের দুটি শ্রেণীতে বিভক্ত করছেন—একশ্রেণী ইংরাজি শিখবে এবং আর একশ্রেণী ইংরাজি শিখবে না। যারা ধনী তারা ইংরাজি পড়বে আর যারা দরিদ্র তারা ইংরাজি পড়া থেকে বঞ্চিত থাকবে এই মনোভাব নিয়ে ওরা চলেছেন এবং এর মাধ্যমে পশ্চিমবঙ্গের নাগরিকদের ওরা দুটি শ্রেণীতে বিভক্ত করছেন। তাই স্যার, আমি বলব এই সরকার ভাষা নীতির মাধ্যমে পশ্চিমবঙ্গের মানুষকে সম্পূর্ণরূপে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এখন স্যার, আমি এই প্রসঙ্গে স্কুল, কলেজগুলির অবস্থা সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। স্যার, একদিকে সরকারি কলেজ এবং অন্যদিকে বেসরকারি কলেজ এমন কি রামকৃষ্ণ মিশনের শিক্ষা প্রতিষ্ঠানগুলিও অত্যাচর এবং নৈরাজ্যের হাত থেকে বাঁচছে না। রহড়ায় শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ সেন্টিনারি কলেজ সম্পর্কে বলতে চাই যে সেখানে গত ২০-৮-৮০ তারিখ থেকে এক শ্রেণীর শিক্ষক সিজ ওয়ার্ক করছেন, এটা সরকার এবং উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন। এই প্রসঙ্গে বহু ঝড়ও বয়ে গিয়েছে। কেন তারা সিজ ওয়ার্ক করছেন? সেখানকার টিচারদের ওপিনিয়ন কি? সেখানে তারা ৩-৪টি কারণের উল্লেখ করেছেন, আমি সেগুলি পড়ে দিচ্ছি।

''Striking out the words 'Ramkrishan Mission' from the name of the college.

Removal of the Honorary Monk-Principal although he was fully qualified.

Debarring monks with requisite qualifications and experience from working as honourary teachers,

Withdrawal of the rights and privileges, to which the Ramkrishna Mission is entitled under the Constitution of India and which have all along been honoured by the Govt. with regard to Constitution of the Governing Body and other matters''

স্যার, এটা সকলেই জানেন যে রামকৃষ্ণ মিশন পরিচালিত যে সমস্ত বিদ্যালয় আছে বা কলেজ আছে সেই শিক্ষা প্রতিষ্ঠানগুলি একটি বিশেষ কনস্টিটিউশনের দ্বারা পরিচালিত—বেলুড় রামকৃষ্ণ মিশন থেকে সেগুলি পরিচালিত হয়। এরা এখানে যে অন্যায় কাজ করছেন সেটা জানতে মন্ত্রী মহাশয় কেন তাদের প্রশ্রয় দিচ্ছেন তা আমি বুঝতে পারছিনা। স্যার এই রামকৃষ্ণ বিবেকানন্দ সেন্টিনারি কলেজটি পশ্চিমবাংলার ভালো কলেজগুলির অন্যতম। সেখানকার রেজাল্ট, ডিসিপ্লিন এবং অন্যান্য কার্যকলাপ অত্যন্ত প্রশংসনীয় সেখানে আগে যিনি প্রিন্সিপল

ছিলেন স্বামী জিতাময়নন্দ, তাকে জানুয়ারি মাসে সেখানকার শিক্ষররা ঘেরাও করেন এবং হেনস্থা করেন। বাধ্য হয়ে তিনি রিজাইন করেন। তারপর বেলুড় মঠ থেকে স্বামী শিবাময়নন্দকে ওখানে এনে বসানো হয়। তিনি ফার্স্ট ক্লাস সেকেন্ড ইন ম্যাথামেটিক্স। তিনি দীর্ঘ ৬ বছর ধরে রামকৃষ্ণ বিদ্যামন্দিরের ভাইস-প্রিন্সিপল ও প্রিন্সিপল ছিলেন। তাকে ওখানে এনে বসাতে সেখানকার শিক্ষকরা সেটা টলারেট করতে পারলেন না। কেন যে তারা তাকে টলারেট করতে পারেলন না সেটা জানি না। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয় জানেন, এখানে একটা ট্রাডিশন কনভেনসন আছে যে বেলুড় মঠ থেকে সেখানে সমস্ত কিছু কন্ট্রোল করা হয়। সেখানে কে প্রিন্সিপল হবেন, মঙ্ক প্রিন্সিপল কে হবেন, কে প্রফেসর হবেন ইত্যাদি তারাই সব ঠিক করেন। কেন সেখানে লেখাপড়া এরকম ভাবে বন্ধ হয়ে থাকবে আমি সেটা বুঝতে পারছি না। সেখানে বিভিন্ন সময় আরও কতগুলি ঘটনা ঘটেছে এবং লিগ্যাল অ্যাডভাইস গভর্নমেন্টের তরফ থেকে দেওয়া হয়েছে এটা মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন। এই ব্যাপারে অ্যাডভোকেট জেনারেল এবং রাজ্যপালের ওপিনিয়ন তারা চেয়েছিলেন এবং অ্যাডভোকেট জেনারেলেরও ওপিনিয়ন তাদের কাছে রয়েছে আমাদের অ্যাডভোকেট জেনারেল লিখিত যে নোট দিয়েছেন তাতে তিনি বলেছেন, রামকৃষ্ণ মিশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলো আইনত ধর্মীয় গোষ্ঠীর সকল বিশেষ অধিকার দাবি করতে পারেন। তিনি বলেছেন, রামকৃষ্ণ সম্প্রদায় হিন্দু সন্দেহ নেই, কিন্তু স্বামী বিবেকানন্দ এই সম্প্রদায়ের মুলমন্ত্র করে গেছেন " জীবে প্রেম ও শিব জ্ঞানে জীবসেবা"। সাধারণ চলতি হিন্দু ধর্মের মতো দেবদেবীর পূজা বা পূজা অর্চনার মাধ্যমে মুক্তি বা মোক্ষলাভ এই সম্প্রদায়ের মুলমন্ত্র নয়। সুতরাং ব্রাহ্ম এবং আর্য সমাজদের মতো এরাও বিশেষ গোষ্ঠীর সুযোগ পেতে পারেন। বামফ্রন্ট সরকারের শিক্ষা দপ্তরে বেশ কিছুদিন ধরে রামকৃষ্ণ মিশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উপর সরকারি নিয়ন্ত্রণ চালাবার চেষ্টা করেছিলেন। তারা এরজন্য একটা বিশেষ আইন তৈরির কথাও ভাবছিলেন। স্নেহাংশুবাবু বিভিন্ন হাইকোর্টের রুলিং তুলে দেখিয়েছেন আইনত এটা করা যাবে না। রহড়া বিবেকানন্দ শতবার্ষিকী কলেজেও সরকার বা বিশ্ববিদ্যালয়ের হাত দেওয়া উচিত হবে না। একথা স্নেহাংশুবাবু বলেছেন। তবে একথা শুধু তিনিই বলেননি, রাজ্যপালও একথা বলেছেন। তাহলে কেন এই মন্ত্রিসভা এবং রাজ্য সরকার রহড়াতে যে জুলুম চলছে তাতে মদত দিচ্ছেন? আমার বক্তব্য হচ্ছে যারা কাজ করতে চান তাদের কাজ করতে দিন। প্রেসিডেন্সি কলেজ সরকারি কলেজ হওয়া সত্ত্বেও মন্ত্রী মহাশয়ের যেন একটা অসহায় অবস্থা দেখছি। রামকৃষ্ণ মিশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলির রেজাল্ট খারাপ একথা কেউ বলবেন না, তারা ভালভাবে পড়াশুনা করান, সেখানে ডিসিপ্লিন ভাল একথা প্রত্যেকটি মানুষ বলবে এবং মন্ত্রী মহাশয়রাও সেকথা জানেন। তাহলে কেন বামপন্থী প্রভাবিত কিছু সংখ্যক শিক্ষক সেখানকার শিক্ষা নষ্ট করছেন এবং ছেলেদের লেখাপড়া ব্যাহত করছেন সে সম্বন্ধে আমি আশাকরি মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণে কিছু বলবেন। তারপর, কিছুদিন পূর্বে অর্থাৎ ১৯৮০ সালের ১৪ই নভেম্বর অর্গানাইজিং টিচারদের সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রী এবং প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী আলোচনায় বসেছিলেন। আমি এই ব্যাপারে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দেব কারণ তিনি অন্ততপক্ষে তাদের কথাগুলো শুনে তাদের আশ্বাস দিয়েছিলেন এবং সেই আশ্বাস ছিল, ১৯৭১ সাল থেকে যতগুলো অর্গানাইজ স্কুল রয়েছে তাদের হাতে নিয়ে শিক্ষকদের অ্যাপয়েন্টমেন্ট দেবেন, স্কুলগুলিকে রিকগনিশন দেবেন এবং তাদের মেরিট জাজ করে এটা

করবেন। কাজেই আমি আশাকরি মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণে বলবেন সেই স্কুল এবং টিচারদের প্রোভাইড করার ব্যাপারটা কি হল? আজকে তারা এখানে তাদের সেই দাবি নিয়ে এসেছেন এবং তারা জানতে চান মুখ্যমন্ত্রী এবং পার্থবাবু তাদের বিদ্যালয় এবং তাদের সম্বন্ধে যা বলেছিলেন তার কি হল? তারা এটা জানবার জন্য বাইরে অপেক্ষা করছেন। স্যার, ১৯৭৭ সাল থেকে আমরা এই দাবি করছি। মাননীয় মন্ত্রী পার্থবাবু সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, তিনি কিছু কিছু কাজ করছেন ঠিকই কিন্তু উচ্চ শিক্ষামন্ত্রীর প্রতিটি কাজে আমি দেখিয়ে দেব তিনি অপারগ হয়েছেন।

আজকে আমি বলতে চাই যে, প্রাথমিক শিক্ষার ব্যাপারে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল—অর্গানাইজড টিচারদের সম্পর্কে আমি আশা করব পার্থবাবু তার জবাবি ভাষণে সে সম্পর্কে বলবেন। তারপর আর একটা বিষয় হচ্ছে প্রাথমিক স্কুল গুলিতে সরকারের তরফ থেকে পাঠ্য পুস্তক পাঠাবার কথা ছিল, কিন্তু এখনও পর্যন্ত সব স্কুলে সেই বই গিয়ে পৌছায়নি। আজকেই একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় একটি প্রশ্নের উত্তরে বলেছেন যে, বই দেওয়া হচ্ছে। কিন্তু আমি জানি আমাদের মেদিনীপুর জেলার ৩৮ লক্ষ পুস্তকের প্রয়োজন আছে, কিন্তু সেখানে এখন পর্যন্ত মাত্র ১৪ লক্ষ পৌছেছে। আমার কাছে গত কালকের পর্যন্ত ইনফরমেশন আছে, তাতে আমি এই জিনিস দেখছি। ফেব্রুয়ারি মাস চলে গেছে, মার্চ মাসের আজ ৯ তারিখ হয়ে গেল, এর পর এপ্রিল মাস এসে যাবে, তাহলে কবে ছাত্ররা লেখাপড়া করবে? সরকার শিক্ষা ব্যবস্থাকে হাতে নিয়েছেন পরিষ্কার পরিচ্ছন্ন প্রসাশন তৈরি করবার জন্য। অথচ আজকে এই অবস্থা দেখতে পাচ্ছি। ক্লাশ ফাইভ, সিক্স-এর ছেলে-মেয়েদের বই দেওয়ার কথা, অথচ আজ পর্যন্ত তাদের কাছে বই পৌছল না। তাহলে তারা কবে পড়বে? সেই জন্য আমি দাবি করছি বিদ্যালয়গুলিতে তাড়াতাড়ি বই পৌছে দেবার ব্যবস্থা করা হোক। এই প্রসেঙ্গ আমি মাধ্যমিক বিদ্যালয়গুলি সম্বন্ধে দু একটি কথা বলতে চাই। গত ৪/৫ বছর ধরে দেখছি মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ইনস্পেকশন করার জন্য ডি আই অফ স্কুলস গিয়ে ইনসপেকশন করেন না। আশ্চর্যের বিষয় এই যে, সরকার থেকে শিক্ষকদের বেতন দেওয়া হচ্ছে, সব কিছু খরচ করা হচ্ছে, কিন্তু বিদ্যালয় পড়াশুনা কেমন হচ্ছে তা অ্যাসেসমেন্ট করার কোনও ব্যবস্থা এখনও পর্যন্ত এই সরকার করতে পারেননি। এটা অত্যন্ত দুঃখের কথা। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, আমি একজন শিক্ষক, সুতরাং আমাকে মাঝে মাঝে ডি আই অফিসে যেতে হয়, সেখানে গিয়ে দেখি শিক্ষক মহাশয়রা লাইন দিয়ে দাঁড়িয়ে আছেন, সেখানে তাদের বসবার পর্যন্ত কোনও ব্যবস্থা নেই এবং সেখানে অবাধে ঘুষের কারবার চলছে। নানারকম অনাসৃষ্টি ব্যাপার চলছে। ওয়ার্ক এডুকেশনের জন্য টাকা আনতে হলে সেখানে পয়সা দিতে হয়, পয়সা না দিলে পাওয়া যায় না। নর্মাল ভেকেন্সি, বা অ্যাডিশনাল ভেকেন্সির জন্য কোনও ইনসপেকশন হয় না। যদি কখনও হয় তাহলেও রিপোর্ট পাওয়া যায় না যতক্ষণ পর্যন্ত ইনসপেক্টরকে পয়সা দেওয়া হয়। এবিষয়ে আমার কাছে একটা রিপোর্ট আছে। ব্যাপারটা হচ্ছে, আমি গত ১১-১০-৮০ তারিখে ডি আই অফিসে গিয়েছিলাম একটি জুনিয়র হাই স্কুলের ব্যাপার নিয়ে। "এক্তারপুর জুনিয়র হাই স্কুল" ভগবানপুর-এ একজন বায়োলজির টিচারকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার ব্যাপারে। ঐ স্কুলে সেক্রেটারি এবং গভর্নমেন্ট নমিনি সেখানে একজনকে ইতিমধ্যেই অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন, কিন্তু তারা যাকে অ্যাপয়েন্টমেন্ট

দিয়েছেন তিনি নির্বাচনী পরীক্ষায় তৃতীয় হয়েছিলেন। যার ফলে এই নিয়ে গ্রামের মানুষদের মধ্যে বিক্ষোভের সৃষ্টি হয়। তখন আমি ১৯-১০-৮০ তারিখে ডি আই অফিসে গিয়ে বিষয়টি জানাই। সেদিন ডি আই আমাকে বলেছিলেন, আমি এ আই কাঁথীকে দিয়ে ব্যাপারটি ইনসপেকশন করাব এবং ইনসপেকশন করে ঠিক করে দেব। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে আজ পর্যন্ত সে বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমি এবিষয়ে এস আই-কে জানিয়েছি, ডি আই-কে জানিয়েছি, এমন কি পার্থবাবুকে পর্যন্ত জানিয়েছি, কিন্তু কোনও তরফ থেকেই কোনও রিপোর্ট এখনও পর্যন্ত পাইনি। অপর পক্ষে ম্যানেজিং কমিটির পক্ষ থেকে যাকে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছে তিনিও কোনও দিন স্কুল করছেন না।

[3-00 — 3-30 p.m.](including adjournment)]

এই এক্তিয়ারপুর জুনিয়র হাইস্কুলের এই যে ঘটনা এই ঘটনা সম্পর্কে ডি আই অফিস থেকে শুরু করে নানান জায়গায় গেছি কিন্তু কোনও জায়গায় উত্তর পাইনি। ডি আই অফিস থেকে যথারীতি শুধু একটি চিঠি দিচ্ছে কিন্তু অদ্যাবধি কোনও ব্যবস্থা হয়নি। তাই আমি বলছি, স্কুল অ্যাডমিনিস্ট্রেশন ডি আই অব স্কুলস এবং অন্যান্য যেসমস্ত অ্যাডমিনিস্ট্রেশন আছে সমস্ত জায়গায় কোলাপ্স হয়ে গেছে, কোনও জায়গায় অ্যাডমিনিস্ট্রেশন নেই। সুতরাং আপনি যে বাজেট এখানে উত্থাপন করেছেন তাতে দেখছি টাকা খরচ হবে, সেই টাকা যাতে ভালভাবে ব্যবহৃত হয় সেটা পশ্চিমবঙ্গের জনসাধারণের কিন্তু আমি বলতে চাইছি, যে অব্যবস্থা, যে চরম নৈরাজ্য শিক্ষাক্ষেত্রে দেখা দিয়েছে সেটাকে কিভাবে দূরীভূত করবেন তার কোনও পরিকল্পনা আপনার বাজেটের মধ্যে নেই। সেইজন্য এই বাজেটকে সমর্থন করতে পারলাম না বলে দুঃখিত। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আবার আমরা ৩-৩০ মিনিটের সময়ে মিলিত হব।

(At this stage the House was adjourned till 3-30 p.m.)

(After Adjournment)

[3-30 — 3-40 p.m.]

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিচ্ছি এবং মাননীয় স্পিকার মহাশয়কেও বলেছি, আপনার অনুমতির জন্য এবং যে বিষয়টি বলার জন্য অনুমতি চাইছি সেটা শিক্ষা সংক্রান্ত ব্যাপার। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী অধ্যাপক শ্রী শম্ভুচরণ ঘোষ তিনি যেন এ বিষয়ে তার বক্তব্য হাউসের কাছে বলেন। বিষয়টি হল এই বামফ্রন্ট সরকারের কাছে আমি আবদেন রেখেছিলাম—মফস্বলের ছেলেদের কলকাতায় এসে উচ্চ শিক্ষা লাভ করতে হয়। তাতে তাদের অনেক অসুবিধা—যেমন রেসিডেনসিয়াল প্রবলেম, অ্যাকোমোডেশন্যাল প্রবলেম, হোস্টেল ইত্যাদি। সেইজন্য প্রস্তাব করা হয়েছে যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে যে সমস্ত নামকরা কলেজ আছে—হুগলি মহসীন কলেজ, কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ, বহরমপুর কলেজ ইত্যাদিতে এম এ, এম এস সি, এম কম, ল, ইত্যাদি পড়ানোর ব্যবস্থা যাতে করা যায় সেটা সরকার বিবেচনা করে দেখছেন। হুগলি কলেজে আইন বিভাগ খোলা হয়েছে, আইন পড়াশুনা হচ্ছে। মাননীয় শিক্ষা মন্ত্রী তিনি হাউসে বলেছেন এবং

তার বাজেট বক্তব্যেও ছিল যে কৃষ্ণনগর কলেজে এই ব্যবস্থা চালু করবেন। মফস্বলের ছেলেদের পড়াশুনা করার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। হুগলি মহসীন কলেজ, কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজে এবং মফস্বল কলেজের ছাত্রেরা যাতে হোস্টেল পায় এবং এইসব কলেজে যাতে এম এ, এম এস সি, এম কম, ল, ইত্যাদি পড়ার সুবিধা পায় সেইজন্য আবার অনুরোধ করছি এবং আপনি আমাদের এ বিষয়ে এনলাইটেন করবেন।

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** দুটি ছোট সংশোধন আছে। ৪নং পৃষ্ঠায় যে ভাষণ তার ৬ নং অনুচ্ছেদে ১৯৮১ সালের স্থলে ১৯৮০ হবে। ৫ম পৃষ্ঠায় ৫ম অনুচ্ছেদে কলকাতা প্রেসিডেন্সি কলেজে হিন্দী অনার্স কোর্স চালু করা হয়েছে এবং কথাটি হবে না, "চালু করার ব্যবস্থা করা হয়েছে।"

**শ্রী ননী কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মোহিনী মিলস, বেণি ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসে আবার লক আউট হয়েছে। মোহিনী মিলস বার বার এই রকম হচ্ছে, ওখানকার কয়েকশো শ্রমিক কর্মচারী এই কথা বলার জন্য এখানে এসেছেন যে ওটা আর ফেলে রাখা যায় না। এটা যাতে টেক ওভার করা যায়, তার একটা ব্যবস্থা করা হোক, সেজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**জনাব মহঃ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী যে মিথ্যা বাজেট পেশ করেছেন এক কথায় একে ধাপ্পাবাজ, ভাঁওতাপূর্ণ শিক্ষা বাজেট বলা যেতে পারে। মুখ্যমন্ত্রী তার বিদ্যুত দপ্তরের অন্ধকার নামিয়ে এসেছেন সেইরকম শিক্ষামন্ত্রীও শিক্ষা জগতে যে বিশৃঙ্খলা এবং নৌরাজ্যের অন্ধকার নিয়ে এসেছেন সেটা দূর করা কঠিন। সেজন্য এটাকে ভাঁওতাপূর্ণ বাজেট বলছি। এই কারণে যে অর্থমন্ত্রী তার মূল বাজেটে বলেছেন যেখানে শিক্ষা খাতে ১৯৭৬-৭৭ সালে ১৩৫ কোটি টাকা ব্যয় হত সেখানে ১৯৮০-৮১ সালে ২২০ কোটি টাকা অর্থাৎ বাজেটের শতকরা ১৭ ভাগ বরাদ্দ ধরা হয়েছে। কিন্তু এরমধ্যে যে ফাঁক আছে সেটা হচ্ছে তার বাজেটে বলা হয়েছে ১৯৭৬-৭৭ সালে মোট বরাদ্দের পরিমাণ ছিল ৭৬৭ কোটি। অর্থাৎ এই যেখানে মোট বাজেট তারমধ্যে শিক্ষা খাতে ছিল ১৩৫ কোটি টাকা। পারসেন্টেজে হচ্ছে ১৭.৬২ অর্থাৎ ১৯৭৬-৭৭ সালে ১৭.৬২ টাকা, আর ১৯৮০-৮১ সালের ১৫.৮৫ কোটি টাকা ধরা হয়েছে, সেখানে ধরা হয়েছে ২৮২ কোটি টাকা। সুতরাং পারসেন্টেজের দিক থেকে এটা কমেছে। আর তুলনা যদি করেন তাহলে দেখবেন ১৯৬৭-৬৮ সালে শিক্ষা খাতে বরাদ্দ ছিল ৪৬.৭৪ কোটি টাকা, ১৯৬৮-৬৯ সালে ৫৯.৫৩ আর ১৯৭৫-৭৬ সালে ১২৩.৩৪ কোটি টাকা, আর ১৯৭৬-৭৭ ১৩৫ কোটি টাকা। অর্থাৎ বাজেটে এর পরিমাণ বেড়েছে কিন্তু তারসঙ্গে খাপ খাইয়ে পারসেন্টেজ বরং কমে গেছে। আরেকটা দেখুন ১৭.৬২ থেকে যদি ১৭ হয় তাহলে সেটা কমেই যায়। প্রাইমারি স্কুল এবং বেসিক স্কুল প্রতিষ্ঠার কথা বলেন, যে ৩/৪ বছরে ১২০০ স্কুল করেছেন। ১৯৭৫-৭৬ সালে তৎকালীন সরকার ১ হাজার ৫০টা করেছিলেন, হাই স্কুল ৫৩২। ১৯৭১-৭২ সালে মোট প্রাথমিক স্কুল পশ্চিমবঙ্গ ৩৬ হাজার ৯৩। ১৯৭৪-৭৫ সালে ৪১ হাজার ৩২৮ প্রাথমিক স্কুল স্থাপিত হয়েছিল অর্থাৎ মোট ৫,২৩৫। কংগ্রেস সরকার কিছুই করেনি এটা ভুল কথা। জুনিয়র হাইস্কুল ১৯৭২-৭৩ সালে ছিল ৭০০, ১৯৭৪-৭৫ হয়েছে ৩,৪৬৪। হাইস্কুল ছিল ১৯৭১-৭২ সালে ৪,২১৯ ১৯৭৪-৭৫ সালে ছিল ৪,৪৩০ অর্থাৎ বাড়ল ২১১। মন্ত্রী মহাশয় বলছেন ৫টি কলেজ তিনি

করেছেন যার মধ্যে ২টি তার জেলা হুগলিতে হয়েছে—একটি ভদ্রকালীতে আরেকটা ধনিয়াখালিতে। অথচ আমরা তাকে মুরারই এবং পানিহাটির কথা বলেছি কিন্তু তা তিনি গ্রহণ করেননি। সুতরাং এইভাবেই তারা পশ্চিমবঙ্গের মানুষকে ভাঁওতা দেবার চেষ্টা করছেন যে ভাঁওতা মানুষরা বুঝতে পেরেছে। আমি পার্থবাবুর কথা বলব না কেন না তারা শুরু থেকে দুকান কাটা বলে লজ্জা শরমের কোনও বালাই নেই। বারি সাহেবের দু কানই নেই। শম্ভুবাবুর এতদিন এক কান ছিল বলে একটু রেখে ঢেকে কথা বলতেন, কিন্তু এখন দেখছি তারও দুকান নেই। অর্থাৎ এখন তিনজনই নাচতে নাচতে গ্রামের মধ্যে দিয়ে যাচ্ছেন। যাদবপুর কনভোকেশনে যে জিনিস হল তার ব্যাক গ্রাউন্ড সম্পর্কে একটু বলতে চাই। বামফ্রন্ট সরকার যখন এল তখন সমস্ত বোর্ড গেল, কাউন্সিল গেল, এবং সিনেট সিন্ডিকেট সমস্ত ভেঙ্গে দিয়ে তাদের মধ্যে ভাগ বাটোয়ারা আরম্ভ করলেন। অর্থাৎ কোনও ইউনিভার্সিটিতে কোনও দলে ভি সি থাকবেন এই নিয়ে বাটোয়ারা আরম্ভ হল। যাদবপুরে ডাক্তার মনীন্দ্রমোহন চক্রবর্তী কে দিলেন যিনি এককালে ফরওয়ার্ড ব্লক করতেন। সি পি এমের লোক বলে পরিচিত ডাক্তার পোদ্দারকে কলকাতা বিশ্ববিদ্যালয় দিলেন। সুতরাং শম্ভুবাবকে একটু হিসাব করে কথা বলতে বলছি। কারণ সেখানে নমিনেটেড কাউন্সিল ক্যালকাটা ইউনিভার্সিটিতেও নমিনেটেড কাউন্সিল—এই সমস্ত জায়গায় আর বহিরাগতের দরকার হল না।

কিন্তু যেহেতু ফরওয়ার্ড ব্লকে ভাইস চ্যান্সেলর সেহেতু সেখানে সি পি এমের লোককে ঢোকাতে হবে এই কারণে সেখানে চাপ দিয়ে বহিরাগত ঢোকানো হল। এই ব্যাপারে আচার্য গোড়া থেকে আপত্তি করেছিলেন কিন্তু আপনারা শোনেনি। এজন্য শেষ পর্যন্ত মুখ্যমন্ত্রীকে বলতে হয়েছে ভুল হয়েছে। অর্থাৎ এইভাবে ফওওয়ার্ড ব্লকের লোককে ডিসক্রেডিটেড করা হল। এইভাবে ফরওয়ার্ড ব্লক সি পি এমের যে লেজুড় ভিত্তিক করেছেন তার একমাত্র প্রমাণ। সেদিন মুখ্যমন্ত্রী বলেছিলেন কর্নাটকের যাওয়ার প্রোগ্রাম আমার আগে ঠিক ছিল। আগে থেকে যদি জানতেন তাহলে যাদবপুর ইউনিভার্সিটির যে ইনভাইটেশন কার্ড বের হল তাতে আপনার নাম কিভাবে বের হয়? সুতরাং এই জিনিসগুলি শম্ভুবাবুকে ভাল ভাবে বিচার করতে বলছি। ভারতবর্ষের প্রধানমন্ত্রী যখন বলেছিলেন যে পশ্চিমবঙ্গে শিক্ষা ক্ষেত্রে দলবাজি করছে তখন আপনি বলেছিলেন দলবাজি হচ্ছে না। অর্থাৎ শিক্ষার ক্ষেত্রে হস্তক্ষেপ করছেন না, পদক্ষেপ করছেন। আপনারা নাক গলাননি কিন্তু একেবারে শশরীরে শিক্ষাক্ষেত্রে ঢুকে পড়েছেন। সমস্ত বিশ্ববিদ্যালয়, সিনেট, সিন্ডিকেট, হাজার হাজার ম্যানেজিং কমিটিকে নিয়ে আপনারা যে দলবাজি করছেন সেটা সকলেই জানে। আজকে বিড়লা ইনিস্টিটিউ অব টেকনোলজির ছাত্র ভর্তির ব্যাপারে নিয়ে এস এফ আই গোলমাল করছে। হাইকোর্ট এ কনটেমট অব কেস নিয়ে এস এফ আই যে জিনিস করছে তার তুলনা নেই। রামকৃষ্ণ মিশন নিয়ে কি কান্ড চলছে তা সকলেই জানে। প্রেসিডেন্সি কলেজ থেকে যারা কোয়ালিফাইড টিচার তাদের আপনারা ট্রান্সফার করে দিচ্ছেন।

রামকৃষ্ণ মিশনের কি কান্ডই না চলছে, সেখানে কোয়ালিফায়েড প্রফেসরদের আপনারা ট্রান্সফার করে দিচ্ছেন, আর সি পি এম এর যারা মার্কা মারা লোক তাদের লেস কোয়ালিফিকেশন থাকা সত্ত্বেও সেখানে নিয়ে আসছেন। রানাঘাট কলেজে অনেক দিন ধরে একই কান্ড চলছে। এগুলি যদি দলবাজি না হয়, কাকে বলতে হবে দলবাজি? আজকে

শিক্ষাক্ষেত্রে অটোনমির কথা বলছেন, শিক্ষা ক্ষেত্রে এটি খুবই প্রয়োজন আছে। ১৯৬৫ সালে পার্থবাবু ছিলেন না, শম্ভুবাবু তখন বিরোধী দলে ছিলেন, তখন তিনি ইউনিভার্সিটিতে অটোনমি রাখতে হবে বলে বক্তৃতা দিয়েছিলেন। ১৯৭৩ সালে যখন কন্ট্রোল অব এক্সপেন্ডিচার অ্যাক্ট পাশ হয়েছিল, তখন আপনি ৩৬ দফা কর্মসূচি সম্বন্ধে বলেছিলেন যে, এই অ্যাক্ট রিপিল করতে হবে। আপনারা ক্ষমতায় এসে খুব ভাল ভাবেই তা রিপিল করে দিলেন। অন্যগুলি এখন সিলেক্ট কমিটিতে আছে, সেগুলি সম্বন্ধে এখন কিছু বলা চলে না, কিন্তু ক্যালকাটা ইউনিভার্সিটির যে বিল ছিল, সেটিকে আলাদা আইন হিসাবে বাতিল করে দিলেন। অর্থাৎ মূল আইনের মধ্যে আপনি অ্যাক্টকে খর্ব করলেন—কন্ট্রোল অব এক্সপেন্ডিচার অ্যাক্টকে বাতিল করে দিলেন, আরও মোর রিগারাসলি এটাকে বাতিল করে দিলেন। গভর্নমেন্টের হাতে আরও বেশি ক্ষমতা তুলে দিলেন, ইউনিভার্সিটিকে রাইটার্স বিল্ডিংসের একটা দপ্তরে পরিণত করে দিলেন। অর্থাৎ আপনারা প্রভিসন রেখে দিলেন যে, অল অ্যাফেয়ার্স অব ইউনিভার্সিটির ব্যাপারে ইন্সপেকশন করতে পারবেন গভর্নমেন্ট। অল অ্যাফেয়ার্স অব ইউনিভার্সিটিতে এইভাবে হস্তক্ষেপ করবার ক্ষমতা বিশ্ব ব্রহ্মাণ্ডের কোথাও আছে কিনা জানি না। ক্লাস রুলে টিচিং কি হচ্ছে, কলকাতা বিশ্ববিদ্যালয়ে হেড অব দি ডিপার্টমেন্ট কি পড়াচ্ছেন, শম্ভুবাবু যদি রাজি থাকেন, তিনি একটু দেখে আসুন।

সেখানে রাইটার্স বিল্ডিংস থেকে একজন অ্যাসিসন্ট্যান্ট সেক্রেটারিকে পাঠিয়ে দিচ্ছেন, তিনি ঘরে ঢুকে দেখছেন হেড অব দি ডিপার্টমেন্ট কি পড়াচ্ছেন এবং তার রিপোর্ট দেখে সেই প্রফেসর বা হেড অব দি ডিপার্টমেন্টের বিরুদ্ধে অ্যাকশন নিচ্ছেন। এই কার্যকলাপের মধ্যে দিয়েও যদি শিক্ষাক্ষেত্রে অটনমির উপরে হস্তক্ষেপ হচ্ছে না বলেন, এতেও যদি প্রমাণ বলে না ধরা হয়, তাহলে আর কি হতে পারে? কংগ্রেস যখন কন্ট্রোল অব এক্সপেন্ডিচার অ্যাক্ট করেছিলেন, তখন তাদের দপ্তরে খুব হৈচৈ শুরু করেছিলেন। অর্থাৎ বামফ্রন্ট যখন শিক্ষার অটোনমি কার্টেল করে, হস্তক্ষেপ করে, তখন সেগুলিকে হস্তক্ষেপ বা নাক গলানো বলা যাবে না। কিন্তু কংগ্রেস এ ব্যাপারে যদি কিছু বলে, তখন সব নষ্ট হয়ে যাচ্ছে বলা হবে। সুন্দর এই বামফ্রন্টের অ্যাটিচিউড, পশ্চিমবাংলাতে বামফ্রন্ট সরকার সুন্দর পন্থা গ্রহণ করেছেন। যখনই তারা কিছু করতে চান, তখনই একটা কমিটি বা কমিশনের নাম তারা করেন, খুব ভাল মুখরোচক নাম। কিন্তু সেই কমিটি বা কমিশনের রিপোর্ট খুব সামান্যই তারা গ্রহণ করে থাকেন। ক্যালকাটা ইউনিভার্সিটির যে বিল এখানে পাশ হল, সেটি নাকি গণি কমিটি, গজেন্দ্র গজকর কমিটির রিপোর্ট অনুসারে হয়েছে বলে একজন খুব বড় কথা বললেন। কিন্তু যারা ভেতরের খবর রাখেন, তারা বলেছেন যে, গণি কমিটির সমস্ত রেকমেন্ডশনকে একেবারে আঁস্তাকুড়ে ফেলে দেওয়া হয়েছে। সেখানে অ্যাকাডেমিক কাউন্সিল তুলে দেবার যে কথা ছিল, সেটি কেবলমাত্র মানা হয়েছে। এ ব্যাপারেও যাদবপুর ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর ডাঃ মণীন্দ্রমোহন চক্রবর্তী বলেছেন যে, অ্যাকাডেমিক কাউন্সিল থাকা উচিত। যাইহোক, মেজরিটির ডিসিশন ছিল অ্যাকাডেমিক কাউন্সিল তুলে দিতে হবে, তাই দেওয়া হল। গণি কমিটির এই রেকমেন্ডেশনকেই তারা গ্রহণ করলেন মাত্র। বাকি ব্যাপারে কি করে দলকে পুষ্ট করা যায়, সহকারি হস্তক্ষেপ কিভাবে কার যায়, তা করলেন। ভাইস চ্যান্সেলরের অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে আমরা এটি ঘটতে দেখলাম। আমরা ইউ জি সি থেকে টাকা নিয়ে

থাকি, এর আগে সেখানে একটা সিলেকশন কমিটি ছিল, এখন থেকে সেখানে আর কোনও নমিনি থাকবে না। অর্থাৎ সেখানেও কি করে নিজেদের লোককে ঢোকানো যায়, তার একটা পন্থা অবলম্বনের চেষ্টা করা হল। প্রাইমারি স্টেজে যে ল্যাঙ্গুয়েজ ছিল, সেখানেও একটি কমিশনের নাম দেখতে পাই—কোঠারি কমিশন, এডুকেশন কমিশন। ইউনিভার্সিটিতে আছে রাধাকৃষ্ণ কমিশন, মোদালিয়ার কমিশন। ল্যাঙ্গুয়েজের ব্যাপারে কোঠারি কমিশনের কেবলমাত্র একটা অংশ গ্রহণ করা হয়েছে। বাকি সমস্ত রিপোর্ট বা রেকমেন্ডেশন যা কোঠারি কমিশন করেছিলেন, তা নেওয়া হল না।

এখানে কেবল একটার কথা গ্রহণ করা হয়েছে, বাকি সমস্ত কমিশনের রিপোর্ট নেওয়া হল না। আমি এই কথার পরবর্তী স্টেজে আসব। সুতরাং আজকে এই অবস্থা দেখা দিয়েছে। ওরা যখন নতুন কিছু করতে যান তখন কমিশন এবং কমিটির রেকমেনডেশন নেন। প্রাথমিক এবং মাধ্যমিক দপ্তরের দলবাজির কথা কিছু বলতে চাই না। ম্যানেজিং কমিটির বিভিন্ন ক্ষেত্রে কি ছিল? মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, দায়িত্ব, নেওয়ার পর থেকে কতকগুলি জিনিস, যে গুলি মাধ্যমিক স্তরে অত্যন্ত আরজেন্ট প্রবলেম, সেগুলি করার প্রয়োজন ছিল, কিন্তু সেইগুলি অদ্যাবধি আপনি কিছু করেন নি। আজকে অশিক্ষক কর্মচারিদের যে বেতনহার সেটা পে-কমিশনের ব্যাপার, এমন কি মুখ্যমন্ত্রী এ বি টি এ-এর মিটিংয়ে গিয়ে বলেছিলেন যে পে-কমিশনের রিপোর্ট সাবমিট হওয়ার সঙ্গে সঙ্গেই ব্যবস্থা করব। কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হয় নি। কখনও হবে কিনা সেটাও জানি না। আজকে প্রশ্ন উত্তরের সময় আমি শম্ভুবাবুকে জিজ্ঞাসা করেছিলাম, উনি বললেন যে, এটা আমার এক্তিয়ারে নয়, এটা অশোক বাবুর এক্তিয়ার ভুক্ত। সুতরাং এই অবস্থার মধ্যে চলছে। আজকে আপনাদের হায়ার সেকেন্ডারি যে টিচার্স অ্যাপয়েন্টটেড হয়, তার যে ফরমুলা হয়েছে, সেখানে আমরা কি দেখতে পাচ্ছি? সেখানে দেখতে পাই, ইউনিভার্সিটির যারা ভাল ছাত্রা, যারা অনার্স নিয়ে পাস করেছে, যারা এম এ ফার্স্ট ক্লাস ফার্স্ট তারা এই স্কুলে চান্স পাবে না। যদি কোনও একজন মানুষ, কোনও একজন শিক্ষক জুনিয়র হাইস্কুলে শিক্ষকতা করতে করতে তিনি কোনও রকমে অনার্স বা এম এ পাস করেন তাহলে তিনি চান্স পাবেন। এর ফলে কি হবে স্যার, এক্সপিরিয়েন্সে বেনিফিট তারা সবাই পাচ্ছে। ১০ বছর শিক্ষকতা করতে পারবে এক এবং ২০ নম্বর আগেই পেয়ে যাচ্ছে। সুতরাং তাকে যে এম এ ফার্স্ট ক্লাস ফার্স্ট হল—সে আর ধরতে পারবে না। He will not get the chance to be appointed in Higher Secondary Schools। অ্যানুমালির কথা অনেক বলেছি, এর একটা উদাহরণ আমি এখানে দিচ্ছি। আমার পাশের স্কুল জঙ্গিপুর ইংলিশ টিচার নেওয়া হল। আমি সেখানে গিয়ে কি দেখলাম? ভদ্রলোক বি এস সি পাস করে, বিটি পাস করে এম এ পাস করলেন। তার অনেক দিনের এক্সপিরিয়েন্স বলে তিনি চান্স পেলেন। আর ইউনিভার্সিটির অনার্সে ভালো রেজাল্ট, এম এ ভালো রেজাল্ট, কিন্তু তিনি চান্স পেলেন না। কারণ তিনি ফ্রেস, তার ২০ নম্বর আগেই ঘাটতি। তাদের ক্ষেত্রে কোনও ট্রেনিং এর দরকার নেই। আজ পর্যন্ত গভর্নমেন্ট কোনও সারকুলার দিলেন না যে কখন থেকে তাদের পি এফ কাটা হবে, যখন থেকে তাদের ইনক্রিমেন্ট দেওয়া হবে, যখন থেকে কনফার্ম হবে। এই বারো ক্লাসে যারা আগে থেকে টিচার আছে, তাদের সম্বন্ধে কোনও ক্লিয়ার কথা দেখতে পাচ্ছি না।

তাদের কখন থেকে পি এফ কাটা হবে, ইনক্রিমেন্ট করা যাবে কিনা,—আমি চ্যালেঞ্জ নিয়ে বলছি এই রকম কোনও সারকুলার নেই। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন আজকে ১০ ক্লাস স্কুল তার যে অ্যাসিস্টেন্ট হেড মাস্টার তাদের অ্যালাউন্স আছে, কিন্তু আগেকার যে ১১ ক্লাস তার যে অ্যাসিসটেন্ট হেড মাস্টার তাদের কিন্তু অ্যালাউন্স নেই। এই অ্যানামেলি দূর করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনেক বার গিয়েছি, কিন্তু কিছু হয় নি। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি আজকে যদি দেখেন—বিশেষ করে বিগত বছরে—তাহলে দেখবেন যেখানে ম্যানেজিং কমিটি পুনর্গঠিত হচ্ছে সেখানে সি পি এম এর লোকেরা ঢুকে যাচ্ছে। এর একটা পন্থা আছে। পন্থাটা হল এটা কে বানচাল করতে হবে। বানচাল করার পন্থা হল যখন কংগ্রেস (ই) লোক নির্বাচিত হল, তখন অস্ত্র হল ডিপার্টমেন্টাল নমিনি। ডিপার্টমেন্টাল নমিনি যদি প্লেস না পায় তাহলে ঐ ম্যানেজিং কমিটি আর রিকনস্টিটিউটেড হল না। সুতরাং আগেকার ম্যানেজিং কমিটির আর লাইফ নেই। এইভাবে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হচ্ছে, এই রকম বহু উদারহণ আমি দিতে পারি। কালিয়াচক স্কুলে ম্যানেজিং কমিটি পুনর্গঠিত হবার পর ১ বছরের মধ্যে সেখানে ডিপার্টমেন্টাল নমিনি প্লেস করা হয়নি। **(এই পার্থ দে ঃ-অসত্য কথা)** সেখানে একজন লোককে দিয়ে কেস করা হয়েছে, কিন্তু হি ইজ নট বোনাফাইড গার্ডিয়ান। তারপর সেখানে অ্যাডমিনিস্ট্রেটরকে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে ১২ ক্লাসের শিক্ষকদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। এরকম অনেক উদাহরণ আমি দিতে পারি।

তারপর মুর্শিদাবাদ জেলার পাঁচগ্রাম হাইস্কুলে অ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে আপনাদের দলের লোককে সেখানে হেড মাস্টার করেছেন। আপনারা বলেন রাজনীতি করতে এসেছি, রাজনীতি কবর। আপনাদের দুকান কাটা কাজেই আপনাদের বক্তব্য কি শুনব? ম্যানেজিং কমিটি রিকনস্টিটিউশনের নতুন রুল হয়েছে এবং সেটা গভর্নমেন্ট অনুমোদন করেছে এবং আমরা গত ২৪ তারিখের মিটিং-এ সেটা পাশ করেছি। **(শ্রী পার্থ দে ঃ- আপনি কি বোর্ডের মেম্বার?)** হ্যাঁ। তবে এম এল এ হিসাবে নয়, পশ্চিমবঙ্গ শিক্ষা সমিতির সভাপতি হিসাবে আমাকে নিয়েছে। আমি কারুর দয়ার পাত্র নয়। তারপর ডোনার থাকবে বলা হয়েছিল কিন্তু সেটাও উঠে গেল। আপনারা দেখুন ম্যানেজিং কমিটির অবস্থা কি? এখানে পারসনস ইন্টারেস্টেড ইন এডুকেশন নেই, মেডিক্যাল প্রাকটিসনার নেই। তাহলে কে আসবেন? ওই পঞ্চায়েত সমিতির নমিনি আসবেন। পঞ্চায়েত সমিতি সি পি এম-এর কুক্ষিগত কাজেই তাদের একজন করে নমিনি দিতে হবে। ডোনার হলে হেরে যাবে সেইজন্য তারা নেই। এবারে আমি হায়ার সেকেন্ডারি কাউন্সিল এবং সিলেবাস সম্বন্ধে বলব। হায়ার সেকেন্ডারির বড় জিনিস হচ্ছে ভোকালাইজেশন এডুকেশন। আপনি যে কোঠারি কমিশনের কথা বললেন তারা কি বলেছেন? তারা বলেছেন ভোক্যাল এডুকেশন যে রকম ইমপর্টেন্স দেওয়া উচিত ছিল তা দেওয়া হয়নি। কোঠারি কমিশন এবং ন্যাশনাল লেভেলে যে সমস্ত কমিটি হয়েছে সেখানে বলা হয়েছে ফিফটি পারসেন্ট অব দি স্টুডেন্ট ভোকালাইজেশন অব এডুকেশন নিতে হবে। কিন্তু আপনারা এ জিনিস অ্যাভয়েড করছেন। মন্ত্রী মহাশয় বলেছেন চাকুরির জন্য এডুকেশন নয়। কিন্তু আমি মনে করি জব অরিএনটেড এডুকেশন, ওয়ার্ক অরিএনটেড এডুকেশন অ্যান্ড ভোকালাইজেশন অব এডুকেশন এই সমস্ত জিনিস করতে হবে। কিন্তু আমরা দেখছি তার কোনও সুযোগ নেই। আমি জানতে চাই এই ৪ বছরের মধ্যে আপনারা প্লাশ টু স্টেজে

ভোকেসনাল ট্রেনিং এর কি ব্যবস্থা করেছেন? এবারে আমি দেখাব স্কুল বোর্ড কিভাবে ঘু বাসায় পরিণত হয়েছে।

মুর্শিদাবাদ স্কুল বোর্ডকে ফরওয়ার্ড ব্লক একটা ঘুঘুর বাসায় পরিণত করেছে। তারা স মিটিংয়ে যান না। আমি একটা উদাহরণ দিই যে সেখানে কিভাবে প্যানেল তৈরি হয়েছি মিটিং হল ১২-৯-৮০ তারিখে বেলা চারটার সময়। আর অ্যাপ্রুভ্যালের চিঠি গভর্নমেন্টে কাছ থেকে বেরিয়ে গেল ১৩-৯-৮০ তারিখে ১০টার সময়। আমি একথা জানি যে সেখা বহু ক্যান্ডিডেটের ডেট অব বার্থ, এবং ইয়ার অব পাসিং ছিল না। সেই অ্যাপয়েন্টমেন্টগু ক্যান্ডিডেটদের বাড়িতে পৌঁছে দেওয়া হল। মাননীয় চেয়ারম্যান মহাশয়, সিলেবাস তৈরি হ এবং মাননীয় পার্থ দে এর আগে বলেছিলেন যে অনেক শিক্ষাবিদ সেখানে আছে অনে সদস্য আছেন। কিন্তু যখন এই সিলেবাস কমিটি তৈরি হয় তখন ১৬ জন সদস্য ছিলে গভর্নমেন্ট অফিসার ৬ জন, অ্যাসোসিয়েশন রিপ্রেজেন্টেটিভ ৫ জন, জুনিয়র বেসিকের প্রিন্সিপ ৩ জন আর এডুকেশনিস্ট দু জন, একজন হিমাংশুবাবু, এক জন সাধনা ভট্টাচার্য। এরা এ কি করলেন? ছয় জন আরও ঢুকিয়ে দিলেন এবং কাকে কাকে? ভবেশ মৈত্র, অনিলা দেই সুভাষ চক্রবর্তী, গোপীপ্রসাদ ব্যানার্জি, অমিয় মৈত্র, আর গীতা সেনগুপ্ত। গীতা সেনগুপ্ত আ এস পি, ফরওয়ার্ড ব্লকের কেউ নেই, আর বাকি পাঁচ জন হচ্ছেন সি পি এম। শুনে আশ্চর্য হবেন যে এই সুভাষবাবু এই তিন বছরের মধ্যে মাত্র একটি কমিটি মিটিং গিয়েছেন। চিন্তা করুন ১৯৮০ সালের ডিসেম্বর মাসে যে মিটিং হয়েছিল সেই মিটিং চলছে। প্রেসিডেন্ট আছেন সমস্ত সদস্য আছেন—কিন্তু হঠাৎ বারি সাহেবের কাছ থেকে ফো গেল যে মিটিং বন্ধ করতে হবে। শিক্ষক কমিটির যে মুখপত্র তাতে এই জিনিসটা ভালভা লেখা আছে। তারা আপত্তি করেছিলেন—কিন্তু আপত্তি টিকলো না। এ ছাড়া হিমাংশুবা একজন পন্ডিত মানুষ তিনি শেষ পর্যন্ত বারি সাহেবের ফোন পেয়ে মিটিং পোসপন্ড ক দিলেন। শিক্ষা ক্ষেত্রে এইভাবে সব চলছে। ১৯৩৩ সালের আইন অনুসারে জি আর প্রাইমা তিনি হচ্ছেন এক্স-অফিসিও সেক্রেটারি। তার অনেক দায় দায়িত্ব। কিন্তু যেহেতু আজকে স্কু বোর্ডের বেআইনি কাজ লুকোবার দরকার আছে ; তাই তিনি একটা সারকুলার দিলেন। সে সারকুলারের নম্বর আমার কাছে আছে। তাতে আছে এখন থেকে স্কুল বোর্ড যা বলবে সেইভাবে কাজ হবে এবং তারাই সমস্ত কিছু করবেন। স্কুল বোর্ডের দলবাজির কথা না বলছেন? ভিলেজ স্কুল করার কথা এবং দুটি সারকুলার দেওয়া হয়েছিল। অর্ডার নম্বর হচ্ছে ই ডি এন পি ৩ ডেটেড ২৭-৩-৭৪। এই কথা গেল যে স্কুল হবে এবং স্কুলের নাম গেজে হবে। কিন্তু তাতে অসুবিধা হয়ে যাচ্ছে। অতএব তারপর ১২-৬-৭৮ তারিখে এই সারকুলা পরিবর্তন করে পাঠালেন—অর্ডার নম্বর হচ্ছে ১৯৭৩ নং ই ডি এন পি-২ তাতে বললে না, আর ডাইরেক্টরেট থেকে পাঠাবার আর দরকার নেই, স্কুলবোর্ড এবং প্রেসিডেন্ট ও ভিলেজ স্কুল কোথায় কোথায় হবে ঠিক করবেন that will be selected by th president and the school board. স্যার, এইভাবে এই সব জিনিস চলছে। আজে দেখুন সিলেবাস নিয়ে যে কথা বলা হচ্ছে—সেই সিলেবাসের ল্যাঙ্গুয়েজ পার্ট সম্বন্ধে আ কিছু বলছি।

এরমধ্যে কিন্তু কোথাও বলা নেই যে সহজপাঠ উঠিয়ে দেওয়া হবে। অন দি আদারহ্যান্ড আপনারা আজকে বলছেন সহজপাঠ ছাপা হবে। আপনারা আগে বলেছিলেন সহজপাঠ Part I and Part II need not be reprinted (2) এটা বলেছিলেন সার্কুলার নং 529-EDN (P) dated 2.7.80 এইভাবে আপনারা কাজ করছেন। যখন পশ্চিমবাংলার গোটা বুদ্ধিজীবী মহল এবং পশ্চিমবাংলার জাগ্রত মানুষরা চেপে ধরলেন তখন বলছেন সহজপাঠও থাকবে আবার কিশলয়ও থাকবে। আজকে আপনাদেরই 'বসুমতী' কাগজে এই সহজপাঠ এবং কিশলয় সম্বন্ধে কি বেরিয়েছে দেখুন। এই কাগজ বলছে, সহজপাঠ এবং কিশলয় কলেজ স্ট্রিটে কিনতে গেলে ১৫/২০ টাকা দিয়ে ব্ল্যাকে কিনতে হচ্ছে যেটা স্কুলের মাধ্যমে আপনাদের বিনা পয়সায় দেবার কথা। আজকে 'বসুমতী' পত্রিকার প্রথম পাতায় এই খবরটি বেরিয়েছে। স্যার, শম্ভুবাবু ক্যালকাটা ইউনিভার্সিটি বিল করার সময় গণি কমিটি এবং আরও কতকগুলি কমিটির কথা উচ্চারণ করেছিলেন কিন্তু সেই সব কমিটির সব সুপারিশ ন্যাস্তাৎ করে দিয়ে তিনি একটিমাত্র অংশ তার থেকে নিয়েছিলেন। নির্মলবাবু কোঠারি কমিশন, মুদালিয়ার কমিশন, গজেন্দ্র গদকর কমিশনের কথা বললেন। নেতাজি, রবীন্দ্রনাথ, গান্ধীজির কথা কেউ আমরা অস্বীকার করছি না, সবই স্বীকার করছি কিন্তু তার সঙ্গে সঙ্গে একথাটাও বলছি যে তারা এটাও বলেন নি যে অন্য ভাষা শিখতে হবে না। সেখানে বিশেষ করে কোঠারি কমিশনে যে সমস্ত কন্ডিসনের কথা বলা হয়েছে সেগুলি আপনারা পূরণ করছেন না। সেখানে কমন স্কুলের কথা যেটা বলা হয়েছে সে সম্বন্ধে আপনারা কিছুই করেন নি। ভারতবর্ষের যেটা ফান্ডামেন্টাল প্রবলেম এডুকেশনের সেটা হচ্ছে বিভিন্ন ধরনের স্কুল, এই সিস্টেমটা তুলে দিয়ে কমন স্কুল চালু করতে হবে। আপনারা কিন্তু সে ব্যাপারে কিছুই করেন নি। আপনারা তা না করে সেখানে বরং আপনারাই ইংলিশ মিডিয়াম স্কুল চালু করেছেন। আপনারা সল্টলেকে ইংলিশ মিডিয়াম স্কুল তৈরি করেছেন। শ্রী জি এস ব্যানার্জি, এডুকেশন সেক্রেটারি, তার নেতৃত্বে আপনারা একটা কমিটি করলেন আর সল্ট লেকে স্কুল তৈরি করলেন। সেখানে হেড টিচারের জন্য যে অ্যাডভার্টাইসমেন্ট দিলেন তাতে বললেন, এমন একজন লোক দরকার যিনি ইংলিশ মিডিয়াম স্কুলে লেখাপড়া করেছেন এবং ইংলিশ মিডিয়াম স্কুলে ৫ বছর শিক্ষকতা করেছেন। সেখানে বললেন they must have studied through English medium and experience in 375-650. সেখানে হেড টিচারের স্কেল করলেন ৪২৫-৮২৫ টাকা আর অ্যাসিসটেন্ট টিচারের জন্য ৩৭৫-৬৫০ টাকা। সেখানে শিক্ষকদের বেতন বেশি, সমস্ত কিছু বেশি। আজকে কলকাতায় আমরা দেখছি ইংলিশ মিডিয়াম স্কুল ফ্লারিশ করছে। বারি সাহেবের ছেলে ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। কোন স্কুলে পড়ে তার নামও আমি বলে দিতে পারি। দিলীপ মজুমদার মহাশয়ের ছেলেও পড়ে। পার্থবাবুর এখনও ছেলে হয়নি, হলে ভবিষ্যতে দেখা যাবে। স্যার, আমি এই ল্যাঙ্গুয়েজ পলিসি নিয়ে যেটা বলতে চাই।

**শ্রী আব্দুল বারি ঃ** স্যার, অন এ পয়েন্ট অব পার্সনাল এক্সপ্ল্যানেশন। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য সোহরাব সাহেব বললেন আমার ছেলেরা ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। স্যার, একথা সত্য নয়। আমাদের ছেলেমেয়েদের মধ্যে কেউই ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে না। আমার ৩টি ছেলে, ৩টি মেয়ে এবং ১টি বাচ্চা ছেলে সে এখনও স্কুলে যাচ্ছে না। আমার

বড় ছেলে বালিগঞ্জ গভর্নমেন্ট স্কুলে থেকে ১২ ক্লাশের পরীক্ষা দিয়েছে এবং আর একটি ক্লাশ নাইনে পড়ে। এর কোনওটাই ইংলিশ মিডিয়াম স্কুল নয়। আমি তাকে অনুরোধ করছি জনপ্রতিনিধি হয়ে এরকম দায়িত্বহীন কথা তিনি যেন না বলেন।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** আমাদের শিক্ষাক্রমের মধ্যেই ইংলিশ মিডিয়াম স্কুল ফাংশন করছে। ফর দি ইন্টিগ্রিটি অব দি কান্ট্রি এবং অন্য সমস্ত দিক থেকে আমরা চাই এভরি স্টুডেন্ট স্যুড লার্ন ইংলিশ অ্যাজ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ। ইংলিশকে যদি লিঙ্ক ল্যাঙ্গুয়েজের হিসাবে না করা যায় তাহলে বাঙালি সমস্ত দিক থেকে পেছিয়ে যাবে। বড়লোকদের ছেলেরা, ধনীর ছেলেরা ইংরেজিতে পড়বে এবং গ্রামের লোকেরা পিছনে পড়ে থাকবে এই চক্রান্তই করা হচ্ছে। সিলেবাস তৈরি করবার পর আপনারা অরিএনটেশন ট্রেনিং ক্যাম্পে সমস্ত জুনিয়র বেসিক ট্রেনিং কলেজকে বনধ করে দিলেন। ১৮ লক্ষ টাকা খরচ করে এই অরিএনটেশন ট্রেনিং ক্যাম্প করা হয়েছিল। আমরা দেখলাম এ বি টি এ-র সদস্যরা সেখানে গিয়ে হাজির হলেন এবং নোট অব ডিসেন্ট দেওয়া হল। স্যার, আমরা দেখছি পশ্চিমবাংলার শিক্ষা জগতে একটা অরাজকতা এবং নৈরাজ্য চালিয়ে যাওয়া হচ্ছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমার বক্তব্য হচ্ছে, The language policy is a smoke screen. The Fronts real motive is to deprive the people of access to higher education and plug the exchange of educational and cultural ideas and information. They cannot afford to let people enjoy cultural independent, it is dangerous for their existence.

স্যার, আমি হাউসের কাছে অনুরোধ রাখছি, এরা শিক্ষার স্বার্থে এগিয়ে যাচ্ছেন কিনা, পশ্চিমবাংলার মানুষের স্বার্থে চলছেন কিনা সেই সত্যতা প্রমাণ করবার জন্য একজন হাইকোর্টের জজকে দিয়ে কমিশন বসান এবং সেই কমিশন দেখেনিক পশ্চিমবাংলার শিক্ষাজগতে নৈরাজ্য চলছে কিনা, দলবাজি চলছে কিনা? যদি তা না থাকে তাহলে আপনারা ইমিউন হবেন। কাজেই আবার বলছি আপনারা ওই জাতীয় একটা কমিশন বসান। একথা বলে এই ভাঁওতাপূর্ণ বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সভাপাল মহাশয়, বামফ্রন্ট সরকারের শিক্ষা-নীতি, ভাষা-নীতি আজকে সার্বিকভাবে প্রতিক্রিয়াশীল শক্তির চক্রান্তের দ্বারা আক্রান্ত। প্রধানত এই আক্রমণে বৃহত ভূমিকা নিয়েছে একটা বাজারি কাগজ "আনন্দবাজার পত্রিকা"। এই কাজে দিল্লির মসনদ থেকে আশীর্বাদ বিতরণ করছে এবং উৎসাহ সৃষ্টি করছে দিল্লির বাদশাহানী শ্রীমতী ইন্দিরা গান্ধী। তার কৌরব সেনারা আজকে বিধানসভার ভেতরে এবং বাইরে অবতীর্ণ হয়েছে। সেই আক্রমণের পটভূমিকায় দাঁড়িয়ে আজকে বামফ্রন্ট সরকারের শিক্ষা খাতের ব্যয় বরাদ্দ এবং তার উপর যে বক্তব্য তা বিবেচনা করার জন্য আপনার মাধ্যমে আমি বিধানসভায় দু একটি কথা উল্লেখ করব।

ওরা এত ক্ষুব্ধ হচ্ছেন কেন? ভয়ঙ্কর হিংসাশ্রয়ী আক্রমণ গত তিন বছরে আমরা অনেক দেখেছি, কিন্তু এত ভয়ঙ্কর হিংসাশ্রয়ী আক্রমণ শিক্ষা ক্ষেত্রে দেখিনি। ওদের তূণের শেষ বান এই শিক্ষা। ওরা শুরু করেছিল মরিচ-ঝাঁপি থেকে। মরিচ-ঝাঁপি পার হয়ে কসবায়

গিয়ে সত্যাগ্রহ করে, পোস্তায় গিয়ে তেলের টিন মাথায় নিয়ে, শেষ পর্যন্ত সহজপাঠেও সহজ হল না দেখে, এখন শিক্ষা এবং ভাষা নিয়ে সামগ্রিক আক্রমণের পরিকল্পনা করছে। সমগ্র পরিকল্পনাটাই হচ্ছে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র তাতে কোনও সন্দেহ নেই। কিন্তু তৎ সত্ত্বেও একথা বলব যে, বামফ্রন্ট সরকারের সাফল্যে ক্ষিপ্ত হচ্ছে—এবং যখন তাকিয়ে দেখছে সারা ভারতবর্ষের দিকে, আর একে সহ্য করা সম্ভব নয়।

প্রথমে আমি বামফ্রন্ট সরকারের সাফল্য সম্পর্কে দু একটি কথা উল্লেখ করব এবং পরবর্তীকালে ওদের সম্পর্কে কিছু বলব।

গত সাড়ে তিন, চার বছরে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় সাড়ে পাঁচ কোটি মানুষের জন্য একদিকে শিক্ষার সুযোগের সম্প্রসারণ করতে পেরেছে। আর একদিকে গুণগত মানের উন্নয়ন করতে সক্ষম হয়েছে। গত ৩০ বছরের রাজত্বে ওরা তা কল্পনাও করতে পারেনি। সুতরাং সেদিক থেকে ওরা ক্ষুব্ধ না হয়ে পারে না। শিক্ষা সম্প্রসারণের প্রশ্নে যেসব সিদ্ধান্ত বামফ্রন্ট সরকার নিয়েছে তাতে রাজ্যের গরিব মানুষ, খেটে খাওয়া মানুষ এবং রাজ্যের প্রকৃত শিক্ষা অনুরাগী, প্রকৃত বুদ্ধিজীবী গণতান্ত্রিক মানুষ সরকারকে স্বাগত জানাচ্ছে, আশীর্বাদ করছে। আমি সে সম্পর্কে দু একটি কথা আগেই উল্লেখ করতে চাই। ভারতবর্ষের সব কয়টি রাজ্য এবং কেন্দ্র শাসিত রাজ্যগুলি মিলিয়ে মোট ২৯টি রাজ্য আছে, কোনও একটি রাজ্যেও কেউ দেখাতে পারবেন যে, ৬১ লক্ষ প্রাইমারি স্কুলের ছাত্রদের প্রত্যেককে একটি করে শ্লেট, চার খানা করে খাতা এবং টেক্সট বুক ফ্রি তে দেবার ব্যবস্থা করা হয়েছে? কোনও রাজ্যে কেউ দেখাতে পারেবন— এমন কি কাশ্মীর, যেখানে ওরা অঢেল টাকা ঢেলেছে, এম এ, পর্যন্ত বিনা বেতনে শিক্ষার সুযোগ দিয়েছে, যাতে পাকিস্তানে না চলে যায়, তার জন্য সেই ১৯৫২ সাল থেকে তাদের এই উপঢৌকন দিয়ে আসছে, সেখানেও কি ওরা এ জিনিস দেখাতে পারবে? শিক্ষার মূল কথাই হচ্ছে "এই সব মূঢ় মুখে ম্লান মুখে দিতে হবে ভাষা"। কাশ্মীরে বা অন্য কোনও অঙ্গ রাজ্যে এই ব্যবস্থা পাবে না। উপরন্তু গত তিন বছরের যে ব্যবস্থা বামফ্রন্ট সরকার নিয়েছেন তাতে গুণগত উৎকর্ষতা বৃদ্ধি পেয়েছে এবং কিছু কিছু ক্ষেত্রে যুগান্তকারী পটভূমিকার সৃষ্টি হয়েছে। যাতে গরিব ঘরের ছেলেরা স্কুলে পড়তে পড়তে স্কুল ছেড়ে চলে না যায় তার জন্য বিশেষ দৃষ্টিপাত করা হচ্ছে। আমাদের দেশের কৃষক ঘরের ছেলেদের, মজুর ঘরের ছেলেদের বাবা-মায়েরা কখনই ভাবে না যে, তার ছেলে বড় হয়ে বিড়লার মতো বড় শিল্পপতি হবে বা টাটার মতো বড় শিল্পপতি হবে। এটাও ভাবে না যে, তার ছেলে বড় হয়ে ভাইস-চ্যান্সেলর হবে বা এটাও ভাবে না যে, সোহরাব সাহেবের মতো একজন এম এল এ হবে। সুতরাং বাবা-মা এই সব সাধারণ ক্ষেত্রে ছেলেদের স্কুলে পাঠায়, কিন্তু স্কুল থেকে ফিরে এলে তাদের খেতে দিতে পারে না। স্কুল থেকে ফিরলে পরে, পরের দিন ছেলেটাকে কি খেতে দেবে তাই জোগাড় করতে পারে না। ফলে বাধ্য হয়ে তারা ছেলেকে আর স্কুলে পাঠায় না। এইভাবে হাজার হাজার, লক্ষ লক্ষ ছেলে ক্লাস ওয়ান, ক্লাস টু পর্যন্ত স্কুলে যায়, তার পর আর তাদের স্কুলে পাঠানো হয় না।

তারা আর স্কুলে যাবার সুযোগ পায় না। চায়ের দোকানে বা অন্য কাজ করতে পাঠাতো। যখন কিছুই জুটত না তখন ভিক্ষা করতে পাঠাতো। রিজার্ভ ব্যাঙ্কের ১৯৭১

সালের রিপোর্টে বলছে যে প্রতি বছর ৬৪ লক্ষ ছাত্রছাত্রী ড্রপ করছে। পশ্চিমবাংলায় এই চিত্রের অবসান ঘটাতে প্রথম কার্যকর পদক্ষেপ নিয়েছেন এই বামফ্রন্ট সরকার যা কেন্দ্রীয় সরকার এবং অন্যান্য রাজ্যগুলি নেয়নি। শুধু খাতা এবং বই পত্র নয়, আর্থিক সঙ্গতি সীমাবদ্ধ, কেন্দ্রে বৈষম্যমূলক আচরণ, ব্যয়-বরাদ্দের হ্রাস ইত্যাদি কেন্দ্রের পক্ষ থেকে ঘটেছে। সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে ৯ লক্ষ আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য তাদের জামা-কাপড়ের ব্যবস্থার জন্য তাদের ২০ টাকা মাসে অনুদান দেওয়ার ব্যবস্থা হয়েছে। এই সমস্ত আদিবাসী ছাত্রছাত্রীদের বাবা-মা-রা তাদের ছেলেমেয়েদের স্কুলে পাঠায় এবং পাঠালে ২০ টাকা করে মাসে অনুদান পায়। যার ফলে এই সমস্ত ছাত্র-ছাত্রীদের অভিভাবকেরা ভেবেছে, শুধু ছেলেমেয়েদের পড়ানোই হবে না তাদের খাওয়ারও কিছুটা সঙ্গতি হবে। যে সমস্ত আদিবাসী ছাত্ররা দূর থেকে আসে অর্থাৎ শহরে থাকে না তাদের উচ্চতর শিক্ষার ক্ষেত্রে কি কলেজের ক্ষেত্রে কি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে এই সরকার ব্যবস্থা নিয়েছেন যে তারা হোস্টেলে থাকবে। তাদের খাওয়া-পড়ার সমস্ত ব্যয়-ভার রাজ্য সরকার দেবে। এই সিদ্ধান্ত গোটা ভারতবর্ষের রাজ্য সরকারগুলি কল্পনাও করতে পারবে না। এই সিদ্ধান্ত শুধু তো গরিব মানুষদের টাকা সাহায্য দেওয়া নয় যাদের উপর নিরক্ষরতার অন্ধকার যুগ যুগ ধরে জগদ্দল পাথরের মতোন এটি বসে আছে তারই বিরুদ্ধে প্রথম কার্যকর পদক্ষেপ প্রথম চাবুক হিসাবে বামফ্রন্ট সরকার নিতে সক্ষম হয়েছে। শুধু এই নয়, এই আর্থিক সীমাবদ্ধতা নিয়েও এই ৩ বছরের মধ্যে ৩৯ লক্ষ ছাত্র-ছাত্রীকে দুপুর বেলা সামান্য আহার যেমন, সোহরাব সাহেব ঘি খান, মন্ডামেঠাই খান সেই খাবার অবশ্য প্রাইমারি ছাত্রদের আমরা দিতে পারিনি কিন্তু কিছু খাবার আমরা প্রতিদিন ৩৯ লক্ষ ছাত্রছাত্রীদের দিতে সক্ষম হয়েছি। সুতরাং এই জিনিস গোটা ভারতবর্ষের রাজ্য সরকারগুলি কল্পনাও করতে পারছে না। আপনারাও কোনওদিন কল্পনা করেছেন? সোহরাব সাহেব, একটা হিসাব নিয়ে এসে বললেন, এত সালে এত টাকা সুতরাং ১৭.৬ পারসেন্ট শিক্ষা খাতে ব্যয়-বরাদ্দ কমেছে। ম্যাজিকটা তাহলে কি? ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে কি ছিল অবস্থা? শহরাঞ্চলে ৪ ক্লাস পর্যন্ত ফ্রি, গ্রামাঞ্চলে ৮ ক্লাস পর্যন্ত ফ্রি। আর আজকে কি অবস্থা? আপনারা বলছেন টাকা বাড়েনি? শিক্ষাক্ষেত্রে অনেক টাকা বাড়ানো হয়েছে। প্রায় ২৮৫ কোটি টাকা। ব্যয়-বরাদ্দ যেভাবে করা হয়েছে তাতে করে শতকরা ১০ ভাগ করে বেড়ে গেছে। তাহলে ম্যাজিকটা কোথায়? শিক্ষা বাজেটে টাকা বাড়ল না অথচ ১২ ক্লাস পর্যন্ত ফ্রি হয়ে গেল? ৩৯ লক্ষ ছাত্র-ছাত্রীকে খাবার দেওয়া হল, ৬১ লক্ষ ছাত্র-ছাত্রীকে বই স্লেট দেওয়া হল, ৯ লক্ষ ছাত্র-ছাত্রীকে মাসে ২০ টাকা করে দেওয়ার ব্যবস্থা হল সেটা কোন টাকা থেকে? সেটা আপনার ঘর থেকে এসেছে? পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকার আপনার পকেট কেটে ঐসব তফসিলি ছাত্রদের ২০ টাকা করে অনুদান দিচ্ছেন? সুতরাং এটা খুবই পরিষ্কার হিসাবে গোলমাল দেখাবেন না। সারা শিক্ষাক্ষেত্রে যেমন ১২৫ থেকে ২৮৫ কোটি টাকা হয়েছে, হিসাবে যেমন এটা দেখা যাচ্ছে এবং এটাতে যখন গড় পড়তা হিসাব করেছেন সেটা মোট বাজেটের কত অংশ? গ্রামের গরিব নিরন্ন মানুষের জন্য শুধু শিক্ষাক্ষেত্রে নয়, সমস্ত ক্ষেত্রে অর্থ বিনিয়োগ বাড়ানো হয়েছে। আমরা জানি শুধু শিক্ষাক্ষেত্রে কতকগুলি বড় বড় স্কুল কলেজের অট্টালিকা করলে পরেই বাড়ে না, কতকগুলি সুন্দর সুন্দর টেবিল, চেয়ার, বেঞ্চি দিয়ে আর শুধু ইংরাজি জানা বড় বড় পন্ডিত আনলে শিক্ষার প্রসার হয় না।

রানি ক্যাথারিনের গল্প জানেন? জারের বউয়ের আত্মীয়ের মেয়ে, অষ্টাদশ শতাব্দির সেই ইতিহাস সকলেরই জানা আছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। আমি বলতে চাই না তিনি শুধু ইউরোপিয়ানাইজেশন করতে চেয়েছিলেন, তিনি বলেছিলেন রুশ দেশে যে ছেলেমেয়েরা স্কুল কলেজে যাক বা না যাক আমি দেখতে চাই না, আমি চাই মস্কো শহরের উপর সেন্ট পিটার্স বার্গের উপর পেট্রোগ্রেডের উপর বিশাল বিশাল অট্টালিকা হোক, স্কুল কলেজ হোক অষ্ট্রিয়া, ফ্রান্স, ইংলন্ড, জার্মানি থেকে বড় বড় সব পন্ডিত নিয়ে এসে চাকরি দেওয়া হোক। স্কুল হল, কলেজ হল, বিশ্ববিদ্যালয় হল সেটাই হচ্ছে তাদের কাছে বড় কথা এবং তার মধ্যে দিয়ে তিনি ইউরোপিয়ানাইজেশন করতে চেয়েছিলেন, রুশ দেশের নিরক্ষর মানুষদের অক্ষর জ্ঞান সম্পন্ন করতে পারেন নি। আর আমাদের মহাপ্রভুরা অনেক বিশ্ববিদ্যালয় করেছেন ভারতবর্ষ যখন স্বাধীন হয় তখন ২৭টি বিশ্ববিদ্যালয় ছিল, আজকে ১০৭টি বিশ্ববিদ্যালয় তৈরি করেছেন। ২৪ কোটি নিরক্ষর মানুষ নিয়ে সেদিন ভারতবর্ষ স্বাধীন হয়েছিল, ১৯৪৭ সালে, লজ্জায় মাথা হেট হয়ে যায়—আজকে ৪২ কোটি নিরক্ষর মানুষ এরা সৃষ্টি করেছেন, এর থেকে লজ্জার কথা আর কি আছে? আজকে যদি নিরক্ষর মানুষদের দাঁড়ি পাল্লায় বসানো হয় দেখা যাবে ভারতবর্ষের পাল্লাই বেশি ভারি আছে, ৭৫ কোটি নিরক্ষর মানুষের মধ্যে একা ভারতবর্ষের মহান কংগ্রেসের মহান সৃষ্টি হচ্ছে, ৪২ কোটি নিরক্ষর মূর্খ মানুষ। এরাই আবার কথা বলেন, বড়াই করেন, এরা বলেন শিক্ষা জগতে অরাজকতা, অর্থ বিনিয়োগ হয়নি। এক কান কাটা, দুকান কাটার গল্প সকলেই জানেন তা এদের কানই নেই তার কাটা হবে কি? লাজ, লজ্জা, সরম এদের কিছুই নেই। তা না হলে এই কথা বলতে পারে। এই অবস্থা সৃষ্টি করে রেখেছে পশ্চিমবঙ্গ শিক্ষায় রাজনৈতিক হস্তক্ষেপ করছে, আলিগড়ে কি হল, এলাহাবাদে কি হল, জয়পুরে কি হচ্ছে, উদয়পুরে কি হচ্ছে, মহারাষ্ট্রে কি হচ্ছে, সমগ্র আর্যাবর্ত্ত—পাটনা থেকে শুরু করে রাজস্থান পর্যন্ত সমস্ত উত্তর ভারতের সমস্ত ভুখন্ড জুড়ে ৪৫টি বিশ্ববিদ্যালয়ে কি অবস্থা হচ্ছে, কি বলবেন এবারে? এ সংবাদ রাখার মতো সময় নেই। সোহরাব সাহেবের এত চিড় বিড় করার কি আছে? এখন বিশৃঙ্খলা? ২ লক্ষ ছাত্রছাত্রী মাধ্যমিক স্কুলের পরীক্ষা দিচ্ছে, একটা টু শব্দ হচ্ছে না, ভাবতে পারেন, ৪ বছর আগে কি হত? যে বাড়িতে পরীক্ষার্থী আছে সে বাড়ির মা, বোন সকলে হরিকীর্তন করতে শুরু করতেন, দুর্গানাম জপ করতেন। কেন, না পরীক্ষা দিতে গিয়ে ফিরতে পারবে কিনা, পরীক্ষা দিতে পারবে কিনা, পরীক্ষায় বসতে পারবে কিনা, ওখানে বোমা, পটকা, সোডার বোতল পড়বে কিনা, ছেলে বা মেয়ে পরীক্ষা দিয়ে অক্ষত শরীরে ফিরবে কিনা। আজকে কল্পনা করতে পারবেন না, ২ লক্ষ ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে একটা টু শব্দ নেই। আগে কোনওমতে যদি পরীক্ষা হত তো তার ফল বেরোতো না, যদিও বেরাতো তো রামের ফল শ্যামের ঘাড়ে গিয়ে পড়ত। এই অবস্থার অবসান হয়নি? এখন ৮০ দিনের মধ্যে পরীক্ষার ফল প্রকাশিত হচ্ছে, আপনাদের আমলে ভাবতে, বা কল্পনা করতে পেরেছেন, পারেন নি, যে ৮০ দিনে পরীক্ষার ফল বের করা যায়। আমরা ৬০ দিনের মধ্যে প্রকাশ করার চেষ্টা করব। এই অবস্থার মধ্যে, এই সীমাবদ্ধতার মধ্যে আমরা এগিয়ে নিয়ে আসব। যারা নিজেরা সৎ, আদর্শানুরাগী, প্রকৃতপক্ষে শিক্ষা অনুরাগী আমাদের বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ আমাদের শিক্ষা জগতের গুরুরা এই ব্রতের ব্রতী, এই কল্পনার প্রতীক, কাজেই অশোক সেন থেকে শুরু করে সকলেই যতই চিৎকার করুন না কেন ফল সেই অষ্টরম্ভা হবে। চিৎকার

করে আত্মপ্রসাদ লাভ করতে পারেন, প্রতিষ্ঠা পাবেন না।

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন উল্লেখ করে গেলেন যে ব্যাকডোর ছাড়া পথ নেই, কারণ শিক্ষাক্ষেত্রে গণতন্ত্রীকরণ আমাদের প্রধান ব্রত। আমাদের ৭ দফা কর্মসূচির মধ্যে আমাদের ৩৬ দফার মধ্যে আমরা ঘোষণা করেছি এই একটা প্রথম সরকার শুধু পশ্চিমবঙ্গে নয় সারা দেশের জনগণের সামনে নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়ে প্রতিটি প্রতিশ্রুতিকে অক্ষরে অক্ষরে পালন করেছেন। অন্য কিছু নয়, ৭ দফা প্রতিশ্রুতি শিক্ষাক্ষেত্রে দিয়েছিলেন, শুধু ৭ দফা পালন করেন নি, তার চেয়ে বেশি পালন করেছেন। আমরা ১০ ক্লাশ পর্যন্ত ফ্রি করব বলেছিলাম ১২ ক্লাশ পর্যন্ত করেছি। সুতরাং আপনারা কল্পনা করতে পারবেন না। আপনারা ক্ষিপ্ত হবেন, এ বিষয়ে সন্দেহ নাই। শিক্ষাক্ষেত্রে সে অবস্থার সৃষ্টি হয়েছে এতে আপনারা অখুশি। কারণ এখন আর দেখতে পাবেন না। যে উপাচার্যকে বিশ্ববিদ্যালয়ের মধ্যে হত্যা করা হচ্ছে, বিমল দাসগুপ্তের মতো প্রধান শিক্ষককে চেয়ারে বেঁধে পুড়িয়ে মারছে, সত্যের চক্রবর্তীর মতো অধ্যাপককে গুলি খেয়ে খুন হতে হচ্ছে। শিক্ষা ব্যবস্থা এমন সুষ্ঠুভাবে হচ্ছে এত কল্পনা করা যায় না, সহ্য করা যায় না। এখানে যখন রাম শ্যাম যদুরা নামলেন তখন ওদিক থেকে দিল্লির আশীর্বাদ এল। অত সহজ নয়, তাহলে অনেক দিন আগেই আপনারা এই সরকারের পতন ঘটাতে পারতেন। সোহরাব সাহেব বা আনন্দবাজারের দয়ায় বামফ্রন্ট সরকার চলে না। লক্ষ কোটি গরিব মানুষ ক্ষেত মজুর মধ্য বিত্তের দয়ায় আমরা এখানে আছি। শিক্ষা দানের ক্ষেত্রে দেশের সমস্ত সম্পদকে আয়ত্তে করে আমাদের দেশের কাজে ব্যবহার করার দৃষ্টিভঙ্গি নিয়েই এই সরকার চলছে। আপনারা কি করছেন—কোনও মতে একটি ডিগ্রি দিয়ে দিতেন। এই কোঠারি কমিশন কি বলেছেন। আপনারা জানেন ভোকেশনাল এডুকেশন জোর করে চাপানো পুজিঁপতি উৎপাদন ব্যবস্থার মালিক যারা আছেন, জমি, কল কারখানার মালিক তারা হৈ হৈ করে উঠবেন। সেই জন্য বলছি ওই ভাবে বেকার সমস্যা, শিক্ষা সমস্যার সমাধান হয় না। আমরা এই কথা বলিনি যে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে পশ্চিমবাংলায় আমরা একটা স্বর্গ রাজ্য তৈরি করব। সাদা কালো পার্থক্য লোকেরা জানে। সত্য বাপুলি এবং জ্যোতি বাবুর পার্থক্য প্রাইমারি স্কুলের ছেলেরাও জানে সেই জন্য শিক্ষায় সিলেবাসের পরিবর্তন, পঠন পাঠনের পরিবর্তন করা হয়েছে। এতে ক্ষুদ্র হবার কিছু নেই। আপনারা ক্ষুদ্ধ হবেন না। দেবী যেদিন কৃপা করবেন সেদিন সেক্রেটারিরাই ক্ষমতা পেয়ে কাজ চালাবে কিন্তু এই ডোর দিয়ে আপনাদের আসা সম্ভব নয়। কারণ আজকে গ্রাম বাংলার শহর বাংলার মানুষ ঐক্যবদ্ধ। সুতরাং সহজ ব্যাপার মনে করবেন না। অভিযোগ করেছেন হস্তক্ষেপের, কিন্তু প্রমাণ করতে পারেন কি যে একটা স্কুলের গভর্নিংবডি ভেঙ্গে দিয়ে সেখানে চূড়ান্ত দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, সুভাষবাবু বক্তৃতা দেবার সময় বললেন এখানে এলে ঠাঙ্গানি খেতে হবে। বিধানসভায় এলে যে মারধোর খেতে হয় এটা ইতিহাসে শুনিনি।

**Mr. Deputy Speaker :** This is not a point of order.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এর চেয়ে বেশি পয়েন্ট অব অর্ডার হয় না। সুতরাং এটা এক্সপাঞ্জ করবার জন্য বলছি। এইভাবে ভয় দেখানো চলে না। জ্যোতিবাবুর পুলিশ আছে বলে এই জিনিস বলবে? আপনারা নিজেদের খাদ নিজেরাই খুঁড়ছেন।

**Mr. Deputy Speaker :** I am on my legs, Please take your seat.

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** ওরা যে অবস্থায় শিক্ষা ব্যবস্থাকে নিয়ে গিয়েছিলেন সেই অবস্থার হাত থেকে পশ্চিমবাংলার মানুষকে বের করা হয়েছে। কি চলছে সারা ভারতবর্ষে? আলিগড় বিশ্ববিদ্যালয় ৪ বছরের মধ্যে সাড়ে সাতশ দিন বন্ধ ছিল, দিল্লি বিশ্ববিদ্যালয় একটানা ৫০ দিন বন্ধ ছিল, উদয়পুর বিশ্ববিদ্যালয় একটানা ৪০ দিন বন্ধ ছিল, এবং এলাহাবাদ বিশ্ব বিদ্যালয় একটানা ২০ দিন বন্ধ ছিল। পশ্চিমবাংলার একটি বিশ্ববিদ্যালয়ের নাম বলতে পারেন যেখানে ছুটি ছাটা বাদ দিয়ে গোলমালের জন্য এক ঘণ্টাও বন্ধ ছিল? এই অবস্থা আপনাদের পক্ষে সহ্য করা সম্ভব নয়। সেইজন্য আপনারা এখানে চেঁচান, বাইরে কিছু লোক চেঁচান এবং বাজারে কিছু পত্রিকা আছে যারা এই কাজ করেন। আপনাদের শিক্ষা নিয়ে কোনও কারবার নেই। আপনাদের আসল উদ্দেশ্য হচ্ছে বামফ্রন্ট হটাও। কিন্তু এই অভিযানের তুনে আর কোনও বান নেই। সেই শেষ অস্ত্র ফুরিয়ে যাবার আগে আপনারা শিক্ষা নিয়ে পড়েছেন। আমরা আপনাদের ইন্দিরা গান্ধীর ল্যাবোরেটারিতে তৈরি হয় নি। বাংলাদেশের অসংখ্য খেটে খাওয়া মানুষের দয়ায় এবং সংগ্রামের মধ্য দিয়ে আমরা এখানে এসেছি। ইন্দিরা গান্ধী ল্যাবোরেটারিতে প্রোডাকশন আমরা নই যে ইচ্ছা করলেই উড়িয়ে দিতে পারবেন। কিন্তু এই ইচ্ছা যদি করেন তাহলে পশ্চিমবাংলার মানুষ তার জবাব দেবেন এই কথা বলে শিক্ষা মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষক শিক্ষামন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন এবং তার পরিপ্রেক্ষিতে যে বক্তব্য আমাদের সামনে রেখেছেন তার মধ্যে শিক্ষার বহিরঙ্গ দিক সম্পর্কে তিনি যদি সতর্ক এবং এর মধ্যে সোচ্চার মানসিকতার অভিব্যক্তি লাভ করেছে ঠিক সেই পরিমাণ শিক্ষার অন্তরঙ্গ দিক থেকে তার সচেতনতার প্রকাশ পায়নি। শিক্ষামন্ত্রী শিক্ষার কাঠামোগত বৈচিত্র সম্পর্কে যতটা সবর থেকেছেন, শিক্ষার লক্ষ্য এবং উদ্দেশ্যের দিক থেকে ঠিক ততটা নিরব থেকেছেন। ৩৩ বছর স্বাধীনতা লাভের পর নিঃসন্দেহে একজন শিক্ষক রূপে এই প্রশ্নে উপস্থিত হয়েছি যে শিক্ষার কাঠামোগত বিন্যাস, শিক্ষার সংখ্যাগত পরিবর্তন কতকগুলি বিদ্যালয় স্থাপন করা ইতিবৃত্ত কি একটা সরকারের মুখ্য কর্তব্য হবে? শিক্ষার উদ্দেশ্য নেই, লক্ষ্য নেই? সেই উদ্দেশ্য লক্ষ্য সাধনের দিকে শিক্ষাকে কি আমরা প্রসারিত করব না। সাম্প্রতিককালে কয়েকটি বিবৃতি শিক্ষা সম্বন্ধে নিঃসন্দেহে চিন্তার সামগ্রী এনে দিয়েছে। রাষ্ট্রপতি বলেছেন চবন সাহেব বলছেন এ সম্বন্ধে অনেক কথা। কিন্তু আমাদের সামনে সবচেয়ে বড় গুরুত্বপূর্ণ বক্তব্য রেখেছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে যোজনা কমিশনের সদস্য ডাঃ স্বামীনাথন। তিনি তার বক্তব্যে বলেছেন সংখ্যার দিক থেকে বিশ্ববিদ্যালয় বেড়েছে, শিক্ষার জন্য, বরাদ্দের পরিমাণ বেড়েছে কিন্তু শিক্ষার মান এবং শিক্ষার লক্ষ্য সম্বন্ধে আমরা যে দূরে ছিলাম আজকে ঠিক তত দূরে থেকে

গেছি। তিনি প্রশ্ন করছেন শিক্ষা সম্বন্ধে আমরা শিক্ষার ব্যাপারে সম্পদের দিকে যতটা নজর দিয়েছি মানবিক সম্পদের দিকে ততটা দৃষ্টি দিইনি। মানুষ তৈরি করবার শিক্ষা আমরা দিইনি। এই মানব সম্পদ সম্বন্ধে তিনি আমাদের সামনে তার বক্তব্য উপস্থিত করেছেন। পশ্চিমবঙ্গ সরকার একটা অঙ্গ রাজ্যের সরকার রূপে ভারতবর্ষের কাঠামোর পরিবর্তন আমূল ভাবে করবেন এরকম প্রস্তাব আমি করি না। অনেক বিষয়ে বামফ্রন্ট সরকার পথিকৃত হতে চেয়েছেন কিন্তু শিক্ষাগত ব্যাপারে যদি পথিকৃত হবার চেষ্টা করতেন তাহলে অভিনন্দন জানাতাম কিন্তু দুঃখের বিষয় তা সম্ভব হয় নি। কাঠামোগত দিকে দৃষ্টিপাত করলে এই সরকারের নিশ্চয়ই কিছু কিছু প্রশংসা পাবার যোগ্যতা আছে এবং শিক্ষক নিয়ে বিতর্কের ব্যাপারে আমি তাদের প্রশংসা দিতে আদৌ কুণ্ঠিত নই। আমি নিশ্চয় একথা স্বীকার করি যে, আজকে বারো ক্লাস পর্যন্ত বিনা বেতনে পড়াবার যে সুযোগ আপনারা করে দিয়েছেন, তারজন্য আপনারা অভিনন্দনের পাত্র। আপনারা যে সমস্ত বিদ্যালয়ে বা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, অশিক্ষক কর্মচারী আছেন, তাদের বেতনের দায়িত্ব গ্রহণ করেছেন, তারজন্য আপনারা অভিনন্দনের পাত্র। আপনারা অভিনন্দনের পাত্র যে, আজকে শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ করে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে আরও কতকগুলি প্রাথমিক বিদ্যালয়ের দায়িত্ব গ্রহণ করেছেন। কিন্তু সঙ্গে সঙ্গে কাঠামোগত দিকে লক্ষ্য রেখেও প্রশংসা করলেও আপনারা নিশ্চয় এ দাবি করতে পারেন না যে, আপনাদের আমলে আপনাদের ব্যবস্থার মধ্যে কোথাও কোনও ত্রুটি পরিলক্ষিত হয় না, বা কোথাও দুর্নীতির আশ্রয় নিয়ে কখনও কোথাও কোনও শিক্ষা প্রতিষ্ঠানকে আপনারা ব্যবহার করেন নি। আমার বন্ধুবরদের বক্তৃতা শুনলাম, সুভাষবাবু, অনেক বক্তৃতা রেখেছেন, কংগ্রেস (আই) জমানার নিন্দা করেছেন। প্রশংসা করবার দায়িত্ব আমিও বহন করি না। কিন্তু অনেক দিনের শিক্ষক আমি এমন কোনও রাজনৈতিক পরিবেশ প্রত্যক্ষ করিনি বিদ্যালয়ে। বিদ্যালয়ে দাঁড়িয়ে এমন কোনও ছাত্র-সংসদও আমি আগে দেখিনি কখনও। যাদের সব কালো ছিল সব ভালো হয়ে গেল। কিন্তু কালোয় ভালোয় মেশানো অবস্থাটাই আমি চিরকাল প্রত্যক্ষ করেছি। একথা সত্য, এখন আপনারা যে ভাবে পরীক্ষা পরিচালিত করছেন, যেমন শান্তিপূর্ণ পরিবেশে হচ্ছে, ঠিক তেমনটি অতীতে, অন্তত সাম্প্রতিক অতীতে আমরা দেখিনি, তারজন্য নিশ্চয় আপনাদের প্রশংসা আমি করব। কিন্তু আপনাদের ফলাফল প্রকাশে সব দুর্নীতি কংগ্রেস আমলে হত, আপনাদের আমলে হয় না, এমন কথা নিশ্চয় বলতে পারবেন না। মাননীয় শিক্ষামন্ত্রী একজন শিক্ষক, আমিও শিক্ষক, প্রশ্ন করি, ফলাফল যখন আপনি প্রকাশ করেন, তাকি সম্পূর্ণ সুস্থ, স্বাভাবিক, সঙ্গত? এমন অনেক ফলাফল আমি দেখেছি—মার্কশিট এসেছে, মার্কস নেই, কিন্তু ফেল লেখা আছে। এমন মার্কসিট আমি দেখেছি, যার মধ্যে যোগ করলে সমস্ত মার্ক যা ছাত্র পেয়েছে, তাতে তার পাশ হবার কথা, কিন্তু ফেল হয়েছে। এমনি ভাবে দেখেছি, পাশ করা ছেলেকে ফেল করাচ্ছেন, ফেল করা ছেলেকে পাশ করাচ্ছেন। এই হল, আপনাদের জামানা, আপনাদের শাসন কালে। অতএব সব কালো ওদিকে ছিল, আর আপনারা সব ভালো—পূর্ণিমার চন্দ্রের আলোকে পরিপ্লাবিত, এমন কথাটি মনে করবার কারণ নেই। এবং যদি বলেন, ওদের আমলে আরও বেশি দোষ হত, আমাদের আমলে কম হয়, তাহলে খুব সঙ্গত ব্যাখ্যা হবে না।

এ প্রসঙ্গে রবীন্দ্রনাথের একটি কবিতার ছত্র মনে পড়ছে 'একদা ছিল না জুতা চরণ

যুগলে"। একজনের চরণে জুতা ছিল না, মনে মনে বড় হীনমন্যতার স্বীকার ছিল, দুঃখ ছিল, বেদনা ছিল। কিন্তু চেয়ে দেখল জনসমাবেশের মধ্যে একজনের পাই নেই। কাজেই, চরণে জুতা না থাকার দুঃখ একজন অসহায় ব্যক্তির দূর করা হয়ত একটা আনন্দের কথা, আশার কথা, সান্ত্বনার কথা। কিন্তু কোনও সরকারের পক্ষে এটা সান্ত্বনা হতে পারে না যে, আগের জামানায় আরও দোষ ছিল, আমাদের জামানায় দোষের সংখ্যা কম। আপনি কম করবেন, তাতে আত্মতৃপ্তি আরও কম করবেন, এই প্রত্যাশাই আপনাদের কাছে মানুষ করে। কিন্তু সেদিক থেকে মানুষের সে প্রত্যাশা আপনারা পূরণ করতে পারেন নি। আপনাদের আমলে শৃঙ্খলা ভঙ্গ ঘটেনি বিদ্যালয়ে বিদ্যালয়ে? মাননীয় পার্থবাবু অনেক গর্বভাবে এই বিধানসভায় বললেন যে, আমাদের জামানায় অনেক বিদ্যালয়ে দুজন প্রধান শিক্ষক, দুজন প্রধানা শিক্ষিকা আছেন। এত গর্বের কথা, আনন্দের কথা, স্বাস্থ্যের কথা, শিক্ষা ব্যবস্থায় এই পরিবর্তন আপনাদের সময়ে ঘটেছে, অনেক জায়গাতেই ঘটছে। কিন্তু যেসব ঘটনা বিদ্যালয়ে বিদ্যালয়ে ঘটছে, যা আগে কখনও ঘটেনি তার কতকগুলি কথা আপনাদের বলি। আমি রহড়া রামকৃষ্ণ মিশন কলেজ সম্পর্কে যথাসম্ভব বক্তব্য রাখবার চেষ্টা করব। এখন আমি রহড়া ভবনাথ ইন্সটিটিউট ফর গার্লস সম্বন্ধে কিছু বলব। এখানে যে বামপন্থী আর এস পি এবং সি পি এম এর লোকেরা পরিচালন কমিটি দখল করে বসে আছেন। সভাপতি আর এস পির লোক, সেক্রেটারি সি পি এম-এর লোক। কিন্তু এখানে বিবাদের জন্য কি ভাবে বিদ্যালয়টা চলছে, কেমন ভাবে পরিচালনা সমিতি অন্তর্দ্বন্দের ফলে স্বাভাবিক অবস্থা বিপর্যস্ত হচ্ছে, সেটা জানেন না। সেখানে প্রচেষ্টা চলছে। এই সেক্রেটারির নেতৃত্বে আর এস পির চেয়ারম্যানের বিরুদ্ধে ভোট অন নো কনফিডেন্স পাস করে, এই কলেজটি কিভাবে জাহান্নামের পথে প্রেরণ করা যায়, তার জন্য চেষ্টা চলছে। আমি একজন শিক্ষক, আপনাদেরও এই সব দেখে আমি সত্যই অবিভূত। আপনাদের যুক্তফ্রন্টের ঐক্য যেখানে, একই সরকারের শরিক, একই বামফ্রন্টের শরিক, কিন্তু আর এস পির চেয়ারম্যান বলে, সি পি এম-এর সেক্রেটারি যদি তার বিরুদ্ধে এই ধরনের ষড়যন্ত্রে লিপ্ত হন, তাহলে আপনাদের ঐক্য কোথায়? আপনাদের ঐক্য যেখানে খুশি হোক, শিক্ষা প্রতিষ্ঠান যেখানে নষ্ট হয়ে যাচ্ছে, শিক্ষা ব্যবস্থায় যদি দুর্যোগ ঘনিয়ে আসে তার বিরুদ্ধে প্রতিবাদ জানানো আমার নিশ্চয়ই কর্তব্য। কোনও ষড়যন্ত্রের কথা নয়, শিক্ষা ব্যবস্থার স্বাস্থ্য ফিরিয়ে আনবার জন্য কিছু কিছু ঘটনা আমরা আমাদের বক্তব্যের মধ্যে তুলে ধরেছি। আপনাদের প্রাপ্য তো আমরা দিতে কুণ্ঠিত নয়। কিন্তু যা প্রাপ্য নয়, তা কেমন করে চাইবেন। যেমন সুভাষবাবু এই মাত্র বলেছেন, আমরা নিরক্ষরতা দূরীকরণের জন্য চেষ্টা করেছি, আমরা অনেক আয়োজন করেছি এবং কংগ্রেস আমলে এত নিরক্ষর ছিল। কংগ্রেসদের কথা তারাই জবাব দেবে, তাদের জন্য বক্তব্য রাখতে আমি তো দাঁড়াই নি। কিন্তু আমি একটা কথা মাননীয় শিক্ষা মন্ত্রীর উদ্দেশ্যে রাখতে চাই এবং সুভাষ বাবুকে স্মরণ করিয়ে দিতে চাই, যে আপনারা নিরক্ষরতা দূর করতে যদি সত্যই আন্তরিকভাবে চেয়েছেন, তাহলে ১৯৭৮-৭৯ সালে তদানিন্তন কেন্দ্রীয় সরকার, জনতা সরকার, তার শিক্ষামন্ত্রী শ্রী প্রতাপ চন্দ্র চন্দ্র যে আপনাদের ১ কোটি টাকা দিয়েছিলেন বয়স্ক ব্যক্তিদের নিরক্ষরতা দূরীকরণের জন্য, সেই ১ কোটি টাকার মধ্যে এক বছরে কেবল মাত্র ১৭ লক্ষ টাকা আপনারা ব্যয় করতে পেরেছেন। বাকি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে ফেরৎ গেছে।

সুতরাং আপনারা খরচ করতে পারছেন না। এই অবস্থায় আপনারা উপভোগ করুন, আপনাদের নিরক্ষরতা দূরীকরণের যে আন্তরিক প্রয়াস, ঘটনাবলির দ্বারা কিন্তু সমর্থিত নয়। আপনারা এখানে কেন্দ্র অর্থ দেয় না বলে বার বার কথা বলেন এবং আসর সরগম করেন। আপনাদের সঙ্গে কণ্ঠে কণ্ঠ মিলিয়ে আমরা বহু বার বলেছি, পশ্চিমবাংলার যদি অর্থের প্রয়োজন হয় তাহলে আমরা আপনাদের সঙ্গে যেতে প্রস্তুত। তদানিন্তন জনতা সরকারের সময় আমি এই বক্তব্য রেখে ছিলাম। কিন্তু আজ কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলবেন, অর্থ দাও বলে, আর এক দিকে অর্থ দিলে ব্যয় করতে পারবেন না, ফেরৎ যাবে, এই দুই এর মধ্যে মিল কোথায়। এই প্রশ্নটা নিশ্চয়ই আপনাদের কাছে রাখতে পারি। অধ্যক্ষ ঘেরাও কোথায় শিক্ষক ঘেরাও, শিক্ষক প্রহারের দৃষ্টান্ত আপনাদের আমলে ঘটেনি, সব ভাল হয়ে গিয়েছে কোথায় কিছু ঘটেনি, এই কথা ঠিক আমি মানি। শিক্ষার কিঞ্চিত ভাল পরিবেশ আপনারা সৃষ্টি করতে পেরেছেন, এই কথা আমি মানি। তার জন্য অভিনন্দন আমি নিশ্চয়ই জানাব। কিন্তু আত্মতুষ্টি প্রদর্শন করতে আপনারা পারেন না। অনেক বিক্ষোভ আছে, অনেক দুর্ভাগ্যজনক ঘটনা আপনাদের সামনে রয়েছে, সেইগুলি এড়িয়ে যাওয়ার জন্য শোচনীয় মৃত্যু আপনারা দেখেছেন। আমি সাধনা সরকারের মৃত্যুর কথা বলতে চাই, এই ঘটনা ঘটেছে। এমন বহু ঘটনা ঘটছে যা এই বিধানসভায় আসে না, সংবাদপত্রে প্রকাশিত হয় না। এই রকম ধরনের বহু সংবাদ আমার কাছে এসেছে। সংবাদপত্রে প্রকাশিত হয়নি, কিন্তু উদ্বেগের বহু সংবাদ আমাদের কাছে এসেছে। আমি চাইব বামফ্রন্ট সরকারের শিক্ষা মন্ত্রী কেবলমাত্র আত্মতুষ্টি লাভ করে সন্তুষ্ট থাকবে না, এগুলি বিচার করবেন অবস্থার উন্নতি ঘটাবেন, সরস্বতীর প্রাঙ্গন যাতে পবিত্র থাকে, তারজন্য চেষ্টা করবেন। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ভাষা নিয়ে অনেক কথা এখানে হয়েছে, আগেও হয়েছে এবং আজও কেউ কেউ বলেছে। কিন্তু যতবারই এই আলোচনা শুনেছি ততবারই আমার উপলব্ধি হয়েছে মাননীয় শিক্ষামন্ত্রীরা এবং সরকারি পক্ষের মাননীয় সদস্যরা এই শিক্ষা সম্বন্ধে বিরোধীদলের বক্তব্য কে বিকৃত করে একটা বিভ্রান্তি সৃষ্টি করতে চান, যেমন তারা চান বাইরের বুদ্ধিজীবীদের বক্তব্যকে বিকৃত করে জনমানসে একটা কিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করতে। আপনারা বারবারই বলছেন মাতৃভাষার প্রতি আমাদের সমাদর নেই, মাতৃভাষা প্রাধান্য লাভ করুক আমরা নাকি তার পরিপন্থী। কোনও কোনও বন্ধু আবার বলেছেন, ওপার বাংলার বুদ্ধিজীবীরা যখন মাতৃভাষার জন্য রক্ত দিচ্ছেন তখন এখানকার বুদ্ধিজীবীরা ইংরেজিকে মাধ্যমে করতে চান। কোনও বুদ্ধিজীবী আপনারদের একথা বলেছেন যে, মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের আমরা বিরোধিতা করছি? কোনও বুদ্ধিজীবী একথা বলেননি। মাতৃভাষায় শিক্ষাদান এটা স্বতন্ত্র প্রশ্ন। প্রশ্ন তোলা হয়েছে সেকেন্ড ল্যাঙ্গুয়েজ হিসাবে বাংলাদেশের প্রাথমিক শিক্ষার সঙ্গে ইংরেজি রাখবেন কিনা? কাজেই সমস্যাকে আপনারা এইভাবে বিকৃত করবেন না। আপনারা যেকথা বলছেন তার দ্বারা মাতৃভাষার প্রতি আপনাদের শ্রদ্ধা বিরোধীদলের চেয়ে বেশি এটা প্রতিষ্ঠিত করা যায় না। যে সমস্ত বুদ্ধিজীবীদের আপনারা নিন্দা করছেন তারা মাতৃভাষাকে চিরকাল সমৃদ্ধ করেছেন, তারা বাংলা সাহিত্য রচনা করেছেন। আপনারা যখন বসে বসে তত্ত্বকথা বলেছেন তখন তারা বিনিদ্র রজনী যাঁপন করেছেন মাতৃভাষার সাধনায়। কাজেই এই যে বলছেন তারা ইংরেজিকে মাধ্যম করতে চান, তারা মাতৃভাষার শত্রু, মাতৃভাষার প্রতি তাদের সমাদর নেই—এগুলো সত্য কথা নয়। তারা সকলেই মাতৃভাষাকে সমাদর করেন এবং

আমাদের অনেকের চেয়ে অনেক বেশি দিন ধরে তারা এই মাতৃভাষাকে সমৃদ্ধ করে চলেছেন। আমি অনেকদিন ইংরেজিতে দর্শন পড়িয়েছি, পড়াতে হয়েছে। আবার মাতৃভাষায় যখন দর্শন পড়াতে হয়েছে, তাও পড়িয়েছি। আমি তো পড়াতে গিয়ে কোথাও বাধা পাইনি।

অনেক অধ্যাপকের চেয়ে আপনাদের আশীর্বাদে আমি ভালভাবে শিক্ষকতা করেছি। মাতৃভাষার মাধ্যমে পড়াবার ক্ষেত্রে কোনও কিছু প্রকাশ করবার পক্ষে বাধা আছে এমন জিনিস তো আমি উপলব্ধি করিনি। কাজেই আমার বক্তব্য হল প্রাথমিক স্তর থেকে ইংরেজি তুলে দেবেন কিনা সেটা আপনারা ভাবুন। তবে আপনারা যেভাবে এটাকে প্রচার করছেন তার বিরুদ্ধে এটা আমার প্রতিবাদ। আপনারা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ হিসাবে ইংরাজিকে রাখুন। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ইংরেজি ভাষা ইংরেজের ভাষা এবং এটা আমাদের এখানকার কিছু লোকের ভাষা হলেও এটা ভারতবর্ষের মাতৃভাষা নয়। আমরা পৌনে দুশ বছর পরাধীন ছিলাম কাজেই ইংরেজের মাতৃভাষার প্রতি একটা অবজ্ঞ থাকা, বিদ্বেষ থাকা স্বাভাবিক। তবে একথাও সত্য, আমরা যদি ওই ইংরেজি ভাষা আয়ত্ব না করতাম, ইংরেজি ভাষায় শিক্ষিত না হতাম তাহলে এই নব্যযুগের সূচনা সম্ভবপর হত না। আমার পন্ডিত অধ্যাপক নির্মল বসু মহাশয় গত দিন এখানে একটি ঐতিহাসিক ঘটনা উল্লেখ করেছেন। তিনি বলেছেন দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের সঙ্গে বাংলার ব্যাঘ্র স্যার আশুতোষের সংঘর্ষ হয়েছিল। আমার পন্ডিত বন্ধু নিশ্চয়ই জানেন সেদিনের সমস্যা মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদান হবে কিনা এটা ছিল না। সেদিন ছিল বাংলা ভাষার প্রতি সম্মান প্রদর্শন করব কি করব না। তাই সমস্যা ছিল না। সেদিন সবরমতী ঋষি আহ্বান করেছিলেন ইংরাজের অসহযোগিতা করতে এবং সেই অসহযোগিতার জন্য ইংরেজ প্রতিষ্ঠিত বিদ্যালয়ে এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের চিত্তরঞ্জন বেরিয়ে আসতে বলেছিলেন। বলেছিলেন ঐ বিশ্ব বিদ্যালয় হচ্ছে গোলামখানা, ওখানে গোলাম তৈরি হয়। আর সেদিন ব্যাঘ্র আশুতোষ বলেছিলেন না, কলকাতা বিশ্ববিদ্যালয় গোলামখানা নয়, মানুষ তৈরি কারখানা এবং মানুষ তৈরির কারখানা তার প্রমাণ হচ্ছে এই বিশ্ববিদ্যালয় থেকেই চিত্তরঞ্জন যিনি একে গোলামখানা বলছেন তিনিই চিত্তরঞ্জন তৈরি হয়েছিলেন। অতএব এখানে প্রশ্ন ছিল আলাদা। আর বাংলা ভাষার প্রতি সম্মান সমাদরের কথা প্রসঙ্গে স্যার আশুতোষের কথা বলছেন। তিনিই বাংলা ভাষাকে প্রতিষ্ঠিত করেছিলেন, স্নাতকোত্তর পর্যায়ে উন্নীত করেছিলেন। তিনি বাংলা ভাষাকে কারও চেয়ে কম ভালবাসতেন এমন বক্তব্য কোনও সুধীর কাছ থেকে আমি শোনার জন্য প্রস্তুত নই। সঙ্গে সঙ্গে আমি আপনাদের কাছে আর একটা কথা বলব যে বিচার কোথায়? আমি প্রশ্ন করেছিলাম, আব্দুল বারির কথা নয়, পার্থবাবুর কথা নয়, কোনও মন্ত্রীর কথা নয়, যারা নাকি বাংলা ভাষাকে ভালবাসে তারা .কিন্তু তাদের পুত্র কন্যাকে লরেটোতে ডন বসকোতে, লা-মার্টিনে পাঠায়, ইংরাজি মাধ্যমে শিক্ষা করলে দৃষ্টি আরও প্রসারিত হয় এই মনে করে। আমি এই কথা বলেছিলাম কোনও মন্ত্রীর সম্বন্ধে কটাক্ষ করে নয়। কিন্তু স্যার আশুতোষ দৃষ্টান্ত রেখেছিলেন—তিনি কেবমমাত্র তার প্রিয় পুত্রকে ইংরাজি ভাষায় এম এ পড়াবার চেষ্টা করেন নি। তার প্রিয় পুত্র শ্যামা প্রসাদ যিনি ইংরাজিতে অনার্স নিয়ে এম এ-তে ফার্স্ট ক্লাস ফার্স্ট হয়েছিলেন ঐ পরাধীন জগতে ইংরাজি যেখানে অভিজাতপূর্ণ ছিল, সেই পুত্রকে বাংলার ভাষাতেও এম এ পড়তে দিয়েছিলেন। স্যার, আশুতোষ আপনাদের স্মরণীয়, আমাদেরও স্মরণীয়।

আপনারা দৃষ্টান্ত স্থাপন করতে পারেন কেবল মাত্র এই রকম বক্তব্য রেখে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখনও বলছি এবং আগেও বলেছিলাম যে এই দুটি শিক্ষা নীতি চলবে, ইংরাজি মিডিয়াম স্কুল চলবে, কে জি নারসারি চলবে এবং সেখানে কিছু ছেলে ইংরাজির মাধ্যমে শিক্ষা গ্রহণ করবে ভালবাবে ইংরাজি শিখবে, আর কিছু মানুষ শিক্ষা গ্রহণ করবে বাংলাভাষার মাধ্যমে? এই যে ব্যবধান এটা ঘটতে পারে? আমরা এর পরিবর্তন করতে চেয়েছিলাম। আমি বলেছিলাম সব করে দিন। আমরা এ কথা বলি নি যে বাংলা ভাষার মাধ্যমে শিক্ষা গ্রহণ হবে না। আমরা যা বলেছিলাম সেটাকে বিকৃত করে দেখাবার চেষ্টা করেছেন। রাজনীতির অনুপ্রবেশ হচ্ছে। আপনারা অনেক কার্যকর সমিতি গ্রহণ করেছেন। এবং সেখানে আপনাদের লোকদের অ্যাডমিনিস্ট্রেটর বসিয়েছেন। বিশ্ববিদ্যালয় গ্রহণ করেছেন এবং সেখানে আপনাদের লোককে উপাচার্য করে বসিয়েছেন। বিবাদ লেগেছে আচার্যের সঙ্গে। আচার্য হচ্ছে আপনাদের মুখপত্র যখন রাজ্যপালের ভাষণ দেন আবার কখনও কখনও আপনাদের মুখপত্র নাও হতে পারেন। তার দৃষ্টান্ত আপনারা রেখেছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে। আমি ব্যক্তিগতভাবে দুঃখিত। আমি মাননীয় রাজ্যপালকে কিঞ্চিত জানি, মাঝে মধ্যে দফায় দফায় তার কাছে গিয়েছি, কিছু কিছু বক্তব্যও রেখেছি এবং প্রতিবারই আমার মনে হয়েছে মাননীয় রাজ্যপাল ভীষণ অস্বস্তি বোধ করছেন, ভীষণ অসুস্থ্য কিছু ধ্যানস্তিমিত নেত্র মহাজন—কোন দিকে তার উৎসাহ নেই, বৈরাগ্যতা, ধ্যাননিমিলিত নেত্র। কেমন করে আকস্মাৎ প্রস্ফুটিত হলেন, ত্রিনয়ন কি করে বহ্নিমান হলেন একটা অধ্যাপিকাকে নিয়োগ করাকে কেন্দ্র করে। এক অধ্যাপিকার নিয়োগকে কেন্দ্র করে রাজ্যপাল মহাশয় কেন এত চঞ্চল হয়ে উঠলেন সেটা আমার কাছে বিস্ময়ের বিষয় কিন্তু আরও বিস্ময়ের বিষয় যখন এই রাজ্যপালের সঙ্গে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সংঘর্ষ হল, সেই উপাচার্য আপনাদের সরকার কর্তৃক মনোনীত ঐ যাদবপুর বিশ্ববিদ্যালয়ও এই সরকার কর্তৃক অধিগৃহিত। উপাচার্য আপনাদেরই মানুষ। কিন্তু সেই উপাচার্যের বিরুদ্ধে আচার্য এমন করে উদ্যতদন্ড হলেন লড়াই-এর মধ্যে গিয়ে শেষ পর্যন্ত সেই মামলা দাঁড়ালো এবং সেই মামলায় সরকার কর্তৃক মনোনীত প্রতিষ্ঠিত উপাচার্যের বিরুদ্ধে মামলার ব্যারিস্টাররূপে আচার্যের পক্ষ নিলেন অ্যাডভোকেট জেনারেল শ্রী স্নেহাংশুকান্ত আচার্য, আপনাদেরই লোক, আপনাদেরই অ্যাডভোকেট জেনারেল। সুতরাং সংঘর্ষটা আসলে আচার্য উপাচার্যের না আপনাদের নিজেদের মধ্যে সেই প্রশ্নটা কিন্তু আসবে। লড়াই সেখানে চলছে আচার্য গেলেন না সমাবর্তন উৎসবে। এমন কি মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে যে বিবৃতি দিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে আমি জানি না মাননীয় শম্ভুচরণ ঘোষ মহাশয় সেই বিবৃতিটা ভালো করে শুনেছিলাম কিনা, সেই বিবৃতি কিন্তু শ্রী শম্ভুচরণ ঘোষ মহাশয়কে, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে, ফরওয়ার্ড ব্লকের সদস্যকে কিঞ্চিত ধরাশায়ী করে দিয়েছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। অতএব তুলনাটা রাজনীতির আবর্তের মধ্যে চলেছে। বিশ্ববিদ্যালয় যদি রাজনীতির দ্বারা এমনভাবে কলুষিত হয় তাহলে উৎসবের মধ্যে দিয়ে হয়ত সমাবর্তন উৎসব পালিত হয়েছে, আলো জ্বলেছে কিন্তু তার চারপাশে যে অন্ধকার, রাজনীতির পঙ্ক থেকে যেভাবে অন্ধকার আবর্তিত হচ্ছে তার মধ্যে দিয়ে কিন্তু এই শিক্ষা জগতে নৈরাজ্য নেমে আসছে। সেই নৈরাজ্য সম্পর্কে সাবধানবাণী উচ্চারণ করা নিশ্চয় আমাদের কর্তব্য সেই কতর্ব্য আমরা পালন করার চেষ্টা করছি।

স্যার, রহড়ার বিবেকানন্দ সেন্টিনারি কলেজ সম্পর্কে আমাদের বন্ধুরা বলেছেন, আপনারাও বলেছেন কিন্তু আমার বক্তব্য হচ্ছে আমি এটাকে একটা বিচ্ছিন্ন ঘটনারূপে দেখি না। কিছুদিন আগে দেখেছিলাম রামকৃষ্ণ ইনস্টিটিউট অব কালচার অ্যাট গোলপার্ক তাতে যে টাকা সরকার দিয়ে থাকেন সেই টাকা সরকার প্রত্যাখান করতে চাইছেন কারণ মাননীয় অর্থমন্ত্রী উপলব্ধি করেছেন গোলপার্কের এই ইনসটিটিউট বড় লোকদের টাকায় চলে অতএব সেখানে গরিব সরকারের টাকার দরকার নেই, কাজেই সেটা তিনি বন্ধ করে দিলেন। মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ শম্ভুবাবুকেও ধন্যবাদ তাদের এই দিকে বিশেষ ভাবে দৃষ্টি ছিল তাই সেখানে টাকা বন্ধ হয়নি। কিন্তু রহড়ায় হচ্ছে। এর আগে ১৯৬৯ সালে আপনাদের জমানায় আমরা দেখেছি নরেন্দ্রপুর আক্রমণ হয়েছিল, বেলুড় মঠে আক্রমণ হয়েছিল, আপনারা এদের সহ্য করতে পারছেন না। কিন্তু আপনারা তো চান শিক্ষার মধ্যে দিয়ে একটা শোষণহীন মুক্ত সমাজ তৈরি করতে, এরাও তো তাই চান—রামকৃষ্ণ মিশনও তো চান মুক্ত মনের মানুষ তৈরি করতে, তাহলে আপত্তি কোথায়? গেরুয়া ধরলে সন্ন্যাসী অধ্যক্ষ হতে পারবেন না এ কেমন কথা? গেরুয়ার প্রতি আপনাদের বিরাগ থাকতে পারে কিন্তু ভুলে যাবেন না দেশটা ভারতবর্ষ—ভারতবর্ষ গেরুয়া থাকবে, গেরুয়া ছিল, গেরুয়া আছে। আপনারা আসবেন, যাবেন কিন্তু গেরুয়ার কোনও ক্ষতি হবে না। এই গেরুয়াধারী সন্ন্যাসীরা ভারতবর্ষে থাকবে এবং ছিল। আপনারাও বহু বিদ্যালয়, মহাবিদ্যালয় পরিচালনা করেন, কিন্তু আমার বক্তব্য হচ্ছে রামকৃষ্ণ মিশন যে ব্যবস্থা চালু রেখেছে তাদের বিদ্যালয়ে এবং মহাবিদ্যালয়ে এবং সেখানে যে সমস্ত ছেলেরা লেখাপড়া শেখে তারা নিঃসন্দেহে স্বতন্ত্র হয়ে যায়। তারা মানুষ তৈরি করতে চান। কিন্তু আপনারা মুক্ত মনকে ভয় পান, আপনারা চান রেজিমেন্টেড মাইন্ড। তাই ওখানে যারা মুক্ত মন তৈরি করেন তাদের আপনারা সহ্য করতে পারনে না। কিন্তু আপনারা সহ্য করতে না পারলেও রামকৃষ্ণ মিশন কিন্তু থাকবে। সন্ন্যাসীরা ছিলেন এবং থাকবেন, ঠাকুর রামকৃষ্ণ ছিলেন এবং থাকবেন, স্বামী বিবেকানন্দ ছিলেন এবং থাকবেন—কিন্তু আপনারা বুদ্‌বুদের মতো মিলিয়ে যাবেন। এবারে আমি আমার শেষ কথা বলব এবং মাননীয় সদস্য নির্মলবাবু যখন এখানে রয়েছেন তখন আশাকরি তিনি আমার কথাগুলি শুনবেন। মাননীয় শিক্ষামন্ত্রী কয়েকটি কলেজকে স্থায়ীভাবে সরকারি কলেজ করবার প্রস্তাব করেছেন এবং তার মধ্যে রয়েছে ইন্ডিয়ান কলেজ অব আর্টস অ্যান্ড ড্রাফটসম্যানশিপ। এখানে সত্যি সত্যি কেমনভাবে কাজকর্ম চলছে তার মেলা বিবরণ আমি দেব না কারণ মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় সময় সম্বন্ধে আমাকে সতর্ক করেছেন। আমি শুধু এখানকার একটা বিবরণ দেব এবং এই প্রসঙ্গে বলা দরকার মাননীয় নির্মলবাবু সেখানকার বর্তমান অ্যাডমিনিস্ট্রেটর, সমস্ত বামপন্থী বন্ধুদের দ্বারা এটা পরিচালিত এবং এটা একটা সরকারি অধিগৃহীত প্রতিষ্ঠান। এখানে আজকে যিনি প্রিন্সিপ্যালের কাজ করছেন তার নাম হচ্ছে শ্রী বিজন চৌধুরি তিনি এখানে ৪৯২ টাকা ৫০ পয়সা বেতন পান এবং লিখে দিয়েছেন অন্য কোথাও তিনি চাকুরি করেন না। স্বাভাবিক চাকুরির শর্ত এই হাওয়া উচিত। কিন্তু এই ভদ্রলোক এখানে ফুল টাইম প্রিন্সিপল হওয়া সত্ত্বেও সঙ্গে সঙ্গে আর্ট ডাইরেক্টর অব বেঙ্গল সোস্যাল সার্ভিস লিগ, অ্যাট, সিক্সটিন, রাজা দীনেন্দ্র স্ট্রিট সেখান থেকে বেতন পান ১২০০ টাকা। এই প্রতিষ্ঠান চলার ৮০ পারসেন্ট খরচ দেয় কেন্দ্রীয় সরকার এবং ১৫ পারসেন্ট খরচ দেয় পশ্চিমবঙ্গ সরকার। একজন ফুল টাইম প্রিন্সিপল অন্য একটি জায়গা থেকে ১২০০ টাকা বেতন নেন এবং সেই

প্রতিষ্ঠানের অ্যাডমিনিস্ট্রেটর হচ্ছেন আমাদের মাননীয় সদস্য নির্মল বসু মহাশয়। যাহোক, মাননীয় শিক্ষামন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে তিনি অনেক বক্তব্য রেখেছেন, অনেক বিষয় সরকারকে অভিনন্দন জানিয়েছেন, প্রশ্ন করেছেন। কিন্তু নানা কারণে আমার পক্ষে এই বাজেট সমর্থন করা সম্ভবপর নয় বল বোধ করছি এবং সেইজন্য পরিপূর্ণ সমর্থন নয়; আংশিক বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বসু :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষার জন্য যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। প্রথমেই আমি ধন্যবাদ দেব আমার পূর্ববর্তী বক্তা বিরোধীদলের সদস্য শ্রী হরিপদ ভারতী মহাশয়কে। তিনি এখানে শিক্ষা বাজেটের সমালোচনা করেছেন। তিনি বিরোধীদলের সদস্য কাজেই সমালোচনা তিনি নিশ্চয়ই করতে পারেন। তিনি আবার আমাকেও একটু আক্রমণ করেছেন। আক্রমণ করেছেন, করুন আমি তার জবাব দেব। তিনি আমার অনেক দিনের বন্ধু তাই তার আক্রমণে আমি চিন্তিত নয়, জবাব দেব। তবে আমি তাকে ধন্যবাদ দেব কারণ অন্তত তিনি স্বীকার করেছেন যে এই বামফ্রন্ট সরকার শিক্ষা ক্ষেত্রে কিছু ভাল কাজ করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল কলকাতায় একটা সভা হয়েছে। সেই সভায় আমাদের লোকসভা সদস্য এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী অশোক সেন মহাশয় বক্তৃতা করেছেন এবং সেই সভায় বেশ কিছু বুদ্ধিজীবীও. ছিলেন। তারপরে তিনি একটা সাংবাদিক সম্মেলন করেছিলেন, সেই সম্মেলনে তিনি যে বক্তব্য রেখেছিলেন তা আজকে সমস্ত কাগজে বেরিয়েছে। সেই বক্তব্যটা আমি ইচ্ছে করে আনন্দবাজার থেকে পড়ছি, কারণ অশোকবাবুর বক্তৃতার পর আনন্দবাজারের সঙ্গে যুক্ত সন্তোষকুমার ঘোষের বক্তব্যও আছে। সুতরাং আমি ধরে নেব যে, আনন্দবাজারের রিপোর্টে অন্তত ভুল নাই। তাতে অশোকবাবু কি বলছেন না

**শ্রী সামসুদ্দিন আহমেদ :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় অশোক সেন মহাশয় এই সভার সদস্য নন, তার বক্তব্য কাগজে যা বেরিয়েছে তা এখানে বলার কোনও অধিকার মাননীয় সদস্য শ্রী নির্মলকুমার বোসের নেই।

**Mr. Deputy Speaker :** It is no point of order. Please take your Seat.

**শ্রী নির্মলকুমার বোস :** স্যার, আমি আনন্দবাজার পত্রিকার বিরুদ্ধে কোনও বক্তব্য রাখছি না। এটা শুধু আনন্দবাজার পত্রিকায় কেন, আনন্দবাজার, যুগান্তর, অমৃতবাজার, সত্যযুগ বসুমতি, স্টেটসম্যান সব কাগজেই আছে এবং আরও সব কাগজেও নিশ্চয়ই আছে। আনন্দবাজার পত্রিকার প্রথম পাতাতেই আছে, বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতির বিরুদ্ধে বলতে গিয়ে তিনি বলেন। ৩০ মার্চ রাজ্য কংগ্রেস (ই) বিধানসভা অভিযানের যে কর্মসূচি নিয়েছে সেটিকেও বামফ্রন্টের শিক্ষানীতি বিরোধী আন্দোলনের পথে একটি পদক্ষেপ বলা যেতে পারে। আন্দোলনের লক্ষ্য বামফ্রন্ট ক্ষমতায় আসার আগের অবস্থা ফিরিয়ে আনা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছু দিন ধরে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে আন্দোলনের যে প্রচার চলছে, সেটা এখানে পরিষ্কার হল। ওরা কি চাইছেন না, আমরা ক্ষমতায় আসার

স্যার, রহড়ার বিবেকানন্দ সেন্টিনারি কলেজ সম্পর্কে আমাদের বন্ধুরা বলেছেন, আপনারও বলেছেন কিন্তু আমার বক্তব্য হচ্ছে আমি এটাকে একটা বিচ্ছিন্ন ঘটনারূপে দেখি না। কিছুদিন আগে দেখেছিলাম রামকৃষ্ণ ইনস্টিটিউট অব কালচার অ্যাট গোলপার্ক তাতে যে টাকা সরকার দিয়ে থাকেন সেই টাকা সরকার প্রত্যাখান করতে চাইছেন কারণ মাননীয় অর্থমন্ত্রী উপলব্ধি করেছেন গোলপার্কের এই ইনসটিটিউট বড় লোকদের টাকায় চলে অতএব সেখানে গরিব সরকারের টাকার দরকার নেই, কাজেই সেটা তিনি বন্ধ করে দিলেন। মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ শম্ভুবাবুকেও ধন্যবাদ তাদের এই দিকে বিশেষ ভাবে দৃষ্টি ছিল তাই সেখানে টাকা বন্ধ হয়নি। কিন্তু রহড়ায় হচ্ছে। এর আগে ১৯৬৯ সালে আপনাদের জমানায় আমরা দেখেছি নরেন্দ্রপুর আক্রমণ হয়েছিল, বেলুড় মঠে আক্রমণ হয়েছিল, আপনারা এদের সহ্য করতে পারছেন না। কিন্তু আপনারা তো চান শিক্ষার মধ্যে দিয়ে একটা শোষণহীন মুক্ত সমাজ তৈরি করতে, এরাও তো তাই চান—রামকৃষ্ণ মিশনও তো চান মুক্ত মনের মানুষ তৈরি করতে, তাহলে আপত্তি কোথায়? গেরুয়া ধরলে সন্ন্যাসী অধ্যক্ষ হতে পারবেন না এ কেমন কথা? গেরুয়ার প্রতি আপনাদের বিরাগ থাকতে পারে কিন্তু ভুলে যাবেন না দেশটা ভারতবর্ষ—ভারতবর্ষ গেরুয়া থাকবে, গেরুয়া ছিল, গেরুয়া আছে। আপনারা আসবেন, যাবেন কিন্তু গেরুয়ার কোনও ক্ষতি হবে না। এই গেরুয়াধারী সন্ন্যাসীরা ভারতবর্ষে থাকবে এবং ছিল। আপনারাও বহু বিদ্যালয়, মহাবিদ্যালয় পরিচালনা করেন, কিন্তু আমার বক্তব্য হচ্ছে রামকৃষ্ণ মিশন যে ব্যবস্থা চালু রেখেছে তাদের বিদ্যালয়ে এবং মহাবিদ্যালয়ে এবং সেখানে যে সমস্ত ছেলেরা লেখাপড়া শেখে তারা নিঃসন্দেহে স্বতন্ত্র হয়ে যায়। তারা মানুষ তৈরি করতে চান। কিন্তু আপনারা মুক্ত মনকে ভয় পান, আপনারা চান রেজিমেন্টেড মাইন্ড। তাই ওখানে যারা মুক্ত মন তৈরি করেন তাদের আপনারা সহ্য করতে পারনে না। কিন্তু আপনারা সহ্য করতে না পারলেও রামকৃষ্ণ মিশন কিন্তু থাকবে। সন্ন্যাসীরা ছিলেন এবং থাকবেন, ঠাকুর রামকৃষ্ণ ছিলেন এবং থাকবেন, স্বামী বিবেকানন্দ ছিলেন এবং থাকবেন—কিন্তু আপনারা বুদ্‌বুদের মতো মিলিয়ে যাবেন। এবারে আমি আমার শেষ কথা বলব এবং মাননীয় সদস্য নির্মলবাবু যখন এখানে রয়েছেন তখন আশাকরি তিনি আমার কথাগুলি শুনবেন। মাননীয় শিক্ষামন্ত্রী কয়েকটি কলেজকে স্থায়ীভাবে সরকারি কলেজ করবার প্রস্তাব করেছেন এবং তার মধ্যে রয়েছে ইন্ডিয়ান কলেজ অব আর্টস অ্যান্ড ড্রাফটসম্যানশিপ। এখানে সত্যি সত্যি কেমনভাবে কাজকর্ম চলছে তার মেলা বিবরণ আমি দেব না কারণ মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় সময় সম্বন্ধে আমাকে সতর্ক করেছেন। আমি শুধু এখানকার একটা বিবরণ দেব এবং এই প্রসঙ্গে বলা দরকার মাননীয় নির্মলবাবু সেখানকার বর্তমান অ্যাডমিনিস্ট্রেটর, সমস্ত বামপন্থী বন্ধুদের দ্বারা এটা পরিচালিত এবং এটা একটা সরকারি অধিগৃহীত প্রতিষ্ঠান। এখানে আজকে যিনি প্রিন্সিপ্যালের কাজ করছেন তার নাম হচ্ছে শ্রী বিজন চৌধুরি তিনি এখানে ৪৯২ টাকা ৫০ পয়সা বেতন পান এবং লিখে দিয়েছেন অন্য কোথাও তিনি চাকুরি করেন না। স্বাভাবিক চাকুরির শর্ত এই হাওয়া উচিত। কিন্তু এই ভদ্রলোক এখানে ফুল টাইম প্রিন্সিপল হওয়া সত্ত্বেও সঙ্গে সঙ্গে আর্ট ডাইরেক্টর অব বেঙ্গল সোস্যাল সার্ভিস লিগ, অ্যাট, সিক্সটিন, রাজা দীনেন্দ্র স্ট্রিট সেখান থেকে বেতন পান ১২০০ টাকা। এই প্রতিষ্ঠান চলার ৮০ পারসেন্ট খরচ দেয় কেন্দ্রীয় সরকার এবং ১৫ পারসেন্ট খরচ দেয় পশ্চিমবঙ্গ সরকার। একজন ফুল টাইম প্রিন্সিপল অন্য একটি জায়গা থেকে ১২০০ টাকা বেতন নেন এবং সেই

কেউ প্রতিবাদ করেন নি। সুতরাং আজকে কেন আপনারা নিন্দায় মুখর হয়ে উঠেছেন।

অসীমা চ্যাটার্জি এবং ইলা ভট্টাচার্য মারা গেল নিন্দা করতেন আর আটক রাখা হয়েছে বলে সেটা নিন্দাজনক নয়? অসীমা চ্যাটার্জির ক্ষেত্রে যে ঘটনা ঘটেছে সেটা যে নিন্দনীয় এটা কেন আপনারা বলেন নি? তখন এই সমস্ত বুদ্ধিজীবীরা কোথায় ছিলেন যখন এই সমস্ত ঘটনা ঘটেছিল। তখন যদি আমরা বলি আলিগড়ের কথা প্রতিবাদ করেন নি। ইন্দিরা গান্ধী পশ্চিমবঙ্গকে নিয়ে চিন্তা করছেন, কিন্তু আলিগড়ের বেলায় তার মুখ বন্ধ। যখন উড়িষ্যার বেহরামপুর বিশ্ববিদ্যালয়ের রামচন্দ্র রথের স্ত্রীকে চাকুরিতে প্রমোশন না দেওয়ার ব্যাপারটি কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের চাকুরি চলে যায় তখন সেইসব বুদ্ধিজীবীরা কথা বললেন না ওরা অন্যায় করছে বলে আমরা অন্যায় করব কথাটা তা নয়, কথাটা হচ্ছে, দৃষ্টিভঙ্গির কথা। এইসব ভদ্রলোকেরা আজকে চিৎকার করছে কেন? কারণ, ওরা বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে বক্তব্য রাখবেন বলে এই কথাগুলি বলছেন। এখন এটা পুরোপুরি রাজনীতিতে রূপান্তরিত হয়ে গেছে, এটা শিক্ষার ব্যাপার নয়। আজকে দিল্লিতে মাস্টার প্ল্যান তৈরি হয়েছে, সেই মাস্টার প্ল্যান অনুযায়ী সমস্ত ব্যাপারটি চলছে। সুব্রত মুখার্জি মহাশয় কংগ্রেসের নেতা। তিনি কয়েকদিন আগে বিবৃতি দিয়েছেন যে, বামফ্রন্ট সরকারের ভাষানীতি খুব ভাল বলে তিনি সমর্থন করেন কেন না তার দলের মধ্যে ঝগড়া আছে, অজিত পাঁজার বিরুদ্ধে বলতে হবে। তারপর ইন্দিরা গান্ধী ডেকে পাঠালেন। তারপর সুব্রতবাবু বিবৃতি দিলেন, বামফ্রন্ট সরকারের শিক্ষানীতির বিরুদ্ধে তারা আন্দোলন করবেন। সোহরাব সাহেব অত্যন্ত সজ্জন ব্যক্তি, তিনি ভাল বক্তব্য রাঁখেন এবং তিনি একজন শিক্ষক। কিন্তু আজকে তিনি কি বক্তৃতা করলেন? তিনি শুরু করলেন ভাঁওতাবাজি, ধাপ্পাবাজি দিয়ে। তিনি একজন প্রধান শিক্ষক। তিনি কি ছাত্রদের কাছে ১৫ বার ধাপ্পাবাজি, ভাঁওতাবাজি এই সমস্ত কথা বলেন। কেন তিনি এইসব কথা বলছেন? তিনি এখন শিক্ষক সোহরাব সাহেব নন, ইন্দিরা গান্ধীর রাজনীতি করছেন সেইজন্য তিনি এই জায়গায় এসে দাঁড়িয়েছেন। সুতরাং সেইদিক থেকে এটাকে গ্রহণ করতে হবে। আজকে গুজরাটে কি হচ্ছে? অন্যান্য জায়গায় কি হচ্ছে? সেইদিকে বলবার প্রয়োজন নেই? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সহজ পাঠ দিয়ে আক্রমণ শুরু হল কিন্তু অল্প কয়েকদিনের মধ্যেই দেখা গেল, সুবিধা হচ্ছে না অতএব উচ্চ শিক্ষার ক্ষেত্রে আক্রমণ হানতে হবে। আজকে কাগজে দেখছি, এইসব মহাশয়রা কলেজে কলেজে যে নিয়োগ হয়েছে কলেজ সার্ভিস কমিশন কি করেছেন তারও একটি হিসাব-নিকাস দিতে হবে এইকথা বলছেন। এবং শুধু এখানে নয় সারা ভারতবর্ষের কাগজে ইংরাজি তুলে দেবার ব্যাপার নিয়ে চিৎকার করছেন। তারপর হরিপদ জানা মহাশয় বললেন যে ডিগ্রি স্তরে ইংরাজি তুলে দেওয়া নাকি খুব অন্যায় হচ্ছে। এখানে বক্তব্য খুব পরিষ্কার যে প্রথম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বাংলা বা মাতৃভাষায় পড়বে তারপরে ইংরাজি সে ইচ্ছা করলে ১২ ক্লাস পর্যন্ত পড়তে পারেন। ডিগ্রি স্তরে স্পেশালাইজেশনের ক্ষেত্রে যে ভাষায় ইচ্ছা সে শিখবে। বিজ্ঞান বা বাণিজ্য কেউ শিখবে তারজন্য ইংরাজি বা বাংলার দরকার নেই। এ সম্পর্কে কোঠারি কমিশন পরিষ্কার ভাবে বলছেন We are definitely of the view that at the university stage no language should be made a compulsory subject for study but the classical and modern languages of India and important foreign language should be provided as elective subjects.

এই জিনিস করা হয়েছে সেখানে ডিগ্রি স্তরে কেউ যদি সমাজ বিজ্ঞান নিতে চায় সে নেবে। রাষ্ট্রবিজ্ঞান নেবে কিন্তু তারজন্য বাংলা ইংরাজি দরকার নেই। কিন্তু কেউ যদি ভাষা শিখতে চায় সেখানে ইংরাজি, বাংলা, সংস্কৃত নেবেন। তাই ইলেকটিভ সাবজেক্ট হিসাবে সব ভাষা থাকবে। কিন্তু ভাষা বাধ্যতামূলক হবে না। কোঠারি কমিশন কংগ্রেস আমলে নিযুক্ত কমিশন। সেই কমিশনে সমস্ত পন্ডিত ব্যক্তিরা ছিলেন। রবীন্দ্রনাথ যে দৃষ্টিভঙ্গি ভাষা নীতি সম্পর্কে গ্রহণ করেছিলেন, কোঠারি কমিশন ভাষানীতি সম্পর্কে যে দৃষ্টিভঙ্গি নিয়েছেন সেই দৃষ্টিভঙ্গি আমরা গ্রহণ করতে চলেছি। কিন্তু সেই স্তরে আক্রমন হল না, আক্রমণ হচ্ছে বামফ্রন্ট সরকার ইংরাজি তুলে দিচ্ছে বলে। অন্তর্বর্তীকালীন কিছু সমস্যা নিশ্চয় হবে। ইংরাজি মাধ্যমে বিদ্যালয় থেকে গেছে যার উপর আমাদের নিয়ন্ত্রণ নেই। কারণ সংবিধানের সংখ্যালঘুদের স্বীকৃতি দেবার কথা আছে। কিন্তু এই অন্তর্বর্তীকালীন যে সমস্যা সেটা আমাদের দূর করতে হবে। ইংরাজি মাধ্যম বিদ্যালয় কিছু থাকবে এবং কিছু ছেলেমেয়ে নিশ্চয় পড়বেন কিন্তু সাধারণের জন্য তাই বলে আমরা কি কিছু করব না? এই জিনিস হয় না। এখানে অধিগ্রহণের কথা বলা হয়েছে। স্বতন্ত্রের কথা উঠেছে। এটা ঠিক যে বামফ্রন্ট সরকার আসবার পর কিছু বিদ্যালয়, বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করা হয়েছে। আমি বিদ্যালয় ব্যাপারে বলব না পার্থ বাবু এর জবাব দেবেন। বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে উচ্চ শিক্ষামন্ত্রী বলেছেন কেন এগুলি অধিগ্রহণ করা হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের কথা ধরুন নির্বাচনের সময় পার হয়ে গেল কিন্তু কোনও নির্বাচন হল না। পূর্বতন কংগ্রেস সরকার ঠিক করেছিলেন যে সিনেটে ছাত্র প্রতিনিধি দেবেন। কিন্তু অর্ধেক করে তারা রেখে দিলেন। তিন বছর নির্বাচনের সময় পার হয়ে গেল অথচ তারা কিছু করলেন না। কিন্তু এখনও যেটা করা সেটা তাদের নিয়ে করা হয়েছে তা দেখুন। সমস্ত রকম মানুষকে নিয়ে করা হয়েছে এবং সমস্ত রকম লোক সেখানে আছে। যাদবপুর নিয়ে যে এত তর্ক বিতর্ক হল সেই যাদবপুরের আচার্য সম্বন্ধে আমি কিছু বলব। যাদবপুর কাউন্সিলের যে স্বাধিকার রক্ষা কমিটি আছে তারা প্রথম থেকেই সরকারের বিরুদ্ধে বিষদগার করে আসছেন। অথচ তাদের সভাপতি মনোনীত সদস্য হিসাবে সেখানে আছেন। আপনারা বলুনতো কংগ্রেস আমলে আমাদের কোথাও কোনও জায়গায় মনোনয়ন আপনারা দিয়েছিলেন। এই ব্যাপারে আমি একটা ইংরাজি সাপ্তাহিক লিঙ্ক কাগজ থেকে পড়তে চাই। তারা আমাদের অধিগ্রহণের বিরুদ্ধে সমালোচনা করেছেন কিন্তু কিছুতে যে ভাল কাজ হয়েছে সেই সম্বন্ধেও তারা বলেছেন। নির্বাচন না করার জন্য তারা সমালোচনা করেছেন, কিন্তু তা সত্ত্বেও বলেছেন This has of course improved university administration ensuring timely examinations announcement of results, stoppage of mass copying during examinations etc. আমি হরিপদ বাবুর সঙ্গে একমত যে সমস্ত সমস্যার নিষ্পত্তি এখনও হয়নি। এই সামাজিক ব্যবস্থার যে অনাচার ও দুর্নীতি চলে আসছে তাতে সমস্ত কিছুর সমাধান করা যাবে না। ১৯৬৪ সাল থেকে আমি শিক্ষকদের দ্বারা নির্বাচিত সদস্য রূপে আছি। সুতরাং রাতারাতি সমস্ত কিছু হয়ে যাবে না, করতে সময় লাগবে। এই কাজ সকলে মিলে আমরা করবার চেষ্টা করি যাতে ভবিষৎ বংশধরদের জন্য আমরা কিছু করতে পারি।

নির্বাচনের ব্যবস্থা হচ্ছে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন পাশ হয়েছে ভোটার লিস্ট

তৈরি হয়েছে, স্ট্যাটুট তৈরি হয়ে গেছে। এই ভোটার লিস্ট যখন তৈরি হচ্ছে তখন কি বলা হচ্ছে শুনুন। স্টেটসম্যান পত্রিকায় প্রথম পাতায় আছে নীহারবাবু গতকাল বলেছেন He doubted the possible fairness of the coming elections at the University. অর্থাৎ এতদিন চিৎকার হল কেন নির্বাচন হচ্ছে না, যখন ভোটার লিস্ট তৈরি হয়ে গেল তখন বলতে আরম্ভ করলেন নির্বাচন নিরপেক্ষ হবে না। নির্বাচনে দাঁড়াবার ক্ষমতা ওদের নেই। কারণ এখানে শিক্ষক ছাত্রদের দ্বারা নির্বাচন যেখানে হবে সেখানে ওরা কোথা থেকে আসবেন? অর্থাৎ কায়েমি স্বার্থ থাকবে না বলে ওরা চিৎকার করছেন। স্বতন্ত্রের কথা এখানে উঠেছে যে অধিগ্রহণের ফলে বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র নষ্ট করা হল। একথা ঠিক যে সরকার বিভিন্ন সময় বিশ্ববিদ্যালয়ের উপর কিছু নিয়ন্ত্রণ করেন। স্বাধীনতা আন্দোলনের দিনে স্বাতন্ত্রের যে ধারণা ছিল এখন তার পরিবর্তন হয়েছে। অবস্থা তখন অন্য রকম ছিল বা আজকে নেই। আজকের দিনে সরকারি অর্থে বিশ্ববিদ্যালয় কলেজ চলছে। সুতরাং এই অর্থের যদি কোথাও অপচয় হয় তাহলে সরকারকে নিশ্চয় হস্তক্ষেপ করতে হবে এবং তাহলে স্বতন্ত্র নষ্ট হয় না। সিলেবাস পরীক্ষা গ্রহণের ব্যাপারে ফল প্রকাশের ব্যাপারে কোনও হস্তক্ষেপ হচ্ছে কিনা সেটা দেখতে হবে। এই চার বছরে বিরোধী পক্ষ একটি কথাও বলতে পারবেন না যে পরীক্ষা গ্রহণ, ফল প্রকাশ এবং সিলেবাস তৈরির ব্যাপারে কোনও বিশ্ববিদ্যালয়ের উপর সরকার হস্তক্ষেপ করেছেন। কোঠারি কমিশন কি বলেছেন অটোনমিক কনসেপ্ট এর ব্যাপারে the proper sphere of University autonomy lies principally in three fields the selection of students, the appointment and promotion of teachers, the determination of course of study Method of treaching and the election of arrears problems of se search স্বতন্ত্র এই জায়গায়, অন্য ক্ষেত্রে নয়। তাই এই জায়গায় সরকার হস্তক্ষেপ করেন নি। এবং বিরোধী পক্ষ থেকে এই বিষয়ে কেউ একটা দৃষ্টান্ত দিতে পারবেন না। সুতরাং স্বতন্ত্র নষ্ট হয় নি। এখানে বিরোধী দলের কিছু বক্তা সরকারের শিক্ষানীতির বিরুদ্ধে সমালোচনা করলেন। হরিপদবাবু বক্তৃতায় বললেন এবং তিনি অন্তরঙ্গ রূপে আলোচনার কথা এখানে বললেন। এই বিষয়ে প্রথম কথা কেন্দ্রীয় সরকার সম্বন্ধে বলতে হয় এবং পরে অন্য জায়গায় যাব আজকে অবস্থাটা কি? আমি কেন্দ্রীয় সরকারের কথা বলব। ভারতবর্ষের আজ যা অবস্থা তাতে কেন্দ্রীয় সরকারের সাহায্য চাই। আজকে মন্ত্রী মহাশয় যে লিখিত বক্তব্য তার মধ্যে আছে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কালে বিশ্ববিদ্যালয়ের জন্য যেখানে ৫ কোটি ২ লক্ষ টাকা বরাদ্দ ছিল সেখানে ষষ্ঠ পরিকল্পনায় কমিয়ে তিন কোটি আঠান্ন লক্ষ টাকা করা হল। এ সম্বন্ধে বিরোধী পক্ষ থেকে কেউ একটা কথা বললেন না যে কেন এই টাকা তারা কমিয়ে দিয়েছেন। অর্থাৎ এইভাবে শিক্ষার সম্প্রসারণ কিভাবে হবে সেদিকে তাদের দৃষ্টি নেই। এখন শিক্ষা যুগ্মতালিকাভুক্ত হওয়ায় কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আরও বেড়েছে, ৪২তম সংবিধান সংশোধন হবার পর শিক্ষার দায়িত্ব তাদের বেড়েছে। অথচ আর্থিক ব্যাপারে তারা তাদের দায়িত্ব কমিয়ে দিচ্ছেন। হরিপদ জানা মহাশয় রহড়ার কথা বলেছেন। রামকৃষ্ণ মিশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা ভাল হয় এবং তাদের প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা আছে। কিন্তু এখানকার ব্যাপারটা কি? ১৯৬৩ সালে যখন এই কলেজ তৈরি করা হয় তখন সরকারি স্পনসর্ড কলেজ রূপে সরকারের টাকা তারা নিয়েছিলেন।

রামকৃষ্ণ মিশন ১০ বিঘা জমি দিয়েছিলেন। এই রকম অনেক কলেজ আছে, যেমন জলপাইগুড়ি কলেজ, পরে এটি প্রাইভেট সাহায্যে হয়েছিল, রাউৎরা জমি, টাকা দিয়েছিলেন। এখন সেটি স্পনসর্ড কলেজে রূপান্তরিত হয়েছে। রামকৃষ্ণ মিশন টাকা এবং জমি দিয়েছিলেন বলেই যে সেটি প্রাইভেট বা স্পনসর্ড কলেজ হয়ে যাবে, এমনটি তো কখনই হতে পারে না। হরিপদবাবু, দিলীপবাবু একটা বইয়ের কথা বলেছেন, কিন্তু এই ব্যাপারে আর একটা বই আছে। আমার কাছে দুটো বই-ই আছে, রহড়া সম্পর্কে বই আছে, সেখানে পরিষ্কার করে বলা আছে যে, সরকারি আদেশ বলে ১৯৬৩ সালে এটি স্পনসর্ড কলেজ বলে গণ্য করা হয়েছিল এবং রিফিউজি রিহ্যাবিলিটেশন স্কীমে সরকারি উদ্বাস্তু শ্রেণীর তহবিল থেকে টাকা দেওয়া হয়ে থাকে। তার পরে সেই ভাবে চলে আসছে। এখন প্রশ্ন হচ্ছে যে, কলেজের অধ্যক্ষ কে নিয়োগ করবে? সেই নিয়োগ করবে কলেজ সার্ভিস কমিশন। কিন্তু রামকৃষ্ণ মিশন বলছেন, এটি ট্রাস্ট কলেজ, এখানে তা হতে পারবে না। আশ্চর্য, এই ট্রাস্ট কলেজের পক্ষে পশ্চিমবঙ্গের শিক্ষকেরা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আন্দোলন করছেন, আমরা বিস্মিত। আজকে দেখছি, বিধানসভার একাধিক সদস্য এই ট্রাস্ট কলেজকে সমর্থন জানাচ্ছেন। তাদের হয়ে কথা বলছেন। এটি ঠিক নয়। কিন্তু আজকে যদি এই কলেজকে মেনে নেন, এর চরিত্রকে যদি মেনে নেন, তাহলে দেখতে পাবেন যে এটি আসলে ট্রাস্ট কলেজই নয়। অধ্যক্ষ নিয়োগের ব্যাপারে কলেজ সার্ভিস কমিশন থেকে আসার ব্যাপারটা মেনে নিলে অনেক সহজ হয়ে যায়। এতে রামকৃষ্ণ মিশনের গায়ে হাত দেবার কোনও ব্যাপার তো নেই। এখন কথা উঠেছে। ডাঃ স্বামীনাথন গত পরশুদিন যে বক্তব্য রেখেছেন, বা পাঞ্জাব বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত সমাবর্তন উৎসব উপলক্ষে রাষ্ট্রপতি নীলম সঞ্জীব রেড্ডি যে বক্তব্য রেখেছেন তা নিয়ে। তারা বলেছেন যে, শিক্ষা যাতে কর্মসংস্থানের সাথে এবং সমাজ উন্নয়নের সঙ্গে যুক্ত হতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে—একথা আমি আগেও বলেছি এবং আজও বলতে চাই যে, ছাত্রদের জনসেবার কাজের সঙ্গে যুক্ত করা উচিত। বর্তমানে ন্যাশনাল সার্ভিস স্কীম একটা আছে, কিন্তু এটি যথেষ্ট নয়। ছাত্রদের ডিগ্রি নেবার আগে অন্তত ২/১ মাস হলেও বাধ্যতামূলকভাবে গ্রামে গিয়ে বা শহরে গিয়ে নিরক্ষরতা দূরীকরণের কাজ করতে হবে বা রাস্তা পরিষ্কারের কাজ, স্বাস্থ্য উন্নয়নের কাজ বা এই ধরনের কোনও কাজ করতে হবে। আমাদের শিক্ষার সঙ্গে এই জাতীয় কর্মসূচি যুক্ত করা উচিত। পে কমিশন সম্বন্ধে বলতে গিয়ে প্রথমে অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই। কারণ তিনি শিক্ষক বা অশিক্ষক কর্মচারিদের অনেকগুলি সুযোগ-সুবিধা দিয়েছেন। এই প্রথম তিনি কলেজ শিক্ষকদের বাড়ি ভাড়া এবং চিকিৎসার ব্যবস্থা রেখেছেন। যখন পে-কমিশন সম্বন্ধে আলোচনা করার সুযোগ পাওয়া যাবে তখন আমরা এ নিয়ে বলতে পারব। শিক্ষাকে যুগ্ম তালিকায় না রাখার ব্যাপারে আগেও বলেছি, এবং এখনও বলছি এটি চলতে পারে না, রাজ্য তালিকায় এটিকে ফিরিয়ে আনতে হবে। পূর্বে জমিদারেরা শিক্ষা প্রতিষ্ঠানের জন্য টাকা দিতেন, কিন্তু জমিদারি প্রথা এখন আর নেই। দ্বারভাঙ্গা মহারাজের টাকায় কলকাতা বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছিল। আজকের শিল্পপতিরা আমাদের বিশ্ববিদ্যালয়গুলি থেকে যারা গ্র্যাজুয়েট হচ্ছেন তাদের দ্বারা কলকারখানাগুলি চালাচ্ছেন, তাহলে তারা কেন টাকার ভাগ দেবে না? তাদের উপর কর ধার্য করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি সতর্কবাণী আমি উচ্চারণ করতে চাই, আসামে, গুজরাটে যে হতাশার মধ্যে দিয়ে ছাত্রদের মধ্যে বিক্ষোভ শুরু হয়েছে, সেই হতাশার কারণগুলিকে দূর করে তাদের

মধ্যে উৎসাহের সৃষ্টি করতে হবে। হরিপদবাবু আর্ট কলেজ নিয়ে বলেছেন, এখানে বিজন চৌধুরি মহাশয়ের মাইনে মাত্র ৪৯২ টাকা এই অবস্থা অনেক দিন ধরেই চলে আসছে, এটা কি একটা মাইনে হল? তাই শিক্ষকেরা দিনে যিনি কাজ করেন, তিনি রাত্রে অন্য কোথায়ও কাজ করেন, আবার রাত্রের কলেজে যিনি কাজ করেন, তিনি দিনের বেলাতে অন্য কোথাও কাজ করেন। বিজনবাবু রাত্রের কলেজের অধ্যক্ষ, তিনি দিনে অন্যত্র কাজ করেন, এটা অজানা কোনও ব্যাপার নয়, এর মধ্যে অন্যায় কিছু তো নেই। আমরা এরকম করি না? আমরাও তো করে থাকি। যাদবপুর বিশবিদ্যালয়ের ব্যাপারে রাজ্যপালকে রাজনীতির মধ্যে টেনে আনার চেষ্টা হয়েছে, এটা সবচেয়ে আশ্চর্য এবং দুঃখের ব্যাপার। সেখানে অনীতা ব্যানার্জির নিয়োগ নিয়ে গোলমাল দেখা দিয়েছে। আমি জিজ্ঞাসা করি, এই অনীতা ব্যানার্জি যদি অ্যাডিশনাল সলিসিটার জেনারেল না হতেন, তিনি যদি হরিয়ানার প্রাক্তন রাজ্যপাল ডি এন ব্যানার্জির কন্যা বা এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের আচার্যের পুত্রবধু না হতেন, তাহলে কি এত কান্ড হত? তাহলে কি আচার্য রাজ্যপালের চোখের জল পড়ত, এই সমস্ত ব্যারিস্টোক্রাটদের এত চিন্তা হত? এ কোথায় আমরা আজ যাচ্ছি? আমি বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থার সঙ্গে একজন শিক্ষক প্রতিনিধি হিসাবে যুক্ত আমি দীর্ঘকাল ধরে, আমার এ কথা ভাবতে আশ্চর্য লাগছে যে, আচার্য কিভাবে একজন শিক্ষককে নিয়োগ করে পাঠাতে পারেন? সিলেকশন কমিটি আছে, অ্যাডভার্টাইজমেন্টের একটা পদ্ধতি আছে, তার কিছুই মানা হবে না, আচার্য সব নিয়োগ দেবেন, এ কি কখনও চলতে পারে? অথচ আচার্য আজকে এ কথাই বলছেন। হরিপদবাবু বলেছেন যে, তিনি যতবার আচার্যের সঙ্গে মিলিত হয়েছেন, তত বারই তিনি বলেছেন, ক্লান্ত। তাহলে আজকে কি করে তার ঘুম ভাঙছে? আজকে প্রভুদাস পাটোয়ারির সকলের ঘুম ভাঙাচ্ছেন, আমাদের আচার্যেরও ঘুম ভেঙেছে, তাই তিনি চিন্তিত হয়ে পড়েছেন। কিন্তু এভাবে চলতে পারে না। আমাদের নতুন করে চিন্তা করতে হবে আচার্যের ব্যাপারে। এই কথা বলে, এই দাবির প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার একটা পয়েন্ট অব ইনফরমেনশন আছে। মাননীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করতে অল বেঙ্গল অর্গানাইজার টিচার্স এবং প্রাইমারি টিচার্স অ্যাসোসিয়েশন ওয়েস্ট বেঙ্গল এরা তাদের দাবি-দাওয়া নিয়ে একটা মিছিল এসেছে এবং পুলিশ তাদের গেটে আটক করেছে। প্রায় ১৫ হাজার শিক্ষক এসেছে (নয়েজ)। আমি বুঝতে পারছি না ১৫ হাজার শিক্ষক বলাতে ওদের এত বিরক্তি কেন? ওদের মাননীয় মুখ্যমন্ত্রী একটা প্রতিশ্রুতি দিয়েছিলেন কনসিডার করবেন। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে কোনও মন্ত্রী তাদের কাছে গিয়ে অ্যাড্রেস করুন এবং তাদের আশ্বাস দিন তাহলে খুব ভাল হয়। এই বলে আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি এবং আমার কাছে যে কাগজ আছে সেটা দিচ্ছি।

**শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শিক্ষামন্ত্রী কর্তৃক আনীত বাজেট শুধু যে সমর্থন করছি তাই নয় তাকে অভিনন্দন জানাচ্ছি। আমরা পশ্চিমবঙ্গে অন্তত ১২ ক্লাশ পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রবর্তন করতে সক্ষম হয়েছি বলে বিরোধী পক্ষ থেকে অনেক কথা উচ্চারিত হয়েছে। এস্টাব্লিশমেন্টের বিরুদ্ধে প্রচলিত প্রথার ধারক ও বাহক যারা তার বিরুদ্ধে কোনও নতুন জিনিস করতে গেলেই ওদের পক্ষ থেকে বাধা

আসবে। ওরা বিভ্রান্ত করার চেষ্টা করবে। সুতরাং ওদের সঙ্গে ঝগড়া করে লাভ নেই। একদিন ওরা রবীন্দ্রনাথের নাম করলেন। রবীন্দ্রনাথ তার প্রতিষ্ঠিত বিদ্যালয়ে পাঠভবনে যে শিক্ষা ব্যবস্থা প্রচলন করেছিলেন তখন সেদিন তার কোনও প্রতিবাদ হয়নি। সেই হিসাবে যুক্তফ্রন্টের শিক্ষামন্ত্রী প্রথম ভাগ এবং দ্বিতীয় ভাগ বিদ্যাসাগরের উঠিয়ে দিয়ে এবং সমস্ত সমালোচনা উপেক্ষা করে সহজ পাঠের প্রচলন করেন। ওরা বোধহয় জানেন না বিশ্বভারতিতে ১৯৫৮ সাল পর্যন্ত কোনও পরীক্ষা সিস্টেম ছিল না। এখানে ম্যাট্রিক পরীক্ষার আগে ক্লাশে পরীক্ষা ছিল। আজকে যারা রবীন্দ্রনাথের নাম নিয়ে চোখের জল ফেলছেন তাদের অন্তত জানা উচিত সাহিত্য শিক্ষা, রাজনীতি ছাড়া হয় না। জিন ক্রিস্টাড আই উইল নট রেস্ট এর লেখক রবীন্দ্রনাথ গীতাঞ্জলি কবিতায় শেষ করতে পারতেন কিন্তু কেন তিনি সভ্যতার সঙ্কট লিখেছিলেন? আজকে হাঙ্গারের ওয়ার অ্যান্ড পিস এবং মারি কারলির মাই লাইফ কেন সাহিত্যে পরিণত হয়েছে? কেউ কি একথা বলতে পারেন যে সাহিত্য রাজনীতি হীন হয়? একথা যারা বলেন, হয় তারা বোঝেন না কাকে বলে রাজনীতি, আর নাহলে তারা মনে করেন আমরা আমাদের শিক্ষার গর্ব নিয়ে মানুষকে বোকা বানাব। আমি এখানে নাম করব না কারণ যিনি এখানকার সদস্য নন তার নাম করা অত্যন্ত অশোভনীয় হবে। তবে যারা আজকে এই শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে প্রচারে নেমেছেন তাদের আমার সবচেয়ে দুঃখ লাগল প্রতিভা বসুকে যেভাবে কাগজওয়ালারা ছবি তুলেছে তাতে তার যদি কোনও রকম অনিষ্ট হত তাহলে আমাদের হাতে হাতকড়ি পড়ত না? আপনারা লক্ষ্য করুন কারা কারা আজকে এইসব কথা বলছেন। এর মধ্যে একজন ১৯৫৭ সালের নির্বাচনে হেরে গিয়ে প্রথমে জজ হলেন, তারপর চিফ জাস্টিস হলেন এবং এখন আবার তিনি রাজনীতিতে ফিরে আসার ধান্দায় আছেন। আর একজন নমিনেটেড এম পি হয়েছেন এবং আবার শিক্ষাবিদ হিসাবে নমিনেটেড এম পি হতে চাচ্ছেন অনেকে বলেছেন শিক্ষাক্ষেত্রে আমরা নাকি নৈরাজ্য এনেছি। আমি তো দেখছি সারা রাজ্যে নৈরাজ্য চলছে। ট্রেন সময়মতো আসবে না, এটা কি নৈরাজ্য নয়? আমি পশ্চিমবাংলার লোক কাজেই অন্য রাজ্যের কথা বলব না। কিন্তু জিজ্ঞাসা করি অন্য রাজ্যে কি নৈরাজ্য নেই? এব্যাপারে আমার যদি ভুল হয় তাহলে আমি নিশ্চয়ই সেটা মানব। আমি যদি আজ কোনও ভুল করি তাহলে কালকে নিশ্চয়ই আমি স্বীকার করে নেব যে আমি ভুল করেছি। তারপর, আজকে এই বাংলাভাষা নিয়ে এত যে কথা হচ্ছে তাতে আপনাদের বোধ হয় মনে আছে ১৯৩৬ সালে যেখানেই আমরা প্রসেসন নিয়ে গিয়েছি সেখানেই আমরা মার খেয়েছি এবং তখন ছিলেন ওই অ্যান্ডারসন সাহেব। ১৯৩৬ সালে যে কনভোকেশন হয়েছিল সেখানে রবীন্দ্রনাথ বাংলায় বক্তৃতা দিয়েছিলেন অ্যান্ডারসন সাহেবের সামনে। পুরানো শিক্ষাবিদ যারা আছেন তারা নিশ্চয়ই সেকথা মনে রেখেছেন। ইংরেজি প্রসঙ্গে আপনারা বলছেন আমরা নাকি দ্বিতীয় শ্রেণীর নাগরিক তৈরি করছি। কিন্তু আপনারা এই ৩০ বছর ধরে দেশের ৭০ ভাগ মানুষকে দারিদ্র্যের চরম সীমানায় নিয়ে গেছেন, শিক্ষাক্ষেত্রের পারসেন্টেজ হচ্ছে ২৭—অর্থাৎ আপনারা তো তাদের তৃতীয় শ্রেণীর নাগরিক পরিণত করেছেন। আমরা চাই মানুষ স্বাক্ষরজ্ঞান লাভ করুক এবং ইংরেজি যারা পড়তে চায় তারা বাড়িতে বসে পড়ুক। ঐ চাষার ঘরের ছেলেরা যারা তাদের বাড়িতে এমন কি অ আ ক খ শেখাবে এমন কোনও লোক তাদের বাড়িতে নেই। কাজেই ঐ মাস্টার মহাশয় যা

পড়াবেন। প্রাইমারি স্কুলে শিক্ষক ১০০/১৫০ জন ছেলেকে শেখাবে।

আমরা যদি সেখানে ইংরাজি না শিখিয়ে অন্তত যদি স্বাক্ষরজ্ঞান করতে পারে তাহলে পাঁচ বছর পরে শম্ভুবাবু পার্থবাবু বলতে পারবেন যে আমরা অন্তত মানুষের সংখ্যা ১০ পারসেন্ট বাড়িয়ে গেলাম। জানি না পরে আমরা থাকব না কি হবে। ইংরাজি যারা শিক্ষা করতে চান তারা শিখবেন। কেউ কেউ বলেছেন আমরা কি ইংরাজি শিখিনি। নিশ্চয় ইংরাজি শিখেছি। তা না হলে হাঙ্গার, ওয়ার অ্যান্ড পিস এই সব কথা বলছি কি করে। আপনারা বলছেন দ্বিতীয় শ্রেণীর নাগরিক তৈরি করছি। কিন্তু এরা তো দ্বিতীয় শ্রেণীরও নয় এরা চতুর্থ শ্রেণীর নাগরিক ছিল। আমরা তাদের সামান্য একটু উপরে তোলবার চেষ্টা করছি যাতে তারা অন্তত নামটা সহি করতে পারে যাতে দু বেলা দু মুঠো খেতে পায়। আপনারা ঐ সমস্ত বুদ্ধিজীবী রাস্তায় এনে আমাদের হাতকড়া লাগাবার চেষ্টা করছেন। বুদ্ধিজীবী মানে ইনটেলেকচুয়াল নয়। এই দুটো আলাদা কথা। আমি বুদ্ধিজীবী কিন্তু I am not an intelligent. আপনারা একটু বুঝবার চেষ্টা করুন হৃদয় দিয়ে অনুভব করার চেষ্টা করুন, এবং সেই হৃদয় দিয়ে অনুভব করতে গেলে যে মানসিকতা দরকার সেই মানসিকতা দিয়ে এই শিক্ষা বাজেটকে যদি গ্রহণ করতেন তাহলে এইভাবে সমালোচনা করতেন না। দোষত্রুটি নিশ্চয় থাকতে পারে, আমরা এমন কথা মনে করি না সবটাই ঠিক। পার্থবাবু, শম্ভুবাবু তো আপনাদের থেকে অনেক ছোট আপনারা যদি গিয়ে কিছু সাজেশন দেন তাহলে আপনাদের সাজেশন নেবেন। এই ধরনের সমালোচনা করে মানুষের মধ্যে তিক্ততা এনে মানুষের মধ্যে ঘুন ধরিয়ে দিয়ে কোনও লাভ হবে না। কেন না পশ্চিমবাংলার মানুষ আজ জানতে পেরেছে। খবরের কাগজের কথা যদি বলেন তাহলে বলি ওরা তো ব্যবসা করে। ১৯৩৯ সালে কাগজে সুভাষ বসু কথা লিখতোই না যতীন্দ্র মোহন সেনগুপ্তের কথা বলতেন। একদিন সুভাষ বোস এবং জ্যোতিষ সেনগুপ্ত দু জনেই মেয়র হয়ে বসলেন এ ওর ঘাড়ে বসে ও ওর ঘাড়ে বসে। আমরা তখন শিশু আমি সুভাষ বসুর দলের লোক ছিলাম। তার পর যখন সুভাষ বাবু, সুভাষবাবু হলেন নেতাজি হলেন ওরা তখন কমার্সিয়াল দিক দেখে বুঝে দেশের মানুষের মনের কথা চিন্তা করে ওর কথা চমৎকার ভাষায় লিখতে শুরু করলেন। অতএব বলবার কিছু নেই আপনি শিক্ষিত মানুষ এই রকম তিক্ত সৃষ্টি না করে আজকে এই বাজেট সমর্থন করুন। দেশের বেশির ভাগ মানুষ চতুর্থ শ্রেণীর নাগরিক ছিলেন তাদের উন্নতি করার চেষ্টা করুন। স্বাস্থ্য বাজেটে নিশ্চয় আলোচনা হবে মেডিক্যাল কোর্স সম্বন্ধে। মেডিক্যাল এডুকেশন তিন বছরের কোর্স পড়িয়ে কি করে ডাক্তার করা যাবে। আমরা যেটুকু বলেছি সেটা হচ্ছে তাদের সামান্য বাঁচার অধিকারটা দেওয়া হোক। এখানেই আমাদের শেষ কথা নয়, শেষ কথা বলতে আমরা আসি নি। তাদের মনের ভেতরে এডুকেশনের যে প্রথম সংজ্ঞা to develop the internal intelligence of men. আমরা সেটা তাদের ভেতরে করে দিয়ে যাব। যারা শিখবে তারা অন্তত রবীন্দ্রনাথটা পড়তে শিখবে। যেমন মার্কস বলে গিয়েছেন ট্রাই টু মেক টোটাল ম্যান আমরা সেই মানুষ যাদের ঘুমে, চিন্তায় এবং কাজে ছিল এক্সপ্লয়টেশন কাজেই মানুষকে সম্পূর্ণ মানুষ নয়। রবীন্দ্রনাথও সেই কথা বলেছিলেন যে মানুষকে একটা সম্পূর্ণ হিসাব তৈরি কর। আর বলেছেন পৃথিবীতে সেদিন আসছে যেদিন অস্ত্রের বিরুদ্ধে নিরস্ত্রকে দাঁড়াতে হবে এবং সেদিন নিরস্ত্রেরই হবে জয়। অস্ত্র দিয়ে গুলি চালিয়ে দিল্লির

মসনদ থেকে আমাকে মেরে ফেলতে পার কিন্তু আমার বংশধরকে মারবার ক্ষমতা থাকবে না। সেদিন আসছে। সেদিন কিন্তু আর পেছনের দরজা দিয়ে ঢোকা চলবে না। স্যার, আমার মুখের উপর বলতে একটু ওদের বাধো বাধো ঠেকেছে তাই দেখছি ওরা একেবারে খালি করে দিয়ে চলে গিয়েছেন। যাইহোক, আমি যে কথা বলছিলাম সেই কথায় আবার ফিরে আসি যে, সেদিন আসছে যেদিন অস্ত্র আর কোনও কাজে লাগবে না, সেদিন নিরস্ত্রের জয় হবে। আমরা এখানে বসে থাকবার জন্য আসিনি, আমাদের কাজ হচ্ছে টু ট্রেন আপ। আমি জীবনে হয়ত ফার্স্ট হই নি কিন্তু আমার ছেলে বা ছাত্র ফার্স্ট হতে পারে। আমি জীবনে হয়ত একজনকে খুন করেছিলাম আমার ছোটবেলায় কিন্তু আমার ছেলে হয়ত ১৫ জনকে খুন করে তারপর মরবে। আমার ছেলে নেই কাজেই সে কথা আর আসছে না, তাই আর কিছু বলছি না। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি সকলের কাছে এই অনুরোধ রাখব যে আসুন, এই বাজেটকে সমর্থন করার যে মানসিকতা সেই মানসিকতা নিয়ে আমরা এখান থেকে আজকের মতোন বিদায় নিই।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী এখানে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন সে সম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। স্যার, এই বামফ্রন্ট সরকার ঘোষণা করেছিলেন যে ১৯৮১ সালের শিক্ষাবর্ষ থেকে তারা তাদের নতুন শিক্ষা নীতি চালু করছেন। স্যার, আপনি জানেন, এই বিধানসভার ভেতরে এবং বাইরে সারা পশ্চিমবাংলায় এই শিক্ষানীতি নিয়ে বিতর্কের তুমুল ঝড় হয়ে যায় এবং জনসাধারণের তীব্র আন্দোলনের চাপে পড়ে সেই বহু বিঘোষিত নতুন শিক্ষানীতি তারা চালু করতে না পেরে সেটা স্থগিত রাখার কথা ঘোষণা করেন। স্যার, এই বাজেট বিতর্কে অংশ গ্রহণ করে এই কথাটি বলতে চাই যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বাজেট ভাষণ রেখেছেন তাতে কোথাও গণমুখী শিক্ষানীতির কথা তিনি উচ্চারণ করেন নি অথচ এই সভার মধ্যে আমরা দেখেছি শিক্ষানীতি সম্পর্কে বিতর্কে সরকারপক্ষ এবং মন্ত্রী মহাশয় গণমুখী শিক্ষানীতি বা শিক্ষাকে ব্যাপক মানুষের মধ্যে ছড়িয়ে দিতে চান এইভাবে যুক্তিটা তুলতে চেয়েছেন। সাধারণ মানুষের মধ্যে শিক্ষার বিস্তৃতি হোক, এই সম্পর্কে পশ্চিমবঙ্গের মানুষের কারও কোনও দ্বিমত নেই। মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া হোক, মাতৃভাষা শিক্ষার মাধ্যমে হোক, এটা নিয়ে কেউ বিতর্ক করছে না। অথচ বামফ্রন্ট সরকার দেখাবার চেষ্টা করছেন যে যারা এই নিয়ে আন্দোলন করছেন, তারা মাতৃভাষার মাধ্যমে শিক্ষার বিরোধী এবং এইভাবে তারা জিনিসটা দেখাবার চেষ্টা করেছেন। শিক্ষাকে গণমুখী এবং ব্যাপক মানুষের কাছে শিক্ষাকে ছড়িয়ে দিতে গিয়ে প্রাইমারি স্তরের যে প্রশ্ন বার বার এসেছে, প্রাইমারি স্তরে মাতৃভাষা এবং দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি রক্ষার ব্যাপারে সরকার পক্ষ থেকে বলা হয়েছে যে প্রাইমারি স্তরে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি রাখার প্রয়োজন নেই। এই ইংরাজি যদি প্রাইমারি স্তর থেকে তুলে দেওয়া হয় এবং বাংলাভাষার মাধ্যমে যদি শিক্ষা চালু করা হয় তাহলে কি ব্যাপক মানুষের কাছে শিক্ষা পৌছে যাবে—এই প্রশ্ন আমি তাদের কাছে তুলতে চাই। আজকে এই কথা কেন বলছি?

আমাদের দেশের গ্রামবাংলার শতকরা ৭৫ ভাগ মানুষ দারিদ্র সীমার নিচে বাস করছে।

আজকে সেখানে ৭, ৮, ১০ বছরের ছোট ছোট শিশুদের তাদের বাবা মায়েরা লেখাপড়া করতে না পাঠিয়ে বরং তাদের শিশু শ্রমিক হিসাবে নিয়োগ করে না এই জিনিস আমরা দেখেছি। আজকে পশ্চিমবাংলার প্রাইমারি স্কুলগুলিতে প্রাইমারি ছাত্রছাত্রীদের বই, জামা-প্যান্ট দেওয়া হচ্ছে। এখন বলা হয়েছে যে তফসিলি এবং উপজাতি সম্প্রদায়কেও এই সাহায্য দেওয়া হচ্ছে। কিন্তু প্রাথমিক স্কুলগুলি বাস্তব অবস্থা কি দেখা যায়? সেখানে ছাত্র আসে না। তার মূল কারণ হচ্ছে তাদের দারিদ্রতা। তারা বেশির ভাগই দারিদ্র সীমার নিচে বাস করে। প্রশ্ন সেখানে নয় যে ইংরাজি প্রাথমিক স্তরে থাকলে লেখা পড়ার অসুবিধা হবে। আসলে কথা হচ্ছে, মাতৃভাষার সঙ্গে সঙ্গে দ্বিতীয় ভাষা হিসাবে যে ইংরাজি চালু আছে, সেটাকে বন্ধ করতে চাচ্ছেন। এটা কেন করছেন আমি জানি না। তবে কেউ কোনও দিন বলেনি যে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি প্রাইমারি স্তরে থাকলে তাতে কোনও বাধা হবে। বরং একথাই বলা হয়েছে যে শৈশবে শিশুদের মন কোমল থাকে, তারা যত সহজে বিভিন্ন ভাষা শিখতে পারে, সেটা বয়স বেশি হলে সম্ভব হয় না। আজকে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা, এটা সকলেই চায় এবং আমরাও চাই। বাইরে যারা বলছেন, বুদ্ধিজীবী হিসাবে যারা বলছেন, যারা তীব্র আন্দোলন গড়ে তুলেছেন এবং যার ফলে এই শিক্ষাবর্ষে এটা চালু করতে পারেন নি এবং আশা করছেন যে এটা ধাপে ধাপে চালু করবেন। আজকে উদ্দেশ্য যদি হয় মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া হবে তাহলে আপনারা পাশাপাশি ইংরাজি মিডিয়াম স্কুলগুলি রেখেছেন কেন? কেন ডিগ্রি স্তরে বাংলা এবং ইংরাজি আবশ্যিক এবং ঐচ্ছিক রেখেছেন? কাজেই এর মধ্যে আপনাদের স্বদিচ্ছা কতখানি আছে সেটা জানা যায়। আপনারা বলছেন যে শিশুরা যদি মাতৃভাষার মাধ্যমে ভাষা শিক্ষা না করে, যদি সাহিত্য চর্চা না করতে পারে, ভাষাকে যদি আয়ত্ব করতে না পারে তাহলে তার মানসিকতা বোধ বাড়ে না। মাতৃভাষার বিকাশ সাধন করবার যদি উদ্দেশ্য থাকে তাহলে আপনারা ডিগ্রি স্তরে কেন ভাষাকে কেবলমাত্র ব্যাকরণের মধ্যে সীমাবদ্ধ করেছেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এসম্পর্কে আমি একটা কথা বলতে চাই যে, মূর্খ কালিদাস—যখন কালিদাসের জ্ঞান হয়নি—গাছের যে ডালে বসেছিল, সেই ডালই কাটছিল, ডালটা কাটা হয়ে গেলে যে তার মৃত্যু হতে পারে সেটাও সে জানত না। আজকে এই সরকারের ঐ মূর্খ কালিদাসের মতো অবস্থা হয়েছে। মাতৃভাষায় উন্নতি করবেন। সাহিত্যের উন্নতি করবেন, বাংলা ভাষার উন্নতি করবেন সেই জন্য প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দিচ্ছেন। কিন্তু সাথে সাথে পাশাপাশি ইংরাজি মিডিয়াম স্কুল রেখে দিচ্ছেন। আবার ডিগ্রি স্তরে ইংরাজিকে ঐচ্ছিক আবশ্যিক করে দিচ্ছেন। এটা ঠিক মূর্খ কালিদাসের গাছ কাটার মতো কাজ হচ্ছে। অথবা আপনাদের এই কাজের পিছনে কোনও চক্রান্ত আছে। যার জন্য আজকে যারা আন্দোলন করছেন, সেই সমস্ত বুদ্ধিজীবী, শিক্ষাবিদ এবং প্রথিত-যশা ব্যক্তিদের সরকারের পক্ষ থেকে যে ভাষায় আক্রমণ করা হচ্ছে তাতে শিস্টাচার ভব্যতা আপনারা ছাড়িয়ে যাচ্ছেন। তাদের উদ্দেশ্যে বলছেন যে, তারা ইংরাজি ভাষার মাধ্যমে এক দল সুবিধাভোগী শ্রেণী সৃষ্টি করতে চাইছেন। সত্যিই কি তাই? আপনারা কি শিক্ষাকে সাধারণ মানুষের কাছে নিয়ে যেতে চাইছেন, ছড়িয়ে দিতে চাইছেন? তাহলে যে সুবিধা মুষ্টিমেয় শ্রেণী করায়ত্ব করে আছে, সেই সুবিধা কেন সাধারণের মধ্যে ছড়িয়ে দেওয়া হবে না? আমাদের মতে সেই সুবিধা আরও বেশি মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া উচিত। আর তা যদি না হয়, তাহলে কেন ইংলিশ মিডিয়াম স্কুলগুলি বন্ধ করে দেওয়া হচ্ছে না। আজকে আমাদের এই হাউসের যিনি অধ্যক্ষ

তিনি একটা ইংলিশ মিডিয়াম স্কুলের সঙ্গে জড়িত আছেন। সেই স্কুলটি হচ্ছে, "সাউথ অ্যান্ড স্কুল ফর দি লিটিল ফ্লাওয়ার্স" এ নার্সারি কিন্ডার গার্ডেন প্রাইমারি ফর বয়েস অ্যান্ড গার্লস, টালিগঞ্জ। সেই স্কুলটির প্রেসিডেন্ট হিসাবে আমাদের এই হাউসের অধ্যক্ষ মহাশয়, নিজে আছেন এবং অ্যাডভোকেট জেনারেল স্নেহাংশুকান্তি আচার্য এবং অ্যাডিশনাল অ্যাডভোকেট জেনারেল সাধন গুপ্তও আছেন।

আপনাদের নীতি যদি হয় শিক্ষাকে মাতৃভাষার মাধ্যমে গণমুখী করা, তাহলে আপনারা নিজেরা কেন ইংলিশ মিডিয়াম স্কুল করছেন? আজকে বিভিন্ন জায়গায় ব্যাঙ-এর ছাতার মতো ইংলিশ মিডিয়াম স্কুল গজিয়ে উঠছে এবং বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা সদস্যরা সেসব স্কুলকে পেট্রোনাইস করছেন। অর্থাৎ তারা নিজেরাই সুবিধাভোগী শ্রেণী সৃষ্টি করছেন। সাথে সাথে আমি বলতে চাই সরকারের শিক্ষানীতি সম্পর্কে যারা কথা বলছেন, যারা একে সমর্থন করবেন, তারাই আবার তাদের ছেলেমেয়েদের ইংলিশ মিডিয়াম স্কুলে পড়াচ্ছেন। মাননীয় বামফ্রন্টের সদস্যদের ক্ষেত্রেও ঐ একই কথা বলতে হয়। মাননীয় সদস্য নির্মলবাবু এত কথা বলে গেলেন, অথচ তিনি তার ছেলেকে বিড়লার ইংলিশ মিডিয়াম স্কুলে পড়াচ্ছেন। এই রকম অনেক মাননীয় সদস্যই তাদের ছেলে-মেয়েদের ইংলিশ মিডিয়াম স্কুলে পড়াচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যেভাবে এখানে প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেওয়া হচ্ছে, সেভাবে ভারতবর্ষের আর কোনও অঙ্গ-রাজ্যে প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেওয়া হয়নি। এই কাজ করতে গিয়ে সরকার হাজার হাজার টাকার অ্যাডভার্টাইজমেন্ট করে দেখাতে চাইছেন যে, হ্যাঁ আরও অনেক রাজ্যেই এই ব্যবস্থা চালু আছে। কিন্তু আমি বলব যে, সরকারের ওকথা একদম অসত্য। সেই সঙ্গে সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে যে, চিন এবং রাশিয়াতে প্রাথমিক স্তরে দ্বিতীয় ভাষা শেখানো হয় না। কিন্তু আমি বলব যে, ওকথা সত্য নয়, চিন এবং রাশিয়াতে প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হয়। আজকে এই সরকার যে শিক্ষা গ্রহণ করেছে, এই শিক্ষা নীতির বিরুদ্ধে তীব্র জনমত গড়ে উঠেছে এবং পশ্চিমবাংলায় আজকে যে আন্দোলন গড়ে উঠছে এই আন্দোলনের চাপে এই শিক্ষানীতি ইতিমধ্যেই পিছুতে শুরু করেছে এবং ভবিষ্যতে আর এগোতে পারবে না। যদি এই ভাষা নীতির পরিবর্তন সরকার না করেন তাহলে আগামী দিনে আরও তীব্র আন্দোলন হবে এবং ভবিষ্যতে আন্দোলনের চাপে এই সরকার তার শিক্ষা নীতি এবং ভাষানীতি পরিবর্তন করতে বাধ্য হবেন।

আজকে এখানে যে বাজেট পেশ করা হয়েছে, তাতে ভ্রান্ত শিক্ষানীতি এবং ভাষানীতি থাকার জন্য আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাফা বিন কাশিম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রীদ্বয় যে তথ্যনিষ্ঠ সত্যশ্রয়ী বাজেট বিবৃতি দিয়েছেন তারজন্য আমি তাদেরকে অভিনন্দন জানাচ্ছি এবং আগামী আর্থিক বছরে শিক্ষা ক্ষেত্রে সরকার যে দায়-দায়িত্ব এবং তার সঙ্গে যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন সেটা সম্পূর্ণভাবে সঙ্গতিপূর্ণ, সেইজন্য এই ব্যয়-বরাদ্দের দাবিকে আমি সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের ভাষানীতি এবং শিক্ষানীতি সম্পর্কে এই বিধানসভার কক্ষে অনেকদিন ধরে অনেক কথা আলোচনা হয়েছে, আমি

বিস্তারিতভাবে তার মধ্যে যাচ্ছি না। মাননীয় সদস্য প্রবোধ পুরকায়েত মহাশয় একটু আগে বললেন জনসাধারণ তীব্র আন্দোলনের ফলে, বিরাট বিরাট গণ সমাবেশের ফলে বামফ্রন্ট সরকার তার শিক্ষানীতি চালু করা এই বছরে স্থগিত রেখেছেন। আমি এই প্রসঙ্গে একটি কথা বিনীতভাবে বলতে চাই, এই সমস্ত সুপার লেফটিস্ট বন্ধুরা তীব্র গণ আন্দোলন, তীব্র জনসমাবেশ বলতে কি বোঝেন? এটা তো আমাদের মাথায় আসছে না। অবশ্য তার একটি কথার জন্য তাকে আমি অভিনন্দন জানাচ্ছি যে তার কথাগুলি অবান্তর হলেও এই বির্তকের ফলে বামফ্রন্ট সরকারের কিছুটা উপকার করেছেন। বামফ্রন্ট সরকারে যে ভাষানীতি এবং শিক্ষানীতি চালু করেছেন তার মধ্যে হয়তো কিছু মানুষের মধ্যে ভুল বোঝাবুঝি থাকতে পারে, হয়তো কিছুটা সংশয় ছিল, বেশি সংখ্যক মানুষের মধ্যে নাহলেও কিছু মানুষের মধ্যে ছিল। কিন্তু আপনাদের এই সমস্ত বিতর্কের জবাব দিতে গিয়ে বিধানসভার কক্ষের মধ্যে এবং বাইরে এই সরকার ভাষানীতি এবং শিক্ষানীতি সঠিকভাবে তুলে ধরতে পেরেছেন। তাদের মধ্যে যে কনফিউশন ছিল সেটা দূর হয়ে গেছে। ভাষানীতি এবং শিক্ষানীতির ব্যাপারে কলকাতার মতোন জায়গায় ঐ ২০০ কিম্বা ৩০০ লোকের যে মিছিল আপনারা যাকে বিরাট বিরাট মিছিল বলেন সেই মিছিলে সেই সমস্ত মানুষেরা যোগ দিচ্ছে না। সেইজন্য আপনারা লক-আউট এবং লে-অফ করতে বাধ্য হয়েছেন। এটা করে বামফ্রন্ট সরকারের কিছুটা উপকার করেছেন, সেইজন্য অভিনন্দন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে মাননীয় সদস্য নির্মলবাবু বিস্তারিতভাবে বলেছেন। বামফ্রন্ট সরকারের ভাষানীতি এবং শিক্ষানীতি নিয়ে খুব সুকৌশলে আজকে অপ-প্রচার চলেছে, একটা কথা যেমন বলা হচ্ছে, ইংরাজি সর্বস্তর থেকে তুলে দেওয়া হচ্ছে বলে অপ-প্রচার করা হচ্ছে ঠিক তেমনি, যেখানে হিন্দি এবং উর্দু ভাষাভাষী লোকেরা রয়েছে সেখানে একটা অপ-প্রচার চলছে যে, তোমাদের হিন্দি থাকবে না, উর্দু থাকবে না, এরা তার জায়গায় বাংলা চালু করে দেবে। যেখানে বামফ্রন্ট সরকার বলছে প্রাথমিক স্তর পর্যন্ত মাতৃভাষায় শিক্ষা নেওয়া অর্থাৎ যাদের মাতৃভাষা হিন্দি কিম্বা উর্দু তারা হিন্দি কিম্বা উর্দুতে শিখবে আর যাদের মাতৃভাষা ইংরাজি তারা প্রাথমিক স্তর পর্যন্ত ইংরাজি শিখবে। এই যে নানান তর্ক-বিতর্ক আপনারা তুলেছেন এর মধ্যে দিয়ে আমার মনে হচ্ছে প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দিলে তীব্র একটা ক্ষতি হয়ে যাবে। কিন্তু তা তো নয়। প্রাথমিক স্তর থেকে ইরাজি যারা পড়ে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরে এসেছেন তারা কি খুব ভাল ইংরাজি শিখেছেন? তা নয়। বরং মাতৃভাষা যারা ঠিকমতো শেখে তাদের ভাষা শিক্ষার মানসিকতা গড়ে উঠে তারপর তারা ষষ্ঠ শ্রেণীতে গিয়ে ইংরাজি শিখতে পারবে এবং সেই শিক্ষাক্রম চালু করলে তাদের অভিজ্ঞতা হবে। বেশিরভাগ ছাত্রদের ক্ষেত্রে যদি চিন্তা করেন তাহলে দেখবেন প্রাথমিক স্তরে ইংরাজি ভাষা আছে বলে যে তারা ভালভাবে শিখে আসছে তা নয়—আমি অবশ্য কাউকে অপমান করতে চাইছি না, খাটো করতে চাইছি না।

অনেক নজির আছে। আমার এক শিক্ষক বন্ধুর অভিজ্ঞতা যে একটা ছাত্রী প্রি-ইউনিভার্সিটি পরীক্ষা দিচ্ছে, আগের দিন ইংরাজি পরীক্ষা, পরের দিন বাংলা পরীক্ষা। খাতার উপরে সাবজেক্ট বিষয় কি, সেই ইংলিশ লিখেছে, তা আপনাদের মতো লোক খুশি হবে যে ইংরাজি বাংলা দুটোই রাখছে। এই ধরনের বহু নজির আছে। সঠিকভাবে ইংরাজি আচরণটা

বেশির ভাগ ছেলে মেয়ের শিক্ষায় আসছে একথা ঠিক নয়। আমি বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাব এই কারণে যে আপনাদের মাতৃভাষায় কথা বলতে বাধ্য করেছেন তাদের শিক্ষানীতির মাধ্যমে, ভাষানীতির মাধ্যমে। আপনারা মাঝে সাঝে বলেন যে মাতৃভাষায় শিক্ষার প্রসার হোক, একথাটায় আপনাদের মনের জোর আছে বলে মনে হয় না। একথা যখন বলেন তখন বিদেশি ভাষায় কথা বলেন, বিদেশি ভাষায় কসরত করে কিছু বলার চেষ্টা করেন, আঘাতটা যখন পড়ে তখন মাতৃভাষা বেরিয়ে আসে। বামফ্রন্ট সরকার যখন ঘা দিয়েছে বেশিরভাগ ছাত্র ছাত্রী গ্রাম, গঞ্জের গরিব মানুষের কথা মনে রেখে, ছেলে মেয়েদের কথা মনে রেখে ঠিকমতো মাতৃভাষা শেখানোর জন্য যখন শুধু প্রাথমিক স্তর পর্যন্ত মাতৃভাষা চালু রাখতে চাইছেন। আপনারা তখন বলে উঠছেন শুধু মাতৃভাষা কেন, ওর সঙ্গে ইংরাজি থাকবে, তাতে মাতৃভাষাও ভালভাবে শিখবে না, ইংরাজিও ভালভাবে শিখবে না। এটা হচ্ছে আপনাদের মাতৃভাষার রাজনীতি। আপনারা যে মুষ্টিমেয় লোক কজন রাজনীতি করেন, সেই স্বার্থে মাতৃভাষায় কথা বলছেন। আঁতে ঘা পড়েছে, বামফ্রন্ট সরকার ঘা দিয়েছেন তাতেই মাতৃভাষায় কথা বলছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধীদের অনেক মাননীয় সদস্যের বক্তব্য শুনেছি মন দিয়ে, কিন্তু দুঃখের বিষয় যে বামফ্রন্ট সরকারের এই শিক্ষা নীতির ব্যাপারে বা শিক্ষাক্ষেত্রে বিভিন্ন ব্যবস্থার ক্ষেত্রে শুধু মাত্র বিরোধিতা করার জন্য বিরোধিতা এই উন্মাদনায় কিছু সাধারণ কথা ইচ্ছাকৃতভাবে তুলে গেলেন, কিছু সম্প্রসারণ বা সঙ্কোচনের মধ্যে পার্থক্য তুলে গেলেন। সুস্থ অবস্থা বলতে কি বোঝায় অসুস্থ অবস্থা বলতে কি বোঝায়, নৈরাজ্য এবং মোটামুটি স্বাভাবিক অবস্থা বলতে কি বোঝায় সেটা ভুলে গেলেন। অনেক বিরোধীদলের সদস্য প্রতিবাদ করতে গিয়ে, সমালোচনা করতে গিয়ে বললেন হরিপদ জানা মহাশয় তিনি অপর দিকে বললেন, আমি জানিনা শম্ভু বাবুর উপর কেন তার রাগ, উনি ওর কি অনুরোধ রক্ষা করেন নি, কিন্তু মাননীয় পার্থ দে মহাশয় সম্পর্কে বললেন যে অনেক কাজ করেছেন। অমুক, তমুক ইত্যাদি তারপর বক্তৃতা শেষ করার সময়ে বললেন যে না, সম্প্রসারণ কিছু হয়নি, দুর্নীতি, নৈরাজ্য ইত্যাদির জন্য আমি এই বাজেটকে সমর্থন করছি না। শিক্ষার সম্প্রসারণ পুরোপুরি ঘটে গেছে, একেবারে কোনও কিছু বাকি নেই, পুরোপুরি সুস্থ অবস্থা এসে গেছে এমন কথা বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে কেউ বলেন নি, কারণ আমরা জানি, আমাদের দেশের যে সামাজিক, অর্থনৈতিক অবস্থা জনজীবনের বিভিন্ন ক্ষেত্রে সমস্যা, সঙ্কট রয়েছে, শিক্ষার ক্ষেত্রে সেটা আলাদা ব্যাপার নয়। সেখানে সমস্যা আছে, পুরোপুরিভাবে সমস্যা মুক্ত হতে পারে না। এই অবস্থার মধ্যে তার সাংবিধানিক, বৈষয়িক পরিধির মধ্যে থেকে বামফ্রন্ট সরকার কতটা সম্প্রসারিত করতে পেরেছে তা নিরিখের বিষয়।

এমন উনি বলে চলে গেলেন— উনি বললেন যে বাজেটের মধ্যে কেন লেখা হয়নি? শিক্ষা সম্প্রসারণ করছে, জনমুখী করা হচ্ছে, লেখা হয়নি বলে বামফ্রন্ট সরকার দোষগুলি মুক্ত হতে পারছে না। সম্প্রসারণ হচ্ছে ব্যবস্থাগুলির মধ্যেই তার প্রমাণ রয়েছে। গ্রামে গ্রামে নতুন স্কুল খোলা, লং টার্ম স্কুল খোলা ও বয়স্ক শিক্ষার ব্যবস্থা করা, লাইব্রেরি খোলা, বিনা পয়সায় বই দেওয়া, টিফিনের ব্যবস্থা করা এই গুলি কি শিক্ষা সঙ্কোচনের নমুনা? এইগুলি কি শিক্ষা সহায়ক হয়নি? ছেলেমেয়েদের আকৃষ্ট করেনি? নৈরাজ্যের কথা বললেন—নৈরাজ্য,

অন্তত পক্ষে পশ্চিমবঙ্গের অভিভাবক, ছাত্র, শিক্ষক, শিক্ষা কর্মচারিদের নতুন করে বলতে হবে নৈরাজ্য কথার অর্থ কি? কারণ ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত যে কাল বিভীষিকা ছিল তা এখন বিস্মৃতির অন্তরালে চলে যায়নি। এই অবস্থা থেকে পশ্চিমবঙ্গের অগণিত মানুষ একটা স্বস্তির নিশ্বাস ফেলতে পারছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে এই ব্যয়বরাদ্দের দাবি কে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্তোষ রানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে প্রথমে আমি প্রাথমিক শিক্ষা সম্বন্ধে দুই একটি কথা বলব। পশ্চিমবাংলার গ্রামগুলিতে যেসব প্রাথমিক বিদ্যালয় আছে সেগুলির অবস্থা এ রকম যে অনেক স্কুলে ঘরবাড়ি নেই। বসার জায়গা নেই। ছাত্র ছাত্রীর সংখ্যা ইদানিংকালে ১৯৭৬-৭৭ সালের কিছু বেড়েছে। কারণ স্কুলে রুটি দেওয়া হয় বলে। কিন্তু পড়াশুনা বাড়েনি। কারণ অপ্রিয় হবার ঝুঁকি নিয়েও বলব যে গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ে যারা পড়ান তারা শিক্ষকতা বাদ দিয়ে আর সমস্ত কিছু করেন। অর্থাৎ তারা জমি চাষ করেন। দোকানদারি করেন। পিয়ারলেস করেন। স্কুল আওয়ারসের মধ্যে ১ ঘণ্টার বেশি কোনও মাস্টারমশাইকে পাওয়া যায় না। ইদানিং রুটি, জামাকাপড়, বইপত্র ইত্যাদি দেওয়া হয় তা দিয়ে তাদের শুধু মজুরি দেওয়া হচ্ছে। সুতরাং তারা কি পড়াবেন। পে কমিশন মোটামুটি ভাবে ভালই পে-স্কেল দিয়েছেন। তাদের জন্য ট্রান্সফারের এই রকম ব্যবস্থা করুন যাতে জেলা বা সাব-ডিভিসনের মধ্যে তাদের ট্রান্সফার করা যায়। সেকেন্ডারি স্কুলের ব্যবস্থা অনেকটা এই রকম। কলকাতার অনেক সময় স্কুলে মাস্টারি করাটা একটা টিউশনি পাবার জায়গা এবং যে ভালভাবে পয়সা দিতে পারবে না সে ফল ভাল করবে না। এসব একবারে বাস্তব সত্য কথা। এ সবের সমাধান কিভাবে করবেন। আপনারা চিন্তা করবেন। আপনারা ১২ ক্লাস পর্যন্ত ফ্রি করেছেন সেটা সমর্থন যোগ্য। কিন্তু আমার কথা হচ্ছে প্রাথমিক স্তর পর্যন্ত বাধ্যতামূলক করার যে যে দায়িত্ব নিতে হয় তা যদি নিতে পারতেন তাহলে আরও খুশি হতাম। গ্রামে অনেক ছেলেমেয়ে খেতে পায় না বলে স্কুলে আসতে পারে না। তারা এই সময় অন্য কাজ করে। প্রাথমিক, শিক্ষা বাধ্যতামূলক করার জন্য কত খরচ পড়বে তার কোনও এস্টিমেট সরকারের কাছে থাকলে সেটা বলুন। এটাকে এড়িয়ে যাওয়া যায় না। দীর্ঘ দিনের এই দাবি পূরণ করার চেষ্টা করুন। মাধ্যমিক স্কুলের কিছু সমস্যার কথা বলব যেমন হোস্টেলের কথা। যতগুলি রেকগনাইজ স্কুল আছে তাদের অনেকের হোস্টেল আছে। প্রাইমারি স্কুলগুলি এরজন্য টাকা পায়। সুতরাং স্কুল রেকগনিশন দেবার সময় হাস্টেলকে যেন রেকগনিশন দেওয়া হয়। শিক্ষা ফ্রি হচ্ছে, কিন্তু ডেভেলপমেন্ট ফি এত আদায় হলে প্রকৃত উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। কলেজ সম্বন্ধে বলব যে কলকাতার কলেজে প্রায়ই কোনও পদ খালি থাকে না। কিন্তু ঝাড়গ্রাম রাজ কলেজ, কৃষ্ণনগর কলেজ ইত্যাদি সমস্ত মফঃস্বল কলেজগুলিতে কোনওদিনই পূরণ হয় না। এ জিনিস কেন চলবে? এ বিষয়ে সরকার একটু দৃষ্টি দেবেন। ভাষানীতির ব্যাপারে আমি ইতিপূর্বে আলোচনা করেছি বলে খুব বেশি বলতে চাই না। মাতৃভাষার শিক্ষায় সর্বোচ্চ স্তর পর্যন্ত যাতে করা যায় তারজন্য ব্যবস্থা করতে হবে। কিন্তু একটা হচ্ছে স্কুলকে সরকার কেন ইংলিশ মিডিয়াম স্কুল করবেন? বিভিন্ন মন্ত্রীর সম্বন্ধে অভিযোগ শুনি যে তাদের ছেলে মেয়েরা ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। সুতরাং আপনারা একটা স্টেটমেন্ট করুন যেটা আমরা বলছি সেটা আমরা

ইমপ্লিমেন্ট করার চেষ্টা করছি। এবং তাহলে আর সমালোচনার ব্যাপার থাকে না। আমার বিশ্বাস আপনারা এটা করবেন। আর একটা হচ্ছে যে আমি অনেক আগে বলেছিলাম ম্যানেজিং কমিটি তুলে দেওয়া হোক। স্কুল পরিচালনার জন্য খরচ সরকার থেকে দেন। কিন্তু কতকগুলি কায়েমি স্বার্থের লোক এগুলি চালাচ্ছে। এখানে ১০ হাজার টাকা দিলে চাকরি হয়, না হয় মেয়েকে বিয়ে করলে চাকরি হয়। সেজন্য বলছি স্কুল সার্ভিস কমিশন করুন। প্রাইমারি স্কুলে দলবাজি চরম দেখছি। গত বছরের আগের বছর প্রাথমিক শিক্ষক নিয়োগের সময় একটা দেখেছি। গোপীবল্লভপুর ২নং ব্লক পঞ্চায়েত যে হেরে গেল সে এখানে চাকরি পেল। সেজন্য নীতিগতভাবে বলছি যে ম্যানেজিং কমিটির অবসান করা উচিত। এই কটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষাখাতে ব্যয় বরাদ্দ সমর্থন করতে উঠে দুই একটি কথা বলতে চাই। মহঃ সোহরাব বললেন বর্তমানে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য ও অন্ধকার দেখা যাচ্ছে। কিন্তু গ্রামের মানুষ মনে করে অন্ধকার থেকে আলোর পথে শিক্ষাকে এই সরকারই নিয়ে গেছে। শিক্ষা ক্ষেত্রে সম্প্রসারণের জন্য পরিমাণগত উৎকর্ষের দিক দিয়ে যেসব বিদ্যালয়-এ কোনও বিল্ডিং ছিলনা তারজন্য এই সরকার ১৯৭৮ সাল থেকে অনেকগুলি বিদ্যালয়ের বিল্ডিং করার জন্যটাকা পয়সা ব্যয় করেছেন। ১৯৬২ সালে চাইনিজ এগ্রসানের পর যাকে ক্যাপিটাল গ্রান্ট বলে শিক্ষকরা যেটা ভুলে গিয়েছিল। মাস পয়লা বেতনের জন্য অ্যাসোসিয়েশন বহু চেষ্টা করেছেন। এ বিষয়ে অর্থমন্ত্রী ইন্দিরা গান্ধীর কাছে অনেক দরবার করেছেন, কিন্তু তিনি দিতে পারেন নি। সেই মাস পয়লা বেতনের ব্যবস্থা মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে এই সরকারই করেছেন। উনি একটু আগে যে কথা বললেন তাতে বলতে পারি যে, ম্যানেজিং কমিটির ব্যাপারে বর্তমান সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন তা তারা মেনে নিতে পারেন নি। কারণ পরীক্ষার ব্যাপারে মধ্যশিক্ষা পর্ষদ যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাতে তারা শ্রদ্ধার পাত্র হয়ে থাকবে সমস্ত মানুষের কাছে। কিন্তু ঐ কায়েমি স্বার্থের মানুষ যারা আছেন, তারা ঐ সমস্ত টার্ম তুলে দিয়ে ৫০০ টাকা দিয়ে ম্যানেজিং কমিটির কাছ থেকে যে সুযোগ পেয়ে আসছিলেন সেই সুযোগ আর কোনওদিন পাবে না। তারা চেয়েছিলেন ডাক্তার তাদের দলেরেই বেশি করে হোক। ভাঁওতা দিয়ে রেজিস্টার্ড ডাক্তার আর তারা কায়েমি স্বার্থের প্রতিভুদের মধ্যে থেকে আর করতে পারবেন না। আমাদের পল্লিগ্রামের মানুষের মধ্যে যাদের একটু পয়সাকড়ি আছে বা কোনও রকমে নাম রেজিস্টার্ড করে নিতেন তা আর সম্ভব হবে না। এখন সিলেবাস অনুসারে যাতে শিক্ষার প্রসার ঘটে তার জন্য এই সরকার চেষ্টা করছেন। বর্তমান সরকার সিলেবাসের পরিকল্পনা গ্রহণ করে শিক্ষার প্রসার ঘটাবার চেষ্টা করছেন। এখন কেউ সে মহাজন বা সুদখোর হোক না কেন মানুষের রক্ত শোষণ করতে গেলে চিন্তা করতে হবে। এই সরকার সিলেবাসের মধ্যে দিয়ে শিক্ষা ব্যবস্থাকে সুষ্ঠুভাবে চালাতে চাইছেন বলে ওদের এত বিক্ষোভ দেখা যাচ্ছে। যেহেতু এ ব্যাপারে পলিটিক্স থাকছে না তাই তারা দেশের ভবিষ্যৎ কর্ণধার যারা হবেন তাদের বুঝতে দিতে চাইছেন না যে তারা এ ব্যাপারে অন্যায় করছেন। তারা চিরকাল অন্যায় করে যাবেন, অথচ তা তারা জনসাধারণকে বুঝতে দেবেন না। কিন্তু বামফ্রন্ট সরকার এটি হতে দেবেন না বলেই তারা এত বেশি করে আমাদের বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছেন। কিন্তু জনসাধারণ আমাদের সাথে আছেন। তাই

গ্রামের মানুষ আজকে বলছে যে, বামফ্রন্ট সরকার কিছু একটা ভাল কাজ করতে চাইছে যার জন্য বিরোধীরা এত বেশি সোচ্চার হয়ে উঠেছেন। আমি ৩০ বছর আগে ১৯৫২ সালে স্কুল ফাইন্যাল পরীক্ষা দিয়েছিলাম সেদিন ছিল ৩রা মার্চ।

আর ঠিক এই ৩০ বছর পরে ৩রা মার্চ আবার পরীক্ষা হল-এটির পুরো কৃতিত্ব হচ্ছে মধ্যশিক্ষা পর্ষদের। তাদের কৃতিত্ব হচ্ছে যে তারা ঠিক সময়ে পরীক্ষার ফল প্রকাশ করার ব্যবস্থা নিচ্ছে। এরজন্য বিরোধীদের লজ্জা হওয়ার কথা। ওরা বলছিলেন অন্ধকারের কথা, হতাশার কথা, ভাঁওতার কথা। কিন্তু ১৯৭৪-৭৫ সালে আমরা শিক্ষাক্ষেত্রে কি নৈরাজ্য দেখতে পেয়েছিলাম, তখন শতকরা মাত্র ৪০ ভাগ নম্বর পাওয়া ছাত্রকে রিসার্চ করে দেওয়া হল ৩০০ করে টাকার বিনিময়ে। তখন মাত্র ২৪ জন ছাত্র বোটানিতে একজামিন দিয়ে ফার্স্ট ক্লাস পেল, জুলজিতে পরীক্ষা দিয়ে ১৮ জন ফার্স্ট ক্লাস পেল। একই বছরের মধ্যে এতগুলি ছাত্র ঐ ভাবে পাশ করে গেল। আপনাদের আমলে অন্য সব অত্যাচারের কথায় যেতে চাই না, এই একাডেমিক এর ব্যাপারে আপনাার কি অন্যায় করেছিলেন তার নমুনা দিচ্ছি ; একই বছরে একটা ছাত্র ৫টি বিষয়ে কেউ পরীক্ষা দিতে পারে তার নির্দশন আছে আপনাদের আমলে ঐ ১৯৭৪-৭৫ সালে। ঐ সময়কার রেকর্ড খুলে দেখুন ইউনিভার্সিটিতে গিয়ে। এতসব অপরাধ করেও অন্যায়ের কথা বলেন এতে আর কি বলার আছে আপনাদের? ভাষানীতি নিয়েও অনেক কথা বলেছেন এর আগে। মাননীয় হরিপদবাবু ভাষানীতি নিয়ে বুদ্ধিজীবিদের আন্দোলনের কথা বললেন। এ বিষয়ে আমি বলতে চাই যে কিছু বুদ্ধিজীবী এসব করছেন। তাতে অনেক বিরোধী বন্ধুদের উষ্মার কারণ হয়েছিল সেটা আজকের দিনে সমস্ত এক্সপোস হয়ে গেল। নির্মলবাবু আজকে দেখালেন যে পার্লামেন্টের মিনিস্টার সদস্য অশোক সেনের বাড়িতে বসে সেখানে বুদ্ধিজীবীদের সঙ্গে মিটিং হয়েছিল। তাহলে আর বাকি রইল কি? সমস্তই তো প্রকাশ হয়ে গেল যে তারা এইরকম ভাবে সমস্ত ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এতেও কি তাদের কোনও অন্যায় হয়নি? আর বুদ্ধিজীবীদের কথা শুনে আমাদের বলতে হবে? আমাদের মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য সেদিন প্রভাত মুখার্জির কথা বলেছিলেন। প্রভাত মুখার্জি বলেছেন রবীন্দ্রনাথ যা শান্তিনিকেতনে করতে পারেননি কিন্তু বামফ্রন্ট সরকার তা করেছে। আপনাদের বাংলাভাষার প্রতি শ্রদ্ধা দেখে এবং বাংলাভাষা প্রতিষ্ঠা করবার জন্য যে নীতি গ্রহণ করেছেন তারজন্য আপনারা বাঙালির কাছে শ্রদ্ধার পাত্র হয়ে থাকবেন। উনি কি বুদ্ধিজীবী নন? এরাই শুধু বুদ্ধিজীবী? আমরা মনে করি যারা শুধু অন্ধকারে থাকে তাদের আমরা আলো দেখাব। বাংলাদেশের মানুষ আজ যে অন্ধকারে রয়েছে সেই অন্ধকার থেকে আজ আমরা তাদের আলোর দিকে নিয়ে আসব। এইকথা বলেই বাজেট বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মোহিনীমোহন পান্ডা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটকে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। আপনারা যদি একটু লক্ষ্য করেন তাহলে দেখতে পাবেন ১৯৭৭ সালে শিক্ষাক্ষেত্রে যে ব্যয় বরাদ্দ মঞ্জুর করা হয়েছিল আজকে বাজেটের সেই দাবির ১২৫ কোটি টাকা বামফ্রন্ট সরকার বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। কিন্তু যদি দেখা যায় ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত তাহলে দেখা যাবে খুব সামান্যতরই লাভ করেছে। ওই সময়ে

শিক্ষা ক্ষেত্রে যে অবস্থা চলছিল এবং যে গন্ডগোল চলছিল সেটা সকলেই জানেন। আমার আগের বক্তা মহঃ সোহরাব সাহেব বললেন এখন শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য, বিশৃঙ্খলা চলছে। ওনার নিশ্চয় মনে আছে ওনাদের রাজত্বের সময় ১৯৭৪ সালে শিক্ষাক্ষেত্রে কি অবস্থা চলছিল? ওদেরই বিধানসভায় বাজেট অধিবেশনে ওদের দলের সদস্য তুহিন সামন্তের কিছু বক্তব্য আমি বিধানসভা প্রসিডিংস থেকে পড়ে শোনাচ্ছি। এটা শুনলেই বোঝা যাবে তখন কি অবস্থা ছিল, আর আজকে কি অবস্থা আছে। ১৯৭৪ সালের ২৫এ মার্চ তুহিনবাবু বলেছিলেন শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে প্রথম এবং প্রধান জিনিস হচ্ছে শিক্ষাক্ষেত্রে যদি দুর্নীতি ঢোকে, শিক্ষাক্ষেত্রে যদি অসত্য ঢোকে, মিথ্যা ঢোকে, শিক্ষাক্ষেত্রে যদি রাজনীতির অনুপ্রবেশ ঢোকে তাহলে শিক্ষা ব্যবস্থা স্থির থাকতে পারে না এবং সেই শিক্ষা ব্যবস্থা অন্ধকারে পর্যবসিত হতে বাধ্য। আমি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কথা বলব শিক্ষামন্ত্রী মহাশয় একথা কি কখনও শুনেছেন? একটি ছাত্র ৫টি বিষয়ে পরীক্ষা দিয়েছে অনার্স দিয়েছে, এম কম দিয়েছে লাইব্রেরি সায়েন্স দিয়েছে। এই ঘটনা ঘটেছে। আরও বলেছেন যে বোটানি ডিপার্টমেন্টে ২৪টি ছাত্র পরীক্ষা দিয়েছে। তার মধ্যে ২৩ জন ছাত্র ফার্স্ট ক্লাস পেয়েছে। একজন ফার্স্ট ক্লাস পায়নি, সে বোধ হয় দল করতে পারেনি। এই কথা তুহিন সামন্ত মহাশয় বলেছেন। আরও প্রশাসনিক দুর্নীতির কথা শুনুন। আগে একে চাকুরি দেওয়া, ওকে চাকুরি দেওয়া, একে প্রোমোশান দেওয়া ইত্যাদি এগুলি হয়েছে। আজকে এরা শিক্ষকদের দাবির কথা, ছাত্রদের দাবির কথা বলছেন, অসন্তোষের কথা বলছেন। এরা শিক্ষাকে সেদিন কোন পর্যায়ে নিয়ে গিয়েছিল শিক্ষা সম্পর্কে যদি নতুন ভাবে চিন্তা করা না যায় তাহলে সেখানে নৈরাজ্য আসে। আগে স্কুলগুলিতে খাতা দেখা হত কিনা জানিনা। একটা চরম নৈরাজ্যের মধ্যে দিয়ে যাওয়া হয়েছিল। সেখানে আমাদের শিক্ষা মন্ত্রী ধ্বংসের হাত থেকে তাকে কিভাবে বাঁচানো যায় তার চেষ্টা করেছেন। আগে পরীক্ষা কিভাবে হত সেটা একটু শুনন। মাননীয় সত্য বাপুলি মহাশয়, বড় বড় কথা বলেন,.তার বক্তব্য একটু বলি। ১৯৭৪ সালের ২৩এ এপ্রিলের অ্যাসেম্বলি প্রোসিডিংস থেকে মাননীয় সত্য বাপুলির বক্তব্য একটু তুলে ধরছি—"মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী বর্তমানে হাউসে উপস্থিত নেই, থাকলে ভাল হত। বর্তমানে স্কুল ফাইন্যাল পরীক্ষা চলছে। গতকাল মাননীয় সদস্য নরেশ চাকী মহাশয় একটি প্রশ্ন তুলেছিলেন যে জয়নগর ইন্সটিটিউশনে একটা পরীক্ষা কেন্দ্রে হয়েছে। সেখানে শিক্ষাকেন্দ্রের বাইরে মাধ্যমিক শিক্ষা পর্ষদের খাতা পাওয়া যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা পর্ষদের যে খাতাতে ছেলেরা পরীক্ষা দেবে, সেই খাতা বাইরে এবং বাজারে পাওয়া যাচ্ছে। সেই খাতায় ছেলেরা প্রশ্নের উত্তর লিখে পরীক্ষার হলে গিয়ে জমা দিয়ে আসছে। আমি আপনার কাছে কয়েকটি খাতা দিচ্ছি যে খাতাগুলি মাধ্যমিক শিক্ষা পর্ষদ থেকে দেওয়া হয়েছে ছেলেদের পরীক্ষা দেবার জন্য। সেই খাতাগুলির বাজারে সেই সেন্টারের সামনে পাওয়া গিয়েছে এবং সেখানে বিক্রি হচ্ছে। আমি আপনাকে সেই রকম কয়েকটি ব্ল্যাঙ্ক খাতা দিচ্ছি, আপনি এই বিষয়ে অবিলম্বে দেখুন যে সাদা খাতা এইভাবে কি করে বাজারে পাওয়া যায়।" এই কথা তখনকার বিধানসভার মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় বলেছেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত শিক্ষা ক্ষেত্রে কিভাবে চরম নৈরাজ্য চরম অরাজকতা, চরম বিশৃঙ্খলতা এবং দুর্নীতি চলেছিল তার প্রকৃষ্ট প্রমাণ। আজকে বামফ্রন্ট সরকার শিক্ষাক্ষেত্রে সেই চরম বিশৃঙ্খলতা, চরম নৈরাজ্য, দূর করে একটা সুষ্ঠু এবং স্বাভাবিক অবস্থা ফিরিয়ে এনেছে। আজকে বামফ্রন্ট

সরকার শিক্ষা ক্ষেত্রে একটা সুস্থ্য পরিবেশ সৃষ্টি করেছে শিক্ষার বিভিন্ন দিকে উন্নতি করেছে। আজকে অন্তত প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যাতে প্রতিটি গ্রামে স্কুল স্থাপন করা যায় তার জন্য বামফ্রন্ট সরকার চেষ্টা করেছেন। আজকে একথা কেউ বলতে পারবে না যে গোটা পশ্চিমবাংলার এমন কোনও এলাকা আছে যেখানে প্রাথমিক স্কুল নেই। বামফ্রন্ট সরকার বিগত ৩ বছরের ৪৬ হাজার প্রাথমিক স্কুল মঞ্জুর করেছেন। প্রতিটি গ্রামে যেখানে শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবস এলাকা, যেখানে কোনও দিন স্কুল করা হয়নি, সেই সমস্ত এলাকায় স্কুল খোলা হয়েছে যাতে সেখানকার গরিব মানুষের ছেলেমেয়েরা লেখাপড়ার সুযোগ পায়। তারা যাতে বুঝতে পারে, শিখতে পারে, জানতে পারে তার জন্য চেষ্টা করা হয়েছে। শুধু তাই নয়, বামফ্রন্ট সরকার শিক্ষাকে সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দিতে চায়। আপনারা আপনাদের সময় কি রকম স্কুল করেছিলেন? একটা মঞ্জুরির চিঠি দিয়ে আপনাদের দায়িত্ব শেষ হয়ে যেত আপনাদের নেতাদের স্কুলগুলি একটা ব্যক্তিগত সম্পত্তি করে নিয়েছিল স্কুলগুলিকে নিয়ে ব্যবসা করতেন একটি পয়সাও সেখানে দিতেন না। মাস্টার মহাশয়রা কোনও দিন ঠিক সময়ে তাদের মাহিনা পেতেন না ভীষণ অসুবিধার মধ্যে তাদের পড়তে হত। পশ্চিমবঙ্গে জুনিয়র হাই স্কুল হায়ার সেকেন্ডারি স্কুল প্রত্যেকটি স্কুলের মাস্টারদের একটা গ্যারান্টি দিতে পেরেছি। ব্যাঙ্ক থেকে তারা মাহিনা পাবেন—এটা চিন্তা করতে পেরেছেন? আজকে বিভিন্ন লাইব্রেরিতে গ্রান্টের টাকা অনেক বাড়িয়ে দিয়েছে এই বামফ্রন্ট সরকার। আপনাদের সময় রুর‍্যাল লাইব্রেরি পেত ৬০০ টাকা এখন তারা পাচ্ছে ৪০০০ টাকা সাবডিভিসন লাইব্রেরি পেত ৩০০০ টাকা এখন তারা পাচ্ছে ১০,৫০০ টাকা জেলা লাইব্রেরি পেত ৫০০০ টাকা এখন তারা পাচ্ছে ৫০,০০০ টাকা। শিক্ষার ব্যপক প্রসারের জন্য তারা এই সব জিনিস করেছে। তাছাড়া এই সরকার বেসরকারি ও অন্যান্য গ্রন্থাগারের বৎসরে ১০ লক্ষ টাকা সাহায্য দেন। তাছাড়া গ্রন্থাগারগুলিতে চাকুরির শর্ত সরকারি কর্মচারিদের সমতুল্য করা হয়েছে। এইভাবে বামফ্রন্ট সরকার শিক্ষা জগতে একটা বিরাট পরিবর্তন এনে যাতে গ্রামে গরিব মানুষরা শিক্ষা লাভ করতে পারে তার প্রচেষ্টা চালিয়েছেন। গ্রামে বিভিন্ন জায়গায় নৈশ বিদ্যালয় স্থাপন করেছেন। এইভাবে শিক্ষার যাতে ব্যাপক প্রসার লাভ করে তার চেষ্টা করে যাচ্ছেন। তাই অমি এই বামফ্রন্ট সরকারের শিক্ষার ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় আজকে আমাদের দেশের জাতীয় আন্দোলন শুরু হবার আগে জাতীয় শিক্ষা আন্দোলন আরম্ভ হয়েছিল। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রামের সঙ্গে আমাদের জাতীয় শিক্ষা আন্দোলন ওতপ্রতভাবে জড়িত। একদিকে চলেছে জাতীয় পরিষদ গঠনের প্রচেষ্টা আর অন্য দিকে চলেছে রবীন্দ্রনাথ, মহাত্মা গান্ধীর জাতীয় আন্দোলন। আমাদের দেশের নায়ক সেদিন উপলব্ধি করেছিলেন শিক্ষা এবং জাতীয় আন্দোলন বিচ্ছিন্নভাবে হতে পারে না। আমরা জানি দেশবরেণ্য নেতাজি যখন কংগ্রেসের সভাপতি হয়েছিলেন তখন তিনি একটা আলাদা কমিটি গঠন করেছিলেন এবং নির্মল সিদ্ধান্ত তার অন্যতম সদস্য ছিলেন। স্বাধীনোত্তর ভারতে আমরা মনে করেছিলাম শিক্ষা সমস্যা সামাজিক মৌলিক সমস্যা পৃথক নয়। এবং সেই দৃষ্টিকোণ থেকে আমাদের দেখা দরকার। কিন্তু স্বাধীনতার পর সেই দৃষ্টিকোণকে সম্পূর্ণ অবেহলা করা হয়েছে। তবে জয়প্রকাশ নারায়ণ সর্বাত্মকভাবে বিকল্প শিক্ষা ব্যবস্থা

করতে চেয়েছিলেন। তার সেই দৃষ্টিভঙ্গির পরিচয় আমরা পেয়েছি। আজকে শিক্ষা বাজেটে এই কথা কেন বলছি। আজকে যখন বিধানসভায় আসে তখন আমার বন্ধু মাননীয় সদস্য প্রবোধ সিংহ মহাশয় আমাকে বললেন আজকে শিক্ষা বাজেট পাশ হবে দেখ আকাশ কি রকম কালো অন্ধকার হয়ে আছে। এটা আমার কাছে খুবই তাৎপর্যপূর্ণ মনে হল। খবরের কাগজটা দেখে মনটা খুব খারাপ হয়ে গেল। দু দশকের উপর শিক্ষকতা করছি, দলীয় রাজনীতি নিশ্চয় করি কিন্তু শিক্ষাকে শিক্ষক হিসাবে দেখার চেষ্টা করি। স্যার, আজকে শিক্ষা নিয়ে যে রাজনীতির ঘূর্ণাবর্ত সৃষ্টি হয়েছে তারজন্য বামফ্রন্ট সরকার বহুলাংশে দায়ী। এখানে একজন মাননীয় সদস্য ইংলিশ মিডিয়াম স্কুলে পড়া নিয়ে কিছু বললেন এবং অভিযোগ করলেন দেখলাম এবং বারি সাহেব জবাব দিলেন, এটা অসত্য কথা। আমরা অনেক কথা শুনি যে অনেক এম এল এ অনেক মন্ত্রীর ছেলে নাকি ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। সত্য, মিথ্যা আমি বলতে পারব না, তবে এটুকু বলতে পারি যে ফ্রন্টেরই কোনও মাননীয় সদস্য আমাদের বলেছেন যে অনেক সদস্যের ছেলে ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। আমার কাছে ভাষা শিক্ষার ব্যাপারটা তত বড় নয় যত বড় ইউনিফর্ম প্যাটার্ন অব প্রাইমারি এডুকেশনের ব্যাপারটা। আজকে এটা যদি আমরা না করতে পারি তাহলে শিক্ষা ব্যবস্থায় কোনও পরিবর্তন আসতে পারে না। আজকে যে বৈষম্যের সৃষ্টি হয়েছে সেই বৈষম্য সৃষ্টিতে আপনাদেরও দায়িত্ব রয়েছে। আপনারা এ ব্যাপারে কোনও পদক্ষেপ নিতে পারছেন না। অন্তত এই ব্যাপারটা নিয়ে আপনারা কনফ্রন্টট্রেশনে যেতে পারতেন। ভাষা শিক্ষা নিয়ে অনেক কথা বলা হয়েছে, আমি আর বিশেষ কিছু বলতে চাই না তবে একটা কথা বলব যে ভাষা শিক্ষা সে প্রাথমিক স্তরেই হোক বা উচ্চশিক্ষার স্তরেই হোক এটা পিওরলি অ্যাকাডেমিক ব্যাপার, কাজেই অ্যাকাডেমিক পয়েন্ট অব ভিউ থেকে এটাকে গ্রহণ করতে হবে। আপনারা জায়গায় জায়গায় সুবিধা মতো কোঠারি কমিশনের কথা বলবেন এটা চলে না। কোঠারি কমিশনের অনেক সুপারিশ রয়েছে যেগুলির মধ্যে আপনারা যাচ্ছেন না।

কোঠারি কমিশন বলেন নি ক্লাস থ্রি থেকে সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অপশন্যাল ল্যাঙ্গুয়েজ হিসাবে পড়ার কথা। হায়ার প্রাইমারিতে সেকেন্ড ল্যাঙ্গুয়েজের প্রভিসন রয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবৃতিতে আছে যে ক্লাশ সিক্স থেকে ইংরাজি আরম্ভ হবে এটা নাকি কোঠারি কমিশন বলেছেন, কোঠারি কমিশনের সুপারিশ কিন্তু তা নয়। কোঠারি কমিশনের রিপোর্ট আমাদের কাছে আছে, আমরা পড়েছি, আপনারাও ভালো করে পড়ে দেখবেন আমার কথা ঠিক কিনা। উচ্চশিক্ষা স্তরে ভাষা নিয়ে যে সমস্যার সৃষ্টি হয়েছে সেটা একান্তভাবেই রাজনৈতিক কারণ ক্যাবিনেট ডিসিসন অনুযায়ী আজকে কলকাতা বিশ্ববিদ্যালয় "অ্যাডিশনাল কম্পালসারি ল্যাঙ্গুয়েজ" হিসাবে ইংরাজি এবং বাংলাকে রাখা হয়েছে। ভাষা শিক্ষার গুরুত্বকে লাঘব করার কথা কোঠারি কমিশন কিন্তু বলেন নি। মাতৃভাষাটা পর্যন্ত আপনারা অপশন্যাল করে দিয়েছেন, আজকে ভাষা শিক্ষার কোনও গুরুত্বই নেই। ডিগ্রি কোর্সে ইংরাজির প্রভিশন না থাকলে ডিগ্রিই দেওয়া হবে না এই সুপারিশ কোঠারি কমিশনের রিপোর্টে রয়েছে। সময় থাকলে আমি সেগুলি উদ্ধৃতি দিতে পারতাম, আমি আর তারমধ্যে যাচ্ছি না। আজকে এটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে করা হয়েছে। ভাইস-চ্যান্সেলররা আজকে ক্যাবিনেটের সিদ্ধান্তকে কোট করে তাদের বক্তব্য রাখছেন, কাউন্সিলের অ্যাকাডেমিক কমিটির বক্তব্য তারা দিচ্ছে না।

অবকুটার ডব্লু বি সি ইউ টি এ শিক্ষকদের একমাত্র সংগঠন, যার নেতৃত্বে এই বামফ্রন্টের নেতারা রয়েছেন তারাও যাবার অ্যাপিল করছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাছে যে Not to take a hasty decision. WBCUTA formally expressed its view on the basis of the opinion of the teachers, তারপর আর একটি জায়গায় তারা তাদের রেজলিউশনে বলেছেন It also expect that the universities in the State will wait for the conscientious opinion of the academic community on this vital issue and final decision will be taken on a democratic basis. However, it will be better if the isuue is settled by democratic bodies following the propose amendments in the Universities Act.

ততদিন আপনাদের তর সইল না। নির্বাচিত সিনেট, নির্বাচিত অ্যাকাডেমিক কাউন্সিলের ব্যাপার আপনারা রাখেন নি বা নির্বাচিত এক্সজিকিউটিভ কাউন্সিল ভাষা শিক্ষার ব্যাপারে সিদ্ধান্ত করুন, সিন্ডিকেট এসে অ্যাকাডেমিক কমিউনিটির ওপিনিয়ন নিক, সেদিকে আপনারা গেলেন না। সিলেবাস রচনার ক্ষেত্রে অর্বিট্রারিলি একটা সিলেবাস ছাপিয়েছেন। আমার নিজের অভিজ্ঞতা আছে। বোর্ড অব স্টাডিজের সভ্য হিসাবে আমি অনেকদিন কাজ করেছি, আমরা চেষ্টা করেছি যতদুর সম্ভব শিক্ষক সমাজের মতামত নিতে। যখন একটা সিলেবাস পরিবর্তন হয়, আমি মনে করি যে যতদূর সম্ভব ছাত্রদের ওপিনিয়ন অ্যাসার্টেন করা দরকার। আপনারা তার মধ্যে যাননি। আপনারা একপেশে সিলেবাস চাপিয়েছেন, আমাদের মতামত নেবার প্রয়োজন আপনারা মনে করেন নি। বার বার এখানে কোঠারি কমিশনের কথা বলা হয়েছে। আমি প্রাথমিক স্তরের কথা বলছি না, কিন্তু উচ্চশিক্ষার স্তরে একটা ছেলে বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পেয়ে যাবে, সেখানে তার ন্যূনতম ইংরাজি জ্ঞান থাকবে না, এটা হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইউ জি সি-র সম্প্রতি একটা সিদ্ধান্তের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীকে এই কথা বলতে চাই, যদিও তিনি এখানে নেই, আমাদের বক্তব্য শোনার প্রয়োজনীয়তা মনে করেন না, তবুও আপনার মাধ্যমে হাউসের সকলের কাছে সেটা রাখতে চাই। ইউ জি সি-র সর্বশেষ সিদ্ধান্ত হচ্ছে The U.G.C is seriously considering introduction of English texts for entrance to Universities. This is among the reforms Suggested by national workshop organised by the N.C.C. for improvement of English teaching at the University level. Among other recommendations of the U.G.C. is that English be taught as compulsory subject for a maximum period of 2 years to B.A., B.Com, and B.Sc. students.

আমি প্রথমে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সম্পর্কে কয়েকটি কথা বলছি। তারপরে প্রাথমিক শিক্ষা সম্পর্কে কয়েকটি কথা বলব। আজকে আপনারা ক্ষমতায় আসবার পরে মৌল কোনও দৃষ্টিভঙ্গি না এনে পরিচালক মন্ডলীগুলি দখল করার দিকে গেছেন। একের পর এক ইউনিভার্সিটি দখল করছেন, বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন দখল করছেন এবং সরকারের মনোনীত, বামফ্রন্টের লোক যত বেশি কমিটিতে ঢোকানো যায় সেই দিকেই আপনাদের লক্ষ্য ছিল। গবেষণার ক্ষেত্র আজকে রুদ্ধ হয়েছে। আমি তথ্য দিয়ে এগুলি দেখিয়ে দেব। নন-প্ল্যান এক্সপেন্ডিচার কমানো হয়েছে এবং তার ফলে নতুন পদ আজকে সৃষ্টি হচ্ছে না।

অনেক পদ আজকে খালি হচ্ছে। বিজ্ঞান শিক্ষা একটা সমস্যা হয়ে দেখা দিয়েছে। ন্যূনতম যে চাহিদার কথা ইউ জি সি বলেছে ফিজিক্স অনার্স, কেমিস্ট্রি অনার্স থাকলে—ন্যূনতম একটা শিক্ষা যেটা থাকা দরকার, সেটা কলেজে নেই। নতুন পোস্টের স্যাংশন আসছে না এবং যেখানে স্যাংশন এসেছে সেখানে দেরি হচ্ছে। মাননীয় শিক্ষামন্ত্রী নিজেই জানেন। তিনি যে কলেজে অধ্যাপনা করতেন বা মন্ত্রীত্ব চলে গেলে আবার যে কলেজে পড়াতে যাবেন, সেই কলেজের এক একটা বিভাগে কত পোস্ট খালি পড়ে আছে। রাইটার্স বিল্ডিংসে কত বার যাতায়াত করতে হবে একটা পোস্টের স্যাংশনের জন্য এবং চিঠি দিলে উত্তর আসে না। ব্যুরোক্রাসি কিভাবে রাইটার্স বিল্ডিং-এ আছে সেটা সকলেই জানেন। ১০০টির উপর কলেজে মাইনা হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় সেদিন প্রশ্নোত্তরের সময়ে বলেছেন যে তাকে নোটিশ দিতে হবে কত কলেজে মাইনা হচ্ছে না। এখানে মাননীয় সদস্যরা আছেন, অধ্যাপক অমিয় ব্যানার্জি মহাশয় আছেন, জানি না তারা কলেজে মাইনা দিয়েছেন কি না?

**Shri Amiya Banerjee :** Whatevers that may be. The fact remains that payment has been made.

**শ্রী সন্দীপ দাস :** যদি দিয়ে থাকেন তাহলে ফান্ড ডাইভার্ট করে দিয়েছেন, সরকারের টাকা পেয়ে দেন নি। অন্য ফান্ড থেকে ডাইভার্ট করে দিয়েছেন। সরকারের স্নেহধন্য নেতাজি নগর কলেজে মাইনা হয়নি। ১০০টির উপরে কলেজে আজকে মাইনা হয়নি। আর একটা সসম্যা কলেজে হয়েছে। এটা হচ্ছে হায়ার সেকেন্ডারি এডুকেশনকে ফ্রি করে দিয়েছেন। এটা খুব ভাল কথা এবং নিশ্চয়ই সরকারকে এর জন্য একশো বার সাধুবাদ জানাব। কিন্তু যে ২৫ পারসেন্ট টাকা আজকে হায়ার সেকেন্ডারির ছাত্ররা টিউশন ফি হিসাবে পেত, সেই টাকা কলেজ পাচ্ছে না। এদের পরিকল্পনা কি সেটা বাজেট বক্তৃতার মধ্যে কোথাও পেলাম না। কাজেই সেটা যদি জবাবি ভাষণে বলেন যে কিভাবে ডেফিসিট কভার করবেন তাহলে নিশ্চয়ই আমরা উপকৃত হব। কলেজ ডেভেলপমেন্ট গ্রান্টের বেসিসটা কি, তা আমরা বুঝতে পারছি না। মন্ত্রীর নিজের এলাকার বাগআটি কলেজ ২১ লক্ষ টাকা গ্রান্ট পেয়েছে, অথচ কলেজটির বিরুদ্ধে ফাইনান্সিয়াল ব্যাপারে কারচুপির অভিযোগ রয়েছে। গভর্নমেন্টের অনুমতি ছাড়াই মর্নিং সিফট চালু হয়েছে। অথচ আজকে এই বিষয়গুলি মন্ত্রী মহাশয়ের নজর এড়িয়ে গেছে। অপর একটি কলেজে বামফ্রন্টের একজন বিধানসভা সদস্য গভর্নিং বডির সভাপতি, তিনি গভর্নিং বডির সভা না করেই চিঠিতে বলছেন যে, গভর্নিং বডির নির্দেশেই এই চিঠি লেখা হচ্ছে ইত্যাদি। আজকে এই ধরনের সব ঘটনা ঘটছে। পর পর তিন বার কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সম্মেলনে উপস্থিত হয়ে মাননীয় মন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন যে, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের কর্মীদের বাড়ি ভাড়া ভাতা এবং চিকিৎসা ভাতা দেওয়া হবে। এখন বলছেন পে কমিশনের সুপারিশ অনুযায়ী এটা দেওয়া হবে। আমরা শুধু হবে হবে হবে, শুনে আসছি, কিন্তু কবে হবে তা বুঝতে পারছি না। সে সম্পর্কে মন্ত্রী মহাশয় একেবারে নিবর। কলকাতা বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম সময়ে মধ্যে নির্বাচন করা হবে বলা হয়েছিল। যাই হোক বর্তমানে ইলেকশন প্রসেস আরম্ভ হয়েছে, প্রথমে বলা হয়েছিল ২৭/২/৮১ তারিখের মধ্যে নাম এনরোলমেন্ট করাতে হবে, তারপরে সেটা বেড়ে হল ৩১/৩/৮১। ইতিমধ্যে ৪০ হাজার ফর্ম বিক্রি হয়ে গেছে। এব্যাপারে গণশক্তিতে প্রবোধবাবুর অ্যাপিল

বেরিয়েছে। তবে আমি এ বিষয়ে একটা কথা বলব যে, রুলেতে একটা প্রভিসো আছে, provided that those who will enrole themselves in register before 31-3-79 will be allowed to enrole as voters to their first election to the Senate of Calcutta University of 1979.

এটার অর্থটা আমি ঠিক বুঝতে পারছি না। এই প্রভিসোর অর্থটা কি? তারপর ৮টি কলেজ স্থায়ীভাবে অধিগ্রহণ করার মাননীয় মন্ত্রী অভিপ্রায় প্রকাশ করেছেন। কিন্তু সে বিষয়ে রাষ্ট্রপতির সম্মতি পাননি। এ বিষয়ে হয়ত আবার বিল আনবেন—টেম্পোরারি সুপারসেসন বিল আনবেন, এবং তখন এ বিষয়ে নিশ্চয়ই মন্ত্রী মহাশয় বলবেন। কিন্তু আমরা এগুলিকে স্থায়ীভাবে সরকারি কলেজ করতে চেয়েছিলাম। কিন্তু আমাদের কাছে খবর যা আছে তাতে আমরা দেখছি যে, সরকারের পক্ষ থেকে স্থায়ীভাবে সরকারি কলেজ করার জন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীকে বলা হয়নি। যেমন ধরুন গভর্নমেন্ট কলেজ অব আর্টস অ্যান্ড ক্রাফ্টস সম্পর্কে পলিসি কি, তা আপনারা পরিষ্কার করে বলেননি। তারপর বিড়লা কলেজ অব সায়েন্স দু বছর হল অধিগ্রহণ করা হয়েছে, সেখানে কর্মীদের বেতন ফিকসেসন হয়েছে, কিন্তু তারা দু বছর ধরে ডি এ পাচ্ছে না। কেন পাচ্ছে না তা বুঝতে পারছি না। তারপরে সরকারি কলেজের বদলির নীতিটা কি? প্রেসিডেন্সি কলেজের রিসার্চ গাইডদের শিক্ষা বিভাগ থেকে সার্কুলার দিচ্ছে অন্য কলেজে বদলি করে দেওয়া হচ্ছে। অথচ অন্য জায়গায় দেখছি এক একজন ২০ বছর ধরেই একই জায়গায় কাজ করে চলেছে, তাদের বদলি করা হচ্ছে না! সুতরাং আমাদের প্রশ্ন হচ্ছে বদলির উদ্দেশ্য এবং পলিসিটা কি? তারপর রিসার্চ ডিপার্টমেন্ট কিভাবে অবহেলিত হচ্ছে দেখুন। সত্যেন বোস ইন্সটিটিউট অব ফিজিক্যাল সায়েন্স যারা আছেন তাদের জন্য দু বছর ধরে ইউ জি সি-র কাছে টাকা চাওয়ার জন্য কোনও পলিসি ঠিক করতে পারছেন না। আলাদাভাবে টাকা আসা সত্ত্বেও আজকে এম ফিল কোর্স বন্ধ হয়ে গেল। তারপর ইন্ডিয়ান অ্যাকাডেমি অব ফিলোজফি এবং অন্যান্য সব সরকারি ক্ষেত্রেও এই সব প্রশ্নগুলিই দেখছি। মাদ্রাসা শিক্ষার পুনর্বিন্যাস হয়েছে ঠিক কথা, কিন্তু অবহেলিত টোল গুলির দিকে সরকারের কোনও দৃষ্টি নেই। আমি বলতে চাই যে, এ বিষয়ে শিক্ষা কমিশনের সুপারিশ ছিল, বর্তমানে এগুলি কার্যকর করা দরকার। তারপর স্টেট কাউন্সিল অব এডুকেশন অবিলম্বে গঠন করা হোক এবং শিক্ষামন্ত্রীকে সভাপতি করে গঠন করা হোক। কারণ শিক্ষার সমস্ত ক্ষেত্রে সমন্বয় দরকার। আর একটা কথা হচ্ছে, প্ল্যানিং কমিটি অ্যাট দি অফিসার্স লেভেল, সেটা নিয়েও কথাবার্তা হচ্ছে। তারপর এডুকেশন সেক্রেটারি আই এ এস পোস্ট কখনই হতে পারে না, ইট সুড এ টেনিয়র পোস্ট কেন্দ্রের ক্ষেত্রে এবং রাজ্যের ক্ষেত্রে, হি সুড বি অ্যান অ্যাডভাইসার অব দি মিনিস্টার এবং সেইভাবে বিশেষ শিক্ষাবিদকে এডুকেশন সেক্রেটারি করা হোক। শিক্ষা কমিশনের সুপারিশ সেইভাবে রয়েছে। প্রাথমিক স্কুলে রেকগনাইজেশনের ক্ষেত্রে পক্ষ-পাতিত্ব হচ্ছে নাকি? মন্ত্রী মহাশয় বলেছেন, ৩ মাইলের মধ্যে প্রাথমিক স্কুল হবে না কিন্তু পলিটিক্যাল গ্রাউন্ডে জায়গায় জায়গায় স্কুল হচ্ছে না কি? মালদা জেলায় অনেকগুলি ক্ষেত্রে হয়েছে। এইগুলি তথ্য দিয়ে বলে দেওয়া যায়। কতকগুলি ক্ষেত্রে সঙ্কীর্ণ দলবাজি হচ্ছে, আপনাদের দলের লোকেরাই সহ্য করতে পারছেন না। আমি এই প্রসঙ্গে একটা দৃষ্টান্ত দিচ্ছি, মালদা জেলায় স্কুল বোর্ডের প্রেসিডেন্ট এই দলবাজির জন্য তিনি

পদত্যাগ করেছেন। আপনাদেরই পার্টির লোক, শিক্ষা ক্ষেত্রে দলবাজির জন্য তিনি পদত্যাগ করেছেন। প্রতিবন্ধীদের শিক্ষার ব্যাপারে আন্তর্জাতিক প্রতিবন্ধী শিক্ষাবর্ষে এই সরকার একটি কর্মসূচি নিয়েছেন কিন্তু বাজেটের যা এক্সপেন্ডিচার তার মধ্যে সঙ্গতি খুঁজে পাচ্ছি না। বাজেট এস্টিমেট এবং রিভাইসড বাজেটে গত বছর ডেভেলপমেন্ট অব ইনস্টিটিউশন ফর এডুকেশন হ্যান্ডিক্যাপস-এর জন্য প্রথমে ছিল ৮৯.২০ হাজার আর এবারে ৩৫.২০। ডেভেলপমেন্ট অব ট্রেনিং অব ইনস্টিটিউশন অব হান্ডিক্যাপস এর অন্য ছিল ১০.২০ আর তার জায়গায় হয়েছে ৭.২০ কাজেই বাজেটে যে বক্তব্য রেখেছেন তার দ্বারা এই আন্তর্জাতিক প্রতিবন্ধী বর্ষে কিভাবে ইমপ্লিমেন্টেড করবেন তা আমি বুঝতে পারছি না। যাই হোক, আমার স .য় আর নেই, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** আমাদের সময় উত্তীর্ণ হয়ে গেছে। আরও ১ ঘণ্টা সময় আমাদের নিতে হবে কারণ ২ জন মন্ত্রীর এবং আরও সদস্যের বক্তব্য আছে। সুতরাং সভার অনুমতি নিয়ে আরও ১ ঘণ্টা সময় বাড়ানো হল।

**Shri Nail Aloysius O'Brien :** Mr. Speaker, Sir, I should be brief and not adding too much to the time. I am here not to praise this budget, not to bury it. I would like to make a few points, bearing in mind what our Minister for Primary and Secondary Education said some time ago that argument from this question of language should be based on academic consideration, and not political. There are two opinions on, whether second language should be taught at the primary level or not it does not matter what language it is. These two views have **expenents** a lot can be said in favour or against. But if I may point out a little from the experiance of my own community, proviously most of us was dovoting very little time to the study of Bengali and we began to find that the students that we were producing from our schools come out with either very inadequate or even the faulty knowledge of the language, and over the years we have been taking the study of the second language not up but down. We have taken it down from Classs VI and now it is from Class X. Still we have not been able to master it as we should and if this in any experience, any language has to be learnt earlier, it should be learnt at the stage of imitationie, childhood. I do admit that the dilema being faced is how do you control large number of drop outs in schools particularly in villages where the burden of English is so great, how do you manage to increase, what is the basic reason for education namely, literacy. When children have to learn first of all the three 'R's in their own language before they can move into something else. At the same time we must not forget that we are educating for a particular system whether you agree or you do not agree with system is immaterial. It is the system we have to face the employment of the particular social structure that exists, and perhaps I

would suggest that the quality of opportunity should be given opportunity to study the second language but with a choice, and perhaps you might consider it at the primary level. I am thinking mostly not of the urban situation but of the rural, of giving English to those who want it and lot it go to those who don't. Then you may see whether people want it or they do not want it in the practical applications. Those who want it will use it for whatever aims they have, and for the others who have other difficulties they will not opt for it. One of the great blessings of the State has been community is living in harmony. We have not had the disturbances of the fanaticism of language which many States in other parts of the country have experienced. Let us not at this stage give a sense of fear to any community any minority community that this step is the beginnings of something further because if this fear comes in, the harmony of commuity and the harmony of the language and we have several languages here will no longer exist. I think it is not the question of changing syllabuses, but it is most important question of methodology. Apart from this we have moved for changing syllabuses and yet we have retained in many respects our old theory of education. In fact, I wonder how many of us believe that educational method might also change. But the study of language has to be taught in different ways, it reminds me of one cartoon I was the other day in an American magagine. Some one came to our library and asked, where can I find books on educational theory ? The librarian said, "under fiction". Now, let us take the question of secondary and higher secondary on which I have spoken of before. We have first language and second language at the secondary level and instead of having the two streams at the higher secondary level, we have a merger of both languages compulsory for pupils whose mother tongue is Bengali and those whose mother tongue is not Bengali.

And the result is that it satisfied neither and we can see it in the examination results failures, the largest number invariably in language. What language should one study ? let us ask. In my own community we are facing a problem. There are a large number of students studing in the hill schools who take Nepali as the second language, those in the plains and cities here take Bengali When they come to plus 2 level, those who study Nepali language may take English as alternative language. Why ? Because Nepali is not in the 8th Schedule of the Constitution. This is an anomaly which should be rectified and those in the plains will have to continue to study Bengali language. We want to study a language, but as I said before, it must be a language which has a meaning. To thrust down anybody's throat literature is a

secondary thing. Literature is a matter of choice and I say this not only in regard to the study of Bengali but also in regard to the study of English by people whose mother tongue is not English. But too much emphasis is given on literature and less on the change of our system of teaching the second language and I am afraid we will be begged down with this terrible burden that we have imposed on our children for learning literature rather than a language.

I would like to commend the Government on one thing and that is, bringing forward the dates of examination. After a very long time we have seen Secondary Examination in March, Even more important, I would suggest is that the publishing of results particularly of the plus 2 should be done to fit in with the rest of the country so that our boys and girls in this State do not have any difficulty of getting admission into other States Institutions for Higher Education. Invariable in the past people had to apply for admission only to hear, "Sorry, you can't come in, we do not have your results".

We must fit in with this parttern right through. Another suggestion I have to make about higher secondary. We have arrangement for private candidates at the secondary level. We have arrangements for private candidate at the graduate level but in between two stages to the best of my knowledge, there is no such provision and what happens to these who after finishing school, for economic or other reason are unable to continue studies. Is that the end of the road for them ? I, therefore, appeal that similar provisions for private candidates should be there for higher secondary edcucation.

Then we have the undergraduate level at the colleges. I was hearing somebody saying the other day that it took five years to become a graduate, and looking to some past performance, I think, it is true. Now a move to improve the examination timing has been made at the secondary and higher secondary levels. This should continue further.

Finally, I would like to say that it is very important that education should be left to the individual. There has been a talk of English medium education should one go through it or not. I think it is individual's choice. In this connection I would like to remind the House of the Judgement of a Bombay case at the time when Mr. Morarji Desai was the Chief Minister of Bombay, which said, "English medium education is for those whose mother tongue is english". It was struck down, any education is open to anybody in whatever language it is. Thank you :

**শ্রী আব্দুল বারি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী পক্ষের বলার কিছু নেই। সোহ্‌রাব সাহেব বলবার চেষ্টা করেছেন আমরা এত স্কুল, কলেজ, ইউনিভার্সিটি করেছি। আমরা যখন আসি তখন দেখেছি ৩৮ হাজার গ্রামে ৪২ হাজার প্রাইমারি স্কুল আছে। অনেক এই স্কুল হয়েছে, ইউনিভার্সিটি হয়েছে কিন্তু দৃষ্টিভঙ্গি কি ছিল? দৃষ্টিভঙ্গির কি কিছু পরিবর্তন হয়েছে? ৩ বছর আগে এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন এমন এক জায়গায় হয়েছিল যেটাকে চাপা দেবার জন্য আমাদের রাজনীতি করতে হচ্ছে। কিন্তু সেটা আপনাদের মতো নয়। আজকে সরকারের দৃষ্টিভঙ্গি এই নয় যে কতকগুলি ছেলেকে প্রভাইড করবার জন্য প্রাইমারি স্কুল করলাম। কতগুলি ছেলে পেছনে পেছনে ঘুরছে বলে তাদের জন্য জুনিয়র হাইস্কুল মাদ্রাসা করে দাও। আজকে দৃষ্টিভঙ্গি হচ্ছে সমস্ত ছেলেমেয়ে শিক্ষাকে সুনিশ্চিত করা। এই দৃষ্টিভঙ্গি থেকেই স্কুল হবে এবং সেই স্কুল করতে গেলে সরকারকে তার দায় দায়িত্ব নিতে হবে। এই দায়িত্ব কি আপনারা নিয়েছিলেন? আমরা সমস্ত মাস্টারমশায়ের দায়িত্ব নিয়েছি। আমি দক্ষিণ ভারতের কর্ণাটক, কেরালা এবং তামিলনাড়ুতে গিয়েছিলাম। আমি গর্বের সঙ্গে বলতে পারি যে সেকেন্ডারি প্রাইমারি এবং মাদ্রাসা শিক্ষকদের দায়িত্ব এখানকার সরকার ছাড়া আর কোথাও গ্রহণ করেনি। টিপু সুলতানের মসজিদের পাশে একটা মাদ্রাসা স্কুল ছিল যেখানে কোরান পড়ানো হচ্ছে কিন্তু সেই স্কুলের মাস্টারমশাই কোনও বেতন পান না। অথচ যেখানে আট টাকা ১০ পয়সা মজুর শ্রমিকরা পায় সেখানে এটা পাবার জন্য আন্দোলন করবেন বলে আমাকে বললেন। এই সরকার এখানকার মৌলবিদের সেই সম্মান দিয়েছেন। সার্বজনীন শিক্ষার জন্য সেখানে তারা মাত্র ৮০ লক্ষ টাকা ইনসেনটিভের জন্য খরচ করছেন, আমরা তিন কোটি টাকা খরচ করছি। পশ্চিমবঙ্গ একমাত্র দেশ যেখানে ৩৯ লক্ষ ছেলেমেয়ের টিফিনের ব্যবস্থা করা হয়েছে। তামিলনাড়ুতে এখানে মাত্র ২০ লক্ষকে দিচ্ছে। কর্ণাটক যেখানে ৩০ বছর ধরে কংগ্রেসের শাসন চলছে সেখানে কেয়ারের খাবার ছাড়া আর কিছু দেওয়া হয় না। অতএব রাজনীতি কোথায় হচ্ছে? ৩০ বছরে সেখানে ১৪টি মেডিক্যাল কলেজ হয়েছে। এ বিষয়ে বোম্বে বিশ্ববিদ্যালয়ের সোসিওলজির অধ্যাপক বলেছেন এ আর দেশাই বলছেন education is commodity which can be purchased in the market through various agencies. সেখানে দেখলাম ১৪টি মেডিক্যাল কলেজ আছে যার মধ্যে ১২টি প্রাইভেট ২টি গভর্নমেন্ট। প্রতিটি মেডিক্যাল কলেজে ৮০ পারসেন্ট, ৬০ পারসেন্ট, ৪০ পারসেন্ট সিট রিজার্ভেশনের ব্যবস্থা আছে যারা ক্যাপিটেশন ফি ববাদ ১ লক্ষ ৬০ হাজার টাকা দিতে পারবেন। এই ১ লক্ষ ৬০ হাজার টাকা দিয়ে ডাক্তারি বিদ্যা নিতে পারে একমাত্র যারা কোটিপতির ছেলেরা। কর্ণাটকের এই ব্যবস্থা এখানে তারা শেষ করতে পারেনি। আমি গাড়ি নিয়ে একটা প্রাথমিক স্কুল দেখতে যাচ্ছি সেই সময়ে অফিসার বললেন যে ওই জাতীয় পতাকাটা গাড়ি থেকে নামিয়ে দিতে হবে কেন না কৃষকরা আন্দোলন করেছিল এবং ওখানে একটা স্কুলে ছেলেরা ধর্মঘট করে ছিল তারা যদি ওই ফ্ল্যাগ দেখে তাহলে হয়তো ইট মারতে পারে। যাইহোক ১ লক্ষ ৬০ হাজার ক্যাপিটেশন ফি দিয়ে যারা ডাক্তার হতে যাচ্ছেন তাদের অনেকে ৩/৪/৫ বারেও পাশ করতে পারছে না। এই রকম একটা কাহিনীর কথা হিন্দু কাগজে বেরিয়েছিল। সেই কাহিনীটি হল ডাঃ নটরাজন সম্পর্কে। তিনি তার স্ত্রীকে হত্যা করেছিলেন। হিন্দু কাগজে বেরিয়েছিল, এটি হত্যা, না সুইসাইড? ডাঃ নটরাজন এক মেয়ের সঙ্গে প্রেমে পড়েছিলেন, পরে তার বিয়ে হয়ে যায়। টাকা দিয়ে তিনি সেখানে ডাক্তারি

পরীক্ষায় পাশ করেছিলেন। এরকমই চলছে এখন ঐ সব রাজ্যে এ হল টাকা দিয়ে বিদ্যা কেনার ব্যাপার। ডাঃ নটরাজন হচ্ছেন, তদানিন্তন মন্ত্রী দেবরাজ আর্সের জামাই। ১ লক্ষ ৬০ হাজার টাকা ব্যয় করে ডাক্তারি পাশ করেছিলেন তিনি। ঐ সব রাজ্যে এ হল রাজনীতি এই হল আমাদের দেশের বিদ্যা। আমরা এখানে সম্পূর্ণ নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে, মৌলিক দৃষ্টিভঙ্গি নিয়ে শিক্ষাক্রম চালু করবার চেষ্টা করেছি। আমাদের গণতান্ত্রিক শিক্ষাব্যবস্থার কথা নিয়ে তথাকথিত বামপন্থী বন্ধুরা অনেক কথাই বলেছেন। আপনারা এখন বিচার করে দেখুন। আপনারা দেখুন এখানে শিক্ষাক্ষেত্রে ফি তুলে দেওয়া হয়েছে, এবং তার ফলেই আজকে গরিব ছেলেমেয়েরা লেখাপড়ার সুযোগ পাচ্ছে। আজকে গরিব ছেলেমেয়েরা বড়লোকের ছেলেমেয়েদের সঙ্গে একসাথে পাশ করবার সুযোগ পাচ্ছে। এতদিন পরে আজকে গ্রামের জুনিয়র হাইস্কুল থেকে শুরু করে মাদ্রাসা স্কুলে সমস্ত শিক্ষকেরাই নির্দিষ্ট সময়ে বেতন পাচ্ছেন। আজকে যে সুযোগ সকল ছাত্র-ছাত্রীরা পাচ্ছে সমান ভাবে, তা কি এতদিন পর্যন্ত ছিল? আমাদের সময়ে তা হচ্ছে, এ হল গণতন্ত্র, এ হল গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা। ব্যাপক শিক্ষা ব্যবস্থার কথা আপনারা বলছেন, কিন্তু এ ব্যাপারে আগে ভাবতে হবে ব্যাপক অশিক্ষার কথা, গরিব মানুষদের মধ্যে থেকে কি করে দারিদ্র দূর করা যাবে তার কথা। হ্যাঁ, দারিদ্র দূর করবার জন্যই তো আজকে বামপন্থীরা আন্দোলন করছেন সর্বত্র। আপনারা ইংরাজিতে শিক্ষার কথা বলেছেন, কিন্তু ইংরাজি থাকলেই কি সব হয়ে যাবে? ইংরাজি শিক্ষা নিয়ে তো অনেক ডবল বি সি এস আই এ এস হচ্ছেন, আর সেজন্যই আপনারা সবাই ব্যাস্ত হয়ে পড়েছেন, চিহ্নিত হয়ে পড়েছেন।

কিন্তু সঙ্গে সঙ্গে এটা একবার চিন্তা করুন না কেন যে, আজকে গরিব ক্ষেত মজুরের ছেলে, গরিব কৃষকের ছেলে স্কুলে যাচ্ছে, আপনার, আমার, সকলের ছেলে স্কুলে যাচ্ছে, একসঙ্গে লেখাপড়া শিখছে। একজন বলছিলেন, আমার ছেলে সাধারণ স্কুলে যাচ্ছে, আর বারি সাহেবের ছেলে ইংরাজি মিডিয়াম স্কুলে যাচ্ছে। হ্যাঁ, কথাটা হয়ত সত্য, আমার ছেলে ছোট থেকে হয়ত ইংরাজি শিখেছে, আর গরিবের ছেলে সে সুযোগ পাইনি। গরিব কৃষকের ছেলেকে একখানি বই কিনে দেওয়া হয়েছে, তার বাবা একখানি বর্ণমালার বই কিনে দিয়েছে, বাচ্চা ছেলে বইটি উল্টো করে ধরেছে। তাকে সোজা করে বইটি ধরিয়ে দেবার কেউ নেই এই হচ্ছে গরিবের ঘরের অবস্থা। এই ছেলে গেল স্কুলে, আর আমার ছেলে গেল স্কুলে। সেই ছেলেকে বলা হল ইংরাজি শেখার জন্য, অথচ সে ছেলে অক্ষর চিনত না আগে। তাকে বলা হল বিড়াল [illegible], সে তখন বিড়ালকে দেখছে মেনি, বিল্লি। সেজন্যই তো স্কুলে মাস্টার মহাশয় শেখাচ্ছেন বল, বিড়াল—বিড়াল, আর ছেলে বলছে বী-ড়াল। এই মাস্টার মহাশয়কে আবার বলা হল ইংরাজি পড়াতে। যে ছেলেকে বিড়াল শব্দ শেখাতে মাস্টার মহাশয়ের এত কষ্ট হয়, ঘোড়া থাকলে অশ্ব হয়, বাবা থাকলে পিতা হয়ে যায়, গাছ থাকলে বৃক্ষ হয়ে যায়—সেই ছেলেকে দ্বিতীয় শ্রেণীতে ইংরাজি দেওয়া হলে মাস্টার মহাশয় শেখাতে শুরু করবেন বৃক্ষ নয়, এবার ট্রি বলতে হবে, ফুল নয় ফ্লাওয়ার বলতে হবে, বাবা নয় ফাদার বলতে হবে, মা নয় মাদার বলতে হবে। অথচ গ্রামের ছেলে যে অক্ষর চিনতে পারে না, বর্ণ লিখতে পারে না, সে ছেলেকে বলতে হবে জল নয়, ওয়াটার। পাঠশালায় মাস্টার মহাশয় বলছেন, চাষীর ছেলে লেখাপড়া শিখছে তুই বাড়ি গিয়ে বলগে, হবে না।

এমনি করে, এইভাবে কত হাজর হাজার ছেলে স্কুল থেকে পালিয়ে যায়, তার হিসাব কি ঐসব বন্ধুরা, এস ইউ সি-র বন্ধুরা রাখেন? আজকে ভাষা নিয়ে আপনারা অনেক কথা বলছিলেন। মাতৃভাষা বা ইংরাজি ভাষা নিয়ে আমার কোনও প্রশ্ন নয়। আমার প্রশ্ন হল, এর পিছনে যে রাজনীতি লুকিয়ে আছে, সে সম্বন্ধে।

কিছুক্ষণ আগে আমার মাননীয় বন্ধু বলছিলেন, সাহিত্য সংস্কৃতি দিয়ে আর সব কিছু হলেও রাজনীতি হয় না। বামপন্থী বন্ধুরা যখন একে সামনে নিয়ে যাবার চেষ্টা করেন, তখন আপনারা বলছেন যে, বুদ্ধি বিক্রি করা হচ্ছে। অথচ এই বুদ্ধির অপসংস্কৃতির মধ্যে দিয়ে যখন ছেলেদের একেবারে নিম্নতম স্তরে নিয়ে যায়, তখন তার প্রতিবাদ কোথাও দেখা যায় না। যখন এক হাতে ছোরা নিয়ে পরীক্ষা দিতে যায়, তখন কোনও প্রতিবাদ হয় না। কিন্তু যখন বামপন্থীরা নতুন কিছু প্রবর্তন করতে যাবেন, তখন তার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। আর কাদের দাঁড় করাতে হবে সেখানে? একবার অশোক বাবুকে, একবার শঙ্কর মিত্রকে। কেউ বলছেন, ওদের কাউকে দিয়ে হবে না, ভোলাবাবুকে দাঁড় করাতে হবে—তিনি আমাদের প্রকৃত বন্ধু। কেউ বলছেন, না, সুব্রতবাবু আমাদের দায়িত্ব নিতে পারবেন, কেউ বলছেন না, অজিত পাঁজাকে রাখতে হবে সামনে। এইভাবে ওরা যে কি করছেন, তা আমি ১৫ তারিখের বসুমতি পত্রিকা থেকে একটা অংশ পড়ে শোনাচ্ছি। ওদের পক্ষে এটা স্বাভাবিক কারণ তারা রাজনীতিতে কংগ্রেসির তল্পিবাহক ছাড়া আর কোনও ভূমিকাই পালন করতে পারেননি। চিরকালই তারা এই কাজ করে এসেছেন। ডাক্তার নীহাররঞ্জন রায় আর এস পি ছেড়ে কংগ্রেসে যোগ দেন। মনোজ বসু কংগ্রেসি সাহিত্যের একজন উৎসাহী কর্মকর্তা। প্রেমেন মিত্র বাংলা সাহিত্যিকের মধ্যে একমাত্র ব্যক্তি যিনি বাঙালির অস্তিত্ব মুছে দেবার জন্য বিহারের সঙ্গে সংযুক্তিকরণের কংগ্রেস সেই চক্রান্ত প্রকাশে সমর্থন করেছিল। প্রমথনাথ বিশী, এই রাজ্যে কংগ্রেস যখন ক্ষমতাসীন ছিল তখন তিনি ওদের হয়ে এম এল সি ছিলেন। এবং কংগ্রেসের প্রসাদে রাজ্য সভার সদস্যও হয়ে ছিলেন। ব্যাপারটা হচ্ছে কি জানেন সোহরাব সাহেব আসলে চশমা চোখে দিয়ে দেখতে পাচ্ছেন না। চশমা খালি নয় তারসঙ্গে আরেকটা জিনিসও আছে যেটা আমি বলতে চাই না। আরেকটা জিনিস হচ্ছে ২৬ তারিখে স্টেটসম্যান কাগজে পি আর মালকানী নামে এক ভদ্রলোক চিঠি লিখেছিলেন Blinkeers of education in English আমি ব্লিঙ্কারসের কথার অর্থ দেখলাম। এবং ডিকশনারিতে চেম্বার ডিকশনারিতে দেখলাম ব্লিঙ্কারস কথা মানে হচ্ছে Leather screen on bridle preventings horse from seeing sideways সুতরাং সেই ঠুলি তিনি পরে আছেন। সেইজন্য আজকে আপনারা ইংরাজির হয়ে এত ওকালতি করছেন। এই সম্পর্কে ওই ভদ্রলোক কি লিখেছিলেন তার কয়েকটি কথা পড়ে দিচ্ছি The sun's glow often shines will after sunset. But the speciality about the English glow in India after Britain's imperial sunset is that it shows few signs of dimming British political influence has gone ; but the Anglo-American cultural influence has actually increased. During British rule it was not considered very patriotic to go to an English-medium school ; today it is the in thing and a few years ago a reporter discovered that the children of both the Delhi Jana Sangh president and of the Imam of the Jama Masjid went

to English-medium schools. Such institutions have ceased to be "foreign" and are now regarded as "internations". Anything can pass muster in the name of this booming fashion.

এই হচ্ছে অবস্থা। তারা বলছেন ইংরাজি শিখবেন, ইংরাজিতে কেন হায়ার এডুকেশন হবে না ইত্যাদি। আজকে আমাদের ভারতবর্ষের অবস্থা কি? ভারতবর্ষকে কোথায় যেতে হবে? রাশিয়ার সঙ্গে তুলনা করলে আমরা দেখব সেখানকার সঙ্গে সম্পর্ক আপনারা বের করেছেন আরব কান্ট্রির সঙ্গে সম্পর্কে যখন আসে তখন কেন আরবি ভাষা শিখব না? এর কারণ হচ্ছে ইংরাজি হচ্ছে সাম্রাজ্যবাদের ভাষা এবং বর্তমানে সেই সাম্রাজ্যবাদী চিন্তাও আমাদের যায়নি। সেইজন্য সেই ব্রিক্ষকারস অব এডুকেশন এ বলেছেন Today people talk of monoply houses and multinational companies. But the biggest empire and the worst monopoly is that of the English language. It has blinded us to indigenous values and to the merits of all other world cultures.

সুতরাং প্রথম বিশী থেকে আরম্ভ করে সকলেই আজকে বলছেন ইংরাজি তুলে দিয়ে আমরা কি ভুল করছি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, বারি সাহেব এইমাত্র ইংরাজি শিক্ষার জন্য যারা আন্দোলন করছেন তাদের সাম্রাজ্যবাদী বললেন—এটা অ্যাক্সপারসন অন দি স্পিকার হচ্ছে। এটা বলা ঠিক হচ্ছে কিনা?

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই আলোচনা সম্পর্কে দু একটি ছোট খাট বিষয়ে বলার পরে মূল বিষয়ে যাব। আমি আশা করি কম সময়ের মধ্যে শেষ করতে পারব। কারণ আলোচন শুনে এটাই আমার মনে হয়েছে। প্রথম কথা যেটা আমাদের মাননীয় সদস্য নিল ওব্রায়েন বলেছেন, সে সম্পর্কে আমি এই কথা বলতে পারি যে আমাদের হায়ার সেকেন্ডারি পরীক্ষার জন্য প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষা দেবার ব্যবস্থা ইতিমধ্যে হয়ে গেছে। আর একটা বিষয়ে উনি বলেছেন, যারা দ্বিতীয় ভাষা হিসাবে নেপালি পড়ে এসেছেন তারা দিতে পারবে কি না? সেটাও আমরা বিচার বিবেচনা করছি, আশা করছি হয়ে যাবে। এটা কোনও সমস্যার ব্যাপার নয়। সোহরাব সাহেব বলেছেন যে ওদের আমলে স্কুল ইত্যাদি হয়েছে। এই ব্যাপারে সদস্যরা উত্তর দিয়েছেন, আমি আর সেই বিষয়ে বলতে চাচ্ছি না। মাননীয় বিরোধী সদস্যদের মধ্যে কেউ কেউ বলেছেন যে আপনারা অশিক্ষক কর্মচারিদের ব্যাপারে কি করলেন? অশিক্ষক কর্মচারিদের ব্যাপারে আমাদের সরকারের যে ঘোষণা ছিল, মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী, সকলের তরফ থেকে যে ঘোষণা করা হয়েছিল, সেই ঘোষণা যে পূরণ করা হয়েছে সেটা সাধারণ বাজেট যেদিন পেশ করা হয়েছে সেদিন আমাদের অর্থমন্ত্রী বলে দিয়েছেন। এটা কেন মাননীয় সদস্যরা শোনেন নি, সেটা আমি ঠিক বুঝতে পারছি না। তৃতীয়ত একটা কথার প্রতিবাদ করা দরকার। একটা অসত্য কথা বার বার এই সভায় বলা হয়। সেটা হচ্ছে, আমাদের মুখ্যমন্ত্রী নাকি সল্টলেকে না কোথায় একটা ইংরাজি মিডিয়াম স্কুল খুলতে গিয়েছিলেন। এটা অসত্য কথা। খুলতে গেলে ভাগবত অশুদ্ধ হত বা শিক্ষা নীতির

ভিত্তি দুর্বল হত তা নয়। কিন্তু এই ঘটনা ঘটেনি। এর আগের দিনও আপনারা বলেছেন এবং আজকে এস ইউ সি বলেছেন। এগুলি ডিবেটের কোনও ব্যাপার নয়, এগুলি ইনফর্মমেশনের ব্যাপারে সল্টলেকে স্কুল হয়েছে, এটা ঠিক। সল্টলেকে বিভিন্ন ভাষাভাষীর লোকেরা বাস করেন। সে জন্য সল্ট লেকে শুধু ইংরাজি মিডিয়াম স্কুল হয়নি। ওখানে হিন্দি মাধ্যমে স্কুল হয়েছে দুটো একটা ইংরাজি মাধ্যমে স্কুল হয়েছে প্রাথমিক স্তরে।

আবার অনেকগুলি বাংলা মাধ্যমে স্কুলও হয়েছে প্রাথমিক স্তরে এবং মাধ্যমিক স্তরে। আবার ওখানে যদি দেখা যায় যে ওড়িয়া ভাষীদের সংখ্যা বেড়ে গেছে তাহলে আমরা নিজেরা গিয়ে একটা ওড়িয়াভাষী স্কুল করে দেব তামিলভাষীদের স্কুল করে দেব। এই হচ্ছে কথা। আপনারা জিনিসটা বুঝুন। আপনারা সকলে এটা কেন বলছেন জানি না। এটা বাঙালিদের লেখাপড়ার শিক্ষার পরিকল্পনা নয়। বামফ্রন্ট সরকার বাঙালিদের শুধু লেখাপড়া বাড়াবার চেষ্টা করছেন, তা নয়। এটা হচ্ছে পশ্চিমবঙ্গের সাধারণ শিক্ষা ব্যবস্থার প্রসার এবং উন্নয়ন এবং গুণগত মানের বৃদ্ধি। কাজেই পশ্চিমবঙ্গে যত ভাষাভাষী মানের লোক আছে, তাদের সকলের জন্য ব্যবস্থা করতে হবে। আর একটা জিনিস আপনারা এবং এস ইউ সি জানতেন না, আমি সেট্যা বলে দিচ্ছি। আমরা আসবার পরে ইংরাজি মাধ্যম স্কুলে যে সমস্ত ছেলেরা প্রাইমারি স্কুলে পড়ে তাদের আমরা বিনা মূল্যে প্রাইমারি স্তরে বই দিতে শুরু করেছি ইংরাজি যাদের মাতৃভাষা। এটা নিয়ে এতদিন কেন আপনারা প্রতিবাদ করেননি জানি না। এখন প্রয়োজন হলে করবেন। পশ্চিমবঙ্গের যে কোনও ভাষাভাষী শিশুদের লেখাপড়ার দায়িত্ব আমাদের নিতে হচ্ছে। আমরা এটা নিয়েছি এবং পালন করব। এবারে আমি মুল প্রশ্নে যাব। অন্যান্য যে সব বিষয় এখানে উঠেছে সেই সম্পর্কে আমি দু চারটি করা বলব। হরিপদবাবু এবং অন্যান্য অনেকে বলতে চেয়েছেন যে বামফ্রন্ট সরকার লোককে বিভ্রান্ত্র করে দিচ্ছে। ওরা সকলে মাতৃভাষার মাধ্যমে শিক্ষার পক্ষে, আর আমরা সেটাকে বিভ্রান্তি করে দিচ্ছি। আমি বলি, মুল প্রশ্নটা আপনারা নিজেরাই বুঝতে পারেন নি। মাতৃভাষার মাধ্যমে এটা স্বীকার করার সঙ্গে সঙ্গে ৩টি কথা স্বীকার করতে হচ্ছে। এটা এর আগের দিন বলা হয়েছে। কাজেই আজকে সংক্ষেপে বলে দিচ্ছি। এক নম্বর স্বীকার করতে হচ্ছে এমন কোনও ভাষা নেই যেগুলি বিভিন্ন জনের মাতৃভাষা, যে মাতৃভাষার মাধ্যমে সর্বত্র স্তর পর্যন্ত শিক্ষা দেওয়া সম্ভব নয়। তার জন্য প্রক্রিয়া গ্রহণ করতে হবে এটা ঠিক। দ্বিতীয় হচ্ছে, মাতৃভাষার মাধ্যমে মানে হচ্ছে মাতৃভাষাই হল এক মাত্র মাধ্যম, যে মাধ্যমে জনগণের কাছে শিক্ষণীয় বিষয়গুলি পৌঁছে দেওয়া যায় বা সংবাদ পৌঁছে দেওয়া যায়। অন্য কোনও মাধ্যমে জনগণের কাছে সংবাদ বা শিক্ষণীয় বিষয়গুলি পৌঁছে দিতে পারা যায় না। তিন নম্বর হল তৃতীয় কোনও ভাষার প্রয়োজনীয়তা মাতৃভাষার মতো ব্যাপক নয়। এই তিনটি কথা স্বীকার না করলে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা করাকে স্বীকার করা হয় না। এই তিনটি কথা স্বীকার করার পরে চতুর্থ কথা হল দ্বিতীয় ভাষার প্রয়োজন সীমাবদ্ধ। এই সীমাবদ্ধ প্রয়োজনের জন্য সেই ভাষার প্রয়োজনীয়তা কি? সেই ভাষা কোন কোন কাজে লাগবে? আমি আগেই বলেছি এটা হচ্ছে তত্ত্বগত প্রশ্ন। এখানে রাজনৈতিক বিতর্ক না করাই ভাল। এ সম্পর্কে আমাদের দেশে গবেষণা হয়েছে, চারিদিকে গবেষণা হয়েছে, রবীন্দ্রনাথ নিজে গবেষণা করেছেন এবং যে বইতে সেই গবেষণা লব্ধ ব্যাপারগুলি লেখা আছে আমি তার নাম উল্লেখ করেছি। এতদিন

হল আপনারা তার মধ্যে ঢোকেন নি। ঢুকলে বুঝতে পারতেন যে সত্যিই শিক্ষা চান তাহলে মাতৃভাষার মধ্যমেই শিক্ষা করা ভাল। সীমাবদ্ধ কতকগুলি প্রয়োজনীয়তা কতকগুলি কৃত্রিম কতকগুলি অকৃত্রিম আমাদের দুটো করেই ঠিক আছে এবং সেটা শিক্ষা করার জন্য মাধ্যমিক স্তরে দ্বিতীয় ভাষা শুরু করা হচ্ছে। এই দিকে সমস্ত শিক্ষাবিদ রবীন্দ্রনাথের মতো শিক্ষাবিদ যা বলেছেন সেই কথা তার বই থেকে পড়ে আপনাদের শুনিয়েছি শিক্ষা সংক্রান্ত ব্যাপারগুলি আপনদের পড়িয়ে শুনিয়েছি এবং ইউ ডবলিউ ই এস কো মাতৃভাষা ভারনাকুলার ল্যাঙ্গুয়েজ স্থানীয় ভাষা সংক্রান্ত যে গবেষণা হয়েছে তা পড়ে শুনিয়েছি। আজকে একটা জিনিস আপনাদের পড়ে শুনাচ্ছি। ডিরেক্টর ডাঃ ডি পি পট্টনায়ক, সেন্ট্রাল ইন্সটিটিউট অব ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজ মাইশোর, তিনি আমাদের মুখমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে যে চিঠি দিয়েছেন তার দু একটা লাইন আমি পড়ে শোনাচ্ছি। তিনি বলছেন Let me first of all congratulate you for taking a courageous decision to abolish English from the Primary stage in your State and emphasising mother tongue education. It is my firm belief that if good mother tongue education is given at the primary stage and good English education is given at the post primary stage then the learning of English would be better then what it is today with poorly propared teachers, poor material and poorer methods.

আরও অনেক কথা আছে আমি আর সেগুলি পড়তে চাই না। এই প্রসঙ্গে আর একটা কথা বলছি—এটি একটি সংবাদ এই সভায় আলোচনা হয়েছে, আমাদের এস ইউ সি দলের একজন বন্ধু পড়ে বললেন, চিন দেশের উদাহরণ দিতে গিয়ে বললেন যে চিন দেশে প্রাইমারি স্টেজ থেকে ইংরাজি পড়ানো হয়। আমাদের মুখ্যমন্ত্রী কিছু লেখাপড়া জানেন না। ওর কথা সংবাদে বেরুল এডুকেশন ইন চায়না বই থেকে কিছু পড়ে শুনিয়েছেন। আমি জানি না এই দু জন চিনের সমর্থক কিনা। ভদ্রলোক প্রাক্তন বিচারপতি প্রাক্তন একজন মন্ত্রী তিনি যদি চিনের সমর্থক হন তাহলে এই যে ক্যারিকুলাম আমি পড়লাম তিনি যদি সমর্থন করেন তাহলে পর আমাদের নতুন করে ভাবতে হবে। কেন না এই ক্যারিকুলাম-এ রয়েছে প্রাইমারি স্টেজে এডুকেশন ইন চায়নায় যা রয়েছে—

Politics—2 periods per week.

Chinese language—11 periods per week.

Mathematics—6 periods per week.

Physical Education—2 periods per week.

Music—1 period per week.

Painting—1 period per week.

General knowlege—2 periods per week.

Agricultural work—1 week a term.

Industrial work—1 week a term.

এটায় যদি শঙ্করপ্রসাদ মিত্র রাজি হন তাহলে পুনর্বিবেচনা করতে হবে। কোথায় তিনি পেলেন জানি না। যা হোক এটা বড় কথা নয়, অ্যাসেম্বলিতে যে কথা বলেছেন সেটা অসত্য কথা। কয়েকটি খবর আমি দিই আজকে সংবাদপত্রে দেখলাম যা সেটা কিন্তু ওনারা বলেন নি—বললে খুশি হতাম। কিন্তু হঠাৎ একজন শিক্ষাবিদ আবিষ্কার করে ফেললেন রবীন্দ্রনাথ তো ইংরাজি বই লিখেছেন। আমি আগে এই সভায় বলেছি যে রবীন্দ্রনাথ সংস্কৃত শিক্ষার বই লিখেছিলেন ইংরাজি শিক্ষার বই লিখেছিলেন। বিশ্বভারতীর কর্তৃপক্ষ রবীন্দ্রনাথের অপ্রচলিত সংগ্রহতে এই সহজ পাঠগুলি স্থান দিয়েছিলেন। কিন্তু তখন তো কোনও বুদ্ধিজীবী তার প্রতিবাদ করলেন না। আজকে হঠাৎ উনি বলে উঠলেন উনি ইংরাজিতে বই লিখেছিলেন। কিন্তু তখন তো এই বইটাকে অবশ্য পাঠ্য করার জন্য বাংলা ভাষার শিক্ষাবিদরা আন্দোলন করলেন না বা কোনও অংশ গ্রহণ করলেন না?

১৯৮১ সালে এই বামফ্রন্ট সরকারকে একটু বেকায়দায় ফেলার জন্য এটা আবিষ্কার না করে ৩০ বছর আগে এটা আবিষ্কার করলেন না কেন সেটা আমি বুঝতে পারছি না। তারপর আর একটি অসত্য কথা বলা হয়েছে সংবাদপত্রে বেরিয়েছে, সংবাদপত্রের সংবাদ যদি ঠিক হয় তাহলে দেখছি বলা হয়েছে, হ্যাঁ, অনেক রাজ্যে এসব হয় কিন্তু গুজরাটে আবার প্রাথমিক স্তর থেকে নাকি ইংরাজি পড়ানো শুরু হয়েছে। গুজরাটে কি পড়ানো হয় সে সম্পর্কে সর্বশেষ যে রিপোর্টটি আমার কাছে আছে সেটা আমি আপনাদের জানাচ্ছি। Central Institute of English and Foreign Language Hyderabad. সেখানে একটা সম্মেলন হয়ে গেল কিছুদিন আগে, তাতে সমস্ত রাজ্যের রিপোর্ট আছে, সেটা আমি আপনাদের বলছি। সেখানে প্রথমে আছে আন্দামানের কথা, তারপর গোয়ার কথা এবং তারপরই আছে গুজরাটের কথা। নীহার রায় মহাশয় বলেছেন ওখানে আবার শুরু হয়েছে কিন্তু আমি বলছি তা নয়। এখানে যেটা আছে সেটা আমি পড়ে দিচ্ছি, English optional in classes VI and VII but compulsory VIII and IX. It is also compulsory in classes XI and XII for the science stream. আমি এগুলি বলছি তার কারণ সত্যই যে একটা শিক্ষার স্বার্থে বা শিক্ষাগত একটা উদ্দেশ্য নিয়ে এখানে কিছু বলা হচ্ছে তা মোটেই ঘটনা নয়, এটার প্রমাণ আমরা পাচ্ছি তাই এসব কথা বলতে হচ্ছে। প্রথমে এখানে শুরু করা হল সহজপাঠ নিয়ে। আমরা যে চিঠি দিয়েছিলাম সে কথার উত্তরে কি লিখলেন? লিখলেন, আপনাদের কোনও উপদেশ দিতে চাই না, আপনাদের সম্পর্কে কিছু জানতেও চাই না, আপনারা হচ্ছেন অতি নিকৃষ্ট জীব। তারপর তারা এইসব কথা বলছেন এবং তাদের হয়ে দেখছি এখানে এই সভায় কোনও কোনও লোক বলছেন যে আপনারা বুদ্ধিজীবীদের সঙ্গে পরামর্শ কেন করলেন না? আমরা তাদের চিঠি দিলাম, অনেকে সেই চিঠির উত্তরও দিয়েছে—সেখানে তারা প্রশ্ন করেছেন, আমরা তার উত্তর দিয়েছি। শ্রী প্রবোধ সেন কয়েকটি চিঠি দিয়েছেন এই বলে যে আমি এটা জানতে চাই, ওটা জানতে চাই ইত্যাদি, আমরা তার উত্তর দিয়েছি। প্রভাত মুখার্জি মহাশয়, তিনি জানতে চেয়েছেন, আমরা লোক পাঠিয়েছি তার কাছে, তিনি কি উপদেশ দেন, পরামর্শ দেন জানতে চেয়েছি। সব ব্যাপারে যে মিলছে তা নয়। এখানে এই প্রসঙ্গে অবতারণা করলাম তার কারণ আমি বলতে চাইছি

সেখানে যথেষ্ট সুযোগ তাদের ছিল। প্রথমে তারা বলতে শুরু করলেন আমরা বুদ্ধিজীবী, আমরা রাজনীতি করি না ইত্যাদি ইত্যাদি। দেখলেন যে তাতে কিছু লাভ হল না তখন এস ইউ সিকে দলে টানলেন। এস ইউ সি ভাবল আমাদের খুব লাভ হচ্ছে বুদ্ধিজীবীদের পাচ্ছি।

তারপর দেখলেন, তাতেও কোনও লাভ না, তখন একেবারে সরাসরি ঠিক জায়গায় গিয়ে ভর্তি হয়ে গেলেন। তারা আন্দোলন করবেন, কি করবেন না সেটা আলাদা কথা কিন্তু আমার কথা হচ্ছে, পশ্চিমবাংলার জনগণের শিক্ষাচিন্তার এই অবমাননা আর করবেন না। অন্য ব্যাপারে বামফ্রন্ট সরকারের বিরোধিতা করুন আপত্তি নেই কিন্তু এসব করবেন না। সত্যিকারের কোনও প্রশ্ন যদি আপনাদের থাকে, আপনারা বলুন। আমি হাজারবার শুনতে রাজি আছি আপনারা বলুন প্রাথমিক স্তর থেকে এটা শুরু করলে এই এই সুবিধা হবে। কি কি অসুবিধা আছে সেটা আমি আগেই ব্যাখ্যা করেছি, দরকার হলে আবার করব, আমাদের বন্ধু শিক্ষাবিদরা এটা নিয়ে ঘণ্টার পর ঘণ্টা বলতে পারেন, কাজেই আপনারা আমাদের বোঝান এটা আমরা চাই। কিন্তু আমরা দেখছি, আপনারা এসব দিকে আসছেন না। আপনারা বলছেন ইংলিশ মিডিয়াম স্কুল চলছে কেন? আপনারা এগুলি বন্ধ না করে এসব করছেন কেন ইত্যাদি ইত্যাদি। আমরা জানি, মূল প্রশ্নটা এড়িয়ে যাবার জন্য মাঝে মাঝে এসব প্রশ্ন তোলা হয়। আমরা দেখেছি, প্রথম যখন বামপন্থীরা ভূমি সংস্কারের কথা তুলতে আরম্ভ করেন তখন জমির মালিক এবং কংগ্রেসিরা প্রচার করতে শুরু করেন যে এরা হচ্ছে ভয়ঙ্কর রকমের মারাত্মক জীব, এরা জমি কেড়ে নেবে, এরা সম্পত্তি কেড়ে নেবে এবং বউ কেড়ে নেবে। এর ফলে যাদের জমি আছে তারা ভয় পাবেন, যাদের জমি নেই কিন্তু সম্পত্তি আছে তারা ভয় পাবেন এবং যাদের জমি বা সম্পত্তি নেই কিন্তু বউ আছে তারও ভয় পাবেন। কিছুদিন এইভাবে চলল কিন্তু তাতে কোনও লাভ হল না কারণ সেখানে সত্যটা প্রতিষ্ঠিত হতে শুরু করল। তারপর তারা বলতে শুরু করল, আগে শহরের সম্পত্তি নিতে হবে তারপর আমরা আমাদের জমি দেব। লোকে প্রথমটা ভাবল সতিই তো এ তো খুব প্রগতিশীল কথা, আগে শহরের সম্পত্তি না নিয়ে জমি নেবে কেন? এ কিছুদিন চলল, মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করা হল। এইভাবে কিছুদিন চলল, তারপর তারা বলল, হ্যাঁ জমি তো দিতেই হবে, এই তো আজকালকার যুগ কিন্তু আসলে আপনারা জমি বণ্টন করছেন না, আপনারা বিধবাদের বঞ্চিত করছেন। অতএব এই বিধবাদের নাম করে ভূমি সংস্কার করা চলবে না—সেই প্রশ্নে আপনারা যেতেন না। সেই রকম শিক্ষার ব্যাপারে মূল প্রশ্নে আপনারা যেতে রাজি নন। তথাকথিত বুদ্ধিজীবীরা মূল প্রশ্নে যেতে রাজি নন, বিরোধী রাজনৈতিক দলেরাও সেই মূল প্রশ্নে যেতে রাজি নন, কতিপয় সংবাদপত্রও সেই মূল প্রশ্নে যেতে রাজি নন। আমার কথা হচ্ছে, বামফ্রন্ট সরকারের কথা হচ্ছে, মূল প্রশ্নকে এড়িয়ে যেতে দেওয়া হবে না। মূল প্রশ্ন সম্পর্কে আপনারা জনগণকে কি বলতে চান? আপনারা দ্বিতীয় বার এটা ভেবে দেখুন। আপনারা যতবার মূল প্রশ্নকে এড়িয়ে যেতে চাইছেন, আমরা ততবার জনগণের কাছে মূল প্রশ্ন তুলে ধরব। চাকুরির কথা বলে ইংরাজি মাধ্যমে স্কুলগুলি চলবে, এটা করা যাবে না। এসব কথা কেন বলছেন? আপনারা জানেন যে প্রাথমিক স্তরে এবং মাধ্যমিক স্তরে অগণিত ছেলেমেয়েরা লেখাপড়া শিখলে তারা অনেক বড় বড় কাজ করতে শিখবে। চাকুরি তো সামান্য জিনিস, চাকুরির জন্য এমন কিছু লেখাপড়া লাগে না।

যারা জ্ঞানবিজ্ঞান আয়ত্ব করতে পারবে, মাতৃভাষায় সব কিছু বুঝতে পারবে, তারা চাকরিও করতে পারবে। কিন্তু তারা যখন বুঝবে যে আমরা সব শিখে গেছি তাহলে আমাদের নাকচ করা হচ্ছে কেন? তখন তার বলবে যে কৃত্রিম মাধ্যমটা দুর করুন, আমরা সব জানি। আমরা অফিসে বসে কেরানির কাজ করতে পারব, ঐ ক্লাস রুমে গেলে পড়াতে পারব, কারখানায় গেলে মেশিন চালাতে পারব, রেলওয়েতে গেলে ইঞ্জিন চালাতে পারব।

তাহলে ঐ কৃত্রিম মাধ্যমটা রাখছেন কেন? ইংরাজি ভাষায় পরীক্ষা না দিয়ে কেন ইঞ্জিন চালাতে পারব না, স্কুল কলেজ চালাতে পারব না, বিদ্যালয় চালাতে পারব না, সবই তো জানি এই প্রশ্ন তখন তারা তুলবে এবং যে মুহূর্তে অগণিত মানুষ এই প্রশ্ন তুলবে তখন আপনাদের সাধের ঐ নকল পারলিক স্কুলগুলির মোহজাল ছিন্ন হয়ে যাবে। এই ভয়ে আপনারা এসব বলছেন। একথা বলতেন পারেন যে এগুলি আমরা সকলে মিলে আসতে আসতে কমিয়ে নেই। আমরা আমাদের ছেলেদের পাঠাব না। সে কথা আপনারা বলবেন না। আপনারা জনগণকে বোঝাতে চাইছেন, দেখ ভাই, আমরা তোমাদের ভালর জন্য বলছি। কিন্তু আসলে আপনারা এটা রাখতে চাইছেন, এতদিন যা ছিল, যা কৃত্রিম, যা জনগণের কাজে লাগতো না। এটা করবনে না, এতে কোনও লাভ নেই। কারণ আমাদের দেশের ছেলেমেয়েরা যদি সকলে শিক্ষিত হয়, সকলে প্রতিদ্বন্দ্বিতা করতে আসবে না, তাদের প্রয়োজন নেই। কৃষকের প্রধান কর্মক্ষেত্র হবে কৃষিকর্ম। কৃষকের জীবনের প্রধান পরিবর্তন হবে ভূমি সংস্কারের এবং সেখানে তার জীবনের সমস্ত কিছুর স্বার্থকতা হতে পারে। কাজেই শহরে চাকরির জন্য তাকে আসতে হবে না। শ্রমিকের ছেলেরা আরও কলকারখানা কিভাবে গড়ে উঠতে পারে তার জ্ঞান বিজ্ঞান, তাঁর অর্থনীতি, তার কৃষিনীতি, তার সমাজ নীতি, এটাকে আয়ত্ব করবে এবং তার দ্বারা তারা নতুন ভাবে সৃষ্টি করতে পারবে। তারা মধ্যবিত্ত ছাত্রদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে চাকরি করতে আসবে না, তাদের প্রয়োজন নেই। আমাদের দেশে এমন একটা ভাব সৃষ্টি করা হচ্ছে যেন আমাদের দেশের কোটি কোটি মানুষের মোক্ষ লাভ হবে চাকুরি করার মধ্যে দিয়ে। এটা কোনও দিন হতে পারে না, কৃষি জীবন থাকবে না, শ্রমিকদের জীবন থাকবেনা, অসংখ্য কর্মী মানুষের জীবনে কার্যকলাপ থাকবে না, লেখাপড়া প্রতিদ্বন্দ্বিতা করতে আসবে চাকুরি করার জন্য। এটা কি ভুল ধারণা, এটা কি মানুষ সম্পর্কে বিশ্বাস, সমাজের অগ্রগতি সম্পর্কে কি বিশ্বাস? একি চিন্তাধারা বুঝতে পারা যাচ্ছে না। সেজন্য আমি বলতে চাই যে যারা এর বিরোধিতা করছেন, রাজনৈতিক কারণে বামফ্রন্ট সরকারের বিরোধিতা করতে হবে, বলেই তারা করবেন। তাদের সম্পর্কে আমার বলার কিছু নেই। কিন্তু যারা পন্ডিত্যের একটা আবরণ নিয়ে মনে করছেন কিম্বা এই ধরনের সুযোগ নিয়ে মানুষকে কিছুটা বিভ্রান্ত করা যে সংবাদপত্র, যে বিরোধী পক্ষের সদস্য, যে বিরোধী দল, যে লেখাপড়া নানা পন্ডিত মানুষ বলে মনে করছেন, তারা এটা মনে রাখতে পারেন যে তাদের এই আন্দোলন পরাস্ত হবে, যেমন ভূমি সংস্কারের বিরোধিতা পরাস্ত হয়েছে। কিছু সময় লেগেছে মানুষকে বোঝাতে কিন্তু মানুষ আজকে সচেতন হয়েছে। কোনটা জনগণের পক্ষে আর কোনটা জনগণের বিপক্ষে সেটা বুঝতে মানুষের বেশি দিন সময় লাগবে না। বামপন্থী প্রলেপ দিলেই আর দক্ষিণপন্থী কথা বললেই সেটা জনগণের কাছে গ্রহণযোগ্য হয় না। সে জন্য সততা যাদের মধ্যে আছে, জনগণের অগ্রগতিতে তারা বিশ্বাস করেন, শিক্ষার

যে একটা গতিশীল চেহারা আছে, ভূমিকা আছে সমাজে সে সম্পর্কে যাদের বিন্দুমাত্র বিশ্বাস আছে, তাদের আমি বলছি, এই উপযুক্ত সময়, আর একবার চিন্তা করুন। আজকে তারা যে কথা ঘোষণা করেছেন, গুটি কয়েক সংবাদ পত্র এটা করছেন বাকি সকলে একটা রিজিনব্‌ল অবস্থান নিয়েছেন। সেসব ব্যক্তি যত বিখ্যাতই হোন, সেসব রাজনৈতিক দল যত সোচ্চার হয়ে ঘোষণা করুন না কেন, দেওয়ালে যতই লিখুন না কেন, আমি তাদের আর একবার ভেবে দেখতে অনুরোধ করছি। কারণ আমি জানি আগামীদিনে তাদের এসব কথা প্রত্যাহার করতে চেষ্টা করতে হবে, কিন্তু জনগণ আগামীদিনে তাদের আর প্রত্যাহার করতে দেবে না।

তথাপি তাদের প্রত্যাহার করতে হবে, কেন না জনগণের পক্ষে কথা বলতে হবে। হরিপদ ভারতী মহাশয় বললেন, আমাদের দেশ জাতীয়তাবাদে উদ্ভূত হয়েছিল ইংরাজি ভাষার মাধ্যমে। আমি বলব যে, তার কথা তথ্যগত ভাবে ভুল এবং ঐতিহাসিকভাবে তিনি অসত্য কথা বলেছেন। যে সমস্ত দেশ জাতীয়তাবাদী সংগ্রাম করেছে, সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রাম করেছে সেসমস্ত দেশ মাতৃভাষায় বিকশিত হয়েই সেই সংগ্রাম করেছে। যেমন যেন মাতৃভাষায় বিকশিত হয়েছে, তেমন তেমন সংগ্রামে সাফল্যলাভ করেছে। যে সমস্ত দেশে ইংরাজি ভাষা ছিল না সেই সমস্ত দেশ কি জাতীয়তাবাদী স্বাধীনতা সংগ্রাম করেনি? সে সমস্ত দেশ কি অগ্রগতিলাভ করেনি? আমাদের দেশও সেইভাবে করেছে। সুতরাং আমি বলতে চাই যে, এখানে জনগণকে অসত্য কথা বলা হচ্ছে, ভারতবর্ষের মানুষের গণতান্ত্রিক আন্দোলনের উপর কালিমা লেপন করা হচ্ছে। এটা ঐতিহাসিকভাবে অসত্য, অসত্য, অসত্য আমি বার বার একথা বলব। ঐতিহাসিকরা ওকথা বলেননি। বরঞ্চ তারা উল্টো কথাই বলেছেন। ভারতবর্ষের জনগণ বাঁচার জন্য ধীরে ধীরে মাতৃভাষাকে বিকশিত করেছেন এবং মাতৃভাষার দ্বারাই দেশপ্রেম বিকশিত হয়েছে। ২০০ বছর ধরে ভারতবর্ষের মাতৃভাষাগুলি বিকশিত হয়েছে। ২০০ বছর ভারতবর্ষের কোনও জনগোষ্ঠী আপন ভাষা ছাড়া ইংরাজি ভাষাকে গ্রহণ করেনি এবং করেনি বলে কোনও মাতৃভাষা দুর্বল হয়নি। আদিবাসীদের কথ্য-ভাষা সহ যে ভাষায় এখনও পর্যন্ত লিখিত অক্ষর নেই, সেই ভাষা সহ প্রতিটি ভাষা বিকশিত হয়েছে। এটাই ভারতবর্ষের ইতিহাস এবং এটাই সমস্ত মানব জাতির ইতিহাস। কাজেই ঐ সমস্ত তথ্য দিয়ে জনগণকে বিভ্রান্ত করা উচিত নয়। যাদের শিক্ষা এবং সাহিত্যের প্রতি দরদ আছে, যারা নিজেদের বুদ্ধিজীবী বলে মনে করেন, তারা কেন ইতিহাসকে বিকৃত করবেন একটা সাময়িক রাজনৈতিক স্বার্থে? তা যদি তারা করেন তাহলে জনগণ তাদের ক্ষমা করবে না। সেই জন্যই আজকে আমার তাদের কাছে আবেদন যে, তারা বিষয়টা পুনর্বিবেচনা করে দেখুন।

আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। কয়েকজন সদস্য বললেন যে, আপনারা যেসমস্ত কর্মসূচি গ্রহণ করেছেন সেগুলি বাস্তবায়িত করছেন না কেন? এবং সেই সঙ্গে বললেন যে, কমন-স্কুলের ব্যবস্থা করছেন না কেন? ওরা খানিকটা জেনে এবং বেশির ভাগটাই না জেনে এই সব কথা বলছেন। কমন-স্কুলের ব্যবস্থা করছি না—তাহলে এবিষয়ে প্রায়রিটি কে ঠিক করে দেবে? আপনারা ঠিক করে দেবেন? আপনারা কি ওটাকে প্রায়রিটি মনে করেন? আমরা আমাদের এই শিক্ষা ব্যবস্থা এক বছরের জন্য বন্ধ রাখতে রাজি আছি, কিন্তু আপনারা কি কমন স্কুলের জন্য ফাইট করতে রাজি আছেন? জনতা দলের সদস্যরা,

কংগ্রেস (ই)-র সদস্যরা কি কমন-স্কুলের জন্য ফাইট করবেন? যদি রাজি থাকেন তাহলে এবিষয়ে একটা প্রকাশ্য বিবৃতি দিন যে, দু বছরের জন্য এটা স্থগিত রাখা হোক, আমরা এই সময়টা কমন-স্কুলের জন্য ফাইট করব। সুতরাং আমি ওদের বলব যে, ঐ সব কথা বলে কোনও লাভ নেই। আপনারা যদি কমন-স্কুল চানই, তাহলে সে বিষয়ে প্রকাশ্যে একটা বিবৃতি দিন। আমরা জানি আপনারা তা করবেন না। অতএব ৯৮ ভাগ দেশের মানুষের জন্য যখন কমন-প্যাটার্ন করা যাবে না, তখন তাদের জন্য কোনও শক্তিশালী ভিত্তি করা যাবে না, এটা কোন দেশের যুক্তি? এটা কোনও যুক্তিই হতে পারে না। আমাদের দেশে নানা রকম স্কুল চালু আছে। আমি পুঙ্খানুপুঙ্খভাবে সে সম্বন্ধে আলোচনা করতে চাই না। এক দিকে বলছেন রামকৃষ্ণ মিশন খুবই পবিত্র জায়গা, আমাদের এইসব মহান শিক্ষা প্রতিষ্ঠানে আপনারা হস্তক্ষেপ করবেন না। অপর দিকে বলছেন কমন-স্কুল করছেন না কেন! কমন-স্কুল করলে এগুলি কোথায় যাবে? এটা কি যুক্তি? সেই জন্য আমরা যা ঠিক করছি, নিশ্চয়ই যা আছে তার মধ্যে অনেক কিছুই হবে যেটা বিভিন্ন সময়ে পর্যালোচনা করতে হবে। কিন্তু সব থেকে যেটা অভাব রয়েছে দেশব্যাপী সেটা হচ্ছে সমস্ত সাধারণ মানুষের জন্য অবাধ আত্মবিশ্বাস নিয়ে এটা প্রসারিত হবে কিনা? বিজ্ঞান প্রসারিত হবে কিনা এই সম্পর্কে শিক্ষা-তাত্ত্বিক এবং ভাষাতাত্ত্বিকদের একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। শিক্ষা-তাত্ত্বিক এবং ভাষা তাত্ত্বিকরা বলেছেন গণিত এবং বিজ্ঞান কোনও আন্তর্জাতিক ভাষাকে তোয়াক্কা করে না, সে মাতৃভাষাকে তোয়াক্কা করে। মাতৃভাষার মাধ্যমে গণিত এবং সমাজ বিজ্ঞান শিক্ষায় আত্মবিশ্বাস জনগণের মধ্যে নিয়ে আসে এবং তারই বিনম্র পদক্ষেপ হিসাবে বামফ্রন্ট সরকার যে কাজ করতে পেরেছেন তাকে বিকশিত করবার জন্য আপনারা সাহায্য করুন এবং এই সাহায্য যদি আপনারা করেন তাহলে ইতিহাসে আপনারা কৃতার্থ হবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** ৮টা বেজে ৪ মিনিটে সময় উত্তীর্ণ হয়ে গেছে। সুতরাং আরও কিছু সময় বাড়ানোর প্রয়োজন আছে।

**শ্রী অশোক বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্যপ্রণালী ২৯০ অনুচ্ছেদ অনু... আমি আরও ১ ঘণ্টা সময় বাড়ানোর প্রস্তাব করছি।

**মিঃ স্পিকার ঃ** আশা করি, আপনাদের সবার সম্মতি আছে।

(ভয়েজ ঃ হ্যাঁ)

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার শিক্ষাকে কেন্দ্র করে শুধু মাত্র এই বিধানসভায় নয়, লোকসভা থেকে শুরু করে বিধানসভা পর্যন্ত একই সুর ধ্বনিত হচ্ছে। লোকসভায় কিছু দিন আগে আমাদের দেশের প্রধানমন্ত্রী পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা সম্পর্কে তীব্রভাবে সমালোচনা করে যে বক্তব্য রেখেছেন তারই সুর প্রতিধ্বনিত হচ্ছে এখানে বিশেষ করে কংগ্রেস-(আইয়ের) মাননীয় সদস্যরা তাদের ভাষণের মধ্য দিয়ে একই কথা রাখবার চেষ্টা করছেন। তারা বলতে চাইছেন, বিভিন্ন বিশ্ববিদ্যালয় অধিগ্রহণের মধ্য দিয়ে সরকার শিক্ষা ক্ষেত্রে রাজনৈতিক হস্তক্ষেপ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার

মাধ্যমে মাননীয় সদস্যদের অবহিত করতে চাই, পশ্চিমবাংলায় যে কটি বিশ্ববিদ্যালয়ের কর্তৃত্বভার সরকার গ্রহণ করেছিলেন সেখানে অন্য কোনও রূপ অভিসন্ধি ছিল না। সমস্ত বিশ্ববিদ্যালয়ের পরিচালনা অতিক্রান্ত হওয়ার পর সরকার সেইগুলি সাময়িকভাবে অধিগ্রহণ করেছিলেন, উদ্দেশ্য ছিল গণতান্ত্রিক পদ্ধতিতে নতুনভাবে আইন প্রণয়ন করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ব্যবস্থাকে নতুনভাবে রূপায়তি করা। ইতিমধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন রচিত হয়েছে এবং সেই আইন-মাফিক কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংস্থার নির্বাচন কার্যাদি শুরু হয়েছে। আমি শুধুমাত্র আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে একটি বিষয় উত্থাপন করতে চাই, নির্বাচিত যে সমস্ত সংস্থা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছিল সেখানে যে কটি বিশ্ববিদ্যালয়ে শাসন পরিচালনা ব্যবস্থা চলত আজকে সেখানে আমাদের মনোনীত কমিটি থেকে সদস্যরা যেভাবে পরিচালনা করছেন সেটা যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখবেন গুণগত পার্থক্য আছে। কলকাতা বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে যদি আসা যায়, দেখব যে সেখানেতে মনোনীত সংস্থা আর আগের নির্বাচিত সংস্থা কিভাবে কার্যপরিচালনা করছে। আমরা, সম্প্রতি বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিগত কালের কাজগুলিকে পর্যালোচনা করার জন্য তদন্ত করার জন্য বিচারপতি এ কে বাসুকে দিয়ে আপনাদের কমিটি গঠন করা হয়েছিল। আমরা সেখানে দেখলাম যে টাকা নিয়ে, অর্থের বিনিময়ে জাল মার্কশিট চালু করা হয়েছে, জাল মার্কশিট সেখানেতে দেওয়া হয়েছে, অর্থের বিনিময়ে ছাত্র ভর্তি করা হয়েছে। কিন্তু বর্তমান পরিচালন ব্যবস্থায় এমন একটাও দৃষ্টান্ত কেউ দেখাতে পারবেন না যে অর্থের বিনিময়ে জাল মার্কশিট দেওয়া হয়েছে, কোনও বিশ্ববিদ্যালয়ের কোনও ছাত্রকে ভর্তি করে দেওয়ার ব্যবস্থা করে দেওয়া হয়েছে। শুধুমাত্র কয়েকটি উদাহরণ মাননীয় সদস্যদের কাছে দিতে চাই। জাস্টিস এ কে বাসু, তার যে রিপোর্ট বিশ্ববিদ্যালয়ে কাছে পেশ করেছেন, সেখানে দেখিয়েছেন কয়েকটি নমুনা। সেই নমুনার মধ্যে একটি নমুনায় দেখানো যাচ্ছে যে একজন ছাত্র, বি কম পার্ট টু পরীক্ষা দিয়েছিলেন, তিনি যেখানে নম্বর পেয়েছিলেন কেমনভাবে সেক্ষেত্রে সংশোধন করা হয়েছে, এবং সংশোধন করে তাকে পাশ করিয়ে দেওয়া হয়েছে, তার রোল নম্বর ক্যাল, ১৪৩৫, ১৯৭৬ সালে পরীক্ষা দিয়েছিলেন, কর্মাসিয়াল জিওগ্রাফিতে জিরো পেয়েছিলেন, শূন্য পেয়েছিলেন সেক্ষেত্রে ৪০ করে দেওয়া হয় এবং টোটাল মার্কস ১০০-র পরিবর্তে ১০১ করে তাকে পাশ বলে ঘোষণা করা হয়। আর একটা উদাহরণ দেওয়া হচ্ছে যে যখন নির্বাচিত সংস্থা ছিল, সেখানে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে কমিটি ছিল, যে সমস্ত সিনেট, সিন্ডিকেটের সদস্যরা ছিলেন সেক্ষেত্রেও দেখা গিয়েছে যে কিভাবে কারচুপি হয়েছে। একজন এয়ারপোর্ট অফিসার তার দুই পুত্র এক সাথে পরীক্ষা দিয়েছিল পি ইউ সায়েন্স, ক্যালকাটা রোল, ক্যালকাটা ১২৬৯ রোল ক্যালকাটা ১২৭০ দুইজন দুইভাই একসঙ্গে অঙ্কতে ২০ পায়, দেখাচ্ছে রিঅ্যাসেস করা হল, দুইজনকার একসঙ্গে ২০-র বদলে ৩০ হল এবং তাদের পাশ বলে ঘোষণা করা হল। জাস্টিস এ কে বাসু বলেছেন যে এ ক্ষেত্রে কোথাও রিঅ্যাসেস করা হয়েছে বলে কোনও রকমভাবে প্রমাণ তাদের কাছে নাই। কারচুপি করে দুইভাইকে—একজন এয়ার পোর্ট অফিসার দুই ছেলেকে সেখানে পাশ করিয়ে দেওয়া হয়েছে। আরও দেখা গেছে যে এইরকম ফাইন্যাল এম বি বি এস পরীক্ষায় ১৯৭৪ সালে রোল ৯১৫, প্রথমে তার বিরুদ্ধে আর এ-র অভিযোগ ছিল, পরে তা মুকুব করা হয়, সেক্ষেত্রে রিভিউ করা হল, রিভিউ করার ব্যবস্থা করলেন, এবং রিঅ্যাসেস করা হল, পাশ বলে

ঘোষণা করা হল। একই ছাত্রের খাতা রিভিউ এবং রিঅ্যাসেস কখনও হয় না। জাস্টিস এ কে বাসু আর একটি সুন্দর উদাহরণ দিয়েছেন। সেখানে একজন মহিলা ছাত্রী রোল নৈহাটি, এফ ১০৩৪, পি ইউ, আর্টস ১৯৭৬ সালে পরীক্ষা দিয়েছিলেন ইংরাজিতে সেখানে ফেল করলেন—প্রথমে যিনি অরিজিন্যাল একজামিনার তার কাছে খাতা পাঠানো হল, নম্বরের কোনও হের ফের হল না, তিনি ফেল করলেন। তখন আবার আর একজন পরীক্ষকের কাছে পাঠিয়ে তাকে পাশ করানো হল। এই রকম অজস্র দৃষ্টান্ত জাস্টিস এ কে বাসু দেখিয়েছেন। ১৯৭২ থেকে ১৯৭৭ সালে নির্বাচিত যে কমিটি ছিল সেই নির্বাচিত কমিটি থাকা সত্ত্বেও এই ধরনের দুর্নীতির কাজ সেখানে হয়েছে।

অর্থের বিনিময়ে লক্ষ লক্ষ মার্কশিট সেখানে দেওয়া হয়েছে। আজকে যে পরিচালন ব্যবস্থা আছে সেখানেতে এসেই কাউন্সিল আজকে হিমসিম খেয়ে যাচ্ছে যে লক্ষ লক্ষ ছাত্র, কেমনভাবে সেখানে সার্টিফিকেট দেওয়া হবে। সার্টিফিকেট লিখতে গিয়ে দেখা যাচ্ছে যে সমস্ত জাল মার্কশিট দেওয়া হয়েছে, ট্যাবুলেশন শিট সমস্ত কেটে নম্বর বাড়িয়ে দেওয়া হয়েছে, অর্থের বিনিময়ে মার্কশিট দেওয়া হয়েছে, কেমনভাবে তাদের সেক্ষেত্রে সার্টিফিকেট দেওয়া হবে? এই প্রশ্ন বর্তমান বিশ্ববিদ্যালয়ে কর্তৃপক্ষের কাছে বড় হয়ে দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এক্ষেত্রে আপনার মাধ্যমে যারা কলকাতা বিশ্ববিদ্যালয়ে, পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়ে অব্যবস্থার সম্বন্ধে অভিযোগ এনেছেন, আমি তাদের কাছে চ্যালেঞ্জ জানাচ্ছি, একটাও যদি দেখাতে পারেন, ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত কোনও বিশ্ববিদ্যালয়ে কোনও ছাত্রের নম্বরকে পরিবর্তন করা হয়েছে বা অর্থের বিনিময়ে কোনও ছাত্রকে জাল মার্কশিট দেওয়া হয়েছেল, একটাও দৃষ্টান্ত দেখাবার জন্য আমি তাদের চ্যালেঞ্জ জানাচ্ছি। যারা অভিযোগ করেছেন যে পশ্চিমবঙ্গে সমস্ত বিশ্ববিদ্যালয়ে অব্যবস্থা হয়েছে। আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই যে, ১৯৭২-৭৭ সাল পর্যন্ত যখন ওদের রাজত্ব ছিল, তখন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করা হয়েছিল এবং তখনকার উপাচার্য ডঃ রমা চৌধুরিকে জোর করে অপসারণ করে ডঃ প্রতুল গুপ্তকে ঐ পদে বসানো হয়েছিল। কৈ তখন তো কোনও প্রতিবাদ শুনতে পাই নি। কিন্তু এই সরকারের আমলে এমন একটা নজির আপনারা দেখাতে পারবেন না। কলকাতা বিশ্ববিদ্যালয় যখন অধিগ্রহণ করা হয় তখন ডঃ সুশীলকুমার মুখোপাধ্যায় ছিলেন উপাচার্য। পরবর্তীকালে তিনি সসম্মানে উক্ত পদে আসীন ছিলেন এবং সরকারের পক্ষ থেকে সর্বতভাবে তার কার্য পরিচালনার ব্যাপারে সাহায্য করেছেন। ওরা যদি মনে করে থাকেন যে, ওদের কতকগুলি ভিত্তিহীন অভিযোগের মাধ্যমে দেশের শিক্ষা সম্পর্কে প্রশ্ন তুলে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে ওদের লক্ষ্যে নিয়ে যাবেন, তাহলে আমি বলতে চাই যে, ওরা যেমন সে চিন্তা ভুলে যান, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এত বেকুব নন যে, সেই মতো কিছু পথ বেছে নেবেন। পশ্চিমবাংলার সরকার উচ্চশিক্ষার ক্ষেত্রে এর মানকে উন্নত করার জন্য সচেষ্ট আছেন। এবং এই ব্যাপারে কতকগুলি ধারাকে পরিবর্তন করার যে প্রয়োজন আছে, তা আমরা কখনই অস্বীকার করি না। বর্তমান সরকারের পক্ষ থেকে আমরা ডাঃ ভবতোষ দত্তকে চেয়ারম্যান নিযুক্ত করে একটা কমিটি গঠন করা হয়েছে এবং তার কাছে এই আবেদন রাখা হয়েছে যে, পশ্চিমবাংলার শিক্ষার মানকে যাতে বিশেষ উন্নত পর্যায়ে নিয়ে যাওয়া সম্ভব হতে পারে, সেদিকে তিনি যেন বেশি করে দৃষ্টি রাখেন। আরও আবেদন রাখা হয়েছে যে, এটির পরে আরও কি করে উন্নত করা সম্ভব হয়, তার দিকে পরে দৃষ্টি যেন তিনি দেন। শিক্ষার

মানকে উন্নত করার দৃষ্টিভঙ্গি নিয়েই আমরা সমস্ত ব্যবস্থাকে আবাহন করেছি। আজকে এখানে নিশ্চয়ই কেউ অস্বীকার করতে পারবেন না যে, ভারতের প্রধানমন্ত্রী লোকসভাতে এই কথা ঘোষণা করেছিলেন এবং বিধানসভার মধ্য থেকে কোনও কোনও সদস্য সাহা ইনস্টিটিউট অব ফিজিক্স-এর কাজকর্ম সম্পর্কে নানা কথা উল্লেখ করেছেন।

কিন্তু সদস্যরা যদি সেখানে কাজকর্ম পরিচালন ব্যবস্থা সম্পর্কে অবহিত থাকেন, তাহ'লে তারা নিশ্চয় স্বীকার করবেন যে, সাহা ইনস্টিটিউট অব ফিজিক্সের নিউক্লিয়ার ফিজিক্সের ব্যাপারে সরকারের মনোভাব অত্যন্ত পরিষ্কার। সরকারের পক্ষ থেকে সেখানে কোথাও নোংরা রাজনীতির আশ্রয় গ্রহণ করেন নি। এর পরিচালন ব্যবস্থার মধ্যে কেন্দ্রীয় সরকারের ৪ জন জন্য প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের ২ জন এবং পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মাত্র ১ জন আছেন। শিক্ষার পরিচালন ব্যবস্থা যাতে গণতান্ত্রিক পদ্ধতিতে হতে পারে সেজন্য সেখানে ডঃ অজিত সাহাকে নিয়োগ করা হয়েছিল, তিনি সেখানে সমস্ত গবেষণার দিকে আলোচনা করে যখন সুস্থ ভাবে পরিচালনা করতে পারছিলেন না, তখন একটা নতুন পরিচালন সমিতি সেখানে রাখা হয়েছিল। পরিচালন ব্যবস্থার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যারা সেখানে সদস্য আছেন, তাদের সঙ্গে ব্যক্তিগতভাবে আলাপ-আলোচনা করেছেন, কিন্তু কোনও অভিযোগ তারা করেন নি যে, পশ্চিমবঙ্গ সরকার সাহা ইনস্টিটিউটকে বা কোনও অনুরূপ প্রতিষ্ঠানকে রাজনীতির আবর্তে নিয়ে গেছেন। অথচ সেখানকার সমস্ত দিক বিচার না করে, সত্যাসত্য না জেনে একজন দায়িত্বশীল মন্ত্রী—ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী কি করে এরকম একটা অভিযোগ করলেন। আমি নতুনভাবে তাকে চ্যালেঞ্জ করছি, আমি তার অভিযোগকে চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করছি। শ্রীমতী গান্ধী লোকসভায় আবার একই অভিযোগ করেছেন যে, পশ্চিমবঙ্গ সরকার শিক্ষার সমস্ত ব্যাপারে নাকি চক্রান্ত করছেন, সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে নাকি বন্ধ করে দেওয়ার চেষ্টা করছেন। এত সেই একই কথার প্রতিধ্বনি। আমরা শুধু বিরোধিতার কথাই শুনছি। আমি তার এই কথার চ্যালেঞ্জ জানিয়ে বলতে পারি যে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরে অন্তত কিছু কথা ছেড়ে দিলেও এক বছরের মধ্যে পশ্চিমবাংলাতে যে সব শিক্ষা প্রতিষ্ঠান আছে, তাদের কত পরিমাণ অনুদান দিয়েছি, তা আপনাদের কাছে পরিবেশন করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হরিপদ বাবু গোলপার্কের রামকৃষ্ণ ইনস্টিটিউট অব কালচার সম্পর্কে অনেক কথা বলবার চেষ্টা করলেন। আপনাদের অবগতির জন্য জানাতে চাই যে ১৯৮০-৮১ সালে এই ইনস্টিটিউটকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ৯ লক্ষ ৬৪ হাজার ৬৩৪ টাকা আমরা অনুদান হিসাবে দিয়েছি। রামকৃষ্ণ মিশন পরিচালিত নরেন্দ্রপুর বিদ্যালয়কে সরকার পক্ষ থেকে আমরা ১৯৮০-৮১ সালে ৩ লক্ষ ৭৪ হাজার ৫৮৬ টাকা অনুদান হিসাবে দিয়েছি। শুধু তাই নয় পশ্চিমবঙ্গ রামকৃষ্ণ মিশন পরিচালিত আর অন্য যে সমস্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান আছে তাদের ১৯৮০-৮১ সালে ৪১ লক্ষ টাকা অনুদান হিসাবে দিয়েছি। আমাদের যদি এত সঙ্কীর্ণ মন হত তাহলে রামকৃষ্ণ মিশন পরিচালিত এই সমস্ত সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলিকে এইরকম ভাবে উদার হস্তে অনুদান আমরা দিতাম না। অনেক মহাবিদ্যালয় থেকে তাদের অনুদান বাড়াবার জন্য আমাদের কাছে আবেদন এসেছে যাতে তারা তাদের গৃহ সংস্কার করতে পারেন লাইব্রেরি সংস্কার করতে পারেন আমরা তাদের সেই সব ক্ষেত্রে বিবেচনা করে অনুদান দিয়েছি। কিন্তু রামকৃষ্ণ মিশন থেকে যখনই আর্থিক প্রস্তাব এসেছে সেখানে আমরা কোনওরকম সঙ্কোচ না রেখে সাহায্য দিয়েছি। সেখানে উদ্দেশ্য

হচ্ছে এই যে সাংস্কৃতিক বা শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে আমরা কোনও বাচ বিচার করি না। অবশ্য রামকৃষ্ণ মিশন সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গি অন্যরকম কিন্তু তা সত্ত্বেও একটা সাংস্কৃতিক প্রতিষ্ঠান পরিচালনার জন্য অন্য কোনওরকম দৃষ্টিভঙ্গি গ্রহণ করি না। রহড়া সম্পর্কে প্রশ্ন উঠেছে বলে এ সম্পর্কে জানাতে চাই যে এই প্রসঙ্গ নিয়ে বিভিন্ন বাদানুবাদ হয়েছে। কিন্তু এ বিষয়ে সরকার পক্ষ থেকে আমাদের বক্তব্য হচ্ছে যে রামকৃষ্ণ মিশন পরিচালিত বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয় সম্পর্কে আমরা অন্যদের সঙ্গে একমত নই। বেলুড় মহাবিদ্যালয় সম্পর্কে বা নরেন্দ্রপুর মহাবিদ্যালয় সম্পর্কে কিছু বলছি না যদিও সেগুলি রামকৃষ্ণ মিশন পরিচালিত প্রতিষ্ঠান কিন্তু রহড়া হচ্ছে সরকারের একটা স্পনসর্ড কলেজ এবং তাকে সরকারি নিয়ম অনুযায়ী চলতে হবে। তবে এই নিয়ে এখন মামলা চলছে বলে আমি তার মধ্যে যেতে চাই না। কিন্তু আমরা চাই যে এই মহাবিদ্যালয়ের সুস্থ পরিবেশ ফিরে আসুক এবং এরজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমরা আবেদন জানিয়েছি। এখানকার ছাত্রছাত্রীরা এবং শিক্ষকরা এ বিষয়ে আমাদের সর্বত্রভাবে সহযোগিতা করতে চাইছেন। এখানকার কর্তৃপক্ষের সহযোগিতা না পেলে কিছু করা যাচ্ছে না। কাজেই এই শিক্ষা প্রতিষ্ঠানের যাতে মর্যাদা খুন্ন না হয় সেদিকে আমরা সচেষ্ট। পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা দিয়ে অনেক বাদানুবাদ আরম্ভ হয়েছে। এই শিক্ষা ব্যবস্থা সম্পর্কে আমরা আমাদের বক্তব্য বহুবার বহুভাবে বলেছি। আমরা বলেছি যে পশ্চিমবঙ্গ সরকার মনে করে যে শিক্ষাকে রাজ্য তালিকায় নিয়ে আসা হোক। আমরা দেখেছি জরুরি অবস্থার সময়ে ৪২তম সংবিধান সংশোধন এর মাধ্যমে রাত্রির অন্ধকারে শিক্ষাকে যুগ্ম তালিকায় নিয়ে যাওয়া হয়। তখন ঘোষণা করা হয়েছিল যে দেশের সামগ্রিক স্বার্থে শিক্ষার উন্নয়নের জন্য উচ্চশিক্ষা প্রসারের জন্য শিক্ষাকে যুগ্ম তালিকা নেওয়া হচ্ছে। কিন্তু সঙ্গে সঙ্গে দেখলাম যে পশ্চিমবাংলার উচ্চ শিক্ষার উন্নয়নের জন্য তার প্রসারের জন্য, বিজ্ঞানশিক্ষা প্রসারের জন্য পশ্চিমবাংলার যে বরাদ্দ ছিল তা কমিয়ে দেওয়া হল। অর্থাৎ এই যুগ্ম তালিকায় নিয়ে যাওয়ার পর এইরকম একটা চক্রান্ত দেখলাম। ৫ম পরিকল্পনায় যেখানে পশ্চিমবাংলার উচ্চ শিক্ষার জন্য ইউ জি সি কর্তৃক বরাদ্দ হয়েছিল ৫ কোটি ২১ লক্ষ টাকা সেখানে ষষ্ঠ পরিকল্পনায় সুপারিশ করা হয়েছে ৩ কোটি ৫০ লক্ষ টাকা। এই বিষয়ে কিছুদিন আগে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর কাছে বক্তব্য রেখেছি যে পশ্চিমবঙ্গের জনসাধারণ এটা গ্রহণ করবে না। কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য বললেন যে প্রাথমিক শিক্ষার জন্য উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন তাহলে আমরা একসঙ্গে সংগ্রাম করব। আমি তাদের কাছে আবেদন করব যে পশ্চিমবাংলার উচ্চ শিক্ষা খর্ব করার জন্য উচ্চ শিক্ষার মান যাতে উন্নীত না হতে পারে তারজন্য আসুন কেন্দ্রের বিরুদ্ধে সংগ্রাম করি। গতবার ইউ জি সি যে টাকা দিয়েছিল এবার তার পরিমাণ শতকরা ৪০ ভাগ কম। কলকাতা বিশ্ববিদ্যালয়ের জন্য পেয়েছিলাম ৩ কোটি ৭০ লক্ষ টাকা, এবার ১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এজন্য সমস্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা ঠিক করেছেন যে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর কাছে ধর্না দেওয়া হবে। পশ্চিমবাংলা কোনও অপরাধ করেনি। এখানে বামফ্রন্ট সরকার হওয়াটাই কি অপরাধ? এর জন্য কি শিক্ষাকে আঘাত করা হবে? আজকে ইউ জি সি পরিমাণ কেন কম হবে? অথচ এখানে কেন্দ্রীয় পরিচালিত যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান আছে সেখানে তারা উদার হস্তে অনুদান দিচ্ছেন। পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য নেই, সেক্ষেত্রে কেন শতকরা ৪০ ভাগ অর্থের পরিমাণ কম হবে সেটা আমরা বরদাস্ত করতে পারব না। সেজন্য আজকে এই কথা বলবার সময়

এসেছে যে পশ্চিমবাংলায় উচ্চ শিক্ষা বিস্তার করবার জন্য আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে আবেদন জানাচ্ছি যে ১১ কোটি টাকার মতো অনুদান দেওয়া হোক। কিন্তু দেখলাম তারা মাত্র দিয়েছেন ৫০ লক্ষ টাকা। পশ্চিমবাংলায় শিক্ষা বিরধী এই যে আক্রমণ তারা রচনা করেছেন এটা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। ভারতবর্ষে যখন প্রথম কেরলায় বামফ্রন্ট সরকার গঠিত হয়েছিল সেই ১৯৫৭ সালে সেই সরকারের বিরুদ্ধে আক্রমণ বচনা করবার নেতৃত্ব দিয়েছিলেন তখনকার কংগ্রেস নেত্রী বর্তমানে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী। সেই কেরালা সরকারকে ঘায়েল করবার জন্য সেখানে বিমোচন আন্দোলন করা হয়েছিল এবং যার ফলে কেরল সরকারের পতন তখন ঘটানো সম্ভব হয়েছিল। আজকে নতুনভাবে সেই চক্রান্ত এখানেও করা হচ্ছে। পশ্চিমবাংলার মতো একটা রাজ্যে যেখানে উচ্চ শিক্ষার ক্ষেত্রে কোনও বিশৃঙ্খলা নেই সেখানে তারা শিক্ষাকে বেছে নিয়েছেন রাজনীতির হাতিয়ার হিসাবে আজকে পশ্চিমবাংলার সরকারের পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে বলতে চাই যে পশ্চিমবাংলা এত সহজে তার সেই চক্রান্তের শিকার হবে না। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে কি অবস্থা চলছে তা সকলেই জানেন। আলিগড় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের কি হচ্ছে? একজন অধ্যাপক যেহেতু তিনি অন্য একটা রাজনৈতিক মতবাদে বিশ্বাস করেন সেহেতু তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হল। বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে কি হয়েছে? সেখানে উপাচার্য নিয়োগের ব্যাপারে ২২ বছর ধবে যে আইন প্রচলিত আছে তাকে বাতিল করা হয়েছে। অথচ আপনারা এখানে বড় বড় কথা বলছেন যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন কি হল। এসব কি আপনারা জানেন না? গুজরাটের ঘটনা কি আপনারা জানেন না? সেখানকার মুখ্যমন্ত্রী সাধারণ একজন ছাত্র নেতা মিস্টার শাস্ত্রী তাকে ভাইস চ্যান্সেলর করে দিলেন। যোজনা কমিশনের সদস্য না করে শাস্ত্রীকে রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে উপাচার্য করা হল। ইন্দিরা গান্ধী বলুন তো যে আমাদের এখানে এইরকম কোনও একজন উপযুক্ত ব্যক্তির নাম খারিজ করে দিয়ে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে উপাচার্য নিয়োগ করা হয়েছে। তিনি পশ্চিমবাংলার শিক্ষার উন্নতির সহায়তা করছেন না, বরং পশ্চিমবাংলার শিক্ষাকে নিয়ে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে রাজনৈতিক অভিযান পরিচালনা করছেন। আমি আপনার মাধ্যমে শ্রীমতী গান্ধীকে জানাতে চাই যে ওনার কাছ থেকে আমরা এটা আশা করতে পারি না—এইরকম দায়িত্বজ্ঞানহীন উক্তি আশা করতে পারি না। আপনি কোনও একটা বিষয় সম্পর্কে সমালোচনা করবেন, কিন্তু তার সত্যাসত্য সম্পর্কে অবহিত হয়েই সমালোচনা করবেন। আমি তাকে চ্যালেঞ্জ করব যদি রাজনৈতিক অভিসন্ধি না থাকে তাহলে বিষয়ে তিনি প্রমাণ করবার চেষ্টা করুন। পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকার কোনও রকম রাজনৈতিক অভিসন্ধি নিয়ে হস্তক্ষেপ করছেন না। কিন্তু তাসত্ত্বেও যদি যারা এইরকম কথা বলেন তাহলে পশ্চিমবাংলার জনসাধারণ সমস্ত শক্তি দিয়ে আপনাদের রাজনৈতিক অভিসন্ধির মোকাবিলা করবেন। এই কথা বলে আপনার মাধ্যমে এই বাজেট বরাদ্দকে সমর্থন করার জন্য আবেদন জানিয়ে শেষ করছি।

## Demand No. 34

The motion of Shri Kiranmoy Nanda that the amount of Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that a sum of Rs.

2,85,23,82,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "277—Education (Excluding Sports and Youth Welfare), 278—Art and Culture, and 677—Loans for Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare)", was then put and agreed to.

## Demand No. 35

The motion of Shri Sambhu Charan Ghosh that a sum of Rs. 29,000 be granted for expenditure under Demand No. 35, Major Head: "279—Scientific Services and Research", was then put and agreed to.

## Demand No. 31

The motion of Shri Sambhu Charan Ghosh that a sum of Rs. 1, 58,95,000 be granted for expenditure under Demand No. 31, Major Head: "276—Secretartiat-Social and Community Srevices", was then put and agreed to.

## Adjournment

The House was then Adjourned at 8.29 p.m. till 1 p.m. on Tuesday, the 10th March, 1981 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 10th March, 1981 at 1-00 p.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 4 Ministers of State and 149 Members.

[1-00 - 1-10 p.m.]

*123 Held over

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** স্যার, এটা গতদিনও স্থগিত ছিল, আজও স্থগিত বলছেন। আমরা তাহলে কবে উত্তর পাব?

**মিঃ স্পিকার ঃ** মিনিস্টার নেই বলে স্থগিত আছে।

### Starred Questions
### (to which oral answers were given)

### Withdrawal of World Bank aid for garbage clearance in Calcutta

*278. (Admitted question No. *115.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) whether the Government has any information that the World Bank has withdrawn the offer for aid of Rs. 7 crores for garbage clearance in Calcutta; and

(b) if so,—

(i) what are the reasons, and

(ii) whether Calcutta Corporation authorities have taken steps to reorganise the Conservancy Department in the manner suggested by the World Bank?

**Shri Prasanta Kumar Sur :**

(a) No.

(b)(i) Does not arise.

(ii) Yes.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** কলকাতার জঞ্জাল পরিষ্কার করার জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্ক কত টাকা দিচ্ছে জানাবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** ওয়ার্ল্ড ব্যাঙ্ক আমাদের কোনও টাকা দেয়না। আমাদের যে সমস্ত প্রোজেক্ট রয়েছে সেই ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্ট-এর মাধ্যমে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ থাকে, সরাসরি স্টেট গভর্নমেন্ট-এর সঙ্গে কোনও যোগাযোগ নেই। আমাদের কোনও প্রোজেক্ট যদি ১০০ কোটি টাকার হয় তাহলে তার দুই-তৃতীয়াংশ আমাদের স্টেট গভর্নমেন্ট দেয় এবং এক-তৃতীয়াংশ কেন্দ্রীয় সরকার দেয়। আমি যতদূর জানি তাতে বলতে পারি সেন্ট্রাল গভর্নমেন্ট ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে কিছু টাকা পায়। এটা হল আমাদের প্রত্যেকটা প্রোজেক্টের ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে সম্পর্ক।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** কোলকাতায় সাংঘাতিকভাবে জঞ্জাল জমে যাচ্ছে সেগুলো পরিষ্কার করার জন্য আপনার কোনও স্কীম আছে কিনা এবং সেটা কত টাকার স্কীম?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** জঞ্জাল পরিষ্কার করার জন্য সাড়ে আট কোটি টাকার স্কীম আছে। কংগ্রেস রাজত্বে এই জঞ্জালের যে অবস্থা ছিল তার থেকে এখন অনেক উন্নতি হয়েছে। আমরা কংগ্রেসের জঞ্জাল পরিষ্কার করেছি এবং রাস্তারও জঞ্জাল পরিষ্কার করেছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে এই জঞ্জাল পরিষ্কার করতে গিয়ে বামফ্রন্ট সরকার যে জঞ্জাল সৃষ্টি করেছে সেই জঞ্জাল পরিষ্কার করবার জন্য আপনাদের কি স্কীম আছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** জঞ্জাল যেটা জমে সেটা অনেকটা নাগরিকদের অ্যাওয়ারনেসের অভাব। কারণ কলকাতা শহরে বলা হয় সাড়ে নয়টার মধ্যে আপনাদের বাড়ির জঞ্জাল নিকটতম ভ্যাটে ফেলে দিতে হবে তার পর লরি এসে নিয়ে যাবে। কিন্তু দেখা যায় সাধারণ নাগরিকরা এটা না মেনে সারা দিন ধরে ঐ ভ্যাটে বা অন্যান্য জায়গায় সেই জঞ্জাল ফেলল এবং সেটা পড়ে থাকায় নানা রকম দুর্গন্ধ হয়। আমাদের এই কলকাতায় ১০০টি ওয়ার্ড আছে। আমরা এই ওয়ার্ডগুলি ১০টি জেলায় ভাগ করেছি। প্রত্যেকটি জেলায় একটি করে ওভারসিয়ার এবং প্রত্যেকটি ওয়ার্ডে একজন করে ওয়ার্ডনেস থাকবে। ঐ যে সমস্ত ব্লক করা হয়েছে সেখানে একজন করে কনজারভেন্সি ওভারসিয়ার থাকবে। প্রত্যেকটি ওয়ার্ডে একজন ওয়ার্ড সুপারভাইজার থাকবে এবং তার কাজ দেখার জন্য ডিস্ট্রিক্ট কনজারভেন্সি অফিসার আছেন এবং এটি প্রত্যেকটি জেলাতেই থাকবে। এবং সবার উপর কনজারভেন্সি অফিসার আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এগুলিকে রিঅর্গানাইজ করার জন্য আপনি কি করেছেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এইগুলিই তো আমরা রিঅর্গানাইজ করে করেছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি বৌবাজারের উপর কোলে মার্কেটের পাশে যে ভীষণভাবে জঞ্জাল থাকে তা সাড়ে নয়টার মধ্যেও পরিষ্কার করা সম্ভব হয় না।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আপনি যেটা বলছেন সবটা সত্য নয়, তবে আমরা জানি অনেকটা সত্য। কোলে মার্কেটের অথরিটির সঙ্গে আমাদের চীফ ইঞ্জিনিয়ার কথা বলেছেন। তারা বলেছে দুটি ঘর ছেড়ে দেবে। এই একটা প্রাইভেট বাজার এই ব্যাপারে তাদের নিজস্ব কোনও ব্যবস্থা নেই। আমরা চেষ্টা করছি কি ব্যবস্থা নেওয়া যায় এবং আমরা এ সম্বন্ধে ওয়াকিবহাল।

## কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ও ট্রাম কোম্পানিতে ক্ষতির পরিমাণ

*২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৯-৮০ সালে কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ও ট্রাম কোম্পানিতে ক্ষতি হইয়াছে;

(খ) সত্য হইলে, ক্ষতির পরিমাণ কত এবং ইহার কারণ কি; এবং

(গ) উক্ত সংস্থা দুটিতে আর্থিক স্বনির্ভরতা আনয়নের জন্য সরকার কোনও ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন বা করিয়াছেন কিনা?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ক্ষতির পরিমাণ ৬৫১ লক্ষ টাকা (আনুমানিক) ক্ষতির কারণ মূলত জ্বালানী তৈল ও অন্যান্য অত্যাবশ্যাক জিনিসপত্রের অস্বাভাবিক দাম বৃদ্ধি। কর্মচারীদের মাহিনা বৃদ্ধি ও নিম্নমানের ভাড়ার হার।

(২) ট্রাম কোম্পানির ক্ষতির পরিমাণ ৪৬৮ লক্ষ টাকা। ক্ষতির কারণ মূলত জিনিসপত্রের মূল্যবৃদ্ধি ও বিদ্যুতে মূল্যবৃদ্ধি।

(গ) হ্যাঁ।

**শ্রী সন্দীপ দাস ঃ** এই ক্ষতিপূরণের জন্য শতকরা কত ভাগ ভরতুকি সরকার থেকে দেওয়া হয় মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** নোটিশ চাই।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এটা কি সত্য যে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কিছু জিনিসপত্র কেনা হয়েছে যেগুলি ১০ বছরেও ব্যবহার করা হয়নি?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই যে ৪ কোটি ৬৮ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেবার কথা বললেন মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ওখানে যে ইউনিয়ন আছে সিটুর ইউনিয়ন-সেই ইউনিয়ন মেনটেনেন্স করছেন না, কাজে ডিসটার্ব করছেন এটাই কি এরজন্য দায়ী?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আমার জানা নেই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে দপ্তরের ব্যয়বরাদ্দ নিয়ে আলোচনা হবে সেই দপ্তরের মন্ত্রী মহাশয়ের স্টেটমেন্ট এখনও আমরা পাইনি, এ সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বাসগুলির মেনটেনেন্স হচ্ছে না, বাসগুলি দেখে মনে হয় সেগুলি দেখার কোন লোকজন নেই—মাতৃপিতৃহীন বলে মনে হয়—এটাই কি সেখানকার লসের কারণ?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** এ প্রশ্ন থেকে এই অতিরিক্ত প্রশ্ন ওঠে না।

**শ্রী বিনয় কোনার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গত এক দশকে বাসের চেসিস এবং স্পেয়ার পার্টসের দাম কত গুন বেড়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** বহু গুন বেড়ে গিয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বামফ্রন্ট সরকার আসার পর এই বাসের ভাড়া কত গুন বেড়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর বাসের ভাড়া বেড়েছে কিনা?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আপনারা তো বাস পুড়িয়েছেন, আপনারা তো জানেন বেড়েছে।

**Authorities to look into the functioning of Panchayat bodies**

*279 (Admitted question No. *274.) **Shri A. K. M. Hassan Uzzaman;** Will the Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has set up authorities to look into the irregularities in the functioning of the Panchayat bodies; and

(b) if so—

(i) what arrangements have been made by the State Government in the matter, and

(ii) what powers have been conferred on such authorities?

**Shri Debabrata Bandyopadhyay :**

(a) & (b) The Statutory audit of the Accounts of the Gram Panchayats are done by the Extension Officer for Panchayats and those of the Panchayat Samitis and Zilla Parishads by the Examiner of Local Accounts under the Accountant General, West Bengal. The Panchayat Institutions have to take steps to remedy any defect or irregularity pointed out in the Audit reports. Moreover, an integrated Panchayat Accounts & Audit Organisation for the purpose of financial management and running audit of the accounts of the three-tier Panchayat Institutions has been set up. Besides for the purpose of inspection and superintendence of the work of Panchayat bodies it has been decided to appoint officers not below the rank of Sub-divisional Officer or District level officer.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বললেন যে পঞ্চায়েত এক্সটেনশন অফিসাররা এনকোয়ারী করতে পারবেন, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সেই সিদ্ধান্ত কবে হয়েছে এবং সেই অর্ডার ইস্যু হয়েছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এক্সটেনশন অফিসারদের ব্যাপারটা পঞ্চায়েত অ্যাক্টেই আছে। আর ইন্সপেকটিং অথরিটি সম্পর্কে যা করা হয়েছে সে সম্পর্কে ক্যাবিনেট সিদ্ধান্ত নিয়েছেন এবং সেটা চলে গিয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ক্যাটিগরিক্যালি বলবেন কি, এই অর্ডার ইস্যু হয়ে চলে গিয়েছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ইস্যু হয়েছে।

## পাঁচলায় বি ডি ও-র গ্রেপ্তারের অভিযোগ

*২৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত সেপ্টেম্বর, ১৯৮০-তে পাঁচলা বি ডি ও তহবিল তছরূপের দায়ে গ্রেপ্তার হয়েছিলেন; এবং

(খ) সত্য হইলে, সে মামলা বর্তমানে চলছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ও (খ) মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমার ডিপার্টমেন্টের ব্যাপার নয়। এটা পঞ্চায়েত ডিপার্টমেন্টের ব্যাপার। আমি এটা পঞ্চায়েত ডিপার্টমেন্টে পাঠিয়ে দিয়েছি।

**Alleged misappropriation of Government money in Panchayats**

*281. (Admitted question No. *354.) **Shri Haripada Jana (Bhagwanpur):** Will the Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—

(a) is it a fact that the ex-Grampradhan of Bhirishanpur Gram Panchayat has been charged with misappropriation of Government money; and

(b) if so, what action has been taken against him?

**Shri Debabrata Bandyopadhyay:**

(a) Yes.

(b) The Handloom Development Officer, Contai, lodged an F.I.R. with the Bhagawanpur Police Station on the instruction of the District Magistrate, Midnapore. The case is now under investigation by the D.E.B., Midnapore.

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে উক্ত গ্রাম প্রধান-এর বিরুদ্ধে যে এফ.আই আর হয়েছে, সেই সম্পর্কে পুলিশের পক্ষ থেকে তার বিরুদ্ধে কোনও অ্যাকশন নেওয়া হয়েছে কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই ব্যাপারে ডিস্ট্রিক্ট এনফোর্সমেন্ট ব্রাঞ্চ থেকে তদন্ত করা হচ্ছে। তবে এটা একটু দেরি হয়েছে। আমি এই ব্যাপারে নিজে ইনিসিয়েটিভ নিয়েছি, আগামী মাসের মধ্যে অ্যাকশন নেওয়া হবে বলে মনে করি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই গ্রাম প্রধানের বিরুদ্ধে কত টাকার অভিযোগ আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** ২৪ হাজার ২ শত টাকার।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই এফ.আই.আর কি ২৪ হাজার ২ শত টাকার উপর হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** হ্যাঁ।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে উক্ত গ্রাম প্রধান কোন রাজনৈতিক দলের অন্তর্ভূক্ত?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** আমার জানা নেই।

**শ্রী রজনীকান্ত দলুইঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, নোটিশ দিলে কি আপনি জানাবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** হ্যাঁ।

## পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে বাস স্ট্যান্ড নির্মাণ

*২৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৬।) **শ্রী বিশ্বনাথ চৌধুরিঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে "বাস স্ট্যান্ড" নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হাঁ হইলে উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরিঃ**

(ক) পশ্চিমদিনাজপুর জেলার রায়গঞ্জে বাসস্ট্যান্ড নির্মাণের কাজ ১৫.৯.৭৪ তারিখে সমাপ্ত হইয়াছে। ঐ স্থানে নূতন কোন বাস স্ট্যান্ড নির্মাণের পরিকল্পনা সরকারের হাতে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## পশ্চিমবঙ্গে গম চাষের লক্ষ্যমাত্রা

*২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪২।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্হাঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে কত পরিমাণ জমিতে গম চাষের লক্ষ্যমাত্রা স্থির

করা হয়েছিল;

(খ) উক্ত লক্ষ্যমাত্রানুযায়ী কি গমের চাষ করা সম্ভব হয়েছে; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হইলে, তার কারণ কি?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে ১৬ লক্ষ একর জমিতে গম চাষের লক্ষ্য মাত্রা স্থির করা হইয়াছিল।

(খ) "না"

(গ) লক্ষ্যমাত্রা অনুযায়ী গম চাষ না হওয়ার কারণ :-

(১) উত্তরবঙ্গের কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় সাধারণত আমন ধান কাটার পর সেই জমিতে গম বোনা হয়। এ বছর খারিফ মরশুমে এই জেলাগুলিতে গম রোয়ার সময় ভাল বৃষ্টি হওয়ায় জলদি জাতের বদলে অধিক ফলনশীল জাতের ধান চাষ করা হয় : এবং সেই ধান কাটতে দেরি হয়ে যায়। রোয়ার সময় পার হয়ে যাওয়ায় পরবর্তী ফসল গম বোনা ঐ সব জমিতে হয়নি।

(২) আগস্ট ও সেপ্টেম্বর মাসে মালদা ও মুর্শিদাবাদ জেলার বন্যার জল প্রবেশ করে খারিফ ফসল নষ্ট করার পর বেশির ভাগ খালেই জল তাড়াতাড়ি সরে যায়নি। এই দুটি জেলায় অন্যান্য বছরে নভেম্বরের মাঝামাঝি সময়ে গম বোনা হয় এ বছর ঐ সময় মাটিতে জলের পরিমাণ বেশি থাকায় গম বোনা সম্ভব হয়নি। এবং

(৩) এ বৎসর কিছু কিছু ক্ষেত্রে গমের পরিবর্তে সরিষা ও ডাল শস্য চাষ হয়েছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে ১৬ লক্ষ একর জমিতে গম চাষের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। কত লক্ষ একর জমিতে গম চাষ হচ্ছে সেটা জানাবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** আমার কাছে যে হিসাব আছে তাতে ১২ লক্ষ একর জমিতে হচ্ছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে গম চাষীদের উন্নত মানের গম বীজ সরবরাহ করার কি ব্যবস্থা ছিল?

**শ্রী কমলকান্তি গুহ :** আমাদের ফার্মে যে ধরনের উন্নত বীজের চাষ হয়ে থাকে সেগুলি

তাদের দেওয়া হয়। আমরা অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন-এর মাধ্যমে বাইরে থেকে গমের বীজ আনার চেষ্টা করছি এবং পি.ভি.সি'র তরফ থেকেও আমরা উন্নত মানের গম বীজ সংগ্রহ করে কৃষকদের মধ্যে বন্টন করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে গম বীজ বাইরে থেকে আনছেন, যেগুলি কৃষকদের বিতরণ করছেন, কৃষকরা সেগুলি বীজ হিসাবে ব্যবহার না করে বাজারে খাদ্য হিসাবে বিক্রয় করছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আপনার হয়ত জানা নেই, এই সমস্ত গম বীজগুলি কিছু পরিমাণ ঔষধ মিশিয়ে দেওয়া হয়। সেজন্য এগুলি খাওয়া যায় না।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** আমরা দেখেছি গম বীজ, কম দামে বাজারে বিক্রি করা হচ্ছে, এই সংবাদ কি অসত্য?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি জানিনা। আপনি একজন দায়িত্বশীল সদস্য যখন বলছেন, তখন কিছু কিছু ক্ষেত্রে হয়তো হয়ে থাকে। কিন্তু এটা একটা নজির নয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই বছর মোট কত টন গম উৎপাদন হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ১১ লক্ষ থেকে ১২ লক্ষ টন গম উৎপাদন হবে বলে আমরা অনুমান করছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যারা গম চাষ করে না, এমন ব্যক্তিকে গম বীজ সরবরাহ করা হয়েছে, তারা সেই সব গম বীজ খাদ্য হিসাবে ব্যবহার করছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই ধরনের কোনও খবর আমাদের কাছে নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই যে গম বীজ, সার ইত্যাদি ডিস্ট্রিবিউশন করার জন্য পাঠিয়েছেন, এইগুলো কার মাধ্যমে ডিস্ট্রিবিউশন হয়েছে, এবং এইগুলো প্রপারলি ডিস্ট্রিবিউশন হয়েছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** বিভিন্ন ভাবে হয়। মিনি কীট বিলি পঞ্চায়েতের মাধ্যমে হয়। পঞ্চায়েত সমিতি গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে বিলি করে। তাছাড়া আমাদের যারা রেজিস্টার্ড ডিলার আছে তারা নিয়ে আসে এবং তারা বন্টন করে কমার্শিয়াল রেটে। আর অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজও এই কাজ করেন, বেনফেডও করেন।

**গ্রাম পঞ্চায়েত প্রধান কর্তৃক নির্বাচকমণ্ডলীর সিদ্ধান্ত অগ্রাহ্যের অভিযোগ**

*২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জব-অ্যাসিস্ট্যান্ট নিয়োগের ক্ষেত্রে কতকগুলি গ্রাম পঞ্চায়েত প্রধান নির্বাচকমন্ডলীর সিদ্ধান্ত অগ্রাহ্য করেছেন, এরূপ তথ্য সরকারের নিকট আছে কি; এবং

(খ) থাকিলে, উক্ত বিষয়ে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতগুলিকে সরকার কোনও নির্দেশ দিয়াছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ, প্রাপ্ত তথ্য থেকে দেখা যায় যে এ পর্যন্ত মোট ৩টি গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে জব-অ্যাসিস্ট্যান্ট নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাচক মন্ডলীর সুপারিশ অগ্রাহ্যের অভিযোগ পাওয়া গেছে।

(খ) হ্যাঁ, সংশ্লিষ্ট সকল ক্ষেত্রেই নির্বাচক মণ্ডলীর সুপারিশ অনুযায়ী নিয়োগ করার জন্য গ্রাম পঞ্চায়েতগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** আপনি যে এই গ্রাম পঞ্চায়েতগুলোকে নির্দেশ দিয়েছেন, এই নির্দেশকে অগ্রাহ্য করার কোনও ঘটনা মেদিনীপুর জেলার ডেবরা, পাঁচলা গ্রাম পঞ্চায়েতে ঘটেছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** শুধু মেদিনীপুর নয় অনেক জায়গাতেই এই রকম ঘটনা ঘটেছে, সেই সমস্ত গ্রাম পঞ্চায়েতকে সুপারসিড করার জন্য অর্ডার যাচ্ছে। বর্তমানে দুটির ক্ষেত্রে অর্ডার যাচ্ছে।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মেদিনীপুর জেলার পাঁচলা গ্রাম পঞ্চায়েত কি এর মধ্যে আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** নোটিশ দেবেন বলে দেব। আমার কাছে সব লিস্ট আছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** আমার প্রশ্ন হচ্ছে কোন কোন জায়গা থেকে এই অভিযোগ এসেছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আপনি নোটিশ দেবেন, আমি পরে বলে দেব। আমার কাছে লিস্ট রয়েছে।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৩৫টি গ্রাম পঞ্চায়েত তারা অস্বীকার করেছেন। নির্বাচক মণ্ডলীর সিদ্ধান্ত। কোন কোন জেলার গ্রাম পঞ্চায়েতগুলো রয়েছে,

সেই জেলাগুলোর নাম বলবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** পশ্চিম দিনাজপুর, ২৪ পরগনা, মুর্শিদাবাদ, বীরভূম, হুগলি, মেদিনীপুর, জলপাইগুড়ি, বাঁকুড়া, বর্ধমান, দার্জিলিং।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** জব অ্যাসিস্টেন্ট নিয়োগের ক্ষেত্রে দল-বাজির অভিযোগ কি আপনি পেয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** না।

**শ্রী নানুরাম রায় ঃ** যে সমস্ত গ্রাম পঞ্চায়েতে জব অ্যাসিস্ট্যান্ট নিয়োগের ক্ষেত্রে কারচুপি করা হয়েছে সে সমস্ত গ্রাম পঞ্চায়েতের প্রধান কোন কোন দলের লোক জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** নোটিশ দেবেন, উত্তর দেব।

## কলকাতা শহরে হাতে-টানা রিক্সা চলাচল বন্ধ করার পরিকল্পনা

*২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৭।) **শ্রী নীহারকুমার বসু ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা শহরে হাতে-টানা রিক্সার সংখ্যা কত;

(খ) হাতে-টানা রিক্সা চলাচল বন্ধ করে দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকিলে, যানবাহনের ক্ষেত্রে যে শূন্যতার সৃষ্টি হবে তা কিভাবে পূরণ করা হবে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ**

(ক) কলকাতা শহরে লাইসেন্সপ্রাপ্ত হারে টানা রিক্সার সংখ্যা বর্তমানে ৩০০০। ইহা ছাড়াও বেশ কিছু সংখ্যক লাইসেন্সবিহীন রিক্সা (যাহার সংখ্যা বর্তমানে প্রায় ৩০/৪০ হাজার হইবে) কলকাতার রাস্তা ঘাটে চলাফেরা করে।

(খ) না, লাইসেন্সপ্রাপ্ত হাতে টানা রিক্সা চালালে বন্ধ করে দেবার কোনও পরিকল্পনা সরকারের নেই। তবে যানবাহন ব্যবস্থার উন্নতির জন্য কলকাতার কিছু কিছু জায়গায় সরকার প্রয়োজনবোধে হাতে টানা রিক্সা চলাচলের ব্যাপারে কিছু বিধিনিষেধ আরোপ করতে চায়।

(গ) উপরের (খ) প্রশ্নোত্তরের বাধা সৃষ্টিতে এ প্রশ্ন ওঠেনা।

**শ্রী নীহারকুমার বসু ঃ** সরকার কি বে-আইনি হাতেটানা রিক্সাগুলি তুলে দেবার কথা চিন্তা করছেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আমরা কিছু রিক্সা ধরেছিলাম—প্রায় তিন হাজার রিক্সা ধরেছিলাম এবং সেগুলি সবই আনরেজিস্টার্ড রিক্সা—সে বিষয়ে কোর্টে কেস হয়েছিল এবং সেখানে মাত্র ৫০-জন দাবিদার পাওয়া গিয়েছিল এবং প্রত্যেককে ৫০ টাকা করে ফাইন করে ছেড়ে দেওয়া হয়েছে।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে, হাতে টানা রিক্সা তুলে দেবার কোনও পরিকল্পনা সরকারের নেই, কিন্তু আমাদের সকলের জানা আছে যে, কলকাতা শহরে টানা-রিক্সা পরিবহন ব্যবস্থায় একটা অচলাবস্থার সৃষ্টি করেছে। এ সম্পর্কে কি সরকার নতুন করে কোনও চিন্তা ভাবনা করবেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** হ্যাকনি ক্যারেজ অ্যাক্ট-এর কিছু পরিবর্তন করার জন্য বিল আনা হবে।

**শ্রী নীহারকুমার বসু ঃ** অ্যাক্ট পরিবর্তন করার জন্য কি কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আমি তো বললাম বিল আনা হচ্ছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, ৬,০০০ লাইসেন্স রিক্সা আছে, তাহলে আন-লাইসেন্স রিক্সার সংখ্যাটা কত?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আনুমানিক ৩০ থেকে ৩৫ হাজার।

**শ্রী সরল দেব ঃ** ভারতবর্ষের বড় বড় শহর-দিল্লি এবং বোম্বাইতে যদি টানা রিক্সার প্রচলন না থাকে, তাহলে কলকাতায়ও রিক্সার বিকল্প অন্য কোনও ব্যবস্থার কথা সরকার চিন্তা করছেন কি?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আমি তো বললাম এ বিষয়ে আইন পরিবর্তনের জন্য বিল আনা হচ্ছে।

**শ্রী প্রবোধ পুরোকায়েত ঃ** যে সমস্ত বে-আইনী রিক্সাগুলি লাইসেন্স ফি দিচ্ছে না, তাদের ক্ষেত্রে লাইসেন্স ফি দিয়ে চালাবার নির্দেশ দেবার জন্য কোনও পরিকল্পনা সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হবে কি?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** সরকারের এই রকম কোনও পরিকল্পনা নেই।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** যে তিন হাজার রিক্সা ধরেছিলেন তার মধ্যে মাত্র ৫০-টির দাবিদার পাওয়া গেছে, তাহলে বাকি রিক্সাগুলির কি অবস্থা হয়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** ছেড়ে দেওয়া হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যাদের দাবিদারই নেই, তাদের কোথায় ছেড়ে দেওয়া হল?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** যেখান থেকে ধরা হয়েছিল সেখানেই ছেড়ে দেওয়া হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পুলিশ কি রাস্তায় সেগুলিকে ফেলে দিয়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** পুলিশ এদের ধরেছিল, সুতরাং পুলিশই এদের সম্বন্ধে সব কিছু জানে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনার কাছে কি খবর আছে যে, পুলিশ প্রত্যেকের কাছ থেকে ১০০ করে টাকা নিয়ে ছেড়ে দিয়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** এ বিষয়ে নোটিশ দেবেন, উত্তর দেব।

[1-30—1-40 p.m.]

**শ্রী গোপাল বসু ঃ** যে রিক্সাগুলি ধরা হল সেগুলি ছেড়ে দেওয়া হয়েছে যা বাজেয়াপ্ত করা হয়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** বাজেয়াপ্ত করার আইন নেই। আপনারা এই ব্যাপারে যদি বিশদভাবে জানতে চান তাহলে পুলিশের কাছ থেকে খবর নিয়ে বলে দিতে পারি এবং এর জন্য নোটিশ দিতে হবে।

### স্টেট ওয়াটার বোর্ডের সার্ভে

*২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৪।) **শ্রী অনিল মুখার্জি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জুলাই, ১৯৭৭ হইতে ডিসেম্বর, ১৯৮০ সালের মধ্যে স্টেট ওয়াটার বোর্ড কোন কোন জেলার সার্ভে করিয়াছেন;

(খ) উক্ত সার্ভে রিপোর্টে কোন কোন জেলায় প্যারেনিয়াল সোর্স অব ওয়াটার পাওয়া গিয়েছে; এবং

(গ) উক্ত সার্ভে রিপোর্টের ভিত্তিতে রাজ্যসরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) জুলাই ১৯৭৭ হইতে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত রাজ্য জল পর্ষদ (বর্তমান রাজ্য

জল অনুসন্ধান অধিকার) রাজ্যের সমস্ত জেলাতে ভুর্গভস্থ জলসম্পদ সম্পর্কিত সার্ভে করিয়াছেন।

(খ) পশ্চিমবঙ্গে সমস্ত জেলাতেই ভূগর্ভস্থ জলসম্পদ আছে কিন্তু তাহার পরিমাণ বিভিন্ন বৎসরের সকল সময়েই অল্পবিস্তর পরিমাণ জল পাওয়া যাইতে পারে। কিন্তু কত পরিমাণ ব্যবহার উপযোগী ভুগর্ভস্থ জল পাওয়া যাইবে তাহা কয়েকটি বিষয়ের উপর নির্ভরশীল; যেমন গভীর। অগভীর নলকূপ অথবা সেচ-পাতকুয়ার গভীরতা, এলাকায় বৃষ্টিপাতের পরিমাণ ও বন্টন পর্যায়, কত পরিমাণ জল মাটিতে প্রবেশ করিতেছে এবং ভূগর্ভস্থ জল-উত্তোলন পদ্ধতি ইত্যাদি। খরা বৎসরে এবং গ্রীষ্মকালে ভূগর্ভস্থ জলের পরিমাণ কমিয়া যায়।

(গ) উক্ত সার্ভের ভিত্তিতে রাজ্য জল-অনুসন্ধান অধিকার পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ৬৮,০৩৯টি অগভীর নলকূপ, ২৪৬৫টি গভীর নলকূপ ও ১,৪৯,২৬১টি সেচ পাতকুয়ার সর্বশেষ অনুমোদন দিয়াছেন। উক্ত অগভীর নলকূপ, গভীর নলকূপ এবং সেচ পাতকুয়া সম্পর্কিত সকল তথ্য এই সংস্থার তরফ হইতে নিয়ামক, সমবায় সমিতি এবং কৃষি পুনর্বিত্ত নিগমের নিকট পাঠানো হইয়াছে। যাহাতে উক্ত সমবায় সমিতি এবং কৃষি পুনর্বিত্ত নিগম বিভিন্ন এলাকার ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়ণে প্রয়োজনীয় সহায়তা করিতে পারে।

**শ্রী সরল দেব ঃ** শ্যালো টিউবওয়েলের যে গুচ্ছ পরিকল্পনা আছে সেখানে সার্ভে রিপোর্ট বলছে যে হতে পারে না কিন্তু কৃষকরা যখন বসাচ্ছে তখন জল নিয়মিত পাওয়া যাচ্ছে—এই ব্যাপারটি কি দয়া করে জানাবেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** শ্যালো টিউবওয়েল গর্ভনমেন্ট থেকে হয় না, সমবায় সমিতি থেকে হয় অথবা ব্যক্তিগতভাবে কৃষকেরাও করেন। সরকারের সঙ্গে কোনও সম্পর্ক নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্টেট ওয়াটার বোর্ড যেটা আছে তারা ঠিকমতো কাজ করছে না—এই রকম ধরনের কোনও খবর আপনার জানা আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** অন্যায় রিকোয়েস্ট করলে কেন তারা শুনবেন।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, সমস্ত জেলায় সার্ভে রিপোর্ট হয়ে গেছে। এমন অনেক জেলা আছে যেখানে ডিপ টিউবওয়েল ছিল কিন্তু খারাপ হয়ে গেছে অথচ সার্ভে রিপোর্টের অভাবে সংস্কার করা হচ্ছে না। আপনার এই সার্ভে রিপোর্টের একটা ডিটেল্ড রিপোর্ট সদস্যদের মধ্যে দেওয়ার ব্যবস্থা করবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্যের অনুরোধ রাখবার চেষ্টা করব।

**বারাসাত হইতে সোদপুর পর্যন্ত সরকারি বাস চালু করার পরিকল্পনা**

*২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০২২।) **শ্রী সরল দেব ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রপূর্বক জানাইবেন কি বারাসাত হইতে সোদপুর অবধি সরকারি বাস চালু করার কোনও পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** হ্যাঁ, আছে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে ঐ অঞ্চলে প্রতিদিন বাস ওভার ক্রাউডেড হওয়ার ফলে দু-একজন লোক পড়ে যায়, সেইজন্য ঐ অঞ্চলের লোকেরাই প্রাইভেট বাস চালু করা হোক এই বলে দাবি জানিয়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আমরা ঐ এলাকায় বাস চালু করছি। রুট নং এল ২০এ, বারাসাত শ্যামবাজার ভায়া ব্যারাকপুর। এল ২০বি, বারাসাত এসপ্ল্যানেড ভায়া যশোর রোড, ১২খানি বাস অ্যালট করা হয়েছে। এল ২০এ, ৬.৩.৭৮ তারিখ থেকে এবং এল ২০বি ২৬.৭.৭৯ তারিখ থেকে চালু করা হয়েছে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ওটা ঠিক সোদপুর দিয়ে যায় না। ওখানে মাননীয় সদস্য শ্রী অমল সরকার এবং শ্রী গোপাল ভট্টাচার্য্য মহাশয়ের ঐ রাস্তাটা ওভার ক্রাউডেড, ওখানে প্রাইভেট বাস চালু করবার কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** আপাতত এখন নাই, পরে দেখা যাবে।

**শ্রী হবিবুর রহমান ঃ** ওখানে স্থানীয় এম.এল.এ দের নির্দেশে প্রায়ই পথ অবরোধ হচ্ছে। দূরপাল্লার যাত্রীদের অসুবিধা হচ্ছে, এ সম্বন্ধে মন্ত্রী মহাশয় কি কিছু জানেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** না, জানা নাই।

**হুগলি জেলার উত্তরপাড়া-কোতরং পৌরসভার সহিত ভদ্রকালী ও মাখলা অঞ্চল সংযুক্তিকরণ**

* ২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৫।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার হুগলি জেলার অন্তর্গত উত্তরপাড়া-কোতরং পৌরসভার সহিত হিন্দুস্থান মোটরস কারখানা সহ ভদ্রকালী ও মাখলা অঞ্চল সংযুক্তিকরণের জন্য নির্দেশনামা জারি করিয়াছেন; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কবে এই নির্দেশ জারি করা হইয়াছে এবং সংযুক্তিকরণের ক্ষেত্রে কি কি কার্যকর ব্যবস্থা লওয়া হইয়াছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২৪শে ডিসেম্বর ১৯৭৯ তারিখে বঙ্গীয় পৌর আইনের ৮সি ধারা অনুযায়ী এই নির্দেশ জারি করা হইয়াছে। কিন্তু এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যায় নাই। কারণ এই সংযুক্তির বিরুদ্ধে হিন্দুস্থান মোটরস কর্তৃপক্ষ উচ্চ আদালতে মামলা দায়ের করিয়াছে। উক্ত মামলার চূড়ান্ত নিষ্পত্তি এখনো হয় নাই।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৭১ সালের ডিসেম্বরে নোটিফিকেশন হবার পরে ১৯৭৭ সালের মার্চ মাস পর্যন্ত সরকার হিন্দুস্থান মোটরসের মামলা হাইকোর্টে দায়ের করেছিলেন সেই মামলাকে রক্ষা করার জন্য সরকার পক্ষ থেকে কোনও ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আগের কথা জানিনা, আমরা আসার পর আমরা চেষ্টা করেছিলাম। প্রথমে তারা আদালতে যায় এবং হাইকোর্ট থেকে ফিরে আসার পর আবার আপীল করে, আপীলে আদালত সিদ্ধান্ত নেয় যে—ভারপ্রাপ্ত মন্ত্রী অর্থাৎ আমার উপর শুনানী নেওয়ার ভার পড়ে, ১৯৭৮ সালের এপ্রিল মাসে আমি আমার সিদ্ধান্ত জানিয়ে দিই। কিন্তু তারপর তারা সুপ্রীম কোর্টে যায়, আবার সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী হাইকোর্টে ফিরে আসে এবং আবার ঠিক হয় যে আমাকে আবার শুনানী নিতে হবে। আমি ২৪শে এপ্রিল, ১৯৮০ আমি আবার আমার সিদ্ধান্ত জানিয়ে দিই। তারপর আদালত কি করেছেন আমি জানিনা।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** তারা পুনরায় মন্ত্রী মহাশয়ের নির্দেশ না মেনে আদালতে গেছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আদালতে সেটা এখন রয়েছে সেখানে সরকার কি করে সিদ্ধান্ত নেবেন সেটা বুঝতে পারছি না।

### কলকাতায় সরকারি বাস ও ট্রাম চলাচলের সংখ্যা

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৮।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৬ সালের জানুয়ারি মাসে ও ১৯৮০ সালের জানুয়ারি মাসে কলকাতার রাস্তায় কতগুলি সরকারি বাস ও ট্রাম গড়ে প্রতিদিন চালু ছিল?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ**

| | জানুয়ারি, ১৯৭৬ কলকাতায় দৈনিক গড়ে | জানুয়ারি, ১৯৮০ কলকাতায় দৈনিক গড়ে |
|---|---|---|
| (১) কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন | ৫২৯টি বাস চালু ছিল। | ৬২৩টি বাস চালু ছিল। |

| | | |
|---|---|---|
| (২) ট্রাম কোম্পানি | ২৯৫টি ট্রাম চালু ছিল। | ৩১০টি ট্রাম চালু ছিল। |

[1-40 — 1-50 p.m.]

**শ্রী হবিবুর রহমান ঃ** ১৯৭৬ সালের জানুয়ারি মাসের বাসের সংখ্যা কি ছিল এবং ১৯৮০ সালে কি হয়েছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ১৯৭৬ থেকে ১৯৮০ সাল এর মধ্যে কতগুলি ট্রাম, বাস কিনেছেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** নোটিশ চাই।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এই যে ফিগার দিলেন তাতে সাম্প্রতিক গুন্ডামির ফলে যে ট্রাম-বাসগুলি পুড়েছে তার হিসাব ধরা আছে কিনা?

(কোনও উত্তর নাই)

**বাঁকুড়া জেলার ছাতনা ওয়ার্ডার ট্রেনিং ইনস্টিটিউট**

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৮।) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার ছাতনায় ওয়ার্ডার ট্রেনিং ইনস্টিটিউটটি ওপেন এয়ার জেল-এ রূপান্তরিত হইতে চলিয়াছে?

**শ্রী দেব্রবত বন্দ্যোপাধ্যায় ঃ**

এরূপ কোনও প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই।

**ঝাড়গ্রাম মহকুমার জুবিলি মার্কেট স্থাপন**

*২৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৪।) **শ্রী রামচন্দ্র শতপথী ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমার জুবিলি মার্কেট নির্মাণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাদ এই মার্কেট নির্মাণ করা হইবে এবং উক্ত কাজের জন্য কত টাকা ব্যয় হইবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ঝাড়গ্রাম ছাড়া অন্য কোনও জায়গায় জুবিলি মার্কেট করার প্রস্তাব আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এ বিষয়ে সরকারের নীতি হচ্ছে প্রতিটি মহকুমায় নিয়ন্ত্রিত বাজার স্থাপন করব এবং সেই মহকুমায় যেসব সরকারি হাট—বাজারগুলি থাকবে তা আমরা পর্যায়ক্রমে গ্রহণ করব। ঝাড়গ্রামের জুবিলি মার্কেট ছাড়াও সেখানে নিয়মিত ভাবে বাজার চালু করবার পর আমরা প্রধান বাজার স্থাপন করব এরকম পরিকল্পনা আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যতগুলি প্রাইভেট বাজার আছে সেগুলি কি নিয়ে নেবেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের এইরকম পরিকল্পনা আছে এবং আগামী বছর থেকে সমস্ত মহকুমাগুলিকে এর আওতায় আনব।

### কৃষকদের বার্ধক্য পেনসন

*২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৫।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষকদের বার্ধক্য পেনসন পাবার যোগ্যতা কি কি;

(খ) এই যোগ্যতা অনুসারে পশ্চিমবঙ্গে কত কৃষক এই পেনসন পাওয়ার যোগ্য বলে বিবেচিত হয়েছেন;

(গ) তার মধ্যে কতজন এ যাবৎ পেয়েছেন;

(ঘ) ভারতবর্ষে আর কোন কোন রাজ্যে কৃষক পেনসন চালু হয়ে আছে, এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের নিকট কোনও তথ্য আছে কি; এবং

(ঙ) পশ্চিমবঙ্গের কৃষি পেনসন ব্যাপারে কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারকে কোনও আর্থিক সাহায্য দেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) নিম্নলিখিত শর্তগুলি পূরণ করিলে যেকোন কৃষক বা কৃষি শ্রমিক বার্ধক্য ভাতা পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইয়া থাকেন ঃ-

(১) তিনি অনধিক দুই একর জমি বর্গা চাষ করিতেন ঃ অথবা
তিনি অনধিক এক একর জমির মালিক, এবং ঐ জমি নিজে চাষ করিতেন বা বর্তমানে করেন ; অথবা তিনি একজন কৃষি শ্রমিক; এবং

(২) তিনি দরখাস্ত করার তারিখে ৬০ বৎসর বয়ঃপ্রাপ্ত হইয়াছেন; অথবা
শারীরিক অক্ষমতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে তাঁহার বয়স ৫৫ বৎসর হইয়াছে;

(৩) তাঁহার ভরণপোষণে সক্ষম কোনও নিকট আত্মীয় নাই :

(৪) তিনি আনধিক ১০ বৎসর কাল পশ্চিমবঙ্গে বসবাস করিতেছেন; এবং

(৫) তিনি অন্য কোনও উৎস হইতে অন্য কোনওরূপ ভাতা পাননা।

(খ) উপরোক্ত যোগ্যতা অনুসারে পশ্চিমবঙ্গে কৃষক বর্গাদার এবং কৃষি শ্রমিক মিলিয়ে এই ভাতা প্রায় সাড়ে তিন লক্ষ ব্যক্তি পেতে পারেন। কিন্তু সীমিত আর্থিক ক্ষমতার জন্য সরকার ১৯৮০-৮১ সালে মোট ২৭,৭৭৫ জনকে এই ভাতা দেওয়া যাইতে পারে।

(গ) সরকার এ বৎসর ২৭,৭৭৫ জনকে ভাতা দেওয়ার জন্য অর্থ মঞ্জুর করেছেন; এবং ৫৫ জনকে সরাসরি ভাতা মঞ্জুর করেছেন; তাঁরা পেনসন পেয়ে গেছেন। বাকি ২৭,৭২০ জনকে সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সুপারিশ অনুসারে মহকুমা কৃষি অধিকারিকদের ভাতা মঞ্জুর করার কথা, তার মধ্যে কতজন এ যাবৎ পেয়েছেন সে সম্পর্কে তথ্য সংগ্রহ করা হচ্ছে, এজন্য সময় লাগবে।

(ঘ) যতদূর জানা আছে কেরল রাজ্যে কৃষি শ্রমিকদের জন্য পেনসন প্রকল্প চালু আছে।

(ঙ) না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যাদের একেবারে জমি নেই তারা এই পেনসনের আওতায় আসবে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** তারা যদি কৃষিশ্রমিক হয় তাহলে নিশ্চয় পাবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** কৃষক পেনসন বলছেন কেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কৃষির মধ্যে যারা অল্প জমির মালিক তারাও এঁর মধ্যে পড়বে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পেনসনের বেলায় দেখা যাচ্ছে যে সি.পি.এমের লোক না হলে অন্য লোকদের দেওয়া হচ্ছে এই খবর জানেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি কংগ্রেসি বন্ধুদের সুপারিশ অনুযায়ী নিজে তদ্বির করে কয়েকজনকে করে দিয়েছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনার কাছে এরকম খবর আছে কি যে পঞ্চায়েত সমিতির কাছে যখন দরখাস্ত যাচ্ছে তখন ভেরিফাই করা হচ্ছে কোন দলের সদস্য এবং সি.পি.এম ছাড়া অন্য দলকে দেওয়া হচ্ছে না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি জানি সমস্ত দলে কৃষকরাই পাচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** পেনসন দেবার নর্মস যা আছে তাতে মন্ত্রী মহাশয়ের রেকামেন্ডেশন অনুযায়ী অগ্রাধিকার দেওয়া হয় না পঞ্চায়েত সমিতির অনুযায়ী অগ্রাধিকার দেওয়া হয়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** পঞ্চায়েত সমিতিকে অগ্রাধিকার দেওয়া হয় কিন্তু সরকার হচ্ছে চূড়ান্ত কথা। সেখানে যদি আমার চোখে পড়ে যায় যে কোনও দুস্থ লোক বা বৃদ্ধ লোক বাদ গেছে তাহলে সরকার থেকে আমরা সরাসরি দিয়ে থাকি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** পঞ্চায়েতের গ্রাম প্রধান থেকে আরম্ভ করে জেলা পরিষদে আসবে, সেখানে মন্ত্রী মহাশয়ের কোনও ফাংশান আছে বলে জানা নেই—এক্ষেত্রে নিজে থেকে যদি নাম ফরওয়ার্ড না আসে তাহলে আপনার কি ক্ষমতা আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যদি কোনও ভাবে এড়িয়ে যায় তাহলে আমরা কিছু কিছু ক্ষেত্রে অগ্রাধিকার দিয়ে থাকি। অর্থাৎ ৭০ জনের মধ্যে ৫০ জনকে দেওয়া হল বাকি ২০ জনের মধ্যে দেখা গেল কালকে না দিলেই মারা যাবে তখন আমরা তাদের দিয়ে থাকি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বাকি যে নামগুলি পাঠানো হয় না সেগুলি কিভাবে কালেক্ট করবেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যদি কোনও সমাজসেবী বা এম.এল.এ. আমাদের দৃষ্টি আকর্ষণ করেন তাহলে আমরা সেগুলিকে দেখি।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বিশেষ ক্ষমতাবলে আপনারা এগুলি করতে পারেন ঠিকই, কিন্তু কারুর নাম বাদ গেলে সেগুলিকে কিভাবে সংগ্রহ করবেন, পঞ্চায়েত সমিতির মাধ্যমে, না অন্য কোনও উপায়ে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এ ব্যাপারে যদি কোনও সমাজসেবী আমাদের দৃষ্টি আকর্ষণ করেন, কোনও এম.এল.এ, যদি দৃষ্টি আকর্ষণ করেন বা আমাদের চোখে সরাসরি পড়ে যায়,

তাহলে আমরা যথাযথ ভাবে হচ্ছে কিনা তা দেখব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এ ব্যাপারে যে নামগুলি আপনার হাতে এল, সেগুলিকে যদি দেখা যায় যে, যথাযথ নিয়মের মধ্যে পড়ছে না, তাহলে সেগুলির ক্ষেত্রে কি উপায়ে ভেরিফাই করা হবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের যে আইন আছে, তাতে যে কোনও সময়ে যদি দেখা যায় যে, আইন অনুসারে অনুপযুক্ত, যে কোনও কারণে ভুলবশত সেটি বেরিয়ে যাচ্ছে, তাহলে সে ক্ষেত্রে যোগ্যতা ঠিক করবেন জে.এল.আর.ও। অথবা এম.এল.এর দেওয়া যোগ্যতার সার্টিফিকেটই তা ঠিক করে দেবে বা প্রধানের দেওয়া যোগ্যতা সার্টিফিকেট লাগবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** তাহলে এ ক্ষেত্রে আপনাদের প্রতি ব্লকে যে গ্রাম পঞ্চায়েত কমিটি তৈরি হয়েছে, তাদের রেকমেন্ডেশন ছাড়া এটি হবে না—এটি কি সত্য?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** না, সরকার থেকে এরকম কোনও নির্দেশ দেওয়া হয়নি।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** যে এলাকার এম.এল.এ. আছেন বা পঞ্চায়েত প্রধান আছেন, তাঁদের সার্টিফিকেট লাগবে। কিন্তু আমার এলাকার পাশে মথুরাপুরে যে এম.এল.এ আছেন, তাঁরা তাঁকে না পেয়ে আমার কাছে আসছেন। এই সমস্ত গরিব কৃষক বা অন্যরা বয়সের সার্টিফিকেট পাচ্ছেন না। এক্ষেত্রে কি পাশের কনস্টিটিউয়েন্সিতে যিনি এম.এল.এ আছেন, তিনি সার্টিফিকেট দিতে পারেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ঐ এলাকায় এম.এল.এ হচ্ছেন সত্যবাবু, তিনি যদি সেখানে না যান, কলকাতা শহরে বসে থাকেন, তাহলেও যাতে ঐ এলাকার দুস্থ লোকগুলো এ ব্যাপারে সাহায্য পেতে পারেন, সে ব্যাপারে নিশ্চয়ই সরকার বিবেচনা করবেন।

*২৯৬ ও *২৯৭ (স্থগিত)

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আমি আজ দুটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম নোটিশে শ্রী রজনীকান্ত দোলুই ওয়েস্ট বেঙ্গল স্কুল স্পোর্টস অ্যাশসিয়েশনের নিয়মবহির্ভূত কাজের অভিযোগ করে এ বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। তাঁর নোটিশে এমন কোনও গুরুত্বপূর্ণ জরুরি প্রকৃতির সাম্প্রতিক ঘটনার উল্লেখ নেই যা মুলতুবি প্রস্তাবের উপযোগী বলে বিবেচিত হতে পারে না।

দ্বিতীয় নোটিশে শ্রী কাজী হাফিজুর রহমান ও শ্রী সামসুদ্দিন আহমেদ মুর্শিদাবাদ জেলার ভগবানপুর ২নং ব্লকের রাজাবাটি গ্রামের সমাজ বিরোধীগণ কর্তৃক টাকা, গহনা ও খাদ্যশস্য লুঠের একটি ঘটনার অভিযোগ করে এ বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। নোটিশের বিষয়টি একটি বিচ্ছিন্ন আইন শৃঙ্খলা ভঙ্গের ঘটনার অভিযোগ সম্পর্কিত। প্রচলিত আইনের

মাধ্যমেই এর প্রতিকার সম্ভব। তা ছাড়া স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের বাজেট ব্যয় বরাদ্দ আলোচনার সময় সদস্য মহোদয়গণ এ বিষয়ে আলোচনার যথেষ্ট সুযোগ পাবেন। অতএব বিষয়টি মুলতুবি প্রস্তাবের পক্ষে অনুপযোগী।

আমি দুটি মুলতুবি প্রস্তাবের নোটিশই নাকচ করছি।

**শ্রী দেবরঞ্জন সেন :** মাননীয় স্পিকার স্যার, যার একটা বক্তব্য আছে, আপনি যেটুকু পড়বার অনুমতি দেন, তার বাইরে এম.এল.এরা পড়বার চেষ্টা করেন, এটি সম্বন্ধে আপনি কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা জানান।

**মিঃ স্পিকার :** যেটুকু পড়তে দেওয়া হয়েছে সেটুকুই তাঁরা পড়তে পারবেন, তার বেশি পড়তে পারবেন না।

**শ্রী কাজী হাফিজুর রহমান :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল, মুর্শিদাবাদ জেলার ভগবানপুর ২নং ব্লকে রাজাবাটি গ্রামে সমাজবিরোধীগণ কর্তৃক টাকা, গহনা ও খাদ্যশস্য লুঠ।

গত ৫।৩।৮১ তারিখে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২নং ব্লকের অধীন রাজাবাটি (পোড়ামাটি) গ্রামে প্রকাশ্য দিবালোকে শ্রী গৌরাঙ্গ মন্ডল মহাশয়ের জমির গম, সরলপুর গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান জনাব ইয়ার মহঃ পঞ্চায়েত সমিতির সভাপতি, শ্রী হেমনারায়ণ সাহা ও জেলা পরিষদ সদস্য জনাব আল্লারাখা মহোদয়গণের প্ররোচনায় ও নেতৃত্বে প্রায় ৫০।৬০ জন সমাজ বিরোধী ব্যক্তিদের এক বাহিনী লুট করে এবং সঙ্গে সঙ্গে শ্রী গৌরাঙ্গ মহাশয়ের বাড়িতে প্রবেশ করে টাকা, সোনার গহনা এবং একটি দুনলা বন্দুক লুঠ করে নিয়ে যায়। পুলিশ কর্তৃপক্ষ এখনও কোনও সক্রিয় ব্যবস্থা গ্রহণ করেন নাই বরং শ্রী গৌরাঙ্গ মহাশয়কেই পুলিশ গ্রেপ্তার করে চালান দেন।

**শ্রী রজনীকান্ত দলুই :** স্যার, ওয়েস্ট বেঙ্গল স্পোর্টস অ্যাসোসিয়েশন সম্বন্ধে আমার একটু বলার আছে কারণ স্কুল স্পোর্টস বানচাল হতে চলেছে। মন্ত্রী মহাশয় তার চেয়ারম্যান কাজেই তিনি এ সম্বন্ধে কিছু বলুন।

**মিঃ স্পিকার :** এটা গভর্নমেন্টের ব্যাপার নয়। আপনি স্কুল স্পোর্টস সম্বন্ধে অ্যাসোসিয়েশনের সঙ্গে আলোচনা করুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় সদস্য বলছেন টাকার অপচয় হচ্ছে এবং দিস পাবলিক মানি। কাজেই আপনার মাধ্যমে এটা সরকারের কাছে রাখতে দিন।

**মিঃ স্পিকার :** পাবলিক মানি হলেই যেমন টু টুয়ান্টি সিক্স হয়না, ঠিক তেমনি পাবলিক মানি হলেই অ্যাডজোর্নমেন্ট মোশন হয়না। এ সম্বন্ধে আপনি বাজেটের সময়

বলবেন।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার :** আমি নিম্নলিখিত বিষয়গুলির উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

১) কাঁথি প্রভাতকুমার কলেজে পাঠানো বি.এ. পার্ট-২ মার্কশীটে ভুতুড়ে কান্ড —শ্রী রজনীকান্ত দলুই,

২) সিমেন্টের অভাবে সংশ্লিষ্ট পাইপ কারখানায় কাজ বন্ধ—শ্রী রজনীকান্ত দলুই,

৩) কোচবিহারে পরিবহন ব্যবস্থার অবনতি—শ্রী রজনীকান্ত দলুই,

৪) বর্ধমানে কলেজ বন্ধ হওয়া—শ্রী রজনীকান্ত দলুই, শ্রী মহঃ সোহরাব এবং শ্রী হবিবুর রহমান,

৫) মেটিয়াবুরুজ থানার মুদিয়ালিতে স্কুল ঘর ভেঙ্গে পড়া—শ্রী মহঃ সোহরাব এবং শ্রী হবিবুর রহমান,

৬) ৯।৩।৮১ তারিখে শিবপুরের সার্কুলার রোডে গৃহবধূর মৃত্যু—শ্রী কাজী হাফিজুর রহমান, শ্রী সামসুদ্দিন আহমেদ, এবং শ্রী ধীরেন্দ্রনাথ সরকার,

৭) মুর্শিদাবাদ, বাংলাদেশ, কোচবিহার সীমান্তে বি.এস.এফ কর্তৃক চোরাই মাল উদ্ধার— —শ্রী কাজী হাফিজুর রহমান, এবং শ্রী সামসুদ্দিন আহমেদ,

৮) ব্রাবোর্ন রোডে পুলিশ ব্যারাকে কনস্টেবলের মৃতদেহ উদ্ধার—শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী কাজী হাফিজুর রহমান

৯) তালতলা লেনের জনৈক স্ত্রীলোকের রহস্যজনক মৃত্যু—শ্রী কাজী হাফিজুর রহমান এবং শ্রী সামসুদ্দিন আহমেদ,

10) Seizure of Primary School Text Books from College Street area— Shri Rajani Kanta Doloi, Shri Shamsuddin Ahmed, Shri Kazi Hafizur Rahaman, Shri Md. Sohrab and Shri Habibur Rahman.

11) Demand for share from special bearer bonds—Shri Rajani Kanta Doloi.

12) Rally by the West Bengal State Electricity Board Employee's Union—Shri Rajani Kanta Doloi.

সিমেন্টের অভাবে কংক্রিট পাইপ কারখানার কাজ বন্ধ—এই বিষয়ের উপর শ্রী রজনীকান্ত দলুই কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন

অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখোপাধ্যায় ঃ** ১৭/৩/৮১ তারিখে উত্তর দেব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, উর্দুকে সেকেন্ড ল্যাংগোয়েজ করা হবে এরকম একটা স্টেটমেন্ট মুখ্যমন্ত্রী বাইরে দিয়েছেন। আমার বক্তব্য হচ্ছে হাউস যখন চলছে—অ্যাসেম্বলি ইন সেসন—তখন অ্যাসেম্বলি ফ্লোরে প্রথমে আলোচনা না করে মুখ্যমন্ত্রী কি করে এরকম একটা স্টেটমেন্ট বাইরে করলেন। আমি মনে করি এতে হাউসের সদস্যদের প্রিভিলেজ ভঙ্গ করা হয়েছে। আমি এই ব্যাপারে প্রিভিলেজ মোশন আনছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এটা একটা ইমপর্টান্ট ব্যাপার। উর্দুকে যদি সেকেন্ড ল্যাংগোয়েজ করা হয় তাহলে মুখ্যমন্ত্রী সে সম্পর্কে প্রথমে এখানে একটা স্টেটমেন্ট দিতে পারতেন। কিন্তু তা যখন করা হয়নি তখন ইট ইজ এ ক্লিয়ার কেস অব প্রিভিলেজ। স্যার, এই ব্যাপারে দয়া করে আপনি পার্মিশন দিন এবং তার ফলে মন্ত্রীরা একটু সংযত হবেন।

**মিঃ স্পিকার ঃ** আপনি দিন, আই উইল সি টু ইট।

## MENTION CASES

**শ্রীমতী অপরাজিতা গোপি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী তথা পার্থ দে মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন বিশ্ব প্রতিবন্ধক হিসাবে এই বছরটিই পরিগণিত হয়েছে। কিছু দিন আগে দেখলাম মাননীয় শিক্ষা মন্ত্রী এই সব মুক বধির বিদ্যালয়গুলিকে অবৈতনিক হিসাবে ঘোষণা করেছেন। যে সমস্ত মুক বধির বিদ্যালয়গুলি আছে আমাদের কাছে খবর আছে যে এই সমস্ত মুক বধির স্কুলগুলিতে ৫ম শ্রেণী পর্যন্ত পড়ানো হয়। আমার আবেদন হচ্ছে যেখানে আজকে এই বছর বিশ্ব প্রতিবন্ধক দিবস হিসাবে ঘোষণা করা হচ্ছে তখন এই মুক বধির স্কুলগুলিতে উচ্চ শিক্ষা দেবার ব্যবস্থা করা হোক। মোট সরকারের অনুমোদিত মুক বধির স্কুল আছে বহরমপুরে, সিউড়িতে এবং কলকাতায়। এখানে অত্যন্ত অল্প অনুদান দেওয়া হয়। আমার কাছে খবর আছে বহরমপুরে যে নলিনী প্রভা মুক বধির স্কুলে মাত্র ৫০ টাকা করে মাহিনা দেওয়া হয়। এটা অত্যন্ত অল্প এখানে সরকারি অনুদান একেবারে নাই বললেই চলে। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি অবৈতনিক বলে ঘোষণা করুন। এই মুক বধিরদের পঞ্চম শ্রেণী পর্যন্ত পড়াবার পর তাদের জীবিকার ক্ষেত্রে দেখা যায় তারা কাগজ ফেরী করছে কিংবা কোনও মুদির দোকানে কাজ করছে। এই অবস্থার পরিবর্তন দরকার এবং তাদের ব্যারেল সিস্টেমের চেয়ে অডিওমেট্রিক সিস্টেমে পড়ানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী রাসবিহারী পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫।২।১৯৮১ তারিখে কাথি ১নং ব্লকের ৪নং রাইপুর পঃ ঝাড়গ্রাম পঞ্চায়েতের গ্রামপ্রধান উন্নয়ন কাজের জন্য ২৪০ ব্যাগ সিমেন্টের পারমিট নিয়ে ঐ সিমেন্ট কিনে জেলা পরিষদের সদস্য মহাশয়ের বাড়িতে জমা রাখে। স্থানীয়

জনসাধারণ কাঁথি থানায় খবর দিলে পুলিশ জেলা পরিষদের সদস্য নিত্যানন্দ প্রধানের নিকট হইতে ২১৫ বস্তা সিমেন্ট সিজ করে ও বাকি ২৫ বস্তা কাথি ১নং ব্লকের জনৈক অফিসার নিয়েছেন বলে স্বীকার করেন। পঞ্চায়েতের কোনও সভায় ঐ সিমেন্ট সম্বন্ধে কোনও রেজলিউসন বা টাকা মঞ্জুরি হয়নি। এই সম্বন্ধে পুলিশ অন্য কোনও ব্যবস্থা নিচ্ছে না। অবিলম্বে উর্ধ্বতন অফিসার নিয়োগ করে তদন্ত করুন এই আবেদন আমি রাখছি। এই ব্লকে টিউবওয়েলের পাইপ চুরি সম্পর্কে এক অভিযোগ হয়েছিল। অদ্যাবধি সন্তোষজনক প্রতিকার হয়নি। আশা করি অবিলম্বে এই সিমেন্ট সম্পর্কে আবশ্যকীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে। স্থানীয় সংবাদপত্রে এই খবর বেরিয়েছে। আমি এই সংবাদপত্র আপনার মাধ্যমে দিচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার কাঁথী মহকুমার অন্তর্গত ইছাবাড়ী হাইস্কুলের একজন শিক্ষক, তাঁর নাম হচ্ছে মনীন্দ্রনাথ সাউ, তিনি বি.এ. পাশ বলে ঐ স্কুলে চালিয়ে যাচ্ছেন কিন্তু এ পর্যন্ত তিনি ডি.আই.এফ স্কুলকে কোনওরকম সার্টিফিকেট বা ডিপ্লোমা দেখাতে পারেননি বা প্রডিউস করতে পারেন নি। তিনি সেখানে বি.এ. পাশ শিক্ষক বলে নিজেকে চালিয়ে যাচ্ছেন এবং সেই অনুযায়ী টাকা পয়সা ড্র করছেন। শুধু তাই নয় স্যার, আরো মজার ঘটনা হচ্ছে, ১৯৪২ সালের আগস্ট আন্দোলনে তিনি নাকি যোগদান করেছিলেন এবং সেজন্য তিনি পলিটিক্যাল সাফারার হিসাবে পেনসেন নিচ্ছেন। স্যার, স্কুল রেকর্ডে দেখা যাচ্ছে '৪২ এর আগস্ট আন্দোলনের সময় সেই শিক্ষক মহাশয়ের বয়স ছিল ৬/৭ বছর। স্যার, একদিকে তিনি কোনও সার্টিফিকেট প্রডিউস না করেই বি.এ পাশ শিক্ষক হিসাবে মাহিনা নিচ্ছেন অপর দিকে তিনি পলিটিক্যাল সাফারার হিসাবে পেনসন নিয়ে যাচ্ছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব, এই যে তিনি '৪২ এর ভারত ছাড়ো আন্দোলনে অংশ গ্রহণ করেছিলেন বলে বলছেন এটা রেকর্ড দেখে সত্য কিনা যাচাই করা দরকার এবং তিনি যে সার্টিফিকেট ডি.আই. অফিসে না দেখিয়ে এইভাবে মাহিনা নিয়ে যাচ্ছেন সে বিষয়টাও তদন্ত করে দেখা দরকার। স্যার, এই ভদ্রলোক আগে কংগ্রেসের কর্মী বলে নিজেকে পরিচয় দিতেন, এই বামফ্রন্ট সরকার আসার আগে কংগ্রেসের সমর্থক বলে তাকে ব্যক্তিগতভাবে আমি জানতাম কিন্তু ইদানিংকালে দেখছি তিনি সি.পি.এম-এর একজন বড় কমরেড হয়ে বসেছেন। তিনি বলেন, আমি বর্গা রিইনসটেড করব, ধান তুলব, কোথায় কি করতে হবে আমাকে বলো, আমি সব করে দেব। স্যার, মুখ্যমন্ত্রী তথা মন্ত্রিসভার সদস্যদের কাছে আমার অনুরোধ, এইভাবে ঐ শিক্ষক মহাশয় যাতে দুর্নীতির আশ্রয় গ্রহণ করে চলতে না পারেন তার জন্য ব্যবস্থা করুন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ওয়েস্ট বেঙ্গল স্পোর্টস অ্যাসোসিয়েশন স্কুলের স্পোর্টসগুলি চালান। পশ্চিমবঙ্গ স্পোর্টসের সব ক্ষেত্রে পিছিয়ে যাচ্ছে এটা সকলেই জানেন। আমরা যদি আমাদের ছেলেদের প্রথম থেকে অর্থাৎ স্কুল স্পোর্টস থেকে ঠিকভাবে তৈরি করতে না পারি বা এই স্কুল স্পোর্টসের ক্ষেত্রে আমরা জোর না দিই তাহলে আমাদের ছেলেরা কখনই ভালো স্পোর্টসম্যান হতে পারবে না। স্যার, এই ওয়েস্ট বেঙ্গল স্পোর্টস

অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখোপাধ্যায় ঃ** ১৭/৩/৮১ তারিখে উত্তর দেব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, উর্দুকে সেকেন্ড ল্যাংগোয়েজ করা হবে এরকম একটা স্টেটমেন্ট মুখ্যমন্ত্রী বাইরে দিয়েছেন। আমার বক্তব্য হচ্ছে হাউস যখন চলছে—অ্যাসেম্বলি ইন সেসন—তখন অ্যাসেম্বলি ফ্লোরে প্রথমে আলোচনা না করে মুখ্যমন্ত্রী কি করে এরকম একটা স্টেটমেন্ট বাইরে করলেন। আমি মনে করি এতে হাউসের সদস্যদের প্রিভিলেজ ভঙ্গ করা হয়েছে। আমি এই ব্যাপারে প্রিভিলেজ মোশন আনছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এটা একটা ইমপর্টান্ট ব্যাপার। উর্দুকে যদি সেকেন্ড ল্যাংগোয়েজ করা হয় তাহলে মুখ্যমন্ত্রী সে সম্পর্কে প্রথমে এখানে একটা স্টেটমেন্ট দিতে পারতেন। কিন্তু তা যখন করা হয়নি তখন ইট ইজ এ ক্লিয়ার কেস অব প্রিভিলেজ। স্যার, এই ব্যাপারে দয়া করে আপনি পার্মিশন দিন এবং তার ফলে মন্ত্রীরা একটু সংযত হবেন।

**মিঃ স্পিকার ঃ** আপনি দিন, আই উইল সি টু ইট।

## MENTION CASES

**শ্রীমতী অপরাজিতা গোপি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী তথা পার্থ দে মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন বিশ্ব প্রতিবন্ধক হিসাবে এই বছরটিই পরিগণিত হয়েছে। কিছু দিন আগে দেখলাম মাননীয় শিক্ষা মন্ত্রী এই সব মুক বধির বিদ্যালয়গুলিকে অবৈতনিক হিসাবে ঘোষণা করেছেন। যে সমস্ত মুক বধির বিদ্যালয়গুলি আছে আমাদের কাছে খবর আছে যে এই সমস্ত মুক বধির স্কুলগুলিতে ৫ম শ্রেণী পর্যন্ত পড়ানো হয়। আমার আবেদন হচ্ছে যেখানে আজকে এই বছর বিশ্ব প্রতিবন্ধক দিবস হিসাবে ঘোষণা করা হচ্ছে তখন এই মুক বধির স্কুলগুলিতে উচ্চ শিক্ষা দেবার ব্যবস্থা করা হোক। মোট সরকারের অনুমোদিত মুক বধির স্কুল আছে বহরমপুরে, সিউড়িতে এবং কলকাতায়। এখানে অত্যন্ত অল্প অনুদান দেওয়া হয়। আমার কাছে খবর আছে বহরমপুরে যে নলিনী প্রভা মুক বধির স্কুলে মাত্র ৫০ টাকা করে মাহিনা দেওয়া হয়। এটা অত্যন্ত অল্প এখানে সরকারি অনুদান একেবারে নাই বললেই চলে। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি অবৈতনিক বলে ঘোষণা করুন। এই মুক বধিরদের পঞ্চম শ্রেণী পর্যন্ত পড়াবার পর তাদের জীবিকার ক্ষেত্রে দেখা যায় তারা কাগজ ফেরী করছে কিংবা কোনও মুদির দোকানে কাজ করছে। এই অবস্থার পরিবর্তন দরকার এবং তাদের ব্যারেল সিস্টেমের চেয়ে অডিওমেট্রিক সিস্টেমে পড়ানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী রাসবিহারী পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫।২।১৯৮১ তারিখে কাথি ১নং ব্লকের ৪নং রাইপুর পঃ ঝাড়গ্রাম পঞ্চায়েতের গ্রামপ্রধান উন্নয়ন কাজের জন্য ২৪০ ব্যাগ সিমেন্টের পারমিট নিয়ে ঐ সিমেন্ট কিনে জেলা পরিষদের সদস্য মহাশয়ের বাড়িতে জমা রাখে। স্থানীয়

আবার ৫ তারিখের কাগজে দেখা গেল যে মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি পরিষ্কার হুশিয়ারী করে বলে দিলেন। ৩ খানা কাজকে ৩ রকম বক্তব্য—মন্ত্রী সভার ক্যাবিনেট মন্ত্রী ঘোষণা করলেন যে ১লা এপ্রিলে হবেনা, স্থগিত রইল। মুখ্যমন্ত্রী বলেছেন যে রাজ্যসরকার আগামী ১লা এপ্রিল থেকে খাদ্য কর্পোরেশন-এর সমস্ত দায়িত্ব নেবে। ১লা এপ্রিল থেকে স্থগীত থাকলো—এটা খাদ্যমন্ত্রী ঘোষণা করেছেন উচ্চ পর্যায়ের মিটিংয়ের পরে। মাননীয় মুখ্যমন্ত্রী আবার বলছেন যে না, ১লা এপ্রিল থেকে নেওয়া হবে। আমাদের এখানেও আপত্তি ছিল না। আবার অন্য জায়গায় বলা হয়েছে যে স্থানীয় কিছু এফ.সি.আই-এর কর্মীরা এই ব্যবস্থাকে বানচাল করছে, বিশৃঙ্খলা করার চেষ্টা করছে—তাতেও আমাদের আপত্তি ছিলনা। আবার বলা হয়েছে যে এর পিছনে কংগ্রেস(ই) নেতারাই রয়েছে। এটাতেও আমাদের আপত্তি ছিলনা। আবার দেখছি তিনি বলছেন আমাদের কিছু তোড়জোড় করতে হবে। মহামুশকিল—মাননীয় মুখ্যমন্ত্রী যদি এই কথা বলেন একবার বলছেন যে এর পিছনে কংগ্রেস(ই) আছে, আপত্তি করিনি। তারপর বলছেন যে কর্মীরা বিশৃঙ্খলা করছে, আপত্তি করিনি। কিন্তু আপত্তি হচ্ছে, তিনি মুখ্যমন্ত্রী হয়ে জ্যোতিবাবু নয়—মুখ্যমন্ত্রী হয়ে তিনি এই সব উস্কানি মূলক কথা বলছেন যে আমাদের কিছু তোড়জোড় করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী এবং রাজ্যসরকার বিভিন্ন রকম ঘোষণা করে জনসাধারণকে বিভ্রান্ত করছেন। একবার বলা হচ্ছে যে ১লা এপ্রিল হবেনা, আবার বলা হচ্ছে যে ১লা এপ্রিল থেকে হবে। আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি যে জনসাধারণ এর দ্বারা বিভ্রান্ত হচ্ছে, জনসাধারণ যাতে বিভ্রান্ত না হয়, আমরা যাতে বিভ্রান্ত না হই, সে জন্য একটা পূর্ণ বিবরণ দিন—মাননীয় মুখ্যমন্ত্রী হোক, বা মাননীয় খাদ্যমন্ত্রী হোক, এই সভায় একটা পূর্ণ বিবরণ প্রদান করুন। এই আবেদন আপনার মাধ্যমে আমি রাখছি।

**শ্রী কাজী হাফিজুর রহমন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকা মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানায় দু নং ব্লকের রাজাবাটি পুড়ামাটি গ্রামের গৌরাঙ্গ মন্ডলের পাঁচ বিঘা জমির গম গত ৫/৩/৮১ তারিখ সরলপুর গ্রামের গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান ইয়ার মহম্মদ সরকার ভগবানগোলা দু নং ব্লকের পঞ্চায়েত সভার সভাপতি হেমনারায়ণ সাহা এবং জেলা পরিষদের সদস্য আল্লারাখার নেতৃত্বে ৫০/৬০ জন সি.পি.এম. এর গুন্ডা জোর করে জমি থেকে তুলে নিয়ে যায় এবং ঐ সঙ্গে গৌরাঙ্গ মন্ডলের বাড়িতে প্রবেশ করে। তার ঘরের তালা ভেঙ্গে, ঘরের মধ্যে থেকে ৯ হাজার ৭ শত টাকা, ৯/১০ ভরি সোনার অলঙ্কার এবং একটি বন্দুক লুঠ করে নিয়ে যায়। শুনলাম পরে বন্দুকটি থানায় জমা দিয়েছে। সবচেয়ে আশ্চর্যের বিষয় যারা এই সব কান্ড করলো তাদের ধরা হলো না পুলিশকে খবর দেওয়া সত্ত্বেও। কিন্তু যার বাড়িতে চুরি হলো সোনাদানা, বন্দুক, জমি থেকে গম, তাকেই পুলিশ হাতকড়া পরিয়ে চালান দিল। সেখানে একটা সন্ত্রাসের রাজত্ব চলছে। সুতরাং সেখানে একটা পুলিশ ক্যাম্প করার ব্যবস্থা করা হোক এবং শান্তি ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক।

**শ্রী প্রলয় তালুকদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয় উত্থাপন করছি। ঘটনাটি হচ্ছে, হাওড়া জেলার সাঁকরাইল থানার নাজিরগঞ্জ গ্রামে গত ৯ই মার্চ একজন মুসলমান যুবককে চুরির অভিযোগে এমন ভাবে প্রহার করে ঐ এলাকার কংগ্রেস

আই কর্মীরা সেই প্রহারে তার মৃত্যু ঘটে। তার ফলে ঐ এলাকায় সাধারণ মানুষের মধ্যে একটা বিক্ষোভ সৃষ্টি হয়। ঐ এলাকার কাছে একটা পুলিশ ইনভেস্টিগেশন সেন্টার আছে, এই ইনভেস্টিগেশন সেন্টারের সঙ্গে এই সব কংগ্রেস আই কর্মীদের সঙ্গে গোপন যোগাযোগ রয়েছে। তার ফলে ঐ নাজিরগঞ্জ কংগ্রেস আই কর্মীরা ঐ এলাকার মানুষের উপর বারেবারে দৌরাত্ম্য করছে, এদের বিরুদ্ধে বহু কেস হয়েছে। কিন্তু ওখানকার পুলিশের প্রশ্রয়ে তারা এই জিনিস চালিয়ে যাচ্ছে। এমন কি গতকাল যে যুবককে হত্যা করা হল, হত্যার চার ঘণ্টা পরে পুলিশ এলো, আমি ঐ ঘটনাস্থলে গিয়েছিলাম, কারণ ঐ এলাকা হচ্ছে কানাই বাবুর এলাকা, তিনি অসুস্থ, তিনি যেতে পারেন নি। আমি গিয়ে দেখলাম যে ঐ এলাকার মানুষ ডিমান্ড করছে এই কংগ্রেস আই ছেলেদের দৌরাত্ম থেকে যাতে তাদের রক্ষা করা হয়। এখন সেই সব কংগ্রেস আই কর্মীরা পলাতক। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি, পুলিশ যাতে এই সব কংগ্রেস আই গুন্ডাদের হাত থেকে ঐ এলাকার মানুষকে রক্ষা করে।

**শ্রী হবিবুর রহমন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে সারা রাজ্য ব্যাপী চুরি, ডাকাতি, রাহাজানি, চলছে, একটা সন্ত্রাস সারা রাজ্যে বিরাজ করছে। শুধু তাই নয় ডজন ডজন বন্দুক ছিনতাই হয়ে যাচ্ছে, শুধু পশ্চিমদিনাজপুরেই নয়, আজকে হাফিজুর সাহেবও তাঁর এলাকায় বন্দুক ছিনতাই এর ঘটনা উল্লেখ করলেন। বন্দুক নিরাপত্তার জন্য রাখা হয়। কিন্তু আশ্চর্যের বিষয় আজকে বন্দুকের কার্তুজ পাওয়া যাচ্ছে না। সরকার থেকে কার্তুজের জন্য পার্মিটের ব্যবস্থা করা হয়েছে। বন্দুকের মালিকরা দুর দুরান্তর থেকে এসে লাল বাজারে ধর্না দিচ্ছে এবং কোনও রকমে যদি বা পার্মিট জোগাড় করছে, ডিলারদের কাছে গিয়ে আর কার্তুজ পাচ্ছে না, কারণ ডিলারদের কাছে কার্তুজের স্টক নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা হচ্ছে পারমিট সিস্টেম যখন চালু আছে তখন কেন ডিলারদের উপর সরকারের কোনও কন্ট্রোল থাকবে না? ডিলাররা কত কার্তুজ নিয়ে আসছে, কত সেল করছে তার হিসাব থাকবে না? তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় কর্তৃপক্ষের কাছে আবেদন করছি যে, তাঁরা যখন পারমিট সিস্টেম চালু রেখেছেন, তখন ডিলারদেরও কন্ট্রোল করুন। এবং এ বিষয়ে একটা সুনির্দিষ্ট পন্থা অবলম্বন করুন যে, যে-ডিলারের কাছে কার্তুজের কোটা থাকবে সেই ডিলারের কাছে পারমিট যাবে, আর যার কাছে থাকবে না, তার কাছে যাবে না। সেই সঙ্গে আমি বলছি যে, বর্তমানে যে প্রহসন চলছে তা বন্ধ করা হোক। যাতে প্রয়োজনে মানুষ কার্তুজ পায় তার জন্য একটা সুব্যবস্থা করা হোক।

**শ্রী মহঃ সোহোরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি উচ্চ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আনন্দ-মোহন কলেজের প্রাক্তন ভাইস-প্রিন্সিপাল শ্রী হেমেন্দ্রচন্দ্র মুখার্জি, ১৯৬৫ সালে ৪০ বছর শিক্ষকতা করার পর রিটায়ার করেছিলেন। কলেজ অথরিটি তাঁকে পেনসন মঞ্জুর করার পর থেকে তিনি পেনসন পাচ্ছিলেন এবং এই কলেজটি টেক ওভার হবার পরও ১৯৭৮ সালের এপ্রিল, মে, জুন পর্যন্ত ঠিক্ মত পেনসন পেয়েছিলেন। কিন্তু তারপর হঠাৎ তাঁর পেনসন বন্ধ করে দেওয়া হয়েছিল এবং এখনো তিনি পেনসন পাচ্ছেন না। এবিষয়ে বহু দিন বহুবার

সরকারের কাছে এবং মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অ্যাপিল করা হয়েছে, দরখাস্ত করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত তাঁকে আবার পেনসন দেবার কোনও ব্যবস্থা করা হয়নি। বর্তমানে তিনি অত্যন্ত দুর্দশাগ্রস্ত অবস্থায় দিন কাটাচ্ছেন। আমি এ ব্যাপারে উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, তাঁর পেনশন পাওয়ার ব্যাপারে কোথায় কি গলদ আছে তা তাঁকে অন্তত জানানো হোক। তা নাহলে ১৩ বছর পেনসন পাবার পর হঠাৎ কেন তাঁর পেনসন বন্ধ করে দেওয়া হল তা জানা যাচ্ছে না। আমি অবিলম্বে তাঁকে পেনসন দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি এবং সে বিষয়ে একটি দরখাস্ত আপনার মাধ্যমে জমা দিচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাস্তুহীনদের জন্য ঘর তৈরি করে দেবার কেন্দ্রীয় অনুদানের টাকা কিভাবে বামফ্রন্ট সরকার তছনছ করছে, তার একটা উদাহরণ আপনার কাছে আমি রাখছি।

নামখানা ব্লকে ১৯৭৮-৭৯ সালে এই বাবদ ৭ হাজার টাকা গিয়েছিল এবং ১৯৭৯-৮০ সালে ১৮ হাজার টাকা গিয়েছে। এই টাকা নিয়ে বি.ডি.ও. অফিসের বি.ডি.ও. পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, এবং গ্রাম পঞ্চায়েতের প্রধান মাত্র দু তিনটি ঘর করে দিয়ে বাকিটা আত্মসাত করেছে। এস.ও. টি.আর.-এর সাব-অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার শ্রী নির্মলকুমার চক্রবর্তীর উপর এ বিষয়ে দেখার দায়-দায়িত্ব ছিল। তিনি দেখতে গিয়ে দেখেন যে, মাত্র ২/৩টি ঘর হয়েছে, আর কিছু হয়নি। কিন্তু বি.ডি.ও. তাঁর উপর চাপ সৃষ্টি করেন মেজারমেন্ট খাতায় সই করে দেবার জন্য। তিনি তা করতে রাজি হননা। তখন ওখানে কো-অর্ডিনেশন কমিটির একজন মেম্বারকে দিয়ে মেজারমেন্ট খাতায় সই করিয়ে নেওয়া হয়। এই ভাবে কেন্দ্রীয় সরকারের টাকা বি.ডি.ও. এবং গ্রামপঞ্চায়েতের প্রধান ও পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান চুরি করে। এমন কি ঐ সাব-অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার নির্মল চক্রবর্তীকে পর্যন্ত ওখান থেকে সরিয়ে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে দাবি করছি যে, এ বিষয়ে ভিজিলেন্স কমিশনকে দিয়ে তদন্ত করানো হোক। একটা ছোট কাগজে এই ঘটনাটি ইতিপূর্বে প্রকাশিত হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও আজ পর্যন্ত এ বিষয়ে কোনও অ্যাকশন নেওয়া হয়নি। আমি ভেবেছিলাম যে, অ্যাকশন নেওয়া হবে এবং সেই জন্য আমি এ বিষয়ে এত দিন কিছু বলিনি। কিন্তু এখন দেখছি যে, কোনও অ্যাকশন নেওয়া হচ্ছে না। সেই জন্য আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেকথাগুলি বললেন তা সম্পূর্ণ অসত্য। এখনও পর্যন্ত ঐ ফান্ডের টাকা খরচ হয়নি। সম্পূর্ণ অসত্য তথ্য এবং বিকৃত তথ্য পরিবেশন করা হয়েছে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ওপেকে তেলের দাম বাড়ায় ভারত সরকার তেলের দাম বাড়িয়েছেন এবং তারজন্য বাসের ভাড়া বৃদ্ধি হয়েছে। মিনি বাসের ভাড়াও এক্ষেত্রে বেড়েছে। কিন্তু মিনি বাসে দাঁড়িয়ে যাবার জন্য যে অনুমতি দেওয়া হয়েছে তার ফলে রেগুলার স্পনডালাইটিস হচ্ছে।

আমি নিজেই স্পনডালাইটিস আক্রান্ত হয়েছি। আমি অনুরোধ করছি মিনি বাসে দাঁড়িয়ে যাবার যে অনুমতি দেওয়া আছে সেটা যেন প্রত্যাহার করা হয় এবং মিনি বাসে বসে যাবার যে অনুমতি দেওয়া ছিল সেটা যেন চালু করা হয়। এই অনুরোধ আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কাগজটি আপনার কাছে দিয়েছি। মাননীয় সদস্যকে আমি কিছু বলিনি। আপনি দয়া করে কাগজটি ভিজিলেন্সের কাছে পাঠিয়ে দেবেন। আমি বিধানসভার এম.এল.এ সম্বন্ধে কিছু বলিনি।

**শ্রী নানুরাম রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ১৯৭৮ সালে যে বন্যা হয়ে গেল সেই বন্যার ফলে আমার এলাকা গোঘাট ব্লকের বালি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ঠুটোমারি বাঁধটি ভেঙ্গে যায় এবং ঐ বাঁধটি করার জন্য ৩৫।৪০ লক্ষ টাকা খরচ হয় এবং ঐ বাঁধটি করার সময়ে সেচ বিভাগ থেকে কিছু জমি ইকুইজিসন করা হয়েছিল। কিন্তু আজও পর্যন্ত সেইসব জমির মালিকেরা তাদের কমপেনসেশন পাচ্ছে না। দিনের পর দিন তারা অফিসে ঘোরাঘুরি করে ক্লান্ত হয়ে পড়েছে। তাদের জমিতে বালিও পড়ে গেছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যে সমস্ত জমি অধিগ্রহণ করা হয়েছে—তারা যাতে কমপেনসেশন পায় তার ব্যবস্থা করবেন।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। পশ্চিমবাংলায় প্রায় ৩০০ গ্রাম পঞ্চায়েত পরিচালিত হোমিওপ্যাথি ডিসপেনসারি মঞ্জুরির জন্য জেলা পরিষদের মারফৎ ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার স্বাস্থ্য বিভাগে পাঠিয়েছেন। স্বাস্থ্য বিভাগ ডিরেক্টর অফ হোমিওপ্যাথিতে পাঠান। সেখানে হোমিওপ্যাথি কাউনসিলের সভা থেকে অনুমোদিত হয়ে স্বাস্থ্য বিভাগে পড়ে আছে প্রায় ২ বছর ধরে মঞ্জুরির অভাবে। অন্য দিকে গ্রাম পঞ্চায়েতের এমন তহবিল নেই যে সেই তহবিলের টাকা থেকে এই ডিসপেনসারিগুলি চালায়। ফলে এই সমস্ত ডিসপেনসারিগুলি বন্ধ হবার উপক্রম হয়েছে। অন্যদিকে গ্রামের গরিব মানুষেরা এই সমস্ত ডিসপেনসারি থেকে কম পয়সায় ওষুধ যেটা পেত সেটা থেকেও তারা বঞ্চিত হচ্ছে। কেউ কেউ বলছে অ্যালোপ্যাথি এবং হোমিওপ্যাথির মধ্যে যে বিরোধ আছে সেই বিরোধের ফলেই নাকি আটকে আছে। তাই আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন মার্চের মধ্যেই মঞ্জুর করে পাঠিয়ে দেন যাতে এপ্রিল মাস থেকে এটা চালু হয়।

[2-30 — 2-40 p.m.]

## Laying of Reports

### The Annual Administration Report of the North Bengal State Transport Corporation for the year 1978-89

**Shri Sibendra Narayan Chowdhury:** In accordance with the

provisions of sub-section 3 of section 35 of the Road Transport Corporation Act, 1950 (Act LXIV 1950), I beg to lay the Annual Administration Report of the North Bengal State Transport Corporation for the year 1978-79.

## The Annual Accounts of the North Bengal State Transport Corporation together with the Audit Report thereon for the year 1973-74

**Shri Sibendra Narayan Chowdhury:** In accordance with the provisions of sub-section 4 of section 33 of the Road Transport Corporation Act (Act LXIV of 1950), I beg to lay the Annual Accounts of the North Bengal State Transport Corporation together with the Audit Report thereon for the year 1973-74.

## 77th Report of the Business Advisory Committee

**মিঃ স্পিকার ঃ** আমি কার্য উপদেষ্টা কমিটির ৭৭তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির বৈঠক গতকাল ৯ই মার্চ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ১২ই মার্চ তারিখের কার্যসূচির পরিবর্তন ও ১৩ই মার্চ হইতে ১৮ই মার্চ ১৯৮১ তারিখ পর্যন্ত বিধানসভার কার্যক্রম ও সময়সূচি নিম্নলিখিতভাবে নির্ধারণের সুপারিশ করা হয়েছে।

| | | |
|---|---|---|
| **Thursday, 12-3-81** | (i) Demand No. 25 | [259— Public Works<br>277— Education (Sports) (Buildings)<br>277— Education (Excluding Sports and Youth Welfare) (Buildings)<br>278— Art and Culture (Buildings)<br>280— Medical (Buildings)<br>282— Public Health. Sanitation and Water Supply (Buildings)<br>283— Housing (Buildings)<br>287— Labour and Employment (Buildings)<br>288— Social Security and Welfare (Excluding Civil Supplies. Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes) (Buildings)<br>295— Other Social and Community Services (Buildings)<br>305— Agriculture (Buildings)<br>309— Food (Buildings)<br>310— Animal Husbandry (Buildings)<br>311— Dairy Development (Buildings)<br>320— Industries (Excluding Public Undertakings |

and Closed and Sick Industries) (Buildings)
328— Mines and Minerals (Buildings)
459— Capital Outlay on Public Works
477— Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings)
477— Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings)
477— Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings)
480— Capital Outlay on Medical (Buildings)
481— Capital Outlay on Medical (Buildings)
482— Capital Outlay on Public Health Sanitation and Water Supply (Buildings)
483— Capital Outlay on Housing (Buildings)
485— Capital Outlay on Information and Publicity (Buildings)
495— Capital Outlay on Other Social and Community Services (Buildings)
509— Capital Outlay on Food (Buildings)
510— Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings)
511— Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings)
514— Capital Outlay on Community Development (Panchayat) (Buildings)
520— Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and (closed and Sick Industries) (Buildings)
521— Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings (Buildings)]

(ii) Demand No. 70 (337—Roads and Bridges
537— Capital Outlay on Roads and Bridges
737— Loans for Roads and Bridges.)

(iii) Demand No. 39 (283—Housing
483— Capital Outlay on Housing
683— Loans or Housing.)

3 hours.

(iv) The Great Eastern Hotel (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1980. (Introduction, Consideration and passing) — ½ hour

**Friday, 13-3-81** (i) Demand No. 36 (280—Medical
480— Capital Outlay on Medical)

| | | | |
|---|---|---|---|
| | (ii) Demand No. 37 | (281—Family Welfare<br>481—Capital Outlay on Family Welfare) | 3 hours. |
| | (iii) Demand No. 38 | (282—Loans or Public Health, Sanitation and Water Supply<br>682—Loans for Public Health Sanitation and Water Supply) | |
| | (iv) Demand No. 50 | (298—Co-operation<br>498—Capital Outlay on Co-operation<br>698—Loans or Co-operation) | 1 hour. |
| **Saturday, 14-3-81** | (i) Demand No. 12 | (241—Taxes on Vehicles) | 2 hours. |
| | (ii) Demand No. 68 | (335—Ports, Lighthouses and Shipping.) | |
| | (iii) Demand No. 69 | (336—Civil Aviation) | |
| | (iv) Demand No. 71 | (338—Road and Water Transport Services<br>538—Capital Outlay on Road and Water Transport Services<br>738—Loans for Road and Water Transport Services) | |
| | (v) Demand No. 45 | [288—Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes )<br>488—Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes. Scheduled Tribes and other Backward Classes )<br>688—Loans for Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes)] | 2 hours |
| | (vi) | (a) The Burdwan University (Temporary Supersession (Amendment) Bill, 1981 (Introduction)<br>(b) Discussion on the Statutory Resolution notice of which was given by Shri Rajani Kanta Doloi<br>(c) The Burdwan University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 (Consideration and Passing) | ½ hour |
| | (vii) | (a) The Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 (Introduction)<br>(b) Discussion on the Statutory Resolution notice of which was given by Shri Rajani Kanta Doloi<br>(c) The Kalyani University (Temporary Supersession) (Amendment) Bill 1981 (Consideration and Passing) | ½ hour. |
| | (viii) | (a) The North Bengal University (Temporary Supersession) (Amendment) Bill, 1981 (Introduction)<br>(b) Discussion on the Statutory Resolution notice of which was given by Shri Rajani Kanta Doloi<br>(c) The North Bengal Univesity (Temporary Supersession) (Amendment) Bill, 1981 (Consideration and Passing) | ½ hour. |
| **Monday, 16-3-81** | (i) Demand No. 7 | (229—Land Revenue<br>504— Capital Outlay on Other General Economic Services) | 4 hours. |
| | (ii) | The West Bengal Relief Undertakings (Special Provisions) (Amendment) Bill, 1981. | ½ hour. |

| | | |
|---|---|---|
| | (Introduction, Consideration and Passing) | |
| **Tuesday, 17-3-81** | (i) Demand No. 26 (260—Fire Protection and Control)<br>(ii) Demand No. 74 [363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)] | $2\frac{1}{2}$ hours. |
| | (iii) Demand No. 4 (214—Administration of Justice)<br>(iv) Demand No. 8 (230—Stamps and Registration) | $1\frac{1}{2}$ hours. |
| | (v) (a) The Bengal Money-lenders (Amendment) Bill, 1981 (Introduction)<br>(b) Discussion on the Statutory Resolution notice of Shri Rajani Kanta Doloi.<br>(c) The Bengal Money-lenders (Amendment) Bill, 1981 (Consideration and Passing) | $\frac{1}{2}$ hour. |
| **Wednesday, 18-3-81** | (i) Demand No. 21 (255—Police) | $2\frac{1}{2}$ hours. |
| | (ii) Demand No. 27 (265—Other Administrative Service) | $\frac{1}{2}$ hour. |

*N.B.—The House will sit at 9 a.m. on Saturday, the 14th March, 1981 and there will be no Mention Cases on that day.

**মিঃ স্পিকার ঃ** আগামী শনিবার ১৪ই মার্চ বিধানসভার অধিবেশন সকাল ৯টার সময় আরম্ভ হবে এবং ঐদিন ৩৫১ নিয়মানুযায়ী কোনও উল্লেখ এর নোটিশ গৃহীত হবে না। আমি এখন পরিষদীয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে সরকারি প্রতিবেদন প্রস্তাব উত্থাপনের জন্য অনুরোধ করছি।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার ৭৭তম প্রতিবেদনের জন্য যে সুপারিশ করা হয়েছে তা বিধানসভায় উত্থাপনের জন্য অনুরোধ করছি।

**মিঃ স্পিকার ঃ** আমি ধরে নিচ্ছি যে এটা গৃহীত হয়েছে।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 52

**Major Heads: 305-Agriculture, 505-Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) and 705-Loans for Agriculture (Excluding Public Undertakings).**

**Shri Kamal Kanti Guha :** Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs. 62,11,71,000 be granted for expenditure under Demand No. 52. Major Heads: "305-Agriculture, 505-Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) and 705-Loans for Agriculture (Excluding Public Undertakings)".

**শ্রী সন্দীপ দাস ঃ** শনিবার মেনশন থাকবে না। মন্ত্রী মহাশয় শুধু ডিমান্ড প্রেস করবেন, বক্তব্য পড়ার সুযোগ পাবনা। এটা আগের দিন ডিস্ট্রিবিউট করলে আমাদের অসুবিধা হয়না।

**মিঃ স্পিকার :** বিকজ দিস আর টেকেন এ্যজ রেড

**শ্রী সন্দীপ দাস :** আধ ঘন্টা আগে দেবার ব্যবস্থা করুন।

**মিঃ স্পিকার :** বিলগুলি আগে হয়ে গেলে পড়ার সুযোগ পাবেন।

## Demand No. 53

**Major Heads : 306-Minor Irrigation, 307-Soil and Water Conservations, 308-Area Development, 506-Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, and 706-Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development.**

**Shri Kamal Kanti Guha :** Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 68,74,01,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "306-Minor Irrigation, 307-Soil and Water Conservation, 308-Area Development, 506-Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, and 706-Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

**বামফ্রন্ট সরকারের কৃষি উন্নয়নের মূল নীতি ও লক্ষ্য :** গ্রামবাংলার তথা সমগ্র বাংলার সামগ্রিক অর্থনীতির বুনিয়াদ মূলত কৃষিভিত্তিক। এ রাজ্যের প্রায় ৮০ শতাংশ লোক কৃষি ও কৃষিসংশ্লিষ্ট পেশার উপর নির্ভরশীল। গ্রামবাংলার জনসংখ্যার অধিকাংশই ভূমিহীন ক্ষেতমজুর এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক। বেকার ও অর্ধ-বেকার সমস্যা অতি প্রকট ও ব্যাপক। পশ্চিমবঙ্গের মোট আয়ের প্রায় ৫০ শতাংশ এবং মোট কর্মসংস্থানের প্রায় ৬০ শতাংশই কৃষিনির্ভর। স্বাধীনতার তিন দশক পরেও গ্রামবাংলার অর্থনীতি ও জনসাধারণের জীবনধারণের মান যথেষ্ট উন্নত নয়। কৃষিজ ফসলের উৎপাদনবৃদ্ধির দিকে পূর্বতন সরকার যতটুকু দৃষ্টি দিয়েছে, উৎপাদনবৃদ্ধির মূল হাতিয়ার কৃষক সম্প্রদায়ের সামাজিক ও অর্থনৈতিক মান উন্নয়নের দিকটা প্রায় উপেক্ষাই করে গেছে। তাই স্বাধীনতার পর তিন দশক কেটে গেলেও এ রাজ্যের অধিকাংশ লোক দারিদ্র্যসীমার উপরে উঠতে পারেনি।

এই বাস্তব অবস্থার পটভূমিতে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার দায়িত্ব নেবার পর কৃষির উন্নয়নের সঙ্গে কৃষকের উন্নয়নের মূলগত প্রশ্নটিকে সমান গুরুত্ব দিয়ে উন্নয়ন প্রচেষ্টার কার্যক্রম ও রূপায়ণের ধারার পুনর্বিন্যাস অনিবার্য হয়ে দাঁড়ায়। খাদ্যশস্য ও বাণিজ্যিক ফসলের উৎপাদন বাড়াবার মূল লক্ষ্যকে সামনে রেখে উৎপাদনভিত্তিক পরিকল্পনার রূপায়ণে কর্মসংস্থানের অধিকতর সুযোগ সৃষ্টি এবং সামাজিক ও অর্থনৈতিক বিচারে দুর্বলতার শ্রেণীর

| | | | |
|---|---|---|---|
| | (Introduction, Consideration and Passing) | | |
| **Tuesday, 17-3-81** | (i) Demand No. 26 | (260—Fire Protection and Control) | $2\frac{1}{2}$ hours. |
| | (ii) Demand No. 74 | [363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)] | |
| | (iii) Demand No. 4 | (214—Administration of Justice) | $1\frac{1}{2}$ hours. |
| | (iv) Demand No. 8 | (230—Stamps and Registration) | |
| | (v) (a) The Bengal Money-lenders (Amendment) Bill, 1981 (Introduction) | | $\frac{1}{2}$ hour. |
| | (b) Discussion on the Statutory Resolution notice of Shri Rajani Kanta Doloi. | | |
| | (c) The Bengal Money-lenders (Amendment) Bill, 1981 (Consideration and Passing) | | |
| **Wednesday, 18-3-81** | (i) Demand No. 21 | (255—Police) | $2\frac{1}{2}$ hours. |
| | (ii) Demand No. 27 | (265—Other Administrative Service) | $\frac{1}{2}$ hour. |

*N.B.—The House will sit at 9 a.m. on Saturday, the 14th March, 1981 and there will be no Mention Cases on that day.

**মিঃ স্পিকার :** আগামী শনিবার ১৪ই মার্চ বিধানসভার অধিবেশন সকাল ৯টার সময় আরম্ভ হবে এবং ঐদিন ৩৫১ নিয়মানুযায়ী কোনও উল্লেখ এর নোটিশ গৃহীত হবে না। আমি এখন পরিষদীয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে সরকারি প্রতিবেদন প্রস্তাব উত্থাপনের জন্য অনুরোধ করছি।

**শ্রী ভবানী মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার ৭৭তম প্রতিবেদনের জন্য যে সুপারিশ করা হয়েছে তা বিধানসভায় উত্থাপনের জন্য অনুরোধ করছি।

**মিঃ স্পিকার :** আমি ধরে নিচ্ছি যে এটা গৃহীত হয়েছে।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 52

**Major Heads: 305-Agriculture, 505-Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) and 705-Loans for Agriculture (Excluding Public Undertakings).**

**Shri Kamal Kanti Guha :** Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs. 62,11,71,000 be granted for expenditure under Demand No. 52. Major Heads: "305-Agriculture, 505-Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) and 705-Loans for Agriculture (Excluding Public Undertakings)".

**শ্রী সন্দীপ দাস :** শনিবার মেনশন থাকবে না। মন্ত্রী মহাশয় শুধু ডিমান্ড প্লেস করবেন, বক্তব্য পড়ার সুযোগ পাবনা। এটা আগের দিন ডিস্ট্রিবিউট করলে আমাদের অসুবিধা হয়না।

৮৫) ১৫৮-১৬০ শতাংশে উন্নীত করতে চাই। এজন্য প্রয়োজন সময়মতো উপযুক্ত পরিমাণ উন্নত মানের বীজ উৎপাদন ও সরবরাহের ব্যবস্থা সুনিশ্চিত করা, অধিকফলনশীল জাতের প্রসার, প্রচলিত জাতগুলির গুণমান উন্নয়ন, সেচের বর্তমান সুযোগের সদ্ব্যবহার এবং অতিরিক্ত এলাকা সেচের আওতায় আনা, জৈব ও জীবানু সার এবং রাসায়নিক সারের অধিকতর ও সুষম ব্যবহার, ফসলরক্ষার উপযুক্ত ব্যবস্থা এবং বিভিন্ন পরিবেশের উপযোগী প্রযুক্তিগত কৌশলের গবেষণা, প্রশিক্ষণ ও সম্প্রসারণ। আমাদের উন্নয়নমূলক প্রকল্পগুলির অন্য একটি মুখ্য উদ্দেশ্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং বর্গাদার ও ক্ষেতমজুরদের যথাসম্ভব অর্থনৈতিক উন্নয়নের পথ সুগম করা।

**বামফ্রন্ট সরকারের ৪ বছরে কৃষি উৎপাদনের অগ্রগতি ঃ** বামফ্রন্ট সরকার দায়িত্ব নেবার ঠিক আগের বছর এবং বর্তমান সরকারের আমলে চার বছরে পশ্চিমবঙ্গে মোট খাদ্যশস্যের উৎপাদন (লক্ষ টনের হিসাবে)

| ১৯৭৬-৭৭ | ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ | (অনুমিত) |
|---|---|---|---|---|---|
| ৭৪.৫৪ | ৮৯.৭০ | ৮০.৪৫ | ৭০.৬২ | ৯২.৯৩ | |

এই পরিসংখ্যানে দেখা যায় যে ১৯৭৬-৭৭ সালের তুলনায় একমাত্র ১৯৭৯-৮০ ছাড়া অন্যান্য সব বছরেই উৎপাদনের পরিমাণ বেশ বেড়েছে। ১৯৭৯-৮০ সালে ব্যাপক ও দীর্ঘস্থায়ী খরার প্রকোপ সত্ত্বেও মোট উৎপাদন খুব কম হয়নি। ১৯৭৮-৭৯ সালের অভুতপূর্ব বিধ্বংসী বন্যার পরও ১৯৭৬-৭৭ সালের তুলনায় প্রায় ৮ শতাংশ বেশি উৎপাদন হয়েছে। বর্তমান বছরের (১৯৮০-৮১) উৎপাদনের পরিমাণ ১৯৭৬-৭৭ সালের তুলনায় প্রায় ২৫ শতাংশ বেশি হবে। এ বছরে শুধু আমন ধানের উৎপাদন ৬০ লক্ষ টন (চালের হিসাবে) একটা সর্বকালীন রেকর্ড। বিগত চার বছরের মোট বৃদ্ধির হিসাবে ১৯৭৬-৭৭ সালের তুলনায় **ধানের. বার্ষিক গড় বৃদ্ধির হার ৬ শতাংশ বেশি।**

**চালের উৎপাদন** (বার্ষিক গড় বৃদ্ধির হার ৪ শতাংশেরও বেশি।

১৯৭৬-৭৭ সালে—৫৯.৪৯ লক্ষ টন

১৯৮০-৮১ সালে—৭৬.১৮ লক্ষ টন।

**গমের উৎপাদন** (বার্ষিক গড় বৃদ্ধির হার ৪ শতাংশের কাছাকাছি)।

১৯৭৬-৭৭ সালে—১০.৫১ লক্ষ টন

১৯৮০-৮১ সালে—(অনুমিত) ১২.০০ লক্ষ টন।

**ডালশস্য উৎপাদন ঃ** ডালশস্যের উৎপাদনে পশ্চিমবঙ্গ ঘাটতি রাজ্য। ঘাটতির পরিমাণ যথাসম্ভব কমিয়ে আনবার দিকে বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে। সবরকমের ডালশস্যের মোট উৎপাদন

১৯৭৬-৭৭ সালে—৩.৫২ লক্ষ টন

১৯৮০-৮১ সালে—৩.৬০ লক্ষ টন

ডালশস্যের উৎপাদন বাড়াতে চাষের এলাকা বাড়ানো, উন্নতমানের বীজের উৎপাদন ও সরবরাহ এবং হেক্টর প্রতি ফলনের হার বাড়াতে জীবানুসার ব্যবহার জনপ্রিয় করার উপর জোর দেওয়া হচ্ছে।

**তেলবীজের উৎপাদন** (৪ বছরে ১১৮ শতাংশ—বছরে গড়ে প্রায় ৩০ শতাংশ বৃদ্ধি)ঃ

১৯৭৬-৭৭ সালে মাত্র ৬০ হাজার টন

১৯৮০-৮১ সালে প্রায় ১ লক্ষ ৩১ হাজার টন।

**আলুর উৎপাদনবৃদ্ধি অসাধারণ** (৪ বছর ২৭ শতাংশ—বছরে গড়ে প্রায় ৭ শতাংশ বৃদ্ধিঃ

১৯৭৬-৭৭ সালে ১৬.৫৭ লক্ষ টন

১৯৮০-৮১ সালে (অনুমিত) ২১.০০ লক্ষ টন।

১৯৭৮-৭৯ সালে বন্যার পর আলুর উৎপাদনে সর্বকালীন রেকর্ড প্রায় ২৫ লক্ষ টন।

**পাটের উৎপাদন** (৪ বছরে ২৩ শতাংশ—বছরে গড়ে প্রায় ৬ শতাংশ বৃদ্ধি)ঃ বাণিজ্যিক ফসলের মধ্যে পাঠ প্রধান। পাট ও মেস্তার উৎপাদনের পরিমাণ

১৯৭৬-৭৭ সালে ৩৫.৪৯ লক্ষ বেল

১৯৮০-৮১ সালে প্রায় ৪৫.০০ লক্ষ বেল।

পাট চাষী কাঁচা পাটের ন্যায্য মূল্য পান না। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের প্রচলিত নীতি পাটচাষ প্রসারের অন্তরায়। আমাদের বর্তমান নীতি পাটের আওতায় জমির পরিমাণ কমিয়ে হেক্টর-প্রতি ফলনের হার বৃদ্ধি এবং উদ্বৃত্ত প্রান্তিক জমিতে পাটের বিকল্প অর্থকরী ফসলের চাষে কৃষককে উৎসাহিত করা।

**আগামী বছর এবং ষষ্ঠ যোজনার শেষে উৎপাদনের লক্ষ্যমাত্রা ঃ** বামফ্রন্ট সরকারের আমলে কৃষি-উৎপাদনের অগ্রগতির ধারা অব্যাহত রেখে এবং আমাদের সমস্যা ও সম্ভাবনার বিচারে ১৯৮১-৮২ এবং ১৯৮৪-৮৫ সালে প্রধান ফসলগুলির উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়েছে।

**লক্ষ্যমাত্রা** (লক্ষ টনের হিসাবে—পাট ও মেস্তার ক্ষেত্রে লক্ষ বেলের হিসাবে)

| | ১৯৮১-৮২ | ১৯৮৪-৮৫ |
|---|---|---|
| *চাল ঃ | ৮২.১৩ | ৯৪.২১ |
| গম ঃ | ১২.৫৮ | ১৭.৫৫ |
| অন্যান্য দানাশস্য ঃ | ১.২১ | ১.২৪ |
| ডালশস্য (মোট) ঃ | ৩.৮৯ | ৫.০০ |
| মোট খাদ্যশস্য ঃ | ৯৯.৮১ | ১১৮.০০ |
| তৈলবীজ (মোট) ঃ | ১.৩১ | ২.০০ |
| পাট (ও মেস্তা) ঃ | ৪২.৯৪ | ৪৮.০০ |

*চালের মোট উৎপাদন বাড়াবার বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি হ'ল অধিক ফলনশীল জাতের চাষ বাড়ানো। বর্তমানের ১৮ লক্ষ হেক্টরের জায়গায় ১৯৮১-৮২ সালের লক্ষ্যমাত্রা ২৩.৫০ লক্ষ হেক্টর।

**১৯৮১ সালের প্রধান কার্যক্রম** ব *

(১) **উন্নত মানের বীজ উৎপাদন ও সরবরাহ—রাজ্য বীজ নিগম ঃ** এ রাজ্যে কৃষকদের বীজের চাহিদা মেটাতে বর্তমানে অন্যান্য রাজ্য থেকে প্রতি বছর ২৫-৩০ কোটি টাকার বীজ আমদানি করতে হয়। এতেও সময়মত ও চাহিদানুযায়ী বীজের সরবরাহ সুনিশ্চিত করা যায় না। উন্নতমানের বীজ উৎপাদন ও সরবরাহের ব্যাপারে স্বাবলম্বী হবার জন্য তাই এই বছরে "পশ্চিমবঙ্গ রাজ্য বীজ নিগম" চালু করা হয়েছে। এই প্রকল্পে নির্বাচিত কৃষকদের মাধ্যমেও প্রায় ৫.৪ কোটি টাকার বীজ উৎপাদন করা হবে, ফলে এ রাজ্যের টাকা বাইরে যাওয়া বন্ধ হবে এবং প্রান্তিক জমিতে বীজ উৎপাদন করে চাষী লাভবান হবে। রাজ্যসরকারের বীজ-খামারেও উন্নতমানের বীজ উৎপাদিত হবে। ষষ্ঠ যোজনার শেষ (১৯৮৪-৮৫) নাগাত রাজ্য বীজ নিগম প্রতি বছর ধান, গম, ভুট্টা, পাট, ডালশস্য, তৈলবীজ, আলু ও সবজি ইত্যাদির মোট প্রায় ২৪ হাজার টন উন্নতমানের বীজ ন্যায্যমূল্যে কৃষকদের সরবরাহ করতে পারবে। এ রাজ্যের কৃষি-উন্নয়নে এই প্রকল্পের গুরুত্ব অসীম ও সুদূরপ্রসারী।

(২) **বীজ পরীক্ষাগার ঃ** বীজের গুণাগুণ পরীক্ষা করে সুপারিশ দেবার জন্য কলকাতা ছাড়াও বর্ধমান, মেদিনীপুর এবং মালদায় বীজ পরীক্ষাগার এবং মেদিনীপুরে বীজ ছাড়া কীটনাশক পরীক্ষাগারও স্থাপন করা হয়েছে।

(৩) **সেচ ব্যবস্থার প্রসার ঃ** (ক) **অতিক্ষুদ্র সেচ প্রকল্প** (ছোট বাঁধ, খালকাটা ও সংস্কার, কালভার্ট, চাতাল, স্লুইস ইত্যাদি) ঃ এই প্রকল্পগুলিতে সরকারি অনুদানের মাত্রা ১৯৭৬-৭৭ সালে ছিল ৫০ শতাংশ। বামফ্রন্ট সরকারের আমলে গরিব কৃষকের কথা মনে রেখে অনুদানের মাত্রা ১০০ শতাংশ করা হয়েছে। ১৯৮০-৮১ সালে মোট ৭৮ লক্ষ টাকা ব্যয়ে এই ছোট ছোট প্রকল্পের মাধ্যমে ৬,৬০২ হেক্টর জমিতে সেচের সুযোগ প্রসারিত করা হয়েছে।

১৯৮১-৮২ সালে এই বাবদ বরাদ্দ করা হয়েছে ৯০ লক্ষ টাকা।

(খ) **ক্ষুদ্র সেচ প্রকল্প** (গভীর ও অগভীর নলকূপ, নদী সেচ এবং খালকাটা ইত্যাদি)—দ্রুত সেচের সুযোগ বাড়াবার জন্য এই প্রকল্পগুলির রূপায়ণে বিশেষভাবে জোর দেওয়া হয়েছে। এই প্রকল্পগুলির রূপায়ণে অগ্রগতির হিসাব—

| বছর | মোট ব্যয় (টাকা) | উপকৃত জমির পরিমাণ |
|---|---|---|
| ১৯৭৬-৭৭ | ৮ কোটি ৪৮ লক্ষ | ৭০ হাজার হেক্টর |
| ১৯৭৭-৭৮ | ১০ কোটি | ৮০ হাজার হেক্টর |
| ১৯৭৮-৭৯ | ১৩ কোটি ১২ লক্ষ | ৬০.৩০ হাজার হেক্টর |
| ১৯৭৯-৮০ | ১৬ কোটি | ৭৯ হাজার হেক্টর |
| ১৯৮০-৮১ | ২৩ কোটি ৫০ লক্ষ | ১ লক্ষ ১৭ হাজার হেক্টর |
| ১৯৮১-৮২ (প্রস্তাবিত) | ১৯ কোটি ৫১ লক্ষ | ১ লক্ষ ২৪ হাজার হেক্টর |

১৯৮২-৮৩ থেকে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত প্রস্তাবিত ব্যয়ের লক্ষ্যমাত্রা ১৩৮ কোটি ৬০ লক্ষ টাকা এবং উপকৃত জমির পরিমাণ ৪ লক্ষ ৬৪ হাজার হেক্টর।

১৯৭৬-৭৭ সাল পর্যন্ত ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির মাধ্যমে মোট ১২ লক্ষ ২০ হাজার হেক্টর জমি সেচের সুযোগ পায়। বামফ্রন্ট সরকারের আমলে ১৯৮০-৮১ সাল পর্যন্ত মোট ৩ লক্ষ ৪৬ হাজার হেক্টর জমিতে সেচের সুযোগ বাড়ে। আগামী বছরের লক্ষ্যমাত্রা এবং ষষ্ঠ যোজনার শেষ (১৯৮৪-৮৫) নাগাদ কার্যক্রমের ভিত্তিতে ১৯৭৬-৭৭ সালের পর অতিরিক্ত মোট ৯ লক্ষ ৩৩ হাজার হেক্টর জমিতে ক্ষুদ্র সেচের সুযোগ বাড়াবার পরিকল্পনা আছে। এর মধ্যবর্তী সময়ে রূপায়িত প্রকল্পগুলির ক্ষয়ক্ষতির হিসাব ধরে ষষ্ঠ যোজনার শেষে মোট ১০ লক্ষ হেক্টর জমিতে সেচের সুযোগ বাড়বে, অর্থাৎ ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত সুযোগ যতটুকু প্রসারিত হয়েছে তার অতিরিক্ত আরও ৬৪ শতাংশ বেশি জমি সেচের সুযোগ পাবে।

(৪) **সার ব্যবহার ঃ** বিগত ৪ বছরের মধ্যে রাসায়নিক সার ব্যবহারেই যে অগ্রগতি হয়েছে তার তুলনা শুধু পশ্চিমবঙ্গেই নয়, সমগ্র ভারতেই বিরল।

উদ্ভিদ খাদ্যের হিসাবে নাইট্রোজেন, ফসফেট ও পটাশ মিলিয়ে—

১৯৭৬-৭৭ সালে ব্যবহৃত হয়েছিল মোট ১ লক্ষ ৪৮ হাজার টন, তার পর

১৯৭৭-৭৮ সালে ব্যবহৃত হয়েছিল মোট ২ লক্ষ ৭২ হাজার টন,

১৯৮০-৮১ সালে ব্যবহৃত হয়েছিল মোট ২ লক্ষ ৮৩ হাজার টন,

১৯৮১-৮২ সালের লক্ষ্যমাত্রা মোট ৪ লক্ষ ২০ হাজার টন।

১৯৮৪-৮৫ সালে, ষষ্ঠ যোজনার শেষ নাগাদ লক্ষ্যমাত্রা মোট ৫ লক্ষ টন।

এই লক্ষ্যমাত্রা নিয়ে আমরা এগিয়ে চলেছি। ১৯৭৬-৭৭ সালের তুলনায় বর্তমান (১৯৮০-৮১) সালে ব্যবহৃত সারের পরিমাণ ৯১ শতাংশ বেশি। অর্থাৎ বিগত ৪ বছরের মধ্যে সার ব্যবহারের পরিমাণ ১৯৭৬-৭৭ সালের প্রায় দ্বিগুণ।

**জৈবসার ও জীবানুসার ঃ** এই অল্প ব্যয়ের সারগুলির উৎপাদন ও ব্যবহার জনপ্রিয় করবার জন্য পশ্চিমবঙ্গে কয়েকটি বিশেষ প্রকল্প রূপায়িত করা হচ্ছে। শহরের আবর্জনা সার এবং গ্রামীণ জৈবসার উৎপাদন ও ব্যবহার আগের তুলনায় অনেক বেড়ে গেছে। আরও বাড়াবার জন্য কৃষকদের মধ্যে প্রতিযোগিতামূলক প্রকল্প, কাঁচা ও পাকা সার, গর্ত নির্মাণ এবং পরিবহন ব্যয়ের জন্য সরকারি অনুদান ইত্যাদি প্রকল্প চালু করা হয়েছে।

রাজ্যের যেসব অঞ্চলে মাটি অল্প অথবা ক্ষার ভাবাপন্ন, ফসলের উৎপাদন বাড়াবার জন্য সেখানে সরকারি অনুদানে মাটি সংশোধনের বিশেষ প্রকল্প রূপায়িত হচ্ছে। ফলে ঐসব অঞ্চলে হেক্টর প্রতি ফলনের হারও বেড়েছে।

(৫) **মাটি পরীক্ষা ঃ** ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গে টালিগঞ্জ, বর্ধমান, মেদিনীপুর, মালদা ও দার্জিলিং-এ মোট পাঁচটি স্থায়ী এবং বর্ধমানে একটি ভ্রাম্যমাণ মাটি পরীক্ষাগার চালু ছিল।

বামফ্রন্ট সরকারের পুনর্বিন্যস্ত কৃষি-উন্নয়ন নীতির মাধ্যমে প্রত্যেক জেলায় একটি করে মাটি পরীক্ষাগার চালু করবার সিদ্ধান্ত নেওয়া হয়।

১৯৮০-৮১ সাল পর্যন্ত মোট দশটি স্থায়ী এবং অতিরিক্ত তিনটি ভ্রাম্যমাণ পরীক্ষাগার চালু করা হয়।

১৯৮১-৮২ সালে আরও চারটি স্থায়ী পরীক্ষাগার চালু করা হবে।

ষষ্ঠ যোজনার শেষ (১৯৮৪-৮৫) নাগাদ এ রাজ্যে মোট চোদ্দটি স্থায়ী এবং ষোলটি ভ্রাম্যমাণ পরীক্ষাগার চালু করবার পরিকল্পনা আছে।

(৬) **ভূমিক্ষয় রোধ ও জল সংরক্ষণ প্রকল্পের কার্যক্রম ঃ** এ রাজ্যের মোট ভৌগলিক আয়তন ৮৭.৮৭ লক্ষ হেক্টর জমি। এর মধ্যে প্রায় ২০ লক্ষ হেক্টরে ভূমিক্ষয়জনিত এবং সংশ্লিষ্ট সমস্যা আছে।

বামফ্রন্ট সরকারের আমলে কৃষি বিভাগের ভূমি ও জল সংরক্ষণ শাখার কার্যক্রম ঢেলে সাজানো হয়েছে। আগে এই কাজ মাত্র দুটি জেলায় সীমিত এলাকায় সীমাবদ্ধ ছিল। বিগত ৪ বছরের মধ্যে এ রাজ্যের সব এলাকায় এই প্রকল্পের কাজ প্রসারিত করায়, বিশেষত

পাহাড়ী এলাকা, তরাই অঞ্চল, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম ও সুন্দরবন প্রভৃতি সমস্যাপীড়িত এলাকার, উৎপাদন বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়নের পথ সুগম হয়েছে।

১৯৭৬-৭৭ সাল পর্যন্ত এই প্রকল্পে উপকৃত হয়েছে মোট ৮৮ হাজার হেক্টর ও ১৯৭৭-৮১ সাল পর্যন্ত এই প্রকল্পে উপকৃত হয়েছে মোট ১ লক্ষ ৩৫ হাজার হেক্টর জমি।

(৭) **মিনিকিট কার্যক্রম ঃ** গরিব কৃষকের উৎপাদন প্রচেষ্টায় এবং বিভিন্ন ফসলের ফলন ও মোট উৎপাদন বাড়াবার স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনায় মিনিকিট কার্যক্রমের একটা বিশেষ অবদান আছে। এই কার্যক্রমের অগ্রগতির চিত্র—

| আর্থিক বছর | মিনিকিটের সংখ্যা | মোট মূল্য (টাকা) |
|---|---|---|
| ১৯৭৬-৭৭ | ২,৮৭,৫৮২ | ৪২,৭৮,৭৩০ |
| ১৯৭৭-৭৮ | ৮৬,৬৬৫ | ১২,৯৯,৯৭৫ |
| ১৯৭৮-৭৯ | ১৭,৮৫,৮৩২ | ৭,৩৪,১৬,৪৮০ |
| ১৯৭৯-৮০ | ১০,৪৫,৮৬২ | ৩,৫৪,৫৭,০৮১ |
| ১৯৮০-৮১ | ৫,৭৩,২৬২ | ২,৭৩,৪১,১৬১ |

আগামী বছরেও (১৯৮১-৮২) এই কার্যক্রম চালু রাখার প্রস্তাব আছে।

(৮) **কৃষিঋণ ঃ** আগে বর্গাদারদের কৃষিঋণ পাবার সুযোগ ছিল না। আমাদের কৃষিনীতির মাধ্যমে তাঁদের সহজে ও অল্পসুদে স্বল্পমেয়াদী ঋণ দেবার ব্যবস্থা করা হয়েছে। পানচাষীদেরও দেবার নতুন ব্যবস্থা চালু করা হয়েছে। স্বল্পবিত্ত কৃষকদের সরকারি ঋণের সুদ মকুব করা হয়েছে। সমবায় সংস্থা এবং রাষ্ট্রায়ত্ত ও বাণিজ্যিক ব্যাঙ্কগুলির মাধ্যমে প্রদত্ত কৃষিঋণের পরিমাণও অনেক বাড়ানো হয়েছে। ১৯৭৬-৭৭ সালে একমাত্র সমবায় সংগঠনগুলির মাধ্যমে মোট ৫৭.৫২ কোটি টাকার কৃষিঋণ দেওয়া হয়েছিল। ১৯৮০-৮১ সালে ঐ ঋণের পরিমাণ বেড়ে দাঁড়ায় ৭৫.২৯ কোটি টাকা। সরকারি স্বল্পমেয়াদী ঋণের পরিমাণ ১৯৭৬-৭৭ সালে ছিল ১১.৫০ কোটি টাকা। বামফ্রন্ট সরকারের আমলে ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে কৃষি উপকরণ বাবদ প্রদত্ত ঋণের পরিমাণ যথাক্রমে ৬, ২৬.৫, ১২ এবং ৭ কোটি টাকা।

১৯৫৩ সাল থেকে কৃষি-উপকরণ সংগ্রহের জন্য রাজ্যসরকার কৃষকদের যে স্বল্পমেয়াদী (তাকাভি) ঋণ দিয়েছে মূলধন ও সুদ নিয়ে সেই বকেয়া ঋণের পরিমাণ বর্তমানে প্রায় ৩৬ কোটি টাকা। ১৯৭৫ এবং ১৯৭৬ সালে দ্রুত খাদ্য উৎপাদন কর্মসূচির মাধ্যমে রাজ্যসরকার পাম্পসেট সহ অগভীর নলকূপ বসাবার জন্যও ঋণ দিয়েছে। অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির মাধ্যমে মাননীয় সদস্যগণ জানতে পেরেছেন যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ঐ ঋণভার মকুব করার সিদ্ধান্ত রাজ্যসরকার নিয়েছে। অসেচ এলাকায় ৬ একর এবং সেচসেবিত এলাকায় ৪ একর পর্যন্ত জমির মালিক কৃষকদের বকেয়া ঋণ পুরোপুরি মকুব করা হবে। অন্যান্য

কৃষকদের অনাদায়ী মূলধনের টাকা পাঁচটি বার্ষিক কিস্তিতে ফেরত দিতে হবে। সময়মতো কিস্তির টাকা দিলে সুদ মকুব করা হবে। আগামী ডিসেম্বরের মধ্যে এই কৃষকরা তাঁদের ঋণের অর্ধেক শোধ করলে বকেয়া অর্ধেক মকুব করা হবে। যদি জোর করে কোথায়ও ঐ ঋণের বোঝা চাপিয়ে দেওয়া হয়ে থাকে এবং এমন ধরনের শ্যালো-পাম্পসেট দেওয়া হয়ে থাকে যা কৃষকরা ব্যবহার করতে পারেন নি, এরূপ ক্ষেত্রে যথাযথ অনুসন্ধান ক'রে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। এ সম্পর্কে সরকারি নির্দেশ শীঘ্রই প্রচার করা হবে।

সুন্দরবন এলাকায় তুলোচাষের জন্য যে ঋণ দেওয়া হয়েছিল তার বকেয়া অংশও মকুব করা হবে।

মাননীয় সদস্যদের আমি আনন্দের সঙ্গে জানাতে চাই যে, ১৯৭০-৭১ সাল পর্যন্ত কৃষকদের হালের বলদ/মহিষ ইত্যাদি কেনার জন্য যে ঋণ দেওয়া হয়েছিল (ক্যাটল্ পারচেজ লোন), তাও উপরি-উক্ত পদ্ধতির অনুসরণে মকুব করা হবে।

চাষের কাজ সময়মত ও চাহিদানুযায়ী মূলধনের অভাবে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং বর্গাদার চিরকাল মহাজনের শোষণে নিপীড়িত হয়ে এসেছে। বামফ্রন্ট সরকার আসার পর গরিব চাষী ও বর্গাদারদের মূলধন যোগান দেবার যে কার্যকর ব্যবস্থা নেওয়া হয়েছে, কৃষিক্ষেত্রে তার প্রতিফলন অতি সুস্পষ্ট।

(৯) **শস্যসংরক্ষণ কার্যক্রম ঃ** একটি ফসলের জায়গায় বছরে একাধিক ফসল উৎপাদন প্রচেষ্টার সঙ্গে সঙ্গে ফসলকে রোগ ও কীটশত্রুর আক্রমণ থেকে রক্ষা করার যথাযথ ব্যবস্থা রাখা কৃষি-উন্নয়নের অপরিহার্য কার্যক্রম।

বামফ্রন্ট সরকার দায়িত্ব নেবার প্রথম/দ্বিতীয় বছরে প্রায় ১,৮০০ টন টেকনিক্যাল গ্রেড কীটনাশক ওষুধ ব্যবহার ক'রে প্রায় ১৪ লক্ষ হেক্টর জমির ফসল রক্ষার ব্যবস্থা হয়।

১৯৮০-৮১ সালে ঐ ওষুধের ব্যবহৃত পরিমাণ ২,৩৮৫ টন এবং উপকৃত জমির পরিমাণ ২২ লক্ষ হেক্টরেরও বেশি।

১৯৮১-৮২ সালে ঐ ওষুধ ব্যবহারের লক্ষ্যমাত্রা ৩,১০০ মেট্রিক টন এবং উপকৃত জমির লক্ষ্যমাত্রা প্রায় ২৯ লক্ষ হেক্টর।

ষষ্ঠ যোজনার শেষ বছরে (১৯৮৪-৮৫) ঐ লক্ষ্যমাত্রা যথাক্রমে ৪,৫০০ মেট্রিক টন এবং ৪০ লক্ষ হেক্টর।

ওষুধে ভেজালের হাত থেকে কৃষককে রক্ষা করবার জন্য এবং কীটনাশক ওষুধের মান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে মেদিনীপুরে একটি সুসংহত গবেষণা ও পরীক্ষাগার স্থাপন করা হয়েছে। কৃষকদের হাতের কাছে প্রয়োজনীয় ওষুধ এবং সাজসরঞ্জাম যাতে মজুত থাকে সেজন্য ব্লক পর্যায়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে। সম্প্রসারণ কর্মী এবং কৃষকদের শস্যরক্ষার কলাকৌশল সম্পর্কে

*নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থাও করা হয়েছে। শস্যসংরক্ষণের বিষয়টি এতই গুরুত্বপূর্ণ যে বর্তমান ব্যবস্থাকে কৃষকদের স্বার্থে পুনর্গঠিত করবার একটি বিশেষ প্রকল্পের কাজ হাতে নেওয়া* হয়েছে। এই প্রকল্পে ব্যবস্থা রাখা হয়েছে যাতে প্রতিটি ব্লকে একজন ক'রে অতিরিক্ত কৃষি-সম্প্রসারণ আধিকারিক, প্রতি জেলায় একজন ক'রে শস্যসংরক্ষণ আধিকারিক এবং রাজ্যপর্যায়ে এই বিশেষ কার্যক্রমের সঠিক পরিচালনার জন্য একজন যুগ্ম কৃষি-অধিকর্তা থাকেন এবং কৃষিকর্মীর প্রশিক্ষণ ও কৃষকদের শস্যরক্ষার ব্যাপারে প্রয়োজনীয় সব রকমের ব্যবস্থা দ্রুত নিতে পারেন। কার্যকর ব্যবস্থা দ্রুত গ্রহণের জন্য রাজ্যের উত্তরাঞ্চল, দক্ষিণাঞ্চল এবং পশ্চিমাঞ্চলের জন্য শস্যসংরক্ষণ ব্যবস্থাসমন্বিত তিনটি ভ্রাম্যমাণ যান (ভ্যান) তৈরি রাখা হবে। আগামী বছর থেকেই এই নবপ্রকল্পের কার্যক্রম শুরু হবে।

**কৃষি-গবেষণা ও সম্প্রসারণ শাখার পুনর্গঠন ঃ** কৃষি-উন্নয়নের উপরোক্ত মূল কার্যক্রমকে সঠিকভাবে এবং কৃষকদের স্বার্থে রূপায়িত করবার জন্য একটি শক্তিশালী ধারালো হাতিয়ার চাই। এই হাতিয়ার হচ্ছে কৃষি দপ্তর। এই দপ্তরটির গবেষণা ও সম্প্রসারণ কার্যক্রমের মৌলিক রূপান্তর ঘটিয়ে আমরা কৃষিকর্মী ও কৃষকের স্বার্থে পুনর্বিন্যাস করেছি। এই রূপান্তরের মূল ধারাগুলি হল—

(ক) কৃষি বিভাগের গৃহীত নীতি ও কার্যক্রমের রূপায়ণে বিভাগীয় কর্মী, পঞ্চায়েত ও কৃষকদের মধ্যে যোগাযোগ ও সমন্বয় সাধনের প্রয়োজনীয় ব্যবস্থা;

(খ) যেসব প্রকল্পের মাধ্যমে বিনামূল্যে অথবা অনুদান সহ কৃষি-উপকরণাদি কৃষকদের মধ্যে বিতরণ করা হয় সেগুলির পরিচালনায় স্থানীয় পঞ্চায়েত সংগঠনের উপদেষ্টার ভূমিকা থাকবে। প্রযুক্তিগত নির্দেশ এবং সরকারি নীতির প্রয়োগ সম্পর্কীয় নির্দেশ কৃষি দপ্তর থেকে দেওয়া হবে। ব্লক পর্যায়ে একজন সহকারি কৃষি-সম্প্রসারণ আধিকারিক এবং একজন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারের পূর্ণ সময়ের কাজও পঞ্চায়েত সমিতির হাতে দেওয়া হয়েছে;

(গ) পূর্বতন সমষ্টি উন্নয়ন শাখার সকল গ্রামসেবককে নবগঠিত পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের অধীনে রাখা হয়েছে। গ্রামস্তরে কৃষি বিভাগের নূতন সম্প্রসারণ কর্মীদের "কৃষি প্রযুক্তি সহায়ক" নামে অভিহিত করা হয়েছে। কৃষি-সম্প্রসারণ কার্যক্রমের পুনর্বিন্যাসের ফলে বর্ধিত ও নিবিড়তর কর্মসূচির যথাযথ রূপায়ণের জন্য রাজ্যের ৫০টি মহকুমার কৃষি আধিকারিকের কর্তৃত্বাধীনে অতিরিক্ত ১,৬০০ কৃষি প্রযুক্তি সহায়ক এবং ৫০টি সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারের পদ সৃষ্টি ক'রে এদের প্রশিক্ষণের এবং মাঠের কাজে লাগাবার ব্যবস্থা করা হয়েছে।

(ঘ) ব্লকস্তরে কৃষি-সম্প্রসারণ আধিকারিকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে কৃষি প্রযুক্তি সহায়কদের রাখবার ব্যবস্থা করা হয়েছে, যাতে এঁরা সবটুকু সময় কৃষির উন্নয়নে ব্যবহার করতে পারেন এবং কৃষকরা প্রকৃতভাবে এইসব কর্মীদ্বারা উপকৃত হন;

(ঙ) কৃষি বিভাগের তথ্য ও প্রচার শাখার কার্যক্রমকে পুনর্বিন্যস্ত ক'রে শস্য উৎপাদনের প্রযুক্তিগত কলাকৌশল সম্প্রসারণমূলক প্রচার পুস্তিকা ও প্রশিক্ষণমূলক তথ্যাদির পরিবেশন ও দ্রুত সম্প্রসারণের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এই গুরুত্বপূর্ণ শাখাটিকে অধিকতর শক্তিশালী করবার একটি প্রস্তাব বিবেচনাধীন আছে। এতে গবেষণার ফলাফল দ্রুত কৃষকের মাঠে পৌছে যাবে;

(চ) কৃষক-প্রশিক্ষণ ব্যবস্থা পূর্বের ৭টি জেলার পরিবর্তে মোট ১৭টি কৃষি জেলাতেই সম্প্রসারিত করা হয়েছে।

(ছ) কৃষির উপযোগী গবেষণা শাখাকে (এডাপটিভ রিসার্চ) পুনর্গঠিত করা হয়েছে। জলবায়ুর বিভিন্নতা ও বৈশিষ্ট্য অনুযায়ী সমগ্র রাজ্যে মোট ৬টি আঞ্চলিক গবেষণাকেন্দ্র কালিম্পং, কোচবিহার, মাকিয়ান (পশ্চিম দিনাজপুর), কৃষ্ণনগর, নলহাটি (বীরভূম), এবং কাকদ্বীপ (২৪ পরগনা) এবং আরও ৬টি ফসলভিত্তিক গবেষণাকেন্দ্র (ধান—চুঁচুড়া, গম—বর্ধমান, ডালশস্য ও তৈলবীজ—বহরমপুর, আখ—বেথুয়া-ডহরী, পাট—কোচবিহার এবং উদ্যানবিজ্ঞান—কৃষ্ণনগর) স্থাপন ক'রে উপযোগী গবেষণার কার্যক্রম শুরু করা হয়েছে। সম্প্রতি মেদিনীপুর জেলার আনন্দপুরে আলু ও সবজি গবেষণা ও বীজ উৎপাদন কেন্দ্র স্থাপিত হয়েছে। এই প্রধান গবেষণাকেন্দ্রগুলি ছাড়াও মহকুমা স্তরে বিভিন্ন জলবায়ু ও পরিবেশ উপযোগী গবেষণা ও সুপারিশের জন্য ৪৫টি অপেক্ষাকৃত ক্ষুদ্রাকার গবেষণাক্ষেত্র স্থাপন করা হয়েছে। প্রধান ফসলগুলি ছাড়াও পান, তামাক, মশলা, কাজুবাদাম, নারিকেল ও সুপারী প্রভৃতি অর্থকরী ও সম্ভবনাপূর্ণ ফসলের গবেষণা ও উন্নয়নে বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে। মেদিনীপুরের তমলুকে একটি পান গবেষণাকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে। ফল উন্নয়ন প্রকল্পে কলা, আনারস ও আমের উৎপাদন ও গুণমান বৃদ্ধি প্রকল্পও হাতে নেওয়া হয়েছে। ফল-বাগিচা উন্নয়ন এবং শাকসবজি ইত্যাদির উন্নয়নের একটি বিশেষ পরিকল্পনা রূপায়িত করবার ব্যবস্থা নেওয়া হচ্ছে। এতে উত্তরাঞ্চল, মধ্যাঞ্চল, পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের উপযোগী বিশেষ উন্নয়নপ্রকল্প রূপায়িত হবে।

উপরি-উক্ত গবেষণামূলক প্রকল্পগুলি ছাড়াও সেচবিহীন চাষের কলাকৌশল সম্পর্কে গবেষণা ও সম্প্রসারণের জন্য বাঁকুড়ায় একটি কেন্দ্র স্থাপন করা হয়েছে। সেচের জলের সদ্ব্যবহার ও মিতব্যয়িতা সম্পর্কে গবেষণা ও সুপারিশ দেবার জন্য রানাঘাট ও কালিম্পং-এ দুটি কেন্দ্র স্থাপিত হয়েছে এবং এ সম্পর্কে কৃষিকর্মীকে প্রশিক্ষণ দেবার জন্য কল্যাণীতে একটি কর্মী প্রশিক্ষণকেন্দ্র স্থাপন করা হয়েছে;

(জ) কৃষি শিক্ষার মান উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গের একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয় বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়কে আর্থিক মঞ্জুরী দেওয়া হয় এবং বিগত কয়েক বছরের মধ্যে এর মাত্রা যথেষ্ট বাড়ানো হয়েছে। এই কৃষি বিশ্ববিদ্যালয়ের একটি শাখা উত্তরবঙ্গের কোচবিহার জেলায় স্থাপন করা হয়েছে। এর ফলে উত্তরবঙ্গের জেলাগুলি এবং ভারতের পূর্বাঞ্চলের রাজ্যগুলির শিক্ষার্থীগণ কৃষিবিজ্ঞান শিক্ষার বিশেষ সুযোগ পাবে এবং তা ছাড়া ঐসব অঞ্চলের কৃষি-সংশ্লিষ্ট সমস্যার সমাধানে অনেক সাহায্য হবে।

(ঝ) কৃষি বিভাগের সমাজ-অর্থনীতি ও মূল্যায়ন শাখার কার্যক্রমের পুনর্বিন্যাস করা হচ্ছে। সুষ্ঠু পরিকল্পনার কাজে সাহায্যের জন্য কৃষি তথ্য ও পরিসংখ্যান সংগ্রহ ও প্রকাশের কাজ খুবই গুরুত্বপূর্ণ। বর্তমান বছরে জমির ব্যবহার ও বিভিন্ন শস্যের আওতায় জমির পরিমাণ যথার্থভাবে নিরূপণের জন্য রাজ্যের ভূমি পরিসংখ্যান ও সমীক্ষা অধিকার এবং ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান সংস্থার সহযোগিতায় একটি বিশেষ প্রকল্প রূপায়িত হচ্ছে। পাঁচ বছরের মধ্যে এই সমীক্ষার মাধ্যমে সমগ্র রাজ্যের কৃষির প্রকৃত চিত্র পাওয়া যাবে। কৃষি বিভাগের রূপায়িত অন্যান্য বিশেষ গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি মূল্যায়নের জন্যও এই শাখাকে শক্তিশালী করবার এবং কার্যকরভাবে ব্যবহার করবার পরিকল্পনা বিবেচনাধীন আছে।

(ঞ) কৃষি প্রশাসন ব্যবস্থার সাংগঠনিক এবং অন্যান্য অনেক পরিবর্তন করা হয়েছে। কৃষি উন্নয়ন, কৃষক এবং কৃষিকর্মীর স্বার্থে প্রশাসনিক জটিলতা দূর ক'রে সরলীকরণ করা হয়েছে। এর ফলে কৃষি বিভাগীয় কর্মীদের মনে নব উদ্দীপনার সঞ্চার হয়েছে।

**বিশেষ এলাকা উন্নয়ন কার্যক্রম ঃ** রাজ্যের খরাপীড়িত অঞ্চল এবং উপকূলবর্তী সুন্দরবন ও অন্যান্য সমস্যাপীড়িত অঞ্চলগুলির বিশেষ বিশেষ সমস্যার পরিপ্রেক্ষিতে উন্নয়নমূলক বিশেষ কার্যক্রম রূপায়িত হচ্ছে। এগুলির মধ্যে "খরাপ্রবণ এলাকা কার্যক্রম", "সেচসেবিত এলাকা উন্নয়ন", "সামগ্রিক অঞ্চল উন্নয়ন কার্যক্রম", "উপজাতি অধ্যুষিত এলাকা উন্নয়ন", "তফসিলি জাতির অর্থনৈতিক উন্নয়ন", "পাহাড় এলাকার উন্নয়ন" এবং "উত্তরবঙ্গের কৃষি উন্নয়ন", প্রধান।

**উত্তরবঙ্গ কৃষি-উন্নয়ন প্রকল্প ঃ** উত্তরবঙ্গে কৃষি তথা গ্রামোন্নয়নের প্রচেষ্টা এ পর্যন্ত যথাযথ হয়নি। তাই উত্তরবঙ্গের সামগ্রিক উন্নয়নে কৃষি, বাগিচা-ফসল, পশু-পালন এবং কৃষিজ বিপণন ইত্যাদির অঞ্চলভিত্তিক উন্নয়নমূলক একটি প্রকল্প নেওয়া হয়েছে। এই প্রকল্পে রাজ্য সরকার ইতিমধ্যে টাকা বরাদ্দ করেছে এবং কাজ চালু হয়েছে। এই প্রকল্পের ১৯৮১-৮২ সালের প্রস্তাবিত ব্যয় ১৮.২৭ কোটি এবং পর্যায়ক্রমিক প্রকল্প রূপায়ণের সর্বমোট ব্যয় ৫৮.৭২ কোটি টাকা। এই প্রকল্প রূপায়ণে নেদারল্যান্ড সরকারের কারিগরি ও আর্থিক সহায়তা পাওয়া যাবে বলে আশা আছে। প্রকল্প রূপায়ণের ৫ বছরে উপকৃত কৃষকের সংখ্যা হবে প্রায় ৭.৬০ লক্ষ, যাঁদের মধ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ও বর্গাদারের সংখ্যাই বেশি। উপকৃত কৃষকদের প্রায় ৫০ শতাংশই তফসিলি বা উপজাতি সম্প্রদায়ভুক্ত। কৃষি-কর্মকান্ডের প্রসারের ফলে এই অঞ্চলে ভূমিহীন ক্ষেতমজুরদের কর্মসংস্থানের সুযোগও অনেক বাড়বে। কৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধির বার্ষিক গড় হার ধরা হয়েছে ১৭.৫ শতাংশ। শস্য উৎপাদনের গড় নিবিড়তা বর্তমানের ১৬০-এর জায়গায় ২০০ শতাংশে আনার লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে এবং হেক্টরপ্রতি ফলনের হার বর্তমানের তুলনায় ৫০ শতাংশ বাড়বে বলে অনুমান করা হয়েছে। অতিরিক্ত ১৫ শতাংশ চাষের জমিতে সেচের সুযোগ প্রসারিত করা হবে। ভূমি ও জল সংরক্ষণ কার্যক্রমকে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। মাটি সংশোধক "ডলোমাইট" কারখানা, ফল ও সবজি সংরক্ষণ কেন্দ্র, পাটকাঠি ব্যবহার, পশুখাদ্য প্রস্তুতের কারখানা ইত্যাদি কৃষিভিত্তিক শিল্পোদ্যোগ উন্নয়নের বিষয়গুলিকেও এই প্রকল্পের আওতায় ধরা হয়েছে। নেদারল্যান্ড সরকারের

সহযোগিতা না পাওয়া গেলেও রাজ্য সরকার সীমিত ক্ষমতায় এই কাজ চালিয়ে যাবে।

**কৃষি বিপণন শাখার কার্যক্রম ঃ** উৎপাদন বেড়েছে, আরও বাড়বে। কিন্তু কৃষিজ পণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা না থাকলে উৎপাদক কৃষক এবং ব্যবহারকারী জনসাধারণের কোনও লাভ নেই। কৃষক এবং গৃহস্থের মাঝখানে মহাজন, আড়তদার, দালাল এবং ফড়িয়া লাভের মোট অংশ কেড়ে নিচ্ছে। এই অবাঞ্ছনীয় অবস্থার প্রতিকারের জন্য কৃষি বিপণন ব্যবস্থাকে পুনর্গঠিত করে শক্তিশালী সংগঠনের রূপ দেওয়া হচ্ছে। কৃষিপণ্যের বাজার নিয়ন্ত্রণ এবং বাজার চত্বর নির্মাণের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। কৃষক ও কৃষিজ পণ্যের ব্যবহারকারী, উভয়ের সুবিধার্থে কৃষকের খামার থেকে নিয়ন্ত্রিত বিপণন কেন্দ্র পর্যন্ত যোগাযোগের সড়ক নির্মাণ ও উন্নয়ন কার্যক্রমের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। ১৯৮০-৮১ সাল পর্যন্ত মোট ৩৬টি পাইকারি বাজার এবং ২৬২টি উপ-বাজার নিয়ন্ত্রণ আইনের আওতায় আনা হয়েছে। এর অনেকগুলিতেই বাজার চত্বর নির্মাণের কাজ এবং পণ্য বিপণনের উপযুক্ত ব্যবস্থা প্রবর্তিত হয়েছে, অন্যগুলিতে কাজ চলছে। গ্রাম থেকে নিয়ন্ত্রিত বাজার পর্যন্ত মোট ১৫০ কিলোমিটার সড়ক নির্মাণ বা উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে। ষষ্ঠ পরিকল্পনার শেষ নাগাদ (১৯৮৪-৮৫) মোট ৬১টি পাইকারি বাজার এবং ৪০০টি উপ-বাজার নিয়ন্ত্রণ আইনের আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে।

১৯৭৬-৭৭ সালে মোট ৫.৮৭ লক্ষ টন আলু মজুত রাখার উপযোগী মোট ১৫৭টি হিমঘর এ রাজ্যে ছিল। ১৯৮০-৮১ সালের শেষে মোট ৯.৪৪ লক্ষ টন আলু মজুত রাখার উপযোগী মোট ২১১টি হিমঘর আছে, অর্থাৎ বামফ্রন্ট সরকারের আমলে অতিরিক্ত ৫৪টি হিমঘর হয়েছে এবং মজুত রাখার ক্ষমতা বেড়েছে ৩.৫৭ লক্ষ টন। ষষ্ঠ যোজনার শেষে (১৯৮৪-৮৫) এই কার্যক্রমের লক্ষ্যমাত্রা মোট ৩০০টি হিমঘর এবং মোট ক্ষমতা ১২.২ লক্ষ টন।

সহায়ক মূল্য প্রকল্পে ১৯৭৮-৭৯ সালে পশ্চিমবঙ্গ কৃষি-শিল্প নিগম এবং রাজ্য সমবায় বিপণন সংস্থার মাধ্যমে প্রতি কুইন্টাল ৫০ টাকা মূল্যে মোট ১০ হাজার মেট্রিক টন আলু এবং ১৯৭৯-৮০ সালে ৪ হাজার মেট্রিক টন সরিষা ঘোষিত সহায়ক মূল্যে সংগ্রহ করে প্রাথমিক উৎপাদক কৃষককে সাহায্য করবার প্রয়াস নেওয়া হয়। বর্তমান বছরে ঐ প্রকল্পের আওতায় ধান, আলু, গম এবং সরিষা আনা হয়। কৃষি বিভাগের বিপণন শাখা পাট সংগ্রহের ব্যাপারে ভারতের পাট নিগম এবং পঞ্চায়েত সংস্থাগুলিকে সাহায্য করে, যার ফলে ৩,৫০০ মেট্রিক টন পাট সংগৃহীত হয়। ঐ শাখা নিয়ন্ত্রিত বাজারগুলির মাধ্যমে বর্তমান বছরে ৪,৪২৫ মেট্রিক টন ধান সংগ্রহ করে। বাজার সমিতিগুলির মাধ্যমে আলু ও সরিষাও সহায়ক মূল্যে সংগ্রহের কাজ শুরু করা হয়েছে। বর্তমান বছরে সেপ্টেম্বর-অক্টোবরে আলুর বাজার হঠাৎ চড়ে যাওয়ায় বাজার নিয়ন্ত্রণে রাখবার জন্য এবং কৃষক ও গৃহস্থের সুবিধার্থে হিমঘরে মজুত রাখা আলু কলকাতার কয়েকটি নির্বাচিত বাজারে নিয়ন্ত্রিত দরে সরবরাহের ব্যবস্থা করা হয়।

এ রাজ্য থেকে বছরে প্রায় ১০ কোটি টাকার পান রপ্তানি হয়। এখানেও মহাজন ও

আড়তদার ইত্যাদির প্রভাব রয়েছে। এই পরিস্থিতি পরিবর্তন ক'রে কৃষকের সুবিধার্থে বাগনান ও তমলুকে ২টি নিয়ন্ত্রিত বাজার খোলা হচ্ছে। তমলুকে একটি পানবরজ কেন্দ্র খোলার পরিকল্পনা আছে।

**শস্যবিমা প্রকল্প ঃ** ১৯৭৯-৮০ সালে এ রাজ্যে প্রথম শস্যবিমা প্রকল্প চালু করা হয়। প্রথম বছরে ১৫,০০০ কৃষককে এই প্রকল্পের আওতায় আনা হয় এবং মোট ৮৫ লক্ষ টাকা ব্যয় করা হয়। বর্তমান বছরে আমন ধান ছাড়াও পরীক্ষামূলকভাবে আলু এবং বোরো ধান এই প্রকল্পের আওতায় আনা হয়। কেন্দ্রীয় সরকারের বরাদ্দ ২ কোটি টাকা, কিন্তু আমরা বর্তমান বছর এবং আগামী বছরে প্রতি বছর ৫ কোটি টাকা বরাদ্দের দাবি জানিয়েছি। এই প্রকল্পে রাজ্য সরকার ভারতের জেনারেল ইন্সিওরেন্স করপোরেশনের সঙ্গে দায়ভাগই শধু নয়, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের প্রদেয় প্রিমিয়ামের সিকি ভাগ বহন করতে প্রতিশ্রুত।

**কৃষি-পেনসন প্রকল্প ঃ** সমাজ কল্যাণ ও নিরাপত্তামূলক এই প্রকল্প ভারতের মধ্যে পশ্চিমবঙ্গেই প্রথম (১৯৮০-৮১) চালু হয়েছে। ৬০ বছর বা ততোধিক বয়স্ক ক্ষেতমজুর, বর্গাদার বা অনধিক ৩ বিঘা জমির মালিক কৃষককে মাসে ৬০ টাকা করে পেনসন দেবার প্রকল্প এই বছরেই চালু করা হয়েছে। ৫৫ বছর বয়স্ক কৃষক অসুখে বা দুর্ঘটনায় অক্ষম হয়ে পড়লে তাঁরাও এই পেনসন পাবেন। অনেক পেনসন প্রাপক কৃষক ইতিমধ্যে মারা গেছেন বলে আমরা জানতে পেরেছি। এরূপ ক্ষেত্রে ঐ কৃষকের বিধবা স্ত্রীকে আজীবন ঐ পেনসন দেওয়া হবে।

**আগামী বছরের অন্যান্য নতুন কর্মসূচি**

১। **কৃষির সরঞ্জাম ও যন্ত্রপাতি ব্যাঙ্ক ঃ** প্রতিটি গ্রাম পঞ্চায়েতে পাম্পসেট, স্প্রেয়ার, ডাস্টার ইত্যাদির ব্যাঙ্ক গ'ড়ে তোলার একটি পরিকল্পনা আগামী বছর থেকে চালু করবার জন্য তৈরি করছি।

২। **সুপারফসফেট কারখানা ঃ** পশ্চিমবঙ্গ কৃষি-শিল্প নিগম থেকে এ রাজ্যে একটি সুপার-ফসফেট কারখানা চালু করবার পরিকল্পনা নেওয়া হয়েছে।

৩। **ফলসংরক্ষণ কেন্দ্র ঃ** আনারস, আম ইত্যাদি ফলসংরক্ষণ করার জন্য উত্তরবঙ্গে একটি ফলসংরক্ষণ কেন্দ্র করা হচ্ছে।

৪। **পচনশীল সবজির বিপণন ঃ** এ ধরনের ফসলের উৎপাদক কৃষক যাতে ন্যায্যমূল্যে তাঁর ফসল বিক্রি করতে পারেন এবং ব্যবহারিকগণ যাতে ঐ মূল্যের সঙ্গে সমতা বজায় রেখে কিনতে পারেন সেজন্য বিপণন শাখায় আগামী বছর একটি নতুন উপশাখা খোলার কথা বিবেচনা করা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮১-৮২ সালে কৃষিখাতে ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপন প্রসঙ্গে কৃষি বিভাগের প্রধান কার্যক্রমের লক্ষ্য, কর্মধারা ও অগ্রগতি সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ

বিধানসভায় পেশ করলাম। বিধানসভার মাননীয় সদস্যদের কাছে উক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব বিবেচনা ও অনুমোদনের অনুরোধ রেখে আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ** এগ্রিকালচার ডিপার্টমেন্টের সঙ্গে সুন্দরবন ডেভেলপমেন্টের বরাদ্দ আছে, তবে এখন আমি এই বিষয়ে কিছু বলতে চাই না কারণ মাননীয় সদস্যদের বলবার পর জবাবি ভাষণে আমি উত্তর দেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলিঃ** যে বইটা আমাদের কাছে দেওয়া হয়েছে তাতে সুন্দরবন ডেভেলপমেন্ট সম্বন্ধে দেখতে পাচ্ছি ১ এবং ২ পাতায় একই কথা দুইবার ছাপা হয়েছে। এ থেকে বোঝা যাচ্ছে কি ডেভেলপমেন্ট হচ্ছে।

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ** এটা প্রেসের ভুল।

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

ডিমান্ড নং ৫৩-এর অধীনে ১৯৮১-৮২ আর্থিক বছরে মাননীয় কৃষিমন্ত্রী সুন্দরবন উন্নয়নের জন্য ৬ কোটি ৪৮ লক্ষ ৭৭ হাজার টাকা ব্যয়বরাদ্দ অনুমোদনের যে প্রস্তাব রেখেছেন তার সমর্থনে আমি এই বক্তব্য রাখছি।

গত বৎসর বাজেট বক্তৃতায় আমি বলেছিলাম যে দেড় শতাব্দী কাল যাবৎ সুন্দরবনে জনবসতি গড়ে উঠেছে এবং প্রথমাবধি সুন্দরবনে বসতি স্থাপনকারী জনসাধারণের বৃহৎ অংশ দারিদ্র্যপীড়িত জীবন যাপন করছে। ক্রমন্বয় শোষণ ও এলাকার উন্নয়নে অবহেলার ফলে দারিদ্র্য ও অশিক্ষার অন্ধকার গভীরতর হয়েছে। বামফ্রন্ট সরকার সীমিত সামর্থ সত্ত্বেও আন্তরিকতা নিয়ে সুন্দরবনের সাধারণ মানুষের পাশে এসে দাঁড়িয়েছেন। আমি গত দু বছর যাবত একথাও বলে আসছি যে সুন্দরবনের সর্বব্যাপী অনগ্রসরতার সুষ্ঠু প্রতিকারের জন্য পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সঙ্গতির সঙ্গে কেন্দ্রীয় সরকারের সহযোগিতা যুক্ত হওয়া প্রয়োজন এবং আন্তর্জাতিক সাহায্যও সুন্দরবনের উন্নয়নকে ত্বরান্বিত করার পক্ষে অনুকূল হবে।

গত বছর আমি জানিয়েছিলাম যে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আমি আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল বা ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট (ইফাড) সংস্থাকে সুন্দরবনের উন্নয়নের জন্য সাহায্য দিতে অনুরোধ করি। তাতে তাঁরা সাড়া দেন। সুন্দরবন উন্নয়ন পর্যদ অন্যান্য বিভাগের সহযোগিতায় যে প্রকল্প রচনা করেন 'ইফাড'-এর তরফে বিশেষজ্ঞরা সুন্দরবনে এসে সেই প্রকল্পটির সমীক্ষা করেন। পরিশেষে সুন্দরবন উন্নয়ন প্রকল্পটি এই বছরের ৪ঠা ফেব্রুয়ারি চূড়ান্তভাবে অনুমোদিত হয়।

উক্ত প্রকল্প বাবদ ৩১ কোটি ৮০ লক্ষ টাকা পাঁচ বছরে ব্যয় হবে। প্রকল্প রূপায়ণের কাজ ১৯৮১ সালের এপ্রিল থেকে শুরু হবে। প্রকল্পের মেয়াদ পাঁচ বছর হলেও আমরা

তৎপূর্বেই প্রকল্পের কাজ শেষ করার আশা রাখি। সুন্দরবনের জনসাধারণ, বিধানসভা, লোকসভা ও পঞ্চায়েতের সদস্যগণের সক্রিয় সহযোগিতায় এই প্রকল্প সুষ্ঠুভাবে রূপায়িত হবে বলে আমি বিশ্বাস করি। বর্তমান প্রকল্পে সুন্দরবনের প্রায় ৬২ শতাংশ অধিকতর অনগ্রসর এলাকা নেওয়া হয়েছে। দ্বিতীয় পর্যায়ের প্রকল্পে সুন্দরবনের অবশিষ্ট এলাকা নেওয়া যাবে বলে আমি আশা রাখি এবং দ্বিতীয় পর্যায়ের প্রকল্পেও আন্তর্জাতিক আর্থিক সাহায্য পাওয়া যাবে বলে আমাদের আশা করার যুক্তিসঙ্গত হেতু আছে।

এত বড় প্রকল্প সুন্দরবনের ইতিহাসে এই প্রথম। প্রকল্পটি সুষ্ঠুভাবে রূপায়িত হলে বিশেষভাবে উপকৃত হবেন সুন্দরবনের ক্ষুদ্র, প্রান্তিক কৃষক, ভূমিহীন ক্ষেতমজুর ও দরিদ্র মৎস্যজীবীরা।

**আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল সহযোগিতাপ্রাপ্ত প্রকল্পের রূপরেখা ঃ** প্রধানত কাকদ্বীপ, ক্যানিং ও ন্যাজাটকে কেন্দ্র করে ও অন্যান্য বিকাশকেন্দ্র কার্যগুলির মাধ্যমে প্রকল্পটি রূপায়িত হবে। প্রকল্পভুক্ত কর্মসূচির প্রধান দিকগুলি হল ঃ

(ক) **জলনিকাশি ও সেচ ব্যবস্থার উন্নয়ন ঃ** (১) ১০টি বড় স্লুইস ও নদীমুখ ক্লোজার নির্মাণ; (২) ১৫০টি হিউম পাইপ স্লুইস নির্মাণ; ৯০ কিলোমিটার দীর্ঘ বড় জলনিকাশি খাল ও ৪০০ কিলোমিটার দীর্ঘ মাঝারি নিকাশি নির্মাণ; (৩) ৪০০ কিলোমিটার মজা খাল সংস্কার; ১০০০টি পুকুর কাটা বা সংস্কার এবং ৫০০টি অল্প শক্তিযুক্ত সেচ পাম্পের ব্যবস্থা করা।

(খ) **নোনা জলের মাছ চাষ ঃ** ঝড়খালি ও মৌশিনী দ্বীপে দুইটি নোনা জলের ৬৪০ হেক্টর বা ৪,৮০০ বিঘাবিশিষ্ট মাছ চাষ ফার্ম প্রস্তুত করা ও উন্নয়ন করা যেখানে চিংড়ি ও অন্যান্য মাছ চাষ করা যাবে। প্রযুক্তিবিদ্যাগত সাহায্য প্রোসেসিং ও মাছ বাজারজাত করার সুযোগ-সুবিধার ব্যবস্থা করা।

(গ) **সামাজিক বনসম্পদ ঃ** ১,০০০ কিলোমিটার দীর্ঘ নদী বাঁধ, পথের ধারে ও খাল পাড়ে গাছ লাগানো হবে। নদী বাঁধের বাইরে অর্থাৎ চরে ১০০ হেক্টর বা ৭৫০ বিঘা জমিতে পরীক্ষামূলকভাবে লবণাক্ত এলাকার উপযোগী গাছ লাগানো হবে।

(ঘ) **মাঝারি ঋণ ঃ** সেচের পাম্প কেনা, গ্রামের পুকুর কাটা ও সংস্কার করা ও সমবায়মূলক শস্যাদি সঞ্চয়াগারের ব্যবস্থা করার জন্য এগ্রিকালচারাল রিফিন্যান্স ও ডেভেলপমেন্ট কর্পোরেশনের (এ আর ডি সি) মাধ্যমে সহজ শর্তে ঋণ দানের ব্যবস্থা করা হবে।

(ঙ) **সমবায়গুলিকে সাহায্য দান ঃ** প্রাথমিক সমবায়গুলি যাতে বীজ, সার, কীটনাশক ইত্যাদি জমা রাখতে পারে সেজন্য দূরবর্তী এলাকাসমূহে ২৫টি গুদাম নির্মাণে সাহায্য করা হবে ও এই কারণে সমবায় দপ্তরকে সাহায্য দেওয়া হবে।

(চ) **যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঃ** ২৮০ কিলোমিটার দীর্ঘ ইঁট-বিছানো রাস্তা, নদীপথে পরিবহনের সুবিধার জন্য ১০টি বড় ও ২০টি ছোট জেটি নির্মাণ করা হবে।

(ছ) **গবেষণা ও প্রশিক্ষণ ঃ** ফসল ও জমি সংক্রান্ত গবেষণাকে জোরদার করার অতিরিক্ত ব্যবস্থা করা হবে।

এই প্রকল্প রূপায়িত হলে প্রায় ৭২,০০০ হেক্টর বা ৫,৪০,০০০ বিঘা জমিতে সুষ্ঠভাবে জল-নিকাশি হবে, যার ফলে প্রতি হেক্টরে আমন ধানের ফলন প্রায় ৫০ শতাংশ বৃদ্ধি পাবে; ১৫,০০০ হেক্টর বা ১,১২,০০০ বিঘা জমিতে রবি মরসুমে জলসেচের ব্যবস্থা করা যাবে; প্রতি বছর প্রায় ৬৫০ টন অধিক মৎস্য উৎপাদন হবে এবং বিভিন্ন ক্রিয়াকর্মে ৫ বছরে সরাসরি প্রায় ১ কোটি ৫০ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হবে।

এই সঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে যদিও 'ইফাড' সাহায্যপ্রাপ্ত প্রকল্পে সুন্দরবনে পশুপালন সম্প্রসারণের ব্যবস্থা নেই তবুও প্রধানত ক্ষেতমজুরদের জন্য আমরা সুন্দরবনে পশুপালন দ্বারা জীবিকার উন্নতির জন্য যথোপযুক্ত ব্যবস্থা নেব।

**বর্তমান বৎসরের কয়েকটি উল্লেখযোগ্য অগ্রগতি ঃ** এ বছরও অগ্রগতির পরিসংখ্যানে বিকাশ-কেন্দ্রগুলির স্থান প্রথম। মোট ২৭টি বিকাশকেন্দ্র আছে। আমাদের ইচ্ছা আছে আগামী বছর নবনির্মিত পিয়ালী জলাধারকে কেন্দ্র করে ২টি নতুন বিকাশকেন্দ্র ও সেই সঙ্গে সুন্দরবনের অন্যত্র আরও দু-একটি বিকাশকেন্দ্র স্থাপন করার। এক ফসলী সুন্দরবন এলাকাকে দো-ফসলীতে রূপান্তরিত করার কাজে বিকাশকেন্দ্রগুলি উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। বিকাশকেন্দ্রগুলির কর্মসূচিতে অংশ গ্রহণের আগ্রহ ও উৎসাহ কৃষকদের মধ্যে বাড়ছে। প্রথমে ঐ বিকাশকেন্দ্রগুলির মাধ্যমে পরিকল্পিত ফসল উৎপাদনে নির্বাচিত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সার, বীজ ও কীটনাশক শতকরা ১০০ ভাগ অনুদানরূপে দেওয়া হত। এখন অনুদানের অংশ কমিয়ে শতকরা ৫০ ভাগ করা হয়েছে। তা সত্ত্বেও সমীক্ষায় দেখা গিয়েছে যে একবার অনুদান পেয়ে যে কৃষকরা রবি চাষ শুরু করেন পরের বছর থেকে কোনো অনুদান ছাড়াই নিজেদের অর্থ ব্যয়ে তাঁরা সেই চাষ চালিয়ে যান। গত কয়েক বছরে বিকাশকেন্দ্রগুলির কর্মসূচির ফলে রবি চাষের আওতায় বহু সহস্র কৃষক এসেছেন, বহু জমি এক ফসলী থেকে দো-ফসলীতে রূপান্তরিত হয়েছে।

১৯৮০-৮১ সালে এই কর্মসূচিতে অংশ গ্রহণ করেছেন বিয়াল্লিশ হাজার আট শো পনেরো জন প্রান্তিক কৃষক। এই কর্মসূচি অনুসারে আঠারো হাজার সাত শো নয় একর জমিতে লঙ্কা, তরমুজ, মুগ, গম, আলু, মিঠে আলু ও বিভিন্ন সব্জী উৎপন্ন হচ্ছে। এই কর্মসূচি রূপায়ণে অনুদানের পরিমাণ প্রায় ৪২ লক্ষ টাকা ও উৎপন্ন ফসলের মোট আনুমানিক মূল্য প্রায় ৪ কোটি ৮৫ লক্ষ টাকা।

গরিব গৃহস্থের ভিটাবাড়িতে অর্থকরী ফসল উৎপাদনের পরিকল্পনা আমরা করেছিলাম। এর উদ্দেশ্যে আমরা ভূমিহীন ক্ষেতমজুরদের মধ্যে লেবু চারা, পেঁপে বীজ ও নারকেল চারা বিতরণ করেছিলাম। ১৯৮০-৮১ সালে আমরা বিকাশকেন্দ্রগুলির মাধ্যমে ভূমিহীন ক্ষেত-মজুরদের মধ্যে ২২,০০০ নারকেল চারা বিতরণ করেছি। আগামী বছর আরও ব্যাপকভাবে নারকেল চারা বিতরণের ইচ্ছা আছে।

বিকাশকেন্দ্র কর্মসূচির পরিপূরকরূপে শ্রমনির্ভর নির্মাণ কর্মসূচিও আমরা গ্রহণ করেছি। *জলনিকাশি ও সেচ ব্যবস্থার জন্য মজা খাল ও পুকুর ইত্যাদি সংস্কারের কাজ তার অঙ্গীভূত।*

১৯৮০-৮১ সালে আমরা যে নতুন প্রকল্পগুলি রূপায়িত করেছি ও করছি তার মধ্যে আছে ঃ

৫১ কিলোমিটার ইঁট-বিছানো রাস্তা, একটি কাঁচা রাস্তা, তিনটি কাঠের জেটি, দুটি ইঁট-বাঁধানো জেটি, নয়টি কাঠের সেতু, একুশটি কালভার্ট, দুটি লঞ্চঘাট, একটি তীর্থযাত্রীদের পথ উঁচু ও চওড়া করা, চারটি পুকুর ও দুটি ক্রস বাঁধ। এছাড়া জল-সেচ ব্যবস্থার জন্য নয়টি দীর্ঘ মজা খাল সংস্কার করে জলাধার করা হচ্ছে। তা ছাড়া গত বছরের বকেয়া কাজগুলিও সমাপ্ত করা হচ্ছে।

সুন্দরবনে অশিক্ষার অন্ধকার দূর করতে পর্ষদ ১৯৭৭ সালের ১লা অক্টোবর থেকে প্রাপ্ত বয়স্কদের সাক্ষর করার প্রকল্প কার্যকর করে আসছে। বর্তমানে ৩৮৩টি প্রাপ্তবয়স্ক সাক্ষরতা কেন্দ্র পর্ষদ কর্তৃক পরিচালিত হচ্ছে। এই ৩১৩টি পর্ষদ পরিচালিত প্রাপ্তবয়স্ক-শিক্ষাকেন্দ্রের মাধ্যমে এ বছর ২৩,০০০ জন সাক্ষরতা লাভ করেছেন। এর মধ্যে মহিলার সংখ্যা ৭,৪৪০ জন ও পুরুষের সংখ্যা ১৫,৫৬০ জন।

**প্রশিক্ষণ ঃ** UNICEF সংস্থার সহযোগিতায় কৃষক ও পর্ষদ কর্মীদের প্রশিক্ষণের জন্য একটি প্রশিক্ষণ সূচি কার্যকর করা হয়েছিল। ভারত সরকারের SISI সংস্থা ঐ প্রশিক্ষণের সঙ্গে যুক্ত হন। সুন্দরবনে অর্থবিনিয়োগে উদ্যোগী স্থানীয় ব্যক্তিদের সুবিধার্থে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়েছিল। সুন্দরবনে কৃষি জমির ব্যবহারে উন্নতি সাধন ও ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসার ঘটানোর পক্ষে এই প্রশিক্ষণের কার্যকারিতা আছে।

এই প্রসঙ্গে উল্লেখ থাকে যে, সুন্দরবন উন্নয়ন পর্ষদ এ পর্যন্ত ১৮০টি ক্ষুদ্র ও কুটির শিল্প ইউনিট স্থাপনে অর্থ সাহায্য দিয়েছে। পর্ষদ আরও প্রায়োগিক সমীক্ষার কাজ চালাচ্ছে; যথা জমির প্লটে প্লটে ভূমি ব্যবহার সমীক্ষা, নদী মুখ বন্ধ করার ফলে প্রযুক্তিগত দিক সম্পর্কে সমীক্ষা ইত্যাদি।

কাকদ্বীপে ভারতীয় কৃষি গবেষণা পরিষদের অধীনে একটি কৃষিবিজ্ঞান কেন্দ্র গড়ে তোলার জন্য ৭৯.৪৪ একর জমি আমরা দিয়েছি। আমি আশা করি এই কেন্দ্র থেকে প্রান্তিক কৃষকরা উন্নততর পদ্ধতিতে কৃষিকার্য করার প্রশিক্ষণ পাবেন।

**আগামী বছরের কর্মসূচি (১৯৮১-৮২) ঃ** আমি আগেই বলেছি যে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল বা 'ইফাড'-এর সহযোগিতায় আগামী বৎসর থেকে সুন্দরবনে আমরা একটি পাঁচ বছর মেয়াদী উন্নয়ন প্রকল্পের কাজ শুরু করব। এই কাজ সুষ্ঠভাবে পরিচালনার উদ্দেশ্যে দুটি কমিটি গঠিত হয়েছে। সেচ, জলপথ ও সুন্দরবন উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী প্রভাসচন্দ্র রায়ের সভাপতিত্বে কৃষি, বন, মৎস্য ও পশুপালন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীগণ,

পশ্চিমবঙ্গ সরকারের প্ল্যানিং উপদেষ্টা, মুখ্য সচিব, সেচ, কৃষি, বন, মৎস্য, পশুপালন উন্নয়ন ও পরিকল্পনা ও সমবায় দপ্তরের সচিবগণ ও সুন্দরবন উন্নয়ন পর্ষদের সদস্য-সচিবকে নিয়ে গঠিত হয়েছে সর্বোচ্চ ক্ষমতাসম্পন্ন প্রোজেক্ট স্টিয়ারিং কমিটি (পি এস সি)। দ্বিতীয় কমিটিটি টেকনিক্যাল কো-অর্ডিনেশন কমিটি (টি সি সি), যাতে আছেন সংশ্লিষ্ট দপ্তরগুলির ও সুন্দরবন উন্নয়ন পর্ষদের বিশেষজ্ঞ অফিসারগণ। এ ছাড়া সুন্দরবন এলাকার লোকসভার ও বিধানসভার প্রতিনিধিগণ, ২৪-পরগণা জেলা পরিষদের সভাধিপতি ও সুন্দরবনের পঞ্চায়েত সমিতির সভাপতিদের নিয়ে এক পরামর্শদাতা কমিটি গঠিত হচ্ছে।

আমি আগেই বলেছি যে উক্ত প্রকল্পের আওতায় সমগ্র সুন্দরবনকে আনা সম্ভব হবে না। বর্তমানে প্রথম পর্যায়ের প্রকল্পভুক্ত এলাকায় প্রায় ১৫ লক্ষ অধিবাসী বাস করেন যার মধ্যে শতকরা ৪৫ জন অনুন্নত সম্প্রদায়ভুক্ত। বর্তমানে প্রকল্পের আওতায় সুন্দরবনের ৫২৮টি গ্রাম আসবে। সুন্দরবন সাধারণ বাজেট (ইফাড ছাড়া) থেকে আমাদের নিয়মিত কর্মসূচি চালিয়ে যাব। তবে ইফাড-প্রোজেক্টের এলাকার বাইরে অবস্থিত গ্রামগুলিতে সাধারণ বাজেট থেকে উন্নয়নমূলক কাজ নির্বাহ করার জন্য অপেক্ষাকৃত অধিকতর বরাদ্দ করা হবে।

ইফাড-এর সহযোগিতাযুক্ত প্রকল্পভুক্ত ৫২৮টি গ্রামে আগামী বছর আমরা যে কাজগুলি করব সংক্ষেপে তা উল্লেখ করছিঃ

(১) ছাতুয়া, সুখা, মণি, চিঙ্কামারি, গোমতী ও মৌথালী নদীতে স্লুইস ও ক্রোজারের কাজের জন্য সমীক্ষা, তদন্ত ও টেন্ডার ডাকা শেষ হবে।

(২) ছাতুয়া, সুখা, মণি, চিঙ্কামারি, ও গোমতী নদীতে স্লুইস 'ডাইভারসনাল' চ্যানেলের কাজের জন্য সমীক্ষা, তদন্ত ও টেন্ডার ডাকা শেষ হবে।

(৩) ১৫০টি হিউম পাইপের কাজের জন্য সমীক্ষা ও তদন্ত শেষ হবে। ২০টি হিউম পাইপ বসাবার কাজ শেষ হবে।

(৪) ৪০০ কিলোমিটার দীর্ঘ মাঝারি ড্রেনের কাজের জন্য তদন্ত ও সমীক্ষা শেষ হবে। ৪০ কিলোমিটার ড্রেন কাটাও শেষ হবে।

(৫) ৪০০ কিলোমিটার দীর্ঘ মজা খাল সংস্কারের জন্য সমীক্ষা ও তদন্ত শেষ হবে। ৪০ কিলোমিটার দীর্ঘ মজা খাল সংস্কার করা হবে।

(৬) ২৮০ কিলোমিটার দীর্ঘ লাগোয়া পথ ও সেতু নির্মাণের জন্য সমীক্ষা ও তদন্ত শেষ হবে। ৬০ কিলোমিটার দীর্ঘ পথ ও সেতু নির্মাণের কাজও শেষ হবে।

(৭) মাছের পুকুর কাটা ও সংস্কারের জন্য সমীক্ষা ও তদন্তের কাজ শেষ হবে। আগামী বর্ষার পর পুকুর কাটা ও সংস্কারও শুরু হবে।

(৮) সামাজিক বন সম্পদ বাড়াবার কাজ শুরু হবে।

(৯) আগামী খারিফ মরশুমে উচ্চ ফলনশীল ধান চাষ বাড়ানো হবে। রবি মরশুমে লঙ্কা, তরমুজ, তৈলবীজ, গম, বিভিন্ন সব্জী ইত্যাদির চাষ বাড়ানো হবে।

এই প্রকল্পের সাথে সাথে সুন্দরবন উন্নয়ন পর্ষদের অধীন আমাদের যা অন্যান্য উন্নয়নমূলক কর্মসূচি আছে তার কাজও অব্যাহত থাকবে। এবং সব প্রচেষ্টার কেন্দ্রীয় লক্ষ্য হল দরিদ্রতর জনগণের কল্যাণ—গ্রামীণ উৎপাদন বৃদ্ধি ও শ্রমদিবস সৃষ্টি।

বামফ্রন্ট সরকার আন্তরিকভাবে পশ্চাৎপদ সুন্দরবনের উন্নয়ন ঘটাবার জন্য চেষ্টা করছেন। সুন্দরবনের সাধারণ মানুষের পাশে আমরা দৃঢ়ভাবে দাঁড়িয়েছি। আমি বিশ্বাস করি মাননীয় সদস্যরা আমাদের কর্মধারা নিশ্চয় সমর্থন করে সুন্দরবনের ব্যাপক উন্নয়নে সাহায্য করবেন এবং ১৯৮১-৮২ সালে সুন্দরবন উন্নয়ন বাবত ব্যয়বরাদ্দের যে প্রস্তাব রাখা হয়েছে তা সমর্থন করবেন।

**Mr. Speaker :** All cut motions are in order and taken as moved.

**Demand No. 52**

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Demand No. 53**

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন, আমরা তা দেখে খুবই আশান্বিত হয়েছি, তিনি নিজেও খুব গর্ববোধ করছেন যে, পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত যত কৃষি বাজেট এসেছে তার মধ্যে এখানে সবচেয়ে বেশি টাকা তিনি বরাদ্দ করতে পেরেছেন। ১৯৭৬-৭৭ সালে সরকারের এক বছরে আয় ছিল ১৮৮ কোটি টাকা। এই ব্যাপারে আমাদের দেখতে হবে যে, সত্যিকারের কৃষির কোনও উন্নতি এই সরকার করতে পেরেছেন কিনা, তার হিসাবটা তিনি দিয়েছেন। ১৯৭৭-৭৮ সালে তিনি বলেছেন যে, খাদ্যশস্যের উৎপাদন ছিল ৮৯.৭০ লক্ষ টন। এখানে বোরো, আউস বা আমনের পরিমাণ কত পৃথক ভাবে দেওয়া থাকলে আমাদের বুঝতে সুবিধা হ'ত। এখানে উৎপাদনের ব্যাপারে যে ইনডেক্সটি তিনি দিয়েছেন, তার মধ্যে একটু গরমিল রয়েছে, আশাকরি মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে সেটা স্পষ্ট করে জানাবেন। আবার বোরো, আউস বা আমন কত পরিমাণ হয়েছে সে হিসাবও পৃথকভাবে দেওয়া নেই। আমাদের কাছে যে হিসাবটা আছে, তাতে ৬৪ লক্ষ টন আমন, ৮ লক্ষ টন আউশ এবং ১০ লক্ষ টন বোরোর হিসাব আছে, এটা চালের হিসাবেই আছে। তাহলে দেখা যাচ্ছে ৬৪, ৮ ও ১০ = মোট ৮২ লক্ষ টন হচ্ছে। কিন্তু উনি যা লিখেছেন, তা হচ্ছে ৯২.৯৩ লক্ষ টন। আমার মনে হচ্ছে, হয়ত

উনি অনুমানের ভিত্তিতে এটি লিখেছেন। কিন্তু এটি যদি অনুমানের ভিত্তিতে না থেকে যদি তথ্য ভিত্তিতে থাকত তাহলে ভাল হ'ত। কারণ এটি আসলে ৯২ লক্ষ টন হবে কি হবে না তা মন্ত্রী মহাশয় নিশ্চয় জানাবেন। যাই হোক, আমরা দেখছি, আমাদের দেশে যতই বন্যা হোক না কেন, উৎপাদন কিছু না কিছু করে বেড়েছে, এটাতে কোনও সন্দেহের অবকাশ নেই। আমাদের দেশে প্রতি তিন বছরে একবার করে ফসলের উৎপাদন ভাল হয়, আর প্রতি দু বছর খারাপ হয়। এখন উনি বলেছেন যে, উৎপাদন খুবই ভাল হয়েছে। কিন্তু এর সঙ্গে তো প্রকৃতির সাহায্য রয়েছে। আপনারা তো ভগবান মানেন না, কিন্তু প্রকৃতির সাহায্য এখানে আছেই—বৃষ্টিটা সময় মত হয়েছিল, যথেষ্টই হয়েছিল। সবই বামফ্রন্ট সরকার করেছেন, এটি নিশ্চয়ই দাবি করতে পারেন না। আমাদের দেশে ছেলেপুলে হলে দুমদাম করে বোম ফাটানো হয়ে থাকে তার জন্মদিনে। তার এক বছর পরে সেই ছেলে যখন মারা যায়, তখন তার বাবা-মা বলে, হা খোদা, খোদাই তাকে নিয়ে গেল। এখানে লক্ষ্য করবার বিষয় হল যে, যখন ছেলে জন্মাল, তখন বলা হল আমি জন্ম দিয়েছি, আর যখন মারা গেল, তখন বলা হল, খোদা নিয়ে গেছে। ১৯৮০-৮১ সালে যখন ফসল ভাল হল, তখন বললেন, বামফ্রন্ট সরকার করেছেন। আবার যখন ১৯৭৮-৭৯ সালে খারাপ হয়েছিল, তখন প্রকৃতির দোহাই পেড়েছিলেন। এই তো হল আপনাদের বক্তব্য। ১৯৭৭-৭৮ সালে উৎপাদন হয়েছিল ৮৯.৭০ লক্ষ টন, এ ব্যাপারে বলেছিলেন, বামফ্রন্টের কৃতিত্ব। কিন্তু সত্যই কি তাই? এটা আসলে আগেকার সরকারের আমলে ঘটেছিল—এটা তাদেরই প্রাপ্য। ১৯৭৮-৭৯ এই দু বছরে ফলন ভাল হয়নি। পশ্চিমবাংলাতে প্রতি দু বছরে ফলন ভাল হয়, এবং তা যদি হয়, তাহলে দেখা যায়, সেখানে আমন ফসল হয়েছিল ৬৪ লক্ষ টন। কিন্তু ১৯৭৮-৭৯-৮০ সালের গড় হিসাব করলে দেখা যায় যে, তিন বছরে গড়ে হয়েছিল ৫৮ লক্ষ টন। ১৯৭৮-৭৯ সালে ছিল ৬৬ লক্ষ টন, ১৯৭৭-৭৮ সালে হয়েছিল ৭৪ লক্ষ টন। ১৯৭৭-৭৮ সালে চালের ফলন যদি দেখি, তাহলে দেখা যায়, ১৯৭৪ সালে যে তিন বছর শেষ হয়েছে, তাতে গড় উৎপাদন ছিল ৬০ লক্ষ টন। ১৯৭০ সালে যে তিন বছর শেষ হয়েছে, তার বাৎসরিক উৎপাদন ছিল গড়ে ৬৪ লক্ষ টন। অর্থাৎ ৪ লক্ষ টন বেড়েছিল। আর ১৯৭৯-৮০ তে বামফ্রন্ট সরকারের যে তিন বৎসর শেষ হয়েছে, তার বাৎসরিক গড় উৎপাদন ছিল ৬৬ লক্ষ টন—২ লক্ষ টন বেড়েছিল মাত্র। কাজেই আপনারা যতটা হিসাব দেখাচ্ছেন, ঠিক ততটা পরিমাণ বেড়েছে কিনা সে সম্বন্ধে আশাকরি মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে বলবেন।

[2-50 — 3-00 p.m.]

যত টাকা ব্যয় হচ্ছে ততটা বাড়ছে কিনা সেটা আপনাকে বিবেচনা করতে বলছি এবং এতটা আত্মতুষ্টি লাভ করবেন কিনা সেটাও বিবেচনা করতে বলছি। স্যার, কথায় আছে মাছে-ভাতে বাঙালি। কিন্তু বামফ্রন্ট সরকারের দয়ায় দেখছি সেটা হচ্ছে না। আমাদের নেক্সট প্রোটিন হল ডাল এবং তার উৎপাদন কতটা বাড়াবার চেষ্টা করছেন সেটা আমি দেখাচ্ছি। ১৯৭৬-৭৭ সালে হয়েছিল ৩.৫২ লক্ষ টন, ১৯৬৬-৬৭ সালে এর উৎপাদন ছিল ৪ লক্ষ টন, ১৯৭৯-৮০ সালে ৩ লক্ষ টন, ১৯৮০-৮১ সালে ৩.৬০ লক্ষ টন। তাহলে দেখা যাচ্ছে ডালের ক্ষেত্রে যে ইমপেটাস দেওয়া দরকার ছিল সেটা দেওয়া হয়নি। আপনি একবার চিন্তা

করুন যখন আমাদের ১৩ কোটি টাকার বাজেট হত তখন যে ইমপেটাস দেওয়া হত সেখানে আপনি আজ কি করেছেন? আমি মনে করি আমাদের ডালের উৎপাদন আরও বাড়ানো দরকার। আমাদের নেক্সট প্রোটিন হল, সয়াবিন। কিন্তু এই সয়াবিন উৎপন্ন করার চেষ্টা আমাদের কৃষি বিভাগ থেকে তেমন কিছু করেনি। এর আগে বাজেটে যখন এর চারভাগের এক ভাগ খরচ হত তখন যে ইমপেটাস দেওয়া হত এখন সেটা দেওয়া হচ্ছে না। তাহলে বাঙালি মাছ পাবে না, ডাল পাবে না সোয়াবিন পাবে না—কি উপায় হবে বাঙালির? নাইট্রোজেনাস সারের বাজারে অভাব আছে বটে, তবে গ্রামে কিন্তু এটা অন্যভাবে পাওয়া যায়। এখন জৈব সার দেওয়া হয়না, ধনচের বীজ দেওয়া হয়না। আগে এই ব্যাপারে যে প্রচার হত সেটাও আজকে আর হচ্ছেনা। আমি মিনিকিটের কথা পরে বলব। গোবর গ্যাস প্ল্যান্ট খাদি বোর্ড থেকে ২/১টি করছে, কিন্তু আমাদের কৃষি বিভাগ থেকে কিছু করা হচ্ছে না। মজা পুকুরের জন্য এগ্রিকালচার ডিপার্টমেন্ট কিছু টাকা দিয়েছে। আমাদের হরিশ্চন্দ্রপুরের ২নং ব্লকে দেখেছি পঞ্চায়েত সমিতির সভাপতির ভাই, সহ—সভাপতির ভাই, এরা সব সি পি এম দলের, তাদের টাকা দেওয়া হয়েছে। ট্যাঙ্ক ইমপ্রুভমেন্টের টাকা এইভাবে ভাগ করে দেওয়া হয়েছে। কিন্তু ভাগ করে দেবার পর যদি কিছু কাজ হত তাহলে আমার বলার কিছু ছিল না। তারপর, আপনারা সারের ব্যবস্থা করেছেন কিন্তু রাসায়নিক সার যা দেওয়া দরকার সেটা দেওয়া হয়নি, অথচ এত টাকার বাজেট হয়েছে। আপনারা বলেছেন মালদহ জেলাতে মাটি পরীক্ষার একটা জায়গা হয়েছে। এগুলি ব্লকে ব্লকে হবে না কেন? আপনি বললেন, সমস্ত উন্নয়নে প্রযুক্তি সহায়ক করবেন। কিন্তু তাঁদের তো আপনি অ্যাপয়েন্টমেন্ট-ই দিতে পারছেন না। আমি তো দেখছি শুধুমাত্র একটা ব্লকে হয়েছে। তারপর, আপনি বললেন, গ্রাম সেবকরা এখন অন্য কাজ করবে। তারা যদি ওই কাজ না করে তাহলে তারা কি শুধু পঞ্চায়েত সমিতির পেছনে পেছনে ঘুরে বেড়াবে? যতক্ষণ না তাঁরা ট্রেনিং নিয়ে বেরিয়ে আসবে এবং গ্রামে গিয়ে না বসবে ততক্ষণ পর্যন্ত কোনও কাজ তাহলে হবে না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** বীরেনবাবু বোধহয় জানেন না সমষ্টি উন্নয়ন এখন আর আমার সঙ্গে নেই, ওটা পঞ্চায়েতে চলে গেছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আপনাকে বলে তাহলে ভুল করেছি। তবে এটা তো ঠিক কথা যে দুটো 'ডিপার্টমেন্টই বামফ্রন্ট সরকারের। আপনারা প্রযুক্তিবিদদের অ্যাপয়েন্ট করলেন না অথচ গ্রামসেবকদের পৃথক করলেন। বলছেন অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি, কিন্তু সমস্ত জায়গায় তো দিতে পারছেন না। হরিশচন্দ্রপুরের গ্রাম সেবক থাকেন চাঁচলে, ১২ মাইল দূরে। এখন একজন লোককে যদি লোন নিতে হয় তাহলে তাকে ওই ১২ মাইল দূরে যেতে হবে। কাজেই আপনারা ভাবুন গ্রামের কৃষকদের সাহায্য কে করবে এবং কিভাবে করবেন। যা হোক আমার বক্তব্য হচ্ছে ডাল, তেল, সোয়াবিন ইত্যাদি এই সব জিনিসের উৎপাদন বৃদ্ধি করার জন্য যা করা উচিত ছিল তা করতে পারেন নি। এতে আপনার আত্মপ্রসাদ লাভ করবার কিছু নেই কারণ সে রকম কাজ আপনি করতে পারেন নি। সব থেকে পাট চাষীদের কথা বলি—গতবারে পাট চাষীরা এত মার খেল তাদের কথা বাজেট বক্তৃতায় দু লাইনে সেরে দিলেন। এখন পাটের উপর কি করবেন সে কথা কিন্তু আপনি কিছুই বললেন না।

সেবারে পাট চাষীরা মার খেয়েছে আবার আগামীবারেও মার খাবে তাতে কোনও সন্দেহ নেই। আপনি তো গ্রামের লোক কৃষকদের সঙ্গে থাকেন উত্তরবঙ্গের সমস্যার কথা নিশ্চয় আপনি বুঝবেন ভেবেছিলাম। আপনি উত্তরবঙ্গ বলতে কুচবিহার জলপাইগুড়ি বোঝেন। আর মালদা যেখানে বিশেষভাবে পাটের চাষ হয় তার কথা কি ভাবেন? কৃষি কলেজ হল কুচবিহার জেলায় যেটা বুঝি কল্যাণীর কাছে। সবচেয়ে বড় কৃষি ফার্ম মালদায় সেখানে এগ্রিকালচারাল কলেজ হল না। উত্তরবঙ্গে মালদা পড়ে না, দক্ষিণবঙ্গে পড়ে না, তাহলে মালদা কোথায় যাবে? এই পাট কে কিনবে—আপনি তো জে সি আই-এর উপর দোষ চাপিয়ে নিশ্চিন্ত হয়ে বসে আছেন। আজকে সারা ভারতবর্ষে ২০ লক্ষ একর জমিতে পাট চাষ হয় তার মধ্যে ১১ লক্ষ একর জমিতে চাষ হয় পশ্চিমবঙ্গে। তার মধ্যে উত্তরবঙ্গে পাট চাষ হয় ৮ লক্ষ একর জমিতে। আর পাট উৎপাদন হয় ৭৫ লক্ষ গাঁইট সেখানে জে.সি.আই কেনে মাত্র ১০ লক্ষ গাঁইট অর্থাৎ ১২%। ইন্ডিয়ান টেক্সটাইল ডাইরেক্টারী ১৯৭৯-৮০-তে এই জিনিস দেখলাম। ১৯৭৮-৭৯ সালে ক্যারিওভার হয়েছে সাড়ে পাঁচ লক্ষ গাঁইট। প্রোডাকশন হয়েছে সাড়ে ৮৪ লক্ষ গাঁইট তাহলে মোট হল ৯০ লক্ষ গাঁইট। তার মধ্যে মিল কনজিউম করেছে ৬২.৩০ লক্ষ গাঁইট চাষীর প্রয়োজন হচ্ছে ৩ লক্ষ গাঁইট। তাহলে দেখা যাচ্ছে ২৪.৭০ লক্ষ গাঁইট উদ্বৃত্ত। ১৯৭৯-৮০ সালে ক্যারি ওভার ২৪.৭০ লক্ষ গাঁইট। প্রোকিউর হয়েছে ৮০.০০ লক্ষ গাঁইট স্মাগলড হয়েছে ৫.০০ লক্ষ গাঁইট তাহলে মোট হল ১১০ লক্ষ গাঁইট। মিলের চাহিদা ৬৫ লক্ষ গাঁইট কৃষকের প্রয়োজন ১ লক্ষ গাঁইট আবার সেই ক্যারি ওভার হচ্ছে ৩৪ লক্ষ গাঁইট। এই জিনিস যদি হতে থাকে তাহলে কি অবস্থায় আমরা গিয়ে দাঁড়াব? দক্ষিণ বাংলায় জল নেই—যেমন মেদিনীপুর। এই সব জায়গায় যাতে পাটের বদলে সরষে ডাল সোয়াবিন এই সব অধিক লাভজনক ফসলের চাষ হয় সেই দিকে চাষীদের মন ডাইভার্ট করতে হবে।

[3-00 — 3-10 p.m.]

ভারতবর্ষ যখন ভাগ হয়েছিল তখন পশ্চিমবঙ্গে পাট হ'ত না, আমরা ধানের জমিকে পাটের জমিতে ট্রান্সফার করি লোককে বুঝিয়ে প্রয়োজন ছিল বলে, অথচ দেখা যাচ্ছে সেই পাটের ন্যায্য দাম চাষীরা পাচ্ছে না। এখানে কমলদা আছেন এবং আরও আরও লেবার লিডাররা আছেন, তাঁরা মিলে স্ট্রাইক করিয়ে দিচ্ছেন এবং তা করিয়ে মিলের শ্রমিকদের রেট বাড়িয়ে নিচ্ছেন অথচ পাটচাষীরা পাটের দাম পাচ্ছে না কারণ তাদের হয়ে কেউ বলার নেই, তারা অর্গানাইজড ফোর্স নয়। এখন একটি মিলের শ্রমিকের দৈনিক মজুরি হচ্ছে ১৮.০৭ পয়সা অথচ সেই তুলনায় পাটচাষীরা কিছুই পাচ্ছে না। আপনারা ক্ষেতমজুরদের জন্য ১৯৭৮/৭৯ সালে দৈনিক মজুরি করেছেন ৮.১০ পয়সা কিন্তু সেটাও তারা পায় না। আর মিল মালিকরা যা হিসাব দিচ্ছে তাতে তারাই বা কি করে দেবে। ওরা যা হিসাব দিচ্ছে সেটা হচ্ছে এই রকম cost of raw jute 48%, Labour Charges 31%, stores 8%, Power & fuel 3%, Shifting & delivery 3%, Bank interest 2.4%, Establishment & others 4.6% এই যদি অবস্থা হয় তাহলে চাষীদের কখনই তারা দিতে পারবে না। আজকে আমি আপনাদের বলব, চাষীদের কথা আপনাদের ভাবতে হবে। আপনারা ভোটের কর্মচারিদের বেতন বাড়াবেন আর চাষীরা দিনের পর দিন মার খেয়ে যাবে এটা হতে

পারে না। চাষীদের কথা আপনাদের ভাবতে হবে। এই প্রসঙ্গে আমার একটি সাজেশন স্যার, আপনার মাধ্যমে আমি এই সভায় রাখছি। আমার সাজেশনটি হচ্ছে, ইন্ডিয়া গভর্নমেন্টের মাধ্যমেই হোক বা ষ্টেট গভর্নমেন্টের মাধ্যমেই হোক ১০ লক্ষ গাঁট পাট রিজার্ভ ফর এক্সপোর্ট হিসাবে রাখতে হবে। ট্রেড ইউনিয়ানের নামে আপনারা মিল মালিকদের সুবিধা করে দিচ্ছেন—আপার গ্রেডের পাট নিয়ে লোয়ার গ্রেডের দাম দিচ্ছে চাষীকে মেরে এটা বন্ধ করতে হবে। এরপর স্যার, আমি মালদার আমের কথা বলব। স্যার, উত্তরবঙ্গে মালদার আম একটা বড় ফসল। ৪৫ থেকে ৫০ হাজার একর জমিতে আমের বাগান আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কোনও সভায় নাকি বলেছেন, আমের বাগানের মালিকরা বড়লোক। ৬৮ হাজার শেয়ারার এই ৫০ হাজার একর জমি ভোগ করে। ১৯৭৭ সালে আমের ফলন ভালো হয়েছিল এবং সে বছর চালান হয়েছিল ২৭ লক্ষ ৩১ হাজার দুশো টুকরি আম, ১৯৭৮ সালে চালান হয়েছিল ৫ লক্ষ ৯০ হাজার টুকরি আম, ৭৯ সালে ২ লক্ষ ৯৫ হাজার টুকরি আম চালান হয়েছিল এবং ৮০ সালে চালান হয়েছে ৩।। লক্ষ টুকরি আম। এতবড় একটা আমের ফসল আমাদের দেশে আছে। কিন্তু আপনার ম্যাংগো প্রসেসিং ফ্যাক্টরীটা শিলিগুড়িতে হবে, ফুড প্রসেসিং ফ্যাক্টরী শিলিগুড়িতে হবে। আমের থেকে মূল্যবান আনারস সেখানে হয়। মালদার আম শিলিগুড়িতে একবার যাবে, আবার সেখান থেকে চালান হয়ে আসবে। মালদায় কিছু করার কথা আপনারা ভাবলেন না। মালদায় একটা প্রসেসিং ফ্যাক্টরী ছিল। সেটাকে আপনাদের বামফ্রন্টের কিছু সদস্য আছেন, তারা স্ট্রাইক করে এবং তার ফলে সেটা উঠে গেল। এই ব্যাপারে শুনলাম যে চিত্তবাবু বিচার-বিবেচনা করবেন। কিন্তু ৪ বছরের মধ্যে কিছু হলনা। কৃষি বিভাগ আমের জন্য কি ভাববেন সেটা আমি জানি না। অন্ধ্রপ্রদেশে কলার জন্য ব্লক লেভেলে অফিসার হয়েছে এবং ডাইরেক্টরেট তো আছেই। আর আমের জন্য এখানে কোনও ব্যবস্থা নেই, আজ পর্যন্ত হলনা। কোকোনাটে শুনলাম আছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, এইগুলি সম্পর্কে আপনাদের ভাবতে হবে। আপনারা কৃষি পেনসনের কথা বলেছেন যে আমরা কৃষি পেনসন দিচ্ছি। খুব ভাল কথা দিচ্ছেন। কিন্তু কত লোককে কৃষি পেনসন দিয়েছেন? একটা অঞ্চলে আপনারা ৭ থেকে ১০ জনকে দিয়েছেন। আপনারা মনে করছেন যে আপনারাই এতদিন পরে ভেবেছেন, এর আগে আর যে সরকার ছিল, তারা কেউ করেননি। গরিব লোকেদের কথা যেন আর কেউ ভাবতো না—এইরকম ভাবে বলছেন। মৃগেন ভট্টাচার্য মহাশয়, আপনাদেরই সদস্য ছিলেন, অবিভক্ত কমিউনিস্ট পার্টিতে। ২৯শে ফেব্রুয়ারি, ১৯৬৪ সালে কৃষি বাজেটের উপর বক্তৃতা দিতে গিয়ে তিনি বলেছেন, আমি গত বছর ২/১টি ইউনিয়ন ঘুরে দেখেছি যে সেখানে ৪শত, ৫শত জনকে ড্রাই ডোল দেওয়া হচ্ছে। এই ব্যাপারে কি করবেন আমি জানিনা। কিন্তু যেখানে ৩ মাস তাদের ড্রাই ডোলের উপর নির্ভর করে বেঁচে থাকতে হয় সেখানে কি হবে? ২৯শে ফেব্রুয়ারি, ১৯৬৪ সালে কৃষি বাজেটে তিনি বলেছিলেন যে একটা ইউনিয়ন থেকে ৪ শত, ৫ শত লোককে ড্রাই ডোল দেওয়া হয়েছিল। আমরা দেখেছি যে জি.আর বলে একটা জিনিস লোককে দেওয়া হয় যখন তাদের কাজ থাকেনা। যখন কাজ থাকতো না তখন বৃদ্ধ লোকদের পার্মানেন্ট জি.আর দেবার ব্যবস্থা ছিল সেটা বামফ্রন্ট সরকার তুলে দিয়েছেন। আগে ছিল বার্ধক্য ভাতা। কৃষক পেনসন একটা ইউনিয়নে যা ছিল সেটাকে ভেঙ্গে ২টো অঞ্চল করা হয়েছে। একটা ইউনিয়নে ৪ শত লোক পায়। যেখানে ৮ শত কৃষকের উপকার হচ্ছিল, সাহায্য পাচ্ছিল, সেটাকে মেরে একটা

গ্রামপঞ্চায়েতে ৮ জনকে দিচ্ছেন। আপনি দেখবেন যে ১১ জন করে অঞ্চলে পেয়েছেন। আপনারা ১১ শত লোককে মেরে ১১ জনকে দিয়েছেন। আমি একটা প্রশ্ন করেছিলাম যে পুরানো বছরে কত জি.আর দেওয়া হয়েছে। কিন্তু স্পিকার মহাশয় সেটা ডিসঅ্যালাউড করেছেন। আমার বক্তব্য সেটা নয়। আমার বক্তব্য হচ্ছে, আপনি কৃষক পেনসন দিয়েছেন, সেটাকে আমি সমর্থন করেছি। আপনি কি সকলকে দিতে পারবেন? আজকে সকলকে যদি না দেন, মাত্র ৮ থেকে ১১ জনকে দেন একটা অঞ্চলে তাহলে কি সমস্যার সমাধান হবে? আজকে যেটা দিচ্ছেন সেটা কি ভাবে সিলেকশন হবে? আমাকে একটা সাব-কমিটিতে রেখেছেন। আমাকে কমিটিতে রেখে বলছেন যে আপনি বলুন কি ভাবে সিলেকশন হবে। আমি বললাম, সব লোককে ডাকুন এবং সব থেকে বৃদ্ধকে আর সব থেকে অক্ষম কে সেই ভাবে করুন। তারা বললেন, নানা আমাদের গ্রামপঞ্চায়েত থেকে যে লিস্ট দেওয়া হয়েছে তার মধ্যে থেকে প্রাইওরিটি বেসিসে দিয়ে দেবেন। আমি বললাম, আমি তার মধ্যে নেই। আমি চোখে না দেখে, কাগজ দেখে বার্ধক্য ভাতা মঞ্জুর করার মতো জ্ঞান আমার নেই। যদিও আমি এম.এল.এ., আমি সিলেকশন কমিটি থেকে রেজিগনেশন দিচ্ছি। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন। আপনার কাছে খবর এসেছে কিনা জানিনা। যখন প্রথম ইন্ডোর স্টেডিয়ামে ঠিক করা হল যে কয়েকজনকে দেওয়া হবে, ফরোয়ার্ড ব্লক থেকেও কয়েক জনের নাম সিলেক্ট করেছিল। কিন্তু যখন তারা এখানে আসবে গ্রাম প্রধানের সার্টিফিকেট দরকার। গ্রাম প্রধান সি.পি.এম-এর লোক, তিনি সার্টিফিকেট দেবেন না। তিনি বলছেন যে আমাদের বামফ্রন্টে একত্রে বসে এটা হয়নি, কাজেই দেওয়া হবেনা। তারপর অনেক ধরার পরে দেওয়া হয়। আজকে আমাদের দলের লোকের যদি এই অবস্থা হয় তাহলে আমাদের অবস্থা কি হবে সেটা চিন্তা করতে পারেন? আমি আপনাকে আগে বলেছিলাম যে মিনিকিট বিলি হচ্ছে, একটা লোক তিনবার করে পাচ্ছে।

[3-10 — 3-46 p.m.] (including adjournment)

গতবার আমি একটা প্রশ্ন দিয়েছিলাম, কে কে পেয়েছেন এবং কবার পেয়েছে। এই প্রশ্নের জবাব আসেনি। ভবিষ্যতেও আসবে না। আপনি অবশ্য বলেছিলেন আপনার কোনও কেস থাকলে দেবেন, আমি করে দেব। কিন্তু এটা কি কথা হলো যে একটা এগ্রিকালচারারের ব্যাপারে আপনার কাছে আসব পার্সোনাল লোকের জন্য? আসলে সুবিচার হচ্ছে কি না সেটা আপনাকে দেখতে হবে। দ্বিতীয় কথা, আজকে আমি বলতে চাই, কৃষি পেনশন করে নুতন কিছু করেন নি। পুরাণ কায়দায়, যারা এই কাজ করেছে, তারা কৃষকের কথা ভাবেন নি এই কথা ঠিক নয়। তারা অনেক বেশি ভেবেছিলেন। আপনারা দলীয় রাজনীতি করার জন্য কিছু লোককে বেছে নিচ্ছেন বহু লোককে মেরে। আজকে আপনারা সমস্ত ভাল ভাল কথা বলেছেন, গ্রামের অবস্থা গিয়ে দেখুন, আমি সমালোচনা করছি না, আপনার বাজেটকে আমি সমর্থন করব, কারণ কৃষি খাতে এত টাকা যখন বরাদ্দ করেছেন তখন নিশ্চয়ই সমর্থন করব। কিন্তু আমি আপনাকে বলছি, আপনি কৃষি মন্ত্রী হিসাবে ভেবে দেখুন যে ডিপ টিউবওয়েল আপনি কটা করতে পেরেছেন? আপনি ডিপ টিউবওয়েল করতে পারেন নি। যে কটা করে গেছেন আগেকার সরকার, সেইগুলো কি আপনি চালু করতে পেরেছেন? পারেননি।

আজকে বছরের পর বছর, আপনার এই কৃষি বিভাগে কত লোক আছে? আমার একটা কৃষি সমবায় সমিতিতে শ্যালো টিউবওয়েল বসিয়েছি, আজকে ৯।। মাস হল বিদ্যুতের অভাবে চাষী মার খেল। একজন লোকও তদবির করে কনেকশনটা করাতে পারলেন না। আমার বক্তব্য হচ্ছে, আজকে কৃষি বিভাগ আছে, কিন্তু তার কোনও সমন্বয় নেই। আপনি শুনলে আশ্চর্য হবেন। আপনার দুজন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার আছেন, একজন হচ্ছে অ্যাগ্রো মেকানিক্যাল ইঞ্জিনিয়ার, এবং আর একজন হচ্ছে অ্যাগ্রো ইরিগেশন ইঞ্জিনিয়ার। তারা একই অফিসে বসেন। অ্যাগ্রো ইরিগেশন ইঞ্জিনিয়ার বলছেন যে আমার অফিসে টেলিফোন নেই, আমাকে টেলিফোন দেয়নি, আমি কাজ করতে পারি না, তাকে দু লক্ষ টাকা দেওয়া হয়েছে, সেখানে তিনি কাজ করতে পারছেন না। তিনি বলছেন, কি করে কাজ করব, আমার লোক নেই। তিন বছরেও বামফ্রন্ট সরকার ঐ একজিকিউটিভ অ্যাগ্রো-মেকানিক্যাল মালদহ, তার অফিস হল না। আজকে সমস্ত দিকে লোকের অভাব, কিন্তু কাউকে চাকরি দেওয়া হচ্ছে না। গত দু বছর ধরে মালদহে ডিস্ট্রিক্ট এগ্রিকালচার অফিসার নেই, অন্য একজন কাজ চালাচ্ছেন। তাকেও অ্যাপয়েন্টমেন্টই দিচ্ছেন না। প্রোজেক্ট অফিসার, মালটিপল ক্রপিং নেই। ডিস্ট্রিক্ট ইনফর্মেশন অফিসার নেই, ডিস্ট্রিক্ট ট্রেনিং অফিসার নেই। অ্যাসিস্ট্যান্ট এ.সি.ও. সাত জন নেই। অ্যাসিস্ট্যান্ট ফার্ম ম্যানেজার নেই, ফার্ম ম্যানেজার সাব ডিভিসনাল তা সেই, অ্যাগ্রো-বেসড রিসার্চ ফার্ম নেই, সাব অফিসে এগ্রিকালচারাল অফিসার নেই, এইরকম বহু অফিসার নেই। এখন চাকরির অভাব আছে, লোক আছে কিন্তু নিয়োগ করতে পারলেন না। তবুও আপনি বলছেন যে আমার ডিপার্টমেন্ট খুব ভাল ভাবে চলছে। এটা তো ভাল ভাবে বলা চলে না। ভারতবর্ষের আমি সব সরকারের কথাই বলছি। ভারতবর্ষে ভগবান আছে বলে ভারতবর্ষটা চলছে। আর ভগবান আছে বলে কৃষি বিভাগটাও চলছে। কৃষি বিভাগে কারোর সঙ্গে কারোর কোঅর্ডিনেশন নেই। একজিকিউটিভ ইঞ্জিনিয়ার মেকানিক্যাল, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ইরিগেশন, ডিস্ট্রিক্ট এগ্রিকালচারাল অফিসার, কারোর সঙ্গে কারোর যোগাযোগ নেই। একটা জায়গাতে ফাইল চালাচালি হয়। এক জায়গায় বসে কিছু হয় না। বামফ্রন্ট সরকারকে ধন্যবাদ যে একটা মিটিং এর ব্যবস্থা করেছেন ডিস্ট্রিক্ট কোঅর্ডিনেশন কমিটি, বছরে তাও হয় না। ডিস্ট্রিক্ট কোঅর্ডিনেশন কমিটির মিটিং হয় মাসে মাসে, এখান থেকে মন্ত্রীরা যান, ভাল ভাল কথা বলেন, কি হল? কাজের বেলায় কিছুই হল না। এগ্রিকালচার ডিপার্টমেন্টে-এ কারোর সঙ্গে কারোর যোগাযোগ নেই। আপনি এ.ই.ও.কে কি করেছেন? এ.ই.ও.—আপনি একটা আলাদা মন্ত্রী, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্টে আলাদা মন্ত্রী, আপনার অফিসার ওর আন্ডারে কেন থাকবে? আগে যখন ছিল কৃষক অফিসার, তখন কিছু করত। এখন এ.ই.ও কারোর কথা শোনেনা। গ্রাম সেবককে কেউ দেখতে পায় না। আমি এইগুলো বলছি, আপনি গ্রামের লোক, আপনার কুচবিহারকে দেখে সারা পশ্চিমবাংলার কথা ভাববেন না। সেখানে মন্ত্রীর ভয়ে কিছু কাজ হচ্ছে। অন্য জায়গায় কিছু কাজ হচ্ছে না। ডিপ টিউবওয়েল চলে না, শ্যালো ক্লাস্টার যা করেছেন তাও চলে না। আপনি মিনিস্টার, আপনাকে বলি, খালি ভগবানের দয়ার উপর কৃষি বিভাগ চলছে। ফসলের দাম বেড়েছে, ফসলের উৎপাদনও বেড়েছে, কিন্তু তাতে কৃষি বিভাগের কোনও কৃতিত্ব নেই। কারণ আপনারা জমিতে জল দেওয়ার কোনও ব্যবস্থা এখনো পর্যন্ত করতে পারেননি। কোনও রকম সুযোগ-সুবিধা বাড়াতে পারেননি, কিছু করতে পারেননি। তথাপি কৃষি বরাদ্দ বেড়েছে, তার জন্য আমি আপনাকে

ধন্যবাদ দিচ্ছি। আপনি আমার বক্তব্য খুবই ধৈর্য—সহকারে শুনেছেন, অতএব জবাবি ভাষণে কিছু বলবেন এই আশা রাখছি। আমি একথাগুলি সমালোচনার জন্য বললাম না, আপনাকে জানাবার জন্য বললাম এবং সেই সঙ্গে বলছি যে, আপনি আর যে কয়েকদিন আছেন সেই কয়েকদিন এদিকটা একটু ভালভাবে দেখবার চেষ্টা করুন এবং তা করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**অধ্যক্ষ মহাশয় ঃ** এখন বিরতি। আমরা আবার তিনটে বেজে ৪৫ মিনিটের সময়ে মিলিত হব।

(At this stage the House was adjourned till 3-45 p.m.)

[3-45 — 3-55 p.m.](After recess)

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় কৃষিমন্ত্রী শ্রী কমল গুহ মহাশয় কৃষি বাজেট উপস্থাপন করেছেন। কিন্তু উপস্থাপনের সঙ্গে সঙ্গে তিনি খুব আত্মপ্রসাদ লাভ করেছেন এবং তাঁর পূর্বে আত্মপ্রসাদ লাভ করেছেন মাননীয় অর্থমন্ত্রী মহাশয়। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, এ বছর পশ্চিমবাংলায় চমৎকার ফলন হয়েছে আর কমলবাবুও ছত্রে ছত্রে তাই বলার চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফলনের কথা বলতে গেলে এর পিছনে মদত কাদের আছে সেটা চিন্তা করার দরকার। কাঠামোটা গঠন করল কারা? এটা যদি জানতে চান তাহলে পিছনে ফিরে যেতে হবে। অবশ্য বেশি দূর যেতে হবে না—ইকোনমিক রিভিউটা দেখুন, তাহলে বুঝতে পারবেন।

কমলবাবু অনেক কথা বলেছেন, তিনি ইকনমিক রিভিউ যদি দেখেন তাহলে দেখবেন এতে যে রিভিউ দেওয়া হয়েছে তাতে উৎপাদনের ক্ষেত্রে ফ্লাকচুয়েশান হয়েছে দেখা যাবে। দেখা যাবে উৎপাদন কখনও কমেছে, কখনও বেড়েছে—একটা সমতা রাখবার চেষ্টা করা হয়েছে। যে কথাটা বলার চেষ্টা করছিলাম—এই হাউসটা যদি না থাকত তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয় বা আমরা কেউই এখানে বসতে পারতাম না—কমলবাবু একটা কাঠামোর কথা বলেছেন। কিন্তু পরিসংখ্যান দিয়ে যদি দেখি তাহলে রিভিউতে দেখতে পাই টেবল ৫.৫ এ তুলনামূলকভাবে একটা হিসাব দেওয়া আছে। ১৯৭০-৭১ সালে উৎপাদন ছিল ৬,১৪০.১ হাজার টন। সেখান থেকে ১৯৭৬-৭৭ সালে দেখা যায় চেহারাটা একেবারে পাল্টে গেছে, ঐ সালে উৎপাদনের পরিমাণ ছিল ৫,৯৪৮.৯ হাজার টন, ১৯৭৭-৭৮ সালে হয়েছে ৭,৪৯৪.৬ হাজার এবং ১৯৭৮-৭৯ সালের উৎপাদন হয়েছিল ৬,৭৭৬.৯ হাজার টন। ১৯৭৯-৮০ সালের উৎপাদনের ক্ষেত্রে বলেছেন যে প্রাকৃতিক কারণে কম হয়েছে। উৎপাদন হয়েছে ৫,৮৮৬.৬ হাজার টন। আমি আগেই বলেছি উৎপাদনের এই ফ্লাকচুয়েশনের ফলেই গত বছর বাম্পার ফলন হয়েছিল—এতে কিন্তু আত্মপ্রসাদ লাভের কোনও কারণ ঘটেনি আপনাদের। কারণ গত বছর সময় মত বর্ষা হয়েছিল—আপনারা চাষের জন্য কোনও সেচের ব্যবস্থা রাখেন নি। অর্থাৎ ইকনমিক রিভিউতে যা পাওয়া যাচ্ছে তাতে দেখা যাচ্ছে যে আবহাওয়া যদি ভাল থাকে তবে ফসল ভাল হয় এবং তা নাহলে উৎপাদন কমে যাচ্ছে। এই ব্যাপারে

আমাদের মূল ভিত্তি কোথায় সেটি ভাবতে হবে। উৎপাদন বাড়াবার জন্য মূল উদ্যোগ নেওয়া হয়েছিল কংগ্রেস আমল থেকে। সারা ভারতে খাদ্যে স্বয়ম্বর হয়ে ওঠার জন্য উদ্যোগী হয়েছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী। তিনি এর জন্য পরিকল্পিত ভাবে ব্যবস্থা গ্রহণ করেছিলেন এবং সেইজন্যই কৃষিক্ষেত্রে একটা বিপ্লব এসেছে, সবুজ বিপ্লব দেখা যাচ্ছে। শ্রীমতী গান্ধী এই সবুজ বিপ্লবের ডাক দেবার পর থেকেই সমস্ত রাজ্যে এর প্রতিফলন ঘটতে শুরু করেছে। পশ্চিমবঙ্গ হচ্ছে তেমনি একটা রাজ্য এবং এর ভিতর দিয়েই এখানেও ঐরকম প্রতিফলন ঘটছে। তাহলে দেখা যাচ্ছে মূল কাঠামোটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের, এবং কংগ্রেস আমল থেকেই সেচ ব্যবস্থায় বৈদ্যুতিকরণ, গ্রামে গ্রামে ডিপ টিউবওয়েল শ্যালো টিউবওয়েল, রিভার লিফট ইত্যাদি এবং পাম্পসেট প্রভৃতির জন্য চেষ্টা হয়েছে। ঐ আমলে সার, বীজ, কীটনাশক দ্রব্যাদির ব্যবহার প্রসারিত করবার চেষ্টা করা হয়েছে এবং এরই জন্য সবুজ বিপ্লব সম্ভব হয়েছে। ইকনমিক রিভিউতে যদি আরও আগের দিকে দেখেন তাহলে দেখতে পাবেন যে এখানে আপনাদের আমলে উৎপাদন কখনও কমছে, আবার কখনও বাড়ছে।

[3-55 — 4-05 p.m.]

একটা সমতা হয়েছে, কি কারণে হয়েছে? কংগ্রেস আমলে ১৯৭২ থেকে ১৯৭৭ এর এপ্রিল পর্যন্ত এই পশ্চিমবঙ্গে বিগত কংগ্রেস সরকার ছিল এবং সেই আমলে সবুজ বিপ্লবে ঢেকে দেওয়া হয়েছিল। বিপ্লবে ঢেকে দেওয়ার ফলে তৎকালীন মাননীয় বিদ্যুৎ মন্ত্রী এ.বি.এ. গনিখান চৌধুরি মহাশয়ের প্রচেষ্টায় গ্রামে, গঞ্জে বিদ্যুৎ গিয়েছিল। বিদ্যুৎ মাঠে, ঘাটে পৌঁছেছিল, ফলে রিভার লিফট, ক্লাস্টার শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, ব্যক্তিগত পাম্প সেট সরকারি পরিচালনায় পাম্প সেট ইত্যাদি বৈদ্যুতিকরণ করা হয়েছিল এর ফলে সবুজ বিপ্লবের একটা প্রেরণা মানুষের মনে আশা আকাঙ্ক্ষা নিয়ে দেখা দিয়েছিল কৃষকের কল্যাণ হয়েছিল। কমলবাবু, আপনি মনে করবেন না যে আপনি কিছু করেছেন। আপনার করা কিছু দেখতে পাচ্ছি না৷ আপনি এই কাঠামো ঠিক রাখতে পারেন নি। সেই কাঠামো যদি ঠিক রাখতে পারতেন তাহলে আজকে বোরো ইত্যাদি—এবার যা আমরা খাচ্ছি বিশেষ করে উত্তরবঙ্গে তা আমাদের খেতে হত না। আপনি কিছু বলতে পারেন, স্যার, শচীনবাবুকে আগে বলান, ওনার বলা হয়ে গেলে পরে আমি বলব। আপনি কি বলতে পারেন যে আজকে বিদ্যুতের অভাবের জন্য শ্যালো টিউবওয়েল ডিপ টিউবওয়েল একটাও হয়নি, আপনি এক বলতে পারেন যেটুকু বিদ্যুৎ পাওয়া যাচ্ছে সেটুকু রক্ষণাবেক্ষণের অভাবে আজকে বিদ্যুৎ হচ্ছে না। আপনি ঠিকভাবে সার, মিনিকীট, ইত্যাদি কৃষকদের যা পাওয়ার কথা ছিল তারা তাই ঠিক ঠিকভাবে পাচ্ছে। আমার কাছে লিস্ট আছে, আমি দিতে পারি। যে কৃষক নয়, যার জমি নাই, জায়গা নাই অথচ তাকে মিনিকীট, লোন সব দেওয়া হয়েছে। সুতরাং আপনি কোনও দাবি করতে পারেন না যে চার বছরে আপনি এমন কিছু করেছেন এর জন্য আপনি বাম্পার ক্রপ পেয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার কৃষির উন্নয়নের জন্য নতুন কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। নতুন কোনও শ্যালো, ডিপটিউবওয়েল করেননি। কোনও কিছুই করেননি। মাইনর ইরিগেশনের ব্যাপারে বাম্পার ক্রপ দেখিয়েছেন যেটা আছে যে কাঠামো আছে সেই কাঠামো কংগ্রেসের সেই কাঠামো ভেঙ্গে চুরমার করে ফেলছেন, তাতে সাহায্য করছেন। সমাজবিরোধীদের

দৌরাত্ম্য বন্ধ করতে ব্যর্থ হয়েছেন। সুতরাং কি করে বলতে পারেন বাম্পার ক্রপ হয়েছে। বীরেনবাবু যে বললেন ভগবান আছেন, সময়ে বর্ষা হয়েছে তাই এবারে একটু বাম্পার ক্রপের আশা হচ্ছে। ইকনমিক রিভিউতে দেখবেন এটা স্ট্যাটিসটিক নয় এটা হেরফের। যদি আপনি ব্যবস্থা করতে না পারেন তবে ব্যর্থ হবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জিজ্ঞাসা করছি ঐ মাননীয় কৃষিমন্ত্রীকে— আপনারা তো কৃষককে ভাতার কথা বলেছেন ঘোষণা হয়েছে, পত্র পত্রিকায় আছে বাস্তবে কটা কৃষক ভাতা—ভাতা নয়, পেনসন পাচ্ছে?

এটা যদি উত্তরের সময়ে পরিসংখ্যান দিয়ে দেন তাহলে ভালো হয়। সাধারণ বাজেট সম্বন্ধে বলব যে এই কৃষি বাজেটের ফলে তারমধ্যে দিয়ে সাধারণ বাজেট প্রতিফলিত হবে। আজকে আনন্দবাজার পত্রিকায় যা বেড়িয়েছে তা নিশ্চয় আপনারা সকলেই দেখেছেন। অর্থমন্ত্রী বলেছেন ঘাটতি ৬৫ কোটি টাকা। ১২ কোটি টাকা ধরে নিয়ে হিসাব দিন এবং বোর্ড অব রেভিনিউ সেই হিসাবে আদায় করুন। এটা দিতে আপনাদের বোধহয় ভুল হয়েছিল যার ফলে এই ডেফিসিট হিসাবের ভুল হয়েছে। অর্থাৎ ডেফিসিট হবে ৯৩ কোটি টাকা। ডাক্তার মিত্র বলেছেন পে কমিশনের রিপোর্ট খতিয়ে দেখে ঘোষণা করবেন। আমি বুঝতে পারছি না বাজেট কদিনে পেশ হবে? মাঝে একবার ঘোষণা করলেন, তারপর ঋণ মকুবের জন্য ৯৩ কোটি টাকা ঘোষণা হল এবং পরে আবার পে-কমিশন ঘোষণা করবেন। তখন কত কোটি হবে জানিনা ১০০ বা ২০০ কোটি না ২৮৫ না ২৯০ কোটি টাকা হবে। সেজন্য বলছি এটা একটা অসম্পূর্ণ বাজেট কারণ আজকে দেখছি ঋণ মকুবের ফলে বাজেটের ঘাটতি হবে ৯৩ কোটি টাকা। কালকে শুনব ১০০।২০০ কোটি টাকা হয়ে গেছে।

[4-05 — 4-25 p.m.]

সেজন্য আমরা জানতে চাই বাজেটের ঘাটতির পরিমাণ কত এবং সেটা কিভাবে পূরণ হবে? আপনি তো বাজেট পাস করিয়ে নিয়ে চলে যাবেন কিন্তু জনসাধারণের উপর এই ডেফিসিট চাপিয়ে যাচ্ছেন। সুতরাং বাজেট দেখে আমরা আতঙ্কিত। ঋণ মকুব করছেন ভালোই করছেন। আপনি বারবার বলে ঘোষণা করেছেন যে, আপনারা নিচের তলার সাধারণ মানুষের প্রতিনিধিত্ব করেন। কিন্তু ঋণ মকুব করতে গিয়ে যে পন্থা অবলম্বন করেছেন তাতে এটা প্রতিফলিত হয় কি? জোতদারদের স্যালো টিউবওয়েল ইত্যাদি বাবদ ঋণ দিয়ে সাধারণ মানুষের উপর এটা চাপাচ্ছে। অতএব ঋণ মকুব যখন করলেন তখন এটা চিন্তা করা উচিত ছিল। স্নিক সম্বন্ধে আমাদের একটু ক্লিয়ার করে দেবেন এ সম্পর্কে আপনারা কি করবেন? সরকারি ঋণ মকুব আপনারা করেছেন, তখন সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কের ঋণের ব্যবস্থা করবেন না কেন? ন্যাশনালাইজড ব্যাঙ্ক থেকে ছোট ছোট চাষী ঋণ নিয়ে স্যালো টিউবওয়েল করেছেন সেখানে সেটাকে মকুব না করে অনুদান দেবেন? একবার মকুব হয়েছিল ১৯৭১ সালে, আবার মকুব হল ১৯৮১ সালে। এর ফলে একটা কনভেনশন সৃষ্টি হচ্ছে যে সরকারি ঋণ নিলে সেটা আর দিতে হয় না। সেজন্য আমি সাজেশন দিচ্ছি যে ৭০ কোটি ঋণ মকুব না বলে অনুদান বলেন এবং বাজেটে সেইভাবে প্রভিসন রাখুন। সুতরাং ওই সব কথা বলে মানুষকে বিভ্রান্ত করবেন না। আপনি জানেন এই ঋণ সহজে আদায় হয়না। ঋণ যদি মকুব করে দেন তাহলে জোতদাররা যারা তারাই আপনাদের লাল ঝাণ্ডা নিয়ে নমস্কার জানাবেন।

তারপর কৃষি আয়কর সম্বন্ধে একটা বহু পুরোনো আইন আছে। এই আইন ৩ হাজার টাকা পর্যন্ত আয় হলে তাকে টাকা দিতে হবে। এটা জমির উত্তরে হচ্ছে না আয়ের উত্তর হচ্ছে যার ফলে সামারি অ্যাসেসমেন্টের উপর হচ্ছে এবং এর ফলে অনেকে ডিফল্টার্স হয়ে যাচ্ছে। সেজন্য বলছি সাধারণ আয়করের সিলিং-এর যেমন পরিবর্তন হয়েছে তেমনি কৃষি আয়কর সম্বন্ধে কিছু করা যায় কিনা সেটা চিন্তা করে দেখবেন। এখানে আপনি কৃষক সম্বন্ধে অনেক কিছু বললেন কিন্তু কৃষি সম্বন্ধে কিছুই বলেন নি যেটা আপনার বলা উচিত ছিল। অন্যান্য ইন্ডাস্ট্রির শ্রমিক যেভাবে মজুরি পাচ্ছে আপনার কৃষি শ্রমিক কি তা পাচ্ছে? অথচ সে সম্বন্ধে কোনও কথা বললেন না। সোজা কথায় বলতে গেলে আপনি সাজানো ঘরে বসে আছেন। কংগ্রেসের আমলে তৈরি করা কাঠামোর উপর আপনি বসে আছেন। স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল রিভার লিফটে ইত্যাদি যেসব সেচ প্রকল্প সে সব কংগ্রেসিরাই করে গিয়েছিলেন। আপনি তার উপর হিসাব করছেন। সুতরাং আমি মনে করি ১৩০ কোটি টাকা যেটা চেয়েছেন সে টাকার সদ-ব্যবহার হবে না। আপনি এবার যে কৃষি ঋণ দেবেন সেটা আপনার পার্টির লোকদের দেবার চেষ্টা করবেন। এ বিষয়ে আমি কয়েকটি উদাহরণ দিয়ে শেষ করব যার দ্বারা দেখাবো দলবাজি হচ্ছে। আপনাদের যেসব পঞ্চায়েত সমিতি আছে তারা ফলস নাম দিয়ে যারা চাষী নয় তাদের বিভিন্ন রকমের সুযোগ সুবিধা করে দেওয়া হচ্ছে। মালদা জেলায় কালিয়াচক থানার তিন নং ব্লকের অধীন কুম্ভিরা গ্রাম পঞ্চায়েতের একটা কপি আপনাকে দিয়ে দিচ্ছি। আমি পড়ে দিচ্ছি কাদের কাদের দেওয়া হয়েছে। যাদের জমি জায়গা কিছুই নেই তাদের এই সব দেওয়া হয়েছে। এবার শুনুন সেই নামগুলি—বিল্লু রহমন সন অব শিশু পালি—পি এস কালিয়াচক জেলা মালদা, উদম সাহা সন অব কেশব সাহা একই গ্রাম একই ঠিকানা, কেতাব আলি সন অব বিল্লু রহমন, জুড়ান সেখ সন অব সদর আলি একই গ্রাম, রাজেন মন্ডল সন অব গোবিন্দ মন্ডল, প্রভাস মন্ডল সন অব তুফানী মন্ডল মেসলিম সেখ সন অব ইদু সেখ, জুড়ান মন্ডল সন অব খোকা মন্ডল, সাজ্জাত শেখ সন অব সারাফাত শেখ, কুদ্দু শেখ সন অব চাঁদমুন্সী, তুপুর শেখ সন অব সদর আলি, রাস বিহারী মন্ডল সন অব কালু মন্ডল, ফকির মন্ডল সন অব ভগবান মন্ডল। এদের জমি কিছুই নেই। একটা ফাঁকা কথার উপর নির্ভর করে এই বাজেট তৈরি হয়েছে। কৃষকদের রক্ষা করার কোনও ব্যবস্থা এর মধ্যে নেই। এর ফলে কৃষির যে কাঠামো তা ধ্বংসের দিকেই যাচ্ছে। ১৩০ কোটি টাকার যে বাজেট তা শুধুমাত্র ক্যাডার পোষার জন্য হয়েছে এই কারণে এই বাজেট আমি সমর্থন করতে পারছি না।

[4-15 — 4-25 p.m.]

**শ্রী সুন্দর নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষিমন্ত্রী এবং সুন্দরবন ডেভেলপমেন্টের মন্ত্রী প্রভাসবাবু যে বক্তব্য রেখেছেন আমি তা সমর্থন করছি। আমরা গ্রামের লোক তাই এতক্ষন ধরে বিরোধীপক্ষের বক্তব্য শুনে আমার গ্রামের একটা কথা মনে পড়ল। একজন কৃষক মাঠে খেটে দুপুরবেলায় বাড়ি এসে দাবার চাল হাঁচা করছিল। তখন তার ছেলে বলল, বাবা, স্নান করবেনা, দাবী নিয়ে কি করছ? তখন কৃষকটি ছেলেকে বলল, ভাইরে, আমার গরু হারিয়েছে। একথা শুনে তাঁর স্ত্রী বলল, একি, ছেলেকে ভাই বলছ?

তখন সে তার স্ত্রীকে বলল, মা, আমার মাথার ঠিক নেই। বিরোধীপক্ষের কথাশুনে আমি বলছি, ওঁদের মাথার ঠিক নেই। কৃষি মন্ত্রী এবং সুন্দরবন উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট রেখেছেন তাতে ওঁদের মাথা খারাপ হয়ে গেছে। অবশ্য যে বাজেট রাখা হয়েছে তাতে আমরাও সন্তুষ্ট নই। তবে গত ৩০ বছর ধরে যাদের হাতে ক্ষমতা ছিল তাদের আমলে দেখেছি গ্রামের কৃষক জমি পায়নি, জমি দুফসলা হয়নি, সুন্দরবন এলাকার ২৫/৩০ লক্ষ অবহেলিত মানুষের জন্য তাঁরা উন্নয়নের ব্যবস্থা কিছুই করেননি। কিন্তু বামফ্রন্ট সরকার তাঁদের এই সীমিত ক্ষমতার মধ্য দিয়ে কৃষকদের জমির মালিক করেছে, সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর জমির খাজনা মকুব করেছে এবং তার জন্য তাঁদের গায়ে জ্বালা ধরেছে। তবে বামফ্রন্ট সরকার তাঁদের সীমিত ক্ষমতার মধ্য দিয়ে শুধু কৃষি জমির খাজনা ছাড় দিয়েছে তাই নয়, কারখানার শ্রমিক চাকুরি ছেড়ে দেবার পর তাদের জন্য ব্যবস্থা আছে, সরকারি কর্মচারী চাকুরি ছেড়ে দেবার পর তাদের জন্যও ব্যবস্থা আছে, কিন্তু গোটা জাতিকে যারা বাঁচিয়ে রাখে, রোদে পুড়ে, জলে ভিজে যারা ফসল ফলায় সেই কৃষকদের মধ্যে যাদের বয়স ৬০ বছরের উর্ধ্বে তাদের জন্য এই বামফ্রন্ট সরকার বার্ধক্যভাতার ব্যবস্থা করেছেন। এইসব নানা কারণে তাঁদের গায়ে জ্বালা ধরেছে এবং তাঁরা বলছেন কোনও কিছুই করা হয়নি। আমি জিজ্ঞাসা করছি তাঁদের একথা কি ঠিক? ওঁরা বলত, আমাদের দেশে লোক বেড়েছে কাজেই খাদ্যের অভাব হবে। আমাদের দেশে লোকসংখ্যা বেড়েছে একথা ঠিক। কিন্তু জমি আছে, জল আছে এবং কাজ করবার লোক আছে একথাও তো ঠিক। আমরা দেখছি বামফ্রন্ট সরকার তাঁদের সীমিত ক্ষমতার মধ্য দিয়ে কৃষককে জমির মালিক করেছে, এক ফসলা জমিকে দুফসলা করেছে। আমরা দেখেছি শুধু কুচবিহার নয়, মালদহ নয়, ২৪ পরগনা নয়, সারা পশ্চিমবাংলার কৃষকরা আজ বামফ্রন্ট সরকারকে হাতিয়ার করে সংগঠিত হয়েছে। এ ব্যাপারে আমি শুধু একটা উদাহরণ দেব। দক্ষিণ ২৪ পরগনার মানুষ জানে ওই সমস্ত নিকাশি খালগুলির ক্ষেত্রে গত ৩০ বছর ধরে কিছুই করা হয়নি। কিন্তু এই সরকারের আমলে কৃষি বিভাগ এবং সেচ বিভাগের তরফ থেকে ২৪ পরগনার এবং পশ্চিমবাংলার অন্যান্য খালগুলির সংস্কার সাধন করা হয়েছে। কৃষি বিভাগের তরফ থেকে ওপারে হাওড়া, হুগলি এবং এপারে ২৪ পরগনায় জল ফেলার ব্যবস্থা হয়েছে। কেওড়াপুকুর খাল, বলরামপুর খাল, চড়িয়াল খাল এবং কাটাখালি খালের সংস্কার করা হয়েছে এবং সুন্দরবনের মানুষ যাদের ফসল নোনাজলের জন্য নষ্ট হত তাদের জন্য বামফ্রন্ট সরকার এই ব্যবস্থা করেছেন। সরকার এই সমস্ত নিকাশি খালগুলোকে সেচ খালে রূপান্তরিত করে প্রভুত কল্যাণ সাধন করেছেন। স্যার, ১৮৮৫ সালে চড়িয়ালের স্লুইস গেট তৈরি হয়েছিল এবং বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে ১৯৮০ সালে তার পুনঃসংস্কার করেছেন। সুন্দরবনের উন্নতির জন্য কোটি কোটি টাকা মঞ্জুর করা হয়েছিল কেন্দ্রীয় সরকারের তরফ থেকে। এরা সেই টাকা নষ্ট করেছেন। কিন্তু আমরা মাত্র ৫ লক্ষ টাকা খরচ করে কুদ্ঘাট টু জুলপিয়া এবং জুলপিয়া টু হোটর খাল সংস্কার করে ২০ হাজার একর জমিতে বোরোচাষ এবং দুফসলের ব্যবস্থা করেছি। কুদ্ঘাটের জল নিয়ে আজ কৃষক চাষ করছে তাই ওঁদের গায়ে জ্বালা ধরেছে। সুতরাং এতে ওঁদের গায়ের জ্বালা তো হবেই। যারা চিরকাল বলেছে এই বাবুর বাড়ি গিয়ে ভিক্ষা করো। আজকে ভিখারির সংখ্যা কমে গেছে বাবুর বাড়িতে কাজ করার লোক পাওয়া যায় না। গ্রামের বিভিন্ন জায়গায় খাল কাটা হয়েছে। জমিতে দো ফসলী চাষ করার ব্যবস্থা হয়েছে

এবং আরও তিন ফসলী করার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু এতেও আমরা সন্তুষ্ট নই। যেখানে পশ্চিমবাংলার শতকরা ৮০ ভাগ কৃষক যার কোনও ক্ষমতা ছিল না চাষ করার আজকে এই সীমিত ক্ষমতার মধ্যে এই বামফ্রন্ট গভর্নমেন্ট ১ কোটি টাকা জমা করতে পেরেছে। আমরা কেন্দ্রের কাছ থেকে আরও টাকা চাইছি। আপনারা এই ৩০ বছরে কি করেছেন? আমরা চেষ্টা করছি এই সীমিত ক্ষমতার মধ্যে এই সমস্ত অবহেলিত মানুষদের কিভাবে সাহায্য করা যায় এবং সেই কাজ আমরা হাতে নিয়েছি। লোনা জল আটকাবার জন্য কোনও স্লুইস গেট ছিল না সেখানে আমরা স্লুইস গেট বসিয়ে দো ফসলী জমিকে তিন ফসলীতে পরিণত করেছি। এই সুন্দরবন চিরকাল অবহেলিত ছিল। ১৯৭৩ সালে সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড হয়। কিন্তু কোনও কাজই সেখানে হয়নি। ১৯৭৭-৭৮ সালে এই সরকার আসার পর আমরা তার মাধ্যমে কাজ শুরু করেছি। যেখানে ওঁরা মাত্র ৪টি স্লুইস গেট রিপেয়ার করেছে। এই সরকার আসার পর তার সীমিত ক্ষমতার মধ্য দিয়ে ২৫টি রিপেয়ার করতে হাত দিয়েছি। ঐ এলাকা ২৫ থেকে ৩০ লক্ষ লোক বাস করে তার মধ্যে ৪৫ ভাগ তফসিলি জাতি বসবাস করছে। এখানে আমরা ১৫০টি স্লুইস গেট রিপেয়ার করার কাজে হাত দিয়েছি। আমরা পারিনি সবগুলিতে হাত দিতে। এখানে ২১০টি স্লুইস গেট রয়েছে—কিন্তু ওনাদের তৎপরতায় সবই প্রায় অকেজো অবস্থায় ছিল। তাই আমরা টাকা চাইছি কারণ টাকা ছাড়া কিছু করা যেতে পারে না। এই এলাকাকে কিভাবে লোনা জলের হাত থেকে রক্ষা করা যায় তার চেষ্টা আমরা করছি। সুন্দরবনকে উন্নয়ন করার জন্য ২৭টি কেন্দ্র কৃষি বিভাগ থেকে খোলা হয়েছে। ওখানে যদি লোনা জল আটকে মিঠে জল ধরে রাখা যায় তার জন্য খাল কাটার ব্যবস্থা হয়েছে। আজকে দো ফসলী জমি তিন ফসলী হতে চলেছে। ওঁরা খরচ করেছেন কত? মাত্র ৩০ লক্ষ টাকা। আর এই বামফ্রন্ট সরকার ১৯৭৭-৭৮ সালে খরচ করেছে ১ কোটি টাকা ১৯৭৮-৭৯ সালে দেড় কোটি টাকা ১৯৭৯-৮০ সালে ২ কোটি ২০ লক্ষ টাকা আর ১৯৮১-৮২ সালে আমরা সমগ্র সুন্দরবন এলাকায় যাতে লোনা জল আর ঢুকতে না পারে তার জন্য টাকা ধরা হয়েছে ৬ কোটি ৪৮ লক্ষ ৭৭ হাজার টাকা। যে সুন্দরবনের মানুষ চিরকাল বাবুর বাড়িতে ভিক্ষা করতো, গতর বন্ধক রাখতো, সেই সুন্দরবনের মানুষ আজকে আবেদন করছে আমাদের কাজ ত্বরান্বিত করা হোক। কেন্দ্রের কাছে বলছে আমাদের টাকা দিতে হবে। সুন্দরবনের মানুষ বঞ্চিত হয়েছে। কিন্তু এই বামফ্রন্ট গভর্নমেন্টের আমলে কোটি কোটি টাকা সেখানে খরচ করে তাদের মনে আশার সঞ্চার করেছে। তারা আজ আশির্বাদ করছে বামফ্রন্ট গভর্নমেন্টকে। ওনারা অনেক কথাই বলেছেন কিন্তু এই সব জিনিস ওঁরা ভাবতেই পারেন নি। আমরা দাবি করতে পারি যে আমাদের সময় অনেক স্লুইস গেট খোলা হয়েছে। আমাদের যে হুগলি নদী গেছে তার অপর পারে রয়েছে হাওড়া হুগলি আর অপর পারে রয়েছে ২৪ পরগনা। আজকে আমরা যদি এই লক্ষ লক্ষ বিঘা জমিতে লক্ষ লক্ষ বিশ্বকর্মার হাত লাগাতে পারি তাহলে আমাদের আরও জমি দু ফসলী থেকে তিন ফসলী হয়ে যাবে।

[4-25 — 4-35 p.m.]

সেখানে তিনটি ফসলের ব্যবস্থা করা হবে তাই ওরা আঁতকে উঠছেন। ২/৩টি ফসল

হলে আর বাবুর বাড়িতে কে সস্তায় গতর খাটাতে যাবে? এইজন্য ওদের গায়ের জ্বালা ধরেছে। স্যার, ৩০ বছর পরে এই বামফ্রন্ট সরকারের আমলে সুন্দরবনের গ্রামের মানুষ গ্রামে ফিরেছে। ১৯৭৮ সালের অতবড় বন্যা এবং ১৯৭৯ সালের অতবড় খরার পরেও সুন্দরবনের গ্রামাঞ্চলের মানুষ শহরে এসে ভিড় করে নি। তারা এসে ভিড় করেনি তার কারণ, ঐ গ্রামের গরিব কৃষক দেখেছে সে জমির মালিক হয়েছে, তার খাবারের ব্যবস্থা হয়েছে শিক্ষার ব্যবস্থা হয়েছে সেইজন্য সে শহরে এসে ভিড় করেনি। সে দেখেছে একটার পর একটা পরিকল্পনা গ্রহণ করে এই সরকার তাদের অবস্থার উন্নতি করতে চেষ্টা করেছে তাই সে শহরে এসে ভিড় করেনি। স্যার, আমাদের যতটা আশা ততটা নিশ্চয় আমরা করতে পারি নি কিন্তু গ্রামের মানুষ দেখেছে এই সরকার সীমিত ক্ষমতার মধ্যেও তাদের জন্য কিছু করার চেষ্টা করেছে। আমাদের আশা পরিপূর্ণ করতে আমরা পারি নি তাই তো কেন্দ্রের কথা আসে, তাই তো আমাদের কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করার কথা বলতে হয় কারণ কেন্দ্রীয় সরকার টাকা না দিলে আমরা আমাদের আশা পরিপূর্ণ করতে পারব না। আমাদের দেশের ২।। হাজার কোটি টাকার মধ্যে ৫০ কোটি টাকা আমরা পাব আর চিরকাল আমার দেশের গরিব মানুষরা এইভাবে থাকবে এ তো হতে পারে না তাই আমরা দাবি করেছি ঐ টাকার ১২ আনা অংশ আমাদের দিতে হবে, আমাদের গ্রামের গরিব কৃষকের মুক্তির ব্যবস্থা করতে হবে, আরো বেশি রাস্তাঘাট, জলসেচের ব্যবস্থা করতে হবে। সেখানে প্রকৃতি যদি কম বৃষ্টি দেয় তাহলে জলের বিকল্প ব্যবস্থা রাখতে হবে। স্যার, এই জলের ব্যাপারে বলতে গিয়ে আমি আমার অভিজ্ঞতার কথা একটু বলি। ইঞ্জিনিয়ারদের সঙ্গে আমি এলাকায় এলাকায় ঘুরেছি, ইঞ্জিনিয়াররা প্রথমে বললেন, এখানে জল বার হবে না, আমি বললাম এইভাবে যদি খাল কাটা যায় তাহলে দেখবেন একটা ব্যবস্থা হতে পারবে। ঐ কমলবাবুর ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ারদের নিয়ে আমি ঘুরেছি এবং সেখানে দেখা গেছে সেই ভাবে কাজ করার পর জল ঢুকছে, বার হচ্ছে। এইভাবে মানুষ মুক্তির স্বাদ সেখানে পাচ্ছে। এ ক্ষেত্রে আরও বেশি টাকা যদি আমাদের থাকে তাহলে আরও বেশি কাজ আমরা করতে পারি। এইভাবে কাজ করলে আমি মনে করি আমাদের দেশের সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বাড়বে এবং আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারব। আজকে যদি দুটি/তিনটি ফসলের ব্যবস্থা করা যায় তাহলে লোকের কাজের সুযোগ বাড়বে এবং লোকের কেনার ক্ষমতা বাড়বে। গত ৩০ বছর ধরে আপনারা এই সমস্ত গরিব মানুষদের জন্য কিছুই করেননি কিন্তু আজকে এই বামফ্রন্ট সরকার এসে তাদের জন্য কিছু করছে এবং তাই গ্রামের মানুষ বামফ্রন্ট সরকারকে হাতিয়ার করে গ্রামে গ্রামে জোট বাঁধছে। স্যার, ১৬ তারিখে ওরা দিল্লি গেলেন কিষাণ সমাবেশে যোগ দিতে। এখান থেকে যারা গেলেন তারা কোন কৃষক? এখান থেকে যেসব জুলফি-ওয়ালা কৃষকরা গেলেন তাদের কোনওদিন মাঠের সঙ্গে সম্পর্ক ছিল না বা নেই। দিল্লিতে গিয়ে তারা মা জগদ্ধাত্রীর কাছে আবদার করলেন বামফ্রন্ট সরকারকে ভেঙ্গে দিতে হবে, কারণ বামফ্রন্ট সরকার সীমিত ক্ষমতার মধ্যেও কৃষকদের জমির মালিক করছে, তাদের চাষের সুবিধা করে দিচ্ছে, সে আর শহরে এসে ভিক্ষা করছে না, গ্রামের মানুষ গ্রামে ফিরে গিয়ে বাঁচার চেষ্টা করছে অতএব এই সরকারকে ভেঙ্গে দেওয়া হোক। স্যার, ওদের কাছে আমার প্রশ্ন, আপনারা কি কোনওদিন দিল্লিতে গিয়ে দাবি করেছেন আরও বেশি টাকা আমাদের দাও, সারের দাম কমাও, কৃষিজাত পণ্যের দর বাড়াও? না, তা করেন নি। ওরা দিল্লিতে গিয়েছিলেন এই কথা

*বলতে যে মা, এই সরকারকে ভেঙ্গে দাও কারণ কমলবাবু সর্বনাশ করে দিচ্ছেন। স্যার, আজ সুন্দরবনের মানুষকে বাঁচাবার জন্য সেখানে নোনা জলের হাত থেকে সুন্দরবনকে রক্ষা* করার ব্যবস্থা করা হয়েছে। এই কৃষিবিভাগ এবং সেচ বিভাগ সীমিত ক্ষমতার মধ্যে সেখানে যাতে দুটি ফসল হতে পারে সেই চেষ্টা করেছেন। স্যার, ঐ সুন্দরবনের মানুষরা আজ ২০ হাজার একরে দুটি ফসল ফলিয়ে নতুন বিপ্লব ঘটাচ্ছে। স্যার, এই প্রসঙ্গে আমি মন্ত্রী মহাশয়কে বলব, ঐ মজা খালগুলি সংস্কার করে আরও ব্যাপক এলাকায় যাতে ২/৩টি ফসল করা যায় তার জন্য চেষ্টা করুন। স্যার, এই কথা বলে মাননীয় কৃষিমন্ত্রী এবং মাননীয় সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রী যে ব্যয়বরাদ্দগুলি রেখেছেন সেগুলি আমি পরিপূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নীহারকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে আয়-ব্যয়ের বাজেট এই সভায় রেখেছেন, আমি তা সমর্থন করছি। স্যার, এই বাজেটে ঋণ মুক্তির কথা ঘোষণা করা হয়েছে। ঋণভারে জর্জরিত অর্ধকোটি কৃষক-এর ঋণ মুক্তি ঘটিয়ে নিশ্চিত ভাবে রাজ্যের কৃষি কর্মসূচিকে গতিশীল করা হবে এবং সেই কারণে আমি শুরুতে কৃষিমন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভীর মনোযোগ সহকারে বিরোধীদের আলোচনা শুনছিলাম। এরা যে আলোচনা করেছেন, সেই আলোচনায় এমন কোনও বিষয় অবতারণা করতে পারেননি যেটা উচ্চমানের হতে পারে। যাইহোক, এরা আলোচনা করেছেন এবং কিছু কিছু কথা বলেছেন, সেগুলির জবাব দেবার দায়িত্ব আমার আছে। মাননীয় সামসুদ্দিন আহমেদ বলেছেন যে এই বামফ্রন্ট সরকার কৃষি ক্ষেত্রে কিছুই করেনি, পুরানো কাঠামো, পুরানো কৃষিনীতি, তার উপর ভরসা করে আমরা চলেছি এবং বামফ্রন্ট সরকারের কোনও কৃতিত্ব নেই। এখন পুরানো যে কাঠামো, পুরানো যে কৃষি নীতি সেই নীতির যে ফলশ্রুতি সেটা একটু শুনুন। আপনারা গত ৩০ বছর ধরে এই কৃষিক্ষেত্রে কৃষির উদ্যোগে অবহেলা করেছেন, কৃষিক্ষেত্রে অরাজকতা সৃষ্টি করেছেন, যার ফলে পশ্চিমবঙ্গের শতকরা ৯৫ ভাগ কৃষক আজকে ঋণভারে জর্জরিত হয়েছে। আপনার এটা জানা আছে যে আমাদের পশ্চিমবাংলায় ৬০ লক্ষ ১৮ হাজার গ্রামীণ পরিবারের মধ্যে ৬ লক্ষ ১৮ হাজার পরিবার ঋণভারে জর্জরিত। আমাদের রাজ্যে যে কৃষক আছে, তার শতকরা ৯৫ ভাগ ঋণভারে জর্জরিত। আজকে কোনও কৃষি উদ্যোগ সফল হতে পারেনি। এই ব্যাপক কৃষককুলকে যদি ঋণ মুক্ত করতে না পারি, যদি কৃষি কর্মসূচিকে সফল এবং স্বার্থক করতে হত তাহলে কৃষি কর্মসূচিতে ব্যাপক অংশ কৃষককে মুক্ত করতে হবে। সেই দিকে লক্ষ্য রেখে আমরা ঋণ মকুব করেছি এবং এই ঋণ মকুবটা আপনি নিশ্চয়ই ভাল চোখে দেখবেন না। এটা ভাল চোখে দেখবেন কি করে? এই যে ৬০ লক্ষ গ্রামীণ কৃষকের ঋণ মুক্ত হয়ে গেল, এটা তারা সহ্য করতে পারছেন না। আপনাদের কৃষি নীতি ছিল কি? গত ৩০ বছর ধরে আপনারা গ্রামের জোতদার, মহাজনদের তল্পিবাহক ছিলেন এবং সে জন্য আপনারা কৃষকের ঋণ মকুবটা ভাল চোখে দেখবেন না, এটা আমরা জানি। সেই কারণে আমাদের বামফ্রন্ট সরকার যে কর্মসূচি নিয়েছে, সেই কর্মসূচির মধ্যে ঋণ মুক্তকে প্রাধান্য দেওয়া হয়েছে। আমরা চাই রাজ্যের কৃষকদের ব্যাপক অংশের ঋণ মুক্তি ঘটিয়ে কৃষি কর্মসূচিতে যুক্ত করা। এবং

[4-35 — 4-45 p.m.]

আপনারা কৃষি কর্মসূচির কথা বলছেন। আপনাদের একটা কৃষি কর্মসূচি ছিল, কিন্তু এই কথা কি আপনাদের জানা আছে, যে প্রকৃত ভূমি সংস্কার ছাড়া কখনও কোনও কৃষি কর্মসূচি সফল হতে পারেনা? আপনাদের একটা কৃষি কর্মসূচি ছিল এই কথা ঠিক। আপনারা কৃষিতে প্রযুক্তি ব্যবহার করেছেন ঠিক, কিছু কিছু বৈজ্ঞানিক পন্থা অবলম্বন করেছেন কৃষিতে এই কথা ঠিক, এটা নিশ্চয়ই স্বীকার করতে হবে এবং ফলে আমাদের কৃষি ক্ষেত্রে কিছু জমির উর্বরতা শক্তি বেড়েছে এই কথা ঠিক। কিন্তু এই কৃষি নীতির ফলে গ্রামগুলোর চেহারা কি দাঁড়িয়েছিল? ৯৫ ভাগ কৃষক, তারা ঋণ ভারে জর্জরিত, সমস্ত গ্রামের জমি ৪ শতাংশ লোকের হাতে কেন্দ্রীভূত হয়েছিল। এত জমি কেন্দ্রীকতা, এত মানুষের অভাব, এত ঋণ, যেখানে লক্ষ লক্ষ কৃষক গত ৩০ বছরে জমি হারিয়েছে, সেখানে ঐ কৃষি নীতির কথা আজকে আপনারা বলেন কি করে? লজ্জায় আমাদের মাথা হেঁট হয়ে যায়। আমরা তাই এই কৃষি নীতিকে সফল করবার জন্য পাশাপাশি ভূমি সংস্কারের কাজকে চালিয়ে যাচ্ছি। তাই যে বর্গাদারকে নথীভুক্ত করার কথা বললেন আপনারা, যাকে আপনারা মোটেই কার্যকর করতে পারেননি, আমরা অল্প দিনে, অল্প সময়ে লক্ষ লক্ষ বর্গাদারকে নথীভুক্ত করে তাদের চাষবাসের জন্য আইনের অধিকার করে দিয়েছি। আপনাদের কি এই কথা জানা আছে, আমাদের দেশে চাষবাসের প্রধান স্তম্ভ হচ্ছে বর্গাদার, তাদের আইনের অধিকার, তাদের নিরাপত্তা, তাদের আর্থিক স্বাবলম্বন, এইগুলো আমরা যতক্ষণ পর্যন্ত না নিয়ে আসতে পারছি, ততক্ষণ পর্যন্ত কৃষিতে মানুষকে বেশি করে যুক্ত করতে পারব না, কোনও কৃষি পরিকল্পনা সফল করতে পারব না, সফল ভাবে রূপায়িত করতে পারব না। যতক্ষণ পর্যন্ত না পশ্চিমবঙ্গের বর্গাদারকে চাষের নিরাপত্তা সৃষ্টি করতে পারছি, তাদের আর্থিক স্বাবলম্বন আমরা না নিয়ে আসতে পারছি—এই লক্ষ্য মাত্রা আমাদের সামনে রেখে কৃষি নীতি করতে হচ্ছে। আপনাদের নীতি ছিল যে গ্রামের লোকের জমি কেড়ে নাও, মুষ্টিমেয় লোকের হাতে জমি তুলে দাও। আপনাদের নীতি ছিল যে গ্রামের ব্যাপক লোককে ঐ কুশিদজীবী ঐ সুদখোর, ঐ মহাজনদের খপ্পরে ফেলে দাও, গ্রামে হাহাকার উঠুক, গ্রামের অল্প সংখ্যক মানুষের হাতে সম্পদ কেন্দ্রীভূত হোক। সম্পদ এবং আয়ের কোনও ব্যবধান ছিল না। সম্পদ এবং আয়ের ব্যবধান না থাকার যে ফলশ্রুতি, তা পশ্চিমবঙ্গ লাভ করেছে, পশ্চিমবাংলার কৃষি ক্ষেত্রে তাই এত অরাজকতা। এই অরাজকতার উপর দাঁড়িয়ে আজকে চার বছরে বামফ্রন্ট সরকার তার একটা নিজস্ব নীতির উপর দাঁড়িয়ে চাষবাসের উন্নতি করবার চেষ্টা করছে। এই লক্ষ্য মাত্রাকে সামনে রেখে একে কার্যকর করার চেষ্টা করছি। যা আপনারা কোনওদিন করেননি, কোনওদিন ভাবেননি, আমরা তা করবার চেষ্টা করেছি। আমরা বর্গাদারদের কৃষি ঋণ দিয়েছি, ব্যাঙ্ক লোন বর্গাদাররা পেতে পারে, সেই ব্যবস্থা আমরা করেছি। সারা ভারতবর্ষে অপরাপর রাজ্যে যেখানে এখনও পর্যন্ত করতে পারেনি, আমরা শস্য বিমার ব্যবস্থা করেছি এবং খালি শস্য বিমা নয়, যারা ক্ষুদ্র কৃষক, যারা প্রান্তিক কৃষক, তাদের প্রিমিয়ামের টাকা, তাও সরকার থেকে দিয়ে দেওয়া হবে, এই ব্যবস্থা করা হয়েছে। আমরা বার্ধক্য ভাতার ব্যবস্থা করেছি। এর আসল লক্ষ্য মাত্রা হচ্ছে এই যে কৃষিজীবীদের ব্যাপক অংশকে কৃষি কর্মসূচিতে যুক্ত করে তার মধ্যে দিয়ে আমাদের দেশে চাষবাসের একটা ব্যাপকতা আসবে। আমরা চাষবাসে উন্নতি

করতে পারব, দেশে ফসল বেশি হবে, বেশি ফসল আমরা তুলতে পারব। এর ফলে গ্রামের সাধারণ মানুষের অর্থনৈতিক উন্নতি হবে, অর্থনৈতিক উন্নতি আমরা ঘটাতে পারব। মাননীয় সদস্য বীরেন মৈত্র মহাশয় পাটের কথা বলেছেন এবং পাট চাষীরা মার খাচ্ছে, এটা ঠিকই। এটাতো আমরাও বলছি। আপনারা তো এই ব্যাপারে বলেননি। এটা তো নুতন কোনও ঘটনা নয়। পশ্চিমবঙ্গের পাট চাষীরা গত ৩০ বছর ধরে মার খাচ্ছে। তারা ফসলের ন্যায্য দাম পায় না, এই কথা আমরা বলি, বামফ্রন্ট সরকার বলেছেন, অন্য কেউ বলেননি। আসল কথায় গেলে এরা চটে যান। এর জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। আপনাদের আমি জিজ্ঞাসা করি, ফসলের দাম কে ঠিক করে? আমরা বলেছিলাম পাট চাষীকে কুইন্টল প্রতি ৩০০ টাকা দাম দিতে হবে। বামফ্রন্ট সরকার একথা বলেছিল যে, অন্তত ৩০০ টাকা দেওয়া উচিত, কিন্তু কেন্দ্রীয় সরকার তা দেয়নি। আমরা বলেছিলাম ফোড়েদের হাত থেকে কৃষকদের বাঁচাবার জন্য সরকারের তরফ থেকে বেশি পরিমাণে পাট ক্রয় করা প্রয়োজন। কিন্তু সে ব্যবস্থা কোথায় হয়েছে, সে ব্যবস্থা হয়নি। গত বছর আমাদের পশ্চিমবঙ্গে ৪৪ লক্ষ গাঁট পাট উৎপন্ন হয়েছিল, অথচ জে.সি.আই. মাত্র ৪ লক্ষ গাঁট পাট ক্রয় করেছে। তাও তারা সেটা ক্রয় করেছে? যখন ডিসট্রেস সেল হয়, যখন চাষীরা অভাবের জন্য, টাকার প্রয়োজনে কম দামে ফোড়েদের কাছে বিক্রি করে তখন কেনেনি। তার আগে ২ লক্ষ গাঁট কিনেছে, আবার তার পরে ২ লক্ষ গাঁট কিনেছে এর ফলে পশ্চিম বাংলার সমগ্র পাট-চাষীরা মহাজনদের শিকার হয়ে গেল। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি। এই যদি অবস্থা হয় তাহলে পাট চাষীরা কি করে বাঁচবে? সেই জন্য আমাদের বক্তব্য হচ্ছে পাটের ন্যায্য দাম ঠিক করে দিতে হবে, সেই সঙ্গে বাজার-জাত করা বা বিক্রি করার ব্যবস্থাও সরকারের করতে হবে। এ বিষয়ে সরকারের সুস্পষ্ট নীতি থাকা উচিত। পাটের কথা বলতে গিয়ে স্বাভাবিক ভাবেই পাট-শিল্পের কথা এসে যায়। আমাদের রাজ্যে কৃষি ক্ষেত্রে পাট যেমন একটা অন্যতম প্রধান ফসল, তেমনি আমাদের রাজ্যে পাট-শিল্প একটা প্রধান শিল্প এবং এই শিল্পের সঙ্গে ২ লক্ষ শ্রমিক যুক্ত রয়েছে। অথচ আমাদের অভিজ্ঞতায় আমরা দেখছি যে, পাট চাষীদের প্রতারিত করে, ঠকিয়ে পাট-কলের মালিকরা প্রতি বছর কোটি কোটি টাকা লাভ করছে, তারা মুনাফার পাহাড় জমাচ্ছে। আর পাট চাষীরা ন্যায্য মূল্য পর্যন্ত পাচ্ছে না। এই কারণেই রাজ্য সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়েও এ বিষয়ে চিন্তা করছে যে, পাট চাষীদের কাছ থেকে সমগ্র পাট কেনার জন্য রাজ্য সরকার ক্ষমতা নেয় তখন পাট চাষকে নিয়ন্ত্রিত করতে হবে এবং নিয়ন্ত্রিত করে আমাদের রাজ্যে যে সমস্ত ফসলের ঘাটতি আছে—তৈলবীজ এবং অন্যান্য শাক-সবজি—সেগুলি উৎপন্ন করা হোক। ইতিমধ্যে এ বিষয়ে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ওঁরা আজকে পাট চাষীদের জন্য কুম্ভীরাশ্রু ফেলছেন, অথচ তাদের জন্য ওঁরা বিগত ৩০ বছর ধরে কোনও কার্যকর ব্যবস্থাই গ্রহণ করতে পারেননি। এই চার বছরের মধ্যে আমাদের সরকার পাট চাষ এবং পাট চাষীদের সম্বন্ধে একটা নীতি গ্রহণ করেছেন এবং সেই নীতিকে কার্যকর করবার চেষ্টা করছেন।

দ্বিতীয় কথা হচ্ছে, সকলেই জানেন যে, শস্য বীজ আমাদের অন্য রাজ্য থেকে চিরকাল কিনে আনতে হয়। আমাদের রাজ্যের বিভিন্ন জেলার বিভিন্ন ব্লকে যে সমস্ত বীজ খামার রয়েছে সে সমস্ত জায়গায় যে পরিমাণ বীজ উৎপন্ন করা হয় তা রাজ্যের প্রয়োজনের তুলনায়

অত্যন্ত কম। সেই কারণে প্রতি বছর ৩০/৪০ কোটি টাকার বীজ অন্য রাজ্য থেকে ক্রয় করে আনতে হয়। বিগত ৩০ বছর ধরেই এই জিনিস চলে আসছে। এ বিষয়ে এত দিন ওঁরা কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। কিন্তু এবারে আমাদের সরকার সিদ্ধান্ত দিয়েছেন যে,—শুধু সিদ্ধান্ত নয়, সেই সিদ্ধান্তকে কার্যকর করা হয়েছে—সীড কর্পোরেশন গঠন করার। সেই অনুযায়ী সীড কর্পোরেশন গঠন করা হয়েছে। এই কর্পোরেশনের মাধ্যমে আমাদেব রাজ্যের প্রয়োজনীয় বীজ আমরা নিজেরাই তৈরি করে নেব। ওঁরা বলেন কৃষি ক্ষেত্রে আমরা কোনও কার্যকর ব্যবস্থা নিতে পারিনি। তা আমি ওঁদের জিজ্ঞাসা করছি, এটা কি কোনও কার্যকর ব্যবস্থা নয়? গত ৩০ বছর ধরে এই রাজ্যের ৩০ থেকে ৪০ কোটি টাকা প্রতি বছর অন্য রাজ্যে চলে যেত। অথচ ওঁদের এ বিষয়ে কোনও দিন মাথা ব্যাথা দেখিনি। ওঁরা কৃষি কর্মসূচিতে ব্যাপকভাবে কৃষকদের অংশ গ্রহণ করাতে পারেননি বা এটা যে করা উচিত তাও ওঁদের মাথায় কোনও দিন ঢোকেনি, কিন্তু এটা আমাদের মাথায় আছে, তাই আজকে আমাদের কৃষি উন্নয়ন কর্মসূচির মধ্যে কৃষকদের ব্যাপক অংশকে যুক্ত করেছি। সীড্ কর্পোরেশনের কাজ ১৯৮০ সালে আপনি শুরু করেছিলেন এবং এর কাজ শুরু হয়ে গেছে কিন্তু কিছু কিছু প্রশাসনিক ব্যবস্থায় ত্রুটি-বিচ্যুতি আছে—এগুলি একটু দেখতে হবে। এর সাথে সাথে একটা সাজেশন দিচ্ছি, ব্লকে ব্লকে যে সমস্ত কৃষি খামারগুলি রয়েছে শুরু থেকেই লোকসানে যাচ্ছে। এই সমস্ত খামারগুলি অত্যন্ত রুগ্ন। সুতরাং এই সীড্ কর্পোরেশনের সাথে এই সমস্ত ব্লকে ব্লকে যে খামারগুলি রয়েছে এইগুলিকে যুক্ত করা যায় কিনা এবং তাদের কাজকর্মের পুনর্বিন্যাস করা যায় কিনা সেটা আপনি একটু চিন্তা করে দেখবেন। এতে করে সীড কর্পোরেশনের কাজও খানিকটা মিটবে আর এই সমস্ত খামারগুলি যেগুলি রুগ্ন অবস্থায় পড়ে আছে সেই রুগ্নতাও কাটিয়ে উঠতে পারবে। এই কথা বলে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় কৃষি খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভার বাইরে প্রায় ১ হাজার যুবক-যুবতী এসেছেন তাদের দুঃখ-দুর্দশা জানাবার জন্য কিন্তু পুলিশ তাদেরকে আটকেছে। তাদের মধ্য থেকে কয়েকজন প্রতিনিধি এসেছিলেন শ্রমমন্ত্রীর সাথে দেখা করবার জন্য কিন্তু তিনি দেখা করেন নি। সেখানে প্রায় ১ হাজার যুবক-যুবতী আইন অমান্য করে কারা বরন করেছেন। আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাব যেন একজন মন্ত্রী সেখানে যান এবং গিয়ে তাদের সঙ্গে কথাবার্তা বলেন।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষি মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন তাতে আছে অবহেলিত কৃষক সমাজ। আমরা জানি, পুঁজিবাদি এবং সাম্রাজ্যবাদ বিকাশের মুখে যখন পুঁজিবাদ সামন্ততন্ত্রকে ধ্বংস করল বিপ্লব তখন ভারতবর্ষে কিন্তু পুঁজিবাদ বিকাশের সুযোগ উপস্থিত হয়নি। তাই পুঁজিবাদী এবং সামন্ততান্ত্রিক শাসন ব্যবস্থার মধ্য দিয়ে পতন্মোমুখ সাম্রাজ্যবাদী যুগে যখন ধনতন্ত্র তার সমাজতন্ত্রকে ধ্বংস করছে না তখন সামন্ততান্ত্রিক ব্যবস্থার জোয়াল থেকে কৃষককে না বের করতে পারলে আমাদের গোটা দেশের পঙ্গু অর্থনীতিকে টেনে তোলা যাবে না সেইজন্য সেই দিকে দৃষ্টি রেখে যে

বাজেট বক্তব্য উপস্থিত করেছেন তাতে ভূমি সংস্কারের অগ্রাধিকারের যে ভূমিকা আছে সেটা তিনি বলেছেন। কিন্তু আমরা দেখছি, পশ্চিমবঙ্গে এ পর্যন্ত সরকারের কাছে যে জমি ন্যস্ত হয়েছে তা হল ১১ লক্ষ ৭৬ হাজার ৫৬০.২০ একর আর বিলি হয়েছে ৬ লক্ষ ৩১ হাজার ১১০ একর। মামলায় আবদ্ধ রয়েছে ১ লক্ষ ৭১ হাজার ৪৫৬ একর। এ পর্যন্ত বন্টন যোগ্য জমি সরকারের হাতে আছে ৩ লক্ষ ৭৩ হাজার ১০৪.৪০ একর। এই তথ্যটি পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার পুস্তিকা ১১ পৃষ্ঠা থেকে নেওয়া হয়েছে। ইকোনমিক রিভিউ অ্যাপেনডিক্স টেবেল নাম্বার ৫ পৃষ্ঠা ৩৪ তে দেখা যাচ্ছে, সরকারের হাতে ঐ জমি থাকা সত্ত্বেও ১৯৭৮/৭৯ সালের তুলনায় ১৯৭৯/৮০ সালে কৃষি উৎপাদন যোগ্য এলাকার হার বেড়েছে মাত্র .৬৩। এই যে চিত্র এই চিত্রটা অত্যন্ত নৈরাশ্যজনক। এর দ্বারা কৃষি এলাকার সম্প্রসারণ করার কাজ আরও এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব কি?

এটা শুধু মাত্র সেই ভূমি সংস্কারকে আটকে দিচ্ছে না, আটকে দিচ্ছে তারা, যাদের হাতে ন্যস্ত জমি আছে এবং সেখানে যেসব চক্রান্ত হচ্ছে সেইসব চক্রান্ত থেকে আমাদের নজর কমে যাচ্ছে। আমরা দেখছি—যেমন নদীয়া জেলার রাণাঘাট থানায় কেশাইপুর মৌজায় ৫৩১ বিঘা ভেস্টেড জমি অনেকদিন ধরে সরকারের হাতে ন্যস্ত থাকা সত্ত্বেও সেখানে পঞ্চায়েত সমিতির সভাপতি সত্যভূষণ চক্রবর্তী এবং সেখানে কংগ্রেস(ই)র নেতা শ্রী বিরাজ সরকার যাদের এই জমির উপর কোপ রয়েছে যারা যোগ সাজসে একসঙ্গে মিলিত হয়ে একই ভূমিকা নিয়েছেন। সেখানে কৃষি এলাকার জমি কৃষকের হাতে গিয়ে যাতে উৎপাদন বাড়ায় তার থেকে বঞ্চিত করার চেষ্টা করছেন। এদিকে আমাদের অবশ্য লক্ষ্য রাখা দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে কৃষির হিসাবের যে বই দেওয়া হয়েছে, তার দুই এবং তিন পৃষ্ঠায় যে হিসাব দেখানো হয়েছে, তাতে দেখা যাচ্ছে যে কৃষি উৎপাদন বছর বছর বাড়ছে এবং বামফ্রন্ট সরকারের কৃষিনীতির মূল লক্ষ্যটা হচ্ছে, সেখানে কৃষক সম্প্রদায়ের সামাজিক অর্থনৈতিক মানোন্নয়নের দিকটা যেটা উপেক্ষিত হচ্ছে গত তিন দশক ধরে ঐ কংগ্রেস রাজত্বের জমানায় তার থেকে তাদেরকে টেনে তোলবার জন্য, তাদের যে দারিদ্র সীমারেখার নিচে ক্রমান্বয়ে পাঠিয়ে দেওয়া হয়েছে শতকরা ৬৬ ভাগ লোককে—তার থেকে সেখানে যখন কর্মসংস্থান নির্ভর করছে ৬০ শতাংশ লোকের—তাদেরকে একটা স্বস্তির নিঃশ্বাস ফেলার ব্যবস্থা নেওয়া হয়েছে, এবং সেই হিসাবটা দেখানো হয়েছে। তার থেকে দেখা যাচ্ছে, ইকনমিক রিভিউর অ্যাপেনডিক্সের ৩৪ পৃষ্ঠায় ৫নং টেবিলে, উৎপাদন কমেছে ১৪.৭২ টন, ধান চালের—ইকনমিক রিভিউর ৬১ পৃষ্ঠায় অ্যাপেনডিক্স ৬১ তে দেখা যাচ্ছে যে পাট সহ তন্তুজাত জিনিসের উৎপাদন কমেছে ৩২৪.০, আরও দেখা যাচ্ছে আলু কমেছে ৪৪৯.৬ হাজার টন এবং অন্যান্য খারিফ শস্য, তারও উৎপাদন কমে গেছে। ইকনমিক রিভিউতে আবার অন্য চিত্রও এখানে দেখান হয়েছে, বাজেট বইয়ের ২/৩ পৃষ্ঠা যার মধ্যে দিয়ে আমাদের এটাই অনুমিত হয় যে যাঁরা হিসাবের বই আমাদের সামনে উদ্ঘাটন করেছেন তাঁদের কিছু কিছু সন্তুষ্ট করার জন্য ঠিক শাঁখের করাতের মতো আমাদের দুদিক দিয়েই আমাদের কাটতে চাইছেন এবং আমাদের জগৎটাকেও বোকা বানাতে চেষ্টা করছেন। সুতরাং এই যে হিসেব, এই হিসেবের কারচুপির দিকে নজর দিতে হবে যদি কৃষি এবং কৃষককে

বাঁচাতে হয়। আজকে কৃষক বাঁচলে একটা দেশ বাঁচবে। আজকে মরোম্মুখ সমাজের একচেটিয়া পুঁজিপতিদের যে সামন্ততান্ত্রিক শোষণ সেই শোষণের হাত থেকে কৃষককে বাঁচাবার জন্য একটা প্রচেষ্টা নিতে হবে। আজকে যখন কৃষককে স্বয়ংসম্পূর্ণভাবে কাজ করার দায় দায়িত্ব এই রাজ্য সরকারের হাতে বর্তেছে, তখন ঐ হিসেবের কারচুপির দিকে খেয়াল রাখার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আরও দেখুন, ইকনমিক রিভিউতে দেখা যাচ্ছে যে, সেখানেতে কৃষকের যে পণ্য মূল্য সেই পণ্যমূল্য অভাব জনিত সময়ে সরকারি যে দাম করা আছে তাতে তাদের ৫০ পয়সা লোকসান হয় এবং সেখানে এই যে ব্যবস্থাটা আছে সেই ব্যবস্থার মধ্যে দিয়ে তাদের দাম পাওয়াটাকে গ্যারান্টি যুক্ত করা হচ্ছে না। কারণ সরকারের যে বিপনন জায়গা সেখানে গেলে কৃষককে হয়রান হতে হয়, এ দিকে এমন ব্যবস্থা রয়েছে যে কৃষককে এই ব্যবস্থায় স্বীকার হতে বাধ্য হতে হয়। তারপর বর্গাদারের কৃষিঋণের কথা আছে, ক্ষেতমজুরদের অনুদানের কথা আছে, কৃষিঋণ মকুবের কথা আছে। কৃষিঋণের সঙ্গে সমবায়ে যারা যুক্ত আছে তারা ঋণ পাচ্ছে কিন্তু যারা যুক্ত নয় তারা কৃষিঋণ নিতে পারছে না, আবার যারা রসিদ নিয়ে ডিফলটার হয়ে গেছে তারা কৃষিঋণ পাচ্ছে না সেইজন্য তারাও যাতে সমপরিমাণ কৃষিঋণ পেতে পারে এবং সমবায় ঋণ থেকে মুক্ত হতে পারে সেইজন্য কৃষিমন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব। তিনি তাঁদের এই ব্যবস্থাকে কৃষকদের কাছে আরও সম্প্রসারিত করুন। সমবায় প্রকল্পের দ্বারা যারা শ্যালো টিউবওয়েল বসিয়েছে তাদের ভর্তুকী দেওয়া বন্ধ হয়ে গেল, অন্যান্য যারা বসিয়েছে তাদের শ্যালো টিওবওয়েল, টিউবওয়েলের জন্য দেড় হাজার টাকা করে সাবসিডি দেওয়া হচ্ছে। স্টেট ট্রেডিংয়ে যেখানে ঐ প্রাইস কন্ট্রোল কমিশন রাজ্যসরকার-পাটচাষী, তৈলবীজ চাষী এবং অন্যান্য অবস্থার কৃষককে যে মারার ব্যবস্থা হয়েছিল এই সব করে তাদের বাঁচাবার ব্যবস্থা করছেন এবং তাদের বাঁচাবার জন্যই ফুড কর্পোরেশনকে হাতে নেওয়ার চেষ্টা করছেন। এখানে রাজ্যসরকারের বাণিজ্যিক ব্যাঙ্ক, খোলবার চেষ্টা করছেন। আমাদের স্টেট ও প্রাইস কন্ট্রোল কমিশন বা প্রাইস কমিশন বসাবার প্রযোজন আছে বলে আমরা মনে করি এবং এ প্রস্তাব আমি সরকারের কাছে রাখতে চাই। এখানে আমি একথা বলতে চাই যে কৃষককে প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হোক, ঋণ হলেও ঋণের ফাঁস থেকে তারা মুক্ত হতে পারে না। ঋণের ভার থেকে যাতে তারা মুক্ত হতে পারে সেজন্য যৌথ খামারের ব্যবস্থা গড়ে তোলার জন্য সমবায় ব্যবস্থার মধ্যে দিয়ে চেষ্টা করতে হবে। ফ্র্যাগমেনটেশন থাকলে সমস্যার সমাধান হবে না। বাস্তবানুগ দৃষ্টি দিয়ে যাতে পদক্ষেপ নিতে পারা যায় সেই প্রচেষ্টা নিতে অনুরোধ করছি। আমি সর্বশেষে একটা সাজেশন রাখছি সুন্দরবন এলাকা গড়ে তোলার ব্যাপারে সেখানকার সমস্ত এম.পি., এম.এল.এ. যুক্ত হয়েছেন, কিন্তু আমাদের রেণুপদ বাবুর যে এলাকা পড়েছে তিনি যুক্ত হতে পারছেন না, তাঁকে যুক্ত করে নিলে—সবার মত নেওয়ার যে সুযোগ সৃষ্টি করেছেন সেদিক থেকে আরও ভাল হবে এবং সেটা যেন এখনই নেওয়া হয় এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ন্যাথেনিয়েল মুর্মু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী এবং সুন্দরবন উন্নয়নবিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন আমি সে ২টি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই প্রসঙ্গে কৃষি দপ্তরের কাজ সম্পর্কে অনেক কথা

উঠেছে। আমি সর্ব প্রথমে কৃষি মন্ত্রীকে আমার এলাকার চাষীদের তরফ থেকে অভিনন্দন জানাচ্ছি বিশেষ করে একটি কারণে এবং সেটা আমি সেখানকার কৃষকদের যে ভাষা সেটাই ব্যবহার করছি। একজন বৃদ্ধ এসে আমাকে বললেন আমরা কৃষকরা নাকি পেনসন পাব এবং কৃষি মন্ত্রী সেই পেনসন পাবার ব্যবস্থা করেছেন। যাদের বাঁচার কোনও আশা ছিল না তাদের জন্য পেনসন বা পেনসনের ব্যবস্থা করায় কৃষিমন্ত্রী, অভিনন্দন জানাচ্ছি। একটি বিষয়ে উল্লেখ করি আমরা তিন বছর ধরে আশা করেছিলাম সেটা হচ্ছে জরুরি অবস্থার সময় কংগ্রেস সরকার যখন গদীতে ছিলেন সেই সময় কিছু স্বার্থান্বেষী লোকের স্বার্থে জোড় করে স্যালো টিউবওয়েল পাম্প সেটগুলি বিভিন্ন জায়গায় বিক্রি করবার চেষ্টা করা হয়েছে। আমার এলাকায় পাম্প সেট বোরিং এর কাজগুলি করানো হয় কন্ট্রাক্টরকে দিয়ে। কন্ট্রাক্টরের সঙ্গে কংগ্রেসের একটা যোগ সাজস ছিল বলেই জোর করে এটা তারা চালু করেছিলেন যার ফলে পাম্প সেট খুব বিক্রি হয়েছিল। আমার এলাকায় কর্দ গ্রাম পঞ্চায়েতের মধ্যে স্যালো পাম্প সেট জোড় করে বসানো হয়েছিল সেখানকার মানুষকে মিশায় ভয় দেখিয়ে এটা করানো হয়। মন্ত্রী মহাশয়কে বলছি এর ফলে সমস্ত মটর সেখানে বসানো হয়েছিল সেগুলি কালিয়াচক থেকে খড়ের গাড়ি করে নিয়ে যাওয়া হয়েছিল এবং সেগুলি আজ পর্যন্ত রিপেয়ার হয়নি। অথচ এর জন্য যে তার সুদ বছর বছর বাড়ছে। কিন্তু তাদের মাল ক্রোক করার জন্য নোটিশ দেওয়া হচ্ছে। মন্ত্রী মহাশয় বলছেন জোর করে সেচ যন্ত্রপাতি বসানোর জন্যও যদি ঋণ আদায় করা হয় তাহলে তা তিনি অনুসন্ধান করে বিবেচনা করবেন। সেজন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। পাটের দাম সম্পর্কে বলব আমাদের একজন অন্যতম নেতা জনতা সরকারের আমলে, নেতৃত্বে যে কমিটি গঠন হয়েছিল—জ্যোতির্ময় বসুর নেতৃত্বে তারা সুপারিশ করেছিলেন পাটের ন্যায্য মূল্য এইরকম করা উচিত। অর্থাৎ যেটা এখন চালু আছে তার চেয়ে বেশি হবে। মন্ত্রীমশায়, চেষ্টা করেছিলেন যাতে চাষীদের একটু মূল্য দেওয়া যায় কিন্তু সেটা তিনি পারেননি। কারণ জুট কর্পোরেশন পাট কিনছে না। সেজন্য বলছি পশ্চিমবাংলার জন্য জুট কর্পোরেশন করা যায় কিনা সেটা আপনাকে চিন্তা করতে হবে। কিন্তু এতেও সমস্যার সমাধান হবেনা যদি আই. জে. এম.এ. পাট না কেনে এবং তাহলে কোটি কোটি টাকা সেখানে আটকে থাকবে। সুতরাং চাষীদের পাটের ন্যায্য মূল্য দেওয়ার প্রশ্নে পাটকলগুলি জাতীয়করণ করবার প্রশ্ন এসে যাবে। কমলবাবু গতকাল একই কথা বলেছিলেন। সুতরাং পাটের ন্যায্য মূল্য দিতে গেলে পাট কলগুলিকে জাতীয়করণ করবার প্রশ্ন নিয়ে যদি আপনি আন্দোলন করেন তাহলে আমরা আপনার সঙ্গে থাকবো। তারপর আপনি কি কীটনাশক ঔষধের ব্যবস্থা করে খুবই ভালো কাজ করেছেন। এখানে আমি আরেকটা ঔষধের কথা বলব সেটা হচ্ছে ডলোমাইট। একটা মাটিকে যদি শোধন করতে হয় তাহলে ডলোমাইটের খুব প্রয়োজন আছে। অথচ এর যোগান পশ্চিমবঙ্গে খুবই কম। এর যোগান কিভাবে করবেন

[4-55 — 5-05 p.m.]

সে বিষয়ে আমরা আপনাকে সহযোগিতা করতে পারি। ভালো কাজ করতে গিয়ে অনেক খারাপ কাজ হয়ে যায় সে বিষয়ে আমি একটা কথা বলব। ফসল বৃদ্ধি করতে গিয়ে কীটনাশক ঔষধপত্র দিয়ে যে আপনি কীট তাড়িয়েছেন কিন্তু এই কাজ করতে গিয়ে গ্রামবাংলার

গরিব মানুষরা আর মাছ খেতে পাচ্ছে না। ধানের জমিতে এই ঔষধ এত বেশি পরিমাণে দেওয়া হচ্ছে যার ফলে সমস্ত মাছ শেষ হয়ে গেছে। শুধু কৃষিতে চলে না বলে অনেকে হাঁস, মুরগিও পালন করেন। কিন্তু তাদের হাঁস যদি হঠাৎ একবার মাঠে চলে যায় তাহলে সে মারা যায়। সেইজন্য বলছি ধানের জমিতে এই ঔষধ দেওয়া হবে কিন্তু মাছ, হাঁস, মুরগি মরবে না এ বিষয়ে একটা গবেষণা করা উচিত। ওঁর বক্তৃতায় কার্পাস চাষ সম্পর্কে কোনও কথা নেই। এই সম্পর্কে কংগ্রেস আমলে একটা পরিকল্পনা করা হয়েছিল এবং কার্পাস চাষীদের সঙ্গে সাত্তার সাহেবের একটা ছবিও তোলা হয়েছিল। এটা পশ্চিমবঙ্গে ভায়াবেল হবে কিনা সে সম্পর্কে সন্দেহ আছে। যাইহোক আপনি এটা বিবেচনা করে দেখবেন এবং অকারণে অর্থ ব্যয় করবেন না। লোনা জলের চাষ সম্পর্কে আপনার বক্তৃতায় কিছু নেই। যদিও সেচমন্ত্রী বলেছেন লোনা জলে মাছ চাষের একটা পরিকল্পনা হচ্ছে এবং চিংড়ি ইত্যাদি অন্যান্য মাছ লোনা জলে চাষ করবার একটা গবেষণা চলছে। আগে যুক্তফ্রন্ট সরকারের আমলে এর একটা ব্যবস্থা করা হয়েছিল কিন্তু কংগ্রেস আমলে একে শিকেয় তুলে রাখা হয়। সুতরাং সেল্যাইন ওয়াটারে মাছ চাষ সম্পর্কে সেচ মন্ত্রীর দৃষ্টির আকর্ষণ করছি। এরপর আমি গ্রামাঞ্চলে গোচারন ভূমির কথা বলব। গ্রামাঞ্চলে বেশির ভাগ জমি চাষে পরিণত হয়েছে যার ফলে গরু মোষের চরার কোনও জায়গা নেই। ক্লাউড কমিশন এ বিষয়ে খুব জোর দিয়ে বলে গেছেন যে কৃষির উন্নতি করতে গেলে কৃষি কাজ যারা করে সেই গরু মোষেরও উন্নতি করা দরকার। কাজেই গোচারণ ক্ষেত্র যাতে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় করা যায় সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। আমাদের দেশে পাওয়ার টিলার বা ট্রাকটার কবে হবে জানিনা। কিন্তু গোচারণ ভূমি যাতে বিভিন্ন জায়গায় রাখা যায় তার চেষ্টা আপনি করুন। আর একটা কথা হচ্ছে কৃষিপণ্যের জন্য রেগুলেটেড মার্কেট আপনাকে বিভিন্ন জায়গায় করতে হবে। আপনি বলেছেন পঞ্চায়েত এই কাজ করছে ইকনোমিক রিভিউয়ের ২৪ পৃষ্ঠায় দেখছি আছে যে রেগুলেটেড মার্কেট করাবার চেষ্টা করছেন। এটা করলে ক্রমশ গ্রামীণ বাংলার মানুষের ভাল হবে। একটা বিরোধের কথা আপনাকে বলব যেটা হচ্ছে জেলায় জেলায় কৃষি বিভাগে সর্বোচ্চ কর্তা হচ্ছে প্রিন্সিপাল এগ্রিকালচার অফিসার। কিন্তু জেলায় যে সব কর্মচারিরা আছেন তাঁদের সকলের উপর তাঁর কর্তৃত্ব খাটে না। আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় যখন ডিস্ট্রিক্ট কোঅর্ডিনেশন কাউন্সিলের মিটিং হয়েছিল তখন সেখানে তিনি অসহায় ভাবে বলেছিলেন যে মাইনর ইরিগেশন এবং অ্যাগ্রো ইরিগেশনের চার্জে তিনি আছেন তাকে তিনি নির্দেশ দিতে পারেন না, তাঁর নির্দেশ আসে কলকাতা থেকে। আমরা তাঁর সঙ্গে কথাবার্তা বলে একটা পরিকল্পনা পেশ করি কিন্তু সেই পরিকল্পনা সেখানকার মাইনর ইরিগেশন বা অ্যাগ্রো ইরিগেশনের কর্মচারিরা বলেন যে এটা উপর থেকে না এলে কিছু করা যাবে না। সেইজন্য বলব যে প্রিন্সিপাল এগ্রিকালচার অফিসারকে এই ক্ষমতা দিন। এইকথা বলে আমি শেষ করছি।

**শ্রী নানুরাম রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সে সম্বন্ধে আমি দু-চারটি কথা বলতে চাই। মাননীয় কৃষিমন্ত্রী পশ্চিমবঙ্গের কৃষকদের প্রতি কি আবেদন রেখেছেন, সে সম্বন্ধে হ্যান্ডবিল ছেপে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমাদের কাছে পাঠিয়েছেন। তার মধ্যে উল্লেখ আছে, কৃষকরা যাতে ধানের ন্যায্য দাম পায় তা দিতে

সরকার দৃঢ়প্রতিজ্ঞ। আমি মাননীয় কৃষি মন্ত্রীর কাছে জানতে চাই যে, সত্যিই কি সরকার দৃঢ়প্রতিজ্ঞ? কারণ কৃষকরা তাদের ধানের ন্যায্য দাম পাচ্ছে কি পাচ্ছে না তা আপনারা ভাল ভাবেই জানেন। আপনারা জানেন, সরকারের ধান সংগ্রহ ডি.পি. এজেন্ট ছাড়া আর কেউই কিনতে পারেন না, কেউ নিজের সংসারের খরচার জন্য এককালীন এক কুইন্টালের বেশি ধান কিনতে পারেন না। কিন্তু একজন গৃহস্থের এক কুইন্টালেরও বেশি ধান প্রয়োজন হয়—সেটা সে কিনতে পারবে না? এটা কি বে-আইনি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** না, এরকম আইন নেই।

[5-15 — 5-25 p.m.]

**শ্রী নানুরাম রায় ঃ** আইন আপনারাই তৈরি করেছেন। আপনারাই স্বীকার করেছেন যে, আইনকে ফাঁকি দিয়ে ফড়েরা বেশি দামে ধান কিনে থাকে। কিন্তু আপনারা এ ঘটনা জানা সত্ত্বেও বিগত চার বছরে কি ব্যবস্থা নিয়েছেন? তাদের একজনকেও অ্যারেস্ট করেননি, একজনও জেল খাটছে না। তারা এই বামফ্রন্ট সরকারকে চাঁদা দিয়ে আপনাদের মুখ বন্ধ করে রেখেছে—এ ঘটনা আপনারা খুব ভাল করেই জানেন। কিন্তু মনে রাখবেন, কৃষকরা আপনাদের, আমাদের বিপদে, আপদে একমাত্র সহায়। এটা সাধারণ মানুষ জানেন যে, সরকার যখন আছেন, তখন বিপদের দিনে নিশ্চয় তারা সাহায্য পাবেন। কিন্তু ফড়েরা বেশি দামে তাদের উৎপন্ন ফসল কিনে নেয়, মজুত করে, তখন একজনকেও আপনারা শাস্তি দেন না। বিগত চার বছরের মধ্যে একজনকেও সে রকমভাবে কিছু করা হয়নি। আপনারা আইন তৈরি করেন, অথচ একজন অন্যায় করে চলেছে কিন্তু কিছু করতে পারেননি। আমাদের যে হ্যান্ড বিল পাঠানো হয়েছে তাতে আপনারা স্বীকার করেছেন যে সে ভাবে কোনও আইন নাকি নেই। যে ধান আমাদের এত উপকারে লাগে—ধান থেকে কি কি জিনিস তৈরি হয়ে থাকে তা বলছি। ধান থেকে হাইড্রোলিসিস্, তা থেকে ডালডা, সাবান এবং কেমিক্যাল তৈরি হয়। ধানের ব্রান থেকে ক্যাটল ফুড পাওয়া যায় এবং ট্রান্সপোর্ট মারফৎ তা বিভিন্ন জায়গাতে পাঠানো হয়ে থাকে। কাজেই ধান থেকে আমাদের বহু উপকার সাধিত হয়ে থাকে। জয়া ধানের ক্ষেত্রে সরকার থেকে বলা হয়েছে যে, ডিপ-টিউব-ওয়েল থেকে বা রিভার পাম্প থেকে তাদের নাকি জল দেওয়া হবে। কিন্তু কোনও জায়গাতে এইভাবে জল দেওয়ার ব্যবস্থা কার্যকর করা হয়নি। এর দ্বারা কি ধানের ফসলের উন্নতি ঘটানো সম্ভব? এর দ্বারা কি ফলন বাড়ানো সম্ভব? না, এর ফলে ক্রমান্বয়ে ধানের ফলন কমে যাবে। সরকারের এই কার্যকলাপ আমাদের কাছে অস্পষ্ট হয়ে আছে। ১৯৭৮ সালের সেপ্টেম্বরে যে বন্যা হয়েছিল তাতে আমার ওখানে বালি অঞ্চলে প্রচুর ক্ষয়-ক্ষতি ঘটেছিল, মাননীয় কৃষিমন্ত্রী সেখানে গিয়েছিলেন, তিনি দেখে এসেছিলেন যে জমিতে কিভাবে বালি পড়েছিল। তিনি তখন বলেছিলেন যে সরকারের পক্ষ থেকে সমস্ত ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্য করা হবে। কিন্তু ৪ বছরের মধ্যে একজনকেও জমির বালি তোলার ব্যাপারে কোনও উদ্যোগ নেওয়া হয়নি। কোনও কৃষককে তার জমি ফসল ফলাবার উপযোগী করে দেওয়া হয়নি। ফলে সেখানকার কৃষকরা আজকে হাহাকার করে বেড়াচ্ছে। কারণ তাদের কোনও বাড়তি টাকা নেই যার দ্বারা অন্য জমি

কিনতে পারে—তাদের সংসার অচল হয়ে পড়েছে। বোরো চাষের ব্যাপারে কোনও প্রকার রাসায়নিক সার, ইউরিয়া সময় মতো কোথাও দেওয়া হয়নি। এ খবর আপনারা খবরের কাগজের মাধ্যমে নিশ্চয়ই জানেন। ডিস্ট্রিক্টে যে কো-অর্ডিনেশন কমিটি আছেন, সেই কমিটির মধ্যে যাঁরা সদস্য আছেন, তাঁরা আমাদের কোনও বক্তব্যই শোনার প্রয়োজন বোধ করেন না। অথচ সরকারি মহল থেকে বলা হচ্ছে যে, এঁদের মাধ্যমে সব কাজ করা হবে। সেখানে আমরা শুধুমাত্র সই করে চলেছি, কাজ আমাদের কিছুই হচ্ছে না। গমের ব্যাপারে বলতে হয়, আজকে গমের উৎপাদন কমে যাচ্ছে কেন? তার কারণ হচ্ছে গমের উপযুক্ত মূল্য চাষীরা কোথাও পাচ্ছেন না, যার জন্য গমের চাষ ক্রমশ কমতে শুরু হয়েছে। আপনারা জানেন যে, গম বা ধান চাষের জন্য যে সবুজ সার দরকার হয়ে থাকে, বিগত সরকারের আমলে সেগুলি দেওয়া হত। বর্তমান সরকারের পক্ষ থেকে ধনচে বা বরবটি চাষ করার জন্য পঞ্চায়েত বা ব্লক অফিস থেকে কোনও উদ্যোগ আছে বলে আমাদের চোখে পড়ে না এবং কোথাও দেওয়া হচ্ছে বলে কোনও সংবাদও আমরা পাই না। আর একটি বক্তব্য হচ্ছে হুগলি জেলায় প্রচুর পরিমাণে স্টোর আছে এবং আলু চাষীও সেখানে প্রচুর পরিমাণে আছে। এবার সরকার ৩০ হাজার মেট্রিক টন আলু কিনবেন বলেছেন। কিন্তু কত কিনেছেন তা জানি না। আমি জানাচ্ছি যে আমাদের জেলায় প্রচুর বৃষ্টির ফলে আলু চাষের ক্ষতি হওয়ায় আলু চাষীদের অনেকে ঋণের জন্য আত্মহত্যা করেছে। সেই সব চাষীদের রক্ষা করার কোনও ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি না। অথচ আমরা দেখছি বিশেষ করে আমাদের জেলার কৃষকরা ঋণের জন্য ছটফট করছে। যেখানে খুব বেশি সংখ্যক কৃষক আছে সেখানে রাস্তাঘাটের খুব প্রয়োজন। কারণ ফসল আনতে গিয়ে যদি খুব খরচ হয় তাহলে কৃষক বাঁচবে কি করে? আখ চাষ আমাদের বিশেষ প্রয়োজন। কারণ জন্মের দিন থেকেই আমাদের আখের প্রয়োজন হয় এইজন্য যে আখ থেকে চিনি তৈরি হয়। কিন্তু বর্তমানে এতে কোনও লাভ নেই বলে চাষীরা এই চাষ ছেড়ে দিচ্ছে। গত বার আখ চাষ করার জন্য কৃষি দপ্তর খুব তৎপর হয়েছিলেন। এবার কি তারা করছেন তা আমরা জানি না। আখ থেকে চিনি তৈরি হয় বলে এখানে কয়েকটি সুগার মিল করা দরকার। আমার মনে হয় কোনও ব্লকের মাধ্যমে বা পঞ্চায়েতের মাধ্যমে এই কাজ করা উচিত যাতে আখ চাষ আমাদের দেশে প্রচুর পরিমাণে হয়। পান চাষীদের কথা আমি কয়েক দিন আগেই বলেছিলাম। এমন অনেক চাষী আছে যারা পানের উপর নির্ভর করেই থাকে। কিন্তু সরকার সেদিকে কোনও দৃষ্টি দেন না। কয়েকদিন আগে কাগজে দেখলাম সরকার এর জন্য কিছু কিছু ব্যবস্থা করবেন। কিন্তু অধিকাংশ চাষী মার খেয়ে যাচ্ছে। হুগলি জেলার কয়েকটি থানায় পান চাষ হয়। তাদের দিকে আপনাদের লক্ষ্য রাখা উচিত। আপনি জানেন আমাদের দেশে অনেক চাষী ফুল চাষ করে। আমাদের হলে ফুল মরলে ফুল লাগে। এদিকে দৃষ্টি দেওয়া উচিত। আর একটি বিষয় দৃষ্টি দেওয়া উচিত যেটা গরিব মানুষের বিশেষ প্রয়োজন তা হল সয়াবিন। এর থেকে দুধ ছানা তৈরি হয়। আগের সরকারের আমলে দেখেছি কৃষকদের মধ্যে উৎসাহ সৃষ্টির জন্য সরকার থেকে বীজ দেওয়া হত। কিন্তু বর্তমানে সরকারের সে রকম কোনও ব্যবস্থা দেখছি না। কলা পেঁপে আমাদের হুগলি জেলায় খুব তৈরি হয় এবং এই জন্য খুব বেশি জমি দরকার হয় না। অন্যান্য রাজ্য থেকে এই জিনিস আমাদের দেশে আসে। অথচ সরকার এর উপর কোনও লক্ষ্যই দিচ্ছেন না। আর একটা জিনিস হচ্ছে কৃষির সঙ্গে সেচ দপ্তরের সম্পর্ক অধিকাংশ জায়গায় আমরা দেখছি না। ধান

পাকার মুখে ডি.ভি.সি থেকে জল পাওয়া যায় না। সেইজন্য বলছি সেচ এবং কৃষি বিভাগের সহযোগিতায় জল দেবার ব্যবস্থা থাকা উচিত। আর একটি কথা ছিল টিউবওয়েল সম্পর্কে বলব। ডিপ টিউবওয়েল সম্পর্কে অধিকাংশ জায়গায় দেখেছি রাত্রের অন্ধকারে চাষীদের সঙ্গে যোগসাজস করে জল দেওয়া হয়। অর্থাৎ যেসব চাষী পয়সা দিতে পারে না তারা জল পায় না এবং তাদের বলা হয় যে মেশিন খারাপ আছে। এই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আর একটি ছোট কথা বলে আমার বক্তব্য শেষ করছি—কৃষকের কৃষি, কৃষির কৃষক তাই তো মন্ত্রী মহাশয়ের শোক। উন্নতি করবেন বলে জনসভায় মন্ত্রী মহাশয়রা বার বার বিবৃতি পাঠ করছেন। পাঁচটা বাজেটে পাঁচবার তাঁরা বললেন যে ফলন বেশি হয়েছে। কিন্তু ভোগ করবে কে? না, ঐ মাসি পিসি। সুতরাং কৃষি মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে তিনি পেনসন এবং কৃষি ঋণ মকুব করেছেন যা আমরা নীতিগতভাবে সমর্থন করছি। কিন্তু যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা পাঁচ বছরে তারা অপচয় করেছেন তার জন্য এই বাজেট আমি সমর্থন করতে পারছি না।

ডিপ টিউবওয়েল, রিভার লিফট, এবং পাম্পের যারা কর্তা তারা রাতের অন্ধকারে চাষীদের সঙ্গে যোগসাজস করে পয়সা নেয় এবং যারা পয়সা দেয়না তাদের জল দেয়না, বলে মেশিন খারাপ। অধিকাংশ ক্ষেত্রেই দেখেছি যারা পয়সা দিতে পারবে তারাই জল পাবে যাদের পয়সা নেই তারা জল পাবে না। মাননীয় স্পিকার মহাশয়, আমি নিজে একটি পদ্য লিখেছি সেটি পড়ে বক্তব্য শেষ করছি।

'কৃষকের কৃষি, কৃষির কৃষক।
তাইতো মাননীয় মন্ত্রী মহাশয়ের শোক
উন্নতি করব, বলে জনসভায় মন্ত্রিসভায় বার বার,
বিধানসভায় পাস করেছে বাজেট পাঁচ বার।
ফলন বেশি, ভোগ করবে মাসী পিসী,
তাইতো বাজেটের ভাবধারা বাঁচিয়ে রেখো আগামী বিরাশী'

কৃষকদের পেনশন এবং কৃষিঋণ মকুব প্রভৃতি যেসব কাজ করেছেন তার জন্য আমি আপনাদের সমর্থন করছি। কিন্তু এই যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা বরাদ্দ করেছেন তাতে গত ৫ বছর ধরে যেভাবে তারা অপচয় করেছেন অর্থের, তার জন্য আমি বাজেট সমর্থন করতে পারছি না।

**শ্রী হবিবুর রহমানঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি মন্ত্রী ব্যয় বরাদ্দ পেশ করেছেন এবং যে বাজেট ভাষণ রেখেছেন সেটা শুনে এবং পড়ে আমার মনে হচ্ছে ভুল তথ্য দিয়ে মানুষকে ধোঁকা দিয়েছেন। সাধারণ বাজেট আলোচনার সময় আমি যখন একটি কথা বলছিলাম সেটি শুনে কমলবাবু তখন হেসেছিলেন। আমি কমলবাবুকে বলেছিলাম—বাজেটে এই যে ঋণ মকুব করা হয়েছে, তাতে আপনার দাদাদেরই লাভ হবে, তাতে আপনাদের কিছু হবে না। আমি একটি উদাহরণ দেব এই ব্যাপারে। আপনারা যে পাম্প সেট দিয়েছেন একটি করে পঞ্চায়েতকে সেটা প্রান্তিক চাষী এবং ক্ষুদ্র চাষীরা শুধু তেল মবিল দিয়ে বিনা ভাড়ায় ব্যবহার

করবে এই রকম কথা হয়েছে। রঘুনাথপুর এক নম্বর ব্লকে যে পাম্প সেটটি গেছে সেখানে রেজোলিউশন করা হয়েছে এটা পঞ্চায়েত অধীনেই থাকুক। কিন্তু কার্যতঃ দেখা যাচ্ছে সেই পাম্প সেটটি পঞ্চায়েত সমিতির সহ সভাপতির বাড়িতে চলে গেছে গত ২৮/১/৮০ তারিখে। তারপর পঞ্চায়েত সমিতির যে সভাপতি যিনি আপনার দাদাদের দলের লোক, তার বাড়িতে চলে গেছে এবং ছোট চাষী, ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী তারা সেটি ব্যবহার করতে পারল না। তারপরে মিনি কিট সম্বন্ধে আপনি বলেছেন এত লক্ষ প্যাকেট দিয়েছেন, আপনি বুকে হাত দিয়ে বলুনতো এই সমস্ত প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীকে মিনি কিট দিয়েছেন, সেটা তাদের হাতে গিয়ে পৌঁছেছে কিনা? আমি জানি শতকরা ৭০ ভাগ মিনি কিট যাদের ১৪ পুরুষে কেউ জমি চাষ করেনা, যারা আপনার দাদাদের দলের লোক তাদের হাতে গিয়ে পৌঁছেছে। এই

[5-25 — 5-35 p.m.]

মিনিকিট ব্যাপারে জানেন কি হয়? আপনারা এ ই ও অফিসার আছেন। যেসব ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী আছে তাদের তালিকা প্রস্তুত করার দায়িত্ব সেই এ ই ও-কে আপনি দিয়েছিলেন। কিন্তু আপনি খোঁজ নিয়ে দেখবেন আপনার জি. ও ঐ ফাইলের মধ্যেই আছে তা কার্যকর হয়নি। পঞ্চায়েতের যারা কর্তা তারাই রেজলিউশন করে তালিকা প্রস্তুত করেন এ ই ও বা কোনও সরকারি কর্মচারীর সেই তালিকা প্রস্তুত করার কোনও সুযোগ নেই। আপনার জি ও সেই ফাইলের মধ্যেই আছে তিনি শুধু কেবল একটা অনুমোদন দেন। সেখানে ঐ দাদারাই তালিকা তৈরি করছেন—তারাই মিনিকিট দিচ্ছেন সার দিচ্ছেন বীজ দিচ্ছেন কৃষি লোনের ব্যবস্থা করে দিচ্ছেন সেই ক্যাডাররাই। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি আপনি একটা তদন্ত কমিটি করুন। এই যে লক্ষ লক্ষ টাকা মিনিকিট দিয়েছেন এগ্রিকালচারাল লোন দিয়েছেন তা কি প্রকৃতপক্ষে ক্ষুদ্র প্রান্তিক চাষীরা পেয়েছে? তা সবই ঐ দাদাদের ঘরে চলে গেছে দোকানে বিক্রি হয়েছে। আপনি এর সঠিক উত্তর দেবেন নেগেটিভ উত্তর দিয়ে এড়িয়ে যাবেন না—এ কথা কাগজে বেরিয়েছে। শুধু তাই নয়, সেই পঞ্চায়েতের সভাপতির আত্মীয়স্বজনের নামে ২৪ হাজার টাকার কৃষি ঋণ পাইয়ে দিয়েছেন—তিন চার জন আত্মীয়ের নামে এই কাজ করা হয়েছে, অথচ তারা ৬।৭ একর জমির মালিক। সভাপতি হচ্ছে একজন বড় জোতদার তিনি স্বনামে বেনামে প্রায় ১০০ বিঘা জমি লুকিয়ে রেখেছেন এবং এরাই হচ্ছে মেহনতি মানুষের নেতা। এইভাবে আজকে ক্ষুদ্র প্রান্তিক চাষীদের বঞ্চিত করা হচ্ছে। এই হল বাস্তব চিত্র। আমি চ্যালেঞ্জ করছি আপনি আমার কথা অসত্য প্রমাণ করতে পারবেন না। কৃষি ঋণ মকুব করে আজকে মানুষকে ভিখারি সাজাচ্ছেন। আপনাদের ব্যর্থতা প্রমাণ করে দিয়েছে আপনারা কি কাজ করেছেন। একদিকে বলছেন কৃষকের চরম উন্নতি করেছেন তাদের সামাজিক আর্থিক উন্নতি সাধন করেছেন আবার অন্য দিকে তাদের কৃষি ঋণ মকুব করছেন। এই দুই উক্তি বিপরীতমুখী। কৃষকদের এমন অবস্থার সৃষ্টি করতে পারলেন এমন যোগ্যতার সৃষ্টি করতে পারলেন না যে তারা নিজেরা এই সব কৃষি ঋণ পরিশোধ করতে পারে। নির্বাচনের প্রাককালে এই একটা সিদ্ধান্ত নিয়ে মানুষকে বিভ্রান্তের মধ্যে নিয়ে গেছেন। ফরাক্কার ফিডার ক্যানেল চালু করে ভাগীরথীর নাব্যতা স্থায়ী হওয়ায় সারা পশ্চিমবাংলার উন্নতি সাধন হয়েছে এবং কলকাতা বন্দরের আয় বেড়েছে। নদীর জল উত্তোলনের মাধ্যমে হাজার হাজার বিঘা

জমি সেচ পাচ্ছেন হাজার হাজার চাষীর মুখে হাসি ফুটে উঠেছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি কৃষি মন্ত্রীকে মুর্শিদাবাদ জঙ্গীপুর মহকুমার, রঘুনাথপুর সাগরদীঘি, সুতী সামসেরগঞ্জ ফারাক্কা প্রভৃতি জায়গায় হাজার হাজার একর চাষের জমি স্থায়ীভাবে জলমগ্ন থাকার ফলে হাজার হাজার চাষী আজকে মাথায় হাত দিয়ে বসেছে। তাদের গরু ছাগল বিক্রি করেও রেহাই নেই তারা ভিটে মাটি থেকে উচ্ছেদ হতে চলেছে। তাদের ক্ষতিপূরণ দেবার কথা আপনি ভাবছেন কিনা। তাদের আর্থিক উন্নতির কথা আপনি চিন্তা করবেন কিনা সেইটাই আমি জানতে চাই।

অতীতে কংগ্রেস সরকার যে সমস্ত কাজগুলি করেছেন সেগুলি আপনাকে স্বীকার করতেই হবে। আপনি কি অস্বীকার করতে পারেন কমলবাবু বিগত কংগ্রেস সরকারের কাজগুলিকে? আপনারা ৪ বছরে কি করেছেন সে ফিরিস্তি আপনি দিতে পারেন নি কিন্তু বিগত কংগ্রেস সরকার কি করেছেন সে ফিরিস্তি আমি দিতে পারি। কংগ্রেস সরকারের আমলে অগভীর নলকূপ হয়েছে ২৯ হাজার ৩৪৭টি, গভীর নলকূপ ৬৩৬টি, জলউত্তোলন সেচ প্রকল্প ১ হাজার ৬৬১টি, পাম্পসেট বন্টন করেছেন ২৩ হাজার ৫৮৫টি। শুধু তাই নয়, ২০ দফা কর্মসূচি যা গ্রহণ করেছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী ভারতবর্ষের মানুষের অর্থনৈতিক অবস্থার পুনরুজ্জীবনের জন্য সেই ২০ দফা কর্মসূচিতে যে সব কাজ হয়েছে—যেগুলি আগে বললাম সেগুলি বাদে—তা হচ্ছে, ৪ হাজার ৮০০টি অগভীর নলকূপ করার প্রকল্প নেওয়া হয়েছিল, ৭৫টি গভীর নলকূপ করার প্রকল্প নেওয়া হয়েছিল। সেগুলি বাস্তবায়িত হলে কংগ্রেস আমলের কাজের সংখ্যাটা হচ্ছে অগভীর নলকূপ ৪৪ হাজার ১৪৭টি, গভীর নলকূপ ৭১১টি। এই যেখানে অবস্থা সেখানে আপনারা ৪ বছরে কিছুই করতে পারেন নি। তা ছাড়া আপনি সব ভুল তথ্য পরিবেশন করেছেন। আপনি বলেছেন, ১২ লক্ষ টন গম উৎপাদন করবেন—কি করে এটা সম্ভব? আপনি বলেছেন, ১৯৮০/৮১ সালে অনুমিত গম উৎপাদন হবে ১২ লক্ষ টন। এই বইটা আপনার মেশিনারী তৈরি করেছে, এতে দেখছি আপনি বলছেন, ১৯৭৬/৭৭ সালে গম উৎপাদন হয়েছিল ১০.৫২ লক্ষ মেট্রিক টন, ১৯৭৯/৮০ সালে হল ৭.৮৫ লক্ষ মেট্রিক টন-কমে গেল। আপনাদের কৃষকদরদী কার্যকলাপের ফলে সেখানে গম উৎপাদন কমে গেল। আপনি বলেছেন, ১৯৮০/৮১ সালে ১২ লক্ষ টন হবে, এটা কি করে হতে পারে? এই রকম ভুল তথ্য আপনি অনেক দিয়েছেন। কংগ্রেস আমলে যেটা হয়েছিল সেটাও আপনারা করতে পারেন নি। স্যার, চাষের কথা বলতে গিয়ে আমি প্রথমেই বলব, চাষের উন্নতি করতে গেলে সর্বপ্রথম দরকার সেচের জলের। যদি জল পায় তাহলে চাষী কঠিন পরিশ্রম করে জমিতে তিনটে ফসল ফলাতে পারে। এর পর দরকার উন্নত মানের বীজ এবং সারের। উন্নত মানের বীজ কোটি কোটি টাকা দিয়ে হরিয়ানা থেকে আনা যেতে পারে, পাঞ্জাব থেকে ডালের বীজ আনা যেতে পারে কিন্তু সেচের জল আনা যায় না। সেইজন্যই আমরা দেখেছি কংগ্রেসের আমলে সেচের উপর গুরুত্ব দেওয়া হয়েছিল। তারপর কৃষি খামার করে উন্নতমানের বীজের জন্য চেষ্টা করা হয়েছিল। স্যার, আজকে বিদ্যুতের অভাবে সব বন্ধ হতে বসেছে। কংগ্রেস সরকার বাস্তব চিন্তা ধারা নিয়েই এই সমস্ত

[5-35 — 5-45 p.m.]

কাজগুলি করেছিলেন। সেচ প্রকল্পকে বাস্তবে রূপ দেবার জন্য তারা চেষ্টা করেছেন। উন্নত

মানের বীজের জন্য সীড কর্পোরেশন করা হয়েছিল। ব্লকে ব্লকে কৃষি খামার কংগ্রেস সরকারই তৈরি করেছিলেন। সারের কারখানা কংগ্রেস সরকারই তৈরি করেছেন। আপনারা সেগুলি অকেজো করতে চলেছেন। আমি যদি তর্কের খাতিরে ধরে নেই যে আপনারা সেচ দিলেন, সীড কর্পোরেশন থেকে উন্নত মানের বীজ দিলেন, হাজার হাজার মেট্রিক টন সার দিলেন, কিন্তু জমির মালিক যে চাষী, সে যদি উৎপাদিত ফসলের উপর নিজের স্বত্ব কায়েম করতে না পারে তাহলে তার চাষে মন থাকবে? আজকে বর্গা অপারেশনের নামে চাষীদের মধ্যে একটা সন্ত্রাস সৃষ্টি করছে। এই খবর কি আপনি রাখেন? আজকে বর্গা অপারেশনের নামে কমরেডরা দালালি শুরু করে দিয়েছেন। যে জমি চেনেনা, লাঙ্গল কাকে বলে জানেনা, লাঙ্গলের কোন দিকে গরু লাগাতে হয় সেটাও জানেনা, তাদের নামে বর্গা রেকর্ড করে প্রকৃত চাষীকে বঞ্চিত করা হচ্ছে। এখানে হাফিজুর রহমান সাহেব বলেছেন, একজন চাষী হাড় ভাঙ্গা পরিশ্রম করে, মাথার ঘাম পায়ে ফেলে, জল সেচ দিয়ে, উন্নত মানের বীজ দিয়ে·সে ফসল উৎপন্ন করছে, আর আপনাদের কমরেডদের অত্যাচারের ফলে এগুলি লুঠ হয়ে যাচ্ছে, জমি থেকে ফসল কেটে নিয়ে যাচ্ছে। কমলবাবু, আপনি বুকে হাত দিয়ে ভেবে দেখুন তো, আজকে চাষীর ফসল যদি এই রকম ভাবে লুঠ হয়ে যায় তাহলে কেন চাষীর ফসল উৎপন্ন করায় উৎসাহ থাকবে? আজকে প্রকৃত চাষী যে বর্গায় চাষ করে তাকে উচ্ছেদ করে যদি একজন অচাষীকে বর্গায় বসাতে যান তাহলে সেখানে কোনও ফসল হবে? আপনারা আইন করছেন, আমি সেদিন প্রশ্নোত্তরের সময়ে বিনয়বাবুকে বলেছিলাম যে আপনাদের হাতে ভেস্টেড ল্যান্ড বর্তাবে, কিন্তু জমি বন্টন হবে কি ভাবে? এক হেক্টরের বেশি লোকের হাতে থাকবে না। এক হেক্টর জমিতে একখানা লাঙ্গল চলবে না। এক হেক্টর জমি সে নিজে হাতে চাষ না করলে সেই জমি থাকবে না। আজকে সে জন্য জমি চাষ হচ্ছে না। আমি আপনাকে প্রস্তাব দিচ্ছি, আপনি এটা দেখবেন। কারণ ভেস্টেড ল্যান্ড যা আছে, এক হেক্টর জমি নিয়ে না সে নিজে লাঙ্গল করতে পারবে, না হায়ার করে চাষ করতে পারবে। সে জন্য আপনাকে বলছি, আপনি যদি কো-অপারেটিভ করতে পারেন, ল্যান্ডলেস এগ্রিকালচারাল লেবারদের মধ্যে কো-অপারেটিভ করে তাদের দিতে পারেন তাহলে তারা সেখানে সার, সেচ, বীজ ইত্যাদি দিয়ে চাষ করতে পারবে এবং ফসলও বৃদ্ধি পাবে, দেশের খাদ্য বৃদ্ধি হবে এবং উন্নতি হবে এবং স্বাচ্ছন্দতা আসবে। আপনার ভুল তথ্যে ভরা দাবিকে সমর্থন করা যায় না, সেজন্য আমি দুঃখিত, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রঞ্জিত মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে বিভাগীয় মন্ত্রী মহাশয় যে বরাদ্দের প্রস্তাব এখানে পেশ করেছেন, তাকে সমর্থন করছি। আমাদের পশ্চিমবাংলায় প্রতিদিন একজন মানুষকে যদি ৪শত থেকে ৫শত গ্রাম খাদ্য দিতে হয় তাহলে আমাদের লাগবে ১২৫ লক্ষ টন খাদ্য। যেখানে আমরা দেখছি চাষোপযুক্ত জমির অসম ব্যবস্থা থাকা সত্ত্বেও, আমাদের যে চাষের জমি আছে, আবাদি জমির পরিমাণ হচ্ছে ৫৬ লক্ষ ৪৭ হাজার হেক্টর। তার মধ্যে ৬৩.৩ লাখ আবাদি জমি এবং এই জমিতে কংগ্রেস আমলে ১৯৭৬-৭৭ সালে ৭৪.৫৪ লক্ষ এবং ১৯৭৭-৭৮ সাল থেকে শুরু করে এই বছর পর্যন্ত যে লক্ষ ছিলো সেটা বাড়তে বাড়তে ক্রমশ ৯২.৯৩ টনে এসেছে। কাজেই উন্নতি হয়েছে কি না সেটা এতে বোঝা যায়। উন্নতি হয়েছে কি না এতে বোঝা যায়। উন্নতি আগেও হয়েছে, যদি হিসাব দেখেন

১৯৪৭ সাল থেকে এই পর্যন্ত ৩০ বছরে উন্নতি হয়েছে তিন গুন এবং গ্রামের জনসংখ্যায় ৪২ ভাগ কৃষি থেকে উচ্ছেদ হয়েছে। যদি দেখেন তাহলে দেখবেন ১৯৪৭ সালের পর থেকে ৫০ শতাংশ মানুষ দারিদ্রসীমার নিচে গেছে। এই পাশাপাশি কৃষিজীবীর সংখ্যা দ্বিগুন হারে কমছে, তখন ভূমিহীন ক্ষেত মজুরের সংখ্যা সমান তালে বেড়ে যাচ্ছে। এতে দেখা যাচ্ছে ১৯৫৯ সাল থেকে ২০ বছরে কৃষিজীবীর সংখ্যার মধ্যে কিছু কিছু সংখ্যা ৫০ শতাংশ থেকে ৪০ শতাংশে নেমে গেছে। সেখানে ক্ষেত মজুরের সংখ্যা ১৯ শতাংশ থেকে বেড়ে ২৬ শতাংশ-এ এসে গেছে। পরবর্তী রিপোর্টে যা যানা গেছে ১৯৭১ সাল থেকে ১৯৮৯ সাল এই ১০ বছরের মধ্যে ক্ষেত মজুরের সংখ্যা বেড়েছে আরও শতকরা ৫০ ভাগ। উন্নতি কংগ্রেস আমলেও হয়েছে বলতে হবে। কিন্তু তাতে দেখা যাচ্ছে যে ১৯৭৭ সালে অর্থনীতিবীদদের যে সম্মেলন ডেকেছিলেন ইন্দিরা গান্ধী কংগ্রেসের সভানেত্রী হিসাবে, তাতে যে প্রস্তাব পেশ করা হয়েছিল তাতে বলা হয়েছিল পল্লী অঞ্চলে এবং শহরাঞ্চলের মানুষের আয়ের বৈষম্য ক্রমশ বাড়ছে এবং ১৯৬০-৬১ সালে ছিল একজন পল্লীবাসীর মাথাপিছু ২১১ টাকা আয়। ১৯৭৬-৭৭ সালে তা কমে হয়েছে ১৭৫ টাকা। সেখানে মানুষের অবস্থা দাঁড়িয়ে কি হয়েছে? সেটা বেড়ে ৮১০ দাঁড়িয়েছে। এই ১৬ বছরের মধ্যে ১১ বছর শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রধান মন্ত্রীর গদীতে ছিলেন। তিনি এবার তাঁর বাজেটে তাঁর মন্ত্রীকে নিয়ে বলেছিলেন যে বাড়তি লগ্নি খরচ বাবদ ২১৩ কোটি টাকা অর্থলগ্নি এবং অন্যান্য বাবদে খরচ করবেন। কিন্তু দেখা যাচ্ছে যে এতদসত্ত্বেও আমাদের ব্যাপক অংশ কৃষক তারা ফসলের দাম না পাওয়ার ফলে প্রচন্ড ভাবে মার খাচ্ছে। এবং তিনি যে কমিটি করেছিলেন, সেই কমিটির কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রণালয়ের সেক্রেটারি শ্রী পি. কে. কাউলের নেতৃত্বে হয়েছিল—টাস্ক ফোর্স এসেছিল, তারা পাট সম্পর্কে একটা প্রস্তাব করেছেন, তারা জুট বোর্ড গঠন করার কথা বলেছেন এবং পাশাপাশি জে. সি. আই এবং অন্যান্য রাষ্ট্রীয় এজেন্সিগুলি মারফত ৪০ থেকে ৫০ ভাগ পাট কেনবার কথা সুপারিশ করেছেন। তাদের মধ্যে জে. সি. আই কে দিয়ে ২০/২৫ ভাগ ফসল কেনবার কথা তাঁরা বলেছেন। কিন্তু আমরা দেখছি বাস্তবে তা হয়নি। পাট চাষীদের বীজ বপন মরশুমের আগে প্রতি বছর জানুয়ারি মাসে বিধিবদ্ধ ফসলের দাম ঘোষণা করবেন বলেছিলেন। কিন্তু বাস্তবে তা কার্যকর হচ্ছে না। তার ফলে কৃষকরা এবারেও পাটের ক্ষেত্রে মার খেয়েছে। এইভাবে চলতে থাকলে আরও মার খাবে। যদিও পঞ্চায়েত সমিতি এবং কো-অপারেটিভগুলি মার্কেটিং সোসাইটির মাধ্যমে পশ্চিমবাংলায় পাট কেনাবার জন্য একটা ব্যবস্থা করা হয়েছিল এবং যার ফলে ঐ কৃষকদের প্রথম সপ্তাহের মধ্যে দেখা গেছে ৮০/৮৫ টাকা দরে পাট বিক্রি করছে এবং সেটা কোথাও কোথাও ১২০/২৫ টাকায় উঠেছে। কিন্তু পশ্চিমবাংলার রাজ্যসরকার যদি তা না করতেন তাহলে এটা হত না। এই বিষয়ে যদি আগামী দিনে ব্যাপকভাবে ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকারকে করতে হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকারকে এই পাট কর্পোরেশন করবার যে প্রস্তাব আলোচনা হচ্ছে তাকে কার্যকর করতে হবে। তা না হলে এটা হবে না, যদি লক্ষ্য করেন দেখবেন যে ব্যবস্থাগুলি এখানে আছে ফসল ফলাবার ক্ষেত্রে তাতে আমরা লক্ষ্য করছি পশ্চিমবাংলায় গভীর নলকূপ আছে ২৩০২টি, লিফট ইরিগেশন সিস্টেম ২৪৯৬টি এবং অগভীর নলকূপ প্রোগ্রাম তাতে দেখা যাচ্ছে ৩৩৬৯টি নলকূপ আছে এবং সরকারের যে খাল কাটা হয়েছে তাতে এই পর্যন্ত ১৩,৬৪,০৬১ হেক্টর জমিতে সেচ দেওয়া যায়। এর ফলে মোট জমি চাষযোগ্য চতুর্থাংশ সেচ

বিত এলাকার মধ্যে আনা গেছে এবং এর ফলে এই ফসল ফলানো গেছে কিন্তু যদি শি ফসল ফলাতে হয়, সেখানে যেমন সার বীজের প্রশ্ন আছে তেমনি মূলত সেচ এবং কাশি ব্যবস্থার দিকেও নজর দিতে হবে। সেখানে আমরা লক্ষ্য করছি যে কেন্দ্রীয় যে বোর্ড ছে তারা পশ্চিমবঙ্গ ওয়াটার বোর্ডের সঙ্গে যথেষ্ট সহযোগিতা করছে না। অসহযোগিতার

[5-45 — 5-55 p.m.]

ল আমাদের এখানে যে জল আছে সেই জল-ও ঠিক মত ব্যবহার করা যাচ্ছে না। তরাং আমাদের আজকে সেদিকে বিশেষ নজর দিতে হবে। যখন ইজরায়েলের মতো একটি ট দেশ জলকে আধুনিক পদ্ধতিতে ব্যবহার করছে, লবনাক্ত জল ব্যবহার করছে, তখন মাদের ভারতবর্ষ সেই জিনিস কেন করতে পারবে না? আজকে প্রয়োজন অনুযায়ী জলকে বহার করা যাচ্ছে না বলেই বেশিরভাগ জমিতে দুটি তিনটি ফসল ফলানো সম্ভব হচ্ছে। আজকে ওয়াটার বোর্ডের মাধ্যমে ব্ল্যাক এরিয়া বলে কতগুলি এরিয়াকে ঘোষণা করা চ্ছ। এর ফলে ওয়েস্ট বেঙ্গলের কতগুলি এলাকায় চাষ-বাসের ক্ষতি হচ্ছে। আজকে ৪/৫- প্রদেশে—হরিয়ানা, অন্ধ্র, মাদ্রাজ প্রভৃতি জায়গায় জলকে এমনভাবে ব্যবহার করা হচ্ছে, এর ফলে বলা হচ্ছে ৩০/৪০ বছর পরে ঐসব জায়গায় জল এত কমে যাবে যে, বহার করবার মতো আর জল পাওয়া যাবে না। সেইজন্য গোটা ভারতবর্ষে একটা আইন নু করা হয়েছে এবং সেই আইন পশ্চিমবঙ্গের উপরও চাপিয়ে দেওয়া হয়েছে। এর ফলে শ্চিমবাংলার কৃষকদের এবং কৃষির স্বার্থ ক্ষুন্ন হচ্ছে। আমরা আমাদের এখানে যে জল লতে চাইছি সেই জল তুলতে দেওয়া হচ্ছে না। আমাদের এখানকার এলাকা গুলিকে ব্ল্যাক রিয়া এবং গ্রিন এরিয়া, এই দুই ভাগে ভাগ করে দেওয়া হচ্ছে। এখানে ২৪-টি এরিয়াকে ক এরিয়া এবং ৬২-টি এরিয়াকে গ্রীন এরিয়া বলে ঘোষণা করা হয়েছে। গ্রীন এরিয়াতে ছু জল তোলা যাবে, কিন্তু ব্ল্যাক এরিয়াতে জল তোলা যাবে না। এর ফলে জল তোলার ত্রে কৃষকদের অসুবিধা হচ্ছে। তার পর বৃষ্টিপাতের ফলে যে জল পাওয়া যায় সেই লকে ব্যবহার করার জন্য নদীয়া জেলায় পঞ্চায়েতের সহযোগিতায় পাকা ড্রেনের ব্যবস্থা া হয়েছে। সেখানে বৃষ্টির জল ধরে সেই জল দিয়ে সেচের ব্যবস্থা করা হয়েছে। এখন ন্তু মুষ্টিমেয় কিছু এলাকায় এই ব্যবস্থা করা গিয়েছে, বিস্তীর্ণ অঞ্চলে এই কাজ করা য়নি। আমাদের আজকে এই দিকে নজর দেওয়া উচিত, তাহলে আমরা অনেক বেশি মিতে সেচের ব্যবস্থা করতে পারব। তবে এর জন্য টাকার দরকার, কিন্তু সেই টাকা ওয়ার ক্ষেত্রে আমাদের অসুবিধা আছে। স্যার, আপনি লক্ষ্য করে দেখবেন কৃষি ঋণের ভাবে আমাদের কৃষকরা চাষ করতে পারছে না। অবশ্য আমাদের এবারের বাজেটে ৪০ ক টাকার কৃষি ঋণ মকুব করা হয়েছে। ঋণের ভারে জর্জরিত কৃষকদের মুক্তি দেওয়া য়েছে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকার আমাদের এই রাজ্যকে কিভাবে বঞ্চিত করছে তা একটা সাবের মধ্যে থেকেই বোঝা যাচ্ছে। এগ্রিকালচারাল রিফাইন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন কে যে ঋণ দেওয়া হয়, সেই মোট ঋণের ১৩% দেওয়া হয়েছে অন্ধ্রপ্রদেশকে, মহারাষ্ট্রকে ওয়া হয়েছে ৯.৬৯%, হরিয়ানাকে ৮%, উড়িষ্যাকে ২.৩২%। পশ্চিমবঙ্গের কৃষকদের স্বার্থ ক্ষা করার জন্য এই তো হচ্ছে কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টা! এর ফলে আজকে আমাদের সিলি এবং আদিবাসী কৃষকদের সুবিধা হচ্ছে। আজকে তারা ভাল ফসল ফলাতে সরকারের

কাছ থেকে কোনও সাহায্যই পাচ্ছে না। আজকে এই অবস্থায় পশ্চিমবঙ্গ সরকার এগিয়ে এসে তফসিলি এলাকার কৃষকদের ২ কোটি ৩৭ লক্ষ টাকা দেবার ব্যবস্থা করেছেন। যাতে তারা সেই টাকা দিয়ে বীজ কিনতে পারে, সার কিনতে পারে, বলদ কিনতে পারে। এই ব্যবস্থার ফলে নিঃসন্দেহে উৎপাদন বাড়বে। আজকে উৎপাদন বাড়াবার সঙ্গে সঙ্গে দামের কথা বলতে হয়। আজকে আমাদের দেশের ক্ষেতমজুরদের অবস্থা দিনের পর দিন যে জায়গায় গিয়ে দাঁড়াচ্ছে তাতে তাদের পক্ষে জীবন ধারণ করা মুশকিল হয়ে পড়েছে। কাজের বিনিময় খাদ্যের যে ব্যবস্থা করা হয়েছিল, সেই পরিকল্পনা আজকে কেন্দ্র বানচাল করে দিচ্ছে আমাদের দেশের ক্ষেতমজুররা বছরের ৭ মাস কোনও কাজ পায় না। ক্ষেতমজুরদের এই অবস্থার কথা চিন্তা করে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের মাধ্যমে তাদের জন্য আরও ৪ মাসের কাজের ব্যবস্থা করা হয়েছিল, সেই ব্যবস্থাও আজকে বানচাল করা হলো। সবচেয়ে দুঃখের কথা হচ্ছে এই এফ.এফ.ডাব্লু-র জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ১৯৮০ সালে পশ্চিমবঙ্গকে ৭০ হাজার টন খাদ্য শস্য দেওয়ার কথা ছিল, কিন্তু আমরা মাত্র ২০ হাজার টন খাদ্য শস্য পেয়েছি। অথচ ঐ একই সময়ে যেখানে যেখানে শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকার রয়েছে সেখানে সেখানে সবটাই দেওয়া হয়েছে। সেসব জায়গায় সবটা দিতে তাদের কোনও অসুবিধা হয়নি। এই অবস্থায় আমাদের উচিত এই সম্পর্কে জোরালো বক্তব্য উপস্থিত করা তানাহলে কৃষির ক্ষেত্রে যে অগ্রগতি ঘটছে এই ৩।৪ বছরে সেটা ব্যাহত হয়ে যাবে এছাড়া আমাদের কৃষকদের স্বার্থে আধুনিক বিজ্ঞান ব্যবহার করবার প্রয়োজনীয়তা আছে এবং সেক্ষেত্রে আমাদের উচিত মাটি পরীক্ষার জন্য পরীক্ষাগার বিস্তার করে দেওয়া। আমি ২৪ পরগনা জেলার লোক। আমার জেলায় একটি মাত্র পরীক্ষাগার আছে টালিগঞ্জে। এটা যদি সমস্ত জেলায় প্রতিটি ব্লকে ছোট আকারের পরীক্ষাগার করে দেওয়ার ব্যবস্থা করা যায় তাহলে আধুনিক বিজ্ঞানের সুযোগ প্রতিটি কৃষক ব্যবহার করতে পারবে এবং প্রতিটি চাষী এগিয়ে আসবেন। এই মাটি পরীক্ষার মধ্য দিয়ে উন্নত বিজ্ঞান ব্যবহার করে আরও বেশি ফসল তারা ফলাতে পারবেন। সেচ ও মাটি পরীক্ষার সাথে সাথে কীটনাশক ওষুধ এবং উন্নত মানের বীজ এইসব দিয়ে যদি সাহায্য করা হয় তাহলেও উৎপাদন বাড়বে। কিন্তু এটা যদি অব্যাহত না রাখা যায় তাহলে আগামী দিনে ফলন কমে যেতে পারে, সেইজন্য আমার মনে হয় আমাদের সরকার পক্ষ থেকে যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং এটাকে চালু রাখবার জন্য যে প্রস্তাব করা হয়েছে তা সবাই সমর্থন করবেন—এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি দপ্তরের পক্ষ থেকে যে বাজেট এখানে উপস্থিত করা হয়েছে তাকে সমর্থন করতে উঠে আমি দু-চারটি কথা এই প্রসঙ্গে বলতে চাই। আমি একজন কৃষক কর্মী। কৃষকের এবং কৃষির উন্নতির জন্য বামফ্রন্ট সরকার একটা সুনির্দিষ্ট নীতির উপর ভিত্তি করে এগিয়ে চলেছে। কিন্তু খুবই দুঃখের কথা আমাদের বাঁ পাশে যারা বসে আছেন তাঁরা প্রতিটি বিষয়ে—এই কৃষি ঋণ মকুব করলে কৃষকদের পেনসন চালু করলে, শস্য বিমা চালু করলে কিম্বা কৃষকদের ঋণ দেবার জন্য পৃথক ব্যাঙ্ক সৃষ্টির কথা বললে দলীয় স্বার্থে ব্যবহার করা হবে বলে ওনারা আতঙ্কগ্রস্ত হচ্ছেন। ওনারা হবেনই, কারণ, আমাদের এই বাজেট যে উদ্দেশ্যে তৈরি করা হয়েছে তাহল

নিচের তলার মানুষদের জন্য, নিচে পড়ে থাকা মানুষ যারা ক্ষেত-মজুর, ভাগচাষী, বর্গাচাষী এবং প্রান্তিক চাষী যারা আছেন তাদের দিকে বিশেষ দৃষ্টিভঙ্গি রেখে এই বাজেট তৈরি হয়েছে। ওনাদের নজর কিন্তু সেইদিকে পড়বে না। কাজেই ওনাদের কোনও দোষ নেই ওনাদের চোখে যে জিনিসগুলি পড়ছে না তার জন্য আমরা দুঃখিত নই। আমরা জানি, এই বাজেট একটা গরিব দেশের গরিব সাধারণ মানুষের বাজেটের একটা সনদ। এর মধ্যে শস্য বিমা চালু এবং অন্যান্য যে সমস্ত জিনিস সেগুলি পুর্ণভাবে রূপায়িত করতে হলে আমাদের এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে করা সম্ভবপর নয় কিন্তু তবুও কিছু কিছু করার জন্য—এই বাজেটের মধ্য দিয়ে যুগান্তর সৃষ্টি করার জন্য প্রচেষ্টা নিয়েছি। ওনাদের মধ্যে যারা বিদ্যান এবং বুদ্ধিমান লোক আছেন তাঁদের নিশ্চয়ই উপলব্ধি করা উচিত ছিল। কৃষি ক্ষেত্রে দিনের পর দিন ফসল বৃদ্ধি হয়েছে—এই কথা বলতে গিয়ে মাননীয় কৃষি মন্ত্রী কিছুটা স্বস্তি প্রকাশ করেছেন বলে বর্ষীয়ান মাননীয় সদস্য বীরেনবাবু এবং সামসুদ্দিন সাহেব বললেন এই উন্নতির জন্য কি বাহাদুরী নেবার আছে?

[5-55 — 6-05 p.m.]

এটা তো ভগবান, এটা তো খোদা, এটাতো প্রকৃতির অনুগ্রহের জন্য হয়েছে এতে বাহাদুরী নেবার কিছু নেই। কিন্তু একটা কথা এখানে বলার আছে, সেটা হল এত যে বন্যা, বিপর্যয় হল, এত যে খরা হল, কই—একবারের জন্য তো বললেন না যে চালের দাম বাড়ে নি, এই কি কৃষিমন্ত্রকের এবং এই বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যে এই দাম সুস্থির রাখা হয়েছে এটার একটু প্রশংসা করা উচিত ছিল। আমি বেশি কথা বলতে চাই না, একটা কথা বলতে চাই যে ওঁদের চোখে জন্ডিস হয়েছে, এসব কিছুই ওঁদের চোখে পড়ে না, ওঁরা সেইজন্য যা কিছু দেখছেন সবই হলুদ। সেইজন্য আমি এই বাজেটকে সমর্থন করতে উঠে বলছি যে এই বাজেটে ক্ষুদ্র সেচ প্রকল্প এবং তার মধ্যে সার আছে, লোন দেওয়ার ব্যাপার আছে এবং অন্যান্য সমস্ত রকম সম্পদের ব্যাপার আছে এবং এগুলিকে বিশেষভাবে আমরা বিতরণ করছি। ওঁরা মিনিকীটের কথা বলেছেন। মিনিকীট—ফসলের উন্নতির জন্য বিতরণ করার অত্যন্ত প্রয়োজন রয়েছে। আমি আপনাদের কারও নাম করতে চাইছি না আপনাদের সম্মান জানানোর জন্য, তা না হলে অন্য ভাষায় কথা বলবার অভিজ্ঞতা আমার আছে। আপনাদের আমলে চালের পাঁচ টাকা কিলো দাম হয়েছিল, কিন্তু এমন যে বিরাট বন্যা ও খরা গেল তাতে চালের দাম একটুও বাড়েনি—আমি সিংহ মহাশয়কে বলছি আপনাদের আমলে আপনারা চালের দাম সুস্থির রাখতে পারেন নি। তারপর এবারে আপনারা সমালোচনা করবেন যে সেচের জল যে দেওয়া হবে সেই জল বেছে বেছে আমাদের ক্যাডারদের দেওয়া হবে, অন্যান্য লোককে বা কংগ্রেস কৃষককে আমরা দিচ্ছি না এই বলে সমালোচনা করবেন যখন সেচের বাজেট আসবে। কাজেই সেচ, ক্ষুদ্র প্রকল্পর যে সমস্তই বৃদ্ধি হয়েছে তা আমি আপনাদের কাছে একটি একটি করে বলতে চাই। ১৯৭৬ থেকে ১৯৭৯তে ৮ কোটি ৪৮ লক্ষ ৭০ হাজার হেক্টর জমিতে সেচ নেবার ব্যবস্থা হয়েছে, তারপর ১০ কোটি ৮০ লক্ষ, তারপর ১৩ কোটি ১২ লক্ষ ৬০ তারপর ১৬ লক্ষ ৭৯ হাজার, তারপর ২৩ কোটি ৫০ লক্ষ এবং তারপর ১৯ কোটি ৫১ লক্ষ হেক্টর জমিতে এই সেচের কাজ হয়েছে।

*১৯৭৬ সাল থেকে ক্রমবর্ধমান প্রাকৃতিক দুর্যোগের জন্য কিছু কম বেশি উৎপাদন হয়েছে। এটাকে সব সময় রক্ষা করা যায় না। কিন্তু এই সরকারের পক্ষ থেকে এটাকে* ক্রমশ উন্নতির দিকে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করা হচ্ছে। এটাকে সামনে রেখে আমি সকলের কাছে আবেদন করব কৃষি বিভাগের যে ব্যয় বরাদ্দ এবং তার সঙ্গে সঙ্গে সুন্দরবন উন্নয়ন এর জন্য যে ব্যয় বরাদ্দ পেশ করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি শেষ করছি।

**শ্রী শেখ সিরাজ আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় কৃষি মন্ত্রী মহাশয় যে ব্যায় বরাদ্দ রেখেছেন তাঁকে আমি পশ্চিমবাংলার সর্বস্তরের মানুষের সঙ্গে সমর্থন করছি। কৃষি মন্ত্রী যে বাজেট এনেছেন তাতে চেষ্টা করা হচ্ছে সমস্ত স্তরের মানুষের কল্যাণ করার। কিন্তু গ্রাম বাংলায় একটা কথা আছে চোরা কোন সময় ধর্মের কাহিনী শোনে না। কাজেই ওরা শুনতে পান না। এবং সেইজন্য যত ভাল বাজেট করুন না কেন ওরা তাকে সমর্থন করবেন না। ১৯৭৩-৭৪ সালে সাত্তার সাহেব বলেছিলেন প্রতিটি ব্লকে ৬০টি করে স্যালো বসানো হবে। তখন ওদেরই একজন এম.এল.এ. প্রশ্ন করেছিলেন মাত্র তিনটি করে বসেছে ২৭টি করানো যায়নি। এর উত্তরে বলা হয় ঠিকাদার সব নিয়ে পালিয়ে গেছে। মিনি কীট সম্পর্কে বলছি যে যারা ১০ টাকা করে দিয়ে সার্টিফিকেট নিয়েছেন, দিল্লি গেছেন তাদেরই মিনি কীট দেওয়া হয়েছিল সেইজন্য আজকে এই অবস্থার পর্যালোচনা করবার দরকার আছে যে মিনি কীট কাকে দেওয়া হবে। লোন মুকুবের ব্যাপারে ১৯৭৩-৭৪ সালে আইন পাস করেছিলেন কিভাবে গরিবের ঘরে জলখাবার পাত্র, গরু, ছাগল, বা সন কপাট কি ভাবে ক্রোক করা যায় এবং তার জন্য ৩৮ নং ধারা সংশোধন করে সেই ব্যবস্থা করা হয়েছিল। সেই সময় দেখা গেছে লোনের দায়ে অনেক গরিব তার ছেলে মেয়ে বিক্রি করতে হয়েছিল। এবং জোতদার জমিদারদের কাছে তাদের বাস্তুভিটা যেটুকু ছিল তাও বন্ধক দিতে হয়েছিল। সেইজন্য যারা বুঝবে না তাদেরকে কে বোঝাবে। অতএব ৩৮ নং ধারা বাতিল করুন, সমস্ত গরিব মানুষের লোন মকুব করুন যাতে মহাজনদের কাছে যেতে না হয়। জোতদাররা এখন সেই জমিগুলিকে স্বনামে বেনামে নিতে পারছে না বলে তাদের মনে একটা ব্যাথা লেগেছে সেইজন্য বলছি এই বাজেট শোষিত মানুষের স্বার্থের বাজেট এবং এই বাজেট যাতে অবিলম্বে বাস্তবে রূপায়িত হয় সেইদিকে দৃষ্টি দিতে হবে। বীজের ব্যাপারে ভাল বীজ তৈরি করার যে প্রোগ্রাম আপনি নিয়েছেন তাকে অবিলম্বে কার্যকর করে কৃষকের স্বার্থে সেই বীজ এবং লোন যাতে যথাসময়ে যায় তা করতে হবে। আগে যে মন্ত্রিসভা ছিল সেই সময় দেখা গেছে শ্রাবণ মাসে চাষের সময় জল না গিয়ে ফাল্গুন মাসে যেত। কিন্তু এখন লোন মিনি কীট বীজ যেভাবে যাচ্ছে সেইভাবে যদি যায় তাহলে কৃষির উন্নতি আরও হবে এবং ফসল উৎপাদন আরও বাড়বে। সারের ব্যাপারে আপনি বলেছেন এ বিষয়ে অনেক সঙ্কট আছে। আমরা জানি ইউরিয়া সারের ব্যাপারে কেন্দ্রীয় সরকার আমাদের সঙ্গে বিমাতৃসুলভ ব্যবহার করছেন। ইরিগেশন সম্পর্কে আমি বলব যে এই ব্যাপারে রিভারলিফ্ট তাঁরা তৈরি করে গিয়েছিলেন, কিন্তু দেখা যেত রিভারলিফ্ট এর যে মেশিনম্যান সে শুধু মাইনে নেবার সময় আসত, হেলপারই সেটা চালাতো। এই সরকার আসবার পর দেখা যাচ্ছে এখন মেশিন স্কিমড চলছে এবং এর জন্য যে তেল সেটা আগেকার মতো রাস্তায় বিক্রি হচ্ছে না। এর ফলে রিভারলিফ্টগুলি পুরোপুরিভাবে কার্যকর হচ্ছে এবং কৃষকরাও জল পাচ্ছে। আগে টেস্ট

রিলিফের রাস্তা করতে গেলে কংগ্রেসি ওয়ালাদের বাড়িতে যেতে হত নাহয় বি.ডি.ও অফিসে যেতে হত। কিন্তু আজকে পঞ্চায়েতের মাধ্যমে এবং কাজের বদলে খাদ্যের মাধ্যমে রাস্তাগুলি ঠিক তৈরি হচ্ছে। এই প্রসঙ্গে আমাদের মেদিনীপুর জেলার কথা একটু বলব। আমাদের জেলার পশ্চিম অঞ্চলে লাল মাটি। কংগ্রেস আমলে এটা তারা অ্যাসেসমেন্ট করে এসেছিলেন যে সেটা পাথর মাটি এবং এঁটেল মাটি। সেজন্য বলছি মেদিনীপুর জেলার ব্লকে ব্লকে অ্যাসেসমেন্ট করা দরকার যে কোন কোন ব্লকে কোন মাটি এবং কোনওখানে রিভার লিফট হতে পারে, স্যালো হতে পারে বা ডিপটিউবওয়েল হতে পারে। এরপর আমি তারাফেনী ব্যারেজ সম্পর্কে কিছু বলতে চাই। এ সম্পর্কে বহু লক্ষ টাকা খরচ করা হয়েছিল এবং তাতেই এখন গোলাপ ফুলের চাষ হচ্ছে কৃষকরা কোনও জল পাচ্ছে না। সেজন্য বলছি এই এলাকাকে উন্নত করা হোক যাতে ঝাড়গ্রাম সাবডিভিসন থেকে মেদিনীপুর সদর মহকুমায় কৃষকরা জল পেয়ে ডবল ফসল করতে পারে। এই কাজ করলে পশ্চিমবাংলার কৃষকদের উপকার হবে। আমরা জানি কৃষকদের যদি অগ্রগতি করাতে পারা যায় তাহলে উৎপাদন বাড়বে এবং আমাদের অর্থনৈতিক উন্নতি হবে এবং অনেক বেকার সমস্যার সমাধান হবে। কৃষির উন্নতি করতে গেলে যেমন সার, বীজ, জলের প্রয়োজন তেমনি সঙ্গে সঙ্গে বিদ্যুতের প্রয়োজন আছে।

[6-05 — 6-15 p.m.]

মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানাতে চাই যে, আজকে রাস্তায় আসতে আসতে দেখতে পেলাম যে একদল লোক ত্রি-রাঙ্গা ঝান্ডা নিয়ে স্টীমারে উঠছেন এবং স্লোগান দিচ্ছেন। তখন কিছু লোক তাদের জিজ্ঞাসা করাতে তারা বলল যে তারা বন্ধ করার পার্টি—বিদ্যুৎ বিভাগের কর্মী তারা। আরও জানা গেল যে তারা আই.এন.টি.ইউ.সি. ইউনিয়ান করে—তারা সব বন্ধ করার পক্ষে, তার মানে সরষের মধ্যে ভুত দেখা দিয়েছে। ওঁরা এগুলি তৈরি করে গিয়েছেন—এইসব পার্টি দেশের স্বার্থ বোঝে না, বোঝে একচেটিয়া পুঁজিপতির স্বার্থ—এই হচ্ছে তাদের মনের চিন্তা। এ ব্যাপারে অনেক প্রমাণ হয়ে গিয়েছে আগে—বিগত ইলেকশনে প্রমাণ হয়েছে, পার্লামেন্ট ইলেকশনেও প্রমাণ হয়েছে এবং আগামী দিনে এর প্রমাণ হবে। দিল্লিতে কৃষকদের ৮।১০ টাকা করে দিয়ে জমায়েৎ করে তারা বুঝিয়ে আসার চেষ্টা করেছে যে তারা কৃষকের পক্ষের মানুষ, কিন্তু এ ব্যাপারে প্রমাণ হয়ে গিয়েছে—কৃষক জানে কারা তাদের পক্ষে আছেন। মাননীয় কৃষিমন্ত্রী যে কৃষি ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন সে চাষীকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

**ডাঃ শেখ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী মাননীয় কমল গুহ যে কৃষি ব্যয়বরাদ্দের প্রস্তাব এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখতে চাই। সেই সঙ্গে আমি রাজ্যসরকারকে অভিনন্দন জানাচ্ছি, কারণ তাঁরা কৃষি-ঋণে ঋণগ্রস্থ কৃষকদের ঋণভার মুকুব করার চেষ্টা করেছেন। এ ব্যাপারে তাঁদের সামর্থ কম হলেও তার মধ্য দিয়ে তাঁরা এভার বহন করবার চেষ্টা করেছেন। রাজ্যসরকার অন্তত উপলব্ধি করতে পেরেছেন যে ঋণগ্রস্থ কৃষক কখনই উন্নত মানসিকতা নিয়ে তাঁদের উৎপাদন বাড়াতে পারেন

না—এ ব্যাপারটি খুব সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে হলেও তাঁরা এই ঋণ মুকুবের কথা ঘোষণা করেছেন। তবে এই ব্যাপারে আমার মনে সন্দেহ দেখা দিচ্ছে যে, এই কৃষক কতদিন তারা ঋণমুক্ত থাকতে পারবেন। কৃষক যদি তার পণ্যের ভাল দাম না পায় তাহলে তারা আবার ঋণগ্রস্ত হয়ে পড়বেন। সেজন্য কৃষক যাতে তাদের কৃষিজাত দ্রব্যের ব্যাপারে লাভজনক দাম পায় তাহলে এই মুকুব করেও কৃষকের স্বার্থ বিশেষভাবে রক্ষা করা সম্ভব হবে না। কৃষক যাতে তাদের ফসলের ন্যায্য দাম পায় এবং এইসব পণ্যক্রেতা যাতে আবার কম দামে ক্রীত সামগ্রী কিনতে পারে সেদিকে দৃষ্টি দেওয়ার যথেষ্ট প্রয়োজন রয়েছে। এ ব্যবস্থা গ্রহণ না করতে পারলে কৃষক অচিরেই আবার ঋণগ্রস্থ হয়ে পড়বে। এই রাজ্যের ক্ষেত্রে দেখা যায় যে, কৃষিজাত দ্রব্য যেমন চালের উৎপাদন বেড়েছে বা অন্যান্য পঞ্চাদির উৎপাদনও বেড়েছে, কিন্তু তা সত্ত্বেও যে হারে ঐ সমস্ত দ্রব্যের উৎপাদন বেড়েছে সেই হারে কৃষকের আর্থিক ক্ষমতা বেড়েছে কিনা সন্দেহ আছে। রাজ্যসরকার ধানের ব্যাপারে একটা পরিপোষক মূল্য নির্দ্ধারণ করে দিয়েছিলেন, কিন্তু পশ্চিমবাংলায় যেহেতু বামফ্রন্ট সরকার আছেন, সেইজন্য কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে যথাযথ মেনে নিলেন না। তাঁরা ধানের দাম স্থির করে দিলেন ১২৫-৩০ টাকা। কিন্তু দেখা গেল তা সত্ত্বেও সেই ধান ১০৫-৯ টাকায় বিক্রি হচ্ছে। যদিও এই দাম কৃষকের কাছে লাভজনক দাম নয়, তবুও লক্ষ্য রাখতে হবে কৃষক যাতে সেই দামেও যেন তাদের ধান সরকারের কাছে বিক্রি করতে সমর্থ হয়। এইভাবে যদি সরকার পক্ষ থেকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করা যায় তাহলে সাধারণ কৃষক, ছোট, মাঝারি কৃষক তাদের ফসল বিক্রি করে লাভবান হতে পারবেন না। পশ্চিমবাংলা কৃষি উন্নতির ক্ষেত্রে দেখা

[6-15 — 6-25 p.m.]

যায় যে ধান কেবল একটা মরশুমের ফসল নয়। প্রায় সারা বছরই ধান হয়। নতুন ধান বাজারে বিক্রির জন্য আসে এবং তা বিক্রি করে ছোট চাষীরা আবার আর একটা ধান বুনতে লেগে যায়। কিন্তু আমার যেটা কথা সেটা হল কোনও কৃষকই তার কৃষির ফসলের ন্যায্য দাম পায় না। যেমন তামাক চাষী যে তার দাম পায় না। তামাক ১৫০-২০০ টাকা মণে বিক্রি হচ্ছে। কিন্তু ৫০০ টাকা না হলে তার কোনও পড়তা হয় না। পাট চাষীরাও ঠিক এইভাবে গত বছরে মার খেয়েছে। আলু চাষীরাও মার খেয়েছে। পশ্চিমবাংলায় ৫০।৬০ টাকা কুইন্টালে আলু বিক্রি তারা করেছে। কিন্তু তাদের কিনতে হয়েছে প্রায় ২০০ টাকার কাছাকাছি। এইভাবে কৃষকরা তাদের কোনও ফসলেরই দাম পায় না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে আলুর ক্ষেত্রেও যেমন সমস্ত ব্যাপারেই কৃষক যাতে ন্যায্য দাম পায় তার জন্য তার মাল গুদামজাত করবার একটা ব্যবস্থা সরকার থেকে করা উচিত। পাটের দাম আমরা জানি কেন্দ্রীয় সরকার যে দাম ঠিক করে দিয়েছেন সেই দাম কোথায়? গত বছর রাজ্য সরকার বলেছিলেন কম পক্ষে ২৫০ টাকা হওয়া উচিত। কিন্তু এই দাম নিয়ে যদি আলোচনা করি তাহলে দেখব এই দাম কোথায়ও কেউ দেয় না। আমি মনে করি পাট চাষীদের যে বিভিন্ন সংগঠন আছে তাদের ঐক্যবদ্ধ করে কেন্দ্রীয় সরকারের উপর একটা চাপ সৃষ্টি করা উচিত যাতে তারা তাদের ফসলের ন্যায্য দাম পেতে পারে। আশা করব বামফ্রন্ট সরকার নিজেরা এ বিষয়ে অগ্রণী হবেন এবং কেন্দ্রীয় সরকার যাতে নতি স্বীকার করেন তার ব্যবস্থা করবেন।

কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে সারের জন্য যে ভরতুকি ছিল তা থেকে ৬০০ কোটি টাকা কেটে দিয়েছেন। হিসাব করলে দেখা যাবে সারের মূল্য বৃদ্ধি হয়েছে এক বছরে শতকরা ৮৩ ভাগ। এবং সে ক্ষেত্রে ফসলের পরিপোষক মূল্য বৃদ্ধি হয়েছে শতকরা মাত্র ৪৬ ভাগ। সুতরাং দেখা যাচ্ছে চাষীদের কিছুই হবে না। সেইজন্য কৃষক যাতে তার ফসলের ন্যায্য দাম পায় তার জন্য আন্দোলন করা দরকার। পাট চাষীরা লাভজনক মূল্য যাতে পায় তার জন্য আন্দোলন করা দরকার। আমাদের যে মূল্য নীতি চালু আছে, যে নীতি চালু করেছেন কেন্দ্রীয় সরকারের এগ্রিকালচার প্রাইস কমিশন সেই নীতি কৃষকদের বিরুদ্ধ নীতি তারা গ্রহণ করেছেন। এটার যদি পরিবর্তন করতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আমাদের আন্দোলন করতে হবে এবং কেন্দ্রীয় সরকারের কাছে এ বিষয়ে বলবার জন্য আমাদের সরকারের অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে। একমাত্র তামাক থেকেই কেন্দ্রীয় সরকার ৭০০ কোটি টাকার শুল্ক আদায় করেন, পাট চা থেকে প্রায় ৬০০ কোটি টাকার শুল্ক আদায় করেন। এখানে এই ফসল যারা চাষ করেন তারা কিন্তু কোনও মূল্য পায় না। সেইজন্য এই সরকার যে সিদ্ধান্ত নিয়েছেন যে পাট এলাকায় আমরা অন্যান্য ফসলের চাষ করব—এই যে সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন একে আমি আন্তরিকভাবে সমর্থন করি।

আমি মনে করি পশ্চিমবাংলায় চালের উৎপাদন বেড়েছে কিন্তু ডাল এবং তৈল বীজের উৎপাদন বাড়েনি, আমি মনে করি এগুলি বাড়াবার জন্য আন্তরিক প্রচেষ্টার দরকার। এক্ষেত্রে অবশ্য কৃষক সংগঠনগুলির একটা দায়িত্ব রয়েছে, তাঁরা কৃষকদের মোবিলাইজ করে এই সমস্ত জিনিসের উৎপাদন যাতে বাড়ে তার জন্য চেষ্টা করতে পারেন। আমি মন্ত্রী মহাশয়কে বলছি কৃষক সংগঠনগুলি যাতে পশ্চিমবাংলায় ডাল এবং তৈল বীজেরই উৎপন্ন বাড়ায় সেদিকে আপনি দৃষ্টি দিন। সমবায় ঋণ যদিও এটা কৃষি মন্ত্রীর দপ্তরে নয়, তবু তাঁকেই এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে। মুদ্রাস্ফীতি, মূল্যবৃদ্ধি, খরা এবং বন্যা প্রভৃতি কারণে যারা সমবায় ঋণ এবং ব্যাঙ্ক লোণ নিয়ে শোধ করতে পারেনি আমি অনুরোধ করছি, সেই সমস্ত সমবায় ঋণ এবং ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে যারা লোণ নিয়েছে সেগুলো মকুব করার জন্য আপনি উদ্যোগ গ্রহণ করুন। এই কথা বলে বাজেট সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, সুন্দরবন সম্পর্কে উত্তর দিতে গিয়ে আমি কয়েকটি তথ্য আপনার কাছে তুলে ধরছি এবং যে সমস্ত প্রশ্ন এখানে উঠেছে সেই প্রসঙ্গে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, সুন্দরবন একটা পিছিয়ে পড়া এলাকা, ১৯৭১ সালের সেনসাস অনুযায়ী এখানে ২২ লক্ষ লোক বাস করত, এবং বর্তমানে ১৯৮৯ সালে এখানকার লোক সংখ্যা হয়েছে ২৫ থেকে ২৬ লক্ষ, এই এলাকার প্রায় ৪৫ ভাগ মানুষ শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবের অন্তর্ভুক্ত এবং হিন্দু সমাজভুক্ত যারা রয়েছে তারাও সব দিক থেকে অত্যন্ত পিছিয়ে পড়ে আছে। এই পিছিয়ে পড়া এলাকায় কোনও শিল্প নেই কলকারখানা নেই, যোগাযোগ ব্যবস্থা পূর্বে তো কিছুই ছিল না, আমরা কিছু কিছু করেছি। এই বিরাট এলাকার যদি উন্নতি করতে হয়, এই কৃষিপ্রধান এলাকার যদি উন্নতি করতে হয়, তাহলে এখানকার ৮০ ভাগ মানুষ যারা কৃষির উপর নির্ভরশীল এবং প্রায় অর্ধেক লোক যেখানে ভূমিহীন এবং ভাগচাষী রয়েছে, তাদের সর্বাঙ্গীন উন্নতির জন্য কৃষি

উন্নয়নের ব্যবস্থা করা দরকার। আমি মনে করি- এটা যখন কৃষিপ্রধান এলাকা তখন কৃষক এবং কৃষির উন্নয়নের মাধ্যমেই এই এলাকার উন্নয়ন সম্ভব। স্যার, সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড কংগ্রেস আমলেই হয়েছিল, ১৯৭৩ সালে। ১৯৭৩ সাল থেকে ১৯৭৭ সালের জুন মাস পর্যন্ত তাঁরা ছিলেন সরকারে এবং সেই সময় তাঁরা এই এলাকার জন্য যে ব্যয় বরাদ্দ করেছিলেন, সেটা দেখলে বুঝতে পারবেন যে তাঁরা কিভাবে এই সুন্দরবনকে অবহেলা করেছেন। আমি তাঁদের বাজেটের একটা উদাহরণ দিচ্ছি। ১৯৭৩-৭৪ সালে সুন্দরবন উন্নয়ন বোর্ডের তরফ থেকে বরাদ্দ করেছিল ৩০ লক্ষ টাকা, ১৯৭৪-৭৫ সালে—৪০ লক্ষ টাকা, '৭৫-'৭৬ সালে—৫০ লক্ষ টাকা এবং ১৯৭৬-৭৭ সালে বরাদ্দ করেছিলেন ৬০ লক্ষ টাকা। সুন্দরবনে যে ৮০০-এর মতো স্লুইস রয়েছে সেখানে তাঁরা মাত্র ৬টি স্লুইস করেছিলেন। ১৯৭৭/৭৮ সালে জনসাধারণ যখন আমাদের বামপন্থী সরকারের হাতে ক্ষমতা তুলে দিলেন তখন ওই ১৯৭৭/৭৮ সালে আমরা এক কোটি টাকা বরাদ্দ করেছিলাম, ১৯৭৮/৭৯ সালে দেড় কোটি টাকা বরাদ্দ করেছি, '৭৯-৮০ সালে দু কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ করেছি এবং ৮১-'৮২ সালে আমরা ৬ কোটি ৪৮ লক্ষ ৭৭ হাজার টাকা ধরেছি। সুতরাং এর মধ্যে দিয়ে

[6-25 — 6-35 p.m.]

আপনারা বুঝতে পারছেন যে কংগ্রেস গভর্নমেন্ট কিভাবে সুন্দরবন এলাকাকে অবহেলা করেছেন। কত কম টাকা বাজেটে বরাদ্দ করেছেন। ইচ্ছা করলে সুন্দরবনের জন্য বেশি টাকা খরচ করতে পারতেন। কেন না তখন কেন্দ্রে ইন্দিরা গান্ধী ছিলেন এবং পশ্চিমবঙ্গে সিদ্ধার্থশঙ্কর রায় ছিলেন এবং তার আগেও কংগ্রেস গভর্নমেন্ট ছিলেন। কিন্তু তবুও তা করতে পারলেন না কেন। আমরা মনে করি পশ্চাতপদ এলাকার মানুষদের উন্নতি করতে হবে এবং এই দৃষ্টিভঙ্গি যদি আমাদের না থাকতো তাহলে আমরা এই ব্যয় বরাদ্দ বাড়াতে পারতাম না। আমরা ঠিক করলাম যেহেতু সুন্দরবন পিছিয়ে পড়া এলাকা সেখানকার উন্নতি করতে গেলে এক ফসলী জমিকে দো ফসলী তিন ফসলী না করতে পারলে সুন্দরবন এলাকার উন্নতি করা যাবে না। আমাদের যে সীমিত টাকা এই টাকা বাড়িয়ে যেতে হবে আবার তেমনি এর উন্নয়ন করতে গেলে যে টাকার দরকার হবে তার সবটা দেওয়া আমাদের পক্ষে সম্ভব নয় তাই আমরা আন্তর্জাতিক যে সংস্থা আছে ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল তাদের কাছে সাহায্যের জন্য চেষ্টা করি। এটা হচ্ছে কৃষি সাহায্য তহবিল। এদের কাছে লেখার ফলে তারা আমাদের সাহায্য করতে এগিয়ে আসে এবং এইভাবে ৩১ কোটি ৮০ লক্ষ মোট প্রোজেক্টে ব্যয় বরাদ্দ হয়েছে। এর মধ্যে আই এফ এ দেবে ১৪ কোটি ৭০ লক্ষ টাকা এবং ভারত সরকার এর থেকে ৩০% কেটে নেবে। শেষ পর্যন্ত আমরা দেখছি ঐ ১৪ কোটি ৭০ লক্ষ টাকার মধ্যে ১০ কোটি টাকা আমরা পাবো। আমরা সেন্ট্রাল গভর্নমেন্টকে লিখব যাতে তারা ঐ ৩০% টাকা না কাটে। তাহলে পর আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে দিতে হবে ২১ কোটি ৮০ লক্ষ টাকা। আমরা পাঁচটি ডিপার্টমেন্টের থেকে এই টাকা দেব ঠিক করেছি। আমাদের ইরিগেসন ডিপার্টমেন্ট, এগ্রিকালচার‍্যাল ডিপার্টমেন্ট, সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড অ্যানিমাল হাসব্যান্ডারী ডিপার্টমেন্ট, ফিশারী ফরেস্ট ডিপার্টমেন্ট—এই কয়টি ডিপার্টমেন্ট এবং সুন্দরবন এলাকার আয় থেকে টাকা নিয়ে ৩১ কোটি ৮০ লক্ষ টাকা আমরা সুন্দরবন

এলাকা উন্নয়নের জন্য ব্যবস্থা করেছি। প্রোজেক্ট রিপোর্ট তৈরি হয়ে গেছে আশা করি আগামী এপ্রিল মাসের মধ্যে কাজ শুরু করব। কিভাবে এই ব্যবস্থা করছি এর মধ্যে আমি ইরিগেশন ব্যাপারে জানি সুন্দরবন উন্নয়ন করতে গিয়ে দেখেছি বর্ষকালে যে বৃষ্টি হয় তার ৭০ ভাগ বৃষ্টি চাষের কাজে লাগে বাকি ৩০ ভাগ জল সমুদ্রে মিশে যায়। যাতে ঐ জল লোনা জলে না মিশে যায় তাকে আটকে রেখে এবং ঐ ৭০ ভাগ জলকে ঠিকভাবে জমিয়ে রেখে শীতকালে এবং গ্রীষ্মকালে আমরা তা চাষের কাজে লাগাতে পারি তার চেষ্টা করছি এবং এতে ৫ লক্ষ ৪০ হাজার বিঘা জমিতে জল দেওয়া যাবে। এবং রবি শস্যে জল দিতে পারব তার পরিমাণ হচ্ছে ১ লক্ষ ১২ হাজার বিঘাতে। আজকে যে ফসল ফলছে তার ৫০ ভাগ বৃদ্ধি পাবে। এইভাবে আমরা পরিকল্পনা করেছি এবং তাতে ১ ফসলী জমি দু ফসলী, তিন ফসলী জমি হিসাবে পাওয়া যাবে। আমরা কিভাবে প্রোজেক্ট কম্পোন্যান্ট তৈরি করেছি সেটা সংক্ষেপে বলে দিচ্ছি। কনস্ট্রাকশন অফ স্লুইস ১৫০টি আরও নতুন করে করা হবে মাস্টার স্লুইস ১০টি মেজর ক্লোজার ১০টি এবং এছাড়া এক্সকাভেশন অফ ইন্টারমিডিয়া ড্রেন্স ২৫টি।

যার টোট্যাল লেন্থ হবে ৪৯০ কিলোমিটার। সুন্দরবনে যে প্রচুর পুকুর আছে সেই পুকুরের মধ্যে এক হাজার পুকুর আমরা সংস্কার করব। যে সমস্ত ডেরিলিক্ট ক্যানেল আছে বা নদীর যে সমস্ত শাখা প্রশাখা বুজে গেছে বা মজে গেছে সেগুলিকে নতুন করে কাটাবার ব্যবস্থা করব এবং তা করে তাতে জল ধরে রাখব। এই জল দিয়ে আমরা সুন্দরবনে দু/তিনটি ফসল ফলাবার চেষ্টা করব। তা ছাড়া তিনটি এলাকাকে মূলত আমরা শহর হিসাবে গড়ে তুলব এবং তাকে কেন্দ্র করে সুন্দরবনের উন্নয়নের বিকাশ ঘটাবার চেষ্টা করব। এগুলি হচ্ছে—ক্যানিং, কাকদ্বীপ এবং ন্যাজাট। এই তিনটি এলাকাকে অবলম্বন করে আমরা সুন্দরবনের ব্যাপক উন্নয়ন করার পরিকল্পনা গ্রহণ করেছি। সুন্দরবনে ২৮০ কিলোমিটার পাকা রাস্তা-ব্রিক স্প্রেড রোড তৈরি করা হবে। তা ছাড়া ধানের জমিতে নয়, জঙ্গল কেটে আমরা ফিশারির ব্যবস্থা করব। নামখানা থানায় যে একটা ন্যাচারাল লেকের মতন হয়ে আছে সেই জায়গাটিতে এবং বাসন্তি থানার বড়খালিতে বন হাসিল করে ৬৪০ হেক্টর জমিতে আমরা ফিশারি তৈরি করব। যাতে দৈনিক দু টন মাছ আনা যেতে পারে সেই ব্যবস্থা করব। এ ছাড়া অ্যানিমাল হাসবেন্ড্রির প্রোজেক্ট আমরা নিয়েছি। আই.এফ.এ. ডি-তারা অ্যানিম্যাল হাসবেন্ড্রি বাদ দিয়েছিলেন কিন্তু আমাদের ৫ জন মন্ত্রীকে নিয়ে যে কমিটি আছে সেই কমিটিতে বসে আমরা ঠিক করি আমরা এটা বাদ দেব না, এটা আমরা রাখব। এতে পোলট্রি, পিগারী এই সমস্তের ব্যবস্থা আমরা রাখছি। সুতরাং অ্যানিম্যাল হাসবেন্ড্রি থাকছে। ২ হাজার ১৬০ হেক্টর জমিতে আমরা সোশ্যাল ফরেস্ট্রি করব। এ ছাড়া ২৩০টি বড় বড় জেটি হবে এবং দুটি বড় ব্রিজ হবে। এই সমস্ত ব্যবস্থার মাধ্যমে যেখানে সুন্দরবনে একটি ফসল হত সেখানে আমরা দু/তিনটি ফসল করবার ব্যবস্থা করছি। ১ হাজার ১৯৩টি গ্রাম নিয়ে সুন্দরবন, এর মধ্যে বর্তমানে ৫৮০টি গ্রাম নিয়ে এই প্রোজেক্ট তৈরি করেছি। যে গ্রামগুলি বাদ আছে পরবর্তী ফেজে আগামী বছর সেগুলি অন্তর্ভুক্ত করা হবে। এইভাবে সমগ্র সুন্দরবনের উন্নয়নের ব্যবস্থা আমরা করেছি। স্যার, সুন্দরবনকে এতদিন ধরে ২৪ পরগনা জেলার খাড়ি বলে পরিচিত ছিল। কংগ্রেস আমলে আমরা দেখেছি এই সুন্দরবন থেকে হাজার হাজার অভুক্ত মানুষ কলকাতার পথে পথে ভিক্ষা করে খেত এবং অভুক্ত অবস্থায় কলকাতার পথে মারা যেত। '৫০ সালের

দুর্ভিক্ষের সময় যে ৫০ লক্ষ মানুষ মারা গিয়েছিল তার মধ্যে সুন্দরবনের মানুষই বেশি ছিল। আজকে আর স্যার, সুন্দরবনের মানুষকে ভিক্ষাপাত্র নিয়ে ফ্যান দাও ফ্যান দাও বলে কলকাতার পথে পথে ঘুরে বেড়াতে হয়না। পঞ্চায়েত, ইরিগেশন এবং সুন্দরবন উন্নয়ন দপ্তর মারফত সুন্দরবনের আমরা যা উন্নতি করেছি তাতে আজকে সুন্দরবনে মোটামুটি খাদ্যের ব্যবস্থা হয়েছে। সুতরাং কৃষি ব্যবস্থা হচ্ছে, তার সর্বাঙ্গীন উন্নয়নের জন্য মোটামুটি এই পরিকল্পনা আমরা নিয়েছি। আমার বিশ্বাস এই পরিকল্পনায় আপনারা সকলে দলমত নির্বিশেষে সমর্থন করবেন। এই কথা বলে সুন্দরবন এবং কৃষি বাজেট যেটা যুক্ত ভাবে হয়েছে, এই বাজেট অনুমোদনের জন্য আপনাদের কাছে আমি উত্থাপন করছি।

**শ্রী কমলকান্তি গুহ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা বারে বারে এখানে বলবার চেষ্টা করা হয়েছে। সামসুদ্দিন সাহেব একথা বলবার চেষ্টা করেছেন যে আজকে আমাদের যে কৃতিত্ব তার পিছনে আছে গত ৩০ বছরের কংগ্রেসের প্রচেষ্টা। তাদের প্রচেষ্টা, তাদের পরিকল্পনার উপর দাঁড়িয়ে আমরা যা করেছি তাতে আমাদের কোনও কৃতিত্ব নেই। সেজন্য আমার বাজেট বক্তৃতায় প্রতি পাতায় যা বলা হয়েছে তাতে একটা প্রচ্ছন্ন গর্ব অনুভব করা হয়েছে। এখন মুশকিল হচ্ছে, আমাদের যে গর্ব, আমাদের বক্তব্য, তার যদি এক অংশও ওঁরা বুঝতেন তাহলে আমাদের সমস্যা অনেকটা সমাধান হয়ে যেতো। কংগ্রেস আমলে দেশের সম্পদ বাড়েনি একথা বলছি না। স্বাধীনতার আগে কি ছিল এবং স্বাধীনতার পরে কি হয়েছে ভারতবর্ষের অবস্থা সেটা আমরা জানি। আগে একটা ছুঁচ আনতে হয়েছে বিলেত থেকে। এক মিটার কাপড় আনতে হয়েছে ম্যাঞ্চেষ্টার থেকে, এ জিনিস আমরা জানি। কংগ্রেস আসবার পরে শিল্পতে, কৃষিতে সঙ্কট বেড়েছে। কিন্তু আজকে আমাদের গর্ব কোথায়? আমাদের কৃতিত্ব কোথায়? দেশের সমস্ত মানুষকে নিংড়ে দেশের মাটি থেকে যে সম্পদ বের করা হয়েছিল, কোটি কোটি মানুষের রক্ত এবং ঘামের বিনিময়ে, সেই সম্পদ ভারতবর্ষের কয়েকটা মুস্টিমেয় লোক ভোগ করেছে। জোতদার, মহাজন শ্রেণীর লোকেরা সেই সম্পদ দিনের পর দিন ভোগ করেছে। এই ৪।। বছরে আমরা সেখান থেকে এই সম্পদ ছিনিয়ে এনে যারা নিঃস্ব, যারা রিক্ত, যারা বঞ্চিত, তাদের কাছে পৌঁছে দেবার চেষ্টা করেছি। আজকে সেখানেই আমাদের গর্ব, সেখানেই আমাদের তৃপ্তি, সেখানেই আমাদের কৃতিত্ব। আজকে সেটা ওরা বুঝতে চেষ্টা করেনি। আজকে এখানে বারে বারে পাটের কথা বলা হয়েছে। পাটের কথা দিয়ে যদি আমার বক্তব্য শুরু করি তাহলে আজকে যারা কংগ্রেস বেঞ্চে বসে আছেন, তাদের চিত্রটা আমি কিছুটা উদঘাটন করতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ থেকে ৪৭ বছর আগেকার দিনে চলে যেতে বলি। ১৯৩৭ সালের ১লা সেপ্টেম্বর, আজ থেকে ৪৪ বছর আগে এই হাউসে কৃষি বরাদ্দ নিয়ে আলোচনা শুরু হয়েছিল। সেদিন রাইটার্স বিল্ডিংসে, হাই কোর্টের মাথায় ডালহাউসি স্কোয়ারের প্রতিটি অট্টালিকায় উড়ছিল ইউনিয়ন জ্যাক। বিধানসভার দ্বারে, লবিতে সার্জেন্ট পাহারা দিচ্ছিল।

এখানে এই হাউসে মুসলিম লীগের সদস্যরা এবং কিছু কিছু নির্দলীয় এবং কৃষক প্রজা পার্টির কিছু কিছু দলত্যাগী সদস্য নিয়ে কোয়ালিশন সরকার তখন আসে। সেই পয়লা সেপ্টেম্বর ১৯৩৭ সালে, এই হাউসে কৃষি বরাদ্দ তুলে ছিলেন ঢাকার নবাব কৃষি মন্ত্রী

হিসাবে। সেদিনকে আমাদের কৃষক প্রজা পার্টির সদস্য মৌলবী হাকিম সাহেব একটা প্রস্তাব নিয়ে এসে বলেছিলেন যে এই সরকার বাংলাদেশের পাটচাষীদের পাটের দাম দিতে ব্যর্থ হয়েছে। তাঁকে সমর্থন করেছিলেন কংগ্রেস সদস্য সন্তোষ বোস। আমি আনন্দবাজার পত্রিকার কাছে কৃতজ্ঞ—বিস্মৃতির অতল তলে তলিয়ে গিয়েছিল এই মুহূর্তগুলি। তারা সেইগুলিকে আমাদের কাছে হাজির করেছেন, সেই গুরুত্বপূর্ণ দিনের কথা এই "আনন্দ সঙ্গী" বইটিতে যা আনন্দ পাবলিশার্স থেকে প্রকাশিত হয়েছে। তার থেকে আমি বলছি, সেদিনকে সামসুদ্দীন সাহেব কৃষক প্রজা পার্টির সদস্য তিনি তাঁর বিরোধিতা করে প্রস্তাব এনেছিলেন যে পাটের দাম নেই, কৃষকরা পাটের দাম পাচ্ছে না, ইউনিয়ন জুট মিল অ্যাসোসিয়েশনের মালিকরা ষড়যন্ত্র করছে আর আজকে কোন সামসুদ্দীন সাহেবকে কংগ্রেস বেঞ্চে দেখছি? যে সামসুদ্দীন সাহেব ৪৪ বছর আগে এই হাউসে বাংলাদেশের কৃষকদের জন্য, পাটের ন্যায্য মূল্যের জন্য লড়াই করেছিলেন, আজকে কংগ্রেসের মাননীয় সদস্য সামসুদ্দীন সাহেবের মুখে সেই পাটের দরের কথা শুনলাম না, বঞ্চিত কৃষকদের কথা শুনলাম না, কেন্দ্রে অবিচারের কথা শুনলাম না। সেদিন ইন্ডিয়ান জুট মিল অ্যাসোসিয়েশনের শ্বেতাঙ্গ সাহেবরা এই হাউসে বসে যে ধরনের কথা বলেছিলেন আজকে তার উত্তরসূরী হিসাবে কংগ্রেসিরা এখানে নীরব হয়ে থেকে তাদের সমর্থন করে গেলেন। সেদিন সামসুদ্দীন সাহেব, ৪৪ বছর আগে যেকথা বলেছিলেন আজকের সামসুদ্দীন সাহেবের মুখ দিয়ে সেই কথা বেরোল না। সেদিন ইন্ডিয়ান জুটমিল অ্যাসোসিয়েশনের শ্বেতাঙ্গদের যে সুবিধা তাঁরা করে দিয়েছিলেন তৎকালীন সরকার, আজকে ওরা এখানে বসেই একই ইন্ডিয়ান জুটমিল অ্যাসোসিয়েশনের সেই মালিকদের সুবিধা দিনের পর দিন দিয়ে যাচ্ছেন। একবারও উচ্চারিত হল না ওদের মুখ থেকে যে কেন্দ্র পাটের দাম বাড়িয়ে দিচ্ছে না, জুট কর্পোরেশন তাদের বরাদ্দ প্রতিশ্রুতিবদ্ধ সেই পরিমাণ পাট পশ্চিমবঙ্গ থেকে কেনেননি, একবারও তাঁরা এই কথা বলছেন না। আগামী দিনে এঁরা কি করবেন পাট সম্বন্ধে এই ব্যাপারে একবারও বললেন না। আমি একটু ধন্যবাদ দিচ্ছি বীরেন বাবু পাটের কথা বলেছেন। আমরা বার বার পশ্চিমবঙ্গের বামপন্থী দলগুলো, কৃষক সংগঠনগুলো এবং বামফ্রন্ট সরকার, আমরা ক্ষমতায় আসার পর পশ্চিমবাংলার পাট চাষীরা পাটের যাতে দর পায় তার জন্য আমরা চেষ্টা করে আসছি। আমরা কেন্দ্রের কাছে বার বার অনুরোধ করেছি যে আপনারা বেশি করে পাট কিনুন এবং ন্যায্য মূল্য দেবার ব্যবস্থা করুন গতবছর বলা হয়েছিল যে সাড়ে পাঁচ লক্ষ বেল পাট তারা পশ্চিমবঙ্গ থেকে কিনবেন। প্রণববাবুর সঙ্গে আমার যা আলোচনা হয়, তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং মুখ্যমন্ত্রী যখন প্রধান মন্ত্রী ইন্দিরা গান্ধীকে লিখেছিলেন যে জুট কর্পোরেশন ঢিলেঢালা ভাবে পাট কিনছেন, ঠিকমতো সেন্টার খুলছে না, পাট কিনছে না আপনি দয়া করে হস্তক্ষেপ করুন যাতে জুট কর্পোরেশন ঠিকমতো পাট কেনেন, প্রধান মন্ত্রী চিঠি দিয়ে পাঠিয়েছিলেন মুখ্যমন্ত্রীর কাছে যে অক্টোবর মাসের মধ্যে সাড়ে পাঁচ পক্ষ বেল পাট পশ্চিমবঙ্গ থেকে কেনা হবে। কিন্তু প্রধান মন্ত্রী দুঃখের বিষয় মহিলা হয়েও গান্ধারীর ভূমিকা নিতে পারেননি। প্রধান মন্ত্রী মহিলা হয়ে ধৃতরাষ্ট্রের ভূমিকা নিয়েছেন। সঞ্জয়ের কথা, দ্রোণের কথা, ভীষ্মের কথা আজ তাঁর ভাল লাগে না। তাই প্রধান মন্ত্রী ঐ দুর্যোধন, দুঃশাসন প্রভৃতিদের কথা শুনে তিনি বলে দিলেন সেপ্টেম্বর মাসের মধ্যে সাড়ে পাঁচ লক্ষ বেল পাট কেনা হবে। কিন্তু আমরা কি দেখলাম, প্রধানমন্ত্রীর সেই পাট কর্পোরেশন অক্টোবর মাস পর্যন্ত মাত্র ২ লক্ষ বেল পাট কিনলো।

[6-45 — 7-01 p.m.]

আপনারা জানেন এবছর অক্টোবর মাসে ৪ দিনের তফাতে দুর্গাপুজো হয়েছে, ঈদ হয়েছে। সাধারণ কৃষকদের ঘরের পাট এই দুটো পুজোর ধাক্কায় শেষ হয়ে গিয়েছিল। তারপরে কবে বাকি ২ লক্ষ বেল পাট কেনা হলো? নভেম্বর, ডিসেম্বর এবং জানুয়ারি মাসে কিনলো ২ লক্ষ বেল পাট। জুট কর্পোরেশন মোট মাত্র ৪ লক্ষ বেল পাট কিনেছিল এবং ঐ সময়ে কার স্বার্থে কিনেছিল? বড় বড় মহাজন, আড়তদার, ফোড়েদের স্বার্থে কিনেছিল, তাদের পকেটে টাকাটা ঢুকিয়ে দিয়েছিল। ভোলাবাবু একবারও বললেন না যে, এগুলি অবিচার করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সেই জন্য বাধ্য হয়ে আমাদের বলতে হচ্ছে পাটের জমির পরিমাণ কমিয়ে আনতে হবে এবং তার বদলে বিকল্প ফসলের জন্য আমাদের চেষ্টা করতে হবে। আমরা সেটা করতে চাইছি। সেই সমস্ত জমিতে বিকল্প ফসল যাতে কৃষকরা চাষ করে তার জন্য তাদের অর্থ দিয়ে, সার দিয়ে, বীজ দিয়ে আমরা তাদের সাহায্য করে যাব এবং এই ভাবে আমরা চেষ্টা করে যাব। আমরা কৃষকদের সহযোগিতা দিয়ে যাব। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, ভোলাবাবুদের 'সীমিত' কথাটাতে একটু এলার্জি আছে। 'সীমিত' কথাটা শুনলেই ওঁরা ভয় পান, ভদ্রলোকেরা এই কথায় বড় ভয় পেয়ে যান। সীমিত কথাটা যত বেশি বামফ্রন্টের মনে পড়ে যাচ্ছে তত বেশি বামফ্রন্টের মধ্যে উদোর গোঁ শুরু হয়ে যাচ্ছে, সীমিতকে ভেঙে বেরিয়ে আসতে হবে। আজকে অভিমন্যুর মতো আমাদের আর ব্যূহের মধ্যে রাখা চলবে না। আমরা মহাভারতের অভিমন্যু নই, আমরা আজকে ব্যূহ ভেদ করবার ছিদ্র পেয়ে গেছি। সুতরাং ব্যূহ ভেদ করে আমরা আগামী দিনে সাধারণ মানুষের কাছে গিয়ে পৌঁছব। সেই জন্যই তো ওঁরা সীমিত ক্ষমতার কথা শুনলেই ভয় পেয়ে যান, কেন না এই কথাটাতে ওঁদের অ্যালার্জি আছে। ভোলাবাবু শুনে রাখুন, আমরা এই সীমিত ক্ষমতার মধ্যেই কি করতে চাইছি। আমরা জানি পশ্চিম বাংলায় রাজ্যের বাইরে থেকে, বাংলাদেশ থেকে লক্ষ লক্ষ বেল পাট আসে, সেটাকে প্রতিরোধ করবার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের, বি.এস.এফ-এর কাস্টমস-এর। কিন্তু আমরা জানি কাদের সাহায্যে লক্ষ লক্ষ বেল পাট সীমান্ত অতিক্রম করে পশ্চিমবঙ্গে আসে। ঐ পাট আসার ফলে এখানকার কৃষকদের আরও বেশি সর্বনাশ হয়ে যাচ্ছে। সেই জন্যই আমরা আজকে জুট কার্ড চালু করবার চেষ্টা করছি। প্রথমে ৫০-টি ব্লক নিয়ে জুট কার্ড চালু করবার চেষ্টা করব। বিশেষ করে সীমান্তের ব্লকগুলির কৃষকদের জুট কার্ড দেওয়া হবে। যাদের জুট কার্ড থাকবে তাদের কাছ থেকে জে. সি. আই-কে পাট কিনতে হবে। আমরা গত বছর দেখেছি কৃষক সারা বছর জমিতে পরিশ্রম করে যে পাট উৎপন্ন করল সেই পাট যখন সে মাথায় করে নিয়ে এলো বিক্রি করতে তখন সে বিক্রি করতে পারল না, কারণ জে.সি.আই.-এর সেন্টারে মহাজনরা ভুয়া লোক দাঁড় করিয়ে নিজেদের পাট বিক্রি করে দিল। এইভাবে কৃষকদের বঞ্চিত করা হচ্ছে। সেইজন্য আমরা জুট কার্ড চালু করছি। যাদের কাছে জুট কার্ড থাকবে তাদের কাছ থেকে কিনতে হবে, এই ব্যবস্থা আমরা চালু করতে চাইছি। বেনামী লোকেদের কাছ থেকে—যারা কৃষক নয়, তাদের কাছ থেকে—পাট কেনার অধিকার জে.সি.আই-র থাকবে না। তাছাড়া রাজ্য সরকার নিজেরাও যাতে কিছু পাট সরাসরি কৃষকদের কাছ থেকে কিনতে পারে সে জন্যও পরিকল্পনা নেওয়া হচ্ছে। আমরা পশ্চিমবঙ্গ থেকে কেন্দ্রীয় সরকারের ট্রাস্ট ফোর্স-এর কাছে

বলেছি যে, আপনাদের কম করে ২৫ লক্ষ বেল পাট কিনতে হবে, আমরাও রাজ্য সরকারের পক্ষ থেকে কিছু কিছু পাট কিনব। কাজেই আমাদের পাট চাষীদের বাঁচাবার জন্য আমরা এই চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার আমি বীরেনবাবুর সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। বীরেনবাবু বলেছেন গ্রামসেবকদের তাড়িয়ে দেওয়া হয়েছে, গ্রাম সেবকদের আমরা নাকি সরিয়ে দিয়েছি। আমি বলছি, গ্রাম সেবকদের সরিয়ে দেওয়া হয়নি। গ্রামসেবকদের নতুন দায়িত্ব দিয়ে বামফ্রন্ট সরকার অন্য জায়গায় প্লেসড করেছেন। পঞ্চায়েতের হাতে আমরা ব্যাপক ক্ষমতা দিয়েছি, পঞ্চায়েতের কাজ অনেক বেড়ে গেছে। এই পঞ্চায়েতগুলি যাতে তাদের কাজকর্ম আরও ভালভাবে পালন করতে পারে সেইজন্য গ্রামসেবকদের আমরা প্রতি গ্রাম পঞ্চায়েতে প্লেসড করেছি। অন্যদিকে কৃষকদের যাতে কৃষি প্রযুক্তি বিজ্ঞান শেখানো যায়, তাদের বোঝানো যায় তার জন্য কৃষি প্রযুক্তি সহায়ক আমরা নিয়োগ করেছি। বীরেনবাবু কিছুটা জানেন আবার কিছুটা জানেন না। তিনি বলেছেন কৃষি প্রযুক্তি সহায়ক কবে হবে এবং কি হবে? বাধা কোথায়? আমি এখানে বলতে চাই, আমরা তো মেসিন নই, একদিনে সব তৈরি করে দিয়ে যাব। আমি বলেছি, ১৫০০ হাজার গ্রামসেবক আছে, সেখানে আমরা কৃষি প্রযুক্তি সহায়ক নিয়োগ করব। ইতিমধ্যে ৫০০ জন ট্রেনিং নিয়ে গ্রামে চলে গেছেন আর ৫০০ জন ট্রেনিং নিচ্ছেন, জুন মাসে বের হয়ে আসবেন। তারপর আমরা নিয়োগ করব। ইতিমধ্যে আরও ৫০০ জনের জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে লেখা হয়েছে। আমাদের সব চেয়ে অসুবিধা হচ্ছে, আমাদের তো এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মধ্য দিয়ে যেতে হয়। আপনাদের সময়ে কি রকম হত—মন্ত্রী মহাশয় সিগারেটের প্যাকেটে নাম লিখে চাকুরির জন্য পাঠিয়ে দিলেন, সেটা তো আমাদের সময়ে হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইন্দিরা গান্ধী সবুজ বিপ্লবের ডাক দিয়েছিলেন। পশ্চিমবঙ্গে উৎপাদন বেড়েছে—এটাকে যদি আপনারা সবুজ বিপ্লব বলেন তাহলে বলব হ্যাঁ, সবুজ বিপ্লব হয়েছিল। আপনাদের সময়ে ফসল বেড়েছে, উৎপাদন বেড়েছে কিন্তু সাধারণ মানুষের তাতে কি হয়েছে? ১৯৭৪ সালের হিসাব নিন, দেখবেন, হাজার হাজার মানুষ না খেয়ে মারা গেছে। ১৯৭৩ সালের হিসাব নিন, ১৯৭৫ সালের হিসাব নিন, ১৯৭৬ সালের হিসাব নিন—সুন্দরবন থেকে, মেদিনীপুর থেকে, উত্তর ২৪-পরগনা থেকে হাজার হাজার মানুষ এসে কলকাতার ফুটপাথে দিন কাটিয়েছে এক মুঠো ভাতের জন্য। আজকে সবুজ বিপ্লবের কথা যারা বলছেন আপনাদের ঐ যারা বড় লোক, আপনাদের যারা কোটিপতি, লাখপতি, ব্যবসায়ী তারা সেদিন লালে লাল হয়ে গিয়েছিল, ফুলে ফেঁপে এক হয়ে গিয়েছিল আর অন্য দিকে নিরন্ন মানুষ, দরিদ্র মানুষ তারা না খেতে পেয়ে দিন যাপন করেছে। ১৯৭৮ সালে বন্যার পর আপনারা বলেছিলেন হাজার হাজার লোক গ্রাম থেকে শহরে চলে আসবে। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বললেন, এবার হাজার হাজার লোক কলকাতার ফুটপাতে চলে আসবে। কিন্তু এই বামফ্রন্ট সরকার তা হতে দেয়নি। আপনারা জানেন, সেদিন তা হয়নি। এরপর খরা হলো, অনাবৃষ্টি হল, ওনারা ভাবলেন, এবার বোধ হয় প্রচুর লোক চলে আসবে কিন্তু তা আসেনি। সুতরাং এখানেই আমাদের সাফল্য, আমরা এই কাজ করেছি। বীরেনবাবু এবং কংগ্রেসের সদস্যরা বলছেন, আপনারা ডিপ টিউবওয়েল এবং রিভার লিফট ইরিগেশন করতে পারেননি। আমি বলছি, রিভার লিফট ৩৯২টা করেছি আর গভীর নলকূপ আমরা ৬০৩টা করেছি এই কয়েক বছরে, ১৯৭৭ সাল থেকে ১৯৮১ সাল পর্যন্ত।

আমরা গভীর নলকূপ ৬০৩টি করেছি, আমাদের আরও পরিকল্পনা রয়ে গেছে। কিন্তু আমাদের অসুবিধা হচ্ছে এই যে আপনারা যেভাবে অসহযোগিতার চেষ্টা করছেন আমাদের যে ভাবে সিমেন্ট না দিয়ে আমাদের ডেভেলপমেন্টের কাজ নষ্ট করবার চেষ্টা করছেন। আমরা যাতে জিনিসপত্র না পাই, সে ভাবে চেষ্টা করছেন, তার ফলে আমাদের অগ্রগতি কিছুটা ঝিমিয়ে পড়েছে বলা যায়। সেটা হচ্ছে আপনাদেরই কারসাজির জন্য। আমি বেশি সময় নেবনা, আমি শুধু এটুকু বলতে চাই যে সেটা হচ্ছে গতকাল শ্রী হরিপদ ভারতী মহাশয় বললেন যে গেরুয়া থাকবে, আপনারা যাবেন আসবেন। আমি জিজ্ঞাসা করি, গেরুয়া কিসের? গেরুয়া যদি বৈরাগ্যের প্রতীক হয়, ত্যাগের প্রতীক হয় সে গেরুয়া থাকবে কিন্তু যে গেরুয়া এয়ার কন্ডিসনড ঘরে বাস করে, যে গেরুয়া বিমানে করে মাসে একবার করে আমেরিকা ঘুরিয়ে নিয়ে আসে, যে গেরুয়া লাখপতিদের ছেলে-মেয়ের শিক্ষা ব্যবস্থা করে—দুই হাজার টাকা জমা না দিলে শিক্ষা ব্যবস্থা করা যায় না, সে গেরুয়ার আর বেশিদিন নেই, ভারতবর্ষের বুক থেকে তাকে মিলিয়ে যেতে হবে। তাকে এটা শুনিয়ে রাখুন আমি আপনাদের এই কথা বলি—ভোলাবাবু সেদিনকে বলেছেন যে অশোক মিত্র মহাশয় নাকি বিদায় বেলার গান শুনিয়েছেন। তাতে তিনি আমাদের পরাজয়ের ছাপ দেখেছেন, আমাদের নিশ্চিহ্ন হওয়ার ছাপ দেখেছেন। কিন্তু বিদায় বেলার গান ভোলাবাবুরা কতটুকু জানেন? রাখী বন্ধনের কবি, ইংরাজেরা যখন আমাদের ভারতবর্ষের আলো নিভিয়ে দিল, বায়ু বিষিয়ে দিল, তখন তাদের ধিক্কার দিয়ে সেই কবি ক্ষমাহীনভাবে বলেছিলেন—

"চাব না, পশ্চাতে মোরা, মানিব না বন্ধন ক্রন্দন—
হেরিব না দিক; গড়িব না দিন ক্ষণ, করিব না বিতর্ক, বিচার,—
হে উদ্যম, পথিক মুহূর্তে করিব পান, উপকণ্ঠ ভরি, ক্ষুণ্ণ মীণ
জীবনের ধিক্কার।"

আমাদের বিদায় বেলার গানের মধ্যে আছে জনগণকে বরণ করবার গান। ভোলাবাবু আমরা আসছি, আমরা থাকব, নূতন জীবনকে নিয়ে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ মানুষকে নিয়ে আমরা চলব। এই কথা বলে আমি যে ব্যয় বরাদ্দ দিয়েছি তাকে সমর্থন করে এবং যে ছাঁটাই প্রস্তাব দুটি এসেছে তাকে আমি গ্রহণ করতে পারলাম না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** There is one cut motion but it is not moved as the Member is absent. So, I put the main motion to vote.

The motion of Shri Kamal Kanti Guha that a sum of Rs. 62,11,71,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads : "305-Agriculture, 505-Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) and 705-Loans for Agriculture (Excluding Public Undertakings)", was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** There is one cut motion. The Member is

not present. So the cut motion is not moved.

I now put the main Demand—Demand No. 53-to vote.

The motion of Shri Kamal Kanti Guha that a sum of Rs. 68,74,01,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "306-Minor Irrigation, 307-Soil and Water Conservation, 308-Area Development, 506-Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, and 706-Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development"., was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-01 p.m. till 1 p.m. on Wednesday, the 11th March, 1981, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 11th March, 1981 at 1-00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 2 Ministers of State and 165 Members.

[1-00 – 1-10 p.m.]

### Held over Starred Questions
### (to which oral Answers were given)

**কয়লা উত্তোলন বাবদ রাজ্য সরকারের প্রাপ্য রয়্যালটি**

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪।) **শ্রী সুমন্তকুমার হীরা** ঃ ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ আর্থিক বৎসরের ১লা ফেব্রুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গের খনিগুলি থেকে কত টাকার কয়লা উত্তোলিত হয়েছে এবং এ বাবদ পশ্চিমবঙ্গ সরকারের প্রাপ্য রয়্যালটির পরিমাণ কত;

(খ) বর্তমানে উক্ত রয়্যালটির হার কত;

(গ) কেন্দ্রীয় সরকার রয়্যালটির হার বৃদ্ধির কোনও সিদ্ধান্ত গ্রহণ করেছে কি;

(ঘ) কেন্দ্রীয় সরকারের নিকট রয়্যালটি বাবদ বকেয়া পাওনা আছে কি; এবং

(ঙ) থাকলে তার পরিমাণ কত?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ

(ক) আর্থিক বৎসর শেষ না হওয়া পর্যন্ত কয়লা উত্তোলনের হিসাব দেওয়া সম্ভব নয়।

প্রেরিত (Despatched) কয়লার পরিমাণের উপর রয়্যালটির পরিমাণ নির্ধারণ করা হয়। নীতি অনুযায়ী ১লা ফেব্রুয়ারি '৮১ পর্যন্ত খনি উপদেষ্টার হিসাব মত পশ্চিমবঙ্গের প্রাপ্য রয়্যালটির পরিমাণ ৫,৫৫,৮০,৭৩৬টা

(খ) ও (গ) ভারত সরকার ১৪.৭.৭৫ তারিখের এক বিজ্ঞপ্তির দ্বারা বিভিন্ন মানের

কয়লার উপর রয়্যালটির হার নির্দ্ধারণ করেছিলেন।

আবার ১২.২.৮১ তারিখে আরও একটি বিজ্ঞপ্তির দ্বারা সেই হার বৃদ্ধি করা হয়েছে। এ সম্পর্কে একটি বিবরণ এতত্সহ দেওয়া হল।

(ঘ) হ্যাঁ

(ঙ) বর্তমান আর্থিক বৎসর ব্যাতীয় বকেয়া রয়্যালটির পরিমাণ - মোট ২ কোটি ৬১ লক্ষ টাকা।

## RATES OF ROYALTY IN DIFFERENT GRADES COAL

### Reply of Question Kha & Ga

| Different grades of Coal | Royalty fixed vide notn. dt. 14.7.75 | Royalty increased vide notn. dated 12.2.81. |
|---|---|---|
| (1) Group - I Coals- | | |
| (a) Grade A,B & C. | Rs.5.00 per Tonne. | Rs.7.00 per Tonne |
| (b) Non-Coking Coal - Selected Grade A. | | |
| (2) Group - II Coals - | | |
| (a) Coking Coal Grade D & E. | Rs.4.50 Per Tonne. | Rs.6.50 per Tonne |
| (b) Selected Grade A & B. | | |
| (3) Group - III Coals - | | |
| (a) Coking Coal - Grades - F,G,H & RM | Rs.4.00 per Tonne. | Rs.5.50 per Tonne |
| (b) Non-Coking Coal - Grade I and Assam and Singarani Coals. | | |
| (4) Group - IV Coals - | | |
| (a) Coking Coals - Grade J and K | Rs.3.50 per Tonne. | Rs.4.30 per Tonne |
| (b) Non-Coking Coal - Grade-II, III, IIIA and IIIB. | | |

| | | |
|---|---|---|
| (5) Group - V Coals - Ungraded Coals. | Rs.2.00 per Tonne. | Rs.2.50 per Tonne |
| (6) Group - VI Coals - Rejects. | Rs.1.00 per Tonne. | |

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** বর্তমানে ডেসপাচড্ কয়লার উপর যেভাবে রয়্যালটির রেট এবং পরিমাণ ঠিক হয়, সেটা পরিবর্তন করে দামের উপর রয়্যালটি পরিবর্তনের কোনও প্রস্তাব কি আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আগে অ্যাডভোলেরেম মুল্যের পরিবর্তন করে ও টনের ভিত্তিতে এটা করা হয়েছিল। আপনারা সবাই জানেন যে, কয়লার মূল্য অনেক বেড়েছে, এবং সেইদিক থেকে কয়লা ডেসপ্যাচের ক্ষেত্রে আমরা রয়্যালটি পাওয়ার ব্যাপারে বঞ্চিত হচ্ছি। এই নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে কয়েকবার আবেদন করেছি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** এটা কি কেন্দ্রীয় সরকারের একটা প্ল্যান যে, মোট উত্তোলিত কয়লার উপর এখন যে সিস্টেম আছে সেইভাবে রয়্যালটি দেন না? এতে অনেক ক্ষতি হচ্ছে গোপনে কয়লা অন্যত্র পাচার হয়ে যাচ্ছে। এই ক্ষত পুষিয়ে দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কি কোনও দাবি করেছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** কেন্দ্রীয় সরকারের বাজেটে স্থির করা হয় তাঁরা কি পরিমাণ দিতে পারবেন। কয়লা যা উত্তোলিত হয় তা ওয়াগনের অভাবে, ডেসপ্যাচও ঠিকমতো করা যায় না। এই ডেসপ্যাচ এর অসুবিধা এবং অ্যাডভান্সের মূল্য ৫।৭।১০ বছর পরে বৃদ্ধি হয়েছে তাও আমরা পাচ্ছি না। এই দুই দিক থেকে আমরা বঞ্চিত হচ্ছি এবং এর সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে রয়্যালটি বাবদ অনেক ডিউ পড়ে আছে। আবার খনি থেকে রেজড কয়লা ঠিকমতো ডেসপ্যাচ না করতে পারার জন্যও আমরা বঞ্চিত হচ্ছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কয়লা খনিগুলি জাতীয়-করণ করার পরে রয়্যালটি বাবদ পশ্চিমবাংলার কিছু পাওনা আছে কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এর পরে আর একটা প্রশ্ন আছে, সেই সময়ে জবাবটা দিয়ে দেব।

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কয়লার যে দর বেড়েছে সেই দরের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার কত পারসেন্ট রয়্যালটি আমাদের দিচ্ছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** সে সম্পর্কে একটা নোটিশ দেবেন, আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কতগুলি সমস্যার ব্যাপারে বললেন যে কেন্দ্রের সঙ্গে বসছেন এবং কথাবার্তা বলছেন। আমার প্রশ্ন হচ্ছে, এতে কি ফল লাভ হয়েছে সেটা জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এখন পর্যন্ত কোনও ফল লাভ হয়নি।

**কয়লার রয়্যালটি বাবদ সরকারের পাওনা**

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫২।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রয়্যালটি বাবদ পূর্বতন কয়লাখনি মালিকদের নিকট রাজ্য সরকারের কত টাকা পাওনা ছিল; এবং

(খ) কয়লাখনি জাতীয়করণের পর কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ঐ টাকা পরিশোধের কোনও ব্যবস্থা করিয়াছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ**

(ক) রয়্যালটি বাবদ পূর্বতন কয়লাখনি মালিকদের নিকট রাজ্য সরকারের মোট পাওনা ১৯৭৫ সালে হিসাব করা হয়েছিল ৩৯ কোটি ৫০ লক্ষ টাকা। এই টাকা জমিদারি অধিগ্রহণের তারিখ থেকে কয়লাখনি জাতীয়করণের তারিখ পর্যন্ত প্রায় আঠারো বছরের জন্য আগাগোড়া সর্বোচ্চ ৫% হারে ধার্য করা হয়। পরে ১৯৭৬ সালে ৬ই আগস্টের সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী ১৯৬১ সাল পর্যন্ত লীজ রেটে, ১৯৬২ থেকে ১৯৬৬ সাল পর্যন্ত ২$\frac{১}{২}$% হারে এবং ১৯৬৬ সালের থেকে ১৯৭৩ সাল পর্যন্ত ৫% হারে রয়্যালটি ধার্য হয়েছে। ফলে মোট পাওনা ঐ পরিবর্তিত হারে ৩৯ কোটি টাকার অর্ধেকের। তাছাড়া কয়লাখনি জাতীয়করণ আইনে পশ্চিমবঙ্গের কয়লাখনিগুলির মোট ক্ষতিপূরণ মাত্র ১৪ কোটি টাকা। এই ক্ষতিপূরণ থেকে অগ্রাধিকার ভিত্তিতে বকেয়া পাওনা পরিশোধের ব্যবস্থা আছে। দুঃখের বিষয়, এই অগ্রাধিকার তালিকায়, রাজ্য সরকারের রয়্যালটি প্রাপ্যের স্থান খুব নিচের দিকে প্রায় শেষে। ফলে অন্যান্য বকেয়া যথা শ্রমিক বেতন, প্রভিডেন্ড ফান্ড, ব্যাঙ্ক ঋণ, সিকিউর্ড ডেট (Secured debt) ইত্যাদি মিটিয়ে কিছু থাকলে তার কিছু অংশ রাজ্য সরকার পাবেন।

(খ) কেন্দ্রীয় সরকার কয়লাখনি জাতীয়করণ আইন অনুসারে একজন কমিশনার নিয়োগ করেছেন। সেখানে রাজ্য সরকার ৩১২টি অধিগৃহীত কোলিয়ারির বকেয়া পাওনা সম্পর্কে তার দাবি পেশ করেছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে এই ৩৯ কোটি ৫০ লক্ষ টাকা এবং কেটেকুটে ১৪ কোটি টাকা হচ্ছে যেটা আপনারা পেয়েছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনি দুটো জিনিস ভুল করছেন। এখানে হিসাব করলে দেখা যাবে যে আমাদের ৩৯ কোটি ৫৩ লক্ষ টাকা হয়। কিন্তু সেই টাকার ১৮ বছরের জন্য ৫ পারসেন্ট হারে ধার্য করা হয়। কিন্তু সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী ১৯৬১ সাল পর্যন্ত লিজ

রেটে প্রথমে ২।। পারসেন্ট, তারপর ৫ পারসেন্ট ইত্যাদি এইভাবে হয়ে এসেছে। এখন হিসাব করলে দেখা যাবে যে সেই ৩৯ কোটি টাকা আর থাকছে না, পাওনাটা অর্ধেকেরও কম হয়ে যাচ্ছে। আর ১৪ কোটি টাকাটা হচ্ছে, যখন জাতীয়করণ করা হল, জাতীয়করণ করার সময়ে সেই আইনে বলা হয়েছে যে ইকুইটেবল-এর জন্য এত, বেঙ্গল কোলের জন্য এত ইত্যাদি করে এই বাবদে মোট ১৪ কোটি টাকা কমপেনসেসান হচ্ছে এবং সেই কমপেনসেসান যখন দেওয়া হবে তখন যারা পাবেন, তাদের কাছ থেকে যে সমস্ত পাওনা আছে সেগুলি কেটে নেওয়া হবে। সেই কাটার ক্ষেত্রে সরকারের রয়্যালটি প্রাপ্যের স্থান নিচের দিকে প্রায় শেষে। শ্রমিকদের প্রভিডেন্ড ফান্ড, বেতন ইত্যাদি এই সবের পরে পশ্চিমবঙ্গ সরকারের জন্য আদৌ কিছু থাকবে কিনা সেই বিষয়ে সন্দেহ আছে।

[1-10 – 1-20 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মন্ত্রী মহাশয় যা বললেন তাতে টোট্যাল রয়্যালটি বাবদ পশ্চিমবাংলার খাতে কত টাকা আসবে সেই অঙ্ক কি জানা আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** দুটি ব্যাপার আছে প্রথম হচ্ছে বিফোর ন্যাশনালাইজেশন মালিকদের কাছ থেকে ৩৯ কোটি টাকা। তারপর কিভাবে কমে গেছে সেটা বলেছি। আর দু নম্বর হচ্ছে আফটার ন্যাশনালাইজেশন ৪৭ কোটি টাকা রয়্যালটি বাবদ পাব। তারমধ্যে ৪৫ কোটি টাকা আমরা আদায় করেছি। আমাদের পূর্বপুরুষরা এই দায়ভার আমাদের দিয়ে গেছে। এই সরকার আসার পর আমরা ৫।৬ কোলিয়ারিজদের সঙ্গে বসে এবং এইভাবে আমরা ৪৫ কোটি টাকা আদায় করেছি। এখন ২ কোটি ৭ লক্ষ টাকা এদের কাছে পড়ে আছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** সুপ্রিম কোর্ট কবে রায় দিয়েছে এবং আপনার দপ্তর থেকে পি.এ কমিটিতে বলেছেন যে জাতীয়করণ করার পূর্বে সরকারের ৭০ কোটি টাকা প্রাপ্য?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** কবে রায় দিয়েছে এটা অফ হ্যান্ড বলা সম্ভব নয়। পাবলিক অ্যাকাউন্ট কমিটির কাছে তারা কি বলেছে সেটা আমি বলতে পারব না আপনি বলতে পারেন আপনি পাবলিক অ্যাকাউন্ট কমিটিতে আছেন। আমি তো বলেছি ৩৯ কোটি টাকা এবং সেটা কি করে কমে গেল তাও বলে দিয়েছি।

### উত্তরবঙ্গ মাস্টার-প্ল্যান

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৭।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গের বন্যানিয়ন্ত্রণ ও ভূমিক্ষয় নিবারণের জন্য কোনও মাস্টার-প্ল্যান প্রস্তুত হইতেছে কি; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে উক্ত মাস্টার-প্ল্যান তৈরির কাজ (১) বর্তমানে কোন পর্যায়ে আছে এবং (২) উক্ত মাস্টার-প্ল্যান সাপেক্ষে তিস্তা,

জলরিয়াকা, তোর্ষা প্রভৃতি নদীগুলির ভাঙ্গন হইতে পার্শ্ববর্তী গ্রাম ও শহরগুলিকে রক্ষা করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ। তিস্তা, তোর্সা, জলঢাকা এবং রায়ডাক নদীগুলিতে মাস্টার প্ল্যান প্রস্তুত করা হইয়াছে।

(খ) (১) উপরিউক্ত মাস্টার প্ল্যানগুলির পরীক্ষা নিরীক্ষা চলিতেছে এবং তোর্সা মাস্টার প্ল্যানটি Central water Commission এর অনুমোদনের জন্য পাঠানো হইয়াছে।
(২) ঐ নদীগুলির ভাঙ্গন হইতে পার্শ্ববর্তী গ্রাম ও শহরগুলিকে রক্ষা করার জন্য বোর্ড অব টেকনিক্যাল কনসালটেন্ট-এর অনুমোদন সাপেক্ষে স্বল্প মেয়াদি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এই মাস্টার প্ল্যান কবে করা শেষ হয়েছে এবং কবে শেষ হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** কবে শেষ হবে সাল ধরে বলা সম্ভব হবে না। তবে একথা ঠিক আমরা অনেকগুলি মাস্টার প্ল্যান নিয়েছি। মোট ৭০টি পরিকল্পনার কাজ চলছে এবং সেজন্য ৬৬ কোটি টাকা মঞ্জুর করে খরচ হয়ে গেছে। আমরা আরও অনেকগুলি পরিকল্পনার জন্য ৩ কোটি ৬০ লক্ষ টাকা করব এবং এই বাবদ ১৫ কোটি ২৩ লক্ষ টাকা খরচ হয়ে গেছে। আমি কি কি মাস্টার প্ল্যান নিয়েছি তা জানতে চাইতে আমি বলে দিতে পারি।

**মিঃ স্পিকার ঃ** আপনি ওটা টেবল করে দিন।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ইতিমধ্যে কি কি প্ল্যান নেওয়া হয়েছে তা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** যেগুলি চলছে তার প্রধান প্রধান হচ্ছে, ভগ্নঅংশের নিকটে চেংমারি বাঁধ নির্মাণ, বিবিগঞ্জ থেকে ঝাড়সিংহেশ্বর পর্যন্ত নদীতীর সংরক্ষণ, গতি পরিবর্তিত হয়ে শীলতোর্ষা নদীর বানিয়া নদীতে পতন নির্মাণ। মানসাই নদীর বামতীর বরাবর ফলাকাটা শীলভাঙ্গা সরনির সংরক্ষণ। জলঢাকা নদীর কুমারি নদীতে অ্যাভালসনের নিবারণ। চেঙ্গামারি থেকে প্রেমগঞ্জ পর্যন্ত তিস্তা নদীর বামতীর সংরক্ষণ। নতুন যেগুলি গ্রহণ করা হয়েছে সেগুলি হচ্ছে, চেলবাঁধ পর্যন্ত শীলতোর্ষা নদীর সংরক্ষণ, সংকোচ নদীকে জোড়াই নদীতে পতন (ডাইভারসান) থেকে নিবারণ। রেল সেতু থেকে ৩১নং জাতীয় সড়ক পর্যন্ত জলঢাকা নদীর বামতীর সংরক্ষণ।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** উত্তরবঙ্গের নদীগুলির বিশেষত্ব হচ্ছে এই নদীগুলিতে ইঁট, বালি, পাথর ইত্যাদি পড়ে বুজে যায় বা তার ডেফথ কমে যায় এবং তার ফলে দু পাশের গ্রামগুলিতে জল ঢুকে পড়ে এবং তাতে গ্রামগুলি নষ্ট হয়। এটা প্রতিরোধ করার জন্য

ড্রেজিং বা উপর থেকে যাতে এগুলি না আসে তারজন্য ব্যাপক কোনও পরিকল্পনা মাস্টার প্ল্যানে আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আপনি যে ধরণের পরিকল্পনার কথা বলছেন সেই ধরনের পরিকল্পনা করা যায়নি। আমরা কোনও কোনও ক্ষেত্রে এই ধরনের পরিকল্পনা নিয়ে থাকি বটে তবে এ ক্ষেত্রে টাকার অভাবে এই ধরনের ব্যাপক পরিকল্পনা করা যায়নি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** নেপাল, সিকিম ইত্যাদি জায়গায় তদন্ত করার কোনও পরিকল্পনা গ্রহণ করার কথা এরমধ্যে আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** কিছু কিছু এই ধরনের প্রশ্ন আসে। সিকিমের সঙ্গে, নেপালের সঙ্গে মাঝে মাঝেই আমাদের বসতে হয়। সবচেয়ে বেশি বসতে হয় বাংলাদেশের সঙ্গে।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মাস্টার প্ল্যানের যে অংশটা কার্যকর হচ্ছে তারমধ্যে কুচবিহার জেলার অদূর ভবিষ্যতে উপকৃত হবার সম্ভবনা আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** কুচবিহার শহরের কথা ঠিক নেই। তবে মাননীয় সদস্য জানেন যে কুচবিহার শহর যখন ভেঙ্গে যাচ্ছিল, মাথাভাঙ্গা ভেঙ্গে যাচ্ছিল ১৯৭৭/৭৮ সালে তখন সমস্ত বাঁধ প্রায় রক্ষা করেছি। এখন যদি কিছু ক্ষতিগ্রস্ত হয়ে থাকে তাহলে সেটা আমাকে বলবেন, আমি সেটার ব্যবস্থা করার চেষ্টা করব।

**শ্রী সন্দীপ দাস ঃ** তিস্তা মাস্টার প্ল্যানের কাজ ১৯৬৮ সালে বন্যার পর আরম্ভ হয়েছে, সেটা রূপায়ণ করতে এত বিলম্ব হচ্ছে কেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমরা আসার পর তিস্তার কাজ আমরা ১৯৬৭ সালে শুরু করি। তিস্তার কাজ ব্যাপক গতিতে চলছে। যে টাইমবাউন্ড আছে তার দু/এক বছর আগেই এটা শেষ করতে পারব এই প্রতিশ্রুতি দিচ্ছি। ৬৪ ফুট লম্বা ৪৫টি গেট আছে, ইতিমধ্যেই ৩৪টি গেট কমপ্লিট হয়ে গিয়েছে বাকি ১১টি আশা করছি আগামি বছর কমপ্লিট করতে পারব। জল দিতে পারবো ১৯৮৩ সালের মধ্যে এই প্রতিশ্রুতি দিচ্ছি। ২২ লক্ষ ৮০ হাজার একর জমি তিস্তার এই জল পাবে। ২৪০ মেগাওয়াট পাওয়ার জেনারেট করা যাবে এবং ৬৫৩ ফুট হাইটের ড্যাম তৈরি করার অ্যারেঞ্জমেন্ট করেছি।

**শ্রী অহীন্দ্র সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই উত্তরবঙ্গ মাস্টার প্ল্যান যেটা গ্রহণ করা হয়েছে, তার মধ্যে উত্তরবঙ্গের ভূমিক্ষয় নিবারণের জন্য ট্যাংগন এবং পুর্নভব নদীর পরিকল্পনা আছে কি না?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** ট্যাংগন মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছে। দিল্লিতে সি ডব্লিউ.সি. স্যাংশন করেছে। আমরা শীঘ্র এটা ইমপ্লিমেন্ট করবার অ্যারেঞ্জমেন্ট করছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে ৭০টি প্রকল্প আপনারা নিয়েছেন এবং ১৫ কোটি ২৩ লক্ষ টাকা খরচ হচ্ছে উত্তরবঙ্গ বন্যা পরিকল্পনার

অধীনে। আমার প্রশ্ন হচ্ছে, এটা কি ১৯৭৭ সালে নেওয়া হয়েছিল, সেটা জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আমরা আসার পরে এটা গ্রহণ করা হয় এবং কাজ করা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে তিস্তার চিফ ইঞ্জিনিয়ার, যিনি দেখাশুনা করছেন, তিনি কি কলকাতায় থাকেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** তিনি কলকাতায়ও থাকেন, আবার তিস্তায়ও যান।

## Production of Tea in Darjeeling district

*298 (Admitted question No. *114.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the yield per hectare of Tea in Darjeeling has remained stagnated during the past few years while the all India average of the same has increased; and

(b) if so,

(i) what are the reasons, and

(ii) what action has so far been taken by the State Government to improve the same?

**Dr. Kanailal Bhattachariya :**

(a) Yes, it is a fact that the yield per hectare in Darjeeling has remained more or less stagnant during the past few years while all India average for the same increased.

(b) Reasons are various;

(i) 78% of Tea Bushes in Darjeeling District are over 50 years old;

(ii) Development works of replanting, extension and rejuvenation planting or new planting has not been carried out adequately in Darjeeling hill areas;

(iii) Natural calamities; such as drought, hail storm, heavy rain are also the reasons for low productivity;

(iv) Proper scientific methods of pruning and manuring have not been adopted sufficiently in Darjeeling hill areas.

(b) (ii) Tea being a Central subject, the remedial measures for longterm improvement of Darjeeling Hill gardens in general and average yield per hectare in particular can only be taken by Government of India and the Tea Board.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে সারা ভারতবর্ষের সঙ্গে দার্জিলিংয়ের অবস্থা ঠিকমতো চলছে না, দার্জিলিংয়ে কম হেক্টরে চা তৈরি হচ্ছে, এরজন্য ল' অ্যান্ড, অর্ডার সিচুয়েশন এবং লেবার ট্রাবল ও ট্রেড ইউনিয়ন রাইভ্যালরি অন্যতম কারণ কি না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হয়ত হতে পারে, আমি ঠিক বলতে পারছি না। এটায় যাতে ইয়ালড বাড়ে তার জন্য আমাদের তরফ থেকে সেন্ট্রাল গভর্নমেন্টকে বলা হয়েছে। টি বোর্ডকে বলা হয়েছে যাতে দার্জিলিং-এর টি গার্ডেনের অবস্থা ভাল হয় তারজন্য স্বক্রিয় ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যেহেতু আমাদের স্টেটের ইকনমি অনেকটা এর উপর নির্ভর করছে, আমরা দেখেছি যে অর্থমন্ত্রী টি-এর উপর ট্যাক্স বসিয়েছেন। তা স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে কোনও প্রোপোজাল নেওয়া হয়েছে কি, বা সেন্ট্রাল গভর্নমেন্টকে জানিয়েছেন এইরকম কোনও প্রস্তাব আছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমাদের তরফ থেকে ইমপ্রুভমেন্ট করার জন্য চেষ্টা করা হচ্ছে। ওখানে যে গার্ডেন আছে, সেই সিক গার্ডেনস নেবার জন্য প্রস্তাব দেওয়া হয়েছে। তারা দুটো গার্ডেনের জন্য অনুমতি দিয়েছেন। সেই দুটো গার্ডেন অধিগ্রহণ করে ভালভাবে চালানো হচ্ছে। এর বেশি কিছু আমরা করতে পারিনা।

### সাঁইথিয়ার হরিসভা অঞ্চলের শাখা ক্যানাল

*২৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫২।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার সাঁইথিয়া থানার অন্তর্গত হরিসভা অঞ্চলের শাখা ক্যানালটি দুই বৎসর যাবৎ অর্ধ সমাপ্ত অবস্থায় পড়িয়া আছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) কোন সময় নাগাদ এই ক্যানালটির খনন কার্য সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সংশ্লিষ্ট ক্যানালটি ময়ূরাক্ষী দ্বারকা যে ক্যানেলের (M.D.M.C) ৫৭ চেন হইতে

উদ্ভুত। ইহার মোট ৮২২.০০ চেনের মধ্যে ৬৪০ চেন পর্যন্ত তৈয়ারি হইয়াছে। অতঃপর রেল লাইন ভেদ করিয়া অপর প্রান্তস্থিত জমিগুলির উপর ক্যানাল কাটার বিরুদ্ধে মহামান্য কলকাতা হাইকোর্টের বিধিনিষেধ থাকায় কাজটি আর অগ্রসর হইতে পারে নাই। তাছাড়া রেল লাইন ভেদ করিয়া শাখা ক্যানাল বাহির করিতে হইলে রেল কর্তৃপক্ষের অনুমতি প্রয়োজন। তাহা আজ পর্যন্ত পাওয়া যায় নাই।

(গ) (খ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এখনই বলা সম্ভব নহে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে কি এব্যাপারে আর কোনও যোগাযোগ করা হচ্ছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** তাঁদের কয়েক-বার চিঠি দেওয়া হয়েছে এবং আমরা পুনরায় তাদের সঙ্গে আলোচনায় বসবার জন্য চেষ্টা করছি।

**নথীভুক্ত বর্গাদারের সংখ্যা**

*৩০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫২২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৮০ সাল হইতে ৩১এ জানুয়ারি, ১৯৮১ সাল পর্যন্ত এই রাজ্যে মোট কতজন বর্গাদার নথীভুক্ত হয়েছেন; এবং

(খ) 'অপারেশন বর্গা'-র সময়সীমা বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ**

(ক) ১লা জানুয়ারি, ১৯৮০ থেকে ৩১শে জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত এই রাজ্যে মোট ২,২০,৩৮২ জন বর্গাদার নথিভুক্ত হয়েছেন।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করছেন যে, রাজ্যের সমস্ত বর্গাদারদের নথিভুক্ত করার কাজ সম্পন্ন করা হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** না, আদৌ তা হয়নি। এখনো অনেক বাকি আছে। যতদিন পর্যন্ত শেষ বর্গাদারটির নাম নথিভুক্ত না হচ্ছে ততদিন পর্যন্ত এই কাজ থামবে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি এটা জানেন যে, এমন অনেক জমি আছে যে জমিগুলির পাট্টা গরিব চাষিদের দেওয়া হয়েছে, আবার অপর দিকে সেই জমির উপর কোর্টের ইঞ্জাংশন হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** ব্যাপারটা হচ্ছে ভেস্টেড ল্যান্ড হলে সেখানে যে বর্গাদার থাকবে সেই জমির মালিক হয়ে যাবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এসম্পর্কে খুবই অভিজ্ঞ লোক, তা সত্ত্বেও উনি আমার প্রশ্নটি বুঝতে পারেননি। ধরুন কোনও জমি পঞ্চায়েত সমিতি থেকে ভেস্টেড হয়েছে এবং পঞ্চায়েত সমিতি থেকে সেই জমির কোনও গরিব চাষিকে পাট্টা দেওয়া হয়েছে। কিন্তু তার কিছুদিন পরে কোর্ট থেকে সেইরকমের উপর ইঞ্জাংশন জারি করা হল এবং জে.এল.আর.ও সেই জমির পাট্টা বিলি করা বন্ধ করে দিল। এই ধরনের ঘটনার কথা কি আপনার জানা আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এটা কোনও প্রশ্ন নয়। আপনি যা বললেন ঐরকম নানারকম অবস্থা আছে। একটা জমি সরকারে ভেস্ট হয়েছে, পঞ্চায়েত সমিতির কাছে গিয়েছে, পরবর্তীকালে কেউ হয়ত কেস করে বললেন যে, ঐ জমিতে বর্গাদার আছে, অমুক আছে, তমুক আছে এবং এর ফলে গোলমালের সৃষ্টি হচ্ছে। এরকম অনেক কিছুই তো হচ্ছে। সুতরাং এ বিষয়ে কোনও স্পেসিফিক কেস না দিলে আমি কিছু বলতে পারব না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, কোন ভেস্টেড জমিতে পূর্ব থেকেই যদি কোনও বর্গাদার থাকে তাহলে সে জমির মালিক হয়ে যাবে। তা আমি তাঁকে জিজ্ঞাসা করছি এ বিষয়ে আইনটা কি আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** সেকসন ৪৯-এ যে প্রভিসন আছে তাতে বলা আছে যে বর্গাদারের নিজের অনেক জমি আছে, সে এবিষয়ে এলিজেবল নয়। ঐ আইন অনুযায়ী যারা এলিজেবল তাদের দেওয়া হবে বা তারা পাবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বর্গা রেকর্ডিং-এর ব্যাপারে সি.পি.এম. পার্টির লোকেরা আসল ভাগচাষির বদলে বা আসল ভাগচাষিকে উচ্ছেদ করে নিজেদের লোকের নাম রেকর্ড করাচ্ছে, এইরকম অভিযোগ আপনার কাছে এসেছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এই জাতীয় অভিযোগের প্রশ্নই ওঠে না। মাননীয় সদস্যরা এসবগুলি প্রশ্নের সময়ে না বলে, ১৬ তারিখে এই বিভাগের বাজেট আছে তখন এগুলি প্রানখুলে বলবেন, আমিও প্রাণ খুলে জবাব দেব।

[1-30 – 1-40 p.m.]

**শ্রী তিমিরবরণ ভাদুড়ী ঃ** কংগ্রেস আমলে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কতজন বর্গাদারের নাম রেকর্ডেড হয়েছিল আর বামফ্রন্ট সরকার আসার পর আজ পর্যন্ত কতজনের নাম রেকর্ডেড হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** বামফ্রন্ট সরকার হবার আগে বর্গাদারের নাম রেকর্ডেড হয়েছিল ২ লক্ষের নিচে আর আমরা পর এখনও পর্যন্ত যা হয়েছে তা হল ১০ লক্ষ ১০ হাজার ছাড়িয়ে গেছে।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গে আপনাদের হিসাব অনুযায়ী কত বর্গাদার আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** সঠিক সংখ্যা বলা খুব শক্ত তবে মোটামুটি আন্দাজ করে বলা যায় ২০ লক্ষের মতন। তবে দু-চার লক্ষ কমও হতে পারে আবার বেশিও হতে পারে।

**শ্রী অজয়কুমার দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কতজন সি.পি.এমের মালিকের জমিতে বর্গাদার হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এটা তো কোনও নির্দিষ্ট জায়গায় হয়নি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, বর্গাদারের যে জমি ছিল সেটা জোতদার জমিটাকে ভেষ্ট করে দিল। এখন ঐ বর্গাদার এলিজেবল হবার পরেও ঐ জমিটা পাবে কি পাবে না?

**মিঃ স্পিকার ঃ** এটা সাপলিমেন্টারি হয়না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি কি এইরকম ইন্সট্রাকশন সেটেলমেন্ট অফিসারদের দিয়েছেন যে, তারা মাঠে যাবেন, সেখানে জনগণকে ডাকবেন এবং ডেকে বলবেন, আপনারা কোন কোন জমি চাষ করছেন - আপনাদের প্লট নাম্বার লাগবে না, দাগ নাম্বার লাগবে না আমরা রিপোর্ট দিয়ে দেব এইরকম ধরনের কোনও ইন্সট্রাকশন দিয়েছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** না।

### বাংলা সিনেমা শিল্পের উন্নতি

*৩০১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৯।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলা সিনেমা শিল্পের উন্নতির পথে অন্তরায় কি কি;

(খ) অন্তরায়গুলি দূর করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(গ) প্রমোদ কর ছাড় দিলে তাহা বাংলা সিনেমা শিল্পের উন্নতির পথে কতটা সহায়ক হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) বহুবিধ অন্তরায়ের মধ্যে উল্লেখযোগ্য ঃ

(১) বাংলা চলচ্চিত্র সাধারণত কলকাতায় নির্মাণ করা হয়। কিন্তু এখানে চলচ্চিত্র বিশেষ-করে রঙিন চলচ্চিত্র তৈরি করার উপযুক্ত ল্যাবরেটরি ও যন্ত্রপাতির অভাব ঃ

(২) বহুব্যয়ে নির্মিত রঙিন হিন্দি ছবির প্রবল ও অসম প্রতিদ্বন্দ্বিতা।

(৩) পর্যাপ্ত সংখ্যক প্রেক্ষাগৃহের অভাব; এবং

(৪) স্বল্পব্যয়ে নির্মিত বাংলা ছবির প্রদর্শনের জন্য উৎসাহি পরিবেশকের অভাব;

(৫) ভালো চলচ্চিত্র তৈরি করার সমস্যা।

(খ) (১) রাজ্যে একটি রঙিন চলচ্চিত্র নির্মাণের জন্য একটি ল্যাবরেটরি স্থাপন করার কাজ শুরু হয়েছে।

(২) Technician Studio - অধিগ্রহণ করা হয়েছে। New Theatres Studio-তে NFDC-এর সহযোগিতায় ১৬ মি.মি. রঙিন ছবি তৈরির জন্য যন্ত্রপাতি বসানোর ব্যবস্থা করা হচ্ছে।

(৩) অসম প্রতিদ্বন্দ্বিতা দূরীকরণের জন্য রঙিন ছবির উপর বিশেষ সারচার্জ ধার্য করা হচ্ছে।

(৪) সম্ভাবনাপূর্ণ পরিচালক প্রযোজকদের ঋণ ও অনুদান মঞ্জুর করা হচ্ছে।

(৫) রাজ্যের সর্বত্র বিশেষ করে মফঃস্বলে পর্যাপ্ত সংখ্যায় প্রেক্ষাগৃহ তৈরির জন্য NFDC ও Canara Bank-এর সাহায্যে একটা প্রকল্প চালু করা হচ্ছে।

(৬) পরিবেশনার জন্য পরিবেশকদের একটি সমবায় সমিতি গঠনে সাহায্য করা হয়েছে।

(৭) বাংলা ছবি বাধ্যতামূলক ভাবে প্রদর্শনের জন্য একটি বিল রাষ্ট্রপতির সম্মতির জন্য পাঠানো হয়েছে।

(গ) প্রমোদকর রেহাই দিলে অধিক সংখ্যক দর্শক ছবি দেখতে পারেন এরূপ ছবি প্রদর্শনের ব্যাপারে পরিবেশকগণ উৎসাহিত হন। ফলে সামগ্রিকভাবে চলচ্চিত্র শিল্প উপকৃত হয়।

**শ্রী হরিপদ ভারতি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে কোনও নীতির ভিত্তিতে এই চলচ্চিত্রকে প্রমোদ কর থেকে আপনারা মুক্তি দিয়ে থাকেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের নীতির কথা বলতে গেলে সংক্ষেপে বলতে হয় যে আমরা সাড়ে তিন বছর ধরে দিচ্ছি না। দু মাস পরীক্ষামূলক ভাবে একটা কাজ শুরু করছি - পরীক্ষামূলক এই অর্থে যে - আপনারা দেখেছেন এক টাকা টিকিটের দাম করলে আমরা সাধারণভাবে কর রেহাই দেব। এইভাবে কোন কোন চলচ্চিত্রকে এই সুযোগ দেব তা আমরা আগামি এপ্রিল মাস থেকে সিদ্ধান্ত নেব। আমাদের আপাতত সিদ্ধান্ত যে চলচ্চিত্র দীর্ঘদিন ধরে জমে আছে, মুক্তি পাচ্ছে না তাদের এই প্রমোদ কর রেহাই করে খানিকটা আর্থিক দিক

থেকে সুযোগ দেওয়া হচ্ছে। এরপর আমরা এবং আমাদের যে উপদেষ্টা কমিটি আছেন তাঁরা গণতান্ত্রিক, প্রগতিশীল এবং জাতীয় ঐতিহ্যপূর্ণ যেসব চলচ্চিত্র তাদের এই সুযোগ দেবেন।

**শ্রী হরিপদ ভারতি ঃ** এই নীতির উপর ভিত্তি করে সুযোগটা সমস্ত চলচ্চিত্রকে দিচ্ছেন না কোথাও কোথাও বৈষম্য করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা প্রথমে সবাইকে সুযোগ দিচ্ছি, কিন্তু পরে আর এটা সবাইকে দেওয়া যাবে না, বেছে বেছে দিতে হবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমি জানতে চাইছি যে রাষ্ট্রপতির কাছে যে আইনটা পাঠানো হয়েছে, তার কোনও উত্তর এসেছে কি না এলে সেটা পাঠানোর জন্য তাগাদা দেওয়া হয়েছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা ৮ মাস আগে পাঠিয়েছি। ওখানে কনফারেনসে আলোচনা হয়েছে, ব্যক্তিগতভাবে আমিও দুই বার চিঠি লিখেছি এখন পর্যন্ত কোনও নির্দিষ্ট জবাব পাইনি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মফঃস্বলে যে সমস্ত সিনেমা হল করা হচ্ছে নূতন নূতন সেগুলির জন্য এটা আপনার দপ্তর কি না জানিনা, যদি অন্য দপ্তর হয় তাহলে তাদের সঙ্গে কোনও কো-অর্ডিনেশন আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা আমারই দপ্তর। আমাদের যে পরিকল্পনা রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন, কানাড়া ব্যাঙ্ক, ঠিক করেছেন যে মফস্বলের যারা আবেদন করছেন তাঁদের সাহায্য দেওয়া হবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমাদের সরকার গড়ে ওঠার পর কত সিনেমা হলকে লাইসেন্স দেওয়া হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এখন ১২টিকে দেওয়া হয়েছে, পরে আরও বেশি দেওয়া হবে।

### ক্ষুদ্রশিল্পের জন্য ইস্পাত ও জৈব চর্বির বরাদ্দ

*৩০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪১।) **শ্রী কমল সরকার ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের ক্ষুদ্র শিল্পগুলির জন্য কাঁচামাল হিসাবে লৌহ, ইস্পাত এবং জৈব চর্বির বর্তমান বার্ষিক চাহিদা কত; এবং

(খ) ১৯৭৭-৮০ সালের মধ্যে প্রতিবছর কেন্দ্র ঐ সকল কাঁচামাল (১) কি পরিমাণ বরাদ্দ করেছে এবং (২) কি পরিমাণ সরবরাহ করেছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) কাঁচামাল হিসাবে বিভিন্ন ধরনের লৌহ ইস্পাত ও জৈব চর্বির বর্তমান বার্ষিক চাহিদা নিম্নরূপ ঃ—

(ক) লৌহ, লৌহ পিন্ড ও ইস্পাত ৮.২৬৫ লাখ মেঃ টন

(খ) জৈব চর্বি.......... ৩০,০০০ মে টন.

(খ) (১) ও (২) উপরোক্ত কাঁচামাল ১৯৭৭-৮০ সালের মধ্যে কেন্দ্র যাহা বরাদ্দ করেছে এবং সরবরাহ করেছে বাৎসরিক হিসাব নিম্নে দেওয়া হল ঃ

| | বৎসর | বরাদ্দ (মেঃ টন) | সরবরাহ (মেঃ টন) |
|---|---|---|---|
| (১) (ক) লৌহ ও ইস্পাত | ১৯৭৭-৭৮ | — | ২১১৬ |
| | ৭৮-৭৯ | ২০৪৯৪ | ১১৩৫৯ |
| | ৭৯-৮০ | ৩২১৩৬ | ২০৪১০ |
| (খ) লৌহপিণ্ড | ১৯৭৭-৭৮ | — | ৯৫০ |
| | ৭৮-৭৯ | ১৭৮ | ১৭৮ |
| | ৭৯-৮০ | ১৪৫৫৪ | ১৪৫৫৪ |
| (২) জৈব চর্বি | ১৯৭৭-৭৮ | ৪৪৭৫ | ১৭২০.০০ |
| | ৭৮-৭৯ | ৩৫৮০ | ১৭৪০.৫৮ |
| | ৭৯-৮০ | ৩২২২ | ১৫৭৮.০০ |

[1-40 – 1-50 p.m.]

**শ্রী কমল সরকার ঃ** এ সম্পর্কে আপনারা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেছেন কিনা এবং তাদের নীতি কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** বর্তমান ক্ষুদ্র শিল্পের জন্য কোনও সুষ্ঠু নীতি নেই তবে এটা অ্যাডহক ভিত্তিতে করা হয় এবং বৃহৎ শিল্পের সঙ্গে ক্ষুদ্র শিল্পের চাহিদা অনুসারে সরবরাহ নীতি সম্পর্কে আমরা কেন্দ্রীয় সরকারকে বারবার বলেছি। অর্থাৎ যদি কোথাও কোনও স্বল্পতা থাকে তাহলে বরাদ্দের একটা ভিত্তি ঠিক করা হোক সেটা হচ্ছে প্রতিটি রাজ্যের যে ইনস্টল ক্যাপাসিটি সেটা ভিত্তি হিসাবে ধরা হোক এবং কমবে যখন তখন সমস্ত রাজ্যেই একইভাবে কমানো হোক। এই দাবি আমরা করেছিলাম। মাঝে মাঝে সমস্ত স্টেটের যে মিটিং হয় স্মল

ইন্ডাস্ট্রির উপর যে বোর্ড আছে তাদের সুপারিশ ছিল এই যে ইনস্টল ক্যাপাসিটিকে ভিত্তি করে করা হোক। ইতিপূর্বে লিখিত চিঠি আমরা দিয়েছিলাম কিন্তু কিছু হয়নি। সম্প্রতি ডাঃ জানানার কাছে চিঠি লিখেছিলাম যে এই নীতি কার্যকর করা হোক। এর জবাব তিনি জানিয়েছেন বর্তমানে বরাদ্দের যে নীতি তিনি দিয়েছেন তার ভেতরে কোনও গোলমাল নেই এবং সেটা পরিবর্তনের কোনও প্রয়োজন আছে বলে মনে করছেন না।

**শ্রী কমল সরকার ঃ** ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে যখন জিনিস পাচ্ছেন না তখন বাজারে বেশি দাম দিলে সমস্ত জিনিস পাওয়া যায় এ সম্পর্কে আপনি জানেন কিনা এবং তা প্রতিরোধের জন্য কি করছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এ সম্পর্কে সরকারি কোনও তথ্য নেই। একটা কারখানা যদি প্রয়োজনে আড়াই ভাগ ইস্পাত পায় তাহলে সে কারখানা চলবে কি করে এবং তা যদি চালাতে হয় তাহলে অন্য কোনওভাবে ইস্পাত তাকে সংগ্রহ করতে হবে। আমরা জানি বাজারে অনেক বেশি পয়সা দিলে ইস্পাত পাওয়া যায়। অনেক ক্ষুদ্রশিল্পকে এইভাবে কাঁচামাল সংগ্রহ করতে হচ্ছে।

**শ্রী কমল সরকার ঃ** কেন্দ্রীয় সরকার বারবার বলছেন ক্ষুদ্র শিল্পগুলিকে তারা যথাযথ সাহায্য করছেন অথচ তাদের ঘোষিত নীতি হওয়া সত্ত্বেও ছোট ছোট মালিকরা পাচ্ছেনা এবং শ্রমিকরাও কাজ পাচ্ছেন না এ সম্পর্কে কি কোনও আলোচনা করেছেন এবং তারা কি বলেছেন।

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমি বলেছি যে আমরা কি দাবি করেছিলাম কিন্তু কেন্দ্রীয় সরকার বর্তমানে একটা মিটিং করেছিলেন দিল্লিতে যাতে তারা প্রস্তাব রেখেছিলেন যে কাঁচা মাল এর যে সঙ্কট দেখা দিয়েছে সেটা সমাধানের জন্য বর্তমানে প্রতিটি রাজ্যের কর্পোরেশন বাফার্স স্টক তৈরি করবেন এবং তাঁদের সুপারিশ হচ্ছে প্রাপ্য কাঁচামাল থেকে ২০।২৫ ভাগ সরিয়ে রাখবে যাতে ভবিষ্যতে কাঁচামাল তারা দিতে পারে। এতে আমরা আপত্তি করে জানিয়েছি বাফার্স স্টক কার্যকর হতে পারেনা। যা প্রয়োজন সেই হিসাবে যাতে কাঁচামাল সরবরাহ করা যায় তার ব্যবস্থা করুন। কিন্তু এ সম্পর্কে কোনও কিছু তারা জানাননি।

### জলঙ্গী নদীর ভাঙ্গন

*৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৫।) **শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, জলঙ্গী নদীর ভাঙ্গনের ফলে কাজিলনগর, সাহেবনগর, তেহট্ট, খাসপুর, হাঁসপুকুর, চাঁদেরঘাট প্রভৃতি বহু নদীতীরস্থ গ্রাম বিপন্ন হয়ে পড়েছে;

(খ) অবগত থাকলে, ইতিমধ্যে জলঙ্গী নদীর ভাঙ্গনরোধের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(গ) ঐ বাবদে এ পর্যন্ত কি পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ, অবগত আছেন।

(খ) উল্লিখিত গ্রামগুলিকে নদী ভাঙ্গনের হাত থেকে বাঁচাবার উদ্দেশ্যে প্রয়োজনীয় নদী ভাঙ্গন রোধ প্রকল্পগুলি তৈরি করার জন্য সমীক্ষার কাজ চলছে। আশা করা যায়, উল্লিখিত প্রকল্পগুলি আগামি মে মাসের মধ্যেই তৈরি করা যাবে। Estimate গুলি তৈরি হলে উপযুক্ত কর্তৃপক্ষ যথা Technical Committee of West Bengal Flood control Commission এবং Planning Commission এর অনুমোদনের জন্য পাঠানো হবে। এই অনুমোদন পাওয়া গেলে প্রকল্প গুলির কাজ হাতে নেওয়া যাবে।

(গ) (খ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি বলেছেন এসব প্রকল্পের কাজ মে থেকে শুরু হবে কিন্তু ফাজিল নগরের উত্তরপাড়ে যে ভাঙ্গন হচ্ছে সেটা সম্পর্কে কি করছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** নোটিশ চাই।

### Central Sector Electronics Unit

*304. (Admitted question No. *319.) **Shri A.K.M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the Government of West Bengal has requested the Government of India to locate a Central Sector Electronics Unit in West Bengal; and

(b) if so, what is the response from the Centre in the matter ?

**Dr. Kanailal Bhattachariya :**

(a) Yes.

(b) This State Government is not aware of the decision, if any, taken by the Government of India in the matter.

### সরকারি জলা লিজ প্রদানের নীতি

*৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৫।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ ও শহর এলাকায় সরকারি ও খাস জলাগুলি লিজ দিবার ক্ষেত্রে কি নীতি অনুসরণ করা হয়; এবং

(খ) উক্ত প্রকার লিজ-এর ক্ষেত্রে সমবায় সংস্থাগুলিকে অগ্রাধিকার দিবার নীতি গ্রহণ করা হইয়াছে কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) স্থানীয় ধীবর এবং মৎসজীবী সম্প্রদায়ের স্বার্থ সংরক্ষণের নীতি অনুসরণ করে সরকারি খাস বা ন্যস্ত জলকরগুলি বা জলাগুলি লিজ দেওয়া হয়ে থাকে।

(খ) হ্যাঁ।

অগ্রাধিকারের ভিত্তিতে অন্যান্য শতকরা ৭৫ ভাগ স্থানীয় মৎস্যজীবী সদস্য দ্বারা গঠিত সমবায় সংস্থা, ধীবর সম্প্রদায় এবং মৎস্যজীবী সম্প্রদায়ের অন্তর্ভুক্ত কোনও ব্যক্তি বিশেষকে খাস বা ন্যাস্ত জলকরগুলি লিজ দেওয়াই সরকারের নীতি।

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে ছোট ছোট জলকরগুলি সংশ্লিষ্ট পঞ্চায়েতকে হস্তান্তর করা হয়েছে এবং পঞ্চায়েতগুলিই সেগুলি পরিচালনা করে থাকেন।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** কোনটা ছোট জমি আর কোনটা বড় জমি এ সম্পর্কে কোনও সুনির্দিষ্ট নীতি আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** একার এজের ভিত্তিতে বলা হয়।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** কত একর বড় এবং কত একর ছোট হবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** নোটিশ চাই।

### তমলুক ও ঘাটালে প্রচার বিভাগের গাড়ি

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৭।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, মেদিনীপুর জেলায় তমলুক ও ঘাটাল মহকুমায় প্রচার বিভাগের কোনও গাড়ি নাই; এবং

(খ) না থাকিলে, হলদিয়া বন্দর থাকার পরিপ্রেক্ষিতে উক্ত দুই মহকুমায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধীনে গাড়ি রাখার কথা সরকার চিন্তা করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ, মেদিনীপুর জেলার তমলুক ও ঘাটাল মহকুমায় এই বিভাগের কোনও গাড়ি নাই।

(খ) হ্যাঁ, উক্ত দুই মহকুমার জন্য গাড়ি কেনার প্রস্তাব এই বিভাগের আছে। কিন্তু অর্থ বিভাগের মিতব্যয়িতা সংক্রান্ত নিষেধাজ্ঞার জন্য গাড়ি কেনার প্রস্তাব আপাতত স্থগিত আছে।

## কংসাবতী ৬নং ডিভিসনে কর্মী নিয়োগ

*৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩২।) **শ্রী সেখ সিরাজ আলি ও শ্রীরামচন্দ্র শতপথী** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কংসাবতী ৬নং ডিভিসনে ১৯৭৭ সালের মার্চ মাস হইতে ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কত জনকে (১) মাস্টার রোলে নিয়োগ করা হইয়াছে ও (২) ক্যাজুয়েল লেবার হিসাবে নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) ঐ সকল নিয়োগ কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে করা হইয়াছে কি না?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) (১) কোনও নূতন নিয়োগ হয় নাই। ২০ জন আগে হইতে কর্মরত আছে।

(ক) (২) ২০ জন।

(খ) না, মাস্টার রোল কর্মী নূতন নিয়োগ না হওয়ায় প্রশ্ন ওঠেনা। ক্যাজুয়াল লেবার ১৫ দিনের কম সময়ের জন্য নিয়োগ হওয়ায় কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে হওয়ার প্রয়োজন নাই।

## শিল্প অনুজ্ঞাপত্র এবং মঞ্জুরিপত্র

*৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৫।) **শ্রী নীহারকুমার বসু ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে পশ্চিমবঙ্গের জন্য কতগুলি শিল্প অনুজ্ঞাপত্র এবং মঞ্জুরিপত্র পাওয়া গেছে সে সম্পর্কে সরকারের নিকট কোনও তথ্য আছে কি;

(খ) থাকিলে, উক্ত শিল্পগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ কত; এবং

(গ) ঐ সময়ে এ রাজ্যে কতগুলি বৃহৎ ও মাঝারি শিল্প রূপায়িত হয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ। ১৯৮০ সালে পশ্চিমবঙ্গের জন্য মোট ৫৫টি লেটার অফ ইনটেন্ট এবং ২৫টি ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স পাওয়া গিয়াছে।

(খ) ১৯৮০ সালে প্রাপ্ত লেটার অফ ইনটেন্টগুলি মোট বিনিয়োগের পরিমাণ ৮৩

(ক) গ্রামীণ ও শহর এলাকায় সরকারি ও খাস জলাগুলি লিজ দিবার ক্ষেত্রে কি নীতি অনুসরণ করা হয়; এবং

(খ) উক্ত প্রকার লিজ-এর ক্ষেত্রে সমবায় সংস্থাগুলিকে অগ্রাধিকার দিবার নীতি গ্রহণ করা হইয়াছে কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) স্থানীয় ধীবর এবং মৎসজীবী সম্প্রদায়ের স্বার্থ সংরক্ষণের নীতি অনুসরণ করে সরকারি খাস বা ন্যস্ত জলকরগুলি বা জলাগুলি লিজ দেওয়া হয়ে থাকে।

(খ) হ্যাঁ।

অগ্রাধিকারের ভিত্তিতে অন্যান্য শতকরা ৭৫ ভাগ স্থানীয় মৎস্যজীবী সদস্য দ্বারা গঠিত সমবায় সংস্থা, ধীবর সম্প্রদায় এবং মৎস্যজীবী সম্প্রদায়ের অন্তর্ভুক্ত কোনও ব্যক্তি বিশেষকে খাস বা ন্যাস্ত জলকরগুলি লিজ দেওয়াই সরকারের নীতি।

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে ছোট ছোট জলকরগুলি সংশ্লিষ্ট পঞ্চায়েতকে হস্তান্তর করা হয়েছে এবং পঞ্চায়েতগুলিই সেগুলি পরিচালনা করে থাকেন।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** কোনটা ছোট জমি আর কোনটা বড় জমি এ সম্পর্কে কোনও সুনির্দিষ্ট নীতি আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** একার এজের ভিত্তিতে বলা হয়।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** কত একর বড় এবং কত একর ছোট হবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** নোটিশ চাই।

## তমলুক ও ঘাটালে প্রচার বিভাগের গাড়ি

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৭।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, মেদিনীপুর জেলায় তমলুক ও ঘাটাল মহকুমায় প্রচার বিভাগের কোনও গাড়ি নাই; এবং

(খ) না থাকিলে, হলদিয়া বন্দর থাকার পরিপ্রেক্ষিতে উক্ত দুই মহকুমায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধীনে গাড়ি রাখার কথা সরকার চিন্তা করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ, মেদিনীপুর জেলার তমলুক ও ঘাটাল মহকুমায় এই বিভাগের কোনও গাড়ি নাই।

**সরকারি উদ্যোগে একাঙ্ক নাটক প্রতিযোগিতা**

*৩১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫৯।) **শ্রী সুভাষ গোস্বামী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারি উদ্যোগে জেলা পর্যায়ে একাঙ্ক নাটক প্রতিযোগিতার ব্যবস্থা করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আপাতত নেই।

**ঝাড়গ্রাম মহকুমায় সেচের মাস্টার প্ল্যান**

*৩১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৪।) **শ্রী রামচন্দ্র শতপথী :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমার সেচের জন্য কোনও মাস্টার প্ল্যান গ্রহণ করা হয়েছে কি না?

(খ) হয়ে থাকলে উক্ত মাস্টার প্ল্যানের রূপরেখা কি; এবং

(গ) উক্ত মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত পরিকল্পনাগুলি কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) না; তবে কয়েকটি সেচ প্রকল্প গ্রহণ করা হয়েছে;

(খ) এবং (গ) এই প্রশ্ন ওঠে না।

**Overtime allowance in W.B.G. Press**

*312. (Admitted question No. *1851.) **Shri Krishna Das Roy and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that West Bengal Government Press works on only one shift and substantial amount is paid as overtime allowance to the employees of this press: and

(b) if so,

(i) the amount paid as overtime allowance during the period from July, 1977 to January, 1981,

(ii) the steps taken by the State Government to minimise the payment of such allowance?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) Yes.

(b) (i) 107.57 lakhs.

(ii) (a) Old and worn out machines are being replaced gradually by new and up-to-date printing machines.

(b) Printing works of different Govt. offices are being diverted to the Basumati Press and the Saraswati Press for preventing accumulation of works in the West Bengal Government Press.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** বর্তমানে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের প্রেসগুলিতে কি ওয়ান শিফ্‌টে কাজ করান হয়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হ্যাঁ

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি প্রেসগুলিতে এত ওভারটাইম দিচ্ছেন, অথচ সেখানে যেসব কর্মী আছেন, তাঁরা কেউ ১২, ১টা বিভিন্ন সময়ে আসছেন, এবং ঠিকমতো কাজে আসছেন না, এ খবর কি আপনার জানা আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** না, এটা ঠিক নয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন্য যে সমস্ত প্রেসে এখন দু-তিনটে শিফ্‌টে কাজ চলছে, সেখানে কি ওভার-টাইম দিয়ে একটা শিফ্‌টে চালাবার চেষ্টা করছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমরা ওভারটাইম বন্ধ করবার জন্য গভর্নমেন্টের যে সমস্ত কাজ আছে, তা বসুমতি এবং সরস্বতি প্রেসে ডাইভার্ট করা হয়েছে। ডাবল শিফ্‌টে কাজ করাবার অসুবিধা আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি কি জানেন যে, অ্যাসেম্বলির কোয়েশ্চেন ঠিকমতো পাওয়া যাচ্ছে ন. — ঠিকমতো কাজ হচ্ছে না বলে এই অবস্থা, এটা কি ঠিক?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এ বছরে এরকম ঘটনা কখনও ঘটেনি। মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, আগে গভর্নমেন্ট প্রেসে শুধু Budget papers, gazette notification, rules, Acts, ছাপা হয়, এখন সেখানে লটারি টিকিট থেকে আরম্ভ করে স্পোর্টস টিকিট, রেশন কার্ড ইত্যাদিও ছাপা হচ্ছে। এর ফলে কাজ বেড়ে গিয়েছিল, সেজন্য ওভারটাইম দিতে হয়েছিল। কিন্তু বর্তমানে সেগুলি সরস্বতি প্রেস এবং বসুমতি প্রেসে ছাপানোর বন্দোবস্ত করা হয়েছে।

*13 (Held over)

## বীরভূমের সাঁইথিয়ায় শিল্পকেন্দ্র স্থাপন

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬২।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সাঁইথিয়া শহরে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, উহা বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় উপযুক্ত জমি সংগ্রহ করিবার ব্যবস্থা হইতেছে।

## চিনিকল স্থাপনের প্রস্তাব

*৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৯।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ন্যাশনাল হেভি ইঞ্জিনিয়ারিং কো-অপারেটিভ পশ্চিমবঙ্গে কোনও চিনিকল স্থাপনের প্রস্তাব করিয়াছে কি না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে অন্য কোনও কারখানার জন্য ঐরকম কোনও প্রস্তাব আছে কি না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হ্যাঁ। আপনি যেটা লিখেছেন তাতে একটু ভুল আছে। এটা ন্যাশনাল হেভি ইঞ্জিনিয়ারিং নয়, এটা ন্যাশনাল ইঞ্জিনিয়ারিং কোম্পানি। আমার কাছে এইরকম একটা প্রস্তাব আছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে এদের শর্তগুলি কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** শর্ত হচ্ছে যে পশ্চিমবঙ্গে যে স্থানে ২ হাজার একর জমি আছে এবং সেই ২ হাজার একর জমি ১০০ জন ভূমিহীন চাষিকে ২০ একর করে বিতরণ করতে হবে যারা তাতে আখ উৎপাদন করবে। এই শর্ত যদি পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করে তাহলে তারা এখানে একটা চিনিকল স্থাপন করতে পারে। সেই সম্পর্কে আমরা পরীক্ষা-নিরীক্ষা করে দেখছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে ৩৭ হাজার ৬ শত স্কোয়ার কিলোমিটার ফ্লাড প্রোন এরিয়া। তারমধ্যে ১২ হাজার স্কোয়ার কিলোমিটার প্রোটেকশন দেবার চেষ্টা করেছেন। বাকিগুলি কেন করছেন না কেন, কি অসুবিধা আছে জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমরা প্রত্যেক বছর ফ্লাড প্রোটেকশনের অ্যারেঞ্জমেন্ট করে থাকি। এই সিক্সথ প্ল্যানেও ৫ হাজার ৫ শত স্কোয়ার কিলোমিটার ফ্লাড প্রোটেকশন-এর প্রোগ্রাম দেওয়া হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে ১২ হাজার স্কোয়ার কিলোমিটার প্রোটেকশন দিচ্ছেন, এখানে ঠিকমতো কাজ হচ্ছে না, প্রতি ক্ষেত্রে ভেঙে যাচ্ছে। কাজেই পার্মান্যান্ট ভাবে কি কোনও ব্যবস্থা করছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এইরকম খবর আমার কাছে নেই।

## Flood-prone area

*316. (Admitted question No. *119.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the State Government has assessed the total flood-prone areas in the State; and

(b) if so,

(i) what is the total flood-prone areas in West Bengal,

(ii) what percentage of the flood-prone areas have been provided with reasonable protection ?

**Shri Pravas Chandra Roy :**

(a) Yes.

(b) (i) The total maximum flood affected area in West Bengal is about thirty-seven thousand and six hundred sq. kilometres. This is naturally a rough estimate and cannot be considered to be exhaustive in view of the fact that the flooded areas may increase in any subsequent year.

(b) (ii) 33% of the maximum flood affected area has been given reasonable protection.

## দুর্গাপুর ও হলদিয়ায় নূতন শিল্প প্রকল্প স্থাপন

*৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৫।) **শ্রী কমল সরকার ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ষষ্ঠ পঞ্চবার্ষিকী যোজনাকালে হলদিয়ায় ও দুর্গাপুরে নূতন শিল্প প্রকল্প স্থাপনের ব্যাপারে রাজ্য সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হলদিয়া ও দুর্গাপুর অঞ্চলে সুপরিকল্পিত শিল্প বিকাশ সুনিশ্চিত করার জন্য রাজ্য সরকার হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি ও দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি নামে দুটি বিধিবদ্ধ পর্ষদ স্থাপন করেছেন। এছাড়া হলদিয়াতে ২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সম্পন্ন দুটি গ্যাস টারবাইন স্থাপন করা হয়েছে। কোলাঘাটে তাপ-বিদ্যুৎ উৎপাদন প্রকল্প শীঘ্রই চালু করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং দুর্গাপুরে একটি নূতন তাপ-বিদ্যুৎ প্রকল্প স্থাপনের কাজও শুরু করা হয়েছে। হলদিয়া অঞ্চলে ভূপৃষ্ঠস্থ জল সরবরাহ প্রকল্পটি শীঘ্র চালু করার জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে। উপরন্তু, ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন হলদিয়াতে একটি নূতন শিল্প বিকাশ কেন্দ্র স্থাপনে নিযুক্ত আছেন। কর্পোরেশন ইতিমধ্যে বিভিন্ন শিল্প স্থাপনের জন্য হলদিয়া অঞ্চলে ১২০ একর জমি বিলি বন্দোবস্ত করেছেন এবং ষষ্ঠ যোজনা কালে ঐ অঞ্চলে শিল্প উন্নয়নের জন্য আরও ১০০ একর জমি অধিগ্রহণের পরিকল্পনা গ্রহণ করেছেন। অধুনা ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড হলদিয়াতে পেট্রোক্যামিক্যালস প্রকল্প স্থাপনের জন্য একটি অভিপ্রায় পত্র পেয়েছেন। কর্পোরেশন হলদিয়াতে কনসেনট্রেটেড নাইট্রিক অ্যাসিড, পি.এন.সি.বি.ও ও.এন.সি.বি. প্রকল্প স্থাপনের জন্য অভিপ্রায় পত্র পেয়েছেন। ষষ্ঠ যোজনা কালে যাতে এ সকল প্রকল্প রূপায়িত করা যায় তার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দুর্গাপুর ক্যামিক্যালস লিমিটেড কস্টিক সোডা ও অন্যান্য রাসায়নিক দ্রব্য প্রস্তুতের জন্য তাদের দুর্গাপুরস্থিত কারখানার সম্প্রসারণের পরিকল্পনা করেছেন।

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আমরা অনেক দিন থেকে শুনছি যে পেট্রোকেমিক্যাল সম্পর্কে আলোচনা চলছে। সেই পেট্রো-কেমিক্যাল কারখানার কতখানি অগ্রগতি করতে পারবেন সেটা জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** জমি দখল করা হয়েছে। জমির লেভেল হচ্ছে এবং চতুর্দিকে সেখানে কাজ শুরু হয়ে গেছে।

## Construction of embankment at Kaliachak

*318. (Admitted question No. *301.) **Shri A.K.M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be please to state—

(a) if it is a fact that the flow of water of the river Pagla to Bangladesh is posing a serious danger to the areas near Khantipur; and

(b) if so,

(i) What action has been taken by the State Government in the matter, and

(ii) the present position of the proposal to construct an embankment, in Kaliachak ?

**Shri Provas Chandra Roy :**

(a) Due to closure of the offtake point of the river Pagla in 1972 it became a dead channel. The flow of water of the river Pagla to Bangldesh in not, therefore, posing a serious danger to the area near Khalpur. Some portions of the marginal embankment were transferred to the Farakka Barragee Project authorities on 7.6.80. On 13.8.80 when the Ganga water level was ruling very high, a breach occurred in the marginal embankment at Toffi. As a result, the water of the river Ganga got its entry into the river Pagla and inundated a vast area in the district of Malda. To minimise the magnitude devastation the Farakka Barrage authorities opened their regulator gate of river Pagla and allowed a portion to flow down.

(b) (i) & (ii) The Farakka Barrage Project authorities are now actively engaged in closure of the aforesaid breach at Toffi in P.S. Kaliachak, after completion of the closure work the river Pagla will become a dead channel once again.

[2-00 – 2-10 p.m.]

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আমি আজ তিনটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম নোটিশে শ্রী রজনীকান্ত দলুই ব্যান্ডেল ও সাঁওতালডি তাপ বিদ্যুৎকেন্দ্র রেলওয়ে ওয়াগান থেকে অনিয়মিত কয়লা খালাস হওয়ার জন্য বিদ্যুৎ সরবরাহ্ ব্যাহত হওয়ার অভিযোগ করে এ বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এই নোটিশ অভিযোগের বিষয়টি দৃষ্টি আকর্ষণ অথবা উল্লেখের আকারে সভায় উত্থাপন করা যেতে পারে। এটি মুলতুবি প্রস্তাবের উপযোগি জরুরি প্রকৃতির নয় বলে আমি মনেকরি।

দ্বিতীয় নোটিশে ডঃ বিনোদবিহারি মাঝি বাঁকুড়া জেলায় আগামি গ্রীষ্মে তীব্র জলকষ্টের আশঙ্কা করে এ বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এখানে উল্লেখযোগ্য যে আশঙ্কার উপর ভিত্তি করে কোন বিষয়ে মুলতুবি প্রস্তাব আনা যেতে পারে না। সুতরাং এটি মুলতুবি প্রস্তাবের পক্ষে অনুপযোগি। যদি আলোচনা করতে চান সরকারকে বলতে পারি। এটা মুলতুবী প্রস্তাব হিসাবে গ্রহণ করা যায় না।

তৃতীয় নোটিশে শ্রী সেখ ইমুজুদ্দিন সহজ পাঠ ও কিশলয় পাঠ্যপুস্তকগুলি কালোবাজারে বিক্রয়ের অভিযোগ করে এ বিষয়ে আলোচনা চেয়েছেন। এই বিষয়টিও উল্লেখ ও দৃষ্টি আকর্ষণ ইত্যাদি উপায়ে সভায় উপস্থাপিত হতে পারে। বিষয়টি মুলতুবি প্রস্তাবের উপযোগি নয় বলে আমি মনেকরি।

আমি তিনটি মুলতুবি প্রস্তাবেই নোটিশেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। আমি সেখ ইমজুদ্দিন মহাশয়কে তাঁর মুলতুবি প্রস্তাবটি পাঠ করতে অনুরোধ করছি।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর মুলতুবি রাখছেন। বিষয়টি হল —

'সহজপাঠ' ও কিশলয় পাঠ্য পুস্তকগুলির কালোবাজারে বিক্রয়ের অভিযোগ।

শিক্ষাবর্ষের তিন মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও প্রাথমিক বিদ্যালয়গুলিতে আজও সহজপাঠ ও কিশলয় বই দুটি দেওয়া সম্ভব হয়নি কিন্তু বই দুটি কলেজ স্ট্রীটের ফুটপাতে নোট বই সমেত চড়াদামে বিক্রি হচ্ছে। সুতরাং যে বইটি জানুয়ারি মাসের মধ্যে বিদ্যালয়ের ছাত্র ছাত্রিদের মধ্যে বিতরণ করার কথা সেই বইগুলি বাজারে দাম দিয়ে অভিভাবকদের ক্রয় করতে হচ্ছে।

## CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ

| | | | |
|---|---|---|---|
| ১) | আগরপাড়ায় ওরিয়েন্টাল মেটাল কারখানা বন্ধ হওয়ার উপক্রম | - | শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য, |
| ২) | রাজ্য সরকার এফ.সি.আই-এর দায়িত্ব নিলে রেশন ভেঙ্গে পড়ার আশঙ্কা | - | শ্রী রজনীকান্ত দলুই, |
| ৩) | ১৯৮০ সালের মাধ্যমিক পরীক্ষার জাল মার্কশিটের ব্যবস্থা | - | শ্রী রজনীকান্ত দলুই, শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী কাজি হাফিজুর রহমান |
| ৪) | আমতা ১নং ব্লকে বানাপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বন্ধ | - | শ্রী বারীন্দ্রনাথ কোলে, |
| ৫) | রায়না থানায় গাঁজা আফিং-এর চাষ | - | শ্রী নানুরাম রায়, |
| ৬) | বরানগর রোড স্টেশনের কাছে সোনা রূপা উদ্ধারের সংবাদ | - | শ্রী সামসুদ্দিন আহমেদ, শ্রী কাজী হাফিজুর রহমান, |
| ৭) | ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলের সামনে জনৈক তপন ধরের গুলিবিদ্ধ হওয়ার ঘটনা | - | শ্রী সামসুদ্দিন আহমেদ, এবং শ্রী কাজি হাফিজুর রহমান, |
| ৮) | খড়গপুর থানার বড়বসন্তপুরে স্বামী কর্তৃক স্ত্রীকে পিটিয়ে হত্যা | - | শ্রী কাজি হাফিজুর রহমান এবং শ্রী সামসুদ্দিন আহমেদ, |

| | | |
|---|---|---|
| ৯) | হনুমানের হানায় পৌরভবনের মিউনিসিপ্যাল গেজেটের অফিস তছনছ হওয়ার সংবাদ - | শ্রী সামসুদ্দিন আহমেদ, এবং শ্রী কাজি হাফিজুর রহমান, |
| ১০) | কলিকাতায় বহু বাড়িতে জনগণনা না হওয়া- | শ্রী সামসুদ্দিন আহমেদ, এবং শ্রী কাজি হাফিজুর রহমান, |
| ১১) | মাধ্যমিক পরীক্ষার জাল মার্কশিট দিয়ে ছাত্রছাত্রিদের ভর্তি হওয়ার সংবাদ - | শ্রী সেখ ইমাজুদ্দিন, |
| ১২) | পানিহাটি মিউনিসিপ্যাল এলাকায় রামচন্দ্রপুর গ্রামে উদ্বাস্তুদের উপর পুলিশি নির্যাতন - | শ্রী শিবনাথ দাস, |
| ১৩) | বাঁকুড়া জেলার মেজিয়াতে দুইদল রাজনৈতিক কর্মীর সংঘর্ষ - | ডাঃ বিনোদবিহারি মাঝি, |
| ১৪) | চিৎপুর থানার লক আপে আশিস সোমের মৃত্যুর ঘটনা - | ডাঃ বিনোদবিহারি মাঝি এবং শ্রী জন্মেজয় ওঝা, |
| ১৫) | বাঁকুড়া জেলার ইস্টার্ন কোল্ড ফিল্ড লিমিটেড এর অধীন বিভিন্ন কোলিয়ারিতে চাকুরির ভুয়া ফর্ম বিক্রির ঘটনা - | ডাঃ বিনোদবিহারি মাঝি, |
| ১৬) | Reported decision to make Urdu as the second official language - | Shri Rajani Kanta Doloi. |
| 17) | Irregular unloading of coal at Bandel and Santaldih - | Shri Rajani Kanta Doloi. |
| 18) | Alleged disturbances in Santiniketan by Criminals - | Shri Rajani Kanta Doloi. |
| 19) | Proposal to declare the Ganges as National Waterways - | Shri Rajani Kanta Doloi. |
| 20) | Alleged tendency to manhand medical officers and hospital staff - | Shri Rajani Kanta Doloi. |
| 21) | Difficulties to obtaining enrolment forms for Calcutta University elections - | Shri Rajani Kanta Doloi. |

আমি চিৎপুর থানার লকআপে আশিষ বোসের মৃত্যুর ঘটনা এই বিষয়ের উপর ডাঃ বিনোদবিহারি মাঝি ও শ্রী জন্মেজয় ওঝা কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন, অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানি মুখার্জি ঃ** ১৬ই মার্চ, ১৯৮১।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** এখন আমি বাণিজ্য ও শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে ব্রুক বন্ড ইন্ডিয়া লিমিটেডের কয়েক প্রকার ব্যবসা কলকাতার বাহিরে লইয়া যাওয়ার অভিযোগ সম্পর্কে একটি বিবৃতি দিতে বলছি।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্রুক বন্ড ইন্ডিয়া লিমিটেডের কিছু ব্যাবসাকে ব্যাঙ্গালোরে বদলি করা সম্পর্কিত কোনও তথ্য সরকার অবগত নহেন। ব্রুক বন্ড ইন্ডিয়া লিমিটেডের বার্ষিক রিপোর্ট অনুসারে উক্ত কোম্পানির বিগত পাঁচ বৎসরের (১৯৭৪/৭৫ থেকে ১৯৭৮/৭৯) লাভের পরিমাণ নিম্নরূপ ঃ—

| বর্ষ | লাভ (ট্যাক্স ধার্যের পূর্বে) |
|---|---|
| ১৯৭৪/৭৫ | ৪৪৭ লক্ষ টাকা। |
| ১৯৭৫/৭৬ | ৫৩৩ লক্ষ টাকা। |
| ১৯৭৬/৭৭ | ৪৫৭ লক্ষ টাকা। |
| ১৯৭৭/৭৮ | ৫০৬ লক্ষ টাকা। |
| ১৯৭৮/৭৯ | ৮৫৯ লক্ষ টাকা। |

ব্রুক বন্ড ইন্ডিয়া লিমিটেডের বার্ষিক রিপোর্ট অনুসারে উক্ত কোম্পানির বিগত চার বৎসরের (১৯৭৬-১৯৭৯) চা বিক্রয়ের এবং বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ নিম্নরূপ।

| বর্ষ | চা বিক্রয়ের পরিমাণ (লক্ষ কে.জি.) | বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|
| ১৯৭৬ | ৭৪৮.৫ | ১২২.১৫ |
| ১৯৭৭ | ৮১০.২ | ১৪৮.৫৬ |
| ১৯৭৮ | ৭৩৪.৪ | ১৫৩.৪০ |
| ১৯৭৯ | ৭৮৯.২ | ১৫৪.৮৪ |

এ সম্পর্কে আরও তথ্য সংগ্রহের জন্য সরকার চেষ্টা করিতেছেন। উহা সরকারের গোচরে আসিলে প্রয়োজনবোধে মাননীয় সদস্যদের অবগতির জন্য পেশ করা যাইতে পারে।

[2-10 – 2-20 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আমি স্বরাষ্ট্র(পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে আরামবাগ মহকুমার খানাকুল ১নং ব্লকের জনৈক অনিল সামন্তের খুনের ঘটনা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪.২.৮১ তারিখে হুগলি জেলার খানাকুল থানার অন্তর্গত পোল গ্রামের অনিলকুমার সামন্তের মৃত্যু উপলক্ষে বিধানসভার সদস্য শ্রী অজয়কুমার দে মহাশয় কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে আমি এই বিবৃতি দিচ্ছি।

অনিলকুমার সামন্ত ১নং পোল গ্রাম পঞ্চায়েতের সম্পাদক ছিলেন। গত ২৪.২.৮১ তারিখ রাত প্রায় সাড়ে ন'টার সময় মন্টু কুমার মাঝি নামে এক ব্যক্তি খানাকুল থানায় খবর দেয় যে শ্রী অনিলকুমার সামন্ত পোল গ্রামের নিকটবর্তী মাঠে গুরুতরভাবে আহত অবস্থায় পড়ে আছেন। সংবাদ পেয়ে ঐ থানার ভারপ্রাপ্ত দারোগা অন্যান্য পুলিশসহ ঘটনাস্থলে ছুটে যান। সেখানে পৌঁছে শুনতে পান যে দায়ের আলি খান এবং আরও কয়েকজন ব্যক্তি আহত অনিলকুমার সামন্তকে আরামবাগ মহকুমা হাসপাতালে ভর্তির ব্যবস্থা করেছেন।

অভিযোগের ভিত্তিতে দায়ের আলি খান এবং আরও কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে। শ্রী রাজকুমার দত্তকে জিজ্ঞাসাবাদ করবার জন্য ডাকা হয়েছিল। অবশিষ্ট সন্দেহভাজন ব্যক্তিদের গ্রেপ্তারের জন্য যথাসাধ্য চেষ্টা করা হচ্ছে। মামলাটি এখন তদন্তাধীন। ঐ অঞ্চলে একজন পুলিশ অফিসারের নেতৃত্বে একটি পুলিশ পিকেট বসানো হয়েছে। বর্তমানে অবস্থা শান্ত এবং কোনও উত্তেজনা নেই।

যদিও অনিলকুমার সামন্তের মৃত্যুর রহস্য এখনও পুরোপুরি জানা যায়নি, তবে তদন্তে মনে হয় এ ঘটনা পূর্বের কোনও ঈর্ষা বা বিদ্বেষের ফলশ্রুতি। জানা গিয়েছে যে ঐ গ্রামের খান-পরিবারবর্গের সঙ্গে জমিজমা সংক্রান্ত ব্যাপারে মৃত অনিলকুমার সামন্তের সম্পর্ক ভাল ছিল না। তবে এ ঘটনার সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই।

**শ্রী অজয়কুমার দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিবৃতির একটা কপি পেলে ভাল হত, এটা আপনি একটু দেখবেন।

**মিঃ স্পিকার ঃ** দেখব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অব প্রিভিলেজ আছে। আমি সেটা পড়ে দিচ্ছি- The question of privilege arises out of the announcement through Newspaper of the policy decision to make Urdu the second official language of West Bengal, information released to the Press without even any reference on the floor of the House which is in Session.

**অধ্যক্ষ মহোদয় ঃ** এটা একজিকিউশনের ব্যাপার। আপনি কি মনে করলেন, সেটাই একমাত্র বক্তব্য নয়। হাউস চলাকালিন কে কি বলতে পারবে, না পারবে, সে বিষয়ে রুলিং আছে। ইট ইজ এ ম্যাটার ফর একজিকিউশন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** স্যার, উত্তর-প্রদেশে বিহারে উর্দুকে সেকেন্ড ল্যাঙ্গুয়েজ করা হয়েছে। এখানে করার বিষয়েও আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু প্রশ্নটা আইনগত। মুখ্যমন্ত্রী, আইনমন্ত্রী এবং অ্যাডভোকেট জেনারেল, সবাই সেখানে উপস্থিত ছিলেন। —

**Mr. Speaker :** It is a matter which must be examined by the speaker and then it will be decided. That is the power that you have given me under the rules. What more can I do now? you think that is a matter of breach of privilege. I will look into it.

## Mention Cases

**শ্রী রাজকুমার মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর এবং পরিবহন মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে সাউথ ইস্টার্ন রেলের বাউড়িয়া স্টেশনে যাত্রিদের প্রচন্ড অসুবিধা ভোগ করতে হচ্ছে। সেখানে যাত্রিরা ট্রেনের টিকিট পাওয়ার আশায় ঘন্টার পর ঘন্টা লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয়। ২।১টি ট্রেন তাদের ফেল হয়ে যায়। বিশেষ করে গত সোমবার এই টিকিট পাওয়ার জন্য দুর্ভোগ অত্যন্ত চরমে উঠেছিল। এখানে দুটি জুট মিল, একটি কটন মিল, একটি কেবল ইন্ডাস্ট্রি ইত্যাদিতে ২০ থেকে ২৫ হাজার শ্রমিক ওখানে বাস করে, এখানে একটি বস্তি আছে যেখানে প্রায় ২৫ হাজার লোক বাস করে এবং আশেপাশে বহু গ্রাম আছে। আজকে এই বিরাট জনসংখ্যাকে অত্যন্ত অসুবিধা ভোগ করতে হচ্ছে। সেইজন্য আমি বিষয়টির প্রতি দক্ষিণ-পূর্ব রেলওয়ের খড়গপুরের ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং অনেক লেখালিখিও করেছিলাম। তাঁরা অবশ্য এসে তদন্ত করে গিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাই আমি আশঙ্কা করছি যে, এই যাত্রি বিক্ষোভ একদিন একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি করবে। সেইজন্য আমি বিষয়টির প্রতি পরিবহন মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা যেন এ বিষয়ে রেল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন এবং যাত্রিদের দুর্ভোগের দিকে লক্ষ্য রাখেন।

[2-20 – 2-30 p.m.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। আগামিকাল ১২ই মার্চ, তারিখে পশ্চিমদিনাজপুরে কুশমন্ডি থানায় কতিপয় মানুষ অনশন সত্যাগ্রহ করবে বলে সিদ্ধান্ত নিয়ে আমার কাছে খবর পাঠিয়েছে। এরা চিরদিনই অবহেলিত। গত ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার কুশমন্ডি প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্রের জন্য জমি অধিগ্রহণ করেছিলেন। আজ ১৪/১৫ বছর পরেও এইসব জমির ক্ষতিপূরণের টাকা তারা পায়নি। একথা আমি এখানে বার বার বলেছি এবং মন্ত্রী মহাশয় তাঁর উত্তরে বলেছেন যে শীঘ্রই ক্ষতিপূরণের টাকা দেওয়া হবে। আজকে এই বামফ্রন্ট

সরকারের শেষ বাজেটের দিনেও ক্ষতিপূরণের টাকা তারা পায়নি। তাই তারা আগামিকাল থেকে আমরণ অনশন সত্যাগ্রহ চালাবে বলে ঠিক করেছে। তারা যাতে তাদের ক্ষতিপূরণের টাকা পায় মন্ত্রী মহাশয় যেন তার ব্যবস্থা করেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামি ২৯শে জুলাই কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। এবং সেইজন্য গ্র্যাজুয়েটদের নাম রেজিস্ট্রেশনের শেষ তারিখ ধার্য হয়েছে ১৩ই মার্চ। আমার বক্তব্য হচ্ছে, এই শেষ তারিখটি এবং নিয়মাবলির বিষয়বস্তু গ্রামাঞ্চলে একেবারে প্রচার করা হয়নি। গ্রামাঞ্চলের গ্র্যাজুয়েটদের এই সম্পর্কে জানাবার জন্য খবরের কাগজে নোটিফিকেশন দেওয়া হয়নি। সেইজন্য আমি অনুরোধ করছি গ্রামাঞ্চলে গ্র্যাজুয়েটরা যাতে ঐ সিনেট নির্বাচনে অংশগ্রহণ করতে পারেন তারজন্য ঐ রেজিস্ট্রেশনের শেষ তারিখ এক্সটেনশন করা হোক। এবং রেজিস্ট্রেশন ফি যেটা আছে তার পরিমাণ কমিয়ে দেওয়ার জন্য আইন সংশোধন করা হোক। এই অনুরোধ আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বিবেচনার জন্য রাখলাম।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রী শ্রী প্রশান্তকুমার শূর মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি কাগজে দেখলাম, যে সমস্ত উদ্বাস্তু কলোনিগুলি আছে সেগুলি সরকার অধিগ্রহণ করতে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, দেশ বিভাগের পর আজও লক্ষ লক্ষ ছিন্নমূল মানুষেরা ঘুরে বেড়াচ্ছেন, তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা হয়নি। কোচবিহার জেলায় এইরকম কলোনি আছে রূপসী কলোনি, ১৯৫০ সাল থেকে আজও আছে। সরকার সেটিকে এখনও পর্যন্ত অধিগ্রহণ করেননি। এখানে প্রায় ১ হাজার মানুষ বাস করে। তাঁরা দীর্ঘদিন ধরে লড়াই করছেন যাতে এই কলোনিটি অধিগ্রহণ করা হয়। মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন তারজন্য আমি তাকে স্বাগত জানাই এবং আমি অনুরোধ করব তিনি যেন এই রূপসী কলোনিটি অধিগ্রহণ করেন। কারণ, এই কলোনির উদ্বাস্তুরা আজও পর্যন্ত সরকারি সুযোগ থেকে বিশেষ করে মিউনিসিপ্যালিটির সুযোগ সুবিধা থেকে বঞ্চিত এবং এখনও তাঁদেরকে পাট্টা দেওয়া হয়নি। ওখানকার জমির পরিমাপ হচ্ছে প্রায় ৮ বিঘা। আমি অনুরোধ করব, অতি সত্বর যেন এই রূপসী কলোনিটি গ্রহণ করেন।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় গত ১৭ই ফেব্রুয়ারি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সামনে বেকার-ভাতা প্রকল্পে যারা অস্থায়ি ভাবে নিযুক্ত আছেন তাঁরা ২৪ ঘন্টা অনশন ধর্মঘট করেন। তাঁদের দাবি হচ্ছে বেকার প্রকল্পে যারা যুক্ত আছেন তাদের স্থায়ি করতে হবে এবং ঐ প্রকল্পে অস্থায়ি কর্মচারিদের ৫ টাকার পরিবর্তে ১৫ টাকা মজুরি দিতে হবে এবং বয়স সীমা রাখা চলবে না। এই দাবি নিয়ে মন্ত্রী মহাশয়ের কাছে বক্তব্য রাখলেও তাঁর তরফ থেকে কোনও সাড়া মেলেনি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন তাঁদের দাবিগুলিকে সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন। ধন্যবাদ

[2-30 – 2-40 p.m.](including adjournment)

**শ্রী দেবী বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের চম্বল হচ্ছে নবদ্বীপ। তফাতটা হচ্ছে এই যে চম্বলের দুঃস্বপ্নের জীবরা ইন্দিরা কংগ্রেসের হয়ে জেলে যায়, কিন্তু নবদ্বীপের দুঃস্বপ্নের জীবরা ইন্দিরা কংগ্রেসের হয়ে জেল থেকে বেরিয়ে এসে কংগ্রেস কর্মী নামে স্বীকৃতি পায়। তারা অবাধে খুন, লুঠ, ধর্ষণ সমস্ত রকমের অপরাধ করে বেড়াচ্ছে, এদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা থাকা সত্ত্বেও প্রকাশ্য দিবালোকে রিভালভার উচিয়ে ঘুরে বেড়াচ্ছে। একজন পুলিশ ইন্সপেক্টর এদের ধরার চেষ্টা করেছিল বলে তার উপর চার বার দৈহিক আক্রমণ হয়। বাধ্য হয়ে তিনি স্বেচ্ছায় ট্রান্সফার নিয়ে চলে গেছেন। এর দেড় মাস আগে যষ্টিতলায় ভ্রাম্যমান পুলিশ বাহিনীর সঙ্গে কংগ্রেসি মাস্তান বাহিনীর সামনাসামনি হওয়ায় তিনজন পুলিশ আহত হয়ে থানায় চলে আসেন। কিন্তু কংগ্রেসি মাস্তানরা অক্ষত থাকে, তাদের কেউ গ্রেপ্তার হয় না। সি.পি.এম কর্মী প্রদীপ রায়কে ১৯৭৯ সালে যারা হত্যা করেছে তারা এখনও ঘুরে বেড়াচ্ছে। প্রতাপনগরে গত ৩ তারিখে যখন দুই দলের মধ্যে সংঘর্ষ হয় তখন আমাদের দলের লোকেরা টেলিফোনে পুলিশ জানালে, পুলিশ সেই স্থানে চলে যান। কিন্তু তারপর কংগ্রেসি মস্তানরা আমাদের দলের ছেলেদের উপর অত্যাচার করায় তারা ঘরবাড়ি ছেড়ে অন্যত্র চলে যান। এখনও তারা নবদ্বীপে ফিরে আসতে পারছেন না। নবদ্বীপে যাতে শান্তি ফিরে আসতে পারে তার জন্য আমি মাননীয় পুলিশ মন্ত্রীকে দৃষ্টিপাত করবার জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শিবনাথ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ভূমি রাজস্বমন্ত্রী চলে গিয়েছেন, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। হলদিয়া পেট্রোকেমিক্যালস-এর ব্যাপারে সকল সদস্যই আগ্রহী। এই পেট্রোকেমিক্যালসের ক্ষেত্রে যখন সরকারের তরফ থেকে মাননীয় শিক্ষামন্ত্রী সেখানে গিয়েছিলেন তখন তিনি সেখানকার জনসাধারণের কিছু কিছু প্রতিশ্রুতি দিয়েছিলেন যে জমি অধিগ্রহণের ক্ষেত্রে ক্ষতিপূরণ দেওয়া হবে। এবং যাদের জমি ও ঘর এই জমি অধিগ্রহণের জন্য হারাতে হয়েছে তাদের কাজের ব্যবস্থা করা হবে। ৭৭৫ একরের মতো জমি অধিগ্রহণ করা হয়েছে। বহু ঘরবাড়ি চলে গেছে। কিন্তু তারা কোনও কাজ পাচ্ছে না। এমন কি মাটি কাটার কাজও পাচ্ছে না, সেখানে মেশিনে মাটি কাটার কাজ চলছে, যেখানে ভারতবর্ষে কাজের এই অবস্থা সেখানে কাজ না পেলে তারা কি করবে? মাটি কামড়ে খেয়ে থাকবে সেইজন্য তারা পেট্রোকেমিক্যালস-এর কাজের জন্য যেসব কনট্রাক্টার আছেন তাদের কাজে বাধা সৃষ্টি করছে। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টি মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবেচনার জন্য অনুরোধ করছি।

**শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার করিমপুর প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্রটি কয়েক মাস আগে রুর‍্যাল হেলথ সেন্টারে উন্নতি করা হয়েছে। কিন্তু স্বাস্থ্যকেন্দ্রে প্রতিদিন ৭।৮ জন করে রুগী চিকিৎসার জন্য আছে। শুধু করিমপুর এলাকাই নয়, মুর্শিদাবাদ জেলার বিভিন্ন গ্রাম থেকে রুগী এই স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার জন্য আসে। ৫০ শয্যা বিশিষ্ট এই স্বাস্থ্য কেন্দ্রে মাত্র ২ জন ডাক্তার আছেন। আউটডোরে অসংখ্য পেসেন্টকে দেখার জন্য

এই দুই জন ডাক্তারের পক্ষে সম্ভব হয় না। এক বছর হল একটাই এক্স-রে মেশিন তাও বিকল অবস্থায় পড়ে আছে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ এই হাসপাতালে আরও ডাক্তার পাঠাবার ব্যবস্থা করুন, এক্স-রে মেশিনটি যাতে চালু করা হয় সেজন্য চেষ্টা করুন। আর প্রয়োজনীয় ঔষধ যাতে সরবরাহ করা যায় সে বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till-3-30 p.m.)

[3-30 – 3-40 p.m.](After recess)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos-62, 79, 80, 82, 64, 24, 76 & 61

### Demand No. 62

**Major Heads : 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 525—Capital Outlay on Tele-communication and Electronics Industries, and 720—Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries)**

**Dr. Kanailal Bhattacharya :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.17,83,98,000 be granted for expenditure under Demand No.62, Major Heads : "320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries); 520—Capital Outlay on Industries Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 525—Capital Outlay on Telecommunication and Electronics Industries, and 720—Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries)."

### Demand No. 79

**Major Head : 523—Capital Outlay on Petroleum, Chemicals and Fertiliser Industries (Excluding Public Undertakings)**

**Dr. Kanailal Bhattacharya :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.14,10,00,000 be granted for expenditure under Demand No.79, Major Head : "523—Capital Outlay on Petroleum, Chemicals and Fertiliser Industries (Excluding Public Undertakings)."

**Demand No. 80**

**Major Head : 526—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)**

**Dr. Kanailal Bhattacharya :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.2,26,00,000 be granted for expenditure under Demand No.80, Major Head : "526—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)."

**Demand No. 82**

**Major Head : 530—Investments in Industrial Financial Institutions (Excluding Public Undertakings)**

**Dr. Kanailal Bhattacharya :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.1,00,00,000 be granted for expenditure under Demand No.82, Major Head : "530—Investments in Industrial Financial Institutions (Excluding Public Undertakings)."

**Demand No. 64**

**Major Head : 328—Mines and Minerals**

**Dr. Kanailal Bhattacharya :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.30,99,000 be granted for expenditure under Demand No. 64, Major Head : "328—Mines and Minerals"

**Demand No. 24**

**Major Head : 258—Stationery and Printing**

**Dr. Kanailal Bhattacharya :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.3,04,26,000 be granted for expenditure under Demand No. 24, Major Head : "258—Stationery and Printing."

**Demand No. 76**

**Major Heads : 321—Village and Small Industries (Public Undertakings), 505—Capital Outlay on Agriculture (Public Undertakings), 526—Capital Outlay on Consumer Industries (Public Undertakings), 705—Loans to Agriculture (Public**

**Undertakings) 722—Loans for Machinery and Engineering Industries (Public Undertakings), 723—Loans for Petroleum, Chemicals and Fertiliser Industries (Public Undertakings), 726—Loans for Consumer Industries (Public Undertakings) and 734—Loans for Power Projects (Public Undertakings)**

**Dr. Kanailal Bhattacharya :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.24,17,50,000 be granted for expenditure under Demand No.76, Major Heads : "321—Village and Small Industries (Public Undertakings), 505—Capital Outlay on Agriculture (Public Undertakings), 526—Capital Outlay on Consumer Industries (Public Undertakings), 705—Loans for Agriculture (Public Undertakings), 722—Loans for Machinery and Engineering Industries (Public Undertakings), 723—Loans for Petroleum, Chemicals and Fertiliser Industries (Public Undertakings), 726—Loans for Consumer Industries (Public Undertakings) and 734—Loans for Power projects (Public Undertakings)."

**Demand No. 61**

**Major Heads : 320—Industries (Closed and Sick Industries), 522—Capital Outlay on Machinery and Engineering Industries (Closed and Sick Industries), 526—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 722—Loans for Machinery and Engineering Industries (Closed and Sick Industries), 723—Loans for Petroleum, Chemicals and Fertiliser Industries (Closed and Sick Industries), and 726—Loans for Consumer Industries (Closed and Sick Industries)**

**Dr. Kanailal Bhattacharya :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.7,50,93,000 be granted for expenditure under Demand No.61, Major Heads : "320—Industries (Closed and Sick Industries), 522—Capital Outlay on Machinery and Engineering Industries (Closed and Sick Industries), 526—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 722—Loans for Machinery and Engineering Industries (Closed and Sick Industries), 723—Loans for Petroleum, Chemicals and Fertiliser Industries (Closed and Sick Industries), and 726—Loans for Consumer Industries (Closed and Sick Industries)."

**Budget speech of Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of the Commerce and Industries Department for the year 1981-82**

Sir,

The Hon'ble Members have been kept informed from time to time of the steps taken by the State Government to increase industrial activity in the State, particularly in the backward areas. As three and a half years have passed since our assumption of office, I would like to give a brief review of the efforts made and the results achieved in arresting the earlier downward trend of industrial growth and in stepping up investments in new industrial projects. The increased employment in the organised sector, higher flow of institutional finance and the trend of implementation of approved industrial projects are the major indicators of progress and achievement.

**Trend of industrial growth**

1.1. Despite various constraints, there has been a steady rise in the total number of applications for new industrial approvals. The number of applications received during the year 1980 stood at 215 against 155 in 1979, 153 in 1978 and 128 in 1977. During the period of four years from January, 1977 to December, 1980, approvals were received for some 433 projects involving investment of Rs.922 crores including Rs.428 crores for the Haldia Petro-chemicals Project. Of these, about 130 projects involving investment of some Rs.129 crores were approved in 1980 and the project cost of the Haldia Petrochemicals Project was enhanced from Rs.160 crores to Rs.428 crores due to enhancement of the capacity approved in the revised letter of intent. During the period of four years from 1977-1980, 203 projects involving investment of Rs.153 crores stood implemented. Of these, 50 projects involving investment of Rs.36 crores were implemented in 1980.

1.2. The share of backward districts in the 433 projects approved during the period 1977-80 in West Bengal was 43.65% as against 41.66% in 1977-79. In terms of investment, the share of backward districts to the total investment of Rs.922 crores was 86.65% as against 83.2% in 1977-79. The share of large houses and foreign companies to the total investment of Rs.922 crores was only 12.39%.

1.3. During the year 1978-79, the sanction of financial assistance by the All-India Financial Institutions for the industries in West Bengal increased by 61.95% over the amount of Rs.84.26 crores sanctioned in the previous year and stood at Rs.136.46 crores. Between April 1977 and December, 1979, employment in the organised sector in West Bengal increased by 43,000 against a decline of 17,000 in 1976-77.

**West Bengal Industrial Development Corporation**

2.0. With a view to stepping up further investment, the West Bengal Industrial Development Corporation has been assisting large and medium scale units with financial assistance in various forms. Till the end of December, 1980, the Corporation assisted 195 effective units with a total project cost of Rs.336.29 crores. In terms of investment, the share of backward districts to the total project cost is 71%. Till the end of that period, the Corporation disbursed Rs.53.58 crores to its assisted units. Between April, 1980 and December, 1980, the disbursement of the Wet Bengal Industrial Development Corporation, by way of incentive and other assistance stood at Rs.9.81 crores against Rs.8.78 crores in the corresponding period of the previous year.

2.1. During the year 1980, the West Bengal Industrial Development Corporation has successfully implemented its Burn Dolomite Project at Kalyani and the Watch Assembly Project at Kurseong. The work for its other projects, viz., Slag Grinding Section of the Slag Cement Project in Purulia, Maleic Anhydride Project at Kharagpur and Tungsten Filament Project at Kalyani is in projgress. These projects are likely to be implemented during 1981-82. The work for implementation of the ONCB and PNCB project at Haldia and the Slurry Explosives Project at Suri has also been taken up. The project for manufacture of Concentrated Nitric Acid and Ammonium Nitrate is also likely to be taken up during the year 1981-82. The Government of India have been requested to expedite the issue of letters of intent for the Synthetic Rubber and the Phenol and Acetone projects of West Bengal Industrial Development Corporation.

2.2. The future prospect of industrialisation in the State, particularly in the backward areas, depends largely on the early implementation of the Haldia Petro-chemicals project. In fact, this is sector most vital and ambitious project so far sponsored by the West Bengal Industrial Development Corporation Ltd. During the year 1980-81, there has been substantial development towards implementation of the project. Based on the detailed project report submitted in May, 1980, the Government of India have since enhanced the approved capacity by 84%. The project envisages setting up of a naphtha based cracker plant with a capacity of 1,00,000 tpa Ethylene with four major down-stream units for the manufacture of High Density Polyethylene; Vinyl Chlloride Monomer and Pollyvinyl Chloride; Ethyllene Oxide and Ethylene Glycol; and 2-Ethyll Hexanol. About 800 acres of land have already been acquired for the project, soil survey has been completed, work for site develop-

ment and construction of boundary walls, etc., are being taken up. Supply of naphtha up to 3,00,000 tonner per annum has been assured by the Government of India, availability of water and power at the construction and commissioned stages has been assured. A negotiating team has been appointed to finalise the proposal for foreign know-how and import of Capital Goods envisaged in the project.

**West Bengal Electronics Industry Development Corporation**

3.0. The West Bengal Electronics Industry Development Corporation has made a headway in the promotion and establishment of electronics projects as subsidiaries or joint sector projects. The Electronics Industrial Estate set up by the corporation at Taratolla has already started functioning. The estate provides space to small scale entrepreneurs with R & D and testing facilities. Already 24 units are operating in the Estate. In order to ensure continued power supply to the Estate, a 1.5 MW Diesel Generating set is under installation.

3.1. Among the projects sponsored by the corporation, two namely, the Desk Calculator project and the Thyristor Controller Modular Drive System project were commissioned in 1979, three more projects, namely the Television Picture Tubes, the Soft and Hard Ferrites and Walkie Talkie sets have gone into commercial production. A project for the manufacture of Electronically Controlled Hand Tool is likely to start commercial production shortly and work for the implementation of other projects such as Carbon and Metal Film Resistors, Electrolytic Capacitors and an Electronic Tool Room is in progress.

3.2. The Corporation has selected the Salt Lake area as their new centre for the establishment of new electronics units. An area on 40 acres of land has been earmarked by the State Government for this centre.

**West Bengal Pharmaceutical and Phyto-chemical Development Corporation and Directorate of Cinchona and other Medicinal Plants.**

4.0. The drugs and pharmaceuticals industry has made considerable progress in the last two decades in the country. The State of West Bengal which was once a pioneer in this field of industry is now lagging behind other major States in the country. Our current efforts are to retrieve the position. The West Bengal Pharmaceutical & Phyto-chemical Development Corporation Limited has set up a joint sector project for the manufacture of various transfusion solutions an R & D

Laboratory and started cultivation of medicinal and aromatic plants at Telipara Drug Farm in the district of Jalpaiguri Distillation of essential oil on selected basis has also been completed. The Corporation has taken up the establishment of a Drug Intermediate Complex for the manufacture of some basic drugs and raw materials such as 8-Hydroxyquinoline, Meta-Chloro-Aniline, Salicylic Acid and Aspirin for which it has already received letter of intent and also for the establishment of a Bulk Drug Complex at Kalyani, for which the Corporation has taken possession of 55 acres of land for allotment to various entrepreneurs. Our Directorate of Cinchona & Other Medicinal Plants is currently engaged in the expansion of cultivation of Cinchona, Ipecac and other medicinal plants and in the work for modernization of the century old Government quinine factory at Mungpoo. Besides, the Directorate has taken up a programme to install an Emetine Extraction factory at Mungpoo and is completing work on its diosgenin factory.

**West Bengal Tea Development Corporation**

5.0. The West Bengal Tea Development Corporation has made considerable progress in the revival of sick and closed tea gardens and also for the development of new tea gardens in the State. Two sick and closed tea gardens, namely, Rangaroon and Pandam in the district of Darjeeling, taken over by the Corporation, are now running smoothly and production is increasing. It is also looking after another Tea Estate in the Dooars and is developing a new Tea Garden, namely, Mohua Tea Estate in the resumed land of Torsa and Dalsingpara Tea Estates.

**West Bengal Sugar Industries Development Corporation**

6.0. The West Bengal Sugar Industries Development Corporation hope to improve the production of the Ahmedpur Sugar Mill during the current year. The recommendation of the Advisory Committee on Industry, West Bengal in regard to the proposal of the Corporation for take-over in the Beldanga Sugar Mill, now in liquidation, is under consideration of the State Government.

**Directorate of Mines & Minerals & West Bengal Mineral Development and Trading Corporation**

7.0. In our efforts to develop mineral based industries in the backward areas in the State, the Directorate of Mines & Minerals has set up a new unit of th Geological Prospecting Branch in North Bengal and has also taken up expansion of the Geological Prospecting Branch at Purulia. The new unit in North Bengal will undertake investigation of

Wolfrom in Monsong and prospecting for Graphite in Kalimpong sub-division in the district of Darjeeling. The Geological Prospecting Branch at Purulia is continuing prospecting drilling for limestone, Rock Phosphate, Chinaclay and Basemetals. The Directorate has already set up three Zonal Offices of the Mining. Estates Branch at Purulia, Birbhum and Siliguri and one more Branch in Hooghly is also being set up with a view to advising the lessees for planned development of the minerals and to help the district authorities to realise royalty from different leaseholds. Besides, the Directorate is setting up a plant for bottling of thermal spring water at Bakreswar for scientific collection of mineral water at site and ensuring its regular supply to the market.

7.1. The West Bengal Mineral Development & Trading Corporation has made further progress in the development of mineral based industries in the backward areas in the State. The Pachmi Hatgacha stone project in the district of Birbhum and the Rock Phosphate Mining at Beldih, Purulia are in commercial production. The Corporation has also started production in their Granite Cutting & Polishing unit and of Chinaclay. Besides, in collaboration with the Steel Authority of India Ltd., the Corporation has also commissioned their Dolomite mining project at Jainti in the district of Jalpaiguri.

**West Bengal Industrial Infra-structure Development Corporation**

8.0. The Government of India have imposed a ban of the setting up of new industrial units and also for expansion of the existing industrial units located within the Standard Urban Areas of the Calcutta Metropolitan City and Howrah City. On the other hand, the backward areas in the State of West Bengal do not have adequate industrial infra-structure facilities to attract new entrepreneurs. The West Bengal Industrial Infra-structure Development Corporation has, therefore, been entrusted with the task of providing such infrastructure facilities as allotment of developed land with internal roads, railway service, water and power supply and sewerage and drainage, etc., in the backward areas. Till the end of December, 1980, the Corporation acquired about 785 acres of land for development of infra-structure facilities in the growth centres at Kalyani, Kharagpur and Haldia and also in other centres, viz., Jhargram, Anselgunj and Raninagar (Nadia) and allotted about 438.72 acres of land to 61 units in these areas. Haldia is coming up as a large chemical complex and Kharagpur as an engineering complex. Most of the units in these two growth centres are in the large scale. Kalyani has attracted medium scale entrepreneurs to set up industries for the manufacture of various items having substantial de-

*mand in the State. The Corporation has also taken steps to set up a new growth centre at Siliguri.*

**Gas distribution project**

9.0. The Government of India approved the setting up of a Low Temperature Carbonisation Plant at Dankuni during the year. With the commissioning of the plant, the availability of town gas will increase by 20 million cft. per day. In order to synchronise the gas production with the gas distribution scheme, a steering committee has been appointed to draw up the detailed programmes and estimates for expansion of the gas distribution system within the Calcutta Metropolitan City.

**Central sector projects**

10.0. I have briefly touched upon the various measures taken by this Government for promotion of new industries in the State public sector, joint sector and the private sector. The problems of unemployment in the State of West Bengal is so acute that all the development measures sponsored by the State Government will remain inadequate unless the Central Government come forward to step up their investment in the State for the establishment of new industrial units in the Central sector. Therefore, we have been agitating for the last few years for new Central investment in West Bengal and for that purpose, we urged that the Central Government should set up a major Ship Repair Complex, if not a ship-yard, at Haldia; expand the refining capacity of the Oil Refinery at Haldia; establish a coastal based Steel Plant at Haldia; expand the steel making capacity of the Durgapur Steel Plant, Alloy Steel Plant, Indian Iron and Steel Company; and establish new units in West Bengal by Bharat Electronics Ltd. and the central chemical and pharmaceutical units. From a perusal of the draft Sixth Five-Year Plan (1980-85) document of the Planning Commission, recently discussed at the meeting of the National Development Council, held at New Delhi, it transpires that dispite repeated requests, the demands of the State of West Bengal have not received due consideration. Only marginal investments have been provided in the Plan document for the DSP, ASP, IISCO, Hindusthan Cables, Jessops, National Instruments, Bharat Opthalmic Glass Ltd., MAMC, Andrew Yule & Company, Braithwaites, Burn Standard and three taken over drugs and pharmaceutical units. I am glad to note, however, that the Government of India have provided an outlay for expansion of the Oil Refinery at Haldia and I hope, the Gentral Government will accord its sanction to the project.

11.0. I will be glad to supply any further information the Honourable Members may require and to receive their advice.

**Budget Speech of Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge, Closed and Sick Industries Department, Government of West Bengal for the year 1981-82.**

1. On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.7,50,93,000 (Rupees seven crores fifty lakhs ninety-three thousand) only be granted for expenditure under Demand No.61, Major Head "320—Industries (Closed and Sick Industries), 522—Capital Outlay on Machinery and Engineering Industries (Closed and Sick Industries), 526—Capital outlay on Consumer Industries (Closed and Sick Industries), 722—Loans for Mechinery and Engineering Industries (Closed and Sick Industries), 723—Loans for Petroleum, Chemicals and Fertilizer Industries (Closed and Sick Industries) and 726—Loans for Consumer Industries (Closed and Sick Industries)".

2. Sir, in moving the grant, I may be permitted to reiterate that the closure and sickness of industries are posing serious problems, affecting the general community at large and causing multiple socio-economic problems of Chief among them being the plight of the toiling mass attached to a large number of industrial units as their employees.

3. At the present moment as many as 51 sick units have been enjoying the benefit of relief undertaking under the provisious of the West Bengal Relief Undertakings (Special Provisions) Act, 1972 for their speedy revival and reconstruction. The State Government has thus helped in the protection of employment opportunities of more than 37,000 persons. A number of industrial units having employment potential of more than 10,000 persons are also being run under full financial and managerial responsibilities of this Department. Such units comprise a large glass manufacturing unit involving 1,200 persons, a distillery unit involving 260 persons, a belting unit involving 122 persons, 3 heavy engineering units involving 3,750 persons, a light engineering unit involving 310 persons, 3 drugs and pharmaceutical units involving 1,100 persons, a plywood unit involving 425 persons, a biscuit and confectionery unit involving 430 persons, a printing press involving 800 persons, and a ropeway unit at Darjeeling involving 36 persons. Professional management has been inducted in the units wherever it has been considered imperative.

4. I cannot help mentioning before the House that the State Government has had to function within the limitation of the present situation under which the power for taking over the management of a unit is

vested in the Central Industrial Government under the provisions of Industries (Development and Regulations) Act, 1951. Even in cases where the Central Government eventually agree to the take-over of management of a unit a condition is usually imposed that the State Government should take over the full financial and managerial responsibilities for the same. The task is, therefore Herculean in relation to the extremely meagre resource-position of State.

5. Nevertheless, with a view to giving timely help to as many industrial units as possible, the Closed and Sick Industries Department has adopted some other methods also for reconstruction of units whenever possible, out-side the normal expedient of take over of the unit under the provisions of the Industries (Development and Regulations) Act, 1951. Some of the methods are :

(a) Formation of workers' Co-operative Societies;

(b) Assistance through guarantees against bank loans;

(c) Collaboration with bank and financial institutions, and

(d) Special enactments.

6. I now take opportunity of saying a few words about the performance of some of the taken over units.

The Glass manufacturing unit, viz., M/s. Krishna Silicate & Glass Ltd., was in shambles at the time over. The unit is incurring. Modernisation and diversification are needed for increased production at economic cost and attainment of viability, for which provision has been in the Department budget. A scheme of expansion and modernisation of the unit is going to be implemented very soon.

The Distillery unit, viz., M/s. Eastern Distilleries Private Limited, has reached a satisfactory level of production. The unit is earning profit and is in a position to finance its scheme of expansion and modernisation from its own generation of fund. Virtually no assistance excepting a token provision on account of nationalisation would be necessary.

The Belting unit, viz., M/s. India Belting & Cotton Mills Ltd., is running at a loss. The unit is planning to improve its position through better capacity utilisation and increased sales. For the prupose of diversification and modernisation of the unit for attainment of viability, a provision has been made in the budget.

M/s. Angel India Machines & Tools Ltd., one of the heavy engineering units, has achieved significant progress and is making cash profit. The Company is trying to enter the export market for its machines. The unit has been firmly put back on the rails and is now poised for further growth Provision has been made in the budget for diversification and modernisation of this unit.

The performance of another heavy engineering unit, viz., M/s. Britannia Engineering Company, is also highly encouraging. The unit attained break even production in January, 1981 and is expected to attain viability before long. For purposes of repair, renovation and diversification of this unit, some provision has been made in the budget. The unit is engaged in production of equipment and machineries of national importance, and has a bright future. Its nationalisation has been kept in view.

The third heavy engineering unit, viz. M/s. National Iron & Steel Company Limited, has made significant progress in production and is making cash gains notwithstanding the fact that this unit was taken over in September, 1979 and recommissioned only in June, 1980. The unit has a very good market for its products and would require sizeable investment in plant and machinery. Provision on this account has also been made in the budget.

The light engineering unit, viz., M/s. Apollo Zipper Company Private Limited, is engaged in the production of zip-fasteners of different varieties and is doing well, there being a good market for its products. The unit would require additions to its plant and machinery for increased production and attainment of viability. For this purpose, provision has been made in this budget.

The first unit in the category of drugs and pharmaceuticals, viz., M/s. Gluconate Limited, is engaged in the production of different categories of drugs and medicines including life-saving drug 'pethidine', and has shown improvement despite various constraints. It has been able to make nominal cash profit in 1979 and is expected to show a similar profit for 1980. The present factory being unsuitable and inadequate for the production programme, its shifting to a new site is an immediate necessity. This will require capital expenditure on land and buildings. Provision on this account and for purchase of additional machinery and equipment has also been made in the budget.

Another unit of the drugs and pharmaceutical group, viz., Dr. Paul Lohmann (India) Limited, produces pharmaceuticals and fine chemicals.

The unit has a very good market in the spheres of drugs and chemicals and started production in August, 1979. The unit would require diversification and modernisation for stepping up production.

The third unit in the drags and pharmaceuticals group, viz., M/s. Indian Health Institute & Laboratory Limited, resuming production only in July, 1980 has shown encouraging rusults. The unit is likely to make cash profit within a short period but would require fund on account of modernisation and diversification. Provision has been made in the budget for this unit.

The House will be glad to know that a Jute Mill Co. Known as M/s. Kinnison Jute Mills Co. Ltd. which was taken over in May, 1978, has since been nationalised by the Government of India and is now functioning as a unit under the National Jute Manufacturers' Corporation Limited.

The Plywood unit, viz., M/s. Alokudyog Vanaspati & Plywood Ltd., the management of which was taken over in March, 1978, started production in December, 1978. The unit is running at a loss. Dearth of raw materials, i.e., timber, stands in the way of full capacity utilisation and better performance of this unit. Efforts are being made to solve this problem. The replacement of old machineries will help in arresting cash losses. Provision for this unit has been made in the budget.

The Biscuit & Confectionery unit, viz., M/s. Lily Biscuit Co. (P) Ltd. and Lily Barley Mills Ltd., after take over in March, 1979 went into production at the end of July, 1979. The unit is running satisfactorily and there is every prospect of its attainment of viability in the near future.

The Printing Press unit, viz., Sree Saraswati Press Ltd., was taken over at the end of October. 1979 and was re-opened in the middle of January, 1980. The unit has already resumed printing and is making cash losses. It will take some more time to break-even.

The Ropeway unit, run by the Undertaking of the Darjeeling Ropeway Company Ltd. and acquired by an Act of the State Legislature in September, 1977, was recommissioned in February, 1979. The unit is at present suffering cash losses but its performance is expected to improve during the next financial year, for which steps have already been taken by way of replacement of the existing system of steel rope and by increasing the number of carriers among others.

The Civil Construction-cum-Engineering unit, viz., M/s. Mackintosh Burn Ltd., is being reconstructed by the joint efforts of the State Government, I.R.C.I. Ltd. and Allahabad Bank. For the first time since reconstruction in 1972, the Comapany has been able to achieve overall break-even position during the year ending 31st December, 1980.

7. Besides, the State Government has also participated in the share capital of Commercial Products Ltd. for helping the reconstruction of M/s. Bertram Scott (I) Ltd., a paper making machine manufacturing unit since liquidated.

8. I would now, Sir, like to mention the cases of units, where the State Government has actively participated in the reconstruction in collaboration with banks and financial institutions and other bodies, outside the purview of the Industries (Development and Regulations) Act, 1951. There are twelve such units involving nearly 4,500 persons. These are :

(1) National Pipes & Tubes Co. Ltd. (450)

(2) Kolay Iron & Steel Co. Ltd. (550)

(3) Ganges Printing Ink Factory Employees' Co-operative Industrial Society Ltd. (225)

(4) National Rolling & Steel Ropes Co Ltd. (400)

(5) Bharat Jute Mills Co. Ltd. (1,700)

(6) Calcutta Electric Lamp Works Ltd. (100)

(7) Elvoc Employees' Co-operative Industrial Society Ltd. (130)

(8) Alliance Engineers (P) Ltd. (30)

(9) Clyde Fan Employees' Co-operative Industrial Society Ltd. (55)

(10) Annapurna Metal Works Pvt. Ltd. (281)

(11) Texwell (127)

(12) Panday Industries Pvt. Ltd. (173)

9. The House is already aware of the fact that an Advisory Committee on Industry was already constituted in 1977 for providing advice and guidance to the sick industrial units. The said Committee meets regularly and makes recommendations to the Government on connected matters.

10. The provision suggested in the budget for 1981-82 is for maximisation of production, for purpose of attainment of viability in respect of the existing taken over/acquired/assisted units and for such further units as may be taken up for revival/reconstruction.

Sir, with these objects in view, I would now move for sanction of the demand that I have proposed before the House for expenditure for the year 1981-82 on account of revival of closed and sick industrial units.

**Mr. Speaker :** All the cut motions are in order and taken as moved.

**Demand No. 62**

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1.

**Shri Kiranmoy Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Demand No. 76**

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1.

Sir, I also beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

[3-40 – 3-50 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী আজ তাঁর ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন এবং সকলে এটা সমর্থন করুক, এটা চেয়েছেন। আমাদের শিল্পমন্ত্রী অত্যন্ত তীক্ষ্ণ এবং মেধাসম্পন্ন ব্যক্তি। তিনি এই যে তিনখানা বই আমাদের পেশ করেছেন এবং এর মধ্যে দিয়ে সুচতুর বাক্যজালের মধ্যে দিয়ে একথা প্রকাশ করতে চাইছেন যে পশ্চিমবঙ্গে শিল্পের অগ্রগতি অব্যাহত আছে এবং সমানে এগিয়ে চলেছে। শুধু তাই নয়, তিনি একটা উজ্জ্বল ভবিষ্যতের ছবি আঁকবার চেষ্টা করেছেন যে এই ৩।। বছরে বামফ্রন্ট সরকার আসার পরে যে সাফল্য অর্জিত হয়েছে, যেটা তিনি মনে করছেন, সেই সাফল্যের খতিয়ান তুলে ধরতে চেয়েছেন। কিন্তু এই সুবিন্যস্ত বাক্যজালের মধ্যে আসল তথ্যটা ধরা পড়েছে। তিনি বলতে চেয়েছেন যে, সাফল্য নিশ্চিত, তিনি বলতে চেয়েছেন যে সর্বভারতীয় আর্থিক লগ্নি সংস্থাগুলি খুব ভালভাবে এখানে টাকাকড়ি দিচ্ছে এগুলি ওনার

বক্তব্যের মধ্যে দিয়ে প্রকাশ হয়েছে। তিনি যে কম পেয়েছেন সেই ব্যাপারে কোনও অভিযোগ করেননি। ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কর্পোরেশন অব ইন্ডিয়া, লগ্নিকারি ব্যাঙ্কিং বা অন্যান্য সংস্থা যে সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চিমবঙ্গকে বঞ্চনা করছে, প্রস্তাবের চেয়ে অনেক বেশি দিয়েছে মহারাষ্ট্রকে, গুজরাটকে, তামিলনাডুকে এমন কি উত্তরপ্রদেশের কথাও এখানে প্রকাশ করেননি। কেন্দ্রের বিরুদ্ধে অনেক জেহাদ শুনি, অনেক যুদ্ধের কথা শুনি এখানে যে কেন্দ্র বঞ্চনা করেছে কেন্দ্রীয় সংস্থাগুলি বছরের পর বছর বঞ্চনা করে চলেছে, এই বছরও বঞ্চনা করেছে, সেই হিসাব তিনি এখানে তুলে ধরেননি। আর একটা কথা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চিমবাংলায় যে তুলা শিল্প অর্থাৎ বস্ত্র শিল্প এবং সুতা শিল্প সম্পূর্ণ রূপে মার খাচ্ছে। আমাদের কয়লা কত দামে সর্বভারতীয় ক্ষেত্রে বিক্রয় হয় — মহারাষ্ট্রে, তামিলনাড়ুর মতো এখানে সমান দাম পাওয়া যায় না। ফলে আমাদের এখানে এই শিল্প মার খাচ্ছে, কিন্তু এই বিষয়টি তিনি তুলবার চেষ্টা করেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি বলেছেন যে শিল্পে বিকাশ হচ্ছে, সেটা বর্তমানে অব্যাহত আছে এবং সাফল্য নিশ্চিত। কিন্তু ইকনমিক রিভিউয়ের এই বইটা যদি দেখেন তাহলে জিনিসটা পরিষ্কার হবে যে, সূতিবস্ত্রতে প্রোডাকশন চার্ট দেওয়া আছে — সর্বভারতীয় চার্ট এবং পশ্চিমবাংলার চার্ট সেখানে বলা হয়েছে ১৯৭০ সালকে যদি ১০০ ধরা যায় তাহলে সর্বভারতীয় উৎপাদন হয়েছে প্রায় ১৫০ আর পশ্চিমবাংলায় হয়েছে ১১৪.৮। তবে ১৯৭৭ সালে এটা ১২১.৯ ছিল, ১৯৭৮ সালে ছিল ১১৭.২। ১৯৭৯ সালে ফল করে ১১৪.৮ এ দাঁড়িয়েছে। সর্বভারতীয় ক্ষেত্রে যখন ক্রমাগত উৎপাদন বাড়ছে, পশ্চিমবাংলায় উৎপাদন ক্রমাগত কমছে। একে যদি সাফল্য বলি তাহলে বিফলতা কোথায়? শুধু উৎপাদনের ক্ষেত্রেই এই জিনিস ঘটেনি। মূল্য বৃদ্ধির ক্ষেত্রে দেখুন। ১৯৬০ সালে শতকরা ২২.৯ ছিল, পশ্চিমবাংলায় ১৯৭৭-৭৮ সালে সেটা ৯.৬ হয়, যদিও ১৯৭৪-৭৫ সালে ১১.৫ ছিল। মূল্যের ক্ষেত্রেও তাই ঘটেছে। তাহলে আমরা যাচ্ছি কোথায়? প্রধান শিল্পগুলির কথা ধরা যাক। পশ্চিমবাংলার প্রাণ হচ্ছে পাট শিল্প। পাটশিল্পে ১৯৭৭-৭৮ সালে যেখানে পাটের দাম ছিল ২২২.৯৬ টাঃ পার কুইন্টাল, সেখানে ১৯৭৯-৮০ সালে পাটের মূল্য ২১২.৪০ টাকা পার কুইন্টাল। এখানেও পাটের দাম কমলো। কিন্তু পাটজাত দ্রব্যের দাম কি হল? তার দাম দ্বিগুনের বেশি হল। আমি হেসিয়ানের কথা বলছি, পাটজাত ব্যাগ ১০০টি ব্যাগের দাম ছিল ৩৬২.৩০ টাকা ১৯৭৭-৭৮ সালে, ১৯৭৯-৮০ সালে হল ৫২৫.৮৫ টাকা। অর্থাৎ পাটজাত দ্রব্যের দাম দেড় গুণ বেড়েছে। কিন্তু পাটের দাম কমেছে, তাহলে সেই বর্ধিত টাকাটা গেল কোথায়? বর্ধিত টাকাটা বড় বড় শিল্পপতি, ব্যবসাদার, তাদের পকেটে গেছে কিন্তু গরিব চাষি, সে মার খেয়েছে, সে কম দাম পেয়েছে। আপনারা বলবেন এটা কেন্দ্রের ব্যাপার আমরা কি করতে পারি। কিন্তু যে কেন্দ্রের বিরুদ্ধে এত ধর্মঘট আপনারা ডাকেন, পাটের বেলায় সেই রকম তো কোনও তোলপাড় দেখা যায় না। কারণ পাট শিল্পের যারা ম্যাগনেট, তাদের পক্ষপুটে আপনারা আশ্রিত। তাদের সুবিধা করে দেবার জন্য কেন্দ্রের সঙ্গে এই ক্ষেত্রে আপনারা সহযোগিতা করছেন। তারপর উনি সাফল্যের কথা বলছেন ঔষধ এবং ভেষজ শিল্পে। পশ্চিমবঙ্গ হচ্ছে আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের বাংলা, যেখানে ভেষজ শিল্পে যারা ভারতবর্ষকে অগ্রগতির পথ দেখিয়েছিল এবং সুনাম অর্জন করেছিল, সেই ভেষজ শিল্পের অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে, আমরা পিছিয়ে যাচ্ছি এবং ক্রমাগত পিছোচ্ছি সেই ক্ষেত্রে আমরা কোনও উন্নতি দেখতে পাচ্ছি না। মন্ত্রী মহাশয়

আমাদের একটুও আশার আলো দেখাননি। তারপর ধরুন চিনি শিল্প। গত তিন বছর ধরে মন্ত্রী মহাশয় বলছেন বেলডাঙ্গা এবং আহমেদনগরকে একত্রিত করা হবে। এই ব্যাপারে বাজেট বক্তৃতা তিনি দিয়েছেন, তাতে তিনি বলছেন বেলডাঙায় আগে চালু করা হবে। পরে আহমেদনগর হবে, কিন্তু কবে হবে সেই আশার বাণী উনি শোনাতে পারেননি। কেন হচ্ছে না তিনি বলতে পারছেন না। কিন্তু আমরা জানি তিনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, বেলডাঙা এবং আহমেদনগরকে যদি একত্রিত করা যায় তাহলে ভায়েবল হবে, সেই প্রতিশ্রুতি তিনি রক্ষা করতে পারেননি। কিন্তু সেটা তিনি এখনো পর্যন্ত করতে পারেননি। অভিযোগ করা হয় যে, আখ পাওয়া যায় না, যার ফলে ওখানে চিনি উৎপাদন করা যায় না — কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে, চাষিরা ওখানে আখ নিয়ে গেলে সেই আখ গ্রহণ করবার জন্য ওখানে কোনও লোক থাকে না, দিনের পর তিন আখ ওখানে পড়ে থাকে, শুকিয়ে যায়, শক্তি কমে যায় এবং শেষে খারাপ হয়ে যায়। তার ফলে চাষিরা ক্ষতিগ্রস্ত হয়। চাষিদের রক্ষা করবার জন্য ওখানে কেউ বসে থাকে না।

তারপরে ডি.পি.এল। দুর্গাপুরের এই প্রতিষ্ঠানটির দিকে সারা পশ্চিমবাংলা তাকিয়ে আছে। এর বিদ্যুৎ উৎপাদন এবং কাজকর্মে যদি সাফল্য পাওয়া যায় তাহলে নিশ্চয়ই পশ্চিমবাংলা উপকৃত হবে। কিন্তু এখানে ক্ষতির পরিমাণ ক্রমাগত বেড়েই চলেছে। এ পর্যন্ত কোক ওভেনটিতে ৩৪ লক্ষ ৩৮ হাজার টাকা ক্রমাগত লস হয়েছে। এই লস কিভাবে মেটানো হবে, সে সম্বন্ধে কোনও ব্যবস্থাই মন্ত্রী মহাশয় করতে পারেননি। তিনি আশার বাণী শুনিয়েছেন যে, ডি.পি.এল. ভবিষ্যতে উজ্জ্বল হবে, এখানে আরও বেশি বিদ্যুৎ উৎপাদন হবে, সমস্যার সমাধান হবে। কিন্তু এই প্রসঙ্গে আমি তাঁকে প্রশ্ন করি, এখানকার ম্যানেজিং ডাইরেক্টার মিঃ গুপ্ত চলে গেলেন কেন? তাঁর চলে যাবার জন্য যে শূন্যতার সৃষ্টি হয়েছে সেই শূন্যতা পূরণের কি ব্যবস্থা হয়েছে? তিনি কেন চলে গেছেন, এই প্রশ্নের উত্তরে ইতিপূর্বে মন্ত্রী মহাশয় কিছুই বলতে পারেননি। তিনি শুধু বলেছিলেন যে, কারণ না দেখিয়েই চলে গেছেন। কারণ না দেখালেও, মাননীয় মন্ত্রী মহাশয়ের নিশ্চয়ই কারণ জানা আছে। একজন ম্যানেজিং ডাইরেক্টার, যার উপর এত ভার ছিল, যাঁর উপর প্রতিষ্ঠানের ভবিষ্যত নির্ভর করছে, সেই ব্যক্তি চলে গেলে প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়, এটা জানা কথা। কিন্তু কেন তিনি চলে গেলেন, সে খবর মন্ত্রী জানেন না। এটা তো বিস্ময়ের ব্যাপার। কিন্তু আমরা জানি কারণটা উনি জানেন, বলতে সাহস করেননি। কারণটা হচ্ছে, ওখানে ইউনিয়নে ইউনিয়নে ঝগড়া। কোন পার্টির ইউনিয়ন ওখানে দাঁড়িয়ে থাকবে, কোন পার্টি ওখানে নিজেদের প্রভাব বিস্তার করে ক্ষমতা দখল করবে এই নিয়ে ঝগড়া। আজকে ডি.পি.এল.-এর পাশাপাশি ডি.ভি.সি.-র অবস্থা দেখলে দেখব যে, যে ডি.ভি.সি. প্রায় দুর্বল শিল্পে পরিণত হতে যাচ্ছিল, কিন্তু এখন ডি.ভি.সি-র অবস্থার পরিবর্তন হয়েছে। আমরা যতই সমালোচনা করি না কেন লুথার এসে নিশ্চয়ই অবস্থার পরিবর্তন ঘটিয়েছেন; যার ফলে আজ কলকাতায় মাঝে মাঝে লোডশেডিং হচ্ছে না এবং এটা ডি.ভি.স-র উন্নতি হয়েছে, সে বিষয়ে কোনও সন্দেহ নেই।

তারপরে হলদিয়া। মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন যে, হলদিয়া হচ্ছে বর্তমানে পশ্চিমবাংলার ভবিষ্যত এবং হলদিয়ার উন্নয়নের সাথে সাথে পশ্চিমবাংলার চেহারা পাল্টে যাবে। কিন্তু আজকে প্রশ্ন হচ্ছে হলদিয়ায় যে সমস্ত স্কীমগুলি নেওয়া হচ্ছে সেগুলি করে

হবে? পেট্রো-কেমিক্যালস কবে হবে, সে সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের বক্তৃতার মধ্যে কোনও আশার বানী শুনতে পাচ্ছি না। তিনি শুধু বলেছেন জমি নেওয়া হয়েছে, জমি সমান করা হচ্ছে, চারপাশে একটা দেওয়াল দেওয়া হয়েছে। দেওয়াল দিলেই পেট্রো-কেমিক্যালস হবেনা। আমরা জানি সরকারি সমস্ত ব্যাপারই শম্বুক গতিতে চলে, লাল ফিতের বাঁধনের মধ্যে দিয়ে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলে। এখানেও কাজকর্ম সেইভাবে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে, কবে যে সাবালোক হবে, কবে যে দাঁড়াতে পারবে, কত দিনে পশ্চিমবাংলার অবস্থাকে চাঙ্গা করতে পারবে, সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে এবং সে বিষয়ে কোনও আশার আলোই আমি এখানে দেখতে পাচ্ছি না। মাননীয় মন্ত্রী মহাশয় গত বছর পর্যন্ত আমাদের আশার বাণী শুনিয়েছিলেন যে, পশ্চিমবাংলা কোটি কোটি টাকার লবন বাইরে থেকে আমদানি করে অথচ পশ্চিমবাংলায় প্রয়োজনীয় লবন এখানে উৎপাদন হতে পারে। ২৪-পরগনার উপকূল হতে কিংবা মেদিনীপুরের উপকূল অঞ্চল হতে পারে। কিন্তু এ বছরের বাজেটে তার নাম-গন্ধ নেই। কেন নেই? তিনি বলেছিলেন কেন্দ্রীয় সরকার সাহায্য করবেন টাকা-কড়ি দিয়ে। জনতা সরকারের আমলে রাষ্ট্রমন্ত্রী শ্রীমতী আভা মাইতি এখানে এসে বলেছিলেন কি সাহায্য চাই বলুন, টাকা থেকে আরম্ভ করে যত রকমের সাহায্যের দরকার আমরা দেব কিন্তু কিছুই হল না। পশ্চিমবাংলাকে এখনও কোটি কোটি টাকার লবন আনতে হবে যেটার প্রয়োজন ছিল না এবং এর দ্বারা বহু বেকারের চাকুরি হত এবং এখানকার অবস্থা যে চাঙ্গা হত সে বিষয়ে কোনও সন্দেহ নেই। চিনি শিল্পের যে ব্যর্থতা তিনি নিজেই অনুভব করেছেন, তিনি ভেবে পাচ্ছেন না যে কি করা যেতে পারে। মহারাষ্ট্র এবং তামিলনাড়ুতে ছোট ছোট মিনি সুগার মিল তৈরি হয়েছে এবং তার সাফল্যও পাওয়া যাচ্ছে, ফল লাভ করছে এবং ওখানকার অর্থনীতি বেশ ভালভাবে প্রসারিত হচ্ছে। কিন্তু পশ্চিমবাংলায় আহমেদপুর সুগার মিল দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে রয়েছে, বেলডাঙার অবস্থাও তাই এই সাড়ে তিন বছর ধরে। সেখানে যদি আমরা এই মহারাষ্ট্র এবং তামিলনাড়ুর মতন করতে পারতাম তাহলে ভাল ফল হত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় বলেছেন বিভিন্ন অর্থ লগ্নি প্রতিষ্ঠানগুলি থেকে তারা টাকাকড়ি পাচ্ছেন। কিন্তু সারা ভারতবর্ষের ক্ষেত্রে কি ডিসপারিটি সেটা সহজেই বোঝা যাচ্ছে। স্ট্যাটিসটিক্স থেকে বললে বুঝতে পারবেন। ১৯৭৯ সালে গুজরাট লেটার অফ ইনটেন্ট পেয়েছে ১১৮ আর লাইসেন্স পেয়েছে ৪৮। মহারাষ্ট্র পেয়েছে ১১৫ আর লাইসেন্স পেয়েছে ১১১। সেখানে পশ্চিমবাংলা পেয়েছে লেটার অফ ইনটেন্ট ২৮টি আর লাইসেন্স পেয়েছে ৩০টি। ফিনান্স কর্পোরেশন অফ ইন্ডিয়ার কাছ থেকে ১৯৭৮-৭৯ সালে গুজরাট যেখানে পেয়েছে ১৫ কোটি ৫৭ লক্ষ টাকা, মহারাষ্ট্র যেখানে পেয়েছে ৩০ কোটি ৬৮ লক্ষ টাকা সেখানে পশ্চিমবাংলা পেয়েছে ১০ কোটি টাকা। এই মন্ত্রী মহাশয়ের আমলে পশ্চিমবাংলা শিল্পের ক্ষেত্রে কোথায় নেমেছে তা সহজেই বোঝা যাচ্ছে। শিল্পের ক্ষেত্রে পশ্চিমবাংলা দ্বিতীয় স্থানে আগে ছিল। পশ্চিমবাংলা শিল্পের ক্ষেত্রে অনুকূল, এখানে আছে খনিজ সম্পদ, আছে কাঁচামাল, এখানে আছে নদীপথ, এখানে আছে রেলপথ এখানে শিল্পের সকল সুযোগ-সুবিধা রয়েছে। সেইজন্য অনেক আগে থেকেই শিল্পের প্রসার এই পশ্চিমবাংলায় শুরু হয়েছিল বলা যেতে পারে। কিন্তু আজকে শিল্পের ক্ষেত্রে কি অবস্থা হচ্ছে পশ্চিমবাংলা নেমে গেছে পঞ্চম স্থানে এবং উপরে উঠেছে মহারাষ্ট্র তার পরে গুজরাট, কিন্তু গুজরাট অনেক নিচে ছিল এখন দ্বিতীয় স্থানে চলে গেছে। তারপর তামিলনাড়ু, তারপর চলে গেছে উত্তরপ্রদেশ আর পশ্চিমবাংলা

নেমে গেছে পঞ্চম স্থানে। তবুও যদি মনে করেন সাফল্য এসে গেছে, অনেক কিছু করা হয়ে গেছে তাহলে পশ্চিমবাংলার দুর্ভাগ্য হবে। এক্ষেত্রে গুজরাটে যদি ঘুরে দেখা যায় তাহলে বুঝতে পারবেন সাফল্য কিভাবে তাদের এসেছে। গুজরাটের জামনগর এলাকা একেবারে মরুভূমি অঞ্চল। সেখানে কিভাবে শিল্প গড়ে উঠেছে চোখে না দেখলে বিশ্বাস করা যাবে না। সেখানে ছোট মাঝারি শিল্প গড়ে উঠেছে। সেখানে শ্রমিক অশান্তি নেই, শ্রমিকরা কম টাকা মাহিনা পাচ্ছে না, উৎপাদনও প্রচুর। এইভাবে সারা গুজরাটের ইন্ডাস্ট্রি যেভাবে গড়ে উঠেছে তাতে করে তারা অনেক নিচে থেকে উপরে উঠে গেছে। কেন এইরকম হয়েছে তা আমাদের খতিয়ে দেখা দরকার, আমাদের মূল্যায়ন করা দরকার বিশ্লেষণ করা দরকার। কিন্তু দুঃখের বিষয় সেই বিশ্লেষণ টুকুর প্রয়োজনীয়তা, আমাদের নিজেদের গলদ কোথায় আছে, সেই দোষটুকু দেখার চেষ্টা একবারও করেননি।

[3-50 – 4-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী এখানে আমাদের বলেছেন যে তাঁদের রিজিওন্যাল ডিসপারিটি - সারা ভারতবর্ষের ক্ষেত্রে রিজিওন্যাল ডিসপারিটি যেমন আছে আমাদের এখানেও রিজিওন্যাল ডিসপ্যারিটি তেমনি আছে। তিনি অবশ্য বলতে চেয়েছেন এই যে অন্যান্য অঞ্চলগুলিকে খুববেশি সুযোগ সুবিধার শতকরা, বেশিরভাগ দেয়। কিন্তু তিনি নিজে ভালভাবে স্ট্যাটিসটিক্স দেখেন না। মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া এবং কুচবিহারে এইরকম একটা ছিল, সেটা অন্যান্য ক্ষুদ্র শিল্প ব্যবস্থার চেয়ে কোনও বেশি ব্যবস্থা হয়নি। অবশ্য ঐ যে হলদিয়া হয়েছে। ওটা মেদিনীপুরের নামে হলেও ওখানে মেদিনীপুরের কোনও সুযোগ সুবিধা সেখানে হয়নি। এখানে যেসব বেকার ছেলেদের নেওয়া হয়েছে — মেদিনীপুরের বেকার ছেলেদের নেওয়া হয়নি। ওখানে পোর্ট, ইন্ডাস্ট্রি হচ্ছে, কিন্তু পোর্টে কর্মচারী যাদের নিয়োগ করা হচ্ছে তাদের কলকাতা থেকে নিয়োগ করা হচ্ছে। মেদিনীপুরের লোক বা মেদিনীপুরের বেকার ছেলেরা বা ঐ এলাকার বেকার ছেলেরা কোনও সুযোগ সুবিধা পাচ্ছে না। এটা অত্যন্ত দুঃখের বিষয়, এখানে অন্যান্য শিল্প যদি গড়ে তোলা যেত তাহলে হয়ত ওখানকার ছেলেরা কিছু সুযোগ সুবিধা পেত। আপনাদের সমস্ত আমরা এখানে দেখছি সে সমস্ত ঠিক নয়। শিল্প অধিগ্রহণ করেছেন, নূতন শিল্প গড়ে তুলেছেন সে সকল শিল্পের অবস্থা কি? স্যাক্সবি এর ক্ষতি যেভাবে বেড়ে চলেছে তার অবস্থা কি? কল্যাণী স্পিনিংএ আজ পর্যন্ত ৯৬ কোটি ৭ লক্ষ, স্যাকসবি আজ পর্যন্ত ১১ কোটি ৪২ লক্ষ, দূর্গাপুর প্রোজেক্টের কথা আগে বলেছি, দুর্গাপুর কেমিক্যালস এ ১৯৭৭-৭৮ এ ক্ষতি হয়েছে ২ কোটিরও বেশি টাকা, এইভাবে ক্রমাগত ক্ষতি বেড়েই চলেছে, এমন কি বসুমতী পত্রিকা যেখানে অন্যান্য সমস্ত পত্রিকায় লাভ হচ্ছে সেখানে বসুমতী পত্রিকায় ক্ষতি হচ্ছে এবং ১৯৭৮ তে ক্ষতি হয়েছে ১৬ লক্ষ ৫০ হাজার টাকা। এই ক্ষতি আমাদের কোথায় নিয়ে যাবে জানিনা? আমি সেজন্য মাননীয় শিল্প মন্ত্রীকে অনুরোধ করব এর ফল বিশ্লেষণ করে দেখা দরকার। এটা আমাদের স্বীকার করে নেওয়া ভাল যে আমরা অর্গানাইজড সেক্টরে যাঁরা আছেন তাঁদের তোষণ করবার চেষ্টা করছি। ওখানে অর্গানাইজড সেক্টরে যে সমস্ত ট্রেড ইউনিয়ন তার যে সমস্ত নেতারা রয়েছেন তাঁরা এখন নূতন শিল্পপতি হয়ে এয়ার কন্ডিশন ঘরে থাকেন এবং তাঁরা তাঁদের নিজেদের স্বার্থের জন্য পশ্চিমবাংলার স্বার্থকে জলাঞ্জলি দিচ্ছেন আর আমরা

বিভিন্ন দল তাঁদের তোষণ করবার জন্য ইউনিয়নের মাধ্যমে বেশিরভাগ শ্রমিকদের সমর্থন আদায় করবার জন্য শিল্পের ভবিষ্যৎ জলাঞ্জলি দিচ্ছি। পশ্চিমবঙ্গে শিল্পের ভবিষ্যৎ গড়ে তুলবার কোনও চেষ্টা নেই, পশ্চিমবঙ্গে বেকার সমস্যার সমাধান করবার দরকার আছে। তাঁদের আরও বেশি টাকা দিতে হবে, এবং সমস্ত শিল্পের মূল কথা কাজটা ভাল করে করতে হবে। কাজটা ঠিকমতো যাতে হয় সেটা দেখা দরকার। এই কথা বলে আমাদের যে সমস্ত কাট মোশন এসেছে সেই কাট মোশনগুলি আমি সমর্থন করছি এবং এইগুলি নেবার জন্য অনুরোধ করছি এবং তাকে আমরা একটা সাজেসান দিচ্ছি সেটা তাঁকে নেবার জন্য অনুরোধ করছি। ওখানে লবন শিল্পের কথা — একবার নয়, বার বার আমরা বলেছি এবং আবার বলছি লবন শিল্প গড়ে তোলার চেষ্টা করার জন্য। কেরালায় যেমন নারকেল ছোবড়ার শিল্প আছে, উত্তরবঙ্গে যেমন ভেষজ ঔষধ করবার সুবিধা আছে এখানেও সেইরকম শিল্প গড়ে তোলা দরকার। না হলে পশ্চিমবঙ্গে ভীষণ দুর্যোগ হবে। এই বলে কাট মোশনকে সমর্থন করে মাননীয় শিল্প মন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন করতে না পারার জন্য দুঃখ প্রকাশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতিভূষণ রায়বর্মন ঃ** অধ্যক্ষ মহাশয়, শিল্পমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা এখানে বলতে চাই। আমার পূর্ববর্তী বক্তা যে কথা বললেন সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমাদের সরকারে শিল্পনীতি সম্পর্কে উনি নিশ্চয় ভুল বুঝেছেন। বাণিজ্যমন্ত্রী পরিষ্কার ভাবে বলেছেন যে সমস্ত শিল্পকে আমরা সাহায্য বা অধিগ্রহণ করছি সেগুলি রুগ্ন বা বন্ধ এবং তাদের সাহায্য করার জন্য বা তাদের এগিয়ে দেবার জন্য আমরা পরিকল্পনা গ্রহণ করেছি। এমন কোনও নূতন বা ভারী শিল্প এই সরকারের উদ্যোগে নূতন করে এখানে তৈরি করা হয়নি বা হচ্ছে না যেটা অন্য শিল্পপতিরা এখানে করে থাকেন মুনাফার লোভে। এখানে এরকম কোনও পলিসি সরকারের নেই। যেখানে শিল্প রুগ্ন বা চলছে না সেখানে তাকে সাহায্য করা বা তাকে এগিয়ে দেওয়াই সরকারের প্রধান প্রচেষ্টা। বেলডাঙ্গার কথা বলা হল। দীর্ঘদিন ধরে এই হাউসে এর সঙ্কটের কথা আমরা শুনে আসছি। এই চিনিকলে সঙ্কট চলছে। তিনি এমনভাবে বললেন যেন এটা এই সরকারের সমস্ত দায় দায়িত্ব। তা নয়, অনেকদিন ধরে এখানে সঙ্কট চলছে। এই সরকার একে কিভাবে সঙ্কট থেকে মুক্ত করবেন তার প্রচেষ্টা তাঁরা করছেন। কাজেই এই যে মূল দায় দায়িত্ব সেটা কংগ্রেস সরকারের ছিল। আমেদনগর সুগার মিল সম্পর্কে এটা ঠিক এক কথায় কংগ্রেস আমলেই এর সর্বনাশ করে গেছেন। এখন তার মৃতদেহে কিভাবে প্রাণ সঞ্চার করা যায় এই সরকার তার চেষ্টা করছেন। কাজেই যেভাবে এখানে বলা হল তাকে অন্যায় সমালোচনা বলে মনে করছি। তিনি আসলে যে অপরাধি তার কথা একেবারেই বললেন না। আমরা দেখছি যে কংগ্রেসি রুই কাতলা থেকে আরম্ভ করে চুনি পুঁটি পর্যন্ত চিৎকার করেন যে পশ্চিমবাংলা সর্বনাশ হয়ে গেল শিল্প বাণিজ্য সব কিছু গেল। এবং পুঁজিপতিরা এখানে পুঁজি নিয়োগ করছে না। গত ৪ বছর ধরে এইভাবে তারা চিৎকার করছে। এর ফলে অন্নপ্রাশনের অন্ন পর্যন্ত পেট থেকে বেরিয়ে যাচ্ছে। এরজন্য আসলে যে দায়ী তার কথা তাঁরা একবারেও বলছেন না। অর্থাৎ যাঁরা সত্যিকারের শিল্পকে বাঁচাবার চেষ্টা করছেন তাঁদের উপরেই দোষ চাপাবার চেষ্টা করছেন। আমার পূর্ববর্তী বক্তাও ঠিক সেইভাবে বাজেটের

সমালোচনা করলেন। কংগ্রেসিরা কোনওদিন বলেননি যে শিল্প উদ্যোগে কেন্দ্রীয় কংগ্রেস সরকার পশ্চিমবাংলাকে কোনওরকম সহযোগিতা করেননি, বরং বিভিন্ন ভাবে বাধা দিয়েছেন।

[4-00 – 4-10 p.m.]

সম্প্রতি একটা ঘটনায় দেখেছি এই সরকার প্রস্তাব করেছিলেন ১০০ কোটি টাকায় বাড়তি শিল্প নিয়োগ করবেন, কিন্তু সেটা কেটে দিয়ে ৯০ কোটি টাকা করা হল। এই ১০ কোটি টাকা কেন কাটা হল? যেখানে শিল্পোদ্যোগকে বাড়ানো উচিত সেখানে কেটে দিয়ে তার সঙ্গে আরও কতকগুলি জিনিস জুড়ে দেওয়া হল—যেমন হিন্দুস্থান অ্যারোনাট, ট্রাইব্যাল পিউপিলের ডেভেলপমেন্ট। কিন্তু কংগ্রেসি বক্তারা সযত্নে এটাকে আড়াল করলেন। এই সরকার যেদিন থেকে ক্ষমতায় এসেছেন সেদিন থেকে বার বার বলবার চেষ্টা করছেন যে পর্যন্ত কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে তার ন্যায্য পাওনা না দিচ্ছে সে পর্যন্ত শিল্পের অগ্রগতি করা সম্ভব নয়। এবং সেই পাওনায় আমাদের অধিকার আছে। কাগজে দেখলাম দু-তিনদিন আগে শ্রী অশোক সেন স্বীকার করেছেন যে পশ্চিমবাংলার উপর কেন্দ্রের অবিচার হচ্ছে। এবং পশ্চিমবঙ্গ থেকে যে নির্বাচিত ৪২ জন লোকসভার সদস্য আছেন তাঁদের এক সঙ্গে প্রতিবাদ করা উচিত। তিনি কি উদ্দেশ্য নিয়ে বলেছেন জানি না। আমি আরও দুই একটা কথা বলব তা হল বর্তমান আর্থিক বছরে আমাদের সরকার ১০,০১৯ কোটি টাকার পরিকল্পনা গ্রহণ করেছিলেন যেটা কেন্দ্রীয় সরকারের দেবার কথা। সেই জায়গায় কেন্দ্রীয় সরকার শিল্পকে উৎসাহিত না করে তাকে কেটে ১০৯ কোটি টাকা করলেন। তা থেকে এটাই বোঝা যাবে যে পশ্চিমবাংলায় শিল্প প্রসার তারা কি চাইছেন? অন্যান্য রাজ্যে যদি এই জিনিস তারা করে থাকেন তাহলে খানিকটা স্বান্তনা পাওয়া যেত। কিন্তু ইতিহাস হচ্ছে সারা ভারতবর্ষে পশ্চিমবাংলা ছাড়া আর কোনও রাজ্যে এইভাবে অনুদান কেটে দেওয়া হয়নি। অর্থাৎ পশ্চিমবাংলার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ মনোভাব দেখাচ্ছেন। পূর্ববর্তী বক্তা বললেন যে গুজরাট, মহারাষ্ট্রে শিল্প বেড়েছে কিন্তু তিনি বললেন না যে সেখানে কেন্দ্রীয় সরকারের অনুদান, সাহায্য বা পলিসি কি আছে?

[4-10 – 4-20 p.m.]

যাইহোক, পশ্চিমবাংলার উপর কেন্দ্রের এই যে বৈষম্যমূলক আচরণ আজকে দিবালোকের মতো স্পষ্ট — পশ্চিমবাংলার শিল্প প্রসারের ব্যাপারেই বলুন বা যে কোনও ডেভেলপমেন্টের ব্যাপারেই বলুন। এ ব্যাপারে আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা যতই চিৎকার করুন না কেন গাছ কেটে গোড়ায় জল দিলে গাছ বাঁচাতে পারবেন না আপনারা। আপনারা পশ্চিমবঙ্গের শিল্প প্রসারের ব্যাপারে যত দুঃখ প্রকাশ করুন না কেন, আসলে এর প্রসারের ব্যাপারে পশ্চিমবাংলা সরকার যথাসাধ্য চেষ্টা করেছেন এবং এ ব্যাপারে কেন্দ্রকে দোষারোপ করতেই হবে। ডঃ কানাইলাল ভট্টাচার্য এবং ফিনান্স মিনিস্টার পরিষ্কারভাবে বলেছেন যে, এ ব্যাপারে মূল দায়িত্ব হচ্ছে কেন্দ্রের, কেন্দ্রই শিল্পের প্রসারের ব্যাপারে বিরূপ মনোভাব নিয়েছেন এবং সেজন্য পশ্চিমবাংলাতে এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি বা শিল্পের প্রসার ঘটতে পারছে না। পশ্চিমবাংলার যেসব জাতীয় সম্পদ আছে, সেগুলির ব্যাপারে একটা স্টাম্বলিং ব্লকে পরিণত হয়েছে। এ বিষয়টির ব্যাপারে আপনারা বুঝতে চাইছেন না। সুতরাং আপনারাই বলুন

পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কি করেছেন বা এই অবস্থায় এর চেয়ে আর বেশি কি করতে পারেন? বিধানচন্দ্র রায়ের সময়কে আপনারা দেখাবার চেষ্টা করেছেন। কিন্তু এ ব্যাপারে আমি বলব যে, সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে যেটুকু করা যায় বা প্রগ্রেস করা যায়, সেটুকু হয়েছে কিনা সেটি একবার ভেবে দেখলে আমরা নিঃসন্দেহে বলতে পারি যে, আমরা কিছু করতে পেরেছি, আমরা এগিয়ে যাচ্ছি। আমাদের সামনে যদি কোনও বাধা না থাকত তাহলে বিগত ৪ বছরে আমরা আরও বেশি এগোতে পারতাম। ওঁরা বলছেন, পশ্চিমবঙ্গ আজ শিল্পের দিক থেকে ৫ম বা ৮ম স্থানে রয়েছে, এটা হচ্ছে না, ওটা হচ্ছে না — সবই কংগ্রেস আমলে হয়েছে। আরও বলছেন যে, ওঁরাই এগুলি তৈরি করে গেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি এর আগে আপনারা দিল্লিতে বা পশ্চিমবাংলায় ৩০ বছর ধরে ছিলেন, আপনারাই তো পশ্চিমবাংলাকে ৮ম স্থানে রেখে গিয়েছেন, আর আজকে বলছেন — পশ্চিমবাংলা ভেসে গেল। এ দায়িত্ব তো আসলে আপনাদের। কেন্দ্রীয় সরকার ষষ্ঠ পরিকল্পনায় যে পরিমাণ টাকা রেখেছিলেন তার থেকে পশ্চিমবাংলার জন্য — শিল্প ইত্যাদি প্রসারের জন্য কি পরিমাণ বরাদ্দ রেখেছেন? কেন্দ্রীয় সরকার এর যে শিল্পনীতি, সেটা প্রধানত এক্সপোর্ট ইন্ডাস্ট্রির দিকে লক্ষ্য রেখে স্থির হয়। অর্থাৎ যা কিছু উৎপাদন হবে তা যাতে বিদেশে রপ্তানি করতে পারে সেদিকে লক্ষ্য রাখা হয়ে থাকে। কিন্তু এ ব্যাপারে দেশের মানুষের স্বার্থের দিকে বা দেশের মানুষের ক্রয় ক্ষমতার দিকে মোটেই দৃষ্টি রাখা হয় না। অন্যদিকে পশ্চিমবঙ্গ সরকার দেশের মানুষের দিকে লক্ষ্য রেখে, ক্রয়ক্ষমতার দিকে লক্ষ্য দিয়েই তা করবার চেষ্টা করেছেন। যদি দেশের মানুষের ক্রয় ক্ষমতাকে বাড়ানোর লক্ষ্য রাখা হয় বা উৎপাদন না বাড়ানো হয় তাহলে শিল্পের প্রসার সম্ভব নয়।

এটা হতে পারে না। সেদিক থেকে যে দ্বন্দ্ব সেই দ্বন্দ্বের সমাধান হচ্ছে না। যারফলে আমরা বলব পশ্চিমবাংলায় গত চার বছরের মধ্যে লোকের চাকুরি বেড়েছে। কিন্তু যদি ঠিকমতো শিল্প প্রসার হত তাহলে লোক সেই পরিমাণে নিয়োগ করা সম্ভব হত কিন্তু তা আজকে যে হচ্ছে না একথা সকলেই জানেন। কংগ্রেস পক্ষ থেকে অনেক কথা বলা হয়েছে যার কোনও অর্থ হয় না। এবার আমি হলদিয়া সম্পর্কে কিছু বলব। হলদিয়াতে একটা শিপ রিপেয়ারিং ইয়ার্ড করবেন বলে কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিয়েছেন। আমরা এটা সকলেই জানি হলদিয়ায় যদি শিল্পোন্নতি হয় তাহলে পশ্চিমবাংলা আর্থিক দিক থেকে অনেক অগ্রসর হবে। কিন্তু সেই শিপ রিপেয়ারিং ইয়ার্ড তৈরির জন্য জায়গা দখল কি করা হয়েছে? এ বিষয়ে কেন্দ্রীয় সরকার কোনও কার্যকর ব্যবস্থা কিছু করেননি। দুর্গাপুরে ট্রাক ম্যানুফ্যাকচারিং ইউনিট করার কথা বলেছেন। কিন্তু কার্যত এ বিষয়ে কিছু না হয়ে তা যে অবস্থায় ছিল সেই অবস্থাতেই আছে। হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল সম্বন্ধে শিল্পমন্ত্রী অনেক কথা বলেছেন। পশ্চিমবাংলা সরকার জায়গা দখল করে, আশা করছেন কেন্দ্রীয় সরকার অর্থের ব্যবস্থা করবেন। কিন্তু যতদূর জানি ষষ্ঠ পরিকল্পনায় এখনও পর্যন্ত এর জন্য কোনও অর্থ বরাদ্দ করা হয় নাই। তা যদি না হয় তাহলে কবে যে এটা কার্যে পরিণত হবে জানি না। পেট্রো কেমিক্যাল পশ্চিমবাংলার অর্থনৈতিক জীবনে এক মস্ত বড় ঘটনা এবং এটা যদি কার্যকর করা হয় তাহলে পশ্চিমবাংলা আর্থিক দিক থেকে অনেক অগ্রসর হবে। কিন্তু এটা না হওয়ার জন্য যারা দায়ি তাদের সম্পর্কে কোনও কথা বিরোধীপক্ষ থেকে বলা হল না। অথচ

বামফ্রন্ট সরকার এ বিষয়ে কিছু চেষ্টা করছেন না এই কথা বলে উল্টে তারা আমাদের উপর দায় দায়িত্ব চাপিয়ে দিচ্ছেন। শত্রুর মুখে ছাই দিয়ে এই কথা বলব সীমাবদ্ধ অর্থনৈতিক অবস্থার মধ্যে আমাদের বামফ্রন্ট সরকারের কমার্স এবং ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট অনেকগুলো কাজে ইতিমধ্যে অগ্রসর হতে পেরেছে। এবং বিভিন্ন শিল্পোন্নয়নের দিকে তারা এগিয়ে গেছে। তাঁরা ৫০টি মতো রুগ্ন ও বন্ধ শিল্প হয় অধিগ্রহণ করেছেন না হয় বিভিন্নভাবে সাহায্য করেছেন যেগুলির কোনও কোনও গুলিতে লাভ হচ্ছে আবার কোনওগুলিতে এখনও লাভ হয়নি। এই রুগ্ন এবং বন্ধ শিল্পগুলি আমাদের কনট্রিবিউশন ছিল না। পশ্চিমবাংলায় যেখানে শিল্প আটকে গিয়েছিল সেখানে বামফ্রন্ট সরকার এগিয়ে এসে তাদের বাঁচাবার জন্য চেষ্টা করছে। এই যে একটা দুঃসাহসিক প্রচেষ্টা কংগ্রেস তার কতগুলি করেছে। আমি ট্রেড ইউনিয়ন আন্দোলন করি বলে জানি অনেকগুলি কারখানা এইভাবে আটকে পড়েছিল। শিল্পমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় সেই সবের লিস্ট দিয়েছেন বলে আমি তার পুনরাবৃত্তি করব না এবং কোন শিল্পের কি অবস্থা তার বিস্তৃত ব্যাখ্যা দিয়েছেন। এইসব যদি নিরপেক্ষভাবে বিশ্লেষণ করা যায় তাহলে নিঃসন্দেহে বলতে পারি এই যে প্রচেষ্টা যারমধ্যে দিয়ে অনেক মানুষের মুখের কাছে রুটি তুলে দেওয়া হবে।

যেটা কংগ্রেস আমলে সম্ভব হয়নি। এইরকম ৫১টি শিল্প হয়েছে, তারমধ্যে কতকগুলো অত্যন্ত অগ্রসর হয়েছে এবং অনেকগুলো এখনও অগ্রসর হয়নি, একথা তিনি স্পষ্টভাবেই বলেছেন এবং তার মধ্যে বিভিন্ন শিল্প রয়েছে। এছাড়া পশ্চিমবঙ্গ সরকারের মালিকানায় নয়টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে, যেগুলোকে বিভিন্ন শিল্পে সাহায্য করার কাজে ব্যবহার করা হচ্ছে। শিল্পের যাতে অগ্রগতি হয়, এবং তাদের যে অসুবিধা রয়েছে সে ব্যাপারে যাতে সাহায্য করতে পারে, তার দিকে বিশেষ দৃষ্টি রেখে এই কাজ করা হয়েছে। এর মধ্যে বাণিজ্য সংক্রান্ত বিষয় আছে, শিল্প সংক্রান্ত বিষয় আছে এবং তাদের বিশেষজ্ঞ প্রয়োগ করে বামফ্রন্ট সরকার সাহায্য দেবার চেষ্টা করছে। তবে কেন্দ্রীয় সরকারের মনোভাব দেখছি, তাঁরা উদাসীন এবং সম্ভব হলে বাধা সৃষ্টি করাই আপনাদের একমাত্র নীতি। স্যার, বিধানসভায় প্রত্যেক দিন আলোচনা হয়, সমালোচনা হয় পশ্চিমবাংলায় যে বিদ্যুৎ ঘাটতি। একথা আমরাও সকলেই স্বীকার করি। তবে বিরোধী পক্ষের মাননীয় বন্ধুরা এটা বোধ হয় অস্বীকার করবেননা যে বিদ্যুতের ব্যাপারে তাঁদেরই কৃতকর্মের ফল বামফ্রন্ট সরকারকে বইতে হচ্ছে। আমরা স্বীকার করছি ঘাটতি আছে এবং তা নিরসন হওয়া দরকার। তবে কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে যে ব্যয় বরাদ্দ করেন, তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলাকে তাঁরা এই বাবদ জেনে শুনেই কম বরাদ্দ করেন। স্যার, দিল্লি থেকে অনবরতই বলা হয় পশ্চিমবাংলায় ইলেক্ট্রিসিটি কম, লোড শেডিং হচ্ছে ইন্ডাস্ট্রিয়ালিস্টরা বাইরে চলে যাবেন, অথচ ব্যয় বরাদ্দ করার সময়, টাকা দেবার সময়ে দেখি আমাদের ক্ষেত্রে সব চেয়ে কম দেয়। অবশ্য এদের উদ্দেশ্য বুঝতে আমাদের বাকি নেই—রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে তাঁ'া এটা করছেন। অবশ্য আমার বন্ধুরা এখন আবার একটা নতুন রাস্তায় যাবার চেষ্টা করছেন, সেটা হচ্ছে পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলা নেই, এখানকার শিল্প ধ্বংস হয়ে গেল এবং এই সমস্ত কথা কেন্দ্রীয় সরকারের কাছে অনবরত দরবার করে বামফ্রন্ট সরকারকে ক্ষমতাচ্যুত করার চেষ্টা করছেন। গত নির্বাচনে এঁরা তলিয়ে গেছে, তাই এখন আবার ক্ষমতায় ফিরে এসে লুটেপুটে খাবার চেষ্টা করছেন।

কিন্তু বলে রাখি তাঁরা কিন্তু ভূষি খাবেন। পশ্চিমবাংলার মানুষ তাঁদের আর সহ্য করবেনা, এই হুঁশিয়ারি আমি করছি। আমরা জনগণের সঙ্গে মিশি তাই জনমত জানি। কাজেই ঐ রাস্তা পরিহার করুন, নাহলে আবার আপনারা শিক্ষা পাবেন। একথা বলে ব্যয় বরাদ্দ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[4-20 – 4-30 p.m.]

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিল্প ও বাণিজ্য মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করতে উঠেছি। আমরা লক্ষ্য করেছি যে এই বামফ্রন্ট সরকার আসার পর যে যে ক্ষেত্রে পশ্চিমবাংলার চরম অবনতি হয়েছে শিল্প এবং রুগ্ন শিল্প সরকারি সংস্থা তারমধ্যে অন্যতম যদিও এই ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি এবং আগের বছরের বাজেট ভাষণও পড়লাম তাতে দেখলাম মন্ত্রী বলেছেন যে পশ্চিমবাংলা শিল্পে দারুণ অগ্রগতি লাভ করেছে। কিন্তু গভির তথ্যে যদি যাই তাহলে দেখবো বাস্তব ঘটনা ঠিক উল্টো। বাস্তব ঘটনায় আসার আগে ক্ষিতিবাবু যে কথা বললেন তার কিছু কিছু উত্তর দিতে চাই। তিনি প্রত্যেকটি বিষয়ে কেন্দ্রীয় সরকারকে দায়ি করলেন। এখানকার অবস্থা খারাপ ইন্দিরা গান্ধীর সরকার দায়ী। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় নিজে স্বীকার করেছেন অর্থলগ্নি করে যে সমস্ত কেন্দ্রীয় সংস্থা যেমন আই এফ সি আই. আই. ডি. বি. আই, ইত্যাদি তারা মোটামুটি টাকা দিয়েছেন। তা থেকে বোঝা যাচ্ছে অসন্তোষ নাই। কেন্দ্রীয় সরকারের সংস্থাগুলি টাকা দিচ্ছে এটা স্বীকার করার উপায় নেই। আমি নীতির কথা বলছি না। পশ্চিমবাংলা শিল্পে সমৃদ্ধ ছিল গোটা ভারতবর্ষের মধ্যে তারপর আস্তে আস্তে বিভিন্ন কারণে পশ্চিমবাংলার শিল্পে অবনতি হয়েছে পশ্চিমবাংলার স্থান এখন উচ্চে। এখানে কেবল কেন্দ্রের দোষ কানাইবাবুর দোষ এই কথা বললেন মূল সমস্যার সমাধান করা যাবে না আগে দেখতে হবে আপনাদের সমস্যা সমাধান করবার আগ্রহ আছে কিনা। আগ্রহ যদি থাকে তাহলে সমস্যা সমাধান করা সম্ভব। আগে বিচার করে দেখতে হবে পশ্চিমবঙ্গের শিল্পে কেন অবনতি হয়েছে। অনেকদিন আগে প্রায় ২০।২৫ বছর আগে কিংবা তারও আগে পশ্চিমবাংলায় যত শিল্প গড়ে উঠেছিল সব কিন্তু বাঙালির প্রচেষ্টায় হয়নি — খুব কম, যেমন IISCO,— এইরকম দু-একটি। বাদ বাকি রাজস্থান, সাউথ ইন্ডিয়ান, মহারাষ্ট্র কর্ণাটক গুজরাট এইসব দেশের লোক এখানে শিল্প স্থাপন করেছে। সেখান থেকে এসে তারা শিল্পকে সমৃদ্ধ করেছে। কেন করেছে? তার কারণ ২০। ২৫ বছর আগে মহারাষ্ট্রে, গুজরাট ইত্যাদি জায়গায় শিল্প গড়ার এতো সুযোগ ছিল না পশ্চিমবাংলায় যে সুযোগ ছিল কয়লা লোহা কাঁচামাল ইত্যাদি। তাই সেখান থেকে শিল্পপতিরা ছুটে এসেছিল শিল্প স্থান করার জন্য ততকালীন ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় শিল্প স্থাপনের যে সুযোগ ছিল সেই সুযোগ বরাবরই থাকবে এটা আশা করা যায় না। যেমন আপনারা হকিতে দেখেছেন অলিম্পিকে আমরা অনেক বার ফাইন্যালে উঠেছি। তখন অস্ট্রেলিয়া হয়তো ব্যাটই ধরতে জানত না তারা জেতবার স্বপ্নও দেখেনি। কিন্তু আজ তারা তৈরি হয়েছে এখন ঐসব দেশগুলি ভাল খেলা শিখে নিয়েছে এবং তারা জিতছে। আমরা বরাবরই যে জিতে আসব একথা বলা যায় না। শিল্পের বেলায়ও ঠিক তাই। ঐসব রাষ্ট্র মহারাষ্ট্র কর্ণাটক গুজরাটে তাদের যে অভাব ছিল সেগুলি তারা করায়ও করেছে, সেখানে আজকে বৈজ্ঞানিক পন্থায় আধুনিক পদ্ধতিতে নূতন নূতন শিল্প স্থাপিত হচ্ছে নূতন নূতন টেকনিকে সেখানে

ইনফ্রাস্ট্রাকচার তৈরি হচ্ছে। আমাদের এখানে যেসব শিল্প রয়েছে সেগুলি সেই মানধাতা আমলের কলকারখানা হয়ে আছে। সে বড় বড় ইঞ্জিনিয়ারিং শিল্প বলুন আর যাই বলুন।

[4-30 – 4-40 p.m.]

সেই সময়কার জিনিস আধুনিক যুগে প্রচলিত হতে পারে না অথচ সেইরকম পদ্ধতিতেই এখানে উৎপাদন হচ্ছে। এরফলে পশ্চিমবঙ্গ পিছিয়ে যাচ্ছে। এখন এ ক্ষেত্রে দুটি জিনিস করা দরকার। এক নং হচ্ছে, যারা এখানকার মানুষ তাদেরকে শিল্পে উদ্যোগি করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা বলতে আমাদের কোনও দ্বিধা নেই, আমার মনে হয় মাননীয় সকল সদস্যই আমার সঙ্গে একমত হবেন যদি বলি বাঙালি শিল্প স্থাপন করতে কোনওদিনই সচেষ্ট ছিল না এবং এখনও নেই, এটা দুর্ভাগ্যের কথা। আমাদের এখানে আমরা দেখেছি কোনও একজন বাঙালিকে যদি একটি ট্যাক্সির লাইসেন্স দেওয়া হয় তাহলে সে তারপরের দিনই সেটা কোনও পাঞ্জাবির কাছে মাসে ২০০ টাকার বিনিময়ে বিক্রি করে দেয়। আমরা চালাতে শিখিনি, এটা আমাদের জাতিগত দোষ। বাঙালির এই যে ব্যবসা চালাতে অনাগ্রহ, বাঙালির এই যে দোষ এটা দূর করা দরকার। এখন আগেকার সময় কি হয়েছে কি হয়নি আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না, বর্তমান সরকারের বাজেট নিয়ে সমালোচনা করছি তাই আমি তার মধ্যেই আমার বক্তব্য রেখে বলব, আমার যা ধ্যান ধারণা এবং গত ৪ বছরের যে অভিজ্ঞতা তাতে সেই দিকে এই সরকার খুব একটা দৃঢ় পদক্ষেপ নিয়েছেন তা আমার মনে হয়না। মাননীয় সদস্য ক্ষিতিবাবু বললেন, কেন্দ্রীয় সরকার দিচ্ছে না তাই হচ্ছে না। কেন্দ্রীয় সরকার তো অনেক দিন থেকেই দিচ্ছে না। পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যগুলির প্রতিই তো একটা অন্যরকম মনোভাব আছে। তার গভীরে শুধু কেন্দ্রীয় সরকার নেই, সেখানকার অফিসাররাও আছেন। সেখানকার অফিসাররা হচ্ছে সব মহারাষ্ট্র, গুজরাট ইত্যাদি জায়গার লোক। এই প্রসঙ্গে স্যার, আমার একটি অভিজ্ঞতার কথা বলি। আমি যখন মন্ত্রী ছিলাম তখন দিল্লিতে দুর্গাপুরের এক্সপানসানের জন্য কোকওভেন ব্যাটারির প্রস্তাব নিয়ে যাই, সেখানে গিয়ে দেখলাম দুর্ভাগ্যের কথা একজন বাঙালি অফিসারের কাছ থেকে আপত্তি এল। যদি এই অবস্থা হয় তাহলে পশ্চিমবাংলার শিল্পের উন্নতি হতে পারে না। তবে একথা বলব, দোষটা এককথায় কেন্দ্রীয় সরকারের একথা বললে কিন্তু আপনাদের দোষটা স্খালন হচ্ছেনা। আপনারা যে করতে পারেননি বা পারছেন না আপনাদের সেই দোষটা স্খালন হচ্ছে না। এখানকার বাঙালি এন্ট্রিপ্রেনিয়ার্সদের গড়ে তুলতে হবে, তাদের শিক্ষা দিতে হবে। তারা যাতে এখানে শিল্প স্থাপন করতে পারে, শিল্পে যাতে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারে, শিল্পের মাধ্যমে জীবিকা নির্বাহ করতে পারে তারজন্য চেষ্টা করতে হবে। সেই প্রচেষ্টা আপনারা কতটা করেছেন সেটা আপনাদের মনকে আপনারা জিজ্ঞাসা করুন। স্যার এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলব। সিকিমের নাম আশা করি সকলেই শুনেছেন। সিকিম মহারাষ্ট্রের একটি সংস্থা। স্যার, আমাদের কাছে মাঝে মাঝে কিছু কিছু এনট্রিপ্রেনিয়ার্স আসেন, শিল্পের মালিকরা আসেন, আমরা তাদের বলি, আপনারা পশ্চিমবঙ্গে করছেন না কেন? তারা নানান অসুবিধার কথা বলেন। তারা বলেন, একটা শিল্প স্থাপন করবার জন্য যদি আমাকে ১৫ বার এস.ই.বি'র অফিসে, ১৫ বার কানাইবাবুর অফিসে ছোটাছুটি করতে হয় লাইসেন্সের জন্য আর ইলেক্ট্রিক কানেকশনের জন্য তাহলে আমাদের এখানে না করাই ভালো। কে এত হাঙ্গামা পোয়াবে

মশাই? পক্ষান্তরে সিকিমের নাম যারা শুনেছেন, তাদের কার্যাবলির সঙ্গে যারা পরিচিত তারা জানেন সিকিম কিভাবে সাহায্য করেন শিল্প স্থাপন করার জন্য। তারা এখান থেকে, কর্ণাটক, রাজস্থান প্রভৃতি জায়গা থেকে শিল্পপতিদের ধরে ধরে নিয়ে গিযে বলেন, এই চেয়ারে আপনি বসুন, ২৪ ঘন্টার মধ্যে আপনার ওয়াটার কানেকশন, ইলেক্ট্রিক কানেকশন, টাকা লোন যা লাগবে তার সমস্ত ব্যবস্থা করে দিচ্ছি। এইরকম করলে তো হবেই—মহারাষ্ট্রে শিল্পের উন্নতি তো হবেই। এখানে সে ব্যবস্থা কানাইবাবু কি করতে পারবেন? এই ব্যবস্থা আমি স্বীকার করছি কোনও সময় পশ্চিমবঙ্গে ছিল না। আপনারা বলবেন ইন্দিরা কংগ্রেস পারছেনা, আমরা বলব সি.পি.এম কিছু করছে না এ নিয়ে সময় নষ্ট করলে কিন্তু কাজের কাজ কিছু হবে না। যদি সত্যিকারের পশ্চিমবঙ্গের শিল্পকে বাঁচাতে হয় তাহলে সমস্যার গভীরে আমাদের যেতে হবে। আমি একথা বলছি তার কারণ, আমি মন থেকে বিশ্বাস করি পশ্চিমবঙ্গে শিল্পের যদি উন্নতি না হয় তাহলে সামগ্রিকভাবে পশ্চিমবাংলার উন্নতি কখনই হতে পারে না। আপনারা ভূমি সংস্কার নিয়ে অনেক কথা বলেন, আপনারা বলেন, ভূমি সংস্কারের মাধ্যমে বেকার সমস্যার সমাধান করতে হবে। আমি কিন্তু বলব, এটা একটা রাজনৈতিক স্লোগান ছাড়া আর কিছু নয়। আপনারা তো ৪ বছর ধরে ভূমি সংস্কারের কাজ করেছেন, বেকারের সংখ্যা তাহলে বাড়ছে কেন? লেবার মিনিস্টার তো রোজই বলেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কর্মপ্রার্থিদের যে নাম আসছে সেই সংখ্যা ক্রমশই বাড়ছে। ২২ লক্ষ থেকে ২৪/২৮ লক্ষে দাঁড়াচ্ছেন। আপনারা এত ভূমি সংস্কার করলেন, এত ভূমি বন্টন করলেন এর পরেও বেকারের সংখ্যা দিনের পর দিন বাড়ছে কেন? সুতরাং আমি বলব, ভূমি সংস্কার করে বেকার সমস্যার সমাধান করা যাবে না।

বেকার সমস্যার সমাধান যদি পশ্চিমবাংলায় করতে হয় তাহলে নিশ্চয়ই ছোট শিল্পের উপর গুরুত্ব দিতে হবে এবং তার সঙ্গে সঙ্গে মাঝারি এবং বড় শিল্পের গুরুত্বও কম নয়। ছোট শিল্পে কম টাকা লগ্নি করে বেশি লোকের কর্মসংস্থান করা যায়। অবশ্য এর সঙ্গে সঙ্গে মাঝারি এবং বড় শিল্পের প্রয়োজনীয়তাও আছে। সুতরাং আজকে যদি পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় কলকারখানা নূতন করে গড়ে না ওঠে—সেটা পশ্চিমবাংলার মানুষ করুক বা পশ্চিমবাংলার বাইরের মানুষ করুক—তাহলে পশ্চিমবাংলার এই বেকার সমস্যার সমাধান হবেনা। এই সমস্যা অত্যন্ত গুরুতর আকার ধারণ করেছে এবং এটা আমরা আপনারা সকলেই স্বীকার করছেন যে এটা একটা বিস্ফোরক স্টেজ - এ চলে গেছে। একে যদি আর বাড়তে দিই তাহলে পশ্চিমবাংলার উন্নতি হবেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ইকনমিক রিভিউ-র টেবেল ৬.১৯ এ দেখেছি বিভিন্ন কারখানাকে বিভিন্ন ক্যাটিগরিতে ভাগ করা হয়েছে ৫০ থেকে ৯৯ জন লোক কাজ করে সেইরকম ওয়ার্কিং ফ্যাক্টরিস ১৯৭৫ সালে ছিল ৬৬৩টি এবং সেখানে কাজ করত ৪৬ হাজার ৩৩২ জন। ১৯৭৭ সালে সেটা বেড়ে হল ৬৭৪টি কারখানা—অর্থাৎ সামান্যই বাড়ল এবং লোক বেড়ে হল ৪৬ হাজার ৬৮৩জন। কিন্তু ১৯৭৮ সালে সেটা কমে গিয়ে দাঁড়াল ৬৪৩ এবং কর্মীর সংখ্যা হল ৪৪ হাজার ৮৯৬ জন। ১৯৭৮ সালের পরের হার এখানে দেওয়া নেই। তারপর, ৫০০ থেকে ১০০০ লোক কাজ করে এরকম কারখানা ১৯৭৫ সালে ছিল ১০৭টি এবং সেখানে কাজ করত ৭৫ হাজার ৯২ জন। ১৯৭৮ সালে ওই ১০৭টি কারখানা কমে গিয়ে হল ৯৫টি এবং যারা কাজ করে

তাদের সংখ্যা ৭৫ হাজার থেকে কমে গিয়ে ৬৭ হাজার হল। তাহলে আপনারা চিন্তা করে দেখুন আমাদের এখানে কর্মসংস্থান বাড়ছে না কমছে? এরকম অবস্থা হলে মন্ত্রী মহাশয় যে ক্লেম করছেন বিরাট উন্নতি তিনি করেছেন শিল্প ক্ষেত্রে সেটা কি সত্য? এটা আমার বই নয়, এটা ইকনমিক রিভিউ, আপনারাই দিয়েছেন। স্যার, ১৯৭৮ সালের পরের ফিগার এতে নেই, বোধহয় পরের ফিগার আরও খারাপ।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আপনি আমার বক্তব্য পড়েননি। আমার বক্তব্য পড়ে তারপর বলুন।

**শ্রী অতীশচন্দ্র সিন্হা ঃ** আপনার এই বইতে যেগুলি রয়েছে সেটা তো অস্বীকার করতে পারবেননা। তারপর, ৫ হাজার শ্রমিক কাজ করে এরকম কারখানার সংখ্যা ১৯৭৫ সালে ছিল ২২টি এবং সেখানে লোক কাজ করতো ১ লক্ষ ৬৪ হাজার। কিন্তু ১৯৭৮ সালে সেটা কমে হল ১৮টি এবং কাজের লোকের সংখ্যা হল ১ লক্ষ ৬১ হাজার। এরকম হলে আমরা কি করে বলব পশ্চিমবাংলার শিল্পে কর্মসংস্থান হচ্ছে এবং আগামি দিনে কি করে আশা করে বসে থাকব যে এখানে কর্মসংস্থান আরও বাড়বে? এই যে বেকার বাহিনী পশ্চিমবাংলায় আছে, তারা কি আশা ভরসা নিয়ে পশ্চিমবাংলায় বাস করবে? কি আশা ভরসা তারা বামফ্রন্ট সরকারের কাছ থেকে পাবে? সরকারি চাকরি তো আপনারা বলে দিয়েছেন এমপ্লয়মেন্ট এক্সজেঞ্জ ছাড়া হবে না, আসলে যদিও তা হচ্ছে না। কটা ছেলে চাকরি পাচ্ছে? মুষ্টিমেয় ১০/১২টা সরকারি চাকরি পাচ্ছে। যদি শিল্পের ব্যাপক উন্নতি করতে না পারা যায়, ছোট, মাঝারি এবং বড়, তাহলে কখনই আমার মনে হয় না পশ্চিমবাংলার যে আসল সমস্যা সেই সমস্যার সমাধান করা যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা জিনিস আমরা দেখছি যে শিল্পের বিকাশ ঘটাতে গেলে — যে কথাগুলো আমি আগেও বলেছিলাম, সেইগুলো তো নিশ্চয়ই আছে, এখানে এনটারপ্রিনিয়র নেই, ইত্যাদি বলেছি। তা ছাড়া আরও কতকগুলো দরকার যেমন বিদ্যুৎ। জ্যোতিবাবুর বিদ্যুৎ নিয়ে আমরা সব সময় চিৎকার করি, বিদ্যুৎ ছাড়া শিল্পটা হবে কি করে? আপনাদের একটা ছোট্ট উদাহরণ দিচ্ছি, পাওয়ারলুম ইন্ডাস্ট্রি যদিও এটা কানাইবাবুর দপ্তরে পড়ে না, চিত্তবাবুর দপ্তরে পড়ে, তবুও পশ্চিমবাংলায় ৮ হাজার পাওয়ারলুম আছে। এই পাওয়ারলুমগুলো জামিনীবাবু এখানে আছেন, উনি জানবেন, উনি আন্দোলন করে সেই পাওয়ারলুম ইন্ডাস্ট্রির যারা ওয়ার্কার তাদের বেতন বাড়িয়ে দিলেন, ভাল কথা, বেতন বাড়ুক আমার কোনও আপত্তি নেই। কিন্তু কোথা থেকে আসবে টাকাটা? জামিনীবাবু নিশ্চয়ই জানেন যে পাওয়ারলুম ইন্ডাস্ট্রি পশ্চিমবাংলায় কি করে চলে। পশ্চিমবাংলায় অধিকাংশ মাড়োয়ারি, তারা বিম সাপ্লাই করে, আবার সমস্ত কাপড় যা উৎপাদন হয় তা তুলে নেয়। তারপর মাত্র একটা পিস রেট সিস্টেমে তাদের একটা মজুরি হিসাবে কারখানার মালিকদের দেয় এবং এতো শক্তিশালি, তারা সমস্ত বাজারটাকে কনট্রোল করছে। মজুরি তো তারা পিস রেট বাড়ায় না। ফলে এই সমস্ত ছোট ছোট কারখানাগুলোর কি হল? আমরা দেখতে পেলাম ৮ হাজার পাওয়ার লুমের প্রায় ৬ হাজার বন্ধ হয়ে গেল। আবার তার উপর ২৪ ঘন্টার মধ্যে ৮/১০ ঘন্টা বিদ্যুৎ বন্ধ, এই যে গত চার বছর পরে বিদ্যুৎ সঙ্কট চলল, তার উপর এই পাওয়ারলুমগুলো সরকারের কাছ থেকে যে ঋণ নিয়েছে, সেই ঋণ আদায়ের জন্য — জানিনা কার ডিরেকশন আছে, না, অন্যভাবে সরকারি অফিস থেকে ঋণ আদায়ের

জন্য চাপ দিতে আসছে। টাকা দাও। আপনারা তো কৃষি ঋণ মকুব করে দিলেন। এই ছোট ছোট সংস্থাগুলোর কি হবে? কত টাকা ঋণ আছে? আপনারা কি এই ঋণটা মকুব করতে পারেন না? এই যদি অবস্থা হয়, ৮ হাজার পাওয়ারলুমে কম করে ৫০ হাজার লোক কাজ করে, এদের কি ভাবে বেতন দেওয়া হবে, সেই কারখানাগুলো চলবে কি করে? বেশি করে যে বেতন ধার্য করা হয়েছে সেটাও দেওয়া যেত যদি ২৪ ঘন্টার মধ্যে ২৪ ঘন্টাই বিদ্যুৎ পাওয়া যেত, তাও পাওয়া যাচ্ছে না। এই অবস্থার মধ্যে আজকে আমরা পড়েছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর ফলে শিল্পের বিকাশ কি করে ঘটবে? ইনফ্রাস্ট্রাকচার নেই, বিদ্যুৎ নেই, শিল্প আমরা গড়ে তুলবো সেই মনোভাব নেই, সরকারি দপ্তরের যারা কর্মচারী, তারা সত্যকারের সাহায্য করবে, ব্যুরোক্রাটিক অ্যাটিচুড ছেড়ে দিয়ে সত্যকারের তারা কাজ করবে, সেইরকম মনোভাব তাদের মধ্যে যদি না থাকে তাহলে পশ্চিমবাংলায় শিল্প গড়ে ওঠা অত্যন্ত কষ্টকর। তার উপর একটা জিনিস, সেটা কি? যেমন আমি বললাম আগে যে আমরা দেখতে পাচ্ছি, অত্যন্ত দুর্ভাগ্যের কথা, যেমন, এই সরকারকে চালাচ্ছেন জানি না, কোঅর্ডিনেশন কমিটি চালাচ্ছেন না জ্যোতিবাবু চালাচ্ছেন, জানি না। আমাদের মনে হচ্ছে কোঅর্ডিনেশন কমিটিই হচ্ছে হর্তা কর্তা। জেলায় জেলায় আমরা তাই দেখি। কিন্তু সই করবার কোনও ক্ষমতা নেই। কোঅর্ডিনেশন কমিটি বলে দেয় ওকে ট্রান্সফার কর, ওকে এখানে রাখ, এই কাজটা কর, ডি.এম. তাই করেন। আমরা ধরে নিই, কোঅর্ডিনেশন কমিটিই সরকার চালাচ্ছেন। সেইরকমভাবে কলকারখানাগুলোতেও এইরকম একটা প্রবনতা আমরা লক্ষ্য করছি। আপনারা মনে করেন যে শ্রমিক ভাইয়ের পাশে দাঁড়াতে হবে, সমস্ত ক্ষমতা তাদের হাতে দিতে হবে, তা নাহলে বামফ্রন্টের চরিত্র আর থাকছে না, এই মনোভাব আপনাদের আছে কি না জানিনা, বলবেন, এর দ্বারা আপনারা শিল্পের সর্বনাশ করছেন, সেই মনোভাব নিয়ে ইউনিয়নগুলোকে মাথার উপর বসিয়ে দিয়েছেন। ম্যানেজিং ডিরেক্টার রেখে লাভ কি? জন্মেজয়বাবু বললেন যে মিঃ গুপ্ত চলে গেলেন, মিঃ গুপ্ত'র মাথার উপর যদি ওখানকার একজন ইউনিয়ন কর্মীকে বকলমে বসিয়ে দেওয়া হয় তাহলে মিঃ গুপ্ত কি করবেন? তাঁকে তো চলে যেতেই হবে।

[4-40 — 4-50 p.m.]

মন্ত্রী যাই বলুননা কেন, আমরা জানি কেন ম্যানেজিং ডাইরেক্টর মিঃ গুপ্ত ডি পি এল থেকে চলে গেছেন। এখন আর কেউ ওখানে ম্যানেজিং ডাইরেক্টর হয়ে যেতে চাইছেন না। সবাই ব্যাপারটা জেনে ফেলেছেন, তাই সবাই ভয় পাচ্ছেন যে, ওখানে আমাদের ইউনিয়নের দাসত্ব করতে হবে। আজকে তাই মন্ত্রী মহাশয় বেতনক্রম ৩০০০ টাকা থেকে বাড়িয়ে দিয়ে ৩৫০০ টাকা করে অ্যাডভার্টাইসমেন্ট করেছেন, কিন্তু তাতেও কেউ আসবে কিনা সন্দেহ আছে, আরও বাড়াতে হবে। এই যদি সরকারের শিল্পনীতি হয়, এই যদি শিল্পে বাম-পন্থা হয় যে, ইউনিয়ন সবার উপরে থাকবে, ম্যানেজিং ডাইরেক্টরের ঘাড়ের উপরে তাকে চাপিয়ে দেওয়া হবে, তাহলে শিল্প উন্নতি কি করে হবে? লুথার সাহেব যা বলেছেন আমরা নীতি-গতভাবে তাকে সমর্থন করি না, কিন্তু একটা ইনস্ট্যান্স দেখাতে হবে। সেখানে তিনি প্রমাণ করেছেন ম্যানেজিং ডাইরেক্টর বড়, না ইউনিয়ন বড়। অবশ্য একথা আমি বলি না যে, ম্যানেজিং ডাইরেক্টর নিখুঁত ব্যক্তি, তার কোনও দোষ থাকতে পারে না। আমরা কখনই একথা বলি না এবং সে বিচার করবে মন্ত্রিসভা। মন্ত্রী সভায় যারা আছেন তারা তার বিচার

করবেন। কিন্তু তাকে কাজ করবার ক্ষমতা দিতে হবে। আমরা ডি পি এল-এর উন্নতি কিভাবে করেছিলাম? আমরাও এইভাবেই করেছিলাম। তখন সেখানে যে কংগ্রেসি ইউনিয়ন ছিল, তাদের বলেছিলাম, তোমাদের কাজের একটা লিমিট আছে একটা গোন্ডি আছে তার বাইরে যেতে পারবে না, তার বাইরে গেলে আমরা তোমাদের ভাল চোখে দেখব না। আজকে কি সেই গোন্ডি কানাইবাবু টেনে দিয়েছেন? তাহলে আজকে ডি পি এল-এ উন্নতি হবে কি করে? সেই গোন্ডি তিনি টানেননি। আমি তাকে বলব শুধু ডি পি এল নয়, প্রত্যেকটি সংস্থায় আজকে এই অ্যাটিচুড নেবার কথা চিন্তা করে দেখুন। কিন্তু আপনারা তো তা পারবেন না, কারণ আপনারা দলবাজি করতে চান। আপনারা আপনাদের নিজেদের ইউনিয়নকে সব চেয়ে বেশি প্রাধান্য দিয়ে আরও বেশি করে নিজেদের দলকে বাড়াতে চাইছেন। এরফলে শিল্প বেঁচে উঠছে না। শিল্পে দলবাজি করবেন, না শিল্পকে বাঁচিয়ে তুলবেন, শিল্পে বেশি লাভ হবে, শিল্পের সম্প্রসারণ হবে, বেকাররা আরও বেশি চাকরি পাবে, এটা চাইবেন? এই দুটির মধ্যে একটি বেছে নিতে হবে। এখানে আপনারা যাই বলুন না কেন, আপনাদের মনকে জিজ্ঞাসা করুন, আপনারা কি চান। আমাকে যদি জিজ্ঞাসা করেন, তাহলে আমি বলব যে, দ্বিতীয়টাই আপনাদের বেছে নেওয়া উচিত। দলবাজি না করে যদি দ্বিতীয়টা চান তাহলে সেটা দেশের পক্ষে মঙ্গলময় হবে, পশ্চিমবাংলার পক্ষে মঙ্গলময় হবে। এখন ইন্দিরা গান্ধী কেন্দ্রীয় সরকারে আছেন, কিন্তু আমি শিল্প মন্ত্রী মহাশয়কে সবিনয়ে জিজ্ঞাসা করি, যখন কেন্দ্রে জনতা সরকার ছিল, তখন তো তারা আপনাদের বন্ধু সরকার ছিলেন—এখন ইন্দিরা সরকার আপনাদের কিছু দিচ্ছে না, পেট্রো-কেমিক্যাল দিয়েছেন এই সরকারই, তথাপি আপনারা বলছেন, কিছুই দিচ্ছে না—তখন জনতা সরকার ২।। বছর ক্ষমতায় ছিলেন—তখন তাদের কাছ থেকে আপনারা কি আনতে পেরেছিলেন?

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার আনতে পেরেছিলাম।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** ওটাতে আপনাদের কোনও কৃতিত্ব নেই। ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার-এর স্যাংশন আমাদের সময়ে করা হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ইউ ডিড নট ডু দ্যাট, আমরা করেছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** এ বিষয়ে আমি আপনার চেয়ে অনেক ভাল জানি। আমি আপনাকে চ্যালেঞ্জ দিচ্ছি। ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার-এর সমস্ত ক্রেডিট আমাদের। অমলবাবু আপনি যত চিৎকারই করুন না কেন, আমি আপনাকে বলব যে, আপনি বালকের মতো চিৎকার করছেন। আজকে এখানে বৃথা চিৎকার করে কোনও লাভ নেই। এটা অত্যন্ত হাস্যকর ব্যাপার যে, ফরাক্কায় সুপার থার্মাল পাওয়ার স্টেশন যেটা হবে সেটার ক্রেডিট এই সরকার নিতে চাইছে। এ রকম হাস্যকর ব্যাপার দুনিয়ায় আর কিছু নেই।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আপনাদের কোনও ক্রেডিট নেই।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** সমস্ত ক্রেডিট আমাদের। এর পরে আমরা দেখছি দুর্গাপুরে একটা বিরাট শিল্প উন্নয়নের পরিস্থিতি আছে। সেই পরিস্থিতিকে কিন্তু আপনারা কাজে

লাগাচ্ছেন না। দুর্গাপুরে এর ফলে আজকে যে অ্যানসিলারি ইন্ডাস্ট্রি হওয়ার দরকার ছিল সেগুলি হচ্ছে না। ওখানে বড় বড় সরকারি সংস্থা আছে, পশ্চিমবঙ্গ সরকারের সংস্থা আছে, কেন্দ্রীয় সরকারের সংস্থা আছে এবং বহু বেসরকারি সংস্থা আছে। সুতরাং বড় বড় শিল্পের উপর নির্ভরশীল ছোট ছোট শিল্প গড়ে উঠতে পারে, কিন্তু তার জন্য কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এগুলি হওয়া অত্যন্ত প্রয়োজন বলে আমি মনে করি এবং হওয়া অত্যন্ত স্বাভাবিক ব্যাপার, কিন্তু প্রচেষ্টা এই দফতরে দেখছি না। হলদিয়া সম্বন্ধে আপনারা অনেক চিৎকার চেঁচামেচি করছেন, হলদিয়ায় অমুক করেছি, তমুক করেছি কিন্তু আপনাদের সবিনয়ে স্মরণ করিয়ে দিতে চাই হলদিয়া আপনাদের আমলে সৃষ্টি নয়, হলদিয়া শ্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন সেই সময়ে হলদিয়ার জন্ম হয়েছিল। আপনারা আসার আগে কতকগুলি কারখানা স্থাপিত হয়ে গেছে যেমন ফার্টিলাইজার বলুন, রিফাইনারি বলুন, সেগুলি স্থাপিত হয়ে গেছে। সুতরাং আপনারা এসে চেষ্টা করছেন, ভাল কথা, পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করবার চেষ্টা করছেন কিন্তু এখনও পর্যন্ত ঐ জমি ঘেরা আর জমিতে মাটি ফেলা ছাড়া আর কিছু করতে পারেননি। মাননীয় মন্ত্রী প্রশ্নোত্তরকালে এই কথা বলেছেন। এই ৪ বছর ধরে যদি শুধু জমি ঘেরা আর মাটি ফেলা হয় তাহলে আরও যে কত বছর লাগবে, ছোট ছোট কারখানা গড়ে উঠতে এবং বেকার সমস্যার সমাধান করতে সে একমাত্র ভগবান জানেন আর আপনারা জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প মন্ত্রী মহাশয় বলেছেন আমি অবশ্য পুঙ্খানুপুঙ্খরূপে বাজেটটি পড়িনি নতুন নিয়ম হয়েছে বইটি খালি দিয়ে দেওয়া তবুও আমি যা দেখেছি এই বই থেকে তাতে বলছে, ইনডেক্স নাম্বার অব ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ১৯৭০ কে বেস করে পশ্চিমবাংলায় কমে যাচ্ছে। পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখছি, ১৯৭৭ সালে ছিল ১২১.৯ আর সেই ইনডেক্স নাম্বারটা কমে ১৯৭৮ সালে হল ১১৭.২ আর ১৯৭৯ সালে আরও কমে গিয়ে দাঁড়ালো ১১৪.৮। সর্বভারতীয় ক্ষেত্রে আমরা দেখছি কিন্তু বেড়ে যাচ্ছে। ইনডেক্স নাম্বার অব ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ১৯৭৭ সালে ১৩৮.৩ আর ১৯৭৯ সালে ১৪৯.৫ হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল প্রোকাডশন। এই চার্টটা আপনারা দেখুন, নিশ্চয়ই আপনারা পড়েছেন। সুতরাং পশ্চিমবাংলার শিল্প উৎপাদনের ইন্ডাস্ট্রিয়াল ইনডেক্স যদি এই অবস্থা হয় তাহলে কি করে আপনারা আশা করেন বিরাট শিল্পের উন্নতি হচ্ছে, সমস্যার সমাধান কানাইবাবু করে দিয়েছেন শিল্পে ক্ষেত্রে? কিন্তু বাস্তব ক্ষেত্রে হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরও কিছু পরিসংখ্যান দিতে চাই, আশা করি মাননীয় সদস্যরা বিরক্ত হবেন না, কারণ দেওয়া প্রয়োজন বলে মনে করি। ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্সেস ইস্যুড ইন ওয়েস্ট বেঙ্গল গ্রানটেড আন্ডার দি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট, ১৯৫১, টেবিল-৬ পেজ-৯০-এটা যদি দেখেন তাহলে দেখবেন অনেক ফিগার এর মধ্যে আছে। আমি ১৯৭৭ সাল থেকে শুরু করছি। ১৯৭৭ সালে পশ্চিমবাংলা নিউ আন্ডারটেকিং পেয়েছে ৯টি, নিউ আর্টিকেলস-১৮টি মানে যাদের কারখানা আছে, নতুন জিনিস তৈরি করবে, আর সাবস্টান্সিয়াল এক্সপানশন করবে এইরকম লাইসেন্স পেয়েছে ৬টি আর ক্যারিং অন বিসনেস-এর জন্য লাইসেন্স পেয়েছে ৯। এই রকম বছরের পর বছর ফিগার দেওয়া আছে, আমি সব বছরের ফিগার পড়ছি না, সময় সংক্ষেপ করার জন্য আমি ১৯৮০ সালের জানুয়ারি টু অক্টোবর, পৃষ্ঠা-৯১তে চলে আসছি। সেখানে দেখতে পাচ্ছি, নিউ আন্ডারটেকিং-এর জন্য লাইসেন্স পেয়েছে ৪টি, নিউ আর্টিকেলসের জন্য লাইসেন্স পেয়েছে ৯টি, সাবস্টান্সিয়াল এক্সপানশনের

জন্য লাইসেন্স পেয়েছে ২টি, ক্যারিং অন বিজনেসের জন্য লাইসেন্স পেয়েছে ২ আর শিফটিং-এর জন্য লাইসেন্স পেয়েছে ১টি—এই শিফটিং কথাটার মানেটা কি তা আমি জানি না, মনে হয় হয়তো উঠিয়ে নিয়ে চলে যাবে। আগে এটা ছিল না। এখানে যুক্ত হয়েছে, কি কারণ জানি না। এই হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট-এর চিত্র। তারপর অন্য রাজ্যের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখব, লেটারস অব ইনটেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্সেস ইস্যুড টু ডিফারেন্ট স্টেটস ইন ইন্ডিয়া এটা যদি দেখি তাহলে দেখব, ১৯৭৪ সালে পশ্চিমবাংলার ক্ষেত্রে লেটার অব ইনটেন্ট ইস্যুড হয়েছিল ৯৬ আর ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স ১০৭। আমি অবশ্য সব বছরের হিসাবটা পড়ছি না।

[4-50 — 5-00 p.m.]

আমরা দেখতে পাচ্ছি যেখানে ১৯৭৯ সালে ৯৬ এবং ১০৭ লাস্ট ফিগার ছিল আর্জ সেখানে ৯৬ এবং ১০৭ এর বদলে সংখ্যাটা এসে দাঁড়িয়েছে ২৮ এবং ৩০। সুতরাং ৯৬টি লেটার অব ইনটেন্ট ছিল, ১৯৭৪ সালে ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স পেল ১০৭, সেখানে ১৯৭৯ সালে ফিগারস এসে দাঁড়াল ২৮ এবং ৩০। আমরা কি বলব, এর থেকে আমরা কি ইনফার করব? আমরা একটা কনক্লুসনে আসতে পারি, লেটার অব ইনটেন্ট এবং ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স সংখ্যা পশ্চিমবঙ্গে খুব দ্রুত গতিতে কমে যাচ্ছে, যার ফলে ইন্ডাস্ট্রিয়াল এক্সপানশন পশ্চিমবঙ্গে হচ্ছে না। তার পরের চার্টগুলো দিয়েছেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের ওরা এই বইটা নিশ্চয় দেখেছেন, তাতে দেখবেন কি কটন ক্লথের বেলায়, কি কটন ইয়ার্নের বেলায়, জুট গুড পিগ আয়রন, কি ফিনিশড স্টিল, কি স্টিল ইনগটস—শেষের দিকে তিনটি লাইন দেখতে পাবেন সেখানে ক্রম ১৯৭৭, ১৯৭৮ এবং ১৯৭৯ এই তিন বছরে কমে গেছে। অপর দিকে পেপার অ্যান্ড পেপার বোর্ড, ম্যাচেস সমস্ত কিছুরই এই রকম অবস্থা। কোনওটাতে যে একটু বেড়েছে এরকম দেখছি না। এই অবস্থা যদি আমাদের পশ্চিমবাংলায় দেখি তাহলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি করে আমাদের ভরসা হবে যে পশ্চিমবঙ্গে শিল্পে উন্নতি হচ্ছে? পশ্চিমবঙ্গের সমস্যার সমাধান এই সরকার করছেন। আমরা এই রিপোর্টগুলি থেকে একটুও আশা ভরসা করতে পারছি না। স্টেটসম্যান কাগজে বেরিয়েছে, আমার কনক্লুসন নয়। এই যে বই ডিস্ট্রিবিউশন হয়েছিল তারপর তারা বলছেন যে Decline in West Bengal's industrial production. ৩রা মার্চ স্টেটসম্যানের হেডলাইনে বলেছে The Economic Review present in the State Assembly along with the budget for 1980-81 presented a dismal picture of industrialisation in the State. The number of industrial licences issued in the State went down substantially during the past five years. Industrial production fell, implying a negative growth rate for industries, অন্যগুলি পড়ছি না, ওগুলো পরিসংখ্যানের ব্যাপার, শেষ লাইনটুকু পড়ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে তারা বলেছেন But other tables reveal that the number of units closed in the State steadily out placed the number of units re-opened. এটা আর একটা বিরাট সমস্যা যে সমস্যার উদ্ভব হয়েছে তার কারণ আমি আগেই বলেছি। পশ্চিমবঙ্গের শিল্পগুলির অধিকাংশই বাইরে ইন্ডাস্ট্রিয়ালিস্টরা তৈরি করছে, সামান্য অসুবিধা

দেখলেই এখান থেকে পাত্তা গুটিয়ে অন্য জায়গায় চলে যাচ্ছে। দু-নম্বর হচ্ছে যে লোকাল ইন্ডাস্ট্রিয়ালিস্ট কেউ নেই, সেজন্য, বা অন্য কোনও কারণেও এখানে অনেক সময় শিল্প রুগ্ন হয়ে যাচ্ছে। আমি জানি না এখানে ছোট, মাঝারি এবং বড় শিল্প রুগ্ন হওয়ার যে রেট, যে ধারা কতগুলি আছে, কতগুলি রুগ্ন হচ্ছে, না হচ্ছে—আমি জানতে চাই এই রুগ্ন ওয়ার রেট আপনারা বিশ্লেষণ করবেন? অন্যান্য প্রদেশে, মহারাষ্ট্র, গুজরাট, কর্ণাটক তুলনায় আজকে পশ্চিমবঙ্গের কি অবস্থা? শিল্প ক্ষেত্রে সেখানে কি রকম অবস্থা মন্ত্রী মহাশয় আমাদের একটু জানাবেন। আমার মনে হচ্ছে শিল্প রুগ্ন এবং বনধ হয়ে যাচ্ছে, চালাতে পারছেন না, বিভিন্ন কারণের জন্য এটা পশ্চিমবঙ্গে খুব বেশি হচ্ছে, কিন্তু সেই বেশি রেট কমাবার জন্য একটা দপ্তর খোলা হয়েছে—ক্লোজ অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজ। আমাদের সময়ে খোলা হয়েছিল কিন্তু সেই দপ্তরে কিছু কিছু কাজ হয়ত হয়েছে কিছু কিছু হয়ত বন্ধ হয়ে আছে। রুগ্ন শিল্পগুলিকে পুনরুজ্জীবিত করবার চেষ্টা করছেন বলে আমার মনে হয় না সেই প্রয়াস ও প্রচেষ্টা যথেষ্ট এবং পশ্চিমবঙ্গের শিল্পের যে অবস্থা, যেভাবে রুগ্ন হয়ে যাচ্ছে, যেভাবে বন্ধ হয়ে যাচ্ছে সেটাকে বন্ধ করতে বা রুখতে গেলে আরও বেশি প্রচেষ্টার দরকার, এরজন্য প্রচুর অর্থের প্রয়োজন। সেদিকে নজর দেবার জন্য আমি ক্লোজ অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টকে অনুরোধ জানাব। যাতে করে এই রকম ছোট ছোট শিল্প যেগুলি বন্ধ হয়ে আছে, খোলার কোনও ব্যবস্থা নাই, মাঝারি এবং বড় শিল্প সরকার থেকে টেকওভার করার আইন আছে, সাহায্য দেবার ব্যবস্থা আছে, কিন্তু যেগুলি চিত্তব্রতবাবুর আন্ডারে ছোট ছোট শিল্প আছে কোথাও বা ৫০ জন কোথাও বা তার কিছু বেশি লোক কাজ করে সেগুলির একবারে সর্বনাশ হয়ে যাবে, তার আর খোলার কোনও আশা নেই।

এ বিষয়ে আমি একটা উদাহরণ দিচ্ছি। আমার এলাকায় চেষ্টা করে একটা কনডেনস মিল্ক ইউনিট করেছিলাম। এটা পশ্চিমবঙ্গে খুব বেশি নেই। খুব ভাল এটা চলছিল। হঠাৎ শরিকে শরিকে গোলমালে একদিন দেখলাম ড্রেন দিয়ে লিটার লিটার দুধ বয়ে যাচ্ছে। এইভাবে কারখানাটি একদিন বন্ধ হয়ে গেল। সেখানে ৫০, ৬০ জন ছেলের চাকরি হয়েছিল। কনডেন্স মিল্ক পশ্চিমবাংলায় তৈরি হয় না। সেটাকে বেসিস করে গরুর উন্নতি হতে পারত। কিন্তু সমস্ত ব্যর্থ হয়ে গেল। কারণ ক্ষুদ্র শিল্প একবার বন্ধ হয়ে গেলে তাকে পুনরুজ্জীবিত করবার কোনও ব্যবস্থা সরকারের নেই। এই বিষয়ে আমি মন্ত্রী সভাকে মন দেবার জন্য অনুরোধ করছি। এটা একটা বারনিং প্রবলেম। যে ছোট ছোট শিল্পগুলি বন্ধ হয়ে গেলে এখন কিছু করা যাচ্ছে না। এর একটা সমাধান করা বিশেষ প্রয়োজন এবং সেই দিকে আপনি নিশ্চয় দৃষ্টি দেবেন সেই আশা আমি করি। আমরা এই বাজেটে দেখলাম পশ্চিমবাংলায় দুটি বিশেষ গুরুত্বপূর্ণ শিল্পের অবস্থা বিশেষ খারাপ একটা চা, আর একটা পাট। চায়ের ক্ষেত্রে দেখলাম অর্থমন্ত্রী মহাশয় সেখানে সেস করেছেন ৬ টাকা কে জি প্রতি। যদি কোনও ছোট বাগান চা না পাঠায় মজুরদের মাইনে দেবার জন্য বা ইলেক্ট্রিক বিল পেমেন্ট করার জন্য তাহলে তাকে কে জিতে ৬ টাকা সেস দিতে হবে। এরফলে পশ্চিমবাংলা চা শিল্প স্বয়ংপ্রাপ্ত হয়ে যায়, বিশেষত ছোট ছোট চা বাগানগুলি। সুতরাং আপনি যদি ছোট ছোট চা বাগানগুলি যারা সব সময় অকশনে যেতে পারে না, যারা ৫-৬ মাস অপেক্ষা করতে পারবে না তাদের ক্ষেত্রে যাতে ৬ টাকা সেস কেজিতে দিতে না হয় বা এর অন্যভাবে একটা

সমাধান করা যায় তার ব্যবস্থা করা দরকার। পাট সম্পর্কে কমলবাবু বললেন পাট যাতে আর পশ্চিমবাংলায় চাষ না হয় তার জন্য তারা আন্দোলন করবেন। জে সি আই যদি পাট কেনেন, সরকার কো-অপারেটিভ অর্গানাইজেশনের মধ্যে দিয়ে কাজ না করেন তাহলে পাট চাষীরা স্বাভাবিক ভাবেই পাট চাষ করবে না। আমরা দেখেছি পাট চাষের একটা রীতি আছে। এক বছর যদি পাট চাষে পাট চাষীরা লাভবান হয় তাহলে পরের বছরে সে অনেক আশা নিয়ে পাট চাষ করে। পাট পশ্চিমবাংলার একটা ঐতিহ্য এবং গর্বের বস্তু। সুতরাং এই পাট শিল্পকে আমাদের বাঁচাতে হবে। এবং এ বিষয়ে আপনারা সকলেই একমত হবেন।

[5-00 — 5-10 p.m.]

পাট শিল্প যদি পশ্চিমবাংলা থেকে উঠে যায় তাহলে যে ৬২টি মিল আছে তাদের কি অবস্থা হবে? মুর্শিদাবাদে একটা পাটের কল করার কথা ছিল, তার কি হল জানি না। এই অবস্থার কথা আপনাদের চিন্তা করতে হবে। একটা অর্গানাইজেশন সম্বন্ধে না বললে বক্তব্য সম্পূর্ণ হবে না—সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড। পশ্চিমবাংলায় শিল্পের উন্নতি করবার জন্য, শিল্প ক্ষেত্রে যাতে আরও বেশি লগ্নি হয় এর একটা ভূমিকা আছে। কিন্তু এই ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের বইতে কি আছে সেই সম্বন্ধে একটু বলি। Thirteenth Annual Report and Accounts for the year 1979-80 প্রথমে এর হাই লাইটস অব অ্যাকটিভিটিস এর মধ্যে আছে ১৯৭৯-৮০ সালে Assistance Sanction হয়েছিল ১৪ কোটি ৯৫ লক্ষ ৯০ হাজার টাকা এবং অ্যাসিস্ট্যান্ট ডিসবার্সড হয়েছিল প্রায় সাড়ে ছয় কোটি টাকা। এই যে এতবড় তফাত তার মানে কি কেউ অ্যাসিস্ট্যান্স নিচ্ছে না, না Assistance sanction হয়ে পড়ে আছে তা বুঝতে পারছি না। ১৫ কোটি এবং সাড়ে ছয় কোটি এত তফাৎ কেন হচ্ছে সেটা মন্ত্রী মহাশয় নিশ্চয় দেখবেন। এরজন্য আমরা দেখছি যে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের দায়িত্বে যে ১২টি জয়েন্ট সেক্টর প্রোজেক্ট নেবার কথা ছিল সেখানে তার কি হল? তারপর বলছেন আরও ২টি প্রোজেক্ট slury Explosive project & Nitroclorobenzyne Project. তারা নিয়েছেন। এবং এ ছাড়াও আরও ১২টি প্রোজেক্ট নিয়েছেন। এগুলি হচ্ছে T.V. Recording Set, Scooter, Maleic Anhydride, Tangster, Filament, Watch, Automobile Tyre an Tube, Shipping, Alloy Steels, Newsprint, Cotton Blended yarn, prospecting of Purulia Cement. মন্ত্রী মহাশয় যে বক্তব্য দিয়েছেন তারমধ্যে দেখছি ২-১টি কারখানায় কিছু কাজ হচ্ছে বাকিগুলি কোনও কাজ হচ্ছে না। স্কুটার যেটা আগে থাকতে চলছিল এখন দেখছি তার প্রোডাকশন বন্ধ হয়ে গেছে। ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন জয়েন্ট সেক্টরে যে প্রোজেক্টগুলি নিয়েছেন সেগুলি যাতে বন্ধ না হয়ে যায় সেদিক বিশেষভাবে দৃষ্টি দিতে হবে। আরেকটা ইন্টারেস্টিং ব্যাপারে আমি কিছু বলতে চাই। ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন শেয়ার ক্যাপিটাল যেমন বাড়ছে তেমনি কেন্দ্র থেকে আপনাদের যা সাহায্য সে বিষয়ে আপনাদের দেখা উচিত। এই কোম্পানির ইনকাম হচ্ছে ইন্টারেস্ট থেকে ১ কোটি ৫৭ লক্ষ টাকা। এই টাকা দিয়ে আপনারা ব্যাঙ্কে রাখতেন তাহলে অনেক বেশি ইন্টারেস্ট পেতেন এবং সেটা প্রায় ১৯ কোটি টাকার মতো হতে পারত। এরপর আমি অফিস অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে বলব। ১৯৭৮-৭৯ সালে এটা ছিল ১৯ লক্ষ টাকা কিন্তু এক বছরে

বেড়ে হল ২৫ লক্ষ টাকা।

আমরা দেখছি এই সমস্ত কোম্পানিগুলিতে লাভের অঙ্ক ক্রমশ কমে যাচ্ছে। এরপরে আমি মাননীয় কানাইবাবুকে একটি আশ্চর্যের ব্যাপার সম্বন্ধে বলতে চাই, সেটা হচ্ছে এই বইতে ২৮ পাতাতে আছে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন ইন ওয়েস্ট বেঙ্গল যেটা আছে সেখানে আপনারা শেয়ারে টাকা নিয়োগ করেছেন। এই শেয়ারের কস্ট বা মার্কেট ভ্যালু আসলে অনেক কম। আপনাদের কাছে বইটি যদি না থাকে তাহলে পরে এটি দেখলে আমি বাধিত হব। এটি একটি মারাত্মক ব্যাপার। এখানে আমরা ১৯৭৮-৭৯ সালে দেখছি যে, সমস্ত কোটেড অ্যান্ড আন-কোটেড এই দু'রকম শেয়ার আপনারা কিনেছেন, তার ভ্যালু অব কস্ট হচ্ছে ৪,৬৫,৮০,৪০০ টাকা, অথচ এর মার্কেট ভ্যালু হচ্ছে ৭৮,৮৭,০০৭ টাকা। আমি তো বুঝতে পারলাম না আপনারা সেখানে শেয়ার কিনলেন সেখানকার শেয়ারের মার্কেট ভ্যালু এত কম হয় কি করে? আরও আশ্চর্যের ব্যাপার হচ্ছে তার পরের বছর ১৯৭৯-৮০তে দেখলাম যে সেখানে আরও ৫০ লক্ষ শেয়ার আপনারা কিনেছেন ৫ কোটি ১৩ হাজার টাকা টোটাল কস্ট বলে। সমস্ত কোটেড এবং আন-কোটেড শেয়ারই আপনারা কিনেছেন। মার্কেট ভ্যালু আগে যা ছিল আপনারা ১৯৭৮ সালে আরও ৫০ লক্ষ বাড়তি শেয়ার কেনার পরে ঐ বছরেই সেটা কমে দাঁড়াল ৭৪,৯৩,০০০ টাকায়। ৫০ লক্ষ বাড়তি শেয়ার আপনারা কিনলেন, আর তার মার্কেট ভ্যালু ৫ লক্ষ টাকা কমে গেল। আমি জিজ্ঞাসা করতে চাই, কার জন্য এই শেয়ার আপনারা কিনেছিলেন? এটা কি কোনও ভূয়া কোম্পানিকে সাহায্য করবার জন্য? সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই যে, তিনি এ ব্যাপারে একটি এনকোয়ারি কমিটি গঠন করুন, এবং কারণ খতিয়ে দেখুন যে পশ্চিমবঙ্গে কোনও কোম্পানির উন্নতি ঘটাতে গেলে কি করতে হবে। এ বিষয়ে আরও দেখবার প্রয়োজন রয়েছে যে, বিশেষ অগ্রণী ভূমিকা গ্রহণ করে আজকে এই হাল কেন হচ্ছে কোম্পানিগুলিতে, কেন সেখানে এস্ট্যাবলিশমেন্ট খরচা দিনের পর দিন ক্রমশ বেড়ে যাচ্ছে, লাভের অঙ্ক ক্রমশ কমছে কেন? লাভের অঙ্ক যেখানে ২০ থেকে ২৫ লক্ষ টাকা করে হয়েছিল, আজ সেখানে তা কমে ৮-৮।। লক্ষে গিয়ে দাঁড়িয়েছে। সমস্ত সরকারি সংস্থাগুলিতে ডি পি এল, দেখছি সেখানে একটা বিশেষ গলদ আছে। ডি পি এল এ লাভ করা সম্ভব হত যদি কিনা সেখানে ঠিকমতো কেয়ার নেওয়া হত এবং মন্ত্রী মহাশয়রা নিজে থেকে সেখানে যদি ইন্টারেস্ট নিতেন যে, সংস্থাটিকে আমরা ভালভাবে চালাবো, এবং সেটি যাতে লাভ করতে পারে তার জন্য আমরা চেষ্টা করব, সব সময় ইউনিয়নকে ম্যানেজিং ডাইরেক্টারদের মাথার উপর নৃত্য করতে দেব না—এই মনোভাব যদি আপনাদের থাকে তাহলে নিশ্চয় প্রত্যেকটি সংস্থায় (সব সংস্থার কথা বলছি না, কারণ কিছু কিছু সংস্থা আছে সেখানে লাভ হবে না, যেমন দুর্গাপুরে কেমিক্যালস সেখানে লাভ করা দুরূহ ব্যাপার) লাভ করা সম্ভব হত। কল্যাণী স্পিনিং মিলে জানি, এখানে গিয়ে যদি একটু দেখেন তাহলে আমি অত্যন্ত বাধিত হব। অবশ্য এখানে যদি আরও ৫ কোটি টাকা ইনভেস্ট করে লাভ করবার চেষ্টা করেন তাহলে সেটি আলাদা কথা। বর্তমানে যে অবস্থা আছে, তাতে করে আমি বলব ডি সি এল এ লাভ করে দেখান তা যদি করতে পারেন তাহলে আমি বলতে চাই যে, আমেরিকার রেগন সাহেবের চাইতে আপনাদের অনেক বড় মাথা আছে।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এটি আমি রেকর্ড করে রাখলাম।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** আমি বলতে চাই যে, কিছু কিছু সংস্থায় গাফিলতি শুরু হয়েছে, এই গাফিলতি যাতে আর না হয় তার জন্য মন্ত্রী মহাশয় নিজে একটু প্রচেষ্টা নিন। কারণ আমরা দেখছি, ডি পি এল এ পাওয়ার ফেলিওর হল বা কিছু হল, অমনি সঙ্গে সঙ্গে আমাদের সময়ে আমরা ছুটতাম, আবেদিন সাহেব ছুটতেন এমনি হুলস্থুল কান্ড ঘটে যেত সে সময়ে। আর আজকে প্রোডাকশন জিরো, কলকাতাতে জিরো মেগাওয়াট দিচ্ছে ঐ সংস্থা। বরঞ্চ যা কিছু দিচ্ছে তা হচ্ছে ঐ ডি ভি সি, বা এস ই বি সিস্টেম থেকে। কিন্তু কাকস্য পরিবেদনা মন্ত্রী মহাশয়দের এসব ব্যাপারে দর্শনই পাওয়া যায় না কোনও সময়ে কেউই সেখানে যান না, কি হচ্ছে কোনও খবরও রাখেন না। এই অবস্থায় আমরা কি করে আশা করব যে সরকারি সংস্থা লাভ করবে বা উন্নতি লাভ করবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাই আপনি আমাকে কিছুক্ষণ সময় দিয়েছেন, আপনার সময় আর নেব না। পরিশেষে আর একটি কথা বলতে চাই যে, আমি আমার বক্তব্য যথাসম্ভব রাজনীতির বাইরে রাখবার চেষ্টা করছি। পশ্চিমবঙ্গের যদি কিছু উন্নতি করতে হয় তাহলে শিল্পের উন্নতি কেন হচ্ছে না তা দেখতে হবে, গলদ কোথায় আছে তা খুঁজে বার করতে হবে এবং তাতে আঘাত করতে পারলেই পশ্চিমবঙ্গ শিল্পে উন্নতি সম্ভব হবে। দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, গত চার বছরে এই মনোভাব আমরা দেখতে পাইনি। শুধুমাত্র ভূমি সংস্কার করে পশ্চিমবঙ্গের উন্নতি ঘটানো যাবে না। আপনারা বলছেন ভূমি-সংস্কার করেই সব করে দেব—কিন্তু এটা হতে পারে না, এটি আমি রেকর্ড রেখে দিতে চাই। এই কথা বলে ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10 — 5-20 p.m.]

**শ্রী সরল দেব ঃ** মাননীয় স্পিকার মহাশয়, শিল্প মন্ত্রীর বাজেট সমর্থন করতে গিয়ে আমি দু চারটি কথা বলব। অতীশবাবু এবং ভোলাবাবুরা বিগত ১৯৭২ সালের জাল ভোটের মাধ্যমে পশ্চিমবাংলায় যে সরকার কায়েম করেছিলেন সেই দিনের কথাগুলি তাদের স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৭২ সালে তরুণ কান্তি ঘোষ পশ্চিমবাংলার শিল্প বাণিজ্য মন্ত্রী ছিলেন। সেই সময় বিধানসভায় তিনি তার ভাষণে বলেছিলেন ১৯৬৭ সালে কয়েক দিনের জন্য যুক্তফ্রন্ট হবার ফলে পশ্চিমবাংলা থেকে ৯২৪টি শিল্প বন্ধ হয়ে গেছে এবং ১ লক্ষ ৮৭ হাজার লোক বেকার হয়ে গিয়েছিল। অথচ ১৯৭১ সালে মন্ত্রী বলেছিলেন মাত্র ৪৮ কোটি টাকা ইনভেস্টমেন্ট হয়েছিল। এটা ঠিক যে ঐ একই সময়ে ৫ বছরের মধ্যে অর্থাৎ ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে মহারাষ্ট্রে ৭৫০ কোটি টাকা তারা ইনভেস্ট করেছিল। শুধু তাই নয় তিনি আবার বলেছিলেন পশ্চিমবাংলার এই অধগতির জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। এবং এই কথা কিন্তু তরুনবাবু ১৯৭৪ সালে শিল্প বাজেট বক্তৃতায় বলেছিলেন। কেন শ্রী শ্রী মোরারজি দেশাই অর্থমন্ত্রী থাকার ফলে সমস্ত শিল্পকে কনসেনট্রেট করছে মহারাষ্ট্র গুজরাট ইত্যাদি জায়গায়। তরুণকান্তি ঘোষ মহাশয় কংগ্রেসি মন্ত্রী সভার সদস্য ছিলেন। এই কথা কিন্তু অতীশবাবু স্বীকার করলেন না। আমাদের বৈশিষ্ট্য এই যে আমরা যে কথা বলি সেই কথা রাখবার চেষ্টা করি। ১৯৭২ সালে তরুণকান্তি ঘোষ মহাশয় বলেছিলেন ১০ হাজার

লোককে ডাইরেক্ট এমপ্লয়মেন্ট দেব এবং ১০ হাজার লোককে ইনডাইরেক্ট এমপ্লয়মেন্ট দেব। সেই সময় তিনি অনেক বড় বড় কথা বলেছিলেন যে কুটির শিল্পে ৩-৪ হাজার টাকা লাগে একজন লোক নিয়োগ করতে ক্ষুদ্র শিল্পে লাগে ৪ থেকে ৮ হাজার টাকা এবং মাঝারি শিল্পে ১৪ থেকে ১৫ হাজার টাকা, আর বড় শিল্পে ২০ থেকে ২৫ হাজার টাকা লাগে। এই সব কথা বলে তিনি বলেছিলেন যে আমি পুরুলিয়ায় একটা অ্যালায়েড স্টিল প্ল্যান্ট করব। তারপর বলেছিলেন পশ্চিমবাংলায় ৬টি স্পিনিং মিল তৈরি করব। এবং তার জন্য তিনি প্রোজেক্ট কস্ট করে বলেছিলেন ১৪০ কোটি টাকার প্রোজেক্ট থেকে বেড়ে গিয়ে দাঁড়ালো তা ২৫০ কোটি টাকা। বিগত বাজেটে আমাদের শিল্প মন্ত্রী কিন্তু যেসব আশ্বাস দিয়েছিলেন ইতিমধ্যেই তার অনেকগুলি কাজ তিনি শুরু করেছেন। সেদিন কংগ্রেস থাকা সত্ত্বেও যদিও কেন্দ্রে আমাদের সঙ্গে বিমাতৃসুলভ ব্যবহার চালিয়ে যাচ্ছেন। এই বিমাতৃসুলভ মনোভাবের ফলে লেটার অব ইনটেন্ট এবং ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স পাওয়ার মধ্যে বিরাট ব্যবধান থেকে যাচ্ছে। যেখানে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্সকে ১৯৭৮ সালে লেটার অব ইনটেন্ট পাওয়া গেল। কিন্তু তার ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স পাওয়া গেল না, কবে নাগাদ পাওয়া যাবে তার ঠিক নাই। ১৯৮১ সালের জানুয়ারি মাসে। কেন্দ্র ২টি পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করবে একটা গুজরাট আর একটা মহারাষ্ট্রে। সেখানে কেন্দ্র অংশগ্রহণ করছে। অথচ পশ্চিমবাংলায় হলে স্যাংশন কেন্দ্র অংশগ্রহণ করবেন না। প্রথম দিকে এর প্রোজেক্ট কস্ট ছিল ১৬০ কোটি টাকা। এখন সেটা ৪২৮ কোটি টাকা হয়েছে। এরজন্য মূল কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাব দায়ী। আমরা ফেডারেল স্ট্রাকচারের মধ্যে রয়েছি, কিন্তু কেন্দ্রীয় সরকার যদি আমাদের সঙ্গে বিমাতৃসুলভ আচরণ করে তাহলে এই রাজ্যের শিল্প ব্যাহত হবে। হলদিয়া সম্বন্ধে অতীশবাবু বললেন ওটা আপনাদের নয়, এটা ডাঃ রায়ের আমলে হয়েছিল। আমি স্বীকার করি এই পরিকল্পনা তার সময়েই হয়েছিল। কিন্তু ডাঃ রায় যখন ছিলেন তখন কেন্দ্রীয় সরকারের অনুদানের মাত্র দুটি সেন্ট্রাল প্রোজেক্ট হয়েছিল এবং তার মধ্যে একটি হচ্ছে দুর্গাপুর স্টিল প্ল্যান্ট এবং আর একটি হচ্ছে চিত্তরঞ্জন লোকোমেটিভ। এছাড়া আমাদের পশ্চিমবাংলায় কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় আর কিছু হয়নি। স্যার, দেশ বিভাগের দায়িত্ব কেন্দ্রে কংগ্রেসে সরকারের এবং ওপার বাংলার থেকে যারা আসবে তাদের দায় দায়িত্ব স্বাভাবিকভাবেই কংগ্রেস সরকারের। কিন্তু দুঃখের বিষয় তারা সেই দায়িত্ব পালন করেননি কংগ্রেস সরকার বলেছিলেন আমার ১২টি স্টিল প্ল্যান্ট করব এবং একথাও বলেছিলেন ৭২৬ কোটি টাকা স্যাংশন করেছি। ওরা বলছেন এখান থেকে ক্যাপিটাল ফ্লাই করছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তারা কত কোটি টাকা ইনভেস্ট করেছিলেন এবং এই ৪ বছরে এই রাজ্য থেকে অন্য রাজ্যে কত কোটি টাকা গিয়েছিল সেটা ওরা বলেননি। কিন্তু দেশ শুধু তাই নয়, ঔষধ গোটা ভারতবর্ষে যা প্রয়োজন তার শতকরা ৫০ ভাগ আমাদের পশ্চিমবাংলা দিত, কিন্তু কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাবের দরুন আজকে সেটা ২০ ভাগে এসে দাঁড়িয়েছে। আমাদের মনে রাখতে হবে তখন তারা নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ ছিলেন এবং এইসব কথা তারা বলেছিলেন। আমি আজকে অতীশবাবুকে সেই পুরানো কথাগুলি স্মরণ করিয়ে দিচ্ছি। আমরা এই কয়েক বছরে পেট্রোকেমিক্যাল সহ ৪২৮ কোটি টাকা এবং অন্যান্যগুলি নিয়ে প্রায় ৯২২ কোটি টাকা সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে নিয়োগ করেছি। বৃহৎ শিল্প গোষ্ঠী এবং বিদেশিদের মিলিয়ে যে পার্টিসিপেশন হয়েছে তার

পরিমাণ হচ্ছে ১২.৩৯ পারসেন্ট। স্যার, এরা বলেন আমরা নাকি মাল্টি-ন্যাশনালদের সঙ্গে ঐক্য করেছি। এটা যে সত্য কথা নয় আমি তার একটা উদাহরণ দিলাম। ওরা ১৯৭৬-৭৭ সালে ডাইরেক্ট এবং ইনডাইরেক্ট এমপ্লয়মেন্টের ক্ষেত্রে ১০ লক্ষ/১৭ লক্ষ ইত্যাদি সব নানা কথা বলেছিলেন। কিন্তু বাস্তবে দেখলাম সেইসব গোল্লায় গেছে, ওরা মাত্র ১৭ হাজার লোককে চাকুরি দিয়েছেন। আমি আমাদের কার্যকলাপ সম্বন্ধে ইকনমিক রিভিউ থেকে বলছি। ১৯৭৭ সালে ৫ হাজার ৮৩৭টি এবং ১৯৭৮ সালে ৫ হাজার ৯৭৬টি নতুন ইন্ডাস্ট্রি রেজিস্টার্ড হয়েছে এবং ১৯৭৯ সালে ৬ হাজার ১৪৪টি নতুন ইন্ডাস্ট্রি রেজিস্টার্ড হয়েছে। এতে দেখা যাচ্ছে টেনডেন্সিটা বাড়ার দিকেই যাচ্ছে। অথচ এরা বলছেন আমাদের নাকি অধোগতি হয়েছে। এবারে আমি ওই ইকনমিক রিভিউর টেবিল ফোর পয়েন্ট ফোর থেকে বলছি। এশিয়ার মুক্তি সূর্য ইন্দিরা গান্ধী যখন জরুরি অবস্থা জারি করেছিলেন, তখন আমাদের মেইন ইন্ডাস্ট্রি জুট তার প্রোডাকশন ছিল ১৯৭৫ সালে ৯.৮ পারসেন্ট, ১৯৭৭ সালে ১০.৩ পারসেন্ট ১৯৭৮ সালে ১০.৪ পারসেন্ট এবং ১৯৭৯ সালে ৯.৯ পারসেন্ট। অর্থাৎ দেখা যাচ্ছে আমাদের প্রোডাকশন বাড়ছে। তাহলে অতীশবাবু যেকথা বললেন সেটা নিশ্চয়ই ঠিক কথা নয়। স্যার, আমরা জানি শিল্প বিরোধ রয়েছে। কিন্তু কর্ণাটক, যেটা ওদের রাজ্য, যেখানে ওদেরই মুখ্যমন্ত্রী রয়েছেন সেখানে দেখছি সম্প্রতি ইন্ডিয়ান টেলিফোন ইন্ডাস্ট্রি (পাবলিক আন্ডারটেকিং)-র ৭০ হাজার ওয়ার্কার ৭২ দিন ধরে ধর্মঘট করে চলেছে এবং সেই আন্দোলন থামাবার জন্য লাঠি, গুলি প্রভৃতি চলেছে। ওদের রাজত্বে যদি আন্দোলন হয় তাহলে ওরা বলেন এটা জনগণের স্বার্থে হয়েছে। যা হোক ১৯৭৭ সাল থেকে ১৯৮০ সালের মধ্যে পশ্চিমবাংলায় ৪৩৩টি প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে এবং পেট্রো-কেমিক্যাল নিয়ে প্রায় ৯২২ কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে। এবারে আমি এই কয়েকদিনের মধ্যে বন্ধ কারখানা যেগুলি খুলেছে সে সম্বন্ধে বলব। ইতিমধ্যে ২০ কোটি টাকা ব্যয় এস টি পি পি কমিসনড হয়েছে কল্যাণীতে। পেপার প্রোজেক্ট, রাবার কম্পোনেন্ট প্ল্যান্ট, পিগমেন্ট অ্যান্ড কেমিক্যাল, চেইন লিংকস এটসে, ল্যাবরেটরি গ্ল্যাস ওয়েয়ার প্রোজেক্ট, মিনি স্টিল প্ল্যান্ট সলভেন্ট এক্সট্রাকশন প্রোজেক্ট, নিকেল সিলভার প্রোজেক্ট—এগুলি কমিসন্ড হয়েছে, শীঘ্রই কাজ শুরু হবে। ইতিমধে। তারাতলায় ৫টি ইন্ডাস্ট্রি কাজ শুরু করেছে। সল্ট লেকে ১০০ একর জমি দেওয়া হয়েছে ইলেক্ট্রোনিক ইন্ডাস্ট্রির জন্য তবে এখন কেন্দ্রীয় সরকারের তরফ থেকে অনুমোদন পাওয়া যায়নি। আমাদের শিল্প বাণিজ্যমন্ত্রী এই ব্যাপারে প্রফেসর, নাগ যিনি এই দপ্তরের সম্পাদক তার কাছে গিয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করেছেন। অতীশবাবু বললেন সিকরের মতো মহারাষ্ট্রে যেমন আছে পশ্চিমাবাংলায় সেই রকম কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। ওরা একাজ এতদিন করেন নাই কেন?

[5-20 — 5-30 p.m.]

উনি জানেন না ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার কর্পোরেশন আছে West Bengal Pharmaceutical and Petrochemical Development Corporation আছে। West Bengal Tea Development Corporation আছে। Sugar Industries Development Corporation, West Bengal Electronics Industries Development Corporation, আছে, West Bengal Industrial Development Corporation

আছে। এই সব কথা হওয়া সত্ত্বেও উনি বললেন ইনফ্রাস্ট্রাকচার নাই। নিশ্চয় ইনফ্রাস্ট্রাকচার আছে এবং থাকা সত্ত্বেও তারা আজকে এই কথা বলছেন যে পশ্চিমবাংলায় শিল্পে অধগতি আছে বেকার সমস্যা বাড়ছে। এটা কি এক দিনের সমস্যা। দীর্ঘ দিনের উপেক্ষার ফলে পশ্চিমবাংলায় আজকে এই অবস্থার সৃষ্টি হয়েছে। এই সরকার ইতিমধ্যে বন্ধ ও রুগ্ন শিল্পগুলি যেসব খুলেছেন তার টেবিল দেখিয়েছেন। এই সব বন্ধ রুগ্ন কারখানাগুলি নেবার পর লিলি বিস্কুট-এ ৪ হাজার ৭ শত লোক লোককে চাকুরিতে আনা হয়েছে লিলি বার্লিতে ৩০০ ইন্ডিয়ান হেলথ ইনস্টিটিউটে ৩০০ এবং ন্যাশনাল আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি ১৭০০ লোককে কাজে ফিরিয়ে আনা হয়েছে। সরস্বতী প্রেসে ৮০০ লোককে কাজে ফিরিয়ে আনা হয়েছে। ইস্টার্ন ডিস্টিলারি এখন লাভের দিকে এসেছে। ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং ইতিমধ্যে উন্নতির দিকে যাচ্ছে। এমন পশ্চিমবাংলায় ১০টি বন্ধ রুগ্ন শিল্প, শিল্প দপ্তর গ্রহণ করেছে। সরকার যে প্রচেষ্টা চালাচ্ছে তাতে প্রায় ৩৭ হাজারের মতো লোক কাজ ফিরে পেয়েছে। তা সত্ত্বেও ওরা বলছেন শিল্প দপ্তর ব্যর্থতার পরিচয় দিয়েছে। এই কথা ইকনমিক রিভিউয়ে দেওয়া আছে। তারপর ওরা ইলেক্ট্রিসিটির কথা তুলেছেন। ওনারা টেবিলটা বোধ হয় দেখেন নি। ১৯৭৫ সালে যখন ওরা মানুষকে চাবুক দিয়ে কাজ করিয়েছে তখন উৎপাদনের কি অবস্থা ছিল ৪.২ আজকে সেখানে ৯০.৯। ১৯৭৫ সালে ছিল ১১৮, ১৯৭৮ সালে সেটা হল ১২১.০ আর ১৯৭৯ সালে সেটা হয়েছে ১১৮। তা সত্ত্বেও ওরা উন্নতি দেখতে পাচ্ছে না। আমি জুট প্রোডাকাশনের হিসাব দিয়েছি। তারপর বলতে চাই পশ্চিমবাংলার আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে শিল্প উৎপাদনে পিছনে চলে যাচ্ছে জন্মেজয়বাবু বললেন শিল্পে আমাদের ৫ম না ষষ্ঠ স্থানে দাঁড়িয়েছে একথা ঠিক নয়। তরুণবাবু যে কথা বলেছিলেন ১৯৭২ সালে ১৯৭৪ সালে সেই একই কথা বলেছিলেন যে তিনি পুরুলিয়ায় সিমেন্ট কারখানা তৈরি করবেন এবং ফিলামেন্ট কারখানা তৈরি করবেন। তিনি এইসব কথা কেবল বলেই গিয়েছিলেন, কিন্তু কিছুই করেন নি। তিনি বলেছিলেন আমরা ৬৫ হাজার লোককে চাকুরি দিয়েছি ৩৪ হাজার লোককে প্রাইভেট সেক্টরে এবং ৩১ হাজার লোককে পাবলিক সেক্টরে কিন্তু তা কি হয়েছে। আজকে ডি সি এল লাভের দিকে যাচ্ছে ব্রিটানিয়া লাভের দিকে যাচ্ছে। স্যাক্সি ফারমার অধিগ্রহণ করবার পর ভালোর দিকে যাচ্ছে। অতীতে যে সমস্ত ময়লা ছিল সেগুলি সাফ করবার চেষ্টা করছি।

ফলে যে পরিমাণ উন্নতি হওয়া উচিত ছিল সেটা হয়নি। তরুণবাবু বলছেন, মোরারজি দেশাই এবং তৎকালীন যে সমস্ত মন্ত্রীরা ওয়েস্টার্ন সাইড থেকে এসেছেন তাদের আমলে ফরেন কোলাবোরেশনে জয়েন্ট সেক্টরে যতগুলো কারখানা হয়েছে বিশেষ করে ক্যাপিটাল ইনভেস্টমেন্ট-এর ইন্ডাস্ট্রি এবং ভেষজ, সেগুলো সব পশ্চিম উপকূলে সমৃদ্ধি লাভ করেছে এবং তার ফলে পশ্চিমবাংলা পেছনে পড়ে গেছে এবং তার স্থান হয়েছে তৃতীয়। কেন্দ্রীয় সরকার যে দৃষ্টিভঙ্গি গ্রহণ করছে এই দৃষ্টিভঙ্গি নিয়ে যদি তারা চলেন তাহলে পশ্চিমবাংলা ওই তৃতীয় স্থান থেকে নেমে চতুর্থ, পঞ্চম ষষ্ঠ স্থানে চলে যাবে। এর কারণ আমি আপনাদের কাছে বলছি। বিশ্বে বিশেষজ্ঞরা বলছেন, হলদিয়া জাহাজ নির্মাণের উপযুক্ত জায়গা। কিন্তু রাজনৈতিক কারণে সেটা হলদিয়াতে হল না, সেটা নিয়ে গেল পারাদ্বীপে। হলদিয়া সম্বন্ধে বলা হল ওখানে জাহাজ মেরামতের কারখানা হবে। আমরা বললাম, তথাস্তু, তাই হোক।

আমাদের সেই পাড়াগাঁয়ের কথা—ছাই দেবে বলছে, তাই দিক। বিশ্বের বিশেষজ্ঞরা বলছেন হলদিয়া জাহাজ নির্মাণের উপযুক্ত জায়গা, কিন্তু রাজনৈতিক কারণে বলা হচ্ছে না, ওটা জাহাজ মেরামতের কারখানা হবে। কিন্তু আশ্চর্যের বিষয় সেই অনুমোদনও আজ পর্যন্ত পাওয়া গেল না। আমি আগে বলেছি ১৬০ কোটি টাকার প্রোজেক্ট দেরির জন্য ৪২৮ কোটি টাকার পেট্রো-কেমিক্যাল প্রোজেক্ট হল তারজন্য কি কেন্দ্রীয় সরকারের কোনও দায় দায়িত্ব নেই? ১৯৭৮ সালের পর ১৯৮১ সালের জানুয়ারি মাসে আজও ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স দিলেন না, কিন্তু লেটার অব ইনটেন্ট এবং ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স-এর মধ্যে এই যে বিরাট গ্যাপ তারজন্য দায়ী কে? আমি আপনাদের বলতে পারি আমাদের বাণিজ্যমন্ত্রী আপনাদের কাছে এই ধরনের কোনও মিথ্যা প্রতিশ্রুতি হাউসে দেননি। ১৯৭৭-৭৮ সালে ৩২ হাজার লোককে কাজ দেওয়া হয়েছে, হলদিয়া পেট্রো-কেমিক্যাল-এর জন্য জমি সংগ্রহ হয়েছে এবং কাজ শুরু হয়েছে। কনসেনট্রেটেড নাইট্রিক অ্যাসিড, প্যারা, নাইট্রিক কার্বোনাইজেশন স্থাপনের প্রকল্পের কাজ শুরু হয়েছে। পলেস্টার স্টেপেল ফাইবার-এর কাজ শুরু করবার ব্যবস্থা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় কটন টেক্সটাইল ইন্ডাস্ট্রি মার খাচ্ছে। কাজেই আমরা যদি পশ্চিমবাংলায় পলেস্টার স্টেপেল ফাইবারের কাজ শুরু করতে পারি তাহলে কটন টেক্সটাইল যারা ধুঁকছে, অন্যান্য ইন্ডাস্ট্রি যারা ধুঁকছে তাদের আমরা বাঁচাতে পারব। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের তরফ থেকে তারজন্য অ্যাপ্রুভাল পাওয়া গেল না। এই যখন অবস্থা তখন কেন্দ্রীয় সরকারের নাম করলেই ভোলাবাবুরা এত আপত্তি করেন কেন আমি সেটা বুঝতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ইতিমধ্যেই দেখেছি দার্জিলিং টি ডেভেলপমেন্ট কর্পোরেশনের পক্ষ থেকে দার্জিলিং-এ টি গার্ডেনে কাজ শুরু হয়েছে। যদিও লাভজনক হয়নি, কিন্তু ওই দুটি খুলবার ফলে সেখানকার শ্রমিকরা তাদের পুরানো কাজ ফিরে পেয়েছে। এছাড়া গ্লুকোনেট, ডাঃ পল্লম্যানস এবং আরও ১০টি কারখানায় প্রায় ৫ হাজার মানুষ তাদের কাজ ফিরে পেয়েছে। ম্যাকিনটশ বার্ন লিমিটেড, ন্যাশনাল আয়রন লিমিটেড, কোলে আয়রন অ্যান্ড স্টিল ইন্ডাস্ট্রি, গ্যাঞ্জেস ওয়ার্কস লিমিটেড, ন্যাশনাল রি-রোলিং লিমিটেড ভারত জুট মিল, ক্যালকাটা ইলেক্ট্রিক ল্যাম্প, এলবক লিমিটেড, এলিয়ান্স ইঞ্জিনিয়ারিং কোম্পানি প্রভৃতি কারখানাগুলি খোলার মধ্য দিয়ে পশ্চিমবাংলার আর্থিক বুনিয়াদ অনেক দৃঢ় হয়েছে। এই বাজেট সমর্থন করতে গিয়ে আমি বিরোধীদলের মনোভাব যা দেখছি তাতে মনে হচ্ছে বিরোধীরা পশ্চিমবাংলার যা কিছু ভাল, যা কিছু সুন্দর সেটা ওরা দেখতে চান না, শুধু বিরোধিতা করবার জন্যই ওরা বিরোধিতা করছেন। বিরোধী দলের পক্ষ থেকে অতীশবাবু এবং জন্মেজয়বাবু যে বক্তব্য রেখেছেন তার বিরোধিতা করে আমি মন্ত্রী মহাশয়ের বাজেট সমর্থন করে বক্তব্য শেষ করছি। অন্য প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই। আমাদের লোকসভাতে আজকে যে বক্তৃতা হল সেটা পরের দিনই বেরিয়ে যায় এবং তার কারণ হচ্ছে সেখানে নিজস্ব প্রেস রয়েছে। কিন্তু আমাদের বিধানসভায় নিজস্ব কোনও প্রেস না থাকার ফলে আমাদের সরস্বতী প্রেস এবং বি জি প্রেসের দিকে তাকিয়ে থাকতে হয়। আমরা জানি ১৯৭০-৭১ সালে এবং ১৯৭৩-৭৪ সালের বিধানসভার প্রসিডিংস এখনও বের হয়নি। সেইজন্য আপনার মাধ্যমে আমি শিল্প বাণিজ্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, আমাদের এই বিধানসভার চত্বরে বিধানসভার জন্য আলাদা একটা প্রেস স্থাপন করা হোক।

[5-30 — 5-40 p.m.]

বিধানসভার জন্য একটি আলাদা প্রেস স্থাপন করা হোক এই দাবি স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। পরিশেষে আর একটি কথা বলব, অতীত ওরা যেটা বলতে সাহস করেন নি। সেটা আমাদের শিল্পমন্ত্রী ডঃ কানাই ভট্টাচার্য মহাশয় বলেছেন ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের আরতি মিলে যে টেক্সটাইলের প্রোডাকশন যে নর্ম আছে তা তোমাদের দিতে হবে। স্যার, এই কথা বলে এই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

## REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি কার্য উপদেষ্টা কমিটির ৭৮তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির বৈঠক আজ ১১ই মার্চ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ১৩ই মার্চ, ১৪ই মার্চ ও ১৬ই মার্চ তারিখের কার্যসূচি ও সময়সীমা নিম্নলিখিতভাবে পরিবর্তনের সুপারিশ করেছে।

| | | |
|---|---|---|
| Friday-13.3.81 | Demand No. 50 | Co-operation Department-এর আলোচনাকাল ১ ঘন্টার পরিবর্তে ১।। ঘন্টা হইবে। এই দিনের অন্যান্য কার্যসূচি অপরিবর্তিত থাকিবে। |
| Saturday-14.3.81 | (i) | The Burdwan University (Temporary Superssession) (Amendment) Bill, 1981 (Introduction) |
| | (b) | Disucssion on the Statutory Resolution notice given by Shri Rajani Kanta Doloi |
| | (c) | The Burdwan University (Temporary Superssession) (Amendment) Bill, 1981 (Consideration and Passing) —½ hour |
| | (ii) | Demand No. 12 |
| | (iii) | Demand No. 68 Home (Transport) |
| | (iv) | Demand No. 69 Department |
| | (v) | Demand No. 71 —2 hours. |
| | (vi) | Demand No. 45- Scheduled Castes & Tribes Welfare Department—$1\frac{1}{2}$ hours. |

এই দিনের পূর্বঘোষিত The Kalyani University (Temporary Superssession) Bill 1981 & The North Bengal University (Temporary Superssession) Bill, 1981 পরবর্তী কোনও এক দিনে গ্রহণ করা হবে।

Monday- 16.3.81

(i) Demand No. 7 Land & Land Reforms Department —4 hours

(ii) The West Bengal Relief Undertakings Special Superssession) (Amendment) Bill, 1981 (Introduction, Consideration & Passing) —$\frac{1}{2}$ hour

(iii) (a) The Berhampore Electric Supply Company Ltd. (Undertaking) Acquisition Bill, 1981 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution notice given by Shri Rajani Kanta Doloi —1 hour

(c) The Berhampore Electric Supply Company Ltd. (Undetaking) Acquisition, Bill 1981 (Consideration & Passing) —1 hour

(vi) (a) The Barakar Electric Supply Installations Acquisition Bill, 1981 (Introduction)

(b) Discussion on the Statutory Resolution notice given by Shri Rajani Kanta Doloi

(c) The Barakar Electric Supply Installation Acquisition Bill, 1981 (Consideration & Passing) —1 hour

আগামী সোমবার ১৬ই মার্চ তারিখে কোনও মৌখিক প্রশ্নোত্তর হইবে না এবং ৩৫১ নিয়মানুযায়ী কোনও উল্লেখ হইবে না।

এখন আমি মুখ্য সচেতক মহাশয়কে এই প্রতিবেদন সভার অনুমোদনের জন্য প্রস্তাব পেশ করতে অনুরোধ করছি।

**শ্রী অশোককুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কার্যউপদেষ্টা কমিটির ৭৮ তম প্রতিবেদন সভার অনুমোদনের জন্য প্রস্তাব পেশ করছি।

(প্রস্তাব গৃহীত হইল)

[5-40 — 5-50 p.m.]

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পাশের লোকেরা যেসব পরিসংখ্যান দেখাচ্ছেন এবং ঐ দিকের লোকেরা যেসব পরিসংখ্যান দেখাচ্ছেন এইসব পরিসংখ্যানের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের শিল্পে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা বোঝানোর চেষ্টা হয়েছে। সেই সৃষ্টি অবস্থার দিক থিকে এই বাজেট বক্তব্যে মন্ত্রী মহাশয় নিজে তো সে কথাগুলি স্বীকার করেছেন এবং এই ব্যাপারে তিনি উদ্ধৃতি দিয়েছেন যে গোটা সমাজের যে অর্থনৈতিক ক্ষতি হয়েছে এবং গোটা সমাজের মধ্যে শিল্প বিকাশের দ্বারা বেকারত্বের যে উপশম হচ্ছে না সেই সমস্ত কথা তিনি স্বীকার করেছেন। আমি লক্ষ্য করছি ইকনমিক রিভিউর ২২ পৃষ্ঠাতে যেখানে ১৯৭৮-৭৯-৮০ তে শিল্প উৎপাদন কমে গেছে ২.৪। ইকনমিক রিভিউর ৪৪ পৃষ্ঠাতে ৫.৮০ কর্মসংস্থান হয়েছে যেখানে ১০৪৫৫ জনের কর্মসংস্থান হয়েছে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে এবং ১৩৮৬ হয়েছে রাজ্য সরকারের মাধ্যমে। আর ৫২২৬ জনের আধা সরকারি সংস্থায় হয়েছে এবং স্থানীয় সংস্থায় হয়েছে ৩৮৪৩। যেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের তথ্য অনুসারে স্কুল ফাইনাল থেকে উচ্চ মানের শিক্ষিতের সংখ্যা হচ্ছে ৭,২৪,১৫৮। গত তিন বছরে সংগঠিত ক্ষেত্রে কর্মসংস্থান হয়েছে ৩২,০০০, বামফ্রন্ট সরকারের দ্বিতীয় বছরের পুস্তিকার তথ্য থেকে আমি বলছি। কেন এই ব্যাপারটা হয়েছে, সেটা আমাদের নিশ্চয় বোঝা উচিত। কারণ, মূল কারণটা যদি আমরা না ধরতে পারি, রোগের দাওয়াইটা বাংলার কোন ব্যবস্থার মধ্যে দিয়ে? আমরা এই সরকারকে বিচার করব সেই আঙিনার দৃষ্টিকোণ থেকে এবং সেই ব্যবস্থার মধ্যে দিয়ে রাজ্য সরকারের এই চার বছর ধরে যে সমস্ত পদক্ষেপ গ্রহণ করেছেন সেই সমস্ত পদক্ষেপ গ্রহণ করার দিক থেকে কেন্দ্রীয় সরকারের যে শিল্পনীতি, যে শিল্পনীতির মধ্যে দিয়ে—যেকথা অনেকেই বলে গেলেন, পাট শিল্পের কথা, পাটচাষীদের বাঁচাবার কথা সেখানে মিল মালিকদের মুনাফা আরও স্ফীত করবার জন্য রপ্তানির ব্যাপারে কোটি কোটি টাকা ভরতুকি দেওয়া হয়, সেই ভরতুকি দেওয়ার কারণে সেই গোটা সঙ্কটের বোঝাটা যেখানে আমাদের পশ্চিমবাংলার মানুষের ঘাড়ে এসে পড়ে সেই সঙ্কটের বোঝাটা যাতে পশ্চিমবাংলার মানুষের ঘাড়ে না পড়ে, সেই জায়গায় দাঁড়িয়ে এই সরকার সেই সঙ্কটকে কতটা ঠেকাবার জন্য তাদের শিল্পনীতির মধ্যে দিয়ে পদক্ষেপ গ্রহণ করেছেন, আমাদের এই বামফ্রন্ট সরকারের এই চার বছরের কাজ এবং তাদের শিল্পনীতির মধ্যে দিয়ে শিল্পে বিনিয়োগ এবং উদ্যোগ গুলোকে বিচার করতে হবে। কারণ একটা গোটা দেশের যে শিল্প নীতি যে শিল্পনীতি একটা জায়গায় ভিন্ন ধরনের মত কিছু থাকলেও তার উপর প্রভাব বিস্তার করতে বাধা এবং সেই কারণে এই যে রপ্তানি বাণিজ্য এবং তার সঙ্গে সঙ্গে একচেটিয়া পুঁজিপতি এবং যারা সাম্রাজ্যবাদীদের সহযোগিতায় লিপ্ত তাদের মুনাফাকে স্ফীত করবার জন্য যে ব্যবস্থাপনা সারা দেশে প্রচলিত, যার মধ্যে দিয়ে মানুষ তাদের কর্মসংস্থান হারাচ্ছে, যার মধ্যে দিয়ে সহযোগিতার মনোভাবের লেটার অব ইনটেন্ট বলুন, ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স বলুন যেগুলো দেওয়ার ব্যাপারে

পশ্চিমবাংলার শিল্প বিকাশকে দমিয়ে রাখবার জন্য চেষ্টা করা হচ্ছে, সেই জায়গায় এই সরকার তাকে ঠেকা দেবার জন্য কতটা প্রচেষ্টা নিচ্ছেন সেটা আমাদের বিচার করতে হবে। আমি কয়েকটা কথা বলব আমাদের এখানে যে সমস্ত লক আউট মালিকরা করেন এই সমস্ত মালিকরা যখন লক আউট করছেন, হাজার হাজার কর্মচারী যেখানে কর্মসংস্থানকে বন্ধ করে দিয়েছেন, সেই সমস্ত লক আউটকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য সেই রকম আইন বা সেই রকম ব্যবস্থা গ্রহণ করার জন্য ব্যবস্থা থাকা উচিত। সেদিকে শিল্পমন্ত্রীর দৃষ্টি নিবদ্ধ করা উচিত বলে আমি মনে করি। সেই সঙ্গে সঙ্গে যেসমস্ত বড় বড় শিল্পপতিরা মুনাফার স্তূপ করবার জন্য নিজেদের কারখানায় কর্মসংস্থানের সুযোগকে সঙ্কুচিত করে অন্য জায়গা থেকে মাল কিনে নিজেদের ছাপ মেরে বাজারে বিক্রি করছে, সে সমস্ত শিল্পপতিদের এই প্রচেষ্টাকে বাধা দেওয়া উচিত। সুতরাং সেদিকে আজকে মন্ত্রী মহশয়কে লক্ষ্য রাখতে হবে। তারপর আমরা দেখতে পাচ্ছি বেসরকারি প্রতিষ্ঠানগুলিতে যে সমস্ত শ্রমিকরা রিটায়ার করে যাচ্ছে সে সমস্ত শ্রমিকদের শূন্য পদে নতুন করে আর লোক নিয়োগ করা হচ্ছে না, লোক নিয়োগ বন্ধ করে দিচ্ছে। এটা যাতে বন্ধ না হয়, সেদিকেও এই বিভাগের লক্ষ্য রাখা উচিত। সেই সঙ্গে আজকে ক্ষুদ্র শিল্পের প্রতি মানুষকে উৎসাহি করে তুলতে হবে। যে সমস্ত জায়গায় কাঁচা মালের উৎপাদন বেশি সেসমস্ত জায়গায় অ্যাগ্রো বেসড ইন্ডাস্ট্রি স্থাপন করতে হবে। আজকে এখানে আমরা দেখতে পাচ্ছি সরকার ক্ষুদ্র শিল্পের সীমাটা বাড়িয়েছেন। ১০ লক্ষ টাকা মূলধনের জায়গায় ২০ লক্ষ টাকা পর্যন্ত মূলধন পর্যন্ত ক্ষুদ্র শিল্পকে সম্প্রসারিত করা হয়েছে। কিন্তু আজকে যেসমস্ত ছেলেরা ম্যানেজমেন্ট ট্রেনিং বা টেকনিক্যাল ট্রেনিং নিয়ে বেরিয়ে আসছেন তারা আজকে অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীমের সুযোগ গ্রহণ করতে পারছেন না। কারণ সেখানে তাদের মূলধন বিনিয়োগ করতে হবে, কিন্তু দারিদ্রতাবশত মূলধন বিনিয়োগ করতে পারছেন না। আজকে সরকারি বিনিয়োগ ব্যবস্থার মধ্যে দিয়েও শিল্প গড়ে উঠতে পারে এবং সেখানে ঐ সমস্ত ছেলেরা উদ্যোগ নিতে পারেন। এটা যাতে করা সম্ভব হয় তার জন্য আমি মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিরাট সঙ্কটময় অবস্থায় যাতে সত্যি সত্যিই বেকারত্ব কমানো যায় তার জন্য আমি এই বিষয়গুলির প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই সঙ্কটের বোঝা আজকে আমাদের উপরে কেন্দ্রীয় শিল্প নীতি চাপিয়ে দিয়েছে। এর বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য আজকে সমস্ত মানুষকে এগিয়ে নিয়ে যাবার পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং মানুষকে আরও বেশি ঐক্যবদ্ধ করতে হবে। সেই সঙ্গে নিজেদের ভেতরে যেসমস্ত সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গি আছে, যা মানুষকে উৎসাহিত করার বদলে নৈরাশ্য এনে দেয়, তা দূর করার দিকে লক্ষ্য রাখার আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**श्री आवुल हासान** : मोहतरिम डिपटी स्पीकर सर, हमारे अर्थ मंत्री ने जो वजट विधानसभा में रखा है, मैं उसका समर्थन करता हूँ। समर्थन करते हूए, मैं दो-चार वातें आपके सामने रखने की कोशिश करेंगा। इससे पहले अनरेवुल मेम्वर श्री अतीश सिन्हा मे की वजट को सुनकर वड़ा तातजुव हुआ। चुँकि वे कह रहे के कि जमीन विप्लव होने से देश से वेकारी दूर नहीं होसक्ती है। हमने कव कहा है कि लैण्ड रिफर्म होने से वेकारी दूर हो जायगी। लेफट फ्रन्ट के कि सी भी कर्मसूची

में यह वात नहीं है। फिर भी ये एसी वातें क्यो करते है। हमलोग भी चाहते हैं कि भु की तरक्की हो। ये भी कहते है और हमलोग भी कहते हैं कि जवतक लैण्ड रिफर्म नहीं होता, तवतक देश से वेकारी दूर नही होगी।

मेरा खेयाल है कि सिन्हावावू को हमारे साथ एक मत होना चाहिए। लेकिन उनका और हमारा मत नही मिलेगा क्योंकि उनके सोचने का तरीका दूसरा है और हमारे सोचने का तरीका दूसरा है। अगर किसानो की भाली हालत नहीं वढ़े, तो शहर में जितनी भी सड़के वना दी जॉय-जितने भी मकान वना दिए जॉय-जितने भी कल-कारखानों वना दिए जाँय और उसमें कपड़े वानें, लोहे के सामान वनों, फिर भी अगर लोगे के पास पैसे नहीं होंगे तो उन भाली को कौन खरदी देगा नतिजा यह होगा कि धीरे धीरे कारखानें वनध हो जाँयगे।

সেইজন্য সিনহাবাবু কে বলছি, ঐ ল্যান্ড রিফর্ম করে বেকার সমস্যার সমাধান করা যায় না, বেকার সমস্যার সমাধান করতে হলে একদিকে যেমন কলকারখানা খুলতে হবে তেমন গ্রামের লোকেদের ক্রয় শক্তিকে বৃদ্ধি করতে হবে, গ্রামের লোকেদের চাষের জমি দিতে হবে। এই দুটি জিনিসকেই সামনে রাখতে হবে। সেইজন্য বামফ্রন্ট সরকার গ্রামের দিকে নজর দিয়েছেন। আমি এই প্রসঙ্গে কয়েকটি উদাহরণ দিতে পারি সিনহাবাবু নিশ্চয়ই মনে রাখবেন পশ্চিমবঙ্গ যুক্তফ্রন্ট সরকার হবার পর গ্রামের জনজীবনে উন্নতি ফিরে এসেছে। আমি কি জিজ্ঞাসা করতে পারি কংগ্রেসি বন্ধুদের যখন আপনারা গদিতে ছিলেন তখন পশ্চিমবাংলার কলকারাখানাগুলি ডকে উঠে গেল কেন? কেন কলকারখানাগুলি বন্ধ হল? একদিকে কাঁচামালের কম চালান হতে লাগল আর অন্য দিকে নিজের দেশে যা উৎপাদন হত তাও বিক্রি করবার বাজার ছিল না। সুতরাং আজকে এই কথা বলতে কেন দ্বিধাবোধ করেন? আপনারা উত্তর দিন, কে দায়ী? কংগ্রেস সরকার দায়ী না বামফ্রন্ট সরকার দায়ী? এত কলকারখানা পশ্চিমবাংলায় বন্ধ হয়ে গেল কেন? যে সমস্ত কলকারখানাগুলি উঠে গেল সেগুলিতে বাঁচানোর জন্য কেন চেষ্টা করলেন না? একটি নয়, আমি হাজার হাজার উদাহরণ দিতে পারি, টাটা, ফাউন্ড্রি হচ্ছে বিগেস্ট, ফাউন্ড্রি সেটা বন্ধ হয়ে গেল। আপনারা কি দয়া করে ভেবেছেন, ঠাকুরদাস সুরেখার মতন এত বড় ফাউন্ড্রি সেটাও উঠে গেল কেন? আপনারা কি ভেবেছেন? কেন ভাবছেন না? ভাতে আপনাদের দ্বিধাবোধ হয়? এটা ভাবলে আপনাদের মুখোস খুলে যাবে। কেন আপনাদের আমলে এই কল-কারখানাগুলি বন্ধ হয়ে গিয়েছিল? কেন রাধেশ্যাম কটন মিল বন্ধ হয়ে গিয়েছিল, কেন উঠে গেল? আপনারা কোনও ব্যবস্থা করলেন না কেন? আজকে আমাদের বামফ্রন্ট সরকারের বাণিজ্যমন্ত্রী তিনি অন্তত রুগ্ন শিল্পকে খুলে চালু করেছেন, বেকার সমস্যার কিছুটা সমাধান করেছেন। এরজন্য আমাদের ধন্যবাদ জানানো উচিত, অভিনন্দন জানানো উচিত। কয়েক বছর আগে বিগত কংগ্রেস সরকারের আমলে প্রাক্তন অর্থমন্ত্রী এবং বিধানসভার স্পিকার শ্রী শৈলকুমার মুখার্জি তিনি মারা গেছেন, তার সম্বন্ধে আমার বলার কিছু নেই, তার সময়ে হাওড়া আয়রন অ্যান্ড স্টিল যে কারখানাটি বেনারস রোডে ছিল সেই কারখানাটি ডকে উঠে গেল, শ্রমিকদের পয়সা চলে গেল, তারা পয়সা পেল না। এরজন্য কি বামফ্রন্ট

সরকার দায়ী? কেন্দ্রীয় সরকারের নীতিই দায়ী! সেইজন্য আমি বলছি, কৃষি বিপ্লব হলেই বেকার সমস্যার সমাধান হয় না। একদিকে কলকারখানা খুলতে হবে, অন্যদিকে বেকার সমস্যার সমাধান করতে হবে। যেমন, অন্য দেশে পুঁজিপতিরা পুঁজিকে শক্তিশালী করার জন্য ক্যাপিটালিস্ট সোসাইটিকে স্ট্রেনদেন করার জন্য এই রকম করেন। একদিকে কৃষি ব্যবস্থাকে বাড়ান অন্যদিকে কলকারখানা খুলে মাল উৎপাদন করেন এবং সেই মাল বিক্রি করে এক্সপ্লয়েট করে বড় লোক হয়। সিনহাবাবু কি ভুলে গেছেন? কয়লার দাম, লোহার দাম, পিগ্ আয়রনের দাম, এই সমস্ত দামের জন্য মাল তৈরি করতে বেশি পয়সা লাগে আর ঐ মাল উত্তরপ্রদেশে যাবে, মহারাষ্ট্রে যাবে, গুজরাটে যাবে, বিহারে যাবে কম দামে কেন? এটার জন্য কে দায়ী? অতএব আমি বলব, পশ্চিমবঙ্গে কলকারখানার যাতে উন্নতি হয় তারজন্য আসুন আমরা একসঙ্গে মিলে কাজ করি। জনতা পার্টির সরকার কি করলেন না করলেন তা দেখার দরকার নেই কারণ তারা তো ছিলেন আড়াই বছর আর আপনার ৩০ বছর রাজত্বে থেকে কি করেছেন সেটা কি দয়া করে হিসাব দেবেন?

[5-50 — 6-00 p.m.]

মহারাষ্ট্র আজ কেন উন্নতি করে চলে গেল? আপনাদের এই বৈষম্যনীতির ফলে আজকের পশ্চিমবঙ্গের এই দশা। সেজন্য আজকে পশ্চিমবঙ্গের জনগণ আপনাদের ঐ দশা করেছে। ভেবে দেখুন আজকে কে দায়ী পশ্চিমবঙ্গের এই অবস্থার জন্য? লেফট ফ্রন্ট সরকার আসার পর আপনারা বলছেন যে বিদ্যুৎ নেই, বিদ্যুৎ নেই, বিদ্যুৎ নেই, কিন্তু এর জন্য কে দায়ী সেটাই আমি জিজ্ঞাসা করছি? বামফ্রন্ট সরকারের বাণিজ্যমন্ত্রী না আপনারা—কে দায়ী? আপনারা যখন সরকারের ছিলেন তখন বলেছিলেন একটা রুটি খেতে হবে মহারাষ্ট্র খাবে পাঁচটা রুটি আর পশ্চিমবঙ্গ খাবে একটা রুটি? এটা তো হতে পারে না। সিনহাবাবু অন্তত এখানে যেটা দরকার সেটা তো দিতে হবে, যা চাহিদা সেটা দিতে হবে। কংগ্রেস যা করেছে, ইন্দিরা কংগ্রেস যা করেছে তারই বিরুদ্ধে আমাদের সংগ্রাম, পশ্চিমবঙ্গের জনগণ সেজন্য তৈরি হচ্ছে। আজকে আপনারা এখন পাঁচ জন এখানে রয়েছেন কিন্তু কালকে পশ্চিমবঙ্গের জনগণ কোথায় নিয়ে গিয়ে ফেলবে আপনারা জানতেও পারবেন না। তখন অদ্ভুত ব্যবস্থা হবে। এজন্য আমি আপনারদের কে কিছু বলতে চাই না, আপনারা ভাটা দেখবেন। এ পর্যন্ত কাদের আমলে ১০টি চটকল খুলল বার্নপুরের ১৫টি কারখানা যে বন্ধ হয়েছিল কাদের জন্য, লেফট ফ্রন্টের জন্য? যত দোষ নন্দ ঘোষ? আপনারা কোনও দোষ করেন নি? সব কংগ্রেস করেছে, হলদিয়া কংগ্রেস করল, দুর্গাপুর কংগ্রেস করল? মিঃ ডেপুটি স্পিকার স্যার, ছোটবেলায় আমরা একরকম সিনেমা দেখতাম, তাতে বলত লন্ডনের স্কুল দেখ, কালীঘাটের কালীমাতা দেখ, তাজমহল দেখ—আমি তাই কংগ্রেস বন্ধুদের বলতে চাই যে ওরা সেই রকম সব বলছেন দেখ, ভাকরা নাঙ্গাল দেখ, দুর্গাপুর দেখ, ভিলাই দেখ, তা সবই যদি আপনারা করেছেন তো দেশে বেকার এত বাড়ল কেন? উত্তর দিতে পারবেন না। আপনাদের নীতির জন্য এই বেকারি বেড়েছে। পুঁজিপতিদের ঐ টাটা, বিড়লাদের আপনারা দেখেছেন, গরিব মানুষদের দিকে তাকাননি, তাতেই এই বেকারি অবস্থা। ঐ দুর্গাপুর, ভিলাই দেখিয়ে কিছু হবে না, ওতে আপনারা ট্যাক্স পেয়েছেন। কাঁচামালের জন্য ছোট শিল্প এখানে মরতে বসেছে এটা আপনাদের অনেকেই স্বীকার করেছেন। দেখে আসুন বেলিলিয়াস রোড, বেনারস রোড ওখানকার

সব কারখানার অবস্থা, তার পর দাম্রী করবেন গালাগালি দেবেন বামফ্রন্ট সরকারকে ৩০ বছর ধরে পশ্চিমবঙ্গের এই অবস্থা করেছেন বামফ্রন্ট সরকার? ৩০ সাল মে দেশে আইন শৃঙ্খলা নাই, কিছু নাই—হায়রে বাবা বড় দরদ।

मैं कहना चाहूँगा कि आपलोगो ने ३० साल मे यहाँ कुछ नही किया है। फिर भी मैं आपलोगो से एक वात कहना चाहूँगा कि अगर आपलोगो को मही माने में मगर वी वंगाल से मुहव्वत है, यह की धन-सम्पत्ति को वढाने मे मुहव्वत है। सब कुछ करने की एच्छा है तो पार्टिवाजी छोड़कर के आइन शृखला नही है, विधुत नही है, ये सब वातें छोड़कर के आए हम एक साथ वढे, हम एक साथ लड़े, हम एक साथ मिलकर तयेर कारखाने खुलवायो। दिल्लि मे पैसा लायो। अगर दिल्ली पैसा नही देगा तो कारखानें कैसे खुलाये। वेकारी कहाँ से दुर होगी। দেশে আইন শৃঙ্খলা কিছু নাই—হায়রে বাবা বড় দরদ

एतनी वेकारी आपलोगो को वढ़ाने की जरूरत नही थी। फिर आज एतना दर्द क्यों हो गया है? जितना दोष नन्दे घोष। वेकारी दुर करने के लिए तैयर कारखाने खुलवानें होगे। किसानीं की हालत को वदल ना होगा। उनकी उन्नती करनी होगी। इन दोनो का जीवन से सम्पर्क है। अगर मिल नही चलेगा, पावरलुम नही चलेगा, मिल नहीं चलेगा, लोहे के कारखाने नही चलेगी, ढलाई के कारखानें नही चलेगी तो तवाही मच जायगी। अगर चलते है और लोगों के पास पैसे नही है थी कारखाने के सामान को कौन खरीदेगी। कपड़े की जरूरत है, मगर पैसा नही है तो कैसे खरीदा जायगी। पैसे नही होने से जरूरत की चीजें नही खरीदी जा सकती है। जुते की जरूरत है, हम पैसे के अभाव में जूते नही खरीद पाते। जब प्रोडाकशन होगा ती उसकी विड़ी के लिए उसे वाजार ले जाना पड़ेगा। ती वाजर मे ले जाने को लिए रुपया चाहिए। हिन्दुस्थान के ७५ प्रतिशत लोग गाँवी मे रहते है। उनके पास सामान खरीद ने की ताकत नही है। आपलोग इमान से की लिए कि वाये वाजुकी सरकार ने यहाँ के किसानो की हालत की नहीँ सुधादी है। मै दावे के साथ कहूँगा कि यहाँ के किसानो की हालत सुधरी है। हमारे अतीश वावु मुर्शीदवाद के रहने वाले हैं। मुर्शीदावाद के एक किसान की वीवी कहती है कि एवार आमी किछु धान पयेंची। ये काम क्यो वाजुकी सरकार की वजह से हुआ। वाये वाजुकी सरकार की मुहव्वत मे हुआ। किसान रमनी कहती है कि ये वार भायेर दयाते धान पावा गियाचे। तुमी इकटा भालो साड़ी किने दावा आमि से साड़ी पहने भायेर वाड़ी जावो।

विधानसभा में वैठकर सिन्हा वावु की गम्भीर वातें सुनी जा सकती है मगर

आप गाँवों में आज किसान की भलाइ के लिए कुछ नही कर सक्तते है। वायें वाजुकी सरकार के जमाने में मुर्शिदावाद की इक रमनी स्वामी मे कहती हे कि एकटो भालो कापड़ किनें आनवे। किमानों को आपलोगों ने कुछ नही दिया है। हमारे वायें वाजुकी सरकार ने दिया है। एसके लिए मैं सरकार को अभिनन्दन करता हुँ। साथ ही साथ मैं वानिज्य मंत्री महोदय को कहुँगा कि आप हिम्मत करके आगे वढ़ने जाइये।

जवनेवाले जाला करेंगे
हम आगे वढ़ा करेंगे

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য বক্তৃতা দেবার সময় এত চিৎকার করেছেন যে উপরের দিকে চেয়ে দেখুন বিধানসভা ক্র্যাক হয়ে গেছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** বিধানসভা অনেকদিন ক্র্যাক হয়ে গেছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** অন এ পয়েন্ট অব ইনফরমেশন, স্যার, আপনি হয়তো জানেন না যে সত্য বাপুলি মহশয়ের মাথায় অনেক ক্র্যাক অনেকদিন আগেই হয়ে গেছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ওর চেয়ে আমার মাথায় চুল অনেক বেশি। সেজন্য বলছি ওর মাথা অনেকদিন আগেই ক্র্যাক হয়ে গেছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এবার আপনারা দুজনেই বসুন।

[6-00 — 6-10 p.m.]

**শ্রী তিমির ভাদুড়ী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, যে বাজেট এখানে রাখা হয়েছে তাকে ব্যক্তিগত ভাবে সমর্থন করছি এবং সেই সঙ্গে যে জেলা থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি সেই জেলার প্রত্যেকটি নাগরিক এর সমর্থন এই বাজেটের পেছনে আছে। বেলডাঙ্গায় একটা চিনির কল ছিল, সেই চিনির কলটি চালু করার জন্য আগেকার সরকার পক্ষে থেকে ৩২ বছর ধরে কোনও প্রচেষ্টা হয়নি। উপরন্তু মানুষকে নানাভাবে ভাঁওতা দেওয়া হয়েছে। আমার ডানপাশে যারা আছেন জনতা এবং কংগ্রেসের ভেতরে একটা লোককে খুঁজে পাওয়া গেল তিনি হচ্ছেন শ্রী জন্মেজয় ওঝা। আমি ওঝা মহাশয়কে অনুরোধ করব যে দিল্লিতে যিনি মা চন্ডী আছেন তার বিষ তিনি একবার ঝাড়ুন এবং পশ্চিমবঙ্গ থেকে তাকে সরিয়ে দিন। অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় সীমিত ক্ষমতার বলেছেন। আমি আগে বারবার বলেছি যে ভারত সরকার আমাদের প্রতি শুধু যে বিমাতৃসুলভ আচরণ করছেন তা নয়, অত্যন্ত হীন মনোবৃত্তি নিয়ে পশ্চিমবাংলার অর্থনৈতিক বুনিয়াদকে ভেঙ্গে দিয়ে গুজরাট, মহারাষ্ট্র এবং অন্যান্য জায়গায় শিল্পের বিকাশ করাচ্ছেন। আমাদের নিজস্ব সোর্স অত্যন্ত কম বলে বৃহৎ শিল্প তৈরি করতে যে টাকার দরকার হয় তা আমাদের নেই। পঞ্চম এবং ষষ্ঠ যোজনা কমিশনের রিপোর্ট থেকে দেখতে পাই পশ্চিমবাংলার ক্ষেত্রে বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে।

সেজন্য সে বিষ ঝাড়ার জন্য ওঝা মহাশয়কে অনুরোধ করব তিনি দিল্লি গিয়ে সেই বিষ ঝেড়ে দিয়ে আসুন। অতীশ বাবুরা যখন মন্ত্রী ছিলেন তখন ১৯৭২ সালে মুর্শিদাবাদে তারা একটা ক্যাবিনেট মিটিং করে প্রচার করেছিলেন যে বেলডাঙ্গার চিনি কল তারা চালু করবেন। অতীশবাবুর দলের লোক কুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয়ের সঙ্গে আমি একবার সিদ্ধার্থবাবুর কাছে গিয়েছিলাম তখন তিনি আমাদের বলেছিলেন যে, এব্যাপারে আইনগত অনেক বাধা আছে। রামনগরে একটা মিল আছে তাদের মালিক কেডিয়ার সঙ্গে রাত্রির বেলা নাকি কোনও কোনও মন্ত্রীর সঙ্গে দেখা করে ঠিক হয়ে গেল যে ওখানে আর ওটা চালু করা যাবে না। কানাইবাবু বেলডাঙ্গায় গিয়ে চিনি কল পরিদর্শন করে হাউসে প্রতিশ্রুতি দিলেন যে এই চিনি-কল খুলতে সরকারের একটু অসুবিধা আছে। তবে চিনি-কল সরকার খুলবেনই। এই চিনি কল খুলতে আমাদের অর্থনীতির কথা চিন্তা করতে হবে। আমরা হচ্ছি মেথর ওদের গলিত শব ধোয়ার জন্য আমরা এখান এসেছি। ওরা সমস্ত জায়গায় গলিত শব রেখে দিয়ে গেছেন আমাদের সরকার সেসব পরিষ্কার করছেন বলে সময় লাগছে। ৩২ বছর ধরে তারা নোংরা করে গেছে সেসব আমাদের পরিষ্কার করতে হচ্ছে। গ্রামের বাড়ির পেছনে কেউ যদি প্রস্রাব করে তাহলে তার ছিটে পড়লে পোকা কিলবিল করে ওঠে। ওদেরও সেইরকম অবস্থা হচ্ছে। কমলবাবু গতকাল বলেছেন পশ্চিমবাংলার পাট চাষীরা মার খাচ্ছে বলে তারা পাট চাষ বন্ধ করে দেবার কথা ভাবছেন এবং অন্যান্য খাদ্যশস্য থেকে যাতে সে লাভ করতে পারে সেই চেষ্টায় আছে। আমরা দেখছি পলাশিতে একটা সুগারমিল ছিল এবং আমেদপুরে একটা মিল আছে। সুতরাং এই পাট চাষীরা বিকল্প ব্যবস্থা হিসাবে যদি আখ চাষ করে তাহলে কিছুটা লাভবান হবেন। আজকে দিল্লির পার্লামেন্টে গেলে দেখতে পাওয়া যাবে সুগার লবির লোক দিল্লি গভর্নমেন্টকে ক্যাপচার করে রেখেছে। সেই শারদ পাওয়ার থেকে আরম্ভ করে, পাতিল থেকে আরম্ভ করে বা চ্যবন থেকে আরম্ভ করে সব সুগার লবির লোক সেখানে বসে আছে। তারা ভারতবর্ষের অন্য কোথাও চাইলেও পশ্চিমবঙ্গে কোনও ভেষজ শিল্প গড়ে উঠুক তা চায় না। এখানে কোনও রাসায়নিক শিল্প বা সার জাত কোনও শিল্প গড়ে উঠুক, তা চায় না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনিও আমার সঙ্গে একমত হবেন যে, আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এই বাংলাদেশের ও পশ্চিমবঙ্গে যে ভেষজ শিল্প গড়ে তুলেছিলেন এবং তা সারা ভারতবর্ষে কিভাবে ক্যাপচার করে থাকলেও আজকে কিন্তু সেই ভেষজ শিল্প চারিদিকে থেকে মার খাচ্ছে। আজকে এটা একটা কৃতিত্বের বিষয় যে, এই শিল্প যে জায়গায় গড়ে উঠেছিল তা হল, পশ্চিমবঙ্গ। এখানে ইস্টার্ন ডিস্ট্রিবিউটিং ফ্যাক্টরি গড়ে উঠেছিল। এবং এই ফ্যাক্টরি আজকে লাভের মুখ দেখতে পাচ্ছে। কিন্তু এই শিল্পের র-ম্যাটেরিয়াল হচ্ছে মোলাসেস। এই মোলাসেস আমাদের বাইরে থেকে আমদানি করতে হয়। এর দাম হিসাব করে দেখলে দেখা যাবে যে, যার দাম টন প্রতি ৬০ টাকা হয়, সেটা ক্যারিং কস্টের দরুন টন প্রতি পড়ে যাচ্ছে ৩২০-৩৪০ টাকা। এর ফলে এই মোলাসেস থেকে যখন বাই প্রোডাক্টস তৈরি করতে যাওয়া হয় তখন দেখা যায় গুজরাট, মহারাষ্ট্রের সঙ্গে কমপিটিশনের দাঁড়াতে পারছে না পশ্চিমবাংলা। যার ফলে আজকে ক্যালকাটা কেমিক্যালস বন্ধ, বেঙ্গল কেমিক্যাল এবং বেঙ্গল ইমিউনিটি কোথাও ক্লোজার, কোথাও লক-আউট হচ্ছে। আজকে দুর্ভাগ্যের বিষয় যে, অতীশ বাবুর মুখ দিয়ে এই কথা বেরুল যে, বাঙালিদের মধ্যে বা বাঙালি ছেলেদের মধ্যে কোথাও কোনও উদ্যোগ নেওয়ার প্রচেষ্টা নেই। একথা শুনলে আজকে দুঃখ হয়, অতীশবাবুকে পুরানো

ইতিহাস দেখতে বলি। বাঙালি ছেলেরা একদিন উদ্যোগ নিয়েছিলেন, কিন্তু ভারতবর্ষে নিজেদের দলবাজির জন্য, মহামান্য ইন্দিরা গান্ধীর পক্ষ থেকে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে ভেঙে দেবার জন্য তারা সব রকমের প্রচেষ্টা গ্রহণ করে চলেছেন। রিফিউজিদের ক্ষেত্রে আমরা দেখতে পাই, সমগ্র ইস্টার্ন রিফিউজিদের জন্য কত টাকা দেওয়া হয়েছে, আর ইস্টার্ন রিফিউজিদের জন্যই বা কত টাকা দেওয়া হয়েছে। সেখানে হাজার হাজার টাকা দেওয়া হয়েছে। ১৯৭২-৭৭ সালের মধ্যে ৯ কোটি টাকা খরচ করে সেখানে রিফিউজি মার্কেট করে দিয়েছেন ইন্দিরা গান্ধীর সরকার। আমাদের এখানেও রিফিউজি ভাই-বোনেরা আছেন, তারা সে সমস্ত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হয়েছেন। আমাদের এখানে নতুন শিল্প খোলা যেতে পারে, সেটি হল চিনি শিল্প। সেই চিনি শিল্পের সমস্ত যন্ত্রাংশই ভারতে তৈরি হয়ে থাকে। এই যন্ত্রাংশ দিয়ে রাজস্থান, বিহার, উত্তরপ্রদেশে যে সমস্ত চিনি শিল্প খোলা হয়েছে, তার গড় উৎপাদন হল ৭২ ভাগ। আমাদের এখানে সমগ্র ভারতবর্ষের গড় উৎপাদনের মাত্র দু শতাংশ উৎপাদন হয়। আমাদের এখানে দুটি মিল আছে—একটি ব্যক্তিগত মালিকানায় অপরটি রাষ্ট্রীয় উদ্যোগে। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের মানুষ চিনি কনজিউম করে বেশি, অথচ আমাদের এখানে পশ্চিমবঙ্গ সরকারের হাতে আছে মাত্র একটি মিল। আখের সূক্ষ্ম রস অন্যান্য প্রদেশের আখের চাইতে এখানে অনেক বেশি পাওয়া যায়, অথচ এখানে কোনও চিনি শিল্প গড়ে উঠছে না, কেউ সাড়া দিচ্ছে না এ ব্যাপারে। আমাদের খুঁজে বার করতে হবে কোন মানুষগুলো এ ব্যাপারে সাড়া দিচ্ছে না, তাদের বিরুদ্ধে আমাদের সকলকে সক্রিয় ভাবে ব্যবস্থা নিতে হবে। এ ব্যাপারে প্রয়োজন হলে আমরা পাটের চাষ বন্ধ করে দেব, সঙ্গে সঙ্গে পাটের বিকল্প হিসাবে চিনি শিল্পকে বা ইক্ষু শিল্পকে গড়ে তোলবার জন্য প্রচেষ্টা গ্রহণ করব—এদিকে আমাদের বিশেষ দৃষ্টি রাখতে হবে। আমেদপুরে একটা মিল আছে, তার ডেভেলপমেন্টের জন্য কোনও পরিকল্পনা ইতিপূর্বে নেওয়া হয়নি, আখের চাষের ব্যাপারেও কোনও উদ্যোগ অনুরূপ ভাবে গ্রহণ করা হয়নি। বামফ্রন্ট সরকার গত দু বছর ধরে এই প্রচেষ্টা নিয়েছেন। ইক্ষু চাষ যাতে সেখানে বৃদ্ধি পেতে পারে, সেজন্য শুধু কানাই বাবুর উপর নির্ভর করলে আমাদের চলবে না। তার সঙ্গে সেখানে কৃষির উপযোগী সেচ, জমির উন্নতি প্রভৃতির দিকে আমাদের দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে। অর্থাৎ এন্টায়ার ডেভেলপমেন্টের দিকে আমাদের চেষ্টা নিতে হবে। এ ব্যাপারে বীরভূমের উপরেও আমাদের নজর দিতে হবে। অতীশবাবুরা যখন সরকারে ছিলেন, তখন যুগযুগজিও, যুগযুগজিও ধ্বনি দেওয়া লোকের সংখ্যা বাড়াবার জন্য ইন্দিরা গান্ধী থেকে আরম্ভ করে সেখানে ৫-৬ শত নিজের লোককে ঢুকিয়ে গেছেন। অর্থাৎ সুনীতি বাবু, অতীশবাবুরা সেখানে মস্তান বাহিনীর লোকদের রেখে গেছেন কেবলমাত্র তাদের যুগযুগজিও যুগযুগজিও ধ্বনিতে মুখরিত করবার জন্য, আর আজকে তারাই সেই বোঝাকে আমাদের উপরে চাপাতে চাইছেন। আমাদের সরকার চেষ্টা করছেন, যাতে ঐ অতিরিক্ত বোঝা, শ্রমিকের খানিকটা কি করে লাঘব করা যায়। এটাও তো একটা পদক্ষেপ। এই পদক্ষেপ নেবার সঙ্গে সঙ্গে আমি অনুরোধ করব, সেখানে যে সমস্যা পুরানো ব্যবস্থা আছে, শিল্পের ক্ষেত্রে যে সমস্ত পুরানো যন্ত্রপাতি আছে, সেগুলিকে মডার্নাইজ করার প্রচেষ্টা শিল্পমন্ত্রী কানাইবাবু যেন গ্রহণ করেন সেখানে যে সমস্ত ৪-৫-৬ শত শ্রমিক কাজ করেন, তারা যাতে আধুনিকতম যন্ত্রে কাজ করতে পারেন তার প্রচেষ্টা গ্রহণ করেন। কারণ এর ফলে শ্রমিকের বর্ধিত সংখ্যা হ্রাস করা সম্ভব হবে। বেলডাঙ্গায় মিলটিকে নেবার জন্য

অনুরাধ করতে চাই।

[6-10 — 6-20 p.m.]

কি কারণে এত দেরি? এর ভেতরে একটা আমলাতান্ত্রিক কায়দা আছে। আমরা সকলেই একমত যে আমলাতন্ত্র এখনও আছে বলে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সমস্ত মন্ত্ররাই বলছেন যে আমলাতন্ত্রের জন্য সমস্ত কিছুতে ব্যাঘাত হচ্ছে। একে ভাঙ্গার জন্য আমাদের আন্দোলন করতে হবে। কিন্তু দু আড়াই বছর তো হয়ে গেল অথচ এই দিকে একটা টিম একটা রিপোর্ট দিয়েছেন যে এটা ভায়বেল হতে পারে। সরকারের যে উপদেষ্টা কমিটি আছে ডাক্তার দীনবন্ধু ব্যানার্জির নেতৃত্বে তারা তাদের রিপোর্ট বলেছেন যে এটা নেওয়া উচিত এবং এরজন্য বেলডাঙ্গায় মিলকে গ্রহণ করলে অনেক উপকার হবে। অর্থাৎ বেলডাঙ্গায় চিনি শিল্প করলে ১ হাজার বেকারের স্থায়ী চাকরি হবে। শুধু তাই নয় একটা চিনি শিল্পের জন্য ৫-৬ হাজার লোকের চাকরি হবে। এই দিকে দৃষ্টি রেখে মন্ত্রী মহাশয় কে অনুরোধ করব আপনি দৃঢ় পদক্ষেপ নিয়ে এই ব্যবস্থা গ্রহণ করুন। আমলাতন্ত্রের একটা গ্রুপ আছে, তারা যে চক্রান্ত করছে তাকে ভেঙ্গে বেলডাঙ্গায় চিনি শিল্প যদি উন্নতি করতে পারা যায় তাহলে পশ্চিমবাংলায় অর্থনৈতিক সমৃদ্ধি হয়। পাটের পরিবর্তে আখ চাষ করে অনেক চাষী কিছু পয়সাও পেতে প্পারবেন। চিনি জাত শিল্প, ভেষজ শিল্প, রাসায়নিক শিল্পের যাতে সর্বদিকে দিয়ে সমৃদ্ধি লাভ করতে পারে সেই দিকে আপনি দৃষ্টি রাখবেন। এই কাজ ইন্দিরা গান্ধীর দয়ায় নয় আমাদের পশ্চিমবাংলার অর্থনৈতিক স্বার্থে বামফ্রন্ট সরকারকে গড়ে তুলতে হবে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

[6-20 — 6-30 p.m.]

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি শিল্প, বাণিজ্য বিভাগ বন্ধ এবং রুগ্ন শিল্প খাতে ঋণ এবং মূলধনী ব্যয় এবং সরকারি পরিচালন সংস্থার হাতে ঋণ এবং মূলধনী ব্যয় সবসমেত ৬২ কোটি ৫৩ লক্ষ ৪৪ হাজার টাকা বরাদ্দের জন্য আমাদের কাছে উপস্থিত করা হয়েছে। কিন্তু এখানে দেখতে পাচ্ছি যে রুগ্ন ও বন্ধ শিল্পের জন্য মাত্র ৭ কোটি টাকা দাবি করেছেন এবং সরকারি পরিচালিত শিল্প সংস্থার জন্য ২১ কোটি টাকা দাবি করছেন। আমি জানি না এই সামান্য টাকায় কি উন্নতি করবেন, পুনর্গঠন করবেন। পশ্চিমবাংলার শিল্পোন্নতির পক্ষে প্রতিবন্ধকতা কোথায় সৃষ্টি হচ্ছে সে সম্বন্ধে সে সম্বন্ধে আমি কিছু বলব। এই বিষয়ে আমি সম্পূর্ণরূপে পশ্চিমবঙ্গ সরকারকে দোষী করছি না। কিন্তু তাদের সীমিত ক্ষমতার মধ্যে যেটুকু করা দরকার ছিল তা তারা করতে পারেনি। পশ্চিমবাংলার অর্থনীতি অত্যন্ত ভয়াবহ। এই রাজ্যের শতকরা ৭৫ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল, ৭০ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নিচের বাস করছে এবং ২০-২২ লক্ষ শিক্ষিত বেকার চাকরির অভাবে যন্ত্রণা ভোগ করছেন। যে রাজ্যের কোটি কোটি মানুষ অর্ধবেকার সেই রাজ্যে কৃষির পরেই ক্ষুদ্র ও মাঝারি এবং বৃহৎশিল্প শহরে ও গ্রামে স্থাপন করার উপর গুরুত্ব আরোপ করা উচিত ছিল। কিন্তু এই সরকার তা করতে পারেননি।

আমার আর একটা বক্তব্য হচ্ছে পশ্চিমবাংলার গ্রাম এবং শহরকে একসঙ্গে শিল্পায়ন

করবার জন্য কুটির শিল্প বিভাগ, কৃষি বিভাগ, ক্ষুদ্র শিল্প এবং বৃহৎ শিল্প বিভাগকে একটা সমন্বয় কমিটির অধীনে এনে কৃষি ক্ষেত্রে শিল্পের জন্য কাঁচামাল উৎপাদন এবং কৃষির পরিপূরক হিসাবে কুটির শিল্পের প্রসার এবং কুটির শিল্প ও ক্ষুদ্র শিল্পকে বৃহৎ শিল্পের পরিপূরক হিসাবে প্রয়োগ করবার ব্যবস্থা সরকার করতে পারেননি। আমি এই বিষয় মন্ত্রী মহাশয়কে বিবেচনা করতে অনুরোধ করছি যে, এরকম একটা সমন্বয় সাধন করা যায় কিনা দেখুন। এবারে আমি পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে কিছু বলব। এই ব্যাপারে আমি বিশেষ করে হাওড়ার কথা বলব। হাওড়ার ইঞ্জিনিয়ারিং শিল্প ইংলন্ডের শেফিল্ড নামে অভিহিত হত। গঙ্গার দুধারে বহু শিল্প প্রতিষ্ঠান পশ্চিমবাংলার সম্পদ ছিল। হাওড়ার ইঞ্জিনিয়ারিং শিল্প একদিন দেশের সম্পদ বৃদ্ধি করেছিল এবং এদিক থেকে পশ্চিমবাংলা ছিল সারা ভারতবর্ষের মধ্যে অগ্রণী। কিন্তু এই সমস্ত শিল্প আজ কোনটা লুপ্ত হচ্ছে, কোনটা রুগ্ন হচ্ছে এবং তার কারণ হচ্ছে মূলধন, কাঁচামাল, বাজারের অভাব এবং প্রতিযোগিতার জন্য এই বিপর্যস্ত অবস্থা। আমি মনে করি এই সমস্ত জিনিস চিন্তা করে আমাদের শিল্পনীতি গ্রহণ করা উচিত ছিল। কিন্তু সরকার এই ব্যাপারে কিছুই করেননি। আমরা জানি কয়েকজন বৃহৎ শিল্পপতি পশ্চিমবাংলার শিল্প কুক্ষিগত করে রেখেছে। পুঁজিপতিদের ধনলিপ্সার বিষময় ফল হচ্ছে বঞ্চনা, শোষণ এবং মুনাফাবাজি। পুঁজিবাদি কুক্ষিগত কংগ্রেস আমলে পশ্চিমবাংলার সাধারণ মানুষের সম্পদ বৃদ্ধি আমরা আশা করতে পারিনি। কিন্তু বামফ্রন্ট সরকারও দেখছি এই বিষয়ে অগ্রসর হতে পারেনি। সারা দেশের অর্থনৈতিক চিত্র পর্যালোচনা করলে দেখতে পাব বিড়লা, টাটা মফৎলাল, সিংহানিয়া প্রভৃতিদের সম্পদ অব্যাহত গতিতে বেড়ে চলেছে। গত ২৬শে ফেব্রুয়ারি লোকসভায় যে তথ্য প্রকাশিত হয়েছে তাতে দেখতে পাচ্ছি বিলড়া, টাটা, মফৎলাল, সিংহানিয়া এবং এরকম আরও ৮২টি সংস্থা তাদের সম্পদ অব্যাহত গতিতে বৃদ্ধি করে চলেছে। বিড়লা পশ্চিমবাংলার সমস্ত সম্পদ কুক্ষিগত করেছে এবং আমি দেখাব গত ৬ বছরের মধ্যে বিড়লা কিভাবে তার সম্পদ বৃদ্ধি করেছে। বিড়লার সম্পত্তির পরিমাণ ১৯৭২ সালে ছিল ৫৮৯ কোটি টাকা এবং ১৯৭৮ সালে সেটা হয়েছে ১৯৭১ কোটি টাকা। টাটার সম্পত্তির পরিমাণ ছিল ১৯৭২ সালে ৬৪১ কোটি টাকা এবং ১৯৭৮ সালে সেটা হয়েছে ১১০২ কোটি টাকা। মফতলাল ১৯৭২ সালে ছিল ১৮৩.৭৪ কোটি টাকা এবং ১৯৭৮ সালে সেটা হয়েছে ৩১৭ কোটি টাকা। থাপারের সম্পত্তির পরিমাণ ছিল ১৯৭২ সালে ১৩৬ কোটি টাকা এবং ১৯৭৮ সালে সেটা হয়েছে ২৯৯ কোটি টাকা। সিংহানিয়া ১৯৭২ সালে ছিল ১২১ কোটি ৪৫ লক্ষ টাকা এবং ১৯৭৮ সালে সেটা এসে দাঁড়িয়েছে ২৯৯ কোটি টাকায়। শুধু এরাই নয়, আই সি আই কি সাংঘাতিক মুনাফা করেছে সেটা একবার দেখুন। ১৯৭২ সালে তাদের সম্পত্তির পরিমাণ ছিল মাত্র ১৩ কোটি টাকা, কিন্তু এই ৬ বছরের মধ্যে তারা তাদের সম্পত্তির পরিমাণ বাড়িয়ে ২২৮ কোটি টাকা ৭৩ লক্ষ টাকায় এনে দাঁড় করিয়েছে। এরা আমাদের এখানেও প্রভাব খাটাচ্ছে। আমার বক্তব্য হচ্ছে এদের প্রতি বামফ্রন্ট সরকারেরও সহানুভূতি আছে, কিনা সেটা দেখতে হবে। মাননীয় সদস্য জন্মেজয় ওঝা মহাশয় বলেছেন, এই সমস্ত পুঁজিপতিদের বিরুদ্ধে আপনারা কিছু বলেন না। আমাদের লোকসভায় রিপোর্ট হচ্ছে, ভারতবর্ষের ৫৫ কোটি মানুষের আয় মাসিক ৪০ টাকার নিচে এবং এখন টাকার মূল্য নাকি ২২ পয়সায় এসে দাঁড়িয়েছে। এটা আমি লোকসভায় রিপোর্ট থেকে বলছি। আজকে এক টাকা মূল্য ২২ পয়সায় গিয়ে দাঁড়িয়েছে। তাহলে সাধারণ

মানুষের অবস্থা কি হবে? কোটি কোটি টাকার মূলধন যদি কুক্ষিগত হয়ে থাকে তাহলে শিল্পের অবস্থা কি হবে সেটা চিন্তা করতে হবে। তা ছাড়া কেন্দ্রের সঙ্গে রাজ্যের এই রাজ্যের কি সম্পর্ক তা আমরা জানি এবং আমরা এও জানি তাদের প্রাইস পলিসি, কাঁচা মালের কোটা কমিয়ে দেওয়ার ব্যাপার। আজকে কাঁচা মালের অভাবে কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। কিংবা তাদের লাইসেন্স পলিসি যে আছে তা আমি স্বীকার করে নিলাম। কিন্তু সীমিত ক্ষমতার মধ্যে থেকেও কুটির শিল্পের যে অগ্রগতি হওয়া উচিত ছিল এই তিন বছরে আপনারা তা করতে পারেননি। এই হচ্ছে আমার অভিযোগ। অবশ্য মন্ত্রী মহাশয় বলবেন আমরা কেন্দ্রীয় সরকারের থেকে ঠিক সময়ে লাইসেন্স পাচ্ছি না মূলধন পাচ্ছি না। কিন্তু যেটুকু তাদের ক্ষমতা আছে তার মধ্যে থেকে আপনারা চেষ্টা করেছিলেন কি? গত বছর যেসব পরিকল্পনা নিয়েছিলেন আপনাদের অক্ষমতায় আপনারা তা করতে পারেননি। আমরা দেখতে পাচ্ছি যেসব কাজ হাতে নিয়েছিলেন আপনাদের পরিচালিত সংস্থা সেখানে কেন লোকসান দিতে হচ্ছে। এ সম্বন্ধে আমি আলোচনা করেছিলাম এবং অধিকাংশ ক্ষেত্রে লোকসান হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি কলকাতা স্টেট ট্রান্সপোর্টে ১৪ কোটি ১২ লক্ষ ৩৬ হাজার টাকা, উত্তরবঙ্গ স্টেট বাসে ৩ কোটি ১২ লক্ষ ৭৫ হাজার টাকা ট্রামে ৪ কোটি ৬৮ লক্ষ ১৯ হাজার টাকা দুগ্ধ প্রকল্পে ৪ কোটি ৩ লক্ষ ৭১ হাজার টাকা ওরিয়েন্টাল গ্যাসে ১ কোটি ১৪ লক্ষ ২৩ হাজার টাকা লোকসান হচ্ছে। এছাড়া বেলডাঙ্গা সুগার মিলে কল্যাণী স্পিনিং মিলে আমেদপুর সুগার মিলে এবং এরূপ আরও অনেক প্রতিষ্ঠানে লোকসান হচ্ছে। বেলডাঙ্গা সম্বন্ধে তিমিরবাবু অনেক কথা বলে গেলেন। কিন্তু কয়েক বছর এই অবস্থায় চলছে। আর আমেদপুর সুগার মিল সম্বন্ধে কয়েক বছর ধরে শুনে আসছি সেই একই কথা লোকসান আর লোকসান। কেন এই জিনিস হচ্ছে? কেন তার উন্নতি করা যাচ্ছে না? এই কল্যাণী স্পিনিং মিলের উপর লক্ষ লক্ষ তাঁতী নির্ভর করে। কিন্তু তারা ঠিকভাবে সূতা সরবরাহ করতে পারে না। আজকে যদি ঐ লক্ষ লক্ষ তাঁতীকে যদি বাঁচাতে চান তাহলে ঐ রকম আরও কয়েকটি মিল যাতে হয় এবং ঠিকভাবে সূতা সরবরাহ হয় তার চেষ্টা করতে হবে। আজকে মাদ্রাজে কি হয়েছে? সেখানে তাঁত শিল্প একেবারে ছেয়ে গেছে। সেখানে গভর্নমেন্ট থেকে সূতা সরবরাহের ব্যবস্থা হচ্ছে যাতে ব্যাপকভাবে সূতা সরবরাহ করা হয়। আমরা শুধু ঐ কল্যাণী স্পিনিং মিলের উপর নির্ভর করে বসে আছি। সেখানে আগাম টাকা জমা দিয়েও সূতা পাওয়া যায় না। তার বন্ধ কারখানা সম্বন্ধে কিছু বলতে চাই। ২০০টি কারখানা বন্ধ হয়েছিল তার মধ্যে ৯৭টি স্থায়ীভাবে বন্ধ হয়েছে কিন্তু পাওয়া যায় না শ্রমিকদের মধ্যে অসন্তোষ নানা রকম কারণে বন্ধ হয়ে যাচ্ছে তাহলে শিল্পায়ন কি করে হবে?

হ্যাঁ, একথা ঠিক আপনারা কিছু কিছু কাজ করেছেন এবং তারজন্য আপনাদের ধন্যবাদ দিচ্ছি। কিন্তু যে কারখানাগুলি রয়েছে সেখানে অগ্রগতি হওয়া তো দূরের কথা, সেগুলি বন্ধ হয়ে যাচ্ছে। এটা কি রকম কথা? আমি মনে করি যতক্ষণ পর্যন্ত আপনারা এই শিল্প ক্ষেত্রে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে না পারছেন ততক্ষণ পর্যন্ত শিল্পের উন্নতি হবে না। তারপর, আপনারা বলেছেন রুগ্ন শিল্পের উন্নতি করবেন এবং তার সংখ্যা হচ্ছে ৫১টি। কিন্তু সেখানেও তো দেখছি আপনারা লোকসান দিচ্ছেন না। আপনাদের প্রশাসনে যে অব্যবস্থা রয়েছে সেগুলি যদি দূর করতে না পারেন তাহলে আপনাদের টাকা দিলেও আপনারা উন্নতি করতে পারবেন

না। শিল্পের প্রসার সম্বন্ধে আপনারা অনেক কথা বলেছেন। বিভিন্ন জায়গায় ইন্ডাস্ট্রি গ্রোথ সেন্টার, ইন্ডাস্ট্রিয়াল ইউনিট করছেন ইত্যাদি সব ভাল ভাল নাম বলেছেন। আপনারা মেদিনীপুরে করেছেন হলদিয়ায় করছেন, বাঁকুড়ায় করছেন, বিষ্ণুপুরে করছেন—ভাল কথা। কিন্তু মেদিনীপুরে যে স্কুটার কারখানাটি ছিল, যেখানে ৩০ হাজার স্কুটার তৈরি হবার কথা, সেখান ৩ হাজার স্কুটার তৈরি হয়েছে কিনা আমি জানি না। এখন তো শুনছি সেই কারখানা বন্ধ হবার মতো অবস্থা। খড়গপুরে ইঞ্জিনিয়ারিং কারখানা আপনারা করতে পারলেন না। এই অবস্থা হলে আপনারা কি করে শিল্পের প্রসার করবেন? ঘাটালে শিল্প করবেন বলেছেন, পুরুলিয়া এবং বাঁকুড়া উপেক্ষিত অঞ্চল সেখানে আপনারা শিল্প করতে চেয়েছেন, কিন্তু বাস্তবে দেখছি কোথাও কিছু করতে পারেন নি। ভেষজ শিল্পের ক্ষেত্রে সিংকোনা আমাদের একটা ভাল জিনিস ছিল এবং সেই ইন্ডাস্ট্রি আমাদের গড়ে উঠতে পারত। আপনারা বেঙ্গল কেমিক্যাল নিলেন, বেঙ্গল ইমিউনিটি নিলেন এবং আমরা এই ব্যাপারে অনেক কিছু আশা করেছিলাম। আপনারা কারখানাগুলো নিচ্ছেন কিন্তু তার যে উন্নতি হচ্ছে না সেদিকে আপনারা লক্ষ্য করুন। বেঙ্গল কেমিক্যাল বলুন, বেঙ্গল ইমিউনিটি বলুন বা ভেষজ কারখানাই বলুন তার যদি উন্নতি না হয় তাহলে ফরেনের মাল যা আমাদের এখানে এসেছে বা আসবে তার সঙ্গে আমরা পারব না। হলদিয়ার পেট্রো কেমিক্যাল সম্বন্ধে অনেক মাননীয় সদস্য এখানে বক্তব্য রেখেছেন। আপনারা বলুন তো সেখানে আপনারা কি উন্নতি করেছেন? হলদিয়াতে যে ২১টি বেসরকারি শিল্প প্রতিষ্ঠান এসেছিল তারা কোনও সুযোগ সুবিধা পাচ্ছে না, বিদ্যুৎ পাচ্ছে না, ইউনিয়নের ঝগড়াঝাটি চলছে এবং তার ফলে তারা কিছুই করতে পারছে না। আপনারা বলেছেন হলদিয়া দেশের ভবিষ্যত, আমরাও সেটা স্বীকার করি। মন্ত্রী মহাশয় বোধহয় জানেন জনতা সরকারে সময় কেন্দ্রীয় শিল্পমন্ত্রী মিঃ বহুগুনা আপনাদের অনেক উৎসাহ দিয়েছিলেন।

[6-30 — 6-40 p.m.]

তবে একটা কথা বলব, শিল্পনীতি তারাই ভারতবর্ষে প্রথম বদলান। একদিকে গ্রামীণ শিল্প, কুটিরশিল্প অন্যদিকে বৃহৎশিল্প এই দুটি ভাগে তারা ভাগ করেন এবং বাজেটের অন্তত ৪০ ভাগ টাকা তারা ঠিক করেছিলেন গ্রামের জন্য খরচ হবে। তারা বললেন, প্রত্যেকটা ডিস্ট্রিক্টের জন্য ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল সেন্টার গঠন করতে হবে এবং গ্রামে শিল্প বিস্তারের ব্যবস্থা করতে হবে। তাই আমি বলব, জনতা পার্টির সরকার যদি কেন্দ্র থাকত তাহলে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কারখানার কাজ হয়ত আরও এগিয়ে যেতে পারত। এখানে অনেকে এ বিষয়ে অনেক সমালোচন করলেন তাই আমি এসব কথা বললাম, তা না হলে এসব কথার জবার দিতাম না। হলদিয়া পেট্রো-কেমিক্যালস এইভাবে পিছিয়ে যাচ্ছে। এরপর আমি ডি পি এল সম্বন্ধে কয়েকটি কথা বলব। স্যার, ডি পি এল-এর বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা একেবারে শোচনীয় অবস্থায় এসে দাঁড়িয়েছে। এখানে নানান গোলমালের জন্য বিদ্যুৎ উৎপাদন হচ্ছে না। স্যার, যে, বিদ্যুতের উপর আমাদের কৃষি এবং শিল্প সম্পূর্ণভাবে নির্ভরশীল সেই বিদ্যুতের ব্যাপারে দেখছি ডি পি এল শোচনীয় ব্যর্থতার পরিচয় দিচ্ছে। এ দিকে বিশেষভাবে নজর দেওয়া দরকার বলে আমি মনে করি। তারপর স্যার, যে সমস্ত জিনিসগুলি হতে পারে, কেন্দ্রীয় সরকার যেসব ব্যাপারে টাকা দিতে পারেন সেইসব জিনিসগুলিও হচ্ছে না। এই প্রসঙ্গে আমি নুনের কথা বলব। নুনের কথা বললেই আপনারা বলেন ঐ বলাইবাবু আবার

নুনের প্রসঙ্গ নিয়ে আসছেন কিন্তু আমি বলব, এই নুনের ব্যাপারে নজর দেওয়া দরকার। স্যার এই নুন আমাদের পশ্চিমবঙ্গের একটা প্রধান সম্পদ হতে পারে। এক ২৪ পরগনার ফ্রেজারগঞ্জ এলাকায় কিছুটা নুন হয় আর এই দীঘার সমুদ্র উপকূলে এই নুন হয়। স্যার, দীঘার সমুদ্র উপকূলে প্রায় ১০ হাজার একর জমিতে এই নুন হতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয় বেঙ্গল সল্ট কোম্পানিতে গিয়েছেন, আপনি জানেন সব, সেখানকার মিটিং-এ আপনি উপস্থিত ছিলেন, আমিও ছিলাম, সেখানে নুনের প্রচুর সম্ভাবনা রয়েছে। আমাদের পশ্চিমবঙ্গের বছরে ৪ লক্ষ মেট্রিক টন নুনের প্রয়োজন—খাবার জন্য দু লক্ষ মেট্রিক টন আর শিল্পের জন্য বাকিটা প্রয়োজন হয়। যেখানে বছরে এত নুনের প্রয়োজন সেখানে দীঘার সমুদ্র উপকূলে এই নুনের উৎপাদন করার যথেষ্ট সম্ভাবনা আছে, সেটা কাজে লাগানো দরকার। বেঙ্গল সল্ট কোম্পানিতে তৎকালীন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী শ্রীমতী আভা মাইতি মহোদয়া, আপনি, আমি এবং বড় বড় অফিসাররা উপস্থিত ছিলেন, সেখানে আপনি জানেন, মন্ত্রী মহোদয়া বলেছিলেন, সেন্ট্রাল গভর্নমেন্ট যত টাকা লাগে দেবে কিন্তু একজন সুবিধাবাদী লোক সেখানে হাইকোর্টে একটি মামলা করে দিয়ে সমস্ত জমি আটকে দিয়েছে। এর ফলে সেখানে জমি হস্তান্তরের কাজটা আটকে গিয়েছে। সেই মামলা থেকে জমিটাকে মুক্ত করার ব্যাপারে সরকার উদাসীন মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলব, মামলা থেকে সেই জমিটাকে আপনি মুক্ত করার ব্যবস্থা করুন। সেখানে পাথরমুহা এবং বঁইচবুনিয়া বলে জায়গায় এক হাজার একর জমি আছে যেটি নুনের পক্ষে সবচেয়ে ভালো জায়গা। হিন্দুস্থান সল্ট কোম্পানি বলছেন, ঐ জায়গাটি না হলে হবে না। তারা বলছেন, বি ব্লকে জায়গা চাই। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলব, এই ব্যাপারটি ঝুলিয়ে না রেখে যাতে নুন সেখান উৎপাদন হতে পারে তারজন্য অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করুন। এটা হলে আমাদের নুনের জন্য তুতিকোরিণ, বম্বে, গুজরাটের উপর যতখানি নির্ভর করতে হবে না, আমরা অনেকটা স্বয়ংসম্পূর্ণ হতে পারব। এ দিকে বিশেষভাবে দৃষ্টি দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে পুনরায় অনুরোধ জানাচ্ছি। তারপর ঘাটালের কথা বলতে চাই, এই ঘাটালে প্রচুর পরিমাণে সেবা ঘাস, পাটকাঠি, বাঁশ, খড় ইত্যাদি পাওয়া যায়। এই সমস্ত জিনিস দিয়ে সেখানে একটি কাগজ কল স্থাপন করা যায়। একটি কাগজ কল সেখানে হলে তাতে হাজার হাজার মানুষের কর্মসংস্থান হতে পারবে। তাছাড়া স্যার, কাগজের অভাবের কথা সকলেই জানেন। এক দিস্তা কাগজ কিনতে গেলে দু টাকা লাগে। কাজেই কাগজের বেশি দরকার আছে। আমি বলছি মালদহে সেই সুযোগ আছে। আমি বলছি মেদিনীপুর জেলার ঘাটালেও সেই সুযোগ রয়েছে। আর একটা কথা বলতে চাই জলপাইগুড়ি, কুচবিহার রায়গঞ্জ এবং পশ্চিম দিনাজপুরে পাট উৎপাদন হয়, সেখানে খুব সহজেই একটা পাটকল করা যায়। আমি মনে করি এর ফলে সেখানকার জনসাধারণ উপকৃত হবে। আমি সেই জন্য অনুরোধ করছি এই সব অনগ্রসর এলাকাতে শিল্পোন্নয়নের মাধ্যমে কর্ম সংস্থানের ব্যবস্থা করবেন, সম্পদ বৃদ্ধির চেষ্টা করবেন, এইটুকু অনুরোধ জানিয়ে মন্ত্রী মহাশয়ের এই জলকল্যাণ মূলক বাজেটকে সমর্থন জানিয়ে এবং আপনাদের প্রশাসনিক অক্ষমতা, অপদার্থতা অকর্মণ্যতা তার তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-40 — 6-50 p.m.]

**শ্রী দমন কুইরি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে মাননীয় শিল্পমন্ত্রী মহাশয়

আমাদের কাছে যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে দেখলাম এই হা' ন বিরোধী দলের বন্ধুরা যে বিরোধিতা করেছেন, তা শুনে না হেসে পারা যায় না। আমরা দেখেছি বিগত দিনে যে অবস্থা পশ্চিমবাংলায় এরা করেছিলেন ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত শিল্প ক্ষেত্রে যে ধ্বংস লীলা, যে তান্ডব লীলা ঐ বিরোধী বন্ধুরা করেছিলেন, তাদের সরকার করেছিলেন আজকে বামফ্রন্ট সরকারে আসার পর তাদের সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে শিল্প ক্ষেত্রে যে পরিবেশ সৃষ্টি করেছেন, সেই পরিবেশকে আজকে পশ্চিমবাংলার মানুষ অভিনন্দন জানাচ্ছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় মাননীয় শিল্প মন্ত্রী তার বক্তৃতার মধ্যে পশ্চিমবাংলার যে বাস্তব অবস্থার কথা তুলে ধরে সরকারের যে শিল্পনীতি, তার বাজেটের মধ্যে নিখুঁত ভাবে তুলে করার চেষ্টা করেছেন। বিরোধী বন্ধুরা যা কিছু বলুন না কেন, আমরা জানি তারা শুধু মাত্র বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছেন এবং ঐসব কথা বলছেন। আসলে তাদের কথাবার্তার কোনও ভিত্তি নেই। আমি যে জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেই জেলাটি পশ্চিমবাংলার সব চেয়ে অনগ্রসর জেলা। সেই জেলাটি হচ্ছে পুরুলিয়া জেলা। বিগত ৩০ বছর ধরে পুরুলিয়া জেলায় বিন্দুমাত্র শিল্প স্থাপনের চেষ্টা করা হয়নি। বিগত সরকারের আমলে পুরুলিয়ার ঝালদাতে সিমেন্ট কারখানা তৈরি করার নাম করে ১° লক্ষ টাকা খরচ করা হয়েছে, কিন্তু সিমেন্ট কারখানা হয়নি। ডেপুটি স্পিকার মহাশয়, আমি সেই জন্য বলতে চাই, পুরুলিয়ায় যে খনিজ সম্পদ আছে সেই রকম খনিজ সম্পদ পশ্চিমবাংলার আর কোনও জেলায় নেই। সুতরাং সেই সম্পদের দ্বারা সেখানে যেরকম শিল্পের সম্ভাবনা আছে সেরকম অন্য কোনও জেলায় নেই। পুরুলিয়া জেলায় কোয়াক্স আছে, চায়না ক্লে আছে, ইউরেনিয়াম আছে, লাইম স্টোন আছে অভ্র আছে, কয়লা আছে, তামা আছে, লাক্ষা আছে এবং আরও বহু খনিজ সম্পদ আছে। সেগুলি দিয়ে অনেক কল-কারখানা করা সম্ভব। কাজেই সেখানে কোনও শিল্প গড়ে উঠতে পারে না, এটা কথা নয়। আজকে আমাদের সরকারের শিল্পমন্ত্রী অবশ্য সেবিষয়ে প্রচেষ্টা চালাচ্ছেন। আমরা জানি আমাদের শিল্প মন্ত্রী তরুণকান্তি ঘোষ নয়, আমাদের শিল্পমন্ত্রী শুধু শিল্প মন্ত্রীই নন, তিনি একজন ডক্টরেট, তিনি কেমিস্ট্রির ডক্টরেট, পি এইচ ডি, তাই তিনিই প্রথম জিওলজিক্যাল সার্ভেকে দিয়ে পুরুলিয়া জেলায় সার্ভে করার কাজ শুরু করেছেন। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনি জানেন পুরুলিয়া জেলায় এত বেশি ফসফেট আছে যা দিয়ে সারা ভারতবর্ষে সবুজ বিপ্লব ঘটানো যায়। অথচ কংগ্রেসি সরকার তথা-কথিত একটি কোম্পানি, সাধনা এন্টারপ্রাইসকে সমস্তটা লিজ দিয়ে দিয়েছে। তারা ওখান থেকে ফসফেট তুলে নিয়ে মাদ্রাজে, কেরালায়, হরিয়ানায়, পাঞ্জাবে বিক্রি করে লক্ষ লক্ষ টাকা রোজগার করছে, অথচ পুরুলিয়ার মানুষ এর থেকে কোনও রকম সুযোগ-সুবিধা পাচ্ছে না। এমন কি সেই সার পশ্চিমবাংলার কোথাও রপ্তানি করার ব্যবস্থা পর্যন্ত করা হয়নি। ডেপুটি স্পিকার মহাশয়, আজকে আমাদের সরকারের উদ্যোগে মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন সেই কাজ শুরু করেছে, বেলদি বলে একটা জায়গায় তারা কাজ শুরু করেছে। তবে আমি বলতে চাই যে, মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন কিভাবে কাজ করছে তা আমি জানি না। আমি যতটুকু জানি তাতে ওরা গ্রাইন্ডিং-এর কাজ শুরু করেছে। আজকে অবশ্য এই কাজ পুরুলিয়ায় হওয়া দরকার কারণ আমরা জানি পুরুলিয়ায় লক্ষ লক্ষ মিলিয়ন টন চায়না ক্লে ডিপোজিট আছে। ভারতবর্ষের সব চেয়ে উৎকৃষ্ট চায়না ক্লে পুরুলিয়ায় ডিপোজিট আছে। একে

কেন্দ্র করে গড়ে উঠতে পারে চায়না ক্লে ইন্ডাষ্ট্রি। আজকে সিরামিক কারখানায় সাপ্লাই করার জন্য আমরা সাঁওতাল পরগনার পাঁকুড় এবং রাজমহল থেকে প্রচুর দামে এই চায়না ক্লে কিনতে হচ্ছে এবং কিনে সিরামিক কারখানাগুলিতে সাপ্লাই দিচ্ছে। এর পিছনে গভীর চক্রান্ত আছে বলে আমরা জেনেছি। ওখানে যে সমস্ত অফিসাররা আছেন তাদের সঙ্গে যোগাযোগ আছে। তাই আমি দাবি করছি চায়না ক্লে ওয়াসারি কেন পুরুলিয়া জেলায় হচ্ছে না, কেন সিরামিক কারখানা হচ্ছে না? ১৯৭০ সালে একটা ইঞ্জিনিয়ারিং ম্যাগাজিন বেরিয়েছিল তাতে বলা হয়েছিল পুরুলিয়া জেলা হচ্ছে সবচেয়ে উৎকৃষ্ট জায়গা। এই পুরুলিয়া জেলাতে অটো কারখানা হওয়ার কথা ছিল কিন্তু কংগ্রেস আমলে এই কারখানাটিকে রায়বেরিলিতে নিয়ে যাওয়া হল কারণ, ইন্দিরা গান্ধীর কনস্টিটিউয়েন্সি সেইজন্য। পুরুলিয়া জেলাতে শতকরা ৪৮ ভাগ মাত্র কৃষি জমি আছে কিন্তু অন্যান্য জেলাতে শতকরা ৮৫ ভাগ কৃষি জমি আছে। এখানে সবচেয়ে বেশি ইন্ডাস্ট্রিস গড়ে ওঠার সম্ভাবনা আছে কিন্তু আজও পর্যন্ত একটাও শিল্প গড়ে ওঠেনি। তবে আমাদের সরকার প্রচেষ্টা চালাচ্ছে সেইজন্য আমি অভিনন্দন জানাচ্ছি। পুরুলিয়া জেলাতে ভেষজ শিল্পের প্রচুর উপাদান বনে-জঙ্গলে ছড়িয়ে আছে। পুরুলিয়া জেলাতে কুমারি এবং টোটকো নদী থেকে দৈনিক প্রায় হাজার হাজার লোক সোনা কুড়িয়ে জীবিকা অর্জন করে, পুরুলিয়া জেলার পাশের জেলাতে ইছাগর, চান্ডিল, পটমদা প্রভৃতি অঞ্চলের প্রায় ৫৫ হাজার লোক সোনা ধুয়ে জীবিকা অর্জন করে। তাই আমি বলছিলাম, পুরুলিয়া জেলাতে শিল্প বিস্তারের অনেক সম্ভাবনা আছে কিন্তু বিগত ৩০ বছর ধরে এই জেলাকে উপেক্ষিত করে রাখা হয়েছে। সেইজন্য এই কংগ্রেস সরকারকে ধিক্কার জানাচ্ছি এবং মাননীয় শিল্পমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-50 — 7-00 p.m.]

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সদস্যরা আমার এই বাজেট সম্পর্কে যে আলোচনা করেছেন তা আমি অত্যন্ত ধৈর্য্য সহকারে শুনেছি। বিরোধীপক্ষের তরফ থেকে যে সমালোচনার সুর ধ্বনিত হয়েছে তা খুব তীক্ষ্ণ বলে আমার মনে হয় না। যদিও তারা একদিকে একটি বিষয়ে একটু বিভ্রান্তি সৃষ্টি করার চেষ্টা করেছেন শ্রী জন্মেজয় ওঝা মহাশয়, এবং শ্রী অতীশ সিনহা মহাশয় প্রথমেই ফাইনান্সিয়াল ইন্সটিটিউশনদের অ্যাসিস্ট্যান্স সম্পর্কে আমার যে বক্তব্য আমি আমার বাজেট স্পিচে রেখেছি সেটাকে বিকৃত ভাবে মানে করার চেষ্টা করেছেন। সেই সম্পর্কে আমি সদস্যবর্গকে পরিষ্কার ভাবে জানিয়ে দিতে চাই যে আমি আমার বাজেট বক্তব্যে বলেছি যে ফাইনান্সিয়াল ইন্সটিটিউশনদের কাছে ওয়েস্ট বেঙ্গল ফোর্থ প্ল্যান পিরিয়ডে যে সাহায্য পেয়েছিল ফিফথ প্ল্যান পিরিয়ডে তার চেয়ে সাহায্যের পরিমাণ বেশি। যেটা ছিল ফোর্থ প্ল্যান পিরিয়ডে ১১৩ কোটি টাকা সেটা ফিফথ প্ল্যান পিরিয়ডে ৩৬০ কোটি টাকার মতো হল। সেটার জন্য আমি বলছি এবং সেটা শুধু যে একেবারে তাদেরই দয়ার জন্য হয়েছে তা নয়, এর জন্য যথেষ্ট আমাদের দিক থেকে আমরা জনমত সৃষ্টি করার চেষ্টা করেছি। আমরা ফাইনান্সিয়াল ইন্সটিটিউশনগুলির সঙ্গে বোম্বাইয়েতে গিয়ে মিলিত হয়েছি, তাদের যুক্তি দিয়ে বোঝাবার চেষ্টা করেছি এবং তার ফলে এই ছিটে ফোঁটা বেড়েছে, কিন্তু সঙ্গে সঙ্গে এটা বলে রাখা দরকার ইস্টার্ন রিজিয়ন ফিফথ প্ল্যান পিরিয়ডে তারা যে সহযোগিতা দিয়েছেন যে অ্যাসিস্ট্যান্স দিয়েছেন সেটা ফোর্থ প্ল্যান

আমাদের কাছে যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে দেখলাম এই হা ম বিরোধী দলের বন্ধুরা যে বিরোধিতা করেছেন, তা শুনে না হেসে পারা যায় না। আমরা দেখেছি বিগত দিনে যে অবস্থা পশ্চিমবাংলায় এরা করেছিলেন ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত শিল্প ক্ষেত্রে যে ধ্বংস লীলা, যে তান্ডব লীলা ঐ বিরোধী বন্ধুরা করেছিলেন, তাদের সরকার করেছিলেন আজকে বামফ্রন্ট সরকারে আসার পর তাদের সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে শিল্প ক্ষেত্রে যে পরিবেশ সৃষ্টি করেছেন, সেই পরিবেশকে আজকে পশ্চিমবাংলার মানুষ অভিনন্দন জানাচ্ছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় মাননীয় শিল্প মন্ত্রী তার বক্তৃতার মধ্যে পশ্চিমবাংলার যে বাস্তব অবস্থার কথা তুলে ধরে সরকারের যে শিল্পনীতি, তার বাজেটের মধ্যে নিখুঁত ভাবে তুলে করার চেষ্টা করেছেন। বিরোধী বন্ধুরা যা কিছু বলুন না কেন, আমরা জানি তারা শুধু মাত্র বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছেন এবং ঐসব কথা বলছেন। আসলে তাদের কথাবার্তার কোনও ভিত্তি নেই। আমি যে জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেই জেলাটি পশ্চিমবাংলার সব চেয়ে অনগ্রসর জেলা। সেই জেলাটি হচ্ছে পুরুলিয়া জেলা। বিগত ৩০ বছর ধরে পুরুলিয়া জেলায় বিন্দুমাত্র শিল্প স্থাপনের চেষ্টা করা হয়নি। বিগত সরকারের আমলে পুরুলিয়ার ঝালদাতে সিমেন্ট কারখানা তৈরি করার নাম করে ১০ লক্ষ টাকা খরচ করা হয়েছে, কিন্তু সিমেন্ট কারখানা হয়নি। ডেপুটি স্পিকার মহাশয়, আমি সেই জন্য বলতে চাই, পুরুলিয়ায় যে খনিজ সম্পদ আছে সেই রকম খনিজ সম্পদ পশ্চিমবাংলার আর কোনও জেলায় নেই। সুতরাং সেই সম্পদের দ্বারা সেখানে যেরকম শিল্পের সম্ভাবনা আছে সেরকম অন্য কোনও জেলায় নেই। পুরুলিয়া জেলায় কোয়াক্স আছে, চায়না ক্লে আছে, ইউরেনিয়াম আছে, লাইম স্টোন আছে অভ্র আছে, কয়লা আছে, তামা আছে, লাক্ষা আছে এবং আরও বহু খনিজ সম্পদ আছে। সেগুলি দিয়ে অনেক কল-কারখানা করা সম্ভব। কাজেই সেখানে কোনও শিল্প গড়ে উঠতে পারে না, এটা কথা নয়। আজকে আমাদের সরকারের শিল্পমন্ত্রী অবশ্য সেবিষয়ে প্রচেষ্টা চালাচ্ছেন। আমরা জানি আমাদের শিল্প মন্ত্রী তরুণকান্তি ঘোষ নয়, আমাদের শিল্পমন্ত্রী শুধু শিল্প মন্ত্রীই নন, তিনি একজন ডক্টরেট, তিনি কেমিস্ট্রির ডক্টরেট, পি এইচ ডি, তাই তিনিই প্রথম জিওলজিক্যাল সার্ভেকে দিয়ে পুরুলিয়া জেলায় সার্ভে করার কাজ শুরু করেছেন। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনি জানেন পুরুলিয়া জেলায় এত বেশি ফসফেট আছে যা দিয়ে সারা ভারতবর্ষে সবুজ বিপ্লব ঘটানো যায়। অথচ কংগ্রেসি সরকার তথা-কথিত একটি কোম্পানি, সাধনা এন্টারপ্রাইসকে সমস্তটা লিজ দিয়ে দিয়েছে। তারা ওখান থেকে ফসফেট তুলে নিয়ে মাদ্রাজে, কেরালায়, হরিয়ানায়, পাঞ্জাবে বিক্রি করে লক্ষ লক্ষ টাকা রোজগার করছে, অথচ পুরুলিয়ার মানুষ এর থেকে কোনও রকম সুযোগ-সুবিধা পাচ্ছে না। এমন কি সেই সার পশ্চিমবাংলার কোথাও রপ্তানি করার ব্যবস্থা পর্যন্ত করা হয়নি। ডেপুটি স্পিকার মহাশয়, আজকে আমাদের সরকারের উদ্যোগে মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন সেই কাজ শুরু করেছে, বেলদি বলে একটা জায়গায় তারা কাজ শুরু করেছে। তবে আমি বলতে চাই যে, মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন কিভাবে কাজ করছে তা আমি জানি না। আমি যতটুকু জানি তাতে ওরা গ্রাইন্ডিং-এর কাজ শুরু করেছে। আজকে অবশ্য এই কাজ পুরুলিয়ায় হওয়া দরকার কারণ আমরা জানি পুরুলিয়ায় লক্ষ লক্ষ মিলিয়ন টন চায়না ক্লে ডিপোজিট আছে। ভারতবর্ষের সব চেয়ে উৎকৃষ্ট চায়না ক্লে পুরুলিয়ায় ডিপোজিট আছে। একে

এবং ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স করতে হয় সেগুলি নিউ-এর মধ্যে ইনক্লুডেড নয়। সেজন্য মনে হচ্ছে এর মধ্যে একটা গরমিল আছে। কিন্তু তা নেই। অতীশবাবু ডবলু বি আই ডি সি-র ইন্টারেস্ট আর্নিং সম্বন্ধে বলেছেন। ডবলু বি আই ডি সি ১১ কোটি ৫৪ লক্ষ টাকা বিভিন্ন কোম্পানিকে ধার দিয়েছে। অতএব টার্ন লোন তার ইন্টারেস্ট হওয়া উচিত ১ কোটি ৭৫ লক্ষ টাকা এবং তার ব্যাঙ্কে যে জমা আছে তার ইন্টারেস্ট হচ্ছে ৫২ লক্ষ টাকার মতন। অর্থাৎ এই দুটো মিলিয়ে ১ কোটি ৫৭ লক্ষ ৭২ হাজার টাকা। ওখানে তার যে ৭ কোটি ২৭ লক্ষ টাকার মতো টাকা আছে তা তারা শেয়ার ক্যাপিটাল ইনভেস্ট করেছে বিভিন্ন কোম্পানিতে এবং এই শেয়ার ক্যাপিটাল ইনভেস্টমেন্টের জন্য শেয়ার। রিটার্ন পেয়েছে ৩ লক্ষ ২০ হাজার টাকা। এই ২টি যোগ করলে ডবলু বি আই ডি সি-র যে লাভ সেটা কমে যাচ্ছে।

[7-00 — 7-10 p.m.]

৭ কোটি ২৭ লক্ষ টাকা ইক্যুইটি শেয়ার দেওয়া হয়েছে যে টাকা আগে ছিল সেই টাকা ব্যাঙ্ক থেকে তুলে বিভিন্ন কোম্পানিকে দেওয়া হয়েছে এবং এর জন্য রিটার্ন পেয়েছি ৩ লক্ষ ২৭ হাজার টাকা। অবশ্য এটা যদি ইন্টারেস্ট হিসাবে ফিক্সড থাকত আরও বেশি হত। সেজন্য আর্নিং কমে গেছে। কিন্তু এতে অসুবিধা নেই। কারণ আমরা চাই শিল্পের উন্নতি। আমরা ১১ কোটি টাকা টার্ন লোন পেয়েছি। আপনাদের সময়ে এই বাবদ ৪ কোটি টাকা ইন্টারেস্ট আমরা পেয়েছি, সেটা কমিয়ে ৩ বছরে ৫২লক্ষ করেছি। আগে ইন্ডাস্ট্রি হলে তার আমরা টার্ন লোন দিয়েছি, তার ইক্যুইটি শেয়ারে আমরা পার্টিসিপেট করেছি। আপনাদের ৪ কোটি টাকা যেটা ছিল সেই টাকা আস্তে আস্তে খাটাবার চেষ্টা করছি এবং আড়াই কোটি টাকার মতন কমার্শিয়াল ব্যাঙ্ক থেকে লোন নিয়েছি। অফিস অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে বলেছেন যে আগে ঐ বাবদ ১৮ লক্ষ টাকা খরচ হত, এখন সেখানে ২৫ লক্ষ টাকা কেন হচ্ছে? আমরা যে পে কমিশন করেছিলাম তাতে তারা বলেছেন যে কর্মচারিদের আরও বেশি মাইনে দিতে হবে, তাদের ডি এ বাড়ানো হয়েছে এবং আমাদের অফিস রেন্টও কিছু বেড়েছে। এর ফলে ৫-৭ লক্ষ টাকা বেশি খরচ হচ্ছে। সেজন্য এমন কিছু অপরাধ নয়। সব চেয়ে বড় কথা হচ্ছে যে ৫ কোটি টাকার মতন আমরা শেয়ার কিনেছি। আর শেয়ার রেজিস্ট্রেশনে আছে ৭৮ লক্ষ টাকা। এখানে বলতে চাই যে সমস্ত শেয়ার মার্কেট কোটেড। আমাদের কোটেড যেটা হয় তার কস্ট ৮৯ লক্ষ ১৩ হাজার টাকা-এর মধ্যে শেয়ার ভ্যালু আছে ৭৮ লক্ষ ৮৭ হাজার টাকা। সেজন্য বলছি আমাদের শেয়ার মার্কেট কোটেড আছে। সুতরাং এইভাবে বিভ্রান্ত সৃষ্টি করা উচিত নয়। ওয়েস্ট বেঙ্গল স্কুটার লিমিটেড সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। এটা আপনারা তৈরি করেছিলেন। সেখানে কথা ছিল স্কুটার ইন্ডিয়া লিমিটেড যেটা মাদার কোম্পানি তারা ৩০ হাজার টাকা ইঞ্জিন এবং গিয়ার বছরে সাপ্লাই করবে এবং আমরা তাতে পার্টস দিয়ে বিক্রি করব। কিন্তু দুঃখের সঙ্গে বলছি যে তারা বছরে ২ থেকে ২।। হাজার টাকা বেশি পাওয়ার প্যাক সরবরাহ করতে পারেনি। আরও ৭টি স্টেটে এই পাওয়ার প্যাক তারা সরবরাহ করতে পারেনি। এর ফলে ৫টা স্টেট লোকসান দিয়েছে এবং ২টি স্টেট তারা স্কুটার ফ্যাক্টরি বন্ধ করে দিয়েছে। এই অবস্থায় পাওয়ার প্যাক না পাবার জন্য লোকসান হচ্ছে। তবে আমরা ডাইভারসিফিকেশনের চেষ্টা করছি এবং তার লাইসেন্স

পেয়ে গেছি। সেখানে যদি রোলিং মিল করি তাহলে তাকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা যায় এবং তারজন্য চেষ্টা করছি। এটা বন্ধ করে দিলে অনেক শ্রমিকের কাজ চলে যাবে। ফ্রেট ইকোয়ালাইজেশনের কথা অনেকে বলেছেন। কিন্তু আমার বক্তব্যের মধ্যে সেসব কিছু নেই। এই ব্যাপারে আমরা গত ৩ বছর ধরে একই কথা বলছি কিছু বলিনি। এ বিষয়ে জনতা সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তারা এ বিষয়ে একটা কমিটিও করেছিলেন। তুলো বা অন্যান্য জিনিসের ফ্রেট ইকোয়ালাইজেশনের ব্যাপারে ইন্দিরা গান্ধীর সঙ্গে কথা বলেছি। তিনি বলেছেন এ সম্পর্কে বিবেচনা করবেন। এটা ঠিক নয় যে, আমরা এর সম্পর্কে কোনও কিছু বলিনি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে শিল্পায়নের ব্যাপারে সহযোগিতা পাচ্ছি কি পাচ্ছি না, সে সম্পর্কে যখন মাননীয় সদস্যরা বলছেন, তখন আমি এ সম্পর্কে বলতে চাই যে, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার পূর্বে যেমন বিমাতৃসুলভ আচরণ করতেন, এখনও ঠিক তেমনটি করে চলেছেন। তারফলেই এখানে শিল্পের অগ্রগতি ঘটতে পারেনি। এই রাজ্যে সিক্সথ প্ল্যানে ১৯ হাজার কোটি টাকা ইনভেস্ট করেছিলেন। সেন্ট্রাল সেক্টারে যে ইন্ডাস্ট্রি পশ্চিমবঙ্গে হবে, সেখানে মাত্র ১৯ হাজার কোটি টাকা তারা ইনভেস্ট করতে চাইলেন। এখানে অনেকগুলি স্কীমের মধ্যে এগুলি, ওগুলি করার কথা তারা স্বীকার করেছিলেন। পশ্চিমবঙ্গে একটা মাত্র রিফাইনারিস হচ্ছে হলদিয়াতে। সেখানে তেল রিফাইন করার জন্য যে পরিকল্পনা তারা নিয়েছেন তাতে মাত্র ৮০ কোটি টাকা ছাড়া ছিটেফোঁটা ভার দিয়েছেন এক্সপান্ডের জন্য বার্ন স্টান্ডার্ডকে কিছুটা দিয়েছেন যেসব কোম্পানিকে। এছাড়া এক্সপান্ডের জন্য দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডকে কিছুটা অ্যালয় স্টিল প্রোজেক্ট লিমিটেড। তাদের উপর যে দায়িত্ব দেওয়া হয়েছে, তার পরিমাণ শতকরা ৪-৫ ভাগ। তারা পশ্চিমবঙ্গে এই পরিমাণ টাকা নিয়োগ করবেন বলে মনস্থ করেছেন। অর্থাৎ এই টাকার পরিমাণ ১৯ হাজার কোটি টাকার মধ্যে খুব বেশি যদি হয় ৭০০-৮০০ কোটি টাকা। কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে এই পরিমাণ টাকা ইনভেস্ট করবেন বলে দৃষ্টিভঙ্গি নিয়েছেন। অথচ ওয়েস্ট বেঙ্গলে ইন্ডাস্ট্রি অনুপাতে পপুলেশন অনেক বেশি। কিন্তু আনফরচুনেটলি এই দৃষ্টিভঙ্গি তারা নিচ্ছেন।

**শ্রী সন্দীপ দাস :** অন্য স্টেটের হিসাবটা কি এখানে দেখেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** অন্য স্টেটের হিসাব তো আমার কাছে নেই, থাকলে বলতে পারতাম। মাননীয় অতীশবাবু জব সিকারদের কথা বলেছেন। তিনি একটা রিপোর্ট দেখিয়ে বলেছেন, ১৯৭৮ সালে নাম্বার অব এমপ্লয়মেন্ট এখানে অনেক কম হয়েছে। এটা আমরা স্বীকার করি। আমার প্রথম স্টেটমেন্টে এটা স্বীকার করেছি যে, প্রথমে এটা ডিক্লাইন হয়েছিল, সেই ডিক্লাইন প্রায় ১৭০০ মতো ছিল, কিন্তু পরে সেটা ৪৩,০০০ হাজারের মতো দাঁড়ায় ১৯৮০-৮১ সালে নতুন কর্মসংস্থানের ব্যাপারে আমরা এটা স্বীকার করে নিয়েছি। অতীশবাবু ১৯৭৭-৭৮ সালের যে ফিগার দেখিয়ে বলবার চেষ্টা করেছিলেন, তাতে তিনি বলেছেন যে, দেয়ার ইজ এ ডিক্লাইন ইন এমপ্লয়মেন্ট। কিন্তু এটা ঠিক নয়। শর্টেজ অব পাওয়ারের ব্যাপারে আমরা স্বীকার করি যে, পশ্চিমবঙ্গে এটা ঘটেছে। কিন্তু এত হওয়া সত্ত্বেও আমরা বলতে পারি যে, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড এবং ডি পি এল, এ ১৯৭৮-৭৯ সালে যে পাওয়ার তাদের ছিল, ১৯৭৯-৮০ সালে তা থেকে বেড়েছে। ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড এর উৎপাদন ছিল ২,৬৭৪ মিলিয়ন ইউনিট, ১৯৭৮-৭৯ সালে তা বেড়ে

দাঁড়ায় ২,৮৬০ মিলিয়ন ইউনিট। এর সঙ্গে আমাদের ডি পি এল এর উৎপাদন ৬৯৪ মিলিয়ন ইউনিট থেকে বেড়ে দাঁড়ায় ৭৯৭ মিলিনয় ইউনিটে। এজন্য আমরা স্বীকার করি যে, ডি পি এল এ অনেক গলতি ছিল, সেই গলতিগুলো যতদূর সম্ভব দূর করেছি। এর ফলে এখন ডি পি এল এখন বর্তমান অবস্থায় এসে দাঁড়াতে পেরেছে এবং তার পাওয়ার জেনারেশন আস্তে আস্তে বাড়তে শুরু করেছে।

[7-10 — 7-20 p.m.]

আমি এখানে বলতে চাই ডি পি এল এই পাওয়ার ইউনিটের ব্যাপার নিয়ে হাউসে এর আগে অনেক বলেছি। এ সম্বন্ধে আমরা দুটো প্রকল্প গ্রহণ করেছি—একটা স্বল্পমেয়াদী পরিকল্পনা আরেকটা দীর্ঘমেয়াদী পরিকল্পনা। স্বলমেয়াদী পরিকল্পনা শেষ হয়ে গেছে। দীর্ঘমেয়াদী পরিরকল্পনার ফিফথ ইউনিয়ের কাজ আরম্ভ করেছি। আমরা আশা করছি দু বছরের মধ্যে দীর্ঘমেয়াদীর পরিকল্পনার ফেজ শেষ হয়ে যাবে। তাহলেই ডি পি এল পাওয়ার ভালভাবে দিতে পারবে। জন্মেজয় বাবু ডি পি এলের চেয়ারম্যান এবং ম্যানেজিং ডাইরেক্টর সম্পর্কে বলেছেন। এক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে তিনি রেজিগনেশন দিয়েছেন এবং তার রেজিগনেশন লেটারে কোনও কারণ নির্দেশ করেননি। আমার ব্যক্তিগত ধারণা হচ্ছে তিনি লেবারদের ইন্টার ইউনিয়ন রাইভালরির জন্য যে পদত্যাগ করেছেন তা ঠিক নয়। যদিও আই এন টি ইউ সি ১৯৮০ সালের জানুয়ারির পর পশ্চিমবাংলার যে সমস্ত পাবলিক আন্ডারটেকিংগুলি আছে সেখানে তারা যেভাবে আন্দোলন আরম্ভ করেছেন এবং শিল্পে যেভাবে সঙ্কট সৃষ্টি করার চেষ্টা করছেন ডি পি এল এ আই এন টি ইউ সি এই রাস্তা গ্রহণ করেননি। সুতরাং তিনি কোথা থেকে খবর পেয়েছেন জানি না। ইন্টার ইউনিয়ন রাইভালরি ডি পি এল-এ নেই একথা বলছি না। কিন্তু তারজন্য যে কাজ হচ্ছে না একথাও ঠিক নয়। ডি পি এল-এর অনেক দোষ আছে যেগুলি আমরা শোধরাবার চেষ্টা করছি। ওই ম্যানেজিং ডাইরেক্টর হবার পর বিদ্যুৎ উৎপাদন বেড়েছে। গ্যাস, জল সরবরাহ, কোক ইত্যাদির উৎপাদন বেড়েছে। তিনি থাকার জন্য এটা কম হচ্ছিল সেকথা বলছি না। কিন্তু এটা একটা ঘটনা কাকতালীয় কিনা জানি না। তবে তিনি চলে যাবার পর প্রত্যেকটি কমোডিটি কোক, গ্যাস, জল, বিদ্যুৎ ইত্যাদির উৎপাদন বেড়েছে। হলদিয়া পেট্রো-কেমিক্যাল সম্পর্কে এত দেরি হচ্ছে সেকথা তিনি বলেছেন। প্রথম কথা হচ্ছে ১৯৭৭ সালের নভেম্বর মাসে আমরা লেটার অব ইনটেন্ট পাই। তারপর ডিটেলড প্রোজেক্ট রিপোর্ট তৈরি করতে হয়। তারপর আমাদের এন আই টি নোটিশ ইনভাইটিং টেন্ডার্স গ্লোব অল টেন্ডার্স ইনভাইট করে। সেই সমস্ত টেন্ডার পেয়ে আমাদের কনসালটেন্ট নিয়োগ করতে হয়। এবং এরজন্য টেন্ডার ইনভাইট করতে হয়। কনসালটেন্ট ডি পি আর তৈরি করার পর আমরা কেন্দ্রীয় সরকারের কাছে গত মে মাসে সব দিয়েছি। এ সম্পর্কে তাদের তদন্ত শেষ হয়ে গেছে। কিছুদিন আগে আমরা একটা পারমিশন পেয়েছি। এখানে যারা প্রসেস লাইসেন্সার যারা আমাদের নো হাউ দেবেন তাদের সঙ্গে কথাবার্তা বলবার জন্য আমর তৈরি হচ্ছি এবং আশা করছি মার্চের মধ্যে তাদের সঙ্গে ড্রাফট এগ্রিমেন্ট শেষ হবে এবং সেই ড্রাফট এগ্রিমেন্টের কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করতে পারব। এবং সেই ড্রাফট এগ্রিমেন্ট আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করতে পারব এবং খুব অল্প সময়ের মধ্যে আমরা চেষ্টা করব যাতে তারা এখানে অনুমতি দেন। ক্যাপিটাল গুডস

ক্লিয়ারেন্স-এর যে দরখাস্ত পেশ করতে হবে তাতে ড্রাফট এগ্রিমেন্ট হলেও কিছু কিছু ক্যাপিটাল গুডস আমাদের আনতে হবে। আমরা সেই লিস্ট তৈরি করব এবং আশা করি কেন্দ্রীয় সরকার আমাদের সেই লিস্টে পার্মিশন দেবেন। সিক্সথ প্ল্যান পিরিয়ডে কেন্দ্রীয় সরকার প্রায় ৯৫০ কোটি টাকা রেখে দিলেন দুটি পেট্রো-কেমিক্যাল প্রোজেক্টের জন্য, তার একটি হল গুজরাটে আর একটি হল মহারাষ্ট্রে, ওখানে ওরা কেন্দ্রীয় সরকারের সাহায্য পাচ্ছে, সে সাহায্য আমরা এখানে পাচ্ছি না। ওখানে গ্যাস পাওয়া গেছে, আমাদের পেট্রো-কেমিক্যাল প্রোজেক্ট করবার অনেক পর। আমরা প্রোজেক্ট লেটার অব ইনটেন্ট পাবার পর ওরা ওখানে গ্যাস পেয়েছে। তারা শুধু একটি চিঠি দিয়েছে এবং তারই ভিত্তিতে ৯২৫ কোটি টাকা তাদের দুটি প্ল্যানের জন্য রেখে দেওয়া হল। অথচ আমাদের একটি পয়সাও দিলেন না। আমরা বলেছি আই পি সি এল আমাদের সঙ্গে পার্টিসিপেট করুক, কিন্তু তাদের এখনও পারমিশন দেয়নি। তবে আমরা তাই বলে বসে নেই, আমরা স্টেটের তরফ থেকে ১০০ কোটি টাকা দেব এবং আমাদের এখানে যে সমস্ত ফাইনান্সিয়াল ইন্সটিটিউশন রয়েছে তারা ৪২৫ কোটি টাকা দেবে এবং তাদের সাহায্য নিয়ে আমরা এটা চালু করব। জানি না কেন্দ্রীয় সরকার আবার এই ব্যাপারে ব্যাগড়া দেবে কিনা। আপনারা জানেন এই পেট্রো-কেমিক্যালের ব্যাপারে আমরা যথেষ্ট চেষ্টা করেছি। আমরা যদি কেন্দ্রীয় সরকারের সাহায্য পেতাম তাহলে ইতিমধ্যে আমরা অনেক বেশি এগিয়ে যেতে পারতাম। আপনাদের জানিয়ে রাখি আমাদের কারেন্টের এগেনস্টে যেতে হচ্ছে আমরা ২৫০ একর জমি নিয়েছি, এবং সেটা লেভেলিং করছি, এছাড়া আর কিছুই করছি না এটা ঠিক কথা নয়। আমরা সব কাজ এগিয়ে নিয়ে যাচ্ছি। কিন্তু খুব আনফরচুনেট যে ধরনের সহযোগিতা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া উচিত ছিল সেটা পাইনি এর সেজন্যই দেরি হচ্ছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি দেখছি সাতটা পঁচিশ মিনিটে আমাদের আলোচনা শেষ হবে না, কাজেই রুল টু নাইন্টি টু অনুসারে আলোচনার সময় আমি আরও আধ ঘণ্টা বাড়াতে চাই, আশাকরি, আপনারা অনুমতি দেবেন।

(ভয়েস-ইয়েস)

সো হাফ অ্যান আওয়ার টাইম ইজ এক্সটেন্ডেড।

[7-20 — 7-30 p.m.]

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** জন্মেজয় বাবু বলেছেন ব্যাকওয়ার্ড জেলায় শিল্পের বিকাশ হচ্ছে না। হলদিয়া মেদিনীপুরে। উনি যা বলেছেন যে কলকাতা থেকে লোক নেওয়া হচ্ছে। সমস্ত এমপ্লয়মেন্ট ওখানকার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে হচ্ছে। কেবল ইঞ্জিনিয়ারিং বা যে সমস্ত টেকনিসিয়ান ওখানে পাওয়া যায় না সেগুলি এখান থেকে নেওয়া হচ্ছে। এটা আমি জন্মেজয়বাবুকে জানাচ্ছি এবং উনি ওখানকার এম এল এ ওনার এটা জানা উচিত ছিল। আর একটা কথা বলে রেখে দিই ওখানে আরও একটি ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার করা হচ্ছে খড়্গপুরে। এবং যে সমস্ত কাজ করা হচ্ছে যে সমস্ত ইন্ডাস্ট্রিয়াল ইউনিট করা হচ্ছে ঐ খড়্গপুরের এমপ্লয়মেন্টে এক্সচেঞ্জ লোক নেওয়া হয়। এবং আমরা একথা বলেই দিয়েছি যে

যে সমস্ত লোক ওখানে নেওয়া হবে তা যেন খড়গপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নেওয়া হয় এবং যারা ওখানে তারা সেই চেষ্টাই করছেন। এছাড়া মেদিনীপুরে ৯টি ইন্ডাস্ট্রিয়াল ইউনিট করা হয়েছে, পুরুলিয়ায় ১৬টি করা হয়েছে। উনি চিনি শিল্প সম্বন্ধে বলেছেন বেলডাঙ্গা সুগার মিলের কথা বলেছেন। তিমিরবাবু এ সম্বন্ধে অনেক কথা বলেছে এবং উনি ভালভাবেই সব কিছু জানেন। বেলডাঙ্গা সুগার মিল আমরা নেবার চেষ্টা করছি। কিন্তু কতকগুলি অসুবিধা দেখা দিয়েছে। অসুবিধা হচ্ছে ঐ মিল যেখানে আছে সেটা ছয় একরের মতো জমি। সেই জমি আমরা দাবি করছি যে ওটা সরকারের ভেস্ট করেছে। কিন্তু যারা ওনার তারা বলছে এটা সরকারের ভেস্ট করে নি। এ নিয়ে হাইকোর্টে কেস আছে। ঐ জমি যদি মূল্য দিয়ে কিনে নেওয়া হয় তাহলে দাম দিতে হবে ৪৬ কোটি টাকার মতো। হাইকোর্টে কেস কত দিন চলবে বুঝতে পারছি না। কাজেই ৪৬ কোটি টাকা দিয়ে কেনার আমাদের অসুবিধা আছে। কারণ আপনারা জানেন আমাদের রাজকোষ দুর্বল। জিনিসটা বিচার বিবেচনা করার জন্য আমরা হাইকোর্টে পেশ করেছি। এবং আশা করছি ১ মাসের মধ্যে আমরা একটা স্থির সিদ্ধান্ত নিতে পারব। আমেদপুর এবং বেলডাঙ্গা সুগার মিল এক সঙ্গে চালাবার চেষ্টা করছি। এটা ঠিক যে তিন বছরেও আমরা কিছু করতে পারি নি। যদি টাকা থাকত নিশ্চয় আমরা ব্যবস্থা করতাম। তবে আমরা একথা বলতে পারি এই মিল নেওয়া উচিত হয়নি। কেন না ওখানে আখ উৎপাদন কম। ওরা ইউ বি আই-এর কাছে বিরাট দেনা করেছিল ৭৫ লক্ষ টাকা টার্ম লোন আর ২৫ লক্ষ টাকা ওয়ার্কিং ক্যাপিটাল লোন—১ কোটি টাকা এবং তা সুদে আসলে মিলে আজকে দেড় কোটি টাকায় দাঁড়িয়েছে। এখন ইউ বি আই একটি পয়সাও দিচ্ছে না আমাদের বাজেটের পয়সা নিয়ে আখ কিনতে হবে। এ বছর যত টাকা চেয়েছিল তা আমরা দিতে পারিনি। ম্যানেজমেন্ট আমাদের বলেছিল আখ কেনার জন্য ৫০ লক্ষ টাকা দিতে হবে। আমরা তা দিতে পারিনি আমরা দিয়েছি ১২ লক্ষ টাকা। আমরা জানি চাষীরা আখ ফিরে নিয়ে গেছে। এটা হচ্ছে আমাদের আর্থিক দুর্বলতা। যাতে আর্থিক সংস্থান করতে পারি তার জন্য আমরা চেষ্টা করব।

প্লটের ব্যাপারে বলাইবাবু এবং জন্মেজয় বাবু বলেছেন। তারা কাঁথি এ বি সি এই তিনটে প্লটের কথা বলেছেন। এ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে 'এ' প্লটে অলরেডি বেঙ্গল সল্ট কারখানা করেছে। 'বি' প্লটে ১২টি ক্ষুদ্র ক্ষুদ্র লবণ কারকানা জবরদখল করে আছে। এটা সরকারে ন্যস্ত হয়েছে কিন্তু এগুলো এখনও তাদেরই দখলে রয়েছে। আমরা এটা হিন্দুস্থান সল্ট কোং-এর হাতে দেবার জন্য ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টকে বলেছিলাম, কিন্তু হাইকোর্টে কেস হয়েছে এবং ইনজাংশন হয়েছে। সেই ইনজাংশন খারিজ করার জন্য আমরা এবং ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট চেষ্টা করছি। তবে এখনও পর্যন্ত সাকসেসফুল হইনি। আমি এ ব্যাপারে চিফ মিনিস্টারের কাছে স্পেশাল নোট পাঠিয়েছি এবং আশা করি এটা তাড়াতাড়ি খারিজ করতে পারব। 'সি' প্লটে ১১০০ একর জমি ফিশারি ডিপার্টমেন্ট দখল করেছে। আমরা তার মধ্যে ৩০০ একর জমি নিয়েছি। হাইকোর্টে ইনজাংশনের ব্যাপারটা ফয়সালা হলেই, আমরা এ সম্বন্ধে একটা ব্যবস্থা করতে পারব। আমাদের যে ৪ লক্ষ টন লবণ দরকার, তার মধ্যে হচ্ছে খাবার লবণ ১ লক্ষ টন ইন্ডাস্ট্রিয়াল সল্ট। ওখানে ওয়ান থার্ড সল্ট যা উৎপাদন হবে তার মাধ্যমে আমাদের ৩৩

ভাগ চাহিদা মিটবে। কিন্তু বাকি অংশের জন্য আমাদের কিন্তু অন্য দিকে যেতে হবে। সুন্দরবনে আমরা সমীক্ষা চালিয়েছিলাম, এবং আমাদের ডিপার্টমেন্টের থেকে যে লোক সেখানে গিয়েছিল তারা একটা রিপোর্ট দিয়েছে, ওখানে একটা মডেল সল্ট ম্যানুফ্যাকচারিং ইউনিট এবং লবণ গবেষণা কেন্দ্র স্থাপন করার চেষ্টা করছি। ওখানে যে লবণ তৈরি হবে, তার মাধ্যমে যাতে পশ্চিমবাংলার চাহিদা মেটানো যায়, সেই চেষ্টা আমরা করছি। কল্যাণী স্পিনিং মিলের সুতো সাপ্লাইয়ের ব্যাপারে বলাইবাবু বলেছেন। কল্যাণী স্পিনিং মিলে যে সুতো তৈরি হয় সেটা ছোট ছোট হ্যান্ডলুম এবং পাওয়ারলুমরা পায়। আমাদের যে সুতোর প্রোডাকশন হয়, তার নব্বুই ভাগ এই সমস্ত হ্যান্ডলুম এবং পাওয়ারলুমরা পায়। কিন্তু বাস্তবে দেখা গেছে তাদের যে চাহিদা তারমাত্র শতকরা ১০ ভাগ এখান থেকে পাচ্ছে এবং বাকি নব্বুই ভাগের জন্য তাদের তামিলনাড়ু বা মহারাষ্ট্রের দিকে তাকিয়ে থাকতে হয়। এবং বেশ চড়া দামে সেখান থেকে তারা সুতো কেনে। কাজেই এখানে আরও স্পিনিং মিল না করলে এদের চাহিদা মেটানো যাবে না। আমরা এই কারণে পশ্চিম দিনাজপুরে স্পিনিং মিল করবার চেষ্টা করছি। তারপর ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রি ব্যাপারে আপনারা দেখবেন যে কয়টা আমরা অধিগ্রহণ করেছি, তার মধ্যে শতকরা ৫০ ভাগ কারখানা এখন লাভ করছে। অর্থাৎ তারা তাদের সিকনেসটা কাটিয়ে উঠছে।

[7-30 — 7-43 p.m.]

আমার মনে হয় মাননীয় সদস্যরা যে সমস্ত প্রশ্নের অবতারণা করেছিলেন আমি মোটামুটি তার জবাব দিতে পেরেছি। তবে এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের একথাটাও বলব যে আমরা এটা দাবি করি না যে আমরা যা চেয়েছিলাম সেই রকম শিল্পায়ন দেশে করতে পেরেছি। তবে একথাও সত্য যে শিল্পায়নের যে স্টাগনেশন এসেছিল সেটা আমরা দূর করতে পেরেছি। আমাদের রাজ্যে আস্তে আস্তে বড়, মাঝারি, শিল্প গড়ে উঠতে আরম্ভ করেছে। অর্থাৎ আমি বলতে চাই, এ ক্ষেত্রে একটা গতিবেগ আমরা সঞ্চার করতে পেরেছি। যদি পেট্রো-কেমিক্যাল কিম্বা কেমিক্যালস ফ্রম কোলস এই যে প্রোজেক্ট আমরা গ্রহণ করেছি এই দুটোকে আমরা ঠিকমতোন করতে পারি তাহলে আমার মনে হয় আমরা পশ্চিমবঙ্গে শিল্পায়নের কাজটা অনেকখানি এগিয়ে নিয়ে যেতে পারব। এই সঙ্গে সঙ্গে বলি, কেন্দ্রীয় সরকার যদি অন্তত একটা ইলেক্ট্রনিকসের ইউনিট সল্ট লেকে করেন তাহলে ভাল হয়। সল্ট লেকে করবার জন্য তাদের আমরা ১০০ একর জমি দিয়েছি, আমরা কনটিনিউয়াস পাওয়ার সাপ্লাই দেব বলেছি, হাজার বাড়ি তাদের ভাড়া দেব বলেছি, তা সত্ত্বেও যদি তারা না আসেন তাহলে সেটা দুঃখের ব্যাপার হবে। তারা যদি একটি বড় ইলেক্ট্রনিক ইন্ডাস্ট্রি এখানে করেন তাহলে তার সঙ্গে সঙ্গে ছোট ছোট সহায়ক শিল্প গড়ে উঠতে পারে। আর হলদিয়াতে একটা জাহাজ নির্মাণের কারখানা করার জন্য আমরা বলেছিলাম কিন্তু তার বদলে তারা জাহাজ মেরামতের কারখানা করবেন বলেছেন কিন্তু এখনও পর্যন্ত সে বিষয়ে আলাপ আলোচনা হচ্ছে। আমরা এ ব্যাপারে অনুরোধ জানিয়েছি আবার জানাবো যাতে এটা তরান্বিত করেন। এটা হলে এর সঙ্গে ছোট ছোট সহায়ক ইঞ্জিনিয়ারিং শিল্প গড়ে উঠতে পারবে। এইসব হলে এর দ্বারা আমাদের রাজ্যে শিল্পায়নের কাজটা এগিয়ে যেতে পারেব। উত্তরবঙ্গে ডব্লু বি আই এফ সি-র তরফ থেকে জয়েন্ট সেক্টারে একটা পাটের সুতুলির কারখানা কুচবিহারে ৬ কোটি টাকা

খরচ করে করবার পরিকল্পনা হয়েছে, এটা যাতে বাস্তবে রূপায়িত হয় তারজন্য আমরা চেষ্টা করব। স্যার, এইকথা বলে মাননীয় সদস্যদের আমি অনুরোধ করব আমি যে সমস্ত ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছি সেগুলি মঞ্জুর করার জন্য। আমি সমস্ত কাটমোশনের বিরোধিতা করছি।

**Demand No. 62**

**Mr. Deputy Speaker :** All the cut motions except No. 2 by Shri Kiranmay Nanda are in order and taken as moved. Shri Nanda is not present and his motion is not moved.

The motion that the amount of the Demand be reduced to Re.1/-, was then put and lost.

The motion that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

**Demand No. 62**

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs 17,83,98,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : "320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 525—Capital Outal on Telecommunication and Electronics Industries, and 720—Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries)" was then put and agreed to.

**Demand No. 79**

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs. 14,10,00,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads, "523—Capital Outlay on Petroleum, Chemicals and Fertiliser Industries (Excluding Public Undertakings)", was then put agreed to.

**Demand No. 80**

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs. 2,26,00,000 be granted for expenditure under Demand No. 80, Major Head, " 526—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)", was then put and agreed to.

**Demand No. 82**

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs.

1,00,00,000 be granted for expenditure under Demand No. 82, Major Head: "530—Investments in Industrial Financial Institutions (Excluding Public Undertakings)", was then put and agreed to.

**Demand No. 64**

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs. 30,99,000 be granted for expenditure under Demand No. 64, Major Head: "328—Mines and Minerals", was then put and agreed to.

**Demand No. 24**

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs. 3,04,26,000 be granted for expenditure under Demand No. 24, Major Head : "258—Stationery and Printing", was then put and agreed to.

**Demand No. 76**

**Mr. Speaker :** There are two cut motions. I put all the cut motions to vote.

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs. 24,17,50,000 be granted for expenditure under Demand No. 76 Major Heads: "321—Village and Small Industries (Public Undertakings), 505—Capital Outlay on Agriculture (Public Undertakings), 526—Capital Outlay on Consumer Industries (Public Undertakings), 705—Loans for Agriculture (Public Undertakings), 722—Loans for Machinery and Engineering Industries (Public Undertakings), 723—Loans for Petroleum, Chemicals and Fertilisers Industries (Public Undertakings), 726—Loans for Consumer Industries (Public Undertakings) and 734—Loans for Power Projects (Public Undertakings,) was then put and agreed to.

**Demand No. 61**

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs. 7,50,93,000 be granted for expenditure under Demand No. 61 Major Heads: "320—Industries (Closed and Sick Industries) 522—Capital Outlay on Machinery and Engineering Industries (Closed and Sick Industries), 526—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Induatries), 722—Loans for Machinery and Engineering Industries (Closed and Sick

Industries), 723—Loans for Petroleum, Chemicals and Fertilisers Industries (Closed and Sick Industries), 726—Loans for Consumer Industries (Closed and Sick Industries)" was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7.43 p.m. till 1 p.m. on Thursday, the 12th March, 1981 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 12th March, 1981 at 1-00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 15 Ministers, 3 Ministers of State and 159 Members.

[1-00 — 1-10 p.m.]

## Heldover Starred Questions (to which oral Answers were given)

### ব্যাঙ্ক ডাকাতি

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮।) **শ্রী কিরণময় নন্দ ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮১ সালের জানুয়ারি মাস পর্যন্ত পশ্চিমবাংলায় কতগুলি ব্যাঙ্ক ডাকাতি হইয়াছে? এবং

(খ) উক্ত ঘটনার সহিত সংশ্লিষ্ট কতগুলি ক্ষেত্রে ডাকাত ধরা পড়িয়াছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ঐ সময়ে মোট দশটি ব্যাঙ্কে ডাকাতি হয়েছে।

(খ) নয়টি ক্ষেত্রে ডাকাতির সাথে সংশ্লিষ্ট অনুমানে ৩৬ জনকে গ্রেপ্তার হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, ১০টি ব্যাঙ্কে ডাকাতি হয়েছে এবং তারজন্য ৩৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, ঐ সময়ের মধ্যে লুণ্ঠিত টাকা-কড়ি এবং অন্যান্য জিনিসপত্র কি উদ্ধার করা সম্ভব হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ না দিলে বলা যাবে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ডাকাতগুলি কত পরিমাণ টাকা নিয়ে গেছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ চাই।

### সাঁওতালদির চতুর্থ ও ব্যান্ডেলের পঞ্চম ইউনিটে বিদ্যুৎ উৎপাদন

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৮।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালদি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের চার নম্বর ইউনিট এবং ব্যান্ডেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে পাঁচ নম্বর ইউনিট দুইটির কোন সময়ে উৎপাদন শুরু করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছিল ;

(খ) সেই লক্ষ্যমাত্রা অনুযায়ী কি কাজ সম্পন্ন হয়েছে ; এবং

(গ) যদি 'খ' প্রশ্নের উত্তর না হয়, তাহা হইলে উক্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের প্রস্তাবিত ইউনিটগুলি কোন সময় হইতে উৎপাদন শুরু করিবে বলিয়া আশা করা যায়?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) সাঁওতালদির চতুর্থ এবং ব্যান্ডেলের পঞ্চম ইউনিটদ্বয়ের বিদ্যুৎ উৎপাদন শুরু করার লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৯৭৭ সালের ডিসেম্বর মাস এবং ১৯৭৯ সালের জুন মাস স্থির করা হয়েছিল।

(খ) না।

(গ) এই বছরের এপ্রিল মাসে সাঁওতালদির চতুর্থ ইউনিট এবং অক্টোবর মাসের শেষ নাগাদ ব্যান্ডেলে পঞ্চম ইউনিট বিদ্যুৎ উৎপাদন শুরু করিবে বলিয়া আশা করা যায়।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, লক্ষ্যমাত্র অনুযায়ী কাজ না হওয়ার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** ১৯৭৭ সালের আগে এটা স্থির হয়েছিল। কিন্তু ১৯৭৭ সালে আমরা এসে দেখলাম বিশেষ কোনও কাজ হয়নি এবং যে লক্ষ্যমাত্রা তারা স্থির করেছিল তা কখনও পৌছানো সম্ভব নয়। আমরা সেই সময় থেকে কিছু কাজে হাত দিয়েছি। যন্ত্রপাতি সরবরাহ যাতে হয়, অর্ডারগুলি যাতে দেওয়া যায় ইত্যাদি বিষয়ে নজর দেওয়ার পর কাজ বেশ এগিয়ে যাচ্ছে। সুতরাং ঐ যে কাজে দেরি হয়েছে তার কারণ আগে কিছু করা হয়নি বলে। এখন কাজগুলি ঠিকঠিকভাবে চলছে।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় সাঁওতালদির চতুর্থ বয়লার সম্পর্কে ইনসপেক্টর অব বয়লারসের বিরুদ্ধে কিছু মন্তব্য করেছিলেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ না দিলে কিছু বলতে পারব না, কত দেরি হয়েছে এটা সম্পর্কে আমাদের কাছে কোনও রিপোর্ট নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এসেছেন সেই সময় আগেকার গভর্নমেনট কি কাজ করেছিলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** কিছুই করেন নি, প্রথমত এই সব কাজ করলে কি প্রয়োজন এবং তার জন্য যেসব যন্ত্রপাতি দরকার তা এখানে হয় না বাইরে থেকে আনতে হয়। অর্ডার প্লেস করতে হয়, সেসব কিছুই করা হয় নি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী কি বলবেন যে এই দুটি বিদ্যুৎ কেন্দ্রের জেসটেশন পিরিয়ড কি পরিমাণ ধরা হয়েছিল হাউ মেনি মান্থস জেসটেশন? from the plan to the commission level. এটা ইউজুয়ালি জেসটেশন পিরিয়ড অ্যাবাউট ৩৩ মান্থস কিন্তু আপনারা এসেছেন ১৪০ মাসের উপর।

**শ্রী জ্যোতি বসু ঃ** আমরা এসে দেখেছিলাম যে কিছুই হয়নি। তখন আপনি যা বলছেন প্রায় তার কাছাকাছি ছিল। সময় রেখে করা হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ১০০ পারসেন্ট পার্টস বাইরে থেকে আসে না, সাম কমপোনেনটস বাইরে থেকে আসে।

**শ্রী জ্যোতি বসু ঃ** অর্ডার দিলে তো পার্টস আসবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনারা অর্ডার দিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** হ্যাঁ, আমরা অর্ডার দিয়েছি, ৪/৫ মাস হল অর্ডার দিয়েছি ওখানে একটু দেরি হয়েছে—একটা অল ইন্ডিয়া স্ট্রাইকের জন্য এবং তার জন্য দুমাস দেরি হয়েছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন যে আপনারা কাজে হাত দিয়েছেন, তা কোন সালের কোন মাস থেকে কাজে হাত দিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ চাই।

## Transfer of members of staff belonging to West Bengal State Electricity Board Employees Union from Santaldih

*70. (Admitted question No. *203.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the number of staff belonging to West Bengal State Electricity Board Employees, Union transferred from Santaldih to other places during the period from July, 1977 to January, 1981 ; and

(b) the reasons thereof?

**Shri Jyoti Basu :**

(a) No record is kept regarding which unions the said employees belong.

(b) Reasons for transfers were as follows :

(i) Employees own seeking.

(ii) Routine transfer ;

(iii) Transfer on promotion ; and

(iv) Interest of the Board's work.

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে কি জানাবেন যে ১৯৭৭ সালের জুলাই থেকে ১৯৮১ সালের জানুয়ারি মাস পর্যন্ত সাঁওতালদিতে কতজন এমপ্লয়িকে ট্রান্সফার করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু** ঃ ১৩২ জনকে।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ আপনি কি জানেন সাঁওতালদিতে কতকগুলি স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িদের ইলেকট্রিসিটি বোর্ডের কতগুলি ইউনিয়ন আছে?

**শ্রী জ্যোতি বসু** ঃ সব ইউনিয়ন সম্পর্কে আমার জানা নেই। তবে আই এন টি ইউ সির ২/৩টি গ্রুপ আছে সিটু আছে এই রকম ৫/৭টি আছে।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ যাদেরকে ট্রান্সফার করা হয়েছে তারা আই এন টি ইউ সির কর্মচারী কিনা আপনি জানেন?

**শ্রী জ্যোতি বসু** ঃ প্রথম কথা ঠিক নয়। তারপর যতদূর জানি আই এন টি ইউ সির অনেকেই ওখান থেকে ট্রান্সফার হবার জন্য বলেছিলেন।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ সিটু ইউনিয়ন থেকে কেউ ট্রান্সফার হয়েছে?

**শ্রী জ্যোতি বসু** ঃ হ্যাঁ হয়েছে।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী শচীন সেন** ঃ ১৯৭৭ সালে যাদের ট্রান্সফার করা হয়েছিল এর মধ্যে কি কিছু যারা উৎপাদনে সেখানে বাধার সৃষ্টি করে ছিল এবং সাবোটেজ করেছিল?

**শ্রী জ্যোতি বসু** ঃ নোটিশ চাই।

### বাঁকুড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮২।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়** ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ

লিকুইডেশনে যাচ্ছে ;

(খ) সত্য হলে, কারণ কি ; এবং

(গ) উক্ত প্রতিষ্ঠানটির গত ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯ ও ১৯৭৯-৮০ সনের মোট লাভের অথবা লোকসানের পরিমাণ কত?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) উক্ত প্রতিষ্ঠানটি গত তিন বছরে নিম্নরূপ মোট লাভ করিয়াছে—

১) ১৯৭৭-৭৮ টাকা ৪৮,১৭২.০০

২) ১৯৭৮-৭৯ টাকা ৪৬,৩৮২.০০

৩) ১৯৭৯-৮০ টাকা ১৫,০০০.০০ (আনুমানিক)

**শ্রী সুভাষ গোস্বামি :** বাঁকুড়া হোলসেল কনজিউমার্স বছর বছর লাভের অঙ্ক কম হবার কারণ কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :** ১৯৭৯-৮০ সালে অ্যাসেনসিয়াল কমোডিটিস ডিস্ট্রিবিউশন খুব বেশি পরিমাণে করা হয়েছিল। সেজন্য আমরা মিনিমামটা নিয়েছি।

**অনাদায়ী সমবায় ঋণ**

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৩।) **শ্রী গোপাল মন্ডল :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ৩১এ জানুয়ারি, ১৯৮১ তারিখে মোট অনাদায়ী সমবায় ঋণের পরিমাণ কত ;

(খ) এর মধ্যে বিভিন্ন ধরনের অনাদায়ী কৃষি ঋণের পরিমাণ কত ; এবং

(গ) মাঝারি ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের সমবায় ঋণ মুকুবের কথা সরকারের ভাবছেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :**

(ক) ৬৫৭৮.৪৭ লক্ষ টাকা।

(খ) স্বল্প মেয়াদি—৫৭৪৭.২৫ লক্ষ।

মধ্য মেয়াদি— ৩৯৯.৭৪ লক্ষ।

দীর্ঘ মেয়াদি— ৪৩১.২১ লক্ষ।

(গ) হ্যাঁ, বিষয়টি সরকারের বিবেচনাধীন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এটা কি নাগাদ সরকারি সিদ্ধান্ত জানা যাবে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এটা আমাদের মধ্যে আলোচনা চলছে। তবে পরিষ্কার জেনে রাখুন যাদের দেবার ক্যাপাসিটি আছে তাদের কো-অপারেটিভ ঋণ দিতে হবে। বাকি যারা নিচের দিকে আছে তাদের ক্ষেত্রে কতটা রেমিশন করা যাবে সেটা সেশন শেষ হবার আগে ঘোষণা করব।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ক্ষুদ্র ও মাঝারি এবং প্রান্তিক কৃষকরা যারা ইতিমধ্যে ঋণের টাকা দিয়ে দিয়েছেন তারা কি টাকা ফেরৎ পাবে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** যেভাবে অর্ডার দেব সেই অর্ডার অনুযায়ী যদি একসেস পেমেন্ট হয়ে থাকে মনে করুন আপনি ৫০০ টাকা দিয়েছেন কিন্তু সরকার যা ফর্মুলেট করলেন ৩০০ টাকা কাটা যাবে তখন ২০০ টাকা নিশ্চয় রিফান্ড দেওয়া হবে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** যে সমস্ত ক্ষেত্রে চাষীর কাছে থেকে ক্রোক করে টাকা আদায় করা হয়েছে তাদের ক্ষেত্রে কি সুবিধা দেওয়া হবে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এই রকম যদি কেস থাকে তাহলে আমার কাছে নিয়ে আসুন এবং ৫০০ টাকার নিচে যাদের উপর সার্টিফিকেট করা হয়েছে সেগুলি আমরা দেখব কারণ বলা হয়েছে কোনওরকমভাবেই সার্টিফিকেট করা হবে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মোট ঋণের কি পরিমাণ প্রান্তিক এবং মার্জিনাল ফার্মারদের মধ্যে দেওয়া হবে এবং কি পরিমাণ আপার ক্লাশ পেয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এটা অফহ্যান্ড বলতে পারছি না তবে অ্যাপ্রকসিমেটলি ২০ কোটি প্রান্তিক ৩৩ কোটি মাঝারি আর বাকি আপার স্ল্যাব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এটা যদি মুকুব করা হয় তাহলে এই পরিমাণ টাকা সমবায়গুলিকে অর্থাৎ সেনসাস কো-অপারেটিভ ব্যাঙ্ক এবং স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে কি গভর্নমেন্ট সার্টিফিকেট দেবে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এটা বিবেচনাধীন আছে। কিন্তু আমি বলছি এইগুলি যেহেতু ইনস্টিটিউশন্যাল ফাইনান্স তখন গভর্নমেন্টকে এই টাকা নিজে হাতে দিতে হবে অর্থাৎ স্টেট গভর্নমেন্টকে শোধ করতে হবে।

**শ্রী গোপাল মন্ডল ঃ** হাই স্ল্যাব বলতে কি বোঝায়?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** ৫ একর জমির উপর।

**গোখুরী উপ-স্বাস্থ্যকেন্দ্র**

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫০।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নন্দীগ্রাম ৩নং উন্নয়ন সংস্থার অধীনে গোখুরী উপ-স্বাস্থ্য কেন্দ্রের গৃহ নির্মাণের কাজ বর্তমান আর্থিক বছরে আরম্ভ হইবে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কবে নাগাদ ঐ কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) শীঘ্রই আশা করা যায়।

**মৎস্য শিকারের জন্য নৌকা, লঞ্চ ও ট্রলার**

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৭।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সমুদ্রে মাছ ধরার জন্য কতগুলি যন্ত্রচালিত সরকারি ও বেসরকারি নৌকা, লঞ্চ ও ট্রলার আছে ;

(খ) এসবের সাহায্যে ১৯৮০ সালে কত মাছ ধরা হয়েছে ;

(গ) ইহা কি সত্য যে, বরফকল এবং যানবাহনের অভাবে প্রচুর মাছ নষ্ট হয়েছে ,

(ঘ) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার তাদের ট্রলারগুলি বিক্রি করেছে ; এবং

(ঙ) সত্য হলে কত টাকায় এবং কাহাদের নিকট বিক্রয় করেছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ**

(ক) ট্রলার

| | |
|---|---|
| সরকারি | ৪টি |
| বেসরাকরি | ১১টি |
| যন্ত্রচালিত লঞ্চ | |
| মৎস্যজীবী সমবায় সমিতি | ২৫টি |
| বেসরকারি ,, ,, | ৮০৪টি |

নৌকা

বেসরকারি ৫০০টি

(খ) ২৭,০০০ (সাতাশ হাজার) মেট্রিক টন

(গ) এ তথ্য সরকারের জানা নেই। তবে একথা ঠিক সমুদ্রে অকস্মাৎ প্রচুর ইলিশমাছ ধরা পড়লে বরফের সঙ্কুলান হওয়া স্থানীয়ভাবে সর্বদা সম্ভব হয় না।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন ওঠে না।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** বরফ কল স্থাপন এবং যানবাহনের বিশেষ ব্যবস্থা সরকার কি করবেন যাতে ফিসারম্যানরা ক্ষতিগ্রস্ত না হয়?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মিনিমাম ফিসিং হারবার হলে সেখানে তখন এইগুলি হবে।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী সরল দেব ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০ ট্রলার মারফৎ কত মাছ ধরা হয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** ৩ বছরে গড়ে ২৯ টন করে মাছ ঐ ট্রলারের সাহায্যে ধরা হয়েছে। ৪টি ট্রলার দ্বারা এই মাছ ধরা হয়েছিল। আর এই বছরে আগের অ্যারেঞ্জমেন্ট সম্পূর্ণ চেঞ্জ করে ৪ মাসে মোট ৯৬ টন মাছ ধরা হয়েছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** আপনার কি নতুন কয়েকটা ট্রলার কেনার পরিকল্পনা আছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** আমি যদি লাভ করতে পারি তখন পরিকল্পনা করব, কিন্তু যদি দেখি লস হচ্ছে তাহলে কি করে কেনার পরিকল্পনা করব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বলছেন যে অনেক মাছ এ পর্যন্ত ধরা হয়েছে, তাহলে মাছের দাম কমছে না কেন? এই ব্যাপারে কি কোনও ব্যাবস্থা নিয়েছেন?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মাছের এই দামকে বেশি দাম বলছেন কেন, এটার দাম জাস্ট আছে। আপনি কম করতে বললেই তো হবে না, বাজারে একটা প্রাইস লেবেল আছে, এবং সেইভাবেই এই দাম রেগুলেট করা হয়।

**শ্রী সরল দেব ঃ** ১৯৭৫-৭৬ সালে কংগ্রেসের আমলে এই ট্রলার মারফৎ কত মাছ ধরা হয়েছিল?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** কংগ্রেসের আমলে কোনও ট্রলার ছিলনা।

**ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সমবায় ঋণ মকুব**

*২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪২।) **শ্রী নীহারকুমার বসু :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সমবায় ঋণ মুকুব করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কার্যকর করার বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :**

(ক) বিষয়টি বিবেচনাধীন

(খ) প্রশ্ন ওঠে না।

**নিবিড় মৎস্য-চাষ প্রকল্প**

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কত সংখ্যক পুষ্করিণী 'নিবিড় মৎস্য-চাষ প্রকল্পের' অন্তর্গত ;

(খ) ১৯৮০-৮১ সালের আর্থিক বছরে (৩১এ জানুয়ারি, ১৯৮১) ঐ প্রকল্পের রূপায়ণে রাজ্য সরকার কত টাকা আর্থিক অনুদান প্রদান করেছেন ;

(গ) ঐ প্রকল্পের মাছ উৎপাদনের কোনও লক্ষ্যমাত্রা আছে কি ;

(ঘ) থাকিলে, উৎপাদিত মাছ রাজ্যের কত শতাংশ চাহিদা পূরণ করেছে , এবং

(ঙ) ঐ প্রকল্পের উৎপাদিত মাছের দাম নির্ধারণে সরকারি নীতি কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :**

(ক) ১৯৭৫-৭৬ সাল থেকে এই প্রকল্পটি চালু করা হয়েছে। ঐ সাল থেকে ১৯৮০-৮১ সাল পর্যন্ত মোট ৩৩৪৩ পুষ্করিণী সরকারি আর্থিক সাহায্যে নিবিড় মৎস্য চাষ প্রদর্শনীর ক্ষেত্রে অন্তর্ভুক্ত করা হয়েছে। ইহা ছাড়াও কয়েকটি সরকারি খামারেও ঐ প্রকল্প চালু আছে। সরকারি প্রকল্পটি ছাড়াও ব্যক্তিগত মালিকানাধীন পুষ্করিণীতে নিবিড় মৎস্যচাষ চালু হইয়াছে ;

(খ) হেক্টর প্রতি সর্বোচ্চ ৬০০০ টাকা হিসাবে অনুদান প্রদানের জন্য বর্তমানে আর্থিক বৎসরে মোট ১৩.৩২ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে ;

(গ) হ্যাঁ হেক্টর প্রতি ৪০০০ কেজি ;

(ঘ) নিবিড় মৎস্য চাষের পদ্ধতিতে উৎপাদিত মৎস্যের পরিমাণ রাজ্যের বা বাৎসরিক চাহিদার আনুমানিক এক শতাংশ পূরণ করে ;

(ঙ) প্রদর্শনীর ক্ষেত্রে উৎপাদিত মৎস্যের শতকরা ৫০ ভাগ জেলা মীনাধিকারিকের নির্ধারিত মূল্যে বাজারের বিক্রয়ের নির্দেশ আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এটা ট্রলারের চেয়েও সাকসেসফুল প্রকল্প। এই প্রকল্পে পুকুরের থেকে বেশি মাছ উৎপাদন হচ্ছে। সে জন্য জানতে চাচ্ছি যে ১৯৮১-৮২ সালে এই প্রকল্পের জন্য কত টাকা বরাদ্দ করেছেন এবং কত মাছ উৎপাদন হতে পারে এবং চাহিদা কতটা পূরণ করবে সেটা জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এটা হচ্ছে ডেমোনেস্ট্রেশন সেন্টার। এর সঙ্গে এস এফ ডি এ আছে, ইনল্যান্ড ফিসারি, এটা খুব বড় প্রকল্প। এই দুটো মিলিয়ে আমরা ১০ পারসেন্টের কাছাকাছি মাছ এই বছরে আনতে পারব।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই নিবিড় মৎস্য চাষ প্রকল্পের মধ্যে কতগুলি পুকুরে কেজ কালচার চালু আছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** খাঁচায় মাছ এই প্রকল্পে নেই। এটা হচ্ছে, হিংলো প্রোজেক্ট যে রিজার্ভার প্রকল্প করেছি, সেখানে কেজ কালচার এবং পেন কালচাল—এই দুটো করা হয়েছে।

**সমবায় প্রশিক্ষণকেন্দ্র**

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৮।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে সমবায় প্রশিক্ষণকেন্দ্র খুলিবার কোনও প্রস্তাব গ্রহণ করা হইয়াছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত কেন্দ্রের সংখ্যা কত ; এবং

(গ) কোথায় কোথায় উহা খোলা হইয়াছে বা হইবে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ**

(ক) হ্যাঁ

(খ) পাঁচ।

(গ) জলপাইগুড়ি জেলার জলপাইগুড়িতে ও বীরভূম জেলার হেতমপুরে একটি করে খোলা হইয়াছে। এবং বাঁকুড়া, বহরমপুর এবং বারাসতে বাকি ৩টি খোলার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই দুটো জায়গা সিলেক্ট করা হয়েছে—একটা হচ্ছে কো-অপারেটিভের চেয়ারম্যান, নির্মলবাবুর এলাকা, আর একটা মন্ত্রীর

এলাকা। এই দুটো জায়গা ছাড়া কি পশ্চিমবাংলায় আর কোনও জায়গা ছিলনা?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এই দুটো জায়গায় খুব দরকার ছিল। ওই ভাবে করা হয়নি।

**রামপুরহাট মহকুমায় মৎসজীবী সমবায় সমিতি**

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৪।) **শ্রী ভবানীপ্রসাদ চট্টোপাধ্যায় ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট মহকুমায় বর্তমানে কয়টি মৎস্যজীবী সমবায় সমিতি আছে ;

(খ) তন্মধ্যে নলহাটি থানায় মৎস্যজীবী সমবায় সমিতি সংখ্যা কত ;

(গ) উক্ত সমিতিগুলি কি ধরনের কাজ করে ; এবং

(ঘ) উক্ত সমিতিগুলি কোথা হইতে অর্থ সংগ্রহ করিয়া থাকে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ**

(ক) ১১টি।

(খ) ১টি।

(গ) মৎস্যজীবী উৎপাদন ও মৎস্য চাযের কাজ।

(ঘ) প্রধানত রাজ্য মৎস্য দপ্তর হইতে এবং নিজ নিজ তহবিল (fund) হইতে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে ১১টি মহকুমাতে মৎস্যজীবী সমবায় সমিতি আছে। এর মধ্যে কতগুলি ফাংশনিং আছে এবং এরা কোন কোন থানাতে কয়টা আছে সেটা জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** ফাংশনিং আছে ৪টি। ৩টি রিভাইভ করার চেষ্টা হচ্ছে। আর ৪টি লিকুইডেশনে দেওয়া হয়েছে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই মৎস্যজীবী সমবায় সমিতির নাম করলেন এবং বললেন যে ৪টি ফাংশনিং অবস্থায় আছে। এই ৪টি যদি ফাংশনিং থাকে তাহলে যেখানে যেখানে মাছ বিক্রয়ের জায়গা আছে, সেখানে কত পরিমাণ মাছ দেওয়া হয়ে থাকে বা দেওয়া হয় সেটা জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এটা বলা যাচ্ছে না।

**ময়ূরাক্ষী জলাধারে মৎস্যচাষ পরিকল্পনা**

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩১।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী

মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী জলাধারের মতো সুবৃহৎ জলাশয়ে মৎস্য চাষের কোনও ব্যবস্থা আছে কি ; এবং

(খ) উক্ত বিষয়ে কোনও পরিকল্পনা গ্রহণ করা হইলে তাহার রূপরেখা সংক্ষেপে কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিগত আর্থিক বৎসরের শেষার্ধে ময়ূরাক্ষী জলাধারে এক পরীক্ষামূলক মৎস্যচাষ প্রকল্প গ্রহণ করা হইয়াছে। এই প্রকল্পাধীনে উক্ত জলাশয়ে বড় সাইজের চারা পোনা ছাড়া হয়। তবে এখনও মাছ ধরা শুরু হয় নাই। ধৃত মৎস্য মৎস্যজীবী সমবায় সমিতির মাধ্যমে সিউড়ি রামপুরহাট ও বোলপুর প্রভৃতি শহরে ন্যায্য মূল্যে বিক্রয় করা হইবে।

এছাড়া স্টেট ফিসারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর মাধ্যমে বাঁকুড়া জেলার কংসাবতী ও কুমারি জলাধারে মৎস্যচাষ প্রকল্প চালু আছে। বিগত আর্থিক বৎসরে উক্ত কর্পোরেশন বীরভূম জেলার হিংলো জলাধারে একটি মৎস্যচাষ প্রকল্প গ্রহণ করেছে।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ময়ূরাক্ষী জলাধারে মাছ চাষের প্রশ্নে বিহার সরকারের সঙ্গে কোনও বিরোধ আছে কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** হ্যাঁ। বিহার সরকার বলেছিলেন যে, যে এগ্রিমেন্ট আছে সেটা হচ্ছে জলটা রাখার জন্য, মাছ চাষের জন্য নয়। তারপর ওদের সঙ্গে করেসপনডেন্স করা হয় এবং এগ্রিমেন্ট নিয়ে আলোচনার জন্য বসাও হয়, তাতে সাব্যস্ত হয়েছে যে না, ফিসারিজের রাইটটা আমাদের আছে। ওরা এখন আর ডিসটার্ব করছেন না।

**বিশ্বব্যাঙ্কের আনুকূল্যে মৎস্যচাষ পরিকল্পনা**

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৬।) **শ্রী বিমলকান্তি বসু ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্কের আর্থিক আনুকূল্যে এ রাজ্যে মৎস্যচাষের কোনও পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি ;

(খ) হইয়া থাকিলে, উক্ত প্রকল্পগুলি বাবদ এ পর্যন্ত বিশ্বব্যাঙ্কের সাহায্যের পরিমাণ কত ; এবং

(গ) কোন কোন জেলায় উক্ত প্রকল্পগুলি কার্যকর করা হইয়াছে/হইবে?

**শ্রী ভূক্তিভূষণ মন্ডল ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এ পর্যন্ত কোনও সাহায্য পাওয়া যায় নাই, তবে ১৯৮০-৮১ সালে দেয় সাহায্যের টাকা আনুমানিক দশ লক্ষ আগামী মার্চ মাসের মধ্যেই পাওয়া যাবে আশা করছি। বিশ্বব্যাঙ্কের নিয়মানুযায়ী প্রথমে আমাদের খরচ করিতে হয় এবং তার পর ভারত সরকার মারফৎ দেয় টাকা দাবি করিতে হয়।

(গ) নিম্নলিখিত জেলাগুলিতে বিশ্বব্যাঙ্কের সাহায্যপুষ্ট 'ইনল্যান্ড ফিসারিজ স্কীম'' কার্যকর করা হইতেছে—নদীয়া, মুর্শিদাবাদ, হাওড়া, হুগলি, মেদিনীপুর, বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, মালদা ও পশ্চিম দিনাজপুর।

**শ্রী বিলমকান্তি বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে জেলাগুলির কথা বললেন সেই জেলাগুলি এই প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত হবার ভিত্তি হিসাবে কি নীতি গ্রহণ করা হয়েছিল মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** নীতির প্রশ্ন উঠতে পারে না।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** কুচবিহার জেলায় ওয়াটার এরিয়া বেশি থাকা সত্ত্বেও এই জেলা কেন এই প্রকল্পের অন্তর্ভুক্ত হল না। মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** ওয়ার্ল্ড ব্যাঙ্কের যে প্রোজেক্ট রিপোর্ট আছে তাতে কনটিনুয়াসলি ১১টা হতে হবে। প্রথমে ৫টি কনটিনুয়াসলি হয়েছিল তারপর আরও ৬টির অর্ডার হয় এবং সেটা কনটিনুয়াসলি করতে গিয়ে এইভাবে করতে হয়েছে। আবার তিনটে দিলে জলপাইগুড়ি, দার্জিলিং, কুচবিহার আসবে। কুচবিহারটা কনটিগুয়াসলি হচ্ছে না বলে এটা নেওয়া যায়নি যদিও এখানে ভায়াবিলিটি আছে।

## Starred Questions
## (to which oral Answers were given)

### বুদ্ধিজীবীদের এসপ্ল্যানেড ইস্টে অবস্থান ধর্মঘট

*৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮১ সালের জানুয়ারি মাসের প্রথম দিকে পশ্চিমবঙ্গের বুদ্ধিজীবীদের এক অংশ এসপ্ল্যানেড ইস্টে অবস্থান ধর্মঘট করেছিলেন ;

(খ) সত্য হলে, কি দাবিতে এই অবস্থান ধর্মঘট করা হয়েছিল ; এবং

(গ) ঐ অবস্থান ধর্মঘটের ব্যাপারে কোনও বিশেষ সংবাদপত্রের অর্থানুকূল্য এবং উক্ত সংবাদপত্রের জনৈক সাংবাদিকের ভূমিকা সম্পর্কে কোনও তথ্য রাজ্য সরকারের নিকট আছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) হ্যাঁ।

(খ) শিক্ষানীতি, প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেওয়া, প্রাথমিক শ্রেণীর পাঠ্যতালিকা থেকে সহজ পাঠ বাতিল এবং শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচিত পরিচালক মন্ডলী খারিজ প্রভৃতির অভিযোগের ভিত্তিতে এই অবস্থান ধর্মঘট করা হয়েছিল।

(গ) সংবাদপত্রের অর্থানুকূল্যের কোনও খবর সরকারের জানা নেই। তবে আনন্দ বাজার পত্রিকার শ্রী সন্তোষকুমার ঘোষ এই কর্মসূচিতে সক্রিয় অংশ নিয়েছিলেন বলে জানা যায়।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই আন্দোলনের পিছনে কিছু বিদেশিশক্তি অর্থ যোগাচ্ছে, এই রকম কোনও খবর আপনার কাছে আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে এই রকম কোনও খবর নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বুদ্ধিজীবীরা সরকারের এই শিক্ষানীতি সম্পর্কে যে বক্তব্য রেখেছেন, সেই সম্পর্কে এই বুদ্ধিজীবীদের বক্তব্য নিয়ে এই শিক্ষানীতির পুনর্বিবেচনা করার কথা চিন্তা করছেন কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমরা বুদ্ধিজীবীদের পরামর্শ নিয়ে এই শিক্ষানীতি গ্রহণ করেছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বুদ্ধিজীবীদের পরামর্শ নিয়ে এই শিক্ষানীতি রচনা করেছেন। তাদের পরমার্শ নিয়ে যদি এটা করে থাকেন তাহলে তারা এর বিরোধিতা করে আন্দোলনে নামলেন কেন, এটা বলবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** মুষ্টিমেয় কিছু বুদ্ধিজীবী, তারা করতে পারেন। তাদের গণতান্ত্রিক অধিকার আছে বিরোধিতা করার। তবে ৫ কোটি লোকের মধ্যে তারাই সব, এটা ধরে নিতে পারছি না।

**শ্রী হরিপদ জানা** (ভগবানপুর) **ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই ভাষানীতি সংক্রান্ত ব্যাপারে বামফ্রন্ট সরকার যে নীতি গ্রহণ করেছেন, এর উপর কোনও গণভোট নেবার ইচ্ছা সরকারের আছে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** না নেই, নির্বাচন আসবে তখন গণভোট নেবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই সব সরকারি ভাষানীতি এবং শিক্ষায় নৈরাজ্য দলবাজির বিরুদ্ধে আজকে যে আন্দোলন চলছে, এই আন্দোলন

গ্রামে ছড়িয়ে পড়ছে, এই সম্পর্কে আপনি কোনও খবর রাখেন?

**শ্রী জ্যোতি বসু :** গ্রামের লোক আমাদের সমর্থন করছেন এবং শহরের লোক বেশির ভাগ সমর্থন করছেন। সামান্য মুষ্টিমেয় কয়েক জন বুদ্ধিজীবী তারা আমাদের বিরোধিতা করছেন। আপনি তো গ্রামের লোক, এটা আপনার জানা থাকা দরকার।

### জন্মনিরোধক অস্ত্রোপচার

*৩২০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৮।) **শ্রী জন্মেজয় ওঝা :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে পশ্চিমবঙ্গে মোট কতজন পুরুষ ও মহিলা জন্মনিরোধক অস্ত্রোপচার করেছেন ; এবং

(খ) উক্ত বিষয়ে সরকারের লক্ষ্যমাত্রা কত ছিল?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) ১৯৮০ সালে (জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত) পশ্চিমবঙ্গে মোট ৮০,০২৫ জন পুরুষ ও ১,১৫,৩৫৮ জন মহিলা জন্মনিরোধক অস্ত্রোপচার করেছেন।

(খ) উক্ত বিষয়ে সরকারের লক্ষ্যমাত্রা আর্থিক বৎসর (এপ্রিল-মার্চ) হিসাবে স্থির করা হয়। ১৯৮০ সালের এপ্রিল থেকে ১৯৮১ সালের মার্চ পর্যন্ত পুরুষ ও মহিলা অস্ত্রোপচার মিলিত লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে ২,৩০,০০০। ১৯৭৯ সালের এপ্রিল থেকে ১৯৮০ সালের মার্চ ঐ লক্ষ্যমাত্রা ছিল ২,২১,০০০।

### জন্মনিয়ন্ত্রণ

*৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৯।) **শ্রী অনিল মুখার্জি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জন্মনিয়ন্ত্রণের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ; এবং

(খ) জন্মনিয়ন্ত্রণের জন্য ১৯৭৯-৮০ সালে মোট কত টাকা ব্যয় করা হইয়াছে?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) জন্মনিয়ন্ত্রণের জন্য জাতীয় সরকারের দেশব্যাপী যে পরিকল্পনা ও কর্মোদ্যোগ আছে, পশ্চিমবঙ্গেও সে সমস্ত ব্যবস্থাই অবলম্বন করা হইয়াছে। যথা

(১) **গণশিক্ষা ও প্রচার**

নগর ও শহরাঞ্চল হইতে আরম্ভ করিয়া সুদুর পল্লী অঞ্চল পর্যন্ত সরকারি ও

বেসরকারি পরিবার কল্যাণ কেন্দ্রগুলিতে নিযুক্ত অভিজ্ঞ স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে জনসমাবেশে ও গ্রামবাসীদের গৃহে গৃহে ছোট পরিবারের উপযোগিতা সম্বন্ধে শিক্ষা দেওয়া ও প্রচার করা হইতেছে।

শহরবাসী ও অনভিজ্ঞ গ্রামবাসীদিকে জন্মনিয়ন্ত্রণের সহজ ও নিরাপদ পন্থাগুলি সম্বন্ধে অবহিত করা এবং অস্ত্রোপচার ও অন্যান্য পদ্ধতি অবলম্বনের জন্য নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে উপস্থিত হইতে উৎসাহিত করাও এইসব স্বাস্থ্য কর্মীদের কর্তব্য।

সরকারি কর্মী ছাড়াও পঞ্চায়েত সদস্য, স্থানীয় মহিলা সমিতির সদস্যগণ ও অন্যান্য বেসরকারি সংস্থাগুলির উদ্যোগী কর্মীদের মাধ্যমেও যথাসম্ভব প্রচার কার্য চালানো হইতেছে।

এই রাজ্যের বৃত্তিভোগী কিছু কিছু বেকার যুবক যুবতীকে পরীক্ষামূলকভাবে প্রচার ও জনশিক্ষার কাজে নিযুক্ত করা হইয়াছে। এছাড়া, বেতার, নাটক, যাত্রা প্রভৃতির মাধ্যমেও ছোট পরিবারের উপযোগিতা সম্বন্ধে সাধারণ মানুষকে অবহিত করিবার চেষ্টা চলিতেছে।

(২) **জন্মনিয়ন্ত্রণ পদ্ধতিগুলি সম্বন্ধে ব্যবস্থা**

গৃহে গৃহে বা নিকটস্থ দোকানগুলির মাধ্যমে নিরোধ ইত্যাদি বিলির ব্যবস্থা আছে।

প্রতিটি ব্লকে স্বাস্থ্য কেন্দ্রগুলিতে জন্মনিরোধক মহিলা ও পুরুষদের অস্ত্রোপচার ব্যবস্থা আছে।

এই কেন্দ্রগুলিতে মহিলাদের লুপ পরাইবার ব্যবস্থা আছে।

পরীক্ষামূলকভাবে ও সীমিত পর্যায়ে মহিলাদের জন্মনিরোধক পিল খাওয়াইবার ব্যবস্থা আছে।

শহরাঞ্চলের হাসপাতালগুলিতে মহিলাদের অস্ত্রোপচারের জন্য এ পর্যন্ত ৩০৫টি অতিরিক্ত শয্যার ব্যবস্থা করা হইয়াছে।

সন্তান প্রসবের অব্যবহিত পরেই মেয়েরা যাহাতে জন্মনিরোধক অস্ত্রোপচারে আগ্রহী হয় তাহাদিগকে সেই ব্যাপারে উৎসাহিত করিবার জন্য প্রতিটি জেলা হাসপাতালে ও কলকাতার বড় বড় হাসপাতালগুলিতে শয্যাযুক্ত বিশেষ কয়েকটি কেন্দ্রে (পি পি ইউনিট) আছে।

(৩) **অন্যান্য ব্যবস্থা**

সন্তান প্রসবের পূর্বে ও পরে মায়ের স্বাস্থ্য রক্ষার জন্য ও নবজাতকের সুস্থ এবং

দীর্ঘজীবনের প্রাথমিক ব্যবস্থা হিসাবে কতকগুলি অত্যাবশ্যক টীকা ও ইঞ্জেকশন দিবার উদ্দেশ্যে প্রতিটি জন্মনিয়ন্ত্রণ কেন্দ্রে একটি করিয়া মাতৃ ও শিশুমঙ্গল কেন্দ্র আছে।

(৪) **কেন্দ্রীয় সরকার নির্দিষ্ট ব্যবস্থা ছাড়াও রাজ্য সরকারের নিজস্ব সংস্থান হইতে মঞ্জুরীকৃত অতিরিক্ত ব্যবস্থা**

রাজ্য সরকারের নিজস্ব অর্থভান্ডার হইতে অস্ত্রোপচারের পর প্রতিটি পুরুষকে কেন্দ্রীয় অনুদানের উপরেও অতিরিক্ত ২০ টাকা ও প্রতিটি মহিলাকে অতিরিক্ত ১০ টাকা দেওয়া হয়। এছাড়া সংশ্লিষ্ট ডাক্তার নার্স ইত্যাদিকেও বিভিন্ন হারে অতিরিক্ত পারিশ্রমিক দেওয়া হয়।

অস্ত্রোপচারের পর প্রতিটি পুরুষ ও মহিলা যাহাতে ঠিকমতো যথাস্থানে অস্ত্রোপচারোত্তর চিকিৎসা পান তাহার জন্য কেন্দ্রীয় সরকারের কোনও অনুদান না থাকায় রাজ্য সরকারের তহবিল হইতে সংশ্লিষ্ট ডাক্তার ও নার্সকে উপযুক্ত পারিশ্রমিক দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে।

পরিবার পরিকল্পনা প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার যে সব কর্মী নিয়োগের জন্য অর্থসাহায্য করেন, তাহা ছাড়াও রাজ্য সরকারের অধীনে নিযুক্ত অন্যান্য স্বাস্থ্যকর্মীদিককেও তাহাদের নিজ নিজ কাজ ছাড়াও এই প্রকল্পের কাজে নিযুক্ত করা হইয়াছে

(খ) মোট ৭ কোটি ৫০ লক্ষ টাকা।

বিভিন্ন খাতে ব্যয় গৃহাদি নির্মাণ—৮৮ লক্ষ টাকা।

কম্পেনশেশন— ২ কোটি টাকা।

প্রশিক্ষণ— ৩৯ লক্ষ টাকা।

বেতন ইত্যাদি ৪ কোটি টাকা।

গাড়ি ইত্যাদি ২৩ লক্ষ টাকা।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে লক্ষ্যমাত্রার কথা বললেন অস্ত্রোপচারের হিসাব দিলেন—লক্ষ্যমাত্রা কম ছিল, তা পূর্ণ করা সম্ভব হয়নি, এর কারণগুলো কি নাবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** লক্ষ্য আমরা কোনও সালেই পূরণ করতে পারি নি, ১৯৭৮-৭৯ ল পারিনি, ১৯৭৯-৮০ সালে আরমা পূরণ করতে পারিনি, ১৯৭৭-৭৮ সালেও আমরা ণ করতে পারিনি। তবে ১৯৮০-৮১ সালে আমরা লক্ষ্যমাত্রায় পৌছে যাব বলে অনুমান

করছি, কারণ বর্তমানে খুব কম ব্যবধান আছে। আপনারা জানেন এমার্জেন্সির সময় ফ্যামিলি ওয়েলফেয়ার প্রোগ্রাম যেভাবে করা হয়েছিল তার ফলে পরবর্তীকালে একটা প্রচন্ড সেট ব্যাক ঘটে, সেটা সম্পূর্ণ ভাবে মুছে যেতে সময় লাগবে। দুনং হচ্ছে আমরা প্রচার এবং মোটিভেশনের উপর জোর দিয়েছি। সেখানে জোর জবদস্তী এবং ফোর্স করবার কোনও ব্যাপার ছিল না। ধীরে ধীরে লুক আপ করছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে পশ্চিমবাংলায় একটি বিশেষ সম্প্রদায় এর মধ্যে ধর্মীয় বাধা খুব বেশি আছে। সেই বাধাটা দুর করবার জন্য বিশেষ কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** যে সম্প্রদায়ের কথা আপনি বলছেন, তাদের মধ্যে থেকে অল্প বিস্তর রেসপনস ফ্যামিলি ওয়েলফেয়ার প্রোগ্রামের ক্ষেত্রে পাচ্ছি।

**শ্রী হরিপদ জানা** (ভঃপুঃ) **ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি জন্মনিয়ন্ত্রণ পরিকল্পনাকে ঠিকভাবে রূপায়িত করার জন্য পশ্চিমবঙ্গ সরকার কি কোনও ইনসেনটিভ দেবার ব্যবস্থা করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** ইনসেনটিভ মানে, লাইগেশনের জন্য এক রকম অর্থ বরাদ্দ আছে, ভ্যাসকটমির জন্য আর এক রকম অর্থ বরাদ্দ আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যারা বেকার ভাতা পাচ্ছেন তারা একটা করে সার্কুলার পাচ্ছেন যে ওদের মাসে ২০/৩০টা করে অস্ত্রোপচারের কেস দিতে হবে। এটা কি ঠিক?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** যারা বেকার ভাতা পাচ্ছে, তাদের কিছু সামাজিক কাজ করতে হয়। বর্তমানে তাদের এই ধরনের কাজে লাগানো হচ্ছে। কিছু কিছু ক্ষেত্রে তারা মোটিভেটারের কাজ এবং প্রোমোটারের কাজ করছে।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৭৯-৮০ সালে এই বাবদে টাকা খরচ হয়েছে। এর মধ্যে কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছে এবং রাজ্য সরকার কত টাকা দিয়েছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** সবটাই কেন্দ্রীয় সরকার দিয়েছেন।

**শ্রী নানুরাম রায় ঃ** এই যে সংখ্যাটা বললেন, এর মধ্যে কতজন আদিবাসী তফসিল সম্প্রদায়ের লোক আছেন, সংখ্যাটা কত?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** সেটা নোটিশ না দিলে বলতে পারব না। আর একটা জিনিস আমার ভুল হয়েছে, যদিও সবটাই সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্সের কথা বলেছি কিন্তু এর মধ্যে স্টেট এক্সচেকার থেকেও অতিরিক্ত কিছু টাকা খরচ করা হয়েছে। এই অঙ্কের ভিতর সেই টাকাও রয়েছে।

## Implementation of the Prevention of Blackmarketing and Maintenance of the Supplies Act in West Bengal

*321. (Admitted question No. *73.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(a) whether the State Government has received instructions from the Centre for implementation of the Prevention of Blackmarketing and Maintenance of Supplies Act in West Bengal ; and

(b) if so,—

(i) what are these instructions, and

(ii) what action has been taken by the State Government in the matter ?

**Shri Jyoti Basu :**

(a) Yes.

(b) (i) To enforce the provisions of the Act against the habitual offenders who are indulging in activites prejudicial to the maintenance of supplies of sugar, kerosene, etc.

(ii) The Government has dicided to deal with such offenders by strict enforcement of the provisions of Essential Commodities Act and other relevent laws and orders.

**শ্রী রজনীকান্ত দলুই :** প্রিভেনশন অব ব্ল্যাকমার্কেটিং অ্যান্ড মেনটেনান্স অব সাপ্লাইস অ্যাক্ট অনুযায়ী পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত ৪৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

**শ্রী জ্যোতি বসু :** এই বিষয়ে আইন অনুযায়ী আজ পর্যন্ত এ রাজ্যে এক জনকেও ধরা হয়নি।

## ঘাটাল মহকুমা হাসপাতাল

*৩২২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৬।) **শ্রী গোপাল মন্ডল :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঘাটাল মহকুমা হাসপাতালে সুপারিনটেনডেন্ট-এর পদটি দীর্ঘদিন যাবৎ খালি পড়ে রয়েছে ;

(খ) সত্য হলে, কারণ কি ;

(গ) বর্তমানে উক্ত হাসপাতালের ঔষধ চুরি, এক্সরে যন্ত্রপাতি চুরি ইত্যাদি ঘটনার অভিযোগ সরকার পেয়েছেন কি ; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, এই প্রকার ঘটনা প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কারণ প্রশাসনিক পদে উপযুক্ত লোকের অভাব।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## ট্রেনে ডাকাতি

*৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০।) **শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কতগুলি ট্রেন ডাকাতির ঘটনা ঘটিয়াছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

মোট ১৮টি ঘটনা।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ট্রেন ডাকাতরি ঘটনা একটা নাইটমেয়ারের মতো হয়েছে, এটা বন্ধ করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী জ্যোদি বসু ঃ** নাইটমেয়ার কি ডে-মেয়ার তা আমি জানি না, কিন্তু আমরা অনবরত এগুলি রিভিউ করি—২/১ মাস পরে পরেই ব্যবস্থা করি যাতে বিভিন্ন ট্রেনে পুলিশ সংঙ্গে যায় এবং বিশেষ বিশেষ কতগুলি ট্রেনে বিশেষ বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয় যারা ডাকাতি করে তাদের ধরবার জন্য। যারা ডাকাতি করে তাদের মধ্যে নানা রকম গ্যাংগস আছে, তাদের বিরুদ্ধে নানা রকম খবরাখবর নেবারও আমরা চেষ্টা করি। অনেককে গ্রেপ্তারও করা হয়। তবে আমরা দেখেছি সব সময়ে রিপোর্টে তারা অভিযুক্ত হলেও প্রমাণ অভাবে সব সময়ে তাদের সাজা হয় না।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি এ বিষয়ে অবগত আছেন যে, কয়েকটি বিশেষ বিশেষ পয়েন্টেই এসব ডাকাতি হয় এবং সেই সমস্ত পয়েন্টে যখন ট্রেন যায় তখন আস্তে আস্তে ট্রেন স্লো হয়ে যায় এবং এর দ্বারাই বোঝা যায় যে, কর্মচারীরাও এর সঙ্গে জড়িত আছে? এসম্পর্কে অবগত থাকলে কোনও বিশেষ ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই রকম কোনও প্রমান সাধারণভাবে আমাদের কাছে নেই। তবে

কিছু কিছু ক্ষেত্রে এ জিনিস হতে পারে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এই ১৮টি ঘটনার কোনও দুষ্কৃতকারিকে গ্রেপ্তার করা হয়েছে কি? হয়ে থাকলে তাদের সংখ্যা কত?

**শ্রী জ্যোতি বসু ঃ** অনেককেই গ্রেপ্তার করা হয়েছে ১০টি কেস ডিটেকটেড হয়েছে। আর যা চুরি হয়েছিল বা নিয়েগেছিল জোর করে—এরকম ১,১০,৮৯৮ টাকা, এর মধ্যে ১২,৩৪০ টাকার সম্পত্তি উদ্ধার হয়েছে। আর ধরা পড়েছে ৯২ জন। চার্জসিট হয়েছে ৪ জনের বিরুদ্ধে। বাকি বিষয়ে ইনভেস্টিগেশন চলছে।

## কারিগরি শিক্ষাকেন্দ্রে শিক্ষকের শূন্য পদ পূরণ

*৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৬।) **শ্রী শিবনাথ দাস ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সারা রাজ্যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারি কারিগরি শিক্ষাকেন্দ্রে মোট কতগুলি শিক্ষকের পদ শূন্য আছে, ও উক্ত শূন্য পদগুলি পূরণে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) পশ্চিমবঙ্গে ১৮টি ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট (সেন্টার) ৩৯টি বিভিন্ন ট্রেডে মোট ২৮৫টি শিক্ষকের পদ শূন্য আছে।

(খ) উপরিউক্ত ২৮৫টি শূন্য পদের মধ্যে ২৯৮টির জন্য বিজ্ঞাপণ দেওয়া হয়েছে; বাকি পদগুলি ছাড়প্রাপ্ত শ্রেণী (এক্সজেমটেড কেটাগরি) (৩০ শতাংশ) ভুক্ত হওয়ায় জাতীয় কর্মসংস্থান আধিকারিককে প্রয়োজনীয় তথ্য সরবরাহের জন্য বলা হয়েছে। পদগুলি আশু পূরণের জন্য পরীক্ষা, ইন্টারভিউ প্রভৃতি গ্রহণের প্রাথমিক ব্যবস্থাগুলি শুরু হয়েছে এবং আগামী মে মাসের মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে আশা করা যায়।

## Representation for amending Article 356 of the Constitution

*325. (Admitted question No. *307.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) whether the State Government has made any correspondence to the present Government at the Centre to amend Article 356 of the Constitution which relate to power to impose Presidents Rule in State; and

(b) if so,—

(i) when the representation was made by the State Government, and

(ii) whether the State Government has received any reply thereto ?

**Shri Jyoti Basu :**

(a) No.

(b) (i & ii) Do not arise.

[1-50 — 2-00 p.m.]

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, কোনও গণতান্ত্রিক রাষ্ট্রের সংবিধানে এই ধরনের ধারা থাকা উচিত কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** সেটা মতের ব্যাপার তবে আমাদের মতে থাকা উচিত নয়। যে প্রস্তাব আমরা গ্রহণ করেছিলাম কেন্দ্র রাজ্য সম্পর্ক সম্বন্ধে যেটা আমাদের সরকার দিয়েছিল এবং যা নিয়ে ভারতবর্ষ ব্যাপী আলোচনা হয়েছে এবং হচ্ছে। এই রকম ধরনের কোনও ধারা থাকা উচিত নয়, এটা বাতিল করা উচিত।

**বাটা ইন্ডিয়া (প্রাঃ) লিমিটেডের স্ট্যান্ডবাই শ্রমিক-সংখ্যা**

*৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৮।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাটা ইন্ডিয়া (প্রাঃ) লিমিটেডের স্ট্যান্ডবাই শ্রমিক-সংখ্যা কত ; এবং

(খ) ১৯৫৬ সালের ন্যাশনাল প্রোডাকটিভ কাউন্সিলের ঘোষিত লক্ষ্য অনুযায়ী ঐ শিল্পে (১) ১৯৫৬-৮০ পর্যন্ত প্রতি তিন বছরে প্রকৃত মজুরির সূচক কত, (২) ১৯৫৬-৮০ পর্যন্ত প্রতি তিন বছরে প্রকৃত উৎপাদনশীলতার সূচক কত, (৩) দুয়ের মধ্যে প্রতি তিন বছর অন্তর ফারাক কত, ও (৪) ১৯৪৭ থেকে ১৯৮০ পর্যন্ত প্রতি তিন বছরে নিয়োজিত মোট শ্রমিক সংখ্যা ও উৎপাদনের পরিমাণ কত?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) ১৫৭ জন (১৯৮১ সালের ফেব্রুয়ারি মাসে)

(খ) (১), (২) ও (৩) এই সম্পর্কে তথ্য শ্রমবিভাগে নাই।

(গ) (৪) এই সম্পর্কে তথ্য শ্রমবিভাগে নাই। তবে উহা উক্ত কোম্পানির নিকট হইতে সংগ্রহ করা যাইতে পারে। পরে উহা লাইব্রেরি টেবিলে রাখা হইবে।

**ধান কাটা মরসুমে মেদিনীপুর জেলায় সংঘর্ষ**

*৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৭।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** স্বরাষ্ট্র (পুলিশ)

বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে ধান কাটার মরসুমে মেদিনীপুর জেলায় মোট কতগুলি সংঘর্ষের ঘটনা ঘটেছে ;

(খ) উক্ত সংঘর্ষের ফলে কতজন ব্যক্তি (১) নিহত ও (২) আহত হয়েছেন ; এবং

(গ) উক্ত সংঘর্ষে জড়িত ব্যক্তিদের মধ্যে মোট কতজনকে ঐ সময়ে গ্রেপ্তার করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) মোট ২৬টি ঘটনা ঘটেছে।

(খ) (১) নিহত—৬জন

(২) আহত—১২৭ জন।

(গ) মোট ১৩৭ জনকে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যে সংঘর্ষ ঘটেছে সেই সংঘর্ষের ফলে কতজন জোতদার, কতজন বর্গাদার এবং কতজন শ্রমিক মারা গেছে সেই হিসাব আপনার কাছে আছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই রকম হিসাব নেই তবে ঐ যে ৬ জনের কথা বললাম তা পার্টিগতভাবে খানিকটা আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ঐ ৬ জনের মধ্যে কতজন কোন দলের সমর্থক?

**শ্রী জ্যোতি বসু ঃ** সি পি এমের ১জন, কংগ্রেস (আই) এর ৪ জন এবং সি পি আইয়ের ২ জন।

## গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি

*৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালের আর্থিক বছরে (৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত) গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচিতে (১) রাজ্যের কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হয়েছে এবং (২) কতগুলি গ্রামে বিদ্যুৎ পৌঁছেছে ;

(খ) ১৯৮১-৮২-র আর্থিক বছরে উক্ত প্রকল্পে পশ্চিমবঙ্গে কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের প্রস্তাব আছে ; এবং

(গ) গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচিতে ১৯৮০-৮১ সালের আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার

এ রাজ্যে কত টাকা বরাদ্দ করেছিলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) (১)(২) ১৯৮০-৮১ সালের আর্থিক বছরে (৩১এ জানুয়ারি ৮১ পর্যন্ত) গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচিতে রাজ্যের ৮৯৯টি মৌজা বৈদ্যুতিকৃত হয়েছে।

(খ) ১৯৮১-৮২-র আর্থিক বছরে উক্ত প্রকল্পে পশ্চিমবঙ্গে ১৬২০টি মৌজায় বৈদ্যুতিকরণের প্রস্তাব আছে।

(গ) ১৯৮০-৮১ সালে বিভিন্ন প্রকল্পে পশ্চিমবঙ্গের জন্য গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশন ১৫০০ লক্ষ টাকা বরাদ্দ করেছিল।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পশ্চিমবঙ্গ সরকারের দেওয়া ইকনমিক রিভিউ থেকে দেখা যাচ্ছে, মুর্শিদাবাদ, বাঁকুড়া এবং পুরুলিয়া প্রভৃতি এই সমস্ত জেলাতে বৈদ্যুতিকরণের কাজ বেশ কম হয়েছে আবার কতকগুলি জেলাতে ব্যাপকভাবে হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, অনুন্নত জেলাগুলি যেগুলি বৈদ্যুতিকরণ হয়নি সেই জেলাগুলি সম্বন্ধে চিন্তা করবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে সব হিসাব নেই, তবে এটা যদি হয়ে থাকে যেটা আপনি বললেন আমি অবশ্য খবর নিয়ে দেখছি—যদি পরিবর্তন করতে হয় তাহলে নিশ্চয়ই করব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** গ্রামীণ বৈদ্যুতিকরণের কর্মসূচি অনুয়ায়ী ১৬২০ টি মৌজায় বৈদ্যুতিকরণের প্রস্তাব আছে বললেন কিন্তু এমন অনেক গ্রাম আছে যেখানে পোস্ট দেওয়া হয়েছে কিন্তু কারেন্ট দেওয়া হয়নি এটা কি জানেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** নির্দিষ্ট বললে বলতে পারি তবে কংগ্রেস আমলে এটা হত।

**ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রে নিয়োগের নীতি**

*৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬০।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফরাক্কার তাপবিদ্যুৎ কারখানায় নিয়োগের নীতি প্রণয়নের বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সহিত কোনও যোগাযোগ করিয়াছেন কি ; এবং

(খ) ৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত ঐ প্রকল্পে কতজনকে কাজ দেওয়া হইয়াছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) হ্যাঁ, এ ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে আমি কেন্দ্রীয় শক্তি মন্ত্রীর সঙ্গে বেশ কয়েকবার যোগাযোগ করেছি।

(খ) এই তথ্য রাজ্য সরকারের জানা নেই।

এখানে আমি একটু বলে দিতে পারি, জুন মাস অবধি আমি চিঠি লিখে কোনও তথ্য পাইনি। রাজ্য সভার একটা প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী গণি খান চৌধুরি হিসেব দিয়েছিলেন, তাতে তিনি বলেছিলেন যে গত বছর জুন মাস পর্যন্ত ৩১ জনকে নিয়োগ করা হয়েছে এমপ্লয়েমন্ট এক্সচেঞ্জের মাধ্যমে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি যে ঐ এলাকায় এমপ্লয়মেন্টের কোনও সুনির্দিষ্ট নীতি না থাকার ফলে ওখানে গোলমাল হচ্ছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** হ্যাঁ, আমি জানি, দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে এই নিয়ে আমাকে আবার কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করতে হবে। ওরা আমার কাছে জানতে চেয়েছিলেন যে নিয়োগের ব্যাপারে আপনাদের নীতিটা কি? আমাদের লোক নিয়োগের ব্যাপার তাদের জানাতে তারা আমাকে তার একটা উত্তর দিয়েছিলেন। তাতে বলেছিলেন ওদেরও কতকগুলি ক্ষেত্রে পশ্চিমবঙ্গের মতো নীতি নিয়েছেন, তবে সব ক্ষেত্রে সেটা সম্ভব নয়। যেমন যাদের জমি গেছে তাদের চাকরি দিতে হবে, সব এমপ্লয়েমন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হবে না। এবং এও বলেছেন যে এটা মানতে হবে এমন কোনও কারণ নেই। আমি এইরকম রিপোর্ট পাচ্ছি। প্রথমে ৩১জনকে এবং পরে কিছু নিয়োগ করেছেন পরে যাদের বলা হয়েছে casual daily rate basis for short druing. এবং শুনেছি এইগুলির অ্যাপলিকেশন শত শত নেওয়া হচ্ছে এবং পরে এদেরই পার্মানেন্ট করার ব্যবস্থা হবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বাদ দিয়ে। এজন্য ঐ অঞ্চলে প্রতিবাদ হচ্ছে এবং এই রকম হলে ওখানে কাজ ব্যাহত হবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমি আপনার কাছে জানতে চাইছি এমপ্লয়মেন্টের ব্যাপারে একটা সুনির্দিষ্ট আইন আছে। কোনও স্ট্যাটিউট বেসিসে, অথবা অ্যাওয়ার্ড বেসিসে অথবা স্ট্যান্ডিং অর্ডার বেসিসে এমপ্লয়মেন্ট কোয়েশ্চেন ডিসলভ করতে হবে। এটা কিভাবে হচ্ছে আপনি জানেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** মুশকিল হয়েছে—এই যে গাইড লাইন দিচ্ছে ওতে বলেছেন At present Central Government guideline regarding recruitment of posts carrying a scale of pay the maximam of which is Rs. 800/- per month or lower is that recruitment should be made by calling names from the local employment Exchange. However. Government can review or modify the guideline at any time depending on the circumstances. আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে এর উত্তর এই হতে পারে আমাদের জানা ছিল না। আমি দেখছি কেন্দ্রীয় সরকার এই রকম ব্যবহার করছেন এবং তাতে আমি আবার বলছি এটাতে কাজ ব্যাহত হবে। অনর্থক গোলমাল হবে। তার থেকে একটা সঠিক নীতি নিয়ে চলাই ভাল।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, ২৭টা প্রশ্নের উত্তর আজ হল না তাহলে এতগুলি প্রশ্ন দেবার কি দরকার ছিল। আপনি আমাকে কাস্টডিয়ান বলে

আপনার কাছে দাবি করছি যে এতগুলি প্রশ্ন করবার কি যুক্তি আছে যদি তার উত্তর না হয়?

**মিঃ স্পিকার ঃ** আপনারা এর রিটিন বা লিখিত উত্তর পেয়েছেন। আপনি আমার বিরুদ্ধে প্রিভিলেজ দিতে পারেন। টাইম হয়ে গেছে আমি কি করব? তবে আপনি আমার অ্যাটেনশন ড্র করেছেন আমি এবার থেকে দেখব।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### বসন্তরোগাক্রান্তের সংখ্যা

*৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৭।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জানুয়ারি হইতে ১৯৮০ সালের ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে বসন্ত রোগের কোনও রোগী আক্রান্ত হইয়াছে কি না এরূপ সংবাদ সরকারের কাছে আছে কি ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে,—

(১) কতজন ব্যক্তি উক্ত সময়ে রোগে আক্রান্ত হইয়াছিলেন, ও

(২) তন্মধ্যে কতজনের মৃত্যু হইয়াছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না

(খ) প্রশ্ন ওঠে না।

### Water supply from Rampurhat Waterworks

*332. (Admitted question No. *1295.) **Shri Sasanka Sekhar Mondal :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) if it is a fact that the construction of Overhead Tank of Rampurhat Waterworks was completed more than six months ago but supply of water has not yet been started ; and

(b) if so, (i) the reason thereof and (ii) when the supply of water is expected to be started ?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) It is a not a fact. Construction of one elevated reservior has

been completed and another in progress.

(b) (i)& (ii) does not arise.

**Development of new sources of energy**

*333. (Admitted question No. *710.) **Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the steps taken by the present Government for development of new sources of energy in West Bengal ; and

(b) the success, if any, achieved in the matter ?

**Minister-in-charge of the Power Department :**

(a) The present Govt. has already initiated action for development of energy from tidal power. A pilot scheme for utilisation of tidal power potentialities in the Sunderbans has been prepared. The feasibility report has been submitted to the Central Electricity Authority. Survey and investigation are being carried out to determine the potentialities of the major creeks in the Sunderbans. Model studies by Indian Institute of Technology for determining operational and design features are already in progress.

(b) The study is in research stage and commercial success is dependent on the outcome of the results of research and studies already undertaken.

**শ্রীরামপুর গৌরহাটি টি বি হাসপাতাল অধিগ্রহণ**

*৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৭।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার শ্রীরামপুর গৌরহাটি টি বি হাসপাতালটি অধিগ্রহণের বিষয় বিবেচনা করিতেছেন ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ

(খ) প্রতিষ্ঠানটি সরকার পরিচালনাধীনে আনতে গেলে যে সব সম্পদ, দায়দায়িত্ব

ইত্যাদি সরকারের উপর বর্তাবে তার হিসাব নিকাশ করে দেখা হচ্ছে এবং, উক্ত অধিগ্রহণে কোনও আইনগত বাধা আছে কিনা তাও খতিয়ে দেখা হচ্ছে।

**Refusal of sanctioning a sixth Gas Turbine at Haldia**

*335. (Admitted question No. *733.) **Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) if it is a fact that the Union Government has refused to sanction a sixth Gas Turbine at Haldia to the West Bengal State Electricity Board ; and

(b) if so, what reasons have been adduced for this ?

**Minister-in-charge of the Power Department :**

(a) The Central Electricity Authority has refused to clear the proposal of WBESB to instal a gas turbine at Siliguri.

(b) The reason adduced for rejection of the proposal is the Govt. of India policy of not encouraging proliferation of installation of Gas Turbine Unites specifically in view of the difficult oil supply position now obtaining in the country.

**বাঁকুড়া জেলার নলবাহী জলপ্রকল্প**

*৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৬।) **শ্রী সুভাষ গোস্বামি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলায় এ পর্যন্ত কোন কোন নলবাহী জলপ্রকল্প—

(১) সমাপ্ত হইয়াছে ;

(২) রূপায়িত হইতেছে ; এবং

(৩) বিবেচনাধীন আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(১) গঙ্গাজলঘাটি থানার অন্তর্গত চড়াডিহি গ্রামীণ জল সরবরাহ প্রকল্প

(২) নিম্নলিখিত ৬টি প্রকল্প যথা (ক) সালতোড়া (থানা সালতোড়া (খ) সোনাবাঁধ (বাঁকুড়া) (গ) ঝাঁটি পাহাড়ী (ছাতনা), (ঘ) কোতলপুর (কোতলপুর) (ঙ) কেঞ্জুকুড়া (বাঁকুড়া) (চ) জয়রামবাটি (কোতলপুর)

(৩) বর্তমানে কোনও প্রকল্প সরকারের বিবেচনাধীন নেই।

## সান্দ্রাল গ্রামে পুলিশ ফাঁড়ি স্থাপন

*৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৩।) **শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর মহকুমার জগদ্দল থানার অধীন সান্দ্রাল গ্রামে পুলিশ ফাঁড়ি স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সান্দ্রাল নহে ; মাদ্রাইল গ্রামে একটি পুলিশ ফাঁড়ি স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) বিষয়টি এখনও বিবেচনাধীন আছে।

## শিলিগুড়ি পানীয় জল প্রকল্প

*৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৩।) **শ্রী বীরেন বসু ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিলিগুড়িতে পানীয় জলের প্রকল্পটি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) উক্ত প্রকল্পটির কাজ কবে নাগাদ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শিলিগুড়ি পৌরসভার প্রথম জল সরবরাহ প্রকল্পটি ১৯৬৮ সালে সম্পূর্ণ হয়েছে এবং এতে ৪০ হাজার লোক উপকৃত হয়েছে। দ্বিতীয় আর একটি প্রকল্প নেওয়া হয়েছিল যাতে জল সরবরাহের পরিমাণ বৃদ্ধি পায়। সেটির কাজও গত বৎসর শেষ হয়েছে।

এ সত্ত্বেও জলসরবরাহ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ায় আর একটি ১৯৮৮ লক্ষ টাকার জলসরবরাহ প্রকল্প রচনা করা হয়েছে এবং এটি এখন সরকারের বিবেচনাধীন।

(খ) এখনই এ প্রশ্ন ওঠে না।

## তিস্তা জল-বিদ্যুৎ নির্মাণ প্রকল্প

*৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯০০।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তিস্তা নদীতে একটি জল-বিদ্যুৎ নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে,

(১) ঐ প্রকল্পটির রূপরেখা কিরূপ, এবং (২) প্রকল্পটি বর্তমানে কি পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে বিদ্যুৎ পর্ষদের তিস্তার জলধারা থেকে কোনও বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা নেই।

(খ) ১) ও ২) প্রশ্ন ওঠে না।

## ডিম-পোনা ও মাছ সংরক্ষণ ব্যবস্থা

*৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৩।) **শ্রী সুনির্মল পাইক ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে পশ্চিমবঙ্গে যে মাছের অভাব দেখা দিতেছে, ডিম, ডিমপোনা ও ছোটমাছ মারিয়া ফেলা তাহার অন্যতম কারণ ; এবং

(খ) যদি প্রথম প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে এই ধরনের ডিম ও মাছ যাহাতে বিনষ্ট না হয় তার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। ডিম, ডিমপোনা বা ছোট মাছ মারিয়া ফেলার অথবা এ সকলের ব্যাপক ধ্বংসের কোনও সংবাদ সরকারের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## দুর্গাপুরে কানুসিঁধু স্টেডিয়াম

*৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৩।) **শ্রী সন্দীপ দাস ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুরের কানুসিঁধু স্টেডিয়ামটির নির্মাণ বাবদ কত টাকা (১) বরাদ্দ ছিল, (২) ব্যয়িত হয়েছে ;

(খ) উক্ত স্টেডিয়ামটিতে আসন সংখ্যা কত ; এবং

(গ) স্টেডিয়ামটি কোন কোন খেলাধূলার জন্য উপযুক্ত করা হয়েছে?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) রাজ্য সরকার ক্রীড়া দপ্তরের মারফত এই স্টেডিয়ামটির নির্মাণে কোনও অর্থ

সাহায্য দেওয়া হয় নাই।

(২) জানা নাই।

(খ) ৫,৬০০ (পাঁচ হাজার ছয়শত)

(গ) ইন্ডোর গেমের জন্য।

**স্বাস্থ্যকেন্দ্রসমূহে ডাক্তারের শূন্যপদ**

*৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২২।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনাধীন স্বাস্থ্যকেন্দ্রগুলিতে মোট কতজন ডাক্তারের পদ শূন্য আছে ; এবং

(খ) পুরুলিয়া জেলায় তাহার সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩৭১টি।

(খ) ১৭টি।

**সিন্দরি চাষরোড মোড়ে বৈদ্যুতিকরণ**

*৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪০।) **শ্রী শান্তিরাম মাহাতো ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার সিন্দরি চাষরোড মোড়ে বৈদ্যুতিকরণের কোনও পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি ; এবং

(খ) হইলে কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**পুরুলিয়া জেলার ছিপিদা গ্রামে টি বি কেন্দ্র**

*৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪১।) **শ্রী সুধাংশুশেখর মাঝি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার বান্দোয়ান থানার অন্তর্গত ছিপিদা গ্রাম

সংলগ্ন মাঠে আদিবাসীদের জন্য টি বি কেন্দ্র (টি বি সেন্টার) খোলার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত টি বি কেন্দ্রের জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এখনও টাকা মঞ্জুর হয় নাই।

## জলপাইগুড়ি জেলায় 'আশ্রম হোস্টেল' নির্মাণ

*৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫০।) **শ্রী মনোহর তিরকি ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় ১৯৮০-৮১ সালে মোট কয়টি 'আশ্রম হোস্টেল' নির্মাণের জন্য সরকারি অর্থ বরাদ্দ করা হয়েছে ;

(খ) উক্ত আশ্রম হোস্টেলগুলি কোন কোন অঞ্চলে স্থাপন করা হয়েছে ; এবং

(গ) ঐ হোটেলগুলির কোন কোনটিকে কত টাকা, সরকার থেকে সাহায্য করা হয়েছে?

**তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী ঃ**

(ক) একটি।

(খ) দক্ষিণ সাঁওতালিস্থিত সাঁতালি জুনিয়র হাইস্কুল এই আশ্রম হোস্টেলটি নির্মিত হবে।

(গ) ৪০,০০০ টাকা।

## খড়গপুর স্টেট হাসপাতালে চুরির ঘটনা

*৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬২।) **শ্রী ক্ষুদিরাম সিং ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় খড়গপুর স্টেট হাসপাতালের আসবাবপত্র ও যন্ত্রপাতি চুরির কোনও অভিযোগ সরকারের নিকট আছে কি ; এবং

(খ) অভিযোগ থাকলে, এই ব্যাপারে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) হ্যাঁ, আছে।

**শিল্পে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরিতে নিয়োগ**

*৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৬।) **শ্রী সুনীল বসুরায় :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোনও কোনও শিল্পের সরকার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত চাকুরিতে নিয়োগ বাধ্যতামূলক করিবার কথা চিন্তা করিতেছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কোন কোন শিল্পে ইহা কার্যকর করা হইবে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**দাঁতন থানার ১নং ব্লকে ভূরঙ্গি উপ-স্বাস্থ্যকেন্দ্র**

*৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৯।) **শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাঁতন থানার ১নং ব্লকের ভূরঙ্গি উপ-স্বাস্থ্যকেন্দ্র চালু করিবার জন্য সরকারি আদেশ হইয়াছে কি না ; এবং

(খ) হইয়া থাকিলে, কবে নাগাদ উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি চালু হইবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) যথা সম্ভব শীঘ্র।

**বেহালা বিদ্যাসাগর হাসপাতাল**

*৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৯।) **শ্রী হরিপদ ভারতী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একশ্রেণীর কর্মচারী বেহালার বিদ্যাসাগর হাসপাতালের প্রশাসনিক কাজকর্ম প্রায়ই অচল করিয়া তোলে এরূপ কোনও অভিযোগ সরকারের নিকট আছে কি ; এবং

(খ) অভিযোগ থাকিলে, এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আজ আমি ৫টি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। দুটি নোটিশে যথাক্রমে শ্রী রজনীকান্ত দলুই ও শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র, মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও নানা কারচুপির অভিযোগ করে এই বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি মুলতুবি প্রস্তাবের উপযোগী জরুরি প্রকৃতির নয় বলে আমি মনে করি। সদস্য মহোদয়গণ ইচ্ছা করলে দৃষ্টি আকর্ষণ, উল্লেখ ইত্যাদির মাধ্যমে অভিযোগ এর বিষয়টি সভায় উত্থাপন করতে পারেন।

তৃতীয় নোটিশে শ্রী প্রবোধ পুরকাইত, সরকারের ভাষা নীতির প্রতিবাদে কাকদ্বীপ এ একটি প্রচার অভিযানের উপর হামলা সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। এটি একটি আইন শৃঙ্খলাজনিত ঘটনার অভিযোগ। প্রচলিত আইনের মাধ্যমেই এর প্রতিকার সম্ভব। তাছাড়া স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের বাজেট ব্যয়, বরাদ্দ আলোচনার সময় সদস্য মহোদয় এই বিষয়ে আলোচনার যথেষ্ট সুযোগ পাবেন। এটি মুলতুবি প্রস্তাবের উপযোগী গুরুত্বপূর্ণ জরুরি প্রকৃতির নয়।

চতুর্থ নোটিশে শ্রী সামসুদ্দিন আহমেদ মালদা জেলার কালিয়াচক থানায় নকশালপন্থী কার্যকলাপের অভিযোগ করে এই বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এই বিষয়টিও স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের বাজেট ব্যয় বরাদ্দ আলোচনার সময় উত্থাপন করা যেতে পারে। বিষয়টি মুলতুবি প্রস্তাবের উপযোগী নয়।

পঞ্চম নোটিশে শ্রী কিরণময় নন্দ মুগবেড়িয়ার একটি কলেজে ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে ঐ কলেজের কিছু ছাত্র ছাত্রীদের উপর আক্রমণ এর বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এই বিষয়টিও আইন শৃঙ্খলাজনিত একটি বিচ্ছিন্ন ঘটনার অভিযোগ সংক্রান্ত। প্রচলতি আইনের মাধ্যমেই এর প্রতিকার সম্ভব। এটি মুলতুবি প্রস্তাবের উপযোগী নয়।

আমি ৫টি মুলতুবি প্রস্তাবের নোটিশেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

**Shri Rajani Kanta Doloi :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely Irregularities in Madhyamik Examination of Board of Secondary Education, West Bengal. A big racket centering round Madhyamik Examination of the Board of Secondary Education, West Bengal, is operating 30 persons have been arrested by the Police in this connection. Answer scripts written by outsiders are being included in the bunch of answer papers and corrected. There are also reports of large scale fake certificates being issued by persons connected with the West Bengal Board of Secondary Education. Leakage of question

papers has also been reported.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** স্যার, ১৯৮১ সালের মাধ্যমিক পরীক্ষায় প্রশ্ন পত্র ফাঁস। ১৯৮১ সালের মাধ্যমিক পরীক্ষায় ফিজিক্যাল সায়েন্সের প্রশ্নপত্র ফাঁস হয়ে গিয়েছে বলে সন্দেহ করা হচ্ছে। সংবাদে প্রকাশ মাধ্যমিক পরীক্ষা নিয়ে চোরা কারবারের এক বিরাট চক্রের সন্ধান পুলিশ পেয়েছে। পুলিশ ২ জন মধ্যশিক্ষা পর্ষদের কর্মীকে গ্রেপ্তারও করেছে। কিন্তু একটি প্রভাবশালী মহল এই বিষয়ে প্রভাব বিস্তার করছে। অভিযোগগুলি অত্যন্ত গুরুতর। এতে জনসাধারণে মনে বিশেষ আশঙ্কার সৃষ্টি হয়েছে।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** স্যার, সরকারের ভাষানীতির প্রতিবাদে প্রচার অভিযানের উপর হামলা। গত ৯-৩-৮১ তারিখে বেলা ৪-৩০ টায় কাকদ্বীপের সুন্দরবন মহাবিদ্যালয়ে কয়েকজন ছাত্র বামফ্রন্ট সরকারের ভাষা ও শিক্ষা নীতির প্রতিবাদে প্রচার শুরু করলে স্থানীয় গঙ্গাধরপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান এর নেতৃত্বে কয়েক ব্যক্তি ছাত্রদের উপর আক্রমণ করে এবং মাইক কেড়ে নেয়। এবং তিনজন ছাত্রের উপর মারধোর চালায়। পরের দিন অপর একজন ছাত্রকে আহত অবস্থায় পার্শ্ববর্তী রামনগর গ্রামের একটি বাড়িতে পাওয়া যায়। কাকদ্বীপ থানার ঘটনাটি জানানো সত্ত্বেও কোনও প্রতিকার হয়নি।

[2-10 — 2-20 p.m.]

## CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ—

| | |
|---|---|
| ১। আগরপাড়ায় অবস্থিত ওরিয়েন্টাল মেটাল ইন্ডাস্ট্রিজ কারখানা বন্ধ হওয়ার উপক্রম | : শ্রী গোপাল ভট্টাচার্য |
| ২। বাঁকুড়া জেলায় দুর্গাপুরগামী একটি বাস দুর্ঘটনায় বরসহ ছয়জন বরযাত্রীর মৃত্যু | : ডাঃ বিনোদবিহারী মাঝি |
| ৩। ৭ই মার্চ বিষ্ণুপুর (বাঁকুড়া) পৌরসভার অধিবেশনে মারামারি | : শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় |
| ৪। অধ্যাপকদের গ্রামে না যাওয়ার সিদ্ধান্ত | : শ্রী রজনীকান্ত দলুই |
| ৫। শিলিগুড়ি ও ডোমজুড়ে চোরাই জিনিস উদ্ধারে পুলিশ আক্রান্ত | : শ্রী রজনীকান্ত দলুই ও শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী কাজি হাফিজুর রহমান |
| ৬। ম্যাধমিক পরীক্ষায় জাল করা | : শ্রী রজনীকান্ত দলুই |

| | | |
|---|---|---|
| ৭। | কেন্দ্রীয় সংস্থাসমূহে ধর্মঘট নিয়ে দুর্গাপুরে হাঙ্গামা ও আসানসোলে একজনের মৃত্যু | : শ্রী জন্মেজয় ওঝা |
| ৮। | ম্যাধমিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস | : শ্রী রজনীকান্ত দলুই, শ্রী জন্মেজয় ওঝা, শ্রী সামসুদ্দিন আহমেদ, শ্রী কাজি হাফিজুর রহমান, এবং শ্রী সেখ ইমাজুদ্দিন শ্রী অজয়কুমার দে, |
| ৯। | তিনজলার একটি ট্যানারিতে গলিত মৃতদেহ উদ্ধারের সংবাদ | : শ্রী রজনীকান্ত দলুই, শ্রী সামসুদ্দিন আহমেদ ও শ্রী কাজি হাফিজুর রহমান |
| ১০। | খড়গপুরে বিজ্ঞান মিছিল | : শ্রী রজনীকান্ত দলুই |
| ১১। | এফ সি আই কর্তৃক রাজ্যের হাতে খাদ্যশস্য সংগ্রহ ও বিতরণের দায়িত্ব অর্পন না করার সম্ভাবনা | : শ্রী রজনীকান্ত দলুই শ্রী জন্মেজয় ওঝা |
| ১২। | যাদবপুর সেন্ট্রাল গ্লাস সেরামিক রিসার্চ ইনস্টিটিউটের লেজকাটা হনুমানের ভূমিকার সংবাদ | : শ্রী সামসুদ্দিন আহমেদ ও শ্রী কাজি হাফিজুর রহমান |
| ১৩। | কলকাতা ও হলদিয়ার শিল্পাঞ্চলে বায়ু দূষিত হওয়া সম্পর্কে | : শ্রী জন্মেজয় ওঝা |
| ১৪। | ২৪-পরগনার মগরাহাট এলাকায় ডাকাতের হাতে এক ব্যক্তির প্রাণনাশের সংবাদ | : শ্রী সামসুদ্দিন আহমেদ ও শ্রী কাজি হাফিজুর রহমান |
| ১৫। | মাধ্যমিক পরীক্ষায় প্রশ্নপত্র ও জাল মার্কশিটের চোরাকারবারের সংবাদ | : শ্রী কাজি হাফিজুর রহমান ও শ্রী সামসুদ্দিন আহমেদ এবং শ্রী অজয়কুমার দে |
| ১৬। | Increase in the number of mosquites in the Calcutta Corporation areas. | : Dr. Rashbehari Pal |
| ১৭। | Reported decision to make Urdu as the Second official language | : Shri Rajani Kanta Doloi |
| ১৮। | Frequent visit of the Governor to New Delhi | : Shri Rajani Kanta Doloi |

১৯। টেনকো কারখানার জেনারেল অফিস থেকে টাকা লুঠ : শ্রী অজয়কুমার দে।

আমি আগের পাড়ায় অবস্থিত অরিয়েন্টাল ইন্ডাস্ট্রিজ কারখানা বন্ধ হওয়ার উপক্রম বিষয়ের উপর শ্রী গোপাল দাস কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেওয়ার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আগামি বৃহস্পতিবার ১৯/৩/৮১ তারিখে।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে মেদিনীপুর জেলার ভগবানপুর থানার অন্তর্গত দুইটি গ্রামে গত ২৬এ নভেম্বরে, ১৯৮০ ও ২২এ ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখের দুটি খুনির অভিযোগ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** মেদিনীপুর জেলার ভগবানপুর থানার ধাঁইপুকুরিয়া গ্রামের জনৈক মনি মাইতির গত ২৬/১১/৮০ তারিখে এবং দেশিমুথিয়া গ্রামের জনৈক অনিল মান্নার গত ২২/২/৮১ তারিখে খুনের ঘটনাকে কেন্দ্র করে ভগবানপুর ২নং ব্লকে আতঙ্কসৃষ্টি সম্পর্কে বিধানসভার সদস্য শ্রী কিরণময় নন্দের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তি প্রসঙ্গে আমি নিম্নলিখিত বক্তব্য রাখতে চাই। প্রথম ঘটনাটি সম্পর্কে গত ৪-১২-৮০ তারিখে রাত্রি ১০-৩০ নাগাদ ভগবানপুর থানার ভারপ্রাপ্ত অফিসার কাঁথি মহকুমা শাসকের নিকট থেকে সংবাদ পান যে ভূপতিনগরে ধান ক্ষেতে একটা কাটা মুন্ডু পাওয়া গিয়েছে তিনি আরও জানান যে ঐ কাটা মুন্ডু সম্ভবত ধাঁইপুকুরিয়ার মানি মাইতির। পরদিন ভোরবেলা পুলিশ অকুস্থলে পৌছলে উক্ত গ্রামের জনৈক রাধানাথ মাইতির (মনি মাইতির ছোট ভাই) ঐ মুন্ডুটি সনাক্ত করেন। উক্ত রাধানাথ মাইতির অভিযোগ ক্রমে পুলিশ একটা মামলা রুজু করে। কাঁথির মহকুমা পুলিশ অফিসার এবং তমলুকের অতিরিক্ত পুলিশ সুপার তদন্তের ব্যাপারে দেখাশোনা করেন। তদন্তে প্রকাশ গত ২৬-১১-৮০ তারিখে সন্ধ্যা ৭-৩০ নাগাদ মনি মাইতির বিশিষ্ট বন্ধু বলিয়া পরিচিত বায়েন্দা গ্রামের শ্রী শৈলেশ গায়েন তাকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায়। সেদিন রাত্রে শ্রী গায়েনের বাড়িতে মনি মাইতির থাকার ও খাওয়ার কথা ছিল। তারপর থেকে মনিবাবুর কোনও খোঁজ পাওয়া যায় না। তার বাড়ির লোকেরা প্রথমে মনে করেন যে তিনি তার বন্ধু শ্রী গায়েনের বাড়িতেই আছেন। কয়েকদিন অপেক্ষা করার পর তার ছোট ভাই শ্রী রাধানাথ মাইতি গ্রামের অন্যান্য কয়েকজনকে নিয়ে দাদার খোঁজে গত ৩০-১১-৮০ তারিখে শ্রী গায়েনের বাড়িতে যান শ্রী গায়েন তাদের বলেন যে মনি মাইতি তার সঙ্গে তার বাড়িতে আসেন নি। শৈলেশ গায়েনের হাবভাব ও চালচলনে সন্দেহ হয় যে তিনি এ মৃত্যুর ব্যাপারে জড়িত থাকিতে পারেন। শৈলেশ গায়েনকে গ্রেপ্তার করার জন্য তার বাড়িতে তল্লাসী চালানো হয় কিন্তু তিনি পলাতক। বার বার চেষ্টা করেও তাকে ধরতে না পারায় পুলিশ আদালতে ওয়ারেন্ট অ্যান্ড প্রোক্লমেশন অব অ্যারেস্ট এর জন্য আবেদন জানিয়েছে।

দ্বিতীয় ঘটনা অর্থাৎ অনিল মাইতির মৃত্যু সম্পর্কে গত ২৩-২-৮১ তারিখে বেলা প্রায় ১২-৩০ সময় দেশিমুথিয়া গ্রামের জনৈক কালিপদ মান্না ভগবাপুর থানায় খবর দেন যে তার জ্ঞাতি ভাই অনিল মান্না আগের দিন বিকেলে সাইকেল করে পানসীবাজার যান এবং রাত্রে বাড়ি ফেরেন না। পরদিন সকাল বেলা (২৩-২-৮১) বিজয়নগর গ্রামের জনৈক ভূপেন্দ্রনাথ মাইতির একটি পুকুরপাড়ে অনিল মান্নার রক্তাপ্লুত মৃতদেহ পাওয়া যায়। এই অভিযোগের ভিত্তিতে পুলিশ ভগবানপুর থানায় একটি মামলা রুজু করে তদন্ত শুরু করেন। কাঁথির মহকুমা পুলিশ শাসক তদন্ত দেখাশোনা করেন। তদন্তে প্রকাশ দেসিমুথিয়া গ্রামের সর্বশ্রী পরেশ দাস এবং নারায়ণ মান্নার সঙ্গে অনিল মাইতির জমি সংক্রান্ত বিরোধে অত্যন্ত তিক্ততা চলছিল। নারায়ণ মান্না, পরেশ এবং তার ছেলে সুনীল দাস এবং আরও কয়েকজনকে এই ঘটনায় সন্দেহ করা হচ্ছে। পুলিশ তাদের গ্রেপ্তার করার চেষ্টা করছে কিন্তু এরা সকলেই পলাতক। তবে এই ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে পুলিশ ঐ গ্রামের জনৈক অধর দাসকে গ্রেপ্তার করে আদালতে চালান দিয়েছে।

এলাকায় উত্তেজনা থাকলেও পুলিশ শান্তি শৃঙ্খলা বজায় রাখতে সজাগ দৃষ্টি রাখছে। উল্লিখিত ঘটনাগুলির কোনওটির সঙ্গেই রাজনীতির কোনও সম্পর্কে নেই।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী-মহোদয়কে খড়গপুর ও মেদিনীপুর শহরে জলাভাব সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

(শ্রী রজনীকান্ত দলুই, ৫ই মার্চ ১৯৮১ তারিখে উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন)

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর ও খড়গপুর শহরে জলাভাব সম্পর্কে শ্রী রজনীকান্ত দলুই মহাশয়ের দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর এই বিবৃতি দিচ্ছি

বর্তমানে মেদিনীপুর শহরে প্রতিদিন প্রায় ৪৫ লক্ষ লিটার জল সরবরাহ করা হচ্ছে। এই প্রকল্পটি এখন মেদিনীপুর পৌরসভাই রক্ষণাবেক্ষণ করছেন।

মেদিনীপুর শহরে জনসংখ্যার বৃদ্ধি হওয়ায় ও বর্তমান জল উৎসের উৎপাদন ক্ষমতা কমে যাওয়ায় ঐ শহরে আরও বেশি পরিমাণে জলসরবরাহ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। তাই ঐ শহরের জলসরবরাহ ব্যবস্থার উন্নতি বিধানের জন্য আনুমানিক ৮৮ লক্ষ ১৫ হাজার টাকার একটি প্রকল্প তৈয়ারি করা হয়েছে। জীবনবীমা সংস্থার কাছ থেকে ঋণ নিয়ে প্রকল্পটি রূপায়িত করার প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি রূপয়াণের জন্য কেন্দ্রীয় সরকারের প্রাথমিক অনুমোদন প্রয়োজন। ঐ অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারকে লেখা হয়েছে।

এই প্রকল্পটি রূপায়িত হলে দৈনিক ১ কোটি ৭৫ লক্ষ লিটার জল সরবরাহ করা সম্ভব হবে এবং ঐ শহরে জলাভাব দূরীভূত হবে বলে আশা করা যায়।

সম্প্রতি খড়গপুর পৌর এলাকার বিভিন্ন অঞ্চলে ৪টি গভীর নলকূপ বসানো হয়েছে। কিন্তু তাসত্ত্বেও ঐ শহরে জলাভাব আছে। জনস্বাস্থ্য কারিগরি সংস্থার ইঞ্জিনিয়ার ও খড়গপুর পৌর সভার সভাপতিকে নিয়ে একটি যুগ্মসমীক্ষা করা হয়েছে। এ সম্বন্ধে পৌর এলাকার জন্য একটি পূর্ণাঙ্গ জলসরবরাহ প্রকল্প তৈয়ারি করার জন্য প্রাথমিক পর্যায়ের কাজ আরম্ভ করা হয়েছে।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার :** আমি এখন স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে ৫ই মার্চ, ১৯৮১ তারিখে কল্যাণীর সিংহ্ অ্যালয় অ্যান্ড স্টিল ফ্যাক্টরির একজন কর্মীকে খুনের অভিযোগ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, in response to the Calling Attention Notice tabled by Shri Gour Chandra Kundu, M.L.A. on the alleged murder of one employee of Singh Alloy & Steel Factory, Kalyani, Nadia, on 5-3-81, I beg to make the following statement :

The labour trouble over placement of a nine-point charter of demand including permanent absorption of workers in the factory has been continuing at Singh Alloy & Steel Ltd., Kalyani. This unit employs about forty workers. In connection with the industrial dispute Md. Ismail, M.P., had met Shri Balbir Singh, owner of the factory at Kalyani P.S. on 1-3-81 in the evening. Shri Singh reportedly agreed to meet the demands of the workers. He became annoyed subsequently with the workers as they tried to form a Union. Shri Singh reportedly engaged some anti-social elements residing in unauthorised hutments near the factory to chastise the workers of the factory. The assistance of the Monohar Majhi, leader of the anti-socials was sought for in the this connection.

On 5-3-81, at about 20.00 hrs. Shri Balbir Singh and his son Rajandera Singh visited the godown of the factory where the workers were residing. During that time Monohar Majhi along with 15/20 others attacked the workers with Tangi etc. As a result, one Narayan Madraji died on the spot and six others received severe injuries. They were hospitalised. Their condition is reported to be grave. On receipt of information, O.C., Kalyani P.S. with other officers and force rushed to the spot. Shri Balbir Singh, Rajendra Singh and one Ramani Ranjan Jaydhar all F.I.R. named accused persons were arrested. Shri Monohar Majhi has been absconding. A case has been started by the Kalyani P.S.

On 8-3-81, Kalyani police arrested three other accused persons in connection with the case. The factory is now closed. Situation at Kalyani Industrial belt is peaceful at present. The situation is under watch.

[2-20 — 2-30 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** এবার আমি শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে ২৪ পরগনা জেলার হাজিনগরে নৈহাটি জুট মিল লক আউট সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় স্পিকার মহাশয় আমি নিম্নোক্ত বিবৃতি দিচ্ছি। হাজিনগর নৈহাটি জুট মিল শ্রমিক অসন্তোষ ও ধীরে চলা নীতির অভিযোগের ২০-১২-৮০ থেকে লকআউট হয়েছে। ফলে প্রায় ৪০০০ শ্রমিক কাজ করার সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। গত বছরের আগস্ট মাস থেকে এই গন্ডগোলের সূত্রপাত। গত ২রা আগস্ট কিছু প্রমোশন নিয়ে অসন্তোসের জন্য শ্রমিকদের এক বিশেষ অংশ মারাত্মক অস্ত্রসস্ত্র নিয়ে হত্যার উদ্যোগে কোম্পানির পারসোন্যাল ম্যানেজারকে আক্রমণ করে। উক্ত পারসোন্যাল মানেজার কোনও রকমে পালিয়ে গিয়ে নিজের প্রাণ বাঁচান। এর পর সেই সশস্ত্র শ্রমিকদল কোম্পানির সিকিউরিটি অফিসার ও একজন জমাদারকে প্রচন্ড মারধোর করে—যার ফলে সিকিউরিটি অফিসার মারাত্মক ভাবে আহত হন এবং বল্লমের খোঁচায় উক্ত জমাদারের একটি পা সাংঘাতিক ভাবে জখম হয়। এই ঘটনার ফরে কতৃপক্ষে ১৫ জন শ্রমিককে চার্জসিট ও সাসপেনসনের আদেশ দেয়। পরবর্তীকালে কর্তৃপক্ষ সাসপেনসন আদেশ প্রত্যাহার করেন এবং উক্ত ১৬জন শ্রমিক কাজে যোগদান করেন। শ্রমিক কমিশনার দুইবার (৫-২-৮১, ২৫-২-৮১ তারিখে) মিল কর্তৃপক্ষ ও সকল শ্রমিক ইউনিয়নের সদস্য নিয়ে আলোচনা বৈঠকে বসেন। কর্তৃপক্ষ চাইছেন ১৯৮০ সালের অক্টোবর মাস অনুযায়ী উৎপাদন। অপর দিকে, সমস্ত শ্রমিক ইউনিয়নগুলি স্বাভাবিক (নরম্যাল) উৎপাদন দিতে চাইছেন। উৎপাদন ভিত্তি সম্পর্কে উভয় পক্ষের এই বিরোধের ফলে কোনও মীমাংসায় আশা সম্ভব হয় নি। বেঙ্গল চটকল মজদুর ইউনিয়ন হেড অফিসে গত ২রা মার্চ স্টাফ অ্যাশসিয়েশন প্রায় ২০০ শ্রমিক নিয়ে কোম্পানির হেড অফিসে গত ২রা মার্চ থেকে লাগাতার ধর্না দিচ্ছেন বলে মিল কর্তৃপক্ষ গত ১০ই মার্চ একটি চিঠির মারফৎ শ্রম কমিশনারকে জানিয়েছে। মীমাংসার প্রচেষ্টা অব্যাহত আছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর সম্পর্কে মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দেবেন বলেছিলেন। তিনি সব খবর নিয়ে একটা পূর্ণাঙ্গ বিবৃতি দেবেন এই কথা বলেছিলেন। আজকে অনেক দিন হয়ে গেল আপনি বলুন ওনাকে একটা বিবৃতি দিতে। ওখানে আই জি তো ঘুরে এসেছেন এখন বিবৃতি দিতে অসুবিধা কি।

## LAYING OF REPORT

### The Anuual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Limited for 1978-79

**Shri Bhabani Mukherjee :** With your permission, Sir, I beg to lay the Sixth Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 1978-79 together with the Report thereon by the Comptroller and Auditor-General of India.

## MENTION CASES

**শ্রী রাজকুমার মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ইস্টার্ন রেলওয়ের হাওড়া এক নং প্লাটফর্ম থেকে বাকল্যান্ড ব্রিজ পর্যন্ত যে পাথ ওয়ে আছে, সেই পাথওয়েটা রেলিং দিয়ে যাতায়াতের জন্য অনেক টাকা খরচ করে করা হয়েছে। কিন্তু ঐ পাথওয়ের মুখে মল, মুত্র, আবর্জনা এত জমা আছে, সেই পাথওয়েটা ব্যবহার করা যাচ্ছে না। শুধু তাই নয়, এই রকম দুর্গন্ধ যে তার পাশ দিয়ে গেলে পেটের ভাত পর্যন্ত উঠে আসে। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এবং শীঘ্র যাতে পরিষ্কার করা হয় এবং পাথওয়েটি যাতে ব্যবহার যোগ্য করা যায় তার ব্যবস্থা গ্রহণ করা জন্য অনুরোধ জানাচ্ছি।

**মিঃ স্পিকার :** এটা কার জুরিসডিকশনে পড়ছে? সঠিকভাবে না বললে কি করে পাঠাব?

**শ্রী নকুলচন্দ্র মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বছর ১লা জানুয়ারি থেকে মাতৃভাষায় শিক্ষাদানের যে নীতি ঘোষণা করা হয়েছে। সেই অনুসারে প্রাথমিক স্তরে অলচিকি হরফে সাঁওতালি ভাষায়ও পাঠ্য পুস্তক এখনও পর্যন্ত অন্তত পক্ষে প্রথম শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণীর জন্যও দেওয়া হয়নি। সুতরাং প্রাথমিক স্কুলগুলো যাতে এই বই তাড়াতাড়ি পেতে পারে সেই ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি হকার তোলা নিয়ে সরকারি তরফ থেকে চেষ্টা চলছে। সেটা যে কতখানি ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে তাদের দুমুখো নীতির ফলে সেটাই দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে কাগজে দেখলাম যে কলকাতা শহর থেকে হকার তোলা হবে। সেই অনুসারে রানি রাসমনি রোড থেকে ভিন দেশি হকারদের তোলা হচ্ছিল, সেখানে বামফ্রন্ট সরকারের শরিকরা বাধা দেয়, তারপর রাইটার্স বিল্ডিংস থেকে নির্দেশ আসে যে ঐ রাস্তার ফুটপাথ থেকে হকার তোলা চলবে না। আরও ঘটনা, দমদমে ঠিক হয় যে সেখান থেকে হকার তোলা হবে, কিন্তু ১৭দিন হয়ে গেল, সেখান থেকে হকার তোলা হল না। সেখানে

কোনও রকম নির্দেশ যায়নি। সত্যের অপলাপ করে মুখ্যমন্ত্রী বিলাপ করছেন। মুখ্যসচিব বলছেন হকারদের কোনও রকমেই তোলা চলবে না, এই রকম ভাবে তিনি প্রলাপ বকছেন। তিনি বলছেন ফুটপাথ থেকে জিনিস কেনা বন্ধ করুন। তাহলে দেখা যাচ্ছে হকার তোলার কোনও রকম প্রচেষ্টা তাদের নেই। হকারদের বিকল্প ব্যবস্থা করে আমাদের মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স মিনিস্টার যেমন করছেন, বিকল্প ব্যবস্থা করে তিনি হকারদের তুলছেন, সেই রকম ব্যবস্থা করা উচিত। তা নাহলে শুধু শুধু সত্যের অপলাপ করে কিছু প্রলাপ বকে কোনও লাভ হবে না।

[2-30 — 2-40 p.m.]

**ডাঃ সেখ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার পাঁশকুড়া এবং এক এবং দুই নং ব্লক এলাকায় খুব কম করে ১২শো একর জমির ধান জলের অভাবে শুকিয়ে মরবার অবস্থায় এসে দাঁড়িয়েছে। কংসাবতী জলাধার থেকে মেদিনীপুর জেলার মেন ক্যানেলের মাধ্যমে বরাবর ঐ এলাকায় সেচ হয়ে আসতো। এবারেও জেলা পর্যায়ে একটি মিটিং হয়েছিল আমাদের সেচমন্ত্রী শ্রী প্রভাসচন্দ্র রায় মহাশয়ের নির্দেশে। জেলা শাসকের দপ্তরে জেলাশাসক, জেলার সভাধিপতি, ইরিগেশন বিভাগের ইঞ্জিনিয়ার, অফিসার, সংশ্লিষ্ট এলাকার ৪ জন এম এল এ পঞ্চায়েত সমিতির সভাপতিদের উপস্থিতিতে সেখানে ২৬এ ডিসেম্বর সেই মিটিং-এ সিদ্ধান্ত হয়েছিল যে পাঁশকুড়ার এক এবং দু নং ব্লকের ১২ শত একর জমিতে জল সরবরাহ করা হবে। সেইভাবে জল সরবরাহ করা হচ্ছিল কিন্তু এখন দেখা যাচ্ছে সেই সিদ্ধান্ত লংঘিত হচ্ছে—১৫/২০ দিন যাবত ঐ এলাকায় কোনও জল সরবরাহ করা হচ্ছে না। এর ফলে সেখানে ফসল নষ্ট হতে বসেছে। স্যার, গতকাল প্রায় ৫ শত চাষী স্বতস্ফূর্তভাবে বম্বে রোড অবরোধ করে ফেলেছিল। আমার এবং স্থানীয় প্রশাসনের হস্তক্ষেপের ফলে তারা সেই অবরোধ প্রত্যাহার করে। আমি তাদের কথা দিয়ে এসেছিলাম যে এই বিষয়টির প্রতি আমি মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব যাতে সেখানকার সেচ সম্পর্কে একটা সুষ্ঠু ব্যবস্থা অবিলম্বে হয় সেজন্য তাকে অনুরোধ করব। আমি তাই স্যার, আপনার মাধ্যমে সেই অনুরোধ সেচমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী জগদীশচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল রাত্রি ১১।। টার সময় কল্যাণী স্টেশন মাস্টারের ঘর এবং বুকিং অফিস কিছু লোক আগুন দিয়ে জ্বালিয়ে দিয়েছে এবং লুঠপাট করেছে। স্যার, যারা আগুন দিয়ে জ্বালিয়ে দিয়েছে তারা সকলেই স্থানীয় লোকের বিবরণ অনুযায়ী ইন্দিরা কংগ্রেসের মিছিলে, মিটিং-এ যাওয়া লোক। এইসব কাজ তারা করেছে। গতকাল ঝড়ের পর মদনপুরে গাছ পড়ে গিয়ে রেললাইন আটকে যায় এবং তার ফলে শিয়ালদহ ও কল্যাণীর মধ্যে ট্রেন যাতায়াত করেনা। বহু যাত্রি, যারা রাণাঘাট বা উত্তরে যাবার লোক তারা কল্যাণী স্টেশনে আটকে যান। তাদের মধ্যে কিছুটা অসন্তোষ ছিল, সেই অসন্তোষের সুযোগ নিয়ে এরা এই কাজটি করেন। সেখানে লুঠপাট করা হয় এবং আগুন

লাগিয়ে দেওয়া হয়। রাত্রি ১১।। টার সময় থানায় এবং ফায়ার ব্রিগেডে খবর দেওয়া হয় কিন্তু তারা যায় না। ফায়ার বিগ্রেড থানায় গিয়ে প্রোটেকশন চায়, থানা সেই প্রোটেকশন দিতে দেরি করে। প্রায় ১।। ঘন্টা বাদে তারা ওখানে যায়। এদের এই গাফিলতির জন্য সেখানে আরও বেশি ক্ষতি হয়ে যায়। আমি মাননীয় মুখ্যমন্ত্রী ও পৌরমন্ত্রীকে বলব, এ ব্যাপারে তদন্ত হওয়া দরকার। সেখানে পুলিশ এবং ফায়ার বিগ্রেডের লোকেদের যে গাফিলতি ছিল সে বিষয়ে কোনও সন্দেহ নেই। স্যার, যারা এই কাজ করেছে তারা সমাজবিরোধী বলে পরিচিত এবং তারা ইন্দিরা কংগ্রেসের মিছিল, মিটিং-এ যাওয়া লোক বলে পরিচিত। এই ঘটনাটি আমি স্যার, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদের জানালাম।

**শ্রী অবিনাশ প্রামানিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী ও ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল ১১-৩-৮১ তারিখে যে বিধ্বংসী ঝড় বৃষ্টি হুগলি জেলার বলাগড় ও পার্শ্ববর্তী ব্লকগুলির উপর দিয়ে বয়ে গিয়েছে তার ফলে বলাগড় ব্লকের বহু সংখ্যক ঘরবাড়ি ভেঙ্গে গিয়েছে। স্যার, কয়েকশত পরিবার এর ফলে গৃহহীন হয়ে গিয়েছেন। সবচেয়ে ক্ষতি হয়েছে কৃষকের ফসল গমের। পশ্চিমবঙ্গে পিঁয়াজ উৎপাদন কেন্দ্র হচ্ছে এই বলাগড়। স্যার, পিঁয়াজ চাষীদের সর্বনাশ হয়ে গিয়েছে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাচ্ছি, অবিলম্বে যারা গৃহচ্যুত হয়েছেন তাদের গৃহের পুনর্গঠনের জন্য ব্যবস্থা করুন এবং চাষীদের সর্বোতভাবে সাহায্য করার জন্য ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সমাজ কল্যাণ দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র কুলতলির অন্তর্গত ভুবনেশ্বর এবং বিনোদপুর নদীর চরের কিছু অংশ ওয়ার্ল্ড লুথেরান সার্ভিস-কে হ্যান্ডওভার করা হয়েছে কলকাতায় যে সমস্ত মানুষ ফুটপাথে বাস করে তাদের পুনর্বাসন দেবার জন্য। কিন্তু স্যার, এখানকার স্থানীয় লোকদের ইতিপূর্বে আশ্বাস দেওয়া হয়েছিল ওখানে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। আমরা এখন আশ্চর্যের সঙ্গে দেখছি কলকাতার ফুটপাথে বসবাসকারিদের সেখানে না নিয়ে যারা এখানে বস্তিতে বাস করছে সেই রকম ১০০ পরিবারকে সেখানে নিয়ে গেছে এবং তাদের লোকসংখ্যা প্রায় ৪০০। তারা সেখানে কোনও কাজ করতে পারছে না, না খেয়ে রয়েছে। ঘর তৈরি করার জন্য ওয়ার্ল্ড লুথেরিয়ান সার্ভিস নাকি ২ হাজার টাকা করে স্যাংশন করেছে। কিন্তু আমরা দেখছি তাদের জন্য যে ঘর তৈরি করা হয়েছে সেটা মাটি এবং খড় দিয়ে তৈরি করা হয়েছে। আমি মুখ্যমন্ত্রী এবং সমাজ কল্যাণ দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি অবিলম্বে এখানে তদন্ত করে স্থানীয় লোকদের সেখানে পুনর্বাসন দেবার ব্যবস্থা করুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সাধারণত মেনশন করি না, কিন্তু এই ব্যাপারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে বাধ্য হয়ে আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যে ধরনের নগ্ন দলবাজি এবং বেআইনি কার্যকলাপ চলছে আমি তার একটি দৃষ্টান্ত আপনার মাধ্যমে তুলে ধরছি। ঘটনাটি মেদিনীপুর কলেজে

*ঘটেছে। আপনারা জানেন সমস্ত স্পনসড কলেজে শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬২ বছর। তবে এই ৬২ বছরের পরেও যদি কেউ ফিজিক্যালি ফিট এবং মেন্টালি অ্যালার্ট থাকেন তাহলে তাকে ৬৫ বছর পর্যন্ত এক্সটেনশন দেওয়া যায়। এখানে সৈয়দ সামসুল বারি নামে* জনৈক অধ্যাপককে পুনর্নিয়োগ করা হয়েছে যিনি ২৮-২-৮১ তারিখে সুপার-অ্যানুয়েশনের ওই ৬৫ বছর বয়স অ্যাটেন্ড করেছেন। আমার বক্তব্য হচ্ছে ১লা মার্চ থেকে ওই অধ্যাপককে আর একটা টার্ম-এর জন্য যে এক্সটেনশন দেওয়া হল এটা সম্পূর্ণ আইন বিরুদ্ধ এবং নিয়ম বিরুদ্ধ। ওখানকার গভর্নিং বডি এই কাজ করেছে এবং বর্তমানে তিনি ওখানকার প্রিন্সিপ্যাল সেক্রেটারি। কলেজের গভর্নিং বডি সি পি এম প্রভাবিত এবং ওই বিতর্কিত অধ্যক্ষ সি পি এম সমর্থক। এই বিতর্কিত অধ্যক্ষের বিরুদ্ধে নানা রকম অভিযোগ রয়েছে কলেজ পরিচালনার ব্যাপারে। আমি এই ব্যাপারে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হরিপদ জানা** (ভগবানপুর) **ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগনা জেলার সন্দেশখালি ১নং ব্লকের ন্যাজাট গ্রাম পঞ্চায়েতের অধীন শ্রী হাজারিলাল দাস বায়ারমারি ৯নং কাছারিপাড়া মৌজায় ৩ একর ৩০ শতক জমি বাংলা ১৩৫৮ সাল থেকে ভাগচাষী হিসাবে চাষাবাদ করে আসছে। মাননীয় হাইকোর্টের এবং নিম্ন কোর্টের রায় শ্রী দাসের পক্ষে আছে। এমন কি স্থানীয় ভূমি উপদেষ্টা কমিটির রায় শ্রী দাসের পক্ষে আছে। তথাপি কিছু দুস্কৃতিপরায়ণ ব্যক্তি ব্যক্তি উক্ত রায়গুলি অমান্য করে জোরপূর্বক উক্ত জমি দখল করেছে। শ্রী দাস বিভিন্ন সময় বিভিন্ন দপ্তরে আবেদন করা সত্ত্বেও কোনও রকম অ্যাডমিনিস্ট্রেটিভ সেভ পাননি। এটা অত্যন্ত দুঃখ এবং বেদনার কথা। উক্ত স্থানে শ্রী দাসের মতো গরিব ও ভূমিহীন চাষীরা যাতে দখল পান তারজন্য আমি ভূমি রাজস্ব মন্ত্রী শ্রী বিনয় চৌধুরি মহাশয়কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ করছি। আমি শ্রী দাসের একটি আবেদনপত্র আপনার মাধ্যমে ভূমি রাজস্বমন্ত্রীকে দিচ্ছি যথাযথ বিচারের জন্য।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের অর্থনীতি ভেঙ্গে পড়েছে। আমরা অনেকবার এ বিষয়ে বলেছি। এখন দেখা যাচ্ছে যে কৃষকদের ৪০ কোটি টাকা ঋণ মুকুব করা হচ্ছে, আবার ৬৫ কোটি টাকার সমবায় ঋণও মুকুব করা হয়েছে। এর থেকেই বোঝা যাচ্ছে যে ক্ষুদ্র চাষীদের এবং প্রান্তিক চাষীদের সর্বনাশ হয়ে গেছে। রাজ্যের অর্থনৈতিক দুরবস্থার যিনি স্রষ্টা, ডঃ অশোক মিত্র, যার উপর আজকে সমস্ত পশ্চিমবাংলার মানুষ ক্ষুব্ধ, তিনি আজকে রাজ্য ছেড়ে, তথা দেশ ছেড়ে পালিয়ে যাচ্ছেন। আমরা 'ডেমক্রেটিক ফোরাম' নামে একটি পত্রিকায় দেখছি যে, "স্ট্যার্টলিং অফার টু ডঃ মিত্র"। আর্জেন্টিনা গভর্নমেন্টের ইকনমিক অ্যাডভাইসার হয়ে আর্জেন্টিনায় চলে যাওয়া মনস্থ করেছেন। পশ্চিমবাংলার ঘাড়ে অর্থনৈতিক বোঝা চাপিয়ে দিয়ে তিনি পালিয়ে যাচ্ছেন। সামনেই নির্বাচন, তিনি দাঁড়াতে পারবেন না, জনগণের সামনে যেতে পারবেন না, তাই পালিয়ে যাচ্ছেন। কিন্তু আমরা তাকে পালাতে দেব না। উনি এখান থেকে এবং রাজনীতি থেকে পালিয়ে যেতে চাইছেন। কিন্তু

আমি আপনাকে, মুখ্যমন্ত্রীকে এবং বামফ্রন্ট সরকারকে জানাচ্ছি যে, আমরা তাকে পালিয়ে যেতে দবে না, জনগণের সামনে তাকে জবাবদিহি করতেই হবে।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার রায়পুর থানার চারতালি গ্রামের গ্রাম পঞ্চায়েতের প্রধান সি পি এম দলেব বঙ্কিম বিহারী দাস-ধীবর এফ এফ ডাবলু স্কীমের ৫০,০০০ টাকা তছরূপ করেছিল এবং ধরা পড়ে কয়েক মাস কারাবরণ করেছিল। বর্তমানে সে জামিনে মুক্তি পেয়েছে এবং সি পি এম-এর ক্যাডাররা ও নেতারা তাকে অভিনন্দন জানাচ্ছে। তাকে নিন্দা করা দূরের কথা তাকে অভিনন্দন জানাচ্ছে। আজকে বাঁকুড়া জেলায় এই রকম অবস্থা চলছে। এবিষয়ে আমি একটি দরখাস্ত আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর কাছে জমা দিচ্ছি। তিনি বিষয়টি একটু বিবেচনা করে দেখুন।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে একটি বিষয়ের প্রতি তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার জেনিস রোডের একজন দুঃস্থ লেখক ও নাট্যকার শ্রী নিতাইচন্দ্র মন্ডল কয়েকটি নাটক লেখার পর লোকরঞ্জন শাখার কর্তাদের সঙ্গে আলাপ-আলোচনা করেন। তারা তাকে বলেন যে, আপনি একটা নাটক আমাদের কাছে জমা দিন। এর পর তিনি 'বিচারক' নামে একটি নাটক ২৩/৫/৭৯ তারিখে লোকরঞ্জন শাখায় জমা দেন। তারপর তিনি এবিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে ২৪/২/৮০ তারিখে যোগাযোগ করেন। তথাপি আজ পর্যন্ত ঐ দুঃস্থ নাট্যকার কোনও রকম সরকারি সাহায্য পাননি এবং তার নাটকটি পর্যন্ত তাকে ফেরত দেওয়া হয়নি। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অবিলম্বে তার নাটকের অনুলিপিটি ফেরত দেওয়া হোক এবং তাকে সরকারি সাহায্য দেওয়া হোক।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে ডাকাতির সংখ্যা ক্রমেই বেড়ে চলেছে এবং পুলিশ সেসবের সঙ্গে কিভাবে জড়িত আছে তা আমি একটি ঘটনার দ্বারা বলতে চাই। মেদিনীপুর জেলার পটাশপুর থানার জনতা পার্টির সভাপতি রাখালচন্দ্র সর্দারের বাড়িতে গত শনিবার দিন রাত্রিবেলা একটা দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটে গেছে। ঐ ডাকাতির ঘটনা যখন ঘটে তখন সেখান থেকে ২০ হাত দূরে ১০-১২ জন সশস্ত্র পুলিশের একটি দল উপস্থিত ছিল। বড়বাবু, ছোটবাবু, মেজবাবু ইত্যাদি নিয়ে তিন জন অফিসার সেখানে উপস্থিত ছিল। ঐ বাড়িতে ডাকাতি হচ্ছে, কান্নাকাটি হচ্ছে, লুঠপাটের জিনিসপত্র নিয়ে যাচ্ছে, পুলিশ বাহিনী সব কিছু দেখতে এবং শুনতে পেয়েও কোনও ব্যবস্থা নিতে পারেনি, কাউকে ধরতে পারেনি। এক সময়ে তারা খানিকটা এগিয়ে গিয়েছিল, কিন্তু তারপর আবার ভয় পেয়ে পিছিয়ে গিয়েছিল। তাদের সামনেই ডাকাতরা একটা পটকা ছোড়ার পর তারা এলো-পাথাড়ি খানিকটা গুলি ছুঁড়েছিল একটা খড়ের গাদা লক্ষ্য করে। ডাকাতদের তারা কিছুই করতে পারেনি। ডাকাতরা নির্বিঘ্নে সমস্ত জিনিস নিয়ে চলে গেল, পুলিশ দাঁড়িয়ে

দেখল। এই রকম কাপুরুষ পুলিশ অফিসার দিয়ে কি হবে? সেইজন্য আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর কাছে অনুরোধ করছি তিনি যেন এ বিষয়ে ব্যবস্থা নেন এবং যে ঘটনার কথা বললাম সেই ঘটনার সঙ্গে জড়িত ডাকাতদের ধরবার ব্যবস্থা করেন এবং পুলিশ সম্পর্কে যেন জনসাধারণের আস্থা ফিরিয়ে আনেন।

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৯-৩-৮১ তারিখে আনন্দবাজার পত্রিকায় একটি ঘটনার কথা যেভাবে প্রকাশিত হয়েছে সেটা হচ্ছে হাওড়া জেলার শাঁকরাইল থানায় নাজির গঞ্জে একটি চোর একটি দোকানে চুরি করতে গিয়ে ধরা পড়ে এবং জনসাধারণের হাতের মারে মারা যায়। কিন্তু সেদিন ১০ তারিখে মাননীয় সদস্য শ্রী প্রলয় তালুকদার মহাশয় বিকৃতভাবে সংবাদটি এই বিধানসভায় পরিবেশন করেছেন। তিনি বলেছেন যে, কংগ্রেস (আই) কর্মীরা ঐ চোরকে গাছে বেঁধে মেরে হত্যা করেছে। অথচ আনন্দবাজারে বলা হচ্ছে হাওড়ার শাঁকরাইল থানা এলাকায় রবিবার রাতে এক ব্যক্তি উত্তেজিত জনতার হাতে প্রাণ হারিয়েছে। এ ব্যাপারে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ জানায় নাজিরগঞ্জে বাস স্ট্যান্ডের কাছে একটি মিষ্টির দোকানে চুরি করতে গিয়ে ঐ ব্যক্তি হাতে নাতে ধরা পড়ে এবং তাকে মেরে ফেলা হয়। কিন্তু সত্যযুগ বলছে, হাওড়ার শাঁকরাইল থানার নাজিরগঞ্জ গ্রামে সোমবার এক যুবককে গাছে বেঁধে পিটিয়ে হত্যা করা হয়। মঙ্গলবার রাজ্য বিধানসভার উল্লেখপুর্ব সি পি আই (এম) দলের প্রলয় তালুকদার এই অভিযোগ করেন। তিনি বলেন একদল কংগ্রেস (আই) কর্মী ঐ যুবককে হত্যা করে এবং পুলিশ ঘটনার ১২ ঘণ্টা পরে আসে। যেখানে পুলিশের রিপোর্ট-এর উপর ভিত্তি করে আনন্দবাজারে একই বিষয় বেরুল সেখানে মাননীয় সদস্য এই বিধানসভায় রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে বিকৃত এবং অসত্য তথ্য পরিবেশন করলেন। আমি এই বিকৃত সংবাদের জন্য প্রতিবাদ করছি। মাননীয় সদস্য বিকৃতভাবে কংগ্রেস আইয়ের ঘাড়ে চাপাচ্ছেন যে গাছে বেঁধে মারা হয়েছে। আমি এর প্রতিবাদ করছি এবং প্রসিডিংস থেকে বাদ দিতে অনুরোধ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলায় আউরাঙ্গাবাদ বিড়ি শিল্পের জন্য বিখ্যাত এবং সমস্ত ভারতবর্ষের মধ্যে উল্লেখযোগ্য কেন্দ্র। আউরাঙাবাদের বিড়ি শ্রমিকেরা এখন প্রচন্ড সঙ্কটের মধ্যে পড়েছে। ৩ লক্ষ শ্রমিকদের মজুরির হার ছিল সাড়ে ৪ টাকা। তারা কামতা এবং ছিলাই বাদ দিয়ে আড়াই টাকা করে পায়। এই ব্যাপারে ৩ লক্ষ বিড়ি শ্রমিকেরা আন্দোলন করছে যে মজুরির হার বাড়াতে হবে। মালিকরা শ্রমিকদের দাবি মানছেন না। অন্যদিকে এই ৩০০ জন মালিক সিদ্ধান্ত নিয়েছেন যে আউরাঙ্গাবাদের কারখানা তুলে নিয়ে পার্শ্ববর্তী বিহার অঞ্চলে চলে যাবেন। তাদের অ্যাশোসিয়েশন থেকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তারা যদি এই সিদ্ধান্ত নেন তাহলে ৩ লক্ষ বিড়ি শ্রমিক বিপর্যস্ত হবে এবং এর পিছনে কংগ্রেস আইয়ের চক্রান্ত আছে। আমার বক্তব্য হচ্ছে, ওখান থেকে এস ডি ও জঙ্গীপুর শিল্প দপ্তরে খবর দিয়েছেন যে বিড়ি মালিকেরা এই সিদ্ধান্ত নিতে যাচ্ছেন। আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই ৩ লক্ষ বিড়ি শ্রমিকদের স্বার্থে যাতে বিড়ি মালিকেরা তাদের কারখানা পশ্চিমবাংলা ছেড়ে অর্থাৎ আউরাঙ্গাবাদ ছেড়ে বিহারে

কারখানা তুলে না নিয়ে যেতে পারে তারজন্য যথোপযুক্ত ব্যবস্থা নিতে অনুরোধ করছি এবং শ্রমিকেরা যে ন্যূনতম দাবির ভিত্তিতে আন্দোলন করছেন সেই সম্পর্কেও সুব্যবস্থা নিতে অনুরোধ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, এখানে বিড়ি শ্রমিকদের রেট কংগ্রেস (আই)রা কমিয়ে দিয়েছে কথাটা যে জয়ন্তবাবু বললেন কথাটা ঠিক নয়। এই সরকার এখনও মিনিমাম রেট করতে পারেন নাই। কংগ্রেস(আই) ট্রেড ইউনিয়নগুলি মুর্শিদাবাদ, মালদায় রেটগুলি করছেন এবং আলোচনা চলছে। এখানে জয়ন্তবাবু কংগ্রেস (আই) এর দোষ বলছেন, কথাটা ভুল।

**শ্রী হরিপদ জানা (পিংলা) ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের নিকট আমি আমার একটি বিষয় জানাতে চাইছি। মেদিনীপুর জেলার, পিংলা থানার হিলমারি মৌজায় জনৈক ভদ্রমহিলা, ভদ্রমহিলার নাম শ্রীমতী সুখদা পাত্র, স্বামী অক্ষয়, আজ দীর্ঘদিন ধরে না খেতে পেয়ে অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছেন। সেই অভিযোগ মুখ্যমন্ত্রীর কাছে ২০-১-৭৯ তারিখে অবগতি করিয়েছেন, কিন্তু এ পর্যন্ত তিনি দিকপাত করেন নি, এবং ব্লক বা পঞ্চায়েত সমিতি থেকে বা গ্রাম পঞ্চায়েত থেকে কোনওভাবে দিকপাত করেন নি। সেজন্য আমি পুনরায় আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের নিকট আবেদন করছি যাতে তিনি এই বিষয়টি একটুলক্ষ্য করেন। অনাহারে মানুষ না মরে তার জন্য সরকার থেকে দেখা উচিত এই বিবেচনা করেই আমি বলছি এবং তিনি গত ২০-১-৭৯ তারিখে যে চিঠি দিয়েছিলেন তার একটি ট্রু কপি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর নিকট দিচ্ছি।

**শ্রী বিকাশ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন গতকাল ১১ই মার্চ সারা ভারতব্যাপী পাবলিক সেক্টর সমস্ত কল কারখানাগুলিতে ধর্মঘট পালন করা হয়েছে। আসানসোল মহকুমায় কয়লাখনি অঞ্চলে এই ধর্মঘট বানচাল করার জন্য কংগ্রেস (আই) এবং তাদের সমস্ত লোকেরা খনিতে খনিতে সন্ত্রাস সৃষ্টি করেছিল এবং সেই ধর্মঘটকে বানচাল করার নীতিতে দেখা গেল গত ১১ই মার্চের আগের দিন ১০ই মার্চ রাত্রি ১২টার সময় ডোমন পাশোয়ান বিটা নগর কোলিয়ারি একজন শ্রমিক—তাকে বর্বর ভাবে হত্যা করা হয় যখন সে কোলিয়ারিতে ডিউটি করতে যাচ্ছিল। এরপর ঘটনা আমরা দেখি শীতলপুর কোলিয়ারির আফতাব আলম সে যাচ্ছিল এবং তাকেও হত্যা করা হয়। এইভাবে সমস্ত কোলিয়ারির শ্রমিকদের ধর্মঘট বানচাল করার জন্য আতঙ্ক সৃষ্টি করে যাচ্ছে ঐ সমস্ত কোলিয়ারিতে। আমি দাবি করছি আপনার মাধ্যমে যে এই সমস্ত গুন্ডামি বন্ধ করার জন্য এবং দোষীদের শাস্তি দেবার জন্য মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শৈলেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি একটি বিশেষ বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভদ্রেশ্বরে বেলিস অ্যান্ড মরকম কারখানায় গত ফেব্রুয়ারি মাসে মালিক পক্ষ হঠাৎ লক আউট করে দিয়েছে। যদিও এই কারখানা

কয়েক মাস পূর্বে লক আউট করা হয়েছিল, শ্রমমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপের ফলে সেই কারখানা আবার খুলেছিল, একজন শ্রমিক বাইরে ছিল, পুনরায় শ্রমমন্ত্রী হস্তক্ষেপ করে এই বিষয়ে লক্ষ্য রেখে তাকে কারখানায় চাকুরি দেওয়ার জন্য আদেশ করেছিলেন। কিন্তু মালিক পক্ষ সেই আদেশ বা তার সুপারিশ কিছুই মানেন নি এবং আবার কারখানা টি লক-আউট করে দিয়েছে। এই গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে—শ্রম মন্ত্রী মহাশয় যাতে অবিলম্বে হস্তক্ষেপ করেন এবং এইভাবে অগণিত শ্রমিক যাতে রাস্তায় না বসে এবং তাদের পরিবারের লোকেরা যাতে এই অবস্থায় না পড়ে তার জন্য আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর নিকট অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনি জানেন দিনাজপুরের বন্দুক লুঠকে কেন্দ্র করে অধুনা তান্ডব চলছে। আই জি এবং পুলিশের অফিসাররা গেছেন অনেক যন্ত্রপাতিও গেছে কিন্তু এ পর্যন্ত উল্লেখযোগ্য কোনও ঘটনা ঘটেনি। নিরীহ গ্রামবাসী যারা সম্পন্ন তারা আত্মরক্ষার জন্য বন্দুক রেখেছিল। পুলিশ তাদের কাছ থেকে বন্দুকগুলি নিয়ে নিচ্ছে এবং বলছে যে তোমরা লিখে দাও যে বন্দুক ঘরে রাখতে সাহস করছি না, তোমাদের হেফাজতেই থাক। এটা হওয়া বাঞ্ছনীয় নয়। যাদের বন্দুক দেওয়া হয়েছে তারা লাইসেন্সি। বন্দুক তারা রেখেছিল এবং দুবৃর্ত্তরা যেন বন্দুক লুঠ না করে তার জন্য পুলিশ পেট্রোলের ব্যবস্থা করুন। কারণ তা নাহলে চুরি-ডাকাতি বেড়ে যাবে। একটা বাড়িতে তিনবার পর্যন্ত হামলা হয়েছে। এটা বন্ধ করা দরকার। সর্বশেষ পরিণতি কি সেই বিষয়ে চিফ মিনিস্টার যেন কালকে একটা স্টেটমেন্ট করেন।

**শ্রী শিবনাথ দাস ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেচ মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। সুতাহাটা এলাকায় একটা গ্রামের মধ্যে মুড়লিখালি খালের পাশে যে এমব্যাঙ্কমেন্ট হলদি নদীর ধার দিয়ে গেছে সেই এমব্যাঙ্কমেন্টের বিস্তীর্ণ এলাকা ভেঙ্গে শেষ হয়ে গেছে। অথচ এই জায়গায় ৩/৪ বছর ধরে সরকার কাজ করছে ওই বাঁধ বাধার জন্য। কিন্তু দেখতে পাচ্ছি সেটা নিশ্চিহ্ন হয়ে গিয়ে মাঠ এবং নদীর এক হয়ে গেছে। আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই বাঁধ যদি রক্ষা না করেন তাহলে সামনের কোটালে নদীর জল এসে কয়েকখানি গ্রাম ভাসিয়ে দেবে এবং হলদিয়ার উপর চাপ সৃষ্টি করবে।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** স্যার, আপনার মাধ্যমে গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ভাষা শিক্ষানীতির পরে যে বিতর্ক সৃষ্টি হয়েছিল সারা পশ্চিমবঙ্গে সেটা হচ্ছে ডিপ্লোমা কোর্সে মেডিক্যাল স্কুল নিয়ে। এটা খোলার ব্যাপারে সরকার যুক্তি দিচ্ছেন যে গ্রামে ডাক্তার যেতে চাইছে না বলে এটা করা হয়েছে। আমি মনে করি এরফলে গ্রাম ও শহরের মধ্যে একটা বিভেদ সৃষ্টি হচ্ছে। গ্রামবাসীরা রোগ কি অন্যরকম হয়? গ্রাম ও শহরের মানুষের রোগ একই রকম হয়। আজকে আনন্দবাজার দেখলাম অধ্যাপকরাও গ্রামে যেতে চাইছেন না—তাহলেও কি শিক্ষাক্ষেত্রেও এই জিনিস চলবে? এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[3-00 — 3-35 p.m.](including adjournment)]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 25

**Major Heads: 259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 805—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Annimal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excludings) Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 328—Mines and Minerals (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outaly on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Service (Buildings) 509—Capital outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings).**

**Shri Jatin Chakraborty** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum Rs. 55,53,57,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "259—Public Works,

277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 805—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Annimal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excludings) Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 328—Mines a n d Minerals (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Service (Buildings) 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)".

## Demand No. 70

### Major Head : 337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges, and 737—Loans for Roads and Bridges

**Shri Jatin Chakraborty :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 68,80,34,000 be granted for expenditure under Demand No. 70 "Major Head : 337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges, and 737—Loans for Roads and Bridges".

## Demand No. 39

**Major Head : 283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing**

**Shri Jatin Chakraborty :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,40,35,000 be granted for expenditure under Demand No. 39, "Major Head : 283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing".

স্যার, এ সম্পর্কে আমার যা বক্তব্য সেটা আমি ছাপিয়ে মাননীয় সদস্যদের কাছে বিতরণ করেছি, তাদের বক্তব্য শোনার পর আমার বক্তব্য তা আমি পরে রাখব।

মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, মূলত সরকারি ভবন ও সড়ক নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ বিষয়ক কাজ ৪১টি মুখ্য খাত সংবলিত ঐ দুটি দাবির আওতায় পড়ে। ঐ সমস্ত কাজ পূর্ত, পূর্ত (সড়ক) এবং পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ নিষ্পন্ন করে থাকেন। এছাড়া এই বিভাগগুলিকে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ, স্বায়ত্তশাসিত সংস্থা এবং প্রতিষ্ঠানের তরফে তাদের দেওয়া অনেক কাজও সমাধা করতে হয়। এই কাজগুলি অন্তর্ভুক্ত হল জাতীয় সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, ডিপোজিট ওয়ার্কস এবং ট্রান্সফার রেমিট্যান্স সংজ্ঞায় অভিহিত কিছুসংখ্যক নির্মাণসূচি।

মাননীয় সদস্যগণ স্মরণ করতে পারেন যে, গত বছরের বাজেট বক্তৃতায় আমি ইস্পাত, সিমেন্ট, বিটুমেন প্রভৃতি গৃহ ও সড়ক নির্মাণ সংক্রান্ত দ্রব্যসামগ্রীর ঘাটতির সমস্যাটি বেশ জোর দিয়েই উল্লেখ করেছিলাম এবং এই দ্রব্যসামগ্রী সংগ্রহের অসুবিধা যাতে কাটিয়ে উঠতে পারি তার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছিলাম। আমি এখন উল্লেখ করতে চাই যে, আমার বিভাগের বিশেষ প্রচেষ্টায় এই দ্রব্যসামগ্রী কিছু পরিমাণে সংগ্রহ করা সম্ভব হয়েছে যদিও তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। অবশ্য এই নির্মাণ দ্রব্যসামগ্রী যাতে আরও বেশি পরিমাণে সংগ্রহ করা সম্ভব হয়, তার জন্য আমার বিভাগ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

ওয়াগনের অপ্রতুলতার জন্য নির্মাণসামগ্রীর যোগান অব্যাহত রাখতে আমরা সড়ক পরিবহনের উপর নির্ভর করছিলাম যদিও এই পরিবহন খরচ অনেক বেশি। কিন্তু এক্ষেত্রেও সাম্প্রতিক ডিজেল সঙ্কট আর এক নতুন সমস্যার সৃষ্টি করেছে। এই পটভূমিকায় আমার বিভাগকে কাজ করতে হচ্ছে। সুতরাং নির্মাণসামগ্রীর দুষ্প্রাপ্যতা, ওয়াগনের অপ্রতুলতা এবং মূল্যবৃদ্ধি যেসব বাধার সৃষ্টি করেছে সেগুলি যদি অপসারিত না হয় অথবা মূল্যবৃদ্ধি রোধ করা সম্ভব না হয় তাহলে আমাদের উপর ন্যস্ত নির্মাণকাজগুলি সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা অসম্ভব হয়ে পড়তে পারে।

মহাশয়, এবার আমি আপনার অনুমতি নিয়ে পূর্ত বিভাগের বিভিন্ন শাখা যেসমস্ত

নির্মাণ কর্মসূচি হাতে নিয়েছেন বা নিতে চলেছেন তার মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য প্রকল্পের নাম সংক্ষেপে উল্লেখ করছি।

**শিক্ষা ও সংস্কৃতি ভবন**

(ক) মহাজাতি সদনে বিধানচন্দ্র গ্রন্থাগার ভবন নির্মাণ (আনুমানিক ব্যয় ১৪ লক্ষ টাকা)—কাজটি ইতিমধ্যে হাতে নেওয়া হয়েছে এবং এগিয়ে চলেছে। আশা করা যায় ১৯৮১ সালের মধ্যে কাজটি শেষ করা যাবে।

(খ) কলকাতার রবীন্দ্রসদনের কাছে শিল্প নাট্যশালা নির্মাণ (আনুমানিক ব্যয় ৮৮ লক্ষ টাকা)—কাজটি ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে এবং এগিয়ে চলেছে।

(গ) কলকাতার বাগবাজারে একটি গণনাট্যশালা নির্মাণ (আনুমানিক ব্যয় ১ কোটি টাকা)—কাজটি হাতে নেওয়া হয়েছে।

**হাসপাতাল এবং স্বাস্থ্যসম্পর্কিত অন্যান্য ভবন ও কেন্দ্র**

যে হাসপাতাল ভবনগুলির নির্মাণকার্য ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে সেগুলি হল ঃ

(ক) শেঠ সুকলাল কারনানি হাসপাতাল এবং স্নাতকোত্তর চিকিৎসাশিক্ষা ও গবেষণা ভবনের ১৭৫ জন পুরুষ হাউস স্টাফ এবং ১৬ জন মহিলা হাউস স্টাফের জন্য একটি আংশিকভাবে আবাসিক ভবন নির্মাণ (আনুমানিক ব্যয় ৪৩.২৫ লক্ষ টাকা) ;

(খ) পুরুলিয়ার রঘুনাথপুর ৬৮-শয্যাবিশিষ্ট একটি নতুন জেনারেল হাসপাতাল নির্মাণ (আনুমানিক ব্যয় ৫৪.৫২ লক্ষ টাকা) ;

(গ) মালদায় একটি ৬০ শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল ও কর্মীদের বাসগৃহ নির্মাণ (আনুমানিক ব্যয় ২৫.৬২ লক্ষ টাকা) ;

স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের অন্তর্গত যেসব কাজ হাতে নেওয়া হয়েছে এবং এগিয়ে চলেছে, তাদের মধ্যে কয়েকটি হল ঃ

(ক) জঙ্গীপুর মহকুমা হাসপাতালের বহির্বিভাগ এবং বক্ষপরীক্ষা বিভাগের স্থান সঙ্কুলানের জন্য ঐ হাসপাতাল সীমানার মধ্যে একটি দোতলা বাড়ি নির্মাণ (আনুমানিক ব্যয় ১৩.৮৭ লক্ষ টাকা) ;

(খ) কোচবিহার জেলায় দিনহাটাতে একটি নতুন মহকুমা হাসপাতাল নির্মাণ (আনুমানিক ব্যয় ৬২.৩৮ লক্ষ টাকা) ;

(গ) জলপাইগুড়ি জেলায় আলিপুরদুয়ার মহকুমা হাসপাতালের কর্মীদের জন্য একটি অতিরিক্ত বাসগৃহ নির্মাণ (আনুমানিক ব্যয় ১১ লক্ষ টাকা) ;

(ঘ) নীলরতন সরকার মেডিক্যাল কলেজ ও হাসপাতাল সীমানার মধ্যে একটি চারতলা বাড়ি নির্মাণ (আনুমানিক ব্যয় ৪৭.৪৫ লক্ষ টাকা);

(ঙ) জলপাইগুড়ি জেলার মাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে একটি ১০০ শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতালে উন্নীত করার উদ্দেশ্যে প্রয়োজনীয় হাসপাতাল ভবন ও বাসগৃহ নির্মাণ (আনুমানিক ব্যয় ৫৩.৯১ লক্ষ টাকা)।

এছাড়া প্রায় ১৪ কোটি টাকা ব্যয়ে অনেকগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে এবং কাজগুলি বিভিন্ন জেলায় এগিয়ে চলেছে।

হাসপাতাল নির্মাণ সংক্রান্ত কয়েকটি কাজ শীঘ্রই হাতে নেওয়া হবে। সেগুলি হল ঃ

(ক) জঙ্গীপুর মহকুমা হাসপাতালের বর্তমান একতলা বাড়িটির উপর একটি অতিরিক্ত তলা নির্মাণ (আনুমানিক ব্যয় ১৭.৯৬ লক্ষ টাকা),

(খ) মালদা জেলা হাসপাতালের অতিরিক্ত শয্যা সংস্থানের জন্য নতুন ব্লক নির্মাণ (আনুমানিক ব্যয় ১৯.৯৬ লক্ষ টাকা);

(গ) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের একটি মিশ্র বহির্বিভাগ নির্মাণ (আনুমানিক ব্যয় ৭৩.৯৭ লক্ষ টাকা);

(ঘ) লবণ হ্রদের ১নং সেক্টরে একটি ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল নির্মাণ (আনুমানিক ব্যয় ১৭৬.৮০ লক্ষ টাকা);

(ঙ) দক্ষিণ হাওড়ায় একটি রাজ্য জেনারেল হাসপাতাল স্থাপন (আনুমানিক ব্যয় ৩৬.২২ লক্ষ টাকা);

(চ) কলকাতার নীলরতন হাসপাতাল সীমানায় একটি বহুতলবিশিষ্ট অ্যাকোডেমিক ভবন নির্মাণ (আনুমানিক ব্যয় ৬৯.৬৩ লক্ষ টাকা);

(ছ) পুরুলিয়া, মেদিনীপুর, মুর্শিদাবাদ, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলায় একটি করে মোট ছয়টি মেডিক্যাল স্কুলভবন নির্মাণ (আনুমানিক ব্যয় ৮.৪৩ লক্ষ টাকা);

(জ) বালুরঘাট জেনারেল হাসপাতালের বিস্তারসাধন (আনুমানিক ব্যয় ১১৫.৭৫ লক্ষ টাকা)।

**অফিস ভবন নির্মাণ**

মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন, বিভিন্ন সরকারি ভবনে অসংখ্য অফিসের ঘনসন্নিবিষ্ট অবস্থান কিরকম সঙ্কটময় অবস্থায় সৃষ্টি করেছে। এই স্থানাভাব দূর করতে ইতিমধ্যেই কয়েকটি

অফিস ভবন নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে এবং আরও কয়েকটি সরকারি ভবন নির্মাণের প্রস্তাব আমার বিভাগ বিশেষভাবে বিবেচনা করছেন। এইসব নির্মাণকার্য সম্পন্ন হলে শুধু মহানগরীতেই নয়, বিভিন্ন জেলা ও মহকুমা শহরে এবং বিভিন্ন ব্লকে কর্মরত রাজ্য সরকারি কর্মচারীরাও অধিকতর সুবিধাজনক অবস্থায় কাজ করার সুযোগ পাবেন। এরূপ কয়েকটি কাজের উল্লেখ আমি এখানে করতে চাই। যেমন ঃ

(ক) ১ কোটি ৭৬ লক্ষ টাকা ব্যয়ে আলিপুর ভবানী ভবনে একটি দশতলা অফিস ভবন নির্মাণ। কাজটি অনুমোদিত হয়েছে এবং খুব শীঘ্রই এর নির্মাণ শুরু হবে।

(খ) ২০ লক্ষ টাকা ব্যয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে পূর্ত বিভাগের অধীক্ষক বাস্তুকার, নির্বাহী বাস্তুকার এবং সহ-বাস্তুকারদের জন্য দশটি অফিস ভবন নির্মাণ। এই কাজগুলি ভালভাবে এগিয়ে চলেছে।

(গ) আনুমানিক ৩০ লক্ষ টাকা ব্যয়ে মহাকরণের ৪নং এবং ৫নং ব্লকের মাঝখানে একটি নতুন অফিস ভবন নির্মাণ। কাজটিকে রূপায়িত করার জন্য প্রাথমিক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগও বিভিন্ন জেলা ও মহকুমা সদরে প্রায় ১০ কোটি টাকা ব্যয়ে বেশ কিছু প্রশাসন ভবন নির্মাণের কাজ অনুমোদন করেছেন। আমি এইরকম কয়েকটি প্রকল্পের উল্লেখ করতে চাই। যেমন ঃ

(ক) বালুরঘাট, হাওড়া, বনগাঁ, বসিরহাট এবং শ্রীরামপুরে প্রশাসন ভবন নির্মাণ (মোট আনুমানিক ব্যয় প্রায় ১৪৪.০৫ লক্ষ টাকা)।

এই কাজগুলি এগিয়ে চলেছে।

(খ) বারাসতে প্রশাসন ভবন নির্মাণ (আনুমানিক ব্যয় ৪০.৪৪ লক্ষ টাকা)।

(গ) চন্দননগরে মহকুমা শাসকের অফিস ভবন নির্মাণ (আনুমানিক ব্যয় ১৬.৪৭ লক্ষ টাকা)।

(ঘ) কান্দিতে মহকুমা শাসকের অফিস ভবন নির্মাণ (আনুমানিক ব্যয় ৩৯.৭৭ লক্ষ টাকা)।

এই কাজগুলি হাতে নেওয়া হয়েছে।

এছাড়া মোট প্রায় ৬৪.১৬ লক্ষ টাকা ব্যয়ে বাঁকুড়া, মালদা ও তমলুকে একটি করে প্রশাসন ভবন নির্মাণের কাজও হাতে নেওয়া হয়েছে। তবে, কলকাতার চৌরঙ্গি রোডে ৫ কোটি ৫ লক্ষ টাকা ব্যয়ে যে বহুতলবিশিষ্ট অফিস ভবনটির নির্মাণকার্য শুরু হওয়ার কথা ছিল, তা কয়েকটি প্রযুক্তি ও অন্যান্য বিষয়ের চূড়ান্ত হওয়ার অপেক্ষায় আপাতত স্থগিত রয়েছে।

**বাসগৃহ নির্মাণ**

রাজ্যের বিভিন্ন স্থানে আনুমানিক ৫০ লক্ষ টাকা ব্যয়ে পূর্ত বিভাগের বাস্তুকার ও অন্যান্য কর্মচারিদের জন্য ৬০টি বাসভবন নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। কাজগুলি ভালভাবেই এগিয়ে চলেছে। এ প্রসঙ্গে জানাতে চাই যে, দিল্লির বঙ্গভবনে প্রস্তাবিত বহুতলবিশিষ্ট গৃহ নির্মাণের প্রাথমিক পর্যায়ের কাজ হাতে নেওয়া হয়েছে। এই ভবনটি নির্মিত হলে যে অতিরিক্ত বাসস্থানের সৃষ্টি হবে, তা এই রাজ্যের সরকারি কর্মচারী তথা জনসাধারণের দিল্লিতে অবস্থানকালে স্থানাভাবজনিত সমস্যার সুরাহা করবে।

পুলিশ আবাসন প্রকল্পের অধীনে বেশ কিছু কাজ আমার বিভাগ করে চলেছে। ইতিমধ্যে হাতে নেওয়া অথবা অদূরভবিষ্যতে হাতে নেওয়ার প্রস্তাব রয়েছে এমন কয়েকটি কাজের নাম করছি। যেমন ঃ

(ক) পুরুলিয়া জেলা সদর দপ্তর কর্মরত উচ্চ ও নিম্ন সাবর্ডিনেট পুলিশ কর্মচারিদের বাসগৃহ নির্মাণ (আনুমানিক ব্যয় ৭৭.১৩ লক্ষ টাকা)—কাজটি এগিয়ে চলেছে।

(খ) বেলঘরিয়া পুলিশ আবাসন এস্টেটের মধ্যে কর্মচারিদের বাসগৃহ নির্মাণ (আনুমানিক ব্যয় ৭২.৪৫ লক্ষ টাকা)—কাজটির অগ্রগতি অব্যাহত আছে।

(গ) ব্যারাকপুর পুলিশ ট্রেনিং কলেজের প্রশিক্ষণ কর্মীদেব বাসগৃহ নির্মাণ (আনুমানিক ব্যয় ৭৬.০৯ লক্ষ টাকা)—এ কাজটিও এগিয়ে চলেছে।

(ঘ) মালদার অতিরিক্ত পুলিশ সুপারিনস্টেন্টের বাসগৃহ নির্মাণ (আনুমানিক ব্যয় ১.১৭ লক্ষ টাকা)—কাজটি শীঘ্রই শুরু হবে।

(ঙ) সিউড়িতে চারজন পুলিশ সাব-ইন্সপেক্টরের জন্য বাসগৃহ নির্মাণ (আনুমানিক ব্যয় ২.২৭ লক্ষ টাকা)—কাজটি খুব শীঘ্রই আরম্ভ হবে।

**ক্রীড়াবিষয়ক সুযোগসুবিধা**

পশ্চিমবঙ্গের জনগণকে খেলাধূলা বিষয়ে অধিকতর সুযোগসুবিধা দেবার জন্য বেশ কয়েকটি স্টেডিয়াম নির্মাণের কাজ অনুমোদিত হয়েছে। আমার বিভাগ এই কাজগুলি করবে। এরূপ কয়েকটি কাজের উল্লেখ করছি। যেমন ঃ

(ক) শিলিগুড়ির তিলক ময়দানে একটি স্টেডিয়াম নির্মাণ (আনুমানিক ব্যয় ৪২ লক্ষ টাকা) ;

(খ) চন্দননগরের কুঠির মাঠে একটি স্টেডিয়াম নির্মাণ (আনুমানিক ব্যয় ১২.৩৩ লক্ষ টাকা) ;

(গ) মালদায় একটি স্টেডিয়াম নির্মাণ (আনুমানিক ব্যয় ৬২.৩৮ লক্ষ টাকা)।

দ্বিতীয় ও তৃতীয় কাজ দুটি শুরু হয়ে গেছে। প্রথম কাজটি শীঘ্রই শুরু হবে।

**জাতীয় নেতা, বিপ্লবী, শহিদ, সমাজসংস্কারক এবং সাহিত্যিকদের স্মৃতিরক্ষা**

বিপ্লবী বাঘা যতীন, মাইকেল মধুসূধন, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, জে এল ব্যানার্জি এবং কার্ল মার্কস—এইসব বিশিষ্ট ব্যক্তি ও নেতাদের প্রতিমূর্তি এই বছরের শেষ নাগাদ স্থাপিত হবে বলে আশা করা যায়। এদিকে বিনয় বোস, বাদল গুপ্ত, দীনেশ গুপ্ত প্রীতিলতা ওয়াদ্দেদার, চার্লি চ্যাপলিন এবং ডঃ বি আর আম্বেদকরের প্রতিমূর্তি এবং কোচবিহারের সাগরদিঘির তীরে শহিদস্তম্ভ নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, স্বাধীন বাংলার শেষ নবাব সিরাজদ্দৌলা ও তার পত্নীকে মুর্শিদাবাদ জেলার লালবাগে ভাগীরথী নদীর পশ্চিম তীরে খোসবাগ কবরখানায় সমাধিস্থ করা হয়। প্রতিদিন এই স্থানে বহু লোক এসে থাকেন কিন্তু তাদের জন্য ঐ স্থান কোনও বিশ্রামাগার নাই। গরমের সময় এবং বর্ষাকালে বিশ্রামাগারের অভাবে তাদের বিশেষ কষ্ট পেতে হয়। এই কষ্ট লাঘবের জন্য আমরা সম্প্রতি খোসবাগের নিকটে একটি স্থায়ী বিশ্রামগার নির্মাণ করেছি। আশা করা যায় যে, এর দ্বারা খোসবাগ কবরখানা পরিদর্শনকারিদের বহুদিনের একটি অভাব দূরীভূত হবে।

**সড়ক ও সেতু**

এখন আমাকে রাজ্যের সড়ক ও সেতু নির্মাণ ও তাদের রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে আমার বিভাগগুলির কর্মতৎপরতা সম্বন্ধে কিছু বলতে অনুমতি দিন।

**কেন্দ্রীয় সড়ক তহবিল বরাদ্দ ( যোজনা-বহির্ভূত)**

৬ কোটি টাকা মূলধন বিনিয়োগে ৫০টি সড়ক ও সেতু নির্মাণের কাজ এগিয়ে চলেছে, এদের মধ্যে কয়েকটির উল্লেখ করছি। যেমন ঃ

(ক) ব্যারাকপুর ট্রাঙ্ক সড়কের উন্নয়ন (আনুমানিক ব্যয় ৩৬ লক্ষ টাকা) ;

(খ) সাঁওতালদিহি তাপবিদ্যুৎ কেন্দ্রাভিমুখী সড়কের উন্নয়ন (আনুমানিক ব্যয় ১৮ লক্ষ টাকা) ;

(গ) বারাসত-বসিরহাট সড়কের উন্নয়ন (আনুমানিক ব্যয় ২৯ লক্ষ টাকা)।

**ন্যূনতম প্রয়োজন কর্মসূচি বহির্ভূত সড়ক ও সেতু**

এই কর্মসূচির অন্তর্গত কিছু কাজ ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে এবং আরও কিছু হাতে নেওয়ার প্রস্তাব রয়েছে—এদের মধ্যে কয়েকটির উল্লেখ করছি ঃ

(ক) ২৪-পরগনা জেলায় সরিষা-নুরপুর সড়কের প্রশস্তকরণ ও উন্নয়ন (আনুমানিক

ব্যয় ১২ লক্ষ টাকা)—কাজটি সমাপ্ত প্রায়।

(খ) দার্জিলিং-এ দুই কিলোমিটার দীর্ঘ ডাঃ গ্রাহামস হোমস সড়কের পুনর্নির্মাণ (আনুমানিক ব্যয় ১০ লক্ষ টাকা)—আশা করা যায় যে, কাজটি ১৯৮২ সালের মার্চ মাসের মধ্যেই সম্পূর্ণ হবে।

(গ) কোচবিহার-শিতলকুচি সড়কের উন্নয়ন (আনুমানিক ব্যয় ১০ লক্ষ টাকা)—অল্প দিন আগে অনুমোদিত এই কাজটি শীঘ্রই শুরু হবে।

(ঘ) বীরভূম জেলায় দেওচা-বালিহারপুর সড়কের উপর ব্রাহ্মণী সেতু (আনুমানিক ব্যয় ১০ লক্ষ টাকা)।

(ঙ) বহরমপুর-ভগবানগোলা-লালগোলা-রঘুনাথগঞ্জ সড়কের উপর খড়খড়ি সেতু (আনুমানিক ব্যয় ২৪ লক্ষ টাকা)—এই কাজ দুটি শীঘ্রই শুরু করা হবে।

গত বছর সেপ্টেম্বর মাসে কলকাতার এসপ্ল্যানেড থেকে রাইচক-কুকরাহাটি খেয়াঘাট হয়ে হলদিয়া পর্যন্ত দ্রুতগামী বাস চলাচলের উপযোগী একটি রাস্তা খুলে দেওয়া হয়েছে। কাজকর্ম ও অন্যান্য উদ্দেশ্যে যাদের হলদিয়া যেতে হয়, তারা এই নতুন বাসরুট দ্বারা বিশেষ ভাবে উপকৃত হবেন।

**অর্থনৈতিক ও আন্তরাজ্যিক গুরুত্বপূর্ণ সড়কসমূহ**

৯৯ লক্ষ টাকা বিনিয়োগে আরব্ধ খড়গপুর-বালেশ্বর সড়কটিকে উড়িষ্যা সীমান্ত পর্যন্ত (অর্থাৎ নবম কিলোমিটার পোস্ট থেকে ৪০তম কিলোমিটার পোস্ট পর্যন্ত) প্রশস্তকরণ ও উন্নয়নের কাজটি এগিয়ে চলেছে। পুরো টাকাটাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ সহায়তা হিসাবে পাওয়া গেছে।

**নগর-উন্নয়ন**

আনুমানিক ৩০ লক্ষ টাকা ব্যয়ে বিনয়-বাদল-দীনেশ বাগে একটি মিনিবাস টার্মিনাস নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। আশা করি, এটি সম্পূর্ণ হলে কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে যাত্রীরা অধিকতর সুবিধা পাবেন।

**রাজ্য সেতু তহবিল (যোজনা-বহির্ভূত, উন্নয়নমূলক)**

১৯৮০ সালের ৩১এ মার্চ পর্যন্ত এই তহবিলে নিট জমা পড়েছে প্রায় ১২৫ লক্ষ টাকা। এই জমা টাকার কিয়দংশ এখন সদ্ব্যবহার করা হচ্ছে কাটোয়া শহরের উপকণ্ঠে শ্রমিক সেতু নির্মাণে, বহরমপুর-ইসলামপুর সড়কে গোবরনালার উপর বালিরঘাট সেতু নির্মাণে এবং চাপাডাঙা-আরামবাগ-পুরশুরা সড়কের উপর অবস্থিত ১৬, ১৭ ও ১৮ নম্বর সেতুগুলিকে বদলানোর কাজে।

**বন্যা ও ধ্বসজনিত ক্ষতির সংস্কার**

মহাশয়, ১৯৭৮ সালের সর্বগ্রাসী বন্যা যা রাজ্যের সমূহ সড়ক যোগাযোগ ব্যবস্থাকে বিধ্বস্ত করেছিল সেকথা মাননীয় সদস্যবৃন্দের স্মরণে আছে। আশু মেরামতি ও পুনর্গঠন কাজে ১৯৭৮-৭৯ সালের পূর্ত বিভাগ প্রায় ১৫ কোটি টাকার ব্যয় করেন—ঐ বছরে বার্ষিক যোজনার অগ্রিম হিসাবে এ বাবদ কেন্দ্রীয় সহায়তার পরিমাণ ছিল মাত্র ১৩ কোটি টাকা। অসম্পূর্ণ পুনর্গঠন কাজগুলি পরবর্তী বছরেও (১৯৭৯-৮০) চালিয়ে যেতে হয়েছে এবং ঐ বছরে আমাদের ব্যয় হয়েছে প্রায় ৯ কোটি টাকা। দুর্ভাগ্যের ব্যাপার প্রাকৃতিক বিপর্যয় হেতু এই ক্ষয়ক্ষতি পূরণে প্রত্যাশিত কেন্দ্রীয় অনুদান আর পাওয়া যায় নি।

মাননীয় সদস্যগণ অবগত আছেন, বিগত ১৯৮০ সালেরও পশ্চিমবঙ্গের কিছু কিছু জেলা প্রচন্ড বন্যায় প্লাবিত হয়েছে। প্রবল বৃষ্টিপাত আর ধ্বস নেমে আসে দার্জিলিং-এ। এর ফলে ক্ষতিগ্রস্ত সরকারি ঘরবাড়ি ও যোগাযোগকারী সড়কসমূহের অবস্থা খতিয়ে দেখে সংস্কারের জন্য আনুমানিক ব্যয়ের ২৮৯.৭৪ লক্ষ টাকার এস্টিমেটের ভিত্তিতে আমার বিভাগগুলি অগ্রাধিকার দিয়ে কাজগুলিতে সামিল হন। এক্ষেত্রে কেন্দ্রীয় সহায়তা অপ্রতুলতা—বাস্তব চাহিদার অনেক পিছনে। রাজ্য সরকার এই বাবদ মোট ২১৪ লক্ষ টাকা কেন্দ্রীয় অনুদান হিসাবে পেয়েছেন। উল্লিখিত কাজগুলি ছাড়া বন্যাবিধ্বস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলি পুনর্গঠনের জন্য মাত্র ৫ লক্ষ টাকার কেন্দ্রীয় সহায়তা আমরা স্বাস্থ্য বিভাগ মারফত পেয়েছি এবং কাজগুলি চলছে।

এই প্রসঙ্গে স্বাভাবিক রক্ষণাবেক্ষণ ও মেরামতি বিষয়টি অল্প কথায় তুলে ধরা দরকার মনে করি। প্রতি বছর উল্লেখযোগ্যভাবে নতুন নতুন সম্পদ সৃষ্টি করে চলেছি। এগুলি হল জনস্বার্থবাহী বিভিন্ন ধরনের সড়ক ও ঘরবাড়ি। এগুলির কার্যকারিতা দীর্ঘস্থায়ী রাখতে উপযুক্ত রক্ষণাবেক্ষণের জন্য পর্যাপ্ত সংস্থান এখনও সম্ভবপর হয় নি। যা হোক, একদিকে আমরা যেমন নিয়মিত রক্ষণাবেক্ষণ খাতে অধিকতর অর্থের জন্য প্রচেষ্টা রাখছি, অন্যদিকে প্রাপ্ত সীমাবদ্ধ সঙ্গতিকে কাজে লাগিয়ে যত বেশি সম্ভব মেরামতি কাজে সদ্ব্যবহারের প্রয়াস চালিয়ে যাচ্ছি।

**রাজ্য ও জাতীয় সড়কসমূহ নির্মাণ ও উন্নয়ন**

এবার সড়ক উন্নয়ন পরিকল্পনা সূচি যা পূর্ত (সড়ক) বিভাগ সম্পন্ন করে চলেছেন সে সম্বন্ধে কিছু বলতে গিয়ে মাননীয় সদস্যবৃন্দকে অবহিত করি যে, বর্তমান ষষ্ঠ পঞ্চবার্ষিকী যোজনার শুরু ধরা হয়েছে চলতি ১৯৮০-৮১ আর্থিক বছরের গোড়া (১লা এপ্রিল ১৯৮০) থেকে। এই ষষ্ঠ পঞ্চবার্ষিকী যোজনায় সড়ক উন্নয়ন পরিকল্পনা মোটামুটিভাবে চূড়ান্ত করা হয়েছে ৯০ কোটি টাকা বিনিয়োগের ভিত্তিতে—যার মধ্যে প্রায় ৬০ কোটি টাকা ধরা হয়েছে গ্রাম এলাকার রাস্তা নির্মাণে। ১৯৮০-৮৫ এই ষষ্ঠ পঞ্চবার্ষিকী কালে ২,০০০ কিলোমিটার রাস্তা ও কয়েকটি বড় সেতু নির্মাণের পরিকল্পনা লক্ষ্যে আমরা অগ্রসর হচ্ছি। এই যোজনায় চলতি (১৯৮০-৮১) ও আগামী ১৯৮১-৮২ সালের বার্ষিক বরাদ্দ যথাক্রমে ১৪.৮৪ কোটি

ও ১৫.০৫ কোটি টাকা। অতএব পরবর্তী তিন বছরে (১৯৮২-৮৩ থেকে ১৯৮৪-৮৫) আর অবশিষ্ট ৬০.১১ কোটি টাকা পাওয়া যাবে।

বর্তমান সরকার সড়ক পরিকল্পনা এমনভাবে চালিত করতে চান, যাতে শহরাঞ্চল ও গ্রামাঞ্চলের মধ্যে সড়ক সংস্থাপন ব্যবস্থা যে অসঙ্গতি আছে তার দূর করে সমতাবিধান করা যায়। আমাদের মনে রখাতে হবে, পূর্বতন সরকারের কাছ থেকে বেশ কিছু চালু কাজ অসমাপ্ত অবস্থায় আমাদের হাতে নিতে হয়েছিল। মাঝপথে ঐ সমস্ত কাজ বন্ধ করে দেওয়া সমুচিত নয় মনে করে যেখানে কাজ এগিয়ে গেছে সেইকাজগুলি সমাপ্ত করা ও যেখানে কাজ কার্যত কিছুই হয় নাই সেগুলি ধীরগতিতে চালু রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গ্রামীণ রাস্তা উন্নয়নের সুবিশাল কর্মযজ্ঞের জন্য আমাদের যথেষ্ট অর্থ দরকার। কিন্তু প্রথমাবধিই অর্থাভাবজনিত পরিস্থিতির জন্য আমরা সংগ্রাম চালিয়ে যাচ্ছি। যাহোক, সংশোধিত "ন্যূনতম প্রয়োজন কর্মসূচি"তে ধরা হয়েছে যে দশ বছরের মধ্যে যেসব গ্রামে জনসংখ্যা ১,৫০০ বা বেশি তার সবগুলি আর ১০০০,১,৫০০ এর কম জনসংখ্যাবিশিষ্ট গ্রামগুলির ৫০ শতাংশকে সড়ক যোগাযোগ যুক্ত করা হবে। ১৯৮১ সালের মার্চের মধ্যে প্রথমোক্ত পর্যায়ের ৪,৯২৮টি গ্রামের মধ্যে ২,৫০৭টি এবং দ্বিতীয় পর্যায়ের ৫,৫০০টির মধ্যে ২,৭৮৬টি গ্রামকে মুখ্য সড়ক কাঠামোর সাথে সংযুক্তিকরণ সম্পন্ন হয়ে যাবে। সুতরাং আগামী দশ বছরের মধ্যে ১,৫০০ বা ততোধিক জনসংখ্যাবিশিষ্ট বাকি ২,৪২১টি গ্রামের সড়ক-সহযোগ বিধান করাই আমাদের আশু করণীয় কাজ। গ্রামপিছু গড়ে এক কিলোমিটার রাস্তা তৈরি করতে এবং প্রতি কিলোমিটারের ব্যয় ৩ লক্ষ টাকা ধরলে ঐ লক্ষ্যমাত্রায় পৌঁছাতে আমাদের কমবেশি ৭৫ কোটি টাকা প্রয়োজন। এই উদ্দেশ্য নিয়ে আমরা অগ্রসর হচ্ছি এবং যেসব গ্রামে হাজার থেকে পনের শ'র মতো লোক বাস করেন সেইসব গ্রামের ৫০ শতাংশকে সড়ক বিন্যাস ব্যবস্থার সঙ্গে যুক্ত করার যে নির্ধারিত লক্ষ্য তা ইতিমধ্যেই আমরা পূরণ করে ফেলেছি। শুধু তাই নয় পঞ্চাশ শতাংশের লক্ষ্যমাত্রাকে আমরা ছাড়িয়ে গেছি। মাননীয় সদস্যবৃন্দ নিশ্চয়ই এই সংবাদে আনন্দবোধ করবেন।

১৯৮১-৮২ সালে ১৫.০৫ কোটি টাকার বরাদ্দের ভিত্তিতে আমরা বার্ষিক (১৯৮১-৮২) যোজনা কর্মসূচি তৈয়ারি করেছি। এই বরাদ্দ থেকে "ন্যূনতম প্রয়োজন কর্মসূচি"ভুক্ত প্রকল্পগুলির জন্য ৬.৭০ কোটি টাকা এবং "উপজাতি অঞ্চল উন্নয়ন পরিকল্পনায়" সড়ক উন্নয়নের জন্য ১.৫১ কোটি টাকা স্বতন্ত্রভাবে নির্দিষ্ট করা আছে। আশা করা যায়, এই ১৫.০৫ কোটি টাকার বরাদ্দ নিয়ে ১৯৮১-৮২ সালে ৪৫০ কিলোমিটার রাস্তা ও কয়েকটি বড় সেতুর নির্মাণকাজ সম্পন্ন হতে পারে। হাওড়া জেলায় খাদিনানের উপর, মেদিনীপুর জেলায় নরঘাটে হলদির উপর, দার্জিলিং জেলায় খড়িবাড়ি-ফাঁসিদেওয়া সড়কে বুড়িবালাসনের উপর সেতু প্রকল্পগুলির নাম এই প্রসঙ্গে করা যেতে পারে। এই সেতুগুলির নির্মাণকাজ এগিয়ে চলেছে। নতুনের মধ্যে হুগলি নদীর কল্যাণীতে সেতু নির্মাণের কাজ আরম্ভ হওয়ার মুখে। সড়ক উন্নয়ন পরিকল্পনা খাতে যোজনা বরাদ্দমাত্রা কম থাকা সত্ত্বেও উত্তরবঙ্গের জনসাধারণের বিশেষ অসুবিধার কথা বিবেচনা করে শিলিগুড়ি শহর ও শুশ্রুতনগরে উত্তরবঙ্গ

মেডিক্যাল হাসপাতালের সঙ্গে সংযোগকারী একটি বড় আকারের সড়ক প্রকল্প ১৯৮১-৮২ সালের বার্ষিক যোজনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এই সড়ক প্রকল্পের সঙ্গে দুটিসেতু নির্মাণের কাজও অন্তর্গত, একটি মহানন্দা নদীর উপর ও অপরটি বালাসন নদীর উপর।

আমরা কৃষি বিভাগের তরফে পল্লী উন্নয়নের অনুষঙ্গ হিসাবে বাজারসংযোগকারী সড়কগুলির উন্নয়নের কাজ হাতে নিয়েছি। এই সম্পর্কে ১৯৭৯-৮০ সালে আরম্ভ করা কাজগুলি ছাড়াও ১৯৮০-৮১ সালে মোট ৫০.৫ কিলোমিটার দীর্ঘ আরও ১৬টি বাজারগামী সড়ক নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

পূর্বেই বলেছি, কেন্দ্রীয় সড়ক প্রকল্পের কিছু কাজ আমাদের সম্পাদন করতে হয়। এর মধ্যে জাতীয় সড়ক নির্মাণকাজও পড়ে। বর্ধমানে ও আসানসোলে ২নম্বর জাতীয় সড়কের উপপথ এবং বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। ৬ নম্বর জাতীয় সড়কে হাওড়া জেলায় রাজাপুর ও বনস্পতি খালের উপর সেতুগুলির নির্মাণকাজ সম্পূর্ণ হয়েছে এবং এগুলি এখন যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত। ২নং জাতীয় সড়কের উপর হুগলিতে কুন্তী সেতু নির্মাণের কাজটিও আমরা আরম্ভ করে দিয়েছি।

**দ্বিতীয় হুগলি নদী সেতু**

বিগত বাজেট ভাষণে আমি উল্লেখ করেছিলাম যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ নিয়ে ১৯৭২ সালে দ্বিতীয় হুগলি নদী সেতু প্রকল্পটি শুরু হয়েছিল। প্রকল্পটি তিনটি অংশে বিভক্ত করে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। প্রথম অংশটি নির্মিত হচ্ছে কলকাতার দিকে প্রবেশপথ, উড়াল পুল ও সড়ক-সঙ্গম। দ্বিতীয় অংশ হচ্ছে হাওড়ার দিকে প্রবেশপথ, উড়াল পুল এবং সড়ক-সঙ্গম। আর তৃতীয় অংশ হবে হুগলি নদীর উপর মূল সেতুটির নির্মাণ কার্য।

জমি অধিগ্রহণের ব্যাপারে প্রাথমিক বাধাবিঘ্ন সত্ত্বেও প্রথম ও দ্বিতীয় অংশের কাজ এখন বেশ ভালভাবেই এগিয়ে চলেছে। তৃতীয় অংশ অর্থাৎ মূল সেতুর নির্মাণকার্যের আদেশনামা ১৯৭২ সালে দেওয়া হয়েছিল। কিন্তু দুই পরামর্শদাতার মতানৈক্যের ফলে কাজটির উল্লেখযোগ্য অগ্রগতি এ পর্যন্ত সম্ভব হয় নি। ইতিমধ্যে অনুমোদিত ঠিকাদার চুক্তি স্বীকৃত দর বৃদ্ধির দাবি জানিয়েছেন। যাহোক, ঠিকাদারের সঙ্গে দীর্ঘ আলোচনার পর বিষয়টির নিষ্পত্তি হয়েছে।

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, কেন্দ্রীয় সরকার যখন কাজটি মঞ্জুর করেছিলেন, তখন এর আনুমানিক ব্যয় ধরা হয়েছিল ৭৫ কোটি টাকা। নির্মাণকার্যের বিলম্বের ফলে তা এখন সাংগঠনিক ও অন্যান্য ব্যয় সমেত ১৪০ কোটির উপর দাঁড়িয়ে যাবে। কাজটির সংশোধিত মূল্যায়ন সম্বলিত একটি প্রতিবেদন কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য ইতিমধ্যেই পাঠিয়ে দেওয়া হয়েছে। এখন কর্মসূচি অনুযায়ী যদি সবকিছু ঠিকমতো চলে তবে আশা করা যায় যে, সেতু নির্মাণের কাজটি ১৯৮৩ সালের ডিসেম্বর মাস নাগাদ সম্পূর্ণ হয়ে যাবে।

**নিয়ম, সংহিতা ইত্যাদির সংশোধন**

শেষ করার আগে আমি ১৯৭৮ সালে নিযুক্ত পূর্ত বিভাগের সংহিতা ও পুনর্বিন্যাস কমিটি সম্বন্ধে গুটিকয়েক কথা বলতে চাই। এই কমিটি কর্তৃক প্রথম অন্তর্বর্তী রিপোর্ট পেশ করার কথা আমি আমার গত বছরের বাজেট ভাষণেই উল্লেখ করেছিলাম। আমি একথাও বলেছিলাম যে, কমিটি তাদের উপর ন্যস্ত অবশিষ্ট দায়িত্ব পালনের উদ্দেশ্যে কাজ করে চলেছেন। কমিটি গত ৩০এ জানুয়ারি পূর্ত সংহিতার অন্তর্গত "সংস্থা" এবং "কাজকর্ম" সংক্রান্ত অনেকগুলি ধারাকে আধুনিকীকরণ করার সুপারিশ করে তাদের দ্বিতীয় অন্তর্বর্তী রিপোর্ট পেশ করেছেন। এই রিপোর্ট এখন আমার বিভাগের পরীক্ষাধীন। শর্তানুযায়ী যেসব দায়িত্ব কমিটির উপর অর্পিত হয়েছিল তাদের মধ্যে এখনও কিছু বাকি আছে। সেগুলি সম্পন্ন করতে কমিটি এখন ব্যস্ত রয়েছেন।

মহাশয়, এই কথাগুলি নিবেদন করে আমি এখন আমার ১৯৮১-৮২ সালের বাজেট দাবি অনুগ্রহ করে মেনে নেবার জন্য সভাকে অনুরোধ জানাচ্ছি।

পনের কোটি চল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকার যে দাবি করা হয়েছে তা বিভিন্ন প্রকার সমাজ উন্নয়নমূলক আবাসন এবং আনুসঙ্গিক কর্মপ্রকল্পগুলি রূপায়ণের জন্য তার প্রয়োজন। খাতওয়ারি বিশদ বিবরণ হল—

| | টাকা |
|---|---|
| (১) ২৮৩—আবাসন | ৪,৪৫,০৪,০০০ |
| (২) ৪৮৩—আবাসন সম্পর্কে মূলধন বিনিয়োগ | ৫,৯৪,২৬,০০০ |
| (৩) ৬৮৩—আবাসনের জন্য ঋণ | ৫,০১,০৫,০০০ |

পনের কোটি চল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকার পুরো দাবির মধ্যে আছে—

(ক) রাজ্য পরিকল্পনার অন্তর্গত মোট ৩৭৫ লক্ষ টাকা যাকে দুভাগে ভাগ করা যেতে পারে—

(১) রাজ্য পরিকল্পনাভুক্ত আবাসন প্রকল্পগুলি রূপায়ণের জন্য ৩৫৫ লক্ষ টাকা, এবং

(২) পূর্ত (এম ডি) দপ্তরের প্রকল্পগুলি রূপায়ণের জন্য ২০ লক্ষ টাকা ;

(খ) বাগিচা শ্রমিকদের জন্য কেন্দ্রীয় খাতে ভরতুকিপ্রাপ্ত আবাসন প্রকল্প রূপায়ণের জন্য ৬৫ লক্ষ টাকা—এই ব্যয়ের সমস্ত টাকাই কেন্দ্রীয় সরকার পূরণ করে থাকেন।

(গ) রাজ্য পরিকল্পনা বহির্ভূত কিছু আবাসন কর্মপ্রকল্প রূপায়ণের জন্য এবং নির্দেশনামা, প্রশাসন এবং পরিচালন সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য ১১,০০,৩৫,০০০ টাকা।

২। এই রাজ্যের তীব্র আবাসন সমস্যার কথা আমরা সকলেই জানি। একথা কাউকে বুঝিয়ে বলার প্রয়োজন নেই যে বৃহত্তর কলকাতা এবং রাজ্যের অন্যান্য উন্নয়নশীল এলাকার জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে আবাসন সংখ্যাবৃদ্ধি তাল মিলিয়ে চলতে পারছে না। ফলত এই সমস্ত এলাকায় অত্যধিক ঘনবসতিপূর্ণ পরিবেশ এবং অব-প্রান্তিক আবাসন ব্যবস্থার সৃষ্টি হয়েছে, আবার কোথাও বা বহু লোকের আশ্রয় বলতে কিছু নেই। গৃহনির্মাণ ব্যয়ের ক্রমাগত ঊর্ধ্বগতি এবং নির্মাণের জন্য প্রয়োজনীয় মালমশলার অভাব এই সমস্যাকে তীব্রতর করেছে এবং ব্যক্তিগত গৃহনির্মাণ উদ্যোগকে ব্যাহত করেছে। বর্তমানে সরকারি উদ্যোগের বা সরকারি নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থার দ্বারা নির্মিত বাড়ি বা ফ্ল্যাটের জন্য তীব্র চাহিদার চাপ রয়েছে। এই রকম অবস্থায় সরকারি আবাসন প্রকল্পের জন্য প্রভূত বিনিয়োগের প্রয়োজন। কিন্তু আর্থিক সংস্থানে সীমাবদ্ধতা ও মালমশলার সরবরাহের অপ্রতুলতা হেতু ব্যাপকভাবে গৃহনির্মাণের কর্মসূচি রূপায়ণ করা সম্ভব হয় নি। পরিকল্পনা খাতে গৃহনির্মাণের জন্য বরাদ্দ ১৯৮১-৮২ সালে গত বছরের তুলনায় শতকরা পাঁচভাগ বৃদ্ধি করা হয়েছে। কিন্তু একথা অকপটে স্বীকার করা ভালো যে, পরিকল্পনা খাতে যে সামান্য আর্থিক সংস্থান করা হয়েছে তা দিয়ে আমাদের এই রাজ্যের আবাসন সংক্রান্ত ন্যূনতম প্রয়োজন মেটানোও সম্ভব নয়।

৩। আমার বিভাগ থেকে বিভিন্ন প্রকার সমাজ উন্নয়নমূলক আবাসন প্রকল্পের মাধ্যমে এবং সরকারি ঋণের সহায়তায় ব্যক্তিগত উদ্যোগে এ পর্যন্ত মোট ৫১ হাজারেরও বেশি আবাসন ইউনিট তৈরি করা হয়েছে। আরও প্রায় ১,৫০০টি আবাসন ইউনিট বর্তমানে নির্মীয়মাণ অবস্থায় আছে। বিভিন্ন প্রকার কর্মপ্রকল্পগুলির জন্য ১৯৮১-৮২ আর্থিক বছরে ৩৫৫ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে বিভিন্ন শ্রেণীর মানুষের জন্য ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণে ২২৩ লক্ষ টাকা, নিম্ন-আয়গোষ্ঠী এবং মধ্য-আয়গোষ্ঠী মানুষের বাসস্থান নির্মাণের জন্য ঋণ দানের উদ্দেশ্যে ১১৭ লক্ষ টাকা এবং বেসরকারি নিয়োগকারীরা যাতে তাদের শিল্প শ্রমিকদের বাসস্থান নির্মাণ করতে পারেন তার জন্য ঋণ হিসাবে ১৫ লক্ষ টাকা ব্যয় করা হবে। এইখানে উল্লেখ্য যে, আমার বিভাগ থেকে এ পর্যন্ত নির্মিত আবাসন ইউনিটগুলির অধিকাংশই অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য ও নিম্ন-আয়গোষ্ঠীভুক্ত ব্যক্তিদের জন্য এবং স্বল্প বেতনপ্রাপ্ত রাজ্য সরকারি কর্মচারিদের জন্য।

৪। আমার বিভাগ অনেকগুলি আবাসন কর্মপ্রকল্পের কাজ হাতে নিয়েছে। সেগুলি বর্তমানে নির্মাণের বিভিন্ন পর্যায়ে রয়েছে। এইসব চালু প্রকল্পগুলির মধ্যে আনুমানিক ৫৭৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলতি আর্থিক বছরেই শেষ হবে—যার মধ্যে ১৪০টি অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য এবং ৮০টি নিম্ন-আয়গোষ্ঠীভুক্ত ব্যক্তির জন্য। আমার বিভাগ আগামী আর্থিক বছরে আরও ৬৭৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ শেষ করার পরিকল্পনা নিয়েছে। —যার মধ্যে ১৬৪টি ফ্ল্যাট হবে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য এবং ৭২টি ফ্ল্যাট হবে নিম্ন-আয়গোষ্ঠীভুক্ত ব্যক্তিদের জন্য। চলতি আর্থিক বছরে প্রায় ৯০০টি আবাসন

গৃহ নির্মাণের জন্য নিম্ন-আয়গোষ্ঠী। মধ্য-আয়গোষ্ঠীর লোকেদের মধ্যে মোট ১১৭ লক্ষ টাকা গৃহ নির্মাণ ঋণ হিসাবে মঞ্জুর করা হয়েছে। ১৯৮১-৮২ আর্থিক বছরে আমরা নিম্ন-আয়গোষ্ঠীর ব্যক্তিদের গৃহনির্মাণ ঋণ বাবদ ৬২ লক্ষ টাকা এবং মধ্য-আয়গোষ্ঠীর ব্যক্তিদের গৃহনির্মাণ ঋণ বাবদ ৫৫ লক্ষ টাকার প্রস্তাব করেছি। আশা করা হচ্ছে এই পরিমাণ ঋণের সাহায্যে ব্যক্তিগত উদ্যোগে প্রায় ৯০০ আবাস গৃহ তৈরি করা সম্ভব হবে।

৫। শহরাঞ্চলে জমির উপর ভীষণ চাপ পরিলক্ষিত হয়। এই কারণে শহরতলির জমির উন্নয়ন করা প্রয়োজন যাতে আরও বেশি সংখ্যায় বাস্তুজমি সাধারণ মানুষের মধ্যে বণ্টন করা যায়। এই উদ্দেশ্য নিয়ে আমার দপ্তর কলকাতার উপকণ্ঠে এবং আসানসোলে বেশ কয়েকটি জমি অধিগ্রহণ ও উন্নয়নপ্রকল্প গ্রহণ করেছেন। এরদ্বারা বিভিন্ন আয়তনের উন্নত জমির প্লট নিম্ন-আয়গোষ্ঠী। মধ্য-আয়গোষ্ঠীর ব্যক্তিদের মধ্যে বিক্রয় করা যাবে যাতে তারা নিজেরা বাড়ি তৈরি করে নিতে পারেন। বেহালার পাড়ুইতে ঐরকম একটি প্রকল্প ইতিমধ্যে মঞ্জুর করা হয়েছে। ঐ জমি উন্নয়নের কাজ এখন চলছে।

৬। সরকারি ফ্ল্যাটের ভাড়াটিয়াদের মধ্যে যারা পরবর্তীকালে নিজেরা বাড়ি বা ফ্ল্যাট নির্মাণ করেছেন তাদের সরকারি ফ্ল্যাট থেকে উচ্ছেদের জন্য পশ্চিমবঙ্গ সরকারি ভবন (ভাড়াটিয়া স্বত্ব প্রনিয়ন্ত্রণ) আইন, ১৮৭৬-এর প্রচলিত ধারাগুলি যথেষ্ট ছিল না। সেইজন্য এই সভার বিগত অধিবেশনে ঐ আইনের একটি সংশোধনী প্রস্তাব আনা হয়েছিল—যার দ্বারা সরকারি ফ্ল্যাটের কোনও ভাড়াটিয়া নিজের নামে অথবা পরিবারের অন্য কোনও সদস্যের নাম তার বর্তমান সরকারি ফ্ল্যাট থেকে ২৫ কিলোমিটারে দূরত্বের মধ্যে যদি কোনও বাড়ি বা ফ্ল্যাটের মালিক হন তবে তার সরকারি ফ্ল্যাটের ভাড়াটিয়া স্বত্ব বিলোপ করা যাবে এবং তাকে সরকারি ফ্ল্যাট থেকে উচ্ছেদ করা যাবে। এই সংশোধনী বিলটি—যা এই সভা অনুমোদন করেছিলেন—গত ৩১এ ডিসেম্বর, ১৯৮০ থেকে কার্যকর হয়েছে।

৭। উন্নয়ন (নগর ও গ্রাম পরিকল্পনা) বিভাগ ও বাণিজ্য ও শিল্প বিভাগের পক্ষ থেকে আমার দপ্তর হলদিয়াতে ৯৫৬টি ফ্ল্যাট নির্মাণের দায়িত্ব নিয়েছিলেন। এই ফ্ল্যাটগুলির কাজ শেষ হয়েছে।

৮। বিভিন্ন উৎস থেকে অর্থ সংগ্রহ করে আবাসন ইউনিট নির্মাণ করার উদ্দেশ্যে ১৯৭২ সালে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ নামে যে সরকারি সংস্থা গঠন করা হয়েছিল তার কার্যকলাপ সম্বন্ধে আমি এখানে উল্লেখ করতে পারি।

সাধারণভাবে নিম্ন-আয়গোষ্ঠী ও মধ্য-আয়গোষ্ঠীর লোকদের মধ্যে মালিকানা স্বত্বে আবাসন ইউনিট এবং জমি বিক্রয়ের কর্মতৎপরতা জোরদার করার চেষ্টা আবাসন পর্ষদ চালিয়ে যাচ্ছে। ঐ পর্ষদ এখন পর্যন্ত ৮,০৬৪টি আবাসন ইউনিট তৈরির কাজ শেষ করেছে এবং বর্তমানে অরও ৪,৯৮১টি ইউনিটের নির্মাণ কাজ চলছে। লবণ হ্রদ তিন নম্বর সেক্টরে, টালিগঞ্জের গলফ গ্রিণে, এবং বেহালার সরশুনায় পর্ষদ অনেকগুলো আবাসন প্রকল্পের কাজ হাতে নিয়েছেন। ১৯৮১-৮২ আর্থিক বছরে ১,০৪৯.৪২ লক্ষ টাকা ব্যয়ে ৫,১৯১টি আবাসন

ইউনিট নির্মাণের একটি পরিকল্পনা আবাসন পর্ষদ রচনা করেছেন। 'হাডকো' অনুমোদিত বিভিন্ন আবাসন প্রকল্পগুলির জন্য 'হাডকো' মোট ব্যয়ের শতকরা ষাট ভাগ ঋণ হিসাবে মঞ্জুর করেন। 'হাডকো'র আর্থিক সহায়তা সত্ত্বেও আবাসন প্রকল্পগুলিতে বিনিয়োগের জন্য যথেষ্ট অর্থ সংগ্রহ করতে পর্ষদ অসুবিধার সম্মুখীন হন। এই অসুবিধা কাটিয়ে ওঠার জন্য পর্ষদকে বাজার থেকে ঋণ সংগ্রহের অনুমতি দেওয়া হয়েছে। ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ এই তিন আর্থিক বছরে পর্ষদ সর্বমোট ২২০ লক্ষ টাকা বাজার থেকে ঋণপত্র মারফৎ সংগ্রহ করেছেন। ১৯৮১-৮২ আর্থিক বছরে পর্ষদ ঋণপত্রের মাধ্যমে ১১০ লক্ষ টাকা সংগ্রহের লক্ষ্য স্থির করেছেন।

৯। লবণহ্রদ এলাকায় উন্নয়ন এবং পতিত জমি উদ্ধারের জন্য 'টালা-পলতা ওয়াটার মেইন' থেকে জলের লাইন পাতার জন্য, বাগজোলা, জলনিকাশি প্রকল্পের জন্য এবং বিধাননগরের প্রশাসন পরিচালনার জন্য ১৯৮১-৮২ আর্থিক বছরে ৪,৩৪,৫৮,০০০ বরাদ্দ করা হয়েছে।

১০। ৫.৫৭ বর্গ মাইল জুড়ে লবণহ্রদ এলাকা বিস্তৃত। এতে পাঁচটি সেক্টর আছে। ১, ২, ও ৩ নম্বর সেক্টর বাসগৃহ নির্মাণের জন্য এবং ৪ ও ৫ নং সেক্টর শিল্প ও অন্যান্য সংগঠনের জন্য চিহ্নিত। ১, ২, ও ৩ নম্বর সেক্টরে প্রায় সব প্লটই জনসাধারণের মধ্যে বিলি হয়ে গিয়েছে। কিছু সরকারি দপ্তর ও জন প্রতিষ্ঠানের মধ্যেও জমি বিলি করা হয়েছে। ১ ও ২ নম্বর সেক্টরে সমস্তরকম নাগরিক সুযোগসুবিধার বন্দোবস্ত করা হয়ে গিয়েছে, যথা—ভূগর্ভস্থ প্রয়প্রণালী, জলসরবরাহ ও জলনিকাশি ব্যবস্থা। তিন নম্বর সেক্টরে এইসব ব্যবস্থা করার কাজ চলছে। রাজ্য সরকার ইতিমধ্যেই সিদ্ধান্ত নিয়েছেন যে, কিছু কিছু 'ডাইরেক্টরেট' এবং 'রিজিওন্যাল' অফিস এই উপনগরীতে স্থানান্তরিত করা হবে। রাজ্য সরকার এখানে কয়েকটি প্রশাসনিক কার্যালয় নির্মাণ করেছেন। বৃহত্তর কলকাতা উন্নয়ন সংস্থাও এই উপনগরীতে তাদের প্রশাসনিক কার্যালয় নির্মাণ করছেন। তাছাড়া, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অপর কয়েকটি সংস্থাও এইস্থানে তাদের নিজ নিজ কার্যালয় নির্মাণের কাজ শুরু করেছেন। উপনগরীটি আরও আকর্ষণীয় করে তোলার জন্য রাজ্য সরকার এখানে একটি আধুনিক 'সুইমিং পুল' নির্মাণ করেছেন। লবণহ্রদ কর্তৃপক্ষ বৃহত্তর কলকাতা উন্নয়ন সংস্থার আর্থিক আনুকূল্যে 'ঝিলমিল' নামে একটি সফরি পার্ক নির্মাণ করেছেন। এটি জনসাধারণের কাছে, বিশেষত শিশুদের, খুবই জনপ্রিয় হয়েছে। এছাড়া লবণহ্রদ নিকটবর্তী অঞ্চলের জবরদখলকারিদের পুনর্বাসনের জন্য রাজ্য সরকার বহুসংখ্যক আবাসন ইউনিট নির্মাণের ব্যবস্থা করেছেন। ইতিমধ্যে সেখানে ৩৫০টি পরিবারের পুনর্বাসন দেওয়া হয়েছে। খেলাধূলোর ক্ষেত্রেও রাজ্য সরকার একটি প্রয়াস নিয়েছেন। তিন নম্বর সেক্টরে ১০০ একর জমির ওপর একটি সর্বাত্মক স্টেডিয়াম নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। পূর্ত (এম ডি) দপ্তর সরকারি কর্মচারিদের জন্য লবণহ্রদে কিছু আবাসন ফ্ল্যাট নির্মাণ করেছেন।

১১। পূর্ত (এম ডি) দপ্তরের কল্যাণী ও পাতিপুকুর শাখার সংস্থা ব্যয় নির্বাহের জন্য এবং পাতিপুকুর ও কল্যাণীতে নগর পত্তন ও আবাসন প্রকল্পগুলির রক্ষণাবেক্ষণ ও মেরামত

সংক্রান্ত খরচ মেটানোর জন্য ১১ লক্ষ ২১ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। পাতিপুকুর টাউনশিপের পৌর সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য আরও কয়েকটি প্রকল্পের প্রস্তাব আছে—যেমন, খেলার মাঠের উন্নয়ন, বর্তমান বাজারের সম্প্রসারণ, জলজমা বন্ধ করার জন্য পুকুরের পাড় উঁচু করা, সুইমিং পুল নির্মাণ ইত্যাদি।

১২। ১৯৮১-৮২ আর্থিক বছরে গ্রামীণ আবাসন প্রকল্পে ৩২৯.০৫ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। ১৯৮৭ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় জেলা পরিষদের মাধ্যমে গৃহনির্মাণ ঋণদানের জন্য এই টাকা ব্যয় করা হবে। উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর জীবনবীমা কর্পোরেশন ও সাধারণ বীমা কর্পোরেশনের কাছ থেকে ঐ বাবদ মোট ৪ কোটি ৫০ লক্ষ টাকা পেয়েছেন। তার মধ্যে বর্তমান আর্থিক বছরে দশটি বন্যাবিধ্বস্ত জেলায় জেলা পরিষদ-গুলোর হাতে মোট ১২০.৯৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। জেলাগুলো হল—মেদিনীপুর, হুগলি, হাওড়া, বীরভূম, নদীয়া, মুর্শিদাবাদ, বাঁকুড়া, ২৪-পরগনা এবং মালদহ। বাকি ৩২৯.০৫ লক্ষ টাকা আগামী আর্থিক বছরে (১৯৮১-৮২) বন্যাবিধ্বস্ত পরিবারগুলির মধ্যে বিলি করা হবে।

মহাশয় এই কটি কথা বলে আমার উপস্থাপিত দাবি অনুমোদন করার জন্য সভাকে আমি অনুরোধ জানাচ্ছি।

(At this stage the House was adjourned till 3-35 p.m.)

(After adjournment)

[3-35 — 3-45 p.m.]

**শ্রী অজয়কুমার দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় অনিল সামন্ত সম্পর্কে একটা বিবৃতি দিয়েছেন। তিনি ইনটেনশনালি এই হাউসকে মিসলিড করেছেন। তার কারণ এই রাজকুমার দত্তকে তিনি দুটো কথা বলেছেন। একটা হচ্ছে রাজনৈতিক হত্যা নয়, আরেকটা হচ্ছে রাজকুমার দত্তকে জিজ্ঞাসাবাদ করে ছেড়ে দেওয়া হয়েছে। রাজকুমার দত্ত যিনি ইলেকটেড মেম্বার অব সি পি এম এবং ইসলাম আলি বলে কৃষকসভার সদস্য তিনি অ্যারেস্ট হন। তাদের পি আর বন্ডে ছেড়ে দেওয়া হয়। কাজেই যদি জিজ্ঞাসা বাদ করা হয় তাহলে পি আর বন্ডে ছাড়া হবে কেন? রাজনৈতিক হত্যা নয় এটা ঠিক, চূড়ান্ত এসপারশন করেছেন অন ইনভেস্টিগেশন এটা তদন্ত সাপেক্ষ। তদন্ত চলছে, কিন্তু চিফ মিনিস্টার যদি কিছু না করেন তাহলে পুলিশের ঘাড়ে এমন রক্ত নেই যে সেখানে কিছু করতে পারে। সেইজন্য এই ব্যাপারে আমি একটা জিনিস বলব অনিল সামন্ত নিজে এবং সি পি এমের কিছু লোক এবং অন্যান্য লোকেরা টাঙ্গি, বল্লম, লাঠি নিয়ে ধান লুঠ করতে যায়, এবং তারা কিছু লোকজন নিয়ে তাদের বিতাড়িত করেন। এই ধরনের প্রতিহিংসা চলছে।

**মিঃ স্পিকার ঃ** আপনি যেটা বলছেন সেটা আমি দেখছি। আপনি, জিজ্ঞাসাবাদ করে ছেড়ে দেওয়া হয়েছে বলে বলেছেন। আমি এখনও পর্যন্ত জ্যোতিবাবু যে ভারবেটিং রিপোর্ট

দিয়েছেন তাতে এই শর্তগুলি নেই। আমি এখন রুলিং দিচ্ছি, আপনি এখন বসুন, প্লিজ সিট ডাউন।

**Mr. Speaker :** All the cut motions are in order and taken as moved

**Demand No. 25**

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1/-.

**Shri Birendra Kumar Maitra :** Sir, I beg to move that the amount of Demand be reduced to Rs. 100/-.

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

**Demand No. 70**

**Shri Kiranmoy Nanda :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

**Shri Janmajoy Ojha :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-. মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী আজকে তার ব্যয় বরাদ্দ পেশ করেছেন। তার যে মাতৃবিয়োগ হয়েছে তার জন্য আমি তাকে সমবেদনা জানাচ্ছি। সেই কারণে বেশি কড়া কথা বলা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সকলেরই জানা আছে, যে একটা দেশের সার্বিক উন্নতি নির্ভর করে তার ভাল রাস্তার উপর। কৃষি, শিল্প, বাণিজ্য নির্ভর করে ভালো রাস্তার উপর। সার্বিক উন্নয়নের ক্ষেত্রে আমাদের পশ্চিমবাংলায় রাস্তা খুব কম। যাকে আমরা মেটার রোড বলি, আমাদের শহরে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম আমরা জানি যে, ভারতবর্ষে যে মেটার রোড আছে, পশ্চিমবাংলার তুলনায় তামিলনাড়ুতে—যদিও আয়তনে পশ্চিমবাংলার আয়তনের তুলনায় দেড় গুণ মেটাল রোড দ্বিগুণ। পাঞ্জাব পশ্চিমবাংলার প্রায় অর্ধেক আয়তন, অথচ সেখানে পশ্চিমবাংলার চেয়ে বেশি মেটার রোড রয়েছে। তবে শুধু একথা বললেই খুব বেশি বলা হবে না কারণ পাঞ্জাব এবং তামিলনাড়ুতে মেটাল রোড না হলেও সাধারণ রাস্তা যা আছে তা দিয়ে সব সময় চলাফেরা করা যায়। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে সেটা নয়, কারণ মেটাল রোড না হলে আমরা এখানে সারা বছর চলতে পারব না। আমাদের এখানে রাস্তার পরিমাণ অত্যন্ত কম এবং রাস্তার দিক থেকে দেখছি গত ৩৩ বছর ধরে যেভাবে অবহেলা করা হয়েছে, এখনও তাই করা হচ্ছে। মন্ত্রী মহাশয় এবারে যে বরাদ্দ করেছেন এবং গত ৪ বছরে যে কাজ তারা করেছেন তাতে দেখছি মেটাল রোডের পরিমাণ খুব সামান্যই বেড়েছে। এবারে যে বরাদ্দের ব্যবস্থা করেছেন সেটা গতবার এবং তার আগের বছরের চেয়ে যদিও কিছু বেশি কিন্তু মুদ্রাস্ফীতি যেভাবে ঘটেছে এবং রাস্তা তৈরি করবার মেটিরিয়েলসের দাম, ডিজেলের দাম যেভাবে বেড়েছে তাতে মনে হয় গত বছর যে পরিমাণ রাস্তা হয়েছিল এ বছর তা হবে

না। কাজেই এ দিক থেকে বলা যায় প্রকৃত বরাদ্দ এ বছরে কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিবরণ পেশ করেছেন তাতে দেখছি তিনি অন্যান্য দপ্তরের হয়ে কিছু কিছু কাজ করেছেন, কাজেই তাকে কিছু বলা যায় না। কিন্তু তার নিজেব যে কতকগুলি দপ্তর রয়েছে, যেমন আবাসন দপ্তর হাউসিং বোর্ড-এ সম্পর্কে কিছু বলা উচিত। তিনি প্রথমেই বললেন দিল্লির বঙ্গ ভবনটিকে মাল্টি স্টোরিড বিল্ডিং করবার জন্য ব্যবস্থা করেছেন। কিন্তু সেই বিল্ডিং কবে হবে তা তিনি বলেন নি। আমরা জানি এখান থেকে যে সমস্ত মাননীয় সদস্যরা দিল্লিতে যান তাদের সেখানে থাকার কোনও ব্যবস্থা নেই। সেখানে ঘরভাঙ্গা হল কিন্তু পরিবর্তে থাকার ব্যবস্থা কিছু হল না। মন্ত্রীরা হয়ত দু-একজন সেখানে গিয়ে থাকতে পারেন, কিন্তু অন্য লোকদের "না" বলে দেন। মন্ত্রী মহাশয় রোডসের কথা বলেছেন যে, নানারকম অসুবিধা থাকা সত্ত্বেও কিছু রোড বেড়েছে। স্যার, মন্ত্রী মহাশয়ের একটি কথার সঙ্গে আমি বিশেষভাবে পরিচিত এবং সেই কথাটি হচ্ছে গত ৩/৪ মাস সমস্ত কাজ বন্ধ ছিল এবং তার কারণ হচ্ছে টাকার অভাব। তিনি আমাকে একটা চিঠি দিয়েছিলেন আমাদের ওখানকার একটা রাস্তার ব্যাপারে। সেই চিঠিতে তিনি বলেছিলেন টাকা নেই বলে করা যাচ্ছে না, টাকার সংস্থান হলেই কাজ শুরু করা হবে। আমি তার আর একটি কথার সঙ্গেও খুব বেশি ভাবে পরিচিত এবং সে কথাটি হচ্ছে, যে সমস্ত স্থান অবহেলিত রয়েছে সেখানে বেশি করে রাস্তা তৈরি করবার ব্যবস্থা করছি। কিন্তু বাস্তবে দেখছি রাস্তার সম্বন্ধে প্রশ্ন উঠলেই তার সবচেয়ে পরিচিত উত্তর "না", প্রশ্ন ওঠে না। এ অবস্থা যদি চলে তাহলে গ্রামাঞ্চলে কিভাবে রাস্তা বাড়বে। এবারেও তো দেখছি গ্রামাঞ্চলে রাস্তা বাড়াবার কোনও ব্যবস্থা হয়নি। গোটা ভারতবর্ষের সঙ্গে যদি তুলনা করি রোডসের ব্যাপারে তাহলে দেখব পশ্চিমবাংলার বঞ্চনা আগাগোড়াই চলছে। পশ্চিমবাংলা দীর্ঘদিন ধরে অবহেলিত বঞ্চিত হয়ে রয়েছে। এই স্টেটমেন্টটা পড়লে বোঝা যাবে কতগুলো জেলা রয়েছে যেগুলো এই দপ্তরে সুয়োরানির মতো।

[3-45 — 3-55 p.m.]

২৪ পরগনা এবং মেদিনীপুরের আয়তন প্রায় সমান সমান। কিন্তু মেটাল রোডের দিক থেকে যদি তুলনা করি তাহলে দেখব মেদিনীপুরের তুলনায় ২৪-পরগনায় মেটাল রোড বেশি। আবার বর্ধমান তার আয়তনের তুলনায় চার গুণ এবং হাওড়া হুগলি প্রায় পাঁচ গুণ। কিন্তু মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, কুচবিহার, মালদা এই সব জেলার দিকে দৃষ্টি দূরে পড়েছে এবং মন্ত্রী মহাশয়ের এই সব জায়গায় দিকে খুব বেশি দৃষ্টি পড়ে না। এই বছর বিশেষ করে আমি সেখানে জড়িত মেদিনীপুর জেলায় নতুন রাস্তার জন্য যখন আমরা মন্ত্রী মহাশয়ের কাছে গিয়েছি তিনি আমাদের অনেক অ্যাসিওরেন্স দিয়েছিলেন যে এই রাস্তাগুলি হবে। কিন্তু শেষ পর্যন্ত দেখলাম যে ওখানকার কো-অর্ডিনেন্স কমিটি অ্যাপ্রুভাল না দিলে হবে না। মেদিনীপুরে কো-অর্ডিনেন্স কমিটির মিটিং গত দু বছর হয় নি। ওখানকার কো-অর্ডিনেন্স কমিটির চেয়ারম্যান হচ্ছেন মাননীয় মুখ্যমন্ত্রী এবং সেখানে যেহেতু মুখ্যমন্ত্রী উপস্থিত হতে পারেন না তাই এই অবস্থা। তারপর আমরা পেশ করাতে কো-অর্ডিনেন্স কমিটি সমস্ত রাস্তা পাশ করে দিলেন। এই তো হল কিন্তু কোনও রাস্তা এই বাজেটের মধ্যে অন্তর্ভুক্ত হয় নি।

কারণ বাজেট যখন তৈরি হয়েছ তার আগে সমস্ত জেলা থেকে অ্যাপ্রুভ্যাল এসে গেছে, কিন্তু মেদিনীপুর জেলার বেলায় আসে নি। সেইজন্য আমি অনুরোধ করব এই বাজেটে অন্তর্ভুক্ত না হলেও মন্ত্রী মহাশয় যে সমস্ত রাস্তার জন্য অ্যাসিওরেন্স দিয়েছিলেন সেগুলির জন্য তিনি যেন বিশেষ ব্যবস্থা গ্রহণ করেন। ঠিক সময়ে অ্যাপ্রুভ্যাল না আসার জন্য এম এল এ-রা দোষী নয়—এর জন্য ওখানকার কো-অর্ডিনেন্স কমিটিই দোষী। আগে এম এল এ-রা কিছু বললে তার উপর গুরুত্ব দেওয়া হত—এখন সেখানে কো-অর্ডিনেন্স কমিটি হয়েছে। এখন এম এল এরা তার কনস্টিটিউয়েন্সির কথা বলতে গেলে দলবাজির কথা বলা হয়। এখন এম এল এরা একেবারে ঠুঁটো জগন্নাথ। কোথায় কি প্রয়োজর্ন কনস্টিটিউয়েন্সির উন্নতির জন্য বিশেষ কি প্রয়োজন এম এল এরা বললে তার উপর মোটেই গুরুত্ব দেওয়া হচ্ছে না। কো-অর্ডিনেন্স কমিটি যা বলবে তার উপর গুরুত্ব দেওয়া হচ্ছে এবং সেখানে সি পি এম আছে। সেইজন্য আমি অনুরোধ করব এগুলির উপর তিনি যেন একটু গুরুত্ব দেন। আর আমি মন্ত্রী মহাশয়ের কাছে কৃতজ্ঞ—এতদিন পর্যন্ত তিনি বলে এসেছেন যে বিরোধী দলের এম এল এ হলেও তাদের বক্তব্য তিনি ধীরভাবে শুনেছেন এবং সেইভাবে কাজও করেছেন। এই জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। এই যে নতুন নিয়ম হয়েছে কো-অর্ডিনেন্স কমিটি ছিল না বললে কিছুই হবে না, এটা ঠিক মেনে নিতে পারছি না। এম এল এ-দের উপরও গুরুত্ব দেওয়া উচিত। এছাড়া মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, যে সমস্ত হেলথ সেন্টারের রাস্তার যোগাযোগ নেই সেই সব রাস্তাগুলিকে টপ প্রায়রিটি দেওয়া হবে। কিন্তু এক্ষেত্রে দেখা যাচ্ছে অনেক জায়গাতেই টপ প্রায়রিটি দেওয়া হয় নি। আমার এলাকায় মঙ্গলবাড়ি থেকে বরহাট একটা রাস্তা যেটা স্বাস্থ্যমন্ত্রী নিজে অনুমোদন করেছিলেন পূর্ত মন্ত্রীকে এবং পূর্তমন্ত্রী বলেছিলেন যে রাস্তাটা হবে—কিন্তু এখনও পর্যন্ত হয় নি এবং বাজেটের মধ্যেও তা দেখিনি। অনেক হেলথ সেন্টারের সঙ্গে রাস্তা যুক্ত করা এটা সরকারি নীতি। এই নীতি কার্যকর করা হোক এই অনুরোধ আমি জানাচ্ছি। তারপর একটা জিনিস দেখে খুব ভাল লাগল যে জাতীয় নেতা, বিপ্লবী, শহীদ, সমাজ সংস্কারক, সাহিত্যিকদের স্মৃতি রক্ষার জন্য তাদের স্ট্যাচু তৈরি করে বসানোর ব্যবস্থা হয়েছে। যেমন বাঘা যতীন, মাইকেল মধুসূধন দত্ত, শরৎচন্দ্র, কার্ল মার্কস, বিনয় বাদল দীনেশ, চার্লস চ্যাপলিন, বি আর আম্বেদকর। এর জন্য আমি তাকে অকুণ্ঠ ধন্যবাদ জানাই। কিন্তু সঙ্গে সঙ্গে তাকে স্মরণ করিয়ে দিতে চাই ভারতবর্ষের অন্যতম বিশিষ্ট নেতা যিনি ভারতবর্ষের গণতন্ত্রকে পুনরুদ্ধার করেছিলেন সেই জয়প্রকাশ নারায়ণের একটা স্মৃতির জন্য একটা স্ট্যাচু পশ্চিমবাংলার বিশেষ কোনও জায়গায় বা কলকাতার বিশেষ কোনও জায়গায় তিনি যেন বসাবার চেষ্টা করেন। তারপর এই যে বন্যা জনিত ক্ষয় ক্ষতির কথা তিনি বলেছেন। দু দুটো বন্যা হয়ে গেছে, ফলে সমস্ত রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই সমস্ত ক্ষতিগ্রস্ত রাস্তা তিনি মেরামতির ব্যবস্থা করবেন এই আশ্বাস দিয়েছিলেন। কিছু কিছু হয়েছে। কিন্তু এমন অনেক ক্ষতিগ্রস্ত পাকা রাস্তা এখনও আছে, সেই রাস্তা দিয়ে বাস, লরি, যানবাহন চলতে পারে না, বড় বড় খানা ডোবা হয়ে রয়েছে, সেইগুলো এখনও মেরামত করা হয়নি। তার মধ্যে একটি রাস্তার কথা আমি মন্ত্রী মহাশয়ের কাছে উল্লেখ করছি এগরা বাজকুল রাস্তা। এই রাস্তা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছিল কিন্তু এখনও পর্যন্ত মেরামতির কোনও কাজ

হয়নি। সেখানকার বাস, লরির মালিকরা ধর্মঘটের হুমকি দিয়েছে, কারণ সেই রাস্তা সম্পূর্ণ ভাবে নষ্ট হয়ে গেছে। আমি এই রাস্তার ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এর আগেও দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এই রকম অনেক রাস্তা আছে বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ার পর আজ পর্যন্ত মেরামত করা হয়নি, এইগুলোর দিকে একটু দৃষ্টি দিন। তারপর আরও অনেক ছোটখাট রাস্তা আছে, বলাইবাবু বলেছেন রামনগব পিছাবনি রাস্তা, তার জন্য টাকা বরাদ্দ করা হয়েছিল কিন্তু এখনও পর্যন্ত কাজ কর্ম হয়নি। এইগুলো যাতে হয় তার জন্য অনুরোধ করছি। আর একটা জিনিস, পশ্চিমবাংলার অনাতম সৃষ্টি হুগলির উপর দ্বিতীয় সেতু, যার উপর পশ্চিমবাংলার উন্নতির অনেকখানি নির্ভর করছে, সেই হুগলি সেতু নির্মাণের জন্য এবারের বাজেটে এমন কোনও ইঙ্গিত পাচ্ছি না, যাতে বোঝা যায় যে এই ব্রিজটি তাড়াতাড়ি হবে। কারণ গত দু তিন বছরের বাজেট বক্তৃতায় ইঙ্গিত পেয়েছি যে প্রাথমিক এবং দ্বিতীয় টার্মের কাজ আরম্ভ হয়েছে। এবারে তিনি উল্লেখ করেছেন যে ঐ ব্রিজের জন্য যারা স্থপতি আছেন, যারা নকসা দিয়েছিলেন তাদের মধ্যে বিভেদ আছে, ওখানে কাজের অসুবিধা আছে, সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে তেমন সাড়া পাওয়া যাচ্ছে না, টাকার পরিমাণ বেড়ে যাচ্ছে। আমার আশঙ্কা হচ্ছে দ্বিতীয় সেতু আদৌ হবে কি না। এই ব্যাপারে

[3-55 — 4-05 p.m.]

মন্ত্রী মহাশয়কে কিছু আলোকপাত করতে অনুরোধ করছি। কারণ কাগজে যা দেখছি ব্রেইন স্থপতি যে নকসা দিয়েছেন, এইভাবে যদি পুলটা তৈরি করা হয় তাহলে নাকি ভবিষ্যতে ভেঙ্গে পড়তে পারে। হাওড়া যে স্থপতিরা করেছিলেন, এটা অনেক ভাল সেতু, অনেক ভার বইতে পারে, সেই সব স্থপতিদের মধ্যে এখনও কেউ কেউ রয়েছেন, এই হুগলি দ্বিতীয় সেতু সম্পর্কে তাদের সঙ্গে পরামর্শ করা দরকার কি না এই সম্পর্কে চিন্তা ভাবনা করা উচিত। এই সেতুটির নির্মাণ কাজ ত্বরান্বিত করার জন্য তিনি সচেষ্টা হোন। তিনি অন্যান্য কাজ—মুর্শিদাবাদের লালবাগ খোসবাগে সিরাজের কবরখানা যাবার রাস্তাটি যেমন যুদ্ধকালীন দ্রুত গতিতে সম্পন্ন করেছেন, এই সেতুটির ব্যাপারেও সেইভাবে চেষ্টা করুন। ওখানে কেন কাজ হচ্ছে না বুঝতে পারছি না, কোথায় যেন একটা দুর্নীতি আছে। আমার মন হয় এটা তাড়াতাড়ি করা উচিত। আমি আর একটি কথা বলতে চাই, কিছু কিছু রাস্তা ক্রমাগত এনক্রোচমেন্ট হয়ে যাচ্ছে।

এই ব্যাপারে যদি এখন থেকেই ব্যবস্থা না করা যায় তাহলে রাস্তার আর কোনও অস্তিত্ব থাকবে না। এই এনক্রোচমেন্টের ফলে রাস্তাগুলো অপরিসর হয়ে যাচ্ছে। ভবিষ্যতে সেই সব রাস্তা আদৌ থাকবে কি না সন্দেহ। তারপর, অনেক রাস্তার দুধারে ৫০/৬০ বছরের বড় বড় পুরানো গাছ আছে—সেই সমস্ত গাছগুলি একেবারে বেআইনিভাবে ছেদন করা হচ্ছে। সেই সমস্ত গাছগুলি দেখাশুনা করবার বা পাহারা দেবার জন্য আপনার দপ্তরে লোক আছেন, আমার জিজ্ঞাসা তারা করে কি? এই অপদার্থতা দূর করার জন্য আপনি কি ব্যবস্থা করেছেন সেটা আশা করি আমাদের জানাবেন। এখানে যে আপনার দপ্তরের অপদার্থতা আছে সেটা কিন্তু আপনাকে স্বীকার করতেই হবে। তারপর নরঘাট সেতুর ব্যাপারে এখনও দেখছি

গোলমাল আছে, এ বছর এই সেতুটি শেষ হবে কিনা জানি না, মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন হবে, যদি হয় তাহলে তারজন্য ধন্যবাদ দেব। স্যার, এই বাজেট নীতিগতভাবে সমর্থন করলেও কতকগুলি দির্ঘসূত্রতার জন্য যেমন দ্বিতীয় হুগলি সেতুর ব্যাপারে গড়িমসির জন্য এই বাজেট আমি সমর্থন করতে পারলাম না, সেজন্য আমি দুঃখিত।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, কোনও রাজ্যের অর্থনৈতিক স্বচ্ছলতা বা অর্থনৈতিক উন্নতি মেনলি নির্ভর করে রোড এবং রোড ট্রান্সপোর্টের উপর। মাননীয় সদস্যরা সকলেই জানেন যে ২৫ পারসেন্ট ন্যাশনাল ইনকাম রোড ট্রান্সপোর্ট এবং অ্যালায়েড যে সমস্ত এন্টারপ্রাইসেস আছে তার উপর নির্ভর করে। আমি প্রথমে আপনাদের কাছে এই বামফ্রন্ট সরকার আসার পর এই দপ্তররে কি কি উন্নতি হয়েছে বা কি কি কাজ এরা করেছেন সেগুলি রাখছি। এই প্রসঙ্গে আমি আমার বক্তব্য পরিসংখ্যান দিয়ে আরম্ভ করব। আমাদের কাছে ইনকমিক রিভিউ ১৯৮০-৮১ যে বইটি দেওয়া হয়েছে সেই বইটি আশা করি মাননীয় সদস্যরা পড়েছেন। পরিসংখ্যান দিতে গিয়ে আমি যদি কোনও ভুল পরিসংখ্যান দিই তাহলে আশা করব আমাকে সেটা সংশোধন করে দেবেন। মাননীয় মন্ত্রী মহাশয় আশা করি বইটি পড়েছেন আমি সেই বইটির ১৬৬ পাতার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করব। এতে আছে, লেঙ্থ অব রোডস মেনটেনড বাই দি স্টেট পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট ন্যাশনাল হাইওয়ে ১৯৭৮ সালে ছিল ১৪০১ কিলোমিটার, ১৯৭৯ সালেও দেখা যাচ্ছে ১৪০১ কিলোমিটার। স্টেট হাইওয়েস ১৯৭৮ সালে ২ হাজার ৪৪৯, কিলোমিটার, ১৯৭৯ সালে ২ হাজার ৪৪৯ কিলোমিটার। ডিস্ট্রিক্ট মেজর রোডস—যেটা গুরুত্বপূর্ণ, ৭৭ সালে ছিল ৪ হাজার এক, ৭৮ সালে ৪ হাজার আট, ৭৯ সালেও ৪ হাজার আট কিলোমিটার। সুতরাং দেখা যাচ্ছে মেজর ডিস্ট্রিক্ট রোডস ১৯৭৮ সালে যেখানে আরম্ভ করেছিল ১৯৭৯ সালে সেখানেই রয়ে গেছে। এই হল ডিস্ট্রিক্ট মেজর রোডস, স্টেট হাইওয়ে, ন্যাশনাল হাইওয়ের অবস্থা। তারপর, নাম্বার অব হাউস কনস্ট্রাকটেড, পেইজ ১৯০তে দেখুন কি লেখা রয়েছে। স্লাম যেটাকে এরা সবচেয়ে বেশি ইমপট্যান্স দেন সেখানে দেখছি ১৯৭৮-৭৯ সালে ১ হাজার ১৩৬, ১৯৭৯ সালের হিসাব দেননি, ফাঁকা রয়েছে এবং ১৯৭৯-৮০ সালে ১ [illegible] ১৩৬। তাহলে দেখা যাচ্ছে ১৯৭৮ সালে ১ হাজার ১৩৬ দিয়ে এরা আরম্ভ করেছিলেন এবং ১৯৮০ সালে সেই একই সংখ্যা রয়েছে। অথচ একেই এরা সবচেয়ে বেশি প্রয়োজনীয় মনে করেন। তারপর এক্সপেনডিচার ১৯৭৮-৭৯ সালে ৮৪.১৮ লক্ষ, ১৯৭৯-৮০ সালে কিছু নেই। অর্থাৎ ১৯৭৮ সালে যে এক্সপেনডিচার হয়েছিল ১৯৭৯ সালে সেই একই রয়েছে। ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, ক্যালকাটা কর্পোরেশন, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এগুলি সম্বন্ধে আমি কিছু বলছি না, কারণ এটা তার দপ্তরের ব্যাপার নয়। তবে সি আই টি-তে ১৯৭৮-৭৯ সালে ৩ হাজার ৫৬৪, ১৯৭৯-৮০ সালে কিছু নেই এবং আপটু ১৯৭৯-৮০ ওই ৩ হাজার ৫৬৪। তারপর এক্সপেনডিচার ডিউরিং নাইনটিন সেভেন্টি এইট—সেভেন্টি নাইন ২২৮.৩৬ লক্ষ, ১৯৭৯-৮০ সালে কিছু নেই এবং আপটু নাইনটিন সেভেন্টি নাইন/এইটি ২২৮.৩৬। তাহলে দেখা যাচ্ছে হাউস, স্লাম যেগুলি সবচেয়ে বেশি করে দরকার সেখানের অবস্থা হচ্ছে এই। তারপর লো ইনকাম হাউসিং-এর ক্ষেত্রে মন্ত্রী মহাশয় কি করেছেন সেটা

একবার দেখুন। ১৯৭৮-৭৯ সালে ৪ হাজার ৯৫০, ১৯৭৯-৮০ সালে ৪ হাজার ৯৯৮ এবং টোটাল এক্সপেনডিচার করেছেন ১৯৭৮-৭৯ সালে ৫১৩.২২ এবং ১৯৭৯-৮০ সালে ৫১৫.২৯। মাননীয় স্পিকার মহাশয়, সবচেয়ে দেখার বিষয় ১৯৭৯-৮০ সালে ওনলি ১.০৭ লক্ষ তিনি খরচ করেছেন। এবারে আমি আসছি ইনটিগ্রেটেড হাউসিং-এর ক্ষেত্রে। ১৯৭৮-৭৯ সালে ১২ হাজার ৪০২, ১৯৭৯-৮০ সালে ১২ হাজার ৪০২ এবং এক্সপেনডিচার ৭৮৭.৩৭ লক্ষ এবং ১৯৭৯-৮০ সালে ওই ৭৮৭.৩৭ লক্ষ। তারপর মিডল ইনকাম গ্রুপ-এ যে হাউসিং রয়েছে সেখানে ১৯৭৮ সালে ৩৩০ কনস্ট্রাকশন করেছেন এবং ১৯৭৯-৮০ সালে ওই ৩৩০ করেছেন।

[4-05 — 4-15 p.m.]

মিডল ইনকাম গ্রুপ হাউসিং স্কীমের কি অবস্থা দেখুন, ১৯৭৮-৭৯ সালে এর জন্য ধার্য ছিল ৬৬.০০ লক্ষ টাকা, ১৯৭৯-৮০ সালেও সেটা একই ছিল, ৬৬.০০ লক্ষ টাকা। সুতরাং এই তো হল অবস্থা। তারপরে প্ল্যানটেশন লেবার হাউসিং স্কীমের অবস্থাটা দেখুন, সেটা আরও দুর্ভাগ্যজনক, ১৯৭৮-৭৯ সালে স্যাংশন ছিল ১,০৩৫ লক্ষ টাকা এবং সেটা ১০৭৯-৮০ সালেও ১,০৩৫ লক্ষ টাকাই ছিল। অর্থাৎ ১৯৭৮-৭৯ সালে যা স্যাংশন হয়েছিল, ১৯৭৯-৮০ সালেও তাই স্যাংশন হল। এখানে ফাইনান্সিয়াল অ্যাসিসটেন্স কত দেওয়া হয়েছে, ১৯৭৮-৭৯ সালে ২৬.১৫ লক্ষ টাকা, আবার ১৯৭৯-৮০ সালেও ২৬.১৫ লক্ষ টাকা। লোন ডিসবার্সড কি হয়েছে, ১৯৭৮-৭৯ সালে ২৩.৩২ লক্ষ টাকা, ১৯৭৯-৮০ সালে ২৩.৩২ লক্ষ টাকা। এবিষয়ে আমরা সেন্টাল সেক্টর স্কীমের সঙ্গে যদি কমপারেটিভ স্টাডি করি তাহলে কি দেখতে পাচ্ছি না, সেখানে ১৯৭৮-৭৯ সালে ১০,০২৬ বাড়ি স্যাংশন হয়েছিল এবং ১৯৭৯-৮০ সলে ১৩,৪৪৩ বাড়ি স্যাংশন হয়েছিল। আর ঐ সেন্ট্রাল সেক্টর স্কীমের মধ্যে কতগুলি বাড়ি কমপ্লিট হয়েছিল, না ১৯৭৮-৭৯ সালে ৮,০৭৪ এবং ১৯৭৯-৮০ সালে হয়েছিল ৮,৭৪৬। তারপর ঐ একই স্কীমে লোন ডিসবার্সড আপ টু ১৯৭৮-৭৯ সালে হচ্ছে ২৯৭.৯৫ লক্ষ টাকা, এবং ১৯৭৯-৮০ সালে হয়েছিল ৪০৪.৯৬ লক্ষ টাকা। সুতরাং সেন্ট্রাল স্কেটর স্কীমগুলির ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, সব কিছুই কিছু কিছু বেড়েছে। আর ওর ক্ষেত্রে সব চেয়ে দুর্ভাগ্যজনক যেটা সেটা হল মিডিল ইনকাম গ্রুপ, স্লাম, সব জায়গায়ই অবস্থা আগে যা ছিল এখনও তাই আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মন্ত্রী মহাশয়ের কাছে সব চেয়ে বড় প্রশ্ন হচ্ছে, ক্যালকাটা টু দুর্গাপুর যে হাইওয়েটি হবার কথা ছিল, সেটার কি হল? আমরা ক্যালকাটা টু পলসাই পর্যন্ত করে গিয়েছিলাম, দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে যেটার নাম ছিল সেটার নাম সেন্ট্রাল গভর্নমেন্ট বর্তমানে পরিবর্তন করে ন্যাশনাল হাইওয়ে দিয়েছেন। মন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে সে বিষয়ে কোনও উল্লেখ নেই। সবচেয়ে ইমপর্টেন্ট রোড যেটা সেটার সম্বন্ধে কি করেছেন, না করেছেন, সে সম্বন্ধে কোনও উল্লেখ নেই। তারপর মন্ত্রী মহাশয়ের কাছে আমি আর একটা জিনিস জানতে চাইছি যে, সেন্ট্রাল রোড ফান্ড থেকে, অর্থাৎ সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে উনি কত টাকা পেয়েছেন এবং সেই টাকা এই বাজেটের মধ্যে ধরা আছে কি? আইন-মন্ত্রী ওখান থেকে বার বার বলছেন, আপনাদের সময়ের কথা বলুন। তা আমি এবার আমাদের সময়ের কথাই একটু বলছি। আমাদের সময়ে

[ 12th March, 1981 ]

*১৯৭৬-৭৭ সালে রোডস অ্যান্ড ব্রিজস ববাদ ধরা হয়েছিল ২০.১৩ লক্ষ টাকা, যেটা টোটাল* বাজেটেড অ্যামাউন্ট-এর ৩.৪%। আর ওদের আমলে কি দেখছি? ১৯৮০-৮১ সালে ১৭.৭২ লক্ষ টাকা, যেটা টোটাল বাজেটেড অ্যামাউন্ট-এর ১.৫%। আর ১৯৮১-৮২ সালে কত খরচ হয়েছে, ১৭.৯৬ লক্ষ (রোসড অ্যান্ড ব্রিজেস)। তাহলে কত পারসেন্ট দাঁড়ালো ১.৪ পারসেন্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৬-৭৭ সালে যেটা ছিল ৩.৪ পারসেন্ট এখন সেটা এসে দাঁড়ালো ১.৪ পারসেন্ট। জিনিসপত্র, স্টোনচিপ, সিমেন্ট প্রভৃতি জিনিসের দাম বেড়ে আরও সস্তা হয়ে গেছে সেইজন্য পারসেন্টটেজ বা রেসিওটা অনেক কমে এসেছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছিলাম, আপনি যে বক্তব্য রেখেছেন, সমস্ত জিনিসের দাম বেড়ে গেছে, সিমেন্টের দাম বেড়ে গেছে, তাই কষ্ট অনেক বেড়ে গেছে। তাই বেড়ে গিয়ে দাঁড়ালো কত? ১৯৭৬-৭৭ সালে যে টাকা রোডস অ্যান্ড ব্রিজের জন্য খরচ করা হয়েছিল সেটা ১৯৮১-৮২ সালে এসে অনেক কমে গেল। সুতরাং রাস্তার উন্নতি করার জন্য, এই দেশের মঙ্গল করার জন্য আপনারা যে কতটা উদ্বুদ্ধ হয়েছেন তা এই ফিগারটা দেখেই বোঝা যায়। যেখানে শুরু করেছেন সেখানেই বসে আছেন।

আমাদের সময়ে আমরা যে রাস্তা তৈরি করে গেছি কোথাও হয়তো ল্যান্ড অ্যাকুইজিশন করে গেছি, কোথাও হয়তো মাটি ফেলে গেছি, কোথাও হয়তো ইট ফেলে গেছে, কোথাও স্টোনচিপ পড়বার মতোন হয়েছে, কোথাও আর্থ ফিলিং বাকি আছে সেগুলি ছাড়া নুতন রাস্তা আপনি পশ্চিমবাংলায় কটা করেছেন? করেননি, আপনার ভাষণের মধ্যে নেই। নতুন রাস্তা করা অ্যাকুইজিশন অব ল্যান্ড করেছেন কিনা তা সন্দেহ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসিং সম্বন্ধে একটু বলি। মানুষ অন্ন-বস্ত্রের পর একটু মাথা গুজবার স্থান খোঁজে। আপনি জানেন, এই ব্যাপারে মহারাষ্ট্র অনেক এগিয়ে গেছে। ১৯৭৪-৭৫ সালে হাউসিং ছিল ৪.৩৯ আর ১৯৭৭-৭৮ সালে দাঁড়ালো কত? ২.৫৩, ১৯৭৮-৭৯ সালে দাঁড়ালো ২.৭২ আর ১৯৬১-৬২ সালে ছিল ৩.৮৪। ১৯৮১-৮২ সালের বাজেট এস্টিমেট যদিও ৩.৮৪ আছে কিন্তু ১৯৭৪-৭৫ সালে আমাদের সময়ে ছিল ৪.৩৯ পারসেন্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জিনিসপত্রের দাম ১৯৭৪-৭৫ সালে কত সস্তা ছিল তা আমার জানা নেই। কিন্তু হাউসিং সম্বন্ধে বামফ্রন্ট সরকার যেটা বলে তা তো হচ্ছে না। আমরা কি দেখতে পাচ্ছি, in respect of construction of district roads failure, in respect of high way failure, in respect of construction of housing failure. সুতরাং আপনারা কটি ক্ষেত্রে কাজ দেখাতে পেরেছেন? আমার কাছে যে ফিগার আছে যেটা আপনারা দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি এই সরকার যেখানে দাঁড়িয়ে ছিল ১৯৭৮ সালে কি রাস্তার ক্ষেত্রে, কি হাউসিং-এর ক্ষেত্রে ঠিক সেখানেই দাঁড়িয়ে আছে।

[4-15 — 4-25 p.m.]

এতেও তারা চিন্তা করেন যে পশ্চিমবাংলার উন্নতি হবে, পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নতি হবে। এর জন্য দুঃখ নয়, দুঃখ হয় পরিবহন মন্ত্রী আমীন সাহেব এর জন্য নেহাত একসঙ্গে মন্ত্রিসভা করেছেন, তাই। সে ভদ্রলোকের সবচেয়ে বড় দুঃখ যে রাস্তা খারাপের জন্য

তার ট্রান্সপোর্ট ব্যর্থ হয়েছে, ট্রান্সপোর্ট মিনিস্টার এই কথা বলছেন, খারাপ রাস্তা ট্রান্সপোর্ট ব্যর্থ হওয়ার একটা কারণ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এটা রাখতে চাই যে আপনারা যে সমস্ত জিনিস দেখিয়েছেন সেগুলির মধ্যে দিয়ে আমি আপনাদের কাছে বুঝিয়ে দিতে চাইছি পশ্চিমবঙ্গে যেটা সবচেয়ে বড় দরকার ছিল তা আপনারা করতে পারেন নি, ব্যর্থ হয়েছেন সে বিষয়ে সন্দেহ নাই। কারণ, আপনার মুখ্যমন্ত্রী আপনাকে বিশ্বাস করেন না। যদি বিশ্বাস করতেন তাহলে সল্ট লেকে ১১ কোটি টাকা খরচা করে স্টেডিয়াম তৈরি হবে তাতে আপনাকে বাদ দিয়ে অমল দত্ত বলে একজন লোককে চেয়ারম্যান করতেন না। মুখ্যমন্ত্রীর আপনার সম্বন্ধে সন্দেহ আছে। মন্ত্রীর হাতে পি ডবলিউ ডি রয়েছে, কাজ তারই, কেড়ে নেবার ক্ষেত্র নাই, তবু কেন কেড়ে নিলেন? জানেন যে আপনারদের প্রতিবাদ করার ক্ষমতা নেই, যদি আপনি প্রতিবাদ করেন আপনাকে বার করে দেবে। আপনারা জানেন যে ১৬ লক্ষ টাকা খরচা করে পার্টি অফিস তৈরি হয়েছে, কন্ট্রাক্টারের মাধ্যমে এবং নানাভাবে ক্যাডারদের টাকা পাইয়ে দেওয়া হচ্ছে। মুখ্যমন্ত্রী যদি প্রমাণ করতে পারতেন তাহলে কিছু বলার ছিল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা আপনার মাধ্যমে রাখতে চাই, আমি নামও বলে দিচ্ছি, বি কে স্যান্যাল, ১০ ক্যামাক স্ট্রিট, তিনি যে সবচেয়ে বড় অভিযোগ করেছেন সেটা হল allotement of flats. He is enjoying all the facilities as chairman তার একটা কারণ যে ফ্ল্যাট অ্যালটমেন্ট যেটা হয়েছে আপনার জানাশোনা আত্মীয়দের মধ্যে বিলি করা হয়েছে। চেয়ারম্যান হিসাবে আছেন সেখানে অমল দত্ত। তাকে বসিয়ে রাখা হয়েছে—ভাগ্না সেখানে বসেছে যদি কিছু করেছেন আপনার সব সংবাদ দপ্তরে পৌঁছে দেবে। আপনার পালাবার পথ নেই, যম আছে পিছে। আপনাকে জানিয়ে দিচ্ছি। অ্যালটমেন্ট অফ ফ্ল্যাটস—অ্যালটমেন্ট অব ফ্ল্যাট এর ব্যাপারেও he is enjoying all the facilities as Chairman. দুর্ভাগ্যজনক উনি মন্ত্রী হওয়া সত্ত্বেও জ্যোতিবাবু সেখানে নিজের ভাগ্নাকে বসিয়ে রেখে দিয়েছেন। আমি আপনার বিরুদ্ধে নানা অভিযোগ শুনেছি। এই যে চিঠি আমার কাছে আছে তাতে আছে যে টাকার বিনিময়ে অ্যালটমেন্ট অব ফ্ল্যাটস করা হয়েছে, আত্মীয় স্বজনকে দেওয়া হয়েছে, পার্টির লোককে দেওয়া হয়েছে। উনি অস্বীকার করতে পারেন না। লিখিত চিঠি আমার কাছে আছে— নাম, অ্যাড্রেস বলে দিচ্ছি খবর নিতে পারেন। ডিস্ট্রিবিউশন অব ফ্ল্যাটসের ব্যাপারে দুর্নীতি হয়েছে, স্বজনপোষণ আছে। কয়েকদিন আগে This government, I say firmly is not free from nepotism and corruption. জ্যোতিবাবুর ভাগনা কে বসিয়ে দুর্নীতির চরম হচ্ছে। ৫৬টি কন্ট্রাক্টার এনলিস্ট করেছেন। কনট্রাকটর হিসাবে আমি জানি আর এস পি বন্ধুরা একটু উষ্মা বোধ করবেন, উপায় নেই আমাকে বলতে হবে। কারণ বিধানসভায় বাজেটের উপর বক্তব্য রাখছি, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের বলতে চাই পশ্চিমবঙ্গের অগ্রগতির কথা যিনি সবচেয়ে বেশি বলে থাকেন তিনি আমাদের পি ডবলিউ ডি মিনিস্টার যতীনবাবু কি রাস্তা, কি হাউসিং সব ক্ষেত্রে তার চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন।

এই ব্যর্থতার জন্য পশ্চিমবাংলার সাধারণ মানুষ মাথা গোঁজবার স্থান পাচ্ছে না। কোনও যদি বিবেক সম্পন্ন মন্ত্রী হতেন তাহলে আই এ এস অফিসার রানু ঘোষের কাছে

সিমেন্টের জন্য তদ্বির করতে যেতেন না। এরজন্য মুখ্যমন্ত্রীর কাছে ফাইল গিয়েছিল আমি মন্ত্রী হলে তারপরের দিনই পদত্যাগ করতাম কিন্তু তিনি তা করেননি।

(নয়েজ)

আমি জানি আপনারা চিৎকার করবেন কারণ এ ছাড়া আপনাদের আর কোনও উপায় নেই। সি পি এম পার্টির লেজুড় পার্টির হয়ে থাকা ছাড়া আপনাদের আর কোনও গত্যন্তর নেই। যতই আপনাদের অপমান করুক, যতই আপনার হাত থেকে ডিপার্টমেন্ট কেড়ে নিক আপনাকে ওখানে থাকতেই হবে কারণ আপনার ইন্টারেস্ট আছে। আপনি হরতাল দাদা বলে পরিচিত ছিলেন। আপনি চিফ মিনিস্টার এবং ফাইনান্স মিনিস্টারের বিরুদ্ধে হরতাল করে দেখিয়ে দিন। এই যে বাজেট এসেছে এটাকে সমর্থন করতে পারছি না কারণ আপনি ব্যর্থতায় ভরা, দুর্নীতিভরা, আপনার ডিপার্টমেন্টও দুর্নীতিতে ভরা। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

## POINT OF INFORMATION

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** স্যার স্টেট হেলথ স্পেশাল অ্যাটেনডেন্স এর জয়েন্ট অ্যাকশন কমিটির তরফ থেকে একটা মিছিল বিধানসভায় এসেছে বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে। ওরা মুখ্যমন্ত্রীর কাছে একটা স্মারকলিপি দিয়েছেন। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করুন এবং যদি সম্ভব হয় তাহলে তাদের দাবিদাওয়াগুলি সমর্থন করেন।

[4-25 — 4-35 p.m.]

**শ্রী অবিনাশ প্রামানিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রী যে ব্যয় বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। এতক্ষণ ধরে আমি সত্য বাপুলির বক্তৃতা শুনলাম। ১৯৭৮ সালে থেকে ১৯৮১ সাল পর্যন্ত এই বিভাগ যে সমস্ত কাজ করেছেন অনেক তথ্য দিয়ে তিনি তার হিসাব দিলেন এবং শেষ পর্যন্ত বলে গেলেন সমস্ত ব্যর্থতা এবং দুর্নীতিতে ভরা। ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত ওরা ক্ষমতায় ছিলেন। আমরা জানি এই সময়ের মধ্যে এই বিভাগের কি কর্মকান্ড হয়েছিল। সেইসব যদি তিনি উল্লেখ করতেন তাহলে ভালো হত। ওই সময় এই বিভাগের মন্ত্রী ছিলেন স্বনামধন্য ভোলনাথ সেন। তিনি আবার সি এম ডি এর চেয়ারম্যান ছিলেন। আমরা সেই সময়ে কাগজে দেখেছি কি চরম দুর্নীতি ওই বিভাগে ছিল। আমরা দেখেছি পশ্চিমবঙ্গ মানুষের জন্য যে অর্থ বরাদ্দ ছিল তা দিয়ে তিনি তার নিজের কেন্দ্র ঘাটালে ভোট পাবার জন্য খরচ করেছেন। কংগ্রেসি এম এল এ নেতাদের বাড়ি যাবার জন্য রাস্তা হয়েছিল যাতে সাধারণ মানুষের কোনও সুবিধাও পায়নি। এই দিক থেকে এই সরকারের মন্ত্রী ব্যর্থ বলে আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। কারণ ভোলাবাবুর মতো এই রকম জাতীয় অপরাধ, স্বজনপোষণ, দুর্নীতি, চুরি-জোচ্চুরি কিছুই করতে পারেন নি। দেশের উন্নতি নির্ভর করছে দেশের যোগাযোগ সড়ক ব্যবস্থার উপর। কিন্তু আমরা দেখলাম ৩০ বছরে কংগ্রেস শাসনে কেন্দ্র ও রাজ্যে অর্থনৈতিক উন্নতির জন্য, কৃষির

উন্নতির জন্য যোগাযোগ ব্যবস্থা ও সড়ক ব্যবস্থার উপর তারা বিশেষ গুরুত্ব দেননি। আমরা জানি কিছু কিছু বড় হাইওয়ে হয়েছে কিন্তু তাতে কৃষির উন্নতি বা যোগাযোগ ব্যবস্থার উন্নতি হতে পারে না। এই সরকারের পূর্তমন্ত্রী যখন গ্রামে কৃষক এর অর্থনৈতিক উন্নতির জন্য সড়ক ও যোগাযোগ ব্যবস্থা করছেন তখন সত্য বাপুলি নিশ্চয় তাকে সমর্থন করতে পারেন না। ১৯৭৭ সালে আমরা বিধানসভায় নির্বাচিত হয়ে এসে দেখতে পেলাম যে, পশ্চিমবাংলা বিধ্বস্ত—রাস্তা, সড়ক সমস্ত জায়গাতেই—গ্রামে-শহরে-নগরে সম্পূর্ণ বিধ্বস্ত। গ্রামের মানুষ চলাচল করতে পারছিলেন না শহরে গাড়ি, বাস কিছুই নেই। এইভাবে সাধারণ মানুষের যাতায়াতের সমস্ত সুযোগ-সুবিধা বন্ধ ছিল তখন। শুধু রাস্তাই নয়, যে সমস্ত সেতু ছিল সেগুলি সব অকর্মন্য, বিধ্বস্ত অবস্থায় ছিল। গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলি সমস্ত অচল, ডাক্তাররা সেখানে বসতে পারতেন না, রোগীদের জন্য কোনও ওষুধপত্র ছিল না—এই রকম একটা অবস্থায় আপনারা রেখে গিয়েছিলেন। এই সাংঘাতিক অবস্থা থেকে আমাদের সুযোগ্য পূর্তমন্ত্রী মহাশয় সেই সমস্ত বিধ্বস্ত সেতু রাস্তাঘাট যে সমস্ত ভেঙ্গে গিয়েছিল—সবই মেরামত করলেন। সেই সঙ্গে ঐসব স্বাস্থ্যকেন্দ্রগুলি নতুন করে মেরামত করলেন। আর আপনারা ১৯৭২ সাল থেকে ক্ষমতায় থাকা সত্ত্বেও কিছু করেন নি। রাস্তাঘাট, সেতু, সড়ক সবই আপনারা একটা ভয়াবহ অবস্থায় মধ্যে রেখে গিয়েছিলেন। ১৯৮১ সালে ঐ সমস্ত বাসগৃহ, হসপিটাল—সবই বামফ্রন্ট সরকার আবার গড়ে তুলেছেন এবং একটা উন্নয়ন মূলক অবস্থায় ফিরিয়ে নিয়ে এসেছেন এজন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। কংগ্রেস আমলে শিক্ষা, সংস্কৃতি প্রভৃতির ব্যাপারে আমরা দেখেছি যে, ৩০ বছরের শাসনে কোনও রকম উন্নয়নমূলক কাজ আমরা দেখতে পাইনি। হাসপাতালগুলির দিকে লক্ষ্য দিয়ে এখন দেখুন সেগুলি কিভাবে নতুন করে গড়ে উঠেছে—এরকম অবস্থা কিন্তু আগে ছিল না। ওদের আমলে রাস্তাঘাট, বাসগৃহ প্রভৃতির রক্ষণাবেক্ষণের পর্যন্ত ব্যবস্থা ওরা গ্রহণ করেন নি। ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কোনও প্রকার মেরামতের ব্যবস্থা তারা গ্রহণ করেন নি। আমাদের সরকার সরকারি কর্মচারিদের জন্য বাসগৃহ নির্মাণের কাজে হাত দিয়েছেন সরকারি কর্মচারিদের বাসগৃহ অবশ্য আগে ছিল, কিন্তু এদের কথা আমাদের সরকার যেভাবে চিন্তা করছেন, সেইভাবে কংগ্রেস আমলে ভাবা হয় নি। কংগ্রেসিরা বহু চাষীর সর্বনাশ ঘটিয়েছেন। দুর্গাপুরে রাস্তা হবে বলে বহু চাষীর জমি তারা নিয়েছিলেন, কিন্তু রাস্তা সেখানে তারা তৈরি করেন নি তারা চাষীদের সর্বনাশ করে গেছেন। চাষীদের জমি এইভাবে লুঠপাট করা হয়েছিল, সমস্ত টাকা লুঠপাট করা হয়েছিল—আসলে দুর্গাপুরে জমি নিয়ে সেখানে কোনও কাজ করা হয়নি। এটা আমরা এসে দেখেছি। সেদিক থেকে আমাদের সীমিত ক্ষমতা থাকা সত্ত্বেও আমরা যথাসাধ্য করার চেষ্টা করে আসছি। কিন্তু কংগ্রেস আমলে কেন্দ্রে কংগ্রেসি সরকার ছিল, ইন্দিরা গান্ধী ক্ষমতায় ছিলেন কিন্তু পশ্চিমবাংলার জন্য কিছু করবার প্রয়াস তারা গ্রহণ করেন নি। আমরা জানি, টাকা আমাদের সামান্যই আছে, আর সেই সঙ্গে জিনিসপত্রের দাম বেড়ে চলেছে। এই অবস্থায় কোনও কাজ করার ব্যাপারেও নানা প্রকার অসুবিধা রয়েছে, নানা বাধা রয়েছে—একটা রাস্তা তৈরি করতে গেলে হাইকোর্ট থেকে ইনজাংশন হয়ে যায়। এই রাস্তা ঘাট তৈরি করার জন্য এবং বাড়ানোর জন্য যে সমস্ত ইস্পাত ও সিমেন্টের দরকার তার দাম অনেক বেড়ে গেছে। সেই দিক থেকে এই সমস্ত রাস্তা করতে গিয়ে অনেক

অসুবিধা সৃষ্টি হচ্ছে। মাননীয় পূর্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তা গত ৩০ বছরে কোনও সরকারকে এই ধরনের বাজেট উপস্থিত করতে দেখিনি। সেই জন্য আজকে পূর্ত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করে এবং ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-35 — 4-45 p.m.]

**श्री रमजान आलि :** मिस्टर स्पीकर सर, आज माननीय मंत्री श्री जोतिन चक्रवर्ती ने पी०डब्लु०डी० के वारे में जो वजट पेश किया है। हाउस में, मैं उस वजट का समर्थन करता हूँ। करते हुए, मैं चन्द वातें कहुँगा। इस वजट की सवसे वड़ी खासुसीयत यह है कि मंत्री महोदय ने यह वता दिया है कि उन्होंने क्या काम किया है और क्या करना चाहते है? इसका क्लीन पिलुचर, खाका उन्होंने हाउस के सामने पेश कर दिया है। और यह वाम-फ्रन्ट की खासुसीयत है कि सरकार जो कुछ भी कमिटमेन्ट करती है, उसे वह पुरा कर देती है। उसे करके दिखाना चाहती है। यह सरकार कांग्रेस दोस्ती की सरकार की तरह से नही है कि जो काम करने को कह दिया, उसे पुरा करके नही दिखाया। कांग्रेस सरकार के जमाने में जो होता था, वह आव वाम-फ्रन्ट के दस्तुर नही है। ये सरकार येहनतफश आवाम के साथ है। यह गलत वात कहने की आदि नही है।

मैं सत्यरंजन वापुलि वावु के वारे में ज्यादा नही कहना चाहता। इनकी तो यह रवैया है कि ये हमेशा हकीकत से दुर कुछ न कुछ अपोजीशन के लिए अपोज करते है। वे चाहते हैं कि हमारा नाम पेपर में छपे। और उनकी एरिया के लोग सभभ्यें कि श्री सत्यरंजन वापुली वावु विधान सभा मे खुव वोले। इनका कांस्ट्रटिभ सजेशन्स कुछ भी नहीं होता। आपनी स्पीच में कोई सजेशन नही रखा है और कोई नया रास्ता ही दिखाया है, जिससे हमारे मंत्री महोदय कुछ कर सकें।

मै वजट में देख रहा हुँ कि पी०डब्लु०डी० के कार्य के लिए एक खाफा पेश किया गया है। उसके मातहत वहुत से काम हो रहे है। रोड का काम हो रहा है, मिनिमम प्रोग्राम में काम हो रहा हौ। व्रीजें वान रही है और जो पुरानी है, उनकी मरम्मत हो रही है। हुगुली व्रीज के निर्माण की स्कीम आपके सामने है। आज सवसे वड़ी जरुरत जो हाउसिंग की है, उसमें भी तरक्की हो रही है। साल्ट लेक भी तरक्की करने जा रहा है। पी०डब्लु०डी० के मातहत जो काम है, वह प्रोग्राम के मुताविक हो रहा है। और आगे भी काम वहत जल्द होगा। तो मैं इन सारी वातों को पेश

करते हुए, मैं मंत्री महोदय को मुवारक वात दुंगा और साथ ही माथ उनका तवज्जुह चाहुँगा कि जिन इलाको में सड़के नही है और जो इलाका अउन्नत है, जिनकी तरक्की नही हुई है और वहा की तरक्की का दारोमदार सड़को पर है। किसान अगर अनाज को मार्केट में नही पहुँचा पाता तो उसे उसके आनाज का दाम ठीक से नही मिलता। स्पीकार सर, मैं तवज्जुह चाहुँगा कि ये पौलिसी वाम-फ्रन्ट की सरकार ने रुडाल्ट किया है कि जहा पर सड़के नही है, ट्रान्सपोर्ट कम्युनिकेशन नही है, जो इलाका वैकवर्ड है, वहाँ सड़कें पहले वनाई जायँगी। ता कि लोगो की तरक्की हो सके। देश से लेकर वाजारो तक माल पहुँचाने की जरुरत है। तो मै जनाव जोतिन वावु से कहुँगा कि वे अगर वंगाल के नकशे को गौर से देखेंगे तो उनको वेस्ट दिनाजपुर का जिला भी नजर आयेगा और अगर ये वात मैं न कहुँ तो मै आपनी डयुटी पालन नही करता। क्यों कि मैं नुमाइन्दगी करता हुँ उस इलाके की। उस इलाके की तकलीफो को आपके सामने रखना मेरा फर्ज है।

तो मैं मंत्री महोदय से गुजारिश करुंगा कि वेस्ट दिनाजपुर एक वैकवर्ड इलाका है। वह यह इलाका है, जहाँ सड़के वहुत कम है। और साफतौर पर इस्लामपुर सव डिविजन जो विहार से वंगाल में आया है, वहाँ सडके वहुत है। यहाँ काग्रेसी सरकार के जमाने से ही सड़कें नहीं है। आभी तक इस सरकार ने भी वहाँ सड़के नही वनाई। इस वात से माननीय मंत्री सहव अच्छी तरह से वाकिफ है। हमारे आइन मंत्री जनाव हलीम साहव भी वाकिफ हैं। जनाव चौधुरी साहव भी गये हुए थे, उस समय वहाँ पर एक घटना घटीथी।

एक थाना है, लेकिन उसकी आपनी विल्डिंग नही है, मकान नही है, न आने-जाने के लिए सड़कें हैं। वहाँ के एक लाख लोगो को थाने में-मार्केट मे आने-जाने में, जे०एल० आरो अफिस में आने-जाने में, स्कुल-कालेज आने-जाने मैं, इलाज के लिए हास्पताल में आने-जाने के लिए सड़कें नही है। इससे वहाँ के लोगो को वड़ी दिक्कते होती है। मैने वार-वार जनाव जोतिन चक्रवर्ती का तवज्जह इधर दिलाया और उनसे गुजारिश की कि मिनिमम प्रोग्राम मे जो एक जमाने मे चकलिया का गांवा गाँव रोडका नाम आ रहा है, कम से कम इसका तामील जल्द से जल्द शुरु करा दें। उन्होने एसुरेन्स भी दिया था और मैंने उस वात को वँहा के आवाम मे भी कहा। लेकिन एसुरेन्स के मुताविक अभी तक काम नही हुआ। जिस से हमें वेहत तकलीफ है। मैने माननीय मुख्य मंत्री का ध्यान भी इधर दिलाया। लेकिन सिर्फ सर्भे हुआ है,

काम नही हुआ है। मैं गुजारिश करुँगा जनाव चक्रवर्ती साहव से कि वे आपने जवावी भाषण में सारी वातें के वारे में जरुर वतावें।

जो इलाका कम्युनिकेशन मे पिछड़ा हुया है, जहाँ सड़के नही है, वहाँ सवसे पहले सड़के वननी चाहिए। पाउण्ड कलकत्ते में जहाँ पहले से ही सड़कें वहुत है, जहाँ सड़को का जाल विछा हुआ है अगर और सड़के यहाँ वनती रहेंगी तो सारी सुविधायें क्या कलकत्ते को ही मिलती रहेगी कया उन अउन्नत इलाको को भी मिलेगी, जहाँ मड़कें नही है। जो इलाका कम्युनिकेशन के मामले में वहुत पिछड़ा हुआ है। आज इस तरफ ध्यान देने की जरुरत है। वड़े-वड़े कामों को करते हुए, छोटे कामों की तरफ ध्यान नही रहता है। इसी लिए शायद मंत्री महोदय की इस तरफ नजर नही पड़ी होगी। इसलिए मैं गुजारिश करुँगा कि इस तरफ भी ध्यान दें। आज जरुरत इसवात की है कि रुरल में रोड वने। मैंने आपसे इस वारे में वहुत सी वातें की है।

मुझे एक वात याद आ गया, वह यह है कि कांग्रेस को हुकुमत के जमाने में रुरल इन्जिनियरिगं प्रोग्राम के नाम मे करीव सात सो करोड़ रुपया पुरे हिन्दुस्तान के लिए खर्च किया जा चुका है। वंगाल में उसका नाम रुरल प्रोडकशन प्रोग्राम था। इसमें वहुत सारी सड़कें २-४ महीने में वन गई। सड़को पर ईंटे विछा दी गई। और कहदिया गया कि सड़के कम्पलीट हो गई। लेकिन अगर उन सड़को पर आप चालिएगा तो आप चल नही सकेंगे। रुरल इन्जिनियरिंग प्रोग्राम का रुपया खर्च किया गया, लेकिन कोई काम नहीं हुआ। यह तो रहा कांग्रेस सरकार का काम। अपने पोलिटिकल गेम को दिखाना चाहते थे। इसी लिए कहदिया था कि सड़कें वन गई। लेकिन ऐसी कोई भी सड़क नहीं वनी, जिस पर सवारियॉ चल सके। उन सड़को पर तो गदहे भी नही चल पाते। रुरल रोड का ताल्लुक यहाँ पर है। ग्राम वंगाल की तरक्की के लिए, इकनामिक डवलपमेन्ट के लिए यह वहुत आहम पिकचर है। आगर जव तक ग्राम वंगाल की सड़कें नही होती है उस वक्ष तक वंगाल की तरक्की नही हो सकती है।

आपने आपने वजट भाषण में वड़ी उम्मीद दिलाई है, वंगाल की सड़को की उन्नति के लिए, इसके लिए वंगाल के लोग आपको धन्यवाद देंगे।

इन सारी वातों के साथ मैं इस वजट को ताइद करते हुए, अपना भाषण समाप्त करता हुँ।

[4-45 — 4-55 p.m.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় পূর্তমন্ত্রী ১৯৮১-৮২ সালের ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন অমি সে সম্পর্কে দু একটা কথা বলতে চাই। গতবারেও আমি বলেছিলাম যে মাননীয় পূর্ত মন্ত্রীর এই দাবির উপর সারা পশ্চিমবাংলার অর্থনীতি নির্ভর করছে। আজকে শিল্প ক্ষেত্রে মাথা পিছু আয়ের ক্ষেত্রে পশ্চিমবাংলা ক্রমশ পিছিয়ে পড়ছে। তার কারণ পূর্ত দপ্তরের অগ্রগতির অভাবে। গুজরাটে প্রতি তিন কিলো মিটারে একটি করে পাকা রাস্তা আছে। কিন্তু পশ্চিমবাংলায় বহু জায়গা আছে যেখানে ৫২ কিলোমিটারে মধ্য দিয়ে পাকা রাস্তা মাত্র ২/৩ কিলো মিটার রাস্তা আছে। আমি পূর্ত মন্ত্রীকে বলতে চাই পূর্ত দপ্তরের কাজের যে অগ্রগতি সেই অগ্রগতি আমরা তেমন দেখতে পাচ্ছি না। এই ব্যাপারে আমি পূর্ত মন্ত্রীকে দোষারোপ করতে চাই না। তিনি বাজেট প্রস্তাবনা রেখে এই কথা বলেছেন এবং তার জন্য পূর্ত মন্ত্রীকে আমাদের কিছু বলবার নেই। কেন না অর্থ দপ্তর বাজেটের সময় যে টাকা দিয়ে দেবেন এবং সেই অনুসারে আমাদের যে কয়েক কোটি টাকা চেয়ে বসে আছেন, ছয় মাস পরে দেখব অর্থ দপ্তর একটা ফতোয়ায় সেট টাকা আবার কমিয়ে দিয়েছেন। গতবারের একটা ফিরিস্তি দিচ্ছি ১৯৮০-৮১ সালে ডিস্ট্রিক্ট লোডের জন্য ১০ কোটি ৬১ লক্ষ ৯৩ হাজার টাকা বাজেটে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছিলেন। কিন্তু তারপর দেখলাম রিভাইজ বাজেটে সেটা হয়ে গেল ৯ কোটি ৬৮ লক্ষ ৫৩ হাজার টাকা। যে টাকা আপনারা বাজেটে দিয়েছিলেন তার থেকে ১ কোটি ৮৯ লক্ষ ৫০ হাজার টাকা কমে গেল। ১৯৮০-৮১ সালে অ্যানুয়াল প্ল্যানে দেখলাম ৩ কোটি ১৫ হাজার ৯৪ হাজার টাকা বাজেটে দেখলাম। কিন্তু রিভাইজড বাজেটে দেখলাম ২ কোটি ৮৫ লক্ষ ১৩ হাজার টাকা। কিছুদিন আগে মেনটিনেন্স অ্যান্ড রিপেয়ারের জন্য শিবেন চৌধুরি যে কথা বলেছিলেন উত্তরবঙ্গের রাস্তাগুলির এমন অবস্থা হয়েছে যে গাড়ি রাস্তায় চলতে পারছে না। আমরা দেখছি রাস্তার অনেক জায়গায় এত খারাপ হয়ে গিয়েছে যে সেখানে রাস্তায় গাড়ি চালানোর পক্ষে সম্পূর্ণ অনুপোযোগী হয়ে পড়েছে, সেই রাস্তায় গাড়ি চলাচল করতে পারছে না। অতএব যে রাস্তাগুলি তৈরি হয়ে গেছে সেই রাস্তাগুলি মেনটিনেন্স করা দরকার। ১৯৮০-৮১ সালে বাজেটে মেনটিনেন্সের জন্য ২ কোটি ৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এই বাজেট বরাদ্দের মধ্যে সেটা ছিল। কিন্তু আসলে দাঁড়াল ১ কোটি ৮০ লক্ষ টাকা। ১৯৮১-৮২ সালে বাজেট বরাদ্দের দাবি উপস্থিত করেছেন এবং আপনি বলেছেন যে এটা মঞ্জুর করে দেবার জন্য। কিন্তু এই বাজেট বারদ্দ ঠিক থাকবে কি? অর্থ দপ্তরের ফতোয়ায় সেই টাকা কমে যাবে। জেনারেল ডিসকাসনে আমি এই কথা বলেছিলাম যে, যে টাকা ধরা হয় এবং আমাদের কাছে যে টাকা চাওয়া হয় সেটা ঠিক থাকে না। এটা একটা বোগাস বাজেট। বহু কিছু বাজেটের মধ্যে ধরা থাকে না। যেমন পে কমিশনের রিপোর্ট অর্থ মন্ত্রী মহাশয় বললেন এখনও আসে নি। এবং তিনি এ কথাও বলেছেন সম্ভবত পে কমিশনের রিপোর্ট এই সেশনেই আনবেন। কিন্তু দুঃখের কথা তার জন্য কোনও টাকা এখানে ধরা হয়নি। এই রকম বহু ক্ষেত্রে টাকা ধরা হয়নি। এই রকম রিপোর্টের পরেও টাকা নিতে হবে? জেনারেল ডিসকাসনের সময় আমরা এই সমস্ত কথা বলেছিলাম। পূর্ত দপ্তর যে আর্থিক ব্যয় বরাদ্দ

করে সেই আর্থিক ব্যয় বরাদ্দ বহু পরিমাণে কমে যাবে। তাই জন্য মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে পূর্ত দপ্তর দেশের যে অগ্রগতি হওয়া দরকার ছিল তারা তা করতে পারে নি। নতুন যে সব কাজের রূপ দেওয়া হয়েছে সে সম্বন্ধে তিনি কোনও কিছু বলেন নি। একথাও বলেছেন আমি সবাইকে দোষারোপ করতে চাইছি না যে কোনও কারণেই হোক আজকে সরকারের দোষ ত্রুটির জন্য সেই অগ্রগতি হয়নি। আমি বলতে পারি পশ্চিমবাংলায় ১৯৭৭-৭৮ সাল পর্যন্ত আপনার সরকার কত কিলোমিটার রাস্তা তৈরি করেছেন তা বলতে পারবেন? পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর কত মাইল রাস্তা তারা করতে পেরেছেন? এই দপ্তর আজকে কি অবস্থায় চলছে তার দু একটা নমুনা দিই। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত অর্থাৎ কংগ্রেস সরকার যে প্রতিষ্ঠিত ছিল এই সরকার প্রতিষ্ঠা হবার পর ১৯৭৭ থেকে ১৯৮১ সাল পর্যন্ত আপনারা কত কিলোমিটর রাস্তা করেছেন বা কত রাস্তার কাজ শুরু করেছেন সেটা আমরা জানতে চাই। কি নতুন পরিকল্পনা গ্রহণ করেছেন পশ্চিমবাংলাকে আজকে কোন জায়গায় এনে ফেলেছেন? উত্তরবঙ্গের জন্য এই নাকি নিয়ম আপনারা নতুন পরিকল্পনা গ্রহণ করেছেন, কিন্তু বিধানসভার সদস্য তারা একেবারে উদাসীন হয়ে পড়েছেন। কারণ তাদের কথা আর কেউ শোনে না। আপনারা যে সব নতুন পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে আপনারা এই কথাই তুলে ধরতে চাইছেন কেন্দ্র ঠিক মতো টাকা দিচ্ছে না। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে চিত্র ওখানে উল্লেখ করেন নি যে সমস্ত রাস্তা তৈরি হওয়া বিশেষ দরকার এই লাল বইতে দেখতে পাচ্ছি সেই সমস্ত রাস্তা কিছুই ধরা হয়নি। প্রায় ৯৯ ভাগ রাস্তা যেটা কংগ্রেস আমলে নেওয়া হয়েছিল সেই রাস্তাগুলিই ধরা আছে।

নতুন রাস্তার ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ২/১ কিলোমিটার রাস্তা ন্যাশনাল প্ল্যান হিসাবে দেওয়া হয়েছে। আমি বিশেষ করে বিরোধী দলের সদস্য যে কথা বলেছেন আমি জানি না এর সত্যতা আছে কিনা। এই রাস্তাগুলির জেনারেল ডেভেলপমেন্টের জন্য দরকার আছে। বিরোধী দলের এলাকা থেকে আমি দেখছি কংগ্রেস আমলে যে রাস্তাগুলি ধরা হয়েছিল সেই রাস্তাগুলির কাজ অত্যন্ত স্লো। এবং সেই রাস্তাগুলি তৈরি করতে ২৫/৩০ বছর লাগবে। পূর্তমন্ত্রী মহাশয় আপনারা বলেছেন যে আরও রাস্তা তৈরি হবে। গত বারে আমরা শুনেছিলাম ইম্পর্ট্যান্ট রাস্তা ১৬টি তৈরি করার ব্যবস্থা হয়েছে। গঙ্গার ঘাটের নাপিত যেমন একধার থেকে লোককে বসিয়ে দিয়ে একটি একটি করে মাথা কামিয়ে যায়, প্রথম জন যার মাথা কামানো হল শেষ পর্যন্ত সে জানেন তার পুরো মস্তক মুন্ডন কখন হবে। আমরা, বিধানসভার সদস্যরা ঠিক একই অবস্থার মধ্যে পড়েছি। কংগ্রেসি আমলে যে রাস্তা করা শুরু হয়েছিল, সেই রাস্তার কাজ কোথাও দেখছি ল্যান্ড অ্যাকুইজিশন হয়েছে, কোথাও দেখছি মাটি পড়েছে, কোথাও দেখছি এক কিলোমিটার পিচ রাস্তা হয়েছে। তারপর সেই রাস্তার অগ্রগতি আমরা দেখতে পাচ্ছি না। আমরা শুধু জনসাধারণকে ঐ লাল বাজেট বইটা দেখিয়ে বলছি, চিন্তা নেই, রাস্তা ধরা হয়েছে। আমরা জানি প্রতি কিলোমিটার রাস্তা তৈরি করতে এখন পূর্ত দপ্তরের পাঁচ লক্ষ টাকা পড়ে। যদি পাঁচ কিলোমিটার রাস্তা করতে হয় তাহলে ২৫ লক্ষ টাকার দরকার হবে। এই ১৯৮০-৮১ সালে জিনিসপত্রের যে দাম আছে সেই দাম অনুযায়ী

সেই রাস্তার যে এস্টিমেট করেছিলেন ২৫ লক্ষ টাকা। কিন্তু আপনি দিলেন ৫০,০০০ টাকা। এইবার হিসাব করে দেখুন এইরকম যদি দাম বাড়তে থাকে এবং আপনারা যদি এই ৫০,০০০ বা ১ লক্ষ টাকা করে যদি বরাদ্দ করেন তাহলে যে রাস্তার জন্য ৫০ লক্ষ টাকা দরকার সেই রাস্তা আমার নাতি বা তার নাতিরাও দেখতে পাবেন কিনা সন্দেহ আছে। আপনি তো এখন পূর্ত মন্ত্রী আছেন, আপনি চলে যাবেন আরও কতজন পূর্তমন্ত্রী এই বিধানসভায় আসবেন এবং চলে যাবেন কিন্তু সেই রাস্তা আর তৈরি হয়ে উঠবে না। কয়েক পুরুষ বাদে হয়ত দেখা যাবে, একদা সরকার রাস্তা তৈরির পরিকল্পনা নিয়েছিলেন আজকে ২০ বছর পরে সেই রাস্তা শেষ হয়েছে। ২০ বছরের পূর্তিকালে হয়ত দেখা যাবে সেই রাস্তার পরিকল্পনা সফল হয়েছে। আমি মাননীয় পূর্তমন্ত্রীকে বলতে চাই, তিনি আজকে বিভিন্ন এম এল এদের কাছে যদি এইটুকু বলতেন আপনারা একটা করে রাস্তার নাম বলুন, প্রত্যেকটি কেন্দ্রে সেই রাস্তাগুলোকে আমরা অগ্রাধিকার দেব। আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন প্রত্যেকটি বিধানসভা কেন্দ্রের এলাকায় ন্যূনতম তিন কিলোমিটার করে রাস্তা তৈরি করে দেবেন। আমি জানিনা সরকারি দলের সদস্যদের কত জায়গায় তিন কিলোমিটার করে রাস্তা তৈরি হয়েছে। আমি আমার কাঁথি মহকুমার কথা বলতে পারি যেখানে একজন জনতাদলের সদস্য এবং বিরোধীদের সদস্য হিসাবে আছি আমাদের কিন্তু কোথাও তিন কিলোমিটার রাস্তা তৈরি হয়নি। আমি সেইজন্য দুঃখের সঙ্গে জানাচ্ছি আজকে যে অগ্রগতির দরকার ছিল সেই অগ্রগতির দিকে পূর্ত দপ্তর এগিয়ে যেতে পারেন নি।

বরঞ্চ পিছিয়ে গেছে। আজকের বাজেট বরাদ্দেরও দাবি এখানে পেশ করা হয়েছে, হয়ত টাকার পরিমাণের দিক থেকে বেড়েছে, কিন্তু আমি আপনাকে বলতে চাই গত বছর জিনিসপত্রের যা দাম ছিল আজকে সেই জিনিসপত্রের দাম ৪০ ভাগ বেড়ে গেছে। সেই অনুপাতে গত বছর যে স্ট্যান্ডার্ডে কাজ হয়েছিল, যতটা কাজ হয়েছিল, ততটা কাজ যদি এই বছর করতে চান, গত বছর বাজেটে যে বরাদ্দে দাবি পেশ করেছিলেন তার থেকে অন্তত ৪০ ভাগ দাবি বেশি বৃদ্ধি করে এবারে দেওয়া উচিত ছিল। গত বছরের যে দাবি ছিল সেই তুলনায় আমরা দেখছি কোথাও ২ লক্ষ টাকা, কোথাও ১ লক্ষ টাকা, কোথাও ৩ লক্ষ টাকা বেশি বরাদ্দ চেয়েছেন। গত বছর পূর্ত দপ্তরের যেটুকু অগ্রগতি ছিল এই বছর সেই তুলনায় আরও বেশি অবনতির দিকে চলে যাবে, অগ্রগতির তো দূরের কথা। কেন না জিনিসপত্রের দাম যে পরিমাণ বেড়েছে সেই পরিমাণ বাজেট বরাদ্দ দাবি এখানে উপস্থিত করতে পারেন নি। সেইজন্য আমাদের আশঙ্কা পূর্ত দপ্তর এর যে পরিমাণ কাজ করার কথা সেই পরিমাণ কাজ করতে পারবেন না। আপনি যতই আমাদের কাছে হিসাব দিন আমরা শুধু এইটুকুই বলতে চাই যে পূর্ত দপ্তরকে আরও গতিশীল করুন আরও বিভিন্নভাবে কাজের অগ্রগতি আপনি নিয়ে আসুন। এটাই বামফ্রন্ট সরকারের শেষ বাজেট। অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে তিনি পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন। কিন্তু আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি এই শেষ বাজেট পশ্চিমবঙ্গ সরকার অগ্রগতির দিক থেকে পশ্চিমবাংলাকে অনেক পিছিয়ে গেলেন। গত ৫ বছরে তারা এমন কোনও অগ্রগতির পরিকল্পনা দেখাতে পারলেন না। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেসের সঙ্গে তুলনামূলকভাবে যে তুলনায় সারা পশ্চিমবাংলায়

এই দপ্তরগুলো একটা আদর্শ স্থানীয় দপ্তর হতে পারে, সেই ধরনের কাজের অগ্রগতি কিন্তু তারা দেখাতে পারলেন না, কাজের অগ্রগতিতে তারা জোয়ার আনতে পারলেন না, কাজের অগ্রগতিতে তারা জনসাধারণের কাছে এমন কিছুই ইমেজ তৈরি করতে পারলেন না, যে ইমেজের ফলে পশ্চিমবাংলার গ্রামের মানুষ বলতে পারবে যে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার আর কিছু পারুক বা না পারুক আমাদের চলার জন্য একটা ন্যূনতম রাস্তা তৈরি করে দিয়েছে, জলসেচনের একটা ব্যবস্থা করে দিয়েছে, বাসস্থানের জন্য একটা আচ্ছাদন তৈরি করে দিয়েছে, খাবার মতো একটা সংস্থান করে দিয়েছে, সেইটুকু কাজে আপনারা অগ্রসর হতে পারেন নি। যেকথা আমি বলতে চাই পূর্ত দপ্তর যদি ব্যর্থ হয় পূর্ত দপ্তরের কাজে যদি অগ্রগতি না ঘটে, কোনও অবস্থাতে আজকে আর্থিক উন্নতি ঘটতে পারে না। আজকে অগণিত বেকার গ্রামাঞ্চলে। সেই অগণিত বেকারের সমস্যা সমাধান করা এই শিল্পের দিক থেকে সম্ভব নয়। তাই আজকে একমাত্র স্বনির্ভরতার সাহায্যে এটা হতে পারে যদি গ্রামাঞ্চলে রাস্তা থাকে। সেই রাস্তার ধারে তারা দোকানপাট করতে পারে, মালপত্র নিয়ে যেতে পারে এক হাট থেকে অন্য হাটে বেচাকেনা করতে পারে। এটা সম্ভব তখনই, যদি যোগাযোগ ব্যবস্থা ভাল থাকে। সেই যোগাযোগ ব্যবস্থা যদি আজকে গড়ে না ওঠে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের আর্থিক উন্নতি হতে পারে না। সরকার যদি মনে করেন বিশ্বব্যাঙ্কের কাছে কলকাতা শহরকে ইজারা দিয়ে এখানকার ১০০ ফুট রাস্তাকে ২০০ ফুট চওড়া করে সারা ভারতবর্ষের লোককে দেখাবেন, দেখুন আমাদের রাস্তাঘাটের কত অগ্রগতি হয়েছে, পশ্চিমবাংলার আসল চিত্র কিন্তু কলকাতা নয়। পশ্চিমবাংলার আসল চিত্র, হাওড়া, হুগলি, মেদিনীপুর, পুরুলিয়া ও বীরভূম প্রভৃতি জায়গা।

[4-55 — 5-05 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন, পশ্চিমবাংলার রাস্তার ব্যাপারে অগ্রগতি কি হয়েছে। মেদিনীপুর জেলা, যেটা দ্বিতীয় বৃহত্তম জেলা সেখানে ১০০ স্কোয়ার কিলোমিটারে মাত্র ১০.৩১ কি মি মাত্র রাস্তা আছে। পুরুলিয়া জেলাতে ১০০ স্কোয়ার কিলোমিটার ৭.৮৬ কিমি মাত্র রাস্তা। বাঁকুড়াতে প্রতি ১০০ স্কোয়ার কিলোমিটার মাত্র ১১.৯০ কিমি রাস্তা। আজকে পশ্চিমবাংলার জেলাগুলির রাস্তার অবস্থার সঙ্গে কলকাতা শহরের রাস্তার বিচার যদি করেন তাহলে বলব, সেই বিচারের মানদন্ডে কোনও জেলাই কিন্তু সুবিচার পাবে না। সেইজন্যই আমি বলছি, পূর্ত দপ্তরের বিভিন্ন জায়গায় কাজের ব্যাপারে যে পরিমাণ অগ্রগতির দরকার ছিল সেই তুলনায় তারা করতে পারেন নি, পিছিয়ে গিয়েছেন। কি উত্তরবঙ্গ, কি দক্ষিণবঙ্গ সমস্ত জায়গার অবস্থাই এক। পূর্তমন্ত্রী মহাশয়কে এ ব্যাপারে বলি, আপনার ইচ্ছা আছে জানি, আমরা যখন আপনার কাছে কোনও দরখাস্ত নিয়ে যাই আপনি রেকমেন্ড করেও দেন কিন্তু সেটা নিয়ে যখন দপ্তরে যাই তখন সেই একই কথা শুনি, মন্ত্রী মহাশয় তো রেকমেন্ড করে দিয়েছেন কিন্তু অর্থ কোথায় যে কাজ করব? আমরা তো অর্থের কথা জানব না, অর্থের কথা জানবেন মন্ত্রী মহাশয়, সরকার সেইজন্যই তো পশ্চিমবঙ্গের মানুষ এই বামফ্রন্ট সরকারকে গদিতে বসিয়েছেন গ্রামের মানুষের অবস্থার উন্নতির জন্য কাজেই এ প্রশ্নের জবাব তো আপনাদেরই দিতে হবে। যদি অর্থ কোথায় এ প্রশ্ন আমাদের অফিসাররা করেন, মন্ত্রী

মহাশয় করেন তাহলে সেই প্রশ্নটা আমারা কার কাছে তুলে ধরব? পশ্চিমবাংলার উন্নয়নের জন্য যে অর্থের দরকার কে সেই অর্থের সংস্থান করবে? সেটা করতে হবে আপনাদেরই সেইজন্য আমি আপনাদের অনুরোধ করব, এক বছরসময় যা আপনাদের আছে সেই সময়ের মধ্যে অর্থের সংস্থান করে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের রাস্তাঘাটের ব্যাপারে কাজের অগ্রগতির যাতে হয় সে দিকে নজর দিন। এরপর আমি হাউসিং সম্বন্ধে বলব, হাউসিং বোর্ড সম্বন্ধে কয়েকটি কথা বলব। আপনি নতুন নতুন হাউসিং করছেন, সাধারণ মানুষের বাসস্থানের ব্যবস্থা করছেন। আমরা খবরের কাগজে দেখেছি ৪র্থ শ্রেণীর একজন কর্মচারী আপনার পা জড়িয়ে ধরেছিল, আপনি তার ঘরের ব্যবস্থা করে দিয়েছেন। এই ক্ষেত্রে আমি বলব, হাউসিং-এর যে রেন্টটা আছে সেটা খুব বিবেচনাপ্রসূত? একশো থেকে পাঁচশো টাকা পর্যন্ত যাদের আয়—লোয়ার ইনকাম গ্রুপ-এর লোক, তাদের যে ঘর দিচ্ছেন তার ভাড়া করেছেন ১৬০ টাকা। ৫০০ টাকা যে আয় করে তারা ১৬০ টাকা ভাড়া দেবে কি করে?

তাদের ১৬০ টাকা ভাড়া দেবার সঙ্গতি আছে কি? বজবজ হাউসিং, কুষ্ঠিয়া হাউসিং এই সমস্ত জায়গায় ১৬০ টাকা আপনি ভাড়া করেছেন অথচ অডিট রিপোর্ট বলছে, এই সমস্ত জায়গায় ৪৭ টাকা ভাড়া হওয়া দরকার। আমি আপনাকে অনুরোধ করব, ৫/৬শো টাকা যাদের আয়—লোয়ার ইনকাম গ্রুপের লোক যারা তারা যাতে ৬০/৭০ টাকা ভাড়ায় থাকতে পারে তার ব্যবস্থা করুন। তারপর আপনি যদি বিধানসভায় আইন করেছেন, ঘোষণাও করেছেন যে, আনঅথরাইজড দখলকারিদের বাড়ি থেকে উচ্ছেদ করবেন। আমি জানি না কতজনকে আপনি উচ্ছেদ করেছেন। তারপর আপনি বলেছিলেন যাদের ভাড়া বাকি পড়ে গিয়েছে তাদের উচ্ছেদ করবেন, সেরকম লোক কতজনকে আপনি উচ্ছেদ করেছেন তা আমরা জানি না। তারপর আর এক ধরনের লোক আছে যারা কলকাতায় হাউসিং-এর বাড়ি ভাড়া নিয়েছে কিন্তু কলকাতায় নিজে না থেকে সেই বাড়ি অপরকে ভাড়া দিয়ে দিয়েছে, তাদের কতজনকে আপনি উচ্ছেদ করেছেন সেটাও আমরা জানি না। পশ্চিমবাংলায় হাউসিং-এর বিরাট সম্ভাবনা রয়েছে। হাডকো অনেক টাকা দিচ্ছে হাউসিং-এর জন্য। আপনি নতুন নতুন হাউসিং করে লোককে দেবার ব্যবস্থা করুন এই অনুরোধ রাখছি। তারপর আর একটি সমস্যার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করব। গ্রামাঞ্চল থেকে যে সমস্ত মেয়েরা কলকাতায় কাজ করবার জন্য আসে তাদের থাকার জন্য লেডিজ হোস্টেল অত্যন্ত কম। তারা এখানে থাকবার জায়গাই পায় না। আপনার কাছে আমাদের এলাকার মেয়েদের দরখাস্ত নিয়ে গেলে আপনি বলেন, সিট কোথায়, কোথা থেকে দেব। তাই আমি আপনাকে অনুরোধ করব, গ্রামাঞ্চলের মেয়েরা যারা কলকাতায় এসে কাজ করেন তারা যাতে থাকতে পারেন সেজন্য আপনি নতুন নতুন লেডিজ হোস্টেল নির্মাণ করুন। পরিশেষে আমি বলি, আমরা যে সমস্ত কাটমোশন দিয়েছি সেগুলি নিয়মমাফিক আপনি অগ্রাহ্য করবেন আমরা জানি কিন্তু এই প্রসঙ্গে আপনাকে অনুরোধ করব, সেই কাটমোশনগুলি পড়ে যাতে সুব্যবস্থা আপনি করতে পারেন সে চেষ্টা করুন। আপনার বাজেটকে নীতিগত ভাবে সমর্থন করলেও আমি এটুকু বলতে চাই যে পূর্ত দপ্তরের কাজের অগ্রগতি যা হওয়া উচিত ছিল, এই দপ্তরের কাজের উপর এই বামফ্রন্ট সরকারের যে রকম জোর দেওয়া উচিত ছিল, এই দপ্তরের কাজে সেই

পরিমাণ জোর দেওয়া হয়নি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে দুএকটি কথা বলতে চাই। প্রথমে আমি মাননীয় সদস্য জন্মেজয় ওঝাকে ধন্যবাদ জানাব। কারণ যে পারসপেক্টিভে এই আলোচনা উত্থাপন হওয়া প্রয়োজন সেটা তিনি করেছেন। তিনি বলেছেন যে আমাদের দেশের কৃষির উন্নতি হোক, শিল্পের উন্নতি হোক, কোনও কিছুর উন্নতি সম্ভব হবে না যদি যথাযথ ভাবে ইনফ্রাস্ট্রাকচার তৈরি করা না হয় এবং ইনফ্রস্ট্রাকচার তৈরি করার কথা বলতে গেলে তার মধ্যে কমিউনিকেশন অ্যান্ড ট্রান্সপোর্ট আসে। এখন এটা কোনও স্টেট প্ল্যানিংয়ে হতে পারে না। এটা ন্যাশনাল প্ল্যানিংয়ের প্রশ্ন। কাজেই গোড়াতেই যাতে গলদ না হয় সে জন্য ন্যাশনাল প্ল্যানিং পারসপেক্টিভে দেখতে হবে যে আমাদের কি প্রবলেম আছে ইন সো ফার অ্যাজ দি রিসোর্সেস আর কনসার্নড। এখানে আমরা কি দেখছি? আমি দুটো প্ল্যানিংয়ের কথা এখানে বলব। বেশি প্ল্যানিংয়ের কথা আলোচনা করে লাভ নেই, সব প্রায় এক রকম। প্রথম প্রথম প্ল্যানিং এবং দ্বিতীয় প্ল্যানিংয়ের কথা বলি এখানে রাস্তার জন্য গোটা কমিউনিকেশন অ্যান্ড ট্রান্সপোর্টের বাবদ কি টাকা বরাদ্দ হয়েছিল, সে দিকে আমি যাচ্ছি না। আমি বলতে চাই যে শুধু রাস্তার জন্য প্রথম প্ল্যানিং এবং দ্বিতীয় প্ল্যানিংয়ের ৩৮১ কোটি টাকার ব্যবস্থা ভারত সরকার করেছিলেন ১০ বছরে। সারা ভারতবর্ষে কম করে আমরা ২৫টি শরিক আছি। এই ২৫টি শরিককে যদি ১০ বছরে ৩৮১ কোটি টাকা ভাগ করে দেওয়া হয় তাহলে ন্যাশনাল প্ল্যানিংয়ের অবস্থা কি দাঁড়াবে সেটা জানেন? ১।। কোটি টাকাও বছরে পড়ে না। এই হচ্ছে আমাদের রিসোর্সেস। এখানে টোটাল ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার জন্য যে রিসোর্সেস আমাদের দরকার হয়, সেখানে আমরা এই পাচ্ছি। এই অবস্থার মধ্যে এসে আমরা দাঁড়িয়েছি এবং এই অবস্থার মধ্যে আমাদের স্টেট প্ল্যানিং তৈরি করতে হচ্ছে। পূর্তমন্ত্রী মহাশয় রাস্তাঘাট কিভাবে তৈরি করবেন, সেটা তিনি ঠিক করবেন। কিন্তু ন্যাশনাল প্ল্যানিংয়ের মধ্যে এই লিমিটেশনের কথা অস্বীকার করে কংগ্রেস(আই) দলের সত্য বাপুলি মহাশয় যে বক্তৃতা দিলেন সেটা আমি বুঝতে পারলাম না। তিনি বললেন যে রাস্তা হচ্ছে না, ওয়েল ফেয়ার অ্যাকটিভিটিজ হচ্ছে ইত্যাদি। কিন্তু রিসোর্সেস কোথা থেকে আসবে বলতে পারেন? কোটি কোটি টাকা এর জন্য লাগবে, স্টেট এক্সচেকারে যে টাকার দরকার হয় সেটা জোগাড় করতে পারা যাবে না। ইনফ্রাস্ট্রকচার তৈরি করার জন্য শত শত কোটি টাকার দরকার। সেটা কি মনে করেন স্টেট এক্সচেকার থেকে আসবে? তা কোনও দিন আসবে না। যতীনবাবু নিশ্চয়ই এই কথা বলবেন না যে যা কিছু করা দরকার সবই করা হয়ে গেছে। কিন্তু রিসোর্সেস অত্যন্ত কম এবং তার মধ্যে যেভাবে প্ল্যান করা দরকার, যতটুকু এগিয়ে নিয়ে যাওয়া যায় সেটা করা হচ্ছে। আজকে এখানে তিনি দায়িত্ব জ্ঞানহীনের মতো বক্তৃতা দিয়ে গেলে· হাউসে প্রিভিলেজড আছে বলে যা খুশি তাই বলতে পারেন? তিনি বললেন যে বামফ্রন্ট সরকার নাকি কিছুই করেননি। বাজেট ভাষণে এ সম্পর্কে বিস্তৃতভাবে বলা হয়েছে। উনি তার এক লাইনও পড়েন্ নি। উনি লেখাপড়া জানেন, এগুলি পড়তে কোনও অসুবিধা ছিলনা। রাস্তা সম্পর্কে যে বিবৃতি এখানে দেওয়া হয়েছে তার এক লাইনও তিনি পড়েন নি। উনি

ইকনমিক রিভিউ পড়েছেন। ইকনমিক রিভিউ দিয়ে ভেবেছেন যে মন্ত্রী মহাশয়কে কুপোকাত করবেন। উনি বাজেট বক্তৃতা পড়েন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু পড়ে দিচ্ছি। এখানে পূর্তমন্ত্রী পরিষ্কার ভাবে বলছেন যে এই পর্যন্ত মোট ৫১ হাজারেরও বেশি আবাসন ইউনিট তৈরি করা হয়েছে।

[5-05 — 5-15 p.m.]

আরও প্রায় ১,৫০০টি আবাসন ইউনিট বর্তমানে নির্মীয়মান অবস্থায় আছে। বিভিন্ন প্রকার কর্ম প্রকল্পগুলির জন্য ১৯৮১-৮২ আর্থিক বছরে ৩৫৫ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে বিভিন্ন শ্রেণীর মানুষের জন্য ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণে ২২৩ লক্ষ টাকা, নিম্ন আয়গোষ্ঠী এবং মধ্য-আয়গোষ্ঠীর মানুষের বাসস্থান নির্মাণের জন্য ঋণ দানের উদ্দেশ্যে ১১৭ লক্ষ টাকা এবং বেসরকারি নিয়োগকারীরা যাতে তাদের শিল্প শ্রমিকদের বাসস্থান নির্মাণ করতে পারেন তার জন্য ঋণ হিসাবে ১৫ লক্ষ টাকা ব্যয় করা হবে। আরও বলেছেন যে আমার বিভাগ অনেকগুলি আবাসন কর্মপ্রকল্পের কাজ হাতে নিয়েছে। এই সব চালু প্রকল্পের মধ্যে আনুমানিক ৫৭৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলতি আর্থিক বছরেই শেষ হবে যার মধ্যে ১৪০টি অর্থনৈতিক দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য এবং ৮০টি নিম্ন-আয়গোষ্ঠীভুক্ত ব্যক্তির জন্য। আমার বিভাগ আগামী আর্থিক বছরে আরও ৬৭৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ শেষ করার পরিকল্পনা নিয়েছে—যার মধ্যে ১৬৪টি ফ্ল্যাট হবে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য এবং ৭২টি ফ্ল্যাট হবে নিম্ন-আয়গোষ্ঠীভুক্ত [illegible] জন্য। চলতি আর্থিক বছরে প্রায় ৯০০টি আবাসন গৃহ নির্মাণ করা হবে নিম্ন-আয়গোষ্ঠীর জন্য। মধ্য-আয়গোষ্ঠীর লোকেদের মধ্যে মোট ১১৭ লক্ষ টাকা গৃহ নির্মাণের জন্য ঋণ হিসাবে মঞ্জুর করা হয়েছে। সত্য বাপুলি মহাশয় এখানে কি বললেন? ওর চোখ আছে, না উনি অন্ধ? এটা যদি উনি পড়তেন তাহলেই বুঝতে পারতেন কি হয়েছে, কি হয়নি।

এরপর আমি মাননীয় মন্ত্রী মহাশয় পূর্ত (সড়ক) বিভাগের সম্পর্কে যে বক্তব্য রেখেছেন সেখানে থেকে একটু পড়ছি। কারণ এগুলো ওদের একটু বোঝানো দরকার। মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতার ৮ পৃষ্ঠায় বলা হয়েছে, "ন্যূনতম প্রয়োজন কর্মসূচি"তে ধরা হয়েছে যে দশ বছরের মধ্যে যেসব গ্রাম জনসংখ্যা ১,৫০০ বা বেশি তার সবগুলি আর ১,০০০-,৫০০-এর কম জনসংখ্যাবিশিষ্ট গ্রামগুলির ৫০ শতাংশকে সড়ক যোগাযোগে যুক্ত করা হবে। ১৯৮১ সালের মার্চের মধ্যে প্রথমোক্ত পর্যায়ের ৪,৯২৮টি গ্রামের মধ্যে ২,৫০৭টি এবং দ্বিতীয় পর্যায়ের ৫,৫০০টির মধ্যে ২,৭৮৬টি গ্রামকে মুখ্য সড়ক কাঠামোর সাথে সংযুক্তিকরণ সম্পন্ন হয়ে যাবে। সুতরাং আগামী দশ বছরের মধ্যে ১,৫০০ বা ততোধিক জনসংখ্যাবিশিষ্ট বাকি ২,৪২১টি গ্রামের সড়ক সংযোগ বিধান করাই আমাদের আশু করণীয় কাজ। গ্রাম পিছু গড়ে এক কিলোমিটার রাস্তা তৈরি করতে এবং প্রতি কিলোমিটারের ব্যয় ৩ লক্ষ টাকা ধরলে ঐ লক্ষ্যমাত্রায় পৌঁছাতে আমাদের কমবেশি ৭৫ কোটি টাকা প্রয়োজন। এই উদ্দেশ্য নিয়ে আমরা অগ্রসর হচ্ছি এবং যেসব গ্রামে হাজার থেকে পড়ের শ'র মতো লোক বাস করনে সেইসব গ্রামের ৫০ শতাংশকে সড়ক বিন্যাস ব্যবস্থায় যুক্ত করার যে নির্ধারিত লক্ষ্য তা ইতিমধ্যেই

আমরা ছাড়িয়ে গেছি। মাননীয় সদস্যবৃন্দ নিশ্চয়ই এই সংবাদে আনন্দবোধ করবেন।

তা আমার প্রশ্ন হচ্ছে কে আনন্দ বোধ করবে? উলু বনে মুক্ত ছড়িয়ে কোনও লাভ আছে কি? সত্য বাপুলি মহাশয়ের বক্তৃতা শুনে আমার মনে হল যে, শুধু শুধু পয়সা খরচ করে এই সব ছাপিয়ে লাভ কি! বিরোধী দলের মাননীয় সত্য জ্ঞান সম্পন্ন সদস্য যদি পড়ে এসে এখানে বক্তৃতা না দেন, তাহলে এসব ছেপে লাভ কি! উনি কি বলে গেলেন? ওর মোদ্দা কথা হচ্ছে, 'দুর্নীতি, দুর্নীতি, দুর্নীতি। তা আমি জিজ্ঞাসা করি, কিসের দুর্নীতি? কে বলছে দুর্নীতির কথা, না ভোলাবাবুর দলের একজন সদস্য। কি বলছে, না আজকে পূর্ত বিভাগের খুব দুর্নীতি চলছে। তা আমি বলি, মিনিমাম নিডস প্রোগ্রাম তো এখনও চালু আছে, এবং সেটা আমাদের আমলের কোনও নতুন প্রোগ্রাম নয়, পুরানো প্রোগাম—তা আমি ওদের জিজ্ঞাস করি পশ্চিমবাংলায় কটা গ্রাম আছে? পশ্চিমবাংলায় বিধানসভার নির্বাচনী কেন্দ্র কটা আছে? ভোলাবাবু, "ভাতার" নির্বাচন কেন্দ্র ছাড়া আর কোনও নির্বাচনী কেন্দ্র আছে, না নেই? আজকে সেই "ভাতার"-এ উনি দুর্নীতির কথা বললেন। কংগ্রেস (ই) নেতা ভোলাবাবু মন্ত্রী থাকাকালীন তার নিজের নির্বাচনী কেন্দ্র ভাতারের প্রতিটি রাস্তা হয় পিচ দিয়ে, না হয় মোরাম দিয়ে পাকা করে দিয়েছেন। আর আজকে ওর দলের লোক এখানে দুর্নীতির কথা বলছে? কার বিরুদ্ধে বলছে? না যতীনবাবুর বিরুদ্ধে এবং আমাদের এসব কথা শুনতে হচ্ছে। এখানে কথা বলবার প্রিভিলেজ আছে বলে দুর্নীতির কথা, ঐসব কথা বলছেন আমি শুধু এইটুকু বলতে চাই যে, এই সব কথা এখানে না বলে, এই ঘরের বাইরে গিয়ে বলুন, যে হ্যাঁ, বামফ্রন্ট সরকারের পূর্তমন্ত্রী যতীন চক্রবর্তী বা কোনও রাজনৈতিক দল, যারা এর সঙ্গে যুক্ত আছেন তারা এই রকম ভাবে দুর্নীতি করছে। যদি সাহস থাকে সত্য বাপুলি মহাশয়ের বা তার নেতাদের তাহলে এই ঠান্ডা ঘরের বাইরে গিয়ে সেকথা বলুন, ফেস দি কনসিকোয়েন্সেস, আমার এই চ্যালেঞ্জ ওদের কাছে রইল। আমরা জানি, সেকথা বলার সৎসাহস ওনাদের নেই। কাজেই এই ঘরের ভিতরে অসত্য ভাষণ বলা যায় বলে যাচ্ছেন কারণ অসত্য ভাষণের সীমা পরিসীমা নেই। ওনারা বলে গেলেন দুর্নীতির কথা, কিন্তু ভোলাবাবুরা কি করেছিলেন? আবাসন নিয়ে দুর্নীতি করেন নি? আপনাদের আমলের বহু মন্ত্রী তাদের নিজেদের বাড়ি থাকা সত্ত্বেও ফ্ল্যাট দখল করেছিলেন এবং এখনও আছেন। এম এল এ হোসেটেলেও দখল করে আছেন। সুতরাং দুর্নীতির কথা আপনারা বলতে আসেন? আপনারা এইরকমভাবে যত রকমের সুযোগ-সুবিধা ছিল গ্রহণ করেছিলেন এবং গ্রহণ করে ডিপার্টমেন্টের কাজ সমস্ত বানচাল করে দিয়েছেন। মিনিমাম নিডস প্রোগ্রামের কথা বলি। ভোলাবাবু তো ভাতারে প্রত্যেকটি রাস্তা মোরাম করতে পারলেন, পিচ করতে পারলেন কিন্তু তার পাশে যে কাটোয়া আছে আরও পিছনে যে কেতু গ্রাম আছে, মুর্শিদাবাদ জেলা আছে সেইসব জায়গায় গিয়ে দেখুন চাকলার পর চাকলা পড়ে আছে—১ কিলোমিটার রাস্তাও মিনিমাম নিডস প্রোগ্রাম অনুযায়ী ভোলাবাবুরা করেন নি। বিগত ৩০ বছর ধরে ভোলাবাবুরা কি করেছেন? কিছুই করেন নি। আর আজকে দোষ দিচ্ছেন যতীন চক্রবর্তী মহাশয়কে, আজকে দোষ দিচ্ছেন বামফ্রন্ট সরকারকে। যারা ৩০ বছর ধরে মিনিমাম নিডস প্রোগ্রাম অনুযায়ী ১ কিলোমিটার রাস্তা করতে পারেন নি আর বামফ্রন্ট সরকার এই ৩/৪ বছরের

মধ্যে এই রকম একটা পজিশনের মধ্যে থেকে কি করে করতে পারে? ভোলাবাবু কি করেছেন? ট্রাইবাল এরিয়ার উন্নতি করার জন্য যে প্ল্যান করা হয়েছিল সেই প্ল্যানের টাকা রাস্তা তৈরি করার জন্য খরচ করেছেন যেখানে ট্রাইব্যাল নেই। ট্রাইব্যাল এরিয়ার ডেভেলপমেন্ট করার জন্য খরচ করার কথা বলা ছিল, আপনারা করেন নি। ফার্ম টু মার্কেটের যে স্কীম যেভাবে কার্যকর করা উচিত ছিল আপনারা তা না করে আপনাদের পছন্দমত এম এল এদের ধরে ধরে সেইভাবে করেছেন। সি এ ডি কে ভারত সরকার কোটি কোটি টাকা তুলে দিয়েছেন কিন্তু সেই টাকা খরচ করতে পারলেন না। একমাত্র কংসাবতীর কিছু রাস্তার কাজ হাতে নিয়েছিলেন। কত টাকা আপনারা ফেরত দিয়েছেন? ময়ূরাক্ষীর কমান্ড এরিয়ার বিভিন্ন ব্লকে, বিভিন্ন মহকুমায় কোনও রাস্তা হলনা—এইসবের কৈফিয়েত কে দেবে? আমরা দেব? ৩০ বছর ধরে আপনারা এই অবস্থা করে দিয়ে গেছেন আর এখন দুর্নীতির কথা বলছেন আর দুর্নীতির কথা বলে পালিয়ে গেলেন। জবাব শুনবার সৎসাহস নেই। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত দায়িত্ব নিয়ে আবার বলছি, আমাদের সরকার আর কিছু না হোক-দুর্নীতির সম্পূর্ণ উর্দ্ধে এবং যদি দুর্নীতি প্রমাণ করতে পারেন তাহলে চ্যালেঞ্জ থাকলো। এটা মনে রাখবেন, আপনারা, ঐ ভোলাবাবু ঐ সত্য বাবুর কাঁচের ঘরে বাস করছেন। কাঁচের ঘরে বাস করে অন্যকে ঢিল মারলে সেই ঢিল পাল্টা ঘরে এসে পড়বে তখন কাঁচের ঘর ভেঙ্গে চুরমার হয়ে যাবে কাজেই দুর্নীতির কথা বলবেন না। ভোলাবাবু সত্যবাবুর দুর্নীতির কথা যত না বলেন ততই ভাল, দেশের মঙ্গল। যাই হোক, আজকে পূর্ত মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

[5-15 — 5-25 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আবেদন করছি, প্রত্যেকবার এই বাজেটের আগে আমরা একটা বই পেতাম, 'রোডস ইন ওয়েস্ট বেঙ্গল একটা ছাপা বই আমরা পেতাম। এবার পাইনি। ডিটেলসটা ডিস্ট্রিবিউশনের আগে পেলে ভাল হত। সুতরাং কাজের অগ্রগতি আমাদের পক্ষে সম্ভব নয়। যাইহোক স্যার, আজকে এটা আলোচনার আগে পেলে আমাদের পক্ষে সুবিধা হত। বিভিন্ন বক্তা মাননীয় সদস্যরা বলেছেন আমাদের ইকনমিক first structure সম্বন্ধে Communication and road communication is most important one. আমি মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যে ফাইনান্সিয়াল কনসেন্ট্রেট যাই থাক আজেক যে পরিস্থিতিতে—আগের সরকারগুলি কাজ করে গিয়েছেন সেই পরিস্থিতিটা রাতারাতি পাল্টে যায় নি, কিন্তু অগ্রগতি যেখানে ছিল সেখানে আটকে থাকবে? মাননীয় অমল বাবু জোর গলায় বললেন যে সমস্ত কথা—আমি তাকে সবিনয়ে নিবেদন করতে চাই যে আমাদের পথ যাই হোক, আমরা দলাদলি ভুলে গিয়ে দলীয় স্বার্থে ভুলে গিয়ে আমাদের জাতীয় অর্থকোষ থেকে পশ্চিমবঙ্গের পাওনা আদায়ের জন্য সব দলের সব প্রতিনিধি মিলে একটা সমবেত চেষ্টা করি না কেন? এখানে সঙ্কীর্ণতার পরিচয় আপনারা দিয়েছেন Constituencies of the Opposition M.L.A.s. আপনারা আজকে তুলে ধরে বলেন—একটা স্কীম আপনারা নিয়েছেন? For

this important infrastructure in any of the Constituencies of the opposite 60 M.L.A.s of the State. জয়নাল আবেদিনের কি অপরাধ, অতীশ সিংহের কি অপরাধ, হাসানুজ্জামানের কি অপরাধ, প্রবোধ সিংহের কি অপরাধ? আমি ননী কর মহাশয়কে জিজ্ঞাসা করি আমাদের অধম প্রতিপন্ন করার চেষ্টা করলেন, আপনারা নরাধম। আজকে আরেকটা প্রশ্ন করি রাস্তা এবং রাস্তার ন্যাশনাল হাইওয়ে হবে যেখানে ভারত সরকার দায়িত্ব নিয়েছেন, আমি একাধিকবার হাউসে তুলেছি এন এইচ-৩৪-৩১ এবারে আপনাদের ধন্যবাদ যে কিছু এক্সটেনসিভ কাজ শুরু হয়েছে—এক্সটেনসিভ অন দিস সেক্টর গাজোল টু মালদা, এন এইচ-৩৪ স্টিল নট নেগোসিয়েবল। এটা আমার বক্তব্য নয়। আপনাদের বড় শরিক সি পি এমের কথা। আমাদের যে কথা—মাননীয় রাজ্যপাল তার ভাষণে বলেছেন যে রিজিওন্যাল ইমব্যালেন্স দূর করবেন। পূর্বে কেমন ছিল সেটাই বলতে চাই। এখানে রাস্তার যে কথা—রাস্তার লেঙ্থ সব এলাকায় সমান নয়। অনুন্নত এলাকায় লপসাইডেড ডেভেলপমেন্ট থাকা উচিত। সব দোষ কংগ্রেসের। ইন্টার মিডিয়েট পিরিয়ডে দু বার দায়িত্ব নিয়েছিল। দুটো বাজেট ভাষণেই এ কথা বলা হয়েছে। অমল বাবু চিরকার ধরে বলছেন আমরা এগিয়েছি। রিজিওন্যাল ইমব্যালেন্স দুর করার প্রতিশ্রুতি দিয়ে এক লাইন এক নয়া পয়সা দেবার কোথাও প্রস্তাব করা হয়নি। এই রাজ্যে আঞ্চলিক বৈষম্য আছে, সে বৈষম্য দূর করার জন্য এখন পর্যন্ত পূর্ত মন্ত্রী কিছুই করছেন না। তিনি শুধু পূর্ত মন্ত্রী নন, বিরোধী পক্ষের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন, তিনি শ্রমিক নেতা। আজ ব্রিজ, রোড তৈরি হচ্ছে—শ্রমিকদের মিনিমাম ওয়েজ যেটা তারা সেটা পাচ্ছে না। আমি ঝাড়গ্রামের দায়িত্বে ছিলাম, ঝাড়গ্রাম থেকে আমার কাছে খবর পাঠিয়েছে ওখানে কুঠিঘাট ব্রিজ তৈরি হচ্ছে সেখানে সাড়ে চার টাকা করে মিনিমাম ওয়েজেস দেওয়া হয়েছে। আজকে মাননীয় পূর্ত মন্ত্রী তিনি শ্রমিক নেতা বটে, কিন্তু তার দপ্তরে বিভিন্ন কন্ট্রাক্টার বিভিন্ন কাজে যারা আছেন—যারা অথরিটি তারা মিনিমাম ওয়েজ কোথাও দেওয়া হচ্ছে না। সরকারি কাজের মাধ্যমে মিনিমাম ওয়েজেস আদায় যদি করতে না পারি তাহলে কি হবে? মোর দ্যান এ ট্রেড ইউনিয়ন লিডার—আমাদের এখানে আর্থিক কনস্ট্রেন্ট আছে। আমি বার বার বলে আসছি যে ব্রিজ কর্পোরেশন কি করল, তার কাজ কতদূর এগোল?

অন্যান্য দেশের যেখানে এক্সচেকার অর্থ সঙ্কুলান করতে পারে না। কিন্তু ভাইটাল ও ক্রিটিক্যাল গ্যাপ যেখানে আছে সেই ব্রিজ কর্পোরেশন করে ব্রিজ করা দরকার ছিল। কিন্তু ডিউরিং ইওর টাইম এই ব্রিজ কোথায় হয়েছে, কোথায় নতুন প্রকল্প হয়েছে। আমরা ব্রিজ করে এসেছি—আপনি তার ফিতে কেটেছেন। আপনার আমল প্রায় ৪ বছর হয়ে গেল কোথায় কোনও নতুন প্রকল্প গ্রহণ করেছেন। বিশেষ করে যেখানে ক্রিটিক্যাল গ্যাপ আছে তা আমি জানতে চাই? রাস্তার পাশে যে জমি আসে সেই জমিগুলি ইউটিলাইজেশনের কি ব্যবস্থা করেছেন সেটা জানতে চাই? অবশ্য সাম হাউ অর আদার ইউটিলাইজেশন হয়ে যাচ্ছে, এনক্রোচমেন্ট হয়ে যাচ্ছে। এ বিষয়ে কোনও সর্বজন প্রথা বা নিয়ম দেখতে পাচ্ছি না। আপনি জানেন না এখানে রেল কমিউনিকেশন সীমাবদ্ধ। আমদের পয়েন্ট অব ক্যারিং ক্যাপাসিটি স্যাচুরেশনে পৌছেছে সুতরাং রাজ্যের উন্নতির জন্য অধিক পরিমানে যদি কমিউনিকেশন

না হয় এবং ক্রিটিক্যাল গ্যাপ মিট করার যদি প্ল্যান না করা হয় তাহলে কিছু হবে না। আজকে প্রাইওরিটি হিসাবে রাস্তায় নম্বর থাকা দরকার। আপনারা মেট্রো রেলের জন্য যত তৎপর সেই রকম অধিকতর তৎপর যদি গ্রামাঞ্চলের ক্ষেত্রে হন তাহলে ভাল হত। আবাসন সম্পর্কে বলব যে এই রাজ্যের তীব্র আবাসন সমস্যার কথা সকলেই জানেন। কিন্তু পশ্চিমবঙ্গ কি শহরেই সীমাবদ্ধ? আমি জানতে চাই পল্লী অঞ্চল সম্বন্ধে এ বিষয়ে কি চিন্তা করছেন? আমরা এইসব এলাকায় অ্যাসবেসটস দিয়ে বাড়ি করেছিলাম। কলকাতার পেরিফেরি যেসব শহর আছে—আদার দ্যান মাস্টার প্ল্যান—সেখানে কতগুলি স্কীম নিয়েছেন জানতে চাই? ইসলামপুরের জন্য কটা স্কীম নিয়েছেন জানতে চাই? পাবলিক এক্সচেকার ছাড়া কিছু ভলান্টিয়ারি অর্গানাইজেশন নতুন কিছু কিছু উদ্যোগ নিয়েছেন সেইসব আপনার দপ্তরের আডমিনিস্ট্রেটিভ কন্ট্রোলে। টেকনিক্যাল ভেটিং করে ছেড়েছেন যার জন্য বিভিন্ন স্কুলের কাজে বা অন্য কাজে অহেতুক দেরি করছে। এই বিষয়ে তৎপর হবার অনুরোধ করছি। বিরোধী দলের নেতা হিসাবে আপনার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল বলে বলছি যে মন্ত্রী হিসাবে এই রাজ্যের ইনফ্রাস্ট্রাকচার আপনাকে রাস্তার ব্যাপারে করতে হবে। একটা ফ্ল্যাট বিরোধীদলের সদস্যের রেকমেন্ডশনে আপনি দেন নি। ইউ আর পার্টিজান you are biased, অর্থাৎ বিরোধী পক্ষকে সম্পূর্ণ উপেক্ষা করে পলিটিকাল বায়াস নিয়ে আপনি বলেছেন বলে এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না।

[5-25 — 5-35 p.m.]

**শ্রী ত্রিলোচন মাল ঃ** স্যার এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে দুই একটি কথা বলতে চাই। আমার এলাকা সম্পূর্ণ গ্রাম্য এলাকা। কোনও রেল স্টেশন নাই। এক একটি এলাকা থেকে ১০/১৫ মাইল হেঁটে গিয়ে তবে পাকা রাস্তায় উঠতে হয়। আমার এলাকায় ৪/৫ বছর ধরে কোনও রাস্তা হচ্ছে না। রামগড় থেকে বিষ্ণুপুর এবং রামগড় থেকে কুড়িগ্রাম রাস্তাটি ২০ মিনিটের রাস্তা। কিন্তু সেই রাস্তায় যেতে ২ ঘণ্টা সময় লাগে। এই রাস্তাগুলি মেরামত করা দরকার। দুনি গ্রাম থেকে গোপালপুরের মধ্যের গ্রামগুলি অত্যন্ত ইনটিরিয়ারে। এখানকার মানুষগুলিকে সব হেঁটে যেতে হয়। সেখানে একটা কালভার্ট করে দিলে শহরের সঙ্গে যোগাযোগ হয়। শীতল গ্রামে যে হাসপাতাল আছে সেখানে ডাক্তারবাবুরা জয়েন করেই ছুটি নিয়ে চলে যান। আবার আসেন না। এর একমাত্র কারণ যোগাযোগের অভাব। সেজন্য অনুরোধ করছি শীতলগ্রাম থেকে ভদ্রপুর অথবা লোহাপুর মোড় পর্যন্ত লাল মাটি দিয়ে মোরাম ফেলে রাস্তা যেন করেন। ১৯৭৭ সালে আপনি যখন গিয়েছিলেন তখন সেখানকার অধিবাসীরা আপনাকে বলেছিল যে রামগড় থেকে ভায়া বিষ্ণুপুর হয়ে বহরমপুর পর্যন্ত যে একটা রাস্তা গেছে সেই রাস্তার উপর দ্বারকা ব্রিজ করলে ভাল হয়। কিন্তু তখন আপনি বলেছিলেন টাকা সাশ্রয় হলে করা যাবে। কিন্তু আজ ৩/৪ বছর হয়ে গেল আপনি যেমন এই বিষয়টা চিন্তা করেন। এই বলে মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[5-35 — 5-45 p.m.]

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পি ডবলু ডি মিনিস্টার ১৯৮১-৮২ সালের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণরূপে বিরোধিতা করে বলতে চাই যে, তিনি অনেক বড় বড় কথা বলেছেন—গ্রামঞ্চলে অনেক কাজ করেছেন, বিগত দিনে কংগ্রেস সরকার কিছু করে নি। কিন্তু তিনি যে বাজেট বক্তৃতা আমাদের সামনে রেখেছেন সেখানে আমরা দেখতে পাচ্ছি যে গ্রামাঞ্চলের ব্যাপারে বিশেষ কোনও কথাই তিনি বলেন নি। যেমন আমাদের পুরুলিয়া জেলার ব্যাপারে বলতে পারি। আমার কনস্টিটিউয়েন্সির কথা বলছি না, আমি তো বিরোধী দলের এম এল এ কিন্তু তার নিজের দলের এম এল এ সুধাংশুবাবুর এলাকায় ত এক ইঞ্চি পাকা রাস্তা তৈরি হয় নি। ৩ বছরের মধ্যে ঐ এলাকায় এক ইঞ্চিও পাকা রাস্তা হয় নি—এ ব্যাপারেও কি আমরা কিছু বলব না? আপনারা সত্য বাপুলিকে লক্ষ্য করে অনেক কিছু বলেছেন, কিন্তু আপনারা ক্ষমতায় আসার পর কি ব্যর্থ হন নি? তাহলে তো নিজের দলের কনস্টিটিউয়েন্সিতে কাজ করতে পারতেন। গোটা পুরুলিয়া জেলাতে ১ ইঞ্চি পরিমাণ পাকা রাস্তা তৈরি হয় নি। এগ্রিকাচারাল মার্কেটিং সোসাইটি থেকে এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট পর্যন্ত যে রাস্তা হওয়ার কথা পি ডবলিউ ডি ভেবেছিলেন সেটি আমাদের পুরুলিয়া জেলার সভাধিপতি যিনি আছেন তার বাড়ির দিকে পড়ে না, আসলে দেখা গেল রাস্তাটি সেদিক ঘুবে গেল। কিন্তু রাস্তাটি মার্কেটিং বোর্ডের যিনি চেয়ারম্যান তার বাড়ির পথেই হওয়ার কথা ছিল—সেদিকে না গিয়ে ভাতার কেন্দ্রের দিকে গিয়ে পড়ল—ঘুরে গেল। কিন্তু ভোলা সেন যখন পি ডবলিউ ডি মিনিস্টার ছিলেন তখন তিনি রাস্তাটি করেছিলেন। তাহলে রাস্তাটির কাজ আপনারা কি করলেন? হয়ত রাস্তাটির উপর রোলার দিয়েছেন, মাটি কিছু ফেলেছেন, তার উপরে মোরাম ব্যবহার করেছেন মাত্র এবং দাবি করছেন যে, আপনাদের সরকার রাস্তাটি তৈরি করেছেন। আর বিধানসভায় এসে ভোলাবাবু কি করছেন, কি করেছেন বলে গলা ফুলিয়ে বলছেন। আজকে এই কথা সত্যি নয়। কোনও রাস্তা তৈরি হয় নি আপনাদের সরকারের আমলে, যদিও কিছু করে থাকেন, তা করেছেন কিছু ইনফ্লুয়েনশিয়াল লোকের এলাকায়। আমাদের এলাকায় হচ্ছে বোকারো স্টিল প্ল্যান্ট, আমরা এলাকা থেকে মাত্র ৫ মাইলের পথ। ঐ বোকারো হচ্ছে একটা ইমপর্টান্ট জায়গা, এখানে একটি রাস্তা পর্যন্ত আপনারা তৈরি করলেন না এবং ওখানে কোনও জমি অধিগ্রহণ পর্যন্ত করেন নি। বোকারোর সঙ্গে যোগাযোগ রাখলে সেই এলাকার অর্থনৈতিক অবস্থার কিছু উন্নতি ঘটতে পারে। হাউসিং এর ব্যাপারে বলতে পারি, এখানে প্রচন্ড দুর্নীতি রয়েছে। এই ব্যাপারে জেলাগুলিতে ব্যাপক দুর্নীতি রয়েছে। হাউসিং বোর্ডের যিনি চেয়ারম্যান তাকে উদ্দেশ্য করে বলতে চাই যে, এই ক্ষেত্রে প্রচন্ড দুর্নীতি আছে। এখানে জনতা পার্টির এম এল এ আছেন, তিনি কন্টাই সাব-ডিভিসনের রিজার্ভ সিটের নির্বাচিত প্রতিনিধি—সেখানে ৩ বছরে একটা করবার চেষ্টা করা হচ্ছে বলেছেন, কিন্তু রাস্তা আজ পর্যন্ত হয় নি বা কোনও নমুনা আজ পর্যন্ত দেখা গেল না। এর পরেও কি আপনারা বলবেন আপনাদের বাজেটে কোনও বৈষম্য কিছু থাকে না? রাস্তা হল মানুষের দেহের মতো, রাস্তা তৈরি হলে তা দেশের দশের প্রয়োজনে আসে। আপনাদের সময়ে এই রাস্তার সমস্যা

থাকে, বেকার সমস্যা থাকে—আপনারা গঠনমূলক কোনও পরিকল্পনাই গ্রহণ করতে পারেন না যাতে করে গ্রামের অর্থনৈতিক অবস্থার কিছু উন্নতি ঘটতে পারে। কিন্তু রাস্তার ক্ষেত্রে যতটা নিজেদের ব্যবস্থা করে নিয়েছেন কিন্তু রাস্তা ঘাটের কিছু ডেভেলপ করতে পারেন নি। রাস্তাঘাটের ব্যাপারে দুর্নীতি ঢুকিয়ে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। এইজন্য এই বাজেটকে সমর্থন না করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-35 — 5-45 p.m.]

**শ্রী মীর ফকির মহম্মদ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই বাজেট আসার পর যে কয়েক জন বক্তা বক্তব্য রাখলেন বিশেষ করে কংগ্রেস (ই) বেঞ্চের সত্য বাপুলি মহাশয় বাজেট পেয়ে না পড়ে প্লাটফর্ম এ বক্তব্য রেখে চলে গেলেন। তিনি বললেন তাদের আমলে কাজ হয়েছে। সেই জন্য জনসাধারণ তাদের পার্টি কে ছোট করে দেখেছেন এবং এমন ছোট হয়ে গেছেন যে তাকে চিফ হুইপ থেকে প্রেসিডেন্ট এবং তারপর সেক্রেটারি অত্যন্ত বড় পার্টির লোক তিনি। আমরা যাই বলি আমাদের বাজেটের কথা বা যাই করি না কেন ওরা বলেন যে আমরা কিছুই করিনি। অর্থাৎ "যারে দেখতে নারি তার চলন বাঁকা" গ্রামের কথা যেটা আছে। আমরা কিছু করি না আমরা দুর্নীতি করছি আমরা যা কথা বলি সব বাজে কথা। একটা রাস্তার কথা বলি কংগ্রেস আমলে দেবগ্রাম চাকুন্দি ভায়া ঘোসালপুর ঘাট দেবগ্রাম কাটোয়া লিংক রোড এই রাস্তা তৈরির জন্য ৪ লক্ষ টাকা স্যাংশন করা হয়েছিল। কিন্তু তার ১ মাইল হবার পর ৪ লক্ষ টাকা শেষ হয়ে গেল। ওরা ধর্মপুত্র যুধিষ্ঠির। ভোলাবাবুর কনস্টিটিউয়েন্সিতে কি হয়েছে না তিনি যে বাড়ি তৈরি করেছিলেন সেখানে লোক বাস করে না, সেখানে খালি বাড়ি পড়ে আছে অথচ যেখানে লোক বাস করে সেখানে ঘর তৈরি করা হল না। আমি জানি এই সীমিত অর্থনৈতিক ক্ষমতার মধ্যে পূর্ত মন্ত্রী যা করেছেন যথেষ্ট আমি জানি আমরা জেলায় পলাশি পাড়া বেতাই সড়কে হুগলি নদীর উপর ডি এল রায় সেতু, নবদ্বীপ গঙ্গার উপর গৌরাঙ্গ সেতু সমাপ্ত, চুর্নি নদীর উপর আড়ংখাটার কাছে সেতুর কাজ চলছে, বারাসত-বসিরহাট সড়ক উন্নয়ন সোদপুর-মধ্যমগ্রাম সড়ক উন্নয়ন বোলপুর নানুর সড়ক উন্নয়ন, বর্ধমান কাটোয়া সড়ক উন্নয়ন কাটোয়া শহর উপকণ্ঠে অজয় সেতুর কাজ চলছে। বহরমপুর ইসলামপুর সড়কে গোবর নালার উপর বালিরঘাট সেতুর কাজ চলছে। আবাসন বাস গৃহ নির্মাণ আরও কাজ হাতে নেওয়া হয়েছে। জাতীয় নেতা, বিপ্লবী, শহিদ, সমাজ সংস্কারক, এবং সাহিত্যিকদের প্রতিমূর্তি তৈরি করা হয়েছে তবুও ওরা বলছেন আমরা কিছু করছি না কাজ কিছু হচ্ছে না। খরার জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন সেখানে কেন্দ্রীয় সরকারের কার্পন্য থাকা সত্ত্বেও ওরা কিছু বলছেন না। আমরা যখন সেই অর্থের জন্য বলি তখন ওরা দিল্লি থেকে ফিরে এসে বলেন, এই সরকার ভেঙ্গে দেওয়া হবে। এই তো সেদিন ভোলাবাবু বললেন, আপনারা জুন মাস পর্যন্ত আছেন। এরা শুধু ধ্বংস করবার জন্য, দাঙ্গা বাঁধাবার জন্য এবং অশান্তি পাকাবার জন্য আছেন। তাই আমি কংগ্রেসি বন্ধুদের বলছি, আমরা কিভাবে শান্তিপূর্ণভাবে

এগিয়ে যেতে চেয়েছিলাম, কোথায় যেতে চেয়েছিলাম সেটা একবার আপনারা চিন্তা করে দেখুন। ওরা আমাদের কারবালায় যেতে বলছেন। আমরা কারবালায় যেতে রাজি আছি, আমরা কারবালায় যাব এবং চূড়ান্ত ত্যাগের মধ্য দিয়ে নতুন ভাব প্রতিষ্ঠা করব এবং জনতার ঘৃণা এবং ক্রোধাগ্নিতে ওদের চিতা প্রজ্জ্বলিত হবে।

কাজেই আপনাদের বলছি, চিৎকার করে জনতার অগ্রগতি ব্যাহত করতে পারবেন না। ওরা যখন হাসেন তখন সেই হাসির প্রতিচ্ছবিতে প্রস্ফুটিত হয়ে ওঠে গ্রামের কালোবাজারি এবং মুনাফাখোরদের প্রতিছবি। ওরা যখন গ্রামের গরিব লোকদের জন্য দরদ দেখান তখন ওদের মুখে ফুটে ওঠে সেই ঘৃণা সুদখোরদের প্রতিছবি। স্যার, ওই রাজা রাজবল্লভ এবং জগতশেঠকে আমরা জানি। জনতা ওদের চিনে নিয়েছে বলে আজকে ওদের এই অবস্থা। কিন্তু আশ্চর্যের বিষয় তবুও ওরা আমাদের অগ্রগতির কথা স্বীকার করছে না, বরং আমাদের অগ্রগতির পথে বাধা সৃষ্টি করছে। ওয়ারেন হেস্টিংস-এর মুৎসুদ্দি গঙ্গা গোবিন্দ সিং এবং কামালউদ্দিনের মিথ্যা সাক্ষীতে সেদিন ওয়ারেন হেস্টিংস মহারাজ নন্দকুমারকে ফাঁসিতে ঝুলিয়েছিল। তবে আমি ভোলাবাবু এবং বাপুলিবাবুকে বলছি, আপনারা এটা জেনে রাখুন মিথ্যা বুলি বলে পশ্চিমবাংলার মানুষের প্রতিরোধ করা যাবে না। আপনারা এটাও জেনে রাখুন, দেশের মানুষ আপনাদের ভালভাবে চিনে নিয়েছে। যাহোক, আগামীদিনের জন্য যে সমস্ত কাজ হাতে নেওয়া হয়েছে এবং যেগুলি ইতিমধ্যে করা হয়েছে তা পূর্তমন্ত্রীর ভাষণে পরিস্ফুট হয়েছে। তবুও আমি স্বীকার করি এখনও বহু রাস্তা করা দরকার গ্রামের সঙ্গে সংযোগ রক্ষা করবার জন্য। আমার এলাকায় কৃষ্ণনগর—করিমপুর রাস্তাটি আরও প্রস্তত করা দরকার। আমরা জানি জঙ্গী নদীর উপর আর একটি সেতুর প্রয়োজন। বল্লভপাড়া থেকে কাটোয়াঘাটের সঙ্গে যোগাযোগ স্থাপনের জন্য ভাগীরথীর উপর আর একটি সেতুর প্রয়োজন। তেহট্ট—চকবিহারীতে জলঙ্গী নদীর উপর একটি সেতুর প্রয়োজন। তবে এরজন্য যে অর্থের প্রয়োজন সেটা কোথা থেকে আসবে? ওরা এখানে বসে চিৎকার করছেন এবং তারপরই দিল্লিতে গিয়ে ইন্দিরা গান্ধীকে বলছেন, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে ভেঙ্গে দিন। ওদের এই চাতুরি, ওদের এই খেলা পশ্চিমবাংলার মানুষ জানে কাজেই আগামীদিনে ওদের চরম শিক্ষা এবং জবাব পশ্চিমবাংলার মানুষ দেবে। কংগ্রেসি বন্ধুদের বলছি, তারা যে কুকীর্তি করেছেন তারজন্য প্রস্তুত থাকুন। আমি আমার বক্তব্য আর দীর্ঘায়িত না করে পূর্তমন্ত্রীর বাজেট সমর্থন করে বক্তব্য শেষ করছি। বিপ্লব দীর্ঘজীবী হোক।

[5-45 — 5-55 p.m.]

**শ্রী রেণুপদ হালদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পূর্ত দপ্তরের যে ব্যয় বরাদ্দ মাননীয় মন্ত্রী মহাশয় রেখেছেন সেই ব্যয় বরাদ্দের দাবি সম্পর্কে বলতে গেলে এই কথাই বলতে হয় যে এর আগে কংগ্রেস আমলে এই বিভাগে যে প্রচুর দুর্নীতি ছিল এবং যে দুর্নীতির অভিযোগ এখানে তোলা হয়েছিল, এই বামফ্রন্ট সরকার আসার পর এবং মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় মন্ত্রী হবার পর তিনি আশ্বাস দিয়েছিলেন যে এই দুর্নীতি দূর করবেন। আমরা দেখতে পাচ্ছি সেই দুর্নীতি দূর হয় নি। এই দুর্নীতি আগে যে জায়গায় ছিল আজকে

আর সেই জায়গায় নেই দুর্নীতি আরও ব্যাপকভাবে বেড়ে গেছে। আজকে যে দুর্নীতি চলছে এটা দূর করার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা উচিত ছিল সেই রাস্তা এরা গ্রহণ করেন নি। যে এস্টিমেট অনুসারে কাজ হচ্ছে সে রাস্তা হোক ব্রিজ হোক কালভার্ট হোক আর বিল্ডিংসই হোক সেই কাজের বিবরণ স্থানীয় জনসাধারণকে জানিয়ে দেওয়া হোক এই কথা আমরা বলেছিলাম। কিন্তু সেই জানানোর ব্যবস্থা নেই। ফলে যেসব কাজ হচ্ছে তাতে অনেক ক্রটি বিচ্যুতি থেকে যাচ্ছে। এটা যদি আজকে গ্রাম পঞ্চায়েতকে কাজের পূর্ণ বিবরণ দেওয়া হত তাহলে এই যে দুর্নীতি চলছে এটা অনেকাংশ দূর কবা যেত। আজকে এই বিভাগ সম্পূর্ণ কন্ট্রাক্টারের অধীনে রয়েছে। তারা যে দিকে পরিচালিত কবছে সেই দিকে এই বিভাগ পরিচালিত হচ্ছে। কম টাকায় লোয়েস্ট টেন্ডারে তারা কাজ করে এবং কি করে কম মাল নিয়ে কম জিনিসপত্র দিয়ে এবং নিম্ন মানের জিনিস পত্র দিয়ে কি করে বেশি কাজ করা যায় তার চেষ্টা করছে এবং সেইভাবে অর্থ সংগ্রহ করছে। তারা চেষ্টা করছে কি করে বেশি লাভ করতে পারে। এইভাবে লেস টাকায় কাজ করার জন্য বহু ক্রটিবিচ্যুতি থেকে যাচ্ছে এবং দুর্নীতি হচ্ছে। এটা কিন্তু দূর করার চেষ্টা করা হয় না। আজকে কন্ট্রাক্টররা যে সিমেন্ট লোহা পাচ্ছে সেই সমস্ত জিনিস কাজের থেকে উদ্বৃত্ত করে বাজারে বিক্রি করছে। এই অভিযোগ তোলা হয়েছে যে এই সমস্ত জিনিস বিক্রি করে প্রচুর মুনাফা তারা করছে। কিন্তু এই ডিপার্টমেন্ট থেকে বলা হয়েছে এদের কাজ সম্বন্ধে আপনাদের ধারণা নেই এরা ঠিকই কাজ করছে এবং কাজের কোনও অসুবিধা হচ্ছে না। এই রকম ধরনের উত্তর হওয়া উচিত কিনা সেটা আপনারা ভেবে দেখবেন। এই সমস্ত দুর্নীতি দূর করার ব্যবস্থা না করে যদি তাদের এইভাবে প্রশ্রয় দেওয়া হয় তাহলে যে রকম ধরনের রাস্তা বা ব্রিজ হওয়া দরকার তা না হয়ে নিম্ন মানের জিনিসপত্র দেওয়ার জন্য নিম্নমানের কাজ হচ্ছে এবং এতে জনসাধারণ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এটা দূর হওয়া দরকার। এই অপচয় যদি দূর করা যায় তাহলে আরও রাস্তা বা অন্যান্য ডেভেলপমেন্টের কাজ করা যেতে পারে। কিন্তু সেটা হচ্ছে না। আমরা দেখতে পাচ্ছি যে মেনটেনেন্সের কাজ আজ পর্যন্ত সর্বত্র সঠিকভাবে হচ্ছে না। অতীতে যা হয়েছে তার থেকে আরও খারাপ হয়ে পড়েছে। অনেক রাস্তা চলাচলের অযোগ্য হয়ে রয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে রাস্তার অবস্থা সম্পর্কে এবং যাতে এইগুলি সংস্কার করা হয় তারজন্য বলেছিলাম। কিছু সামান্য পরিবর্তন হলেও সেখানে যেভাবে পরিবর্তন হলে যানবাহন চলাচল অব্যাহত থাকতে পারে সেইরকম ভাবে হয়নি। ফলে বর্ষার সময়ে যে অবস্থা সেখানে হয়ে দাঁড়ায়, এ বছর সেই অবস্থায় দাঁড়াবে। দু নম্বর রাস্তা করার ব্যাপারে খুব ঢিলেঢালা ভাব। সেখানে টেন্ডারদের ডাকা থেকে শুরু করে সমস্ত কাজগুলো যেভাবে ধীর গতিতে হচ্ছে ফলে কাজ শেষ হতে সময় লাগছে, সেটা দূর করবার কোনও ব্যবস্থা হচ্ছে না। এখানে যে সমস্ত রাস্তা বা ডেভেলপমেন্টের যে কাজগুলো নেওয়া সেখানে অনেকে হয়ত জমির মালিক তারা হাইকোর্টে কেস করে দেয়, সেইগুলোর যাতে তাড়াতাড়ি নিষ্পত্তি হয় তার ব্যবস্থা করা উচিত। কাজগুলো ত্বরান্বিত না হওয়ার ফলে এই রকম যে কাজ সেগুলো পড়ে রয়েছে। আমি বলতে চাই আজকের এই আবাসন সম্পর্কে—এখানে যে কারণের জন্য করা হয়েছে, যারা স্বল্প আয়ের লোক তারা যাতে এই ঘর স্বল্প ভাড়ায় পেতে পারে তার ব্যবস্থা করা দরকার।

এখানে যে যে নিয়মে করবার কথা হয়েছে সেই নিয়মে হচ্ছে না, দলীয় লোকেরা সুযোগ পাচ্ছে এবং বেশির ভাগ ক্ষেত্রে দলবাজি হচ্ছে, এই ঘটনা ঘটছে। আমি আর একটা কথা বলতে চাই, সেটা হল সরকারি কর্মচারিদের মধ্যে পি ডবলিউ ডি-র যারা চতুর্থ শ্রেণীর কর্মচারী, তাদের যে সমস্ত এরিয়ার পড়ে থাকে, তাদের যে সমস্ত টাকা পয়সা তাদের দপ্তরে পড়ে থাকে সেইগুলো পেতে গেলে তাদের খুব অসুবিধায় পড়তে হয়। তাদের এই যে ডিভিসনাল অফিসগুলি থেকে এই নিম্নতম আয়ের কর্মচারী তাদের ঘুষ দিয়ে সেই সমস্ত টাকা তুলতে হয়। এটা দূর হওয়া দরকার। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-55 — 6-05 p.m.]

**শ্রী বিক্রম টুডু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন সেটাকে আমি পূর্ণ সমর্থন করছি। আমি রাস্তাঘাট সম্পর্কে গুটিকয়েক কথা বলতে চাই। বিরোধী পক্ষ থেকে যে বক্তব্য এখানে রেখেছেন তারা আগগোড়া বিরোধী বক্তব্যই রেখেছেন। আমি বিশেষ করে পুরুলিয়া জেলার এম এল এ শান্তিরাম মাহাতো লিংক রোড সম্পর্কে যে কথা বললেন সেই সম্পর্কে বলতে চাই—উনি বললেন জেলা পরিষদের সভাধিপতি যে পথ দিয়ে যান সেই রাস্তা হয়েছে। উনি জানেন না আদৌ সেখানে কোনও রাস্তা হয়নি। রাস্তা বলতে লিংক রোড, মার্কেটিং লিংক রোড একমাত্র বলরামপুরে যেটা হয়েছে বাঘাডি থেকে হনুমাতা ড্যাম, আরেকটা হতে যাচ্ছে সাপুয়া থেকে বেড়াকেরয়া। আজ পর্যন্ত লিংক রোড হয়নি। একমাত্র বহরমপুর ছাড়া আর কোথাও হয়নি। স্যার, এই রাস্তা সম্পর্কে আমাদের যা বক্তব্য সেটা হচ্ছে কংগ্রেস আমলে যে সব জায়গায় রাস্তাঘাট ছিল না এই বামফ্রন্ট সরকার আসার পর বিভিন্ন জায়গায় ছোটখাট রাস্তা হয়েছে এবং কিছু লিংক রোড হয়েছে। এই প্রসঙ্গে স্যার, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে এই যে ৩২ নং জাতীয় সড়ক মাঝে মাঝে যে কালভার্ট আছে— পুরুলিয়া থেকে চান্ডিল পর্যন্ত রাস্তায় যে সমস্ত কালভার্ট আছে সেগুলি চওড়া করা হয়েছে কিন্তু রাস্তার কাটানগুলি এখনও রয়ে গিয়েছে। তারপর বহরমপুর শহরের যে অবস্থা এখানে রাস্তার দু সাইডে ড্রেন না থাকার জন্য রাস্তার উপর এক হাঁটু করে জল জমে যায় ফলে হ্রদের মতো অবস্থা হয়ে যায়। বিগত সরকার এ ব্যাপারে কিছুই করেন নি। এই সরকার আসার পর সেখানে কাজ শুরু হয়েছে। সেই কাজ মাঝে মাঝে হচ্ছিল, মাঝে কিছুদিন বন্ধ ছিল, কাজ যাতে বন্ধ না হয় সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ করছি। স্যার, এখানে রাস্তা সম্পর্কে ওরা যা বলে গেলেন সে সবই অসত্য কথা। আমরা কি কাজ করেছি না করেছি সেটা দেশের মানুষই বিচার করবেন। স্যার, এই প্রসঙ্গে একটি ঘটনার কথা বলি। সেদিন বাসে করে যাচ্ছিলাম, বাসে কয়েকজন কংগ্রেসি যুবক এক বৃদ্ধের সঙ্গে বামফ্রন্ট সরকার কি করেছেন, না করেছেন তাই নিয়ে তর্ক আরম্ভ করে দেন। সেই বৃদ্ধ ভদ্রলোক বলেন কংগ্রেস ৩০ বছরে কি করেছে আর বামফ্রন্ট সরকার এই ৪ বছরে কি করেছে সে হিসাব তো বাসের মধ্যে বসে দেওয়া যায় না, আপনারা চলুন গ্রামাঞ্চলে, সেখানে গিয়ে অঞ্চল ভিত্তিক, ব্লক ভিত্তিক হিসাব নিন, গ্রামের মানুষের কাছে জিজ্ঞাসা করুন তারপর খাতা কলম নিয়ে

হিসাব করে দেখুন কোন আমলে কি কাজ হয়েছে। শেষ পর্যন্ত তারা বাস থেকে নেমে গেলেন। তারপর স্যার, এখানে শান্তিরামবাবু যেসব কথা বললেন সেটাও অসত্য কথা। স্যার, আমাদের মানবাজারের ২নং ব্লকের যে অবস্থা সেটা হচ্ছে চারিদিকে নদী, খালবিল, সেখানে যোগাযোগের জন্য সেতু হয়েছে। এই সেতুর কাজ যাতে তাড়াতাড়ি হয় সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি। এই বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-05 — 6-15 p.m.]

**শ্রী হরিপদ জানা (পিংলা) :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তার পরিপ্রেক্ষিতে দু একটি কথা বলতে চাই। এখানে সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের সদস্যরা তাদের বক্তব্য রেখেছেন বিভিন্ন দিক থেকে। আমি সেদিকে যেতে চাচ্ছি না। তারা পরিসংখ্যান দিয়ে স্ট্যাটিসটিক দিয়ে সমস্ত কথা বলেছেন। আমি সেদিকেও যাব না। আমি শুধু একটা কথা বলতে চাই যে এই পূর্ত বিভাগ একটা গুরুত্বপূর্ণ বিভাগ এবং একটা দায়িত্বপূর্ণ বিভাগ। এই বিভাগের যিনি থাকবেন তাকে খুব দায়িত্বশীল হতে হবে। কেননা, এর উপর নির্ভর করছে আমাদের অর্থনৈতিক উন্নতি। আজকে আমি এইটুকু নিবেদন করব যে ওনার দৃষ্টিভঙ্গিটা যেন প্রসারিত করেন। উনি এবং আপনিও জানেন যে গ্রামে ৭০ থেকে ৮০ ভাগ লোক বাস করে। সেখানে ক্ষেতমজুর, গরিব কৃষক, শ্রমিক এবং হয়ত বুদ্ধিজীবীও আছেন, যাদের আপনারা বুর্জোয়া বলেন, কিন্তু সেটা সংখ্যায় খুব কম। গরিব ক্ষেতমজুর, শ্রমিক তারা সংখ্যায় অনেক বেশি। কাজেই তাদের দিকে লক্ষ্য রাখতে হবে। আপনারা বলেন যে আপনারা শ্রমিক দরদি। আপনারা বলেন যে আমরা সীমিত ক্ষমতার মধ্যে আছি। এটা ঠিক যে সংবিধানের নিয়ম অনুযায়ী আপনাদের ক্ষমতা সীমিত। কিন্তু এই কথা স্মরণ করিয়ে দিতে চাই যে ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় যখন এসেছিলেন তখন এই হাউসে বলেছিলেন যে আপনারা প্রতিটি কেন্দ্রে ৩ কিলো মিটার করে পাকা রাস্তা করে দেবেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা যে আপনাদের সেই দৃষ্টিভঙ্গি সুদুর প্রসারিত নয়। অন্যান্য সদস্য যারা আছেন, তাদের ওখানে রাস্তা হয়েছে কিনা আমি জানি না। কিন্তু আমার কেন্দ্রে এক ইঞ্চিও পাকা রাস্তা হয়নি। আমি জানি না যে কোন দৃষ্টিভঙ্গির ফলে এটা হয়নি। আমি সেই আবেদন নিয়ে রাইটার্স বিল্ডিংসে গিয়েছিলাম মাননীয় পূর্ত মন্ত্রীর সঙ্গে দেখা করতে। সেখানে গিয়ে তার সি এ এবং পি এ যারা আছেন তাদের কাছে স্লিপ দিয়ে ঘণ্টার পর ঘণ্টা বসে ছিলাম। তারপর আমাদের দেখে তিনি বিরক্ত ভাব প্রকাশ করে বললেন যে রাস্তা-টাস্তা হবে না। আমি তখন বললাম যে আমি কেন এসেছি না জেনে আপনি বলে দিলেন যে রাস্তা হবে না। তিনি বললেন যে তাহলে কি আমাকে ভালবাসতে এসেছেন। এই রকম একটা ব্যবহার তার কাছ থেকে আমি আশা করিনি। আমরা জনপ্রতিনিধি, আমরা জনসাধারণের যে আবেদন-নিবেদন সেগুলি নিয়ে ওনাদের কাছে বলব না, মন্ত্রীদের কাছে বলব না, তবে কার কাছে বলব? যাইহোক, আমি সে কথার ভিতর আর যেতে চাই না। আমি শুধু এই কথা বলতে চাই

যে আজকে যদি শহরকে বাঁচাতে হয় তাহলে আগে গ্রামের দিকে তাকাতে হবে, গ্রামকে বাঁচাতে হবে। গ্রামকে না বাঁচালে শহর বাঁচবে না। ডাঃ বিধানচন্দ্র রায় বলতেন, আগে কৃষিকে দেখতে হবে, আগে স্বাস্থ্যকে দেখতে হবে, আগে পূর্তকে দেখতে হবে এবং এর উপর জোর দিতে হবে। আজকে যারা গ্রামে বাস করে, তারা মনে করে যে গ্রামে বাস করা তাদের জীবনে একটা অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। সেখানে ডাক্তার যাবে না, রাস্তা পাবে না, কোনও কিছুই পাবে না। কংগ্রেস আমলে ওখানে একটা রাস্তা জেলাপরিষদ প্রাইওরিটি দিয়েছিল। সেই রাস্তাটা জেলা পরিষদ ১৯৬৫ সালে ফার্স্ট প্রাইওরিটি ছিল। বিষ্ণুপুর (ও টি রোডঃ টু রাধামোহনপুর নয়া (অন ময়না পিংলা রোড) আর দ্বিতীয়টি হচ্ছে তেমাথানি টু মদনমোহনপুর চক টু মকরামপুর-বেলটি (নায়ারণপুর পি এস) এই স্কীমগুলি ছিল কিন্তু বর্তমান সরকার সেই বিষ্ণুপুর টু নয়া এই পর্যন্ত এক্সটেনশন না করে নয়া টাকে বাদ দিয়ে রাধামোহনপুর রেলওয়ে স্টেশন করলেন। তার চিঠি আমার কাছে রয়েছে। তৎকালীন মন্ত্রী শ্রী সুবোধ ব্যানার্জি মহাশয়ের ডিপার্টমেন্ট থেকে ২১-৭-১৯৬৯ তারিখে চিঠি দিয়েছে।

আর একটি চিঠি দিয়েছে রামকৃষ্ণ সারোগি মহাশয় Please refer to the joint petition dated 24-11-75 submitted by you and others on the construction of Bishnupur-Radhamohanpur Naya Road in the district of Midnapore. It appears from the report of the Executive Engineer, Midnapore State Highway Division that the earth-work on this road was started after getting formal possession of land. But the contractor to whom this work was entrusted failed to complete the work. The contract with this party was terminated with imposition of penalty. It also appears from the report that the balance earth-work in the first 3 kms. has been allotted to three different Labour Co-Operative Societies. The earth-work has been strated again during the month of May, 1976। সুতরাং জিনিসটা ডিপার্টমেন্ট কি করে নয়াটাকে ছাঁটাই করে দিলেন? আমি অবশ্য বলছি না, দীর্ঘ ৩০ বছরে যা হয়নি এই ৩ বছরে তা হয়ে যাবে—একথা আমি বলছি না। দীর্ঘ ৩০ বছরে আরও বেশি হওয়া উচিত ছিল। বছরে যদি ৩ কিলোমিটার রাস্তা হত তাহলে ৩০ বছরে ৯০ কিলোমিটার রাস্তা হত। কিন্তু আমি আশা করেছিলাম বর্তমান বামফ্রন্ট সরকারের পূর্তমন্ত্রী মহাশয় যে আশ্বাস দিয়েছিলেন তা নিশ্চয়ই হবে কিন্তু রাস্তা তো দুরের কথা কিছুই হল না। মোগরামপুর থেকে অলঙ্কারপুর পর্যন্ত ৩ কিলোমিটার রাস্তা মোরাম হয়েছে আবার তে-মাথানি থেকে মদনমোহনচক পর্যন্ত ৩ কিলোমিটার রাস্তা হয়েছে কিন্তু মাঝখানে যে ৬ কিলোমিটার মতোন রাস্তা আছে সেটা এখনও পর্যন্ত হয়নি। এই রাস্তাটি না হওয়ার জন্য বি ডি ও অফিস এবং জে এল আর অফিসে যেতে কত অসুবিধা হয়। এখানে হাসপাতাল আছে সব আছে কিন্তু রোগী নিয়ে যাবার উপায় নেই, মার্কেটিং এর জন্য যাওয়া যায় না। কোনও দুর্ঘটনা ঘটলে থানাতে গিয়ে যে ইনফরমেশন দেবেন তারও উপায় নেই। এই রকম অবস্থা সেখানে হয়ে আছে। এবার আমি আমার এলাকা সম্বন্ধে দু একটি কথা বলছি, হয়তো রাস্তা করবার জন্য যাদের কম জমি আছে তারা আপত্তি করে না, রাস্তার জন্য ছেড়ে দেয়। কিন্তু যাদের বেশি জমি

আছে তারা হাইকোর্টে ইনজাংশন প্রেয়ার করে রাস্তা করতে বাধা দিচ্ছে। জামনা থেকে বাড়বেটে পর্যন্ত রাস্তাটি, দীর্ঘ ১৫ কিলোমিটার রাস্তাটির কাজ ইনজাংশনের জন্য বন্ধ হয়ে আছে। যাতে তাড়াতাড়ি ইনজাংশন ভেকেট করে রাস্তাটি কমপ্লিট করা যায় তার জন্য চেষ্টা করতে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। পরিশেষে আমি ফ্ল্যাট সম্বন্ধে দু একটি কথা বলব। এখানে অনেক ফ্ল্যাট তৈরি হচ্ছে এবং ভাড়া দেওয়া হচ্ছে—সবাইকে দেওয়া হচ্ছে—কিন্তু বিরোধী পক্ষের সদস্যরা পাচ্ছেন কিনা জানি না। আমি যখন মন্ত্রীর কাছে এ ব্যাপারে গিয়েছিলাম তখন তিনি বলেছিলেন, ফ্ল্যাট নেই, খালি নেই। ফ্ল্যাট বিরোধী পক্ষের সদস্যরা পাবেন কি পাবেন না সে সম্বন্ধে আমরা এখনও কিছু বুঝতে পারছি না। সরকার পক্ষের সদস্যরা ফ্ল্যাট পেয়েছেন এবং পাচ্ছেন, এই ইনফরমেশন আমাদের কাছে আছে। এই বলে নীতিগতভাবে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-15 — 6-25 p.m.]

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পূর্ত মন্ত্রীর বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। তার কারণ হচ্ছে গত ৩০ বছর ধরে দলবাজি এবং অবৈজ্ঞানিক পদ্ধতিতে যেভাবে পূর্ত বিভাগের কাজকর্ম চলেছিল তা থেকে এই বিভাগকে মুক্তি দেওয়ার জন্য বর্তমান পূর্তমন্ত্রী চেষ্টা করেছেন। তিনি তার বাজেট বক্তৃতার মধ্যে বলেছেন যে, যেকোনও এরিয়াতেই এরিয়ার ডেনসিটি অব পপুলেশন-এর দিকে লক্ষ্য রেখে রাস্তা করা উচিত। তার বাজেট বক্তৃতার মধ্যে তিনি বলেছেন যে, ১৫০০ জনের জনসংখ্যার ভিত্তিতে প্রতিটি গ্রামকে ১০ বছরের মধ্যে পাকা রাস্তার সঙ্গে সংযুক্ত করা হবে। এই জাতীয় ঘোষণা আগেকার সরকার কোনও দিন করতে পারেনি। বর্তমান সরকার তা করেছেন। তিনি আরও বলেছেন যে, ওয়াগানের অভাবে, বিটুমেনের অভাবে এবং কন্ট্রাক্টরদের অসহযোগিতার জন্য অনেকগুলি কাজ ভালভাবে তিনি করতে পারছেন না। অবশ্য এসব অসুবিধা দূর করবার জন্য তিনি চেষ্টা করছেন। পূর্ত বিভাগ যাতে তার নিজস্ব ভাণ্ডার তৈরি করে সমস্ত মালপত্র মজুত করে রেখে কাজ করতে পারে তার জন্য তিনি চেষ্টা করছেন। আপনারা জানেন আমাদের দেশের ইঞ্জিনিয়ারদের প্রতিকূল প্রাকৃতিক পরিবেশ এবং সেই সঙ্গে বিচিত্র সামাজিক পরিবেশে সব কিছুর বিরুদ্ধে সংগ্রাম করে গ্রামের মধ্যে রাস্তা করতে হয়। ফলে এই পবিত্র কাজ করতে তাদের বহু অসুবিধার সম্মুখীন হতে হয়। সুতরাং এদিকেও আজকে আমাদের লক্ষ্য রাখতে হবে। আগের দিন বিগত সরকার যেভাবে রাস্তাঘাট করেছিল তা শুনলে আমাদের চমকে উঠতে হয়। সেই সময়ে ঠিক হয়েছিল প্রতিটি কনস্টিটিউয়েন্সিতে এক মাইল করে রাস্তা হবে এবং এম এল এ-রা বলে দেবেন কোথায় রাস্তা হবে। এম এল এদের বাড়িতে যাবার সুবিধা করে দেবার জন্য সিদ্ধার্থবাবু এই জিনিস ঘোষণা করেছিলেন এবং এটা তারা মেনে নিয়েছিলেন। ভোলাবাবু তাদের যেমন মোরামদিয়ে রাস্তাঘাট করলেন এবং সেই সঙ্গে আরেকটি কাজ করলেন সেখানে একটা ডাকবাংলা তৈরি করলেন ভাতারে। আমি অন্য কথায় যাচ্ছি, তারা এগুলি করেছেন, কিন্তু আমাদের সরকার থেকে এই ধরনের কাজ হয়নি। ওনারা করেছেন। আরেকটা কথা যে আমাদের মনে হয় টাইম বাউন্ড পরিকল্পনা করা উচিত। যদি কর্ণাটক বা হরিয়ানা সেরকম ব্যবস্থা করে তারা কাজ করতে পারেন তাহলে আমাদের সরকার এখানেও

পারবেন। এই আমি আশা করি। ইঞ্জিনিয়ারিং সেল—ইঞ্জিনিয়ারিং সেল রুরাল এলাকার জন্য করবার কথা ছিল সেটির দিক দিয়ে কি হল? আমরা এই বাজেটে না থাকলেও নিশ্চয় মন্ত্রী মহাশয়ের জবাবি ভাষণে পরিষ্কার করে বলবেন যদি ইঞ্জিনিয়ারিং করা যায় তাহলে কাজের উন্নতি হবে সে বিশ্বাস আমাদের আছে। ওয়ার্কাস কো-অপারেটিভ দ্বারা যদি কাজ করানো যায় তাহলে কন্ট্রাক্টরি প্রথার বিলোপ সাধন করে উন্নতি হবে সেই ব্যবস্থা আমরা সবাই চাইব। সেই সঙ্গে আমি গত বাজেট অধিবেশনে যে কথা বলেছিলাম আবার বলছি বিউটি স্পট রুরাল এরিয়ার জন্য মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয় যেন একটু চিন্তা করেন। শুধু শহরে মনীষিদের যে সমস্ত স্ট্যাচু তৈরি হচ্ছে, বসানো হচ্ছে পার্ক তৈরি হচ্ছে সেগুলি শহরে হচ্ছে। এইগুলি আমাদের গ্রামের দিকে যদি তৈরি করা যায় তাহলে সুন্দর প্রয়াস সৃষ্টি করবে তাতে এদিকে পূর্ত মন্ত্রী মহাশয় যদি এগুলি করেন বা করবার চেষ্টা করেন তাহলে সকলকার শ্রদ্ধাভাজন হবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-15 — 6-25 p.m.]

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তিনটি খাতে যে টাকা বরাদ্দ মঞ্জুরি চেয়েছি—পূর্ত, সড়ক, এবং আবাসন বিভাগের পক্ষ থেকে তার অনেক আলোচনা এখানে হয়েছে। প্রথমে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা আপনাকে আগে বলে রাখতে চাই যে আমার অবস্থা অনেকটা চিনির বলদের মতো কারণ কোটি কোটি টাকা, ৬৮ কোটি, ৫৫ কোটি, ১৫ কোটি টাকার ব্যয় বরাদ্দ মঞ্জুরির জন্য এখানে উপস্থিত করেছি। কিন্তু তার বেশির ভাগ দিয়ে সেখানে যে বিভিন্ন দপ্তর আমাদের দেয় যেমন পি ডবলিউ ডি, পি ডবলিউ ডি পথ তৈরি করে হাসপাতাল, বিদ্যালয় এবং বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে কাজের ভার পি ডবলিউ ডি-র উপর তারা ছাড়ে। আর একটা কথা আমার বলা প্রয়োজন, এই বরাদ্দ মঞ্জুরির মধ্যে অনেক সময় দেখা গেছে একটা বিষয় সম্পর্কে; সেটা আমাদের বাজেট বক্তব্যের মধ্যে রাখতে হয়েছে। সেই বিষয়গুলি ঠিক আমার প্রত্যক্ষ অধীনে নয়। কারণ কেন্দ্র থেকে টাকা দেওয়া হয়। সেই টাকা ঐসব খাতে খরচ হয়, অথচ এখানে সমালোচনা হচ্ছে এবং দুর্ভাগ্য হল এই—মাননীয় সদস্যরা অনেকেই সে সম্পর্কে অবহিত নন, যেটা তাদের বিশেষ করে—বিরোধীদলের সদস্যরা তাদের এই সম্পর্কে জানা উচিত ছিল, যেমন ধরুন আমাদের প্রথম যিনি বক্তৃতা দিলেন, মাননীয় সদস্য শ্রী জন্মেজয় ওঝা মহাশয়, তিনি কয়েকটি খুব ভাল কথা বলেছেন যে একটা ইনফ্রাস্ট্রাকচর গড়ে তোলা দরকার এবং তা যদি না হয়, যদি রাস্তা ঘাটের উন্নতি না হয় তাহলে কিন্তু সর্বাঙ্গীন রাজ্যের যে উন্নতি সেটা সম্ভবপর হবে না। মফস্বল অঞ্চলে, গ্রামাঞ্চলের যদি ছোট ছোট কলকারখানা কিম্বা সেখানে যে সমস্ত জিনিস উৎপন্ন হয়, যদি গ্রামাঞ্চলের সাথে শহরের যোগাযোগ ব্যবস্থা ঠিকমতো না হয়, অব্যাহত না থাকে তাহলে রাজ্য সরকারের যে সামগ্রিক উন্নতি সেটা অব্যাহত থাকতে পারে না। নানাভাবে বিঘ্নিত যে হয় এ কথাটা খুব সত্যি। তবে এ সম্বন্ধে অমলবাবু খুব সুন্দরভাবে বলেছেন যে এটা কেবলমাত্র রাজ্যের পরিকল্পনার উপর নির্ভর করে না। অর্থাৎ আমাদের দেশে জাতীয় ভিত্তিতে যে পরিকল্পনা হয় তার উপর নির্ভর করে। এই বিষয়ে

পরিকল্পনা কমিশন বহু জিনিস বহু বিষয়ে নির্দিষ্ট করে দেয় যার পরিধির বাহিরে কাজ করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। কতকগুলি খাতে টাকা আমরা কেন্দ্র থেকে পাই এবং সেই খাতে যে দপ্তর বা ভারপ্রাপ্ত মন্ত্রী আছেন তাকে দিয়ে দিই। যেমন দ্বিতীয় হুগলি সেতুর ব্যাপারে আমাদের কিছু করণীয় নেই। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এ বাবদ যে টাকা আসে অন্য মন্ত্রী তার তদারক করেন। আমার অবস্থা হচ্ছে কোকিলের ডিম কাকের বাসায় পাড়ার মতো। কোকিল তার ডিম রেখে দিয়ে গেল, কাক তাকে তা দিয়ে ফুটালো এবং যখন সে ডাকতে ডাকতে চলে গেল তখন কাক হতভম্ব হয়ে গেল সত্যবাবু কোনওদিন ঠিক রাস্তায় চলেননি। আমি ও এক সময়ে বিরোধী দলে ছিলাম এবং তখন কিছুটা পড়াশুনা করে সমালোচনা করতাম। কলকাতায় ১৩৬টি বস্তি আছে। সেই বস্তি পরিষ্কার রাখার দায়িত্ব পূর্ত বা আবাসন দপ্তরের নয়। আমরা কেন্দ্রের কাছ থেকে লেবার হাউসিং বা ইন্ডাস্ট্রিয়াল হাউসিং-এর জন্য টাকা পাই। এটা তৈরি করার দায়িত্ব আমাদের, কিন্তু বণ্টনের দায়িত্ব শ্রম বিভাগের। তিনি জানেন না বা জেনে বুঝে মিথ্যার আশ্রয় নিয়ে সমালোচনা যা করেন তার জবাব দিয়ে লাভ নেই। আমাদের ক্ষমতা ও আর্থিক সঙ্গতি অত্যন্ত সীমাবদ্ধ এবং এর মধ্যে দিয়েই আমাদের কাজ করতে হচ্ছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এর সময় ৬.২৯ মিনিটে শেষ হয়ে যাবে, কিন্তু এর মধ্যে আলোচনা শেষ হবে না বলে ২৯০ রুল অনুযায়ী আরও আধ ঘণ্টা সময় বাড়ানো হল। আশা করি আপনারা এটা অনুমোদন করছেন।

[6-25 — 6-35 p.m.]

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** সত্যবাবু হিসাব দিয়ে বললেন যে ন্যাশনাল হাইওয়ে, স্টেট হাইওয়ে এবং মেজর ডিস্ট্রিক্ট রোড এক ইঞ্চি বাড়েনি। পূর্বতন যিনি মন্ত্রী ছিলেন সেই ভোলাবাবুর কাছ থেকেই তিনি জানতে পারতেন যে এগুলি করার ক্ষমতা আমাদের নেই। অর্থাৎ প্ল্যানিং কমিশন ঠিক করে দেন যে কিভাবে করা হবে, কতখানি করা হবে এবং এরজন্য অর্থও তারা মঞ্জুর করেন। সেজন্য ৩/৪ বছর একই আছে। এমন কি স্টেট হাইওয়ে করার জন্য প্ল্যানিং কমিশন যতক্ষণ পর্যন্ত মঞ্জুরি না দেন আমরা বাড়াতে পারি না। মেজর ডিস্ট্রিক্ট রোড এখন সেই পর্যায়ে এসে গেছে। কিন্তু মিনিমাম রোডস প্রোগ্রাম এবং ভিলেজ রোডস করার ব্যাপারে আমাদের দায়িত্ব আছে। মিনিমাম রোডস প্রোগ্রাম এবং ভিলেজ রোডস করার জন্য দু ভাবে চেষ্টা করি। দীর্ঘদিন পর পঞ্চায়েত হয়েছে—তাদের বছরে ৩ কোটি টাকার বেশি দিচ্ছি কাজ করার জন্য। আমাদের ভাঁড়ার থেকে আমরা এ পর্যন্ত ১ হাজার ৪ কিলোমিটার ব্ল্যাকটপ রাস্তা ৩ বছরে করেছি এবং আরও ২ হাজার কিলোমিটার রাস্তা হাতে নিয়েছি, কাজ আরম্ভ হয়েছে। এই কাজ আমরা আশা করছি আগামী বছরের মধ্যে না হলেও দু বছরের মধ্যে শেষ করব। তিনি বলেছেন ভারতবর্ষের মধ্যে আমরা নাকি রাস্তার ব্যাপার সব চেয়ে পিছিয়ে আছি। প্ল্যানিং কমিশনের হিসাব মতে যে ১০০ স্কোয়ার মিটার অ্যাভারেজ আছে তা হল ১৮.৯৬ কিলোমিটার সেখানে এই সরকারের পক্ষ থেকে গর্বের সঙ্গে বলতে চাই যে পশ্চিমবঙ্গে এটা ৩৪.৬৯ কিলোমিটার হয়েছে। এরজন্য প্ল্যানিং কমিশন

আমাদের তারিফ করেছেন। এই ৩ বছরের মধ্যে আমরা এ কাজ করেছি। সত্যবাবু একটা হিসাব দিয়ে বললেন যে আমরা যে টাকার অঙ্ক ধরেছি সেটা নাকি পারসেন্টেজ হিসাবে হার কম। সত্য নাম কি করে হল জানি না, নাম রাখা উচিত ছিল অসত্য বাপুলি। কারণ ৪র্থ প্ল্যানে ৩৩ কোটি ওরা প্ল্যানিং কমিশনের কাছ থেকে যোগাড় করেছিলেন। ফিফথ প্ল্যানে ছিল ৫৫ কোটি টাকা। আর সিক্সথ প্ল্যানে আমাদের প্রয়োজন অনুসারে কেন্দ্রের কাছে চেয়েছিলাম ১৩৫ কোটি টাকা, কিন্তু তারা কেটে ছেঁটে মাত্র ৯০ কোটি টাকা মঞ্জুর করেছেন। সেইজন্য এই টাকা আমাদের বাজেটে দেখানো হয় নি। আপনারা যে পারসেন্টেজের কথা বলেছেন সেটা আমরা এইজন্য দেখাতে পারছি না, অথচ এই টাকা খরচা করে আমরা রাস্তা তৈরি করেছি। যেমন ন্যাশনাল হাইওয়ে, স্টেট হাইওয়ে এবং ডিস্ট্রিক্টের মেজর রোড আমরা তৈরি করেছি। ঠিক একই অবস্থা হচ্ছে আমাদের আবাসন দপ্তরের। কারণ আমাদের গৃহনির্মাণের খাতে অতিরিক্ত টাকা যদি আমরা চাই, সেটি যতক্ষণ পর্যন্ত না প্ল্যানিং কমিশন মঞ্জুর করছেন, ততক্ষণ আমাদের কোনও অধিকার নেই প্ল্যানিং কমিশনের বাইরে গিয়ে, তাদের নির্দেশের বাইরে থেকে কোনও নতুন বাড়ি তৈরি করবার। নিজেরা বরাদ্দ কখনই বাড়াতে পারব না তাদের মঞ্জুরি ছাড়া। সেজন্য আমরা বামফ্রন্টের পক্ষ থেকে বার বার করে দাবি তুলেছি যে, কেন্দ্র রাজ্য সম্পর্কে নির্দিষ্ট করে দেওয়া হোক।

আর একটা যতক্ষণ পর্যন্ত না ঠিক করা সম্ভব হচ্ছে, ততক্ষণ পর্যন্ত পশ্চিমবাংলার যে উন্নতি আমরা করতে চাই, তা কখনই সম্ভব হতে পারে না। জয়নাল আবেদিন সাহেব বলছিলেন যে, আমরা যে সমস্ত গাঁয়ের মানুষদের বা কন্ট্রাক্টরস ও লেবারদের কাজে লাগাই তাদের নাকি মিনিমাম ওয়েজ দেই না, উদাহরণ হিসাবে তিনি কুটিঘাটের কথা উল্লেখ করেছেন। কিন্তু একটু ভুল করেছেন, এটা আগের আমলের খবর সে সময়ে এরকম করা হত। কিন্তু দুর্ভাগ্যের কথা হল—সন্তোষ রানা এই কথাই বলছেন। অথচ তার ওখানে ইউনিয়ন আছে, আমি নিজে ১৭ই নভেম্বর তারিখে সেখানে গিয়েছিলাম, আমি একজন ট্রেড ইউনিয়ন কর্মী, আমি তো মিনিমাম ওয়েজের জন্য লড়াই করেছি বহুবার। সেখানে আমার দপ্তর থেকে একটা পোল তৈরি করা হয়েছে, এই পোলের ক্ষেত্রে যদি কোনও কন্ট্রাক্টর লেবারদের ঠকাতে থাকে, তা আমরা দাঁড়িয়ে কখনই দেখতে পারি না। তাই আমি নিজে ১৭ই নভেম্বর সেই কন্ট্রাক্টরদের ডেকেছিলাম, ৪টি ইউনিয়নের প্রতিনিধিদের ডেকেছিলাম, এ ডি এম, এস পি এবং সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদেরও ডেকেছিলাম সেখানে। এবং সকলকে নিয়ে একটা এগ্রিমেন্ট করা হয়েছিল, সেটেলমেন্ট হয়েছিল যে, শ্রমিকদের ন্যূনতম যে মজুরি নির্দিষ্ট আছে, তার চাইতেও বেশি মজুরি যদি দেওয়ার দরকার হয় তা দিতে হবে।

[6-35 — 6-45 p.m.]

সঙ্গে সঙ্গে এটিও হয়েছিল যে, নির্দিষ্ট সময়ের মধ্যেই কাজটি শেষ করতে হবে। রুরাল হাউসিং এর ব্যাপারে অমল রায় মহাশয় যা বলেছেন, তা ঠিকই। আসলে বিরোধী সদস্যরা কেউ বই ঠিকমতো পড়েন না। অমলবাবু রুরাল হাউসিং সম্পর্কে যা বলেছেন, তা আমি আবাসন দপ্তরের মন্ত্রী হিসাবে এর বেশি আর কতখানি করতে পারি? কিন্তু আমার দপ্তরের

পক্ষ থেকে বইয়ের শেষ পৃষ্ঠায় ১৯৮১-৮২-র বার্ষিক লক্ষ্যে গ্রামীণ আবাসন প্রকল্পে ২০৩ কোটি ২৯ লক্ষ ৫ হাজার টাকার প্রস্তাবের কথা আমি উল্লেখ করেছি। আরও প্রস্তাব রেখেছি যে, এই টাকা গ্রাম পঞ্চায়েত ও জেলা পরিষদের মাধ্যমে খরচ করা হবে, এর মধ্যে বর্তমান আর্থিক বৎসরে ১০টি বন্যাবিধ্বস্ত জেলায় জেলাপরিষদগুলির হাতে মোট ১০১ কোটি ২০ লক্ষ ৯৫ হাজার টাকা দেওয়া হচ্ছে। আবাসন দপ্তরের সেই ইনফ্রাস্ট্রাকচার নেই, সেজন্য গ্রামাঞ্চলের বাড়ি তৈরির জন্য দায়-দায়িত্ব দেওয়া হচ্ছে জেলাপরিষদ এবং পঞ্চায়েতের হাতে। সুতরাং আমরা টেকনিক্যাল এক্সপার্টদের দেখছি, আমাদের নির্দেশ দেওয়া আছে যে ডিস্ট্রিক্টের প্রত্যেক জেলায় জেলায় একজন অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার যখনই চাইবে সেখানে সেলের কাছে তারা যুক্ত থাকবে। এখন মুশকিল হল জয়নাল সাহেব মিষ্টি মিষ্টি করে অনেক কথাই বললেন, কিন্তু এটা তিনি দেখলেন না। তা ছাড়া তিনি বললেন, আমরা যখন তাকে বললাম যে আমরা এইটুকু কৃতিত্বের দাবি করতে পারি যে আমাদের সরকারের আমলে প্রত্যেকটি জেলায় একটা করে পুল তৈরি করেছি। চ্যালেঞ্জ করলে আমার লিস্ট আছে। ১৫টি জেলায় এমন কি কোনও কোনও জেলায় ২টি পুল করেছি! আমাদের সময় আরও কতকগুলি তৈরি হচ্ছে। সুতরাং আজকে এই টুকু খালি আবেদন করতে চাই মাননীয় সদস্যদের কাছে, দুর্নীতির কথা তুলে কোনও লাভ নেই। কারণ আমরা যে রাজনৈতিক মতবাদে বিশ্বাসী, যে আদর্শে আমরা বিশ্বাসী সুযোগ নিয়ে আমাদের মেরে তাড়িয়ে দেবে আমাদের দল, যদি কোনও রকম ভাবে দুর্নীতি করি। সুতরাং দল আমাদের পাহারা দেয়। যে কথা অমল রায় মহাশয় বলছিলেন দুর্নিতি সম্পর্কে এই অভিযোগ, সাহস থাকে সত্য বাপুলি মহাশয় বাইরে গিয়ে বলুন। আমি দেখব যে তাদের সৎ সাহস আছে কিনা। আজকে সেই জন্য তিনি চোরের মতো পালিয়ে গেছেন। আজকে যখন জবাব দিচ্ছি তার প্রতিটা কথা সেই জবাব শোনবার আজকে তার সাহস নেই। সেই জন্য কিছু কাদা ছুড়লাম, কিছু কাদা তো গায়ে লাগবেই যত ধুয়ে ফেলো না কেন দাগ থেকে যাবে। এই যে মনোভাব, এই মনোভাব বিরোধী দলের থাকা উচিত নয়। টাঙ্গন, বনপাহাড়ী আমরা আমাদের সময় এটা সম্পূর্ণভাবে করেছি। আরেকটা কথা বলতে চাই আবাসনের ক্ষেত্রে, গৃহ নির্মাণের ক্ষেত্রে যে কথা আমাদের বন্ধু অমল রায় মহাশয় বলেছেন যে আজকে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে, পরিকল্পনার পক্ষ থেকে এই গৃহ নির্মাণ সমস্যা সমাধানের জন্য হাউসিং এবং ইনফ্রাস্ট্রাকচার তৈরি হওয়া দরকার যে রাস্তার মাধ্যমে সেটার যে প্রয়োজনীয়তা, আমরা পি ডবলু ডি মিনিস্টার কনফারেন্সহাউসিং মিনিস্টারের কনফারেন্স ২ বার গিয়েছি। জনতা সরকার ছিল, সিকান্দার বক্‌ত মহশয় যখন সভাধিপতি তখন আর সেদিনও আবার গিয়েছিলাম নতুন কংগ্রেস সরকারের আমলে, আমি বার বার এই কথাটা তুলে ধরবার চেষ্টা করেছি যে যত দিন পর্যন্ত না হয় প্রায়োরিটিস এর ক্ষেত্রে এই গৃহ নির্মাণ ব্যাপারে হাউসিং এবং রোড কনস্ট্রাকশন এ নিয়ে আসা হয়, হবে ততদিন পর্যন্ত কেন্দ্রের কাছ থেকে যে সাহায্য পাবার কথা আর সেই সাহায্য পাই নি। আশ্চর্যের কথা হল এই সমস্ত প্রস্তাব, সমস্ত মন্ত্রী কি কংগ্রেস কি অকংগ্রেস সকলে মিলে সর্ববাদী সম্মতিক্রমে সেই প্রস্তাব গৃহিত হয়েছে, সেই সুপারিশ আমরা করেছি জনতা সরকারের সময়ও হয় নি। আবার হাউসিং মিনিস্টার কনফারেন্স এর কাছে আমরা সেই প্রস্তাব রেখেছি

এবং গুজরাটে যিনি মুখ্যমন্ত্রী মাধব সিং শোলাঙ্কি উপস্থিত ছিলেন এবং আবাসন মন্ত্রী হিসাবে তিনিও এই প্রস্তাব সমর্থন করেছিলেন। এই প্রস্তাব আমরা দিয়েছি, জানি না ইন্দিরা গান্ধীর আমলে তা হবে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা কয়েকটা কাজ নতুন করে হাতে নিয়েছি। বঙ্গভবনের কথা এখানে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বঙ্গভবন আমরা ভেঙেছি এবং সেখানে নতুন করে ৭০ লক্ষ টাকার পরিকল্পনা নিয়েছি। প্রথমটা ভেঙ্গে সেখানে ১৮টি সুট করছি এবং তৃতীয় তলায় কনফারেন্স হল করছি নতুনভাবে। সামনের দিকে চারতলা হবে এবং পেছনের দিকে সাত তলা। দিল্লিতে আমাদের কলকাতার যে সমস্ত সাংবাদিকরা থাকেন, যখন এই পরিকল্পনা বাস্তবের রূপায়িত হবে, তাতে তাদের কথা দিয়েছি, তাদের গৃহ সমস্যার সমাধানকল্পে যে কয় বছর তারা ওখানে থাকতেন, কয়েকটা ঘর তাদের জন্য সংরক্ষিত করে রাখব। আমি আশা করি ১৯৮১ সালের মধ্যে এই কাজ শেষ করতে পারব। তারপর কিড স্ট্রিটে পুরানো জীর্ণ অট্টালিকা ভেঙ্গে সেখানে সাত তলা একটা বাড়ি করছি। স্যার, বিভিন্ন রাজ্য থেকে যখন বিশিষ্ট অতিথিরা আমাদের এখানে আসেন তাতে দেখেছি কনফারেন্স করার মতো কোনও ঘর নেই, হল নেই এবং এই অতিথিদের থাকবারও কোনও ব্যবস্থা নেই, সেজন্য ওখানে একটা সাততলা বাড়ি করছি, একটা কনফারেন্স ঘর করছি এবং আরও অনেকগুলো ঘর তৈরি করছি যাতে সকলে সেখানে থাকতে পারে।

[6-45 — 6-55 p.m.]

এবং তার জন্য বরাদ্দ মঞ্জুর হয়েছে এক কোটি টাকা। তারপরে আপনারা জানেন কংগ্রেসি আমলে এই পুলিশকে অত্যাচারের যন্ত্র হিসাবে ব্যবহার করত। কিন্তু তারাও যে মানুষ, তাদের যে অভাব আছে এটা কেউ কখনও চিন্তা করেনি। বামফ্রন্ট সরকার তাদের ট্রেড ইউনিয়ন করবার অধিকার দিয়েছে এবং তাদের দাবি দাওয়া আমরা পূরণ করছি। মুখ্যমন্ত্রী আমাকে নির্দেশ দিয়েছেন পুলিশের এই যে বাসস্থানের সমস্যা তার সমাধানের ব্যবস্থা আপনি করুন। তার নির্দেশ অনুসারে আমরা ২৮টি স্কীম নিয়েছি। **(জনৈক সদস্য ঃ এম এল এ-দের হাউসিং ব্যবস্থা কি হবে?)** এম এল এ-দের জন্য হাউসিং হবে না, কারণ তারা বাড়ি যান। যাই হোক যেকথা বলছিলাম ঐ পুলিশদের জন্য হাউসিং-এর ব্যবস্থা কোনও দিন হয়নি, আমরা সেটা করছি। এ ব্যাপারে আমরা সাড়ে তিন কোটি কেন্দ্রের কাছ থেকে সাহায্য পাব এবং বাকিটা আমরা দেব। ৯০০ কোয়ার্টার এবং ব্যারাক তৈরির পরিকল্পনা করেছি। আমরা ইতিমধ্যেই ৩৭৫টি কোয়ার্টার করেছি এবং ৩১এ মার্চের মধ্যে এগুলি দিয়ে দেব। তারপর মাননীয় সদস্যরা জানেন হয়ত প্রতি মাসে আমাদের ৩১ লক্ষ টাকা বাড়ি ভাড়া দিতে হয়, রাইটার্স বিল্ডিংস এবং নিউ সেক্রেটারিয়েটে স্থান সঙ্কুলান হয় না। সেজন্য ৪২ নম্বর চৌরঙ্গি রোড অধিগ্রহণ করে সেখানে একটা ২৪ তলা বাড়ি তৈরি করছি। ম্যাপ হয়ে গেছে, সয়েল স্টেটিং হয়ে গেছে, তবে ওখানে একটি মামলা রয়েছে এবং সেই ব্যাপারটা আমরা যার জমি তার সঙ্গে আপোষে মিটাবার চেষ্টা করছি। মোটামুটি এই সমস্ত পরিকল্পনা আমরা গ্রহণ করেছি, তবে এই সমস্ত পরিকল্পনা বাস্তবে রূপায়িত করতে গিয়ে দেখতে পাচ্ছি, আকাশে একটা ষড়যন্ত্রের মেঘ, অনিশ্চয়তা এবং আশঙ্কার একটা কাল মেঘ দেখা

দিয়েছে। কিন্তু তাসত্ত্বেও আমরা জানি সাধারণ মানুষের উপর আমাদের আস্থা আছে আমরা জানি যত ষড়যন্ত্র হোক না কেন এই বামফ্রন্ট সরকারকে সরিয়ে দেবার জন্য জনগণের কল্যাণের জন্য তাদের সেবায় আমরা যে কাজ করেছি গত কয়েক বছর ধরে এবং যে দৃষ্টিভঙ্গি নিয়ে নিচের তলার মানুষের কল্যাণের জন্য সীমাবদ্ধ সঙ্গতি ও সুযোগের মধ্যে কাজ করে চলেছি তাতে আমাদের বিশ্বাস আছে আস্থা আছে আশা যে যে সমর্থন আমরা পেয়েছি সেই আশীর্বাদ ঐ কালো মেঘ ফুৎকারে উড়ে যাবে বামফ্রন্ট সরকার আবার গদিতে বসবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করার আগে যত ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এই কথা বলছি যে আমার আবাসন বরাদ্দের উপর এবার জয়নাল আবেদিন সাহেব এবং অসত্য বাপুলির কোনও ছাঁটাই প্রস্তাব নেই। এতেই বোঝা যাচ্ছে যে আমাদের আবাসন সংক্রান্ত নীতি সম্পূর্ণ সঠিক। এই কথা বলে অন্য যে দুটি বরাদ্দের উপর ছাঁটাই প্রস্তাব এসেছে আমি প্রত্যেকটি ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 25**

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced to Rs. 1/- was then put and lost.

The motion of Shri Balailal Das Mahapatra and Shri Birendra Kumar Moitra that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Jatin Chakraborty that a sum Rs. 55,53,57,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildinga), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Catses, Scheduled Tribes and other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 805—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Annimal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excludings) Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 328—Mines and Minerals (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical

(Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Service (Buildings) 509—Capital Outaly on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)'', was then put and agreed to.

**Demand No. 70**

The motion of Shri Kiranmoy Nanda that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Janmejoy Ojha that amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lsot.

The motion of Shri Jatin Chakraborty that a sum of Rs. 68,80,34,000 be granted for expenditure under Demand No. 70 ''Major Head : 337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges, and 737—Loans for Roads and Bridges'', was then put and agreed to.

**Demand No. 39**

The motion of Shri Jatin Chakraborty that a sum of Rs. 15,40,35,000 be granted for expenditure under Demand No. 39, ''Major Head : 283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing'', was then put and agreed to.

## LEGISLATION

### The Great Eastern Hotal (Acquisition of Undertaking) (Amendment) Bill 1981

**Dr. Ashok Mitra :** I beg to introduce the Great Eastern Hotel (Acquisition of Undertaking) (Amendment) Bill 1981.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra :** I beg ot move that the Great Eastern Hotel (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1981, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মাত্র দুটো বক্তব্য আছে। আমাদের মাননীয় পর্যটন মন্ত্রী মহাশয় অসুস্থ তিনি আমাকে অনুরোধ করেছিলেন এই বিধেয়কটি এখানে আপনাদের সামনে উপস্থিত করবার জন্য। আপনারা জানেন যে গত অধিবেশনে আমরা এই গ্রেট ইস্টার্ন হোটেল অধিগ্রহণ করবার জন্য একটা আইন প্রণয়ন করিয়ে ছিলাম। এই আইন প্রণয়ন করতে গিয়ে দুটো সামান্য ভুল থেকে গেছে। একটি অন্যমনস্কতার জন্য, আর একটা ছাপার ভুল। অন্যমনস্কতার জন্য যে ভুলটা, এই কেন্দ্রীয় যে আইন, জাতীয়করণের জন্য যে আইন সেটা যদিও ১৯৬৯ সালে পার্লামেন্টে দাখিল করা হয় কিন্তু সেটা পাশ হয় ১৯৭০ সালে। ১৯৬৯ সালটাকে পাল্টে ১৯৭০ সাল করা হচ্ছে। আর দ্বিতীয় একটা জায়গায় যেখানে লেখা উচিত ছিল এক উপধারা, সেখানে লেখা আছে তিন উপধারা। এই তিনটাকে আপনাদের অনুমতি নিয়ে এক করার জন্য এই বিধেয়কটি আমাদের আনতে হয়েছে।

The motion that the Great Eastern Hotel (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1981 be taken into consideration was then put and agreed to.

## Clauses 1, 2 & Preamble

The question that clauses 1, 2 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-55 p.m. till 1 p.m. on Friday, the 13th March, 1981, at the Assembly House, Calcutta.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

Vol : 74 No-II (Seventy four Session) (February to April, 1981)

(The 2nd, 3rd, 4th, 5th, 6th, 7th, 9th, 10th, 11th & 12th March, 1981)

**Bill**

The Great Eastern Hotel (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1981

by—Shri Ashok Mitra PP-938-939

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1981 PP-373-378

**Demand for Grants**

Voting on Demands for Grants, —Demand Nos. 25, 70 & 39 PP-883-938

Voting on Demands for Grants, —Demand Nos. 62, 79, 80, 82, 64, 24, 76 & 61 PP-768-833

Voting on Demand for Grants, —Demand No. 52, 53 PP-670-733

Voting on Demand for Grants, —Demand Nos. 34, 35 & 31 PP-558-636

Voting on Demand for Grants, —Demand No. 66 PP-445-495

Voting on Demand for Grants, —Demand No. 41 PP-422-441

Voting on Demand for Grants, —Demand Nos. 18, 19, 3 & 5 PP-379-422

**Discussion on the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1981**

by—Shri Benoy Krishna Chowdhury P-374, PP-377-378

by—Shri Dhirendranath Sarkar P-376

by—Shri Sasabindu Bera PP-374-376

by—Dr. Zainal Abedin PP-376-377

**Discussion and Voting on Demand for Grants, —Demand Nos. 18, 19, 3 & 5**

by—Shri Anil Mukherjce PP-403-406

by—Shri Jayanta Kumar Biswas PP-400-403

by—Shri Jyoti Basu PP-379-385, PP-415-421

by—Shri Nani Kar PP-407-409

by—Shri Pradyot Kumar Mahanti PP-386-391

by—Shri Rabin Mukherjee PP-395-399

by—Shri Sachin Sen PP_413-415

by—Shri Satya Ranjan Bapuli PP-391-395

by—Dr. Omar Ali PP-399-400

by—Dr. Zainal Abedin PP-410-412

**Discussion and Voting on Demand for Grants, —Demand Nos.41**

by—Dr. Binod Behari Majhi PP-432-434

by—Shri Buddhadeb Bhattacharjee PP-422-428, PP-438-441

Shri Pravas Chandra Phadikar PP-434-436

by—Shri Sandip Das PP-428-432

by—Shri Santosh Kumar Das PP-436-438

**Discussion and Voting on Demand for Grants, —Demand No.66**

by—Shri Amalendra Roy PP-480-484

by—Shri Aurobindo Ghosal PP-472-474

by—Shri Banamali Das PP-464-467

by—Shri Bankim Behari Maity PP-474-477

by—Shri Gangadhar Naskar PP-486-487

by—Shri Kiranmay Nanda PP-458-464

by—Shri Nemai Chandra Das PP-488-490

by—Shri Panchanan Dikpati PP-484-486

by—Shri Pravas Chandra Roy PP-445-458, PP-490-495

by—Shri Rajani Kanta Doloi PP-467-472

by—Shri Sadakanta Roy PP-487-488

by—Shri Santosh Rana PP-477-480

**Discussion and Voting on Demand for Grants, —Demand Nos. 34, 35 & 31**

by—Shri Abdul Bari PP-581-582, PP-620-623

by—Shri Haripada Bharati PP-587-594

by—Shri Haripada Jana (Bhagabanpur) PP-569-574

by—Shri Janab Md. Sohrab PP-575-581, P-582

by—Shri Jyotsna Kumar Gupta PP-600-603

by—*Shri Kashi Kanta Moitra PP-574-575*

by—Shri Mohinimohan Panda PP-610-612

by—Shri Mustafa Bin-Qasem PP-605-608

by—Shri Neil Alysius O'Brien PP-617-619

by—Shri Nirmal Kumar Bose PP-594-600

by—Shri Partha De PP-623-630

by—Shri Prabodh Purkait PP-603-605

by—Shri Sambhu Charan Ghosh PP-558-569, PP-630-635

by—Shri Sandip Das PP-612-617

by—Shri Santosh Kumar Das PP-609-610

by—Shri Santosh Rana PP-608-609

by—Shri Sabhas Chakraborty PP-582-587

**Discussion and Voting on Demand for Grants, —Demand No. 52 & 53**

by—Shri Birendra Kumar Moitra PP-690-697

by—Shri Habibur Rahman PP-714-717

by—Shri Kamal Kanti Guha PP-671-690, PP-728-732

by—Shri Manoranjan Roy PP-707-709

by—Shri Nanuram Roy PP-711-714

by—Shri Nathaniel Murmu PP-709-711

by—Shri Nihar Kumar Bose PP-704-707

by—Shri Pravash Chandra Roy PP-725-728

by—Shri Ranjit Mitra PP-717-720

by—Shri Sasankasekhar Mondal PP-720-722

by—Dr. Omar Ali PP-723-725

by—Sk. Siraj Ali PP-722-723

by—Shri Samsuddin Ahmed PP-697-700

by—Shri Sundar Naskar PP-700-704

**Discussion and Voting on Demands for Grants, —Demand Nos.62, 79, 80, 82, 64, 24, 76 & 61**

by—Shri Abul Hassan PP-810-814

by—Shri Atish Chandra Sinha PP-791-802

by—Shri Balailal Das Mahapatra PP-817-821

by—Shri Daman Kuiri PP-821-823

by—Shri Janmejoy Ojha PP-782-787

by—Dr. Kanai Lal Bhattachaiya PP-770-782, PP-823-831

by—Shri Kshiti Bhusan Ray Burman PP-787-791

by—Shri Manoranjan Roy PP-809-810

by—Shri Saral Deb PP-802-807

by—Shri Timir Bhaduri PP-814-817

**Discussion and Voting on Demand for Grants, —Demand Nos. 70 & 39**

by—Shri Abinash Pramanik PP-908-910

by—Shri Amalendra Roy PP-918-921

by—Shri Bikram Tudu PP-928-929

by—Shri Haripada Jana (Pingla) PP-929-931

by—Shri Janmejoy Ojha PP-900-904

by—Shri Jatin Chakraborty PP-885-899, PP-932-937

by—Shri Kiranmoy Nanda PP-913-918

by—Shri Mir Fakir Mohmmad PP-925-926

by—Shri Ramjan Ali PP-910-912

by—Shri Renupada Haldar PP-926-928

by—Shri Santiram Mahato PP-924-925

by—Shri Satya Ranjan Bapuli PP-904-908

by—Shri Santosh Kumar Das PP-931-932

by—Shri Trilochan Mal P-923

by—Dr. Zainal Abedin PP-921-923

**General Discussion on Budget**

by—Shri Abdul Karim Chowdhury PP-271-273

by—Shri Ahindra Sarkar PP-282-283

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-351-353

by—Shri Amalendra Roy PP-259-265

by—Smt. Aparajita Goppi PP-157-161

by—Dr. Ashoke Mitra PP-358-369

by—Shri Balailal Das Mahapatra PP-231-238

by—Shri Bankim Behari Maity PP-143-148

by—Shri Benoy Konar PP-238-247

by—Shri Bimalananda Mukherjee PP-175-178

by—Shri Biren Bose PP-108-110

by—Shri Birendra Kumar Moitra PP-265-271

by—Shri Biswanath Mukherjee PP-167-173

by—Shri Debaprasad Sarkar PP-97-101

by—Shri Debranjan Sen PP-254-257

by—Shri Dhinendranath Sarkar PP-280-282

by—Shri Dinesh Chandra Dakua PP-112-114

by—Shri Gunadhar Chowdhuri PP-182-185

by—Shri Habibur Rahman PP-346-351

by—Shri Haripada Bharati PP-161-167

by—Shri Haripada Jana (Bhagabanpur) PP-110-112

by—Shri Jamini Bhusan Saha PP-274-278

by—Shri Jayanta Kumar Biswas PP-101-108

by—Shri Joykesh Mukherjee PP-325-329

by—Shri Jyotsna Kumar Gupta PP-173-175

by—Shri Kamal Sarkar PP-149-153

by—Shri Kiranmoy Nanda PP-339-344

by—Shri Lakshmi Charan Sen PP-76-88

by—Shri Manoranjan Ray PP-337-339

by—Dr. Motahar Hossain PP-247-254

by—Shri Nihar Kumar Basu PP-329-331

by—Shri Nirmal Kumar Bose PP-89-97

by—Shri Panchanan Let P-351

by—Shri Prabodh Chandra Sinha PP-67-76

by—Shri Rabi Sankar Pande PP-178-181

by—Shri Ram Chatterjee PP-318-321

by—Shri Ramjan Ali PP-185-187

by—Shrimati Renulina Subba PP-332-333

by—Shri Renupada Halder PP-257-259

by—Shri Sadakanta Ray PP-344-346

by—Shri Samsuddin Ahmed PP-154-157

by—Shri Santosh Kumar Das PP-278-280.

by—Shri Santosh Rana PP-188-190

by—Shri Sasabindu Bera PP-313-318

by—Shri Subhendu Kumar Chowdhury PP-333-337

by—Shri Subhendu Mondal PP-190-191

by—Shri Suniti Chattaraj PP-321-325

by—Dr. Zainal Abedin PP-353-358

**Laying of Report**

The Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Limited for 1978-79 P-875

The Annual Report of the North Bengal State Transport Corporation together with the Audit Report thereon for the year 1973-74 P-667

The Annual Administration Report of the North Bengal State Transport Corporation for the year 1978-79 PP-666-667

The Annual Report on the Working and Affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year ended on 30th June 1978 PP-551-552

The Annual Reports and Accounts of the West Bengal Ceramic Development Corporation Limited for 1976-77, 1977-78 and 1978-79 P-313

**Mention Cases**

PP-875-882

PP-765-768

PP-660-666

PP-552-558

PP-307-312

PP-219-228

PP-137-143

PP-62-67

**Presentation of Report**

76th Report of the Business Advisory Committee PP-228-231

77th Report of the Business Advisory Committee PP-667-670

78th Report of the Business Advisory Committee PP-807-809

Fifth Report of the Committee of Privileges PP-312-313

**Question**

Adulteration of high Speed Diesel

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi P-536

Alleged misappropriation of Government money in Panchayats •

by—Shri Haripada Jana PP-642-643

Amount of loans taken by the State Government

by—Shri Shaikh Imajuddin and Shri Rajani Kanta Doloi PP-53-54

Appointment to group B & C posts in Home (Jails) Department

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-55-56

Appointment Under Excise Department

by—Shri Shaikh Imajuddin and Shri Rajani Kanta Doloi PP-540-541

Appointments Under Fisheries Department

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-541-542

Appointments Under Labour Department

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi P-539

Appointments Under Youth Services Department

by—Shri Shaikh Imajuddin and Shri Rajani Kanta Doloi P-540

Approval of Industrial Projects

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-213-214

Appointments Under Home (Political) Department

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi P-541

Authorities to look into functioning of Panchayat bodies

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-640-641

Bhaba Atomic Research Centre at Salt Lake

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi P-53

Central Assistance for Special Employment Programme

by—Shri Dawa Narbu La and Shri Rajani Kanta Doloi PP-505-506

Central Sector Electronics Unit

by—Shri A.K.M. Hassan Uzzaman P-751

Circular Rail

by—Shri Rajani Kanta Doloi PP-20-21

Classification of Industrial Workers

by—Shri A.K.M. Hassan Uzzaman P-527

Closure of Messrs. Universal Lamp Manufacturing Co. (pvt.) Ltd.

by—Shri Rajani Kanta Doloi PP-288-289

Collaboration in the Haldia Petro-chemical Complex

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-201-203

Controversy in releasing water by D.V.C.

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi P-212

Construction of embankment at Kaliachak

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-759-760

Demonstration by the Commercial Tax officers

by—Shri Rajani Kanta Doloi PP-56-57

Development of new Sources of Enargy

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi P-861

Educated Job Seekers through Employment Exchange

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-537-539

Electrification in Bhagabanpur blocks

by—Shri Haripada Jana (Bhagabanpur) P-36

Electrification of Mouzas

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-524-525

Engineers, Health officers and Accountants for each Municipality

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi PP-118-119

Encursion Subsidies to Students

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-27-36

Financial Performance of the State Transport Undertakings

by—Shri Rajani Kanta Doloi PP-518-520

Flood prone area

by—Shri Rajani Kanta Doloi P-758

Funds for upgradation of Judicial Administration

by—Shri Rajani Kanta Doloi PP-522-523

Gadgil Formula

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-52-53

Goods Transport Services

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-526-527

Growth of private and public sector in passenger Transport

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-525-526

Guidelines of World Bank for Fish Farmers

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-50-51

Increase of Industrial Sickness

by—Shri Rajani Kanta Doloi PP-520-521

Industrial Disputes

by—Shri Shaikh Imajuddin and Shri Rajani Kanta Doloi P-539

Implementation of the Prevention of Blackmarketing and Maintenance of the Supplies Act. in West Bengal

by—Shri Rajani Kanta Doloi P-853

Intensive Forestry Development Programme

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-51-52

Inter-State permits for public Vehicles

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-25-26

Issue of National, Zonal and Countersignature permits for public carrier vehicles

by—Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi PP-130-131

*Japanese Encephalities*

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-536-537

List of Families of Martyrs

by—Shri Rajani Kanta Doloi PP-22-23

Loan to the Commissioner of Wakf

by—Shri A.K.M. Hassan Uzzaman P-26

Measures to fight inflation

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-535-536

Mirik as a tourist resort

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-26-27

Number of officials working in the Governor's Secretariat

by—Shri Shaikh Imajuddin and Shri Rajani Kanta Doloi P-540

Number of Students receiving Industrial training

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-24-25

Overtime allowance in W.B.G. press

by—Shri Krishna Das Roy & Shri Rajani Kanta Doloi PP-755-756

Participation of foreign and multinational units in Haldia Petrochemical Complex

by—Shri Rajani Kanta Doloi P-22

Performance of Calcutta State Transport Corporation

by—Shri Rajani Kanta Doloi P-21

Presidency College, Calcutta

by—Shri Rajani Kanta Doloi PP-500-502

Procurement of potato

by—Shri Rajani Kanta Doloi PP-116-117

Production of Tea in Darjeeling district

by—Shri Rajani Kanta Doloi PP-742-743

Refusal of Sanctioning a sixth Gas Turbine at Haldia

by—Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi P-862

Registration of Joint Stock Companies

by—Shri Rajani Kanta Doloi PP-542-543

Report of the Expert Committee for Rice Mill

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi P-51

Representation for amending Article 356 of the Constitution

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-855-856

Reservation of Transport permit for Muslim Community

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-117-118

Sealdah Fly-over Project

by—Shri Rajani Kanta Doloi PP-521-522

Setting of a Subsidiary Zoo

by—Shri Sandip Das PP-510-512

Standard of education in schools

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-534-535

*Steps for promoting values of Secularism, National Intregration etc. through education*

by—Shri Rajani Kanta Doloi PP-504-505

Supersession of Governing Bodies of Colleges

by—Shri Sandip Das PP-15-17

Transfer of members of Staff belonging to West Bengal State Electricity Board Employees Union from Santaldih

by—Shri Rajani Kanta Doloi PP-837-838

Unutilised portion of provisions for different Schemes

by—Shri Sk. Imajuddin and Shri Rajani Kanta Doloi PP-54-55

Water Supply from Rampurhat Water works

by—Shri Sasanka Sekhar Mondal PP-860-861

Withdrawal of World Bank aid for garbage clearance in Calcutta

by—Shri Rajani Kanta Doloi PP-637-639

অনাদায়ী সমবায় ঋণ

—শ্রী গোপাল মন্ডল PP-839-841

আহমেদপুর সুগার মিল

—শ্রী সুনীল মজুমদার PP-40-41

আরামবাগ ব্লকে গৌরহাটি গ্রাম প্রধানের পদচ্যুতি

—শ্রী নানুরাম রায় PP-46-47

আলুর সংগ্রহ মূল্য

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-122-123

ডঃ আম্বেদকরের প্রতিমূর্তি স্থাপন

—শ্রী নানুরাম রায় P-46

ই এস আই স্কীম সম্প্রসারণ

—শ্রী অমলেন্দ্র রায় PP-301-303

ইউ সি জি অনুমোদিত আংশিক সময়ের শিক্ষকদের ন্যূনতম বেতন

—শ্রী নীহারকুমার বসু PP-512-513

ইলেকট্রনিক শিল্প

—শ্রী নীহারকুমার বসু PP-210-211

উত্তরবঙ্গ মাস্টার প্ল্যান

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া PP-739-742

উচ্চ মাধ্যমিক শিক্ষকদের নতুন বেতনহার

—শ্রী হরিপদ জানা (ভগবানপুর) P-11

১৯৭৯-৮০ সালে পশ্চিমবঙ্গে সিমেন্ট বরাদ্দের পরিমাণ

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী P-118

এল আর অ্যাক্ট অনুযায়ী প্রাপ্ত সরকারি খাস জমি

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-528

কর্মবিনিয়োগকেন্দ্রে রেজিস্ট্রিভুক্ত বেকার

—শ্রী কমল সরকার PP-292-294

কলকাতা এলাহাবাদ নৌ পরিবহন

—শ্রী অমলেন্দ্র রায় PP-124-125

কলকাতায় সরকারি বাস ও ট্রামের চলাচলের সংখ্যা

—শ্রী কৃষ্ণধন হালদার PP-652-653

কলকাতা থেকে পুরুলিয়া পর্যন্ত রাষ্ট্রীয় বাস

—শ্রী নানুরাম রায় P-47

কলকাতা শহরে হাতে টানা রিক্সা চলাচল বন্ধ করার পরিকল্পনা

—শ্রী নীহারকুমার বসু PP-647-649

কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ও ট্রাম কোম্পানিতে ক্ষতির পরিমাণ

—শ্রী জন্মেজয় ওঝা PP-639-640

কলকাতা ট্রামের শতবার্ষিকী উপলক্ষ্যে লটারি

—শ্রী সন্তোষকুমার দাস PP-128-130

কলকাতায় ডাকাতি

—শ্রী কিরণময় নন্দ P-524

কলেজ শিক্ষকের শূন্য পদ

—শ্রী নীহারকুমার বসু PP-497-499

কয়লা থেকে জ্বালানি তেল ও রাসায়নিক পদার্থ উৎপাদন

—শ্রী নীহারকুমার বসু PP-58-59

কয়লা উত্তোলন বাবদ রাজ্য সরকারের প্রাপ্য রয়্যালটি

—শ্রী সুমন্তকুমার হীরা PP-735-738

কলেজের শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের বেতনদানের পদ্ধতি

—শ্রী নীহারকুমার বসু PP-12-14

কয়লার রয়্যালটি বাবদ সরকারের পাওনা

—শ্রী অমলেন্দ্র রায় PP-738-739

কাটিং অ্যান্ড টেলারিং প্রকল্প

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া PP-47-48

কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প

—শ্রী সন্তোষকুমার দাস P-532

কাঁথি উন্নয়ন পর্ষদ গঠন

—শ্রী কিরণময় নন্দ PP-5-6

কান্দি মাস্টার প্ল্যান

—শ্রী সুনীলকুমার মজুমদার PP-204-205

কারিগরি শিক্ষাকেন্দ্রে শিক্ষকের শূন্য পদ পূরণ

—শ্রী শিবনাথ দাস P-855

কুলপি থানার বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় কেরোসিন সরবরাহ

—শ্রী কৃষ্ণধন হালদার PP-121-122

কুইনাইন হইতে বৈদেশিক মুদ্রা

—শ্রী নীহারকুমার বসু PP-215-216

কৃষকদের বার্ধক্য পেনসন

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া PP-654-657

কংসাবতী ৬নং ডিভিসনে কর্মী নিয়োগ

—শ্রী সেখ সিরাজ আলি ও শ্রী রামচন্দ্র শতপথী P-753

কেন্দ্রের সহিত রাজ্য সরকারের রেল পরিবহন সম্বন্ধে আলোচনা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-123-124

কেন্দ্রের নিকট রাজ্য সরকারের পাওনা

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় PP-1-3

কেন্দ্রে কর্তৃক বরাদ্দকৃত ডিজেল ও কেরোসিন

—শ্রী কমল সরকার PP-547-548

কেলেঘাই প্রকল্প

—শ্রী জন্মেজয় ওঝা PP-214-215

কোচবিহারে বিভিন্ন ছোট নদীতে সেচপ্রকল্প স্থাপন

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া PP-193-194

কোল্ড স্টোরেজ

—শ্রী জন্মেজয় ওঝা PP-119-21

খড়গপুর স্টেট হাসপাতালে চুরির ঘটনা

—শ্রী ক্ষুদিরাম সিং PP-866-867

গঙ্গাধরপাড় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-40

গঙ্গানগর খাটাল প্রকল্পে বাস্তুচ্যুতদের চাকরি

—শ্রী সরল দেব PP-503-504

গ্রাম পঞ্চায়েত প্রধান কর্তৃক নির্বাচকমন্ডলীর সিদ্ধান্ত অগ্রাহ্যের অভিযোগ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-646-647

গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-857-858

গোখুরি উপ-স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী বঙ্কিমবিহারী মাইতি P-841

গো-প্রজনন কেন্দ্র

—শ্রী শিবনাথ দাস PP-545-546

ঘাটাল মহকুমা হাসপাতাল

—শ্রী গোপাল মন্ডল PP-853-854

২৪ পরগনা ও মেদিনীপুর জেলা বিভাজন

—শ্রী সরল দেব P-545

চিংড়ি মাছের উৎপাদন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-43-45

চিনিকল স্থাপনের প্রস্তাব

—শ্রী অমলেন্দ্র রায় PP-757-758

জলপাইগুড়ি জেলার চা বাগানে কয়লা সরবরাহ

—শ্রী মনোহর তিরকি P-24

জলপাইগুড়ি জেলায় মৎস্যচাষ

—শ্রী মনোহর তিরকি PP-523-524

জলপাইগুড়ি জেলায় আশ্রম হোস্টেল নির্মাণ

—শ্রী মনোহর তিরকি P-866

জলঙ্গী নদীর ভাঙ্গন

—শ্রী মাধবেন্দু মোহান্ত PP-750-751

জন্ম নিয়ন্ত্রণ

—শ্রী অনিল মুখার্জি PP-849-852

জন্ম নিরোধক অস্ত্রোপচার

—শ্রী জন্মেজয় ওঝা P-849

"জাতীয় কর্মসংস্থান কর্মসূচিতে" কেন্দ্রীয় সাহায্য

—শ্রী কমল সরকার PP-508-510

জুজারসা (হাওড়া) পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম

—শ্রী সন্তোষকুমার দাস P-39

জেলা বিদ্যালয় পরিদর্শকের শূন্য পদ

—শ্রী মনোরঞ্জন রায় PP-17-18

জেলাগুলিতে পানীয় জল প্রকল্প

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-36-38

জেলাগুলিতে প্রাপ্তবয়স্ক শিক্ষাকেন্দ্র চালুকরণ

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী PP-41-43

জেলাভিত্তিক দেশী ও বিদেশি মদের দোকান

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-49-50

জেলা স্কুলবোর্ডের নির্বাচন

—শ্রী কিরণময় নন্দ PP-507-508

ঝাড়গ্রাম মহকুমার জুবিলি মার্কেট স্থাপন

—শ্রী রামচন্দ্র শতপথী PP-653-654

ঝাড়গ্রাম মহকুমায় সেচের মাস্টার প্ল্যান

—শ্রী রামচন্দ্র শতপথী P-755

ট্রাম-পরিবহনে পেন্টোগ্রাফ ব্যবস্থা প্রচলন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-530-531

ট্রেনে ডাকাতি

—শ্রী কিরণময় নন্দ PP-854-855

ডাক্তার বিহীন প্রাথমিক ও সাবসিডিয়ারি হেলথ সেন্টারের সংখ্যা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-543

ডি পি এল-এর কর্মচারিদের বেতন ও ওভারটাইম বাবদ ব্যয়

—শ্রী সরল দেব P-544

ডি পি এল-এর বিদ্যুৎ উৎপাদন

—শ্রী জন্মেজয় ওঝা PP-194-196

ডি ভি সিতে শ্রমিক কর্মচারিদের বিক্ষোভ

—শ্রী অমলেন্দ্র রায় PP-296-298

ডিম-পোনা ও মাছ সংরক্ষণ ব্যবস্থা

—শ্রী সুনির্মল পাইক P-864

তমলুক ও ঘাটালে প্রচার বিভাগের গাড়ি

—শ্রী বঙ্কিমবিহারী মাইতি PP-752-753

তামাক হইতে নিকোটিন উৎপাদন

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া PP-203-204

তিস্তা জল-বিদ্যুৎ নির্মাণ প্রকল্প

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া PP-863-864

দাঁতন থানার ১নং ব্লকে ভূরঙ্গি উপ-স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি P-867

দুর্গাপুরে কানুসিঁধু স্টেডিয়াম

—শ্রী সন্দীপ দাস PP-864-865

দুর্গাপুর ও হলদিয়ায় নতুন শিল্প প্রকল্প স্থাপন

—শ্রী কমল সরকার PP-758-759

ধান কাটা মরসুমে মেদিনীপুর জেলায় সংঘর্ষ

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-856-857

ধূলাগড়ি মোড়ে বাসস্টপেজ প্যাসেঞ্জার শেড

—শ্রী সন্তোষকুমার দাস P-38

নবম ও দশম শ্রেণীর জন্য কেন্দ্রীয় সাহায্য

—শ্রী সন্তোষকুমার দাস PP-8-9

নষ্ট শ্রম দিবসের সংখ্যা

—শ্রী সন্দীপ দাস P-549

নথিভুক্ত বর্গাদারের সংখ্যা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-744-746

নেতাজির চেয়ার

—শ্রী সন্তোষকুমার দাস P-38

নিবিড় মৎস্য-চাষ প্রকল্প

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-843-844

ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম প্রকল্পে অর্থ বরাদ্দ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-6-8

পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর ও রায়গঞ্জ বর্গাদার হিসাবে নাম নথিভুক্তি

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-529

পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে বাস স্ট্যান্ড নির্মাণ

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-643

পশ্চিমবঙ্গে গম চাষের লক্ষ্যমাত্রা

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-643-645

পশ্চিমবঙ্গে পাট চাষ নিয়ন্ত্রণ

—শ্রী নীহারকুমার বসু PP-125-127

'পশ্চিমবঙ্গ' পত্রিকার প্রচার সংখ্যা

—শ্রী সন্তোষকুমার দাস PP-200-201

পশ্চিমবঙ্গের সিনেমা হলগুলিতে এই রাজ্যে নির্মিত ছবির প্রদর্শন আবশ্যিক করার জন্য বিল

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-43

পশ্চিমবঙ্গের শহরগুলিতে স্টেডিয়াম

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-528

পাইকর স্বাস্থ্যকেন্দ্রে গ্রামীণ স্বেচ্ছাসেবী নিয়োগ

—ডাঃ মোতাহার হোসেন P-548

পাঁচলায় বি ডি ও-র গ্রেপ্তারের অভিযোগ

—শ্রী সন্তোষকুমার দাস PP-641-642

পাট্টার মাধ্যমে জমি বণ্টন

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-206-209

পাঁচথুপী-বোলপুর, পাঁচথুপী-সিউড়ি, কান্দি-আসানসোল, কান্দি-বর্ধমান রুটে প্রাইভেট বাস

—শ্রী অমলেন্দ্র রায় P-115

পান্ডবেশ্বর ও ভীমগড়ে সেতু

—শ্রী সুনীল মজুমদার PP-529-530

পালেকর কমিশনের সুপারিশের কার্যকরকরণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-212-213

প্রাথমিক শিক্ষাস্তরে পাঠ্যপুস্তক

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-502-503

প্রাথমিক শিক্ষাস্তরে আশ্রম টাইপ হোস্টেল স্থাপন

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-529

প্রাথমিক শিক্ষাস্তরে নতুন পাঠ্যক্রম চালু

—শ্রী মনোহর তিরকি P-23

পুরুলিয়া জেলায় নলকূপ

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-48-49

পুরুলিয়া জেলার ছিপিদা গ্রামে টিবি কেন্দ্র

—শ্রী সুধাংশুশেখর মাঝি PP-865-866

পেনসনভোগী অবসরপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষক

—শ্রী সন্তোষকুমার দাস PP-514-515

পোলিও রোগ ও চিকিৎসা

—শ্রী জন্মেজয় ওঝা PP-517-518

ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রে নিয়োগের নীতি

—শ্রী অমলেন্দ্র রায় PP-858-860

ফোর্টগ্লাস্টার ইন্ডাস্ট্রি দখলিকৃত খাস জমি

—শ্রী রাজকুমার মন্ডল P-754

বন্ধ কারখানা চালু

—শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা PP-39-40

বন্ধ কারখানার সংখ্যা

—শ্রী কমল সরকার PP-546-547

বরোয়াঁ উন্নয়ন ব্লকে আলু উৎপাদন

—শ্রী অমলেন্দ্র রায় PP-531-532

বসন্তরোগাক্রান্তের সংখ্যা

—শ্রী কৃষ্ণধন হালদার P-860

বাটা ইন্ডিয়া (প্রাঃ) লিমিটেডের স্ট্যান্ডবাই শ্রমিক সংখ্যা

—শ্রী মনোরঞ্জন রায় P-856

বারাসাত হইতে সোদপুর পর্যন্ত সরকারি বাস চালু করার পরিকল্পনা

—শ্রী সরল দেব P-651

বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের ত্রাণ কার্য পরিচালনা বাবদ ব্যয়িত অর্থ

—শ্রী অমলেন্দ্র রায় P-45

বাংলা সিনেমা শিল্পের উন্নতি

—শ্রী অমলেন্দ্র রায় PP-746-748

বাঁকুড়া জেলার ছাতনা ওয়াটার ট্রেনিং ইনস্টিটিউট

—শ্রী সুভাষ গোস্বামী P-653

বাঁকুড়া জেলার নলবাহী জল প্রকল্প

—শ্রী সুভাষ গোস্বামী P-862

বাঁকুড়া জেলায় সমবায় সমিতি সমুহে ইউনিভার্সাল সদস্যভুক্তির সংখ্যা

—শ্রী গুণধর চৌধুরি PP-45-46

বাঁকুড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় PP-838-839

বাঁশলৈ নদীতে (বীরভূম) সেচ প্রকল্প

—ডাঃ মোতাহার হোসেন P-209

ব্যারাকপুরের 'বরতি' বিলের সংস্কার

—শ্রী নীহারকুমার বসু PP-216-217

ব্যাঙ্ক ডাকাতি

—শ্রী কিরণময় নন্দ P-835

বিভিন্ন বিদ্যালয়ে সরকার কর্তৃক ধার্য পরীক্ষার ফ্রি

—শ্রী কৃষ্ণধন হালদার PP-19-20

বিভিন্ন বছরে পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ

—শ্রী শচীন সেন P-57

বিভিন্ন প্রকার ভাতা বাবদ কেন্দ্রীয় সাহায্য

—শ্রী অমলেন্দ্র রায় PP-11-12

বিভিন্ন জেলায় ডি এস ই ও-র শূন্য পদ

—শ্রী ধীরেন্দ্রনাথ সেন PP-516-517

ধবিদ্যালয় সার্ভিস কমিশন

-শ্রী অনিল মুখার্জি PP-515-516

ধব্যাঙ্কের আনুকূল্যে মৎস্যচাষ পরিকল্পনা

শ্রী বিমলকান্তি বসু PP-846-847

়ভূম জেলার নলহাটি ও মুরারই থানায় গভীর নলকূপ স্থাপন

শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি PP-127-128

়ভূমের সুরামতী নদীতে সেচপ্রকল্প

ডাঃ মোতাহার হোসেন P-193

়ভূমে পূর্ত বিভাগের বাংলো

শ্রী সুনীল মজুমদার P-545

়ভূমের সাঁইথিয়ায় শিল্প কেন্দ্র স্থাপন

শ্রী ধীরেন্দ্রনাথ সেন P-757

রশ্বরপুর জি এম এস এস মহাবিদ্যালয়ের ছাত্রাবাসের স্টাইপেন্ড প্রাপ্ত ছাত্র

শ্রী কৃষ্ণধন হালদার P-516

়জীবীদের এসপ্ল্যানেড ইস্টে অবস্থান ধর্মঘট

শ্রী-সুমন্তকুমার হীরা PP-847-849

গর ভাতার জন্য প্রদত্ত অর্থ

শ্রী নানুরাম রায় P-46

গরভাতা

শ্রী হরিপদ ভারতী PP-299-300

বেলেঘাটার খাল সংস্কার

—শ্রী সুমন্তকুমার হীরা PP-198-200

বেসরকারি কলেজের শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের এক্সগ্রাসিয়া প্রদান

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় PP-499-500

বেহালা বিদ্যাসাগর হাসপাতাল

—শ্রী হরিপদ ভারতী PP-867-868

বোনাসের দাবিতে কারখানায় লক-আউট ও ক্লোজার

—শ্রী সুমন্তকুমার হীরা PP-285-286

ভাতাপ্রাপ্ত বেকার

—শ্রী কমল সরকার P-298

ভ্যাগর‍্যান্টস হোম

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-286-288

ভেটেরিনারি সার্জেনের শূন্য পদ

—শ্রী জন্মেজয় ওঝা PP-3-5

ময়ূরাক্ষী জলাধারে মৎস্যচাষ পরিকল্পনা

—শ্রী অমলেন্দ্র রায় PP-845-846

মহিষাদল গার্লস কলেজ

—শ্রী বঙ্কিমবিহারী মাইতি PP-14-15

মৎস্য শিকারের জন্য নৌকা, লঞ্চ ও ট্রলার

—শ্রী জন্মেজয় ওঝা PP-841-842

মাধ্যমিক স্তর পর্যন্ত বিনামূল্যে পাঠ্য-পুস্তক সরবরাহ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-512

মুক্ত বিশ্ববিদ্যালয়

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-506

মুর্শিদাবাদ জেলায় গ্রামীণ ব্যাঙ্ক

—শ্রী অমলেন্দ্র রায় P-503

মুর্শিদাবাদে নতুন শিল্প স্থাপন

—শ্রী অমলেন্দ্র রায় PP-205-206

মেদিনীপুর জেলায় "নিবিড় গো-উন্নয়ন পরিকল্পনা"

—শ্রী হরিপদ জানা (ভগবানপুর) PP-506-507

যাবজ্জীবণ দন্ডপ্রাপ্ত বন্দির সংখ্যা

—শ্রী মনোহর তিরকি P-24

রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা ও শ্রী অমলেন্দ্র রায় এবং ডাঃ মোতাহার হোসেন PP-9-11

রামপুরহাট মহকুমায় মৎসজীবী সমবায় সমিতি

—শ্রী ভবাবনীপ্রসাদ চট্টোপাধ্যায় P-845

রুর‍্যাল সাবডিভিসনাল লাইব্রেরি

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-533-534

রেজিস্ট্রিভুক্ত বেকার

—শ্রী প্রবোধচন্দ্র সিন্হা P-292

রেশম উৎপাদন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-196-198

লবণহ্রদ অঞ্চলে হাউসিং বোর্ডের বাসগৃহ

—শ্রী সুমন্তকুমার হীরা P-517

লে-অফ ও লক-আউট

—শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা PP-291-292

শস্যবিমা প্রকল্প

—শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা P-39

শারীরিক প্রতিবন্ধী

—শ্রী সন্তোষকুমার দাস PP-289-291

শ্রীরামপুর গৌরহাটি টিবি হাসপাতাল অধিগ্রহণ

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-861-862

শিল্প অনুজ্ঞাপত্র এবং মঞ্জুরীপত্র

—শ্রী নীহারকুমার বসু PP-753-754

শিল্পে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরিতে নিয়োগ

—শ্রী সুনীল বসুরায় P-867

শিলিগুড়ি পানীয় জল প্রকল্প

—শ্রী বীরেন বসু P863

শিল্পপণ্য ও কৃষিপণ্যের মূল্যমানের সমতারক্ষা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-530

ষষ্ঠ পরিকল্পনার মাধ্যমে বেকার সমস্যার সমাধান

—শ্রী অমলেন্দ্র রায় P-531

সরকারি উকিলদের জন্য অর্থ বরাদ্দ

—শ্রী কিরণময় নন্দ P-523

সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের জন্য ডাক্তার

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-543-544

সমবায় প্রশিক্ষণকেন্দ্র

—শ্রী বিমলকান্তি বসু PP-844-845

সরকারি জলা লিজ প্রদানের নীতি

—শ্রী বিমলকান্তি বসু PP-751-752

সরকারি উদ্যোগে একাঙ্ক নাটক প্রতিযোগিতা

—শ্রী সুভাষ গোস্বামী P-755

সাঁইথিয়ার হরিসভা অঞ্চলের শাখা ক্যানাল

—শ্রী ধীরেন্দ্রনাথ সেন PP-743-744

সাঁওতালদির চতুর্থ ও ব্যান্ডেলের পঞ্চম ইউনিটে বিদ্যুৎ উৎপাদন

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-835-837

সান্দ্রাল গ্রামে পুলিশ ফাঁড়ি স্থাপন

—শ্রী নীহারকুমার বসু P-863

স্বাস্থ্যকেন্দ্রসমূহে ডাক্তারের শূন্যপদ

—শ্রী সত্যরঞ্জন মাহাতো P-865

সিউড়ি ও রামপুরহাট কর্মসংস্থানকেন্দ্রে তালিকাভুক্ত বেকার

—ডাঃ মোতাহার হোসেন PP-294-296

সিন্দরি চাষরোড মোড়ে বৈদ্যুতিকরণ

—শ্রী শান্তিরাম মাহাতো P-865

সেটেলমেন্ট বিভাগের স্থায়ীকরণ

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-217

সেটেলমেন্ট বিভাগে চেন পিওনদের স্থায়ীকরণ

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-214

স্টেট সিড কর্পোরেশন স্থাপন

—শ্রী নীহারকুমার বসু PP-57-58

স্টেট ওয়াটার বোর্ডের সার্ভে

—শ্রী অনিল মুখার্জি PP-649-650

হলদিয়া দূর্গাচক সুপার মার্কেট

—শ্রী শিবনাথ দাস P-504

হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি

—শ্রী সরল দেব P-544

হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স-এর জমি অধিগ্রহণ

—শ্রী শিবনাথ দাস PP-211-212

হলদিয়া শিল্প শহরে দুগ্ধ সরবরাহ ব্যবস্থা

—শ্রী শিবনাথ দাস PP-18-19

হুগলি জেলায় বড়াবেগমপুর ইউনিয়ন সমবায় সমিতির অফিসে অগ্নিকান্ড

—শ্রী মলিন ঘোষ PP-549-550

হুগলি জেলার উত্তরপাড়া-কোতরং পৌরসভার সহিত ভদ্রকালী ও মাখলা অঞ্চল সংযুক্তিকরণ

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-651-652

হুগলি নদীর ফেরিঘাটে লঞ্চ চলাচল

—শ্রী সন্তোষকুমার দাস PP-532-533

ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সমবায় ঋণ মকুব

—শ্রী নীহারকুমার বসু P-843

ক্ষুদ্রশিল্পের জন্য ইস্পাত ও জৈব চর্বির বরাদ্দ

—শ্রী কমল সরকার PP-748-750

ক্ষেতমজুরের ন্যূনতম মজুরি

—শ্রী মনোরঞ্জন রায় PP-300-301

**Statement on Calling Attention**

Regarding under of the exmployee on 5th March 1981 in Sinha Alloy and Steel Factory at Kalyani

by—Shri Jyoti Basu PP-873-874

Regarding lock-out of Naihati Jute Mill at Hajinagar, Dist. 24 Parganas

by—Shri Krishnapada Ghosh P-874

Regarding crisis of drinking water in Kharagpur and Midnapur town

by—Shri Nani Bhattachariya PP-872-873

Regarding two murders in the villages Dhaipukuria and Deshimuthia on 22nd February 1980 under Bhagabanpur P.S. Dist. Midnapur

by—Shri Jyoti Basu PP-869-872

Regarding murder of one Shri Anil Samanta at Block-I Khanakul Arambag Sub-Division. Dist. Hooghly

by—Shri Jyoti Basu PP-764-765

Regarding Transfer of Business of Brook Bond India Ltd. to Bangalore

by—Dr. Kanai Lal Bhattacharjee PP-761-763

Regarding the collison a train & a lorry, between Pandua and Silagarh Station, on 25th Feb. 1981

by—Shri Jyoti Base P-373

Regarding alleged apprehension of break-down of rationing system

by—Shri Suddin Kumar PP-134-137

Regarding fireing by Police in New Alipur

by—Shri Jyoti Basu PP-61-62

Regarding irregular supply of School books to the School Students

by—Shri Partha De P-61

**Statement Under Rule 346**

Regarding alleged refural of Governor to attend the convocation of Jadabpur University P-305

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006